শব্দার্থমুক্তাবলী

কোষ হইতে সঙ্কলিত [illegible] শব্দ ও তাদৃশ
এবং নানার্থ পর্য্যায় [illegible]
গৌড়ীয় সাধুভাষা [illegible]
শব্দের অর্থ প্রকাশক গ্রন্থ।

শ্রীযুক্ত বেণীমাধব দের অনুমত্যনুসারে

এবং

শ্রীযুক্ত নন্দকুমার কবিরত্ন ভট্টাচার্য্য মহাশয়ের

সাহায্যে

শ্রীযুক্ত বাবু বেণীমাধব দাস মহাশয় কর্তৃক

সংগৃহীত হইয়া

কলিকাতা

চিৎপুর রোড ২৪৬ নম্বর বটতলা

বিদ্যারত্ন যন্ত্রে

শ্রীঅরুণোদয় ঘোষ দ্বারা মুদ্রিত এবং প্রকাশিত

শকাব্দাঃ ১৭৮৫। ১৯ আষাঢ়।

উপক্রমণিকা।

ভাষার বিবরণ।

কণ্ঠ, তালু, দন্ত ও ওষ্ঠপ্রভৃতি স্থানেতে কোষ্ঠস্থ বায়ুর অভিঘাত দ্বারা যে সকল বর্ণের উৎপত্তি হয়, এবং যাহা দেশ বিশেষে বিকারী হইয়া নানারূপে উচ্চারিত হয়, এবং যে সকল বর্ণ যথা নিয়মে পরিগ্রথিত হইয়া একৈক পদরূপে পরস্পর মনুষ্যের মনোগত ভাব প্রকাশ পায়, তাহাকেই ভাষা কহে। ইহাতে এই অনুমান সিদ্ধ হইতেছে যে পূর্ব্বে এরূপ ভাষা সঙ্কেত সৃষ্টি না হইলে কোন ক্রমেই কেহ কাহার সাহায্য বা বিহিত কর্ম্ম সাধনে সক্ষম হইতে পারিতেন না, সুতরাং তাহাতে জন সকলের সুখসমৃদ্ধি এবং সভ্যতার সম্বর্দ্ধন করা অতিশয় দুষ্কর হইত। যদ্যপি লিপি সঙ্কেত সৃষ্টি না হইয়া, কেবল বাচনিক শব্দোচ্চারণ মাত্র প্রসিদ্ধ থাকিত, তবে সন্নিহিত ব্যক্তিকে যথাকথঞ্চিৎ আত্ম মনোগত ভাবাদি ব্যক্ত করিতে কোন ব্যাঘাত জন্মিত না, কিন্তু দুরদেশস্থ ব্যক্তিকে সে ভাব ব্যক্ত করার সম্যক্রূপ সঙ্গতি বিরহ হইত। একারণ আমরা পরমেশ্বরকে ধন্যবাদ করি, যেহেতু তৎসৃষ্ট এই জগতীতলে মনুষ্যগণেরা লিপি সঙ্কেতানুসারে বাক্যাদি বিন্যাসের কৌশল জানিয়া সর্ব্ববিষয়ে দক্ষতা প্রকাশ করিয়া থাকেন। তাহা না হইলে পূর্ব্বকালীন মহর্ষিদিগের নীতিগর্ব্ভ উপদেশ সকল এবং প্রাচীন লোকদিগের রীতি নীতি আচার ব্যবহার, আয় ব্যয় ও রাজ্যরক্ষাদি ব্যবস্থার কখনই পরিজ্ঞান জন্মিত না। যদিও আমরা দেশদেশান্তরাদিতে সম্যক্ গমনপটু না হই, তথাপি লিপি সঙ্কেত প্রসাদে পুরাবৃত্তেতিহাসানুসন্ধানদ্বারা সমস্ত লোকের আচার ব্যবহারাদি নখ দর্পণের ন্যায় অনুদর্শন করিতে সক্ষম হইতেছি। এবং সত্য ত্রেতা দ্বাপর কলি এতৎযুগ চতুষ্টয়ের অতীতানাগত বর্ত্তমান বার্ত্তাদি পুরাবৃত্তানুসন্ধানদ্বারা সম্যক্রূপ জানিতে শক্ত হইতেছি। বিশেষতঃ ব্যাস বাল্মীকি মন্বাদি মহানুভাবদিগের প্রণীত এই পৃথিবীর মধ্যস্থ ভারতবর্ষাদি অন্যান্য বর্ষ সকলের সম্যক্ বৃত্তান্ত, ও লোক যাত্রা বিধানানুসারে ধর্ম্মনীতি, কৃষি, বাণিজ্য, ভৈষজ্য ও শিল্পনৈপুণ্য শাস্ত্রাদির পরিজ্ঞানে জ্ঞানীরূপে বিখ্যাত হইতেছি। অতএব লিপিকার্য্য যে আমাদিগের অতুল্য উপকারী ইহা ধরণীতলস্থ মনুষ্যমাত্রকে অবশ্যই স্বীকার করিতে হইবে।

প্রাচীন শাস্ত্রোদিত লিপিকার্য্যের প্রমাণানুসারে আম্লেচ্ছাদি দেশজাত বুদ্ধিমান মানবগণেরা দেশকালভেদে এক এক প্রকার সাঙ্কেতিক বর্ণ সর্জ্জনপূর্ব্বক লিপি কার্য্যের সম্পাদনা করিয়াছেন। পূর্ব্বে মিশ্রদেশীয় ধর্ম্মাধ্যক্ষেরা মনোগত অভিপ্রায় বোধার্থে তদনুকরণ চিহ্ন সকল চিত্রপটে চিত্রিত করিয়া বহু আয়াসে তাহা প্রকাশ করিত, এবং মেক্সিকোদেশের প্রাচীন লোকেরা আপন আপন অভিপ্রায় ব্যক্ত

করিবার নিমিত্ত তল্লক্ষণাদিসূচক অবয়ব সকল চিত্রিত করিত, এইরূপে বহু আয়াস সাধ্য চিত্র লিপিদ্বারা তাহাদিগকে স্বস্ব হৃদ্গত ভাব প্রকাশ করিতে হইত। চীন দেশীয়েরা প্রত্যেক শব্দের বোধার্থে এক একটী বিশেষ চিহ্ন ব্যবহার করিয়া থাকেন, সুতরাং চীনদেশীয় ভাষাভ্যাসের অগ্রে তৎচিহ্নগুলিনকে সমুদয় অভ্যস্ত করিতে হয়, এবং তাহাও অনায়াস সাধ্য নহে, তদভ্যাসে বহুকাল ক্ষেপ হইয়া যায়। এতদ্বিবেচনায় উপান্তবাসী কোন কোন দেশীয় বুদ্ধিমানেরা এই আয়াস সাধ্য চিত্রিত চিহ্ন নিরাকরণার্থ প্রাচীন সভ্য জাতীয়দিগের বর্ণবিন্যাসানুক্রম দৃষ্টে এক এক প্রকার সাঙ্কেতিক বর্ণসৃষ্টি করেন।

প্রথম সৃজনকালে ভগবান প্রজাপতি যদ্রূপ অকারাদি ক্ষকার পর্য্যন্ত পঞ্চাশবর্ণ সৃষ্টি করিয়া পরে পরস্পর মিলিতানুক্রমে ভাষাবোধার্থ পদবিন্যাস করিয়াছিলেন, তদ্রূপ বুদ্ধিমান লোকেরা প্রকারবিশেষে বর্ণের তন্ত্রতা করিয়া এক এক প্রকার অবয়বে বর্ণ কল্পনা করিয়াছেন, ফলতঃ সংস্কৃত শাস্ত্রোদিত বর্ণই তাহার মূলকারণ ইহা স্পষ্টই বোধ হইতেছে। কেননা সেই অপৌরুষেয় বর্ণের সংমিলন ভিন্ন কোন বর্ণই উচ্চারিত হইতে পারে না। এক্ষণে সেই সকল কল্পিত চিহ্নকে দুই তিন বা ততোধিক একত্রে সংশ্লিষ্ট করিলে এক এক প্রকার অর্থবোধক শব্দ নিষ্পন্ন হয়। যেমন সার্থক ক, ম, ল এই তিন অক্ষরের যোগে অর্থ বোধক "কমল" শব্দ উচ্চারিত হয়, সেইরূপ অন্যান্য জাতীয় ভাষাভ্যাসী জনসকলে নিরর্থক বর্ণ সংযোগে শব্দ উচ্চারণ করিয়া থাকেন। এই প্রকার যে সকল রূঢ়ি যৌগিক যোগরূঢ়ি শব্দবোধক চিহ্ন তাহার সমষ্টির নাম বর্ণমালা। এইরূপ সুবুদ্ধিমান উপান্তবাসীদিগের রচিত বর্ণমালা সহকারে পারসী, আরবী, গ্রীক, ল্যাটিন, ইংরাজিপ্রভৃতি ভিন্ন ভিন্ন ভাষার বৈচিত্র্য ও রচনার চাতুর্য্য লোকতঃ ও শাস্ত্রতঃ প্রসিদ্ধি আছে।

এই ভারতবর্ষের মধ্যে ব্রহ্মাবর্ত্তাদি সর্ব্বশস্যোৎপাদক প্রাচীন দেশে সকলকালে সংস্কৃতভাষা প্রচলিতা ছিল; অদ্যাপিও প্রগাঢ়রূপে প্রচলিত আছে। অতএব এ ভাষা অতি প্রাচীনা সর্ব্বদেশীয় ভাষার জননী হয়েন, ইহা ইদানীন্তন অনেকানেক বিজাতীয় গ্রন্থকর্ত্তারাও স্বীকার করতঃ স্বস্বকৃত পুস্তকে লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। এই মহীয়সী সংস্কৃত ভাষা অতি বর্ষীয়সী, এ ভাষার প্রতিরূপ ভাষা নাই, এ ভাষাকে দৈবী ভাষা বলিয়া স্বীকার করা যায়, যেহেতু ইহা কোন দেশ ভাষার মধ্যে গণ্য নহে। এতদ্দেশীয় বা ভিন্নং দেশীয় প্রচলিতা যে সকল দেশ ভাষা, সে সকল ভাষাই সংস্কৃত ভাষার উচ্চারণ বৈগুণ্যজন্য বিকৃতাকাররূপে উৎপন্না হইয়াছে। যথা।— প্রাকৃত, উদীচী, মহারাষ্ট্রী, মাগধী, মিশ্রার্দ্ধমাগধী, শকাভীরী, শ্রবন্তী, দ্রাবিড়ী, উড্রী, পাশ্চাত্যা, প্রাচ্যা, বাহ্লীকা, রন্তিকা, দাক্ষিণাত্যা, পৈশাচী, আবন্তী, শৌরসেনী এতদ্ভিন্ন লাঙ্কেশ্বরী, প্রাকৃতলাঙ্কেশ্বরী, বৈষিচ্যা, পিঙ্গলফণিভাষাপ্রভৃতি সকল ভাষাই সংস্কৃতমূলিকা হয়। বিবেচনা করিয়া দেখিলে বোধ হয়, যে এই সকল ভাষার কিঞ্চিৎ কিঞ্চিৎ অংশ মিলিতরূপে ম্লেচ্ছাদি দেশীয় নানাভাষার উৎপত্তি হইয়াছে, পূর্ব্বতন প্রাচীন পণ্ডিতগণেরা ঐ সংস্কৃত ভাষায় নানাপ্রণালীতে নানাবিধ গ্রন্থ প্রণয়ন

করিয়া ভাষা দেবীকে সম্যক্ অলঙ্কারে অলঙ্কৃতা করিয়া গিয়াছেন। ধরাতলে এমন বিষয় কিছু মাত্র নাই, যে সংস্কৃত ভাষাতে তাহাকে অনায়াসে সুন্দররূপে লিপিবদ্ধ করিতে না পারা যায়।

যাবনিক দেশীয় ভাষাবিদভিমানী কোন কোন ব্যক্তি স্বীয় স্বীয় বুদ্ধির অনুসারে ভাষাবিষয়ের একপ্রকার নির্দ্দেশ করিয়া গিয়াছেন, যে এতৎসময়াপেক্ষা পূর্ব্বে ইরাণ প্রদেশে এক আদিম ভাষা প্রচলিত ছিল, এবং ঐ ভাষার অপভ্রংশে বা পরিবর্ত্তনে গ্রীক, ল্যাটিন, জর্ম্মন, রুসিয়া প্রভৃতি কতকগুলিন ভাষা উৎপন্না হয়, এবং ইহার পূর্ব্বে আসিয়াখণ্ডে সংস্কৃত ও জেন্দ ভাষার সৃষ্টি হয়। ইহাতে অস্মদাদির বোধ হইতেছে, যে ইরাণদেশের ভাষাই সমস্ত যাবনিক দেশভাষার জননী হইতে পারিবেন, যেহেতু পূর্ব্বে ইরাণ দেশও এই আসিয়াখণ্ডে ভুক্ত ছিল, তাহাতে পূর্ব্বযবনেরা বাস করিত, তাহাদিগের ভাষা হইতে পরম্পরা সম্বন্ধে উচ্চারণ বৈষম্যে গ্রীকাদি ভাষার উৎপত্তি বিষয়ে সন্দেহ করি না।

তবে আসিয়াখণ্ডে সমকালে সংস্কৃত ও জেন্দ এই দুই ভাষার সৃষ্টি হয়, যে কহিয়াছেন, তাহার অভিপ্রায় কি, তাহা তাঁহারাই বলিতে পারেন। যাহাকে জেন্দ ভাষা বলিয়া খ্যাতা করেন, অনুমান করি সেই ভাষাই পূর্ব্ব যাবনিক ভাষা হইলেও হইতে পারে। পুরাবৃত্তেতিহাসে দেখা যায় যে পূর্ব্বে সগর রাজা যখন যবনত্ব প্রাপ্ত পৃষধ্রবংশীয় ক্ষত্রিয় গণকে বেদব্রাহ্মণ বর্জ্জিতরূপে অরণ্যপ্রদেশে প্রেরণ করেন, তখন তাহারা ক্রমে শাস্ত্র ও ব্রাহ্মণ দর্শনাভাবে স্বীয় বুদ্ধিকৃত বেদবিপরীত যে ভাষায় কথা বার্ত্তা কহিত, ভাষাবিৎ পণ্ডিতেরা তাহাকেই জেন্দ ভাষা বলিয়া থাকিবেন। এবং মহাভারতে বিদুর মহাশয় যুধিষ্ঠিরকে ঐ ভাষাতেই সঙ্কেত করিয়াছিলেন এমতও অনুমান হয়। ভাষাবিৎজনেরা আরও কহিয়াছেন। যে “আসিয়াখণ্ডের মধ্যভূভাগে এক জাতি বাস করিত, এবং ইহারা আপনাদিগকে আর্য্য জাতি বলিয়া পরিচয় দিত। তাহারা কৃষিকর্ম্মদ্বারা জীবিকানির্ব্বাহ করিত, এবং বস্ত্রাদি বপন করিয়া আপনাদিগের অঙ্গকে আচ্ছাদিত রাখিত। তাহারা অগ্নি ও ধাতু সকলের ব্যবহার জানিত, এবং শিল্পনৈপুণ্য প্রযুক্ত যন্ত্রবিজ্ঞান ও রথাদি প্রস্তুত করিতে পারিত। তাহারা ভদ্রাভদ্র ও ন্যায্যান্যায্যের বিবেচনা করিত, এবং যথাশাস্ত্রবিহিত পুত্র কন্যাদির বিবাহ দিত, ও আত্মীয় স্বজনের যথাবিধি সম্মান রাখিত। তাহারা ধর্ম্মনীতি, রাজনীতি ও সামাজিক ব্যবস্থার অনুগামী ছিল, এবং ঈশ্বরের সত্তা স্বীকার করতঃ সর্ব্বদা তাঁহার আরাধনা করিত। সেই আর্য্যপুরুষদিগের মধ্যে কতকগুলি দূরদেশাধিবাসনার্থ জন্মভূমি পরিত্যাগ করিয়া নানা স্থানে আসিয়া বসবাস করিয়া ছিল। পূর্ব্বে তাহারা সকলেই এক ভাষায় কথাবার্ত্তা কহিত, কিন্তু দেশান্তরিত হওয়াতে এবং কালসহকারে আচারভেদে ঐ ভাষাই ভিন্ন ভিন্ন আকার ধারণ করিয়াছে। ঐ আর্য্য পুরুষেরা সংস্কৃতভাষী ভারতবর্ষীয় এবং সকল জাতির আদিপুরুষ”।

এই ভাষাবিৎ পণ্ডিতদিগের বাক্যকে স্বীকার করিলে বর্ত্তমান হিন্দুস্থানীয় ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রাদি জাতিকেই আর্য্যজাতি বলিতে সন্দেহ হয় না, যেহেতু ইহারাই সংস্কৃতভাষী, শিল্পশাস্ত্রাদির পরিজ্ঞাতা ও কৃষি বাণিজ্যাদিদ্বারা জীবিকা নির্ব্বাহ করিতেন। ইহাঁরা অদ্যাপিও শাস্ত্রসিদ্ধ কন্যাপুত্রাদির বিবাহাদি সংস্কার করিয়া থাকেন, এবং ঈশ্বরের সত্তার প্রতি নির্ভর করিয়া কালেকালে তাঁহার আরাধনাও করেন। অপর অবশ্যপোষ্য স্বজন আত্মীয় প্রতিপালন ও ন্যায্যান্যায্য বিবেচনা এবং যথোচিত সামাজিক ব্যবহারের অনুগত হইয়া সকলকার্য্যই সম্পন্ন করেন। পূর্ব্বে উক্ত হইয়াছে যে সগররাজা কর্ত্তৃক কতকগুলিন দুষ্টাচারী ক্ষত্রিয়কুল স্বস্থানভ্রষ্ট হইয়া দূর দেশে অরণ্যপ্রায়ে অধিবাস করাতে তাহাদিগের আচার ব্যবহার ও ভাষাদির অনেক ব্যত্যয় হইয়া গিয়াছে, এবং অশিষ্টসম্মত নিকৃষ্ট কার্য্যতৎপরতা জন্য জঘন্যরূপে পরিবর্জ্জনীয় হইয়াছে। পরে বহুকালে তাহাদিগের বংশবৃদ্ধি হওয়াতে নানা স্থানে বসবাসজন্য তাহারাই যবন ম্লেচ্ছরূপে এক্ষণে অনেক জাতি হইয়া থাকিবেক। অভিমানপরবশে তন্মধ্যে কোন কোন দেশীয় যবনেরা অদ্যাপিও সেই আর্য্যজাতি বলিয়া আপনাদিগের পরিচয় দেয়, তাহার এক প্রমাণ দেখাইতেছি যে পিরুদেশীয় ম্লেচ্ছ রাজারা কহিয়া থাকেন যে আমরা সূর্য্যবংশীয়; চীনদেশীয়েরা কহিয়া থাকেন যে আমরা চন্দ্রবংশীয়; ইরাণীয় পরাসীকেরা কহিয়া থাকেন যে আমরা অগ্নিহোত্রীয় দ্বিজসন্তান। কিন্তু আচার ব্যবহার ও ভাষার বিস্তর প্রভেদ হইয়া গিয়াছে, এমতে তাহাদিগকে যবন ম্লেচ্ছের আদিপুরুষ বলা সঙ্গত হয়। অর্থাৎ তাহাদিগেরদ্বারা অন্যান্য দেশীয় লোকের উৎপত্তির সম্ভাবনা হইতে পারে। ফলিতার্থ বেদোদিত ক্রিয়াবান লোকেরাই আর্য্যজাতি, এই আর্য্যপুরুষেরাই তাহাদিগের আদিপুরুষ, যেহেতু তাহারা পূর্ব্ব পরিত্যক্ত, পতিত, স্বদেশভ্রষ্ট ও কদর্য্যাচারীরূপে দূরদেশে অধিবাস করিতেছে।

সংস্কৃতভাষায় কোন্ সময়ে যে কোন্ কোন্ গ্রন্থ বিরচিত ও প্রচারিত হইয়াছিল, তাহা জানিবার জন্য স্বভাবতঃ অনেকেরই অন্তঃকরণে ইচ্ছা জন্মে, কিন্তু বহুকালীয় কথাপ্রসঙ্গের নিদর্শনাভাবে এক্ষণে জানিতে ইচ্ছা করিলেও সে ইচ্ছার পূর্ত্তি হয় না। অনেকানেক রাজপরিবর্ত্তনে অনেকানেক প্রাচীন গ্রন্থ প্রায় বিলোপ হইয়াছে, বিশেষতঃ মুসল্মানদিগের রাজ্যকালীন অনেক গ্রন্থ অগ্নিজ্বালায় ভস্মসাৎ হইয়া গিয়াছে, তাহার কিঞ্চিৎ কিঞ্চিৎ ভাগমাত্র অন্বেষণা দ্বারা কোথাও কোথাও এক্ষণে প্রাপ্ত হওয়া যায় এই মাত্র। কিন্তু সর্ব্বদেশে এই কথা চিরকাল প্রথিতা আছে, যে হিন্দু অতি প্রাচীনজাতি, এই জাতিই প্রায় অন্যান্য সকল জাতির উৎপাদক, ইহাদিগের ভাষা ও শাস্ত্র অতি প্রাচীন, তদ্ভিন্ন সকল জাতি ও তত্তদ্ভাষা শাস্ত্রাদির নব্যতাব্যতীত অনব্যতাস্বীকার করা যায় না। আদিভাষা সংস্কৃতা বাণী, সেই ভাষায় যে যে সকল গ্রন্থ দেখিতে পাওয়া যায়, তন্মধ্যে বেদই সকলের প্রথম, বেদসংহিতা যেরূপ গাঢ় সংস্কৃত ভাষায় অন্বিত, তদ্রূপ সংস্কৃত ভাষায় অন্যান্য গ্রন্থ দেখিতে পাওয়া যায় না, ইহাতে কোন কোন ব্যক্তিরা এমত সন্দেহ

সরিয়া থাকেন, যে কালে কালে সংস্কৃতভাষার পরিবর্ত্তন হইয়া আসিতেছে, যেমন ব্যবসায়ী জাতীয়দিগের প্রকল্পিতা ভাষার অনুদিন পরিবর্ত্তন হইয়া থাকে। অনভিজ্ঞতাজন্য আরো অনেকে এইরূপ কহেন, যে ঋগ্বেদ সংহিতা যেরূপ সংস্কৃত দৃষ্ট হয়, তাহা মনুসংহিতা ও রামায়ণে দৃষ্ট হয় না, মনু ও রামায়ণে যে প্রকার সংস্কৃত শব্দ দৃষ্ট হয়, তাহা মহাভারতাদিতে দৃষ্টি করিলে প্রাপ্ত হওয়া যায় না, সুতরাং রামায়ণের পর মহাভারত রচনার প্রাক্কালপর্য্যন্ত যে সময় গত হয়, তাহাতে সংস্কৃতের অনেক পরিবর্ত্তন হইয়াছিল। ফলিতার্থ সংস্কৃত ভাষায় বিরচিত পর পর গ্রন্থ দৃষ্টে যে সংস্কৃত ভাষার পরিবর্ত্তে নূতনং এক এক প্রকার সংস্কৃতভাষার সৃষ্টি হইয়াছে বলিয়া যাঁহারা বিবেচনা করেন, সে তাঁহাদিগের ভ্রমমাত্র। আমাদিগের প্রাচীন শাস্ত্র বেদ, বেদই সকল শাস্ত্রের মূল, তদ্ভাষার পরিবর্ত্তে অন্যরূপ সংস্কৃতভাষায় যে পর পর গ্রন্থ সকল বিরচিত হইয়াছে, তাহাতে এরূপ তাৎপর্য্য গ্রহণ করিতে হইবে না।

ক্রমেক্রমে মনুষ্য সকলের বুদ্ধির হ্রাসতাপ্রযুক্ত বেদান্তঃস্থ অতিগাঢ় সংস্কৃত বাক্যের দুরবগাহত্বজন্য মনুমহাশয়কর্ত্তৃক বেদপ্রণীত সংস্কৃত ভাষার আশু সর্ব্ববোধার্থে ধর্ম্ম শাস্ত্র প্রকাশিত হয়। তৎপরে তদভিপ্রায়জ্ঞ মহর্ষি বাল্মীকি রামায়ণ, ও বেদব্যাসও মহাভারতাদি ইতিহাস প্রকাশ করিয়াগিয়াছেন, কিন্তু কবিতাদি রচনার বিচিত্রতাজন্য যে সংস্কৃত ভাষার বৈচিত্র অঙ্গীকার করা হইতে পারে না। বেদের মধ্যে এক প্রকারই সংস্কৃত শব্দ যে বিন্যস্ত আছে এমত নহে, গাঢ় ও কোমলরূপে অনেক প্রকার শব্দ বেদে দেখিতে পাওয়া যায়। দুরূহভাবের বোধার্থে ঋগাদি বেদসংহিতা প্রণেতা কৃষ্ণদ্বৈপায়ন, জনসকলের ভাবি মন্দবুদ্ধিতানুস্মরণে জনগণের আশুবোধার্থে অতি কোমল ভাষায় ইতিহাস ও পুরাণাদি প্রকাশ করেন। এক্ষণকার ব্যক্তি সকল ব্যাকরণানুশীলনের শিথিলতা প্রযুক্ত ক্ষুদ্রক্ষুদ্র ব্যাকরণ অধ্যয়ন করেন, তাঁহারা ইতিহাস পুরাণাদির মধ্যে মধ্যেও যে সকল কঠিন কঠিন শব্দকে ব্যাকরণসাধ্য করিতে না পারিয়া "বেদপ্রচুর প্রয়োগ বা আর্ষ" বলিয়া তৎসাধনায় নিবৃত্ত থাকেন। তন্নিমিত্ত সংস্কৃত ভাষার যে পরিবর্ত্তন এমত নহে। কবিতাদি রচনা প্রণালী দৃষ্টে যে সংস্কৃত ভাষার পরিবর্ত্তন হইয়াছে এমত কথা কখনই বলা যাইতে পারে না, তাহা হইলে প্রগাঢ় প্রগাঢ় গ্রন্থের টীকাকার মহাশয়গণকেও এক্ষণে পদে পদে সংস্কৃত ভাষার পরিবর্ত্তক রূপে গ্রহণ করিতে হয়।

উচ্চারণ সৌকর্য্য চেষ্টাকেই যদি ভাষা পরিবর্ত্তনের কারণ মান্য করা যায়, তবে কোন ভাষারই কিছু স্থির না থাকিয়া ভাষা সঙ্করতা প্রযুক্ত অনেক প্রকার গোলযোগ উপস্থিত হইতে পারে। এবং কোন গ্রন্থার্থবোধের নিমিত্ত কোন টীকাদিরও অপেক্ষা করে না, আপন আপন মতে সকলেই সুকরতা সাধনার্থে গ্রন্থস্থ শব্দের ও ভাষার পরিবর্ত্ত করিয়া একপ্রকার নূতন ভাষার সংযোজনা করিতে পারেন, তন্নিবন্ধন কোষাদি দেখিবারও প্রয়োজনাভাব হয়।

"বৈদিক শব্দের মধ্যে অনেক স্থানে তিন চারি বর্ণের সংযোগ জন্য কা দুরুচ্চার্য্য বোধ হয়, উৎপ্রযুক্ত শব্দের উচ্চারণ মাধুর্য্য চেষ্টাতে ক্রম মৃদুতা সাধিত হইতে থাকে, তাহাতেই ভাষার পরিবর্ত্তন ঘটে" ইহাকেও যে ভাষা পরিবর্ত্তন বলিয়া স্বীকার করা যায় না, বরং অনুচ্চার্য্য বিধায় অশুদ্ধপ্রয়োগ বলিতে হয়। কেননা বেদমন্ত্রাদি উচ্চারণ বিষয়ের অনেক বৈষম্য হয়, শ্রাদ্ধাদির ও যজ্ঞাদির মন্ত্র সকলই বেদোক্ত, তাহার উচ্চারণ মাধুর্য্য জন্য কদাপি কোন পণ্ডিতকর্ত্তৃক তাহার মৃদুতা সম্পাদিত হয় নাই, স্খলিত পদ হইলে বরঞ্চ অশুদ্ধ উচ্চারণ বলা সঙ্গত।

সংপ্রসারণ, ও বিকর্ষণ দ্বারা সংযুক্ত হলাদির পৃথক করণ দ্বারা সংস্কৃত শব্দের যে রূপান্তর হয়, তাহাকে এক প্রকার ভাষা বলিতে হইবে, কিন্তু তাহাকে সংস্কৃত ভাষার পরিবর্ত্তন বলা হয় না, অর্থাৎ সংস্কৃত ভাষা হইতে যে অন্যান্য ভাষার উৎপত্তি হইয়াছে তাহাতে তাহার প্রমাণসিদ্ধি করা যায়। পূর্ব্বে সংস্কৃতভাষার সম্প্রসারণ ও বিকর্ষণ কার্য্য ব্যবহারদ্বারা এক নূতন ভাষার প্রচার হইয়াছে, তাহার নাম "গাথা" ঐ ভাষা বুদ্ধাবতার সময়ে প্রচলিতা হইয়াছিল। তাহার পর অশোক নামে কোন রাজার সময় তদ্ভাষার বিপরীত হইয়া "পালী" নামে আর এক ভাষা হয়, সুমাত্র ও সিংহল দ্বীপে ঐ পালী ভাষা এ পর্য্যন্তও প্রচলিতা আছে। এইরূপ ক্রমেক্রমে সংস্কৃত ভাষার অপভ্রংশেই প্রাকৃত ভাষার উৎপত্তি হয়, কিন্তু ঐভাষা সর্ব্বত্রে সমরূপে প্রচলিতা নহে, কেবল মহারাষ্ট্র ও মগধাদি দেশে তাহার প্রাচুর্য্য, কিন্তু মহারাষ্ট্র হইতে মগধাদি দেশেও ঐ ভাষার অনেক বিভিন্ন বোধ হয়। এবম্প্রকারে নানা দেশে নানা ভাষা প্রকাশিত হইয়াছে, ইহা অনুভব সিদ্ধ।

গৌড়ীয় ভাষাও তদ্রূপ সংস্কৃত শব্দের দ্রুত ব্যবহার বিধায় তদপভ্রংশে পূর্ব্বে উৎপন্না হইয়াছে, কিন্তু যত দেশভাষা থাকুক্ তন্মধ্যে বঙ্গদেশীয় ভাষাকেই সাধু ভাষা বলা যায়, যেহেতু এই ভাষাতে ভূরিশঃ সংস্কৃত শব্দের ব্যবহার দৃষ্ট হইতেছে। অন্যান্যা ভাষাতে যথাকথঞ্চিৎ বিকৃতিরূপে সংস্কৃত শব্দ উচ্চারিত হইয়া থাকে, কিন্তু বঙ্গভাষায় অর্থাৎ গৌড়ীয় ভাষায় প্রায়ই অনেক শব্দ অবিকল সংস্কৃতবৎ উচ্চার্য্যমাণ হয়।

এই বঙ্গভাষা যে কতদিন উৎপন্ন হইয়াছে, এক্ষণে তাহার নির্দ্দেশ করা সুদূর-পরাহত। যেহেতু এই বঙ্গদেশ বহুকাল প্রস্থাপিত হইয়াছে, যে যুগে বলিরাজার পৌত্রত্রয় রাজা হইয়াছিল, অর্থাৎ অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, এই তিন জনে তিন দেশ স্থাপন করেন, অনুমান তৎকালাবধিই এদেশে এই ভাষা প্রচলিতা হইয়াছে। পূর্ব্বে এই বঙ্গ দেশ বিরাটরাজ্যে ভুক্ত ছিল। বঙ্গদেশের পশ্চিমসীমা রাজমহল, পূর্ব্বসীমা আসাম ও কামরূপ, দক্ষিণ সীমা সুবর্ণরেখা নদী, উত্তরসীমা রঙ্গপুর ও কোঁচবেহারাদি দেশ, ইহার মধ্যে প্রকৃত বিকৃত রূপ যাহাহউক্ কিন্তু বঙ্গভাষাই ব্যবহার হইয়া আসিতেছে। এতদ্ভিন্ন ম্লেচ্ছাদি দেশে ঐ সংস্কৃত ভাষা অধিকরূপ বিকৃতাকারে উচ্চারিত হয়, কোন কোন শব্দও প্রকৃত সংস্কৃত রূপ আছে। কিন্তু বঙ্গভাষা যে সংস্কৃত হইতে প্রথমোৎ-পন্না হইয়াছে ইহা অবশ্য স্বীকার করিতে হইবে, যেহেতু এভাষায় অবিকল প্রভূত

সংস্কৃত শব্দ অন্বিত আছে। তাহার সহিত সংস্কৃত ভাষার কোন বৈলক্ষণ্য নাই, কেবল বিচক্ষণেরা তদপভ্রংশে অন্যান্য ভাষার উৎপত্তি নির্ণয় করিয়া গিয়াছেন।

বঙ্গভাষা আমাদিগের মাতৃভাষা, তাহা যেরূপ সংস্কৃত শব্দের বিকৃতোচ্চারণ বশতঃ উৎপন্না হইয়াছে, তাহার কিঞ্চিৎ নিদর্শন লিখিয়া জানাইতেছি। যথা—

ঘর্ম্ম হইতে ঘাম, চর্ম্ম হইতে চাম, এইরূপ কর্ণে—কান, পর্ণে—পাণ, চক্ষুতে—চোক্, নাসায়—নাক, দর্পে—দাপ, সর্পে—সাপ, পদে—পা, ঘট্টে—ঘাট, হট্টে—হাট ভট্টে—ভাট, বর্ত্মে—বাট, কাষ্ঠে—কাঠ, ভর্ত্তায়—ভাতার, ভক্তে—ভাত, পত্রে—পাত, ভ্রাতায়—ভাই, গাভীতে—গাই, নপ্তৃতে—নাতি, বপ্তৃতে—বাপা, ভ্রাতুষ্পুত্রে—ভাইপো, হস্তে—হাত, ইত্যাদি। অর্থাৎ বঙ্গভাষায় প্রাকৃত ও সংস্কৃত এই উভয়রূপ শব্দই উচ্চার্য্যমাণ হয়। কোন কোন স্থলে অনুনাসিক বর্ণ পরিত্যক্ত হইয়া তৎচিহ্ন সূচক চন্দ্রবিন্দুযুক্ত শব্দ ভাষায় ব্যবহার হইয়া থাকে, যেমত কংসে—কাঁসা, কন্থায়—কাঁথা, চন্দ্রে—চাঁদ, দন্তে—দাঁত, বংশে—বাঁশ, বন্ধুতে—বঁধু, বঙ্কে—বাঁকা, পঞ্জরে—পাঁজর, পঙ্কে—পাঁক, পঙ্‌ক্তিতে-পাঁইত, পাংশুতে-পাঁশ, কঙ্কণে—কাঁকণ, খণ্ডে—খাঁড়, গ্রন্থিতে—গাঁটি, চম্পকে—চাঁপা, জঙ্ঘায়—জাঁঘ, তন্ত্রে—তাঁত, ভাণ্ডে—ভাঁড়, হংসে—হাঁস ইত্যাদি। এবং অনেক শব্দের পূর্ব্বাক্ষর পরিত্যক্ত হইয়া কেবল শেষ যৌগিক স্বর মাত্র ভাষায় ব্যবহার করা হয়, যেমত বধূতে—বউ, মধুতে—মউ, ফেরুতে—ফেউ, লাবুতে—লাউ, ধাত্রীতে—ধাঈ, সখীতে—সঈ, কবরীতে—কঈ, ভূমিতে—ভুঁই, দধিতে—দই, ইত্যাদি। এবং সংস্কৃত শব্দের উচ্চারণ সৌকর্য্য হেতুও বাক্যের দ্রুততা প্রযুক্ত বহুল সংস্কৃত শব্দ অপভ্রংশরূপে ভাষায় ব্যবহার হইতেছে, যথা—উদূখলে—উখলি, কারবেল্লে—করলা, কিঞ্চুলুকে—কেঁচো, গর্গরীতে—গাগরী, গুচ্ছে—গোছা, অবগুণ্ঠিকাতে—ঘোমটা, চন্দ্রাতপে—চাঁদোয়া, চর্ম্মচটিকাতে—চামচিকা, কঙ্কতিকায়—কাঁকই, চুল্লিতে—চুলা, চতুষ্কোণে—চৌকা, চতুর্থে—চৌট, চতুরশীতিতে—চৌরাশী, ষট্টাঙ্কে—ছটাক, ছুছুন্দরীতে—ছুঁচা, সূত্রধারে—ছুতার, ছুরিকাতে—ছোরা, জামাতৃতে—জামাই, জম্বীরে—জাম্বির, জ্যেষ্ঠীতে—জেঠী, জ্যেষ্ঠতাতে—জেঠা, খুল্লতাতে—খুড়া, জ্যোতিরিঙ্গণে—জোনাকি, ডিম্বে—ডিম, তুত্থকে—তুতিয়া, তিন্তিড়ীতে—তেঁতুল, দদ্রুতে—দাদু, ধুস্তূরে—ধুতূরা, ননন্দৃতে—ননদ, নিম্বে—নিম, পুষ্করিণীতে—পুকুর, পরশ্বে—পরশু, পক্ষতে—পাখা, পিতৃষ্বসায়—পিসী, পৃষ্ঠে—পীঠ, প্লীহাতে—পীলা, পুত্তলিকায়—পুতুল, পুস্তকে—পুতী, পুতিকায়—পুঁই, মৃত্তিকায়—মাটী, মুদ্গে—মুগ, মুদ্গরে—মুগুর, মুষ্টিতে—মুটগ, মস্তকে—মাথা, পুত্রবতীতে—পোয়াতী, পুঙ্কে—পোকা, বন্ধ্যাতে—বাঁঝা, মঞ্চে—মাচা, মৎস্যে—মাছ, মাতৃষ্বসাতে—মাসী, মিত্রে—মিতা, মেঢ্রতে—মেড়া, যোক্ত্রে—যোত, শোভাঞ্জনে—শজিনা, শৃঙ্গাটকে—শিঙ্গারা, স্তম্ভে—থাম, হস্তীতে—হাতী, হৃদয়ে—হিয়া ইত্যাদি। এইরূপে বহুল সংস্কৃত শব্দ অপভ্রংশরূপে বঙ্গভাষায় ব্যবহার হইতেছে, এবং এই সকল প্রাকৃত ও সংস্কৃত এ উভয় ভাষাই বঙ্গভাষাতে উচ্চারিত হইয়া থাকে।

কিয়ৎকাল হইল মুসলমানদিগের সাম্রাজ্য কালীন ভুরি২ যাবনিক শব্দ এবং পর্ত্তুগিজ্‌দিগের এই ভারত ভূমিতে বাণিজ্যার্থ আগমন প্রযুক্ত তাহাদিগের দেশীয় ভাষারও অনেক শব্দ ভাষান্তর হইয়া বঙ্গভাষায় সন্নিবেশিত হইয়াছে, এবং ইংরাজ ও অপর বিভিন্ন জাতির সংশ্রবে অনেক বিজাতীয় শব্দও এক্ষণে বঙ্গ ভাষার সহিত ব্যবহৃত হইয়া থাকে; তাহাতে আমাদিগের কথিত ভাষা বঙ্গদেশের লিখিত ভাষা হইতে অনেক প্রার্থক্য বোধ হয়।

এইক্ষণে ইংরাজ বাহাদুরদিগের রাজকার্য্যের সুচারু নিয়ম সংস্থাপনে এবং বিদ্যা বিষয়ে বিশেষ উৎসাহ প্রদানে পুর্ব্ব বিলুপ্ত বঙ্গভাষা দিন২ শশিকলার ন্যায় বৃদ্ধি পাইতেছে, অতএব আমারদিগের বঙ্গভাষাকে মাতৃ ভাষা বলিয়া গ্রহণ করিতে যে মহাশয়দিগের বিজাতীয় বিদ্বেষ ছিল, এক্ষণে তাঁহারা অকারণ বিদ্বেষ পরিহার পুর্ব্বক মাতৃভাষায় যত্ন প্রদর্শন করিয়া তাহার উন্নতিকল্পে বিলক্ষণ কায়িক ও মানসিক পরিশ্রম স্বীকার করিতেছেন।

সুবিস্তীর্ণ সংস্কৃত ভাষাই বঙ্গভাষার মূল তাহার প্রমাণ স্বরূপ বহুল সংস্কৃত শব্দ তন্মধ্যে ব্যবহার হইয়া থাকে। এবং সময় ক্রমে যে ইহা আরো বিস্তীর্ণ হইবেক এমত সম্ভাবনাও সম্পূর্ণরূপে দৃষ্ট হইতেছে। যদিও সংস্কৃতজ্ঞ সুপণ্ডিত ব্যক্তিদিগের পক্ষে সংস্কৃত শব্দের অর্থ, ধাতু ও লিঙ্গ অনায়াসে বোধগম্য হইতে পারে, তথাচ কোন প্রকার অভিধানের আশ্রয় ব্যতিরেকে বৃদ্ধিশীল কোন ভাষাই আপামর সাধারণের সুবোধ্য হইতে পারে না, এবং অভিধান বিনাও শব্দ সকলের নানার্থ ও পর্য্যায়িক শব্দ অবগত হওয়া দুঃসাধ্য। এতদ্বিবেচনায় ও সহৃদয়ব্যক্তিদিগের বিশেষ অনুরোধে এতদ্দেশীয় প্রাপ্য সমস্ত সংস্কৃত ও বাঙ্গালা অভিধান হইতে বহুল শব্দ সমাকর্ষণ পুর্ব্বক অভিধানের যাবতীয় শব্দ সঙ্কলনার্থ "শব্দার্থ মুক্তাবলী" নামে এই সুবিস্তীর্ণ অভিধান সংগৃহীত হইল।

নিখিল শাস্ত্রীয় ও লৌকিক ব্যবহারিক শব্দ ঝটিতি বাহির করিতে পারা যায় একারণ অকারাদি ক্ষকারান্ত পঞ্চাশদ্বর্ণ যথাক্রমে শব্দের আদিতে বিন্যস্ত করা হইয়াছে। প্রথমতঃ অসংযুক্ত বর্ণের শব্দ সঙ্কলন করিয়া তৎপরে যুক্তাক্ষরের শব্দ যথা পর্য্যায় ক্রমে সংস্থাপিত করা গিয়াছে। বঙ্গভাষায় বর্গীয় (ব) ও অন্তঃস্থ (ব) এই দুই বর্ণের উচ্চারণে ও লিখনে কোন প্রভেদ নাই, এ বিধায় অভিধানে তাহার ভিন্ন না করিয়া প বর্গের দ্বিতীয় বর্ণের পরেই যাবতীয় বকারাদি শব্দ সংগ্রহ করা হইল।

সর্ব্বাগ্রে মূলশব্দ, তৎপরে তাহার লিঙ্গ, তৎপশ্চাৎ তাহার শব্দবিভাগ কদাপি ধাতু ও প্রত্যয়, এবং অবশেষে মূল শব্দের যাবতীয় প্রসিদ্ধ অর্থ ও তৎপর্য্যায়িক শব্দ সকল প্রকাশিত হইয়াছে। কেবল যাবনিক, প্রাকৃত, হিন্দী, ও ইংরাজী শব্দের লিঙ্গ, শব্দ বিভাগ, ও ধাতু প্রকাশ করা হইল না, কারণ সে সকল শব্দে সংস্কৃতানুযায়ি লিঙ্গ ভেদাদির বিশেষ নিদর্শন নাই।

এবং অনেকানেক সংস্কৃত শব্দের প্রকৃতার্থানুযায়ি সমাস ও ব্যুৎপত্তির দ্বারা পদ বিভাগ করা হয় নাই, তৎকারণ গ্রন্থ বাহুল্য ভীতিপ্রযুক্ত এক রূপ শব্দ বিভাগে

ব্যুৎপত্তি লভ্যে ভিন্ন ভিন্ন ব্যুৎপত্তি লভ্য শব্দের অর্থ লিখিত হইয়াছে। যেমত অজপ শব্দের [অ+জপ] যদ্যপি এইরূপে বিভাগ করা হয়, তাহা হইলে জপরহিত অর্থ নিষ্পন্ন হয়; এবং [অজ+প] এইরূপ বিভাগে মেষপালক হয়। অতএব প্রতি শব্দের দুই কিম্বা ততোধিক বিভাগ না করিয়া এক স্থানেই পৃথক্ পৃথক্ অর্থ লিখিত হইয়াছে।

সংস্কৃত শব্দের ধাতু ও প্রত্যয়ের বিভাগ সংস্কৃতানুযায়ী করা হয় নাই, যেহেতু অনট, অল, ণক, শিন্ প্রভৃতি যে সংস্কৃত প্রত্যয় তাহা কার্য্যকালে ট ল ণ এই সকল বর্ণ ইৎ গিয়া ধাতুর অবয়ব অধিকাংশে পরিবর্ত্তিত হয় এবং কোন২ স্থানে অনেক বর্ণ আদেশ করিয়া লইতে হয়। অতএব সর্ব্বসাধারণের অনায়াসে বোধ গম্য হইবার নিমিত্ত, বঙ্গভাষায় ঐ সকল নিয়মের কিঞ্চিৎ ব্যতিক্রম করিয়া আদেশিত বর্ণের সহিত ধাতু ও প্রত্যয় প্রকাশ করা হইল।

এই সুবিস্তীর্ণ অভিধান মধ্যে সংস্কৃত শব্দ সমূহ সঙ্কলন কালে নানার্থ শব্দের যেং অর্থ প্রসিদ্ধ তাবন্মাত্রই স্থাপিত হইয়াছে, এবং যে শব্দের স্থানে এক প্রকার অর্থ তথায় অন্যূন দুইটী কিম্বা তিনটী প্রতি শব্দ দিয়া সেই প্রত্যেক শব্দের অন্তে কমা (,) এই প্রকার চিহ্ন প্রদত্ত হইয়াছে, এবং যে স্থলে অধিক প্রতি শব্দ লিখনে মানস হইয়াছে তথায় (তৎপর্য্যায়।—) এইরূপ নির্দ্দিষ্ট করা গিয়াছে। কিন্তু যে স্থলে ভিন্নার্থ শব্দ সকল প্রকাশ করা হইয়াছে তথায় প্রত্যেক শব্দের পর সেমিকোলন (;) এই প্রকার চিহ্ন প্রদর্শন করা হইল।

সংস্কৃত শব্দের কোন প্রকৃত অর্থ ও ব্যুৎপত্তি জানিতে ঔৎসক্য জন্মিলে ধাতু সকলের প্রকরণ অভ্যাস করা অত্যাবশ্যক, যেহেতু ধাতু অভ্যাস ব্যতিরেকে কখনই শব্দ সকলের প্রকৃত অর্থ ও তাৎপর্য্য গ্রহণ করিতে পারা যায় না। এই হেতু কোষকারেরা "শব্দ যোনিশ্চ ধাতবঃ" ব্যাখ্যা করিয়া থাকেন। অতএব বহু পরিশ্রম সহকারে সমস্ত ধাতু অর্থের সহিত অকারাদি পর্য্যায় ক্রমে এই অভিধানের পরিশেষে সংযুক্ত করা হইল।

শব্দ প্রকরণ।

শব্দ প্রথমতঃ দুই প্রকার হয় ধ্বন্যাত্মক ও বর্ণাত্মক। মৃদঙ্গ কাংস্য নূপুর বীণা প্রভৃতি শব্দ ধ্বন্যাত্মক। বর্ণাত্মক শব্দ দুই প্রকার হয় অব্যক্ত বর্ণ ও ব্যক্ত বর্ণ। অব্যক্ত বর্ণাত্মক শব্দ পশু পক্ষ্যাদির, আর ব্যক্ত বর্ণাত্মক শব্দ মনুষ্য জাতির। ব্যক্ত বর্ণাত্মক শব্দ যাহা অর্থ বাচক লৌকিক ও শাস্ত্রীয় ব্যবহারোপযুক্ত তাহা পদ শব্দে প্রসিদ্ধ আছে, কিন্তু ব্যাকরণ প্রকরণে ধাতু ও প্রাতিপদিক বিভক্তিযুক্ত হইলে তাহাদিগকে পদ বলে।

পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, ক্লীবলিঙ্গ ও অব্যয়ভেদে শব্দ পুনর্ব্বার চারি প্রকার হয়। অকারান্ত ও হ্রস্ব ইকারান্ত শব্দ প্রায় পুং ও ক্লীব লিঙ্গ হয়, এবং কোন২ শব্দ স্ত্রীলিঙ্গও

হয়। যথা—মতি, স্মৃতি, গতি, বৃত্তি, বুদ্ধি ইত্যাদি। দীর্ঘ ঈকারান্ত ও ঊকারান্ত শব্দ এবং আকারান্ত শব্দ প্রায়ই স্ত্রী লিঙ্গ হয়। সংস্কৃত শব্দের লিঙ্গ প্রভেদ পুরুষ ভেদে উপলক্ষিত হইতে পারে না, অর্থাৎ যে সকল শব্দ স্ত্রী বোধক তাহা স্ত্রীলিঙ্গ হইবেক, এবং যে সকল শব্দ পুরুষ বোধক তাহারা পুংলিঙ্গ হইবেক, আর যে সকল শব্দ স্ত্রী ও পুরুষ বোধক নহে তাহারা ক্লীবলিঙ্গ হইবেক এমত নহে, কেবল শব্দের প্রত্যয় দ্বারা লিঙ্গ সকল নির্দ্দিষ্ট করা হয়। যেমত দার ও কলত্র শব্দ ইহারা দুইটী স্ত্রী বোধক, কিন্তু লিঙ্গ প্রভেদ করিতে হইলে প্রথমটী পুংলিঙ্গ ও দ্বিতীয়টী ক্লীবলিঙ্গ হইবেক, অতএব সংস্কৃত প্রথানুসারে গ্রীক্‌ ও লাটিনাদি ভাষা ইদানীন্তন ইংরাজি ভাষার ন্যায় স্ত্রী পুরুষ ভেদে লিঙ্গ অবধারিত নহে।

যাহাদিগের উত্তর কোন বিভক্তি যোগে রূপান্তর হয় না, এমত যে শব্দ, তাহাদিগকে অব্যয় বলে যথা।—বরং, কিন্তু, যদ্যপি, এবং, বস্তুতঃ, এমতঃ, পুনঃপুনঃ, মুহুর্মুহুঃ, অলং ইত্যাদি। শব্দ প্রধানতঃ তিন প্রকারে বিভক্ত হয়, বিশেষ্য, বিশেষণ ও সর্ব্বনাম। বিশেষ্য শব্দ পুনর্ব্বার পাঁচ ভাগে বিভক্ত হয়। যথা—জাতিবাচক, দ্রব্যবাচক, সংজ্ঞাবাচক, গুণবাচক এবং ক্রিয়াবাচক, যাহা দ্বারা এক এক জাতিকে বুঝায় তাহাকে জাতিবাচক শব্দ কহে যেমত মনুষ্য, গো, পক্ষ্যাদি। অগ্নি, জল, বায়ু, প্রস্তর, কাষ্ঠ প্রভৃতি এক এক বস্তু বোধক শব্দকে দ্রব্যবাচক বলে। এক বস্তু মাত্রের বোধক শব্দকে সংজ্ঞাবাচক কহে, যেমত রাম, কৃষ্ণ, শ্যাম ইত্যাদি। যাহাদ্বারা গুণ প্রকাশ হয় তাদৃশ শব্দকে গুণবাচক বলে, যেমত শুক্ল, নীল, পীত ইত্যাদি। পান, ভোজন, গমন ইত্যাদি ক্রিয়া ঘটিত শব্দকে ক্রিয়াবাচক বলে।

যাহারদ্বারা বিশেষ্যের গুণ কিম্বা অবস্থা প্রকাশ হয় তাহাকে বিশেষণ কহে। বিশেষণ শব্দ প্রায় বিশেষ্যের পুর্ব্বে থাকে, কদাচিৎ পরেও হয়। যেমত ফলবান বৃক্ষ, গুণবান পুরুষ, গুণবতী স্ত্রী এবং ব্রহ্মময় দেব, ব্রহ্মময়ী দেবী ইত্যাদি।

এই সকল বাচক শব্দের উচ্চারণগত বস্তু বোধার্থ প্রয়োগ দর্শন করাইতেছি। যথা ব্যাকরণে গয়ীচন্দ্র কৃত কারিকা—"মুখ্যোলাক্ষণিকো গৌণঃ শব্দস্যাদৌপচারিকঃ। যৌগিকো যোগরূঢ়শ্চ শব্দঃ ষোঢ়া নিগদ্যতে॥" মুখ্য, লাক্ষণিক, গৌণ, ঔপচারিক, যৌগিক, যোগরূঢ়ি, রূঢ়ি এই কয়েক প্রকার হয়।

প্রকৃতার্থ বোধক শব্দের নাম মুখ্য। লক্ষণাদ্বারা অর্থবোধক শব্দের নাম লাক্ষণিক। যথা—গঙ্গাবাসী ব্রাহ্মণ, গঙ্গাবাসীর অর্থ জলপ্রবাহস্থিত তাহাতে ব্রাহ্মণের বাস সম্ভবেনা, সুতরাং মুখ্যার্থ গঙ্গা শব্দের বাধপ্রযুক্ত প্রয়োগকর্ত্তার তাৎপর্য্যাধীন লক্ষণায় গঙ্গাতীর বাসী ব্রাহ্মণকে বুঝাইবে।

আর তটস্থ লক্ষণদ্বারা অর্থবোধক শব্দকে গৌণ বলে অর্থাৎ তাহাতে প্রকৃতিনিষ্ঠ বস্তুকে প্রকারান্তরে বোধ করা যায়। উপচারদ্বারা অর্থবোধক শব্দের নাম ঔপচারিক। যথা গৌরবসূচক ঋষিবৎ মনুষ্য বা শিবতুল্য বলা, ফলিতার্থ প্রকৃত নহে কেবল গৌরবান্বিত করা।

প্রকৃতি ও প্রত্যয়ের যোগ ব্যতীত যে শব্দ কেবল প্রাচীন সঙ্কেতানুসারে বস্তুকে বুঝায়, তাহার নাম রূঢ়ি। যথা—গো, মহিষ, অশ্ব, ঘট, পট, সরাবাদি। যাহা প্রকৃতি ও প্রত্যয়ের অর্থানুসারে বস্তুবোধক হয়, তাহাকে যৌগিক বলে। যথা—অব্জাসন, পদ্মাশন ইত্যাদি, অর্থাৎ পদ্মে অবস্থিতি, মাংসভোজী ইত্যাদি। অপর প্রকৃতি ও প্রত্যয়ের যোগে অনেক বস্তুকে বুঝায়, তন্মধ্যে এক মাত্র বস্তুনিষ্ঠ শব্দকে যোগরূঢ়ি বলে। যথা—অন্ন ও পঙ্কজ ইত্যাদি অর্থাৎ অশনীয় দ্রব্য মাত্রই অন্ন, তন্মধ্যে তণ্ডুল, পঙ্কজাত বস্তুমাত্রই পঙ্কজ, তন্মধ্যে পদ্মই তাহার একনিষ্ঠ হয়।

বিশেষ্য শব্দের পরিবর্ত্তে যে শব্দ ব্যবহৃত হয় তাহাকে সর্ব্বনাম কহে। যথা—অস্মদ্, যুষ্মদ্, যদ, তদ্, ইদম, অদস্, সর্ব্ব ইত্যাদি।

ব্যঞ্জনান্ত শব্দ।

প্রথমার এক বচনের প্রয়োগ।

চকারন্ত শব্দ———জলমুচ্—জলমুক্, বাচ্—বাক্, ত্বচ্—ত্বক্, রুচ্—রুক্, ঋচ্—ঋক্।
জকারান্ত শব্দ———বণিজ্—বণিক্, ভিষজ্-ভিষক্, ঋত্বিজ্—ঋত্বিক্, বলিভুজ্—বলিভুক্।
সম্রাজ্—সম্রাট্, দেবরাজ—দেবরাট্, পরিব্রাজ্—পরিব্রাট্।
মৎপ্রত্যয়ান্ত শব্দ---শ্রীমৎ—শ্রীমান্, ধীমৎ—ধীমান্, বুদ্ধিমৎ—বুদ্ধিমান্, অংশুমৎ—অংশুমান্, ভানুমৎ-ভানুমান্, ধনুষ্মৎ-ধনুষ্মান্, আয়ুষ্মৎ-আয়ুষ্মান্
বৎপ্রত্যয়ান্ত শব্দ--জ্ঞানবৎ—জ্ঞানবান্, প্রজ্ঞাবৎ—প্রজ্ঞাবান্, মঘবৎ—মঘবান্, ভগবৎ—ভগবান্, লজ্জাবৎ—লজ্জাবান্, বিদ্যাবৎ—বিদ্যাবান্।
তবৎপ্রত্যয়ান্তশব্দ--শ্রুতবৎ—শ্রুতবান্, কৃতবৎ—কৃতবান্, স্থিতবৎ—স্থিতবান্, জ্ঞাতবৎ—জ্ঞাতবান্, জিতবৎ—জিতবান্, দৃষ্টবৎ—দৃষ্টবান্।
দকারান্ত শব্দ———সুহৃদ্—সুহৃৎ, নিরাপদ্—নিরাপৎ, দিবিষদ্—দিবিষৎ, উপনিষদ্—উপনিষৎ, শরদ্—শরৎ, মৃদ্—মৃৎ, সংবিদ্—সংবিৎ।
ধকারান্ত শব্দ———বীরুধ্—বীরুৎ, ক্ষুধ্—ক্ষুৎ, যুধ্—যুৎ, সমিধ্—সমিৎ।
নকারান্ত শব্দ———গুণিন্—গুণী, বলিন্—বলী, জ্ঞানিন্—জ্ঞানী, মেধাবিন্—মেধাবী, করিন্—করী, পক্ষিন্—পক্ষী, (ইনভাগান্ত)।
অনভাগান্ত———--মহিমন্—মহিমা, আত্মন্—আত্মা, যুবন্—যুবা, মঘবন্—মঘবা, গরিমন্—গরিমা, মূর্দ্ধন্—মূর্দ্ধা, রাজন্—রাজা, সীমন্—সীমা।
হন্ভাগান্ত————-বৃত্রহন্—বৃত্রহা।
ভকারান্ত শব্দ———ককুভ্—ককুপ্, অনুষ্টুভ্—অনুষ্টুপ্, ত্রিষ্টুভ্—ত্রিষ্টুপ্।
রকান্ত শব্দ ———গির্—গীঃ, পুর্—পূঃ, ধুর্—ধূঃ।
শকারান্ত শব্দ———বিশ্—বিট্, দিশ্—দিক্, ঈদৃশ্—ঈদৃক্।

ষকারান্ত শব্দ——দ্বিষ্—দ্বিট্, দোষ্—দোঃ।
সকারান্ত শব্দ——বেধস্—বেধাঃ, চন্দ্রমস্—চন্দ্রমাঃ, প্রচেতস্—প্রচেতাঃ, দুর্ম্মনস্—দুর্ম্মণা, অপ্সরস্—অপ্সরাঃ, প্রচেতস্—প্রচেতাঃ, দুর্ব্বাসস্—দুর্ব্বাসা, বিদ্বস্—বিদ্বান, লঘীয়স্—লঘীয়ান, গরীয়স্—গরীয়ান, কনীয়স্—কনীয়ান, আশিস্—আশী।

সকারান্ত ক্লীবলিঙ্গ শব্দ ত্রিবিধ হয়। যথা—অস্‌ভাগান্ত, ইস্ ভাগান্ত, এবং উস্ ভাগান্ত।

অস্‌ভাগান্ত——পয়স্—পয়ঃ, অন্তস্—অন্তঃ, উরস্—উরঃ ছন্দস্—ছন্দঃ।
ইস্‌ভাগান্ত——হবিস্—হবিঃ, জ্যোতিস্—জ্যোতিঃ, সর্পিস্—সর্পিঃ।
উস্‌ভাগান্ত——ধনুস্—ধনুঃ, আয়ুস্—আয়ুঃ, চক্ষুস্—চক্ষুঃ, যজুস্—যজুঃ।

প্রত্যয় প্রকরণ।

অ প্রত্যয় (অল্)।

১। প্রায় সমস্ত ধাতুর উত্তর ভাব বাচ্যে অল্ প্রত্যয় হয়, তাহার ল গিয়া অ থাকে। অ প্রত্যয়ের যোগে ধাতুর অন্ত্যবর্ণের পূর্ব্ববর্ত্তি ই উ ঋ স্থানে এ ও অর্ হয়; এবং ধাতুর অন্তস্থিত ই ঈ স্থানে অয়, উ ঊ স্থানে ও, ঋ ৠ স্থানে অর হয়। যথা—আ-ক্ষিপ+অ আক্ষেপ, সং-চি+অ সঞ্চয়, আ-বৃত+অ আবর্ত্ত ইত্যাদি।

অ প্রত্যয় (ঘঞ্)।

২। ধাতুর উত্তর ভাববাচ্যে ঘঞ প্রত্যয় হয়, ঘঞের ঘ ঞ গিয়া অ থাকে। অ প্রত্যয়ের যোগে ধাতুর অন্ত্য বর্ণের পূর্ব্বস্থ অ আ হয়, ই উ স্থানে এ ও হয় এবং ঋ স্থানে আর হয়। অন্ত্য ইকারের বৃদ্ধি হইয়া পরে আয়্, অন্ত্য উকারের বৃদ্ধি হইয়া পরে আব্ এবং অন্ত্য ঋকারের বৃদ্ধি হইয়া আর হয়। যথা বদ+অ বাদ, যুজ+অ যোগ, পচ+অ পাক, অধি-ই+অ অধ্যায়, স্মৃ+অ স্মার ইত্যাদি।

অ প্রত্যয় (অচ্)।

৩। ভাব বাচ্যে ও কর্ত্তৃ ভিন্ন কারক বাচ্যে ধাতুর উত্তর অচ হয়, অচের চ গিয়া অ থাকে। যথা—জি+অ জয়, লী+অ লয়, নী+অ নয়, ভী+অ ভয়, চি+অ চয়, মুদ+অ মোদ, খিদ+অ খেদ, কুপ+অ কোপ, মৃশ+অ মর্শ ইত্যাদি।

অ প্রত্যয় (ষণ্)।

৪। বিশেষ্য, বিশেষণ কিম্বা অব্যয় শব্দের পূর্ব্ববর্ত্তি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ষণ্ প্রত্যয় হয়, ষণের ষ ণ গিয়া অ থাকে। অ প্রত্যয় কয়েক ধাতুর সহিত সংযুক্ত হয়।

এবং অ প্রত্যয়ের পরে কএক ধাতুর অন্ত্য ইকারাদি একারাদিতে পরিবর্ত্তিত হয়, এবং কতিপয় ধাতুর অন্ত্য বর্ণ ও তৎপূর্ব্ববর্ত্তি স্বরের লোপ হয় কিম্বা অন্ত্য অকার লুপ্ত হয়। যথা—মনস-রম+অ মনোরম, কুম্ভ-কৃ+অ কুম্ভকার, পঙ্ক-জন+অ পঙ্কজ, সুখ-দা+অ সুখদ ইত্যাদি।

অৎ প্রত্যয় (শতৃ)।

৫। কতকগুলি ধাতুর উত্তর কার্দ্দন্তিক শতৃ প্রত্যয় হয়, শতৃ স্থানে অৎ থাকে। যথা—ধাব+অৎ ধাবৎ, বদ+অৎ বদৎ, বস+অৎ বসৎ, চল+অৎ চলৎ, পত+অৎ পতৎ ইত্যাদি।

অক প্রত্যয় (ণক)।

৬। ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ণক হয়, ণকের ণ গিয়া অক থাকে। অক প্রত্যয় যোগে ধাতুর ইকারাদি অন্ত্য স্বরের বৃদ্ধিযোগে আয়, আব, আর, আল ইত্যাদি আদেশ হয়, এবং উপান্তের অ আ হয়, ও ইকারাদি স্থানে একারাদি হয়। এবং আকারান্ত ধাতুর পর অক প্রত্যয়ের পূর্ব্বে যকারের আগম হয়। যথা—নী+অক নায়ক, শ্রু+অক শ্রাবক, পূ+অক পাবক, কৃ+অক কারক, নশ+অক নাশক, পচ+অক পাচক, সিচ+অক সেচক, রুধ+অক রোধক, বুধ+অক বোধক, নৃত+অক নর্ত্তক ইত্যাদি।

অন প্রত্যয় (অনট্)

৭। সকল ধাতুর পরে প্রায় ভাব বাচ্যে অনট্ প্রত্যয় হয়, অনটের ট গিয়া অন থাকে। অন প্রত্যয়ের যোগে ধাতুর উপান্ত স্থিত ই ঈ উ ঊ ঋ ৠ থাকিলে তাহার গুণ হয় অর্থাৎ ই ঈ স্থানে এ, উ ঊ স্থানে ও, এবং ঋ ৠ স্থানে অর হয়। এবং ধাতুর অন্তস্থিত ই ঈর গুণ হইয়া তাহার স্থানে অয় হয়, উ ঊর গুণ হইয়া তাহার স্থানে অব্ হয়, এবং ঋ ৠর গুণ হইয়া তাহার স্থানে অর হয়। যথা—ক্ষিপ+অন ক্ষেপণ, চি+অন চয়ন, নী+অন নয়ন, বৃধ+অন বর্দ্ধন, হৃ+অন হরণ ইত্যাদি।

কতকগুলি ণ্যন্ত ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অন প্রত্যয় হয়। কোন২ অন প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ শব্দের ন্যায় আকার যুক্ত হইয়া ব্যবহৃত হয়। যথা—নদ+অন নন্দন, নশ+অন নাশন, বিদ+অন বেদনা, গৈ+অন গায়ন ইত্যাদি।

অনীয় প্রত্যয়।

৮। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ধাতুর উত্তর অনীয় হয়। অনীয় প্রত্যয়ের যোগে ধাতুর অন্ত্য ই ঈ স্থানে অয়, উ ঊ স্থানে অব, ঋ স্থানে অর, এবং উপান্তের ইকারাদি স্থানে একারাদি হয়। যথা—পা+অনীয় পানীয়, চি+অনীয় চয়নীয়, শী+অনীয় শয়নীয়, শ্রু+অনীয় শ্রবণীয়, হৃ+অনীয় হরণীয়, সিচ+অনীয় সেচনীয়, শুচ+অনীয় শোচনীয় ইত্যাদি।

আ প্রত্যয়।

৯। গুরুস্বর বিশিষ্ট ব্যঞ্জনান্ত ধাতুর উত্তর ভাববাচ্যে আ হয়। যথা।—ভিক্ষ+আ ভিক্ষা, সেব+আ সেবা, নিন্দ+আ নিন্দা, খেল+আ খেলা, রক্ষ+আ রক্ষা, শঙ্ক+আ শঙ্কা, মূর্চ্ছ+আ মূর্চ্ছা ইত্যাদি।

আন প্রত্যয় (শান)

১০। কতিপয় ধাতুর উত্তর বর্ত্তমান কালে কর্ত্তৃবাচ্যে শান প্রত্যয় হয়, শান শ গিয়া আন থাকে। যে ধাতুর অকারের আগম হয়, তদুত্তর আন স্থানে মান হয়। অন্য প্রকার ধাতুর উত্তর কেবল আন প্রত্যয়ই থাকে, এবং কর্ম্ম ও ভাববাচ্যে ধাতুর উত্তর য কারের আগম হয় ও আন স্থানে মান হয়। যথা।—ধাব+আন ধাবমান, শী+আন শয়ান, বৃধ+আন বর্দ্ধমান, কৃ+আন ক্রিয়মাণ, দৃশ+আন দৃশ্যমান, বিদ+আন বিদ্যমান, দা+আন দীয়মান্ ইত্যাদি।

আলু প্রত্যয়।

১১। কতকগুলি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আলু প্রত্যয় হয়। যথা—দয়া+আলু দয়ালু, নিদ্রা+আলু নিদ্রালু, তন্দ্রা+আলু তন্দ্রালু, শ্রদ্ধা+আলু শ্রাদ্ধালু, শী+আলু শয়ালু, স্পৃহি+আলু স্পৃহয়ালু ইত্যাদি।

ইন্ প্রত্যয় (ণিন্)

১২। ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ণিন্ হয়, ণ গিয়া ইন্ থাকে। ইন্ প্রত্যয়ের যোগে ধাতুর ইকারাদি অন্ত্যস্বর স্থানে আয় প্রভৃতি হয়, এবং উপান্তের অ আ হয়, ও ইকারাদির গুণ হয়, এবং আকারান্ত ধাতুর ইন্ প্রত্যয় পরে য কারের আগম হয়। যথা—বদ+ইন বাদী, বস+ইন বাসী, স্থা+ইন্ স্থায়ী, দ্বিষ+ইন্ দ্বেষী, শী+ইন্ শায়ী, ভূ+ইন ভাবী, দ্রুহ্+ইন দ্রোহী ইত্যাদি।

ইত্নু প্রত্যয়।

১৩। কতিপয় ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ইত্নু প্রত্যয় হয়। যথা—মদ+ইত্নু মদয়িত্নু, দুষ+ইত্নু দুষয়িত্নু, গদ+ইত্নু গদয়িত্নু, হ্লদ+ইত্নু হ্লদয়িত্নু, স্তন+ইত্নু স্তনয়িত্নু, ইত্যাদি।

ইষ্ণু প্রত্যয়।

১৪। কতকগুলি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ইষ্ণু প্রত্যয় হয়। যথা—সহ+ইষ্ণু সহিষ্ণু, রুচ+ইষ্ণু রোচিষ্ণু, বৃধ+ইষ্ণু বর্দ্ধিষ্ণু, চর+ইষ্ণু চরিষ্ণু ইত্যাদি।

উক প্রত্যয়।

১৫। কতিপয় ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে উক হয়। যথা—কম+উক কামুক, লষ+উক লাষুক, পত+উক পাতুক, পদ+উক পাদুক, স্থা+উক স্থায়ুক, ভূ+উক ভাবুক, বৃষ+উক বর্ষুক, গম+উক গামুক, শৃ+উক শারুক ইত্যাদি।

উর প্রত্যয়।

১৬। কতিপয় ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে উর প্রত্যয় হয়। যথা—ভঞ্জ+উর ভঙ্গুর, ভাস+উর ভাস্বুর, মিদ+উর মেদুর ইত্যাদি।

ত প্রত্যয় (ক্ত)

১৭। ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ও কর্ম্মবাচ্যে এবং ভাববাচ্যে ক্ত প্রত্যয় হয়, ক্তর ক গিয়া ত থাকে। ত প্রত্যয় যোগে মকারান্ত ও নকারান্ত ধাতুর ম্ এবং ন্ লুপ্ত হয়, এবং মকারান্ত ধাতুর ম স্থানে নকার হয়। যথা—গম+ত গত, হন+ত হত, ভ্রম্+ত ভ্রান্ত ইত্যাদি।

ত প্রত্যয় যোগে ধাতুর অন্ত্য হ ও প্রত্যয়ের ত উভয় যোগে দ্ধ হয়, এবং কোন২ স্থানে ঢ কারও হয়। যথা—মুহ+ত মুগ্ধ, মুহ+ত মূঢ় ইত্যাদি।

ত প্রত্যয়েয় যোগে মদ্ ধাতু ভিন্ন দকারান্ত ধাতুর দ স্থানে ন, এবং ত প্রত্যয়ের ত স্থানে ন হয়। যথা—ছিদ্+ত ছিন্ন, ভিদ+ত ভিন্ন ইত্যাদি।

শুচ ও পচ ধাতুর উত্তর ত প্রত্যয়ের ত স্থানে যথাক্রমে ক ও ব হয়। যথা—শুষ+ত শুষ্ক, পচ+ত পক্ব।

ত প্রত্যয়ের যোগ ঋ কারান্ত ধাতুর ঋ ঈর হয়, এবং ত প্রত্যয়ের ত স্থানে ন হয়। যথা।—আ-কৄ+ত আকীর্ণ, উৎ-তৄ+ত উত্তীর্ণ ইত্যাদি।

তব্য প্রত্যয়।

১৮। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ধাতুর উত্তর তব্য হয়। তব্য প্রত্যয়ের যোগে ধাতুর অন্ত্য কিম্বা উপান্তস্থিত ইকারাদি স্থানে একারাদি হয়, এবং কোথায় বা প্রত্যয়ের পূর্ব্বে ইকার আগম হয়। যথা—দা+তব্য দাতব্য, চি+তব্য চেতব্য, শী+তব্য শয়িতব্য, শ্রু+তব্য শ্রোতব্য, ভূ + তব্য ভবিতব্য, কৃ + তব্য কর্ত্তব্য, বচ + তব্য বক্তব্য, প্রচ্ছ+তব্য প্রষ্টব্য, সৃজ+তব্য স্রষ্টব্য, ভুজ+তব্য ভোক্তব্য, বুধ+তব্য বোদ্ধব্য, হন+তব্য হন্তব্য, সেব+তব্য সেবিতব্য ইত্যাদি।

তি প্রত্যয় (ক্তি)।

১৯। প্রায় সকল ধাতুর উত্তর ভাববাচ্যে ক্তি প্রত্যয় হয়, ক্তির ক গিয়া তি থাকে। তি কখন২ ধাতুর সহিত যুক্ত হইয়া ব্যবহৃত হয়। যথা—গুপ+তি গুপ্তি, তৃপ+তি তৃপ্তি, দীপ+তি দীপ্তি, শক+তি শক্তি ইত্যাদি।

কখন তি পরে ধাতুর অন্ত্য ম এবং ন্ লুপ্ত হয়। যথা—গম+তি গতি, নম+তি নতি, মন+তি মতি ইত্যাদি।

কখন বা তি পরে ধাতুর ম্ নকারে পরিবর্ত্তিত হয়। যথা—ক্রম্+তি ক্রান্তি, ভ্রম্+তি ভ্রান্তি, শ্রম্+তি শ্রান্তি ইত্যাদি।

তৃ প্রত্যয় (তৃন্)।

২০। ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে তৃন্ প্রত্যয় হয়, তৃণের ন গিয়া তৃ থাকে। তৃপ্রত্যয় যোগে ধাতুর অন্ত্য ও উপান্তিম ইকারাদি স্থানে একারাদি হয়। যথা—জি+তৃ জেতা, নী+তৃ নেতা, স্তু+তৃ স্তোতা, কৃ+তৃ কর্ত্তা, হৃ+তৃ হর্ত্তা ইত্যাদি।

নু প্রত্যয় (ক্নু)।

২১। কতিপয় ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ক্নু প্রত্যয় হয়, ক্নুর ক গিয়া নু থাকে। যথা—এস+নু এস্নু, গৃধ+নু গৃধ্নু, ধৃষ+নু ধৃষ্ণু, ক্ষিপ+নু ক্ষিপ্নু ইত্যাদি।

য প্রত্যয় (যৎ)।

২২। ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে যৎ প্রত্যয় হয়, যৎ ত গিয়া য থাকে। য প্রত্যয়ের যোগে তব্য প্রত্যয়ান্ত ধাতুর ন্যায় স্বরের পরিবর্ত্ত হয়, এবং ধাতুর অন্ত্য আ একারে পরিবর্ত্তিত হয়। যথা—চি+য় চেয়, জি+য় জেয়, নী+য় নেয়, দা+য় দেয়, স্থা+য় স্থেয়, সহ+য সহ্য ইত্যাদি।

য প্রত্যয় (ণ্যৎ)।

২৩। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ঋ কারান্ত ও ব্যঞ্জন বর্ণান্ত ধাতুর উত্তর ণ্যৎ হয়, ণ্যৎ ণ ত গিয়া য থাকে। যথা—ঋকারান্ত-কৃ+য কার্য্য, ধৃ+য ধার্য্য। ব্যঞ্জনান্ত-বচ+য বাচ্য, সিচ+য সেচ্য, ত্যজ+য ত্যাজ্য, যজ+য যাজ্য ইত্যাদি।

য পরে পচ রুজ প্রভৃতি ধাতুর চ ও জ স্থানে ক ও গ হয়। যথা—পচ+য পাক্য, রুজ+য রোগ্য ইত্যাদি।

অর্থ-বিশেষে য প্রত্যয় পরে বচ ভুজ যুজ প্রভৃতি ধাতুর চ স্থানে ক এবং জ স্থানে গ হয়। যথা—বচ+য বাক্য, ভুজ+য ভোগ্য, যুজ+য যোগ্য ইত্যাদি।

য প্রত্যয় (ক্যপ্)।

২৪। কতকগুলি ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ক্যপ্ হয়, ক্যপের ক প গিয়া য থাকে। এবং দৃ ভৃ ও হ্বাদি প্রভৃতি কতিপয় ধাতুর উত্তর য প্রত্যয়ের পূর্ব্বে তকারের আগম হয়। যথা—দৃ+য দৃত্য, ভৃ+য ভৃত্য, হন+য হত্যা ইত্যাদি।

র প্রত্যয়।

২৫। কতকগুলি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে র প্রত্যয় হয়। যথা—হিংস+র হিংস্র, নম+র নম্র, চদি+র চন্দ্র ইত্যাদি।

বর প্রত্যয়।

২৬। কতিপয় ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে বর প্রত্যয় হয়। যথা—নশ+বর নশ্বর, ভাস+বর ভাস্বর, ঈশ+বর ঈশ্বর ইত্যাদি।

স প্রত্যয় (সন্)।

২৭। ধাতুর পর ইচ্ছার্থে সন্ প্রত্যয় হয়, সনের ন গিয়া স থাকে। স প্রত্যয় করিলে আরো এক প্রত্যয় যোগ হইয়া থাকে। স প্রত্যয় পরে ধাতুর এক স্বরের সহিত আদ্য অক্ষরের দ্বিত্ব হয়। সেই দ্বিত্বের ঋ স্থানে অ, ক স্থানে চ, গ স্থানে জ, ত স্থানে র, এবং ধ স্থানে দ হয়। বিশেষতঃ স প্রত্যয় পরে দা ধাতুর পরিবর্ত্তে দিৎ, লভ ধাতুর স্থানে লীপ এবং আপ ধাতুর স্থানে ঈপ হয়। যথা—পা+স-আ পিপাসা, কু+স-আ জুগুপ্সা, জ্ঞা+স-আ জিজ্ঞাসা, ভুজ+স-আ বুভুক্ষা, হন+স-আ জিঘাংসা, দা+স-আ দিৎসা, লভ+স-আ লীপ্সা ইত্যাদি।

স্যমান প্রত্যয়।

২৮। কর্ত্তৃবাচ্যে এবং কর্ম্মবাচ্যে ভবিষ্যৎকালার্থ ধাতুর উত্তর স্যমান প্রত্যয় হয়। যথা—দা+স্যমান দাস্যমান, জন+স্যমান জনিষ্যমাণ, বচ+স্যমান বক্ষ্যমাণ, কৃ+স্যমান করিষ্যমাণ ইত্যাদি।

স্নু প্রত্যয়।

২৯। কতিপয় ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে স্নুপ্রত্যয় হয়। যথা—জি+স্নু জিষ্ণু, ভূ+স্নু ভূষ্ণু, স্থা+স্নু স্থাস্নু, গ্লা+স্নু গ্লাস্নু ইত্যাদি।

তদ্ধিত প্রকরণ।

১। অপত্য অর্থে অকারান্ত প্রাতিপদিকের উত্তর ষিণ্ হয়। ষিণ্ প্রত্যয়ের ষ ণ ইৎগিয়া আদি অচের বৃদ্ধি পায়। যথা—শূরের অপত্য শৌরি, দশরথের অপত্য দাশরথি, দ্রোণের অপত্য দ্রৌণি, অর্জ্জুনের অপত্য আর্জ্জুনি, বিকর্ণের অপত্য বৈকর্ণি, কুষীতকের অপত্য কৌষীতকি, মণ্ডূকের অপত্য মাণ্ডূকি, কৃষ্ণের অপত্য কার্ষ্ণি, প্রদ্যুম্নের অপত্য প্রাদ্যুম্নি ইত্যাদি। বাহু প্রভৃতি কতিপয় প্রাতিপদিকের উত্তর ষিণ্ হয়, ষ ণ ইৎগিয়া ই থাকে। যথা—বাহুর অপত্য বাহুবি, উপবাহুর অপত্য ঔপবাহবি কৃকলার অপত্য কার্কলি, সুমিত্রার অপত্য সৌমিত্রি ইত্যাদি।

২। অপত্য অর্থে স্ত্রী প্রত্যয়ান্ত প্রাতিপদিকের উত্তর ষেয়ণ্ হয়, ষ ণ ইৎ গিয়া এয় থাকে। যথা—গঙ্গার অপত্য গাঙ্গেয়, রাধার অপত্য রাধেয়, বিনতার অপত্য বৈনতেয়, তাড়কার অপত্য তাড়কেয়, সরমার অপত্য সারমেয়, সুপর্ণার অপত্য সৌপর্ণেয়, ভগিনীর অপত্য ভাগিনেয়, কুন্তীর অপত্য কৌন্তেয়, রোহিণীর অপত্য রৌহিণেয়, রুক্মিণীর অপত্য রৌক্মিণেয়, অম্বিকার অপত্য আম্বিকেয় ইত্যাদি। শুভ্র প্রভৃতি কতিপয় প্রাতিপদিকের উত্তর অপত্য অর্থে ষেয়ণ্ প্রত্যয় হয়। যথা—শুভ্রের অপত্য শৌভ্রেয়, বিমাতার অপত্য বৈমাত্রেয় ইত্যাদি। সুভগা প্রভৃতি কতিপয় ়াতিপদিকের উত্তর ইন্ হয়। যথা—সুভগার অপত্য সৌভাগিনেয়, দুর্ভগার পত্য দৌর্ভাগিনেয়, কনিষ্ঠার অপত্য কানিষ্ঠিনেয় ইত্যাদি।

৩। অপত্য অর্থে গর্গ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষ্যণ্ হয়, ষ ণ ইৎ গিয়া য থাকে। যথা—গর্গের অপত্য গার্গ্য, বৎসের অপত্য বাৎস্য, অগস্তের অপত্য আগস্ত্য, পুলস্তের অপত্য পৌলস্ত্য, মাধবের অপত্য মাধব্য, যজ্ঞবল্কের অপত্য যাজ্ঞবল্ক্য, চণকের অপত্য চাণক্য, জমদগ্নির অপত্য জামদগ্ন্য, পরাশরের অপত্য পারাশর্য্য, উলূকের অপত্য ঔলূক্য, অদিতির অপত্য আদিত্য, প্রজাপতির অপত্য প্রাজাপত্য ইত্যাদি।

৪। অপত্য অর্থে নড় প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষায়নণ্ প্রত্যয় হয়, ষ ণ ইৎ গিয়া আয়ন থাকে। যথা—নড়ের অপত্য নাড়ায়ন, চরের অপত্য চারায়ণ, মুঞ্জের অপত্য মৌঞ্জায়ন, দাসের অপত্য দাসায়ন, শকটের অপত্য শাকটায়ন, নরের অপত্য নারায়ণ, পর্ব্বতের অপত্য পার্ব্বতায়ন, যুগন্ধরের অপত্য যৌগন্ধরায়ণ, উদুম্বরের অপত্য ঔদুম্বরায়ণ ইত্যাদি।

৫। অপত্য অর্থে স্বসৃ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষীয়ণ্ হয়, ষ ণ ইৎ গিয়া ঈয় থাকে। যথা—স্বসার অপত্য স্বস্রীয় ইত্যাদি। পিতৃষ্বসা ও মাতৃষ্বসার উত্তর বিকল্পে ষীয়ণ হয়। যথা—পিতৃষ্বসার অপত্য পৈতৃষ্বস্রীয়-পৈতৃষ্বসেয়, মাতৃষ্বসার অপত্য মাতৃষ্বস্রীয়-মাতৃষ্বসেয় ইত্যাদি।

৬। অপত্য অর্থে রেবতী প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষিকণ্ হয়, ষ ণ ইৎ গিয়া ইক থাকে। যথা—রেবতীর অপত্য রৈবতিক, অশ্বপালের অপত্য আশ্বপালিক, কর্ণগ্রাহের অপত্য কার্ণগ্রাহিক ইত্যাদি।

৭। অপত্য অর্থে ভৃগু প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষণ্ হয়, ষ ণ ইৎ গিয়া অ থাকে। যথা—ভৃগুর অপত্য ভার্গব, ধৃতরাষ্ট্রের অপত্য ধার্ত্তরাষ্ট্র, পাণ্ডুর অপত্য পাণ্ডব, বসুদেবের অপত্য বাসুদেব, যদুর অপত্য যাদব, পুরুর অপত্য পৌরব, রঘুর অপত্য রাঘব, কুরুর অপত্য কৌরব, শিবের অপত্য শৈব, বিশ্রবণের অপত্য বৈশ্রবণ, ভরদ্বাজের অপত্য ভারদ্বাজ ইত্যাদি।

৮। অপত্য অর্থে যে সকল প্রত্যয় বিহিত হইল তৎসমুদয় এবং কণ্, ণীন, ষীকণ, এই সকল প্রত্যয় অর্থ বিশেষে হইয়া থাকে। যথা—তর্ক শাস্ত্র জানেন্ যিনি তিনি তার্কিক, ন্যায় শাস্ত্র জানেন্ যিনি তিনি নৈয়ায়িক, বেদান্ত জানেন্ যিনি তিনি বৈদান্তিক, পুরাণ জানেন্ যিনি তিনি পৌরাণিক, অলঙ্কার জানেন্ যিনি তিনি আলঙ্কারিক, ব্যাকরণ জানেন্ যিনি তিনি বৈয়াকরণ, জ্যোতিষ জানেন্ যিনি তিনি জ্যৌতিষিক ইত্যাদি। বাক্যের দ্বারা যা কৃত সে বাচিক, কায়াদ্বারা যা কৃত সে কায়িক, অঙ্গের দ্বারা যা কৃত সে আঙ্গিক, মনের দ্বারা যা কৃত সে মানসিক ইত্যাদি। মথুরায় ভব এই অর্থে মাথুর, কলিঙ্গে ভব এই অর্থে কালিঙ্গ, গ্রামে ভব এই অর্থে গ্রাম্য-গ্রামীণ, বসন্তে ভব এই অর্থে বাসন্তিক, নগরে ভব এই অর্থে নাগরিক, কুলে ভব এই অর্থে কুলীন, অরণ্যে ভব এই অর্থে আরণ্য ইত্যাদি। যজ্ঞের নিমিত্ত সাধু ইহাতে যজ্ঞিয়, সমাজ নিমিত্ত সাধু ইহাতে সামাজিক ইত্যাদি। মাসে দেয় এই অর্থে মাসিক, বর্ষেই দেয় এ অর্থে বার্ষিক, শ্রাবণে দেয় এই অর্থে শ্রাবণিক ইত্যাদি।

সুবর্ণের বিকার সৌবর্ণ, রজতের বিকার রাজত, সীসকের বিকার সৈস, হেমের বিকার হৈম ইত্যাদি। ধুর বহিত ধূর্য্য-ধৌরেয়, সর্ব্বধুরা বহতি সর্ব্বধুরীণ, চতুর্ধুরা বহতি চতুর্ধুরীণ, হল বহতি হালিক ইত্যাদি। বিশাখা নক্ষত্র যুক্ত মাস বৈশাখ, জ্যেষ্ঠানক্ষত্রযুক্ত মাস জ্যৈষ্ঠ, শ্রবণানক্ষত্রযুক্ত মাস শ্রাবণ ইত্যাদি। বেতনের দ্বারা জীবন ধারণ করেন যিনি তিনি বৈতনিক, জালের দ্বারা জীবন ধারণ করেন যিনি তিনি জালিক, আয়ুধের দ্বারা জীবন ধারণ করেন যিনি তিনি আয়ুধিক ইত্যাদি। মনুষ্যের সমূহ মানুষ্য, ময়ূরের সমূহ মায়ূর, গণিকার সমূহ গাণিক্য ইত্যাদি। বিষ্ণুর সম্বন্ধী বৈষ্ণব, শক্তি সম্বন্ধী শাক্ত, কিম্বা শাক্তেয় ইত্যাদি। চোর এব এই অর্থে (অর্থাৎ স্বার্থে) চৌর, বন্ধু এব বান্ধব, চণ্ডাল এব চাণ্ডাল, দেবতা এব দৈবত ইত্যাদি। কুমারের ভাব এই অর্থে কৌমার, শিশুর ভাব শৈশব, লঘুর ভাব লাঘব, ধীরের ভাব ধৈর্য্য, মধুর ভাব মাধুর্য্য ইত্যাদি।

ঋষিণা প্রোক্ত এই অর্থে আর্ষ, বিষ্ণুনা প্রোক্ত ইহাতে বৈষ্ণব, মনুনা প্রোক্ত ইহাতে মানব, পতঞ্জলিনা প্রোক্ত ইহাতে পাতঞ্জল, পাণিনা প্রোক্ত ইহাতে পাণিনীয়, পরাশরেণ প্রোক্ত ইহাতে পারাশর ইত্যাদি। কুসুম্ভেন রক্ত এই অর্থে কৌসুম্ভ, হরিদ্রয়া রক্ত এই অর্থে হারিদ্র, মঞ্জিষ্ঠয়া রক্ত এই অর্থে মাঞ্জিষ্ঠ, লাক্ষয়া রক্ত এই অর্থে লাক্ষিক ইত্যাদি। বিষ্ণুরস্য দেবতা এই অর্থে বৈষ্ণব, শক্তিরস্য দেবতা এই অর্থে শাক্ত, গণপতিরস্য দেবতা এই অর্থে গাণপত্য, শিবোঽস্য দেবতা এই অর্থে শৈব, বায়ুরস্য দেবতা এই অর্থে বায়ব্য, অগ্নিরস্য দেবতা এই অর্থে আগ্নেয় ইত্যাদি।

শত মর্হতি এই অর্থে শতিক, সহস্র মর্হতি এই অর্থে সাহস্রিক, বধমর্হতি এই অর্থে বধ্য, যজ্ঞমর্হতি, এই অর্থে যজ্ঞিয় ইত্যাদি। তৈলমস্য পণ্য এই অর্থে তৈলিক, অপূপ অস্যপণ্য এই অর্থে আপূপিক, তণ্ডুলমস্যপণ্য এই অর্থে তাণ্ডুলিক ইত্যাদি। ধনুরস্য প্রহরণ এই অর্থে ধানুষ্ক, অসিরস্য প্রহরণ এই অর্থে আসিক, শক্তিরস্য প্রহরণ এই অর্থে শাক্তীক ইত্যাদি। তপোঽস্য শীল এই অর্থে তাপস, ছত্রমস্য শীল এই অর্থে ছাত্র, শিক্ষাস্য শীল শৈক্ষ ইত্যাদি। রামমধিকৃত্যাকৃত এই অর্থে রামায়ণ, ভগবন্তমধিকৃত্য কৃত এই অর্থে ভাগবত, ভরতানধিকৃত্য কৃত এইঅর্থে ভারত ইত্যাদি। কশ্মীরস্য রাজা এই অর্থে কাশ্মীর, কলিঙ্গস্য রাজা এই অর্থে কালিঙ্গ, মগধস্য রাজা এই অর্থে মাগধ, বিদেহস্য রাজা এই অর্থে বৈদেহ, পঞ্চালস্য রাজা এই অর্থে পাঞ্চাল ইত্যাদি।

৯। ষিণ্ প্রভৃতি যে সকল প্রত্যয় অপত্যাদি অর্থে প্রদর্শিত হইল তদ্ভিন্ন নানা অর্থে দেখিতে পাওয়া যায় যথা। পৃথিবীর ঈশ্বর পার্থিব, সর্ব্বভূমির ঈশ্বর সার্ব্বভৌম, স্ত্রিরাজিত স্ত্রৈণ, দ্বারে নিযুক্ত দৌবারিক, হিমবতঃ প্রভবতি হৈমবতী, বয়সা তুল্য বয়স্য শকুনীন্ হন্তি শাকুনিক, লোকে বিদিত লৌকিক, পরদারান্ গচ্ছতি পারদারিক ইত্যাদি।

পরিভাষা

পুং..........পুংলিঙ্গ ।

স্ত্রী...........স্ত্রীলিঙ্গ ।

ত্রি.............ত্রিলিঙ্গ অর্থাৎ পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ এবং নপুংসকলিঙ্গ

ন...............নপুংসকলিঙ্গ অর্থাৎ ক্লীবলিঙ্গ ।

ব্য.............অব্যয় ।

(প্রা)........ ..প্রাকৃত ।

(যাং).........যাবনিক ।

(হি)..........হিন্দী ।

(ইং)...........ইংরাজী ।

শব্দার্থমুক্তাবলী।

নত্বা দেবগুরুং বিবিচ্য সকলাং বিশ্বাদি কোষাবলীং।
জ্ঞানাসার বিলোক্য খেড়সদৃশামুন্মুচ্য শব্দাবলীং॥
পদ্যেনৈব প্রিয়া কৃতা সুললিতা কোষোক্ত হারাবলী।
বেণীমাধব দেব দাস কৃতিনা শব্দার্থ মুক্তাবলী॥

অ আদ্য স্বরবর্ণ। ইহার উচ্চারণ স্থান কণ্ঠ। অন্যান্য সমান স্বরের ন্যায় ইহার মাত্রা-ভেদে দীর্ঘ হ্রস্ব প্লুত ও স্বরভেদে উদাত্ত অনুদাত্ত স্বরিত এবং উচ্চারণভেদে অনু-নাসিক নিরনুনাসিক প্রতীত হয়। অ শব্দ নঞ্‌স্থানে আদিষ্ট হইলে সাদৃশ্য প্রভৃতি যে ছয়প্রকার নঞর্থ তাহাই ইহার অর্থ হয়। তৎসাদৃশ্য, অভাব, অন্যত্ব, অল্পতা, অপ্রাশস্ত, বিরোধ। যথা ব্রাহ্মণসদৃশ অব্রাহ্মণ॥ ১॥ করণাভাব, অকরণ॥ ২॥ বিদ্বান্‌ভিন্ন, অবিদ্বান্‌॥ ৩॥ অল্পকেশী, অকেশী॥ ৪॥ অপ্রশস্ত ধন, অধন॥ ৫॥ অসুর, সুরবিরোধী॥ ৬॥

অ, ব্য. অভাব; অল্প; নিষেধ; অনুকম্পা।

অ, পুং. বিষ্ণু।

অই, [অদস্‌] পূর্ব্বস্মৃত, সম্মুখস্থিত, দৃষ্টি-গোচর, ঈষৎদূরে, ওখানে।

অইল, (প্রা) অল্পকুচীবৃক্ষ।

অএ, (প্রা) ও, ঐ।

অঋণ, ন. [ন+ঋণ] ঋণাভাব।

অঋণী, পুং. [অঋণ+ইন্‌] অনধমর্ণ, ঋণ-রহিত, যে ঋণগ্রস্ত নহে, দেনারহিত।

অওঘর্ষণ, (প্রা) সঙ্গীতে স্বরের ঐক্যতা।

অওরো, (প্রা) অষ্টম স্বরহইতে ক্রমশঃ নিম্নকরণ অর্থাৎ নামান।

অংশ, পুং. [অংশ+অ] ভাগ, বণ্টন, বিলী, পৃথক্‌; স্কন্ধ; (ন.) দিন; ভূপরিধির তিনশত ষষ্টিভাগের এক ভাগ।

অংশক, পুং. [অংশ+ক] জ্ঞাতি, দায়াদ, অংশাধিকারী; (ন,) ভাগ; দিন।

অংশকরণ, ন. [অংশ+করণ] বিভাগকরণ, ভাগনির্দ্দেশকরণ।

অংশকরা, (প্রা) বিভক্তাবস্থা, ভাগ করা।

অংশকর্ত্তা, পুং. [অংশ+কর্ত্তা] অংশকারক, বিভাগকর্ত্তা, অংশকারী।

অংশকলা, স্ত্রী. [অংশ+কলা] অংশাংশ পৃথক্‌ পৃথক্‌ ভাগ।

অংশকারক, পুং. [অংশ+কারক] অংশ-কারী, বিভাগকারী, বণ্টনকারী।

অংশকারী, পুং. [অংশ+কারী] অংশ কারক, বিভাগকর্ত্তা।

অংশকুট, পুং. [অংশ+কুট] ককুদ, ষাঁড়ের ঝুঁট্‌।

অংশগত, ত্রি. [অংশ+গত] ভাগযুক্ত, প্রবি-ভাগ, অংশনিষ্ঠ, ভাগসম্বন্ধীয়।

অংশগ্রহণ, ন. [অংশ+গ্রহণ] ভাগগ্রহণ, ভাগহরণ।

অংশগ্রাহক, ত্রি. [অংশ+গ্রাহক] অংশ-গ্রহণকর্ত্তা, বিভাগী, বিভাজনশীল।

অংশত, ত্রি. [অংশ+ত] ভাগত, খণ্ডিত।

অংশন, ন. [অংশ+ন] পার্থক্য, বণ্টন, বিভিন্নতা, ভাজন, বিভাগ।

অংশনির্ণয়, ন. [অংশ+নির্ণয়] বিভাগ-করণ, ভাগনিরূপণ, ভাগনির্দ্দেশ।

অংশনীয়, ত্রি. [অংশ+অনীয়] ভাগযোগ্য, অংশয়িতব্য, বিভাজ্য।

অংশপ্রতীক্ষা, স্ত্রী. [অংশ+প্রতি+ঈক্ষা] বিভাগপ্রতীক্ষা।

অংশভাক্, ত্রি. [অংশ+ভাজ] উত্তরাধি-কারী, ভাগী, অংশী।

অংশবান্, ত্রি. [অংশ+বৎ] পার্থক্য, বিভিন্নতা, অংশয়িতা।

অংশল, ত্রি. [অংশ+ল] বলবান, মাংসল, শক্তিমান, হৃষ্টপুষ্ট।

অংশহর, ত্রি. [অংশ+হর] ভাগী, অংশের অধিকারী; অংশহরণকারী, অংশ লোপকারী।

অংশাংশ, পুং.[অংশ+অংশ]অংশেরঅংশ; ভিন্ন ভিন্ন অংশ, পৃথক্ পৃথক্ ভাগ।

অংশাংশী, ত্রি. [অংশ+অংশী] পরস্পর অংশ করণ, বণ্টন, বিভাগকরণ।

অংশাকাঙ্ক্ষক, ন. [অংশ+আকাঙ্ক্ষক] অংশাভিলাষী, অংশপ্রাপ্তেচ্ছু।

অংশাপহার, ত্রি. [অংশ+অপ+হার] অংশ অপহরণ।

অংশাপহারী, পুং. [অংশ+অপহারী] অংশ অপহর্ত্তা, অংশাপহারক, অংশা-পহরণকর্ত্তা।

অংশাপহারক, পুং. [অংশ+অপ+হারক] অংশঅপহারী, অংশ হরণকারী।

অংশাপেক্ষক, ত্রি. [অংশ+অপেক্ষক] অংশ প্রতীক্ষক, ভাগ প্রাপ্তেচ্ছুক।

অংশাপেক্ষী, ত্রি. [অংশ+অপেক্ষী] বিভাগাকাঙ্ক্ষী।

অংশাভিলাষ, ত্রি. [অংশ+অভিলাষ] বিভাগকরণাকাঙ্ক্ষা।

অংশাভিলাষী, ত্রি. [অংশ+অভিলাষী] ভাগপ্রাপ্তেচ্ছুক, অংশাকাঙ্ক্ষী।

অংশিত, ত্রি. [অংশ+ইত] বিভক্ত, পৃথক্কৃত, বিভিন্ন,প্রাপ্তবিভাগ, কৃতাংশ।

অংশিতা, স্ত্রী. [অংশিন্+তা] ভাগিতা, বিভাগিত্ব, ভাগাধিকার, অংশহরণে-ক্ষমতা, অংশিত্ব

অংশিত্ব, ত্রি. [অংশিন্+ত্ব] অংশিতা, ভাগাধিকারিত্ব।

অংশী, ত্রি. [অংশ+ইন্] ভাগী, অংশার্হ।

অংশু, পুং. [অংশ+উ] সূর্য্য; কিরণ, প্রভা, রশ্মি, দীপ্তি, জ্যোতি; বেশ; লেশ; সূত্রাদির সূক্ষ্মাংশ, আঁশ।

অংশুক, ন. [অংশু+ক] বসনমাত্র; সূক্ষ্ম-বস্ত্র; শুক্লবস্ত্র; উত্তরীয়বস্ত্র; তেজপত্র।

অংশুধর, পুং.[অংশু+ধর] সূর্য্য; সূর্য্য-বংশীয় অসমঞ্জ রাজা।

অংশুবাণ, পুং. [অংশু+বাণ] সূর্য্য।

অংশুভর্ত্তৃ, পুং. [অংশু+ভর্ত্তৃ] অংশু-ভর্ত্তা, সূর্য্য। [কিরণ বিশিষ্ট

অংশুমৎ, ত্রি. [অংশু+মৎ] দীপ্তিমান্,

অংশুমতী, স্ত্রী. [অংশুমৎ+ঈ] শালপর্ণী বৃক্ষ, শালপাণী গাছ। [বৃক্ষ।

অংশুমৎফলা, স্ত্রী.[অংশুমৎ+ফলা] কদলী-

অংশুমান্, পুং. [অংশু+মৎ] সূর্য্য; কিরণ-বিশিষ্ট, দীপ্তিমান; অসমঞ্জ রাজপুত্র, সগর রাজার পৌত্র।

অংশুমালা, স্ত্রী. [অংশু+মালা] জ্যোতি-র্মালা, নক্ষত্রমালা, নক্ষত্র ও জ্যোতিঃ-সমূহ। [(ত্রি.) দ্যুতিমালী।

অংশুমালী, পুং. [অংশু+মালিন্] সূর্য্য;

অংশুল, পুং. [অংশু+ল] চাণক্যমুনি; উজ্জ্বল, সুন্দর, জ্যোতির্যুক্ত, প্রভাযুক্ত।

অংশুহস্ত, পুং. [অংশু+হস্ত] সূর্য্য।

অংশেচ্ছা, পুং. [অংশ+ইচ্ছা] বণ্টন-ইচ্ছা, বিভাগেচ্ছা। [লাষী।

অংশেচ্ছুক, পুং. [অংশ+ইচ্ছুক] ভাগাভি-

অংস, পুং. [অংস+অ] স্কন্ধ, কন্ধর, কাঁধ; পৃথক, ভাগ, বিভাগ, বণ্টন, বিভাজন।

অংসকুট, পুং. [অংস+কূট] ককুদ, ষাঁড়েরঝুঁট।
অংসল, ত্রি. [অংস+ল] বলবান, মাংসল, হৃষ্টপুষ্ট, শক্তিমান।
অংহঃ, ন. [অংহস্] পাপ, পাতক, দুষ্কৃত, কলুষ।
অংহতি, স্ত্রী. [অংহ+তি] দান; ত্যাগ; উপহার; পীড়া। [খয়রাৎ।
অংহতী, স্ত্রী. [অংহ+তী] দান, বিতরণ,
অংহিতি, স্ত্রী. [অংহি+তি] বিতরণ, দান; অন্যের উদ্দেশে স্বত্বত্যাগ।
অংঘ্রি, পুং. [অংহ+র+ই] পাদ, পদ, চরণ; চতুর্থাংশ; বৃক্ষমূল।
অংঘ্রিপ, পুং. [অংঘ্রি+পা] বৃক্ষ, দ্রুম, শাখী, বিটপী, গাছ।
অংঘ্রিস্কন্ধ, পুং. [অংঘ্রি+স্কন্ধ] গুল্ফ, অর্থাৎ পায়ের গোড়ালী।
অঁকোল, (প্রা) অঙ্কোঠ, আঁকড়বৃক্ষ।
অক, ত্রি. বক্রগতি, বক্রগমন, কুটিলগতি, (ন.) পাপ; দুঃখ। [রহিত।
অকঙ্কর, [ন+কঙ্কর] কঙ্করহীন, কাঁকর
অকচ, [ন+কচ] কেতুগ্রহ; (ত্রি) কেশশূন্য মুণ্ড, মুণ্ডিতমস্তক, নেড়া মাথা; ক্রান্তিপাত চিহ্ন; (স্ত্রী.) পৃথিবীর ঊর্দ্ধ গামিনী ছায়া।
অকটাক্ষ, স্ত্রী. [ন+কটাক্ষ] অপাঙ্গ, এক দৃষ্টে দেখন; ঈষদবলোকন; করুণাদৃষ্টি।
অকটু, ত্রি. [ন+কটু] সুস্বাদু, কটুতা-রহিত।
অকট্‌কিনা, (প্রা) অপ্রতিবন্ধক।
অকঠিন, ত্রি. [ন+কঠিন] কোমল, মৃদু, সুকুমার। [অকঠিন।
অকঠোর, ত্রি. [ন+কঠোর] অকর্কশ,
অকড়িয়া, (প্রা) বিত্তহীন, ধনহীন, দরিদ্র।
অকণ্টক, ত্রি. [ন+কণ্টক] নিষ্কণ্টক; নিঃসপত্ন, শত্রুরহিত; নিরুপদ্রব।
অকণ্ঠস্থ, ত্রি. [ন+কণ্ঠস্থ] অনভ্যস্ত, অনুচ্চারিত, মুখস্থ না করা।
অকণ্ডূয়ন, ন. [ন+কণ্ডূয়ন] নখাঘাত না করণ, না চুল্‌কান।
অকথ, ত্রি. [ন+কথ] অকথ্য, অকথনীয়, অবক্তব্য; নিষ্কথন বিষয়। [অবক্তা।
অকথক ত্রি. [ন+কথক] অকথনশীল,
অকথা, স্ত্রী. [ন+কথা] কুকথা, মন্দকথা, অপভাষা।
অকথ্য, ত্রি. [ন+কথ্য] অবক্তব্য, ব্যক্ত-করণানর্হ, অনির্ব্বচনীয়, অনিবেদ্য।
অকথন, ন. [ন+কথন] অবক্তৃতা, বাক্য-ব্যয়াভাব, অবলন, (ত্রি) নীরব, মৌন।
অকথনীয়, ত্রি. [ন+কথনীয়] অবাচ্য, অবক্তব্য, কথনাযোগ্য।
অকথয়িতব্য, ত্রি. [ন+কথয়িতব্য] অবক্তব্য।
অকথিত, ত্রি. [ন+কথিত] অপ্রচারিত, অপ্রকাশিত, অপ্রকটিত, অকথনীয়।
অকথোপকথন, ন. [ন+কথা+উপ+কথন] কথোপকথন রহিত, প্রশ্নোত্তর হীন, অনালাপ। [জ্যেষ্ঠ; প্রধান, শ্রেষ্ঠ।
অকনিষ্ঠ, ত্রি. [ন+কনিষ্ঠ] কনিষ্ঠ ভিন্ন,
অকনিষ্ঠগ, পুং. [ন+কনিষ্ঠগ] বুদ্ধ।
অকপট, ত্রি. [ন+কপট] চাতুর্য্যহীন, অচ্ছল, সরল, কপটতাশূন্য।
অকদক্ষর, ত্রি. [ন+কদক্ষর] উত্তমাক্ষর; সুচ্ছন্দযুক্ত অক্ষর, স্পষ্টাক্ষর; শোভন-বাক্য; নিষ্কুটক বচন।
অকবজ, (যাং) অনধিকার, অনায়ত্ত।
অকবি, ত্রি. [ন+কবি] কবিত্বশূন্য; কবিতা-শক্তি রহিত; (পুং.) অপ্রশস্ত কবি।
অকম্প, ত্রি. [ন+কম্প] কম্পনশূন্য, স্থির।
অকম্পন, ত্রি. [ন+কম্পন] কম্পরহিত. (পুং) রাবণের সেনাপতি
অকম্পজ্বর, ন. [ন+কম্পজ্বর] কম্পশূন্য জ্বর, যে জ্বরেতে কম্প না হয়।
অকম্পিত, ত্রি. [ন+কম্পিত] নিষ্কম্পিত, বেপথুশূন্য, কম্পহীন; (পুং) বৌদ্ধগণাধিপ।
অকর, ত্রি. [ন+কর] হস্তহীন; নিষ্কর, কররহিত।
অকপটতা, স্ত্রী. [ন+কপট+তা] উদারতা, সারল্য, অবক্রতা, নিষ্কপটতা, কাপট্য-শূন্য, অকাপট্য।

অকরণি. পুং. [ন+করণি] আক্রোশ; শাপ, অভিসম্পাত; নৈরাশ্য।
অকরণীয়, ত্রি. [ন+করণীয়] করণাযোগ্য, করণের উপযুক্ত নহে; অশক্য, যাহা হইতে পারে না।
অকরণ, ত্রি. [ন+করণ] করণীয়াভাব; অতীন্দ্রিয়। [কররহিত।
অকরা, স্ত্রী. [ন+করা] আমলকী, (ত্রি)
অকরুণ, ত্রি. [ন+করুণ] করুণাশূন্য, নির্দয়, নিষ্ঠুর, অকৃপ।
অকর্কশ, ত্রি. [ন+কর্কশ] কার্কশ্যরহিত, কোমল, মসৃণ, নরম।
অকর্জ্জ, (যা) অঋণ, কর্জ্জরহিত, ধাররহিত।
অকর্ণ, ত্রি. [ন+কর্ণ] কর্ণেন্দ্রিয় রহিত, বধির, কালা; হালিশূন্য।
অকর্ণধার, ত্রি. [ন+কর্ণধার] কর্ণধারণাযোগ্য, অজ্ঞমাঝী। [ব্যশ্রবণ।
অকর্ণন, ন. [ন+কর্ণন] শ্রবণশূন্য; অশ্রা-
অকর্ণবেধ, ত্রি. [ন+কর্ণবেধ] অবিদ্ধকর্ণ, কর্ণবিদ্ধরহিত; যবনাদি।
অকর্ত্তন, ত্রি. [ন+কর্ত্তন] কর্ত্তনশূন্য, (পুং.) বামন, খর্ব্ব, খাট, বেঁটে।
অকর্ত্তব্য, ত্রি. [ন+কর্ত্তব্য] অকরণীয়, অকার্য্য, অকরণার্হ্য, অকর্ম্মণ্য, অনুচিত, করণের উপযুক্ত নহে।
অকর্ত্তব্যতা, স্ত্রী. [ন+কর্ত্তব্য+তা] কর্ত্তব্যরহিতত্ব, অনুপযুক্ততা, অন্যায্যকরণতা।
অকর্ত্তা, পুং. [ন+কর্ত্তা] কর্ত্তৃত্বরহিত, কর্ত্তা নহে, কারক নহে।
অকর্ত্তৃক, ত্রি. [ন+কর্ত্তৃক] কর্ত্তারহিত, অর্থাৎ যাহার কর্ত্তা নাই; বিশৃঙ্খল, অশাসন।
অকর্ত্তৃতা, স্ত্রী. [ন+কর্ত্তৃতা] অকর্ত্তৃত্ব, প্রভুত্বরাহিত্য, অরাজকতা, অনধীনতা, পরস্পর কর্ত্তৃত্ব, স্বস্ব প্রধানতা।
অকর্ত্তৃবাচ্য, ত্রি. [ন+কর্ত্তৃ+বাচ্য] সকর্ম্মক ভিন্ন অকর্ম্মকক্রিয়া।
অকর্দ্দম, ত্রি. [ন + কর্দ্দম] কর্দ্দমশূন্য, নির্ম্মল, পরিষ্কার।
অকর্ম্ম, ন. [ন+কর্ম্ম] কুক্রিয়া, কদর্য্যকার্য্য, কুৎসিতকর্ম্ম, নিরর্থককর্ম্ম; কলাভিসন্ধিরহিত কর্ম্ম।
অকর্ম্মক, ত্রি. [ন+কর্ম্ম+ক] কর্ম্মশূন্য, ব্যর্থ, অনুপযুক্ত, অযোগ্য।
অকর্ম্মকক্রিয়া, স্ত্রী. [ন+কর্ম্ম+ক্রিয়া] যে ক্রিয়ার কর্ম্ম নাই, কর্ম্মশূন্য ধাতু।
অকর্ম্মণ্য, ত্রি. [ন+কর্ম্মণ+য] কার্য্যাক্ষম, কর্ম্মের অযোগ্য, ক্রিয়ানুপযুক্ত, নিষ্কর্ম্ম, অকেয়ুয়া। [ভোগরাহিত্য।
অজহা, ত্রি.[অজ+হান্]অপরিত্যাজ্য। (স্ত্রী) শূকশিম্বী।
অজা, স্ত্রী. [অজ+আ]ছাগী; প্রকৃতি, মায়া, আদ্যাশক্তি; অজনা।
অজাকর, পুং. [অজা+কর] শিবধনুঃ।
অজাকার, পুং. [অজা+কার] শিবধনুঃ।
অজাগর, পুং. [অজা+গর] ভৃঙ্গরাজবৃক্ষ; বৃহৎসর্প; (ত্রি) জাগরণ রহিত।
অজাজী, স্ত্রী. [অজ+অজ+ঈ] জীরকভেদ, শ্বেতজীরক, কৃষ্ণজীরক; কাকোডুম্বরিকা, কাকডুমুর।
অজাজীব, পু. [অজা+জীব] ছাগোপজীবী, ছাগ বিক্রয়ী, জাবাল।
অজাজটস্থ, পুং. [অজা+জটস্থ] যুধিষ্ঠির।
অজাত, ত্রি. [ন+জাত] জন্মরহিত, অনুৎপন্ন, অপ্রাপ্ত জন্মা।
অজাতশত্রু, পুং. [অজাত+শত্রু] রাজা যুধিষ্ঠির: (ত্রি) শত্রুহীন।
অজাতারি, পুং. [অজাত+অরি] রাজা যুধিষ্ঠির; (ত্রি) নিঃসপত্ন। [লতা।
অজাদনী, স্ত্রী. [অজা+অদনী]ক্ষুদ্র দুরালভা-
অজান, ন, [ন+জ্ঞান] অজ্ঞাতভাব।
অজানেয়, পুং. [ন+জানেয়] উত্তম ঘোটক, হয়োত্তম; (ত্রি) নির্ভয়।
অজান্ত্রী, স্ত্রী. [অজা+অন্ত্রী] নীলবর্ণবোনা, তৎপর্য্যায়।—অতিলোমশা,অন্তঃকোঠরপুষ্পী, ছগলান্ত্রী, নীলপুষ্পী, নীলবুহ্না, নীলিনী, বস্তান্ত্রী, বৃদ্ধদারক।
অজাপালক, ত্রি. [অজা+পালক] অজাজীবী, ছাগরক্ষক, মেষপালক; জাবাল।
অজিঘাংস, ত্রি. [ন+জিঘাংস] অহিংসাশীল, অহিংস্রক। [অঘাতক।
অজিঘাংসু, ত্রি. [ন+জিঘাংসু] অহিংস্রক,
অজিজ্ঞাসু, ত্রি. [ন+জিজ্ঞাসু] অনমুসন্ধানী।
অজিজ্ঞাস্য, ত্রি. [ন+জিজ্ঞাস্য] জিজ্ঞাসার অনুপযুক্ত।
অজিত, ত্রি. [ন+জিত] অনির্জ্জিত, অপরাজিত; (পুং) বিষ্ণু; শিব; বুদ্ধ; তীর্থবিশেষ।

অজিতেন্দ্রিয়, ত্রি.[ন+জিত+ইন্দ্রিয়]লম্পট, ইন্দ্রিয়ের বশীভূত।
অজিন, ন. [অজ+ইন্] কৃষ্ণসারচর্ম্ম, কাল-সার মৃগেরচামড়া (পুং.) জিন ভিন্ন।
অজিনপত্রা, স্ত্রী. [অজিন+পত্রা] চর্ম্মচটিকা, চামচিকা, জতুকা। [চর্ম্মচটিকা।
অজিনপত্রী, স্ত্রী. [অজিন+পত্রী] জতুকা,
অজিনযোনি, পুং. [অজিন+যোনি] কুরঙ্গ, মৃগ, হরিণ।
অজির, ন. [অজ+ইর] চত্বর, অঙ্গন, উঠান, বায়ু; শরীর; মণ্ডূক; বিষয়; মধ্যদেশ।
অজিহ্ব, পুং. [ন+জিহ্বা] ভেক; (ত্রি) জিহ্বা-রহিত; কুম্ভীরাদি।
অজিহ্ম, ত্রি. [ন+জিহ্ম] অবক্র, সরল; (পুং) ভেক, মণ্ডূক।
অজিহ্মগ, পুং. [অজিহ্ম+গ] বাণ; (ত্রি) অবক্রগামী।
অজীকর, পুং [অজী+কর] শিবধনুঃ।
অজীগর্ত্ত, পুং. [অজী+গর্ত্ত] ঋষি বিশেষ।
অজীব, ত্রি. [ন+জীব] মৃত, নির্জ্জীব; অবসন্ন। [শাপ, অকরণি।
অজীবনি,স্ত্রী. [ন+জীব+অনি] জীবনাভাব;
অজীর্ণ, ন. [ন+জীর্ণ] রোগবিশেষ, অপাক, বায়ুগণ্ড; অন্তর্ব্বমি,পলতাশয়,পলনাশয়।
অজুগুপ্সিত, ত্রি. [ন+জুগুপ্সিত] অনিন্দিত।
অজূরদার, (যাং) কর্ম্মকারী; জন, মজুর।
অজূরা, (যাং.) বেতন, মাহিনা।
অজূহমামা, (যাং) কোন বিষয়ের বিবৃতি লিখন। [তব্য, দুর্জ্জয়।
অজেয়, ত্রি. [ন+জেয়] অজয়নীয়, অজে-
অজ্যেষ্ঠবৃত্তি, পুং [ন+ জ্যেষ্ঠবৃত্তি] জ্যেষ্ঠ বৃত্তিরহিত, ভ্রাতাতে পিতৃবদ্বর্ত্তমানা-ভাববান্।
অজৈকপাদ, পুং. [অজ+একপাদ] একাদশ রুদ্রান্তর্গত রুদ্র বিশেষ, শিবমূর্ত্তি।
অজ্জুকা, স্ত্রী. [অজ্জ+উক+আ] নাট্যো-ক্তিতে বেশ্যা, নটী।
অজ্ঝটা, স্ত্রী. [অৎ+ঝটা] ভূম্যামলকী।
অজ্ঝল, ন. [অৎ+ঝল] ফলক, ঢাল।
অজ্ঞ, ত্রি. [ন+জ্ঞ] বোধাভাব; মূর্খ, জড়।
অজ্ঞতা, স্ত্রী. [অজ্ঞ+তা] মূর্খতা, জড়তা, অজ্ঞানতা। [চিত, অনবগত।
অজ্ঞাত, ত্রি. [ন+জ্ঞাত] অগোচর, অপরি-
অজ্ঞাতপিতৃক, পুং. [অজ্ঞাত+পিতৃক] জার-জাতক, (ত্রি) অজ্ঞানীকৃত পিতৃক।
অজ্ঞাতযৌবনা, স্ত্রী. [অজ্ঞাত+যৌবনা] অব্যক্ত যৌবনা, অপ্রকাশিত যৌবনা।
অজ্ঞাতসার, ত্রি. [অজ্ঞাত+সার] অসাক্ষাৎ, পরোক্ষ, অদৃশ্য, অগোচর, অপ্রত্যক্ষ।
অজ্ঞাতে, ব্য.[ন+জ্ঞাতে] গোপনে,চুপেচাপে।
অজ্ঞান, ন. [ন+জ্ঞান] নির্বোধ, বিরুদ্ধ জ্ঞান, অবিদ্যা, মায়া, অহম্মতি।—তমঃ, মোহ, মহামোহ, তামিস্র, অন্ধতামিস্র, এই পঞ্চ প্রকার অজ্ঞান, (ত্রি) জ্ঞান রহিত।
অজ্ঞানতঃ, ব্য. [অজ্ঞান+তস্] অনভিজ্ঞরূপে, অজ্ঞানপূর্ব্বক।
অজ্ঞানতা, স্ত্রী. [অজ্ঞান+তা] জ্ঞানাভাব, অবোধতা। [মূঢ়।
অজ্ঞানী, ত্রি. [ন+জ্ঞানিন্] মূর্খ, অনভিজ্ঞ,
অজ্ঞেয়, ত্রি. [ন+জ্ঞেয়] অগম্য, অবিজ্ঞেয়, কষ্টে জ্ঞানগম্য। [শূন্য।
অজ্বর, ত্রি. [ন+জ্বর] সুস্থ, রোগহীন, পীড়া-
অঝটিতি, ত্রি. [ন+ঝটিতি] অশীঘ্র। (ব্য.) ধীরে ধীরে।
অঞ্চতি, পুং. [অনূচ+তি] বায়ু, বাতাস।
অঞ্চল, পুং. [অনূচ+অল] বসনের প্রান্ত-ভাগ, বস্ত্রের শেষাংশ, আঁচল।
অঞ্চিত, ত্রি. [অনূচ+ইত]আরাধিত, পুজিত, অর্চ্চিত। [নারী, সুভ্রূ।
অঞ্চিতভ্রূ, স্ত্রী. [অঞ্চিত+ভ্রূ] সুন্দরভ্রূযুক্তা
অঞ্জন, ন. [অনূজ+অন] ম্রক্ষণ; গমন; ব্যক্তী-করণ; কজ্জল, সৌবীরাঞ্জন, রসাঞ্জনক, মসী; অগ্নি; বাঞ্জনাখ্য বৃত্তিবিশেষ, (পুং) পশ্চিম দিগ্‌হস্তী; জ্যেষ্ঠী, জেঠী।
অঞ্জনকেশী, স্ত্রী. [অঞ্জন+কেশ+ঈ] হট্ট-বিলাসিনী নামক গন্ধদ্রব্য।
অঞ্জনা, স্ত্রী. [অঞ্জন+আ] বানরীবিশেষ, হনুমন্মাতা; দিগ্‌গজপত্নী।
অঞ্জনাধিকা, স্ত্রী. [অঞ্জন+অধিকা] আঞ্জ-নিকা, জ্যেষ্ঠী বিশেষ।

অঞ্জনাবতী স্ত্রী. [অঞ্জনা+বৎ+ঈ] সুপ্রতীক নাম দিগ্‌গজ ভার্য্যা, অঞ্জনা।

অঞ্জনাম্ভস্, ন. [অঞ্জন+অম্ভস্] কজ্জলযুক্ত অশ্রুজল।

অঞ্জনিকা, স্ত্রী. [অঞ্জন+ইক+আ] জ্যেষ্ঠী বিশেষ, আঁজনাই, তৎপর্য্যায়—অঞ্জনাধিকা, হালিনী, হলাহল; অঞ্জলিকা; ক্ষুদ্রমূষিকা।

অঞ্জনী, স্ত্রী, [অঞ্জন+ঈ] লেপ্যনারী, চন্দনাদি লেপন যোগ্যা স্ত্রী; কটুকা বৃক্ষ; কালাঞ্জনীবৃক্ষ।

অঞ্জলি, পুং.[অনূজ+অলি] করপুট, হস্তসংপুট, যুক্তকরদ্বয়, যোড়হস্ত, আঁজলা।

অঞ্জলিকর্ম্ম, ন. [অঞ্জলি+কর্ম্মন্] সুশীলতা, প্রণাম, নমস্কারাদি।

অঞ্জলিকা, স্ত্রী. [অঞ্জলিক+আ] বালমূষিকা, ক্ষুদ্র ইন্দুর; অঞ্জনিকা।

অঞ্জলিকারিকা, স্ত্রী. [অঞ্জলি+কারিকা] পুত্তলিকা; লজ্জালুলতা; খদিরীশাক।

অঞ্জলিবন্ধন, ন. [অঞ্জলি+বন্ধন] করপুটে নমস্কার।

অঞ্জস্, ত্রি. [অঞ্জ+অস্] অবক্র, ঋজু, সরল।

অঞ্জসা, ব্য. [অঞ্জস্+আ] দ্রুত, শীঘ্র; যথার্থ, তথ্য, প্রকৃত।

অঞ্জাম্, (যাং.) সমাপন, নিষ্পত্তি, শেষ।

অঞ্জি, পুং. [অনূজ+ই] প্রেষণিক, প্রেরক।

অঞ্জিষ্ঠ, পুং. [অঞ্জ+ইষ্ঠ] ভাস্কর, অহস্কর, সূর্য্য, রবি, অরুণ।

অঞ্জীর, ন. (যাং.) বৃক্ষ বিশেষ, আঁজির, ক্ষুদ্র পেয়ারা, মঞ্জুল, কাকোডুম্বরিকা ফল।

অট, ত্রি. [অট্+অ] গমন, ভ্রমণ।

অটন, ন. [অট্+অন] চলন, গমন, ভ্রমণ, পর্য্যটন, বিহরণ।

অটনি-অটনী, স্ত্রী. [অট+অন্+ই-ঈ] ধনুর অগ্রভাগ; ধনুষ্কোটি, ধনুকের হুল।

অটবি-অটবী, স্ত্রী. [অট+বি-বী] বন, অরণ্য, কানন, বিপিন, গহন।

অটবিক, পুং. [অটবি+ক] বনরক্ষক; অরণ্যবাসী

অটমান, ত্রি.[অট+মান] ভ্রমণকারী, বিহারী।

অটরুষ-অটরূষ, পুং. [অট+রুষ-রূষ] বাসকবৃক্ষ।

অটল, ত্রি. [ন+টল] দৃঢ়, স্থির, স্থায়ী, অচল।

অটা, স্ত্রী. [অট+আ] পর্য্যটন, ভ্রমণ।

অটাট্যা, স্ত্রী. [অটা+অট্যা] পর্য্যটন, পুনঃ২ ভ্রমণ; অতিশয় ভ্রমণ।

অটুট, ত্রি. [ন+টুট] অখণ্ড, অভগ্ন, সম্পূর্ণ, সমস্ত।

অটোল, ত্রি. [ন+টোল] অভঙ্গুর, অবিকৃত এক সমান; টোলহীন।

অট্ট, পুং. [অট্ট+অ] ক্ষৌম, হর্ম্ম্য, প্রাকারাগ্রস্থিত রণগৃহ, দোতলা ইষ্টকাদি গৃহ, (ন.) হট্ট; শুষ্ক; অন্ন; বধ; (ত্রি)অতিশয়; অতিক্রম; তুচ্ছ, অনাদর।

অট্টট্ট, ব্য. [অট্ট+অট্ট] অত্যুচ্চ, অত্যুত্তুঙ্গ; শিবদূতী। [অস্ত্রবিশেষ।

অট্টন, ন.[অট্ট+অন] চক্রফলাস্ত্র, গোলাকৃতি

অট্টহাস, পুং. [অট্ট+হাস] মহত্তরোহাস্য অতিশয় শব্দযুক্ত হাস্য।

অট্টহাসক, পুং. [অট্ট+হাসক] কুন্দপুষ্পবৃক্ষ, কুঁদফুলের গাছ।

অট্টহাসী, পুং. [অট্ট+হাসিন্] শম্ভু, শিব, মহাদেব; (ত্রি) অত্যুচ্চ হাস্যযুক্ত।

অট্টাল, পুং. [অট্ট+অল] প্রাচীরের উপরি ভাগের উচ্চস্থান।

অট্টালক, পুং. [অট্টাল+ক] ইষ্টকাদি নির্ম্মিত উপরিতন গৃহ, অট্টালিকোপরি গৃহ, ক্ষৌম, অট্ট।

অট্টালিকা, স্ত্রী. [অট্টাল+ইক+আ] রাজগৃহ, নৃপাগার; প্রাসাদ; ধবলাগার; বৃহৎবাটী, হর্ম্ম্য, সৌধ।

অট্টালিকাকার, পুং. [অট্টালিকা+কার] শূদ্রাগর্ভে চিত্রকর ঔরসে জাত জাতি বিশেষ, গৃহগাথক, থৈকর, রাজমিস্ত্রী।

অট্টালী, স্ত্রী. [অট্টাল+ঈ] রাজগৃহ।

অট্যা, স্ত্রী. [অট্+য+আ] পরিভ্রমণ, পর্য্যটন।

অঠেল, (প্রা) অনপগহ্বনীয়, অপ্রতিবচনীয়, অকাট্য।

অড়র, (প্রা) কলায় বিশেষ, অড়হর।

অড়হর, (প্রা) কলায় বিশেষ, অড়র।

অড়হরিয়াধামন্, (প্রা) বৃক্ষবিশেষ; টুমুরকলাই।

অণক, ত্রি. [অণ+ক] নীচ, ক্ষুদ্র, কুৎসিত, অধম; পরমাণুময়। [পাদক ক্ষেত্র।

অণব্য, ন. [অণু+য] আনবীন, অণুধান্যোৎ

অণি-অণী, পুং. স্ত্রী. [অণ+ই-ঈ] অক্ষাগ্র কীলক, রথচক্রাগ্রস্থিতকীলক; আল, অশ্রি, সূচ্যাদ্যগ্রভাগ; সীমা।

অণিমা, পুং.[অণু+ইমন্] অণোর্ভাব, অণুত্ব, সূক্ষ্মতা; ঐশ্বর্য্যবিশেষ।

অণীয়ঃ ত্রি. [অণু+ঈয়স্] অত্যল্প; অতিসূক্ষ্ম।

অণু, পুং. [অণ্+উ] ব্রীহিবিশেষ, সূক্ষ্মধান্য; লেশ; (ত্রি) ক্ষুদ্র; সূক্ষ্ম। [স্তোক।

অণুক, ত্রি. [অণু+ক] চতুর, নিপুণ; অল্প

অণুবীক্ষণ, ন. [অণু+বি+ঈক্ষ+অন্] সূক্ষ্ম বস্তু দর্শনার্থ কাচনির্ম্মিত যন্ত্রবিশেষ।

অণুভা, স্ত্রী, [অণু+ভা] বিদ্যুৎ, ক্ষণপ্রভা।

অণুমাত্রিক, ত্রি. [অণু+মাত্রিক] অতিক্ষুদ্র, লঘু, সরু। [রেণু।

অণুরেণু, পুং. [অণু+রেণু] ধূলিকণা, ত্রস-

অণুরেণুজাল, ন. [অণুরেণু+জাল] সূর্য্য-রশ্মিতে ধূলিকণিকা দেখা যায়।

অণুরেবতী, স্ত্রী. [অণু+রেবতী] দন্তীবৃক্ষ।

অণুব্রীহি, পুং. [অণু+ব্রীহি] সূক্ষ্মধান্য, প্রসাতিকা।

অণ্ড, ন.[অন্ড+অ] ডিম্ব, ডিম্, পেশী, কোষ, পেশীকোষ, মুষ্ক; বীর্য্য; মৃগনাভি।

অণ্ডক, পুং. [অণ্ড+ক] মৎস্য সাধারণ অণ্ড জাত; মুষ্ক, অণ্ডকোষ, অণ্ড।

অণ্ডকটাহ, পুং [অণ্ড+কটাহ] জগৎ, বিশ্ব, ব্রহ্মাণ্ড, ত্রিলোক।

অণ্ডকোটরপুষ্পী, স্ত্রী. [অণ্ডকোটর+পুষ্পী] অজান্ত্রীবৃক্ষ,নীলরাস্না,অন্তঃকোঠরপুষ্পী

অণ্ডকোশ-অণ্ডকোষ, পুং. [অণ্ড+কোশ-কোষ] স্বনামখ্যাত শরীরের অবয়ব বিশেষ, তৎপর্য্যায়—মুষ্ক, বৃষণ, অণ্ড, অণ্ডক, পেল, বীজপেশিকা, সীমা, ফলকোষক, ফল।

অণ্ডকোষক, পুং.[অণ্ড+কোষক] অণ্ডকোষ।

অণ্ডজ, পুং [অণ্ড+জ] পক্ষী; সর্প; মৎস্য; কৃকলাস; কস্তুরী; [ত্রি] অণ্ড হইতে জন্মে যাহা।

অণ্ডজা, স্ত্রী. [অণ্ডজ+আ] মৃগনাভি,কস্তুরী; পক্ষিণী।

অণ্ডদ্রব, পুং. [অণ্ড+দ্রব] প্রলয়, নাশ; অণ্ড দ্রবীকরণ; অসাহস; বিমূঢ়ভাব।

অণ্ডপ্রসবন, ন. [অণ্ড+প্রসবন] পক্ষী সর্পাদির ডিম্ব প্রসব করণ।

অণ্ডস্ফোটন, ন. [অণ্ড+স্ফোটন] ডিমফুটান, ডিম হইতে শাবক জন্মান।

অণ্ডাকার, ত্রি. [অণ্ড+আকার] ডিম্বাকার, বাদামিয়া।

অণ্ডাকৃতি, ত্রি. [অণ্ড+আকৃতি] অণ্ডের ন্যায় আকার, ডিম্বাকার।

অণ্ডালু, পুং. [অণ্ড+আলু] মৎস্য, মীন, মাছ; অণ্ডসংযুক্ত। [বলবান্।

অণ্ডীর, পুং. [অণ্ড+ঈর] পুরুষ, (ত্রি) শক্ত,

অণ্ডীল, ত্রি. [অণ্ড+ঈল] সবৃষণ।

অণ্বী, স্ত্রী, [অণু+ঈ] অঙ্গুলী, আঙ্গুল; ক্ষীণা।

অতঃ; ব্য. [অতস্-অদস্] কারণ; অপদেশ; নির্দ্দেশ। [তৎপ্রযুক্ত।

অতএব, ব্য. [অত+এব] এই হেতু, একারণ,

অতঃপর, ব্য. [অতস্+পর] ইহার পর, ইহার পশ্চাৎ, অনন্তর।

অতট, পুং. [ন+তট] পর্ব্বতের উচ্চ স্থান, প্রপাত, ভৃগু, (ত্রি) অপার।

অতত, ত্রি. [ন+তত] অবিস্তৃত, অব্যাপ্ত।

অতৎপর, ত্রি.[ন+তৎপর]অনিপুণ, নিষ্পটু।

অতথোচিত,ত্রি. [ন+তথা+উচিত] অযোগ্য, অনুপযুক্ত, অনর্হ। [নহে, অলীক।

অতথ্য, ত্রি. [ন+তথ্য] মিথ্যা, অনৃত, সত্য

অতদ্রূপ, ত্রি. [ন+তৎ+রূপ] বিপরীত,অসমান, অতুল্য, বিভিন্ন।

অতনু, ত্রি. [ন+তনু] বৃহৎ, বড়; (পুং) অনঙ্গ, কাম।

অতন্ত্রতা, স্ত্রী. [ন+তন্ত্রতা] অবিধান, অনিয়ম, শাস্ত্র বিরোধ; সংক্ষেপ না করা, অনধীনতা, নিষ্কারিক। [জাগ্রত।

অতন্দ্র, ত্রি. [ন+তন্দ্র] কর্ম্মঠ; চালাক;

অতন্দ্রিত, ত্রি. [ন+তন্দ্রিত] অনলস, সতর্ক; অক্লান্ত। [অনাকাঙ্ক্ষী তপস্যাহীন।

অতপ, ত্রি. [ন+তপ] শীতল; দুঃখিত নহে;

অতপস্য, ত্রি. [ন+তপস্+য] ধর্ম্মাধর্ম্ম রহিত, তপস্যা রহিত।

অতপস্ক, পুং. [ন+তপস্ক] অতপস্বী।

অতপ্ত, ত্রি. [ন+তপ্ত] শীতলস্পর্শ, ঠাণ্ডা।

অতম, ত্রি. [ন+তমস্] দীপ্তিবিশিষ্ট।

অতর্, (যাং) সুগন্ধী পুষ্প নির্য্যাস, আতর।

অতর্দান, (যাং) আতর রাখিবার পাত্র-বিশেষ।   [নির্বেগ।

অতরঙ্গ, ত্রি. [ন+তরঙ্গ] অনূর্ম্মী, নিস্তরঙ্গ,

অতরণীক, ত্রি. [ন+তরণী+ক] নৌকা রহিত।

অতরণীয়, ত্রি. [ন+তরণীয়] দুস্তর, দুস্তার্য্য অগম্য।   [বৃদ্ধ।

অতরুণ, ত্রি. [ন+তরুণ] পুরাতন ; অযুবক,

অতরুণীক, ত্রি. [ন+তরুণী+ক] বৃদ্ধা, অযু-বতি।   [তর্কপর।

অতর্ক, পুং. [ন+তর্ক] অহেতুক, শুষ্ক-

অতর্কিত, ত্রি. [ন+তর্কিত] অলক্ষিত, অবি-চার্য্য, অনবধানিত।

অতর্জ্জন, ত্রি. [ন+তর্জ্জন] সুশীল, সৌম্য।

অতর্পণ, ত্রি. [ন+তর্পণ] অতৃপ্ত, অপ্রসন্ন ; (ন) তর্পণ রহিত।

অতল, ন. [ন+তল] প্রথম খণ্ড পাতাল ; (ত্রি) যাহার তল পাওয়া যায় না, নিস্তল।   [অতি গভীর, অস্থায়ী।

অতলস্পর্শ, ত্রি. [ন+তল+স্পর্শ] অগাধ,

অতলস্পৃশ, ত্রি. [অতল+স্পৃশ্+অ] অগাধ, অতলস্পর্শ, আস্থা; আস্থাগ, অস্তাঘ।

অতস্, ব্য. [অদস্] হেতু, ব্যাজ, আজ্ঞা।

অতস, পুং. [অত+অস] বায়ু; আত্মা ; বল্কল নির্ম্মিতবস্ত্র বিশেষ; অস্ত্র।

অতসী, স্ত্রী. [অতস+ঈ] কৃষ্ণপুষ্পী বৃক্ষ বিশেষ, মসিনা; তৎপর্য্যায়—চণকা, উমা, ক্ষৌমী, রুদ্রপত্নী, সুবর্চ্চলা, পিচ্ছিলা, দেবী, মদগন্ধা, হৈমবতী, ক্ষুমা, মদোৎ-কটা, সুনীলা, নীলপুষ্পিকা, শণবৃক্ষ।

অতস্কর, ত্রি. [ন+তস্কর] অচৌর, অস্তেয়ী।

অতি, ব্য. [অত+ই] শব্দের পূর্ব্বে থাকিলে তাহার অর্থের আধিক্য বুঝায়; প্রশংসা; প্রকর্ষ; লঙ্ঘন; অতিশয়; ক্রান্ত; পূজন; অসম্ভাবনা।

অতিকথ, ত্রি. [অতি+কথ] অশ্রদ্ধেয়; নষ্ট ; নষ্টধর্ম্ম ; অপার্থবাক্য

অতিকথা, স্ত্রী. [অতি+কথা] বৃথাবাক্য, ব্যর্থ ভাষণ, বহুবাক্য।   [বৃক্ষ।

অতিকন্দক, পুং. [অতি+কন্দক] হস্তীকন্দ

অতিকেশর, পুং. [অতি+কেশর] কুব্জকবৃক্ষ।

অতিকায়, ত্রি. [অতি+কায়] বৃহৎদেহ, প্রকাণ্ড শরীর ; (পুং) রাবণ পুত্র রাক্ষস-বিশেষ।

অতিকৃচ্ছ্র, ন. [অতি+কৃচ্ছ্র] ব্রত বিশেষ, ছয় দিবস ক্রমাগত এক মুষ্টি অন্ন ভক্ষণ করিয়া তিন দিন উপবাস; অতি-শয় কষ্ট।

অতিকৃতি, স্ত্রী. [অতি+কৃতি] ছন্দোবিশেষ।

অতিকৃপণ, ত্রি. [অতি+কৃপণ] অতিশয় ব্যয় কুণ্ঠ, দানপরাঙ্মুখ।   [দুর্ব্বল।

অতিকৃশ, ত্রি. [অতি+কৃশ] অতিশয় ক্ষীণ,

অতিক্রম, পুং. [অতি+ক্রম] অন্যথাচরণ, লঙ্ঘন, তৎপর্য্যায়।—অতিপাত, উপা-ত্যয়; ক্রমোল্লঙ্ঘন; অতিক্রম অর্থাৎ রণে শত্রুপ্রতি অভীতপূর্ব্বক গমন।

অতিক্রান্ত, ত্রি. [অতি+ক্রান্ত] অন্যথাকৃত, কৃতাতিক্রম, কৃতক্রমোল্লঙ্ঘন, অতীত, উৎক্রান্ত।

অতিক্রামক, ত্রি. [অতি+ক্রামক] অতিক্রম-কর্ত্তা, ক্রমোল্লঙ্ঘনকারী।   ]সংক্রুদ্ধ।

অতিক্রুদ্ধ, ত্রি. [অতি+ক্রুদ্ধ] কোপাকুল,

অতিক্রূর, ত্রি. [অতি+ক্রূর] জিঘাংসু, নিষ্ঠুর, মারাত্মক।

অতিখর, ত্রি. [অতি+খর] অতিশয় নির্ব্বোধ, যাহার বুদ্ধি গর্দ্দভের ন্যায় ; তীক্ষ্ণতর।

অতিখেচ্ড়া, (প্রা) অতিশয় জঘন্য; নীচব্যক্তি।

অতিগণ্ড, পুং [অতি+গণ্ড] বিষ্কুম্ভাদি সপ্ত বিংশতি যোগ মধ্যে ষষ্ঠযোগ।

অতিগন্ধ, পুং. [অতি+গন্ধ] ভূতৃণ; চম্পক মুদ্গারবৃক্ষ ; গন্ধক ; (ত্রি) উগ্রগন্ধ।

অতিগন্ধালু, পুং. [অতি+গন্ধালু] পুত্রদাত্রী লতা।

অতিগর্ব্বিত, ত্রি. [অতি+গর্ব্বিত] মহাহঙ্কৃত, অতিশয় গর্ব্বযুক্ত।

অতিগর্হিত, ত্রি. [অতি+গর্হিত] নিন্দনীয়, অবজ্ঞেয়, কুৎসিত।

অতিগাথক, পুং. [অতি+গাথক] উত্তম গায়ক, সদ্গাথক।

অতিগুপ্ত, ত্রি. [অতি+গুপ্ত] নিগূঢ়, সরহস্য।

অতিগুহা, স্ত্রী. [অতি+গুহা] ক্ষুদ্র চাকুলিয়া লতা, পৃশ্নিপর্ণী (ত্রি) গুহাতিক্রামক, পর্ব্বতের বিস্তারিত গহ্বর।

অতিচরা, স্ত্রী. [অতি+চরা] পদ্মচারিণী বৃক্ষ, স্থলপদ্মিনী।

অতিচার, পুং. [অতি+চার] শীঘ্রগামী, অতিক্রম্য গমন ; কুজাদি পঞ্চগ্রহদিগের রাশি ভোগকাল সমাপ্তে অন্য রাশিতে গমন।

অতিচ্ছত্র, পুং. [অতি+ছত্র] ভূততৃণ, জলতৃণ বিশেষ ; অরুণবর্ণ কুল্যাখাড়া; ছত্রাক, কাটছাতি, ভূঁইছাতি, পোয়াল ছাতি; ছাতিনা গাছ।

অতিচ্ছত্রক, পুং. [অতি+ছত্রক] ছত্রবৃক্ষ; ছাতারিয়া বিষ; ভূততৃণ; ছাতিনা গাছ।

অতিচ্ছত্রা, স্ত্রী. [অতি+ছত্রা] অবাকপুষ্পী, শতাহ্বা, শলুপা; মৌরী।

অতিজগতী, স্ত্রী. [অতি+জগৎ+ঈ] ছন্দোবিশেষ, ত্রয়োদশ বর্ণযুক্ত চতুষ্পদী ছন্দঃ।

অতিজব, ত্রি. [অতি+জব] অতিশীঘ্রগামী, অতি বেগবান্; তৎপর্য্যায়—জঙ্ঘাল, জঙ্ঘিল, অতিবল, অতিশয় মিশ্রীকরণ।

অতিজাগর, পুং. [অতি+জাগর] নীলক্রৌঞ্চ, কালবক; (ত্রি) বিনিদ্র, নিদ্রাহীন, অতি সচকিত। [তন।

অতিজীর্ণ, ত্রি. [অতি+জীর্ণ] অতিশয় পুরা-

অতিডীন, ন. [অতি+ডীন] পক্ষিদিগের অতি বেগে গমন। [অত্যন্ত।

অতিতরাম্, অ. [অতি+তরাম্] অত্যর্থ,

অতিতীব্র, ত্রি. [অতি+তীব্র] অতি কটু।

অতিতীব্রা, স্ত্রী. [অতি+তীব্রা] গণ্ডদূর্ব্বা

অতিথি, পুং. [অত+ইথিন্] কুশেরপুত্র, শ্রীরামচন্দ্রের পৌত্র ; কোপ ; (ত্রি) অজ্ঞাত পূর্ব্বক গৃহাগত ব্যক্তি ; অতিথ ; তৎপর্য্যায়।—আগন্তু, আবেশিক, (স্ত্রী) আবেশিকী, অতিথী, আগান্তু, প্রঘূর্ণ, অভ্যাগত, প্রাঘূর্ণিক, প্রাঘূণিক, প্রাঘূণ।

অতিথিক্রিয়া, স্ত্রী. [অতিথি+ক্রিয়া] অতিথি সেবা। [অসৎকার।

অতিথিদ্বেষ, পুং. [অতিথি+দ্বেষ] অনাতিথ্য,

অতিথিপরিচর্য্যা, স্ত্রী. [অতিথি+পরিচর্য্যা] অতিথিসেবা, অভ্যাগত শুশ্রূষা, আগন্তূপচার, অতিথিক্রিয়া।

অতিথিপূজন, ন. [অতিথি+পূজন] অতিথিসেবা, আতিথ্যক্রিয়া, নৃযজ্ঞ।

অতিথিশালা, [অতিথি+শালা] অভ্যাগতব্যক্তিদিগের অবস্থানার্থগৃহ, পান্থশালা।

অতিথিসৎকার, পুং. [অতিথি+সৎকার] অতিথিক্রিয়া, আতিথ্যকর্ম্ম, অতিথি পূজন।

অতিথিসেবা, স্ত্রী. [অতিথি+সেবা] আতিথ্যক্রিয়া, অভ্যাগত লোকের সৎকার, আতিথ্য, সৎকর্ম্ম।

অতিদাতা, ত্রি. [অতি+দাতৃ+অ] অতিবদান্য, অতিশয় দানশীল।

অতিদান, ন. [অতি+দান] বহুদান, অপরিমিতদান।

অতিদাহ, পুং. [অতি+দাহ] অতিশয় জ্বালা, অত্যুত্তাপ, গুরুতাপ বিশেষ

অতিদিষ্ট, ত্রি. [অতি+দিষ্ট] অতিদেশ বিশিষ্ট; প্রতিনিধিভূত, উপকল্পিত, একে আর একের আরোপ কৃত।

অতিদীপ্য, পুং. [অতি+দীপ্য] রক্তচিত্রক বৃক্ষ, রাংচিতাগাছ। (ত্রি) প্রদীপ্ত।

অতিদুঃসহ, ত্রি. [অতি+দুঃসহ] দুর্বিষহ, অসহনীয়, অসহ্য।

অতিদুর্গত, ত্রি. [অতি+দুর্গত] অতিক্লেশ অতিদুঃখ।

অতিদূর, ত্রি. [অতি+দূর] অত্যন্তর, অসন্নিকৃষ্ট। [শক্ত।

অতিদৃঢ়, ত্রি. [অতি+দৃঢ়] সুকঠিন, অতিশয়

অতিদেশ, পুং. [অতি+দেশ] অন্য ধর্ম্মের অন্যত্র আরোপণ, শাস্ত্রাতিদেশ, ধর্ম্মাতিদেশ, নিমিত্তাতিদেশ, ব্যপদেশাতিদেশ, রূপাতিদেশ ইতি পঞ্চবিধ। [শ্বর্য্য।

অতিধন, ন. [অতি+ধন] বহ্বর্থ, অত্যৈ-

অতিধৃতি, পুং. [অতি+ধৃতি] চতুর্ব্বিংশতি বর্ণবিশিষ্ট চতুষ্পদী ছন্দোবিশেষ ; (ত্রি) ধীমন্ত।

নু-অতিনৌ, ত্রি. [অতি + নু-নৌ] নৌকার উপর নৌকা হইতে অবতরণ। [শয় পাকা।

অতিপক্ক, ত্রি. [অতি+পক্ক] সুরঞ্জন; অতি-

অতিপটু, ত্রি. [অতি+পটু]অতিশয় নিপুণ।

অতিপতন, ন. [অতি+ পতন] অত্যয়, অতিক্রমণ, অতিশয় পতন, বিনাশ।

অতিপন্থা, পুং. [অতি+পন্থা] সন্মার্গ, সুপন্থা, সুপথ, রাজপথ; ত্যজ্যপথ।

অতিপত্র, পুং. [অতি+পত্র] হস্তিকন্দর বৃক্ষ ; শাকবৃক্ষ।

অতিপর, পুং. [অতি+পর] অতিশত্রু, মহারি, নিঃসম্বন্ধ, অসম্পর্ক, পরমশত্রু।

অতিপশু, পুং. [অতি+পশু] অতিশয় মূর্খ, অত্যন্ত মূঢ়।

অতিপাগল, (প্রা) অতিশয় নির্ব্বোধ।

অতিপাচক, ত্রি. [অতি+পাচক] অগ্নিবর্দ্ধক, অতিশয় পরিপাকী।

অতিপাট, ত্রি. [অতি+ পাট] অপরিমিত, আত্যন্তিক।

অতিপাণ্ডিত্য, ন. [অতি+পাণ্ডিত্য] অতিশয় জ্ঞান, অতিবৈদুষ্য।

অতিপাত, পুং. [অতি+পাত] অতিক্রম, ব্যাঘাত, তৎপর্য্যায়।— বিরুদ্ধআচরণ, উপাত্যয়, অবক্রিয়া।

অতিপাতক, ন. [অতি+পাতক] নববিধ পাতক মধ্যে গুরুতর ত্রিবিধ পাপ, মাতৃ কন্যা পুত্রবধূ গমনাদিজন্য পাপ, অতি পাতক।

অতিপাতকী, ত্রি. [অতি+পাতক+ইন্] অতিশয় পাপকারী, মহাপাতকী।

অতিপান, ন. [অতি+পান] অতিশয় পান, পানব্যসন।

অতিপাপী, ত্রি. [অতি+পাপিন্+অ] অতিশয় পাপকর্ম্মা, কুকর্ম্মা।

অতিপার্শ্ব, পুং. [অতি+পার্শ্ব] সন্নিকট, সমীপ, অতি নিকট

অতিপিত্ত, ন. [অতি+পিত্ত] পিত্তাধিক্য।

অতিপেশল, ত্রি. [অতি+পেশল] অতিকরদক্ষ, অতিনিপুণ।

অতিপ্রশংসনীয়, ত্রি. [অতি+প্রশংস+অনীয়] অতিপ্রশংসয়িতব্য, অতিশ্লাঘনীয়।

অতিপ্রিয়, ত্রি. [অতি+প্রিয়] অতিহৃদ্য, অতিশয় আত্মীয়।

অতিপ্রেত, ত্রি. [অতি+প্রেত] সম্প্র-রূপে মৃত।

অতিপ্রসঙ্গ,পুং.[অতি+প্রসঙ্গ] অতিবিস্তার; পুনরুক্তি; দোষবিশেষ, ব্যভিচার।

অতিফলদায়ক, ত্রি. [অতি+ফল+দায়ক] অত্যর্থকর, পরম লাভকর।

অতিবর্ত্তন, ন. [অতি+বর্ত্তন] অতিশয় আপদ।

অতিবর্ত্তুল, পুং. [অতি+বর্ত্তুল] কলায় বিশেষ, বাঁটুলাকলায়, (ত্রি) সম্যক্ গোলাকার।

অতিবল্য, ত্রি. [অতি+বল্য] প্রবল, অতি শয় বলবান্, প্রকৃষ্টবলবিশিষ্ট। (পুং) সাহসিক সৈন্য।

অতিবলা, স্ত্রী. [অতি+বলা] পীতবলা, পীতবর্ণ বাড়িয়ালা গাছ। তৎপর্য্যায় —. বলিকা, বল্যা, বিকঙ্কতা, বাদ্যপুষ্পিকা, ঘণ্টা, শীতা, শীতপুষ্পা, ভুরিচলা, বৃষ্যগন্ধিকা, পিটারনী, গুরশকরী; বাণের প্রত্যাবহরণ বিদ্যা।

অতিবলী, স্ত্রী. [অতি+বলী] বৃক্ষবিশেষ, বাদ্যপুষ্পী। [অতিশয় ঝড়।

অতিবাত, পুং. [অতি+বাত] প্রবলবায়ু,

অতিবাদ, পুং [অতি+বাদ] অভিবাদ, পরুষোক্তি ; (ত্রি) অতিশয়, অত্যন্ত।

অতিবাদন, ন. [অতি+বাদন] অতিভাষণ, বাচালতা, বকামী।

অতিবাবদুক, ত্রি. [অতি+বাবদুক] বহুভাষী, বাচাল, অনল্পজল্পক।

অতিবালক, পুং. [অতি+বালক] দুগ্ধপোষ্য বালক, অতিশিশু।

অতিবিকট, ত্রি. [অতি+বিকট] অতি করাল, অতি ভয়ানক,। (পুং) দুষ্টহস্তী।

অতিবিশ্রব্ধনবোঢ়া স্ত্রী. [অতিবিশ্রব্ধ+নব+উঢ়া] স্বীয়ান্তর্গত মধ্যনায়িকাভেদ।

অতিবিষা, স্ত্রী. [অতি+বিষা] বৃক্ষবিশেষ, আতৈচ, অতাইশ। তৎপর্য্যায়— বিশ্বা, বিষা, প্রতিবিষা, উপবিষা, অরুণা, শৃঙ্গী, মহৌষধি, কাশ্মীরা, শ্বেতা, শ্বেতকন্দা, ভৃঙ্গী, ভঙ্গুরা, বিরূপা, শ্যামকন্দা, বিষরূপা, বীরা, মাদ্রী, শ্বেতবচা, অমৃতা।

অতিবৃষ্টি, স্ত্রী. [অতি+বৃষ্টি] ধারাসম্পাত, ধারাসার, মহতীবৃষ্টি।　[গমন।

অতিবেগ, পুং. [অতি+বেগ] অত্যন্ত

অতিবেল, ন. [অতি+বেল] অতিশয়, অত্যন্ত, (ত্রি.)অতিমাত্র,অতিশায়িত।

অতিবৈলক্ষণ্য, ন. [অতি+বৈলক্ষণ্য] অত্যন্ত প্রভেদ।　[অতীচ্ছা।

অতিব্যগ্র, ত্রি. [অতি+ব্যগ্র] অত্যুৎসুক,

অতিব্যথা, স্ত্রী. [অতি+ব্যথা] গুরুবেদনা, অতিশয় যাতনা, তীব্রবেদনা, অন্তস্তাপ, অতিপীড়া।　[অপরিমিত ব্যয়।

অতিব্যয়, পুং. [অতি+ব্যয়] অপচয়,

অতিব্যাপ্তি, স্ত্রী. [অতি+ব্যাপ্তি] অতিশয় ব্যাপন, অলক্ষ্যলক্ষণেরগমন, পূর্ব্বপক্ষের ব্যভিচারে সিদ্ধান্ত করণ

অতিভক্ত, ত্রি. [অতি+ভক্ত] অতিরিক্ত শ্রদ্ধান্বিত, অত্যন্ত সমাদৃত।

অতিভদ্র, ত্রি. [অতি+ভদ্র] বিশিষ্ট, শ্রেষ্ঠ, গরীয়ান্।　[অতিগুরুত্ব।

অতিভার. পুং. [অতি+ভার] অতিবোঝা,

অতিভারগ, পুং. [অতিভার+গ] অতিশয় ভারসহযোগ্য পশু, খেসর, খচ্চর।

অতিভী, স্ত্রী. [অতি+ভী] বিদ্যুৎ, বজ্রাগ্নি।

অতিভূমি, স্ত্রী, [অতি+ভূমি] আধিক্য, অতিশায়িত ভূমি

অতিভ্রংশ, পুং. [অতি+ভ্রংশ] জাতিভ্রষ্ট, বর্ণভ্রষ্ট।　[পালিত।

অতিভৃত. ত্রি. [অতি+ভৃত] যত্নে প্রতি-

অতিমঙ্গল্য, পুং. [অতি+মঙ্গল্য] বিল্ব বৃক্ষ; (ত্রি) অতিশয় মঙ্গলজনক, অত্যন্ত শুভদ।　[শয়িত; (ন) অতিশয়।

অতিমর্য্যাদ, ত্রি. [অতি+মর্য্যাদ] অতি-

অতিমর্ত্ত্য, ত্রি. [অতি+মর্ত্ত্য] অতিমানুষ, জনাতিগ, মনুষ্যাতিরিক্ত।　[অতিশয়।

অতিমাত্র, ত্রি. [অতি+মাত্র] অত্যর্থ; (ন)

অতিমাধুর্য্য, ন. [অতি+মাধুর্য্য] সুমাধুর্য্য, অতি মধুরতা, অতি স্বাদুতা।

অতিমানুষ, ত্রি. [অতি+মানুষ] অতিমর্ত্ত্য. অমনুষ্য, মনুষ্যাতিগ।

অতিমায়ি, ত্রি. [অতি+মায়+ইন্] মায়াতীত; অতিশয় মায়াযুক্ত।　[শঙ্খ্যারহিত।

অতিমিত ত্রি. [অতি+মিত] অগণ্য,

অতিমুক্ত, পুং. [অতি+মুক্ত] মাধবীলতা, তিলিশ বৃক্ষ; (ত্রি) প্রাপ্ত নির্ব্বাণ; নিঃসঙ্গ; নিষ্ফল

অতিমুক্তক, পুং. [অতি+মুক্তক] তিলিশবৃক্ষ; তিন্দুকবৃক্ষ; পুষ্প বৃক্ষবিশেষ; পুণ্ড্রক, মল্লিনী, ভ্রমরানন্দা,কামুককান্তা।

অতিমূঢ়, ত্রি. [অতি+মূঢ়] অতিশয় মূর্খ, অতি অবোধ,।

অতিমৃদু, ত্রি. [অতি+মৃদু] অতিশয় বিনীত, সুস্বভাবক; অতিধীর স্বভাব।

অতিমোদা, স্ত্রী. [অতি+মোদা] পুষ্পলতা বিশেষ, নবমল্লিকা

অতিরথী, পুং. [অতি+রথিন্] অতিশয় যোদ্ধা, রণপণ্ডিত

অতিরমণীয়-অতিরম্য, ত্রি. [অতি+রমণীয়-রম্য] অতিমনোরম, অত্যভিরাম, সুপ্রিয়।

অতিরসা, স্ত্রী. [অতি+রসা] মূর্ব্বালতা; রাস্না; ক্লীতনক

অতিরস্কারার্হ, ত্রি. [ন+তিরস্কার+অর্হ] অবিগর্হিত, অনপবাদ্য।

অতিরিক্ত, ত্রি. [অতি+রিক্ত] অধিক, অতিশয়, সমধিক, অত্যন্ত, অনেক।

অতিরেক, ত্রি. [অতি+রেক] অতিশয়, আধিক্য, নিয়ম ভিন্ন।　[যক্ষ্মারোগ।

অতিরোগ, পুং. [অতি+রোগ] ক্ষয়ব্যাধি,

অতিরোমশ, পুং. [অতি+রোমশ] বনছাগল; বৃহৎ বানর; বহুরোমশা; (ত্রি) অতিশয় লোমযুক্ত।

অতিলোমশা, স্ত্রী. [অতি+লোমশ+আ]নীল বুহ্না, অতিশয় লোমবিশিষ্টা।

তিলম্পট, ত্রি. [অতি+লম্পট] অতিশয় সম্ভোগাভিলাষী।

তিশক্বরী. স্ত্রী. [অতি+শক্বরী] ছন্দোবিশেষ, পঞ্চদশবর্ণযুক্ত চতুষ্পদীছন্দঃ।

অতিশক্ত, ত্রি. [অতি+শক্ত] অতিকঠিন; ক্ষমতাবান্।

অতিশক্তি, স্ত্রী. [অতি+শক্তি] বিক্রম, মহাবল, অতিশয় বল, বিস্তর সামর্থ্য।

অতিশক্তিতা. স্ত্রী. [অতি+শক্তি+তা] বিক্রম, মহাবল।

অতিশক্তিভাক্, পুং. [অতিশক্তি+ভাজ্] অতিশয় শক্তি বিশিষ্ট, অতি সমর্থ, বীর্য্যবন্ত।

অতিশয়, ত্রি. [অতি+শয়] অধিক, তৎপর্য্যায়।—ভর, অতিবেল, ভৃশ, অত্যর্থ, অতিমাত্র, উদ্গাঢ়, নির্ভর, তীব্র, একান্ত, নিতান্ত, গাঢ়, বাঢ়, দৃঢ়, অতিমর্য্যাদ, উৎকর্ষ, বলবৎ, সুষ্ঠু, কিমুত, সু, অতীব, অতি, অতিরেক, অতিরিক্ত, সমধিক, বিস্তর, অত্যন্ত, বাহুল্য।

অতিশয়ন, ন. [অতি+শয়ন) অতিশয়; (ত্রি) ভৃশ।

অতিশয়পান, পুং. [অতিশয়+পান] অতিশয় সুরাপ, অতিপান শৌণ্ড।

অতিশয়ী, ত্রি. [অতি+শয়িন্] শ্রেষ্ঠ, অধিক, অত্যন্ত।

অতিশয়োক্তি, স্ত্রী. [অতিশয়+উক্তি] অতিশয়ন, (ন) অতিশয়; অসঙ্গত রূপে প্রতিষ্ঠা করণ; কাব্যের অলঙ্কার বিশেষ।

অতিশায়ন, ন. [অতি+শায়ন] অতিশয়ন।

অতিশোভন, ত্রি. [অতি+শোভন] অতিশয় শোভাযুক্ত, অতি প্রশস্ত, অত্যুত্তম; শ্রেষ্ঠ।   [ক্লান্তি, ব্যায়াম।

অতিশ্রম, পুং. [অতি+শ্রম] অত্যায়াস,

অতিসংহিত, ত্রি. [অতি+সংহিত] বিপ্রলব্ধ, বঞ্চিত

অতিসঞ্চয়, পুং. [অতি+সঞ্চয়] প্রচয়, সমুদায়, পুঁজি করণ।

অতিসন্ধান, পুং.,ন. [অতি+সন্ধান] প্রলম্ভ, প্রতারণ; ব্যলীক, অতিমিলন।

অতিসখ্যা, স্ত্রী. [অতি+সখ্যা] লতাবষ্টিমধু।

অতিসর, ত্রি. [অতি+সর] অতিক্রম্য; অতিশয়।

অতিসরল, ত্রি. [অতি+সরল] অতিশয়ঋজু।

অতিসর্জ্জন, ন. [অতি+সর্জ্জন] অতিশয় দান, বিপ্রলম্ভ, দান, বধ।

অতিসান্তপন, ন. [অতি+সান্তপন] দিনান্তে ঘৃত গোময় দুগ্ধ ছানা গোমূত্র আহার করিয়া অতিকষ্টে জীবন ধারণ।

অতিসাবধান, ত্রি. [অতি+সাবধান] অত্যন্ত সতর্ক।   [বিশেষ।

অতিসাম্যা, স্ত্রী. [অতি+সাম্যা] বৃক্ষ

অতিসার, পুং. [অতি+সার] বহুদ্রব মল নিঃসরণ রোগ বিশেষ, উদরাময়, উদরভঙ্গ, অম্নগন্ধি, অতীসার, পেটেরপীড়া।

অতিসারকী, ত্রি. [অতি+সারকিন্] সাতিসার, উদরাময়ী, অতিসার রোগযুক্ত ব্যক্তি।

অতিসারী, ত্রি. [অতি+সারিন্] উদরাময়ী, পেটের পীড়াযুক্ত ব্যক্তি।

অতিসূক্ষ্ম, ত্রি. [অতি+সূক্ষ্ম] অতিলঘু, অতিক্ষুদ্র।   [সুবাসিত।

অতিসৌরভ, ত্রি. [অতি+সৌরভ] সৌগন্ধিক,

অতিস্ফির, ত্রি. [অতি+স্ফির] অতিস্ফূর্ত্তিশালী, কম্পিত।

অতিহসিত, ন. [অতি+হসিত] অতিশয় হাস্য, শব্দযুক্ত হাস্য।

অতিহাস, পুং. [অতি+হাস] অনুস্যূত, সশব্দ হাস্য, অধিক হাস্য।

অতিহিংসক, ত্রি. [অতি+হিংসক] অতিশয় হিংসালু, দয়াশূন্য।   [হর্ষাকুল।

অতিহৃষ্ট, ত্রি. [অতি+হৃষ্ট] পরমাহ্লাদিত,

অতিহ্রস্ব, ত্রি. [অতি+হ্রস্ব] অতিশয় খর্ব্ব, অত্যুঙ্গ, অতিছোট।

অতিক্ষুদ্র, ত্রি. [অতি+ক্ষুদ্র] সূক্ষ্ম, অল্পক।

অতীচ্ছ, ত্রি. [অতি+ইচ্ছ] উৎসুক, উৎসাহী, অত্যভিলাষী।

অতীত, ত্রি. [অতি+ইত] গত, ভূত, অতিক্রান্ত; সংগীত শাস্ত্রমতে মানপ্রভেদ।

অতীতকাল, পুং. [অতীত+কাল] যে সময় গত হইয়াছে।

অতীন্দ্রিয়, ত্রি. [অতি+ইন্দ্রিয়] ইন্দ্রিয়ের অগোচর, অপ্রত্যক্ষ, প্রত্যক্ষের অবিষয়; ইন্দ্রিয়াগ্রাহ্য। [যথেষ্ট।

অতীব, ব্য. [অতি+ইব] অতিশয়, অত্যন্ত,

অতীব্র, ত্রি. [ন+তীব্র] ধারাল নহে, ভোঁতা; অচালক; কটুতাহীন।

অতীয়ত্তা, ত্রি. [অতি+ইয়ত্তা] অপরিসীমা, সীমারহিত।

অতীসার, পুং.[অতী+সার]অতিসার রোগ।

অতীত্ব, ন. [অতি+ইত্ব] বহুত্ব, বৃহত্ত্ব।

অতীমতন, স্ত্রী. [অতীম+তন] বহুত্ব, অপরিমিততা, বহু পরিমাণ, বৃহত্ত্ব।

অতীক্ষ্ণ, ত্রি. [ন+তীক্ষ্ণ] অপ্রখর; উদ্যম শূন্য, জড়। [খাট।

অতুঙ্গ, ত্রি. [ন+তুঙ্গ] অনুচ্চ, খর্ব্ব, বামন

অতুন্দ, ত্রি. [ন+তুন্দ] কৃশ, ক্ষীণ, অতিশয় পাতাল; নোঁদরহিত। [যুদ্ধ, লঘুযুদ্ধ।

অতুমুল, পুং. [ন+তুমুল] ঈষদযুদ্ধ, উপ-

অতুল, ত্রি. [ন+তুল] অনুপম, অসদৃশ, তুলনা রহিত; (পুং) তিলবৃক্ষ।

অতুল্য, ত্রি. [ন+তুল্য] নিস্তুল্য, তুলনা রহিত, অনুপম, অসদৃশ।

অতুষ্টি, স্ত্রী. [ন+তুষ্টি] অসন্তোষ, বিরাগ অসাম্য, বৈরক্তি।

অতুহিনরশ্মি, পুং.[ন+তুহিন+রশ্মি] সূর্য্য; যাহার কিরণ শীতল নহে।

অতৃপ্ত, ত্রি. [ন+তৃপ্ত] অপরিতুষ্ট,অসন্তুষ্ট।

অতৃপ্তি, স্ত্রী. [ন+তৃপ্তি] তৃপ্তিহীন, অপরিতুষ্টি; অন্নাভিলাষ; (ত্রি.) অতৃপ্ত।

অতৃষ, ত্রি. [ন+তৃষ] তৃষ্ণা রহিত, তৃষ্ণাভাব

অতেজঃ, ত্রি. [ন+তেজস্] তেজোহীন, অপ্রভ; (ন) ছায়া।

অতেজস্বী, ত্রি. [ন+তেজস্বিন্] নিষ্প্রভ, তেজঃশূন্য। [তৈলাভাব।

অতৈল, ত্রি. [ন+তৈল] তিলভবস্নেহ সদৃশ;

অতৈক্ষ্ণ্য, ন. [ন+তৈক্ষ্ণ্য] অনুগ্রতা, দয়া।

অতোক, পুং. [ন+তোক] নিঃসন্তান,

অতোকতা, স্ত্রী.[অতোক+তা]বালকতা হীন।

অতোষ, ত্রি. [ন+তোষ] অসন্তোষ,বিতুষ্টি।

অতোষণীয়, ত্রি. [ন+তোষণীয়] অশোভনীয়, অশমনীয়, অশাম্য।

অৎক, পুং. [অৎ+ক] শরীরের অবয়ব, অঙ্গ; (ত্রি) বর্ত্মবাহী, পান্থ, পথিক।

অত্ত, ত্রি. [অদ্+ত] ভক্ষিত।

অত্তা, স্ত্রী. [অত্ত+আ] মাতা; জ্যেষ্ঠা ভগিনী, মাতার অগ্রজা ভগিনী; শ্বশ্রূ, শাশুড়ী; (পুং) ভোক্তা।

অত্তি, স্ত্রী. [অদ্+তি] নাট্যোক্তিতে জ্যেষ্ঠা ভগিনী।

অত্তিকা, স্ত্রী. [অত্তিক+আ] অন্তিকা, নাট্যোক্তিতে জ্যেষ্ঠা ভগিনী।

অত্তৃ, ত্রি.[অদ+তৃ] যে ভোজন করায়।

অত্নু, পুং. [অদ্+নু] সূর্য্য।

অত্য, পুং. [অত+য] অশ্ব।

অত্যজনীয়,ত্রি.[ন+ত্যজনীয়] অপরিত্যাজ্য, অত্যাজ্য। [বিস্তর।

অত্যন্ত, ত্রি. [অতি+অন্ত] অতীব, অতিশয়,

অত্যন্তকোপন, ত্রি. [অত্যন্ত+কোপন] অতিশয়ক্রোধী, চণ্ড, প্রচণ্ডকোপান্বিত, কোপিষ্ঠ।

অত্যন্তসুকুমার, পুং. [অত্যন্ত+সুকুমার] কঙ্গুনীবৃক্ষ (ত্রি.) অতিশয় কোমল

অত্যন্তগামী, ত্রি. [অত্যন্ত+গামিন্] অতিশয় গমনশীল, অতি শীঘ্রগামী, অতিক্রতগামী; আত্যন্তিক।

অত্যন্তবাসী, পু. [অত্যন্ত+বাসিন্] যোগী, নৈষ্ঠিকব্রহ্মচারী।

অত্যন্তাভাব, পু. [অত্যন্ত+অভাব] ন্যায় দর্শনে সর্ব্বতোভাবে অভাব পদার্থ, সম্পূর্ণ অবর্ত্তমানত্ব।

অত্যন্তিক পুং. [অতি+অন্তিক] অতিশয় ভ্রমণকর্ত্তা, অত্যগ্রগামী, (ত্রি.) অতিশয়, আত্যন্তিক।

অত্যন্তীন, ত্রি. [অত্যন্ত+ঈন্] ভৃশঙ্গামী, অতিশয় গমনশীল।

অত্যম্ল, ত্রি. [অতি+অম্ল] অতিশয় অম্লরস; (ন) বৃক্ষাম্ল, তিন্তিড়ী, তেঁতুল।

অত্যম্লপর্ণী, স্ত্রী. [অতি+অম্ল+পর্ণী] ঔষধি লতাবিশেষ।

অত্যম্লা, স্ত্রী. [অতি+অম্লা] বনবীজপুর, মধুরবেু, মধুটাবা, মধুকুক্কুটী, মহাকুড়. কমলালেবু।

... পুং. [অতি+ই+অ] মৃত্যু; দোষ; দণ্ড; বিনাশ; অতিক্রম; কৃচ্ছ্র, নৃপাজ্ঞা লংঘন; দুষ্টদমন। [অতিপাত।

অত্যয়ন, ন. [অতি+অয়ন] অতিক্রম,

অত্যয়িক, ত্রি. [অত্যয়+ইক] অতিবহুল, অতিশয়, অতিরিক্ত।

অত্যয়িত, ত্রি. [অত্যয়+ইত] অতিক্রান্ত, অন্যথা করা, বিনষ্ট, বিপন্ন।

অত্যর্থ, ন. [অতি+অর্থ] অতিশয়; (ত্রি.) অধিক, বিস্তর।

অত্যল্প, ত্রি. [অতি+অল্প] অতিসূক্ষ্ম; যৎকিঞ্চিৎ, যৎসামান্য, কিঞ্চিৎ, অতি অল্প, তৎপর্য্যায়—অল্পিষ্ঠ, অল্পীয়স্, কণীয়স্, অণীয়স্।

অত্যশন, ন. [অতি+অশন] অত্যাহার, অতিভোজন, অতৃপ্তি।

অত্যষ্টী, স্ত্রী. [অতি+অষ্টী] ছন্দোবিশেষ, সপ্তদশবর্ণ বিশিষ্ট চতুষ্পদ ছন্দঃ।

অত্যসম, ত্রি. [অতি+অসম] অতিশয় অসমান, উন্নতানত।

অত্যাকার, পুং. [অতি+আকার] কদাকার, কুৎসিত; ন্যক্কার, তিরস্কার; আক্ষেপ।

অত্যাগ, ত্রি. [ন+ত্যাগ] অপরিত্যাগ, অনুজ্ঝিত; অত্যাজ্য।

অত্যাচার, পুং. [অতি+আচার] অসঙ্গতাচরণ, কুব্যবহার, অন্যায়, দৌরাত্ম্য; আচারোল্লঙ্ঘন।

অত্যাচারী, ত্রি. [অতি+আচারিন্] বিরুদ্ধ, ব্যভিচারী, কুক্রিয়ান্বিত, দুষ্ট, দুরাত্মা।

অত্যাজ্য, ত্রি. [ন+ত্যাজ্য] ত্যাগের অযোগ্য, অত্যক্তব্য, অত্যজনীয়, ত্যাগানর্হ।

অত্যামোদ, পুং. [অতি+আমোদ] অতিশয় হর্ষ, অতিশয় আহ্লাদ।

অত্যাবশ্যক, ত্রি. [অতি+আবশ্যক] অতি অপেক্ষণীয়, অতি প্রয়োজনীয়।

অত্যাল, পুং. [অতি+আল] রক্তচিত্রকবৃক্ষ; রাংচিতা গাছ।

অত্যাশা, স্ত্রী. [অতি+আশা] অতিশয় আশা, অত্যভিলাষ, অসম্ভব আকাংক্ষা, অত্যন্তস্পৃহা, অসম্ভবনীয় বাঞ্ছা।

অত্যাহার, পুং. [অতি+আহার] অতিশয়আহার, যথেষ্টভক্ষণ, অপরিমিত ভোজন।

অত্যাহারী, ত্রি. [অতি+আহারিন্] অতিশয়আহারকর্ত্তা, বহ্বাশী, অপরিমিত ভোজী।

অত্যাহিত, ন. [অতি+আহিত] মহাভীত বিপদ; অতিশয় ভয়; জীবনাপেক্ষ কর্ম্ম, জীবনাশারহিত সাহস কর্ম্ম; আপদ।

অত্যুক্তি, স্ত্রী. [অতি+উক্তি] আরোপিত কথন; অতিশয় উক্তি, অসম্ভব কথন।

অত্যুক্‌থা, স্ত্রী. [অতি+উক্‌থা] ছন্দোবিশেষ, দ্ব্যক্ষর বিশিষ্ট চতুষ্পদ ছন্দঃ।

অত্যুৎকট, ত্রি. [অতি+উৎকট] অতিশয় কঠিন, অতিতীব্র।

অত্যুৎকণ্ঠা, স্ত্রী. [অতি+উৎকণ্ঠা] অতিশয় মনস্তাপ, অতিশয় চিন্তা।

অত্যুৎকৃষ্ট, ত্রি. [অতি+উৎকৃষ্ট] অত্যুত্তম, অতিভাল [উৎকৃষ্ট।

অত্যুত্তম, ত্রি. [অতি+উত্তম] অতিশয়

অত্যুত্তর, ন. [অতি+উত্তর] সিদ্ধান্ত, মীমাংসা। (ত্রি) পাশ্চাত্য।

অত্যূহ, পুং. [অতি+ঊহ] কালকণ্ঠ, দাত্যূহপক্ষী। (ত্রি) অতিশয় বিতর্ক, অত্যন্ত বিতণ্ডা। [লিকা, শিউলি।

অত্যূহা, স্ত্রী. [অতি+ঊহা] নীলিকা, শেফা-

অত্র, ব্য. [ইদম্] এই, এইখানে, এস্থানে, এতস্মিন্।

অত্রত্য, ব্য. [অত্র+ত্য] এ স্থানের, এই স্থলের, এতস্মিন্।

অত্রপ, ত্রি. [ন+ত্রপা] নির্লজ্জ, বেহায়া।

অত্রভবান্, ত্রি. [অত্র+ভবৎ] পূজ্য, শ্লাঘ্য, মান্য, নাট্যোক্তিতে প্রচুর প্রয়োগ।

অত্রস্ত, ত্রি. [ন+ত্রস্ত] নির্ভয়; অসত্বর।

অত্রস্থ, ত্রি. [অত্র+স্থ] এইস্থানস্থিত।

অত্রাণ, পুং. [ন+ত্রাণ] অনুদ্ধার, তরণ রহিত। [গ্যতা, অকর্ম্মণ্যতা।
অত্রাযোগ, ত্রি. [অত্র+অযোগ] অযো-
অত্রাস, ত্রি. [ন+ত্রাস] নির্ভয়, অকুতোভয়।
অত্রি, পুং. [অত্+ত্রি] সপ্তর্ষি মধ্যে ঋষি বিশেষ।
অত্রিজাত, পুং. [অত্রি+জাত] চন্দ্র; অত্রি মুনির পুত্র; দ্বিজন্মা।
অত্রিদৃগ্‌জ, পুং. [অত্রি+দৃশ্+জ] চন্দ্র, অত্রি-মুনির নেত্রোদ্ভব জ্যোতিঃ।
অত্রিনেত্রজ, পুং. [অত্রি+নেত্র+জ] চন্দ্র।
অত্রিনেত্রপ্রসূত, পুং. [অত্রি+নেত্র+প্রসূত] চন্দ্র; অত্রি নেত্রোদ্ভব।
অত্রিনেত্রভূ, পুং [অত্রি+নেত্র+ভূ] চন্দ্র।
অত্রিভারদ্বাজিকা, স্ত্রী.[অত্রি+ভারদ্বাজ+ইক +আ] অত্রি ও ভারদ্বাজী বিবাহ।
অত্রী, পুং. [অত্+ত্রিন্] ঋষিবিশেষ।
অত্ত্রি, পুং. [অদ্+ত্রি] অত্রিমুনি।
অত্ত্রী. পুং [অদ্+ত্রিন্] অত্রিমুনি।
অত্রুটি, ত্রি. [ন+ত্রুটি] নিষ্কলঙ্ক, নির্দ্দোষ; কালাবয়বভিন্ন।
অত্বক্, ত্রি. [ন+ত্বচ্] ছালহীন, চর্ম্মবর্জ্জিত।
অত্বর, ত্রি. [ন+ত্বর] ত্বরাহীন, দীর্ঘসূত্রী, অলস, অশীঘ্র, বিলম্ব, কালগত, গৌণ।
অথ, ব্য. অনন্তর; মঙ্গল; আরম্ভার্থ, প্রশ্ন, কা র্ত্স্ন্য; অধিকার; সংশয়; বিকল্প; সমুচ্চয়; ততঃ, তদনন্তর, তদুপরি, পরে, পশ্চাৎ। [কার, হাঁ।
অথকিং, ব্য. [অথ+কিম্] স্বীকার, অঙ্গী-
অথচ, ব্য. [অথ+চ] যোজনার্থ অব্যয়-শব্দ, আরো। [কল্পান্তরে।
অথবা, ব্য. [অথ+বা] কিম্বা, পক্ষান্তরে,
অথর্ব্ব, ত্রি. [অথ+ঋব]অতিবৃদ্ধ, (ন.) বেদ বিশেষ, নবশাখাযুক্ত চতুর্ব্বেদৈক বেদ।
অথর্ব্বণ, পুং. [অথর্ব্ব+ণ] শিব।
অথর্ব্বণি, পুং. [অথর্ব্ব+ণি] অথর্ব্ব বেদজ্ঞ ব্রাহ্মণ; পুরোহিত।
অথর্ব্বা, পুং. [অথর্ব্বন্] ব্রাহ্মণ।
অথর্ব্বশিখ, পুং. [অথর্ব্ব+শিখ] শিব, (ন.) উপনিষদ্ভেদ।
অথর্ব্বশিখামণি, ন. [অথর্ব্ব+শিখা+মণি] উপ-নিষদ্বিশেষ।
অথর্ব্বশিরঃ, ন. [অথর্ব্বন্+শিরস্] অথর্ব্ব বেদের সপ্তম উপনিষদ্।
অথো, ব্য. [অথ] মঙ্গল; আনন্তর্য্য; সমুচ্চয়; প্রশ্ন, আরম্ভ; কার্ৎস্ন্য; অধিকার; সংশয়; বিকল্প; অথ, অনন্তরে, পরে, পশ্চাৎ।
অদংশন, ত্রি. [ন+দংশন] দন্তাঘাতরহিত; দংশন শূন্য; বিবর্ম্ম, সাঁজয়া হীন।
অদঃ, ত্রি. [অদ+অস্] এতৎ, পুরোবর্ত্তী, পরে, পরোক্ষভূত, সেই, এই।
অদক, পুং. [অদ্+অক] ভক্ষণকরণ, ভোজনকরণ।
অদগ্ধ, ত্রি. [ন+দগ্ধ] অজ্বলিত, অপক্ক।
অদণ্ড-অদণ্ড্য, ত্রি. [ন+দণ্ড+য] দণ্ডানর্হ দণ্ডিত হইবার অযোগ্য।
অদণ্ডনীয়, ত্রি. [ন+দণ্ডনীয়] অদণ্ড্য, দণ্ডের অনুপযুক্ত। [পাদিত।
অদত্ত, ত্রি. [ন+দত্ত] অনর্পিত, অপ্রতি-
অদত্তা, স্ত্রী. [ন+দত্তা] অবিবাহিতা, কুমারী, অনূঢ়া।
অদন, ন. [অদ্+অন] ভোজন, ভক্ষণ, আহার। [খাদ্যবস্তু।
অদনীয়, ত্রি. [অদ্+অনীয়] ভক্ষণীয়,
অদন্ত, ত্রি. [ন+দন্ত [দন্তহীন, চর্ব্বণশক্তি শূন্য; অকারান্ত শব্দ।
অদভ্র, ত্রি. [ন+দভ্র] প্রচুর, বহু, অধিক, যথেষ্ট, বহু, প্রভূত, মহৎ; (পুং) স্লেচ্ছোৎপাদক পুরুষ। [দুর্দ্দান্ত।
অদম্য, ত্রি. [ন+দম্য] দমন করিবার অযোগ্য,
অদম্ভ, ত্রি. [ন+দম্ভ] ঋজু, দম্ভরহিত; অযোগ্য, সংস্তগহীন।
অদয়, ত্রি. [ন+দয়] নির্দ্দয়, নিষ্ঠুর, কৃপা-হীন, দয়াশূন্য, নিষ্কৃপ, অকরুণ।
অদর্শন, ন. [ন+দর্শন] দর্শনাভাব, অসাক্ষাৎ, দৃষ্টিরঅগোচর; বিনাশ; অন্ত-র্দ্ধান; পরোক্ষ।
অদল, পুং. [ন+দল] হিজ্জলবৃক্ষ; (ত্রি.) দল রহিত, নিষ্পত্র।
অদলবদল, [যাং] পরিবর্ত্তন

অদলা, স্ত্রী. [ন+দলা] ঘৃতকুমারী।
অদশ, ত্রি. [ন+দশ] বস্ত্রাঞ্চল শূন্য; অঞ্চল রহিত বস্ত্র; দশাশূন্য।
অদস্, ত্রি. [অদ্+অস্] সর্ব্বনাম, উনি, ইনি।
অদস্যু, ত্রি. [ন্য+দস্যু] অতস্কর, অনপহারক, নিশ্চৌর; দস্যুরহিত দেশ। [পযুক্ত।
অদহনীয়, ত্রি. [ন+দহনীয়] দাহনের অযু-
অদক্ষ, ত্রি. [ন+দক্ষ] অপটু, অনিপুণ, অবিজ্ঞ।
অদক্ষিণ, ত্রি. [ন+দক্ষিণ] অপ্রবীণ, অদক্ষ।
অদাতা, ত্রি. [ন+দাতৃ] কৃপণ, দানশক্তি হীন।
অদাতৃত্ব, ন. [ন+দাতৃত্ব] দাতব্য রহিত।
অদান, ন. [ন+দান] অপ্রদান, অবিতরণ।
অদানব,ত্রি.[ন+দানব]দৈত্যশূন্য,দানবশূন্য।
অদান্ত, ত্রি. [ন+দান্ত] তপঃক্লেশঅসহিষ্ণু, অকৃতবাহ্যেন্দ্রিয় নিগ্রহ। [হীন।
অদামা, ত্রি. [ন+দামন্] রজ্জুহীন, কটিবন্ধন
অদাব, পুং. [ন+দাব] বনশূন্য স্থান।
অদায়াদ, ত্রি. [ন+দায়াদ] অনুত্তরাধিকারী।
অদায়িক, ত্রি. [ন+দায়+ইক] অনধিকৃত; দায় যোগ্য নহে।
অদার, পুং. [ন+দার] স্ত্রী রহিত, অমূঢ়।
অদাস, পুং. [ন+দাস] স্বাধীন, স্বতন্ত্র, (ত্রি.) ভৃত্যাভাব।
অদাহ্য, ত্রি. [ন+দাহ্য] অদহনীয়, দুর্দ্দাহ্য.
অদিতি, স্ত্রী. [ন+দিতি] দক্ষপ্রজাপতির কন্যা, কশ্যপপত্নী, দেবমাতা; ভূমি; অখণ্ড।
অদিতিনন্দন, পুং. [অদিতি+নন্দন] দেবতা,
অদিৎসু, ত্রি. [ন+দিৎসু] অদাতা, কৃপণ, দানকরণে অনিচ্ছু।
অদুর্দ্ধর্ষ্য, ত্রি. [ন+দুর্দ্ধর্ষ্য] সহজে লজ্জিত, সহজে জিত, অদুর্ধর্ষ।
অদুষ্ট, ত্রি. [ন+দুষ্ট] শুদ্ধ, নির্দ্দোষ, পবিত্র; অদ্রোহী।
অদূষিত, ত্রি. [ন+দূষিত] অদূষ্য, দূষিতনহে।
অদৃক্, ত্রি. [ন+দৃশ্] দৃষ্টিরহিত, অন্ধ।
অদৃঢ়, ত্রি. [ন+দৃঢ়] শিথিল,শ্লথ, বিগলিত।
অদৃশ্য, ত্রি. [ন+দৃশ্য] অদর্শনীয়,অদ্রষ্টব্য।
অদৃষ্ট, ন. [ন+দৃষ্ট] অগ্নি জলাদি দ্বারা জাতভয়; জন্মান্তরীয় সংস্কার; ভাগ্য, দৈন্য, প্রারব্ধ; (ত্রি.) অকৃতদর্শন, অবীক্ষিত, অগোচর।
অদৃষ্টপুরুষ, পুং. [অদৃষ্ট+পুরুষ] অদৃষ্টনর, যে কোনবিষয় মধ্যস্থব্যতীত নিষ্পন্ন হয়।
অদৃষ্টপূর্ব্ব, ত্রি. [ন+দৃষ্ট+পূর্ব্ব] যাহা পূর্ব্বে দৃষ্টি হয় নাই। [কপালিয়া।
অদৃষ্টবান্, পুং. [অদৃষ্ট+বৎ] ভাগ্যবান্,
অদৃষ্টি, স্ত্রী. [ন+দৃষ্টি] প্রতিকূলাদৃষ্টি, কুটিল চক্ষু, কুৎসিতদৃষ্টি; সরোষবক্রদৃষ্টি, অসৌম্যাক্ষি, বক্রদৃষ্টিযুক্তচক্ষু; দর্শনাভাব:
অদৃষ্টিকা,স্ত্রী.[অদৃষ্টি+কা]সরোষ বক্রদৃষ্টি।
অদেবমাতৃক, পুং. [ন+দেব+মাতৃক] দেবমাতৃক ভিন্ন দেশ, নদী মাতৃক দেশ, যে স্থানে বর্ষণের উপর শস্যোৎপত্তির নির্ভর হয় না।
অদেবল, ত্রি. [ন+দেবল] অগ্রামযাজক, গ্রামযাজক যে ব্রাহ্মণ নহে। [র্পণীয়।
অদেয়, ত্রি. [ন+দেয়] দানের অযোগ্য, অন-
অদেয়দান. ন. [ন+দেয়+দান] অযোগ্য দান।
অদেশ, ত্রি. [ন+দেশ] প্রবাসিত, স্বদেশ বহিষ্কৃত, দেশরহিত।
অদেহ, ত্রি. [ন+দেহ] অনঙ্গ, নিরবয়ব। (পুং.) মদন।
অদৈত্য, ত্রি. [ন+দৈত্য] অদিতিজ।
অদৈন্য, ত্রি. [ন+দৈন্য] দারিদ্র্যাভাব, ধনসম্পন্ন।
অদ্গ, পুং. [অদ্+গ] ঘৃত।
অদ্ধা, ব্য. [অদ্+ধা] যথার্থ, তত্ত্ব, অঞ্জসা।
অদ্ভুত, ন. [অদ্+ভূত] অপূর্ব্ব, বিস্ময়, আশ্চর্য্য, চিত্র, অলৌকিক, (ত্রি.) তদ্বিশিষ্ট। (পুং.) শৃঙ্গারাদি নব রসান্তর্গত রস বিশেষ।
অদ্ভুতস্বন, পুং. [অদ্ভুত+স্বন] মহাদেব, আশ্চর্য্য শব্দমান পুরুষ, (ন.) আশ্চর্য্যধ্বনি।

অদ্ভুতসার, পুং. [অদ্ভুত+সার] খদির সার।
অদ্মনি, পুং. [অদ্+মনি] অগ্নি।
অদ্মর, ত্রি. [অদ্+মর] ভক্ষক, ভক্ষণপর, বহু ভোক্তা, উদরম্ভর, পেটুক। [দিন।
অদ্য, ব্য. [অদ্+য] বর্ত্তমান দিন,আজি,এই
অদ্যকার, ত্রি. [অদ্য+কার] অদ্যতন, এই দিনের।
অদ্যতন, ত্রি. [অদ্য+তন] অদ্যভব, অদ্যজাত, (পুং.) কালবিশেষ।
অদ্যতনভূত, পুং. [অদ্যতন+ভূত] যাহা অদ্য গত হইয়াছে। [মরণ।
অদ্যশ্বীন, ত্রি. [অদ্য+শ্ব+ঈন্]আসন্নমরণাদি;
অদ্যশ্বীনা, স্ত্রী. [অদ্যশ্বীন+আ]আসন্ন প্রসবা গাভী; কষ্ট বেদনার কাল।
অদ্যাপি, ব্য. [অদ্য+অপি] অদ্যপর্য্যন্ত, অদ্যযাবৎ; আজিপর্য্যন্ত।
অদ্যাবধি, ব্য. [অদ্য+অবধি] অদ্যারভ্য, বর্ত্তমান দিবসপর্য্যন্ত, আজি লাগাইত, ইদানীং, যাবৎ।
অদ্যুতি, ত্রি. [ন+দ্যুতি] অনুজ্জ্বল, অপ্রভ।
অদ্রি, পুং. [অদ্+র+ই] বৃক্ষ; পর্ব্বত; সূর্য্য; পরিমাণ বিশেষ।
অদ্রিকর্ণী, স্ত্রী. [অদ্রি+কর্ণী] অপরাজিতা।
অদ্রিকীলা,স্ত্রী. [অদ্রি+কীলা] ভূমি,পৃথিবী।
অদ্রিজ, ন. [অদ্রি+জ] শিলাজতু, গৈরিক, (ত্রি.) পর্ব্বতজাত বস্তু।
অদ্রিজা, স্ত্রী. [অদ্রি+জা] অদ্রিতনয়া, দুর্গা, পার্ব্বতী; সৈংহলীবৃক্ষ; পর্ব্বতজাতা লতা বিশেষ। [দুর্গা, অদ্রিজা।
অদ্রিতনয়া, স্ত্রী. [অদ্রি+তনয়া] পার্ব্বতী,
অদ্রিনন্দিনী, স্ত্রী. [অদ্রি+নন্দিনী] দুর্গা, পার্ব্বতী। [পর্ব্বতরাজ।
অদ্রিপতি,পুং.[অদ্রি+পতি] হিমালয়পর্ব্বত,
অদ্রিভিদ্, পুং. [অদ্রি+ভিদ্] ইন্দ্র; (ন.) পর্ব্বতভেদক; বজ্র।
অদ্রিভূ, পুং. [অদ্রি+ভূ] আখুকর্ণীলতা, (ত্রি.) পর্ব্বতজাতা লতাবিশেষ। [পর্ব্বত।
অদ্রিরাজ, পু. [অদ্রি+রাজ] হিমালয়-
অদ্রিবহ্নি, পু. [অদ্রি+বহ্নি] আগ্নেয় পর্ব্বত, জ্বলন পর্ব্বত, (ত্রি.) পর্ব্বতোদ্ভূত অগ্নি।

অদ্রিশৃঙ্গ, পুং [অদ্রি+শৃঙ্গ] পর্ব্বতাগ্রভাগ, শৃঙ্গ, শিখর। [বিশেষ।
অদ্রিসার, পুং. [অদ্রি+সার] লৌহ, ধাতু
অদ্রীশ, পুং. [অদ্রি+ঈশ] শিব; হিমালয় পর্ব্বত। [বিলম্ব।
অদ্রুত, ত্রি. [ন+দ্রুত] অদ্রাব্য, অগলনীয়;
অদ্রোহ, ত্রি. [ন+দ্রোহ] হিংসার অভাব, অনসূয়; অনিষ্টাচার না করা।
অদ্রোহী, পুং. [ন+দ্রোহিন্] অবিরোধী।
অদ্বয়, পুং. [ন+দ্বয়] বুদ্ধ, (ত্রি.) যাহার দ্বিতীয় নাই, কেবল এক মাত্র।
অদ্বয়বাদী, পু. [অদ্বয়+বাদিন্] বুদ্ধবিশেষ; একেশ্বরবাদী, অদ্বৈতবাদী।
অদ্বার, ত্রি.[ন+দ্বার] দ্বারশূন্য, পথরহিত।
অদ্বিজ, ত্রি, [ন+দ্বি+জ] অব্রাহ্মণ; সাদৃশ্যে ভট্ট দৈবজ্ঞাদি; ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য ভিন্ন। [অতুল্য।
অদ্বিতীয়, ত্রি. [ন+দ্বিতীয়] দ্বিতীয় রহিত;
অদ্বেষ, ত্রি. [ন+দ্বেষ] অহিংসক দ্বেষশূন্য।
অদ্বেষী, পুং. [ন+দ্বেষিন্] অহিংসক; অবিরোধী।
অদ্বৈত, ত্রি. [ন+দ্বৈত] দ্বিতীয়ভিন্ন এক।
অদ্বৈতবাদী, পুং. [ন+দ্বৈত+বাদিন্] অদ্বয়বাদী, যাহারা এক পরমেশ্বর মানেন।
অধঃ, ব্য, [অধস্] তল, নীচ, নিম্ন, অধোভাগ, (ন.) পাতাল; যোনি।
অধঃকায়, পুং. [অধস্+কায়] শরীরের অধোভাগ।
অধঃকুন্তল, পুং. [অধস্+কুন্তল] অধোভাগের রোম, যোনি লিঙ্গস্থানের লোম।
অধঃকৃত, ত্রি. [অধস্+কৃত] অধঃক্ষেপণ, অধঃপাত।
অধঃপাত, পুং. [অধস্+পাত] নিম্নে পতিত, ধ্বংস,নষ্ট, নরকপাত, সৌভাগ্য সম্পত্তি হইতে নিরাশ।
অধঃপুষ্পী, স্ত্রী. [অধস্+পুষ্পী] গোজিহ্বা, তৃণবিশেষ; হেঠাহুলী, চোরখড়িকা, ভাঁটুই,তৎপর্য্যায়—অবাক্‌পুষ্পী,মঙ্গল্যা অমরপুষ্পিকা

অধঃপ্রস্তর, পুং. [অধস্+প্রস্তর] অধোভাগস্থিত প্রস্তর। [সন, তৃণশয্যা।
অধঃপ্রস্তরণ, পুং. [অধস্+প্রস্তরণ] কুশা-
অধঃশিরঃ, ত্রি, [অধস্+শিরস্] অবাঙ্মুখ, অধোমুখ; (পুং.) সূর্য্যবংশীয় ত্রিশঙ্কু-রাজা। [ফেলা।
অধঃস্থ, ত্রি. [অধস্+স্থ] অধস্তাৎ, নীচে
অধঃক্ষিপ্ত, ত্রি. [অধস্+ক্ষিপ্ত] অধস্ত্যক্ত বস্তু; (পুং.) যযাতি রাজা, ত্রিশঙ্কুরাজা।
অধম, ত্রি. [ন+ধম] ন্যূন; নীচ; নিন্দিত, অপকৃষ্ট, তৎপর্য্যায়।—নিকৃষ্ট, প্রতিকৃষ্ট, অর্ব্বা, রেফ, যাপ্য, অবম, কুৎসিত, অবদ্য, কুপূয়, খেট, গর্হ্য, অণক, রেপ, অরম, আণক, অনক, (পু.) উপপতি ভেদ।
অধমভৃতক, পুং. [অধম+ভৃতক] অধম ভৃত্য, নীচ দাস; দ্বৌবারিক; ভারবাহকাদি।
অধমর্ণ, ত্রি. [অধম+ঋণ] ঋণগৃহীতা, ঋণী, দেনাগ্রস্ত, খাতক।
অধমর্ণী, পুং. [অধম+ঋণ+ইন্] দেনাদার, ঋণী, ধারগ্রাহক
অধমা, স্ত্রী. [অধম+আ] স্বীয়াদ্যন্তর্গত নায়িকা ভেদ, চণ্ডী।
অধমাঙ্গ, ন. [অধম+অঙ্গ] পদ, পাদ, চরণ; নিকৃষ্ট অবয়ব। [বড় মন্দ।
অধমাধম, ত্রি. [অধম+অধম] অতি নিকৃষ্ট,
অধর, পুং. [ন+ধর] মুখের অবয়ব বিশেষ, ওষ্ঠ, নিম্নোষ্ঠ, তৎপর্য্যায়—রদনচ্ছদ, দশনবাস (ত্রি.) অধ, তল; নীচ, অপকৃষ্ট, হীনবাদী, (ন. পুং.) স্মরাগার, রতিগৃহ, যোনি। [অধোভাগ।
অধরতঃ, ব্য. [অধর+তস্] অধস্তাৎ,
অধরমধু, ন. [অধর+মধু] বদনামৃত. অধরামৃত, অধর রস।
অধরস্তাৎ, ব্য. [অধর+স্তাৎ] অধরতঃ।
অধরস্মাৎ, ব্য. [অধর+স্মাৎ] অধস্তাৎ, অধরাৎ (ত্রি.) দিগ্দেশ কাল।
অধরা, স্ত্রী. [অধর+আ] অধোদিক্; নীচা, অধৈর্য্যশীলা। [অধরস্তাৎ।
অধরাৎ, ব্য. [অধর+আৎ] অধরতঃ, অধরেণ,
অধরেণ, ত্রি. [অধর+ঈন্] ধিক্কৃত, তিরস্কৃত।
অধরীকৃত, ত্রি. [অধরী+কৃত] অপবাদিত, পরাহত। [অধরীকৃত।
অধরীভূত, ত্রি. [অধরী+ভূত] বিপ্রতিকৃত,
অধরামৃত, ন. [অধর+অমৃত] বদনামৃত
অধরাবলোপ, পুং. [অধর+অব+লোপ] দন্তেরদ্বারা ওষ্ঠ দংশন।
অধরেণ, ব্য. [অধর+এন] অধোদিগ্দেশকাল; অধোভাগে, অধস্তন।
অধরেদ্যুঃ, ব্য. [অধর+এদ্যুস্] অধরদিবস, পরদিন, পরশ্ব।
অধর্ত্তব্য, ত্রি. [ন+ধর্ত্তব্য] অগ্রাহ্য, অধার্য্য।
অধর্ম্ম, পুং. [ন+ধর্ম্ম] ধর্ম্মবিরোধী, পাপ, কলুষ, অপরাধ।
অধর্ম্মচারী. ত্রি. [অধর্ম্ম+চারিন্] অধার্ম্মিক, পাপী। [অধর্ম্মত্ব.
অধর্ম্মতা, স্ত্রী. [অধর্ম্ম+তা] অসাধুতা, (ন.)
অধর্ম্মাত্মা, ত্রি. [অধর্ম্ম+আত্মন্] পাপাত্মা, দুরাত্মা, অধার্ম্মিক।
অধর্ম্মী, ত্রি. [ন+ধর্ম্মিন্] পাপী, দুরাচার, অধর্ম্মাত্মা, অধার্ম্মিক। [দুরাচার।
অধর্ম্মিষ্ঠ, ত্রি. [অধর্ম্ম+ইষ্ঠ] পাপিষ্ঠ,
অধশ্চর, পুং. [অধস্+চর] চৌর; (ত্রি.) অধোগামিন্। [সিঁদালচোর।
অধশ্চৌর, পুং. [অধস্+চৌর] নীচচৌর,
অধর্ষণ, পুং. [ন+ধর্ষণ] অপ্রতিক্রিয়; ধর্ষণাযোগ্য।
অধস্, ব্য. [অধ+অস্] নিম্নে, নীচে, তল্লে।
অধস্তন, ত্রি. [অধস্+তন] নীচস্থ, নিম্নের।
অধস্তাৎ, ব্য. [অধস্+তাৎ] নিম্ন, অধোভাগ, নীচে; রতিগৃহ, ভগ। [বৃক্ষ।
অধামার্গব, পুং. [অধ+অমার্গব] ধামার্গব
অধার্ম্মিক, ত্রি. [ন+ধার্ম্মিক] অধর্ম্মী, অধর্ম্মাত্মা, পাপী, দুরাচারী।
অধার্য্য, ত্রি. [ন+ধার্য্য] ধারণাযোগ্য, অনিশ্চিত।
অধার্ষ্ট্য, ন. [ন+ধার্ষ্ট্য] অপ্রগল্ভতা, সলজ্জিত্ব।
অধি, পুং. [ন+ধ+ই] মানসী ব্যথা, আধি, মনঃপীড়া। (ব্য.) আধিক্য বোধক, প্রাধান্য বোধক, বিংশতি উপসর্গ মধ্যে

এক উপসর্গ ; উপরিভাগ ; অধিকার; ঈশ্বর; অধিক।

অধিক, ত্রি. [অধি+ক] অতিরিক্ত, বহুল, অনেক, বিস্তর, (ন.) কাব্যালঙ্কার ভেদ।

অধিকতর, ত্রি. [অধিক+তর] অন্যাপেক্ষ অধিক। [অধিক।

অধিকতম, ত্রি. [অধিক+তম] সর্ব্বাপেক্ষা

অধিকতা, স্ত্রী. [অধিক+তা] আধিক্য, অতিরিক্ততা, বাড়্তি। [বিশেষতঃ।

অধিকন্তু, ব্য. [অধিকং+তু] আরো, অপর,

অধিকরণ, ন. [অধি+করণ] আধিপত্য ; ব্যাকরণমতে সপ্তমী-বিভক্তি ; অধিকার।

অধিকর্দ্ধি, ত্রি. [অধিক+ঋদ্ধি] অতিশয়-সম্পত্তি, সমৃদ্ধি। [অধিষ্ঠাতৃত্ব।

অধিকর্ম্ম, ন. [অধি+কর্ম্মন্] অধ্যক্ষতা,

অধিকর্ম্মকৃৎ, পুং. [অধি+কর্ম্ম+কৃৎ] কর্ম্মচারী, বৈতনিক, উৎকৃষ্টকর্ম্মকারী ভৃত্য, প্রধান কর্ম্মকারক।

অধিকর্ম্মিক, পুং. [অধি+কর্ম্ম+ইক] হট্টাধ্যক্ষ, হাটেরদারোগা, অধ্যক্ষ, কর্ম্মের অধিষ্ঠাতা। [ভাগ।

অধিকাংশ, পুং. [অধিক+অংশ] অনেক-

অধিকাঙ্গ, ত্রি. [অধিক+অঙ্গ] বিংশতি অঙ্গুলের অতিরিক্ত অঙ্গুলি, অধিক অবয়ব। (ন) সারসন, কটিবন্ধন অর্থাৎ কোমরবাঁধ। [ত্তর, অধিক।

অধিকাধিক, ব্য. [অধিক+অধিক] উত্তরো-

অধিকার, পুং. [অধি+কার] স্বামিত্ব, প্রভুত্ব, সত্ত্ব, প্রক্রিয়া, প্রকরণ, দখল।

অধিকারচ্যুত, ত্রি. [অধিকার+চ্যুত] অধিকার হইতে বঞ্চিত, অস্বামিত্ব।

অধিকারস্থ, ত্রি. [অধিকার+স্থ] তালুক বা জমীদারীর মধ্যে বাসকারী।

অধিকারী, ত্রি. [অধিকার+ইন্] প্রভু, স্বামী, অধিপতি, অধিকারবিশিষ্ট, সত্ত্বাবান্ ; (পুং.) বেদান্তশাস্ত্রবেত্তাপুরুষ।

অধিকৃত, পুং. [অধি+কৃত] অধ্যক্ষ, আয়ব্যয়াবেক্ষক, (ত্রি.) কৃতাধিকার দ্রব্য।

অধিকৃতি, স্ত্রী. [অধি+কৃতি] অধিকার, অধিকারিতা।

অধিক্রম, পুং. [অধি+ক্রম] আক্রমণ।

অধিক্রমণ, ন. [অধি+ক্রমণ] আক্রমণ, অধিক্রম। [প্রাপ্ত ; পঠিত।

অধিগত, ত্রি. [অধি+গত] অবগত, জ্ঞাত ;

অধিগন্তব্য, ত্রি. [অধি+গন্তব্য] প্রাপ্তজনক ; বুদ্ধিগম্য।

অধিগম, পুং. [অধি+গম] লাভ, উপার্জ্জন, প্রাপ্তি বোধ।

অধিগম্য, ত্রি. [অধি+গম্য] অপ্রাপ্ত, অগম্য।

অধিজনন, ন. [অধি+জনন] উৎপত্তি, উদ্ভব।

অধিজিহ্ব, পুং. [অধি+জিহ্ব] জিহ্বাব্রণ, জিহ্বাস্ফোটক।

অধিজ্য, ত্রি. [অধি+জ্য] ধনুর্গুণযোজিত।

অধিজ্যোতিষ, ন. [অধি+জ্যোতিষ] তেজোবিশিষ্ট সৃষ্টদ্রব্য, সূর্য্য, অগ্নি ইত্যাদি।

অধিত্যকা, স্ত্রী. [অধি+ত্যক+আ] পর্ব্বতের উপরিস্থ আকাশ ও ভূমি, সমস্থল, সানু, ভৃগু, স্নু, কটক।

অধিদন্ত, ন. [অধি+দন্ত] গজদন্ত, দন্তোপরি যে দন্ত উঠে।

অধিদেবতা, স্ত্রী. [অধি+দেবতা] ইষ্টদেবতা, অধিষ্ঠাত্রী দেবতা, অধিদেব.

অধিদৈব, ন. [অধি+দৈব] দেবগণ, অধিষ্ঠাত্রী দেবতা।

অধিদৈবত, ত্রি. [অধি+দৈবত] সূর্য্যমণ্ডলস্থ চিন্তনীয় পুরুষ; ব্রহ্ম বিদ্যা।

অধিদৈবিক, ত্রি. [অধি+দৈবিক] চিদ্রূপ, অধ্যাসিক। [প্রভু, রাজা।

অধিপ, পুং. [অধি+প] অধিপতি, স্বামী,

অধিপতি, পুং. [অধি+পতি] প্রভু, ভর্ত্তা, স্বামী, রাজা। [দ্বারা সৃষ্টিকরণ।

অধিপ্রজ, ন. [অধি+প্রজা] প্রজা উৎপত্তি

অধিবচন, ন. [অধি+বচন] নাম, সংজ্ঞা।

অধিবাস, পুং. [অধি+বাস] শুভকর্ম্মাদির পূর্ব্ব সংস্কার ক্রিয়া ; বসতি ; নিবাস ; নিত্যতা ; সুগন্ধিদ্রব্য ; প্রতিবাসী।

অধিবাসন, ন. [অধি+বাসন] অধিবাস, গন্ধমাল্যাদি দ্বারা সংস্কার করণ।

অধিবাসিতা, স্ত্রী. [অধিবাস+ইত+আ] এক স্থানে স্থিত কিম্বা বাসকরণ।

অধিবিদ্যা, স্ত্রী. [অধি+বিদ্যা] যে সকল উপায়দ্বারা কৃতবিদ্য হওয়া যায়; পণ্ডিত।

অধিবিন্না, স্ত্রী. [অধি+বিন্না] অধ্যূঢ়া, প্রথম বিবাহিতা স্ত্রী, বড় স্বপত্নী।

অধিবেত্তা, পুং. ন. [অধি+বেত্তৃ] প্রথম বিবাহের পর অতিরিক্ত বিবাহিতপুরুষ।

অধিবেদন, ন. [অধি+বেদন] এক স্ত্রী বর্ত্তমানে পুনর্ব্বার বিবাহ করণ।

অধিবেদনীয়া, স্ত্রী. [অধি+বেদ+অনীয়া] প্রথম স্ত্রী বর্ত্তমানে দ্বিতীয় স্ত্রী অপেক্ষণীয়।

অধিভূ, পুং. [অধি+ভূ] স্বামী, প্রভু, পতি।

অধিভূত, ন. [অধি+ভূত] সৃষ্টপদার্থ, পঞ্চভূত, প্রকৃতি।

অধিমন্থ, পুং. [অধি+মন্থ] চক্ষুঃপীড়া।

অধিমাস, পুং. [অধি+মাস] রবি সংক্রান্তি শূন্য শুক্লপ্রতিপদাদি দর্শান্ত মাস, দুই অমাবস্যাযুক্তমাস, তৎপর্য্যায়।— অধিকমাস, অসংক্রান্তমাস, মলমাস, মলিম্লুচ, বিনামক, নপুংসক।

অধিমাংস, পুং. [অধি+মাংস] চক্ষুর্ব্রণ, চক্ষুতে মাংসবৃদ্ধি রোগ।

অধিমাংসক, পুং. [অধি+মাংস+ক] গণ্ডমালা রোগ, শতঘ্নী।

অধিমাত্র, ন. [অধি + মাত্র] ত্রিবর্ণাত্মক জ্ঞান অর্থাৎ অ, স, ম, । ওঁকার বিদ্যা।

অধিযজ্ঞ, পু. [অধি+যজ্ঞ] যজ্ঞাদি কর্ম্ম প্রযোজক।

অধিরথ, পুং. [অধি+রথ] কর্ণ পিতা, রথবাহক; সারথি। [মহাবক্ষে।

অধিরথ্য, ব্য. [অধি+রথ্য] রাজমার্গে,

অধিরাজ, পুং. [অধি+রাজ] ভূপতি, সম্রাট্, চক্রবর্ত্তী।

অধিরাট, পুং. [অধি+রাজ্] সম্রাট, চক্রবর্ত্তী, সর্ব্বমণ্ডলেশ্বর।

অধিরাজ্যভাক্, পুং. [অধি+রাজ্য+ভাজ্] অধিরাট্, অধিরাজ, অধিপতি।

অধিরূঢ়, ত্রি. [অধি+রুহ] আরূঢ়, আরোপিত। [স্থানে রাখিত

অধিরোপিত, ত্রি. [অধি+রোপিত] উচ্চ-

অধিরোহ, পুং. [অধি+রোহ] অতিক্রম; উচ্চ হওন। [স্থানে উঠন।

অধিরোহণ, ন. [অধি+রোহণ] উচ্চ

অধিরোহণী-অধিরোহিণী, স্ত্রী. [অধি+রুহ+ইন-ঈ] বংশ কাষ্ঠাদিদ্বারা নির্ম্মিত সোপান, আরোহণ পথ, নিঃশ্রেণি, নিঃশ্রেণী, সিঁড়ি, মই।

অধিরোহী, পুং. [অধি+রোহিন্] যে ব্যক্তি উচ্চ স্থানে উঠে।

অধিলোক, পুং. [অধি+লোক] বিশ্ব, জগৎ, চরাচর। [আধার।

অধিশ্রয়, পুং. [অধি+শ্রয়] স্থান, আশ্রয়,

অধিশ্রয়ণী, [illegible] [অধি+শ্রয়ণী] চুলী, চুলা, উনান।

অধিশ্রিত, ত্রি. [অধি+শ্রিত] অধিকারস্থ, পদাশ্রিত। [অবস্থিতিকারী।

অধিষ্ঠাতা, পুং. [অধি+স্থাতৃ] কর্ত্তা,

অধিষ্ঠাত্রী, স্ত্রী. [অধি+স্থাতৃ+ঈ] অধিকারিণী দেবী, স্থিতিকারিণী।

অধিষ্ঠান, ন. [অধি+স্থান] নগর ; চক্র; প্রভাব ; অধ্যাসন ; অবস্থান, স্থায়ী।

অধিষ্ঠিত, ত্রি. [অধি+স্থিত] স্থাপিত, নিযুক্ত, অধিকৃত।

অধিক্ষিপ্ত, ত্রি. [অধি+ক্ষিপ্ত] নিন্দিত, ভর্ৎসিত; স্থাপিত; প্রেরিত; প্রতিক্ষিপ্ত; কুৎসিত; প্রণিহিত। [প্রেরণ।

অধিক্ষেপ, পুং. [অধি+ক্ষেপ] তিরস্কার;

অধী, স্ত্রী. [ন+ধী] অধিগম।

অধীত, ত্রি. [অধি+ইত] পঠিত, শিক্ষিত, কৃতাধ্যয়ন; (ন.) পাঠ। [পঠন।

অধীতি, স্ত্রী. [অধি+ইতি] অধ্যয়ন,

অধীতী, ত্রি. [অধীত+ইন্] অধ্যয়নবিশিষ্ট ; কৃতাধ্যয়ন, (পুং.) ছাত্র।

অধীন, ত্রি. [অধি+ইন্] বশতাপন্ন, পরবশ, অনুবর্ত্তী, কুপ্পর, সাপেক্ষ্য, নিঘ্ন, আয়ত্ত, অস্বচ্ছন্দ, গৃহক।

অধীনতা, স্ত্রী. ন. [অধীন+তা] দাসত্ব, পারতন্ত্র্য, বশতাপন্ন, (ন.) অধীনত্ব।

অধীয়ন্, পুং. [অধি+ই+অৎ] ছাত্র, বেদপাঠক

অধীর, ত্রি. [ন+ধীর] চঞ্চল, কাতর, অস্থির, অধৈর্য্য ; অপণ্ডিত।

অধীরা, স্ত্রী. [ন+ধীরা] বিদ্যুৎ, চঞ্চলা ; মানাবস্থায়মধ্যানায়িকাবিশেষ; চঞ্চলা স্ত্রী। [পতি, প্রভু।

অধীশ, পুং. [অধি+ঈশ] অধ্যক্ষ, অধি-

অধীশ্বর, পুং. [অধি+ঈশ্বর] মণ্ডলেশ্বর, সম্রাট, মহারাজ, চক্রবর্ত্তী, অধিরাজ।

অধুত, ত্রি. [ন+ধুত] অকম্পিত, স্থির, ধৈর্য্য।

অধুনা, ব্য. [ইদম্] সংপ্রতি, এইক্ষণে, ইদানীং, অস্মিন্‌কালে।

অধুনাতন, ত্রি. [অধুনা+তন] ইদানীন্তন, বর্ত্তমানকালবৃত্তি, এতৎকালীন, অনপেত।

অধূর্ত্ত, ত্রি. [ন+ধূর্ত্ত] সরল, নিষ্কপট।

অধৃত, পুং. [ন+ধৃত] বিষ্ণু; (ত্রি.) নিরর্গল, অনিরুদ্ধ, অগৃহীত।

অধৃতি, স্ত্রী. [ন+ধৃতি] অবদ্ধতা, শ্লথত্ব, শৈথিল্য। [তন্ত্রশীল, শালীন।

অধৃষ্ট, ত্রি. [ন+ধৃষ্ট] সলজ্জ; অপ্রগল্ভ;

অধৃষ্য, ত্রি. [ন+ধৃষ্য] প্রগলভ্য, অধর্ষণীয়।

অধৃষ্যা, স্ত্রী. [ন+ধৃষ্যা] নদী বিশেষ।

অধেয়, ত্রি. [ন+ধেয়] অধারণীয়, অধারিত।

অধৈর্য্য, ত্রি. [ন+ধৈর্য্য] ধীরতাশূন্য, ধৈর্য্য হীন, অস্থির, কাতর; (ন.) ধৈর্য্যাভাব।

অধোংশুক, ন. [অধস্+অংশুক] পরিধানবস্ত্র, অন্তর্বাস। [নীচগামী।

অধোগত, ত্রি. [অধস্+গত] অবনত,

অধোগতি, স্ত্রী. [অধস্+গতি] অধোগমন, (স্ত্রী.) নরকপ্রাপ্ত; অবরোহ, অধঃপতন

অধোগমন, ন. [অধস্+গমন] নিম্নাগ্রদেশে গমন, নাবন; নরকে গমন।

অধোগামী, ত্রি. [অধস্+গামিন্] নিম্নগত, যে নীচে যায়।

অধোঘণ্টা, স্ত্রী. [অধস্+ঘণ্টা] অপামার্গ বৃক্ষ বিশেষ। [যোনি।

অধোঙ্গ, ন. [অধস্+অঙ্গ] গুহ্যদেশ;

অধোজিহ্বিকা, স্ত্রী. [অধস্+জিহ্বিকা] তালুমূলস্থ ক্ষুদ্রজিহ্বা, আলজিব্।

অধোদৃষ্টি, ত্রি. [অধস্+দৃষ্টি] নিম্নদৃষ্টি নীচ দৃষ্টি।

অধোদেশ, পুং. অধস্+দেশ] অধোভাগ; যোনি। [যোনি।

অধোদ্বার, ন. [অধস্+দ্বার] গুহ্যদেশ;

অধোপর, ন. [অধস্+অপর] যোনি; গুহ্যাঙ্গ। [হেটমুখ।

অধোবদন, ত্রি. [অধস্+বদন] অধোমুখ,

অধোবন্ধন, ন. [অধস্+বন্ধন] চর্ম্মবন্ধন বিশেষ, চর্ম্মপট্ট, কটীবন্ধন রজ্জুবিশেষ।

অধোবায়ু, পুং. [অধস্+বায়ু] অপানবায়ু, বাতকর্ম্ম, মরুৎক্রিয়া।

অধোভব, ত্রি. [অধস্+ভব] নীচস্থ, নিম্নস্থিত। [স্থান, নীচভাগ।

অধোভাগ, পুং. [অধস্+ভাগ] অধো-

অধোভাগহর, ন. [অধোভাগ+হর] রেচন, অতিসার।

অধোভুবন, ন. [অধস্+ভুবন] পাতাল, রসাতল, বলিভবন।

অধোমস্তক, পুং. [অধস্+মস্তক] সূর্য্যবংশীয় ত্রিশঙ্কু রাজা। [পায়ু, গুদ

অধোমর্ম্ম, ন. [অধস্+মর্ম্ম] গুহ্যদ্বার,

অধোমুখ, ত্রি, [অধস্+মুখ] পাতালমুখ; অধোবদন; অবাঙ্মুখ, হেঁটমুখ।

অধোমুখা, স্ত্রী.[অধস্+মুখা]গোজিহ্বাবৃক্ষ।

অধোযন্ত্র, ন. [অধস্+যন্ত্র] বকযন্ত্র।

অধোলম্ব, পুং. [অধস্+লম্ব] আলম্ব, লম্বসূত্র, ওলন।

অধোলোক, পুং. [অধস্+লোক] অধোভুবন, অধোগতি, পাতাল।

অধোস্রপিত্ত, ন. [অধস্+অস্র+পিত্ত] ব্যাধিবিশেষ, গুহ্যদ্বার দিয়া রক্তস্রাব।

অধোক্ষজ, পুং. [অধস্+অক্ষ+জ] বিষ্ণু, নারায়ণ, শ্রীকৃষ্ণ। [অপরিষ্কৃত।

অধৌত, ত্রি. [ন+ধৌত] অপ্রক্ষালিত,

অধ্যগ্নি, ন. [অধি+অগ্নি] স্ত্রীধনবিশেষ, বিবাহ সময়ে অগ্নি সমীপে স্ত্রীকে যে ধন দত্ত হয়।

অধ্যগ্ন্যুপগত, ত্রি. [অধ্যগ্নি+উপগত] বিবাহকালে ধনাদিপ্রদত্ত।

অধ্যণ্ডা, স্ত্রী. [অধি+অণ্ডা] আলকুশী, ভূম্যামলকী ; কপিকচ্ছু, শুকশিম্বী।

অধ্যধীন, ত্রি. [অধি+অধীন] অত্যন্ত অধীন, নিতান্ত বশবর্ত্তী, (পুং.) ভৃত্য
অধ্যবসায়, পুং. [অধি+অবসায়] যত্ন, আস্থা, উৎসাহ, কর্ম্ম উত্তম করণের ঔৎসুক্য, কর্ম্মদৃঢ়তা করণের মানস, উদ্যম।
অধ্যবসায়িত, ত্রি. [অধি+অবসায়িত] চেষ্টিত, আস্থাযুক্ত।
অধ্যবসায়ী, ত্রি. [অধি+অবসায়িন্] মনঃস্থ, উৎসাহী, কর্ম্ম উত্তম করণের ঔৎসুক্য, দৃঢ়তা করণের মানস।
অধ্যয়, পুং [অধি+অয়] অধ্যায়; বেদ পুরাণাদির পরিচ্ছেদ, গ্রন্থসন্ধি!
অধ্যয়ন, ন. [অধি+অয়ন] পাঠ, পঠন, অভ্যাস, গুরুমুখাগত বাক্য শ্রবণাভ্যাস, ব্রাহ্মণের ষট্‌কর্ম্মান্তর্গত এক কর্ম্ম।
অধ্যয়নসম্পন্ন, ত্রি. [অধ্যয়ন+সম্পন্ন] সারস্বত; পাঠসমাপ্তিব্যক্তি।
অধ্যশন, [অধি+অশন] ...বস্থার ভক্ষণ, অতি ভোজন।
অধ্যস্ত, ত্রি. [অধি+অস্ত] অরোপিত, কল্পিত, কৃতাধ্যাস।
অধ্যস্থি [অধি+অস্থি] গলিত হাড় সকল ... করণ, অধ্যস্থি পরিপূটন।
অধ্যক্ষ, পুং [অধি+অক্ষ] অধীশ, অধিকারী, অধিপতি, গণপতি, রক্ষক; অধি..., কর্ম্মকর্ত্তা তত্ত্বাবধারক; ক্ষীরিকারু (ত্রি.) প্রত্যক্ষ, ... প্রব্যক্ত, ইন্দ্রিয় জন্য জ্ঞান; অধিকৃত, আয়ব্যয়াদি নিরীক্ষক।
অধ্যক্ষতা, স্ত্রী. [অধ্যক্ষ+তা] কর্ত্তৃত্ব, তত্ত্বাবধারকতা।
অধ্যক্ষর, ন. [অধি+অক্ষর] ওঁকার, ওঁ, প্রণব, বীজ। [বেশন, আক্রমণ।
অধ্যাক্রমণ, ন. [অধি+আক্রমণ] সমাধ্যাত-অধ্যাতব্য, ত্রি. [অধি+আত-ব্য] অধ্যান, অচিন্ত্য।
অধ্যাত্ম, ত্রি. [অধি+আত্মন্] আত্ম সম্বন্ধী, আত্ম বিষয়ক, আধ্যাত্মিক।
অধ্যাত্মদৃশ, পুং. [অধ্যাত্ম+দৃশ] ঋষি, মুনি, অধ্যাত্ম তত্ত্বদর্শক।
অধ্যাত্মবিদ্যা, স্ত্রী. [অধ্যাত্ম+বিদ্যা] ব্রহ্মবিদ্যা, আত্মতত্ত্ববিষয়ক শাস্ত্র।
অধ্যাত্মরতি, পুং. [অধ্যাত্ম+রতি] যে জন সর্ব্বক্ষণ ঈশ্বরের ধ্যান করে।
অধ্যাত্মা, পুং. [অধি+আত্মন্] পরমাত্মনিষ্ঠা, পরমার্থিকতা; জীবাত্মা; পরমাত্মা।
অধ্যাত্মিক, ত্রি. [অধ্যাত্মন্+ইক] আত্মসম্বন্ধী, চিদ্রূপ। [স্থিত।
অধ্যান, ত্রি. [ন+ধ্যান] অসমাধি, অচি-
অধ্যাপক, পুং. [অধি+আপ্+অক] উপদেশকর্ত্তা, অধ্যাপন কর্ত্তা, অধ্যাপয়িতা, পাঠগুরু, শিক্ষক, উপাধ্যায়, ওস্তাদ
অধ্যাপন, ন. [অধি+আপ্+অন] পাঠন, বিদ্যাদান, শিখান; ব্রাহ্মণের ষট্‌কর্ম্মান্তর্গত এক কর্ম্ম।
অধ্যাপনা, স্ত্রী. [অধ্যাপন+আ] পড়ান, পাঠদেওন, শিক্ষণ।
অধ্যাপনীয়, ত্রি. [অধ্যাপন+ঈয়] পাঠনীয়; উপশিষ্য।
অধ্যাপয়িতা, স্ত্রী. [অধি+আপয়্+তৃ] শিক্ষক, উপদেষ্টা।
অধ্যাপিত, ত্রি. [অধি+আপ্+ইত] পাঠিত, লব্ধবিদ্য, যাহাকে পাঠ দেওয়া হইয়াছে। [শিক্ষোপযুক্ত।
অধ্যাপ্য, ত্রি. [অধি+আপ্+য] পাঠ্য,
অধ্যাবাহনিক, ন. [অধি+আবাহন+ইক] ...ধনবিশেষ বিবাহের পর স্বামী গৃহে গমনার্থ পিতৃকুল হইতে স্ত্রীলোক যে ধন প্রাপ্ত হয়।
অধ্যায়, পুং. [অধি+আয়] বেদপুরাণাদির পরিচ্ছেদ, গ্রন্থ সম্বন্ধীয় সন্ধি, সর্গ, বর্গ, অঙ্ক, উল্লাস, পরিচ্ছেদ, উদ্ঘাত, সংগ্রহ, উচ্ছ্বাস, পরিবর্ত্ত, স্থান, প্রকরণ, পর্ব্ব, আহ্নিক, পাদ, উদ্যোত, বিরচন, পটল, কাণ্ড, স্তবক, স্কন্ধ, শাখা, পল্লব, তরঙ্গ, লহরি, পাঠ, পাঠক, প্রপাঠক, বল্লী, শিক্ষা, পড়া।
অধ্যারূঢ়, ত্রি. [অধি+আ+রুহ] কৃতারোহণ; সমারূঢ়, আরোহণ করা, চড়া; অতিশয়, অভ্যধিত।

অধ্যারোপ-অধ্যারোপণ, পুং. ন. [অধি+আরোপণ] কল্পনা, অধ্যাস, আরোপ, এক বস্তুতে অন্য বস্তুর কল্পনা।
অধ্যারোহ-অধ্যারোহণ, পুং. ন. [অধি+আ+রুহ্+ণ] আরোহণ, চড়ন।
অধ্যারোহী, ত্রি. [অধি+আরোহিন্] অধিরূঢ়, ঊর্দ্ধগত।
অধ্যাস, পুং. [অধি+আস্+অ] আরোপ, একে অন্যের কল্পনা, ভ্রম; নিবাস।
অধ্যাসিত, ত্রি. [অধি+আস্+ত] কৃত নিবাস, বাস করা।
অধ্যাসীন, ত্রি. [অধি+আসীন] উপবিষ্ট, আসনস্থ, কৃতাধিবেশন।
অধ্যাহরণ, ন. [অধি+আহরণ] কল্পনাকরণ, উহকরণ, বিতর্ক করণ।
অধ্যাহার, পুং. [অধি+আহার] উহ, উহন, অস্পষ্টার্থ শব্দের শব্দান্তর কল্পনা দ্বারা অর্থ স্পষ্টী করণ, বাক্য পূরণার্থ পদযোজন, আকাঙ্ক্ষা পূরক পদানুসন্ধান, যুক্তি প্রাপ্তি নিমিত্ত পদান্তর উদাহরণ ব্যক্তীকরণ।
অধ্যাহার্য্য, ত্রি. [অধি+আহার্য্য] উহ্য, লক্ষিত।
অধ্যাহৃত, ত্রি. [অধি+আহৃত] উহ্য, লম্বিত।
অধ্যুষিত, ত্রি. [অধি+উষিত] বসবাস, অধ্যাসিত। [সাড়ে তিন।
অধ্যুষ্ট, ত্রি. [অধি+উষ্ট] সার্দ্ধত্রিসংখ্যা ৩৷৹
অধ্যুষ্ট্র, পুং. [অধি+উষ্ট্র] উষ্ট্রযুক্ত রথ, উষ্ট্র বাহ যান।
অধ্যূঢ়, পুং. [অধি+ঊঢ়] শিব; (ত্রি.) অধিক, বৃদ্ধিযুক্ত, সমৃদ্ধ।
অধ্যূঢ়া, স্ত্রী. অধি+ঊঢ়া] প্রথম বিবাহিতা স্ত্রী, কৃত সাপত্নিকা। [পাঠ্য।
অধ্যেতব্য, ত্রি. [অধি+এতব্য] অধ্যয়নীয়,
অধ্যেতা, পুং. [অধি+এ+তৃ] অধ্যয়নকর্ত্তা, ছাত্র, শিষ্য, পাঠক।
অধ্যেষণা, স্ত্রী. [অধি+এষণা] যাচ্ঞা, আদরপূর্ব্বক প্রার্থনা; সনি, সনী।
অধ্রিয়মাণ, ত্রি. [ন+ধ্রিয়মাণ] ধরণে অনুপযুক্ত, অনাক্রাম্য।
অধ্রুব, ত্রি. [ন+ধ্রুব] অনিশ্চিত; ক্ষণভঙ্গুর।
অধ্বগ, পুং. [অধ্বন্+গ] পথিক, পান্থ; সূর্য্য; খেসর, খচর।
অধ্বগমন, ন. [অধ্বন্+গমন] পর্য্যটন, ভ্রমণ।
অধ্বগবৃক্ষ, পুং. [অধ্বগ+বৃক্ষ] আম্রাতকবৃক্ষ।
অধ্বগভোগ্য, পুং. [অধ্বগ+ভোগ্য] আম্রাতক বৃক্ষ। [রথী, জাহ্নবী।
অধ্বগা, স্ত্রী [অধ্বগ+আ] গঙ্গা, ভাগী-
অধ্বগামী, পুং. [অধ্বন্+গামিন্] পান্থ, পথিক, গন্তা, গন্তুক, মার্গগামী।
অধ্বজ, ত্রি. [ন+ধ্বজ] ধ্বজারহিত।
অধ্বজা, স্ত্রী. [অধ্বজ+আ] স্বর্ণুলীবৃক্ষ।
অপ্রতিগ্রহণ, ন. [ন+প্রতিগ্রহণ] প্রতিগ্রহণাভাব, অবিবাহ, অনুদ্বাহ।

অপ্রতিঘ, ত্রি. [ন+প্রতিঘ] হিতৈষী, প্রিয়ঙ্কর; অপ্রতিবাদী।

অপ্রতিজ্ঞ, ত্রি. [ন+প্রতিজ্ঞ] অদৃঢ়মনস্ক, অস্থৈর্য্য।

অপ্রতিপণ্য, ত্রি. [ন+প্রতি+পণ্য] অপরিবর্ত্তনীয়, যাহা বিনিময় হয় না।

অপ্রতিপত্তি, স্ত্রী. [ন+প্রতিপত্তি] অনিষ্পত্তি; অনবধানতা, অসম্ভ্রম।

অপ্রতিপন্ন, ত্রি. [ন+প্রতিপন্ন] অপ্রতিষ্ঠিত, অমান্য; অনিষ্পন্ন।

অপ্রতিপক্ষ, ত্রি. [ন+প্রতিপক্ষ] বিপক্ষশূন্য, অকণ্টক, অপ্রতিবাদী; প্রতিপক্ষশূন্য, অপ্রতিকূল।

অপ্রতিপালিত, ত্রি. [ন+প্রতিপালিত] অপোষ্য, অপালনীয়, ভরণের অযোগ্য।

অপ্রতিবন্ধ, ত্রি. [ন+প্রতিবন্ধ] অবিরুদ্ধ, অবাধিত; অব্যাহিত, অবিরোধিত।

অপ্রতিবিধান, ত্রি. [ন+প্রতিবিধান] স্বাভাবিক, অকপট; অব্যবস্থিত।

অপ্রতিভ, ত্রি. [ন+প্রতিভা] অপ্রস্তুত; লজ্জিত; অধৃষ্ট, অপ্রগল্‌ভ; অপ্রতিফলিত; অপ্রত্যুৎপন্নমতি।

অপ্রতিম-অপ্রতিমেয়, ত্রি. [ন+প্রতিমা-এয়] অতুল্য, অনুপমেয়; অসামান্য।

অপ্রতিযন্ত্র, পুং. [ন+প্রতিযন্ত্র] স্বভাবসিদ্ধযন্ত্র, অনায়াসে সিদ্ধকর্ম্ম।

অপ্রতিরথ, ন. [ন+প্রতিরথ] যাত্রা; গমন, সৈনিকগমন; সামবেদ; মঙ্গল; (পুং.) যোদ্ধা; ভূরিপ্রয়োগ, তুল্যযোদ্ধরহিত।

অপ্রতিরূপ, ত্রি. [ন+প্রতিরূপ] অতুল্য, অসমান, অনুপম।

অপ্রতিরূপকথা, স্ত্রী. [অপ্রতিরূপ+কথা] অপ্রতিবচনবাক্য, অতুল্য কথা; অনুত্তর, দুরুত্তর, সঙ্গনিকা।

অপ্রতিশ্রাব্য, ত্রি. [ন+প্রতিশ্রাব্য] স্বীকারকরণের অনুপযুক্ত, সম্মতের অযোগ্য।

অপ্রতিশ্রুত, ত্রি. [ন+প্রতিশ্রুত] অস্বীকৃত, অসম্মত। [রহিত, অনিষিদ্ধ।

অপ্রতিষিদ্ধ, ত্রি. [ন+প্রতিষিদ্ধ] প্রতিষেধ-

অপ্রতিষ্ঠ, ত্রি. [ন+প্রতিষ্ঠা] অপ্রতিষ্ঠিত, প্রতিষ্ঠাহীন, কুখ্যাতি।

অপ্রতিষ্ঠিত, ত্রি. [ন+প্রতিষ্ঠিত] প্রতিষ্ঠাহীন, নিন্দিত।

অপ্রতিহত, ত্রি. [ন+প্রতিহত] অনাঘাত; অবঞ্চিত; অব্যতিক্রম। [অনুপায়।

অপ্রতীকার, ত্রি. [ন+প্রতীকার] নিরুপায়,

অপ্রতীত, ত্রি. [ন+প্রতীত] অবিশ্বস্ত, অবিশ্বাসিত।

অপ্রতীতি, পুং. [ন+প্রতীতি] অপ্রত্যয়, অশ্রদ্ধা, অভক্তি।

অপ্রতুল, ন. [ন+প্রতুল] অনির্বৃতি, প্রকৃষ্ট পরিমাণাভাব, অসঙ্গতি, অভাব, খাঁকৃতি, অসংস্থান; (ত্রি.) প্রকৃষ্ট তুলনা রহিত।

অপ্রত্যগ্র, ত্রি. [ন+প্রত্যগ্র] অনূতন, অভিনবরহিত, পুরাতন।

অপ্রত্যয়, পুং. [ন+প্রত্যয়] প্রত্যয়াভাব, অবিশ্বাস, অনাস্থা।

অপ্রত্যক্ষ, ত্রি. [ন+প্রত্যক্ষ] অদৃষ্ট, অতীন্দ্রিয়, পরপক্ষ, পরোক্ষ, প্রত্যক্ষের অগোচর।

অপ্রত্যাখ্যাত, ত্রি. [ন+প্রত্যাখ্যাত] অবিরুদ্ধ, অনিরাকৃত, অবিতণ্ডিত।

অপ্রথা, স্ত্রী. [ন+প্রথা] অপ্রসিদ্ধি; মন্দরীতি। [অপ্রকাশিত।

অপ্রথিত, ত্রি. [ন+প্রথিত] অপ্রকটীকৃত,

অপ্রধান, ন. [ন+প্রধান] প্রাধান্যরহিত, অপ্রাগ্র্য, উপসর্জ্জন, অমুখ্য, (ত্রি.) কনিষ্ঠ, ক্ষুদ্র, জঘন্য।

অপ্রপঞ্চ, ত্রি. [ন+প্রপঞ্চ] অবিস্তৃত, অবিস্তীর্ণ; অনায়ত; ভ্রমরহিত, অপ্রতারিত।

অপ্রফুল্ল, ত্রি. [ন+প্রফুল্ল] অবিকসিত, অনুৎফুল্ল। [নহে।

অপ্রবর্ত্তক, ত্রি. [ন+প্রবর্ত্তক] কর্ম্মে প্রবিষ্ট

অপ্রবর্ত্তন-অপ্রবৃত্তি, ন. স্ত্রী. [ন+প্রবর্ত্তন] প্রবৃত্তিশূন্য, অচেষ্টা, মান্দ্য; আলস্য।

অপ্রবল, ত্রি. [ন+প্রবল] বলহীন, অবলবান, ক্ষীণ।

অপ্রবাসী, ত্রি. [ন+প্রবাসিন্] স্বদেশবাসী।

অপ্রবাহ, ত্রি. [ন+প্রবাহ] গতিরহিত, প্রবাহহীন, স্থির, অচল।

অপ্রবীণ, ত্রি. [ন+প্রবীণ] অনভিজ্ঞ, অকুশল, অনিপুণ।

অপ্রভ, ত্রি. [ন+প্রভা] নিষ্প্রভ, নিস্তেজ, মলিন; জঘন্যজ।

অপ্রভুতা, স্ত্রী. [ন+প্রভুতা] অপ্রতিষ্ঠা, স্বাধীনতা।

অপ্রভূত, ত্রি. [ন+প্রভূত] যথেষ্টাভাব, অপ্রচুর, অল্প; শাসনরহিত।

অপ্রমত্ত, ত্রি. [ন+প্রমত্ত] সাবধান, অবধান বিশিষ্ট, অবহিত, সতর্ক, হুঁসিয়ার।

অপ্রমাণ, ত্রি. [ন+প্রমাণ] অনিদর্শন, অদৃষ্টান্ত, অশাস্ত্র; প্রামাণ্যাভাব।

অপ্রমাদ, পুং. [ন+প্রমাদ] অবধান, সাবধান, অপেক্ষা। [বুধ, অপ্রমত্ত।

অপ্রমাদী, ত্রি. [ন+প্রমাদিন্] কৃতাবধান,

অপ্রমিত, ত্রি. [ন+প্রমিত] অপ্রমেয়, প্রমাণ রহিত।

অপ্রমেয়, ত্রি. [ন+প্রমেয়] অসীম, পরিচ্ছেদশূন্য, অনন্ত, প্রমাণরহিত।

অপ্রয়াস, ত্রি. [ন+প্রয়াস] নিরায়াস, সুসাধ্য, অবিষম। [প্রয়োগাভাব।

অপ্রয়োগ, ত্রি. [ন+প্রয়োগ] অনুল্লেখাদি,

অপ্রয়োজক, ত্রি. [ন+প্রয়োজক] অক্ষম, অপারক, অকৃতী।

অপ্রয়োজন, ত্রি. [ন+প্রয়োজন] নিষ্প্রয়োজন, অহৈতুক, অনাবশ্যক, অনর্থক।

অপ্রলম্ব, ন. [ন+প্রলম্ব] অবিলম্ব, শীঘ্র, দ্রুত, সত্বর, ত্বরান্বিত।

অপ্রলাপ, পুং. [ন+প্রলাপ] সংশ্লিষ্টবাক্য।

অপ্রশংসা, স্ত্রী. [ন+প্রশংসা] অপবাদ, কলঙ্ক, অযশস্করণ।

অপ্রশক্ত, ত্রি. [ন+প্রশক্ত] সংযত, পরিমিত।

অপ্রশস্ত, ত্রি. [ন+প্রশস্ত] অসৎ; অবিহিত; অশ্রেষ্ঠ, গৌণ, অনুৎকৃষ্ট; অবিস্তৃত।

অপ্রশান্ত, ত্রি. [ন+প্রশান্ত] পরিক্লিষ্ট, ব্যথিত; অস্থির। [রহিত।

অপ্রসঙ্গ, ত্রি. [ন+প্রসঙ্গ] অপ্রকরণ, বৃত্তান্ত

অপ্রসন্ন, ত্রি. [ন+প্রসন্ন] অসন্তুষ্ট; আবিল, অনচ্ছ। [বষ্টম্ভ।

অপ্রসব, ত্রি. [ন+প্রসব] মূত্রাবরোধ, মূত্রা-

অপ্রসিদ্ধ, ত্রি. [ন+প্রসিদ্ধ] প্রসিদ্ধতারহিত, অবিখ্যাত, যৎসামান্য, ক্ষুদ্র।

অপ্রসূ, ত্রি. [ন+প্রসূ] মাতৃহীন।

অপ্রসূত, ত্রি. [ন+প্রসূত] বন্ধ্যা, নিরপত্য।

অপ্রহত, ত্রি. [ন+প্রহত] অকৃষ্টভূমি, খিলাভূমি, অর্থাৎ যে ভূমিতে অত্যল্প শস্য জন্মে। [কৃষ্ট।

অপ্রহৃষ্ট, ত্রি. [ন+প্রহৃষ্ট] অসন্তুষ্ট, অপ্রসন্ন,

অপ্রস্তুত, ত্রি. [ন+প্রস্তুত] লজ্জিত; অপ্রক্রান্ত, পরাভূত; অপ্রতিভ; ব্যাকুলিত; অনুদ্যত; অপ্রশংসিত।
অপ্রস্তুতপ্রশংসা, স্ত্রী. [অপ্রস্তুত+প্রশংসা] কাব্যালঙ্কার বিশেষ। [যথার্থ।
অপ্রাকৃত, ত্রি. [ন+প্রাকৃত] প্রাকৃতরহিত,
অপ্রাগ্র্য, ত্রি. [ন+প্রাগ্র্য] অপ্রধান।
অপ্রাচীন, ত্রি. [ন+প্রাচীন] অপ্রাগর্থ, বিপর্য্যার্থ; পূর্ব্বদিগজাতবস্তু; নূতন, নব্য, অপুরাতন।
অপ্রাণ, ত্রি. [ন+প্রাণ] গতপ্রাণ, প্রাণহীন।
অপ্রাপ্ত, ত্রি. [ন+প্রাপ্ত] অলব্ধ, অনুপার্জ্জিত; অলাভ।
অপ্রাপ্তবয়ঃ, ত্রি. [ন+প্রাপ্ত+বয়স্] অপ্রাপ্ত যৌবন, বয়সপ্রাপ্ত হয় নাই।
অপ্রাপ্তব্যবহার, ত্রি. [অপ্রাপ্ত+ব্যবহার] অপ্রাপ্ত বয়স, নাবালক।
অপ্রাপ্তযৌবন, ত্রি. [ন+প্রাপ্ত+যৌবন] যৌবনকালপ্রাপ্ত হয় নাই, অপূর্ণবয়স।
অপ্রাপ্তি, স্ত্রী. [ন+প্রাপ্তি] অপ্রাপণ,অলাভ, (ত্রি.) তদ্বিশিষ্ট। [অপ্রাপ্তব্য, দুর্লভ।
অপ্রাপ্য, ত্রি. [ন+প্রাপ্য] প্রাপণাযোগ্য,
অপ্রামাণিক, ত্রি. [ন+প্রামাণিক] প্রমাণানভিজ্ঞ, প্রমাণাসিদ্ধ,প্রামাণ্যরহিত, অপ্রামাণ্য, অলীক।
অপ্রামাণ্য, ন. [ন+প্রামাণ্য] প্রমাণাভাব।
অপ্রিয়, ত্রি. [ন+প্রিয়] অনভীষ্ট, অপ্রীতিকারক, অনীপ্সিত, অহৃদ্য; (পুং.) শত্রু, অপকারী।
অপ্রিয়বচঃ,ন. [অপ্রিয়+বচস্] নিষ্ঠুরবাক্য।
অপ্রিয়বচন, ন. [অপ্রিয়+বচন] নিষ্ঠুরবাক্য, অপ্রিয়বাক্। [উগ্রবক্তা।
অপ্রিয়বক্তা,ত্রি. [অপ্রিয়+বক্তৃ] নিষ্ঠুরভাষী,
অপ্রিয়ম্বদ, ত্রি. [ন+প্রিয়ম্বদ] অমিষ্টভাষী, কর্কশভাষী
অপ্রিয়বাদী, ত্রি. [অপ্রিয়+বাদিন্] কটুভাষী অশিষ্টবক্তা,অপ্রিয়ভাষী,প্রিয়বাক্যরহিত।
অপ্রিয়া, স্ত্রী. [ন+প্রিয়া] মৎস্যবিশেষ, বোদাল মৎস্য, শৃঙ্গীমৎস্য; মদ্গুরস্য পত্নী; প্রিয়েতরা।

অপ্রীত, ত্রি. [ন+প্রীত] প্রীতিরহিত, অসন্তুষ্ট।
অপ্রীতি, স্ত্রী. [ন+প্রীতি] অপ্রণয়, অসদ্ভাব; অতুষ্টি, বিরক্তি; (ত্রি.) অসন্তুষ্ট।
অপ্রেত, ত্রি. [ন+প্রেত] অমৃত, অবিপন্ন।
অপ্রেতরাক্ষসী, স্ত্রী. [অপ্রেত+রাক্ষসী] অপেতরাক্ষসী, তুলসী।
অপ্রেম, ন. [ন+প্রেম] অনুরাগরহিত, অপ্রণয়, বিরক্তি।
অপ্রোষিত, ত্রি. [ন+প্রোষিত] অপ্রবাসী।
অপ্রোক্ষণ, ন. [ন+প্রোক্ষণ] অসেচন, ধৌত না করণ।
অপ্রোক্ষিত, ত্রি. [ন+প্রোক্ষিত] জলসেকবিহীন, অধৌত।
অপ্রৌঢ়া, স্ত্রী. [ন+প্রৌঢ়া] অদত্ত', অনূঢ়া।
অপ্লুষ্ট, ত্রি. [ন+প্লুষ্ট] অদগ্ধ, অপক্ক।
অপ্সস্, ন. [অপ্+সস্]বেদোক্তির আরোপ।
অপ্সরস-অপ্সরা, স্ত্রী. [অপ্+সরস] স্বর্গবেশ্যা, স্বর্গীয় বারাঙ্গনা, তিলোত্তমা, উর্ব্বশী,মেনকা রম্ভাদি।
অফল, ত্রি. [ন+ফল] বিফল, নিষ্ফল, ফলকালিন্ অনুৎপন্নফল বৃক্ষাদি, অবকেশী, বন্ধ্যা; ঝাবুকবৃক্ষ; ব্যর্থ।
অফলা, স্ত্রী.[ন+ফলা] ভূমি আমলকী; ঘৃতকুমারী, লক্ষ্মী, (ত্রি.) অফলবতী।
অফলাকাঙ্ক্ষী, ত্রি. [ন+ফলাকাঙ্ক্ষিন্] অকামাত্মা, নিষ্কাম, নিঃস্বার্থী।
অফল্গু, ত্রি. [ন+ফল্গু] ফলপ্রদ, সফল, ফলাবহ, লাভকর; অধিক, গুঁড়াবস্তু।
অফুরণ, (প্রা) অক্ষয়, অব্যয়।
অফুল্ল, ত্রি. [ন+ফুল্ল] অপ্রস্ফুটিত, অবিকসিত
অফেন, ন. [ন+ফেন] বৃক্ষনির্য্যাসবিশেষ, আফিং, খস্খসরস, নিফেন, অহিফেনক, (ত্রি.) ফেণরহিত।
অফ্‌জুদ, (যাং) অধিক, অতিরিক্ত।
অফ্‌সোস্ (যাং) দুঃখ; শোকসূচক বাক্য, হা, অহো, অহহ, ইত্যাদি।
অফ্বাহ (যাং) জনশ্রুতি, কিম্বদন্তী, লোক প্রবাদ।

অব, ব্য. উপসর্গ বিশেষ অস্যার্থ—নিশ্চয়; অসাকল্য; অনাদর; আলম্বন; বিজ্ঞান; ব্যাপন; শুদ্ধি; অল্প; পরিভব; নিয়োগ; পালন।

অবকট, ত্রি. [অব+কটচ্] অভিমুখ, বিপরীত, বিপর্য্যস্ত; পশ্চাৎ, অত্যয়: অধস্তন. অধোমুখ; (ন.) বিরোধ।

অবকথন, ন. [অব+কথন] স্তব, উপাসনা।

অবকর, পুং. [অব+কর] মার্জ্জন্যাদি বিক্ষিপ্ত ধূল্যাদি, জঞ্জাল, সঙ্কর, আবর্জ্জনা, ওঁচলা।

অবকর্ত্তন, ন. [অব+কর্ত্তন] কাটন; সূত্রযন্ত্র, চরকা।

অবকর্ষণ, ন. [অব+কর্ষণ] উদ্ধার, নিষ্কর্ষণ।

অবকলন, ন. [অব+কলন] বিয়োগ; অগণন।

অবকলিত, ত্রি. [অব+কলিত] দৃষ্ট।

অবকাশ, পুং. [অব+কাশ] অভ্যন্তর স্থান, অনাবৃত ও বিস্তৃত স্থান; অবসর, বিশ্রামকাল।

অবকীর্ণ, ত্রি. [অব+কীর্ণ] অবচূর্ণিত, বিক্ষিপ্ত; অনাদৃত।

অবকীর্ণী, ত্রি. [অব+কীর্ণিন্] ক্ষতব্রত, স্ত্রীসংসর্গাদিরদ্বারা নিয়মত্যাক্তব্যক্তি, নিয়ম ভ্রষ্ট, ধর্ম্মচ্যুত।

অবকুঞ্চন, ন. [অব+কুঞ্চন] বক্রীকরণ।

অবকুঞ্চিত, ত্রি. [অব+কুঞ্চিত] বক্রীকৃত।

অবকুটার, ত্রি. [অব+কুটার] অভিমুখ, বিপরীত; পশ্চাৎ, অধোমুখ।

অবকুট্টন, ন. [অব+কুট্টন] ঠোকরান, বারম্বার খিট্‌মিট্ করণ।

অবকুণ্টিত, ত্রি. [অব+কুণ্টিত] প্রকোপিত, কুপিত, সন্তপ্ত, উদ্দীপ্ত; ছেদিত।

অবকুঠার, ন. [অব+কুঠার] বৈরূপ্য।

অবকুণ্ঠ, ন. [অব+কুণ্ঠ] দুঃখরহিত।

অবকুণ্ঠন, ন. [অব+কুণ্ঠন] অসাহস হওন, ভীরু হওন, বেষ্টন।

অবকুণ্ঠিত, ত্রি. [অব+কুণ্ঠিত] বেষ্টিত; আকৃষ্ট; মোহিত, আকুল; উপহত।

অবকুন্থন, ন. [অব+কুন্থন] কদর্য্য কোঁথানি, আর্ত্তনাদ।　　[শব্দ।

অবকূজন, ন. [অব+কূজন] কুরব, কুশ্রাবা

অবকৃষ্ট, ত্রি. [অব+কৃষ্ট] বহিষ্কৃত, দূরীকৃত; নিষ্কাশিত; অধম।　　[নির্গত।

অবকৃষ্য, ব্য. [অব+কৃষ+য] নিষ্কুষিত, উদ্ধৃত,

অবকেশী, ত্রি. [অব+কেশিন্] বন্ধ্যা, অনুৎপন্ন, অফল; কেশরহিত।

অবক্তব্য, ত্রি. [ন+বক্তব্য] অকথ্য, কথনাযোগ্য, অকথনীয়, বচনাযোগ্য।

অবক্র, ত্রি. [ন+বক্র] সরল, ঋজু, অকুটিল।

অবক্রন্দন, ন. [অব+ক্রন্দন] উচ্চৈঃস্বরে ক্রন্দন।　　[সাধন দ্রব্য, মূল্য।

অবক্রয়, পুং. [অব+ক্রয়] নিন্দিত ক্রয়, ক্রয়

অবক্রান্তি, স্ত্রী. [অব+ক্রান্তি] অধোগমন, অবতরণ; অভিমুখে গমন।

অবক্রিয়া, স্ত্রী. [অব+ক্রিয়া] পরিত্যাগ; অননুষ্ঠান, অতিপাত।

অবক্রোশ, পুং. [অব+ক্রোশ] অনুশ্রাব্য শব্দ, তিরস্কার, উপালম্ভ, যথোক্তি।

অবক্রীড়ন, ন. [অব+ক্রীড়ন] কুৎসিত খেলা।

অবক্রুদ্ধ, ত্রি. [অব+ক্রুদ্ধ] অতিশয় ক্রোধান্বিত।

অবক্রুষ্ট, ত্রি. [অব+ক্রুষ্ট] ভর্ৎসিত, নিন্দিত; মন্দধ্বনিত, কুশব্দযুক্ত।

অবক্লেদ, পুং. [অব+ক্লেদ] পূয শোণিত, অপকৃষ্ট দ্রবাদি; নিস্যন্দ।　　[স্রব।

অবক্লেদন, ন. [অব+ক্লেদন] নিস্যন্দ, ক্ষরণ,

অবক্বণ, পুং. [অব+ক্বণ] কুৎসিতধ্বনি, কদর্য্যশব্দ।　　[মান্দ্য।

অবক্বাথ, পুং. [অব+ক্বাথ] মন্দাগ্নি, অগ্নি-

অবখণ্ডন, ন. [অব+খণ্ডন] খনন, খোঁড়ন।

অবখাত, ন; [অব+খাত] গহ্বর, গর্ত্ত, খানা।

অবখেল, ন. [অব+খেল] কুৎসিতখেলা।

অবগণন, ন. [অব+গণন] হেয়করণ, অমান্যকরণ; দুর্গণনা।

অবগণিত, ত্রি. [অব+গণিত] অবমানিত, তুচ্ছীকৃত; অন্যথাগণিত, অবজ্ঞাত।

অবগণ্ড, পুং, [অব+গণ্ড] গণ্ডস্থব্রণ, বয়েস্ ফোড়া, বরণ্ড; শিশু, অপ্রাপ্তব্যবহার, নাবালগ, অপোগণ্ড।

অবগত, ত্রি. [অব+গত] জ্ঞাত, অভিজ্ঞাত, পরিচিত, বিদিত; প্রতিশ্রুত; অবসিত, চলিত।

অবগতি, স্ত্রী, [অব+গতি] জ্ঞান সামান্য, বোধ, জ্ঞান; গমন।

অবগম, পুং. [অব+গম] জ্ঞান, বোধ, উপলব্ধি; গমন। [বৰ্জ্জিত।

অবগম্য, ত্রি. [অব+গম্য] জ্ঞেয়, বোধগম্য;

অবগথ, ত্রি. [অব+গথ] প্রাতঃস্নান, প্রাতঃস্নায়ী। [অপৃষ্ট।

অবগদিত, ত্রি. [অব+গদিত] অকথিত,

অবগন্তব্য, ত্রি. [অব+গন্তব্য] মনস্থ, বুদ্ধিগম্য; পরিত্যক্ত। [কৃতস্নান।

অবগাঢ়, ত্রি. [অব+গাঢ়] নিমজ্জিত

অবগাদ, পুং. [অব+গাদ] জলদ্রোণী, নৌকা; জলসেচন কাষ্ঠপাত্র।

অবগাহ, পুং. [অব+গাহ] স্নান; স্নানগৃহ।

অবগাহন, ন. [অব+গাহন] স্নান করণ, নিমজ্জন, ডুব দেওন, অবগাহ, বগাহ, মজ্জন, নিমজ্জন।

অবগীত, ত্রি. [অব+গীত] খ্যাতগর্হন নিন্দিত, তিরস্কৃত, কুৎসিত; দৃষ্ট, মুহুর্দৃষ্ট, (ন.) নির্ব্বাদ, লোকাপবাদ।

অবগুণ্ঠন-অবগুণ্ঠিকা, ন. স্ত্রী. [অব+গুণ্ঠন-গুণ্ঠিকা] স্ত্রীলোকদিগের মুখাবরণ, সচ্ছিদ্র বস্ত্র, ঘোমটা, মুখাবরণ; মুদ্রা বিশেষ; ধূল্যাদি ম্রক্ষণ। [গুঁড়াকরা।

অবগুণ্ডিত, ত্রি. [অব+গুণ্ডিত] চূর্ণিত, গুণ্ডিত

অবগূহন, ন. [অব+গূহন] আলিঙ্গন, আশ্লেষ।

অবগৃহ্য, ন. [অব+গৃহ্য] বিভক্তিকার্য্য, বিভক্তি, রূপান্তর।

অবগোচর, ত্রি. [অব+গোচর] অর্দ্ধদৃষ্ট ঈষদবলোকিত, কটাক্ষে দেখা।

অবগোরণ, ন. [অব+গোরণ] তাড়নার্থ, দণ্ডাদির উদ্যম, মারিবার নিমিত্ত ঠেঙ্গা উঠান। [গাঁথা।

অবগ্রন্থন, ন. [অব+গ্রন্থন] মন্দরচনা, কদর্য্য

অবগ্রহ, পুং. [অব+গ্রহ] বৃষ্টিরোধ; গ্রহণ; অপহরণ; অনাবৃষ্টি, বহুকাল অবর্ষণ; প্রতিবন্ধক; হস্তীললাট; গজসমূহ; স্বভাব; জ্ঞানবিশেষ; শাপ।

অবগ্রহণ, ন. [অব+গ্রহণ] প্রতিরোধ; অনাদর।

অবগ্রাহ, পুং. [অব+গ্রাহ] গ্রহদোষাদিজন্য বৃষ্টি ব্যাঘাত; কুৎসিত বাক্য; বৃষ্টিবিঘাত, অবগ্রহ; হস্তীললাট; শাপ।

অবঘট্ট, পুং. [অব+ঘট্ট] ভূরন্ধ্র, গর্ত্ত।

অবঘর্ষণ, ন. [অব+ঘর্ষণ] নির্ঘর্ষণ, মার্জ্জন, বিমর্দ্দন। [মার্জ্জিত।

অবঘর্ষিত, ত্রি. [অব+ঘর্ষিত] সংঘর্ষিত,

অবঘাত, পুং. [অব+ঘাত] অপমৃত্যু; তণ্ডুলাদি কাঁড়ন। [অপঘাতশীল।

অবঘাতী, ত্রি. [অব+ঘাতিন্] বধকারী, ঘাতক;

অবঘুষ্ট, ত্রি. [অব+ঘুষ্ট] ঘোষিত, প্রকীর্ত্তিত, প্রকাশ্য রূপে কথিত।

অবঘূর্ণ-অবঘূর্ণন, পুং. [অব+ঘূর্ণ+ন] বিভ্রম, ভ্রমণ; জলাবর্ত্ত।

অবঘূর্ণিত, ত্রি. [অব+ঘূর্ণিত] ভ্রান্ত, উদ্ভ্রান্ত, শীঘ্র পরিবর্ত্তিত।

অবঘোষণ, ন. [অব+ঘোষণ] অনুকীর্ত্তন, বিঘোষণ, প্রচারণ, ইস্তেহার দেওন।

অবঘ্রাণ, ন. [অব+ঘ্রাণ] দুর্গন্ধ, কুবাস, নিন্দিতগন্ধ।

অবঘ্রাত, ত্রি. [অব+ঘ্রাত] দুর্গন্ধি, কুবাসিত।

অবচন, ন. [ন+বচন] নির্বচন, মৌন, অভাষণ। [সংগ্রহ, সমূহ।

অবচয়-অবচায়, পুং. [অব+চয়-চায়] সঞ্চয়,

অবচস্কর, ত্রি. [ন+বচস্কর] অবচনস্থ, কথার অবাধ্য, অনালাপী, নির্ব্বচন।

অবচার্য্য, ত্রি. [অব+চার্য্য] নিঃক্ষিপ্ত; অগ্র নিবেদিত। [চূড়, মুকুট।

অবচূড়-অবচূড়ক, পুং. [অব+চূড়-ক] প্রলম্ব-

অবচূর্ণ, ন. [অব+চূর্ণ] অসূক্ষ্মচূর্ণ, মোটা গুঁড়া।

অবচূর্ণীত, ত্রি. [অব+চূর্ণীত] চূর্ণীকৃত দ্রব্য, গুঁড়া করা, অবধ্বস্ত, অপধ্বস্ত।

অবচুল, পুং. [অব+চুল] ধ্বজাগ্রবদ্ধাধোমুখবস্ত্র। [ঝাড়ন।

অবচুলক, ন. [অব+চূলক] চামর; মৌরপুচ্ছের

অবচেষ্টা, স্ত্রী. [অব+চেষ্টা] মন্দচেষ্টা, অনাড়িপনা।

অবচ্ছাত, ত্রি. [অব+ছাত] অনাহারে পরিক্লিষ্ট; কর্ত্তিত, লবিত্রছিন্ন

অবচ্ছিন্ন, ত্রি. [অব+ছিন্ন] অবচ্ছেদকতা-নিরূপক, বিশিষ্ট, অবচ্ছেদাশ্রয়, সীমা-বদ্ধ, সাবধি; যুক্ত।

অবচ্ছেদক, ত্রি. [অব+চ্ছেদক] ছিদুর,ছিত্বর, পরিচ্ছিন্ন; বিশেষণ; ন্যায় মতে অব্যাপ্য বৃত্তির অধিকরণ সম্বন্ধ এক দেশ, ইতর ব্যাবর্ত্তক। [হাস্য।

অবচ্ছুরিত-ক, ন. [অব+চ্ছুরিত-ক] অতিশয়

অবচ্ছেদ, পুং. [অব+চ্ছেদ] সীমা, পর্য্যন্ত, পরিচ্ছেদ, একদেশ, বিশেষণত্ব।

অবচ্ছেদকত্ব, ন. [অব+চ্ছেদক+ত্ব] স্বরূপ সম্বন্ধবিশেষ।

অবচ্ছেদন, ন. [অব+চ্ছেদন] খণ্ডন, কর্ত্তন।

অদচ্ছেদাবচ্ছেদ, পুং. [অবচ্ছেদ+অবচ্ছেদ] সমস্ত, সাকল্য, ব্যাপকত্ব, সীমারহিত।

অবজনিত, ত্রি. [অব+জনিত] উৎপন্ন, প্রভব, কৃতজন্মা।

অবজয়, পুং. [অব+জয়] পরাজয়, পরাভব।

অবজিত, ত্রি. [অব+জিত] পরাজিত, পরাভূত। [প্রাচীন।

অবজীর্ণ. ত্রি. [অব+জীর্ণ] অতিবৃদ্ধ, বড়

অবজ্ঞা, স্ত্রী. [অব+জ্ঞা] হেয়জ্ঞান, অনাদর, তাচ্ছল্য, উপেক্ষা, অমান্যকরণ, অবহেলা।

অবজ্ঞাত, ত্রি. [অব+জ্ঞাত] অনাদৃত, উপেক্ষিত; অবমানিত, তিরস্কৃত।

অবজ্ঞান, ন. [অব+জ্ঞান] অবজ্ঞা, অনাদর।

অবজ্ঞেয়, ত্রি. [অব+জ্ঞেয়] অবমান্য, তুচ্ছ, গর্হ্য, অনাদর্য্য।

অবজ্ঞোপহত, ত্রি. [অবজ্ঞা+উপহত] পদভ্রষ্ট, পদচ্যুত, পতিত।

অবট, পুং. [অব+অটন্] গর্ত্ত; কূপ; খিল; কুহকজীবী।

অবটঙ্ক, পুং. [অব+টঙ্ক] কূপক, গুণবৃক্ষক, পণ্যবীথি, বাজার, অবটঙ্গ।

অবটি, পুং. [ন+বটিন্] গর্ত্ত।

অবটীট, ত্রি. [অব+টীট] নতনাসিক, খাঁদানাক, ছেপড়ানেকো,অবনাট, অবভ্রট।

অবটু, পুং. স্ত্রী. [ন+বটু] গ্রীবার পশ্চাদ্ভাগ, ঘাড়; কূপ; গর্ত্ত; বৃক্ষভেদ,ব্রাহ্মণেতর।

অবটুজ, পুং. [অবটু+জ] পৃষ্ঠকুন্তল, গ্রীবার পশ্চাদ্ভাগে পতিত কেশ ব্রাহ্মণেতরজাত।

অবড়ঙ্গ, পুং. [অব+ড়ঙ্গ] হট্ট, অবদ্রঙ্ক

অবডীন, ন. [অব+ডীন] পক্ষীর অধোগমন বিশেষ; পক্ষীর প্রথমগতির নাম প্রডীন; গতির নাম উড্ডীন;এবং বৃক্ষাদিতে পতনার্থ গতির নাম সংডীন।

অবতংস, পুং. ন. [অব+তংস] কর্ণভূষণ, কর্ণালঙ্কার; তৎপর্য্যায়—কুণ্ডল,কর্ণিকা, কর্ণাভরণ, কর্ণবেষ্টন, কর্ণপূর, কর্ণান্দু, কর্ণেন্দু, উত্তংস; শিরোভূষণ,তৎপর্য্যায় চূড়া, শিখা, মুকুট, কিরীট, মৌলী, শিখর।

অবতমস, ন, [অব+তমস] অল্পান্ধকার।

অবতরণ, ন. [অব+তরণ] অবতার; অবরোহ; ভাষান্তর; উদ্ধারণ।

অবতরণিকা, স্ত্রী. [অব+তরণিকা] আভাস, ভূমিকা।

অবতান, ন. [অব+তান] চন্দ্রাতপ, চাদনি, সামিয়ানা; (পুং.) বিস্তৃতি।

অবতার, পুং. [অব+তার] অবতরণ; পুষ্করিণ্যাদি; তীর্থ; বিষ্ণুর মূর্ত্ত্যন্তরের দ্বারা পূর্ণাংশাবেশ রূপ, যথা ব্রহ্মা, বরাহ, নারদ, নরনারায়ণ, কপিল, দত্তাত্রেয়, যজ্ঞ, ঋষভদেব, পৃথু, মৎস্য, কূর্ম্ম, ধন্বন্তরি, মোহিনী, নৃসিংহ, বামন, পরশুরাম, বেদব্যাস, রাম, বলরাম, কৃষ্ণ, বুদ্ধ, কল্কী; দেহান্তর ধারণ, শরীর গ্রহণ। [বস্ত্রাঞ্চল; অর্চ্চন।

অবতারণ, ন. [অব+তারণ] ভূতাদিগ্রহ,

অবতারণিকা, স্ত্রী. [অব+তারণিকা] নৌকা; আভাস, ভূমিকা।

অবতারিত, ত্রি. [অব+তারিত] অপহৃত; সশরীর স্বর্গারোপিত; বিবৃত

অবতীর্ণ, ত্রি. [অব+তীর্ণ] অবতরণবিশিষ্ট, অবরূঢ়; আবির্ভূত; উপস্থিত; উত্তীর্ণ, প্রাদুর্ভূত, জলাদিতে কৃতাবরোহ।

অবতু, ত্রি. [অ+বতু] নিবেসিত; উপহৃত।

অবতোকা, স্ত্রী. [অব+তোকা] পতদ্গর্ভাগৌ, স্রবদ্গর্ভা, গাবড়াগাই, গাবফেলাগাই।

অবথব, (প্রা) বলহীন, অসমর্থ, ক্ষীণ।
অবদংশ, পুং. [অব+দংশ] উপদংশ,খর্জ্জিকা; সুরাপানরুচিজনকচর্ব্বণদ্রব্য,গজর,তৃষ্ণা জনক খাদ্যদ্রব্য বিশেষ।
অবদলন, ন. [অব+দলন] মর্দ্দনকরণ, মাড়ান।
অবদাত-অবদাতক, পুং.[অব+দাত-ক] শ্বেত-বর্ণ; পীতবর্ণ; (ত্রি.) শুক্লগুণবিশিষ্ট, পীতবর্ণ যুক্ত; নির্ম্মল; মনোজ্ঞ।
অবদান, ন. [অব+দান] উৎসর্গ, দেবোপ-হার; বলি; খণ্ডন; যে কর্ম্ম প্রবৃত্তিতে সকলে প্রশংসা করে, প্রশস্তকর্ম্ম; বীরণ মূল। [খনিত্র, খন্তা।
অবদারণ, ন. [অব+দারণ] ভূমিখননকরণ;
অবদাহ, ন. [অব+দাহ] বীরণমূল, খস্‌খস্‌।
অবদাহেষ্ট, ন. [অবদাহ+ইষ্ট] বীরণমূল।
অবদাহেষ্টকাপথ, ন. [অবদাহ+ইষ্টকাপথ] উশীর, বেণারমূল।
অবদীর্ণ, ত্রি. [অব+দীর্ণ] বিদারিত, স্ফুটিত, ফাটা; দ্রবীভূত ঘৃতাদি; দ্রুত।
অবদূন, ত্রি. [অব+দূন] তাপিত, শোকা-তুর। [গোরস।
অবদোহ, পুং. [অব+দোহ] দুগ্ধ, পয়ঃ,
অবদ্ধ, ত্রি. [ন+বদ্ধ] সমুদায় অর্থশূন্য বাক্য, প্রকৃতানুপযোগি বচন, অনর্থক কথা, বন্ধনশূন্য। [বাক্য।
অবদ্ধক, ত্রি. [অ+বদ্ধক] সমুদায়ার্থশূন্য
অবদ্ধমুখ, ত্রি. [অবদ্ধ+মুখ] অপ্রিয়বাদী, দুর্মুখ, মুখর।
অবদ্য, ত্রি. [ন+বদ্য] অধম, কুৎসিত, গর্হিত, নিকৃষ্ট, নিন্দনীয়; অকথ্য; (ন.) অনিষ্ট; পাপ। [কিঞ্চিৎ দীপ্তি।
অবদ্যোত, ত্রি. [অব+দ্যোত] ঈষদুজ্জ্বল,
অবদ্রঙ্গ, পুং. [অব+দ্রঙ্গ] হট্ট, হাট,বাজার।
অবদ্রুত, ত্রি. [অব+দ্রুত] গোলমালে পলা-য়িত; দ্রবীভূত; গলিত।
অবধ্য, ত্রি. [ন+বধ্য] মারণানর্হ, বধাযোগ্য, অনর্থক বাক্য।
অবধান, ন. [অব+ধান] মনোযোগ, মনঃ সংযোজন, সমাধান, প্রণিধান, সমাধি।

অবধাবন, ন. [অব+ধাবন] অভিধাবন, অনুসরণ; গ্রহণ। [অনুসৃত।
অবধারিত, ত্রি. [অব+ধারিত] পশ্চাৎগত,
অবধারণ, ন. [অব+ধারণ] নিশ্চয়।
অবধার, পুং. [অব+ধার] নিশ্চয়, নির্ণয়, স্থিরকরণ।
অবধারিত, ত্রি. [অব+ধারিত] নির্দ্দিষ্ট, নির্ণীত, স্থিরীকৃত, নিশ্চিত; গুরুচ্চা-রিত। [নিশ্চয়, অবধারণীয়।
অবধার্য্য, ত্রি. [অব+ধার্য্য] নির্দ্ধার্য্য
অবধি, পুং. [অব+ধি] অবধান, সীমা, কাল; গর্ত্ত, বিল। [পর্য্যাপ্ত।
অবধিতা. স্ত্রী. [অবধি+তা] সীমা, পরিসীমা,
অবধির, ত্রি, [ন+বধির] শ্রবণশক্তি বিশিষ্ট। [জ্ঞান।
অবধীরণ, ন. [অব+ধীরণ] অবজ্ঞা, তুচ্ছ-
অবধীরিত, ত্রি. [অব+ধীরিত] অবজ্ঞাত, তুচ্ছীকৃত। [বাহিত।
অবধূক, পুং. [অব+ধূক] স্ত্রীহীন; অবি-
অবধূত, ত্রি. [অব+ধূত] বর্জ্জিত, পরি-ষ্কৃত; উদাসীন, যোগী, সন্ন্যাসাশ্রমী, সন্ন্যাসী; কম্পিত। [স্বন্।
অবধূনন, ত্রি. [অব+ধূনন] সকম্প, বিধু-
অবধেয়, ত্রি. [অব+ধেয়] আলোকিত, আলোচিত।
অবধ্বংস-অবধ্বংসন, পুং.ন. [অব+ধ্বংস-ন] পরিত্যাগ, নিন্দন; অবচূর্ণন।
অবধ্বস্ত, ত্রি. [অব+ধ্বস্ত] পরিত্যক্ত, নি-ন্দিত; অবচূর্ণিত।
অবন, ন. [অব্+অন্] প্রীণন; রক্ষণ; গমন; স্পৃহা; তর্পণ; শোভন; শ্রবণ; প্রাপ্তি; আলিঙ্গন; যাচন; প্রবেশন; সত্তা; বৃদ্ধি; গ্রহণ; বধ; শক্তি; অবগমন; কাম; করণ; (ত্রি.) অনরণ্য; নির্জ্জল।
অবনত, ত্রি. [অব+নত] নম্র, প্রহ্বীভূত, নতভাগ, অবাগ্র, আনত, নত।
অবনতি, স্ত্রী. [অব+নতি] প্রণতি, প্রণাম, নমস্কার।
অবনদ্ধ, ন. [অব+নদ্ধ] আবদ্ধ; মৃদঙ্গাদি বাদ্য।

অবনয়, পুং. [অব+নয়] অবনায়, নিপাতন, অধঃপাতন। [নিন্দিত ধ্বনি।
অবনর্দ্দন, ন. [অব+নর্দ্দন] কুৎসিত শব্দ,
অবনায়, পুং. [অব+নায়] অবনয়, অধোনয়ন, অধঃপাতন, নীচে ফেলান, অপ্রণয়; দ্বেষ। [নাক ব্যক্তি, অবটীট, অবভ্রট।
অবনাট, (প্রা) নতনাসিক, খাঁন্দা, ছেপড়া
অবনাহ, পুং, [অব+নাহ] কুৎসিতরূপে অস্ত্রাদি সজ্জা করণ; নিন্দিত অস্ত্রাদি।
অবনি, স্ত্রী. [অব্+অনি] পৃথিবী; রক্ষণ, পালন। [পৃথ্বীপুত্র
অবনিভূ, পুং. [অবনি+ভূ] মঙ্গলগ্রহ,
অবনিরুহ, পুং. [অবনি+রুহ] বৃক্ষ
অবনী, স্ত্রী. [অব্+অনী] ত্রায়মাণালতা; পৃথিবী, মেদিনী, ভূমি। [রাজা।
অবনীপতি, পুং. [অবনী+পতি] ভূপতি,
অবনীপাল, পুং. [অবনী+পাল] ভূপতি, রাজা।
অবনীশ-অবনীশ্বর, পুং. [অবনী+ঈশ-ঈশ্বর] রাজা, নৃপতি। [মার্জ্জন।
অবনেজন, ন. [অব+নেজন] প্রক্ষালন,
অবন্তি, পুং. [ন+বন্তি] অবন্তীদেশ; নদী বিশেষ।
অবন্তিকা, স্ত্রী. [অবন্তিক+আ] উজ্জয়নীনগরী। [কাঁজি।
অবন্তিসোম, ন. [অবন্তি+সোম] কাঞ্জিক,
অবন্তী, স্ত্রী. [অবন্তি+ঈ] দেশবিশেষ, মালবদেশের নগরী, উর্জ্জৈন, উজ্জয়নী, বিশালা, পুষ্করণ্ডিনী।
অবন্দ্য, ত্রি, [ন+বন্দ্য] অপূজ্য, অবন্দনীয়, প্রণামের অযোগ্য।
অবন্ধ্য, ত্রি. [ন+বন্ধ্য] সফল, ফলবান্, ফলকালে ফলযুক্ত বৃক্ষ, ফলেগ্রহি, ফলগ্রহি।
অবন্ধুর, ত্রি. [ন+বন্ধুর] অপ্রিয়, অমনোহর, অরমণীয়; শ্রবণশক্তিবিশিষ্ট; অনুন্নতানত; বেণীভিন্ন।
অবপতন, ন, [অব+পতন] নিপতন, অবতরণ; অধঃপতন। [গমন।
অবপন্ন, ত্রি. [অব+পন্ন] অবরোহিত, অধো-
অবপাত, পুং. [অব+পাত] রন্ধ্র, গর্ত্ত, অধঃপতন। [পালকরহিত।
অবপাল, ত্রি. [অব+পাল] রক্ষকহীন,
অবপালন, ন. [অব+পালন] অপালন, অরক্ষণ।
অবপীড়, পুং. [অব+পীড়] ক্ষুৎকরী, নস্য।
অববাদ, পুং. [অব+বাদ] নিন্দা, অপযশঃ, অখ্যাতি; আজ্ঞা; বিশ্বাস।
অববৃত, ত্রি, [অব+বৃত] আচ্ছাদিত, আবৃত, বেষ্টিত। [আবরণ, ঘেরণ।
অববেষ্টন, ন. [অব+বেষ্টন] আচ্ছাদন,
অববোধ, পুং. [অব+বোধ] অশুদ্ধজ্ঞান, বিজ্ঞান, বিভাবন; জাগর্ত্তি; উপদেশ; শিক্ষা.
অবভান, ন. [অব+ভান] আভাস, ঈষৎজ্ঞান, অন্য প্রকার বোধ; মায়া, প্রবঞ্চনা, ছদ্ম, ছল, কপট।
অবভাস, পুং. [অব+ভাস] প্রকাশকরণ, প্রকাশন; মায়া, প্রপঞ্চ।
অবভাসিনী, স্ত্রী. [অব+ভাসিনী] বাহ্যত্বক্, বাহ্যচর্ম্ম, শরীরের সর্ব্বোপরিস্থিত চর্ম্ম, প্রদীপ্তা। [ভিন্ন।
অবভিন্ন, ত্রি. [অব+ভিন্ন] খণ্ডিত, ভগ্ন,
অবভুগ্ন, ত্রি. [অব+ভুগ্ন] বক্রিমা, নতি, বক্রতা।
অবভৃথ, পুং. [অব+ভৃথ] দীক্ষান্তযজ্ঞ, প্রধান যাগ সমাপনানন্তর অপর যজ্ঞ, যজ্ঞাদির ন্যূনাধিক দোষোপশান্তি নিমিত্ত শেষ কর্ত্তব্য হোম, যজ্ঞাবশেষ স্নান।
অবভ্রট, ত্রি. [অব+ভ্রট] নতনাসিক, চেপটা নাসিক, খাঁদা।
অবম, ন. [ন+বম] এক দিনে এক তিথির শেষ এবং অপর তিথির আদ্যন্তস্পর্শ, (ত্রি.) অধম, নীচ, নিন্দিত।
অবমত, ত্রি. [অব+মত] অবজ্ঞাত, অবমানিত, অনাদৃত। [হস্তী।
অবমতাঙ্কুশ, পুং. [অবমত+অঙ্কুশ] দুর্দ্দম্য-
অবমতি, স্ত্রী. [অব+মতি] অবজ্ঞা, হেয়জ্ঞান, (পুং.) স্বামী, ঈশ্বর, পতি, প্রভু, নেতা

অবমর্দ্দ-অবমর্দ্দন, পুং. [অব+মর্দ্দ-ন] পীড়ন, ব্যথন; দলন; শস্যাদি সম্পন্ন দেশে পর চক্রের দ্বারা পীড়ন; শত্রুকর্ত্তৃক গাঢ়-প্রহার; পদাক্রমণ।

অবমর্ষ-অবমর্ষণ, পুং.ন. [অব+মর্ষ-ণ] অপ-ক্ষয়, পরিক্ষয়, লোপ।

অবমান, ন. [অব+মান] অপমান, অম-র্য্যাদা; অপযশঃ, দুর্নাম।

অবমানতা-অবমাননা, স্ত্রী. [অব+মানতা-মাননা] অবজ্ঞা, অনাদর, অপমান।

অবমান্য, ত্রি. [অব+মান্য] অবমাননীয়।

অবমানিত, ত্রি. [অব+মানিত] অনাদৃত, কৃতাপমান, অবজ্ঞাত, অনাদর, অস-ম্মানিত। [দূষণ।

অবমিশ্র, ন. [অব+মিশ্র] অশুদ্ধিকরণ,

অবমূর্দ্ধ, পুং. [অব+মূর্দ্ধা]অধঃশির, অধো-মস্তক। [শায়ী।

অবমূর্দ্ধশয়, ত্রি. [অব+মূর্দ্ধশয়] অধোমুখ-

অবমৃষ্ট, ত্রি. [অব+মৃষ্ট] ভ্রষ্ট, নষ্ট, মর্দ্দিত।

অবমোচন, ন. [অব+মোচন] উন্মোচন, খুলে দেওন।

অবয়ব, পুং. [অব+য়ু+অ] অঙ্গ, হস্তপদাদি।

অবয়বী, ত্রি. [অবয়ব+ইন্] অঙ্গবিশিষ্ট; হস্তপদাদি বিশিষ্ট।

অবর, ত্রি. [ন+বর] কনিষ্ঠ; অশ্রেষ্ঠ; মন্দ; ক্ষুদ্র; চরম, (ন.) গজান্ত্যজঙ্ঘাদিদেশ।

অবরজ, পুং. [অবর+জ] কনিষ্ঠভ্রাতা, অনুজ; শূদ্র।

অবরত, ত্রি. [অব+রত] নিবৃত্ত, বিরত।

অবরতঃ, বা, [অব+রতস্] পরে পশ্চাতে, অবরস্তাৎ

অবরতি, স্ত্রী, [অব+রতি] বিরতি, নিবৃত্তি।

অবরবর্ণ, পুং.স্ত্রী. [অবর+বর্ণ] চতুর্থবর্ণ, শূদ্রজাতি; নীচজাতি।

অবরবর্ণক-অবরবর্ণজ, পুং. স্ত্রী. [অবর+বর্ণ-ক-জ] চতুর্থবর্ণ, শূদ্র।

অবরব্রত, পুং. [অবর+ব্রত] সূর্য্য, ভাস্কর।

অবরস, ত্রি. [অব+রস] বিরস, অস্বাদু, পানস্বা। [পশ্চাৎ।

অবরস্তাৎ, বা. [অবর+অস্তাৎ] অবরতঃ;

অবরা, স্ত্রী. [অবর+আ] দুর্গা, পার্ব্বতী।

অবরার্দ্ধ্য, ত্রি. [অবর+অর্দ্ধ্য] অবার্দ্ধ্যভব, শেষার্দ্ধজাত।

অবরিকা, স্ত্রী.[অবরিক+আ]ধন্যাক, ধনিয়া।

অবরীণ, ত্রি. [অব+রীণ]ধিক্কৃত, তিরস্কৃত. নিন্দিত। [রোগী।

অবরুগ্ন, ত্রি. [অব+রুগ্ন] বিদীর্ণ; রোগগ্রস্ত,

অবরূঢ়, ত্রি. [অব+রূঢ়] অবতীর্ণ, অব-রোহিত।

অবরোধ, পুং. [অব+রোধ] আটক, রুদ্ধ, অন্তঃপুর,রাজস্ত্রীগৃহ; রাজগৃহ; রাজদারা

অবরোধক, ত্রি. [অব+রোধক] রোধ-কারক, অবরোধকর্ত্তা।

অবরোধন, ন. [অব+রোধন] রাজার অন্তঃপুর; রোধকরণ।

অবরোধিক, পুং. [অব+রোধিক] রাজার অন্তঃপুরাধ্যক্ষ।

অবরোধী, ত্রি. [অব+রোধিন্] প্রতিবন্ধ-কারী, বিঘ্নকারী।

অবরোপণ, ন. [অব+রোপণ] অপহরণ; বঞ্চন; অস্তগমন।

অবরোপিত, ত্রি. [অব+রোপিত] বঞ্চিত; সংক্ষিপ্ত, অল্পীকৃত।

অবরোহ, পুং. [অব+রোহ] অবতরণ; আরোহণ, লতোদ্গম, বৃক্ষমূলাদগ্র-পর্য্যন্তগতালতা; শাখাশিফা, বোয়া, স্বর্গ। [অধঃপতন।

অবরোহণ, ন. [অব+রোহণ] অবতরণ,

অবরোহশাখী, পুং. [অবরোহ+শাখিন্] প্লক্ষবৃক্ষ। [গন্ধালতা।

অবরোহিকা, স্ত্রী. [অব+রোহিকা] অশ্ব-

অবরোহী, পুং. [অব+রোহিন্] বটবৃক্ষ, (ত্রি.) অধোগামী।

অবর্ণ, পুং. [অ+বর্ণ] অ অক্ষর, অকার; নিন্দা, পরিবাদ;(ত্রি.)বিবর্ণ; নীচ; মন্দ।

অবর্ত্তমান, ত্রি. [ন+বর্ত্তমান] অভাব, অনুপস্থিত, মৃত। [চিত।

অবর্দ্ধিত, ত্রি. [ন+বর্দ্ধিত] অনুন্নত, অনুপ-

অবল, ত্রি. [ন+বল] দুর্ব্বল, ক্ষীণ, অশক্তি; (পুং.) বরুণবৃক্ষ

অবলগ্ন, ত্রি. [অব+লগ্ন] সংলগ্ন, সংযুক্ত, (পুং.ন.) মধ্যদেশ, কটিদেশ, মাজা।

অবলজ্জা, স্ত্রী. [অব+লজ্জা] ঈষল্লজ্জা।

অবলম্ব, পুং. [অব+লম্ব] আশ্রয়, অবলম্বন, শরণ।

অবলম্বন, ন. [অব+লম্বন] আশ্রয়, ঠেস।

অবলম্বনীয়, ত্রি. [অবলম্বন+ঈয়] আশ্রয়ণীয়, অবলম্বনের যোগ্য।

অবলম্বিত, ত্রি. [অব+লম্বিত] অবিলম্বিত, শীঘ্র; অধোলম্বায়মান, কৃতাবলম্বন; আশ্রিত।

অবলক্ষ, পুং. [অব+লক্ষ] অল্পকটাক্ষ; বলক্ষ; শ্বেতবর্ণ (ত্রি.) তদ্বিশিষ্ট।

অবলা, স্ত্রী. [অবল+আ] নারী, (ত্রি.) বলহীনা।

অবলাঞ্ছন, ন. [অব+লাঞ্ছন] অকীর্ত্তিজনক চিহ্ন, অখ্যাতির চিহ্ন।

অবলিপ্ত, ত্রি. [অব+লিপ্ত] অভ্যঙ্গিত, লেপিত; অহঙ্কারী। [অবলেপন।

অবলিপ্ততা, স্ত্রী. [অব+লিপ্ততা] অহঙ্কার;

অবলীঢ়, ত্রি. [অব+লীঢ়] আস্বাদিত, চাটিত। [অনায়াস, সহজ।

অবলীলা, স্ত্রী. [অব+লীলা] ক্রীড়া; হেলা,

অবলীলাক্রমে, ব্য. [অবলীলা+ক্রমে] অনায়াসে, অক্লেশে, সহজে।

অবলুঞ্চন, ন. [অব+লুঞ্চন] বিদারণ, বিদার। [লোটা, গড়াগড়ি।

অবলুণ্ঠন, ন. [অব+লুণ্ঠন] লুণ্ঠন, লোঠন,

অবলুণ্ঠিত, ত্রি. [অব+লুণ্ঠিত] লুণ্ঠিত, বিবর্ত্তিত, লোঠিত।

অবলূন, ত্রি. [অব+লূন] ছিন্ন, কর্ত্তিত, খণ্ডিত, ক্লিপ্ত।

অবলেপ, পুং. [অব+লেপ] প্রলেপ, লেপন; অহঙ্কার; ভূষণ; সঙ্গ।

অবলেপন, ন. [অব+লেপন] ম্রক্ষণ, বিলেপন, প্রলেপন; মাখা।

অবলেহ, পুং. [অব+লেহ] লেহ্যদ্রব্য, চাটিবার যোগ্য ঔষধ বিশেষ।

অবলেহন, ন. [অব+লেহন] লেহন, জিহ্বাদ্বারা আস্বাদন, চাটন। [ঘন।

অবলেহ্য, ত্রি. [অব+লেহ্য] অবলীঢ়, চাটিত;

অবলোকন, ন. [অব+লোকন] দর্শন, ঈক্ষণ, আলোকন, বীক্ষণ। [দৃশ্য।

অবলোকনীয়, ত্রি. [অব+লোকনীয়] দর্শনীয়,

অবলোকিত, ত্রি. [অব+লোকিত] নিরীক্ষিত, দৃষ্ট, (পুং.) লোকনাথ, বুদ্ধ; (ন.) প্রেক্ষণ ক্রিয়া।

অবল্গুজ, পুং. [ন+বল্গুজ] সোমরাজী, কৃষ্ণবর্ণ, সোমরাজ, হাকুচ।

অবল্কল, পুং. [ন+বল্কল] বল্কল হীন, ছাল রহিত।

অবশ, ত্রি. [ন+বশ] অবশীভূত, বিবশ, অবাধ্য, অনায়ত্ত, অনধীন।

অবশকৃথিকা, স্ত্রী. [অব+শকৃথিকা] জানুও পদবন্ধন বস্ত্রবিশেষ। [কৃত, স্বতন্ত্র।

অবশতাপন্ন, ত্রি. [ন+বশতাপন্ন] অবশী-

অবশিষ্ট, ত্রি. [অব+শিষ্ট] অবশেষ, শেষ; উদ্বর্ত্ত, বাকি। [বিছা।

অবশীন, পুং. [অব+শীন] বৃশ্চিক, অলি,

অবশীভূত, ত্রি. [ন+বশীভূত] অনধীন, স্বতন্ত্র। [বাকি।

অবশেষ, পুং. [অব+শেষ] অন্ত, শেষ,

অবশোষণ, [অব+শোষণ] শুষ্ককরণ।

অবশ্য, ব্য. [ন+বশ্য] সর্ব্বথা, কর্ত্তব্য, নিতান্ত, নূন, নিশ্চিত, (ত্রি.) অনায়ত্ত, অদম্য।

অবশ্যম্ভব, স্ত্রী. [অবশ্যম্+ভব] যাহা অবশ্য হইবে।

অবশ্যম্ভাবী, ত্রি. [অবশ্যম্+ভাবিন্] নিশ্চিত হইবার যোগ্য, একান্ত ভাবী। [স্ত্রী।

অবশ্যা, স্ত্রী. [ন+বশ্যা] কুজ্ঝটিকা, অবশ্যা

অবশ্যায়, পুং. [অব+শ্যৈ+অ] নীহার, হিম, শিশির; গর্ব্ব।

অবশ্রবণ, ন. [অব+শ্রবণ] অর্দ্ধাকর্ণন, অর্দ্ধ শ্রবণ যাহা শুনা যায় না।

অবষ্কয়ণী, স্ত্রী. [অব+ষ্কয়ণী] বস্কয়ণী, বহুদিবসান্তর প্রসূতাগাবী।

অবষ্টব্ধ, ত্রি. [অব+স্তব্ধ] বেষ্টিত, ঘেরিত; অবিদূর, সমীপ; অবলম্বিত; বদ্ধ; রুদ্ধ; আক্রান্ত।

অবষ্টম্ভ, পুং. [অব+স্তম্ভ] সূচনা, প্রারম্ভ, সুত্র; স্বর্ণ; স্তম্ভ; সৌষ্ঠব।

অবস্বাণ, স্ত্রী. [অব+স্বন] ভক্ষণ, ভোজন, খাদন।

অবস্, ব্য. [অব্+অসচ্] ব্যতিরেক।

অবস, পুং. [অব+অসচ্] রাজা, ভূপাল; সূর্য্য; (ন.) রক্ষণ, রক্ষা।

অবসক্ত, ত্রি. [অব+সক্ত] আসক্ত, অনুরক্ত।

অবসক্তিকা, স্ত্রী, [অব+সক্তিকা] নিচোল, নিবীত, পিরান, উত্তরীয় বস্ত্র বিশেষ, জামা বিশেষ।

অবসক্‌থিকা, স্ত্রী. [অব+সক্‌থিকা] অধো-বন্ধন বিশেষ; পরিকর, পদ ও জানু-বেষ্টিত বস্ত্রবিশেষ, চেল্‌না জাঁঘিয়া।

অবসজ্জন, ন. [অব+সজ্জন] আলিঙ্গন, প্রেমালাপ।

অবসথ, পুং. [অব+সথ] ছাত্রনিলয়, পাঠ-শালা, চতুষ্পাঠী; গ্রাম; গৃহ। [পাড়ী।

অবসথ্য, পুং. [অব+সথ্য] ছাত্রবেশ্ম, চৌ-

অবসন্ন, ত্রি. [অব+সন্ন] অবসাদপ্রাপ্ত, বিসন্ন, শ্রান্ত, ক্লান্ত, জড়ীভূত। [ক্লান্তি, ক্ষীণতা।

অবসন্নতা, স্ত্রী. [অব+সন্নতা] অবসাদ, শ্রান্তি,

অবসব্য, ত্রি. [অব+সব্য] অপসব্য, দক্ষিণ।

অবসর, পুং. [অব+সর] অবকাশ, সময়, বিরাম, বিশ্রাম, প্রস্তাব; মন্ত্র বিশেষ; বর্ষণ; বৎসর; ক্ষণ।

অবসর্গ, পুং.[অব+সর্গ] স্বেচ্ছাচার, প্রকাম্য, স্বচ্ছান্দ্য, অনুমনন। [সর্ব্বতোগমন।

অবসর্প, পুং. [অব+সর্প] অপসর্প, চর,

অবসর্পিণী. স্ত্রী. [অব+সর্পিণী] জিনদিগের কালবিশেষ।

অবসরকাল, পুং. [অবসর+কাল] পর্ব্বদিবস, উৎসবদিবস; বিশ্রামকাল।

অবসাদ, পুং. [অব+সাদ] অবসন্নতা, বিষাদ, সাদ, বিষণ্ণতা, গ্লানি, শ্রান্তি।

অবসাদক, ত্রি. [অবসাদ+ক] আয়াসজনক, শ্রমসাধ্য, ক্লেশকর।

অবসাদন, [অব+সাদন] শ্রম, শ্রান্তি, ক্লান্তি।

অবসাদিত, ত্রি. [অব+সাদিত] ক্লান্ত, শিথিল, বিশ্লথ!

অবসান, ন. [অব+সান] ক্রিয়া সমাপ্তি, শেষ, সাতি, অন্ত, সমাপ্তি; মৃত্যু; সীমা।

অবসায়, পুং. [অব+সায়] শেষ, সমাপ্তি, নিশ্চয়। [করিয়া দেওয়া।

অবসারণ, ন. [অব+সারণ] বহিষ্করণ, বাহির

অবসিক্ত, ত্রি. [অব+সিক্ত] জল-কৃত সেচন, জলসিক্ত।

অবসিত, ত্রি. [অব+সিত] পরিপক্ক; মর্দ্দিত ধান্য, কুশূলধান্য, ঋদ্ধ; জ্ঞাত, অবসান-গত, সমাপ্ত, সিত।

অবসেকিম, পুং. [অব+সেকিম] বটক, বড়া।

অবসেচন, ন. [অব+সেচন] জলসেচন; রক্ত-স্রবণ। [যোগী।

অবসেয়, ত্রি. [অব+সেয়] নশ্বর, ক্ষয়োপ-

অবস্কন্দ, পুং. [অব+স্কন্দ] সৈন্যের ছাউনি, শিবির, কটক; অধঃপতন; স্নান; দুর্ল-ঙ্ঘন।

অবস্কন্দন, ন. [অব+স্কন্দন] খণ্ডন; পরি-হরণ; অবগাহন; অবতরণ।

অবস্কন্দিত, ত্রি. [অব+স্কন্দিত] তর্কেরদ্বারা খণ্ডিত; আক্রান্ত; অবতারিত, স্নাত।

অবস্কর, পুং. [অবস্+কর] সংমার্জ্জন্যাদি নিঃক্ষিপ্ত ধূল্যাদি, জঞ্জাল, ওঁচলা, আব-র্জ্জনা; বিষ্ঠা; গুহ্য।

অবস্করক, পুং. [অবস্+করক] সংমার্জ্জনী, ছাঁটা, সম্মার্জ্জক। [শেষ, অন্ত।

অবস্তাৎ, ব্য. [অব+স্তাৎ] অবরে, পশ্চাৎ;

অবস্তার, পুং. [অব+স্তার] আস্তর, যবনি-কাদি, কানাৎ।

অবস্তু, ন. [ন+বস্তু] অপদার্থ; অযোগ্য; মিথ্যা, অকর্ম্মণ্য, অজ্ঞানাদি জড় সমূহ।

অবস্থাচতুষ্টয়, ন; [অবস্থা+চতুষ্টয়] কাল-কৃত চতুর্ব্বিধ দশা। যথা—বাল্যাবস্থা, যৌবনাবস্থা, প্রৌঢ়াবস্থা, বৃদ্ধাবস্থা

অবস্থা, স্ত্রী. [অব+স্থা] দশা, গতি, সময়; দুর্গতি, কালিকবিশেষ।

অবস্থাতা, স্ত্রী. [অব+স্থাতৃ] অবস্থানকারী, অধিষ্ঠায়ী।

অবস্থাত্রয়, ন. [অবস্থা+ত্রয়] জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্তি এই তিন অবস্থা।

অবস্থাদ্বয়, ন. [অবস্থা+দ্বয়] সুখ ও দুঃখ, এই দুই অবস্থা।

অবস্থান, ন. [অব+স্থান] স্থিতি, বাস, তিষ্ঠন।
অবস্থান্তর, ন. [অবস্থা+অন্তর] অন্য অবস্থা, অন্য দশা।
[রাখন।
অবস্থাপন, ন. [অব+স্থাপন] স্থাপিতকরণ,
অবস্থিত, ত্রি. [অব+স্থিত] স্থিরীভূত, কৃতাবস্থান।
[থাকা।
অবস্থিতি, স্ত্রী. [অব+স্থিতি] অবস্থান, বাস,
অবস্রংসন, ন. [অব+স্রংসন] পতন, অধোগমন।
অবস্বন, ন. [অব+স্বন] কুশব্দ, মন্দধ্বনি।
অবহত, ত্রি. [অব+হত] আহত, তাড়িত।
অবহনন, ন. [অব+হনন] মর্দ্দন, দলন।
অবহরণ, ন. [অব+হরণ] অপহরণ, দণ্ডন।
অবহস্ত, পুং. [অব+হস্ত] হস্তপৃষ্ঠ, হস্তের পশ্চাদ্ভাগ।
অবহা, ত্রি. [ন+বহা] অচল, স্থির, স্থায়ী।
অবহার, পুং. [অব+হার] গ্রাহ, জলকিরাট অর্থাৎ হাঙ্গর; তস্কর; জলহস্তী; দ্যূতক্রীড়াও যুদ্ধাদির সাবকাশকাল; আহ্বান; উপনেতব্যদ্রব্য; স্বজাতীয় ধর্ম্ম ত্যাগান্তর পরধর্ম্মাশ্রয়; মোচন।
অবহারক, পুং. [অব+হারক] জলজন্তুবিশেষ, হাঙ্গর; জলহস্তী; চৌর; (ত্রি.) যুদ্ধাদি নিবর্ত্তক।
[প্রাচীর।
অবহালিকা, স্ত্রী. [অব+হালিকা] প্রবীর,
অবহিত, ত্রি. [অব+হিত] বিজ্ঞাত, অবধানগত।
[কাপট্য, আকারগুপ্তি।
অবহিত্থা, স্ত্রী. ন. [ন+বহির+স্থা] ছদ্মবেশ,
অবহেল-অবহেলন, পুং. ন. [অব+হেল-ন] অবজ্ঞাকরণ, অনাদরকরণ অবহেলা, অবমাননা।
[অশ্রদ্ধা, অবজ্ঞা।
অবহেলা, স্ত্রী. [অব+হেলা] অনাদর,
অবহেলিত, ন. [অব+হেলিত] অনাদর, অবহেলা, (ত্রি.) তদ্বিশিষ্ট
অবক্ষুধা, স্ত্রী. [অব+ক্ষুধা] পেটুকতা, উদরম্ভরিত্ব।
[ঠাট্টা; কুক্ষেপ।
অবক্ষেপ, পুং. [অব+ক্ষেপ] বিদ্রূপ, ব্যঙ্গ,
অবাক্, ত্রি. [ন+বাচ্] অবকট, অর্থাৎ বাক্যরহিত, বোবা; দক্ষিণদিগ; অধোমুখ।
অবাক্‌পুষ্পী, স্ত্রী. [অবাক্+পুষ্পী] শতপুষ্পী, শলুফা; মিশ্রেয়া, মৌরী, বৃক্ষবিশেষঃ হেঠাহুলী, চোরহুলী, চোরখড়্‌কী, অধঃপুষ্পী, মঙ্গল্যা, অমরপুষ্পিকা।
অবাক্‌শিরাঃ, ত্রি. [অবাক্+শিরস্] অধোমস্তক; অবমূর্দ্ধাশয়।
[অবনত।
অবাগ্র, ত্রি. [অব+অগ্র] নিম্নাগ্র, নত, নম্র,
অবাঙ্, ত্রি. [ন+বান্‌চ] নীচবদন, অধোমুখ, অবাঙ্মুখ, অবাচীন।
অবাঙ্মুখ, ত্রি. [অবাচ্+মুখ] অধোমুখ, নত, লজ্জিত।
অবাচ্, ত্রি. [ন+বাচ্] দক্ষিণ দিক্; অধোবদন, নির্ব্বচন, মুদ্রিতমুখ, বোবা।
অবাচক, ত্রি. [ন+বাচক] বাক্যরহিত, মূক, বোবা।
অবাচী, স্ত্রী. [অবাচ্+ঈ] দক্ষিণ-দিক্ অধোমুখী।
[অধোমুখ।
অবাচীন, ত্রি. [অবাচ্+ঈন] দক্ষিণদিগ্‌ভবস্তু,
অবাচ্য, ত্রি. [ন+বাচ্য] অনিন্দিত, অবিগর্হিত; অবক্তব্য; (ন.) দুর্ব্বাক্য, অনক্ষর।
[ভগ, অপত্যদ্বার।
অবাচ্যদেশ, পুং. [অবাচ্য+দেশ] যোনি,
অবাত, পুং. [ন+বাত] নির্ব্বাত, বায়ুরহিত।
অবাদ, পুং. [ন+বাদ] অবিতণ্ডা, অপ্রতিবাদ।
অবাদী, ত্রি. [ন+বাদিন্] অবিরোধী, অবিবাদী; অবক্তা, অবদনশীল।
অবাদে, ব্য. [ন+বাদে] নির্ব্বিবাদে, নির্ব্বিঘ্নে।
অবাধ, ত্রি. [ন+বাধ] বাধাশূন্য, নিরর্গল; অনিবারিত, অনর্গল, উৎশৃঙ্খল, উদ্দাম, অনিয়ন্ত্রিত, নিরঙ্কুশ, (স্ত্রী.) ছেদ, খণ্ড; অব্যক্ততা।
অবাধ্য, ত্রি. [ন+বাধ্য] অবাধনীয়, অবাধিতব্য, বাধাযোগ্য, বাধানর্হ; অবশ।
অবাধ্যতা, স্ত্রী. [অবাধ্য+তা] অবশতা, অনধীনতা।
অবাধে, ব্য. [ন+বাধে] নির্ব্বিঘ্নে, নির্ব্বিবাদে।
অবান, ত্রি. [ন+বান] শুষ্কফলাদি, গতরস।
অবান্তর, ত্রি. [অব+অন্তর] অন্তরস্থ, অন্তর্গত, মধ্য।

অবাপিত, ত্রি. [ন+বাপিত] ধান্যাদি অনুপ্ত, অবোনা।

অবাপিতধান্য, ত্রি.[অবাপিত+ধান্য]অকৃত-বপন ধান্য, রোপিতধান্য, রোয়াধান।

অবাপ্ত, ত্রি. [অব+আপ্ত] প্রাপ্ত, লব্ধ; পিতৃপ্রাপ্য

অবাবট, পুং. [অব+আবট] দিধিষুপুত্র, জারজপুত্র। [তস্কর।

অবাবন্, পুং. [অব+আবন] চৌর, চোর,

অবার, ন. [ন+বার] অর্ব্বাকৃতট, এপার; নদ্যাদির পূর্ব্বতীর।

অবারণ, ন. [ন+বারণ] অনিবারণ,অবাধা।

অবারপার, পুং. [অবার+পার] সমুদ্র, সাগর।

অবারপারীণ, ত্রি. [অবার+পারীণ] পারগ, নদ্যাদি পারগত ব্যক্তি।

অবারিকা-অবরিকা, স্ত্রী. [অবারিক+আ] ধন্যাক ধনিয়া, অবরিক। [অনিবারিত।

অবারিত, ত্রি. [অ+বারিত] অকৃতবারণ,

অবারিতদ্বার, ত্রি. [অবারিত+দ্বার] মুক্ত দ্বার, বাধাশূন্যদ্বার, সকলের অভিগম্য।

অবারীণ, ত্রি.[অবারী+ঈন]পারগ; নদীপার গত।

অবার্য্য, ত্রি. [ন+বার্য্য] অনিবার্য্য, অবারণীয়, অবারিতব্য, বারণাযোগ্য।

অবাল, ত্রি. [ন+বাল] শুষ্কফল; বালরহিত।

অবাসাঃ, ত্রি. [ন+বাসস্] বস্ত্ররহিত, নগ্ন।

অবাস্তব, ত্রি. [ন+বাস্তব] অযথার্থ, মিথ্যা।

অবাক্ষ, ত্রি. [অব+অক্ষি] পরিরক্ষক।

অবি, পুং. [অব+ইন] সূর্য্য; পর্ব্বত; মেষ; স্বামী; রক্ষণ; মূষিক; প্রাচীর; বায়ু; কম্বল; (স্ত্রী.) ঋতুমতী, রজস্বলা, পুষ্পবতী।

অবিক, ন. [অবি+ক] হীরক, রত্নমুখ্য।

অবিকচ-অবিকচিত, ত্রি. [ন+বিকচ-চিত] অপ্রফুল্ল, মুদিত, অফুল্ল, অপ্রস্ফুটিত।

অবিকট, পুং. [অবি+কট]মেষসমূহ, ভেড়ার পাল; (ত্রি.) [ন+বিকট] অকুৎসিত, অভয়ঙ্কর

অবিকথ-অবিকথি, ত্রি. [ন+বিকথা-থি] নির্গর্ব্ব, নিরহঙ্কারী, স্তব্ধ।

অবিকথন, ন. [ন+বিকথন] অহঙ্কৃতবাক্য, মন্দকথা।

অবিকল, ত্রি. [ন+বিকল] যথার্থ, ঠিক, অবিকৃত। [নিঃসন্দেহ।

অবিকল্প, পুং. [ন+বিকল্প] অসংশয়,

অবিকল্পিত, ত্রি. [ন+বিকল্পিত] অসন্দিগ্ধ, নিশ্চিত। [অবিকল।

অবিকার, ত্রি. [ন+বিকার] বিকৃতিশূন্য,

অবিকাশ, পুং. [ন+বিকাশ] অপ্রকাশ, মুদিত, অপ্রস্ফুটিত।

অবিকৃত, ত্রি. [ন+বিকৃত] প্রকৃত, যথাভূত, অবিকল, অবিকার্য্য। [হীন।

অবিক্রম, ত্রি. [ন+বিক্রম] নির্ব্বীর্য্য, বীর্য্য-

অবিক্রয়, পুং. [ন+বিক্রয়] বিক্রয়রহিত, অবিক্রীণন। [অনভিভূত।

অবিক্রান্ত, ত্রি. [ন+বিক্রান্ত] অনতিক্রান্ত,

অবিক্রীত, ত্রি. [ন+বিক্রীত] নাবেচা, অবিক্রেয়; কেলিরহিত।

অবিক্লব, ত্রি. [ন+বিক্লব] অবিচলিত, স্থির, অবস্থিত।

অবিক্লম, পুং. [ন+বিক্লম] পরাক্রম, শক্তি, বীর্য্য, প্রভাব।

অবিক্লান্ত, ত্রি. [ন+বিক্লান্ত] অশ্রান্ত, অবিষাদ। [অখ্যাত্যাপন্ন।

অবিখ্যাত, ত্রি. [ন+বিখ্যাত] অপ্রসিদ্ধ,

অবিগত, ত্রি. [ন+বিগত] বর্ত্তমান, বিদ্যমান, প্রত্যক্ষ, অনতীত, গতশূন্য।

অবিগন্তব্য, ত্রি. [ন+বিগন্তব্য] অনশ্বর, অব্যয়, অক্ষয়, অজর, অক্ষর।

অবিগন্ধিকা, স্ত্রী. [অবি+গন্ধিকা] অজগন্ধাবৃক্ষ। [অগর্হিত।

অবিগীত, ত্রি. [ন+বিগীত] অনিন্দিত,

অবিগুণ, ত্রি. [ন+বিগুণ] অবিরুদ্ধ, উপযুক্ত, যোগ্য। [মর্দ্দক বৃক্ষ।

অবিগ্ন, পুং. [ন+বিগ্ন] পানিআমলা, কর-

অবিগ্রহ, ত্রি. [ন+বিগ্রহ] নিরবয়ব, অনঙ্গ; নির্ব্বিবাদ। [ঘাত।

অবিঘ্ন, ত্রি. [ন+বিঘ্ন] নির্ব্বিঘ্ন, অব্যা-

অবিচক্ষণ, পুং. [ন+বিচক্ষণ] অপণ্ডিত অজ্ঞ, অনভিজ্ঞ।

অবিচলিত, ত্রি. [ন+বিচলিত] স্থির, দৃঢ়, নিশ্চিত; অদ্রবীভূত।
অবিচার, পুং. [ন+বিচার] অন্যায়, অত্যাচার, বেআইনী, বেজায় (ত্রি.) বিচার রহিত। [চিত, অকৃতবিচার।
অবিচারিত, ত্রি. [ন+বিচারিত] অবিবে-
অবিচারী, ত্রি. [ন+বিচারিন্] বিচার করণে বিমুখ, অন্যায়কারক, অবিবেকী, অবিচক্ষণ।
অবিচালিত, ত্রি. [ন+বিচালিত] বিজয়ী, বিজিতবান; স্থির, অচঞ্চল।
অবিচিন্ত্য, ত্রি. [ন+বিচিন্ত্য] অচিন্তনীয়, অতীন্দ্রিয়।
অবিচ্যুত, ত্রি. [ন+বিচ্যুত] অচ্যুত, নিত্যস্থায়ী। [যুক্ত।
অবিচ্ছিন্ন, ত্রি. [ন+বিচ্ছিন্ন] অভিন্ন, সংলগ্ন,
অবিচ্ছেদ, ত্রি. [ন+বিচ্ছেদ] অবাধ, বারণ রহিত, ক্রমাগত, সংযোগ। [র্জ্জন।
অবিজন, ত্রি. [ন+বিজন] লোকগম্য, অনি-
অবিজিত, ত্রি. [ন+বিজিত] অপরাজিত, অনাক্রান্ত।
অবিজ্ঞ, ত্রি. [ন+বিজ্ঞ] অপ্রবীণ, অনিপুণ, অনভিজ্ঞ, অশিক্ষিত, অকৃতী।
অবিজ্ঞতা, স্ত্রী. [ন+বিজ্ঞতা] অনৈপুণ্য, অপ্রবীণতা।
অবিডীন, ন. [ন+বিডীন] পক্ষিদিগের আভিমুখ্যাভিগমন। [তারিত।
অবিত, ত্রি. [অব্+ইত] ত্রাত, রক্ষিত,
অবিতত, ত্রি. [ন+বিতত] অবিস্তৃত।
অবিতথ, ন. [ন+বিতথ] সত্য, যথার্থ, (ত্রি.) তদ্বিশিষ্ট। [অপ্রসর।
অবিতান, ন. [ন+বিতান] অবিস্তার,
অবিত্যজ, ত্রি. [ন+বিত্যজ] পারদ, পারা।
অবিত্ত, ত্রি. [ন+বিত্ত] অবিদিত, অনবগত; নির্ধন, দরিদ্র।
অবিদগ্ধ, ত্রি. [ন+বিদগ্ধ] অপণ্ডিত, অনভিজ্ঞ, অচতুর।
অবিদগ্ধতা, স্ত্রী, [অবিদগ্ধ+তা] অপাণ্ডিত্য। [গত।
অবিদিত, ত্রি. [ন+বিদিত] অজ্ঞাত, অনব-
অবিদূর, ত্রি. [ন+বিদূর] সমীপ, নিকট।
অবিদূরতঃ, ব্য. [অবিদূর+তস্] নিকটে; সম্মুখে।
অবিদূস, ন. [অবি+দূস] মেষদুগ্ধ।
অবিদ্ধ, ত্রি. [ন+বিদ্ধ] অযুক্ত, যাহা বিদ্ধ নয়। [আকনাদি; ভৃঙ্গরাজ।
অবিদ্ধকর্ণা, স্ত্রী. [ন+বিদ্ধ+কর্ণা] অম্বষ্ঠা,
অবিদ্ধকর্ণী, স্ত্রী. [ন+বিদ্ধ+কর্ণী] বিদ্ধকর্ণীলতা। [অবিদ্বান্, বিদ্যারহিত।
অবিদ্য, ত্রি. [ন+বিদ্যা] মূর্খ, অনভিজ্ঞ,
অবিদ্যমান, ত্রি. [ন+বিদ্যমান] অবর্ত্তমান, সত্ত্বারহিত, অভাব।
অবিদ্যা, স্ত্রী. [ন+বিদ্যা] অজ্ঞান; মায়া।
অবিদ্যোত, পুং. [ন+বিদ্যোত] অসমুজ্জ্বল, প্রভাহীন।
অবিদ্বান্, ত্রি. [ন+বিদ্বস্] মূর্খ, অপণ্ডিত।
অবিধ, ত্রি. [ন+বিধ] অভেদ, সমান।
অবিন্ধন, পুং. [ন+বিন্ধন] বাড়বাগ্নি।
অবিধা, স্ত্রী. [ন+বিধা] অবিশেষ,বিশৃঙ্খলা।
অবিধান, ত্রি. [ন+বিধান] অবিধি, অশাস্ত্র।
অবধানতঃ, ব্য. [ন+বিধানতস্] অবিধিক্রমে অশাস্ত্রপূর্ব্বক।
অবিধি-অবিধিপূর্ব্বক, ত্রি. [ন+বিধি-পূর্ব্বক] অশাস্ত্র, অবিধান, শাস্ত্র অবিহিত।
অবিধেয়, ত্রি. [ন+বিধেয়] অযোগ্য, অনুচিত, অকর্ত্তব্য। [যাগকর্ত্তা।
অবিন, পুং. [অব+ইন] যষ্টা, যাজক,
অবিনয়, পুং. [ন+বিনয়] বিনয়াভাব, দোষ, (ত্রি.) অবিনীত, প্রগল্ভতা, ধৃষ্টতা, দুষ্টতা।
অবিনশ্বর-অবিনষ্ট, ত্রি. [ন+বিনশ্বর-বিনষ্ট] অনাশ্য, অনশ্বর, অবিনাশী।
অবিনাভাব, পুং. [ন+বিনা+ভাব] ব্যাপ্তি, ব্যাপ্য নিষ্ঠ, ব্যাপক নিরূপিতধর্ম্ম।
অবিনাশ, ত্রি. [ন+বিনাশ] অক্ষয়িষ্ণু, অভঙ্গুর, নাশরহিত।
অবিনীত, ত্রি. [ন+বিনীত] অশান্ত, প্রগল্ভ, দুষ্ট, অশিষ্ট, বিনয় রহিতব্যক্তি, সমুদ্ধত। [অসতী. কুলটা।
অবিনীতা, স্ত্রী. [ন+বিনীতা] পুংশ্চলী,

অবিনোদ, পুং. [ন+বিনোদ] বিষণ্ণতা, শোক। [কম্বলাদি, উর্ণবস্ত্র।
অবিপট, পুং. [অবি+পট] অবীবিস্তার,
অবিপত্তি-অবিপদ, স্ত্রী. [ন+বিপত্তি-বিপদ] সম্পত্তি, সৌভাগ্য, সম্পদ, সমৃদ্ধি।
অবিপন্ন, ত্রি. [ন+বিপন্ন] অবিপদগ্রস্ত, সুস্থ। [অপাক
অবিপাক, পুং. [ন+বিপাক] অপরিপাক,
অবিপুল, ত্রি. [ন+বিপুল] অল্প, ক্ষুদ্র,লঘু।
অবিপ্রিয়, পুং. [ন+বিপ্রিয়] শ্যামকতৃণ।
অবিপ্রিয়া, স্ত্রী. [ন+বিপ্রিয়া] শ্যামাতলা।
অবিপ্লুত, ত্রি. [ন+বিপ্লুত] অবিনষ্ট, অক্ষত; আপ্লুত।
অবিফল, ত্রি. [ন+বিফল] সফল; অব্যর্থ।
অবিফুল্ল, ত্রি. [ন+বিফুল্ল] প্রস্ফুটিত, অবিকশিত। [অবিরোধী।
অবিবাদী, ত্রি. [ন+বিবাদিন্] নির্ব্বিবাদী,
অবিবাহিত, ত্রি. [ন+বিবাহিত] অকৃতোদ্বাহ, অপরিণীত, অকৃতদার, আইবড়।
অবিবেক, পুং. [ন+বিবেক] বিবেকশূন্য, বিবেচনা রহিত। [রহিত, নির্ব্বোধ।
অবিবেকী, ত্রি. [ন+বিবেকিন্] বিবেচনা
অবিবেচনা, স্ত্রী. [ন+বিবেচনা] বিবেক হীনতা, অবিচার।
অবিভক্ত, ত্রি. [ন+বিভক্ত] অবিভাগ, একত্র, অপৃথক্। [পার্থক্যাভাব।
অবিভাগ, ত্রি. [ন+বিভাগ] অনংশ,
অবিভাজ্য, ত্রি. [ন+বিভাজ্য) অবণ্টনীয়, যাহা অংশ করা যায় না। [অজ্ঞান।
অবিভাবন, ন. [ন+বিভাবন] অননুবোধ,
অবিভূতি, ত্রি. [ন+বিভূতি] প্রভাব শূন্য, অপ্রভাব, ঐশ্বর্য্যরহিত, অপ্রভুত্ব।
অবিভূষিত, ত্রি. [ন+বিভূষিত] অনলঙ্কৃত, ভূষণহীন।
অবিভ্রম, পুং. [ন+বিভ্রম] ভ্রান্তিরহিত।
অবিমরীস, ন. [অবি+মরীস] মেষদুগ্ধ।
অবিমুক্ত, ত্রি. [ন+বিমুক্ত] অত্যক্ত, (পুং.) বারাণসীক্ষেত্র। [অপৃথক্।
অবিযুক্ত, ত্রি. [ন+বিযুক্ত] সংযুক্ত, মিলিত,
অবিরক্ত, ত্রি.[ন+বিরক্ত]নিরত,প্রসক্ত,রত।

অবিরত, ন. [ন+বিরত] নিযুক্ত, আসক্ত, নিরন্তর, সতত, অনবরত, (ত্রি.) তদ্বিশিষ্ট।
অবিরল, ত্রি. [ন+বিরল] বিরলত্বরহিত; নির্ব্বিরল, ঘন, নিবীড়, সান্দ্র, নীরন্ধ্র, বহল, দৃঢ়, গাঢ়, অর্জ্জিন,ন নিরন্তর
অবিরব, ত্রি. [ন+বিরব] নিঃশব্দ। [দিত
অবিরস, ত্রি. [ন+বিরস] সুস্বাদু, আস্বা-
অবিরহ, পুং. [ন+বিরহ] বিদ্যমানতা, বর্ত্তমানতা; অবিচ্ছেদ।
অবিরাব, পুং. [ন+বিরাব] নীরবতা, শব্দাভাব। [নিরন্তর।
অবিরাম, ত্রি. [ন+বিরাম] অনবরত,
অবিরুত, ত্রি. [ন+বিরুত] অনুচ্চারিত, নিরস্ত। [অবাধিত।
অবিরুদ্ধ, ত্রি. [ন+বিরুদ্ধ] অনিরুদ্ধ,
অবিরোধ, ত্রি. [ন+বিরোধ] একতা, মিলন, বিবাদাভাব, বিরোধাভাব।
অবিলম্ব, ন. [ন+বিলম্ব] শীঘ্র, আশু, অবিলম্বন। [অবিলম্বিত।
অবিলম্বন, ন. [ন+বিলম্বন,] শীঘ্র
অবিলম্বিত, ত্রি; [ন+বিলম্বিত ত্বরাযুক্ত, উচ্চণ্ড, (ন.) বিলম্বাভাব, তৎপর্য্যায়।— শীঘ্র, ত্বরিত, লঘু, ক্ষিপ্র, ত্বর, দ্রুত, সত্বর, চপল, তূর্ণ, আশু।
অবিলা, স্ত্রী. [ন+বিলা] মেষী, ভেড়ী।
অবিলাপ, ত্রি. [ন+বিলাপ] অশোচিত, অরুদিত। [বিলাসরহিত।
অবিলাস, ত্রি. [ন+বিলাস] অপ্রমোদ,
অবিলিখিত, ত্রি [ন+বিলিখিত] অসীত্য, অরেখা। [অপ্রতিকূল।
অবিলোম, ত্রি. [ন+বিলোম] অবিরোধী,
অবিশঙ্কা, স্ত্রী. [ন+বিশঙ্কা] আশঙ্কা রহিত। [সংক্ষিপ্ত।
অবিশাল, ত্রি. [ন+বিশাল] সঙ্কুচিত,
অবিশিষ্ট, ত্রি. [ন+বিশিষ্ট] সাধারণ, অবিশেষিত।
অবিশুদ্ধ, [ন+বিশুদ্ধ] নির্ম্মল, পবিত্র।
অবিশেষ, ত্রি. [ন+বিশেষ] বিশেষরহিত, অভেদ, তুল্য, (পুং.) বিশেষাভাব।

অবিশ্রান্ত, ত্রি. [ন+বিশ্রান্ত] বিশ্রান্ত, শ্রান্তিরহিত, অনবরত।
অবিশ্বস্ত, ত্রি. [ন+বিশ্বস্ত] বিশ্বাসানর্হ, অকৃতবিশ্বাস, প্রত্যয়াযোগ্য, অপ্রত্যয়িত।
অবিশ্বাস, পুং. [ন+বিশ্বাস] অপ্রত্যয়, দৃঢ়তর বোধ না করণ।
অবিশ্বাসা, স্ত্রী. [ন+বিশ্বাসা] চিরপ্রসুতা গাভী, বহু দিবসান্তর প্রসববতী গাভী, কেলেন্ গাই।
অবিষ, পুং. [ন+বিষ] সমুদ্র; আকাশ, (ত্রি.) নির্বিষ, বিষশূন্য।
অবিষা, স্ত্রী. [ন+বিষা] নির্বিষাতৃণ।
অবিষী, স্ত্রী. [ন+বিষী] নদী।
অবিসোঢ়, ন. [অবি+সোঢ়] মেষদুগ্ধ।
অবিষয়, ত্রি. [ন+বিষয়] অগোচর, অনাস্পদ, বিষয়শূন্য। [ক্লিষ্ট।
অবিস্পষ্ট, ন. [ন+বিস্পষ্ট] অস্পষ্টবাক্য,
অবী, স্ত্রী. [অবিন্] ঋতুমতী।
অবীচি, পুং. [ন+বীচি] নরকবিশেষঃ, (ন.) তরঙ্গশূন্য।
অবীচিময়, পুং. [অবীচি+ময়] নরকভেদ।
অবীর, ত্রি. [ন+বীর] শূরত্বরহিত, নির্বীর্য্য।
অবীরা, স্ত্রী. [ন+বীরা] পতি পুত্র বিহীনা স্ত্রী, নিষ্পতিসুতা।
অবুধ, ত্রি. [ন+বুধ] অজ্ঞান, মূর্খ, অবোধ।
অবেদ্য, পুং. [ন+বেদ্য] গোবৎসক, বাছুর, (ত্রি.) অজ্ঞেয়।
অবেল, পুং. [অব+ইল] অপলাপ, অপহ্নব।
অবেলা, স্ত্রী. [অবেল+আ] পূগচর্ব্বিত, চিবানগুয়া। [অবলোকন।
অবেক্ষণ, ন. [অব+ঈক্ষণ] দর্শন, অবেক্ষা,
অবেক্ষা, স্ত্রী. [অব+ঈক্ষা] প্রত্যবেক্ষণ, প্রত্যক্ষদৃষ্টি, প্রতিজাগর, ধ্যান, মনোযোগ দৃষ্টি।
অবেক্ষিত, ত্রি. [অব+ঈক্ষিত] দৃষ্ট, অবলোকিত।
অবৈতনিক, ত্রি. [ন+বৈতনিক] যে বেতন ভোগী নহে; অথবা যে কর্ম্মের শ্রমমূল্য নাই।
অবৈধ, ত্রি. [ন+বৈধ] নিষিদ্ধ, বিধ্যবিষয় বিধি বিবর্জ্জিত, যাহা বিধি প্রাপ্ত নয়।
অবৈধকর্ম্মক, ত্রি. [অবৈধ+কর্ম্মক] অবৈধকর্ম্মকারী, অত্যাচারী, অতিরিক্তাচারী।
অবোদ, ত্রি. [ন+বোদ] আর্দ্র।
অবোদ্ধব্য, ত্রি. [ন+বোদ্ধব্য] অজ্ঞেয়, অমনোগম্য, বোধাগম্য।
অবোধ, ত্রি. [ন+বোধ] জ্ঞানহীন, নির্বোধ, মূর্খ, অল্পমেধা, মুগ্ধ, মূঢ়মতি, স্থূলধী।
অবোধগম্য, ত্রি. [ন+বোধগম্য] বোধাতীত, অজ্ঞেয়।
অব্জ, পুং. [অপ্+জ] চন্দ্র; ধন্বন্তরি; নিচুলবৃক্ষ; (ন.) পদ্ম; দশার্ব্বুদ সংখ্যা শতকোটি, ১০০০০০০০০০, (পুং. ন.) শঙ্খ।
অব্জজ, পুং. [অব্জ+জ] ব্রহ্মা; বুধ; (ত্রি.) পদ্মজ, কমলজাত।
অব্জজাত, পুং. [অব্জ+জাত] ব্রহ্মা; বুধ; (ত্রি.) পদ্মজ। [কমলনেত্র।
অব্জদৃক্, ত্রি. [অব্জ+দৃক্] পদ্মলোচন,
অব্জভোগ, পুং. [অব্জ+ভোগ] পদ্মকন্দ।
অব্জযোনি, পুং. [অব্জ+যোনি] ব্রহ্মা, প্রজাপতি, বিধাতা। [সূর্য্য।
অব্জবাহন, পুং. [অব্জ+বাহন] শিব; ইন্দ্র,
অব্জহস্ত, পুং. [অব্জ+হস্ত] সূর্য্য; (ত্রি.) কমলকর, পদ্মহস্ত।
অব্জিনী, স্ত্রী. [অব্জ+ইনী] পদ্মিনী, নলিনী, কমলিনী; পদ্মসমূহ; পদ্মলতা; পদ্মযুক্ত দেশ; লক্ষ্মী।
অব্জিনীপতি, পুং. [অব্জিনী+পতি] সূর্য্য, লক্ষ্মীপতি, মাধব। [পর্ব্বত বিশেষ।
অব্দ, পুং. [অপ্+দ] বৎসর; মেঘ; মুস্তা;
অব্দসার, পুং. [অব্দ+সার] কর্পূরভেদ।
অব্দবাহন, পুং. [অব্দ+বাহন] ইন্দ্র, দেবরাজ।
অব্ধি, স্ত্রী. [অপ্+ধি] সমুদ্র, অর্ণব, সাগর।
অব্ধিকফ, পুং. [অব্ধি+কফ] সমুদ্রফেন, হিণ্ডীর, ফেন, সিন্ধুকফ।
অব্ধিজৌ, পুং. [অব্ধি+জ] অশ্বিনীকুমার, স্বর্বৈদ্য।

অব্ধিদ্বীপা, স্ত্রী, [অব্ধি+দ্বীপা] পৃথিবী, ধরিত্রী, (পুং. ন.) সমুদ্রান্তরীপ, পয়োগড়।

অব্ধিনগরী, স্ত্রী. [অব্ধি+নগরী] দ্বারকাপুরী; লঙ্কা, রাবণের বাসস্থান।

অব্ধিনবনীতক, পুং. [অব্ধি+নবনীত+ক] চন্দ্র, শশাঙ্ক।

অব্ধিফেণ, পুং. [অব্ধি+ফেণ] সমুদ্রফেন।

অব্ধিমণ্ডূকী, স্ত্রী. [অব্ধি+মণ্ডকী] শুক্তি অর্থাৎ ঝিনুক, মুক্তাস্ফোট। [য়ণ।

অব্ধিশয়ন, পুং. [অব্ধি+শয়ন] বিষ্ণু, নারা-

অব্ধ্যগ্নি, পুং. [অব্ধি+অগ্নি] বাড়বানল সমুদ্রবহ্নি, বাড়বাগ্নি।

অব্ভক্ষ, পুং. [অপ্+ভক্ষ] সর্প।

অভ্র, ন. [অপ্+ভ্র] মেঘ; ধাতুবিশেষ, মুস্তাতৃণ, স্বর্ণগণ।

অভ্রমাতঙ্গ, পুং. [অভ্র+মাতঙ্গ] ঐরাবত।

অভ্রি, পুং. [অপ্+ভ্রি] কাষ্ঠকুদ্দাল, নৌকার মল পরিশোধনার্থ কুদ্দালাকৃতিকাষ্ঠ।

অভ্রিয়, ত্রি. [অভ্র+ইয়] মেঘোদ্ভব বস্তু।

অব্যক্ত, পুং. [ন+ব্যক্ত] বিষ্ণু; শিব; কন্দর্প; মূর্খ, (ন.) প্রকৃতি; আত্মা; মহদাদি; পরমাত্মা, (ত্রি.) অস্পষ্ট, অপ্রত্যক্ষ। [গণিতের গণনা।

অব্যক্তক্রিয়া, স্ত্রী. [অব্যক্ত+ক্রিয়া] পাটী-

অব্যক্তরাগ, পুং.] অব্যক্ত+রাগ,] লোহিতবর্ণ; অরুণবর্ণ; অপ্রকাশ্য অন্তঃস্থ অভিলাষ।

অব্যক্তরাশি, স্ত্রী. [অব্যক্ত+রাশি] গণিতাঙ্কের রাশিভেদ, চতুর্থরাশি; অপ্রকাশ্যরাশি।

অব্যক্তসংজ্ঞক, ত্রি. [অব্যক্ত+সংজ্ঞক] অচিন্তনীয়, বোধাতীত, ইন্দ্রিয়াগোচর।

অব্যক্তসাম্য, ন. [অব্যক্ত+সাম্য] সমীক্রিয়ার অপ্রকাশ্য রাশি।

অব্যগ্র, ত্রি. [ন+ব্যগ্র] বিমুখ্যকারী, কৃতাবধান, অপ্রমত্ত। [অগূঢ়।

অব্যঙ্গ, ত্রি. [ন+বি+অঙ্গ] অস্পট,সুব্যক্ত,

অব্যঙ্গা, স্ত্রী. [অব্যঙ্গ+আ] শূকশিম্বী, (ত্রি.) সুরূপ, সুশ্রী, অবিকলাঙ্গ।

অব্যঙ্গাঙ্গ, ত্রি. [অব্যঙ্গ+অঙ্গ] রূপবান্, সর্ব্বাঙ্গসুন্দর।

অব্যঞ্জন, পুং. [ন+ব্যঞ্জন] শৃঙ্গহীন পশু, (ত্রি.) অস্ফুট, অস্পষ্ট। [কুম্ভী।

অব্যণ্ডা, স্ত্রী. [ন+বি+অণ্ডা] অধ্যণ্ডা, আল-

অব্যতিকীর্ণ, ত্রি. [ন+ব্যতিকীর্ণ] বিবিক্ত, বিভিন্ন, ব্যতিরিক্ত; ব্যক্ত, স্পষ্ট।

অব্যথ, ত্রি. [ন+ব্যথ] পীড়ারহিত, ব্যথাশূন্য; (পুং.) সর্প, ভুজঙ্গ। [চারিণী।

অব্যথা, স্ত্রী. [ন+ব্যথ] হরীতকী; পদ্ম-

অব্যথি, পুং. [ন+ব্যথি] অশ্ব, ঘোটক।

অব্যথিধী, স্ত্রী. [অব্যথি+ধী] পৃথিবী; রাত্রি।

অব্যথিষ, পুং. [ন+ব্যথিষ] সূর্য্য; সমুদ্র।

অব্যথিষী, স্ত্রী. [অব্যথিষ+ঈ] পৃথিবী; অর্দ্ধরাত্র।

অব্যথী, ত্রি. [ন+ব্যথী] নির্ব্যথ; নির্ভয়।

অব্যথ্য, ত্রি. [ন+ব্যথ্য] ব্যথাশূন্য।

অব্যবধান, ত্রি. [ন+ব্যবধান] সমীপ; অনবধান; আচ্ছাদনশূন্য।

অব্যবসায়, পুং. [ন+ব্যবসায়] ব্যবসা রহিত, অচর্চ্চা, অনালোচনা; অনিশ্চয়।

অব্যবসায়বান্, ত্রি. [অব্যবসায়+বৎ] ব্যবসায় রহিত, অব্যবসায়ী, শিক্রু।

অব্যবসায়ী, ত্রি.[ন+ব্যবসায়িন্] আলোচনাশূন্য, চর্চ্চারহিত।

অব্যবস্থা, স্ত্রী. [ন+ব্যবস্থা] অবসিদ্ধান্ত; অবিধি, শাস্ত্রবিরুদ্ধ ব্যবস্থা।

অব্যবস্থিত, ত্রি. [ন+ব্যবস্থিত] নীতিশাস্ত্রাদির ব্যবস্থানভিজ্ঞ, অস্থিরচিত্ত; সিদ্ধান্ত রহিত।

অব্যবহার, পুং. [ন+ব্যবহার] অব্যবহৃতি, অনাচার; অনভ্যাস।

অব্যবহার্য্য, ত্রি. [ন+ব্যবহার্য্য] ব্যবহারাযোগ্য, অব্যবহারণীয়।

অব্যবহিত, ত্রি.[ন+ব্যবহিত] ব্যবধানশূন্য, সংসক্ত, অপটান্তর, অপদান্তর, সন্নিকট।

অব্যবহৃত, ত্রি. [ন+ব্যবহৃত] অকৃতব্যবহার, অনবধারিত, অব্যবস্থিত।

অব্যভিচার, ন. [ন+ব্যভিচার] অবাধ; লাম্পট্যাভাব; অভ্রষ্ট।
অব্যভিচারী, ত্রি. [ন+ব্যভিচারিন্] ভক্তিমান্, দৃঢ়ভক্তি।
অব্যয়, পুং. [ন+ব্যয়] বিষ্ণু; (ত্রি.) স্বল্পব্যয়, পরিমিত ব্যয়; ব্যয়রহিত; অক্ষয়, অনশ্বর; (ন. পুং.) শব্দবিশেষ।
অব্যয়শব্দ, পুং. [অব্যয়+শব্দ] ক্রিয়া বিশেষণ; যে সকল শব্দ বিভক্তিরদ্বারা রূপান্তর হয় না।
অব্যয়াত্মা, পুং. [অব্যয়+আত্মা] পরমাত্মা; (ত্রি.) অনাদি। [কল্প।
অব্যয়ী, ত্রি. [ন+ব্যয়িন্] অবিকার্য্য, নির্ব্বি-
অব্যর্থ, ত্রি. [ন+ব্যর্থ] অমোঘ, সফল।
অব্যাকুল, ত্রি. [ন+ব্যাকুল]নিরাকুল, অব্যগ্র, অক্ষুব্ধ, অনুদ্বিগ্ন।
অব্যাকৃতি, ত্রি. [ন+ব্যাকৃতি] অকৃত্রিম, কেবলী, শুদ্ধ; (ন.) ঈশ্বর; মূলবস্তু
অব্যাখ্যা, স্ত্রী. [ন+ব্যাখ্যা] বোধাগম্যতা, দুর্গমতা। [অব্যক্ততা, গহনতা।
অব্যাখ্যান, ন. [ন+ব্যাখ্যান] অব্যাখ্যা,
অব্যাজ, পুং. [ন+ব্যাজ] অচ্ছল, সারল্য, অবলীলা, হঠাৎ; (ত্রি.) শীঘ্র, ত্বরিত, সত্বর, দ্রুত।
অব্যাজে, ব্য, [ন+ব্যাজে] সদা, তৎক্ষণাৎ; নির্ব্যাজে; নিষ্কপটে।
অব্যাপ্য, ত্রি. [ন+ব্যাপ্য] অব্যপনীয়, ব্যাপ্ত রহিত, অনধীন।
অব্যাপ্যবৃত্তি, ত্রি. [ন+ব্যাপ্যবৃত্তি] কিঞ্চিৎ অবচ্ছিন্ন বৃত্তি, প্রাদেশিক। [ধারণ।
অব্যাপক, ত্রি. [ন+ব্যাপক] সবিশেষ, অসা-
অব্যাপার, ত্রি.[ন+ব্যাপার] কার্য্যেনিষ্পটু, অচতুর; কর্ম্মশীল; অক্রিয়; (পুং.) অব্যবসায়, অকৃতি, অক্রিয়া।
অব্যায়াম, পুং. [ন+ব্যায়াম] অনবসাদ, কায়ক্লেশ রহিত।
অব্যাহত, ত্রি. [ন+ব্যাহত] অপ্রতিহত, অনিবারিত, অবঞ্চিত, অপ্রতিবন্ধ।
অব্যাহিত, ত্রি. [ন+ব্যাহিত] নির্ব্বিবাদ, অবিচারিত।
অব্যুৎপন্ন, ত্রি. [ন+ব্যুৎপন্ন] অনিপুণ, অনভিজ্ঞ, অপটু।
অব্রণ, ত্রি, [ন+ব্রণ] অক্ষতচিহ্ন, অক্ষত।
অব্রত, ত্রি. [ন+ব্রত] ব্রতরহিত, কুসংকল্প।
অব্রহ্মচর্য্যাক, ন. [ন+ব্রহ্মচর্য্যাক] জন্মন বিশেষ, মৈথুন, রতিকর্ম্ম, শৃঙ্গার (ত্রি.) ব্রহ্মচর্য্যশূন্য।
অব্রহ্মণ্য, ন. [ন+ব্রহ্মণ্য] নাট্যোক্তিতে অবধ্যের নাম, অবযাচঞ্চা, অবধ্যোক্তি।
অব্রাহ্মণ, পুং. [ন+ব্রাহ্মণ] ভট্ট দৈবজ্ঞাদি, ব্রাহ্মণ সদৃশ উপবীতধারী।
অব্রীড়, ত্রি. [ন+ব্রীড়] নির্লজ্জ,ত্যক্তলজ্জ।
অব্রুবন্-অব্রুবাণ. ত্রি, [ন+ব্রুবৎ] অপোগণ্ড, শিশু। [অবিভক্ত, অনংশিত।
অভক্ত, ত্রি. [ন+ভক্ত] অননুরত, বিমুখ;
অভক্তচ্ছন্দ পুং. [ন+ভক্ত+ছন্দ] মন্দাগ্নি, ক্ষুধাহীন। [অরুচি।
অভক্তি, স্ত্রী. [ন+ভক্তি] অশ্রদ্ধা; ঘৃণা,
অভঙ্গুর, ত্রি. [ন+ভঙ্গুর] সম্পূর্ণ, সমগ্র।
অভদ্র, ত্রি. [ন+ভদ্র] নীচ, পামর, অসৎ; অমঙ্গল। [চারীত্ব।
অভদ্রতা, স্ত্রী. [ন+ভদ্রতা] নীচতা, অসদা-
অভব্য, ত্রি. [ন+ভব্য] অশিষ্ট, অসভ্য, অভদ্র; অসম্ভূত; অসদাচারবান।
অভব্যরাজ-অভব্যশেখর, ত্রি. [অভব্য+রাজ-শেখর] অতি অসভ্য।
অভয়, ন. [ন+ভয়] বীরণমূল; ভয়াভাব, নির্ভয়, (ত্রি.) ভয়রহিত।
অভয়ডিণ্ডিম, পুং. [অভয়+ডিণ্ডিম] রণবাদ্য, যুদ্ধঢক্কা, সংগ্রাম পটহ।
অভয়া, স্ত্রী. [ন+ভয়া] দুর্গা, ভগবতী; চম্পাদেশ জাত পঞ্চশিরা হরীতকী।
অভরণ, ন. [ন+ভরণ] ভূষণ, অলঙ্কার।
অভরসা, ত্রি. [ন+ভরসা] নিরাশা, হতাশা, ত্যক্তাশা।
অভক্ষ্য, ত্রি.[ন+ভক্ষ্য] অখাদ্য,অভক্ষণীয়।
অভাগ্য, ত্রি. [ন+ভাগ্য] অবণ্টনীয়,অনংশ্য, (প্রা) হতভাগ্য, দুর্ভাগ্য।
অভাগিনী, স্ত্রী. [অভাগিন্+ঈ] দুরদৃষ্টা স্ত্রী, দুর্ভগা

অভাগ্য, ত্রি. [ন+ভাগ্য] দুরদৃষ্ট, মন্দ কপাল।

অভাজন, ন. [ন+ভাজন] অপাত্র, অযোগ্য; (ত্রি.) পাত্ররহিত, অনাধার।

অভাব, পুং. [ন+ভাব] অসম্ভব, অসত্ত্ব, অসত্তা, নাস্তি, অবিষয়, বিরহ, অপ্রাপ্তি রাহিত্য, শূন্যত্ব, অদর্শন, পরোক্ষ; মরণ; সংসর্গাভাব, অন্যোন্যাভাব, ভাবশূন্য। [অতর্ক্য।

অভাবনীয়, ত্রি. [ন+ভাবনীয়] অচিন্তনীয়,

অভাষণ, ন. [ন+ভাষণ] অকথন, মৌন।

অভি, ব. উপসর্গবিশেষ, অস্যার্থ—সমন্তাৎ; উভয়ার্থ; বীপ্সা; ইত্থম্ভাব; ধর্ষণ, অভিলাষ; আভিমুখ্য; চিহ্ন; ঔৎসুক্য

অভিক, ত্রি. [অভি+ক] কামুক, লম্পট, লোচ্চা।

অভিক্রম, পুং. [অভি+ক্রম] রণে অভীতি পূর্ব্বক যোদ্ধাদির কিম্বা শত্রুর সম্মুখে গমন; আরোহণ।

অভিকাঙ্ক্ষা, স্ত্রী. [অভি+কাঙ্ক্ষা] ইচ্ছা, অভিলাষ, স্পৃহা। [বাঞ্ছা।

অভিকাম, পুং. [অভি+কাম] প্রীতি, প্রেম;

অভিখ্যা, স্ত্রী. [অভি+খ্যা] নাম; শোভা; কীর্ত্তি; আখ্যান।

অভিগত, ত্রি. [অভি+গত] উপস্থিত, অভ্যুপস্থিত, উপগত।

অভিগম-অভিগমন, পুং. ন. [অভি+গম-ন] সংসর্গ, সহবাস; নিকট গমন, নিকটবর্ত্তী হওন।

অভিগ্রস্ত, ত্রি. [অভি+গ্রস্ত] পরাভূত, পরাজিত, শত্রুদ্বারা আক্রান্ত।

অভিগ্রহ, পুং. [অভি+গ্রহ] অভিক্রমণ, অভিযোগ, আক্রম; গৌরব, সুখ্যাতি; অপহার; লুণ্ঠন, কলহাহ্বান, যোধসংরাব; আভিমুখ্যে যুদ্ধাদির প্রবৃত্তি; অপচিকীর্ষয়া, অতিক্রম্যাক্রমণ।

অভিগ্রহণ, ন. [অভি+গ্রহণ] অভিহার, চৌর্য্যকরণ, সম্মুখে হরণ।

অভিঘাত, পুং. [অভি+ঘাত] দণ্ডাদি দ্বারা তাড়ন, আঘাত।

অভিঘাতী, পুং. [অভি+ঘাত-ইন্] শত্রু; (ত্রি.) বিরোধী; আক্রামক; উপায়সাধক।

অভিঘার, পুং. [অভি+ঘৃ] হবি; ঘৃত।

অভিচর, পুং. [অভি+চর] দাস, ভৃত্য, কিঙ্কর।

অভিচার, পুং. [অভি+চার] অথর্ব্ব বেদোক্ত-মন্ত্র ও যন্ত্রাদি নিষ্পাদিত বশীকরণাদিষড়্বিধ হিংসাত্মক কর্ম্ম, যথা—মারণ, মোহন, স্তম্ভন, বিদ্বেষণ, উচ্চাটন, বশীকরণ; উপপাতক বিশেষ। [বিশেষ।

অভিচারক, ত্রি. [অভি+চারক] ঐন্দ্রজালিক

অভিচারমন্ত্র, পুং. [অভিচার+মন্ত্র] অথর্ব্ববেদোক্ত মন্ত্র, মন্ত্রমোহন।

অভিচৈদ্য, পুং. [অভি+চৈদ্য] শিশুপাল

অভিচারী, ত্রি. [অভি+চারিন্] হিংসাজনক কর্ম্মকর্ত্তা, অভিচারকর্ত্তা, তন্ত্রাদিশাস্ত্রোক্ত মারণাদি অনিষ্টকারী

অভিজন, পুং. [অভি+জন] বংশ, গোষ্ঠী. পরিবার; কুলশ্রেষ্ঠ; জন্মভূমি; খ্যাতি; প্রসিদ্ধ।

অভিজাত, ত্রি. [অভি+জাত] সদ্বংশজাত, কুলীন; সুন্দর; ন্যায্য; কুলজ; পণ্ডিত, বুধ; তৎক্ষণজাত।

অভিজিৎ, ন. [অভি+জিৎ] দিবসের অষ্টম মুহূর্ত্ত, কুতুপকাল; নক্ষত্রবিশেষ; শৃঙ্গাটকাকৃতি অর্থাৎ চতুষ্পথাকার তারকামণ্ডল বিশেষ; উত্তরাষাঢ়ার শেষ পঞ্চদশদণ্ড এবং শ্রবণার আদি চারি দণ্ড এই ঊনবিংশতি দণ্ডে অভিজিৎ হয়।

অভিজ্ঞ, ত্রি. [অভি+জ্ঞ] জ্ঞাতা, প্রবীণ, নিপুণ, বিজ্ঞ, নিষ্ণাত, শিক্ষিত, বৈজ্ঞানিক, কৃতমুখ, কৃতীকুশল, পণ্ডিত; সর্ব্বতঃপ্রকারে জ্ঞানবান।

অভিজ্ঞতা, স্ত্রী. [অভি+জ্ঞতা] বিজ্ঞতা, পাণ্ডিত্য, নৈপুণ্য। [অঙ্গীকৃত।

অভিজ্ঞাত, ত্রি. [অভি+জ্ঞাত] অনুজ্ঞাত,

অভিজ্ঞান, ন. [অভি+জ্ঞান] সম্যক্ স্মরণার্থ চিহ্ন বিশেষ, অঙ্ক, চিহ্ন, লাঞ্ছন, লক্ষ্ম, লক্ষ্মণ, কলঙ্ক, নির্দ্ধারিত; বিজ্ঞান;

অভিতঃ, ব্য. [অভি+তস্] শীঘ্র; সাকল্য; আভিমুখ্য; উভয়ত; সমীপ; কাৎস্ন।

অভিতাপ, পুং. [অভি+তাপ] উপতাপ, সন্তাপ, দাহ।

অভিদ্রোহ, পুং. [অভি+দ্রোহ] পীড়ন, উপদ্রব, দ্রোহ।

অভিধর্ষণ, ন. [অভি+ধর্ষণ] রক্ষ পিশাচ ভূতাদির অভিষঙ্গ; সর্ব্বতোভাবে ধর্ষণ।

অভিধা, স্ত্রী. [অভি+ধা] অভিধান, নাম, সংজ্ঞা, শব্দেরশক্তিবিশেষ, লিঙ্গাদির অর্থ, অগ্রিমভিধা।

অভিধান, ন. [অভি+ধান] সংজ্ঞা, নাম; শব্দকোষ, কোষ।

অভিধাবন, ন. [অভি+ধাবন] অনুধাবন, অনুসরণ, পশ্চাদ্ধাবন।

অভিধিৎসা, স্ত্রী. [অভি+ধিৎসা] উদ্দেশ, সন্ধান; আজ্ঞা, আদেশ; ইচ্ছা, বাঞ্ছা, কামনা।

অভিধেয়, ন. [অভি+ধেয়] অভিধান, নাম; (ত্রি.) অভিধাগম্য, বাচ্য, প্রতিপাদ্য।

অভিধ্যা, স্ত্রী. [অভি+ধ্যৈ] পরদ্রব্যস্পৃহা, পরদ্রব্যে জিঘৃক্ষা, লোভ; অভিলাষ; বিষয় প্রার্থনা।

অভিধ্যান, ন. [অভি+ধ্যান] পরদ্রব্যস্পৃহা; ধ্যান, সমাধি, ভাবন।

অভিনন্দন, পুং. [অভি+নন্দন] বুদ্ধবিশেষ; চতুর্থ তীর্থঙ্কর জিন (ত্রি.) সর্ব্বতোভাবে আনন্দজনক, আনন্দন, প্রমোদন, হর্ষণ। [নব্য।

অভিনব, ত্রি. [অভি+নব] নূতন, নবীন,

অভিনবোদ্ভিদ্, পুং, [অভিনব+উদ্ভিদ্] নবাঙ্কুর, জালকত।

অভিনয়, পুং. [অভি+নয়] অঙ্গুল্যাদিসঞ্চালন দ্বারা হৃদ্গত ক্রোধাদি ভাবের প্রকাশ; নাট্যক্রিয়া; দৃশ্যকাব্য; অভিনীতি, অনুনয়; ব্যঞ্জক।

অভিনিবিষ্ট, ত্রি. [অভি+নিবিষ্ট] মনোযোগী, প্রণিহিত, নিবিষ্ট, সমাহিত।

অভিনিবেশ, পুং. [অভি+নিবেশ] মনঃসংযোগ, বিশেষ, মনোনিবেশ, প্রণিধান, আবেশ, শাস্ত্রাদিতে প্রবেশ, নিবঃ যোগশাস্ত্রমতে মরণজন্য ভয়জন অবিদ্যা বিশেষ।

অভিনিম্লোচন, ন. [অভি+নিম্লোচন] সূর্য্যে দয়কালশায়ী, অর্থাৎ সূর্য্য উদয় হ য়াছে অথচ নিদ্রাভঙ্গ হয় নাই।

অভিনির্বৃত্তি, ত্রি. [অভিনির্বৃত্তি] পীড়া বৃদ্ধিকাল।

আঘাত-আঘাতন,পুং. ন.[আ+ঘাতন]অভিঘাত, হনন, ছেদন; চোট; কর্ত্তনভূমি, বধস্থান, কসাইখানা।
আঘাতী, ত্রি. [আ+ঘাতন্] অস্ত্রাহত, ক্ষত, বিদ্ধ; ছেদী।
আঘাবিঘা, (প্রা) বাধা, প্রতিবন্ধ।
আঘার, পুং. [আ+ঘার] আজ্য, ঘৃত,হবি।
আঘূর্ণন, [আ+ঘূর্ণন] চক্রের ন্যায় ভ্রমণ, ঘূরণ, ফিরণ, উল্টন।
আঘূর্ণিত, ত্রি. [আ+ঘূর্ণিত] ঘূর্ণিতনেত্রাদি, আবর্ত্তিত, ঘূর্ণায়মান।
আঘোষণ, ন. [আ+ঘোষণ] প্রচারণ, প্রকাশ করণ, ঘোষণা দেওন।
আঘ্রাণ, ন. [আ+ঘ্রাণ] গন্ধগ্রহণ, বাস লওন, সোঁকা; তৃপ্তি।
আঘ্রাণার্হ, ত্রি. [আঘ্রাণ+অর্হ] গন্ধ গ্রহণের উপযুক্ত, বাস লওনের যোগ্য।
আঘ্রাণীয়, ত্রি. [আঘ্রাণ+ঈয়] সুগন্ধি, সুবাস, সৌগন্ধিক; ঘ্রাণের যোগ্য।
আঘ্রাত, ত্রি. [আ+ঘ্রাত] গৃহীতগন্ধ, বাস লওয়া; আক্রান্ত; তৃপ্ত।
আঘ্রাতব্য-আঘ্রেয়, ত্রি. [আঘ্রা+তব্য+এয়] আঘ্রাণার্হ, সুঁকিবার যোগ্য। [নষ্ট।
আঘ্নৎ, ত্রি. [আ+হন+অৎ] আঘাত, হত,
আঙ্, ব্য. উপসর্গ বিশেষ, অস্যার্থ যথা— ঈষৎ; অভিব্যাপ্তি; সীমা; ধাতু যোগজ; সমন্তাৎ; গ্রহণ; প্রত্যাবৃত্তি।
আঙ্গ, ন.[অঙ্গ+অ] কোমলাঙ্গ; (ত্রি.) শারীরিক, অঙ্গসম্বন্ধীয়।
আঙ্গক, পুং. [আঙ্গ+ক] অঙ্গদেশ জাত, অঙ্গদেশাধিপতি।
আঙ্গটা-আঙ্গঠা, (প্রা) অঙ্গারশকটী, অঙ্গারধানিকা, কটাহ।
আঙ্গটী. (প্রা) অঙ্গুরী, অঙ্গুরীয়ক।
আঙ্গরা, (প্রা) দগ্ধকাষ্ঠ, কয়লা।
আঙ্গরাখা, (প্রা) গাত্রবসন বিশেষ, অঙ্গরক্ষা,
আঙ্গলন-আঙ্গলান,(প্রা)অঙ্গুলি দিয়া চালন।
আঙ্গার, ন. [অঙ্গার] অঙ্গার সমূহ, কয়লাসমূহ।
আঙ্গারি, (প্রা) অঙ্গার, অলাত, কয়লা।
আঙ্গি, (প্রা) মৎস্য বিশেষ।
আঙ্গিক, ত্রি. [অঙ্গ+ইক] অঙ্গ নিষ্পন্নভাব; শারীরিক; মার্দ্দঙ্গিক।
আঙ্গিককর্ম্ম, ন. [আঙ্গিক+কর্ম্ম] অঙ্গ বিক্ষেপণ, অঙ্গহার, অঙ্গ সঞ্চালন
আঙ্গিনা, (প্রা) অঙ্গন, চত্বর, উঠান।
আঙ্গিরস, পুং. [আঙ্গিরস্+অ] দেবগুরু বৃহস্পতি, সুরাচার্য্য।
আঙ্গিলন, (প্রা) অঙ্গুলিদ্বারা স্পর্শকরণ।
আঙ্গুটী, (প্রা) অঙ্গুরীয়, আঙ্গটী।
আঙ্গুল, (প্রা) অঙ্গুলি, করশাখা, করপল্লব।
আঙ্গুলফুটন-আঙ্গুলমটকান, (প্রা) অঙ্গুলিস্ফোটন, অঙ্গুলিধ্বনি
আঙ্গুলহাড়া, (প্রা) নখশূল, নখব্রণ, কুনী।
আঙ্গুলিক, ত্রি. [অঙ্গুল+ইক] অঙ্গুলিসদৃশ।
আঙ্গুঠানা, (প্রা) অঙ্গুল্যগ্রত্রাণ, অঙ্গুঠানা।
আঙ্গোঠ, (প্রা) অঙ্গুষ্ঠ।
আচ, (প্রা) ক্ষুপবিশেষ, অচ্যুত।
আচকা, (প্রা) অগণিত; হঠাৎ, অকস্মাৎ।
আচাতুর্য্য, ন. [আ+চাতুর্য্য] অপাটব, অকৃতিত্ব, আনাড়ীপনা।
আচমন, পুং. ন. [আ+চম্+অন] ভোজনোত্তর মুখপ্রক্ষালন; বৈধকর্ম্ম আরম্ভের পূর্ব্বে বারত্রয় জলপানানন্তর যথাকালে অষ্টাঙ্গ স্পর্শরূপে শুদ্ধিজনক ক্রিয়া, তৎপর্য্যায়।—উপস্পর্শ, আচম, শুরিপ্রণী।
আচমনক, পুং. [আচমন+ক] নিষ্ঠীবনপাত্র, চর্ব্বিতপাত্র, পিকদান; ডাবর,

তৎপর্য্যায়।—প্রোষ্ঠ, কটকোল, পতদ্গ্রহ

আচমনীয়,ন. [আ+চম্+অনীয়] মুখপ্রক্ষালনার্থ জল, যাহা ভক্ষণ করিলে হস্তাদি প্রক্ষালন করিতে হয়; আচমন করণ যোগ্য।

আচম্‌কা, (প্রা) অকস্মাৎ, সহসা, কাকতালীয়বৎ, হঠাৎ।

আচম্বিত, ত্রি. [আ+চম্ব্+ইত] আকস্মিক, দৈবাৎ, হঠাৎ।

আচরণ,ন.[আ+চর্] আচার, তৎপর্য্যায়।—ব্যবহার, চরিত্র, চারিত্র্য, চেষ্টি, আচার, কর্ম্ম, ক্রিয়া, বৃত্তি, প্রবৃত্তি, রীতি, গতি, চর্য্যা, প্রণালী, ধারা, অনুসার, সম্প্রদায়, নীতি, চলন, গতিক, অনুশীলন, ক্রম, মার্গ।

আচরণীয়, ত্রি. [আ+চর্+অনীয়] আচরণের যোগ্য, ব্যবহার্য্য।

আচরিত, ত্রি. [আ+চর্+ইত] কৃতাচরণ, ব্যবহৃত।

আচর্য্য, ত্রি. [আ+চর্+য] আচরণীয়, কর্ত্তব্য, করণীয়।

আচক্ষমাণ, ত্রি. [আ+চক্ষ্+মান] উক্তি, ভাষিত, প্রবচন।

আচক্ষাণ, পুং. [আ+চক্ষাণ] বাক্‌পাটব, বক্তৃত্বশক্তি।

আচক্ষুঃ, পুং. [আ+চক্ষুস্] পণ্ডিত, বিদ্বজ্জন, বুধ, সর্ব্বরস, (ত্রি.) কথন।

আচানক্, (প্রা) হঠাৎ, অকস্মাৎ, অনপেক্ষিত, আচম্বিত।

আচান্ত, ত্রি. [আ+চম+ত] কৃতাচমন।

আচাভুয়া, (প্রা) অদ্ভুত, অপূর্ব্ব।

আচাম, পুং. [আ+চম্+অ] আচমন, মুখশোধন; ভক্তমণ্ড, ভাতের মাড়।

আচাম্য, ন. [আ+চম্+য] জলদ্বারা মুখ প্রক্ষালন, আচমনীয় জল।

আচার, পুং.[আ+চার্+অ] ব্যবহার, চরিত্র, চরণ, চরিত, চারিত্র, বৃত্ত, শীল, রীতি, ধারা, চালি; স্নানাচমনাদি।

আচার, (প্রা) কাসুন্দি।

আচারচ্যুত, ত্রি. [আচার+চ্যুত] ব্যবহার ভ্রষ্ট, নিয়মবিরুদ্ধ।

আচারপূত, ত্রি. [আচার+পূত] শুদ্ধাচার, সদাচার।

আচারবর্জ্জিত, ত্রি. [আচার+বর্জ্জিত] আচার রহিত, অনাচার; আচারহীন কদর্য্যাচার, কুৎসিতাচার

আচারবান্, ত্রি. [আচার+বৎ] আচারী, আচার বিশিষ্ট।

আচারবিচার, (প্রা) ব্যবহার, আচরণ

আচারবিরুদ্ধ, ত্রি. [আচার+বিরুদ্ধ] ব্যবহার বিরুদ্ধ, কুরীতি।

আচারবিশিষ্ট, ত্রি. [আচার+বিশিষ্ট] শিষ্টাচারী, সত্যশীল, সুজন, শিষ্ট।

আচারব্যপেত, ত্রি. [আচার+ব্যপেত] বিরুদ্ধাচার, অযথাবিধি।

আচারভ্রষ্ট, ত্রি. [আচার+ভ্রষ্ট] আচারচ্যুত, স্বজাতীয় ব্যবহার ত্যাগ।

আচারহীন, ত্রি. [আচার+হীন] আচারভ্রষ্ট, আচারচ্যুত।

আচারিক, ত্রি. [আচার+ইক] ব্যবহারিক, আচারানুযায়ী।

আচারী, ত্রি. [আচার+ইন্] আচারবিশিষ্ট, আচারান্বিত, শুদ্ধাচার; (স্ত্রী) হিলমোচিকা।

আচার্য্য, পুং. [আ+চর্+য] বেদাধ্যাপক, বৈদিকমন্ত্র ব্যাখ্যাকর্ত্তা, বেদোপদেষ্টা, মন্ত্রাদির ব্যাখ্যাকৃৎ, দ্রোণাচার্য্য, শিক্ষাদাতা, পাঠগুরু, শিক্ষাগুরু; (ত্রি) আচরিত, ব্যবহৃত।

আচার্য্যত্ব, ন. [আচার্য্য+ত্ব] উপদেশত্ব, ব্যবস্থাতা।

আচার্য্যমিশ্র, ত্রি. [আচার্য্য+মিশ্র] আর্য্য, পূজনীয়, আদৃতা, গুরু

আচার্য্যা, স্ত্রী. [আচার্য্য+আ] উপদেষ্ট্রী, উপদেশিকা, মন্ত্র ব্যাখ্যাকর্ত্রী।

আচার্য্যানী, স্ত্রী. [আচার্য্য+আনী] আচার্য্যস্ত্রী, গুরুপত্নী।

আচার্য্যোপাসন, ন. [আচার্য্য+উপাসনা] সম্মানপূর্ব্বক উপদেশকর্ত্তার নিকট বাস।

আচালা, (প্রা) অচালিত, অপ্রস্ফোটন ধান্য।

আচিত, পুং. [আ+চিত] শকট পরিমাণ, একগাড়ি বোঝা; দ্বি অযুতপল; (ন.) দশ ভার পরিমাণ, ২৫ মোন; (ত্রি) সংগৃহীত, রাশীকৃত, সঞ্চিত; আচ্ছন্ন।

আচু, (প্রা) ক্ষুপবিশেষ, আচ. অচ্যুত

আচূষণ, ন. [আ+চূষণ] চূষণ, চোষ, রসাদান, চুষা; শৃঙ্গ বা অন্য কোন যন্ত্রদ্বারা শরীর হইতে রক্ত চোষণ।

আচোট, (প্রা) আঘাত; অনাক্রান্ত, যে ভূমিতে কখন হলাদি সংযোগ হয় নাই।

আচ্ছন্ন, ত্রি. [আ+ছদ্+ন] আচ্ছাদিত, আবৃত, ব্যাপ্ত; রক্ষিত।

আচ্ছা, (প্রা) ভাল, উত্তম; স্বীকার বা অঙ্গীকার বোধক শব্দ, হাঁ, হুঁ।

আচ্ছাক, পুং. বৃক্ষবিশেষ।

আচ্ছাদ, পুং. [আ+ছদ্+অ] বস্ত্র, অম্বর, [বসন।

আচ্ছাদক, ত্রি. [আ+ছদ্+অক] আবরক, ঢাকনা; গোপনকারী; ছাত।

আচ্ছাদন, ন. [আ+ছদ্+অন] বস্ত্র সম্পিধান, অপবৃত্তি মাত্র; আবরণ, ঢাকন।

আচ্ছাদিত, ত্রি. [আ+ছদ্+ইত] কৃতাচ্ছাদন, আবৃত, ঢাকা।

আচ্ছাদ্য, ত্রি. [আ+ছদ্+য] আচ্ছাদনীয়, পিধানযোগ্য।

আচ্ছিন্ন, ত্রি. [আ+ছিদ্+ন] কর্ত্তিত, লূন, [ছিন্ন।

আচ্ছুক, পুং. [আ+ছুক] বৃক্ষ বিশেষ, আচ্ফুলের গাছ, রঞ্জনদ্রু, পক্ষীক, পক্ষিক, আক্ষিক।

আচ্ছুরিত-ক, ন. [আ+ছুর+ইত-ক]অতিশয় শব্দযুক্ত হাস্য; হাস্য; নখঘর্ষিত শব্দ।

আচ্ছেদ-আচ্ছেদন, পুং. ন. [আ+ছিদ্-ন] ছেদন, কর্ত্তন, খণ্ডন, লূনি, ছিদা।

আচ্ছেদী, ত্রি. [আচ্ছেদ+ইন্] ছেদনকর্ত্তা. ছেত্তা।

আচ্ছোদন, ন. [আ+ছোদন] মৃগয়া,মৃগব্য, খেট, আখেট, পাপর্দ্ধি, পরাধি।

আছড়ন, (প্রা) আঘাত করণ, তাড়ন, অবক্ষেপণ।

আছড়ান, (প্রা) আঘাতকরা, তাড়ন, অব- [ক্ষেপণ।

আছাড়, (প্রা) উৎপতন; প্রাক্ষেপ; আঘাত।

আছাড়িপিছাড়ি, (প্রা) অকস্মাৎ অঙ্গবিক্ষেপ, ধড়ফড়ান, ঝাঁপাইঝোড়ন

আছি, (প্রা) অস্থধাতু, হই

আছোলা, (প্রা) অকর্ত্তিত, অনবচ্ছিন্ন, অপরিষ্কৃত।

আজ, ন. [আ+জ] ঘৃত।

আজ, (প্রা) অদ্য।

আজক, ন. [অজ+ক] অজ সমূহ, ছাগলের পাল, ছাগগণ্ড।

আজকার, পুং. [আজ+কার] শিববৃষ, মহাদেবের বৃষ।

আজগইবী [যাং] অকস্মাৎ, হঠাৎ।

আজগব, ন. [আজ+গব+অ] শিবধনুঃ, শিবের কার্ম্মুক।

আজগবী (যাং) অকস্মাৎ, হঠাৎ

আজড়ান, (প্রা) তুলিয়া লওন, পাত্র মুক্ত করি' ওন।

আজনাই, (প্রা) জন্তুবিশেষ, আঞ্জনি।

আজনাস্ (যাং) দ্রব্যাদি, পণ্যদ্রব্য; জাতি।

আজন্মসুরভিপত্র, পুং. [আজন্ম+সুরভিপত্র] মরুবকবৃক্ষ।

আজন্ম-আজন্মকাল, ব্য. [আ+জন্মন্+কাল] জন্মাবধি, জন্মকালযাবৎ।

আজব্ (যাং) আশ্চর্য্য, অদ্ভুত।

আজবক (প্রা) নির্ব্বোধ, মূর্খ।

আজবতমাশা, (যাং) অদ্ভুত দ্রব্য দর্শন।

আজবোবা, (প্রা) নির্ব্বোধ, মূর্খ।

আজমৎ, (যাং) মহত্ত্ব; সম্ভ্রম।

আজমান, (যাং) পরীক্ষা, কষ্টি।

আজমায়েশ্, (যাং) পরীক্ষ; চেষ্টা।

আজাড়, (প্রা) মোচন, অবসর।

আজাড়ন, (প্রা) পরিষ্কার করিয়া দেওন. পাত্র শূন্যকরণ।

আজাদ্, (যাং) স্বাধীন, আত্মবশ

আজানা, (প্রা) অজ্ঞাত, অপরিচিত

আজানু, ব্য. জংঘাপর্য্যন্ত, জানু অবধি।

আজানুলম্বিতবাহু, ত্রি. [আজানু+লম্বিত+ বাহু] জংঘা পর্য্যন্ত বিস্তীর্ণ হস্ত।

আজানেয়, পুং. স্ত্রী. [আজ+আনেয়] কুলীনাশ্ব, শ্রেষ্ঠঘোটক।

আজাব্, (যাং) দণ্ড; প্রতিহিংসা।

আজার্, (যাং) পীড়া, ব্যাধি।

আজি, স্ত্রী. [অজ+ই] যুদ্ধ; সমানভূমি, ক্ষণ; আক্ষেপ; আক্রোশ; গমন, গতি।

আজি, (প্রা) অদ্য, আজ, এইদিন।

আজিকার, (প্রা) অদ্য সম্বন্ধীয়, অদ্যকার, অদ্যতন. এই দিনের।

আজিক্রিয়া, স্ত্রী. [আজি+ক্রিয়া] যুদ্ধকার্য্য, রণকার্য্য।

আজিগীষু, ত্রি. [আ+জিগীষু] জয়েচ্ছু।

আজিগ্রহ, ত্রি. [আ+জিগ্রহ] গ্রহণ।

আজিঘ্র, ত্রি. [আ+জীঘ্র] গন্ধগ্রাহী, আঘ্রাণকারী

আজিজ্, (যাং) দুর্ব্বল, ক্ষীণ, নিরাশ্রয়।

আজিম, (যাং) বিখ্যাত, সম্ভ্রান্ত।

আজির্, (যাং) দুঃখী; নিরাশ্রয়; ভৃত্য।

আজির, ন. [আ+জির] অত্যন্তর; মধ্যদেশ।

আজীব-আজীবন, পুং. ন. [আ+জীব-ন] জীবনোপায়, বৃত্তি।

আজীবনার্থ, ন. [আজীবন+অর্থ] জীবিকা, জীবন-বৃত্তি; ব্যবসা।

আজীব্য, ত্রি. [আ+জীব্য] উপজীব্য, অবলম্বন, আশ্রয়। [বন্ধান।

আজীবিকা, স্ত্রী. [আ+জীবিকা] বৃত্তি,

আজীবী, ত্রি. [আ+জীবী] উপজীবী, উপজীবক।

আজু, (প্রা) অদ্য, বর্ত্তমান দিন।

আজুর, স্ত্রী. [আজ+উর্] আজূ, বৃষ্টি।

আজূ, স্ত্রী. [আজ+উ] বেতনবিনাকর্ম্ম করে, অবৈতনিক, বেগার।

আজেজ্, (যাং) প্রিয়; অমূল্য।

আজ্ঞপ্ত-পিত, ত্রি. [আ+জ্ঞপ্ত-পিত] আজ্ঞাপিত, আদেশিত।

আজ্ঞপ্তি, স্ত্রী. [আ+জ্ঞপ্+তি] আদেশ, নিদেশ, নির্দ্দেশ, বিধি, হুকুম।

আজ্ঞা, স্ত্রী.[আ+জ্ঞা] আদেশ, তৎপর্য্যায়।- নিদেশ, নির্দ্দেশ, অববাদ, অনুমতি, শাসন, শিষ্টি, আজ্ঞপ্তি, নিয়োগ, শাস্তি, চোদন, বচন, প্রযুক্তি, নিয়ম, প্রেরণ, নিদর্শন, বিধান,প্রেরণা,মত,অনুশাসন, অনুজ্ঞা,উপদেশ, স্মরণ, হুকুম, ফরমাস।

আজ্ঞাকর, ত্রি. [আজ্ঞা+কর] আজ্ঞাপালক, আজ্ঞানুবর্ত্তী।

আজ্ঞাকরণ, ন. [আজ্ঞা+করণ] আদেশ করণ, আজ্ঞাপালন। [আদেশী।

আজ্ঞাকর্ত্তা, পুং. [আজ্ঞা+কর্তৃ] আদেষ্টা,

আজ্ঞাকারী, ত্রি. [আজ্ঞা+কারিন্] আদেশানুরূপ কর্ম্মকারী, আজ্ঞাবহ, আজ্ঞানুবর্ত্তী, অনুমতি পালক।

আজ্ঞাগ্রাহী, ত্রি. [আজ্ঞা+গ্রাহী] নিদেশ গ্রাহী, বচনগ্রাহী, অধীন।

আজ্ঞাচক্র, ন. [আজ্ঞা+চক্র] ষট্চক্রান্তর্গত ভ্রুরমধ্যস্থিত চক্রবিশেষ।

আজ্ঞাত, ত্রি. [আ+জ্ঞাত] আজ্ঞপ্ত, আজ্ঞাপিত, আদিষ্ট।

আজ্ঞাতব্য, ত্রি. [আ+জ্ঞাতব্য] আদেশ করিবার যোগ্য, নির্দ্দেশ্য।

আজ্ঞাতিক্রম, পুং. [আজ্ঞা+অতিক্রম,] আদেশাতিক্রম, আজ্ঞা লঙ্ঘন।

আজ্ঞাদাতা, পুং. [আজ্ঞা+দাতৃ] অনুমতিকারী, আজ্ঞাকর্ত্তা, আদেশক, আদেষ্টা।

আজ্ঞানুগত, ত্রি. [আজ্ঞা+অনুগত] আজ্ঞাধীন, আজ্ঞাকর।

আজ্ঞানুবর্ত্তন, পুং. [আজ্ঞা+অনুবর্ত্তন] অনুমতিক্রমে চলন, আজ্ঞা পালন।

আজ্ঞানুবর্ত্তী-আজ্ঞানুযায়ী, ত্রি. [আজ্ঞা+অনুবর্ত্তিন্-অনুযায়িন্] আজ্ঞাকারী, আদেশানুসারী।

আজ্ঞাপক, ত্রি. [আ+জ্ঞাপক] আজ্ঞাবর্ত্তী, আদেশকারক।

আজ্ঞাপত্র. ন. [আজ্ঞা+পত্র] আদেশলিপি, নিদেশ লিখন, হুকুমনামা।

আজ্ঞাপন, ন. [আ+জ্ঞাপন] অনুমতিকরণ, বিজ্ঞাপন, জানান; এত্তেলানামা।

আজ্ঞাপিত, ত্রি. [আ+জ্ঞাপিত] আজ্ঞপ্ত, আদেশিত।
আজ্ঞাপ্রতিঘাত, পুং. [আজ্ঞা+প্রতিঘাত] স্বামিদ্রোহ, রাজশাসন ত্যাগ।
আজ্ঞাপ্রমাণ, ত্রি. [আজ্ঞা+প্রমাণ] আজ্ঞানুসারী।
আজ্ঞাপ্ত, ত্রি. [আ+জ্ঞাপ্ত] আজ্ঞাপ্তি বিশিষ্ট, লব্ধাজ্ঞ, আজ্ঞাপ্রাপ্ত, আদেশিত।
আজ্ঞাবজ্ঞা, স্ত্রী. [আজ্ঞা+অবজ্ঞা] অননুবর্ত্তন, আজ্ঞালঙ্ঘন।
আজ্ঞাবর্ত্তী, ত্রি. [আজ্ঞা+বর্ত্তিন্] আজ্ঞারবশ, আজ্ঞাবহ, আজ্ঞাধীন।
আজ্ঞাবশ, ত্রি. [আজ্ঞা+বশ] আজ্ঞাধীন, আজ্ঞাবহ।
আজ্ঞাবহ, ত্রি. [আজ্ঞা+বহ] আজ্ঞাকারী, আজ্ঞাধীন।
আজ্ঞালঙ্ঘন, ন. [আজ্ঞা+লঙ্ঘন] অননুবর্ত্তন, আজ্ঞাভঙ্গ।
আজ্ঞাসম্পাদক-আজ্ঞাসম্পাদী, ত্রি. [আজ্ঞা+সম্পাদক-সম্পাদিন্] অনুবর্ত্তী, আজ্ঞাগ্রাহী, বিধায়ী।
আজ্ঞাহেলক, ত্রি. [আজ্ঞা+হেলক] যে আজ্ঞা অবহেলা করে, আজ্ঞালঙ্ঘী।
আজ্য, ন. ঘৃত, হবি; টারপিন তৈল।
আজ্যপ-আজ্যপা, পুং. [আজ্য+প] পিতৃলোক, বিশেষ; (ত্রি.) ঘৃতভোজী।
আজ্যভাগ, পুং. [আজ্য+ভাগ] ঘৃতাহুতিবিশেষ।
আঝালা, (প্রা) কটুরস বিহীন, ঝালরহিত।
আঞ্চন, ন. [আ+অঞ্চ্+অন] অসমগ্রবাণাকর্ষণ।
আঞ্জনেয়, পুং. [অঞ্জনা+এয়] অঞ্জনাবানরীরপুত্র, হনুমান।
আঞ্জলা, (প্রা) অঞ্জলি, যুক্তকর।
আঞ্জাম্, (ষাং) সীমা, শেষ; প্রস্তুতকরণ।
আঞ্জিনেয়, পুং. [অঞ্জিনা+এয়] জন্তুবিশেষ, আঞ্জনাই, আঞ্জুনে।
আঞ্জীর, (প্রা) আঁজির, পেয়ারা।
আট, (প্রা) অষ্টসংখ্যা।
আটক, (প্রা) আবরণ; বাধা; প্রতিবন্ধক।
আটকড়াই, (প্রা) অষ্টপ্রকার কলাই।
আটকন, (প্রা) বন্ধকরণ, রোধকরণ।
আটকপালিয়া, (প্রা) দুর্ভাগ্য, মন্দভাগ্য, দুরদৃষ্ট, হতভাগ্য।
আটকান, (প্রা) প্রতিরুদ্ধ, নিবারিত।
আটকোল, (প্রা) অনুমান, যুক্তি, অনুভব।
আটকৌড়িয়া, (প্রা) সূতিকোৎসববিশেষ।
আটচল্লিশ, (প্রা) অষ্টচত্বারিংশ সংখ্যা।
আটচালা, (প্রা) তৃণ নির্ম্মিত অষ্টচাল গৃহ বিশেষ।
আটত্রিশ, (প্রা) অষ্টত্রিংশ সংখ্যা।
আটপটাঙ্গ, (প্রা) প্রাগলভ্য, দাম্ভিকতা।
আটপলিয়া, (প্রা) অষ্টকোণ, অষ্টপৃষ্ঠ।
আটপাটি, (প্রা) অষ্টশ্রেণী, কুস্তীর শব্দে ব্যবহার্য্য।
আটপিটা, (প্রা) সর্ব্বদিগে পারগ, পরিশ্রমী, সুচতুর; দুর্ব্বৃত্ত, দুষ্ট, গোঁয়ার।
আটপৌরিয়া, (প্রা) দিবা রাত্রি পরিধেয়বস্ত্র।
আটপ্রহর, (প্রা) অষ্টপ্রহর, সমস্ত দিবা রাত্রি।
আটবিক, পুং. [অটবি+অক] বনজীবী, বনচারী, আরণ্যক, বনৌকা, অরণ্যবাসী, বনস্থ।
আটভাজা, (প্রা) যবাদি অষ্ট প্রকার শস্যভৃষ্ট।
আটল, (প্রা) বক্র, বাঁকা; আড়া।
আটলা, (প্রা) আটি, বিড়া; গোছা।
আটষট্টি-আটষষ্টি, (প্রা) অষ্টষষ্টি সংখ্যা।
আটসটা, (প্রা) মুহরীগিরী; গণনা, সংখ্যা, মোট।
আটসত্তর, (প্রা) অষ্টসপ্ততি সংখ্যা।
আটা, (প্রা) গোধুম চূর্ণ, গমের গুঁড়া।
আটাইশ, (প্রা) অষ্টবিংশ সংখ্যা।
আটাত্তর, (প্রা) অষ্টসপ্ততি সংখ্যা।
আটানই-আটানব্বই, (প্রা) অষ্টনবতি সংখ্যা।
আটান্ন, (প্রা) অষ্টপঞ্চাশৎ।
আটাপারা, (প্রা) আটার ন্যায় নরম বা তুলতুলে।
আটালী-আটালু, (প্রা) যুক, লোমকীট।

আটাশি-আটাশী, (প্রা) অষ্টবিংশতি সংখ্যা।
আটাসীমি, (প্রা) অপরিপক্কতা, অকালে-জাত।
আটাসীয়া, (প্রা) অষ্টমমাস জাত সন্তান।
আটি, পুং. [আ+টি] পক্ষিবিশেষ, শরালি।
আটি, (প্রা) শস্যগুচ্ছ, শস্যভার, গল্লা।
আটীকন, ন. [আ+টীক্+অন] বৎসের লম্ফবিশেষ। [ষাঁড়।
আটীকর, পুং. [আটীক+র] বৃষ, ষণ্ড,
আটোপ, পুং. [আ+টোপ] দর্প, অহংকার; বায়ু জন্য উদর গুড়্‌গুড়া শব্দ, পেটের ডাক; আচ্ছাদ।
আঠা, (প্রা) ক্বাথ, নির্যাস, বৃক্ষের রস।
আঠালু, (প্রা) যূকবিশেষ, কুকুরেমাছি।
আড়, (প্রা) প্রস্থ; পরিসর; বক্র, বাঁক; অন্তরাল, ব্যবধান।
আড়কাটা, (প্রা) গৃহের উপরিস্থ প্রস্থদিকে কাষ্ঠ, কড়িকাঠ।
আড়কাটি, (প্রা) কাণ্ডারী; মাকু।
আড়গড়া, (প্রা) অশ্বশালা, আস্তাবল।
আড়ঙ্গ, (প্রা) গঞ্জ, ভূরি ভূরি দ্রব্য বিক্রয়ের স্থান।
আড়ঙ্গঘাটা, (প্রা) নৌকারোহণ স্থান, ঘাট। [তণ্ডুল।
আড়ঙ্গছাটা, (প্রা) মহাজন গৃহের নিস্তুষ-
আড়চক্ষু, (প্রা) তির্য্যগ্দৃষ্টি, কটাক্ষাবলোকী, একদিগে দৃষ্টি।
আড়চা, (প্রা) লোভ, লালসা; ঈষৎ সঙ্কেত, বক্র, বাঁকা।
আড়ষ্ট, (প্রা) আড়ষ্ট; অস্পন্দ, স্তব্ধ।
আড়ৎ, (প্রা) মহাজনদিগের গুদামবিশেষ।
আড়দ্দার, (প্রা) পূর্ব্বক্রেতা।
আড়দীর্ঘ, (প্রা) দীর্ঘ প্রস্ত, লম্বাচৌড়া।
আড়ন, (প্রা) বক্রহওন, বেঁকন; ক্ষেপণ।
আড়পাপড়া, (প্র) গদা, যষ্টি, লাঠি।
আড়পার, (প্রা) নদীর পরপার, অপর তট।
আড়বাড়, (প্রা) সর্ব্বত্রে, সকল স্থানে।
আড়ভাঙ্গন-আড়ভাঙ্গা, (প্রা) ঋজুকৃত, সমীকৃত।
আড়ম্বর, পুং. [আ+দম্] পটহ; তূর্য্যরব; গজেন্দ্রগর্জ্জন; আরম্ভ; পক্ষ্ম; দর্প; হর্ষ; সমারোহ, ঘটা; অঙ্গ মার্জ্জন; ক্রোধ।
আড়ম্বরী, ত্রি, [আড়ম্বর+ঈ] অনর্থক, দর্পক, আত্মশ্লাঘী, স্বগুণ প্রকাশক, গর্ব্বী।
আড়য়, (প্রা) আড়ৎ, বাণিজ্য দ্রব্য রক্ষণ স্থান। [ধার।
আড়রী, (প্রা) নদ্যাদিরকূল, কাঁধা, কিনারা,
আড়ষ্ট, (প্রা) স্তম্ভিত, অবশ, স্তব্ধ, বিহ্বল।
আড়সা, (প্রা) জঙ্গাল, আবর্জ্জনা; নিন্দিত স্থান।
আড়া, (প্রা) বক্র, বাঁকা; মৎস্য ধরণার্থ কূটযন্ত্র বিশেষ; কড়িকাট; জাতি, রকম, প্রকার।
আড়াআড়ি, (প্রা) কোণাকোণি; দ্বেষাদ্বেষী।
আড়াই, (প্রা) সার্দ্ধদ্বয় সংখ্যা ২৷৷০।
আড়াচৌতাল, (প্রা) বাদ্য পরিমাণ বিশেষ।
আড়ান, (প্রা) বক্রীভূত, বাঁকা।
আড়ানি, (প্রা) আতপত্রবিশেষ; ব্যঞ্জন-বিশেষ।
আড়ামোড়া, (প্রা) গাত্রভঙ্গি, শরীরভঙ্গি।
আড়াল, (প্রা) আচ্ছাদন, গোপন, ব্যবধান; পর্দ্দা, যবনিকা। [চাপে।
আড়ালে, (প্রা) গূঢ়রূপে, গোপনে, চুপ-
আড়ি, স্ত্রী. [আড়+ই] স্বনামখ্যাত মৎস্য-বিশেষ; শরালিপক্ষী।
আড়ি, (প্রা) পণ, বাজী, প্রতিজ্ঞা; বিরোধ, ক্রোধ, দ্বেষ; অঙ্গীকার; আড়ক, মোন-দ্বয় পরিমাণ; ঈষদ্দৃষ্টি।
আড়িপাতন, (প্রা) প্রচ্ছন্নস্থায়ী, গোপনে থাকিয়া রহস্যবাক্য শ্রবণ।
আড়িপাতনীয়া, (প্রা) ছাদ্মিক; গুপ্তঘাতক; বিশ্বস্ত বাক্যাদি গোপনে শ্রবণকারী।
আড়ুমাড়ু, (প্রা) অন্ত্রপাক, বমনোপক্রম।
আড়ুরা, (প্রা) বিলম্ব করণের ছল, নতা।
আড়ুরি-আড়ুলি, (প্রা) নদীর ধার, নদীকূলো-পরি উচ্চভূমি।
আড়ূ, পুং, উড়ুপ, ভেলা, মাড়।
আড়ে, (প্রা) প্রস্থভাগে, চৌড়াদিগে।

আড়েঅগোচরে, (প্রা) প্রচ্ছন্নরূপে, অস্পষ্টে, অপ্রকাশে।
আড়েআড়ে, (প্রা) কোণাকোণি, বক্রভাবে।
আড়েআবড়ালে, (প্রা) আড়ে, অগোচরে, আড়ালে, ছদ্মরূপে।
আড়োষ্ট, (প্রা) অবশ, স্তব্ধ। [স্থান।
আড্ডা, (প্রা) স্থান, আখড়া, পথিকোত্তরণ
আঢ়ক, পুং.ন. [আঢ়+ক] চতুঃপ্রস্থ পরিমাণ, আড়ী, দ্রোণ চতুর্থভাগ; বৈদ্যক মতে অষ্টশরাব পরিমাণ,তৎপর্য্যায় পাত্র, কংস, ভাজন, আঢ়িকা, আঢ়া।
আঢ়কিক, ত্রি. [আঢ়ক+ইক] আঢ়ক পরিমিত বীজ বপনাদি যোগ্য ক্ষেত্রাদি।
আঢ়কী, স্ত্রী. [আঢ়ক+ঈ] শমীধান্যবিশেষ, অরহর, তৎপর্য্যায়।—তুবরী, বর্য্যা, করবীরভুজা,বৃত্তবীজা, পীতপুষ্পা,কাক্ষী, মৃতস্না, তুবরিকা, মৃতালক, সুরাষ্ট্রজ; তুবরীকাখ্য গন্ধদ্রব্য; সুগন্ধিমৃত্তিকা।
আঢ়কীন, ত্রি. [আঢ়+কীন] আঢ়কিক।
আঢ়কা, (প্রা) অনাচ্ছাদিত, খোলা।
আঢ়ি, (প্রা) পরিমাণ বিশেষ, মোনদ্বয় পরিমাণ।
আঢ্য, ত্রি. [আ+ঢ্য] ধনবান, সম্পন্ন, ধনী; যুক্ত, বিশিষ্ট, অন্বিত। [জনক।
আঢ্যঙ্কর, ত্রি· [আঢ্যম্+কর] অর্থকর, অর্থ-
আঢ্যঙ্করণ, ন. [আঢ্যম্+করণ] ধন, বিত্ত, সম্পত্তি, বিভব।
আঢ্যচর, ত্রি. [আঢ্য+চর] সকৃতধনী।
আঢ্যম্ভবিষ্ণু, ত্রি· [আঢ্যম্+ভূ+ইষ্ণু] ধনী, ধনবান্, ধনাঢ্য।
আঢ্যম্ভাবুক, ত্রি. [আঢ্যম্+ভূ+উক] ধনী, ধনবান, ধনাঢ্য। [নীচ, হীন।
আণক, ত্রি. [অ+অণক] অণক,অধম, ইতর,
আণবীন, ত্রি· [অণু+ঈন] অণব্য, অণুধান্যোদ্ভবোচিত ক্ষেত্র
আণি, পুং. স্ত্রী. [অন্+ই] কোণ, অস্ত্রি, সীমা, অক্ষাগ্রকীলক।
আণ্টাল,(প্রা) বর্ত্তুলাকার বস্তু,গুলী; ভাঁটা।
আণ্টি, (প্রা) শুষ্কতৃণ, কূর্চ্চক।
আণ্ড, ন. [অ+অন্+ড়]অণ্ডসমূহ, ডিম্বচয়।
আণ্ডা, (প্রা) অণ্ড, ডিম্ব।
আণ্ডীর, ত্রি.[আণ্ড+ঈর] সমূহ অণ্ডবিশিষ্ট।
আণ্ডেল, (প্রা) অতিশয় ধনী, বহুঅর্থবিশিষ্ট, প্রচুর ঐশ্বর্য্যশালী।
আতইষ, (প্রা) অতিবিষা, অরুণা, প্রতিবিষা, শৃঙ্গী।
আতঙ্ক-আতঙ্গ, পুং. [আ+তঙ্ক্+অ] ভয়; সন্তাপ; রোগ; মুরজধ্বনি; জ্বর।
আতঞ্চন, ন. [আ+তঞ্চন] প্রতীবাপ,ভস্মীকরণ; গলিত স্বর্ণাদির দ্রব্যান্তরে অবচূর্ণন; নিক্ষেপণ; উপদ্রব; দ্রবদ্রব্য প্রক্ষেপণোচিত চূর্ণ;জবন, বেগ;আপ্যায়ন, তর্পণ।
আতত, ত্রি· [আ+তত] আস্তৃত, তৎপর্য্যায়।—আস্তীর্ণ, বিস্তীর্ণ, বিস্তৃত, বিস্তারিত, প্রসারিত, প্রসৃত, বিসৃত, বিকীর্ণ, প্রবৃদ্ধ, ব্যাপ্ত, প্ররূঢ়, বিতত, প্রবিতত, সন্তত, অবতত, তত, আয়ত, সমায়ত, আয়ামিত,ব্যায়ত, প্রথিত, বিরূঢ়, পরিগত, বিজৃম্ভিত।
আততায়িতা, স্ত্রী. [আততায়িন্+তা] বাধ, দ্রোহ, উপদ্রব; হরণ, অপহরণ; হত্যা, বধ।
আততায়ী, ত্রি. [আততায়+ইন্] বধোদ্যত, অনিষ্টকারী; (পুং.) মহাপাপী।
আতন, ন. [আ+তন] অবলোকন, আলোকন, দর্শন; বিতান, প্রসর্পণ।
আতপ, পুং. [আ+তপ] রৌদ্র, সূর্য্যের কিরণ, সূর্য্যের আলোক; তৎপর্য্যায়।—প্রকাশ, দ্যোত, দিনজ্যোতি, দিনপ্রভা, রবিপ্রকাশ, প্রদ্যোত, তমোরি, তাপন, দ্যুতি; তণ্ডুলবিশেষ, আলোচাউল।
আতপত্র-ক, ন. [আতপ+ত্র-ক] ছত্র, ছাতী।
আতপবারণ, ন. [আতপ+বারণ]ছত্র,ছাতা।
আতপলঙ্ঘন, ন. [আতপ+লঙ্ঘন] জ্বরাক্রমণ, জ্বরাবতরণ
আতপশুষ্ক, ত্রি· [আতপ+শুষ্ক] রৌদ্রশুষ্ক, পরিশুষ্ক, শোষিতরস।
আতপাভাব, পুং. [আতপ+অভাব] ছায়া, রৌদ্রাভাব।

আতর, পুং.[আ+তৃ+অ] তরপণ্য, নদ্যাদির অবতরণের কপর্দ্দকাদি, পারাণি কড়ি; সুগন্ধি দ্রব্য বিশেষ।

আতর্, (যাং) সুগন্ধি পুষ্পনির্য্যাস।

আতর্পণ, ন. [আ+তৃপ+অন]প্রীণন, তৃপ্তি; মঙ্গলালেপন, আলিপনা।

আতশ্, (যাং) অগ্নি। [পণাদি।

আতশবাজী,(যাং) অগ্নিক্রীড়া, খধুপ প্রক্ষে-

আতস, (প্রা) অতসী, উমা, ক্ষুমা।

আতা, (প্রা) ফল বিশেষ, আতৃপ্য।

আতাই, (প্রা) বেতন বিনা বাদ্যকর।

আতাজাম, (প্রা) বৃক্ষবিশেষ।

আতান্তরে, (প্রা) এতদবস্থাতে, এতদ্দশাতে।

আতাপী, পুং. [আ+তাপিন্] পক্ষিবিশেষ, চিল, আতায়ী, চিল্ল।

আতায়িপণা, (প্রা) ধূর্ত্ততা, খলতা, শঠতা।

আতায়ী, ত্রি. [আ+তায়িন্] ধূর্ত্ত, শঠ; (পুং.) পক্ষিবিশেষ, চিল্ল, চিল।

আতার, পুং. [আ+তৃ] আতর, তরপণ্য, পারাণি কড়ী। [কুক্তি, কাতর্য্য।

আতারিকাতারি, (প্রা) যন্ত্রণা, যাতনা, কা-

আতালি, (প্রা) মঞ্চ, মাচা, ভারা।

আতালিপাতালি, (প্রা) সর্ব্বত্র, সর্ব্বাবয়বে, চারিদিগে।

আতি, পুং. [আত+ই] বিহঙ্গ, পক্ষী,পাখী।

আতিথেয়, ত্রি. [অতিথি+এয়] অতিথি সেবা কারক, অতিথি পূজক; অতিথিসেবা-করণোপযোগ্য।

আতিথ্য, ত্রি. [অতিথি+য] অতিথির ভক্ষ-ণাদি দ্রব্য; অতিথিসেবা; (পুং.) অভ্যা-গত সেবন। [আতিথ্য।

আতিথ্যকর্ম্ম, ন. [আতিথ্য+কর্ম্ম] সৎকর্ম্ম,

আতিথ্যকারী, ত্রি.[আতিথ্য+কারিন্] আ-তিথ্য, অতিথিসেবক।

আতিদেশিক, ত্রি. [অতিদেশ+ইক] অতিদেশ প্রাপ্ত, অন্যবিধি দ্বারা উপস্থিত।

আতিরেক্য, ন. [অতিরেক+য] আধিক্য, অতিরিক্ততা, প্রাচুর্য্য।

আতিশয্য, ন. [অতিশয়+য] আতিরেক্য, প্রাচুর্য্য।

আতু, পুং, [আ+তু] ভেলক, ভেলা, মাড়।

আতুআতু, (প্রা) অতিশয় স্নেহ, রক্ষার্থ মহাযত্ন; ভয়ার্ত্ত।

আতুর, ত্রি.[আ+তুর]রোগী, তৎপর্য্যায়।— আময়াবী, বিকৃত, ব্যাধিত, অপটু, অভ্যমিত, অভ্যান্ত।

আতৃপ্য, ত্রি. [আ+তৃপ+য] পরিতৃপ্ত, অতিতৃপ্ত; (ন.) ফল বিশেষ, আতা।

আতৃপ্তি, স্ত্রী. [আ+তৃপ্তি] অতিতৃপ্তি, অতি তুষ্টি, পূর্ণ কামত্ব।

আতেলা, (প্রা) অতৈল, তৈলরহিত।

আতোদ্য, ন. [আ+তুদ্+য] বাদ্য, তাহা চতুর্ব্বিধ, যথা।—বীণাদি বাদ্য তত, মুরজাদিবাদ্য আনদ্ধ, বংশ্যাদিবাদ্য শুষির, কাংস্যকরতালাদি বাদ্য ঘন।

আত্ত, ত্রি, [আ+দা+ত]গৃহীত,প্রাপ্ত,উপাত্ত।

আত্তগন্ধ, ত্রি. [আত্ত+গন্ধ] গৃহীতগন্ধ; হত দর্প, দূরীভূতাহঙ্কার, অভিভূত।

আত্তগর্ব্ব, ত্রি. [আত্ত+গর্ব্ব] খণ্ডিত গর্ব্ব, অহঙ্কারচূর্ণ, ভগ্নদর্প, হৃতগর্ব্ব।

আত্তি, (প্রা) যত্ন; আস্থা।

আত্ম, পুং. [অৎ+মন্] স্বয়ং, আপন; জীব।

আত্মক, ত্রি. [আত্মন+ক] স্বাভাবিক, প্রাকৃ-তিক, নৈসর্গিক, স্বভাব সিদ্ধ।

আত্মকর্ম্ম, ন. [আত্মন্+কর্ম্ম] নিজকার্য্য, স্ব-কার্য্য, স্বয়ঙ্কৃত।

আত্মকলহ, পুং. [আত্মন্+কলহ] সুহৃৎসঙ্গে বিবাদ, স্বজনের সহিত কলহ।

আত্মকার্য্য, ন. [আত্মন্+কার্য্য] আপনার কার্য্য, স্বীয়কার্য্য।

আত্মকুৎসা, স্ত্রী. [আত্মন্+কুৎসা] আত্ম-নিন্দা, স্বগর্হা, স্বদ্বেষ।

আত্মকৃত, ত্রি. [আত্মন্+কৃত] স্বানুষ্ঠিত, স্বকৃত, কৃতকৃত্য।

আত্মক্লেশ, পুং. [আত্মন্+ক্লেশ] উদ্বেগ, আত্মদ্রোহ, আত্মপীড়া।

আত্মগত, ব্য. [আত্মন্+গত] স্বগত, জনা-ন্তিক, বিজনে, অপবার্য্য।

আত্মগরিমা, স্ত্রী. [আত্মন্+গরিমা] আত্ম-শ্লাঘা, অহমিকা, দর্প, অহঙ্কার।

আত্মগুপ্তা, স্ত্রী. [আত্মন্+গুপ্তা] লতা-বিশেষ, আলকুশী, তৎপর্য্যায়।—মর্কটী, কণ্ডূরা, অব্যণ্ডা, কচ্ছুরা, জটা, জড়া। শুক, শিম্বা, আর্ম্মগুপ্তা, ঋষভী, কপিক-

আত্মগ্রাহী, ত্রি. [আত্মন্+গ্রাহিন্] আত্ম-ম্ভরি, স্বার্থপর, স্বলাভাসক্ত।

আত্মঘাত, পুং. [আত্মন্+ঘাত] আত্ম-হত্যা, আত্মযত্নে মরণ।

আত্মঘাতক, পুং. [আত্মন্+ঘাতক] আত্ম-হন্তা, স্বঘাতক, স্বীয়প্রাণহন্তারক।

আত্মঘাতী, ত্রি. [আত্মন্+ঘাতিন্] আত্ম-দ্রোহী, আত্মহা, আত্মহননকর্ত্তা

আত্মঘোষ, পুং. [আত্মন+ঘোষ] কাক;

আত্মজ, পুং. [আত্মন্+জ] পুত্র, সন্তান, অঙ্গজ, সুত; (ত্রি.) স্বজ, স্বোৎপন্ন।

আত্মজন্মা, পুং. [আত্মন্+জন্মন্] পুত্র, তনয়, সন্তান।

আত্মজনিত-আত্মজাত, ত্রি. [আত্মন্+জ-নিত-জাত] স্বজ, আত্মজ, স্বজাত, আত্মভূত।

আত্মজা, স্ত্রী. [আত্মন্+জা] কন্যা, পুত্রী, দুহিতা; বুদ্ধি, ধী।

আত্মজ্ঞ, পুং. [আত্মন্+জ্ঞ] আত্মতত্ত্বজ্ঞ, আত্মজ্ঞানী, স্বানুভাবী।

আত্মজ্ঞান, ন. [আত্মন্+জ্ঞান] ব্রহ্মবিষয়ক জ্ঞান, স্বানুভব।

আত্মজ্ঞানাভাব, পুং. [আত্মজ্ঞান+অভাব] ভ্রমাত্মক; বুদ্ধ্যাভাব।

আত্মতত্ত্ব, ন, [আত্মন্+তত্ত্ব] ব্রহ্মতত্ত্ব, আত্মযাথার্থ্য।

আত্মতত্ত্বজ্ঞ, পুং. [আত্মন্+তত্ত্বজ্ঞ] পর-মার্থবিৎ, আত্মযাজী, তত্ত্ববিৎ, ব্রহ্মজ্ঞ।

আত্মতা, স্ত্রী. [আত্মন্+তা] বন্ধুতা, প্রণয়, সদ্ভাব; পরমার্থিকতা। [স্বাদৃশ।

আত্মতুল্য, ত্রি. [আত্মন্+তুল্য] স্বীয়োপম,

আত্মত্র, ত্রি. [আত্মন্+ত্র] স্বত্র, স্বয়ংরক্ষ।

আত্মত্রাণ, ন. [আত্মন্+ত্রাণ] স্বত্রাণ, আত্ম-রক্ষণ।

আত্মত্যাগী, পুং. [আত্মন্+ত্যাগিন্] আত্ম-ঘাতী, আত্মহত্যা।

আত্মদত্ত, ত্রি. [আত্মন্+দত্ত] স্বয়ন্দত্ত, স্বসম-র্পিত, স্বপ্রদত্ত। [আর্শি।

আত্মদর্শ, পুং. [আত্মন্+দর্শ] দর্পণ, মুকুর,

আত্মদর্শন, ন. [আত্মন্+দর্শন] পরমার্থ; আত্মতত্ত্বজ্ঞান।

আত্মদেবতা, স্ত্রী. [আত্মন্+দেবতা] ইষ্ট-দেবতা, অধিদেবতা, লোকপাল।

আত্মদেশ, পুং. [আত্মন্+দেশ] স্বদেশ, জন্ম-ভূমি, স্বরাষ্ট্র।

আত্মদেশজ, পুং. [আত্মদেশ+জ] স্বদেশীয়, স্বদেশজ, একদেশস্থ।

আত্মদোষ, পুং. [আত্মন্+দোষ] স্বাপরাধ, স্বচ্ছিদ্র।

আত্মদ্রোহ, পুং. [আত্মন্+দ্রোহ] স্বমন-স্তাপ, আত্মপীড়া, অশান্তি।

আত্মদ্রোহী, ত্রি. [আত্মন্+দ্রোহিন্] আত্ম-বিড়ম্বনকারী, দুষ্প্রকৃতি, বক্রভাব, শীঘ্র-কোপী। [আত্মগর্হা।

আত্মদ্বেষ, পুং. [আত্মন্+দ্বেষ] স্ববীভৎস,

আত্মনিবেদন, ন. [আত্মন্+নিবেদন] স্বদেহ বিনিয়োগ, আত্মসমর্পণ।

আত্মনিষ্ঠা, স্ত্রী. [আত্মন্+নিষ্ঠা] স্বমত-নিষ্ঠা, আত্মবিশ্বাস।

আত্মনীন, পুং. [আত্মন্+ঈন] সুত, পুত্র; শ্যালক, স্ত্রীরভ্রাতৃ; প্রাণাধার; বিদূষক; (ত্রি.) আত্মহিতকারী; জীবী. উপযুক্ত; পথ্য। [বাচ্য।

আত্মনেপদ, ন. [আত্মনে+পদ] অকর্ম্মণি-

আত্মপরীক্ষা, স্ত্রী. [আত্মন্+পরীক্ষা] আত্ম-বিচার, আত্মবিভাবন, আত্মজিজ্ঞাসা।

আত্মপুরুষার্থ, পুং. [আত্মন্+পুরুষার্থ] স্বপৌরুষ, স্বশূরতা, সম্প্রভাব।

আত্মপ্রতারণা, স্ত্রী. [আত্মন্+প্রতারণা] স্ববঞ্চনা, আত্মচ্ছল।

আত্মপ্রতিপাদন, ন. [আত্মন্+প্রতিপাদন] স্বপ্রামাণ্য, আত্মসাধন।

আত্মপ্রতিপালক, পুং. [আত্মন্+প্রতিপালক] স্বপালক।

আত্মপ্রশংসা, স্ত্রী. [আত্মন্+প্রশংসা] আত্ম শ্লাঘা, আত্মস্তুতি।

আত্মবঞ্চক, ত্রি. [আত্মন্+বঞ্চক] আত্ম-প্রতারক, স্বপ্রতারক।

আত্মবৎ, ব্য. [আত্মন্+বৎ] আত্মসদৃশ, আপনারমত; (ত্রি.) ধৃতাত্মা।

আত্মবত্তা স্ত্রী. [আত্মবৎ+তা] স্বসরূপতা, স্বসমতা।

আত্মবন্ধু, পুং. [আত্মন্+বন্ধু] পিতৃভগিনী পুত্র; মাতৃভগিনী পুত্র; মাতুলপুত্র; সুহৃদ্বর্গ।

আত্মবশ-আত্মবশ্য, পুং.ন. [আত্মন্+বশ-য] স্বাধীন, স্ববশ।

আত্মবিৎ, পুং. [আত্মন্+বিৎ] আত্মতত্ত্বজ্ঞ, ব্রহ্মজ্ঞ।

আত্মবিদ্যা, স্ত্রী. [আত্মন্+বিদ্যা] আত্ম-বোধ, আত্মজ্ঞান।

আত্মবিনিগ্রহ, পুং. [আত্মন্+বিনিগ্রহ] আত্মসংযম, আত্মনিরোধ।

আত্মবিবৃদ্ধি, পুং. [আত্মন্+বিবৃদ্ধি] আত্ম-বৃদ্ধি, আত্মোদয়, স্বার্থ।

আত্মবিস্মৃত, ত্রি. [আত্মন্+বিস্মৃত] স্ববিস্ম-রণ, আপনাকে ভোলা, আপনার বিস্ম-রণ।

আত্মবীর, পুং. [আত্মন্+বীর] প্রাণবান্; শ্যালক; বিদূষক।

আত্মবুদ্ধি, স্ত্রী. [আত্মন্+বুদ্ধি] আত্ম-বোধ, আত্মবিদ্যা।

আত্মবৃদ্ধি, স্ত্রী. [আত্মন্+বৃদ্ধি] স্বার্থ, স্বলাভ, স্বহিত।

আত্মবেদন, ন. [আত্মন্+বেদন] আত্ম-বোধ, আত্মবুদ্ধি।

আত্মবৈশস, ন. [আত্মন্+বৈশস] আত্ম-সন্তাপ, আত্মবিড়ম্বনা।

আত্মবোধ, পুং. [আত্মন্+বোধ] আত্ম-জ্ঞান, আত্মতত্ত্বজ্ঞান।

আত্মভাব, পুং. [আত্মন্+ভাব] স্বভাব, সহজভাব।

আত্মভূ, পুং. [আত্মন্+ভূ] ব্রহ্মা; কাম-দেব; বিষ্ণু; শিব; স্বয়ম্ভু।

আত্মমাত্রা, স্ত্রী. [আত্মন্+মাত্রা] সূক্ষ্মত-ম্মাত্র।

আত্মমানী, ত্রি. [আত্মন্+মানিন্] অহ-ম্মানী, স্বাভিমানী, স্বগর্ব্বী।

আত্মমূলী, স্ত্রী. [আত্মন্+মূলী] দুরা-লভাবৃক্ষ।

আত্মমোহ-আত্মমোহন, পুং. ন. [আত্মন্-+মোহ-ন] আত্মবঞ্চনা, স্বপ্রতারণা।

আত্মম্ভরি, ত্রি. [আত্মন্+ভরি] আত্মো-দরমাত্র ভরণকর্ত্তা, স্বোদরপূরক, স্বার্থ-পর, কুক্ষিম্ভরি।

আত্মযাজী, পুং. [আত্মন্+যাজিন্] আত্ম-বিৎ, আত্মতত্ত্বজ্ঞ।

আত্মযোনি, পুং. [আত্মন্+যোনি] ব্রহ্মা; বিষ্ণু; শিব; কামদেব।

আত্মরক্ষা, স্ত্রী. [আত্মন্+রক্ষা] আত্ম-পরিত্রাণ, আত্মত্রাণ; মাহেন্দ্রবারুণী-বৃক্ষ।

আত্মলাভ, পুং. [আত্মন্+লাভ] স্বলাভ, স্বার্থ, স্বহিত।

আত্মলোম, ন. [আত্মন্+লোমন্] শ্মশ্রু, মুখজরোম; কেশ।

আত্মশক্তি, স্ত্রী. [আত্মন্+শক্তি] স্বশক্তি, [স্ববল।

আত্মশল্যা, স্ত্রী. [আত্মন্+শল্যা] শতাবরী।

আত্মশিক্ষিত, ত্রি. [আত্মন্+শিক্ষিত] স্বশিক্ষিত, আত্মাধ্যাপিত।

আত্মশুদ্ধি, স্ত্রী. [আত্মন্+শুদ্ধি] অন্তরাত্মার শোধন, অন্তঃশুদ্ধি, শুচিতা।

আত্মশ্লাঘা, স্ত্রী. [আত্মন্+শ্লাঘা] আত্ম-গর্ব্ব; আত্ম প্রশংসা, স্বীয় প্রশংসা।

আত্মসংযম, পুং. [আত্মন্+সংযম] ইন্দ্রিয় শমন, কামাবসায়।

আত্মসংশ্রয়, পুং. [আত্মন্+সংশ্রয়] আত্ম-তন্ত্রতা, স্বাতন্ত্র্য।

আত্মসমর্পণ, ন. [আত্মন্+সমর্পণ] আত্ম-নিবেদন, আত্মার্পণ।

আত্মসম্ভব, পুং. [আত্মন্+সম্ভব] পুত্র, অঙ্গজ।

আত্মসাৎ, ত্রি. [আত্মন্+সাৎ] স্বকীয়, স্বীয়, স্বকৃ।

আত্মহত্যা, স্ত্রী. [আত্মন্+হত্যা] আত্মঘাতন, স্ববধ।

আত্মহা, পুং. [আত্মন্+হন] আত্মঘাতক, আত্মঘাতী; দেবল; পাষণ্ড।

আত্মহিত, ত্রি. [আত্মন্+হিত] আত্মমঙ্গল, স্বশ্রেয়স্। [কর্ত্তৃক আদিষ্ট।

আত্মাদিষ্ট, ত্রি. [আত্মন্+আদিষ্ট] আত্মা

আত্মা, পুং. [আ+অৎ+মন্] যত্ন; ধৃতি; বুদ্ধি;স্বভাব; ব্রহ্ম; দেহ; মন; পরব্যাবর্ত্তন; পুত্র; জীব; অর্ক; হুতাশন; বায়ু।

আত্মাধীন, ত্রি. [আত্মন্+অধীন] আত্মতন্ত্র, স্বীয়আয়ত্ত, স্ববশ; (পুং.) পুত্র; প্রাণধার; শ্যালক; বিদূষক।

আত্মাভিমত, ত্রি. [আত্মন্+অভিমত] আত্মসম্মত, স্বমতানুযায়ী।

আত্মাপহারক, পুং. [আত্মন্+অপহারক] ধর্ম্মধ্বজী, কপটধর্ম্মী। [নিমিত্ত।

আত্মার্থ, ত্রি. [আত্মন্+অর্থ] আপনার

আত্মাশী, পুং. [আত্মন্+অশিন্] আত্মভক্ষক; মৎস্য, মীন, মাছ।

আত্মাশ্রয়, পুং. [আত্মন্+আশ্রয়] আত্মনিষ্ঠা, স্বতন্ত্রতা; তর্কবিশেষ।

আত্মাহূত, ত্রি. [আত্মন্+আহূত] আত্মনিমন্ত্রিত, স্বাহূত।

আত্মীয়, ত্রি. [আত্মন্+ঈয়] স্বকীয়, অন্তরঙ্গ, স্বজন, আত্মজন।

আত্মীয়তা, স্ত্রী. [আত্মীয়+তা] হৃদ্যতা, বন্ধুতা, অন্তরঙ্গতা, সদ্ভাব, প্রণয়।

আত্মোৎকর্ষ, পুং. [আত্মন্+উৎকর্ষ] আপনার শ্রেষ্ঠত্ব, স্বোৎকর্ষ।

আত্মোদয়, পুং. [আত্মন্+উদয়] স্বীয়লভ্য, স্বীয়বর্দ্ধন।

আত্মোপম,ত্রি. [আত্মন্+উপম] স্বীয়সদৃশ।

আত্মোদ্ভব, পুং. [আত্মন্+উদ্ভব] পুত্র।

আত্মোদ্ভবা, স্ত্রী. [আত্মন্+উদ্ভবা] কন্যা, পুত্রী, অঙ্গজা; মাষপর্ণী।

আত্মোপজীবী, ত্রি. [আত্মন্+উপজীবী] স্বয়মুপজীবী, স্বচেষ্টবান্।

আত্মোপার্জ্জিত, ত্রি. [আত্মন্+উপার্জ্জিত] স্বোপার্জ্জিত, আত্মার্জ্জিত, স্বসম্পাদিত।

আত্যন্তিক, ত্রি. [অত্যন্ত+ইক] অতিশয়, বিস্তর, প্রচুর, অত্যন্ত, নিতান্ত, অপরিমিত, অধিক, যথেষ্ট।

আত্যয়িক, ত্রি. [অত্যয়+ইক] ব্যসনী, বিপদযুক্ত, আপন্ন, দুর্গত, দুর্ভাগ্য।

আত্যূহ, পুং. [আতি+ঊহ] দাত্যূহ, নীলকণ্ঠ, ডাহুক, কালকণ্ঠ।

আত্রেয়, পুং. [অত্রি+এয়] অত্রিমুনির পুত্র; যথা—দূর্ব্বাসা; চন্দ্র; দত্ত; শরীরস্থ রসধাতু।

আত্রেয়িকা, স্ত্রী. [আত্রেয়+ইক+আ] ঋতুমতী।

আত্রেয়ী, স্ত্রী. [আত্রেয়+ঈ] পুষ্পবতী স্ত্রী, রজস্বলা, স্ত্রীধর্ম্মিণী, সরজা; নদীবিশেষ।

আত্রেয়ীঘ্ন, ত্রি. [আত্রেয়ী+ঘ্ন] রজোবন্ধ।

আথর্ব্বণ, পুং. [অথর্ব্ব+অন] পুরোহিত; অথর্ব্ব বেদজ্ঞ ব্রাহ্মণ; (ন.) অথর্ব্বসমূহ।

আথর্ব্বণিক, পুং. [অথর্ব্বণ+ইক] অথর্ব্ব বেদ পাঠক।

আদ, (প্রা) অর্দ্ধ, অর্দ্ধেক, সম দ্বিভাগ।

আদকপালিয়া, (প্রা) রোগবিশেষ শিরঃপীড়া।

আদখান-আদখানী, (প্রা) অর্দ্ধভাগ, অর্দ্ধাংশ।

আদখেঁচড়া, (প্রা) অসমাপ্ত, অসম্পূর্ণ; মন্দ।

আদঙ্গা, (প্রা) অর্দ্ধাংশ, অর্দ্ধেক।

আদড়, (প্রা) অর্দ্ধ থান কাপড়।

আদত্ত, ত্রি. [আ+দত্ত] গৃহীত, আত্ত, উপাত্ত, উপাদত্ত।

আদদান, ত্রি. [আ+দ+দান] আদান, গ্রহণ, স্বীকরণ।

আদধান, ত্রি. [আ+দধান] দধান, বিদধৎ, দধৎ, ধারী, শালী।

আদব. (যাং) ব্যবহার, স্বভাব।

আদবুড়া, (প্রা) মধ্যম বয়স্ক, অর্দ্ধবৃদ্ধ, গতযৌবন।

আদবুড়ী, (প্রা) কাত্যায়নী, গতযৌবনা স্ত্রী।

আদমী, (যাং) ব্যক্তি, মনুষ্য।

আদর, পুং. [আ+দৃ+অ] আরম্ভ; সম্মান, মর্য্যাদা, সমাদর, প্রিয়কর।

আদরক, (প্রা) আর্দ্রক, আদা।
আদরণীয়, ত্রি. [আ+দৃ+অনীয়] সম্মানার্হ, মান্য।
আদরা, (প্রা) চিহ্ন, অঙ্ক, দাগ।
আদর্ত্তব্য, ত্রি. [আ+দৃ+তব্য] আদরণীয়, পূজ্য, অর্চ্চার্হ, অর্হ; আদরোপযুক্ত।
আদর্য্য, ত্রি. [আ+দৃ+য] আদরণীয়, আদর্ত্তব্য, আদরোপযুক্ত, আদরার্হ।
আদর্শ, পুং, [আ+দৃশ্+অ] দর্পণ, মুকুর; টীকা; প্রতিপুস্তক; চিহ্ন।
আদর্শন, ন. [আ+দৃশ্+অন] প্রদর্শন, সন্দর্শন, দর্পণ।
আদর্শিত, ত্রি. [আদৃ+শ্+ইত] প্রদর্শিত, সাদর্শিত।
আদলা, (প্রা) অর্দ্ধভাগ, অর্দ্ধাংশ; অর্দ্ধ তাম্র মুদ্রা; অর্দ্ধইষ্টক।
আদলি, (প্রা) মুদ্রার অর্দ্ধভাগ, অর্দ্ধমুদ্রা।
আদা, (প্রা) মূলবিশেষ, আর্দ্রক।
আদাআদি, (প্রা) অর্দ্ধার্দ্ধি, অর্দ্ধার্দ্ধ ভাগ।
আদাড়, (প্রা) জঞ্জালস্থান, কুস্থল।
আদাড়ীয়, (প্রা) অশুদ্ধ, সমল, নোঙ্গরা।
আদাড়ে, (প্রা) অদম্য, দুর্দ্দম্য। [গ্রাহী।
আদাতা, পুং. [আ+দাতা] আদায়ী, গ্রাহক,
আদান, ন. [আ+দান] গ্রহণ, লওন; অশ্বাভরণ; রোগলক্ষণ।
আদানপ্রদান, ন. [আদান+প্রদান] দেওয়া লওয়া, লেনদেনা।
আদানী, স্ত্রী. [আদান+ঈ] হস্তিঘোষাবৃক্ষ।
আদাবৎ, (যাং) দ্বেষ, শক্রতা।
আদাবীর্ণ, (প্রা) লতা বিশেষ।
আদ্দাভাগী, (প্রা) অর্দ্ধাংশী, অর্দ্ধেকের অংশী।
আদায়, (প্রা) গ্রহণ, লওন, পরিশোধন।
আদায়পত্র, (প্রা) নিয়মপত্র, প্রতিজ্ঞাপত্র।
আদালৎ, (যাং) বিচার স্থান।
আদি, পুং, [আ+দা+ই] পূর্ব্ব, প্রথম, মূল, অগ্র; পদান্তে গণ সূচক।
আদিক, ত্রি. [আদি+ক] আদিম, প্রারম্ভক।
আদিকবি, পুং. [আদি+কবি] ব্রহ্মা; বাল্মীকি মুনি।
আদিকর-আদিকর্ত্তৃ, পুং. [আদি+কর-কর্ত্তৃ] স্রষ্টা, বিধাতা, ধাতা; জনক।
আদিকারণ, ন. [আদি+কারণ] পূর্ব্বনিমিত্ত, আদ্য হেতু, মূলহেতু, নিদান।
আদিকালিক, ত্রি. [আদি+কালিক] প্রাক্কালীন, আদ্য, প্রাক্তন।
আদিতঃ, ব্য. [আদি+তস্] প্রথমতঃ।
আদিতেয়, পুং. [অদিতি+এয়] অদিতিপুত্র, দেবতা।
আদিত্য, পুং. [অদিতি+য] দেবতা; সূর্য্য, দ্বাদশআদিত্য নাম। যথা।—বিবস্বান, অর্য্যমা, পূষা, ত্বষ্টা, সবিতা, ভগ, ধাতা, বিধাতা, বরুণ, মিত্র, শক্র, উরুক্রম; অর্কবৃক্ষ, আকন্দগাছ।
আদিত্যপত্র, পুং. [আদিত্য+পত্র] ক্ষুপবিশেষ, তৎপর্য্যায়।—অর্কপত্র, অর্কদল, সূর্য্যপত্র, তপনচ্ছদ, কুঠারি, বিটপ, সুপত্র, রবিপ্রিয়, রশ্মিপতি, রুদ্র।
আদিত্যপুষ্পিকা, স্ত্রী. [আদিত্য+পুষ্পিকা] লোহিতার্কবৃক্ষ, রাঙ্গা আকন্দ।
আদিত্যবর্ণ, ত্রি. [আদিত্য+বর্ণ] তেজোময়, তেজস্বী, বর্চ্চস্বী; অরুণবর্ণ।
আদিত্যভক্তা, স্ত্রী. [আদিত্য+ভক্তা] ঔষধীবিশেষ, হুড়হুড়িয়া গাছ, তৎপর্য্যায়।—বরদা, অর্কভক্তা, সবর্চ্চলা, সূর্য্যলতা, সূর্য্যাবর্ত্তা, অর্ককান্তা, মণ্ডূকপর্ণী, সুরসম্ভবা, সৌরী, সুতেজা, অর্কহিতা, বরিষ্ঠা, মণ্ডূকী, সপ্তনামা, দেবী, মার্ত্তণ্ডবল্লভা, বিক্রান্তা, ভাস্করেষ্টা।
আদিত্যমণ্ডল, ন. [আদিত্য+মণ্ডল] সূর্য্যমণ্ডল, সূর্য্যবিম্ব।
আদিত্যসূনু, পুং. [আদিত্য+সূনু] সুগ্রীব বানর; যম; শনৈশ্চর; সাবর্ণিমনু; বৈবস্বতমনু; কর্ণ।
আদিত্ব, ন. [আদি+ত্ব] আদ্যতা, প্রাথম্য।
আদিৎসিতা, স্ত্রী. [আ+দিৎসিতা] প্রাপ্তেচ্ছা।
আদিৎসু, ত্রি. [আ+দিৎসু] প্রাপ্তেচ্ছু, গ্রহণেচ্ছু।
আদিদৈত্য, পুং. [আদি+দৈত্য] মধুকৈটভ।
আদিদেব, পুং. [আদি+দেব] নারায়ণ, বিষ্ণু।

আদিপুরুষ, পুং. [আদি+পুরুষ] বিষ্ণু; ব্রহ্মা।

আদিবরাহ, পুং. [আদি+বরাহ] বিষ্ণুর বরাহ অবতার।

আদিভূত, ত্রি. [আদি+ভূত] প্রথমজাত, পূর্ব্বপ্রসূত; (পুং.) ব্রহ্মা। [পদবস্তু।

আদিম, ত্রি. [আদি+ম] আদ্য; প্রথম উৎ-

আদিয়া, (প্রা) পরিমাণ বিশেষ।

আদিরাজ, পুং. [আদি+রাজ] পৃথুরাজ।

আদিষ্ট, ত্রি. [আ+দিশ্+ত] আদেশিত, আজ্ঞাপ্ত, কথিত, প্রাপ্তাদেশ; (ন.) উচ্ছিষ্ট।

আদিষ্টী, পুং. [আদিষ্ট+ইন্] শিষ্য, ছাত্র।

আদীনব, পুং. [আ+দীনব] ক্লেশ, কষ্ট; দোষ; দুরন্ত।

আদীপন, ন. [অ+দীপ্+অন] আলিম্পনা, আলিপনা; প্রদীপণ; আতর্পণ।

আদীপ্ত-আদীপিত, ত্রি. [আ+দীপ্ত] উজ্জ্বলিত, চকাসিত, প্রদীপিত, উদ্দীপিত।

আদুড়-আদুড়মাদুড়, (প্রা) অনাবৃত, অনাচ্ছাদিত, খোলা, আঢাকা।

আদুড়ীয়, (প্রা) অপরিপক্ক; অপূর্ণজাত।

আদুল, (প্রা) অনাচ্ছাদিত, অনাবৃত, খোলা, আঢাকা।

আদৃত-আদৃতব্য, ত্রি. [আ+দৃত-তব্য] আদরান্বিত, সাদর; সম্মনান্বিত, পূজিত, অর্চ্চিত, আদরণোপযোগ্য।

আদৃত্য, ত্রি. [আ+দৃত্য] আদরণীয়, আদরযোগ্য। [দর্শন পর্য্যন্ত।

আদৃষ্টি, ব্য. [আ+দৃষ্টি] অবলোকনাবধি,

আদেখা, (প্রা) অদৃষ্ট, অনীক্ষিত।

আদেবক, ত্রি. [আ+দেবক] ক্রীড়াশীল, ড়াকারকক্রী, বিহারী।

আদেশ, পুং. [আ+দিশ্+অ] আজ্ঞা, অনুমতি; এক বর্ণের স্থানে বর্ণান্তর উৎপত্তি; প্রকৃতি প্রত্যয়ের উপঘাতিকার্য্য; জ্যোতিষশাস্ত্র ফল।

আদেশক, পুং, [আদেশ+ক] আজ্ঞাকারী, অনুমতিকারক। [অনুমতি দান।

আদেশন, ন. [আ+দেশন] আজ্ঞাকরণ,

আদেশী, পুং. [আ+দেশিন্] দৈবজ্ঞ, গণক; আজ্ঞাকারক

আদেষ্টা, পুং. [আ+দেষ্টৃ] যাগবিষয়ে আপনার ইষ্ট সম্পাদনের নিমিত্ত যথার্থ কর্ম্মকরণ জন্য পুরোহিতের আদেশকারক, তৎপর্য্যায়।—ব্রতী, যষ্টা, যজমান, অন্বাদেষ্টা, যাজক; আজ্ঞাদায়ক, অনুমতিপ্রদ, আদেশকর্ত্তা।

আদো, (প্রা) আদি, প্রথম, পূর্ব্ব

আদৌ, ব্য. [আদি+ঔ] প্রথমে, অগ্রে, পূর্ব্বে।

আদ্দাস, (প্রা) নিবেদন, অভিযোগ; আরোজ; ফরিয়াদ।

আদ্য, ত্রি. [আদি+য] প্রথম; ভোজনীয় দ্রব্য; (ন.) ধান্য। [মুনি।

আদ্যকবি, পুং. [আদ্য+কবি] বাল্মীকি

আদ্যন্ত, ত্রি. [আদি+অন্ত] প্রথম এবং শেষ, আদ্য ও প্রান্ত, প্রথমাবধি শেষ পর্য্যন্ত।

আদ্যবীজ, ন. [আদ্য+বীজ] আদিকারণ, প্রথম নিমিত্ত।

আদ্যমাষক, পুং. [আদ্য+মাষক] মাষকপরিমাণ, একমাষা, পঞ্চরত্তি, পাঁচরতি।

আদ্যশ্রাদ্ধ, পুং. [আদ্য+শ্রাদ্ধ] অশৌচান্তের পর দিনে কর্ত্তব্য শ্রাদ্ধ, প্রথমকৃত্য।

আদ্যা, স্ত্রী. [আদ্য+আ] দুর্গা; কালী; তারা; ত্রিপুরাসুন্দরী; ভুবনেশ্বরী; দেবী; কারিণীভূতা; প্রধানা শক্তি; মহাবিদ্যা; মূলীভূতা। [পর্য্যন্ত।

আদ্যান্ত, ব্য. [আদ্য+অন্ত] প্রথমাবধি শেষ

আদ্যূন, ত্রি. [আদি+ঊন] ঔদরিক, পেটুক; আদিহীন।

আদ্যোপান্ত, ন. [আদ্য+উপান্ত] পূর্ব্বাপর, ইস্তকনাগাদি; প্রথমাবধি শেষ পর্য্যন্ত।

আদ্রক, পুং. [আদ্র+ক] আদা, আর্দ্রক।

আদ্রিয়মাণ, ত্রি. [আ+দ্রিয়মাণ] আদৃত; আদর প্রাপ্ত; মর্য্যাদান্বিত।

আধ, (প্রা) আধা, অর্দ্ধ।

আধআধ, (প্রা(অর্দ্ধার্দ্ধ, অসম্পূর্ণ।

আধকপালী, (প্রা) শিরোরোগ বিশেষ, অর্দ্ধ শিরোবেদনা।

আধপাগল, (প্রা) ঈষৎ উন্মত্ত, কিঞ্চিৎ বাতুল। [ভোজন।

আধপেটভরা-আধপেটা, (প্রা) অপূর্ণ-

আধবিগড়া, (প্রা) অসম্পূর্ণ, ভ্রষ্ট।
আধভে জন, (প্রা) অর্দ্ধাশন।
আধমন, ন. [আ+ধমন] আধি, বন্ধক।
আধর্ষণ, ন. [আ+ধর্ষণ] দোষ সপ্রমাণ করণ; পরিজ্ঞান।
আধর্ষিত, ত্রি. [আ+ধর্ষিত] দৃষ্টাপরাধ, নির্ণীত দোষ; কৃতনিশ্চয়।
আধলা, (প্রা) ইষ্টকার্দ্ধ; অর্দ্ধরৌপ্য মুদ্রা।
আধলি, (প্রা) অর্দ্ধমুদ্রা, আধ টাকা।
আধসের, (প্রা) অর্দ্ধসের, অষ্ট ছটাক পরিমাণদ্রব্য।
আধা, (প্রা) অর্দ্ধ, অর্দ্ধাংশ।
আধান, ন. [আ+ধান] গর্ভাধান; স্থাপিত দ্রব্য; অগ্ন্যাধান; ধারণ।
আধানিক, ন. [আধান+ইক] গর্ভাধান সংস্কার।
আধার, পুং. [আ+ধার] অধিকরণ, পাত্র; অম্বুধারণ; বৃক্ষের আলবাল; সেতু।
আধারাধেয়ভাব, পুং. [আধার+আধেয়+ভাব] প্রতিযোগ্যনুযোগি বিষয়, বিষয়ীভাব।
[ধর্ম্মরহিত।
আধার্ম্মিক, ত্রি.[অ+ধর্ম্ম+ইক] অধার্ম্মিক,
আধার্ষ্ট্য, ন. [আ+ধার্ষ্ট্য] প্রাগলভ্য ধার্ষ্ট্য।
আধি, পুং. [আ+ধি] মনঃপীড়া, ব্যসন; বন্ধক; প্রত্যাশা; অধিষ্ঠান।
আধিক্য, ন. [অধিক+য] অধিকস্য ভাব, অধিকত্ব, অতিশয়তা, আতিশয্য।
আধিজ, ত্রি. [আধি+জ] মনঃপীড়াভব।
আধিজ্ঞ, ত্রি. [আধি+জ্ঞ] বক্র, বাঁকা; ব্যথিত, বেদনাপ্রাপ্ত, মনঃপীড়া জ্ঞাতা।
আধিত্ব, ত্রি. [আধি+ত্ব] বন্ধকত্ব।
আধিদৈবিক, ত্রি. [অধিদেব+ইক] দৈবপ্রযুক্ত, দৈবাধীন; দুঃখবিশেষ।
আধিনাশ, পুং. [আধি+নাশ] প্রবোধ ক্ষয়, বন্ধক নাশ।
আধিপত্য, ন. [অধিপতি+য] স্বামিত্ব, প্রভুত্ব, ঐশ্বর্য্য, কর্ত্তৃত্ব, প্রতিপালকতা, ঈশ্বরত্ব, ঈশত্ব, উৎকৃষ্টত্ব।
আধিবেদনিক, ত্রি. [অধিবেদন+ইক] দ্বিতীয় বিবাহার্থ প্রথম স্ত্রীকে দত্ত ধনাদি।
আধিভোগ. পুং. [আধি+ভোগ] বন্ধক দ্রব্যের ভোগ, বাঁধা দ্রব্যের ব্যবহার।
আধিভৌতিক, ত্রি. [অধিভূত+ইক] যাহা ভূতাদি হইতে উত্থিত হয়।
আধিমন্যব, পুং. [আধি+মন্যব] জ্বরাগ্নি; দাহাগ্নি।
আধিরাজ্য, ন. [অধিরাজ+য] সাম্রাজ্য, স্বাধিপত্য, রাজাধিরাজ্য।
আধীকরণ, ন. [আধি+করণ] আধমন, আধান, বন্ধক, আধি।
আধীকৃত, ত্রি. [আধি+কৃত] ন্যস্ত, উপন্যস্ত, ন্যাসীকৃত।
[অর্দ্ধপূর্ণ।
আধুড়ীয়, (প্রা) অপরিপক্ক, অপরিপূর্ণ,
আধুত, ত্রি. [আ+ধুত] আকম্পিত, প্রকম্পান্বিত, ঈষৎকম্পিত, দোলায়িত, আন্দোলিত।
আধুনিক, ত্রি. [অধুনা+ইক] ইদানীন্তন, সংপ্রতিকার, অধুনাতন, নব্য।
আধূত, ত্রি. [আ+ধূত] কম্পিত, আধুত; ব্যাকুলিত।
[ক্ষীণতা।
আধুর্য্য, ন. [আ+ধুর্য্য] দৌর্বল্য, বলক্ষয়,
আধৃত, ত্রি. [আ+ধৃত] পরিগৃহীত, ধারিত, আকলিত।
[এক অংশ।
আধেক, (প্রা) অর্দ্ধেক, অর্দ্ধ, সমবিভাগের
আধেয়, ত্রি. [আ+ধেয়] বস্তু পরিবস্তু, আশ্রয়াশ্রয়ী, আধারাধার, আধার স্থিত বস্তু, ধারণীয়।
আধোবো, (প্রা) অধৌত, অপ্রক্ষালিত।
আধোরণ, পুং. [আ+ধোরণ] হস্তিপক, মাহুত, গজরক্ষক, করিপালক
আধ্মাত, ত্রি. [আ+ধ্মাত] ধ্বনিত, অগ্নি সংযোগান্বিত, শব্দিত; দগ্ধ; (পুং.)বাত রোগ বিশেষ; যুদ্ধ, সংযত।
আধ্মান, পুং. [আ+ধ্মান] বাতরোগ, বিশেষ, মরুৎযোগে উদরাদি স্ফীত হওন; ভস্ত্রা।
আধ্মানী, স্ত্রী. [আ+ধ্মানী] নলিকা নামক গন্ধ দ্রব্য।
আধ্যা, স্ত্রী. [আ+ধ্যা] চিন্তা, ভাবনা, স্মৃতি; চিন্তনা।

আধ্যাত্মিক, ত্রি. [অধ্যাত্ম+ইক] আত্মা-শ্রিত; দুঃখবিশেষ; আন্তরিক।
আধ্যান, ন. [আ+ধ্যান] ধ্যান, চিন্তা, সম্যক্ ভাবনা; অনুশোচনা।
আধ্যাপক, পুং. [আ+অধ্যাপক] অধ্যাপক, পাঠগুরু, বিদ্যোপদেশক, ভট্টাচার্য্য বিশেষ।
আধ্যুৎপন্ন, ত্রি. [আ+অধি+উৎপন্ন] আধিকরণক উৎপন্ন।
আধ্যুপভোগ, পুং. [আ+অধি+উপভোগ] আধিভোগ] [যাজ্ঞিক।
আধ্বর্য্যব, ত্রি. [অধ্বর্য্যু+অ] ঋত্বিক,
আন, পুং.[আন্+অ]উচ্ছ্বাস,বহির্মুখশ্বাস।
আন, (প্রা) অন্য, অপর, দোসরা।
আনক, পুং. [আ+অন+ক] পটহ; ভেরী; মৃদঙ্গ; শব্দযুক্ত মেঘ।
আনকদুন্দুভি, পুংস্ত্রী. [আনক+দুন্দুভি] শ্রীকৃষ্ণের পিতা, বসুদেব; বৃহড্ঢক্কা।
আনক্য, পুং. [আনক+য] পরমহংস, কেবলী।
আনখা, (প্রা) অজানিত, অপরিচিত।
আনত, ত্রি. [আ+নত] প্রণত, ঈষন্নত, অভিনত, অবনত, প্রহ্বীভূত, অবাগ্র, নম্রীভূত। [অবকুঞ্চন।
আনতি, স্ত্রী. [আ+নতি] বক্রতা, জিহ্মতা,
আনদ্ধ, ন. [আ+নদ্ধ] চর্ম্মবদ্ধমুখ বাদ্য-মাত্র, মুরজাদি; কল্পনাত্র, বেশভূষাদি; (ত্রি.) সজ্জিত, বদ্ধ।
আনন, ন. [আ+অন্+অন] মুখ, বদন, আস্য, বক্ত্র, তুণ্ড, লপন।
আনন, (প্রা) লইয়া আইসন।
আনন্তর্য্য, ন.[অনন্তর+য] নৈকট্য, সন্নিকর্ষ, তাটস্থ্য,প্রত্যাসন্নতা,উপশ্লেষ,পশ্চাদ্ভাব।
আনন্ত্য, ন. [অনন্ত+য] অপরিসীমতা, অসংখ্যতা; নিত্যতা; ভাবিসুখ।
আনন্দ, পুং. [আ+নন্দ্+অ] আহ্লাদ, তৎপর্য্যায়।—আনন্দথু, শর্ম্ম,শাত, সুখ, মুৎ, প্রীতি, প্রমোদ,হর্ষ,প্রমদ, আমোদ, সংমদ,কুশল,প্রহ্লাদ, নন্দ,হ্লাদ,হ্লাদন, মোদ, হৃষ্টি, প্রহর্ষ, তোষ, তুষ্টি, শুভ, পরিতোষ, সন্তোষ, বিলাস, উল্লাস,প্রফুল্লতা,সৌখ্য, নন্দথু; বাসুদেবের বলবিশেষ। (ত্রি) হর্ষযুক্ত, আনন্দবিশিষ্ট, সুখী, দুর্দ্দুখী, দুঃখানর্হী।
আনন্দকর. ত্রি. [আনন্দ+কর] আহ্লাদকর, সুখজনক।
আনন্দচিত্ত, ত্রি. [আনন্দ+চিত্ত] হরষিতান্তঃকরণ, হৃষ্টমানস। [আহ্লাদজ।
আনন্দজ, ত্রি. [আনন্দ+জ] হর্ষজাত,
আনন্দজনক, ত্রি. [আনন্দ+জনক] হর্ষজনক, মোদজনক।
আনন্দথু, পুং. [আ+নন্দ্+অথু] আহ্লাদ, হর্ষ; (ত্রি) হর্ষযুক্ত, সুখী।
আনন্দদণ্ড, পুং. [আনন্দ+দণ্ড] পুংলিঙ্গ, শিশ্ন, লিঙ্গ, পুরুষাঙ্গ, চর্ম্মদণ্ড।
আনন্দন, ন. [আ+নন্দন] গমনাগমন সময়ে সুহৃদাদির সহিত আলিঙ্গন, আরোগ্য স্বাগতাদি প্রশ্নদ্বারা আনন্দোৎপাদন, তৎপর্য্যায়।—সভাজন, স্বভাজন,সুভাজন, আপ্রশ্ন, হর্ষ,আলিঙ্গন; আমন্ত্রণ।
আনন্দধার, পুং. [আনন্দ+আ+ধৃ] উপস্থ; যোনি।
আনন্দপট, ন.[আনন্দ+পট] নবোঢ়ার বস্ত্র, নূতনবিবাহের কাপড়,বিবাহেরনববস্ত্র।
আনন্দপিষ্টক. পুং. [আনন্দ+পিষ্টক] বিবাহোৎসবকালে গৃহাভ্যাগত ব্যক্তির খাদনীয় লড্ডুক, আনন্দলাড়ু।
আনন্দপ্রভব, ন. [আনন্দ+প্রভব] রেতঃ, বীর্য্য, শুক্র। [হর্ষযুক্ত, সুখী।
আনন্দময়. ন.[আনন্দ+ময়] পরমেশ্বর; (ত্রি.)
আনন্দময়কোষ, পুং. [আনন্দ+ময়+কোষ] সত্ত্বপ্রধানাজ্ঞান, কারণশরীর; সুষুপ্তি।
আনন্দলহরী, স্ত্রী. [আনন্দ+লহরী] উল্লাসোল্লোল আহ্লাদেরতরঙ্গ; পুস্তকাখ্যা।
আনন্দশয্যা, স্ত্রী. [আনন্দ+শয্যা] নবোঢ়াশয়ন। [শীতলা।
আনন্দা, স্ত্রী. [আনন্দ+আ] বিজয়া, আরাম-
আনন্দার্ণব, ত্রি. [আনন্দ+অর্ণব] আহ্লাদসাগর, সুখসমুদ্র। [সুখ।
আনন্দি, পুং. [আ+নন্দি] হর্ষ, আহ্লাদ,

আনন্দিত, ত্রি. [আ+নন্দিত] আহ্লাদিত, হর্ষিত, আনন্দযুক্ত, হর্ষান্বিত, হৃষ্ট।
আনন্দী, ত্রি. [আ+নন্দী] আনন্দবিশিষ্ট; (স্ত্রী.) বৃক্ষ বিশেষ, আকনপাতা।
আনয়, পুং. [আ+নী+অ] উপনয়ন সংস্কার, যজ্ঞোপবীত গ্রহণ।
আনয়ন, ন. [আ+নী+অন] স্থানান্তরে নয়ন, আনা।
আনর্ত্ত, পুং. [আ+নৃত+অ] দেশবিশেষ; দ্বারকা, নৃত্যস্থান; যুদ্ধ; আনর্ত্ত দেশবাসী লোক; জল।
আনল, (প্রা) অনল, অগ্নি, বহ্নি।
আনা, (প্রা) আনয়ন; ষোড়শাংশের একাংশ।
আনাগোনা, (প্রা) গমনাগমন, যাতায়াত।
আনাজ, (যাং) তরকারী, ফলমূলাদি।
আনাড়, (প্রা) অপ্রকাশ, নিরবিল।
আনাড়িপনা, (প্রা) মূর্খতা, অনভিজ্ঞতা।
আনাড়ী, (প্রা) অনভিজ্ঞ, নির্বোধ, অকর্ম্মণ্য।
আনন, (প্রা) আনীত, যাহা আনাগিয়াছে।
আনামৎ, (প্রা) অনন্যবৎ, পূর্ব্বমত।
আনায়, পুং. [আ+নায়] বাগুরা, জাল, ফাঁদ।
আনায্য, পুং. [আ+নায্য] হোম করিবার নিমিত্ত গৃহ হইতে আনিয়া দক্ষিণদিকে রাখা আগুণ, দক্ষিণাগ্নি; যজ্ঞীয় অগ্নিবিশেষ; (ত্রি) আনীত, আহৃত।
আনারস, (প্রা) মধুরাম্লরস বিশিষ্ট ফল বিশেষ।
আনারসী, (প্রা) আনারস তুল্য।
আনাহ, পুং. [আ+নাহ] মূত্র পুরীষরোধক রোগ, তৎপর্য্যায়।—বিবন্ধ, বিষ্টম্ভ, মলরোধন, কোষ্ঠবদ্ধ; দৈর্ঘ্য।
আনি, (প্রা) আনা, ষোড়শাংশের একাংশ।
আনিল-আনিলি, পুং. [অনিল+অণ্] পবননন্দন, হনুমান; ভীমসেন।
আনিলী, স্ত্রী. [আনিল+ঈ] স্বাতীনক্ষত্র।
আনিসাজা, (প্রা) কর্ণী, লেপনযন্ত্র, কর্ণীক।
আনী, স্ত্রী. [আন+ঈ] প্রণী, অভিপ্রাণী, উপনী, আগ্রেণী, পুরস্কৃ।
আনীত, ত্রি. [আ+নীত] নীত; উপানীত।
আনীল, পুং. [আ+নীল] নীলঘোটক; (ত্রি) ঈষৎকৃষ্ণ, আকাল, নীল।
আনুকূল্য, ন. [অনুকূল+য] অনুকূলতা, সহায়তা, উপকারতা।
আনুগঙ্গ্য, ত্রি. [অনু+গঙ্গা+য়] গঙ্গা সম্বন্ধীয় দেশ।
আনুগত্য, ন. [অনুগত+য] অনুগমন করা, নিকটে থাকন, সঙ্গ, অক্তি।
আনুগুণ্য, ন. [অনুগুণ+য] সমতা, অনুরূপা। [অনুযায়ী।
আনুপদিক, ত্রি. [অনুপদ+ইক] অনুসারী,
আনুপূর্ব্ব+আনুপূর্ব্বী, ন. স্ত্রী. [অনু+পূর্ব্ব+ঈ] পরিপাটী, অনুক্রম, পারম্পর্য্য।
আনুপূর্ব্বক, ব্য. [অনু+পূর্ব্ব+ক] যথাপর্য্যায়, যথাক্রম, ক্রমেণ।
আনুবাত, ত্রি. [আনু+বাত] অনুবাদ, উপকূজিত, পরিসংঘুষ্ট।
আনুবিধিৎসা, স্ত্রী. [আনু+বিধিৎসা] উপকারির অপ্রত্যুপকারেচ্ছা, কৃতঘ্নতা করণের বাসনা।
আনুভব্য, ত্রি. [অনুভব+য] অনুভবনীয়, অনুভব সম্বন্ধীয়।
আনুমানিক, ত্রি. [অনুমান+ইক] অনুমান সিদ্ধ, অনুমান গম্য; অনুমানসম্বন্ধীয়, অনুমানবিষয়ীভূত।
আনুরক্তি, স্ত্রী. [অনু+রক্তি] অরনুগ, প্রণয়।
আনুরূপ্য, ন. [অনুরূপ+য] সাদৃশ্য, অনুসারিতা।
আনুলোম্য, ন. [অনুলোম+য] আনুপূর্ব্বী, পারিপাট্য, পারম্পর্য্য
আনুষঙ্গিক, ত্রি. [অনুষঙ্গ+ইক] প্রসঙ্গাধীন, প্রস্তাব ক্রমে যৌক্তিক, সম্বন্ধী।
আনুপ, পুং. [অনুপ+অণ্] অনুপদেশস্থ জন্তুমাত্র; খড়্গী; মহিষ; বরাহাদি।
আনৃণ্য, ন. [অনৃণ+য] ঋণশোধন, ঋণাপনয়ন, ঋণাপনোদন, ঋণদান, ঋণমুক্তি।
আনৃণ্যবারী, ত্রি. [আনৃণ্য+বারী] ঋণমুক্ত; শোধিত।
আনৃশংস্য, ন. [অনৃশংস+য] অনিষ্ঠুরতা, দয়া, স্নেহ, করুণাযুক্ত ব্যক্তিবিশেষ।

আনেতা, পুং. [আ+নেতৃ] আহর্ত্তা, আনয়নকর্ত্তা।
আনৈপুণ, পুং. [অনিপুণ+অণ্] অকৃতিত্ব, আনাড়ীপণা।
আনৈশ্বর্য্য, ন.[অন+ঐশ্বর্য্য] ঐশ্বর্য্যাভাব।
আনোখা, (প্রা) অপরিচিত, অনীক্ষিত।
আনোট-আনোটা,(প্রা) অঙ্গুরীয়ক,আঙ্গুটী।
আন্ত, ত্রি. [অম্+ত] গত, যাত, চলিত, চরিত, ব্রজিত, ইত, পন্ন, সৃপ্ত, অন্ত্য, অন্তিম, সমাপ্তিক, চরম, অন্ত, শেষ।
আন্তর-আন্তরিক, ত্রি. [অন্তর+ইক] অন্তঃকরণ সম্বন্ধীয়, অন্তরস্থ, মনোগত।
আন্তরীণ, ত্রি. [অন্তর+ঈন] অন্তরস্থ, অন্তর্বর্ত্তী।
আন্তরীক্ষ, ন. [অন্তরীক্ষ+অ] গগণ,আকাশ, অন্তরীক্ষ; (ত্রি.) স্বর্গীয়, দিব্য, দিবিজ।
আন্তর্বেশ্মিক, ত্রি. [অন্তর্বেশ্মন্+ইক] গ্রাম্য, গ্রামীয়।
আন্তিকা, স্ত্রী. [অন্তিক+আ] নাট্যোক্তিতে জ্যেষ্ঠা ভগিনী।
আন্ত্রিক, ত্রি. [অন্ত্র+ইক] অন্ত্রসম্বন্ধীয়, অন্ত্রস্থিত।
আন্দাজ্, (যাং) অনুমান, অনুভব।
আন্দেশা, (যাং) চিন্তা, ভাবনা।
আন্দোল-আন্দোলন, পুং. ন. [আন্দোল+অ-ন] দোলন, ঝোলন; অনুশীলন, কম্পন।
আন্দোলিত, ত্রি. [আন্দোল+ইত] কৃতান্দোলন, চলিত, কম্পিত, ধূত, বেল্লিত, দোলিত, কম্পিত; অনুশীলিত।
আন্ধসিক, ত্রি. [অন্ধস্+ইক] পাচক সূপকার, রন্ধনকর্ত্তা।
আন্ধসঃ, পুং. [অন্ধস্+অ] অন্নের ফেণ।
আন্ধ্র, পুং. [অন্ধ্র+অ] অন্ধ্রদেশ জাত, তৈলঙ্গী।
আন্বয়িক, ত্রি. [অন্বয়+ইক] প্রশস্ত কুলজাত, সৎকুলোদ্ভব. কৌল, সৎকুলীন; অন্বয়সম্বন্ধী; অনুপূর্ব্ব।
আন্বীক্ষিকী, স্ত্রী. [অনু+ঈক্ষ+ইকী] তর্কবিদ্যা, ন্যায়বিদ্যা; দুর্গা।

আন্মনা, (প্রা) অন্যমনস্ক, অন্যচিত্ত।
আন্যায়, পুং. [আ+ন্যায়] নৃপতি, ভূপতি।
আপ, পুং. [আপ্+অ] ব্যাপন, অষ্টবসুর মধ্যে বসু বিশেষ; (ন.) জল; পাপ।
আপকর, ত্রি. [অপকর+অ] অপকারক, অহিতকর।
আপক্ক, ত্রি. [আ+পক্ক] ঈষৎপক্ক কলাই-আদি, পৌলি, অভ্যূষ, রুটী।
আপ্‌খুদী, (যাং) আপন ইচ্ছায়।
আপগা, স্ত্রী. [আপ্+গা] নদী, স্রোতস্বতী।
আপজ্জনক, [আপৎ+জনক] বিপজ্জনক, বিপন্ন।
আপণ, পুং. [আ+পণ] বিক্রয়শালা দোকান, তৎপর্য্যায়।—নিষদ্যা, বিপণি, পণ্যবীথিকা, হট্ট, হাট, বাজার
আপণিক, পুং, [আপণ+ইক] বণিক, ব্যবসায়ী, দোকানি, মুদি, বাজার ভাও; (ত্রি.) বণিক্‌সম্বন্ধী।
আপতন, ন. [আ+পতন] উপস্থিত, আসন্ন; নিপতন, অবতরণ; ঘটন
আপতিক, পুং; [আ+পতিক] শ্যেনপক্ষী, বাজ্ (ত্রি.) দৈবায়ত্ব, দৈবাৎ।
আপতিত, ত্রি. [আ+পতিত] নিপতিত, অবতীর্ণ; উপপন্ন।
আপৎ, স্ত্রী. [আ+পদ্] বিপৎ, বিপত্তি।
আপৎকাল, পুং. [আপদ্+কাল] বিপৎকাল, বিপত্তি সময়।
আপৎকালিক, ত্রি. [আপদ্‌কাল+ইক] বিপৎকালসম্বন্ধীয়।
আপত্তি, স্ত্রী. [আ+পদ্+তি] দোষ, বাধকতা, প্রতিবন্ধক; আপৎ; প্রাপণ।
আপৎপ্রাপ্ত, ত্রি. [আপদ্+প্রাপ্ত] বিপদ্‌গ্রস্ত, বিপন্ন; আপন্ন।
আপদ্, স্ত্রী. [আ+পদ্] বিপদ, বিপত্তি, ব্যাঘাত, অনিষ্ট, অপায়, দুর্ঘটনা, উৎপাত, দুঃখ, কষ্ট, দৌর্গত্য, ক্লেশ, বৈক্লব্য, বিধুর, অরিষ্ট।
আপদ্‌গ্রস্ত, ত্রি. [আপদ্+গ্রস্ত] বিপন্ন, আপদে পতিত; নিরানন্দ।

আপদা, স্ত্রী. [আপদ্+আ] বিপত্তি, আপদ।

আপদুদ্ধার, ন. [আপদ্+উদ্ধার,] বিপ- [দুদ্ধার, বিপন্মুক্ত।

আপদ্ধর্ম্ম, পুং. [আপদ্+ধর্ম্ম] জীবিকো- পদেশ।

আপন. (প্রা) নিজ, আত্মীয়, স্বীয়।

আপন, ন. [আপ্+অন] মরীচ; প্রাপণ।

আপনগুঁয়া-আপনগুঁয়ামি, (প্রা) স্বেচ্ছা- চারী, স্বৈরী, অবাধ্য, একগুঁয়া।

আপনাপনি, (প্রা) স্বয়ং, স্বেচ্ছাক্রমে।

আপনি, (প্রা) স্বয়ং, নিজ; নিজে, মহাশয়।

আপনিক, পুং. [আ+পন+ইক] ইন্দ্রনীল- মণি; কিরাত।

আপন্ন, ত্রি. [আ+পদ্+ন] আপদ্গ্রস্ত, আপৎপ্রাপ্ত; প্রাপ্ত।

আপন্নসত্ত্বা, স্ত্রী. [আপন্ন+সত্ত্বা] গর্ব্ভবতী, গুর্ব্বিণী, অন্তঃসত্ত্বা।

আপন্নাশ, পুং. [আপদ্+নাশ] বিপদ্ধ্বংস, বিপত্তিনাশ।

আপব, পুং. বশিষ্ঠমুনি।

আপমিত্যক, ন. [অপমিত্য+ক] বিনিময় দ্বারা প্রাপ্ত, বদল করিয়া লওয়া দ্রব্য।

আপরাহ্ণিক, ত্রি. [অপরাহ্ণ+ইক] বৈকা- লিক, অপরাহ্ণকাল সম্বন্ধীয়।

আপস্, ন. [আপ্+অস্] জল; কন্যারাশি।

আপস্কার, ন. [অপস্কৃ+অ] গুগুাগ্র।

আপস্তম্ব, পুং, [আপস্+তম্ব] ধর্ম্মশাস্ত্র প্রয়োজক মুনিবিশেষ।

আপস্তম্বিনী, স্ত্রী. [আপস্+তম্বিনী] লিঙ্গি- নীলতা।

আপাক, পুং. [আ+পাক] কুম্ভকারের মৃৎপাত্রদহন স্থান, পোয়ান্. কন্দু।

আপাঙ্গ, (প্রা) বৃক্ষবিশেষ।

আপাত, পুং. [আ+পাত] পতন,পাতন।

আপাতক, (প্রা) তাৎকালিক, হঠাৎ।

আপাততঃ, বা. [আপাত+তস্] সম্প্রতি, এক্ষণকার মত।

আপাতকমরণ, (প্রা) অপমৃত্যু, অবঘাত।

আপাদনীয়, ত্রি. [আ+পাদনীয়] প্রাপ্য, প্রাপণযোগ্য।

আপাদপর্য্যন্ত, [আ+পদ+পর্য্যন্ত] পাদপর্য্যন্ত অর্থাৎ সমুদয় অঙ্গ।

আপদমস্তক, ব্য. [আ+পাদ+মস্তক] মস্তক হইতে পাদপর্য্যন্ত অর্থাৎ সমুদয় অঙ্গ।

আপান, ন. [আ+পান] মদ্যপানার্থ সভা, পানগোষ্ঠিকা, মধুভুক্ সমূহ, মদ- খাইবার চক্র; মদ্যপসমূহ।

আপামর, বা. [আ+পামর] পামরাবধি ভদ্রলোকপর্য্যন্ত।

আপামরসাধারণ, ব্য. [আপামর+সাধারণ] ইতর লোকাবধি সমস্ত ব্যক্তি।

আপার, (প্রা) অপার, অসীম, অগণনীয়, অসংখ্য।

আপালি, পুং. [আ+পল+ই] কেশ- কীট, উৎকুণ, উকুণ, ডেঙ্গর।

আপিঞ্জর, ন. [আপিন্+জর] স্বর্ণ, হেম, কাঞ্চন, সুবর্ণ।

আপী, স্ত্রী. পুর্ব্বাষাঢ়ানক্ষত্র।

আপীড়, পুং. [আ+পীড়] শিখাস্থিত মালা, শেখর, শিরোমালা, শিরো- ভূষণ। [হ্বান।

আপিল্, (ইং) পুনর্ব্বিচার প্রার্থনা; আ-

আপীত, ন. [আ+পীত] মাক্ষিক ধাতু; (ত্রি.) মদপীত, মত্ত; অতি পীতবর্ণ।

আপীন, পুং. [আ+পীন] কূপ; (ন.) ঊধ, গরুর পালান; (ত্রি.) ঈষৎস্থূল, সম্যক্- স্থূল।

আপূপিক, পুং. [আপূপ+ইক] পিষ্টক- জীবী, পিষ্টকবিক্রয় কর্ত্তা, কান্দবিক, ভক্ষ্যকার, ময়রা, হালুইকর, রুটিওয়ালা (ন.) অপূপসমূহ, অপ্রশস্ত বহু পিষ্টক।

আপূপ্য, পুং. [আ+পূপ্য] শক্তু, ছাতু; ময়দা, বেসন প্রভৃতি।

আপূর্ত্তি, স্ত্রী. [আ+পূর্ত্তি] ঈষৎ পূরণ; সম্যক্ পূরণ।

আপূষ, ন. [আ+পূষ] রঙ্গ, ত্রপু, রাং।

আপৃচ্ছা, স্ত্রী. [আ+পৃচ্ছা] আভাষণ, আলাপ, জিজ্ঞাসা, প্রশ্ন

আপৃষ্ট, ত্রি. [আ+পৃষ্ট] সম্ভাষিত; সম্বো- ধিত, সংলাপিত।

আপোক্লিম, ন. [আ+পোক্লিম] লগ্ন হইতে তৃতীয় ষষ্ঠ নবম ও দ্বাদশ লগ্ন।

আপ্ত, পুং. [আপ্+ত] ভ্রম, প্রমাদ বিপ্রলিপ্সা করণাপাটবরূপ দোষ চতুষ্টয়রহিত; ঋষ্যাদি; (ত্রি.) প্রত্যয়িত, বিশ্বস্ত; প্রাপ্ত, লব্ধ; সত্য; যোগ্য: নিয়োজিত; অভিযুক্ত; সিদ্ধ, প্রমাণ, অখণ্ড প্রমাণ; (ন.) লব্ধি, ক্ষেত্রফল, হরণ বা পূরণেতে প্রাপ্ত সংখ্যা।

আপ্তকাম, ত্রি. [আপ্ত+কাম] পূর্ণকাম।

আপ্তকারী, পুং. [আপ্ত+কারিন্] বিশ্বাসী, বিশ্বস্তব্যক্তি।

আপ্তখুদী. (প্রা) আপনইচ্ছা।

আপ্তগর্ব্ব, ত্রি. [আপ্ত + গর্ব্ব] প্রাপ্তাহঙ্কার, দম্ভবিশিষ্ট।

আপ্তগর্ভা. স্ত্রী. [আপ্ত+গর্ভা] সসত্ত্বা, অন্তরাপত্যাস্ত্রী। [আত্মম্ভরী।

আপ্তগ্রাহী, ত্রি. [আপ্ত+গ্রাহিন্] স্বার্থপর,

আপ্তবচন, ন. [আপ্ত+বচন] ঋষিবাক্য।

আপ্তবর্গ, ত্রি. [আপ্ত + বর্গ] আত্মীয়, স্বজন, বন্ধুবান্ধব।

আপ্তসার, ন. [আপ্ত+সার] আত্মরক্ষণ, স্বীয় দেহপালন; স্বায়ত্ত; আত্মসাৎ।

আপ্তা, স্ত্রী. জটা, সটা, চিটানকচ। [যোগ।

আপ্তি, স্ত্রী. [আপ্+তি] প্রাপ্তি, লাভ; সম্বন্ধ,

আপ্তোক্তি, স্ত্রী. [আপ্ত+উক্তি] সিদ্ধান্ত বাক্য; তৎপর্য্যায়।—রাদ্ধ, সিদ্ধকত, অভ্যোত, সময়, আগম, আপ্তবচন, বিশ্বস্ত ব্যক্তির কথা।

আপ্য, ত্রি. [আপ্+য] জলবিকারজ, ফেণাদি, অম্ময়, (ন.) বাপ্যবৃক্ষ, কুড়।

আপ্যান, ত্রি. [আ+প্যান] অংসল, স্থূল, মাংসল। [তৃপ্তি।

আপ্যায়ন, ন. [আ+প্যায়ন] তর্পণ, প্রীণন,

আপ্যায়িত, ত্রি. [আ+প্যায়িত] তৃপ্ত, প্রীত, সন্তুষ্ট, সমৃদ্ধ, সম্পূর্ণ, পুষ্টাঙ্গ; আনন্দিত; হৃষ্ট।

আপ্রচ্ছন, ন. [আ+প্রচ্ছন] গমনাগমন সময়ে সুহৃত্তাদির সঙ্গে কুশল; আলিঙ্গন আনন্দন, জিজ্ঞাসা।

আপ্রচ্ছন্ন, ন. [আ+প্রচ্ছন্ন] আপ্রচ্ছন; আনন্দন, সভাজন গুপ্তভাবে।

আপ্রপদ, ন. [আ+প্রপদ] পাদাগ্রপর্য্যন্ত, পাদাগ্রাবধি।

আপ্রপদীন, ত্রি. [আ+প্রপদীন] পাদাগ্রপর্য্যন্ত পতিতমাল্য বস্ত্রাদি।

আপ্রপদীনক, ন. [আ+প্র+পদীনক] পাদাগ্রপর্য্যন্ত পতিত বস্ত্রাদি।

আপ্লব, পুং. [আ+প্লব] স্নান, অবগাহন।

আপ্লবন, ন. [আ+প্লবন] স্নান, অবগাহন, মজ্জন।

আপ্লবব্রতী, পুং. [আপ্লত+ব্রতিন্] ব্রহ্মচর্য্য ত্যাগ করিয়া যে ব্যক্তি গার্হস্থ্যাশ্রম অবলম্বন করেন, অপ্লুত ব্রতী, স্নাতক ব্রাহ্মণ।

আপ্লাব, পুং. [আ+প্লাব] স্নান।

আপ্লাবন, ন. [আ+ প্লাবন] জলময়, বন্যা।

আপ্লাবিত, ত্রি. [আ+প্লাবিত] বন্যাদ্বারা ধৌত; অভিপ্লুত

আপ্লুত, পুং. [আ+প্লুত] আপ্লুতব্রতী, স্নাতক, (ত্রি.) স্নাত, কৃতস্নান; (ন.) স্নান, অবগাহন।

আপ্লুতব্রতী, পুং. [আ+প্লুতব্রতিন্] ব্রহ্মচর্য্য ত্যাগ করিয়া যে গার্হস্থ্যাশ্রম অবলম্বন করেন; স্নাতক ব্রাহ্মণ, সমাপ্ত বেদাধ্যয়ন, স্নানশীল।

আপ্বা, পুং. [আপ্+কুন্] বায়ু, অনিল।

আফজুদ, (যাং) অত্যন্ত, অধিক।

আফ্বাহ, (যাং) কিম্বদন্তী, জনশ্রুতি, খবর

আফসোস, (যাং) দুঃখ, শোক।

আফা, (প্রা) মৎস্যোৎপ্লবন।

আফাকল, (প্রা) মৎস্যধারণ যন্ত্রবিশেষ, আড়া।

আফানি. (প্রা) মৎস্যের লম্ফন।

আফিঙ্গ, (প্রা) আফিম, অহিফেণ।

আফিমী, (প্রা) আফিমভোক্তা।

অফূক, ন. [আফূ+ক] অহিফেণ, আফিঙ্গ, আফিং।

আব্কার, (যাং) শৌণ্ডিক, সুরাজীবী, মদ্যব্যবসায়ী।

আব্‌খোরা. (যাং) জলপাত্রবিশেষ।
আবক্কা, (প্রা) নির্ব্বোধ, অবিজ্ঞ, অজ্ঞ, মূর্খ, বর্ব্বর, মূঢ়।
আবজান, (প্রা) বন্ধন, বাধন; আচ্ছাদন।
আবটন-আবটা-আবটান, (প্রা) আবর্ত্তন, ঘনকরণ, আওটান।
আবট্ট, পুং. [আ+অবট্ট] দেশবিশেষ; আরট্ট, অবর্ত্ত।
আবট্টজ, পুং. [আবট্ট+জ] অশ্বজাতিভেদ, আরবী ঘোটক।
আবডাল, (প্রা) ব্যবধান, অন্তরাল, আড়াল, অপদেশ, ছল, নত্তা।
আব্‌তর, (যাং) নিগুর্ণ, অধম,।
আবতা, (প্রা) আচ্ছাদন, অন্তরাল, আবৃত।
আব্‌দার,(যাং)যেভৃত্য পাণীয়জল প্রস্তুতকরে
আবদার, (প্রা) আখড়ি, আখুটী, জেদ, বালকদের কোটি। [বালক।
আবদারীয়, (প্রা) খেকানিয়া, কোটিকারী-
আবদ্ধ, পুং. [আ+বদ্ধ] দৃঢ়বন্ধন; প্রেম; অলঙ্কার; যোক্ত্র, যোৎদড়ী।
আব্‌নুস (যাং) আবলুস্‌কাষ্ঠ।
আবনেয়, পুং. [অবনী+এয়] অবনীপুত্র, গ্রহ, ক্ষিত্যুদ্ভববস্তু, কুজ।
আবন্ত্য, পুং. [আবন্ত+য] অব্রাহ্মণ, পতিত ব্রাহ্মণ; (ত্রি.) অবন্তীদেশজাত।
আবন্ধ, পুং. [আ+বন্ধ] যোক্ত্র, যোৎদড়ী; ভূষণ; প্রেম; বন্ধন; (ত্রি.) বদ্ধ, নিবদ্ধ।
আবপন, ন. [আ+বপন] সম্যক্‌ বীজভাণ্ড দ্রব্যস্থাপন পাত্র, বপন; সম্যক্‌ক্ষুরি-কর্ম্ম; সম্যগ্বীজরোপণ; আধারপাত্র
আবর, (প্রা) অবকৃষ্ট, মুগ্ধ; অজ্ঞান, হিতা-হিত জ্ঞানাসমর্থ।
আবরণ, ন. [আ+বরণ] আচ্ছাদন, ঢাকন; ফলক, ঢাল; প্রাচীর; রোধ।
আবরণশক্তি, স্ত্রী. [আবরণ+শক্তি] মায়া-শক্তি, মহামায়া।
আবরণীয়, ত্রি. [আবরণ+ঈয়] গোপনীয়, গুহ্য, প্রচ্ছাদনীয়।
আবরা, (প্রা) ঈষৎদৃষ্টি, জলক্ষরণ, চক্ষু-পীড়া।
আবরাণ-আবরাণি, (প্রা) অল্পবর্ষণ; সূক্ষ্ম জলকণা।
আবরু, (যাং) যশঃ, সুখ্যাতি, উত্তমস্বভাব।
আবর্জ্জন, (প্রা) অবস্কর, জঞ্জাল, নিক্ষেপণ।
আবর্ত্ত, পুং. [আ+বর্ত্ত] জলভ্রম; চিন্তা, আবর্ত্তন; মেঘাধিপবিশেষ; দেশবিশেষ; চূর্ণকুন্তল, (ন.) মাক্ষিক ধাতু।
আবর্ত্তকী, স্ত্রী. [আ+বর্ত্তকী] লতাবিশেষ, তৎপর্য্যায়।—ভগতবল্লী, তিন্দুকিনী, বিভাণ্ডী, বিষাণিকা, রঙ্গলতা, মনোজ্ঞা, রক্তপুষ্পী, মরুত্তালী, পীতকীলা, চর্ম্ম রঙ্গা; ভদ্রদন্তিকাবৃক্ষ।
আবর্ত্তন, ন. [আ+বর্ত্তন] দুগ্ধাদির আলোড়ন, আওটান; সূর্য্যেরপশ্চিমদিগস্থিত ছায়ার পূর্ব্বদিগ মমারম্ভকাল; ধাতুদ্রব্য দ্রবী-করণ, গলান।
আবর্ত্তনমণি, পুং. [আবর্ত্তন+মণি] রাজা-বর্ত্তনামোপরত্ন।
আবর্ত্তনী, স্ত্রী. [আ+বর্ত্তনী] ধাতুদ্রব্য দ্রাব-ণার্থ মৃৎপাত্র,মুছী, তৎপর্য্যায়।—তৈজ-সাবর্ত্তনী মুষ, মূষী, মুষা, অন্ধমুষা।
আবর্ত্তমান, ত্রি. [আ+বর্ত্তমান] বিবর্ত্তমান, ঘর্ণায়মান, পরিবর্ত্তী। [বৃক্ষ।
আবর্ত্তিনী, স্ত্রী. [আ+বর্ত্তিন্‌+ঈ] অজশৃঙ্গী
আবর্ত্তী, পুং. [আ+বর্ত্তিন্‌] ঘোটকের চূর্ণ-কুন্তল; (ত্রি.) পরিবর্ত্তিত, আবর্ত্তিত।
আবর্হিত, ত্রি. [আ+বর্হিত] উন্মূলিত, উৎ-পাটিত।
আবলুস, (যাং) কাষ্ঠবিশেষ, কালস্কন্ধ
আবলি-আবলী, স্ত্রী. [আ+বলি-ঙী] শ্রেণী, তৎপর্য্যায়।—পংক্তি, রাজি, পদ্ধতি, রাজিকা, ততি, বীথি, আলি, পালি, ধারণী, রেখা, সরণি।
আবল্য,ন.[অবল+য] অবলস্যভাব,দৌর্ব্বল্য।
আবশ্য, ন. [অবশ+অ] অনন্যথাসম্ভব, প্রয়োজন।
আবশ্যক, ত্রি. [আবশ্য+ক] অবশ্যকর্ত্তব্য, প্রয়োজনীয়; নৈশ্চয়িক, উচিত।
আবশ্যকতা, স্ত্রী. [আবশ্যক+তা] প্রয়োজন, দরকার, অপেক্ষা।

আবসথ, ন.[আ+বস্+অথ]গৃহ, ভবন, বাটী, (পুং.) আর্য্যাকোষ; ব্রতবিশেষ যে গৃহে হোমাগ্নি রক্ষণ করা হয়; আর্য্যাচ্ছন্দ, গ্রন্থভেদ।

আবসিত, ত্রি. [আ+বসিত] পরিপক্ক মর্দ্দিতধান্য; সুসম্পন্ন ধান্য; বহুলিত ধান্য, স্কন্ধ, শস্যসঞ্চিত।

আবহ, পুং. [আ+বহ] সপ্তবায়ুর অন্তর্গত বায়ুবিশেষ; ভূবায়ু; (ত্রি.) বহনশীল, নীয়মান।

আবহমান, ত্রি. [আ+বহমান] ক্রমাগত, পূর্ব্বাপর; চিরকালীন।

আবহিত, ত্রি. [আ+বহিত] উন্মূলিত, উৎপাটিত।

আবা, ব্য. [আব+আ] ক্রীড়াসম্বোধন।

আবাচ্য, (প্রা) অকথ্য; উপস্থ; ভগ।

আবাৎ, ত্রি. [আ+বা+অৎ] বায়ুবহন।

আবাদ, (বাং) শস্যাদিবপন, বৃক্ষাদিরোপণ।

আবাধা, স্ত্রী. [আ+বাধা] সম্যক্‌বাধা; পীড়া; দুঃখ; ক্ষেত্রবিদ্যায় ত্রিকোণ ক্ষেত্র মধ্যে রজ্জুনিক্ষেপ করিলে যে খণ্ডদ্বয় হয় তাহা, লম্বেরপার্শ্বস্থ ভূমিখণ্ড।

আবাপ, পুং. [আ+বাপ] আলবাল; বলয়; শত্রুচিন্তন; পানভেদ; ভাণ্ডবপন; পরিক্ষেপ; নিম্নোন্নত ভূমি; পাত্র; প্রধান হোম।

আবাপক, পুং. [আবাপ+ক] বলয়।

আবাপন, ন. [আ+বাপন] সূত্রযন্ত্র, তাঁৎ।

আবাপোদ্ধার, ন.[আবাপ+উদ্ধার]শোধন; লোপ এবং যোগকরণ।

আবার, (প্রা) পুনর্ব্বার, দ্বিতীয়বার।

আবারি, ন. [আ+বারি] হট্টবেশ্ম, পণ্যশালা, দোকান, হাটচালি।

আবার্য্য, বা. [আ+বার্য্য] অপবারিত, সংবৃত, আচ্ছাদিত।

আবাল, ন. [আ+বাল] আলবাল; (ত্রি.) বালক পর্য্যন্ত, বালকীয়।

আবালকাল, ন. [আবাল+কাল] বাল্যকাল, বাল্যাবস্থা। [বৃদ্ধপর্য্যন্ত।

আবালবৃদ্ধ, বা, [আবাল+বৃদ্ধ] বালকাবধি

আবালবৃদ্ধবনিতা, ব্য. [আবালবৃদ্ধ+বনিতা] বালক বৃদ্ধ এবং স্ত্রী সমুদায়লোক, সপরিবার, সর্ব্বসাধারণ।

আবাল্য, ন. [আ+বাল্য] বাল্যাবস্থা.পর্য্যন্ত, বালককাল যাবৎ। [আলয়।

আবাস, পুং. [আ+বাস] গৃহ, বাসস্থান,

আবাহক, ত্রি. [আ+বাহক] অভিহিত, উদাহৃত; বাহক।

আবাহন, ন. [আ+বাহন] আহ্বান, নিমন্ত্রণ, আমন্ত্রণ।

আবাহনী, স্ত্রী. [আবাহন+ঈ] দেবতার আহ্বানার্থ মুদ্রাবিশেষ।

আবাহনীয়, ত্রি. [আ+বাহনীয়] আমন্ত্রণ করিবার যোগ্য।

আবাহিত, ত্রি. [আ+বাহিত] অভ্যর্থিত, নিমন্ত্রিত, আহূত, আমন্ত্রিত। [নীয়।

আবাহ্য, ত্রি. [আ+বাহ্য] আবাহনীয়, আমন্ত্র

আবি, ব্য.[আবিস্]প্রাকাশ্য,প্রস্ফুটত্ব,প্রাদু।

আবিক, পুং.[আবি+ক] কম্বল, ঊর্ণায়ু; (ত্রি.) ঊর্ণাময়, ঔর্ণক, ঔর্ণবস্ত্র; মেষসম্বন্ধীয়।

আবিকসৌত্রিক, ত্রি. [আবিক+সৌত্রিক] মেষ লোম নির্ম্মিত। [পাণিআমলা।

আবিগ্ন, পুং. [আ+বিগ্ন] অবিগ্ন, করমর্দ্দক,

আবিদ্ধ, ত্রি. [আ+বিদ্ধ] ঈষৎবিদ্ধ, অবভুগ্ন; বক্র; ক্ষিপ্ত; পরাহত; মূর্খ; প্রেরিত; জড়বুদ্ধি; বঞ্চিত।

আবিদ্ধকর্ণিকা-কর্ণী, স্ত্রী, [আবিদ্ধ+কর্ণিকা-কর্ণী] লতাবিশেষ।

আবিধ, পুং. [আ+বিধ] কাষ্ঠবেধনাস্ত্র, তুরপণ, ভোমর।

আবির্ভাব, পুং. [আবিস্+ভাব] প্রকাশ, দেবাবতরণ, প্রাদুর্ভাব, অধিষ্ঠান।

আবির্ভূত, ত্রি. [আবিস্+ভূত] প্রকাশিত, অধিষ্ঠিত, অবতীর্ণ; জন্মমুক্ত; প্রাদুর্ভূত।

আবিল, ত্রি. [আ+বিল] অনচ্ছ, অনির্ম্মল, সমল।

আবিলকন্দ,পুং. [আবিল+কন্দ] মালাকন্দ।

আবিষ্করণ, ন. [আবিস্+করণ] প্রকাশন, ব্যঞ্জন, ব্যক্তীকরণ,প্রাদুষ্করণ, প্রাত্যক্ষীকরণ, প্রকটীকরণ।

আবিষ্কার, পুং. [আবিস্+কার] প্রকাশ; আক্ষেপণ; অনুশোচন।
আবিষ্কৃত, ত্রি. [আবিস্+কৃত] প্রকাশিত, প্রকটিত।
আবিষ্ট, ত্রি. [আ+বিশ্+ত] প্রেতবাহিত, ভূতাদিগ্রস্ত; আবেশযুক্ত, নিবিষ্ট, অধিগত; বাতুল, উন্মত্ত।
আবিষ্টচিত্ত, ত্রি. [আবিষ্ট+চিত্ত] আক্রান্ত-মন, নিবিষ্টচিত্ত। [প্রাদু।
আবিস্, ব্য. [আ+বিস্] ব্যক্ত, প্রকাশ্য,
আবী, স্ত্রী. যত্ন; কষ্ট; প্রসববেদনা।
আবীত, ত্রি. [আ+বীত] গত, চলিত; স্থাপিত, নিবেশিত; উপবীতযুক্ত।
আবীতী, পুং. [আ+বীতিন্] উপবীতধারণ।
আবীর, (বাং) ফল্গু, ফাগু। [বীর।
আবীরচূর্ণ, ন. [আবীর+চূর্ণ] ফল্গু, ফাগু,আ-
আবু, (প্রা) গলগণ্ড, মাংসবৃদ্ধি।
আবুয়া, (প্রা) গলগণ্ডবিশিষ্ট।
আবুড়া-আবুড়াখাবুড়া, (প্রা) উন্নতানত অসমান। [নীপতি।
আবুত্ত, পুং. [আ+বুত্ত] নাট্যোক্তিতে ভগি-
আবক, (প্রা) নাট্যোক্তিতে পিতা।
আবৃৎ, স্ত্রী. [আ+বৃৎ] অনুক্রম, পরিপাটী, আনুপূর্ব্বী, পারম্পর্য্য, পারিপাট্য।
আবৃত, ত্রি. [আ+বৃত] বেষ্টিত, বলায়িত, কৃতাবরণ, সংবীত, রুদ্ধ; (পুং.) উগ্র-কন্যা গর্ব্ভে ব্রাহ্মণ ঔরসজাতব্যক্তি।
আবৃত্ত, ত্রি. [আ+বৃত্ত] পরিবর্ত্তিত, ব্যাব-র্ত্তক, পরিবৃত্ত, বিবৃত্ত, বিবর্ত্তিত, ভ্রান্ত, ঘূর্ণিত; আবৃত; পলায়িত।
আবৃত্তি, স্ত্রী. [আ+বৃত্তি] অভ্যাসন, আও-ড়ান, পুনঃ পুনঃ পাঠকরিয়া কণ্ঠস্থকরণ; আবর্ত্তন; পলায়ন; পরাবৃত্তি।
আবেগ, পুং. [আ+বেগ] ত্বরা, শীঘ্রতা, দ্রুততা, শৈঘ্র্য, ভাব।
আবেগী, স্ত্রী. [আবেগ+ঈ] বৃদ্ধদারকবৃক্ষ।
আবেদক, ত্রি. [আ+বেদক] নিবেদনকর্ত্তা, অভিযোগকারী, নালিসকারক।
আবেদন, ন. [আ+বেদন] নিবেদন, জ্ঞাপন, সংসূচক; অভিযোগ।
আবেদনলিপি, ন. [আবেদন+লিপি] নিবেদ-নপত্র, প্রার্থনাপত্র; আর্জ্জী। [জ্ঞাপিত।
আবেদিত, ত্রি. [আ+বেদিত] নিবেদিত,
আবেদ্য ত্রি. [আ+বেদ্য] আবেদিত, নিবে-দিত। [জ্ঞাপিত।
আবেদ্যমান ত্রি. [আ+ বেদ্যমান] নিবেদিত,
আবেশ, পুং. [আ+বেশ] অহঙ্কারবিশেষ, তৎপর্য্যায়।—সংরম্ভ, আটোপ; অপ-স্মাররোগ; ভূতাদিরোগ; তৎপর্য্যায়।—ভূতসঞ্চার, ভূতক্রান্তি, গ্রহাময়পিশাচা-বেশ; আসক্তি,অভিনিবেশ, মনোযোগ, অনন্যবৃত্তি, একনিষ্ঠতা, পরতা, নিষ্ঠা, নিবেশ, প্রবেশ, একচিত্ততা।
আবেশক, ত্রি. [আবেশ+ক] দৃঢ়বিশ্বাসজনক, নিশ্চয়জনক,প্রত্যয়কারী,অনুরাগজনক।
আবেশন,ন.[আ+বেশন] প্রবেশ; ভূতাবেশ; কোপ; পরিবেশ, পরিধি; শিল্পশালা।
আবেশিক, ত্রি. [আ+বেশিক] আগন্তু; অতিথি; স্বীয়; অসাধারণ; অন্যাসাধা-রণ; প্রতিষ্ঠিত।
আবেষ্টক, পুং. [আ+বেষ্টক] প্রাচীরাদি, পাঁচিল, বেড়া। [বেষ্টন।
আবেষ্টন, ন. [আ+বেষ্টন] সমাবেষ্টন,পরি-
আবেষ্টিত, ত্রি. [আ+বেষ্টিত] পরিবেষ্টিত, পরিবৃত, আবৃত, বেষ্টিত। [বুদ্ধি।
আবোধন, ন. [আ+বোধন] জ্ঞান, বোধ,
আবোর, (প্রা) মূর্খ, অবোধ, জড়, অসভ্য; মেঘ।
আব্দিক, ত্রি.[অব্দ+ইক] বাৎসরিক,বার্ষিক।
আভরণ, ন. [আ+ভরণ] ভূষণ, অলঙ্কার, অলঙ্করণ, বিভূষণ, ভরণ, শোভা।
আভা, স্ত্রী. [আ+ভা] প্রকাশ, শোভা, কান্তি, প্রভা, দীপ্তি, দ্যুতি, জ্যোতি, আলোক, উজ্জ্বলতা।
আভাগ্য, ত্রি. [আ+ভাগ্য] অভাগ্য, দুর-দৃষ্ট। [মূর্ত্তি।
আভাতি, স্ত্রী. [আ+ভাতি] ছায়া; প্রতি-
আভাষ, পুং. [আ+ভাষ] ভূমিকা, উপ-ক্রমণিকা, পরিভাষা, প্রস্তাবনা, মঙ্গলা-চরণ, প্রকরণ, বাগুমুখ, প্রারম্ভ।

আভাষণ, ন. [আ+ভাষণ] উভয়ের উপকথন, আলাপন, আল্লাপ, কথন, সম্ভাষণ।

আভাস, পুং. [আ+ভাস] বেদান্ত; দীপ্তি; সদৃশ; প্রতিবিম্ব; অভিপ্রায়; অবতরণিকা; হেত্বাভাস।

আভাস্বর, পুং. [আ+ভাস্বর] চতুঃষষ্টি সংখ্যক গণদেবতা বিশেষ।

আভিচারক, ত্রি. [অভিচার+ক] অভিচার কর্ত্তা, হিংসা কর্ম্মের প্রয়োগকারী।

আভিজন, পুং. [অভিজন+অ] অভিজন সম্বন্ধী; কুলসম্বন্ধীয়, গাঁই, পদবী।

আভিজাত্য, স্ত্রী. [অভিজাত+য] বংশসম্বন্ধীয়, কৌলিন্য, কুলিনতা, সদ্বংশ; পাণ্ডিত্য, বৈদূষ্য

আভিজাত্যাপন্ন, ত্রি. [আভিজাত্য+আপন্ন] কৌলীন্য, মর্য্যাদান্বিত, সদ্বংশীয়।

আভিধা, স্ত্রী. [আ+অভিধা] শব্দ, ধ্বনি।

আভিধাতক, ন. [অভিধা+ত-ক] শব্দ, স্বর।

আভিধানিক, ত্রি. [অভিধান+ইক] অভিধানে প্রসিদ্ধ, কৌষিক; (পুং.) অভিধান কর্ত্তা, অভিধান প্রকাশক।

আভিধানীয়ক, ত্রি. [অভিধানীয়+ক] শাব্দিক, শাব্দ, বাচনিক, নামসম্বন্ধীয়।

আভিমুখ্য, ন. [অভিমুখ+য] সম্বোধন; অভিমুখকরা; সম্মুখীনত্ব, সমক্ষ বর্ত্তিতা।

আভিষেচনিক, ত্রি. [অভিষেচন+ইক] অভিষেক সম্বন্ধীয়।

আভিহারিক, ত্রি. [অভিহার+ইক] অপহারক, প্রবঞ্চক।

আভীর, পুং. [আ+অভি+ঈর] গোপ, ব্রাহ্মণ হইতে অম্বষ্ঠার গর্ভজাত, গোপাল, গোপালক, গোরক্ষক, গোচারক, অনুগবীন, বৎসীয়, আহির, বল্লভ, গোয়ালা.

আভীরপল্লি-আভীরপল্লী, স্ত্রী. [আভীর+পল্লি-পল্লী] ঘোষপল্লি, গোপপল্লী, গোয়ালাপাড়া, গোপগ্রাম, গোপস্থান, গোপগৃহসমূহ, ঘোষ।

আভীরী, স্ত্রী. [আভীর+ঈ] মহাশূদ্রী, গোপস্ত্রী, জাতি, গোপপত্নী, আহিরিণী, গোয়ালিনী।

আভীরীনট, ন. [আভীরী+নট] তালবিশেষ।

আভীল, ন. [আভি+ঈল] কষ্ট, ক্লেশ, কৃচ্ছ্র; (ত্রি.) কষ্টযুক্ত; ভয়ানক।

আভীক্ষ্ণ, ন. [অভীক্ষ্ণ+অ] অত্যর্থ, নিত্য; সর্ব্বদা, (ত্রি.) তদ্যুক্তকর্ম্ম।

আভেরী, স্ত্রী. [আ+ভেরী] রাগিণীবিশেষ

আভোগ, পুং. [আ+ভোগ] পরিপূর্ণতা যত্ন; পরিভোগ, ফলভোগ; বরুণের ছত্র; যত্ন; কবিনামযুক্ত গান, সমাপক কবিতা, ভণিতা।

আভ্যাসিক, ত্রি. [অভ্যাস+ইক] শ্রুতিধর, অভ্যাসকর্ত্তা।

আভ্যুদয়িক, ত্রি. [অভ্যুদয়+ইক] সৌভাগ্যবান, শুভান্বিত, সশ্রিক; বহ্বর্থ, গুর্ব্বর্থ, অভ্যুদয় নিমিত্ত শ্রাদ্ধাদি।

আম, ত্রি. [অম+অ] পাকরহিত, কাঁচা; তৎপর্য্যায়।—অসিদ্ধ, অসৃদ্ধ, অসৃভ, অপক্ক, (ন.) ষটপ্রকার অজীর্ণ রোগমধ্যে রোগবিশেষ; আমাশয়রোগ; (পুং.) রোগমাত্র; রোগভেদ; মলবৈষম্যরোগ; আম্রফল।

আমকুম্ভ, পুং. [আম+কুম্ভ] কাঁচা মৃত্তিকার কলশ।

আমগন্ধি, ন. [আম+গন্ধি] গন্ধযুক্ত চিতাধূমাদি; অপক্কমাংসাদির গন্ধযুক্ত পদার্থ, বিস্র, বিশ্র।

আমচুর, (প্রা) শুষ্ক আম্র খণ্ড।

আমড়া, (প্রা) ফলবিশেষ, আম্রাতক।

আমটোকা, (প্রা) লতাবিশেষ।

আমণ্ড, পুং. [আ+মণ্ড] এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।

আমতা, স্ত্রী. [আম+তা] অপক্কতা, অপাক।

আমদানী-অমদানী (বাং) দেশান্তর হইতে দ্রব্যাদি আনয়ন

আমদ্‌রফৎ (বাং) আমদানী ও রফ্‌তানী।

আমন-আমনধান্য, (প্রা) ধান্যবিশেষ, শরৎপক্ক ধান্য।

আমনস্য, ন. [আ+মনস্য] পীড়া, দুঃখ, কষ্ট।

আমন্ত্রণ, ন. [আ+মন্ত্রণ] সম্বোধন; আহ্বান; নিমন্ত্রণ; আপ্রচ্ছন; নিমন্ত্রণবিশেষ; অষ্টমীবিভক্তি।

আমন্ত্রিত, ত্রি. [আ+মন্ত্রিত] নিমন্ত্রিত, আহূত। [শব্দ, ধ্বনি।

আমন্দ্র, পুং. [আ+মন্দ্র] নীচ, অধম;

আমপীনস, ন. [আম+পীনস] সর্দ্দিক, কফ, শ্লেষ্মা, পীনস।

আমবাত, পুং. [আম+বাত] পিত্তজন্য ত্বক্‌রোগবিশেষ। [আমরক্ত।

আমবিকার, (প্রা) অতিসার, আমাতিসার,

আমমাংস, পুং. [আম+মাংস] কাঁচামাস।

আমমাংসাদ-আমমাংসাশী, পুং. [আম-মাংস+অদ-আশিন্] ক্রব্যাশী, পিশিতাপ, অশ্রপ, রাক্ষস, (ত্রি.) কাঁচামাংসভুক্।

আময়, পুং. [অম্+অ] রোগ, পীড়া, (ন.) কুষ্ঠনামক ঔষধি, কুড়।

আময়াবী, ত্রি. [আময়+অব+ইন্] রোগী পীড়িত; অসুস্থ।

আময়াবিত্ব, ন. [আময়াবিন্+ত্ব] অজীর্ণ, মন্দাগ্নি, পরিণামশূল, অপাক।

আমরক্ত, পুং. [আম+রক্ত] উদরাময়-বিশেষ, রক্তমলস্রাবের পীড়া, গ্রহণী।

আমরস, পুং. [আম+রস] অপাকরস।

আমরুল, (প্রা) অম্লনালিকা শাক, অম্লরস-যুক্ত শাক।

আমর্শ, পুং. [আ+মৃশ+অ] পরামর্শ, বিবেচন, সুচিন্তা।

আমর্ষ-আমর্ষণ, পুং. ন. [আ+মৃষ্+অন] ক্রোধ, রোষ, (প্রা) রাগ।

আমলক, পুং. [আ+মল-ক] বাকসবৃক্ষ; (ন.) আমলকী বিশেষ, কাঠআমলা, কাষ্ঠ ধাত্রীফল, ক্ষুদ্রামলক, ক্ষুদ্রজাতীফল।

আমলকী, স্ত্রী. [আমলক+ঈ] স্বনামখ্যাত ফল-বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—তিষ্যা-ফলা, অমৃতা, বয়স্থা, বয়ঃস্থা, কা-য়স্থা, শ্রীফলা; ধাত্রিকা, শিবা, শান্তা, ধাত্রী, অমৃতফলা, বৃষ্যা, বৃত্তফলা, রোচনী, কর্ষফলা, তিষ্যা, ধাত্রীফল, আমলা।

আমলা, (প্রা) আমলকী।

আমলেট, (প্রা) সুস্বাদু মৎস্যবিশেষ।

আমশী, (প্রা) শুষ্ক আম্রচূর্ণ, আমচুর।

আমশূল, পুং. [আম+শূল] রোগবিশেষ, আম নিমিত্ত উদরের বেদনাবিশেষ।

আমসত্ব, (প্রা) ঘনীভূত শুষ্ক আম্ররস।

আমহরিদ্র-আমহলদী, (প্রা) লতাবিশেষ।

আমা, (প্রা) অপক্ক ইষ্টক, কাঁচাপোড় ইট।

আমাজীর্ণ, ত্রি. [আম+অজীর্ণ] অপরি-পাক, অজীর্ণ।

আমাতিসার, পুং. [আম+অতিসার] ষট্-প্রকার অতিসার মধ্যে রোগবিশেষ।

আমাত্য, ত্রি. [আ+অমাত্য] অমাত্য মন্ত্রী, পাত্র।

আমাদ্, ত্রি. [আম+অদ্] অপক্কভোজন-শীল।

আমদা, (প্রা) লতাবিশেষ।

আমানৎ (যাং) জমা।

আমানস্য, ন. [আ+মানস্য] আমনস্য, দুঃখ, ক্লেশ, পীড়া।

আমানী, (প্রা) কাঞ্জী, কাঁজী, শ্রাণা।

আমান্ন, ন. [আম+অন্ন] অপক্কান্ন তণ্ডুল, কাঁচা চাউল।

আমারী, (যাং) হস্তীর উপর বসিবার স্থান বিশেষ, হাওদা।

আমালক, পুং. ন. [আ+মালক] পর্ব্বত নিকটস্থ ভূমি; নিম্নভূমি।

আমাবাস্যা, ত্রি. [অমাবাস্য+অ] অমাবস্যা]

আমাশয়, পুং. [আম+আশয়] অপক্ক স্থান; নাভি এবং স্তনের মধ্যভাগ, পিচণ্ড রোগবিশেষ

আমি, (প্রা) অহং, স্বয়ং, মুই।

আমির, (যাং) শ্রেষ্ঠব্যক্তি, প্রধানব্যক্তি।

আমিল, (যাং) অধ্যক্ষ; শাসনকর্ত্তা।

আমিষ, ন. পুং. [আম্+ইষ] মাংস; মৎ-স্যাদি ভোগ্যবস্তু; সংভোগ; উৎকোচ; সুন্দরাকার রূপাদি; লোভসঞ্চয়; লাভ; কামগুণ; রূপ; ভোজন।

আমিষপ্রিয়, পুং. [আমিষ+প্রিয়] কঙ্ক-পক্ষী; (ত্রি.) মৎস্য মাংসে সন্তুষ্ট ব্যক্তি।

আমিষভুক্, ত্রি. [আমিষ+ভুজ্] মৎস্য-ভোক্তা,মাংসাশী, (পুং) মৎস্যরঙ্গপক্ষী

আমিষাশী, ত্রি. [আমিষ+অশিন্] মৎস্য-মাংস ভোজনশীল, শৌষ্কল, মৎস্য মাংস ভক্ষক। [মাংসী।

আমিষী, স্ত্রী. [আমিষ+ঈ] মিষী, জটা-

আমিক্ষা, স্ত্রী. [আ+মিষ্+কা] শৃতোষ্ণদুগ্ধে দধি সংযোগে যাহা উৎপন্ন হয় তাহা, ক্ষীরসা, তৎপর্য্যায়।—দধিকূর্চ্চিকা, পয়স্যা, ক্ষীরসন্তালিকা, পয়োবিকার-বিশেষ, দুগ্ধের ছানা।

আমিক্ষ্য, ত্রি. [আমিক্ষা+য] দধিময়, ঘনীভূত।

আমীন্, (যাং) অধ্যক্ষ, অধিকারী।

আমীর, (যাং) শ্রেষ্ঠব্যক্তি, প্রধানব্যক্তি।

আমীরজাদা, (যাং) শ্রেষ্ঠব্যক্তিরপুত্র,রাজপুত্র। [ছানা।

আমীক্ষা, স্ত্রী. [আ+মিষ্+কা] আমিক্ষা,

আমুক্ত, ত্রি. [আ+মুক্ত] পিনদ্ধ, পরিহিত বস্ত্রাদি; বর্ম্মিত, কবচী, সন্নদ্ধ; প্রক্ষিপ্ত, নিঃসারিত; ঈষৎমুক্ত।

আমুক্তি, স্ত্রী. [আ+মুক্তি] বিমুক্তি, বিমোচন, নিস্তার, উদ্ধার।

আমুখ, ন. [আ+মুখ] প্রস্তাবনা, সমারম্ভ, প্রারম্ভ; অভিমুখ। [বাঁশ।

আমুপ, পুং. কণ্টকযুক্ত বংশবিশেষ,বেউড়-

আমুষ্যায়ণ, ত্রি. [অমুষ্য+অয়ন] সৎকুল জাত, প্রসিদ্ধ বংশোদ্ভব।

আমুল, ন. [আ+মূল] মূলপর্য্যন্ত; কারণ, গোড়া; (ব্য.) সমূল। [র্ষিত।

আমৃষ্ট, ত্রি. [আ+মৃষ্ট] পরিমৃষ্ট, আঘ-

আমেরু, ব্য, [আ+মেরু] ঔত্তানপাদি; মেরু অবধি।

আমোচন, ন. [আ+মোচন] বিমোচন, বিমুক্তি।

আমোদ, পুং. [আ+মোদ] অতিদূরগামি গন্ধ; হর্ষ, আনন্দ,কৌতুক সমুহোদ্গাম।

আমোদন, ন. [আ+মোদন] আনন্দ, উৎপাদন, আহ্লাদজনক আমোদ করণ, হর্ষণ।

আমোদিত, ত্রি. [আ+মোদিত] আনন্দিত, জাতহর্ষ; সুগন্ধীকৃত, সৌরভিত।

আমোদী, ত্রি. [আমোদ+ইন্] মুখবাসন, কর্পূরাদিবটিকাকৃত মুখগন্ধ বিশেষ; আহ্লাদদায়ী, হর্ষবিশিষ্ট; সুগন্ধযুক্ত, সৌরভান্বিত, আমোদযুক্ত কর্পূরাদি মিশ্রিত মুখবাসন বটিকাদি।

আম্নায়, পুং. [আ+ম্নায়] বেদ; নিগম; উপদেশ; গুরুপরম্পরাপ্রাপ্তোপদেশ; কুল; আগম; কুলভ্রম; সম্প্রদায়।

আম্নায়সারী, ত্রি. [আম্নায়+সারিন্] ধর্ম্মশীল, ধার্ম্মিক।

আম্বলতা, (প্রা) অম্লতা, অম্লরস, টকরস।

আম্বিকেয়, পুং. [আম্বিকা+এয়] ধৃতরাষ্ট্র-রাজা; কার্ত্তিকেয়।

আম্বুদ, পুং. [আ+অম্বুদ] শর, বাণ।

আম্ভসিক, পুং. [অম্ভস্+ইক] মৎস্য; (ত্রি.) জলোদ্ভব, জলভু, বারিচর।

আম্র, পুং. [আম্+র] ফল বৃক্ষবিশেষ, আম, আঁব, তৎপর্য্যায়।—চূত, রসাল, অতি সৌরভ সহকার, কীরেষ্ট, কোকিলোৎসব, বসন্তদূত, অম্লফল, মোদাখ্য, মন্মথালয়, মধ্বাবাস, সুমদন, নৃপপ্রিয়, প্রিয়াম্বু, কোকিলাবাস, মধুব্রত, মাকন্দ, ষট্পদাতিথি, বসন্তদ্রু, পিকপ্রিয়, স্ত্রীপ্রিয়, গন্ধবন্ধু, অলিপ্রিয়, মদিরাসখ, কামশর, কামবল্লভ, মাধব দ্রুম, কামাঙ্গ, ভৃঙ্গাভীষ্ট, সীধুরস, মধুলী, মধুদূত, গন্ধবন্ধু, পিকরাগ।

আম্রগন্ধক, পুং. [আম্র+গন্ধক] সমষ্ঠিল-বৃক্ষ

আম্রপেষী, স্ত্রী. [আম্র+পেষী] শুষ্কাম্রখণ্ড, আমষী। [আমড়া

আম্রাত, পুং. [আম্র+অত] আম্রাতক,

আম্রাতক, পুং. [আম্রাত+ক] বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—আমড়া,রসাঢ্য, তনুক্ষীর, কপিপ্রিয়, অম্বরাতক, অম্বরীয়, কপিচূড়, কপিচূড়া, পীতন, কপীতন, বর্ষপাকী, পীতনক, অম্লবাটিক, ভৃঙ্গাফল, আম্রাবর্ত্ত।

আম্রাবর্ত্ত, পুং. [আম্র+আবর্ত্ত] আম্রের শুষ্ক রস, আমসত্ত্ব; আম্রাতক।

আম্রেড়ন, ন. [আ+ম্রেড়্+অন] পুনরুক্তি, অনুবাদ, অনুলাপ; পুনঃ পুনঃ কথন।

আম্রেড়িত, ত্রি. [আ+ম্রেড়িত] দ্বিস্ত্রিরুক্ত, পুনর্ভাষিত, দুই তিনবার কথিত, পুনঃ পুনঃ কথিত।

আম্ল, ন. [অম্ল+অ] অম্লরস, টক; (পুং.) তিন্তিড়ীবৃক্ষ।

আম্লকী, (প্রা) আমলকীফল।

আম্লকুচি, (প্রা) গুল্মবিশেষ। [বৃক্ষ।

আম্লবেতস, পুং. [আম্ল+বেতস] অম্লবেতস

আম্লা, ত্রি. [আম্ল+আ] তিন্তিড়ীবৃক্ষ, তেঁতুল গাছ; স্ত্রীবল্লী, (স্ত্রী.) আমলকী।

আম্লিকা-আম্লীকা, স্ত্রী. [আম্লিক+আ] তিন্তিড়ীবৃক্ষ; অম্লোদ্গার।

আয়,পুং. [আ+য়] ধনাগম, প্রাপ্তি, লাভ, অর্থাগম, ধনোদয়; স্ত্র্যাগাররক্ষক।

আয়ঃশূলিক, ত্রি. [আয়স্+শূলিক] তীক্ষ্ণ কর্ম্মা, ক্ষিপ্রকারী। [আগত।

আয়ৎ, ত্রি. [আ+য়ৎ] আগামী, ভাবী;

আয়ত, ত্রি. [আ+য়ত] দীর্ঘ, লম্বা, বিস্তৃত; (পুং.) সমদ্বিভুজ।

আয়তকর্ণ, ত্রি. [আয়ত+কর্ণ] দীর্ঘকর্ণ।

আয়তগ্রীব, ত্রি. [আয়ত+গ্রীবা] দীর্ঘগ্রীব, দীর্ঘকণ্ঠ।

আয়তচ্ছদা, স্ত্রী. [আয়ত+ছদা] কদলীবৃক্ষ।

আয়তন, ন. [আয়ৎ+অন] যজ্ঞস্থান,দেবস্থান; চৈত্য; পরিসর; গৃহভূমি।

আয়তাক্ষী, স্ত্রী.[আয়ত+অক্ষি+ঈ] আয়ত-লোচনা, বিস্তৃত চক্ষুঃ।

আয়তি, স্ত্রী. [আ+য়তি] উত্তরকাল, ভবিষ্যৎকাল; প্রভাব, কোষদণ্ডজ তেজ; দৈর্ঘ্য; সঙ্গ; প্রাপণ।

আয়তীগব, ত্রি. [আয়তী+গব] উত্তরগোষ্ঠ।

আয়ত্ত, ত্রি. [আ+অত্ত] অধীন, বশীভূত, বশতাপন্ন।

আয়ত্তি, স্ত্রী. [আ+য়ত্তি] স্নেহ; মর্য্যাদা; সামর্থ্য; দিন; সীমা; শয়ন; দৈর্ঘ্য; প্রভাব; ভবিষ্যৎকাল; প্রীতি।

আয়না, (যাং) আদর্শ, আর্শি।

আয়মা, (যাং) অল্পকরপ্রদভূমি।

আয়ব্যয়, পুং. [আয়+ব্যয়] লাভ এবং ক্ষয় অর্থাৎ জমা খরচ।

আয়ল্লক, ন. উৎকণ্ঠা, উৎকল।

আয়স, ন. [অয়স্+অ] লৌহ, লোহা; (ত্রি.) লৌহ নির্ম্মিত, অয়োনির্ম্মিত।

আয়সী, স্ত্রী. [আয়স্+ঈ] তৎপর্য্যায়।— জালিকা, জালপ্রায়া, লৌহময় কবচ, লৌহবর্ম্ম, অঙ্গরক্ষিণী, সাঁজোয়া।

আয়স্ত, ত্রি. [আ+য়স্+ত] তর্জ্জিত; ক্ষিপ্ত; ক্লেশিত; কুপিত; হত।

আয়া, (যাং) দাসীবিশেষ, ধাত্রী, অঙ্কপালী।

আয়া, (প্র) আর্য্যক, পিতামহ, মাতামহ।

আযাগভূত,ত্রি. [আযাগ+ভূত] যাগসিদ্ধ।

আযাচিত, ত্রি. [আ+যাচিত] অভ্যর্থিত, অর্থিত, যাচিত।

আয়াত, ত্রি.[আ+য়াত] আগত, উপস্থিত।

আয়াতন, (প্রা) আয়তন; পরিসর।

আয়ান, ন. [আ+য়ান] স্বভাব; আগমন।

আয়াপাণা, (প্রা) ঔষধীবৃক্ষবিশেষ। [শিষ্ট।

আয়াবস্থিত,(প্রা)সঞ্চয়,ধনাগম হইয়া ব্যয়াব-

আয়াম, পুং. [আ+য়াম] দ্রাঘিমা, দৈর্ঘ্য, প্রয়াস; চিরকাল; সংযম।

আয়ালতা, (প্রা) গভীরজলজাত ধান্যবিশেষ

আয়াস, পুং. [আ+যাস] শ্রান্তি, তৎ-পর্য্যায়।—শ্রম, ক্লম, স্বেদ, ক্লেশ, পরি-শ্রম, প্রয়াস, ব্যায়াম, অবসাদ, গ্লানি, কষ্ট, কায়ক্লেশ; চেষ্টা, উদ্যম, ব্যাপার, অধ্যবসায়।

আয়ী, (প্রা) মাতামহী; পিতামহী।

আয়ুঃ, পুং. ন. [আয়ুস্] জীবিত, ব্যাপ্য-কাল, (ন.) জীবিতকাল, পরমায়ুঃ বিজী-বিত, নিত্যগ, অনুবন্ধ; ঘৃত; জীবন।

আয়ুঃকাম, পুং. [আয়ুস্+কাম] বহুকাল জীবনাকাঙ্ক্ষা; দীর্ঘজীবী। [জীবিত।

আয়ুঃপ্রাপক, ত্রি.[আয়ুস্+প্রাপক] দীর্ঘকাল

আয়ুঃশেষ-আয়ুক্ষয়, পুং.[আয়ুস্+শেষ-ক্ষয়] মৃত্যু, মরণ, পঞ্চত্ব, জীবোৎসর্গ, প্রাণ বিয়োগ।

আযুক্ত, ত্রি. [আ+যুক্ত] কর্ম্মাধ্যক্ষ, নিয়োগী, ব্যাপৃত; কর্ম্মসচিব।

আয়ুধ, পুং. [আ+যুধ] অস্ত্র, বাণ, শর, হাতিয়ার। [বৃক্ষ।

আয়ুধধর্ম্মিণী, স্ত্রী. [আয়ুধ+ধর্ম্মিণী] জয়ন্তী

আয়ুধগৃহ-আয়ুধাগার, ক্লী. [আয়ুধ+গৃহ] অস্ত্রগৃহ, সেলাখানা।

আয়ুধিক-আয়ুধীয়, পুং. [আয়ুধ+ইক-ঈয়] অস্ত্রজীবী, শস্ত্রাজীব, অস্ত্রধারী, কাণ্ডপৃষ্ঠ।

আয়ুর্দ্দায়, পুং. [আয়ুস্+দায়] জীবনকালের পরিমাণ, পরমায়ুর পরিমাণ।

আয়ুর্দ্রব্য, ন. [আয়ুস্+দ্রব্য] ঔষধ, ভেষজ, দাওয়াই।

আয়ুর্ব্বৃদ্ধি, পুং. [আয়ুস্+বৃদ্ধি] দীর্ঘজীবন, চিরঞ্জীবত্ব, দীর্ঘায়ুস।

আয়ুর্ব্বেদ, পুং. [আয়ুস্+বেদ] অষ্টাদশ বিদ্যান্তর্গত ধন্বন্তরি প্রণীত বিদ্যাবিশেষ, চিকিৎসাশাস্ত্র, বৈদ্যকশাস্ত্র, নিদান শাস্ত্র; বৈদ্যক।

আয়ুর্ব্বেদময়, ত্রি. [আয়ুর্ব্বেদ+ময়] বৈদ্যশাস্ত্রীয়।

আয়ুর্ব্বেদী, ত্রি.[আয়ুস্+বেদিন্] আয়ুর্ব্বেদজ্ঞ, চিকিৎসাজীবী, ভিষগ্‌বৃত্ত্যুপজীবী, অগদঙ্কার, বৈদ্য, চিকিৎসক।

আয়ুর্মর্য্যাদা, স্ত্রী. [আয়ুস্+মর্য্যাদা] কালবিশেষাবচ্ছিন্ন জীবন।

আয়ুর্যোগ, পুং. [আয়ুস্+যোগ] ঔষধ, ভেষজ।

আয়ুষ্কর, ত্রি. [আয়ুস্+কর] পরমায়ুজনক, আয়ুর্ব্বৃদ্ধি কারক, আয়ুষ্য, ঘৃতাদি।

আয়ুষ্কাম, ত্রি. [আয়ুস্+কাম] দীর্ঘজীবী, আয়ুঃপ্রার্থী।

আয়ুষ্টোম, পুং. [আয়ুস্+স্তোম] যজ্ঞবিশেষ, আয়ুবৃদ্ধার্থক যাগবিশেষ।

আয়ুষ্মান্, ত্রি. [আয়ুস্+মৎ] চিরজীবী, দীর্ঘায়ু; (পুং) বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত তৃতীয় যোগ।

আয়ুষ্য, ত্রি. [আয়ুষ+য] ঘৃতাদি পথ্য; আয়ুর হিতকারক

আয়ুষ্যসূক্ত, ন. [আয়ুষ্যসু+উক্ত] নান্দীশ্রাদ্ধের প্রাক্‌কালে বসুধারা সম্পাতনানন্তর পাঠ্য বৈদিক মন্ত্রবিশেষ।

আয়ুস্, পুং. [ই+উস্] জীবিতকাল।

আয়ে, ব্য. সম্বোধন বাচকশব্দ।

আযোগ, পুং. [আ+যোগ] গন্ধমাল্যোপহার; ব্যাপার; বোধ; কর্ম্ম; বপ্র, কূল, তট।

আযোগব, পুং.[আ+যোগ+ব] শূদ্রের ঔরসে বৈশ্যাগর্ভেজাত, বর্ণসঙ্করবিশেষ।

আযোজক, ত্রি. [আ+যোজক] সমবায়ী, সংগ্রাহক।

আয়োজন, ন. [আ+যোজন] উদ্যোগ, আহরণ, সঞ্চয়ন।

আয়োজিত, ত্রি. [আ+যোজিত] সঙ্কলিত, সংহৃত, সমবেত, সঞ্চিত।

আযোজ্য, ত্রি. [আ+যোজ্য] আহরণযোগ্য, সংগ্রহোপযুক্ত।

আয়োধন, ন. [আ+যোধন] যুদ্ধ, রণ, সংগ্রাম; বধ।

আর, ন; [আর্+অ] মুণ্ডায়স, মুণ্ডলোহ; পিত্তল; কোণ; প্রান্তভাগ; (পুং) মঙ্গলগ্রহ; শনি; পিত্তল; বৃক্ষভেদ; মধুরাম্ল ফল, রেফল।

আর, (প্রা) এবং, অন্য, অপর, কোন।

আরআর, (প্রা) অধিকতর, অধিকাধিক, অধিকন্তু।

আরকূট, পুং ন. [আর+কূট] ধাতুবিশেষ. পিত্তল, পিতল। [আলোহিত।

আরক্ত, ত্রি. [আ+রক্ত] ঈষদ্রক্তবর্ণ,

আরগ্বধ, পুং. [আ+রুজ্+বধ] বৃক্ষবিশেষ, সোনালু, সোদালি, তৎপর্য্যায়।—রাজবৃক্ষ, সম্পাক, চতুরঙ্গুল, আরেবত, ব্যাধিঘাত, কৃতমাল, সুবর্ণক, মন্থান, রোচন, দীর্ঘফল, নৃপদ্রুম, হিমপুষ্প, রাজতরু, কণ্ডুঘ্ন, জ্বরান্তক, অরুজ, স্বর্ণপুষ্প, স্বর্ণদ্রু, কুষ্ঠসূদন, কর্ণাভরণক, মহারাজদ্রুম, কর্ণিকার, স্বর্ণাঙ্গ, প্রগ্রহ, (হিঃ) আমলতাস।

আরজ, (যাং) নিবেদন, দরখাস্ত।

আরজবেগী, (যাং) যে ব্যক্তি রাজসদনে দরখাস্ত শুনায়, কিম্বা সমাগত ব্যক্তির সম্বাদ করে।

আর্‌জী, (যাং) দরখাস্ত।

আরট্ট, পুং. [আবট্ট+ট] দেশবিশেষ; ভারতবর্ষেরপশ্চিমোত্তর দেশ। [ঘোটক।

আরট্টজ, পুং. [আরট্ট+জ] আবট্টদেশজাত

আরণা, (প্রা) বন্য মহিষ, বয়ার। [জল।

আরণি, পুং. আবর্ত্ত, কুলহগুক, পাকমারা

আরণ্য, ত্রি. [অরণ্য+অ] বনসম্বন্ধীয়, বন্য, জাঙ্গলিক।

আরণ্যক, পুং. [আরণ্য+ক] বনস্থ, বনবাসী, অরণ্যবাসী, বনস্থায়ী; (ত্রি) অরণ্যভব, অরণ্যজ।

আরণ্যপশু, পুং. [আরণ্য+পশু] অরণ্যজাত পশু, তাহা সপ্তপ্রকার যথা।—মহিষ, বানর, ঋক্ষ, সরীসৃপ, রুরু, পৃষত, মৃগ।

আরণ্যমুদ্গা, স্ত্রী. [আরণ্য+মুদ্গা] মুদ্গপর্ণী, মুগানী।

আরণ্যরাশি, পুং. [আরণ্য+রাশি] সিংহরাশি; মকর প্রথমার্দ্ধ; মীন মেষ বৃষ রাশি। [শূকর।

আরণ্যশূকর, পুং. [আরণ্য+শূকর] বন-

আরতি, স্ত্রী. [আ+রতি] বিরতি, নিবৃত্তি; নীরাজন, আরাত্রিক।

আরনাল-আরনালক, ন. [আর+নাল-ক] কাঞ্জিক, কাঁজী, আমানী।

আরন্ধ, (প্রা) অরন্ধন শব্দ দ্রষ্টব্য।

আরব, পুং. [আ+রব] শব্দ, ধ্বনি; দেশভেদ।

আরব, (প্রা) দেশবিশেষ; আবর্ত্ত, আবট্ট।

আরবার, (প্র.) পুনরায়, পুনশ্চ।

আরবী, (যাং) আরবসম্বন্ধীয়, আরবদেশজাত, তদ্ভাষাদি।

আরব্ধ, ন. [আ+রব্ধ] উপক্রম, আরম্ভ; (ত্রি.) কৃতারম্ভ, প্রারব্ধ, উপক্রান্ত, সমারব্ধ, প্রক্রান্ত, প্রবৃত্ত, অনুষ্ঠিত।

আরভট, পুং. [আর+ভট] নির্লজ্জতা, ধার্ষ্ট্য, অবিশঙ্কা, প্রতিভা, প্রগল্‌ভতা।

আরভটী. স্ত্রী. [আরভট+ঈ] নাট্যবৃত্তি, কাপক্রীড়া, নটচর্য্যা।

আরমাণ, (প্রা) অপমান, অমান।

আরম্ভ-আরম্ভণ, পুং.ন.[আ+রভ্‌+অ-ন] প্রথমকৃতি, তৎপর্য্যায়।—প্রক্রম, উপক্রম, উদ্যোগ, অভ্যাদান, উদ্ঘাত, প্রারম্ভ, আরম্ভ, সমারম্ভ, প্রারব্ধি, আদি, সমুদ্যম, উপষ্টম্ভ, অনুষ্ঠান, ব্যবসায়; ত্বরা; উদ্যম; বধ; দর্প; প্রস্তাবনা।

আরস, (প্রা) বৃক্ষবিশেষ।

আরসুলা, (প্রা) তৈলপায়িকা, পরোষ্ণী, খলাধারা, চারিকা। [নীরসতা।

আরস্য, ন. [আরস+য] বিরসতা, বৈরস্য,

আরক্ষ, ত্রি. [আ+রক্ষ] রক্ষাযুক্ত, রক্ষণীয়; (পুং) গজকুম্ভসন্ধি।

আরক্ষক, পুং. [আ+রক্ষক] প্রহরী, গৃহাভিপালী; রক্ষক।

আরা. স্ত্রী, [আর+আ] চর্ম্মভেদকাস্ত্র, চর্ম্মপ্রভেদিকা, আবিধ, বেধনিকা; বাধাড়ী।

আরাকষ, (প্রা) ক্রকচব্যবহারী, করাতকারী, করাতী। [মুখ।

আরাগ্র, ন. [আরা+অগ্র] অর্দ্ধচন্দ্রাদ্যস্ত্র-

আরাৎ, ব্য. [আ+রা+আৎ] দূর, দূরতস্; নিকট, সমীপ।

আরাতি, পুং. [আ+রা+আতি] অরাতি, শত্রু, বিপক্ষ, বৈরী।

আরাতীয়, ত্রি. [আরাত+ঈয়] সমীপস্থায়ী, সন্নিকৃষ্ট, অভ্যগ্র, সকাশ।

আরাত্রিক, ন. [আ+রাত্রিক] আরতি; নীরাজনা; নীরাজনপাত্র; আরতি প্রদীপ।

আরাধক, পুং. [আ+রাধক] পূজক, সেবক, অর্চ্চক।

আরাধন, ন. [আ+রাধ্‌+অন] সাধন, উপাসনা; তোষণ; প্রাপ্তি; পচন।

আরাধনা, স্ত্রী. [আরাধনা+আ] সাধনা, তৎপর্য্যায়।—উপাস্তি, বরিবস্যা, পর্য্যেষণা, পরিষ্টি, উপাসনা, সেবা, পরিচর্য্যা, শুশ্রূষা, ভক্তি, প্রসাদনা, উপচার, পূজা, পূজন্যা, ভজনা, অর্হণা, অভ্যর্চ্চনা, সপর্য্যা, অপচিতি।

আরাধনীয়, ত্রি. [আ+রাধ্‌+অনীয়] অর্চ্চনীয়, পূজনীয়, পূজার্হ, ভট্টারক।

আরাধ্য, ত্রি. [আ+রাধ্+য] আরাধনীয়, উপাস্য, সেবনীয়, পূজ্য।

আরাধ্যমান, ত্রি. [আরাধ্য+মৎ] আরাধিত, পূজিত।

আরাব, পুং. [আ+রাব] শব্দ, নাদ, ধ্বনি।

আরাম, পুং. [আ+রাম] উপবন, উদ্যান, পুষ্পবাটী, বৃক্ষবাটিকা, কুসুমাকর, বাগান্।

আরাম, (যাং) স্বাস্থ্য, অরোগ, শরীর কুশল।

আরামশীতলা, স্ত্রী. [আরাম+শীতলা] সুগন্ধি পত্রিবিশেষঃ, তৎপর্য্যায়।—আনন্দী, শীতলা, সুগন্ধিনী, মহানন্দা, রামা, গন্ধাঢ্যা, রামশীতলা।

আরালিক, ত্রি. [আরাল+ইক] সূপকার, পাচক, রন্ধনকর্ত্তা, পাচকী, পাচী।

আরিশ, (প্রা) অর্শ, গুদাঙ্কুর, গুদকীল, গুদরোগ, মুলব্যাধি, বাওয়াশির।

আরীণ, ত্রি. [আ+রীণ] গত, চরিত, যাত, চলিত, ব্রজিত, ইত, সৃত, পন্ন। [কুম্ভ।

আরু, পুং. [ঋ+উ] বৃক্ষভেদ; কর্কট; শূকর;

আরুক-আরূক, ন. [আ+রুক] হিমালয়ে প্রসিদ্ধ ঔষধ বিশেষ, আড়, তৎপর্য্যায়।- বীরসেন, বীর, বীরারুক।

আরুরুক্ষু, ত্রি. [আরু+রুক্ষু] অভিলাষী, অভিকাঙ্ক্ষী, জিঘৃক্ষু।

আরু, পুং. [ঋ+উ] পিঙ্গলবর্ণবিশিষ্ট, পিঙ্গল, অরুণ, (ত্রি.) তদযুক্ত।

আরূঢ়, ত্রি. [আ+রুহ+ত] কৃতারোহণ, আরোপিত, সমারূঢ়, অধিরূঢ়, রূঢ়, বৃক্ষাদির উপর চড়াব্যক্তি।

আরে, (প্রা) অবজ্ঞাসূচক শব্দ।

আরেবত, ন. [আরেব+ত] পারেবতবৃক্ষ ফল; (পুং.) আরগ্বধ বৃক্ষ।

আরোগ্য, ন. [আরোগ+য] আরোগ্যস্বভাব, পীড়াভাব, স্বাস্থ্য, রোগরাহিত্য, তৎপর্য্যায়।—অনাময়, পাটব, লাঘব, বার্ত্ত।

আরোগ্যশালা, স্ত্রী. [আরোগ্য+শালা] আরোগ্য দানগৃহ, চিকিৎসালয়।

আরোপ, পুং. [আ+রোপ] মিথ্যারচন, গুণ কল্পনা, স্থাপন।

আরোপণ, ন. [আ+রোপণ] ন্যাস, সংস্থাপন; রোপণ, আরোপ; ধনুষ নম্রকরণ।

আরোপিত, ত্রি. [আ+রোপিত] কল্পিত; কৃতারোপণ, নিহিত; স্থাপিত; ন্যস্ত; কল্পিত।

আরোহ, পুং. [আ+রোহ] দৈর্ঘ্য; আরোহণ; অবরোহ; বরস্ত্রীয়া শ্রোণি; নিতম্ব; গজারোহ; সমুচ্ছ্রয়; পরিমাণবিশেষ।

আরোহক, ত্রি. [আরোহ+ক] আরোহণ কর্ত্তা, আরূঢ়।

আরোহণ, ন. [আ+রোহণ] সোপান, সিঁড়ি; নীচে হইতে ঊর্দ্ধেগমন; সমারোহ, প্ররোহণ; অঙ্কুরাদি জনন।

আর্কি, পুং. [অর্ক+ই] সূর্য্যপুত্র; শনৈশ্চর; যম; অর্কপুত্র। [হুড়কা।

আর্গল, পুং. স্ত্রী. [আর্+গল] অর্গল, খিল,

আর্গ্বধ, পুং. [ঋ+বধ] আরগ্বধবৃক্ষ, সোঁদালীগাছ।

আর্ঘা, স্ত্রী. [আর্ঘ+আ] পীতবর্ণ দীর্ঘতুণ্ড ও ষট্পদযুক্ত মক্ষিকা।

আর্ঘ্য, ন. [আ+অর্ঘ+য] আর্ঘানাম মক্ষিকোৎপন্ন মধু।

আর্চ্চ, ত্রি. [ঋচ্+অ] ভজনশীল, ভক্ত, সেবক, ঈশ্বরোপাসক; পরমেশ্বরেসদা ভক্তি।

আর্চ্চিক, ত্রি. [ঋচ্+ইক] ঋগ্বেদ সম্বন্ধীয়।

আর্চ্চিকগান, ন. [আর্চ্চিক+গান] ঋগ্বেদ সম্বন্ধীয় সংগীত।

আর্জ্জন, (প্রা) তর্জ্জন, উপার্জ্জন; আহরণ; অলব্ধ লাভ করণ; সঞ্চয়ন; বৃক্ষাদিরোপণ। [ঋজুতা।

আর্জ্জব, ন. [ঋজু+অ] সারল্য, সরলতা,

আর্জুনি, পুং. [আর্জুন+ই] অভিমন্যু, বভ্রুবাহন, ইরাবান্; অর্জ্জুনবৃক্ষ।

আর্জুরা, (প্রা) গুল্মলতাবিশেষ।

আর্ণা, (প্রা) আরণ্য, বন্য।

আর্ত্ত, ত্রি. [ঋতু+অ] পীড়িত, অসুস্থ।

আর্ত্তগল, পুং. [আর্ত্ত+গল] নীলঝিণ্টী, বাণ, বাণা, দাসী, অর্ত্তগল।

আর্ত্তনাদ, পুং. [আর্ত্ত+নাদ] কাতরস্বর, শোকধ্বনি, ক্রন্দন, রোদন।

আর্ত্তব, ন. [ঋতু+অ] স্ত্রীরজঃ, স্ত্রীলোলোকের ঋতুকাল; পুষ্প; (ত্রি.) ঋতুদ্ভব ঋতুসম্বন্ধীয়।

আর্ত্তবী, স্ত্রী. [আর্ত্তব+ঈ] বাজিনী, ঘোটকী।

আর্ত্তস্বর, পুং. [আর্ত্ত+স্বর] আর্ত্তনাদ।

আর্ত্তি, স্ত্রী. [ঋত+তি] পীড়া; রোগ; কষ্ট, ধনুষ্কোটি।

আর্ত্ত্যপহরণ, ন. [আর্ত্তি+অপহরণ] দুঃখ নিরাকরণ, দুঃখমোচন।

আর্ত্বিজ্য, ন. [ঋত্বিজ+য] পৌরোহিত্য, পুরোহিতের কর্ম্ম; যাজন।

আর্থিক, ত্রি. [অর্থ+ইক] অর্থজ্ঞ, বিজ্ঞ, পণ্ডিত; ধনী, ধনাঢ্য।

আর্থিকতা, স্ত্রী. [আর্থিক+তা] অর্থবিষয়ে বিজ্ঞান।

আর্দ্র, ত্রি. [আর্দ্+র] সজলবস্তু, ভিজা, তৎপর্য্যায়।—অনুপ, জলসিক্ত, সার্দ্র, ক্লিন্ন, স্তিমিত, তিমিত, সমুন্ন, উত্ত।

আর্দ্রক, ন. [আর্দ্র+ক] কটু মূলবিশেষ, আদা, তৎপর্য্যায়।—শৃঙ্গবের, কটুভদ্র, কটৎকট, গুল্মমূল, মূলজ, কন্দর, বরং, মহীজ, সৈকতেষ্ট, অনুপজ,অপাকশাক, চান্দ্রাখ্য, রাহুচ্ছত্র, সুশাকক, শার্ঙ্গ, আর্দ্রশাক, সচ্ছাক।

আর্দ্রনয়ন, ত্রি. [আর্দ্র+নয়ন] অশ্রুলোচন, উপপ্লুতাক্ষ, রুদন্।

আর্দ্রপটী, পুং. [আর্দ্র+পটিন্] আর্দ্ররক্তবস্ত্রাবৃত কর্ত্তৃক শত্রুনাশ ফলক অভিচার কর্ম্মবিশেষ, (ত্রি.) আর্দ্রপটবিশিষ্ট।

আর্দ্রমাষা, স্ত্রী. [আর্দ্র+মাষা] মাষপর্ণী, মাষাণী।

আর্দ্রশাক, ন. [আর্দ্র+শাক] আর্দ্রক, আদা।

আর্দ্রা, স্ত্রী. [আর্দ্র+আ] সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত ষষ্ঠ নক্ষত্র।

আর্দ্রালুব্ধক, পুং. [আর্দ্রা+লুব্ধক]কেতুগ্রহ।

আর্দ্রিকা, স্ত্রী. [আর্দ্রিক+আ] আর্দ্রক।

আর্দ্রিত, ত্রি. [আর্দ্র+ইত] আর্দ্রীকৃত, ভিজা।

আর্দ্ধদ্রৌণিক, ত্রি. [অর্দ্ধ+দ্রোণ+ইক] অর্দ্ধদ্রোণ পরিমাণ ক্রয়।

আর্দ্ধধাতুক, ত্রি. [অর্দ্ধ+ধাতু+ক] আর্দ্ধধাতু সম্বন্ধীয়।

আর্দ্ধপ্রস্থিক, ত্রি. [অর্দ্ধ+প্রস্থ+ইক] অর্দ্ধপ্রস্থ পরিমাণ ক্রয়। [সিক

আর্দ্ধবর্ষিক, ত্রি. [অর্দ্ধ+বর্ষ+ইক] ষাণ্মাসিক

আর্ব্বাক্, ব্য. [অর্ব্বাক্+অণ্] পশ্চাৎ,পর, অনু।

আর্য্য, ত্রি. [আ+ঋ+য] সৎকুলোদ্ভব, পূজ্য,শ্রেষ্ঠ; বৃদ্ধ; সঙ্গত; (পুং.) স্বামী; বুদ্ধ; সুহৃৎ; গুরু।

আর্য্যক, পুং. [আর্য্য+ক] পিতামহ; মাতামহ; মান্য ব্যক্তি, (ন.) পিণ্ডপাত্রাদি পিতৃকার্য্য। [কুলপালিকা।

আর্য্যকা, স্ত্রী. [আর্য্যক+আ] শ্রেষ্ঠা স্ত্রী,

আর্য্যপুত্র, পুং. [আর্য্য+পুত্র] নাট্যোক্তিতে ভর্ত্তা, স্বামী; গুরুপুত্র .

আর্য্যপ্রায়, পুং. [আর্য্য+প্রায়] শ্রেষ্ঠব্যক্তি সম্বলিত, মান্য জনাঢ্য।

আর্য্যবৃত্ত, ত্রি. [আর্য্য+বৃত্ত] ধার্ম্মিক।

আর্য্যমিশ্র, ত্রি. [আর্য্য+মিশ্র] গৌরাবান্বিত, মান্য; সজ্জন।

আর্য্যরূপ, পুং. [আর্য্য+রূপ] পাষণ্ড, কপটধর্ম্মী, ছদ্মতাপস; কাল্পনিক।

আর্য্যলিঙ্গী, পুং. [আর্য্য+লিঙ্গিন্] সর্ব্বলিঙ্গী, লিঙ্গবৃত্তি, বকব্রতী, কুহকবৃত্তি, কপটধর্ম্মী।

আর্য্যা, স্ত্রী. [আর্য্য+আ] শ্রেষ্ঠা; ছন্দোবিশেষ; পার্ব্বতী, দুর্গা; পিতামহী; মাতামহী।

আর্য্যাগীতি, স্ত্রী. [আর্য্যা+গীতি] আর্য্যানামে ছন্দোবিশেষ

আর্য্যাবর্ত্ত, পুং. [আর্য্য+আবর্ত্ত] বিন্ধ্য ও হিমালয় পর্ব্বতের মধ্যবর্ত্তী দেশ, পুণ্যাভূমি

আর্য্যিকা, স্ত্রী. [আর্য্যা+ইকা] শ্রেষ্ঠাস্ত্রী, উত্তমা নারী।

আর্শি-আর্শী, (প্রা) মুকুর, দর্পণ, আত্মদর্শ, আদর্শ, আয়না।

আর্ষ-আর্ষা, পুং. [ঋষি+অ] বিবাহবিশেষ; (ত্রি.) ঋষিপ্রণীত।

আর্ষভি, পুং. [ঋষভ+ই] ঋষভপুত্র, ভরত রাজচক্রবর্ত্তী, ভারতবর্ষের রাজা।

আর্ষভী, স্ত্রী. [ঋষভ+ঈ] কপিকচ্ছু বৃক্ষ।

আর্ষভ্য, পুং. [ঋষভ+য] ষণ্ডোপযুক্ত বৃষ, ষণ্ডতাযোগ্য, ষাঁড়ের উপযুক্ত বৃষ।

আর্ষেয়, ত্রি. [ঋষি+এয়] মান্য, আর্য্য, পুজনীয়।

আর্ষোঢ়া, স্ত্রী. [আর্ষ+উঢ়া] বিবাহিতা স্ত্রী, ঊঢ়া।

আর্হত, পুং. [আর্হৎ+অ] জিনবিশেষ, বাদবাদী।

আল, ন. [আ+ল] হরিতাল; শূলাগ্র; মধুমক্ষিকা প্রভৃতির হুল; (ত্রি.) অনল্প, বিশাল, বিপুল, বৃহৎ, আতপতণ্ডুল।

আলআলুনি, (প্রা) অলবণ; বিস্বাদ।

আলকুশী, (প্রা) লতাবিশেষ।

আলগর্দ্দ, পুং. [অলগর্দ্দ+অণ্] অলগর্দ্দ, জলসর্প, জলঢোঁড়া, কেচুয়া।

আল্‌গা, (প্রা) অবদ্ধ, শিথিল, এলুয়া, মুক্ত, উদ্গ্রথিত, বিগলিত, বন্ধনরহিত।

আল্‌গামুখ, (প্রা) দুর্ম্মুখ, বাগ্‌দুষ্ট, কটু-ভাষী, পচালমুখ।

আলগোচ, (প্রা) উত্থানব্যগ্র; অস্পৃষ্ট; উত্ত, সমতৌল

আলগ্নতা, (প্রা) লতাবিশেষ।

আলজিব-আলজিহ্বা, ত্রি. [আলাজিব+হ্বা] প্রতিজিহ্বা, উপজিহ্বা, অধোজিহ্বা, তালজিহ্বা, অলিজিহ্বা, ঘণ্টিকা, শুণ্ডিকা, গলশুণ্ডিকা, শুনা। [অক্লেশে

আলটপ্পা, (প্রা) অনায়াসে, সহজরূপে,

আলণ, (প্রা) অলবণ, লবণরহিত।

আলতা, (প্রা) যাব, অলক্ত, লাক্ষা, জতুরস, আলক্তক।

আলবাল, ন. [আ+ল+বাল] আবাল, আবাপ, তরুমূল সেচনার্থ জলাধার, বাঁধাল, বাঁধবান্ধা।

আলবেলা, (প্রা) ধুমপানার্থ যন্ত্রবিশেষ।

অলম্, (যাব) পৃথিবী, পৃথ্বী।

আলম্ব, পুং. [আ+লম্ব] অবলম্ব, আশ্রয়, উপজীব্য; লম্ব, অধোলম্ব, বলম্ব।

আলম্বন, ন. [আ+লম্বন] অবলম্বন, উপস্তম্ভ, অবষ্টব, অবষ্টম্ভ, উপঘ্ন, আশ্রয়; শৃঙ্গারা-দিরসের বিভাববিশেষ, যাহাকে অবলম্বন করিয়া রস হয়; সমাশ্রয়, প্রত্যয়, বিশ্বাস।

আলম্বনীয়, ত্রি. [আ+লম্বনীয়] বিশ্বাসযোগ্য, বিশ্বাস্য, আপ্ত।

আলম্বরূঢ়, পুং. [আলম্ব+রূঢ়] বৃক্ষরুহ, তরুরুহ, বৃক্ষাশ্রিতবল্লী।

আলম্বিত, ত্রি. [আ+লম্বিত] কৃতাবলম্বন; উত্তম্ভিত; আশ্রিত।

আলম্ভ, পুং. [আ+লম্ভ] হিংসা, মারণ, বধ, হনন; আলিঙ্গন, আশ্লেষ।

আলম্ভ্যা, স্ত্রী. [আ+লম্ভ্যা] বধার্হা, হননীয়া, বধ্যা; প্রাপণীয়।

আলয়, পুং. [আ+লি+অ] গৃহ, বাসস্থান, ঘর।

আলস, ত্রি. [আ+লস] অলস, আলস্যযুক্ত, আলিসা, কর্ম্মানুৎসাহী, কুঁড়িয়া।

আলসিয়া, (প্রা) আলস্য, অলস।

আলস্য, ত্রি. [অলস+য] অলসযুক্ত, মন্দ, তুন্দপরিমৃজ, শীতক, অলস, অনুষ্ণ; (ন.) অলসস্বভাব, অলসতা, তন্দ্রা, কৌসীদ্য, মন্দতা, মান্দ্য, কার্য্যপ্রদ্বেষ।

আলস্যছাড়ন-আলস্যত্যাগ, (প্রা) জৃম্ভণ, গাত্র ভঙ্গকরণ।

আলা, (প্রা) পর্য্যুষিত, বিরস, উগ্রগন্ধ।

আলাই-আলাইবালাই, (প্রা) আপদ, দুর্নি-মিত্ত, অমঙ্গলসূচক, দুরদৃষ্ট। [কয়লা।

আলাত, ন. [অলাত+অণ্] অলাত, অঙ্গার,

আলাৎপালাৎ, (প্রা) অসংলগ্নবাক্য, অনুপ-যোগী কথা, অসম্বন্ধ বাক্য

আলান, ন. [আলা+অন্] গজবন্ধনস্তম্ভ; গজ বন্ধনরজ্জু; বন্ধন; রজ্জু; নিগড়; (পুং.) গজবন্ধন স্তম্ভ

আলাপ-আলাপন, পুং. ন. [আ+লপ্+অ-অন] কথোপকথন, সম্ভাষণ, পরিচয়, আভাষণ।

আলাপনীয়,ত্রি.[আ+লপ্+অনীয়] আলাপ্য সম্ভাষ্য।

আলাপিত, ত্রি. [আ+লাপিত] পরিচিত জ্ঞাত।

আলাপিনী,স্ত্রী.[আলাপিন+ঈ] বীণাবিশেষ, যন্ত্রবিশেষ।

আলাপী, ত্রি. [আ+লপ্+ইন্] সংলাপী, সম্ভাষণশীল।

আলাপ্য, ত্রি. [আ+লপ্+য] আলাপযোগ্য, আলাপনীয়, সম্ভাষ্য।

আলাবণ্য, ন. [আ+লাবণ্য] অসৌন্দর্য্য, কুরূপতা, অসৌষ্ঠব।

আলাবর্ত্ত, ন. [আল+আবর্ত্ত] বস্ত্রনির্ম্মিত ব্যজন, কাপড়ের পাখা।

আলাবু, স্ত্রী. [আ+অলাবু] তুম্বী, লাউ।

আলাবূ, স্ত্রী. [আ+অলাবূ] অলাবু, লাউ।

আলায়া, (প্রা) পরচ্ছায়া, অপদেবতা।

আলাস্য, পুং. [আল+আস্য] কুম্ভীর, নক্র।

আলি, পুং. [অল+ই] বৃশ্চিক; ভ্রমর; (স্ত্রী.) বয়স্যা; সেতু; পংক্তি; সন্ততি; (ত্রি.) বিষদাশয়, নির্ম্মলান্তঃকরণ;অনর্থ।

আলিখিত, ত্রি. [আ+লিখিত] চিত্রিত।

আলিঙ্গন, ন. [আ+লিগ্+অন] পরস্পর আশ্লেষ, কোলাকুলী, তৎপর্য্যায়।—অঙ্গপালি, শ্লিষা,পরিরম্ভ, পরীরম্ভ, পরিষ্বঙ্গ, সংশ্লেষ, উপগূহন, (আলিঙ্গন সপ্তপ্রকার) আমোদালিঙ্গন, মুদিতালিঙ্গন, প্রেমালিঙ্গন, আনন্দালিঙ্গন, রুচ্যালিঙ্গন, মদনালিঙ্গন, বিনোদালিঙ্গন,।

আলিঙ্গনীয়, ত্রি. [আলিঙ্গন+ঈয়] আলিঙ্গনের যোগ্য।

আলিঙ্গিত, ত্রি. [আ+লিঙ্গিত] আশ্লিষ্ট, পরিমৃষ্ট, পরিরব্ধ।

আলিঙ্গী, পুং. [আ+লিঙ্গিন্] মৃদঙ্গবিশেষ, মাদোল, আলিঙ্গ্য

আলিঙ্গ্য, ত্রি. [আ+লিঙ্গ্+য] আলিঙ্গনের উপযুক্ত, কোলাকুলি করণের যোগ্য; (পুং.) যবাকৃতি মৃদঙ্গ, মাদোল।

আলিঞ্জর,পুং.[অলিঞ্জর+অ] অলিঞ্জর, বৃহৎ জলপাত্রবিশেষ, জলের জালা।

আলিন্দ, পুং. [অলিন্দ+অ] অলিন্দ, ছাদের আলিসা, গৃহের একদেশ, ছাঁচতলা, ওলতলা।

আলিন্দক, পুং. [অলিন্দ+ইক] আলিন্দ।

আলিপনা, (প্রা) আলিম্পন।

আলিম্পন, ন. [আ+লিম্পন] আলিপনা, মঙ্গলালেপন, আতর্পণ আদীপন, মণ্ডোদক,। [প্রান্তঃভাগ, কার্ণিস

আলিশিয়া, (প্রা) ইষ্টকময় গৃহের ছাদের

আলী, স্ত্রী. [অল+ঈ]সখী; পংক্তি; বৃশ্চিক; সেতু; আলবাল।

আলীঢ়, ত্রি. [আ+লীঢ়] লেহনীয়, অবলীঢ়; অশিত, ভুক্ত; (ন.) দক্ষিণজঙ্ঘা প্রসারণ পূর্ব্বক বামপদ সংকোচ রূপাবস্থান, ধনুর্দ্ধর ব্যক্তির অবস্থান।

আলীঢ়ক,ন.[আলীঢ়+ক] আটালক,বাছুরের খেলা, (ত্রি.) তৃণভুক্ পশ্বাদির ক্রীড়া।

আলীন, ত্রি. [আ+লীন] বিলীন, দ্রবীভূত।

আলীনক, ন. [আলীন+ক] ধাতুবিশেষ, রঙ্গ, রাং।

আলু, স্ত্রী. [আল+উ] স্বল্পবারিধানিকা, ঘটী, ঝারী;কর্করী, গলন্তিকা, (পুং.) পেচক, উলূক, ঘুঘু; কাসালু; (ন.) ভেলক,প্লাব; স্বনামখ্যাত মূলবিশেষ।

আলুক, পুং. [আলু+ক]কাসালু; শেষনাগ।

আলুফা, (যাং) জীবন নির্ব্বাদের অর্ঘ।

আলুবখারা, (যাং) বাখারা দেশ হইতে আনীত শুষ্ক ফলবিশেষ।

আলূক ন. [আলূ+ক] মূলবিশেষঃ, আলু, এলবালুক।

আলূকী,স্ত্রী. [আল্+উকী] দীর্ঘাকারসূক্ষ্মরক্তালু,অরুঙ্গমূলবিশেষ,আলু;এলবালুক।

আলূনি, (প্রা) নির্লবণ, অলবণ, লবণরহিত।

আলূন, ত্রি. [আ+লূন] ছিন্ন, খণ্ডিত; লুপ্ত।

আলে, (প্রা) জীর্ণ, পচিত, গলিত।

আলেখা,(প্রা) অলিখিত, মুখকথিত। [লিপি।

আলেখ্য, ন. [আ+লেখ্য] চিত্রপট; লিখন,

আলেখ্যশেষ, ত্রি. [আলেখ্য+শেষ] মৃত।

আলেপ-আলেপন, পুং ন. [আ+লেপ-ন] বিলেপন, অবলেপন, অঞ্জন, অভ্যঙ্গ।

আলেম্, (যাং) বিদ্যা, নিপুণতা।
আলো, (প্রা) আলোক, দীপ্তি, প্রকাশ।
আলোক, পুং. [আ+লোক] দর্শন; দীপ্তি, দ্যুতি, প্রকাশ, আভা, ছবি, কান্তি, ছটা, নিভা; স্তুতিবাদ; দ্যোত, আলো; বন্দি-ভাষণ, স্তুতি।
আলোকন, ন. [আ+লোকন] অবলোকন, দর্শন, ঈক্ষণ; আলোচন।
আলোকনীয়, ত্রি. [আ+লোকনীয়] দর্শনীয়, দৃষ্টিগোচর, প্রেক্ষণীয়
আলোকিত, ত্রি. [আ+লোকিত] আলোক-ময়, দীপ্ত; দৃষ্ট, অবলোকিত।
আলোচন, ন. [আ+লোচন] আন্দোলন, বিবেচন; দর্শন।
আলোচনা, স্ত্রী. [আ+লোচনা] অনুশীলনা, বিবেচনা, চর্চ্চা, আন্দোলন, অবলোকন।
আলোচিত, ত্রি. [আ+লোচিত] বিবেচিত, বিচারিত, চর্চ্চিত, নির্ণীত।
আলোড়ন, ন. [আ+লোড়ন] মন্থন, ঘোঁটন, আবর্ত্তন।
আল্গা, (প্রা) শিথিল, মুক্ত, এলুয়া।
আশংসনীয়, ত্রি. [আ+শন্স+অনীয়] স্পৃহ-নীয়, আকাঙ্ক্ষনীয়, ভাষনীয়; সন্দিগ্ধ।
আশংসা, স্ত্রী. [আ+শন্স+আ] প্রার্থনা; আকাঙ্ক্ষা; অনুমান; সন্দেহ, সংশয়; প্রত্যাশা, ইচ্ছা।
আশংসিত, ত্রি. [আ+শংসিত] বাঞ্ছিত, আকাঙ্ক্ষিত; প্রতীক্ষিত; কথিত।
আশংসিতা, স্ত্রী. [আ+শংসিতা] আশংসা-কর্ত্তা, আকাঙ্ক্ষাশীল।
আশংসু, ত্রি. [আ+শংসু] ইচ্ছু, প্রার্থক, অভিলাসযুক্ত; আশংসিতা; আশীর্ব্বাদ-কারী।
আশঃ, পুং. [আ+শস্] ভোজন, আহার, ভক্ষ্য, ভক্ত।
আশক্, (যাং) প্রেমিক
আশক্ত, ত্রি. [আ+শক্ত] সম্যক্ শক্তিবিশিষ্ট।
আশগন্ধ-আশগন্ধনাগরী, (প্রা) অশ্বগন্ধবৃক্ষ।
আশঙ্কনীয়, ত্রি. [আ+শঙ্কনীয়] ভয়ঙ্কর, ভয়া-নক, ত্রাসকর, ভীরুময়, ভয়াবহ।
আশঙ্কা, স্ত্রী. [আ+শঙ্কা] ভয়, ত্রাস, সাধ্বস, সংশয়।
আশঙ্কান্বিত-আশঙ্কিত, ত্রি. [আশঙ্কা+অন্বিত] শঙ্কিত, ত্রাসিত, ভীত, অতি শঙ্কিত।
আশ্না, (যাং) প্রিয়, বন্ধু
আশন, পুং. [আ+শন] অশনবৃক্ষ।
আশ্পাশ, (প্রা) ইতস্ততঃ, চতুর্দ্দিক, চারি-পার্শ্ব।
আশব, ন. [আ+শব] রমসরাব।
আশয়, পুং. [আ+শয়] অভিপ্রায়, উদ্দেশ; পনসবৃক্ষ; আধার; বিভব; কিম্পচান; চেত; অজীর্ণ; কোষ্ঠাগার; ধর্ম্মাধর্ম্ম; অদৃষ্ট।
আশয়াশ, পুং. [আশয়+আশ] আশ্রয়াশ, অগ্নি, অনল।
আশর, পুং. [আ+শর] অগ্নি; রাক্ষস।
আশর, (প্রা) সংগীতস্থল।
আশ্রূপী-আশ্রফী, (যাং) স্বর্ণমুদ্রা।
আশশোড়া, (প্রা) অশ্বশাকোট বৃক্ষ
আশা, স্ত্রী. [আশ+আ] দীর্ঘাকাঙ্ক্ষা, আয়তা, তৃষ্ণা, প্রত্যাশা, মনোরথ, অপেক্ষা, অভিলাষ; দিক্।
আশাঢ়, পুং. [আশ+আঢ] আষাঢ়মাস; পলাশদণ্ড।
আশাঢ়া, স্ত্রী. [আশাঢ+আ] পূর্ব্বাষাঢ়ানক্ষত্র ও উত্তরাষাঢ়ানক্ষত্র।
আশান, (প্রা) অশনবৃক্ষ।
আশাপুরসম্ভব, পুং. [আশা+পুরসম্ভব] ভূমিজগুগ্গুলু।
আশাবন্ধ, পুং. [আশা+বন্ধ] আশ্বাস, প্রত্যাশা; মাকড়সার জাল।
আশাভঙ্গ, পুং. [আশা+ভঙ্গ] নিরাশ্বাস, নৈরাশ্য। [তৃপ্ত, ভুক্ত।
আশিত, ত্রি. [আ+অশিত] অশিত, ভক্ষিত;
আশিতঙ্গবীন, ত্রি. [আশিতম্+গবীন] পূর্ব্ব গোচারণ স্থান, পূর্ব্বে যে স্থলে গরু চরিয়াছে।
আশিতম্ভব, ন. [আশিতম্+ভব] অন্নাদি; (পুং.) তৃপ্তি, আতৃপ্তি, ক্ষুধাশান্তি।

আশিতা, ত্রি. [অশ্+তৃ] বহু ভোজনশীল, অতিশয় ভোক্তা, উদরম্ভরী, পেটুক।

আশির,পুং. [আ+অশ্+ইর] রাক্ষস; অগ্নি।

আশিশৌড়া, (প্রা) অশ্বশাকোট বৃক্ষ।

আশিস্, স্ত্রী.] আশ্+ইস্] আশীর্ব্বাদ, শুভাশংসা, মঙ্গল প্রার্থনা।

আশী, স্ত্রী. [আ+অশ্+ঈ] আশীর্ব্বাদ; সর্পদন্ত; বৃদ্ধি নামৌষধি; হিতাশংসন;অহিদন্ত; সর্পবিষ; (পুং.) ভোক্তা; ভোজী।

আশী, (প্রা) অশীতি, ৮০ সংখ্যা।

আশীঃপ্রাপ্ত, ত্রি. [আশীস্+প্রাপ্ত] প্রাপ্তমঙ্গল, কৃতমঙ্গল, পরমসুখভাগী

আশীবিষ, পুং. [আশী+বিষ] সর্প, অহি, ভুজঙ্গ।

আশীর্দাতা, পুং. [আশীস্+দাতৃ] আশীর্ব্বাদকারী, মঙ্গলাকাঙ্ক্ষী, প্রসাদদায়ক।

আশীর্ব্বচন, ন. [আশীস্+বচন] শুভজনকবাক্য, কল্যাণবাক্য, মঙ্গল প্রার্থনা।

আশীর্ব্বাদ, পুং. [আশীস্+বাদ] আশীর্ব্বচন, মঙ্গল প্রার্থনা।

আশীর্ব্বাদক, ত্রি. [আশীস্+বাদক] আশীর্ব্বাদকর্ত্তা, কল্যাণপ্রার্থক।

আশীর্ব্বাদন, ন. [আশীস্+বাদন] স্বস্তিসূচক বাক্য প্রয়োগ করা।

আশীর্ব্বাদী, পুং.[আশীস্+বাদিন্] কুশলবাদক, ধন্যবাদকারক, মঙ্গল প্রার্থক।

আশীর্ব্বিধান, ন. [আশীস্+বিধান] মঙ্গলবচন প্রয়োগ, আশীর্ব্বাদ, মঙ্গলযোজন

আশীবিষ, পুং. [আশী+বিষ] সর্প।

আশু, পুং. ন. [আ+শু] প্রাবৃট্‌কাল সমুদ্ভব ধান্য, আউশধান, ব্রীহি, পাটল; (ন.) শীঘ্র, দ্রুত; (ত্রি.) সত্বরগামী।

আশুকচু, (প্রা) লতাবিশেষ।

আশুকপিলারাই, ত্রি. [আশু+কপিলারাই] ধান্যভেদ।

আশুকারী, ত্রি. [আশু+কারিন্] শীঘ্রকর্ম্মা, ক্ষিপ্রকারী।

আশুকোপী, ত্রি. [আশু+কোপিন্] শীঘ্রকোপী, সুলভকোপ, ক্রোধশীল, আত্মদ্রোহী, আত্মতাপী, সন্তাপশীল, চণ্ডস্বভাব।

আশুগ, পুং. [আশু+গ] বায়ু; বাণ; (ত্রি.) শীঘ্রগামী।

আশুজ্ঞান, ন. [আশু+জ্ঞান] বুদ্ধিতীক্ষ্ণতা, বুদ্ধিপাটব, শীঘ্রগ্রাহী, সূক্ষ্মবুদ্ধি।

আশুতোষ, ত্রি. [আশু+তোষ] শীঘ্রতুষ্ট; (পু.) মহাদেব।

আশুধান্য, (প্রা) ধান্যবিশেষ, শারদধান্য।

আশুপত্রী, স্ত্রী. [আশু+পত্রী] শল্লকীলতা।

আশুব্রীহি, পুং.[আশু+ব্রীহি] ধান্যবিশেষ, আউশধান।

আশুভাব, পুং. [আশু+ভাব] শীঘ্রতা, দ্রুততা; বুদ্ধি চাপল্য, উন্মার্গ, চিত্তের ভ্রম; অখট্টি।

আশুশুক্ষণি, পুং. [আশু+শুক্ষণি] অগ্নি, বহ্নি, অনল; বায়ু।

আশেকুটী, পুং. [আশে+কুটিন্] পর্ব্বত, গিরি, পাহাড়।

আশেপ্ত, (প্রা) স্বরেরসপ্তছন্দ অলঙ্কার বিশেষ,যথা—সাসা-গগ; গগ-পপ; পপ-নিনি; নিনি-রিরি; রিরি-মম; মম-ধধ; ধধ-সসা।

আশৌচ, ন. [আ+শৌচ] অশুচি, অশুদ্ধত্ব।

আশোষণ, ন. [আ+শোষণ] বিশোষণ, শুষ্ককরণ।

আচম্বিত,(প্রা) অকস্মাৎ, হঠাৎ, দৈবাৎ।

আশ্চর্য্য, ন. [আ+চর্য্য] অপূর্ব্ব, বিস্ময়, অদ্ভুত, চমৎকার,বিচিত্রক; (ত্রি.) অদ্ভুত, বিস্ময়জনক, চিত্র, বিচিত্র, চমৎকারিক, বিস্মাপন, দিব্যশক্তি সাধিত।

আশ্চর্য্যজ্ঞান, ন. [আশ্চর্য্য+জ্ঞান] চমৎকার জ্ঞান, বিচিত্রবোধ।

আশ্চর্য্যবোধক, ত্রি. [আশ্চর্য্য+বোধক] চমৎকারবোধক, বিস্ময়করণ।

আশ্চর্য্যান্বিত, ত্রি. [আশ্চর্য্য+অন্বিত] চমৎকৃত, বিস্মিত।

আশ্চেতন, ন.[আ+শ্চুত+অন]অভিষেচন।

আশ্ব, ন. [অশ্ব+অ] অশ্ববৃন্দ, ঘোটক সমূহ; ঘোটকসম্বন্ধীয়।

আশ্বত্থ, ন. [অশ্বত্থ+অ] অশ্বত্থ বৃক্ষফল।

আশ্বত্থিক, ত্রি. [অশ্বত্থ + ইক] অশ্বত্থবৃক্ষ সম্বন্ধীয়।

আশ্বপালিক, পুং. [অশ্বপাল + ইক] অশ্বপালের পুত্র।

আশ্বযুজ, পুং. [অশ্বযুজ্+অ] আশ্বিনমাস; (ত্রি.) আশ্বিন সম্বন্ধী।

আশ্বযুজী, স্ত্রী. [আশ্বযুজ + ঈ] আশ্বিনী পূর্ণিমা। [বিশেষ।

আশ্বলায়ন, পুং. [অশ্বলায়ন + অ] মুনি

আশ্বস্ত, ত্রি. [আ+শ্বস্ত] আশ্বাসিত, প্রোৎসাহিত; জাতবিশ্বাস, উত্তেজিত; সন্তোষিত, আপ্যায়িত।

আশ্বাস, পুং. [আ + শ্বাস] প্রত্যাশা; নির্বৃতি; আখ্যায়িকা পরিচ্ছেদ; আশা প্রদান।

আশ্বাসক, পুং. [আশ্বাস+ক] আচ্ছাদন; (ত্রি.) শোকাপহারক, সান্ত্ব।

আশ্বাসিত, ত্রি. [আশ্বাস+ইত] গতোদ্বেগ, প্রবোধিত। [শ্বিত।

আশ্বাসী, ত্রি. [আশ্বাস+ইন্] প্রত্যাশী, আশা-

আশ্বিক, পুং. [অশ্ব + ইক] আশ্ব, তুরগী, অশ্বীয়।

আশ্বিন, পুং. [অশ্বিনী + অ] বৈশাখাদি দ্বাদশ মাসান্তর্গত ষষ্ঠমাস, ইষ, আশ্বযুজ, শারদ। [কুমার।

আশ্বিনেয়ৌ, পুং. [অশ্বিনী + এয়ৌ] অশ্বিনী

আশ্বীন, ত্রি. [অশ্ব+ঈন] এক ঘোড়ায় এক দিনে যাবার পথ।

আশ্মন, পুং. [অশ্মন্+অ] অরুণ, সূর্য্যসারথি; (ত্রি.) প্রস্তরময়।

আশ্রব, পুং. [আ+শ্রু+অ] অঙ্গীকার; ক্লেশ; দোষ; (ত্রি.) বচনস্থিত, কথারবাধ্য।

আশ্রম, পুং, ন. [আ+শ্রম্+অ] শাস্ত্রোক্ত ধর্ম্মবিশেষ, ধর্ম্মাচরণেরস্থান, (তাহা চতুর্ব্বিধ) ব্রহ্মচারী, গৃহী, বানপ্রস্থ, ভিক্ষু; মুনিদিগের বাসস্থান; বন; মঠ।

আশ্রমগুরু, পুং. [আশ্রম+গুরু, কুলাচার্য্য।

আশ্রমধর্ম্ম, পুং. [আশ্রম+ধর্ম্ম] আশ্রমের বিহিত আচার বা নিয়মাদি।

আশ্রমভ্রষ্ট, ত্রি. [আশ্রম+ভ্রষ্ট] আশ্রম হইতে চ্যুত।

আশ্রমিক, ত্রি. [আশ্রম+ইক] আশ্রমযুক্ত, আশ্রম সম্বন্ধী

আশ্রমী, পুং. [আশ্রম+ইন্] মুনি, তপস্বী।

আশ্রয়, পুং. [আ+শ্রি+অ] রাজাদিগের সন্ধ্যাদি ষড়্গুণান্তর্গত গুণবিশেষ; ব্যপদেশ; সামীপ্য; সংশ্রবণ, অবলম্বন, শরণ; গৃহ; আধার।

আশ্রয়ণ, ন. [আ+শ্রি+অন] আশ্রয়, শরণ; অবস্থান।

আশ্রয়ণীয়, ত্রি. [আ+শ্রি+অনীয়] আশ্রয়ের যোগ্য।

আশ্রয়দাতা, পুং. [আশ্রয়+দাতৃ] রক্ষক।

আশ্রয়াশ, পুং. [আশ্রয়+আশ] অগ্নি; চিত্রকবৃক্ষ; (ত্রি.) আশ্রয়নাশক, আশ্রয়ধ্বংসী

আশ্রা, (প্রা) আশ্রয়, শরণ।

আশ্রি, স্ত্রী. [অশ্রি+অ] অশ্রি, কোণ।

আশ্রিত, ত্রি. [আ+শ্রি+ত] আশ্রয়প্রাপ্ত, শরণাগত, অধীন; রক্ষিত।

আশ্রিতছায়ানাট, (প্রা) তালবিশেষ।

আশ্রুত, ত্রি. [আ+শ্রুত] অঙ্গীকৃত, স্বীকৃত, আকর্ণিত; কৃতশ্রবণ।

আশ্রেয়, ত্রি. [আ+শ্রেয়] আশ্রয়েরযোগ্য, সংশ্রয়ান্বিত, শরণ্য। [লিঙ্গন।

আশ্লিষ্ট, ত্রি. [আ+শ্লিষ্ট] আলিঙ্গিত, কৃতা-

আশ্লেষ, পুং. [আ+শ্লেষ] একদেশ সম্বন্ধ, আলিঙ্গন, মিলন।

আষাঢ়, পুং. [আষাঢ়া+অ] বৈশাখাদি দ্বাদশ মাসান্তর্গত তৃতীয়মাস, সূর্য্যের মিথুন রাশিস্থিতিকাল, পূর্ব্বোত্তরষাঢ়ার অন্যতর নক্ষত্রযুক্তা পৌর্ণমাসী যে মাস; শুচি; বর্ষাঋতুর প্রথম মাস; ব্রতীদিগের পলাশদণ্ড; মলয়পর্ব্বত।

আষাঢ়ক, পুং,]আষাঢ়+ক] আষাঢ়মাস।

আষাঢ়ভব, পুং. [আষাঢ়+ভব] মঙ্গলগ্রহ; উত্তরাষাঢ়ানক্ষত্র; (ত্রি.) আষাঢ়মাসজাত।

আষাঢ়া, স্ত্রী. [আষাঢ়+আ] নক্ষত্রবিশেষ, পূর্ব্বষাঢ়ানক্ষত্র ও উত্তরাষাঢ়ানক্ষত্র।

আষাঢ়াভূ, পুং. [আষাঢ়া+ভূ] মঙ্গলগ্রহ, ক্ষিতিসুত।

আষাঢ়ী, স্ত্রী. [আষাঢ়+ঈ] আষাঢ়মাসের পূর্ণিমা।

আস্ক্রঃ, ন. [অস্+ক্রন্] আকাশ, নভ, গগণ, অন্তরীক্ষ, বায়ুবর্ত্ম।

আস্, ব্য. (আঃ) হন্ত, হা, অহো, অহহ, অহোবৎ, অহহা, আহা, হায় হায়, হায়, ইঃ, উঃ, অঃ, আফশোষ।

আস, পুং. [অস্+অ] ধনুঃ, শরাসন।

আসক্ত, ত্রি. [আ+সক্ত] আসক্তিবিশিষ্ট, রত, তৎপর, প্রসিত, অনুরক্ত; (ন.) নিত্য, সতত, অবিরত।

আসক্তি, স্ত্রী. [আ+সক্তি] আনুরক্তি,আসঙ্গ; প্রণয়।

আসঙ্গ, ন. [আ+সঙ্গ] অনবরত, নিত্য, সতত; তুবরী,সৌরাষ্ট্রমৃত্তিকা; আসক্তি।

আসঙ্গিনী, স্ত্রী. [আসঙ্গ+ইনী] চক্রবাত, বাতভ্রম, ঘূর্ণ বাতাস।

আসজ্জন, ন. [আ+সজ্জন] বস্ত্রাদিপরিধান।

আসত্তি, স্ত্রী.[আ+সত্তি] সঙ্গম, মিলন,লাভ; সম্বন্ধ; ন্যায়মতে পদসন্নিধান করণ।

আসন, ন. [আস্+অন] বসিবারস্থান, উপবেশনাধার, পীঠ, পীড়ি, চৌকি; হস্তির স্কন্ধদেশ; জয়েচ্ছু ব্যক্তিদিগের দুর্গাদি বেষ্টনপূর্ব্বক অবস্থিতি; যাত্রা নিবর্ত্তন; অষ্টাঙ্গযোগের তৃতীয়যোগাঙ্গ, (পুং.) জীরকবৃক্ষ।

আসনস্থ-আসনস্থিত, ত্রি. [আসন+স্থ-স্থিত] আসনে উপবিষ্ট।

আসনা, স্ত্রী. [আসন+আ] স্থিতি, সংস্থিতি, অবস্থিতি।

আসনী, স্ত্রী. [আসন+ঈ] সংস্থা, অবস্থান, স্থিতি; বিপণি, পণ্যশালা।

আসন্দ, পুং. [আসন্+দ] বাসুদেব; (ন.) ক্ষুদ্রখট্টা।

আসন্দী, স্ত্রী. [আসন্দ+ঈ] ক্ষুদ্রখট্টা; চৌকি, পীঠাদি।

আসন্ন, ত্রি. [আ+সদ্+ন] নিকট; (পুং.) অস্তগমন, দিবাবসান।

আসন্নকাল, পুং. [আসন্ন+কাল] মৃত্যুর সময়।

আসব, পুং. [আ+সু+অ] মদ্যবিশেষ, শীধু, মদ্যমাত্র, তাড়ীপ্রভৃতি।

আসবদ্রু, পুং. আসব+দ্রু] তালবৃক্ষ, তালগাছ।

আস্‌বাব, (যাং) গৃহোপস্কর, গৃহসজ্জাদি।

আস্‌বার, (যাং) অশ্বারোহী।

আস্‌মান, (যাং) শূন্য, আকাশ।

আস্‌মানী, (যাং) আকাশসম্বন্ধীয়; নীলরঙ্গ।

আসল্, (যাং) আদিম্, পূর্ব্ব।

আসলচোব, (যাং) মধুযষ্টিকা, যষ্টিমধু।

আস্‌সেওড়া, (প্রা) বৃক্ষবিশেষ।

আসাবরী, স্ত্রী. [আসব] তানবিশেষ।

আসর, (প্রা) সভা, সমাজ, সংসদ্, মজ্‌লিস।

আসাদন, ন. [আ+সদ+অন] প্রাপণ, লাভকরণ, মিলন।

আসাদিত, ত্রি. [আ+সাদিত] প্রাপ্ত, লব্ধ, মিলিত।

আসাধন, ন. [আ+সাধন] সিদ্ধি, সফলকরণ।

আসাধিত, ত্রি. [আ+সাধিত] নিষ্পাদিত, সম্পাদিত, সাধিত, অনুষ্ঠিত, আচরিত।

আসাপ, (প্রা)স্থূলমণ্ডূক, স্থূলভেক,বর্ষাভূ।

আসাব্য, ত্রি. [আ+সাব্য] প্রসূত,প্রভব।

আসার, পুং. [আ+সৃ+অ] ধারাসম্পাত, বেগবৃষ্টি; প্রসরণ; সৈন্যদিগের সর্ব্বত্রে ব্যাপ্তি; সুহৃদ্বল।

আসিক, পুং. [অসি+ইক] খড়্গধারী, অসিধারী।

আসিক্ত, ত্রি. [আ+সিক্ত] জলসিক্ত।

আসিত, ত্রি. [আস্+ইত] আসনস্থিত; (ন.) গৃহ, নিবাস, নিলয়, বেশ্ম।

আসিদ্ধ, ত্রি. [আ+সিদ্ধ] অবরুদ্ধ,বন্দীভূত; সিদ্ধীকৃত; নিষ্পন্ন।

আসীন, ত্রি. [আস্+ঈন] উপবিষ্ট, কৃতাসন, অধ্যাসীন, বসালোক।

আসীনপ্রচলায়িত, ন. [আসীন+প্রচলায়িত] উপবিশ্য নিদ্রাবশে দোলন, ঢোলা।

আসুতি, পুং. [আ+সুতি] মদ্যসন্ধান, অভিষব, মদ্যক্করণ, মদচোয়ান।

আসুতীবল, পুং. [আসুতী+বল] যজ্বা, যাজক, যজ্ঞকর্ত্তা; শৌণ্ডিক, সান্ধিক।

আসুর, পুং, [অসুর+অ] দৈত্য; ব্রাহ্মাদি-অষ্টপ্রকার বিবাহান্তর্গত বিবাহবিশেষ; (ত্রি.) পৈশাচ, অসুরসম্বন্ধীয়; (ন) অসুর ভাব; বিড়্লবণ।

আসুরবিবাহ, পুং. [আসুর+বিবাহ] বিবাহ বিশেষ।

আসুরিক, ত্রি. [আসুর+ইক] অসুরসম্বন্ধীয়; বিবাহবিশেষ।

আসুরী, স্ত্রী. [আসুর+ঈ] রাজিকা, রাই সর্ষা; ত্রিবিধ চিকিৎসান্তর্গত চিকিৎসা-বিশেষ; (ত্রি) অসুরসম্বন্ধীয়।

আসুরিচিকিৎসা, ত্রি. [আসুরি+চিকিৎসা] আনুমানিক অস্ত্র চিকিৎসা। [সেক।

আসেক, পুং. [আ+সেক] অবসেক, জল-

আসেচন, ত্রি. [আ+সেচন] অতৃপ্তিকৃৎ যাহার দর্শনে তৃপ্তির শেষ হয় না, অত্যন্ত প্রিয়দর্শন; (ন) আসেক, প্রোক্ষণ, জলসেক।

আসেচনক, ত্রি. [আসেচন+ক] অসেচনক, আসেচন; ভারতবর্ষের খণ্ডবিশেষ।

আসেদ্ধা, পুং. [আ+সেদ্ধৃ] অবরোধ-কারক, বন্ধনকারক, কএদ কর্ত্তা।

আসেধ, পুং. [আ+সেধ] অবরোধ, কয়েদ; কারাগার; ধরণ, গ্রহণ।

আসেধক, ত্রি. [আসেধ+ক] নিরুদ্ধ, কারাগুপ্ত, কারাবদ্ধ।

আসেধনীয়, ত্রি. [আ+সেধনীয়] নিবারণীয়, নিয়ন্তব্য।

আস্কন্দন, ত্রি. [আ+স্কন্দন] তিরস্কার, পরিবাদ, উপালম্ভ, জুগুপ্সা; রণ, যুদ্ধ, সংগ্রাম, সমর, আয়োধন; শোষণ, পরিশোষণ, উচ্ছোষণ।

আস্কন্দিত, ন. [আ+স্কন্দিত] অশ্বের গতি বিশেষ, সম্যকৃগতি, প্লুতগতি; তিরস্কৃত, উত্তেরিত, উপকণ্ঠ।

আস্কন্দিতক, ন. [আস্কন্দিত+ক] আস্কন্দিত, অশ্বের পঞ্চম প্রকার গতি, উত্তেরিত, উপকণ্ঠ।

আস্কিয়াপিটা, (প্রা) কন্দুপক্ব পিষ্টকবিশেষ; পৌষ সংক্রান্তি পার্ব্বণ।

আস্ত, (প্রা) অখণ্ড,সমুদায়,সম্পূর্ণ; প্রক্ষিপ্ত।

আস্তবল্, (যাং) অশ্বশালা।

আস্তব্যস্ত, (প্রা) ব্যগ্র, ব্যাকুল, উৎকণ্ঠিত। উতলা।

আস্তর, পুং. [আ+স্তৃ+অ] পাতিত বস্ত্র; তুলিকা, কম্বল; অশ্বদিগের গাত্রবস্ত্র; করিকম্বল, বস্ত্রাদির আস্তরণ।

আস্তরণ, ন. [আ+স্তরণ] হস্তিপৃষ্ঠস্থিত চিত্র কম্বল, তৎপর্য্যায়।—প্রবেণী, বর্ণ, পরিস্তোম, কুথা, কুথ, প্রবেণি, পরিস্তোম, কুথঃ, শয্যা, আচ্ছাদক, বিছানা, ঝুল।

আস্তানা, (যাং) গৃহতটী, ঘরের দাওয়া; মঠ।

আস্তিক, পুং. [অস্তি+ক] মুনিবিশেষ; জরৎকারুমুনি পুত্র; (ত্রি.) নাস্তিক ভিন্ন, ঈশ্বরবাদী, ঈশ্বর পরায়ণ; বেদ প্রামাণ্যবাদী, অদ্বৈতবাদী, একাত্মবাদী শ্রদ্ধালু, শ্রাদ্ধ।

আস্তিকতা, স্ত্রী. [আস্তিক+তা] অদ্বৈতবাদ, ধার্ম্মিকতা, ঈশ্বরপরায়ণতা।

আস্তিকার্থদ, পুং. [আস্তিক+অর্থদ] জনমেজয় রাজা, পরীক্ষিতনন্দন।

আস্তীক, পুং. [অস্তি+ক] মুনিবিশেষ।

আস্তীকজননী, স্ত্রী. [আস্তীক+জননী] আস্তিকমাতা, মনসাদেবী

আস্তীন্, (যাং) জামার হাতা।

আস্তীর্ণ, ত্রি. [আ+স্তীর্ণ] বিস্তীর্ণ, বিস্তৃত, প্রসারিত, পাতিত, ছড়ান।

আস্তৃত, ত্রি. [আ+স্তৃত] বিস্তৃত, প্রসারিত, প্রসৃত। [ব্যাপ্তি।

আস্তৃতি. স্ত্রী. [আ+স্তৃতি] প্রসারণ, বিস্তারণ,

আস্তে, (প্রা) ধীরে ধীরে, অল্পে অল্পে, শনৈঃ শনৈঃ, মন্দ মন্দ।

আস্তেসুস্তে, (প্রা) ক্রমে ক্রমে, অল্পে অল্পে, অত্বরায়, ধীরে ধীরে।

আস্থা, স্ত্রী. [আ+স্থা] যত্ন; আলম্বন; আস্থান, অপেক্ষা; বিশ্বাস. শাস্ত্রে প্রত্যয়।

আস্থান, ন. [আ+স্থান] সভা, সমাজ; যত্ন; আশ্রম। [সমাজ।
আস্থানী, স্ত্রী. [আস্থান+ঈ] সভা, পরিষদ,
আস্থাপন, ন. [আ+স্থাপন] সংস্থিতি, বাস, সংস্থা।
আস্থিক, ত্রি. [আস্থা+ইক] বিশ্বস্ত, প্রত্যয়িত; যত্নবান্।
আস্থিত, ত্রি. [আ+স্থিত] অবস্থিত, সংস্থাপিত, ন্যস্ত।
আস্থেয়, ত্রি. [আ+স্থেয়] বিশ্বাস্য; যত্নার্হ।
আস্পদ, ন. [আস্+পদ] প্রতিষ্ঠা; কর্ম্ম; স্থান; প্রভুত্ব; গর্ব্ব; পদ; ক্ষমতা; পাত্র।
আস্পন্দন, ন. [আ+স্পন্দন] স্পন্দন, কম্পন, নাচন।
আস্পর্দ্ধা, স্ত্রী. [আ+স্পর্দ্ধা] স্পর্দ্ধা, জিগীষা; আত্মশ্লাঘা, অহঙ্কার।
আস্পর্দ্ধী, ত্রি. [আ+স্পর্দ্ধিন্] স্পর্দ্ধী, জিগীষু, বীভৎসু, আত্মশ্লাঘী।
আস্ফাল, পুং. [আ+স্ফাল] হস্তিকর্ণাস্ফালন, ঝলএঝালা, হাতির কাণনাড়া।
আস্ফালন, ন. [আ+স্ফালন] আটোপ, প্রাগল্ভ্য; অহমিকা; লম্ফন।
আস্ফালিত, ত্রি. [আ+স্ফালিত] চালিত।
আস্ফুজিৎ, পুং. [আ+স্ফুজিৎ] শুক্রাচার্য্য, দৈত্যগুরু।
আস্ফোট, পুং. [আ+স্ফোট] মল্লদিগের বাহুশব্দ, তালঠোকা; আস্ফোতবৃক্ষ, আকন্দ গাছ।
আস্ফোটক, পুং. [আ+স্ফোটক] পর্ব্বতজাত পীলুবৃক্ষ, আকরোট।
আস্ফোটন, ন. [আ+স্ফোটন] প্রফুল্ল হওন, বিকাশ, প্রকাশ, মুদ্রণ; বাহুর শব্দ, তালঠোকা।
আস্ফোটনী, স্ত্রী. [আ+স্ফোটনী] বেধনিকা, তুরপন, ভ্রমর। [বনমল্লী।
আস্ফোটা, স্ত্রী. [আ+স্ফোটা] নবমল্লী;
আস্ফোত, পুং. [আ+স্ফোত] অর্কবৃক্ষ; কোবিদারবৃক্ষ; ভূপলাশবৃক্ষ।
আস্ফোতক, পুং. [আ+স্ফোতক] অর্কবৃক্ষ, আকন্দ গাছ।
আস্ফোতা, স্ত্রী. [আ+স্ফোতা] অপরাজিতা; বনমল্লিকা, সারিবাবৃক্ষ; বৃক্ষবিশেষ, হাপরমালী খ্যাত।
আস্মাকীন, ত্রি. [আস্মাক+ঈন] আমাদিগের পক্ষ; অস্মৎ সম্বন্ধীয়।
আস্য, ন. [আস্+য] মুখ, বদন; মুখমধ্য; (ত্রি) মুখভব, বদনজাত। [বদন।
আস্যদেশ, [illegible] [আস্য+দেশ] মুখের স্থান,
আস্যপত্র, ন. [আস্য+পত্র] পদ্ম।
আস্যলাঙ্গল, পুং. [আস্য+লাঙ্গল] শূকর, বরাহ, কীল, দংষ্ট্রী।
আস্যলোম, ন. [আস্য+লোমন্] শ্মশ্রু, দাড়ী, মুখজরোম।
আস্যা, স্ত্রী. [আস্+যা] স্থিতি, সংস্থিতি, অবস্থিতি।
আস্যাসব, পুং. [আস্য+আসব] লালা, থুতু, লাল, নিষ্ঠ্যূত, ষ্ঠ্যূত, ষ্ঠীবন নিষ্ঠীবন।
আস্রপ, পুং. [আস্রপ্+অ] মূলানক্ষত্র।
আস্রব-আস্রাব, পুং. [আ+স্রব-স্রাব] ক্লেশ, কষ্ট, দুঃখ; উদকপ্রবাহ, প্রস্রাব।
আস্বনিত-আস্বান্ত, ত্রি. [আ+স্বনিত-স্বান্ত] ধ্বনিত, স্বনিত, শব্দিত, ক্বণিত, নাদিত, স্বান্ত, স্বরিত, বিরেভিত।
আস্বাদ, পুং. [আ+স্বাদ] রসানুভব, স্বাদ গ্রহণ।
আস্বাদন, ন. [আ+স্বাদন] রুচি, অনুমোদন, জিহ্বার দ্বারা রসাস্বাদন।
আস্বাদনীয়, ত্রি. [আ+স্বাদনীয়] রসনেন্দ্রিয় যোগ্য গৃহীতরস, অনুভব রসিক।
আস্বাদী, ত্রি. [আস্বাদ+ইন্] স্বাদু, সুস্বাদু, সুমধুর, সুমিষ্ট, সুখাস্বাদ।
আস্বাদু, ত্রি. [আ+স্বাদু] সুরস, মিষ্ট।
আস্বাদ্য, ত্রি. [আ+স্বাদ্য] স্বাদনার্হ, আস্বাদন।
আহ, ব্য. ক্ষেপ; নিয়োগ; দৃঢ় সম্ভাবন; আহা, হা।
আহকজ্বর, পুং. [আহক+জ্বর] নাসা রোগ বিশেষ; নাসাজ্বর।
আহত, ত্রি. [আ+হত] গুণিত; তাড়িত; জ্ঞাত; মিথ্যোক্ত; (ন) পুরাতন বস্ত্র;

নূতন বস্ত্র; মৃষার্থক বাক্য; (পুং) আনক, ঢক্কা, মৃদঙ্গ, পটহ।

আহতলক্ষণ, ত্রি. [আহত+লক্ষণ] গুণের প্রতীত, গুণেতে প্রসিদ্ধ, কৃতলক্ষণ।

আহনন, ন. [আ+হনন] প্রহরণ, আঘাত করণ, মারণ।

আহননীয়-আহন্তব্য, ত্রি. [আ+হননীয়-হন্তব্য] আঘাত বর্দ্ধনীয়, ভেদ্য, প্রহরণীয়।

আহব, পুং. [আ+হব] রণ, যুদ্ধ, সংগ্রাম, লড়াই; যজ্ঞ, যাগ হোম।

আহবনীয়-আহবনীয়ক, পুং. [আ+হবনীয়-ক] যজ্ঞাগ্নিবিশেষ; যজ্ঞীয়; হবন যোগ্য।

আহর, পুং. [আ+হর] উচ্ছ্বাস, অন্তর্ম্মুখশ্বাস।

আহরণ, ন. [আ+হৃ+অন] দ্রব্যাদি আনয়ন, একত্রকরণ, অর্জ্জন, সঞ্চয়ন, আসাদন।

আহরণীয়, ত্রি. [আ+হরণীয়] যজ্ঞাদি বিশেষ, চয়নীয়, সমূহ্য, সংগৃহীত।

আহর্ত্তব্য, ত্রি. [আ+হর্ত্তব্য] চয়নীয়, সমূহ্য, সংগৃহীত, যজ্ঞাগ্নিবিশেষ।

আহর্ত্তা, পুং. [আ+হর্ত্তৃ] আনেত আনয়ন বা উপার্জ্জনকর্ত্তা; আহারক; যজ্ঞকারী; (ত্রি.) আদদান।

আহা, (প্রা) খেদ বা আক্ষেপ বোধক শব্দ যথা—আ, অহহ, হন্ত, হা, অহোবৎ, অহো, হায় হায়।

আহাব, পুং. [আ+হ্বে+অ] পশ্বাদির জলপানার্থ কূপসমীপস্থ শিলাদি বদ্ধ জলাশয়, নিপান, চৌবাচ্চা; যুদ্ধ; আহ্বান, আমন্ত্রণ, ডাকন।

আহার, পুং. [আ+হৃ+অ] আহরণ দ্রব্য গলাধঃকরণ, তৎপর্য্যায়।—জগ্ধি, ভোজন, জেমন, লেপ, নিঘষ, ন্যাদ, জমন, বিঘষ, প্রত্যবসান, ভক্ষণ, প্রাশন, অভ্যবহার, স্বদন, নিগর, ভোজ্য, ভক্ষ্য; আহরণ।

আহারক, ত্রি. [আহার+ক] সংগ্রাহক, একত্র কারক।

আহারদাতা, পুং. [আহার+দাতৃ] ভর্ত্তা, পালক, পোষক, প্রতিপালক, আশ্রয়িতা। [পোষণ, পালন।

আহারদান, ন. [আহার+দান] অন্নদান,

আহারসম্ভব, পুং. [আহার+সম্ভব] শরীরস্থ রস ধাতু, অন্নরস, অগ্রমাতৃকা।

আহারার্থী, ত্রি. [আহার+অর্থিন্] অন্নার্থী, বুভুক্ষু, ক্ষুৎপীড়িত।

আহারী, ত্রি. [আহার+ইন্]ভক্ষক, খাদক, ভোক্তা। [দ্রব্য।

আহারীয়, ত্রি. [আহার+ঈয়] খাদ্য,ভোজ্য,

আহার্য্য, ত্রি. [আ+হৃ+য] আগন্তুক; আহরণীয়; ভোজনার্হ; (পুং.) নেপথ্য, ভূষাদি দ্বারা রচিত, নাট্যোক্তিতে ব্যঞ্জকবিশেষ, অঙ্গসংস্কার।

আহার্য্যশোভা, ত্রি. [আহার্য্য+শোভা] কৃত্রিম শোভা, চিত্র ও ভূষাদি দ্বারা কৃত দ্যুতি।

আহিংসা, স্ত্রী. [আ+হিংসা] লতাবিশেষ।

আহিক, পুং. [অহি+ক] পাণিনি, মুনি; কেতুগ্রহ, নয়ের পূরণীভূত গ্রহ অর্থাৎ নবম গ্রহ

আহিণ্ডিক, পুং. [আ+হিণ্ডিক] নিষাদ ঔরস ও বৈদেহী স্ত্রীরগর্ব্ভজাত সন্তান; প্রহরী, রক্ষক।

আহিত, ত্রি. [আ+হিত] ন্যস্ত, অর্পিত, স্থাপিত; আস্থিত; সংহিত।

আহিতরাজ্যলাভ, ত্রি. [আহিত+রাজ্যলাভ] আজিগীষু, উৎকৃষ্টপদ প্রেপ্সু।

আহিতলক্ষণ, ত্রি. [আহিত+লক্ষণ] আহতলক্ষণ, গুণাদিদ্বারা খ্যাত, বিদ্যাকর্ত্তৃক পূজিত।

আহিতব্যথ, ত্রি. [আহিত+ব্যথ] সবেদন, সব্যথ, বাধিত, দুঃখোপেত।

আহিতস্বন, ত্রি. [আহিত+স্বন] সস্বন, মহাস্বন, মহানাদ।

আহিতাগ্নি, পুং. [আহিত+অগ্নি] সাগ্নিক, অগ্নিহোত্রী, অগ্নিযুক্ত দ্বিজ, তেজস্বী।

আহিতাঙ্ক, ত্রি. [আহিত+অঙ্ক] কৃতাঙ্ক, সচিহ্ন।

আহিতুণ্ডিক, পুং. [অহি+তুণ্ড+ইক] ব্যালগ্রাহী, সাপুড়িয়া।

আহীরী, (প্রা) গোপ, আভীর, গোয়ালা।

আহুত, ন. [আ+হুত] গৃহস্থদিগের পঞ্চপ্রকার মহাযজ্ঞান্তর্গত যজ্ঞবিশেষ, নৃযজ্ঞ।

আহুতি, স্ত্রী. [আ+হুতি] দেবোদ্দেশে মন্ত্রোচ্চারণ পূর্ব্বক অগ্নিতে হবিঃ প্রক্ষেপ, দেব যজ্ঞ, হোম, বষট্‌কার।

আহুল্য, ন. [আ+হুল্য] ক্ষুপবিশেষ; তৎপর্য্যায়।—হলরাখ্য, তগর, তরবট, শিম্বীফল, পুষ্প, পীতপুষ্প, কাঞ্চনপুষ্পক, নৃপমাঙ্গল্যক, শরৎপুষ্প।

আহূত, ত্রি. [আ+হ্বে+ত] নিমন্ত্রিত, আমন্ত্রিত, কৃতাহ্বান, আহ্বানিত; (ন.) প্রলয়

আহূতি, স্ত্রী. [আ+হ্বে+তি] নিমন্ত্রণ, আহ্বান, ডাকন।

আহৃত, ত্রি, [আ+হৃত] অর্জ্জিত; আনীত; সঞ্চিত; ভুক্ত; গৃহীত।

আহেয়, ত্রি. [অহি+এয়] অহিসম্বন্ধীয়, সর্পসম্বন্ধীয়, তদ্বিষচর্ম্মাদি।

আহো, ব্য. বিকল্প; প্রশ্ন; বিচার, আপনাতে দর্পসম্ভাবনা, আপনার বিষয়কার্য্য সিদ্ধি জনক শক্তির আবিষ্করণ।

আহোপুরুষিকা, স্ত্রী. [আহো+পুরুষ+ইকা] অহমহমিকা, আত্মশ্লাঘা।

আহোস্বিৎ, ব্য. [আহো+স্বিৎ] আহো; বিকল্প; প্রশ্ন, জিজ্ঞাসা। [সম্বন্ধী।

আহ্ন, পুং. [অহন্+অ] দিনসমূহ; দীন

আহ্নিক, ত্রি. [অহন্+ইক] দিন নির্ব্বর্ত্ত্য, দিন সাধ্য; দৈনিক; (ন.) ইষ্টদেবতার নৈত্যিক আরাধনা; ভোজন; প্রকরণ, সমূহ; গ্রন্থভাগ; নিত্যক্রিয়া। [তুষ্টি।

আহ্লাদ, পুং. [আ+হ্লাদ] আনন্দ, হর্ষ,

আহ্লাদজনক, ত্রি. [আহ্লাদ+জনক] হর্ষজনক, আনন্দবর্দ্ধক, তুষ্টিকর

আহ্লাদিত, ত্রি. [আহ্লাদ+ইত] আনন্দিত, হৃষ্ট, হর্ষযুক্ত, জাতাহ্লাদ।

আহ্লাদী, ত্রি. [আহ্লাদ+ইন্] আনন্দ, — যুক্ত।

আহ্ব, পুং. [আ+হ্ব] প্রকাশক, খ্যাপক, ঘোষক। [আখ্যা।

আহ্বয়, পুং. [আ+হ্বয়] নাম, সংজ্ঞা,

আহ্বা, স্ত্রী. [আহ্ব+আ] নাম, সংজ্ঞা।

আহ্বান, ন. [আ+হ্বে+অন] আবাহন, নিমন্ত্রণ, ডাকা, তৎপর্য্যায়।—হূতি, আকারণ; নাম। [দিন।

আহ্বানদর্শন, ন. [আহ্বান+দর্শন] বিচার

আহ্বানিত, ত্রি. [আহ্বান+ইত] আহূত, আমন্ত্রিত।

আহ্বায়ক, পুং. [আহ্ব+অক] আখ্যায়ক; দূত, সন্দেশহর, বার্ত্তাবহ

আক্ষদ্যূত, পুং. (আক্ষ্য+দ্যূত] অক্ষাদি ক্রীড়া

আক্ষপাটিক, পুং. [অক্ষ+পাট+ইক] অক্ষদর্শক, ধর্ম্মাধ্যক্ষ, বিচারকর্ত্তা, বিচারপতি।

আক্ষপাদ, পুং. [অক্ষ+পাদ+অ] নৈয়ায়িক, ন্যায়শাস্ত্রবেত্তা।

আক্ষারণা, স্ত্রী. ন. [আ+ক্ষারণা] দোষারোপ, মৈথুন প্রতি আক্রোশ, ছেনালি; অপবাদ।

আক্ষারিত, ত্রি. [আ+ক্ষারিত] অপবাদগ্রস্ত, পরস্ত্রী এবং পরপুরুষের মৈথুনাপবাদে মিথ্যা দূষিতকরণ

আক্ষিক, পুং. [অক্ষ+ইক] আচ্ছুকবৃক্ষ, আচেরগাছ; অক্ষদেবী; (ত্রি.) ক্রীড়াপর।

আক্ষিপ্ত, ত্রি. [আ+ক্ষিপ্ত] ক্ষিপ্ত, অস্ত, পাতিত; অধঃক্ষিপ্ত, অবগীত; জুগুপ্সিত, নিন্দিত; সমাবিষ্ট।

আক্ষীব, পুং. [আ+ক্ষীব] অক্ষীব, শোভাঞ্জন বৃক্ষ

আক্ষু, (প্রা) ইক্ষু, গুড়দণ্ড।

আক্ষুটী-আক্ষুটীয়, (প্রা) নির্দ্দয়, নিষ্ঠুর; অলক্ষ্মীর্ভাগ্যহীন।

আক্ষেপ, পুং. [আ+ক্ষেপ] অপবাদ, খেদ, মনস্তাপ; ভর্ৎসন; আত্মভাগ্য নিন্দা; আকর্ষণ; প্রক্ষেপ; কাব্যালঙ্কার।

আক্ষেপক, পুং. [আ+ক্ষেপক] নিন্দাকর, বাতরোগবিশেষ; ব্যাধ; প্রক্ষেপক।

আক্ষেপজনক, ত্রি. [আক্ষেপ+জনক] খেদোৎপাদক, শোচনীয়, শোকার্হ।

আক্ষেপণ, ন. [আ+ক্ষেপণ] নিন্দা, কলঙ্ক, অপবাদ।

আক্ষৈত্রজ্ঞ, ন. [আ+ক্ষেত্রজ্ঞ] অজ্ঞান।

আক্ষোট, পুং. [অক্ষ+ওট] অক্ষোটবৃক্ষ, পর্ব্বতজাত পীলুবৃক্ষ, আখরোট্।

আক্ষোড়, পুং. [অক্ষ+ওড়] আক্ষোটবৃক্ষ।

আক্ষোদ-আক্ষোদন, পুং. ন. [আ+ক্ষুদ্-অন] মৃগয়া, আচ্ছোদন, মৃগব্য।

উপনয়ন, ন. [উপ+নয়ন] ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের যজ্ঞসূত্রধারণাদিরূপ প্রধান সংস্কার, বটূকরণ, উপানায়, উপনয়, আনয় অধ্যাপনার্থ আচার্য্য সমীপে নীত করণ।

উপনাম, ন. [উপ+নাম] অপমানজনক নাম; কুলের সংজ্ঞা, পদবী; বংশের ডাক নাম।

উপনায়-উপনায়ন, পুং ন. [উপ+নায়+, নায়ন] উপনয়ন।

উপনায়ক, পুং. [উপ+নায়ক] নায়ক গুণোৎকর্ষকথক, নায়কের গুণোৎকর্ষ-কথকা, উপনায়কা।

উপনাহ, পুং. [উপ+নাহ] বীণাদি তন্ত্র-বন্ধন স্থান, নিবন্ধন; ব্রণালেপপিণ্ড, প্রলেপ। [লেপন।

উপনাহন, ন. [উপ+নাহন] প্রলেপন,

উপনিধান, ন. [উপ+নিধান] ন্যাস্তবস্তু, অর্পিত বা গচ্ছিত দ্রব্য।

উপনিধি, পুং. [উপ+নিধি] উপন্যস্তবস্তু, স্থাপ্যদ্রব্য, ন্যাস।

উপনিষৎ-উপনিষদ্, স্ত্রী. [উপ+নি+সদ্] ধর্ম্ম; বেদান্তশাস্ত্র; নির্জন স্থান; সমীপ-মনন; তত্ত্ব; জ্ঞান; বেদের শিরোভাগ।

উপনিষ্কর, ন. [উপ+নির্+কর] পুরপথ; রাজপথ।

উপনিষ্ক্রমণ, ন. [উপ+নির্+ক্রমণ] রাজ-পথ; নিষ্ক্রমণ নামক সংস্কার।

উপনিহিত, ত্রি. [উপ+নি+হিত] নিক্ষিপ্ত ধন; গচ্ছিতদ্রব্য।

উপনিঃক্ষেপ, পুং. [উপ+নিঃক্ষেপ] ন্যস্ত-বস্তু, বন্ধকীদ্রব্য; অর্পিত ধন]

উপনীত, পুং. [উপ+নীত] কৃতোপনয়ন; (ত্রি) নিকটপ্রাপ্ত, সমীপাগত।

উপনীতি, স্ত্রী. [উপ+নীতি] উপনয়নকরণ।

উপনীয়, ত্রি. [উপ+নীয়] ন্যস্তকৃত; আনীত। [প্রেরিত।

উপনুন্ন, ত্রি. [উপ+নুদ্+ত] প্রেরিত; বায়ু

উপন্যস্ত, ত্রি. [উপ+ন্যস্ত] নিঃক্ষিপ্ত,ন্যাসী-কৃত, সমর্পিত, দত্ত।

উপন্যাস, পুং. [উপ+নি+আস] বাক্যোপ-ক্রম,ভূমিকা, মঙ্গলাচরণ, মুখবন্ধ; বাঙ্-মুখ; বন্ধক, আধি, গচ্ছিতধন; আদেশ, আজ্ঞা, বিধান, বিধি; উপকথা।

উপন্যাসবক্তা, স্ত্রী. [উপন্যাস+বক্তৃ] ইতিহাসবক্তা, উপাখ্যানবক্তা।

উপপতি, পুং. [উপ+পতি] জার, গুপ্তপতি, পাপপতি, রমণ,বিট, চেটক,ঢেমন,নাং।

উপপত্তি, স্ত্রী. [উপ+পত্তি] সঙ্গতি, নির্বৃত্তি; সমাধান,সিদ্ধান্ত; জন্ম, উৎ-পত্তি; উপযুক্ততা, যোগ্যতা, ঔচিত্য, পারগতা, ঐক্যতা, মেল; হেতু, কারণ, নিমিত্ত; অভিপ্রায়, মূল; অন্ত; প্রমাণ, নিদর্শন; ঘটনা দৈব; বিষয়।

উপপত্তিমৎ, ত্রি. [উপপত্তি+মৎ] যুক্তিসিদ্ধ, ন্যায়, যথার্থ; পরিমিত; একচিত্ততা।

উপপত্নী, স্ত্রী. [উপ+পত্নী] উপস্ত্রী, বেশ্যা, জারিণী, নটী, ঢেমনী

উপপদ, ন. [উপ+পদ] লেশ; সমীপো-চ্চারণীয় পদ যথা—নামোত্তরে শর্ম্ম-বর্ম্মাদি; সমভিব্যার; স্বার্থপোষকপদ যথা।—প্রহারাদৌ প্রাদি।

উপপন্ন, ত্রি. [উপ+পদ্+ত]সাধিত; সমাপ্ত, সম্পূর্ণ। [বিশেষ।

উপপর্শুকা, স্ত্রী. [উপ+পর্শুকা] পঞ্জর-

উপপাতক, ন. [উপ+পাতক] পাপ বিশেষ, গোবধেত্যাদি।

উপপাতকী, ত্রি. [উপপাতক+ইন] পাপী, পাপাত্মা, দুরাত্মা।

উপপাদন, ন. [উপ+পাদন] সাধন; সমাধান; যুক্তিসিদ্ধকরণ,মীমাংসা করণ; নিঃশেষকরণ।

উপপাদনীয়, ত্রি. [উপ+পদ্+অনীয়] সাধনীয়, নিষ্পাদনীয়।

উপপাদিত, ত্রি. [উপ+পাদিত] নিষ্পা-দিত, উৎপাদিত; প্রদত্ত; প্রতিপাদিত।

উপপাদুক, ত্রি. [উপ+পাদুক] ধাতুর কার্দ্দন্তিক বা অতীত কালবাচক পদ; লালবাক্কা; (পুং) দৈত্য, দানব, পিশাচ, রাক্ষস; পাপাত্মাদিগের যন্ত্রণার স্থান, নরক।

উপপাপ, ন. [উপ+পাপ] উপপাতক যথা—গোবধেত্যাদি।

উপপালিত, ত্রি. [উপ+পালিত] পোষিত, প্রতিপালিত। [অপসব্য।

উপপার্শ্ব, পুং. [উপ+পার্শ্ব] প্রতিপক্ষ,

উপপীড়ন, ন. [উপ+পীড়ন] ক্লেশজনক, দুঃখদায়ক, পীড়াজনক।

উপপীড়িত, ত্রি. [উপ+পীড়িত] ব্যথিত, সন্তপ্ত; উপদ্রুত, বিপ্লুত

উপপুর, ন. [উপ+পুর] শাখানগর।

উপপুরাণ, ন. [উপ+পুরাণ] ব্যাসোক্তাষ্টাদশ পুরাণ সদৃশ নানা মুনি প্রণীতাষ্টাদশ পুরাণ, যথা, সনৎকুমার, নারসিংহ, নারদীয়, শিব, দুর্ব্বাসা, কাপিল, মানব, ঔশানস, বরুণ, কালিকা, শাম্ব, নন্দীকেশ্বর, সৌর, পরাশর, আদিত্য, মাহেশ্বর, ভাগবত, বশিষ্ঠ।

উপপুষ্পিকা, স্ত্রী. [উপ+পুষ্পিকা] জৃম্ভা, হাফিকা, হাই।

উপপ্রদান, ন. [উপ+প্রদান] উৎকোচ, ঘুষ, মুখবন্দি।

উপপ্লব, পুং. [উপ+প্লব] রাহুগ্রহ; বিপ্লব; উৎপাত; গ্রহণ।

উপপ্লুত, ত্রি. [উপ+প্লুত] জলপ্লাবিত; বিপদগ্রস্ত; চন্দ্র বা সূর্য্যের গ্রস্ত।

উপবট, পুং. [উপ+বট] প্রিয়ালবৃক্ষ।

উপবন, ন. [উপ+বন] পুষ্প ফলোপচয় ভূভাগ, বাগান, তৎপর্য্যায়—আক্রীড, আরাম, উদ্যান, কুসুমাকর, তেবন, পুষ্পবন, পুষ্পবাটিকা, পুষ্পবাটী, বেল, বৃক্ষবাটিকা; (গৃহেরসমীপস্থ উপবন) গৃহারাম, নিষ্কুট; (অন্তঃপুরস্থিত বিহারোপবন) প্রমদবন, প্রমদাবন, প্রমদকানন।

উপবনরক্ষক, পুং. [উপবন+রক্ষক] উদ্যানপালক, মালী। [ব্যাখ্যা করণ।

উপবর্ণন, ন. [উপ+বর্ণন] সংক্ষেপরূপে

উপবর্ত্তন, ন. [উপ+বর্ত্তন] জনপদ; জনপদ সমুদায়; জনপদৈকদেশ; সজল নির্জ্জল স্থান মাত্র, তৎপর্য্যায়।—দেশ, বিষয়।

উপবর্ষ, পুং. [উপ+বর্ষ] মুনিবিশেষ, তৎপর্য্যায়—হলভূতি, কৃতকোটি, অযাচিত। [বালিশ।

উপবর্হ, পুং. [উপ+বর্হ] উপধান,

উপবল্লিকা, স্ত্রী. [উপ+বল্লিকা] অমৃতস্রবালতা

উপবসথ, পুং. [উপ+বসথ] গ্রাম, নিবসথ, অবসথপল্লি।

উপবস্ত, ন. [উপ+বস্ত] উপবাস, অনাহার।

উপবাস, পুং. [উপ+বাস] অগ্ন্যাধান; অহোরাত্র ভোজনাভাব, উপবস্ত, উপোষিত, উপোষণ, ঔপবস্ত।

উপবাসী, ত্রি. [উপবাস+ইন্] উপবাসযুক্ত, অহোরাত্র ভোজনাভাববিশিষ্ট।

উপবাহন, ন. [উপ+বাহন] পুনরানয়ন।

উপবাহ্য, পুং. উপ+বাহ্য] রাজবাহক হস্তী, রাজবাহ্য। [শিল্পী।

উপবিদ্য, ত্রি. [উপ+বিদ+য] শিল্পকারাদি,

উপবিদ্যা, স্ত্রী. [উপ+বিদ্যা] শিল্পাদি বিজ্ঞানশাস্ত্র।

উপবিষ, ন. [উপ+বিষ] কৃত্রিম বিষ, চার, গর। [আতৈষ।

উপবিষা, স্ত্রী. [উপবিষ+আ] অতিবিষা,

উপবিষ্ট, ত্রি. [উপ+বিষ্ট] আসীন, গৃহীতাসন, কৃতোপবেশন, বসা।

উপবীণিত, ন. [উপ+বীণ+ইত] বীণাকৃত সংগীত।

উপবীত, ন. [উপ+বীত] বামস্কন্ধার্পিত যজ্ঞসূত্র, যজ্ঞসূত্র মাত্র, পৈতা।

উপবীতি, পুং. [উপবীত+ইন্] যজ্ঞসূত্র ধারী ব্রাহ্মণবিশেষ। [সংযত।

উপবৃংহিত, ত্রি. [উপ+বৃংহিত] একত্রিত,

উপবেদ, পুং. [উপ+বেদ] প্রধান বেদাতিরিক্তবেদ, যথা—আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ, গান্ধর্ব্ববেদ, স্থাপত্য বেদ।

উপবেশ-উপবেশন, ন. পুং. [উপ+বেশবেশন] স্থিতি, বৈসন।

উপবেশক, ত্রি. [উপ+বিশ্+অক] স্থিতিকারক, যে ব্যক্তি বসিয়া থাকে।

উপবেষ্টা, পুং. [উপ+বেষ্টৃ] উপবেশনকারী, স্থিতিশীল। [বাগ।

উপব্যাঘ্র, পুং. [উপ+ব্যাঘ্র] চিত্রক, চিতা-

উপভুক্ত, ত্রি. [উপ+ভুক্ত] কৃতোপভোগ, সেবিত, ব্যবহৃত

উপভুঞ্জান, ত্রি. [উপ+ভুঞ্জান] ভোগকারী কৃতোপভোগী।

উপভূষণ, ন. [উপ+ভূষণ] ঘণ্টা চামরাদি।
উপভৃৎ, স্ত্রী. [উপ+ভৃৎ] চক্রাকার যজ্ঞ-পাত্র।
উপভোক্তা, পুং. [উপ+ভোক্তৃ] অধিকারী, সত্বাধিকারী।
উপভোগ, পুং. [উপ+ভোগ] ভোজনাতি-রিক্ত ভোগ, নির্ব্বেশ।
উপভোগ্য, ত্রি. [উপ+ভোগ্য] ভোগবান্, সুভোগিন, সুখদ।
উপম, ত্রি. [উপ+ম] উপমিত, নিভ, সঙ্কাশ, প্রতিম, প্রখ্য, রূপ, বিধ, নিকাশ, নিকাস, প্রতীকাশ, তুল্য, সদৃশ, সদৃক্, সম।
উপমদ, পুং. [উপ+মদ্+অ] গর্হা, দুরুক্ত, কুৎসা, ছি; বাক্য নিরাকরণ
উপমর্দ্দক, পুং. [উপ+মর্দ্দক] বাক্য-খণ্ডক, নিরাসকারী, বাধক।
উপমা, স্ত্রী. [উপ+মা] উপমান, সাদৃশ্য।
উপমাতা, স্ত্রী. [উপ+মাতৃ] ধাত্রী, মাতার সদৃশী, যথা।—মাতৃস্বসা, মাতুলানী, পিতৃব্য স্ত্রী, পিতৃস্বসা, শ্বশ্রূ, পূর্ব্বজ-পত্নী, (ত্রি.) উপমাকর্ত্তা; চিত্রকর।
উপমান, ন. [উপ+মা+অন] উপমা, সাদৃশ্য, তুল্যতা, প্রতিমূর্ত্তি।
উপমাবিষ্ট, ত্রি. [উপমা+বিষ্ট] রূপক, দৃষ্টান্ত।
উপমারহিত, ত্রি. [উপমা+রহিত] দৃষ্টান্ত-রহিত, অনুপমেশ, নিরুপম
উপমালঙ্কার, পুং. [উপমা+অলঙ্কার] সাম্যালঙ্কার, সাদৃশ্যমূলক কাব্যালঙ্কার-বিশেষ।
উপমার্হ, ত্রি. [উপমা+অর্হ] উপমা-যোগ্য। [তুল্যকৃত।
উপমিত, ত্রি. [উপ+মিত] উৎপ্রেক্ষিত,
উপমিতি, স্ত্রী. [উপ+মিতি] উপমান, উপমা, সাদৃশ্য জ্ঞানজন্য জ্ঞান।
উপমেত, পুং. [উপম+ইত] শালবৃক্ষ, (ত্রি.) উৎপ্রেক্ষিত।
উপমেয়, ত্রি. [উপ+মেয়] সমতুল্য, উপ-মার্হ, দৃষ্টান্তযোগ্য।
উপমেয়োপমা, স্ত্রী. [উপমেয়+উপমা] স্বরূপতা, অনুরূপতা, সমতা, অনুকার।
উপযন্তা, পুং. [উপ+যন্তৃ] পতি, ভর্ত্তা, স্বামী।
উপযন্ত্র, ন. [উপ+যন্ত্র] যন্ত্র, উপকরণ, সাধন, কর্ম্মসাধন, উপস্কর।
উপযম, পুং. [উপ+যম] বিবাহ, উদ্বাহ, পরিণয়।
উপযাচক, ত্রি. [উপ+যাচক] যাচ্ঞা, যাচনা, অর্থনা, উপস্থিত যাচ্ঞাকারী।
উপযাচন, ত্রি. [উপ+যাচন] স্বার্থনিবেদন, নিবেদন, অর্থবিজ্ঞাপনা, প্রার্থনা।
উপযাচিত, ত্রি. [উপ+যাচিত] অভ্যর্থিত, প্রার্থিত, অর্থিত; সমর্পিত, নিবেদিত; স্বইষ্টসিদ্ধির নিমিত্ত দেবতাদিগকে যে বস্তু দেওয়া যায়, দিব্যদোহদ
উপযাচিতক, ত্রি. [উপযাচিত+ক] উপ-যাচিত, স্বইষ্টলব্ধের নিমিত্ত দেব দেয়।
উপযাম, পুং. [উপ+যাম] বিবাহ, পাণি গ্রহণ।
উপযুক্ত, ত্রি. [উপ+যুক্ত] যোগ্য, অর্হ, সমর্থ, উচিত; উৎকণ্ঠিত হৃদয়; গৃহীত, আদত্ত; ভক্ষিত, স্বাদিত, ভুক্ত।
উপযুঞ্জান, ত্রি. [উপ+যুজ্+আন] আত্ম-সাৎকরণ, উপযোগ।
উপযোগ, পুং. [উপ+যোগ] আচরণ; ইষ্ট সিদ্ধ্যর্থ ব্যাপার
উপযোগিতা, স্ত্রী. [উপযোগিন্+তা] উপ-যোগিনোভাব, ফল সাধনতা, প্রয়োজন, আনুকূল্য; (-ত্ব.ন.) উচিত্য, সামঞ্জস্য।
উপযোগী, ত্রি. [উপ+যোগিন্] উপযুক্ত দ্রব্যাদি, ক্রিয়াসাধন, অনুকূল।
উপযোষং, ব্য. [উপ+যোষম্] আনন্দ।
উপর, (প্রা) ঊর্দ্ধদেশ, উচ্চভাগ।
উপরক্ত, পুং. [উপ+রক্ত] রাহুগ্রস্ত সূর্য্য চন্দ্র; রাহু; (ত্রি.) ব্যসনার্ত্ত, দৈবমানু-ষান্যতর পীড়াযুক্ত। [ভাক্ত।
উপরত, ত্রি. [উপ+রত] মৃত; বিরত, নিবৃত্ত,
উপরতস্পৃহ, ত্রি. [উপরত+স্পৃহা] ইচ্ছা-রহিত, সত্যনিমিত্ত স্বগতধনস্পৃহাহীন।

উপরতি, স্ত্রী. [উপ+রতি] বিরতি, নিবৃত্তি; মৃত্যু; পরিত্যাগ।
উপরম, পুং. [উপ+রম] উপরতি।
উপরমণ, ন. [উপ+রমণ] নিবৃত্তি, বিরাম, আরাম, উপরতি।
উপরস, পুং. [উপ+রস] উপধাতু; তদ্যথা।—খেচর; অঞ্জন; কঙ্কুষ্ট; গন্ধারী; গৈরিক; ক্ষিতিনাগ; শৈলেয়।
উপরক্ষণ, ন. [উপ+রক্ষণ] রক্ষণার্থ সৈন্য স্থাপন, সঙ্কন, চৌকি।
উপরাউপরি, (প্রা) অনুক্রমে, যথাপূর্ব্বে: যথাক্রম, ক্রমানুসারে।
উপরাগ, পুং. [উপ+রাগ] রাহুগ্রস্ত চন্দ্র সূর্য্য; রাহু; বিগান; পরীবাদ; দুর্ণয়; গ্রহকল্লোল; ব্যসন।
উপরাম, পুং. [উপ+রাম] নিবৃত্তি, আরতি, অবরতি, বিরতি,বিরাম,আরাম, উপরতি, উপরম, পরতি।
উপরি, ব্য. [উপ+রি] ঊর্দ্ধ, উপর।
উপরিগত, ত্রি. [উপরি+গত] ঊর্দ্ধগত, অধিরূঢ়।
উপরিচিত, ত্রি. [উপরি+চিত] রাশীভূত, রাশীকৃত,একত্রীভূত। [অভ্যুত্থিত।
উপরিজ, ত্রি. [উপরি+জ] উন্নত, উদ্গত,
উপরিদৃষ্টি, স্ত্রী. [উপরি+দৃষ্টি] ভূতের কুদৃষ্টি,অপদেবতারদৃষ্টি, বায়ুর প্রকোপ।
উপরিদেবতা, স্ত্রী. [উপরি+দেবতা] প্রেত, উপচ্ছায়া, ভূত, পিশাচ, বেতাল, অপদেবতা।
উপরিঝাঁপরি, (প্রা) অন্য, অপর।
উপরিভাগ, পুং. [উপরি+ভাগ] ঊর্দ্ধভাগ।
উপরিষ্টাৎ, ব্য. [উপ+রিষ্টাৎ] উপরি, ঊর্দ্ধ। [ঊর্দ্ধস্থিত।
উপরিস্থ-উরিস্থিত, ত্রি. [উপরি+স্থ-স্থিত]
উপরিস্থপ্রকোষ্ঠ, পুং. [উপরিস্থ+প্রকোষ্ঠ] অট্টাল, অট্ট।
উপরীতক. পুং. [উপরীত+ক] শৃঙ্গারবন্ধ বিশেষ, আসন বাঁধন।
উপরুদ্ধ, ত্রি. [উপ+রুদ্ধ] প্রচ্ছাদিত, রক্ষিত; অনুরুদ্ধ, প্রতিরুদ্ধ।
উপরূপক, ন. [উপরূপ+ক] অষ্টাদশনাটকান্তর্গত নাটকবিশেষ।
উপরে, ব্য. [উপর+এ] ঊর্দ্ধে, উপরিভাগে; প্রতিবিষয়ে।
উপরোধ, পুং. [উপ+রোধ] অনুরোধ; গৌরব; বাক্যরক্ষণ; সাহায্য।
উপরোধক, ন. [উপরোধ+ক] গর্ভাগার, বাসগৃহ। [রক্ষণীয়।
উপরোধ্য, ত্রি. [উপরোধ+য] অনুপালনীয়,
উপর্য্যুপরি, ব্য. [উপরি+উপরি] ঊর্দ্ধোর্দ্ধ, উপরাউপরি; সামীপ্য।
উপল, পুং. [উপ+ল] পাষাণ; রত্ন।
উপলধিপ্রিয়, পুং. [উপলধি+প্রিয়] চমর নাম বনজন্তু।
উপলব্ধ, ত্রি. [উপ+লব্ধ] প্রাপ্ত, অধিগত, অর্জ্জিত, অনুভূত; প্রতীত।
উপলব্ধার্থা, স্ত্রী. [উপলব্ধ+অর্থ+আ] আখ্যায়িকা, কথাপ্রবন্ধ,উপকথা,হিতোপদেশাদি কথা।
উপলব্ধি, স্ত্রী. [উপ+লব্ধি] মতি, অনুমিতি, অনুভব, অনুমান, অবগতি; প্রাপ্তি; জ্ঞান।
উপলভেদী, পুং. [উপল+ভেদিন্] পাষাণভেদী বৃক্ষ।
উপলভ্য, ত্রি. [উপ+লভ্য] প্রাপ্য, প্রাপ্তব্য, উপলব্ধ, অবগত, লক্ষ্য, দৃশ্য
উপলম্ভ, পুং. [উপ+লম্ভ] অনুভব, অনুমান, অনুমিতি।
উপলম্ভ্য, ত্রি. [উপ+লম্ভ্য] স্তব্য, স্তুত্য, শ্লাঘ্য, স্তবোপযুক্ত।
উপলক্ষ-উপলক্ষণ, পুং. ন. [উপ+লক্ষ+লক্ষণ] অবলম্বন, বৃত্তি, অনুমান, উপষ্টম্ভ, সূত্র; ছল, অন্যের উদ্বোধক; অজহৎ, স্বার্থলক্ষণা।
উপলক্ষিত, ত্রি. [উপ+লক্ষিত] অনুমতি, যুক্তিপ্রাপ্ত, উপলক্ষণবিশিষ্ট;আশ্রিত।
উপলক্ষ্য, পুং. [উপ+লক্ষ্য] আশ্রয়, অবলম্বন, সহায়; অর্থাপত্তি, অনুমান।
উপলা, স্ত্রী. [উপল+আ] শর্করা, শুক্লোপলা, সিতাখণ্ড, রোলা

উপলালিকা, স্ত্রী. [উপ+লালিকা] অপলাষিক, উদকেচ্ছা, পানেচ্ছা; উপপ্লব করণ। [উৎপাত।
উপলিঙ্গ, ন. [উপ+লিঙ্গ] উপদ্রব, অরিষ্ট,
উপলিপ্ত, ত্রি. [উপ+লিপ্ত] অবলিপ্ত, অভ্যাক্ত, বিলিপ্ত, গোময়াদি দ্বারা কৃত বিলেপন।
উপলিপ্সিত, ত্রি. [উপ+লিপ্সিত] আক্রমণেপ্সিত, পরিগ্রহেপ্সিত।
উপলেপ-উপলেপন, পুং. ন. [উপ+লেপ-লেপন] গোময়াদি লেপন, বিলেপন, অনুলেপন।
উপশম, পুং. [উপ+শম] শমতা, শম,শান্তি, শমথ, তৃষ্ণাক্ষয়, অক্ষুব্ধতা, নির্বৃতি, স্বাস্থ্য; উপরতি, হ্রাস।
উপশমক, ত্রি. [উপশম+ক] শমিত, প্রশমিত, বিশ্রান্ত।
উপশয়, পুং. [উপ+শয়] নিদান পঞ্চকান্তর্গত রোগজ্ঞানজনক; (ত্রি.) আনন্দিত।
উপশল্য, স্ত্রী. [উপ+শল+য] গ্রামেরপ্রান্তভাগ, গ্রামান্ত, নগরোপান্ত।
উপশান্ত, ত্রি. [উপ+শান্ত] শান্তাত্মা, অক্ষুব্ধ, প্রসন্ন, শমিত।
উপশান্তি, স্ত্রী. [উপ+শান্তি] প্রশান্তি, বিশ্রান্তি, বিশ্রাম; আরোগ্য, উপশম, স্বাস্থ্য।
উপশান্তী, ত্রি. [উপশান্ত+ইন] শান্ত, প্রশান্ত, স্থিরমতি, (পুং) গ্রাম্যহস্তী।
উপশায়, পুং. [উপ+শায়] পর্য্যায় ক্রমে শয়ন, প্রহরিদিগের পর্য্যায় ক্রমে শয়ন, বিশায়।
উপশায়িতা, স্ত্রী. [উপশায়িন্+তা] শান্তি, অক্ষোভ; ক্ষুৎপ্রতিকার। [শান্ত।
উপশায়ী, ত্রি. [উপ+শায়িন্] স্বপ্নকৃৎ; প্র-
উপশোভিত, ত্রি. [উপ+শোভিত] অলঙ্কৃত, ভূষিত, মণ্ডিত।
উপশ্রুত, ত্রি. [উপ+শ্রুত] প্রতিশ্রুত, অঙ্গীকৃত, স্বীকৃত, বাগ্‌দত্ত।
উপশ্রুতি, স্ত্রী. [উপ+শ্রুতি] স্বীকার, অঙ্গীকার, প্রতিজ্ঞা; দৈবপ্রশ্ন।

উপষ্টম্ভ, পুং. [উপ+স্তম্ভ] আরম্ভ, উপক্রম, উদ্রেক; উপলক্ষ
উপষ্টম্ভক, পুং. [উপষ্টম্ভ+ক] আধিক্য।
উপসংখ্যান, ন. [উপ+সংখ্যান] ব্যাকরণের আদেশবিশেষ।
উপসংগ্রহ, পুং. [উপ+সংগ্রহ] পাদস্পর্শ পূর্ব্বক প্রণাম, পাদগ্রহণ, অভিবাদন, প্রণিপতন।
উপসংগ্রাহ্য, ত্রি. [উপ+সংগ্রাহ্য] উপসংগ্রহণীয়, অভিবাদ্য, পাদেগ্রহিতব্য
উপসংগৃহ্য, ত্রি. [উপ+সংগৃহ্য] গৃহীতব্য, আদায়, গৃহীত্বা।
উপসংব্যান, ন. [উপ+সং+ব্যান] পরিধান বস্ত্র, উত্তরীয়বস্ত্র।
উপসংহরণ, ন. [উপ+সংহরণ] অপনয়ন, অপহরণ; ব্যাবৃত্তি, বর্জ্জন; অভিক্রম, আক্রমণ।
উপসংহার, পুং. [উপ+সংহার] অন্ত, শেষ; নাশ; নিষ্কর্ষ; মীমাংসা; আক্রম; সংগ্রহ; সংক্ষেপ; ব্যতীত। [অপহরণ।
উপসংহৃত, ত্রি. [উপ+সংহৃত] অপনয়ন,
উপসংহৃতি, স্ত্রী. [উপ+সংহৃতি] প্রতিসংহার; আক্রমণ।
উপসংক্ষেপ, পুং. [উপ+সংক্ষেপ] প্রত্যাহার, সংক্ষেপ।
উপসত্তি, স্ত্রী. [উপ+সত্তি] সঙ্গমাত্র; প্রতিপাদন; সেবা, উপাসনা।
উপসদ্, পুং. [উপ+সদ্] অগ্নিবিশেষ।
উপসদ, ত্রি. [উপ+সদ] সন্নিকৃষ্ট; (পুং.) দান; উপগম। [বাসী।
উপসদন, ন. [উপ+সদন] গৃহসমীপ,প্রতি-
উপসন্তান, পুং. [উপ+সন্তান] কুলসন্ততি।
উপসন্ধ্যং, ব্য. [উপ+সন্ধ্যা] সন্ধ্যোন্মুখ
উপসন্ন, ত্রি. [উপ+সন্ন] উপগত, উপস্থিত, অভ্যাসগত, অভিগত।
উপসন্নতা, স্ত্রী. [উপসন্ন+তা] অভিগমন, উপস্থিতি, আগমন।
উপসমাধান, ন. [উপ+সমাধান] সংস্থান।
উপসম্পন্ন, ত্রি. [উপ+সম্পন্ন] যজ্ঞার্থ হত পশু, প্রমীত, প্রোক্ষিত; পাকদ্বারা

রূপ রসাদি সম্পন্ন ব্যঞ্জনাদি, প্রণীত; পর্য্যাপ্ত; সংস্কৃত; প্রাপ্ত; মৃত

উপসর, পুং. [উপ+সর] গভীর প্রথম গর্ব্ভাধারণ, প্রজন; (ত্রি.) সমুপস্থিত, আসন্ন।

উপসর্গ, পুং. [উপ+সর্গ] রোগভেদ; উপপ্লব, অমঙ্গলের লক্ষণ; ধাতুর পূর্ব্ববর্ত্তি বিংশতি সংখ্যক প্র আদি অব্যয় যথা—প্র; পর; অপ; সম্; নি; অব; অনু; নির্; দুর্; বি; অধি; সু; উৎ; পরি; প্রতি; অভি; অতি; অপি; উপ; আঙ্।

উপসর্জ্জন, ন. [উপ+সর্জ্জন] প্রধান ভিন্ন, অপ্রধান, অপ্রাগ্র্য; উপস্থিতি।

উপসর্প, পুং.[উপ+সর্প] উপগম,অভিগম।

উপসর্পক, ত্রি. [উপ+সর্পক] উপসর্পণকর্ত্তা, উপাসক, সেবক, আনুগত্যকারী, অনুবর্ত্তি। [বৃত্তি।

উপসর্পণ, ন. [উপ+সর্পণ] আগমন, অনু-

উপসর্য্যা, স্ত্রী. [উপ+সর্য্যা] প্রথম গর্ভকালপ্রাপ্তা গাভী, ঋতুমতি গাভী, কাল প্রাপ্তা, বৃষরতা; কাল্যা।

উপসার্য্য, ত্রি. [উপ+সার্য্য] সমীপগমনীয়, নিকটগম্য।

উপসুন্দ, পুং. [উপ+সুন্দ] দৈত্যবিশেষ, উপদেবতা।

উপসূর্য্যক, ন. [উপ+সূর্য্য+ক] চন্দ্র সূর্য্যমণ্ডল, পরিধি, পরিবেশ।

উপসৃত্য, ত্রি. [উপ+সৃত্য] প্রত্যুপস্থিত অভ্যাসগত।

উপসৃষ্ট, ন. [উপ+সৃষ্ট] মৈথুন; (ত্রি) রাহুগ্রস্ত, উপসর্গগ্রস্ত।

উপসেদ্বস্, ত্রি. [উপ+সেদ্বস্] অভিমুখ, প্রত্যক্ষ, উপস্থিত।

উপসেবন-উপসেবা, ন. স্ত্রী. [উপ+সেবন-সেবা] শুশ্রূষা, নিসেবন, পরিচর্য্যা।

উপসেবিত, ত্রি. [উপ+সেবিত] শুশ্রূষিত, আরাধিত।

উপস্কর, পুং. [উপ+কর] ব্যঞ্জনাদি সংস্কারার্থ ধন্যাক সর্ষপপিষ্টাদি,বেসার, বাটনা. বেসবার; গৃহবাসোপকরণ; কনক কুণ্ডল হারাদি; কলঙ্ক।

উপস্করণ, ন. [উপ+করণ] অলঙ্কার; সঙ্গম; প্রতিবাক্য, প্রত্যুক্তি। [স্কার।

উপস্কার, পুং. [উপ+কার] সংস্কার অল-

উপস্কৃত, ত্রি. [উপ+কৃত] ধিক্কৃত, তিরস্কৃত।

উপস্তম্ভ, পুং. [উপ+স্তম্ভ] আত্মনিয়মন।

উপস্ত্রী, স্ত্রী. [উপ+স্ত্রী] উপপত্নী, বারস্ত্রী, ভোগ্যাস্ত্রী, স্বৈরিণী, বেশ্যা, ঢেমনি।

উপস্থ, পুং. [উপ+স্থা] লিঙ্গ, শিশ্ন, মেঢ্র; ভগ; ক্রোড়, গুহ্যদ্বার, (ত্রি) নিকট।

উপস্থনিগ্রহ, পুং. [উপস্থ+নিগ্রহ] ইন্দ্রিয়, নিগ্রহ, জিতেন্দ্রিয়ত্ব, ব্রহ্মচর্য্য; কামদমন। [অঞ্জীর।

উপস্থপত্র, পুং. [উপস্থ+পত্র] উডুম্বরবৃক্ষ,

উপস্থাতা, ত্রি. [উপ+স্থাতৃ] ভৃত্য, প্রেষ্য, সেবক, অভিসর, অনুগ।

উপস্থান, ন. [উপ+স্থান] নৈকট্য, সান্নিধ্য; সমাগম।

উপস্থানীয়, ত্রি. [উপ+স্থানীয়] সমীপস্থ, নিকটসম্বন্ধি।

উপস্থাপক, ত্রি. [উপ+স্থাপক] সন্নিহিত, উপন্যস্ত; মন্ত্রিত; উপার্জ্জিত।

উপস্থাপন, ন. [উপ+স্থাপন] নিকটস্থকরণ; উপস্থিতি করণ, উত্থাপন।

উপস্থাপয়িতব্য, ত্রি. [উপ+স্থাপয়ি+তব্য] উপস্থাপনের যোগ্য।

উপস্থাপিত, ত্রি. [উপ+স্থাপিত] সন্নিহিত, স্থাপিত; সহিত, পরিবৃত।

উপস্থায়, ব্য. [উপ+স্থায়] নিকটে আসন, নিকটাবর্ত্তী হওন। [নিকটস্থায়ী।

উপস্থায়ী, ত্রি. [উপ+স্থায়িন্] অবস্থিত,

উপস্থিত, ত্রি. [উপ+স্থিত] সমীপস্থিত, উপনত, উপসন্ন; মৃষ্ট; শোধিত।

উপস্থিতবক্তা, পুং. [উপস্থিত+বক্তৃ] বাক্যবিশারদ, সদ্বক্তা, বাক্পটু, তুর্ণোত্তরদায়ক।

উপস্থিতি, স্ত্রী. [উপ+স্থিতি] উপস্থান, সান্নিধ্য; প্রাপ্তি; নিষ্পত্তি,সিদ্ধি; অভিগমন, আগমন; অভিজ্ঞান।

উপস্পার্শ-উপস্পার্শন, পুং ন. [উপ+স্পর্শ-স্পার্শন] স্পর্শমাত্র; স্নান; আচমন।
উপস্পৃষ্ট, ত্রি. [উপ+স্পৃষ্ট] সংস্পৃষ্ট, স্পৃশ্য; অল্প পীত।
উপস্বত্ব, ন. [উপ+স্বত্ব] উৎপন্ন, লভ্য, আয়প্রাপ্তি, স্বত্বাস্পদীভূত ভূম্যাদি লব্ধ ধনাদি। [অশুদ্ধ দ্রব্য।
উপহত, ত্রি. [উপ+হত] নষ্ট, উৎপাতগ্রস্ত;
উপহতদৃক্, ত্রি. [উপহত+দৃশ্] নেত্রেন্দ্রিয়, বিকল, অবরুদ্ধদৃষ্টি।
উপহতাত্মা, ত্রি. [উপহত+আত্মন্] কামোপহত, কামমোহিত, কামার্ত্ত।
উপহরণ, ন. [উপ+হরণ] উপনয়ন, নিবেদন, অর্পণ; বলিকরণ; পরিবেশন; গ্রহণ, হরণ।
উপহর্ত্তব্য, ত্রি. [উপ+হর্ত্তব্য] বলিযোগ্য; নিবেদিত, ঢৌকিত।
উপহর্ত্তা, ত্রি. [উপ+হর্ত্তৃ] নিবেদিত, প্রস্থাপিত; পরিবেশিত।
উপহর, পুং. [উপ+হর] আহ্বান, নিমন্ত্রণ।
উপহসিত, ন. [উপ+হসিত] হাস্যভেদ, পরিহাস, হসন, হাস।
উপহার, পুং, [উপ+হার] উপঢৌকন দ্রব্য, প্রাভৃত, প্রদেশন, উপায়ন, উপগ্রাহ্য, উপদা, অংহতি; যজ্ঞপশু, বলি; কর; পরিবেশন।
উপহারী, ত্রি. [উপ+হারিন্] দাতা, দানকর্ত্তা; হৃত, উপহৃত।
উপহালক, পুং. [উপ+হাল+ক] কুন্তলদেশ।
উপহাস, পুং. [উপ+হাস] পরিহাস, নিন্দার্থ বাক্যাদি, অপহাস, হাস্য, পরিভাষণ, অবহেলা, অবজ্ঞা, উৎপ্রাসন, উৎস্ময়ন, বিদ্রূপ, ঠাট্টা।
উপহাসক, ত্রি. [উপ+হাসক] পরিহাসশীল, পরিহাসক, রসী; (পুং) হাস্যকারী, বিদূষক।
উপহাস্য, ত্রি. [উপ+হাস্য] পরিহাস্য, হাস্যজনক, উপহাসার্হ, তর্ক্য।
উপহিত, ত্রি. [উপ+হিত] স্থাপিত, আহিত; উপাহিত, সংহিত
উপহিতশোভ, ত্রি. [উপহিত+শোভ] মহাযশা, মহোদয়।
উপহূত, ত্রি. [উপ+হূত] গৃহীত, সমর্পিত।
উপহূয়, ব্য. [উপ+হূয়] আহ্বয়, নামধেয়, আহূত।
উপহৃত, ত্রি. [উপ+হৃত] চিত, সঞ্চিত, অবচিত, উপচিত, সংগৃহীতা; সমুপহৃত, উপনীত, উপস্থাপিত, প্রদত্ত; পরিবেশিত। [(পুং.) রথ।
উপহ্বর, ন. [উপ+হ্বর] নির্জ্জন স্থান;
উপক্ষয়, পুং. [উপ+ক্ষয়] উপলক্ষণ, ব্যঞ্জক, রূপক।
উপক্ষেপণধর্ম্ম, পুং. [উপক্ষেপণ+ধর্ম্ম] শূদ্রস্বামিক বাটীতে ব্রাহ্মণ কর্ত্তৃক রন্ধন।
উপাংশু, পুং. [উপ+অংশু] জপভেদ; নির্জ্জনস্থ, অসঙ্গ, জনসংসর্গরহিত; (ব্য) বিজন, রহঃ।
উপাকরণ, ন. [উপ+আ+করণ] সংস্কার পূর্ব্বক শ্রুতিগ্রহণ; সংস্কার পূর্ব্বক পশুহনন। [করণ।
উপাকর্ম্ম, ন. [উপ+আ+কর্ম্মন্] উপা-
উপাকৃত, পুং. [উপ+আ+কৃত] যজ্ঞে অভিমন্ত্রাহত পশু; উপদ্রব; (ত্রি) উপদ্রুত।
উপাখ্যান, ন. [উপ+আখ্যান] পূর্ব্ববৃত্তান্ত কথন, আখ্যান, বর্ণন, পরিকথা, উদন্ত, আখ্যায়িকা, কথা প্রবন্ধ, কথানুবন্ধ, বৃত্তান্ত, চরিত্র, ইতিহাস।
উপাগত, ত্রি. [উপ+আগত] সমীপে আগত, উপস্থিত; প্রতিশ্রুত, প্রাপ্ত, অধিগত।
উপাগম, পুং. [উপ+আগম] স্বীকার; নিকট গমন; দুঃখানুভবী, দুঃখভোগী।
উপাগ্রহণ, ন. [উপ+আ+গ্রহণ] উপাকরণ, সংস্কার পূর্ব্বক বেদগ্রহণ।
উপাগ্নি, ব্য. [উপ+অগ্নি] অগ্নির নিকট।
উপাঙ্গ, পুং. [উপ+অঙ্গ] তিলক, পত্রাবলী, পত্রলেখা, পত্রাঙ্গুলি, পুণ্ড্র, তমালপত্রক, চিত্রক।
উপাঞ্জন, ন. [উপ+অঞ্জন] অনুলেপন, গোময় দ্বারা ভূমি বিলেপন।

উপাত্ত, পুং. [উপ+আত্ত] নির্ম্মদহস্তী; (ত্রি) গৃহীত, প্রতিগৃহীত, প্রাপ্ত।
উপাত্তরংহস্. ত্রি. [উপাত্ত+রংহস্] শীঘ্রগামী, দ্রুতগামী; দ্রুতগতি।
উপাত্তশাস্ত্র. ত্রি. [উপাত্ত+শাস্ত্র] সায়ুধ, কৃতাস্ত্র, শস্ত্রী, শস্ত্রপাণি।
উপাত্যয়, পুং. [উপ+অতি+অয়] শাস্ত্রতঃ এবং লোকত ব্যবহার ব্যতিক্রম; অতিক্রম, ক্রমোল্লংঘন, পর্য্যায়, অভিপাত।
উপাদান, ন. [উপ+আ+দান] স্বস্ব বিষয়ে ইন্দ্রিয়াকর্ষণ, প্রত্যাহার; হেতু; ন্যায়মত, সমবায়ি কারণ, প্রবৃত্তিজনক জ্ঞান।
উপাদানকারণ, ন. [উপাদান+কারণ] অপাদান।
উপাদিকা, স্ত্রী. [উপাদিক+আ] শিগ্রু, [শাক।
উপাদেয়,ত্রি. [উপ+আ+দেয়] গ্রাহ্য, উপম, উৎকৃষ্ট; বিধেয় কর্ম্ম।
উপাদেয়তা, স্ত্রী. [উপাদেয়+তা] উত্তমতা।
উপাধক্ত-উপাধান, ন. [উপ+আধক্ত-আধান] স্থাপন, অর্পণ; বালিশ।
উপাধি, পুং.[উপ+আ+ধি] ধর্ম্মচিন্তা; কুটুম্বব্যাপৃত; ছল; বিশেষণ; নামচিহ্ন; পদবী।
উপাধ্যায়, পুং. [উপ+অধ্যায়] অধ্যাপক, পণ্ডিত, উপদেশকর্ত্তা, বিদ্যোপদেশক; বেদোপদেশাধ্যাপক।
উপাধ্যায়া, স্ত্রী. [উপাধ্যায়+আ] অধ্যাপিকা, বিদ্যোপদেশিনী।
উপাধ্যায়ানী, স্ত্রী. [উপাধ্যায়+আনী] উপাধ্যায়পত্নী।
উপাধ্যায়ী, স্ত্রী. [উপাধ্যায়+ঈ] অধ্যা- [পকভার্য্যা।
উপানৎ, স্ত্রী. [উপ+আ+নহ্] চর্ম্মাদি নির্ম্মিত পাদকোষ, চর্ম্মপাদুকা, পাদুক, পাদু, জুতা।
উপানহ, পুং. [উপ+আ+নহ্] চর্ম্মপাদুকা।
উপান্ত, ত্রি. [উপ+অন্ত] নিকট, সমীপ; (পুং.) চক্ষের কোণ।
উপান্তিক, ত্রি. [উপ+অন্তিক] নিকট, সন্নি- [হিত।
উপান্ত্য, পুং. [উপ+অন্ত+য] চক্ষের কোণ; (ন.) অন্তিকতা, সামীপ্য, নৈকট্য।

উপাবর্ত্তন, ন. [উপ+আ+বর্ত্তন] পরিভ্রমণ, ঘূর্ণন; অবরতি, উপরতি; উপস্থিতি।
উপাবৃত্ত, পুং. [উপ+আ+বৃত্ত] শ্রমশান্ত্যর্থ, পুনঃ পুনঃ ভূমিতে লুণ্ঠনশীল অশ্ব, (ত্রি.) লুণ্ঠিত; নিবৃত্ত, ক্ষান্ত।
উপায়, পুং. [উপ+অয়] রাজাদিগের শত্রু বশীকরণার্থে হেতু চতুষ্টয়, যথা— সাম, দান, ভেদ, দণ্ড। উপগতি; স্বার্থ সম্পাদক, সাধন।
উপায়জ্ঞ, ত্রি. [উপায়+জ্ঞ] উপায়চিন্তক, পরিকল্পক, উপেতা, ব্যবসায়ী।
উপায়ন, ন. [উপ+অয়ন] উপহার, উপঢৌকনদ্রব্য; ব্রতাদি প্রতিষ্ঠা; সমীপগমন।
উপায়যোগ, পুং. [উপায়+যোগ] কর্ম্মসাধন, উপপত্তি।
উপায়াত, ত্রি. [উপ+আ+যাত] আগত, সমায়াত, উপস্থিত, প্রাপ্ত; (ন.) ঘটনা, সমুপাগত।
উপায়ান্তর, ত্রি. [উপায়+অন্তর] উপায় প্রতিকার, প্রতিসমাধান।
উপায়ী, ত্রি. [উপায়+ইন্] উপায়কারক; উপার্জ্জক। [নিষ্ঠ।
উপারত, ত্রি. [উপ+আ+রত] প্রবৃত্ত, কর্ম্ম-
উপারম, পুং. [উপ+আ+রম] উপগম, প্রবর্ত্তন।
উপার্জ্জক, ত্রি. [উপ+অর্জ্জক] উপার্জ্জনকারী, প্রাপক।
উপার্জ্জন, ন. [উপ+অর্জ্জন] অর্জ্জন, ধনাদ্যাহরণ, সত্বহেতু ভূতব্যাপার, ধনসঞ্চয়ন, লাভ।
উপার্জ্জনীয়, ত্রি.[উপ+অর্জ্জ্+অনীয়]প্রাপ্য, লভ্য।
উপার্জ্জিত ত্রি. [উপ+অর্জ্জ+ইত] অর্জ্জিত, শ্রমেণোপার্জ্জিত, লব্ধ, অপাত্ত, নির্বিষ্ট।
উপালব্ধ, ত্রি. [উপ+আ+লব্ধ] নিন্দিত, তিরস্কৃত, আক্রুষ্ট, নির্ভৎসিত, জুগুপ্সিত।
উপালম্ভ, পুং. [উপ+আ+লম্ভ] বাক্‌পারুষ্য, বাগ্‌দোষ, খলোক্তি, দুর্ব্বাক্য; বিলম্ব, কালযাপন, কালক্ষেপ।

উপাশ, (প্রা) পার্শ্ব।
উপাশ্রয়, পুং. [উপ+আশ্রয়] আশ্রয়, প্রতিশ্রয়, বিশ্রম্ভ।
উপাশ্রিত, ত্রি. [উপ+আশ্রিত] অবলম্বিত, অবষ্টম্ভিত; পোষিত।
উপাস, পুং. [উপ+আস] উপবাস, অনাহার, অনশন।
উপাসক, পুং.স্ত্রী. [উপ+আসক] শূদ্র; (ত্রি.) উপাসনাকর্ত্তা, সেবক, অর্চ্চক, আরাধক, পূজক, সেবিতা, ভজক, পূজাকারী, উপাসিতা। [নিষঙ্গ।
উপাসঙ্গ, পুং. [উপ+আ+সঙ্গ] তূণীর, তুণ,
উপাসন, ন. [উপ+আস্+অন] শরাভ্যাস, ধনুর্ব্বিদ্যা; শুশ্রূষা, সেবা; বিহিংসন; আসন; সমাগম।
উপাসনা, স্ত্রী. [উপ+আসনা] সেবা, তৎপর্য্যায়।—বরিবস্যা, শুশ্রূষা, পরিচর্য্যা, উপাসন, পূজা, পূজন, ভজন, অর্চ্চন, উপাসা, উপাস্তি, আরাধনা, সপর্য্যা, ইত্যা, উপচিতি, ভক্তি।
উপাসনাকাণ্ড, পুং. [উপাসনা+কাণ্ড] উপাসনা ভেদ যথা—বিষ্ণু, শিব, শক্তি, সূর্য্য গণপতি। [ধনা।
উপাসা, স্ত্রী. [উপাস+আ] অর্চ্চনা, আরা-
উপাসিত, ত্রি. [উপ+আসিত] কৃতোপাসন, বরিবসিত, বরিবস্যিত, উপচরিত, অঞ্চিত, পূজিত, অর্চ্চিত। [সেবক।
উপাসিতা, পুং. [উপ+আসিতৃ] উপাসক
উপাসীন, ত্রি. [উপ+আসীন] অধ্যাসীন, উপবিষ্ট, সমীপস্থিত।
উপাস্তি, স্ত্রী. [উপ+আস্তি] সেবা, উপাসনা, আরাধনা। [বন্ধন, তরুণাস্থি।
উপাস্থি, ন. [উপ+অস্থি] কোমলাস্থি, সন্ধি
উপাস্য-উপাস্যমান, ত্রি. [উপ+আস্য+মান] পূজার্হ, অর্চ্চনীয়, পুজনীয়।
উপাহিত, ত্রি. [উপ+আ+হিত] সংযোজিত; আরোপিত; অর্পিত; (পুং.) অগ্ন্যুৎপাত; উল্কাপাতাদি।
উপাহৃত, ত্রি. [উপ+আ+হৃত] গৃহীত, অপহৃত; সজ্জিত।
উপুড়, (প্রা) ন্যুব্জ; বিপর্য্যয়, উল্টা, পতিত
উপেত, ত্রি. [উপ+ইত] যুক্ত, মিলিত, একত্রিত; সমীপাগত, আসন্ন।
উপেতৃ, ত্রি. [উপ+ইতৃ] উপায়জ্ঞ; সমুপস্থিত, আসন্ন।
উপেন্দ্র, পুং. [উপ+ইন্দ্র] বিষ্ণু, ইন্দ্রাবরজ।
উপেন্দ্রবজ্রা, স্ত্রী. [উপেন্দ্র+বজ্রা] একাদশাক্ষরাবৃত্তি ছন্দবিশেষ।
উপেয়, ত্রি. [উপ+ইয়] অভিগত, উপস্থিত, প্রত্যুপস্থিতা, সমাগত
উপেয়িবান্, ত্রি. [উপ+ইয়িবান্] অনুযাত, অনুগম্যমান; অধিগত, উপাত্ত।
উপেক্ষক, ত্রি. [উপ+ঈক্ষ+ক] নিরপেক্ষ, মন্দাদর, অবমানী।
উপেক্ষণ, ন. [উপ+ঈক্ষণ] বর্জ্জন, ত্যজন; অনাদরণ, না মানন।
উপেক্ষা, স্ত্রী. [উপ+ঈক্ষা] অস্বীকার, ত্যাগ, অনাদর, অবজ্ঞা, তাচ্ছল্য; যুদ্ধবিষয়ে ক্ষুদ্রোপায়; কৈতবপ্রয়োগ, মায়া
উপেক্ষিত, ত্রি. [উপ+ঈক্ষিত] অনপেক্ষিত, অবজ্ঞাত, পরিত্যক্ত। [(পুং.) বূহ।
উপোঢ়, ত্রি. [উপ+ঊঢ়] নিকট; বিবাহিত;
উপোতী, স্ত্রী. [উপ+উৎ+ঈ] পূতিকা
উপোদিকা, স্ত্রী. [উপ+উদক+আ] পূতিকা।
উপোদকী, স্ত্রী. [উপ+উদিক+ঈ] পূতিকা, তৎপর্য্যায়।—কলম্বী, পিচ্ছিলা, পিচ্ছিলচ্ছদা, মোহনী, মদ্রশাক, বিশালা, বলিপাদকী, পুঁইশাক।
উপোদ্ঘাত, পুং. [উপ+উদ্ঘাত] উদাহরণ; আরম্ভ; পরিচ্ছেদ; সঙ্গতিবিশেষ।
উপোষণ, ন. [উপ+উষণ] উপবাস, অনাহার।
উপোষিত, ন. [উপ+উষিত] উপবাস; (ত্রি.) কৃতোপবাস, অকৃতাহার।
উপোহ্য, ত্রি. [উপ+উহ্য] আহৃত, সঞ্চারিত।
উপ্ত, ত্রি. [বপ্+ত] কৃতবপন, বীজিত, বোনা; কৃতমণ্ডল।
উপ্তকৃষ্ট, ত্রি. [উপ্ত+কৃষ্ট] বীজবপনানন্তর কর্ষিতক্ষেত্র, বীজাকৃত

উপ্তি, স্ত্রী. [উপ্ত+ই] বপন, বীজারোপণ।
উপ্তিকর্ত্তা, পুং. [উপ্তি+কর্ত্তৃ] বপনকর্ত্তা, বীজারোপক, বীজবপ্তা। [ক্ষেত্রিক।
উপ্তিবিদ, পুং. [উপ্ত+বিৎ+অ] কর্ষক,
উপ্ত্রিম, ত্রি. [বপ্+ত্রিম] কৃতবপন।
উব্জ, ত্রি. [উব্জ্+অ] ঋজূভূ।
উবন, (প্রা) প্রস্থান; অন্তর্ধান।
উবরণ, (প্রা) উদ্বর্ত্তন, বিস্তর। [বিস্তর
উবরা-উবরাণ, (প্রা) উদ্বৃত্ত, আধিক্য,
উবল-উবলন, (প্রা) উৎখলন; অনুসন্ধান।
উবী-উবু, (প্রা) উচ্চ, উন্নত, ঊর্দ্ধ, ডাঁড়া।
উবুড়, (প্রা) ন্যুব্জ, উল্টা।
উভ-উভয়, ত্রি. [উভ্+অ-অয] উভৌ, দ্বয়, যুগল, পরস্পর মিলিত দুই, দুইটা।
উভ, (প্রা) ঊর্দ্ধ- উন্নত, ডাঁড়া।
উভয়তঃ, ব্য. [উভয়+তস্] পার্শ্বদ্বয়, উভয়-পার্শ্বে, পরস্পর, দুইদিগে।
উভয়তোদৎ, পুং. স্ত্রী. [উভয়তস্+দৎ] দন্ত পংক্তিদ্বয়, দুই পাটি দাঁত।
উভয়তোমুখ, ত্রি. [উভয়তস্+মুখ] দ্বিমূর্দ্ধ।
উভয়ত্র, ব্য. [উভয়+ত্র] দুইপার্শ্বে, দুই স্থানে, দুইদিগে।
উভয়থা, ব্য. দ্বিধা দ্বৈধ, দুই প্রকার।
উভয়দ্যুঃ, ব্য. [উভয়+দ্যুস্] উভয়দিন, দিনদ্বয়, দ্ব্যহ্ন।
উভয়বিদ্যা, স্ত্রী. [উভয়+বিদ্যা] ঐহিকপারত্রিক বিদ্যাদ্বয়।
উভয়বেতন, ত্রি. [উভয়+বেতন] স্বামিদ্বয় ভৃত্যাগ্রাহিভৃত্য।
উভয়ভাগহর, ত্রি. [উভয়+ভাগ+হর] অংশ দ্বয় গ্রহণশীল।
উভয়সম্ভব, পুং. [উভয়+সম্ভব] সন্দেহ, দ্বিধা, বিকল্প। [নুমত।
উভয়ানুমত, ত্রি. [উভয়+অনুমত] পরস্পরা-
উভয়ার্থং, ব্য. [উভয়+অর্থম্] অর্থদ্বয়।
উভয়ে, ব্য. [উভয়+এ] পরস্পর, অন্যোন্য, মিথঃ, ইতরেতর।
উভয়েদ্যুঃ, ব্য. [উভয়+এদ্যুস্] উভয়দিন, দিনদ্বয়, দ্ব্যহ্ন। [ভার।
উভরণ, (প্রা) বোঝাই বহিষ্করণ, উত্তীর্ণ-
উভরায়, (প্রা) উচ্চৈঃশব্দে, উৎক্রোশ।
উম্, ব্য. রোষ; অঙ্গীকার; প্রশ্ন; ক্রোধবর্জ্জিত (পুং.) পুর, নগর; অবস্থান, ঘট্ট, নৌকা হইতে দ্রব্য উঠাইবার স্থান।
উম্‌রা, (যাং) শ্রেষ্ঠব্যক্তি, ধনিব্যক্তি।
উমা, স্ত্রী. [উ+মা] দুর্গা; অতসী; কীর্ত্তি; হরিদ্রা; কান্তি; শান্তি।
উমাকট, পুং. [উমা+কচ্] উমাধূলি, মসিনার ধূলা।
উমাগুরু, পুং. [উমা+গুরু] হিমালয়পর্ব্বত।
উমাচতুর্থী, স্ত্রী. [উমা+চতুর্থী] জ্যৈষ্ঠশুক্লা চতুর্থী ব্রতবিশেষ।
উমান, (প্রা) পরিমাণ, মাপন; গাম্ভীর্য্য, উরীক্ষাকরণ।
উমাপতি, পুং. [উমা+পতি] শিব।
উমাবন, ন. [উমা+বন] পুরবিশেষ, তৎপর্য্যায়।—দেবীকোট, কোটীবর্ষ, বাণপুর, শোণিতপুর।
উমাসুত, পুং. [উমা+সুত] কার্ত্তিকেয়
উমাসূ, স্ত্রী. [উমা+সূ] মেনকা।
উমী, (যাং) নির্ব্বোধ, মূর্খ; আধুনিক।
উমেশ, পুং. [উমা+ঈশ] মহাদেব, শিব, উমাপতি। [হরিদ্রাক্ষেত্র।
উম্য, ন. [উমা+য] ঔমীন, অতসীক্ষেত্র;
উম্বর, পুং. [উদ+বর] দ্বারোর্দ্ধকাষ্ঠ, গৃহাবগ্রহণী, দেহলী, অম্বর, উডুম্বর।
উম্বী, স্ত্রী. [উম্ব+ঈ] অর্দ্ধপক্ক তৃণানল সংভৃষ্ট যব, গোধুম মঞ্জরী
উরঃ, ন. [উরস্]বক্ষঃস্থল,বক্ষঃ, বৎস,ক্রোড়, হৃৎ, ভুজান্তর; (ত্রি.) উত্তম, শ্রেষ্ঠ
উরঃসূত্রিকা, স্ত্রী. [উরস্+সূত্রিকা] মুক্তারচিত হার, মুক্তাপ্রলম্ব, মৌক্তিকহার, মুক্তালতা। [স্থান
উরঃস্থল. ন. [উরস্+স্থল] বক্ষঃস্থল, হৃদয়-
উরঃক্ষত, ন. [উরস্+ক্ষত] ফুসফুস বেদনা।
উরগ, পুং. [উরস্+গ] সর্প; শীসক।
উরগস্থান, ন. [উরগ+স্থান] পাতাল।
উরগারি, পুং. [উরগ+অরি] গরুড়; সারস।
উরগাশন, পুং. [উরগ+অশন] গরুড়পক্ষী।

উরগেন্দ্র, পুং. [উরগ+ইন্দ্র] অনন্তদেব, বাসুকি। [নাগ।
উরঙ্গ-উরঙ্গম,পুং. স্ত্রী. [উরম্+গ-গম] সর্প,
উরণ, পুং. স্ত্রী. [উঋ+ণ] মেষ; মেঘ।
উরণাখ্য-উরণাখ্যক, পুং. [উরণ+আখ্যা-আ] দদ্রুঘ্নবৃক্ষ।
উরণাক্ষ-উরণাক্ষক, পুং. [উরণ+অক্ষ+ক] বৃক্ষবিশেষ, এড়ঁাচি, তৎপর্য্যায়।—প্রপুন্নাড়, এড়গজ, দদ্রুঘ্ন, চক্রমর্দ্দক, পদ্মাট, উরণাখ্য, প্রপুন্নড়, প্রপুনাড়, চাকুন্দাগাছ।
উরভ্র, পুং. স্ত্রী. [উরু+ভ্রম] মেষ, ভেড়া।
উররী, ব্য. [উরর+ঈ] স্বীকার; বিস্তার।
উররীকার, পুং. [উররী+কার] অঙ্গীকার, স্বীকার।
উররীকৃত, ত্রি. [উররী+কৃত] অঙ্গীকৃত, স্বীকৃত, প্রতিশ্রুত; বিস্তৃত।
উরশ্ছদ, পুং. [উরস্+ছদ] কবচ, উরস্ত্রাণ, বাণবার। [বক্ষঃস্থল।
উরস্, ত্রি. [উর+অস্] উত্তম, শ্রেষ্ঠ, (ন.)
উরসিজ, পুং. [উরস+জ] স্ত্রীস্তন, কুচ, বক্ষোজ। [স্তন।
উরসিরুহ, ত্রি. [উরসি+রুহ] বক্ষোরুহ,
উরসিল, ত্রি. [উরস্+ইল] প্রশস্তবক্ষোযুক্ত।
উরস্কট, পুং. [উরস+কট] বালযজ্ঞোপবীত, বুকবাঁধড়।
উরস্তঃ, ব্য. [উরস্+তস্] বক্ষঃস্থল হইতে।
উরস্ত্রাণ, ন. [উরস্+ত্রাণ] বক্ষস্ত্রাণ কবচ, নাগোদর।
উরস্য, ত্রি. [উরস্+য] ঔরসজাত, বিবাহজাত, সুজন্মা।] উরসিল।
উরস্বান্, ত্রি.[উরস্+বৎ] প্রশস্তবক্ষোযুক্ত,
উরানঘাই, (প্রা) অপ্রকৃত উত্তর, ফাঁকি।
উরাহ, পুং. [উর+আহ] কৃষ্ণবর্ণ পদবিশিষ্ট পাণ্ডুবর্ণঘোটক।
উরী, ব্য. [উর+ঈ] স্বীকার; বিস্তার।
উরীকার, পুং. [উরী+কার] অঙ্গীকার; বিস্তার।
উরীকৃত, ত্রি. [উরী+কৃত] অঙ্গীকৃত; বিস্তৃত।
উরু, ত্রি. [উ+রু] মহান্, তৎপর্য্যায়।—বড়, বিপুল, বিশঙ্কট, পৃথু, বৃহৎ, বিশাল, পৃথুল, মহৎ, বিস্তীর্ণ, বিকট, বড়
উরুকাল-উরুকালক, পুং. [উরু+কাল-ক] মহাকাললতা, মাকাল ফলের গাছ।
উরুগায়, পুং. [উরগ+অয়্] শ্রীকৃষ্ণ।
উরুতর, ত্রি; [উরু+তর] অতিবিপুল, অতিমহান্।
উরুতাপ, পুং. [উরু+তাপ] অত্যুত্তাপ, অতিদাহ, অত্যুচ্চ।
উরুত্ব. ন. [উরু+ত্ব] মহত্ত্বপরিমাণ, পরিমিতি; বিশালতা।
উরুমার্গ পুং. [উরু+মার্গ] মহাপথ, মহাবর্ত্ম, রাজমার্গ। [চর।
উরুবাচা, পুং. [অরু+বাচস্] রাক্ষস,নিশা-
উরুরী, ব্য, [উরুর+ঈ] উররী
উরুবুক-উরুবূক, পুং. [অরু+বুক] এরণ্ডবৃক্ষ; রক্তেরণ্ড।
উরুসত্ত্ব, ত্রি. [উরু+সত্ত্ব] মহাত্মা, মহামনস্ক, উদারমতি। [মালা।
উরুহার, পুং. [উরু+হার] উরঃসূত্র, কণ্ঠ-
উরোগামী, ত্রি. [উরস্+গামিন্] বিসর্পি, প্রসারি; (পুং.) উরগ।
উরোগ্রহ, পুং. [উরস্+গ্রহ] বক্ষোগ্রহ, পার্শ্বশূলবিশেষ।
উরোঘাত, পুং. [উরস্+ঘাত] বক্ষঃ বেদনা, বক্ষঃশূল।
উরোজ, পুং. [উরস্+জ] স্তন, পয়োধর।
উরোহর, পুং. [উরস্+হর] অক্ষক্রীড়ক, দ্যূতসেবী। [উৎসৃষ্ট।
উর্জ্জিত, ত্রি. [উর্জ্জ+ইত] বর্দ্ধিত, উন্নত;
উর্ণনাভ,পুং.[উর্ণ+নাভি] মর্কটক,মাকড়সা।
উর্ণা, স্ত্রী. [উর্ণ+আ] মেষাদিলোম; ভ্রূদ্বয়, মধ্যাবর্ত্ত। [উদ্বিড়াল।
উর্দ্র, পুং. [উর্দ্+র] জলাখু, জলমার্জ্জার,
উর্ব্বট, পুং. [উরু+অট] বৎসর।
উর্ব্বরা, স্ত্রী. [উরু+অরা] সর্ব্বশস্যাঢ্যাভূমি; ভূমীমাত্র; সতেজভূমি।
উর্ব্বশী, স্ত্রী. [উরু+অশ্+ঈ] স্বনাম খ্যাত স্বর্গবেশ্যা।

উর্ব্বশীবল্লভ-উর্ব্বশীরমণ, পুং. [উর্ব্বশী+বল্লভ-রমণ] উর্ব্বশীপতি, চন্দ্রবংশীয় রাজাবিশেষ, পুরূরবা, বৌধ, ঐল।
উর্ব্বারু, পুং. [ঋ+অণ্+আলু] ইর্ব্বারু, ফল, কাঁকুড়।
উর্ব্বী, স্ত্রী. [উরু+ঈ] পৃথিবী। [নাগ।
উর্ব্বীধর, পুং. [উর্ব্বী+ধর] পর্ব্বত; শেষ-
উর্ব্বীরুহ, পুং. [উর্ব্বী+রুহ] বৃক্ষ, মহীরুহ।
উর্ষণ, (প্রা) ক্ষরণ, ঝরণ, চোঁওন, গলন।
উলঙ্গ, (প্রা) নগ্ন, বিবস্ত্র, বিবাসা, দিগ্‌বাসা, দিগম্বর, ব্যংশুক, বিকোষ, কাকরুক, ন্যাংট।
উলন, (প্রা) উত্তরণ, নামন।
উলপ, পুং. [উল্+অপ] প্রতানিনীলতা, ত্রপুষী, দ্রাক্ষা, তাম্বূলাদি, তৎপর্য্যায়।—বীরুৎ, গুল্মিনী, বিস্তীর্ণলতা, (ন.) তৃণবিশেষ; উলুখড়।
উলিন্দ, পুং. [উল্+ইন্দ] দেশবিশেষ।
উলু, (প্রা) তৃণবিশেষ।
উলুউলু, (প্রা) স্ত্রীলোকদিগের মঙ্গলধ্বনি।
উলুতপুলুত, (প্রা) চতুর্দ্দিক অন্বেষণ, বহুসন্ধান।
উলুপ, পুং. ন. [উল্+উপ] গুল্মিনী, শাখাপত্র প্রচয়যুক্ত লতা; (পুং.) তৃণবিশেষ, উলুখড়।
উলুপী-উলূপী, পুং. [উলুপ্+ইন্] শিশুক, সিশুমার; তদাকৃতি মৎস্যভেদ; (স্ত্রী.) কৌরব্যনাম নাগকন্যা, অর্জ্জুনপত্নী।
উলূক, ন. [উল্+ঊক] তৃণবিশেষ; উলুখড়, তৎপর্য্যায়।—সূচ্যগ্র, স্থূলক, দর্ভ, জূর্ণাখ্য, খরচ্ছদ, উলপ, উলুপ (পুং.) পেচকপক্ষী, তৎপর্য্যায়।—তামস, ঘূক, দিবান্ধ, কৌশিক, কুশি, নক্তঞ্চর, নিশাট, কাকারি, ঘোর দর্শন; ইন্দ্র; মহাভারতান্তর্গত যোদ্ধাবিশেষ, শকনিপুত্র।
উলূখল-উদূখলক, ন. [উলূ+খল-ক] উদুখল; গুগ্‌গুলু। [স্পিষ্ট।
উলূখলিক, ত্রি. [উলূখল+ইক] চূর্ণিত, নি-
উলত, পুং. [উদ্+ল+ত] অজগরসর্প।
উলূলু, ব্য. [উলূ+লু] জয়ধ্বনি, জয়কোলাহল, হর্ষনাদ, হর্ষস্বন, জয়ঘোষ।
উল্কা, স্ত্রী. [উল্+কা] তেজঃপুঞ্জ; অগ্নিশিখা; অগ্নি; অগ্ন্যুৎপাত; আকাশ হইতে পতিত অগ্নি
উল্কাধারী, ত্রি. [উল্কা+ধারিন্] উল্কাবাহক, মশাল্‌চি।
উল্কাপাত, পুং. [উল্কা+পাত] দিব্যোৎপাত, অগ্ন্যুৎপাত।
উল্কামৎস্য, পুং. [উল্কা+মৎস্য] শিশুমার।
উল্কামুখ, পুং. [উল্কা+মুখ] জ্বালামুখ।
উল্কামুখী, স্ত্রী.[উল্কা+মুখিন্] জন্তুবিশেষ, শৃগাল, শৃগালিকা, লোমালিকা, দীপ্তজিহ্বা, কিখি, খিঙ্খিরা, খিখি, খেঁকশ্যালি।
উল্কি, (প্রা) গোদানি, স্ত্রীলোকদিগের ভাল চিহ্ন; মসী রেখাবিশেষ।
উল্টন, (প্রা) বিপরীতকরণ, উবুড়।
উল্টা, (প্রা) প্রতিকূল, বিরুদ্ধ, বিপরীত।
উল্টাপাল্টা. (প্রা) বিপর্য্যয়, ব্যত্যয়, ফেরফার, গোলমাল।
উল্টাপাল্টাগী, (প্র) অন্যথা করা।
উল্টাবুঝ, (প্রা) বিপরীতবুদ্ধি, ভ্রম, ভুল, কুবুদ্ধি।
উল্টুল, (প্রা) গণ্ডগোল, গোলমাল, এলোমেলো।
উল্‌মুক, ন. [উল্+মুক] অঙ্গার; উল্কা, আকাশীয় অগ্নি।
উল্লকসন, ন. [উৎ+লকষ্+অন] লোমহর্ষণ, পুলকোদ্গম, রোমাঞ্চ। [লগ্ন।
উল্লগ্ন, পুং. [উৎ+লগ্ন] বিষুব রেখান্তর,
উল্লঙ্ঘন, ন. [উৎ+লংঘন] অতিক্রমণ, ব্যতিক্রম, অত্যাচার, বিলঙ্ঘন, উৎক্রম, অত্যয়ভঙ্গ, লোপ, ডিঙ্গান।
উল্লঙ্ঘিত-উল্লঙ্ঘ্য, ত্রি. [উৎ+লংঘিত-লঙ্ঘ্য] অতিক্রান্ত, লংঘিত।
উল্লঙ্ঘিতশাসন, ত্রি.[উল্লঙ্ঘিত+শাসন]বিপরীতকারী, উপদ্রবী, দ্রোহী।
উল্লম্ফ-উল্লম্ফন, ন. [উৎ+লম্ফ্+অন] উৎপ্লবন, উৎক্রমণ, ঝম্ফ, লাফান

উল্লল, ত্রি. [উৎ+লল] বহুরোমযুক্ত,রোমশ; দোলায়মান, সকম্প। [লিত।

উল্ললিত, ত্রি.[উৎ+ললিত] তরলিত, আন্দো-

উল্লস, ত্রি. [উৎ+লস] উজ্জ্বল, তেজোময়; সবিলাস, বিহারী। [শোভা।

উল্লসতা, স্ত্রী. [উল্লস+তা] উজ্জ্বলতা, অতি-

উল্লসনক, ন. [উৎ+লস্+অনক] রোমাঞ্চ।

উল্লসিত, ত্রি. [উৎ+লসিত] উজ্জ্বল, তেজোময়, অতিশোভন; হৃষ্টচিত্ত।

উল্লাঘ, ত্রি. [উৎ+লাঘ] গদান্নির্গত; নীরোগ; শুচি; দক্ষ; কৃষ্ণ; মরীচ, হৃষ্ট, নিষ্পাপ।

উল্লাট্য, ন. [উৎ+লাট্য] নাটকবিশেষ।

উল্লাপ, পুং. [উৎ+লাপ] শোকরোগাদিতে কাতরধ্বনি,বিকৃতশব্দ, কাকুবাক্।

উল্লাস, পুং. [উৎ+লাস] গ্রন্থপরিচ্ছেদ; বৃদ্ধি; আহ্লাদ, হর্ষ, আনন্দ, প্রমোদ; প্রকাশ।

উল্লাসিত, ত্রি. [উৎ+লাসিত] আহ্লাদিত, আনন্দিত, হৃষ্ট, উল্লসিত।

উল্লিখিত, ত্রি. [উৎ+লিখিত] উৎকীর্ণ; তনূকৃত; চিত্রিত; ঊর্দ্ধোলিখিত।

উল্লিঙ্গিত, ত্রি. [উৎ+লিঙ্গিত] বিজ্ঞাত, পরিচ্ছিন্ন, বিশেষিত, পৃথক্কৃত।

উল্লুঞ্চন, ন. [উৎ+লুঞ্চন] অবলুঞ্চন, কেশউৎপাটন।

উল্লুণ্ঠ, পুং. [উৎ+লুণ্ঠ] লুণ্ঠন, কদর্থীকরণ।

উল্লূক, (প্রা) বানরবিশেষ, নীলমর্কট।

উল্লেখ, পুং. [উৎ+লেখ] উচ্চারণ, কথন; প্রসঙ্গ।

উল্লেখন, ন. [উৎ+লেখন] বমন; খনন; উচ্চারণ; লিখন; উত্থান।

উল্লেখিত, ত্রি. [উৎ+লেখিত] প্রস্তাবিত, কথিত, উক্ত। [চাঁদোয়া।

উল্লোচ, পুং. [উৎ+লোচ্] চন্দ্রাতপ, বিতান,

উল্লোল, পুং. [উৎ+লোল] মহাতরঙ্গ, কল্লোল, বড়ঢেউ।

উল্ব, ন. [উল্+ব] জরায়ু; গর্ত্ত।

উল্বণ, ত্রি. [উৎ+ল্বী] ব্যক্ত, স্পষ্ট; (ন.) পিত্তাদি বিকার।

উশৎ, ত্রি. [উশ্+অৎ] অশুভ, অকুশল, অকল্যাণ

উশতী, ত্রি. [উশৎ+ঈ] অকল্যাণ বাক্।

উশনা, পুং. [উশ+নস্] শুক্রাচার্য্য।

উশিক্, পুং. [উশ্+ইজ্] অগ্নি; ঘৃত; (ত্রি) কমনীয়।

উশী, স্ত্রী. [বশ+ঈ] বাঞ্ছা, স্পৃহা, ইচ্ছা

উশীনর, পুং. [উশী+নর] দেশভেদ, গান্ধার; চন্দ্রবংশোদ্ভব রাজাবিশেষ,শিবিরাজার পিতা

উশীর-উশীরক, পুং ন. [উশ+ঈর+ক] বীরণমূল, বেনারমূল, খশ্, তৎপর্য্যায় অভয়, নলদ, সেব্য, অমৃণাল, জলাশয়, লামজ্জক, লঘুলয়, অবদাহ, ইষ্টকাপথ, উষীর, মৃণাল, লঘু, লয়, অবদান, অবদাহেষ্টকাপথ, ইন্দ্রগুপ্ত, জলবাস, হরিপ্রিয়, বীর, বীরণ, সমগন্ধিক, রণপ্রিয়, বীরতরু, শিশির, শীতমূলক, বিতানমূলক, জলমেদ, সুগন্ধিক, সুগন্ধিমূলক, কম্বু।

উশীরী, স্ত্রী. [উশীর+ঈ] লঘুকাশ, ছোটকাশ্ঠা, তৎপর্য্যায়—মিষি, গুড়া, অশ্মাল, নীরজ, শর।

উষ, ন.[উষ্+অ] পাংশুজলবণ; (পুং)কামী; গুগ্গুলু; রাত্রিশেষ ; ক্ষারমৃত্তিকা।

উষঃ, ন. [উষ্+অস্] প্রত্যূষ।

উষণ, ন. [উষ্+অন] মরিচ; পিপ্পলীমূল।

উষণা, স্ত্রী. [উষণ+আ] পিপ্পলী; শুণ্ঠী চবিক।

উষৎ, ত্রি. [উষ্+অৎ] অমঙ্গলজনক, অনিষ্টসূচক, অকুশল, অমঙ্গলা

উষতী, স্ত্রী. [উষৎ+ঈ] অকল্যাণবাক্, অমঙ্গল কথা

উষপ, পুং. [উষ্+প] সূর্য্য, দিবাকর; অগ্নি। [রাংচিতা।

উষর্বুধ, পুং. [উষস্+বুধ] অগ্নি; রক্তচিত্রক.

উষসী, স্ত্রী. [উষস্+ঈ] সূর্য্যোদয়ের পূর্ব্ব এবং সন্ধ্যাকাল.

উষস্য, ত্রি. [উষস+য] প্রভাতীয়, প্রাতঃকালীন, প্রভাত।

উষা, স্ত্রী. [উষ্+আ] বাণরাজসুতা, অনিরুদ্ধ ভার্য্যা; রাত্রি; স্ত্রীগবী; উখা; স্থালি; (ব্য.) রাত্রিশেষ, রাত্র্যবসান।

উষাকল, পুং. [উষা+কল] কুক্কুট, কুঁকড়া।

উষাকাল, পুং. [উষা+কাল] প্রত্যুষকাল, প্রভাতকাল, প্রাতঃকাল।

উষাপতি, পুং. [উষা+পতি] অনিরুদ্ধ, কামদেব পুত্র।

উষারমণ, পুং. [উষা+রমণ] অনিরুদ্ধ

উষিত, ত্রি. [উষ্+ইত] ব্যুষিত, পর্য্যুষিত, দগ্ধ; ত্বরিত; স্থিত; অধ্যুষিত, আশ্রিত।

উষিতঙ্গবীন, ত্রি. [উষিতম্+গবীন] আশিতঙ্গবীন, গবাদির পূর্ব্ববাসস্থান।

উষিতা, ত্রি. [উষিত+আ] নিবসিত, অবস্থিত।

উষিপিষি, (প্রা) ব্যস্ততা, চঞ্চলতা।

উষীর, পুং. ন. [বশ+ঈর] উশীর, বীরণমূল, খশ্‌খশে।

উষেশ, পুং. [উষা+ঈশ] অনিরুদ্ধ।

উষ্য, ত্রি. [উষ+য] পক্ক, সিদ্ধ।

উষ্কণ-উষ্কাণ, (প্রা) উজ্জ্বলকরণ, প্রদীপ্তকরণ।

উষ্ট্র, পুং. [উষ্+ত্র] বাহরথ; পশুবিশেষ, উট, তৎপর্য্যায়।—অধ্বগ, অরণ্যপোত, করভ, কণ্টকভুক, কণ্টকাশন, ক্রমেল, ক্রমেলক, কেলিকীর্ণ, কুলনাশ, কুশনাহ, কুশনামা, কুবাহুল, খর, গ্রীবী, জবী, জাঙ্ঘিক, দাসের, দাসেরক, দীর্ঘ, দীর্ঘগতি, দীর্ঘগ্রীব, দীর্ঘঘাটিকা, দীর্ঘজঙ্ঘ, দ্বিককুদ, দুর্গলঙ্ঘন, ধূম্রক, ধূসর, বক্রগ্রীব, বণিগ্বহ, বলী, বলিষ্ঠ, বহুকর, বাসন্ত, ভূতঘ্ন, ভোলি, ময়, মরুদ্বিপ, মরুপ্রিয়, মহাগ্রীব, মহাজঙ্ঘ, মহাঙ্গ, মহান্, মহানাদ, মহাধ্বগ, মহাপৃষ্ঠ, রবণ, ললজিহ্ব, লম্বোষ্ঠ, শরভ, শলাভোলি, শৃঙ্খলক, স্থূলী।

উষ্ট্রকাণ্ডী, স্ত্রী. [উষ্ট্র+কাণ্ডী] পুষ্পজাতিভেদ, রক্তপুষ্পী, করভকাণ্ডিকা, রক্তা, লোহিতপুষ্পী; কর্ণপুষ্পী, উঁটাটী।

উষ্ট্রকোশী, ত্রি. [উষ্ট্র+কোশিন্] উষ্ট্রের ন্যায় ধ্বনি।

উষ্ট্রগোযুগ, ন. [উষ্ট্র+গোযুগ] উষ্ট্রদ্বয়।

উষ্ট্রগ্রীব, পুং. [উষ্ট্র+গ্রীব] অর্শরোগ

উষ্ট্রধূসরপুচ্ছিকা, স্ত্রী. [উষ্ট্র+ধূসর+পুচ্ছিকা] বৃক্ষবিশেষ, বিচিটিগাছ।

উষ্ট্রপাদিকা, স্ত্রী. [উষ্ট্র+পাদিকা] বৃক্ষবিশেষ, মদনমালীবৃক্ষ, শীতভীরু, ভদ্রবল্লী, ভূমিমত্তা।

উষ্ট্রযান, ন. [উষ্ট্র+যান] উষ্ট্রশিবিকা।

উষ্ট্রশিরোধর, ন. [উষ্ট্র+শিরোধর] ভগন্দর রোগবিশেষ; অর্শরোগ।

উষ্ট্রিকা, স্ত্রী. [উষ্ট্র+ইকা] মৃত্তিকা ভাণ্ডভেদ; উষ্ট্রভার্য্যা; বৃশ্চিকালীবৃক্ষ।

উষ্ট্রী, স্ত্রী. [উষ্ট্র+ঈ] মৃত্তিকা ভাণ্ডভেদ; উষ্ট্রস্ত্রী

উষ্ণ, পুং. [উষ্+ন] গ্রীষ্মঋতু, গ্রীষ্ম, উষ্মক, নিদাঘ, উষ্ণোপগম, উষ্ণাগম, তপ; আতপ; পলাণ্ডু; (ত্রি.) নিরালস্য ব্যক্তি, দক্ষ, চতুর, পেশল, পটু, সুথান; অশীত; উগ্র।

উষ্ণক, পুং. [উষ্ণ+ক] গ্রীষ্মকাল, নিদাঘ সময়; চংক্রমাদি; (ত্রি.) ক্ষিপ্রকারী; আতুর; প্রণত।

উষ্ণতা, স্ত্রী. [উষ্ণ+তা] উত্তাপ, চণ্ডতা।

উষ্ণনদী, স্ত্রী. [উষ্ণ+নদী] বৈতরণীনদী।

উষ্ণরশ্মি, পুং. [উষ্ণ+রশ্মি] সূর্য্য; অর্কবৃক্ষ।

উষ্ণবারণ, পুং. ন. [উষ্ণ+বারণ] ছত্র; জল; বায়ু।

উষ্ণবাষ্প, পুং. [উষ্ণ+বাষ্প] স্বেদ।

উষ্ণবীর্য্য, পুং. [উষ্ণ+বীর্য্য] শিশুমার; তীক্ষ্ণতেজোযুক্ত দ্রব্যাদি, উগ্র, রুক্ষ।

উষ্ণা, স্ত্রী. [উষ্ণ+আ] ক্ষয়ব্যাধি; সন্তাপ; পিত্ত। (প্রা) সিদ্ধধান্য।

উষ্ণাংশু, পুং. [উষ্ণ+অংশু] সূর্য্য।

উষ্ণাগম, পুং. [উষ্ণ+আগম] গ্রীষ্মকালাগম, নিদাঘসময়াগম।

উষ্ণাভিগম, পুং. [উষ্ণ+অভিগম] আগত গ্রীষ্মঋতু, নিদাঘসময়।

উষ্ণালু, ত্রি. [উষ্ণ+আলু] উত্তপ্ত, সন্তপ্ত।

উষ্ণাসহ, পুং. [উষ্ণ+অসহ] হেমন্তঋতু।

উষ্ণিক্, স্ত্রী. [উৎ+স্নিহ্] সপ্তাক্ষরছন্দঃ।

উষ্ণিকা, স্ত্রী. [উষ্ণিক+আ] যবাগু, যবমণ্ড, যাউ

উষ্ণিত, ত্রি. [উষ্ণ+ইত] কোপিত, ক্রুদ্ধ।
উষ্ণীষ, পুং. ন. [উষ্ণ+ঈষ] শিরোবেষ্ট, পাগড়ি।
উষ্ণোদক, ন. [উষ্ণ+উদক] তপ্তজল।
উষ্ণোপগম, পুং. [উষ্ণ+উপগম] গ্রীষ্মকাল।
উষ্ম, পুং. [উষ্+ম] গ্রীষ্মকাল; বসন্তকাল; উষ্ণ; ক্রোধ।
উষ্মক, পুং. [উষ্ম+ক] গ্রীষ্মঋতু।
উষ্মপা, পুং. [উষ্ম+পা] অপদেবতা; পিতৃলোকবিশেষ।
উষ্মভা, পুং. [উষ্ম+ভা] সূর্য্য।
উষ্মস্বেদ, পুং. [উষ্ম+স্বেদ] উত্তপ্তজলে [স্নান।
উষ্মা, পুং. [উষ্+মন্] গ্রীষ্মকাল; উত্তাপ।
উষ্মাগম, পুং. [উষ্ম+আগম] গ্রীষ্মকাল।
উস্র, পুং. [উস্+র] বৃষ; রশ্মি।
উস্রা, স্ত্রী. [উস্র+আ] অর্জ্জুনী, গাই; উপচিত্রা, ইন্দুরবরণী।
উস্রধন্বা, পুং. [উস্র+ধন্বন্] ইন্দ্র।
উহাড়, (প্রা) অসিকোষ, খাপ; আচ্ছাদন, [ওয়াড়।
উহান, পুং. দেশবিশেষ
উক্ষ, ত্রি. [উক্ষ্+অ] সিক্ত, ধৌত।
উক্ষতর, পুং. [উক্ষ+তর] মহাবৃষ
উক্ষা, পুং. [উক্ষ্+অন্] বৃষ; ঋষভৌষধি।
উক্ষাল, ত্রি. [উক্ষ+আল] দ্রুত; উচ্চ; মহৎ; আধিক্য; (পুং) বানর।
উক্ষিত, ত্রি. [উক্ষ+ইত] সিক্ত, অভিষিক্ত।

উ উকার, ষষ্ঠস্বরবর্ণ, ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ, এতদ্বর্ণ দীর্ঘ ও প্লুতোচ্চারিত হয়, অস্যনাম, যথা।—কণ্ঠক; রতি; শান্তি; ক্রোধন; মধুসূদন; কামরাজ; কুজেশ; মহেশ; বামকর্ণ; অর্ঘীশ; ভৈরব; সূক্ষ্ম; দীর্ঘঘোণা; সরস্বতী; বিলাসিনী; বিঘ্নকর্ত্তা; লক্ষ্মণ; রূপকর্ষিণী; মহাবিদ্যেশ্বরী; ষষ্ঠা; ষণ্ডোভু; কান্যকুব্জক। [চন্দ্র।
উঃ, ব্য. বাক্যারম্ভ; রক্ষা; (পুং.) মহেশ্বর;
উঁধ, (প্রা) উচ্চ, ঊর্দ্ধ, উন্নত।
উঁধার, (প্রা) উচ্চ, ঊর্দ্ধ, উন্নত।

ঊকার, পুং. [ঊ+কার] ঊ বর্ণ
ঊখ, (প্রা) ইক্ষু।
ঊখলি, (প্রা) উদুখল।
ঊখা, (প্রা) কটাহ, কড়াই।
ঊঢ়, ত্রি. [বহ্+ত] বিবাহিত, পরিণীত; কৃত [বহন।
ঊঢ়কঙ্কট, ত্রি. [ঊঢ়+কঙ্কট] কবচধারী, সন্নদ্ধ, বর্ম্মিত, সজ্জ, দংশিত।
ঊঢ়া, স্ত্রী. [ঊঢ়+আ] ভার্য্যা, পরিণীতা, বিবাহিতা স্ত্রী, নববধূ।
ঊত, ত্রি. [বে+ত] তন্তুসন্তত, স্যূত, উত, বোনাকাপড়
ঊতি, স্ত্রী. [বে+তি] রক্ষণ; স্যূতি, বোনা, সেলাই; ক্ষারণ; জবন, লীলা।
ঊধঃ, ন. [ঊধস্] আপীন, গাইরপালান
ঊধন্য, ত্রি. [ঊধন্+য] দুগ্ধ, পয়।
ঊধস্য, ন. [ঊধস্+য] দুগ্ধ, ক্ষীর, পয়।
ঊন, ত্রি. [ঊন্+অ] হীন, ম্লান, অল্প, কনীয়ান্, সূক্ষ্মতর।
ঊনবিংশ, ত্রি. [ঊন+বিংশ] ঊনবিংশতির পূরণ।
ঊনবিংশতি, স্ত্রী. [ঊন+বিংশতি] একোন বিংশতি, ঊনিশ
ঊনবুকা, (প্রা) অসাহসী, ভগ্নহৃদয়, ভীত।
ঊবু, (প্রা) উন্নত, উচ্চ, ঊর্দ্ধ।
ঊম্, ব্য. রোষোক্তি; নিন্দা; স্পর্দ্ধা; স্পৃহা।
ঊম, ন. দেশবিশেষ।
ঊয়ী-ঊয়ীপোকা. (প্রা) কীটবিশেষ, বল্মীককীট, পুত্তিকা, উইপোকা।
ঊরব্য, পুং. [ঊরু+য] বৈশ্য, তৃতীয়বর্ণ।
ঊররী, ব্য. [ঊরর্+ঈ] বিস্তার; অঙ্গীকার, প্রতিশ্রুত, স্বীকার।
ঊরী, ব্য. বিস্তার; অঙ্গীকার।
ঊরীকৃত, ত্রি. [ঊরী+কৃত] অঙ্গীকৃত, স্বীকৃত বিস্তৃত
ঊরু, পুং. [ঊর্+উ] জানুপরিভাগ, সক্থি, জংঘা, জাংঘনী, ভষৎ, উরুৎ।
ঊরুগ্লানি, স্ত্রী. [ঊরু+গ্লানি] কৃশোরু।
ঊরুজ, পুং. [ঊরু+জ] বৈশ্য।
ঊরুদঘ্ন, ত্রি. [ঊরু+দঘ্ন] জানুদঘ্ন, জানুমাত্র, জানুদ্বয়; হাঁটুপর্য্যন্ত।

ঊরুপর্ব্ব-ঊরুসন্ধি, ন. [ঊরু+পর্ব্ব] জানুসন্ধি, জঙ্ঘোরুপর্ব্ব, কুর্পর।
ঊরুপর্ব্বা, ন. [ঊরু+পর্ব্বন্] জানু, হাঁটু।
ঊরুরী, ব্য. বিস্তার; অঙ্গীকার, স্বীকার।
ঊরুস্তম্ভ, পুং. [ঊরু + স্তম্ভ] রোগবিশেষ, জঙ্ঘোপরি উৎপন্ন বৃহৎস্ফোটক।
ঊরুস্তম্ভা, স্ত্রী. [ঊরু+স্তম্ভা] কদলীবৃক্ষ।
ঊর্জ্জ, পুং. [ঊর্জ্জ+অ] কার্ত্তিকমাস; উৎসাহ বল; প্রাণন; কার্ত্তিকনাম সম্বৎসর, (ন.) জল।
ঊর্জ্জস্বল-ঊর্জ্জস্বান্, ত্রি. [ঊর্জ্জস্+বল-বৎ] অতিশয় বলবান্, মহাবল, প্রবল, বলী।
ঊর্জ্জস্বী, ত্রি. [ঊর্জ্জস্+বিন্] অতিশয় বলবান্, মহাবলপরাক্রম, বলিষ্ঠ, তেজস্বী; (ন.) অলঙ্কারবিশেষ।
ঊর্জ্জিত, ত্রি. ঊর্জ্জ+ইত] প্রভাবী, মহাশক্তি, মহাবিক্রম।
ঊর্জ্জিতাশ্রয়, ত্রি. [ঊর্জ্জিত+আশ্রয়] তেজস্বান্, বীর্য্যবান্।
ঊর্ণনাভ-ঊর্ণনাভি, পুং. [ঊর্ণ+নাভি] কীটবিশেষ, লূতা, তন্তুবায়, মর্কটক, মর্কক, অষ্টাপদ, জালকারক, মাকড়সা, জলী।
ঊর্ণনাভজাল, পুং. [ঊর্ণনাভ+জাল] মর্কটবাস, আশাবন্ধ, মাকড়সারজাল।
ঊর্ণা, স্ত্রী. [ঊর্ণ+আ] মেষাদিরলোম, অবিলোম, পশম; জলের আবর্ত্ত; ভ্রূমধ্য।
ঊর্ণামর, ত্রি. [ঊর্ণা+ময়] মেষলোমময়, ঔর্ণ।
ঊর্ণায়ু, পুং. [ঊর্ণ+আয়ুস্] মেষলোম কম্বল; মেষ; ঊর্ণনাভ; ক্ষণভঙ্গ।
ঊর্ণূত, ত্রি. [ঊর্ণ+উত] আচ্ছাদিত, আবৃত।
ঊর্ণূবাণ, ত্রি. [ঊর্ণূ+বাণ] আচ্ছাদন।
ঊর্দ্দর, পুং. [উর্+দর] শূর, বীর; রাক্ষস।
ঊর্দ্দু, (যাং) রাজসৈন্য সম্বন্ধীয়।
ঊর্দ্ধ-ঊর্দ্ধ, ত্রি. [উর্+দ্ধ+অ] উচ্ছ্রিত; উপরি; তুঙ্গ; উপরিষ্টাৎ, (পুং) দণ্ডবৎ স্থিত
ঊর্দ্ধক-ঊর্দ্ধক, পুং. [ঊর্দ্ধ+ক] মৃদঙ্গবিশেষ।
ঊর্দ্ধকণ্টী, স্ত্রী. [ঊর্দ্ধ+কণ্টী] মহাশতাবরী।
ঊর্দ্ধকায়, পুং. [ঊর্দ্ধ+কায়] উচ্চদেহ, দীর্ঘতনু। [উচ্চগতি।
ঊর্দ্ধগ-ঊর্দ্ধগত, ত্রি.[ঊর্দ্ধ+গ-ত] উচ্চগামী,
ঊর্দ্ধগতি, স্ত্রী. [ঊর্দ্ধ+গতি] আরোহণ, উদ্গম, সমুদ্গম, সমুত্থান।
ঊর্দ্ধগপুর, ন. [ঊর্দ্ধগ+পুর] রাজা হরিশ্চন্দ্রের নগর।
ঊর্দ্ধগম, পুং. [ঊর্দ্ধ+গম] ঊর্দ্ধগত, ঊর্দ্ধগ, উপরিগত। [উত্তান।
ঊর্দ্ধচরণ, ত্রি. [ঊর্দ্ধ+চরণ] উত্তানশায়ী,
ঊর্দ্ধজানু, ত্রি. [ঊর্দ্ধ+জানু] উপরিভাগে স্থূল জানুক, ঊর্দ্ধজ্ঞু।
ঊর্দ্ধজ্ঞ-ঊর্দ্ধজ্ঞু, ত্রি. [ঊর্দ্ধ+জ্ঞ] ঊর্দ্ধজানু।
ঊর্দ্ধত্ব, ন. [ঊর্দ্ধ+ত্ব] উচ্চত্ব, তুঙ্গতা, উচ্ছ্রিতি।
ঊর্দ্ধদৃষ্টি, ত্রি. [ঊর্দ্ধ+দৃষ্টি] উন্মুখ।
ঊর্দ্ধদেব, পুং. [ঊর্দ্ধ+দেব] বিষ্ণু।
ঊর্দ্ধন্দম, ত্রি. [ঊর্দ্ধন্+দম] ঊর্দ্ধস্থ, ঊর্দ্ধঙ্গম, উন্নত।
ঊর্দ্ধপাতন, ন. [ঊর্দ্ধ+পাতন] ঊর্দ্ধকরণ, উচ্চীকরণ। [ভাণ্ড।
ঊর্দ্ধপাত্র, ন. [ঊর্দ্ধ+পাত্র] যজ্ঞপাত্র, পূজা-
ঊর্দ্ধপাদ, পুং. [ঊর্দ্ধ+পাদ] অষ্টপদ জন্তুবিশেষ, শরভ; (ত্রি.) ঊর্দ্ধচরণ।
ঊর্দ্ধপুণ্ড্র, পুং. [ঊর্দ্ধ+পুণ্ড্র] তিলকবিশেষ।
ঊর্দ্ধবর্ত্ম, ন. [ঊর্দ্ধ+বর্ত্মন্] আকাশ, নভ।
ঊর্দ্ধবাহু, ত্রি. [ঊর্দ্ধ+বাহু] উন্নতহস্ত সন্ন্যাসী।
ঊর্দ্ধবায়ু, পুং. [ঊর্দ্ধ+বায়ু] বায়ুরোগবিশেষ।
ঊর্দ্ধবৃত, ত্রি. [ঊর্দ্ধ+বৃত] শিরোপরি।
ঊর্দ্ধরেতা, পুং. [ঊর্দ্ধ+রেতস্] শিব; ভীষ্ম; মুনিবিশেষ, যথা।—সনক, সনন্দ, সনাতন, সনৎকুমার প্রভৃতি।
ঊর্দ্ধলিঙ্গ, পুং. [ঊর্দ্ধ+লিঙ্গ] মহাদেব।
ঊর্দ্ধলোক, পুং. [ঊর্দ্ধ+লোক] স্বর্গ, সুরলোক। [ছর্দ্দন।
ঊর্দ্ধশোধন, ন. [ঊর্দ্ধ+শোধন] বমথু, বমন,
ঊর্দ্ধশ্বাস, পুং. [ঊর্দ্ধ+শ্বাস] বায়ুরেচন; (ত্রি.) শ্বাসরোগী। [নভস্থ।
ঊর্দ্ধস্থ, ত্রি. [ঊর্দ্ধ+স্থ] উপরিস্থিত, ঊর্দ্ধন্দম,
ঊর্দ্ধস্থিতি, স্ত্রী. [ঊর্দ্ধ+স্থিতি] ঊর্দ্ধাবর্ত্ত, ঘোটকের পৃষ্ঠস্থান, পুরুষক; উপরিস্থিতি, উপরিস্থান, প্রধানত, আধিক্য।
ঊর্দ্ধাসিত, পুং. [ঊর্দ্ধ+আসিত] কারবেল্ল, করলা।

ঊর্দ্ধার্দ্ধ, ত্রি. [ঊর্দ্ধ+অর্দ্ধ] তুঙ্গ, উপরি, উচ্ছৃত।
ঊর্ব্বরা-উর্ব্বরা, স্ত্রী. [উরু+ঋ+আ] সর্ব্ব-শস্যাঢ্যাভূমি, শস্যশালিনী, ফলবতী।
ঊর্ব্বষ্ঠীবৎ, ন. [উরু+অষ্ঠীবৎ] জানু, এবং জঙ্ঘা। [বেশ্যাবিশেষ।
ঊর্ব্বশী-উর্ব্বসী, স্ত্রী. [উরু+বস+ঈ] স্বর্গ-
ঊর্ব্বস্থি, পুং. [উরু+অস্থি] জঙ্ঘাস্থি, উরু-স্থলের হাড়।
ঊর্ব্ব্যাঙ্গ, ন. [উর্ব্বী+অঙ্গ] গোময়চ্ছত্রিকা, দিলীর, শিলীন্ধ্রক, বশারোহ, গোলাস, ছত্রক, কোঁড়কছাতা।
ঊর্ম্মি, পুং. স্ত্রী. [ঋ+মি] তরঙ্গ; প্রকাশ; বেগ; ভঙ্গ; বস্ত্রসঙ্কোচরেখা; বেদনা; পীড়া; উৎকণ্ঠা।
ঊর্ম্মিকা, স্ত্রী. [ঊর্ম্মিক+আ] উৎকণ্ঠা; ভৃঙ্গ নাদ; বস্ত্রভঙ্গ; অঙ্গুলীয়ক; তরঙ্গ, বীচি।
ঊর্ম্মিমতী, স্ত্রী. [ঊর্ম্মি+মৎ+ঈ] উচ্চনীচত্ব, উৎসর্পণ।
ঊর্ম্মিমান্, ত্রি. [ঊর্ম্মি+মৎ] বক্র, তরঙ্গিত, উন্নতানত, ভঙ্গুর, বন্ধুরচল, তরলায়িত, ঢেউখেলানীয়া; তরঙ্গযুক্ত।
ঊর্ম্মিমালী, পুং. [ঊর্ম্মি+মালিন্] সমুদ্র।
ঊর্ম্মিলা, স্ত্রী. [ঊর্ম্মিল+আ] লক্ষ্মণের পত্নী।
ঊর্ষা, স্ত্রী. [উ+ঋষ+আ] দেবতাড়কতৃণ।
ঊলক, পুং. [উল+উক] পেঁচক, বায়সা-রাতি, দিবান্ধ, দিবাভীত, ঘূক, নিশাট, নক্তঞ্চর, কাকভীরু, রক্তনাসিক।
ঊলপী, পুং. [উলূপ+ইন্] উলূপী, শিশু-মার; শুশুক। [প্রভাত।
ঊষ, পুং. [উষ্+অ] ক্ষারমৃত্তিকা; (ন.)
ঊষক, ন. [উষ্+অক] প্রত্যূষ, রাত্রিশেষ।
ঊষণ, ন. [উষ্+অন] মরিচ।
ঊষণা, স্ত্রী. [ঊষণ+আ] ঊষণা, পিপ্পলী।
ঊষর-ঊষবান্, ত্রি. [ঊষ+র-বৎ] ক্ষারভূমি, ঊষবান্, ঊষরভূমি, লোণাজায়গা।
ঊষরজ, ন. [ঊষর+জ] পাংশবলবণ; রোমকনাম অয়স্কান্ত মণিভেদ।
ঊষা, স্ত্রী. [উষ্+আ] অনিরুদ্ধভার্য্যা; প্র-ত্যূষ, প্রাতঃকাল, দিনারম্ভ।
ঊহ, ত্রি. ন. [ঊহ+অ] বিতর্ক, অধ্যাহার, তর্ক, বিতর্ক, ব্যূহ, বিতর্কণ, অধ্যাহরণ, ঊহন, প্রতর্ক, বিচার, অপহ, ন্যায়, অনুমান, অর্থাপত্তি; অপূর্ব্বোৎপ্রেক্ষণ, অমিলার্থক পদকে ত্যাগ করণপূর্ব্বক একত্র মিলিতার্থক পদ সমাভ্যাহার করণ, আকাঙ্ক্ষ বাক্যের পদান্তরের সহিত আকাঙ্ক্ষাপূরণ।
ঊহনী, স্ত্রী. [ঊহন+ঈ] সংমার্জ্জনী, ঝাঁটা।
ঊহাপোহ, পুং. [ঊহ+আপোহ] বিতর্ক, অধ্যাহার।
ঊহিণী, স্ত্রী. [ঊহ+ইন্+ঈ] রাশি, সমাহার।
ঊহিত, ত্রি. [ঊহ+ইত] তর্কসিদ্ধ, অনুমিত।
ঊহী, ত্রি. [ঊহ+ইন্] ঊহ, বিতর্ক।
ঊহ্য, ত্রি. [ঊহ+য] অধ্যাহার্য্য, আনুষঙ্গিক।

ঋ

ঋকার সপ্তম স্বরবর্ণ, ইহার উচ্চারণ মূর্দ্ধ-দেশ হইতে হয়, এই বর্ণ হ্রস্ব দীর্ঘ এবং প্লুতোচ্চার্য্যমান, তস্য নাম যথা।—পুঃ; দীর্ঘমুখী; রুদ্র; দেবমাতা; ত্রিবিক্রম; ভাবভূতি; ক্রিয়া; ক্রূরা; রেচিকা; নাশিকা; ধৃত; একপাদ; শিরোমালা; মণ্ডলা; শান্তিনী; জল; কর্ণ; কামলতা; মেধো; নিবৃত্তি; গণনায়ক; রোহিণী; শিবদূতী; পূর্ণগিরি; সপ্তমী।
ঋ, ব্য. গর্হণ; বাক্য; (স্ত্রী.) দেবমাতা; পরি-হাস; বাক্যবিকার। [বিশেষ।
ঋক্, স্ত্রী. [ঋচ্+অ] প্রথম বেদ; বেদমন্ত্র-
ঋক্থ, ন. [ঋক্+থ] ধন, সম্পত্তি, বিত্ত; স্বর্ণ।
ঋক্থগ্রহণ-ঋক্থগ্রাহ, ন. ত্রি. [ঋক্থ+গ্রহণ-গ্রাহ] সম্পত্তিগ্রহণ, ধনপ্রাপণ।
ঋক্থজাত, ত্রি. [ঋক্থ+জাত] রাশিকৃত, বর্দ্ধিত, সঞ্চিত।
ঋক্থভাগ, পুং. [ঋক্থ+ভাগ] ধনবিভাগ; অংশ। [গ্রাহী।
ঋক্থভাগী, ত্রি. [ঋক্থ+ভাগিন্] অংশ-
ঋক্থহর, ত্রি. [ঋক্থ+হর] ধনাধিকারী, উত্তরাধিকারী।

ঋকৃথহারী, ত্রি. [ঋকৃথ+হারিন্] উত্তরাধিকারী, অংশহারী।
ঋক্‌শত, ন. [ঋচ্+শত] শতসূত্র।
ঋক্‌সংহিতা, স্ত্রী. [ঋচ্+সংহিতা] ঋগ্বেদের প্রার্থনা সমুচ্চয়।
ঋগ্বেদ, পুং. [ঋচ্+বেদ] প্রথমবেদ।
ঋগ্বেদবিদ্, পুং. [ঋগ্বেদ+বিদ্] ঋগ্বেদজ্ঞ।
ঋচীষ, ন. [ঋজ+ঈষ] পিষ্টকভর্জ্জন পাত্র, কটাহ; (পুং.) নরকবিশেষ।
ঋচ্ছরা, স্ত্রী. [ঋচ্ছ+অরা] বেশ্যা, বারনারী, বারাঙ্গনা, কুলটা।
ঋজীক, পুং. [ঋজ+ঈক] ইন্দ্র; ধূম।
ঋজীষ, ন. [ঋজ+ঈষ] পিষ্টকভর্জ্জনপাত্র; নরকবিশেষ।
ঋজু-ঋজুক, ত্রি. [ঋজ্+উ-ক]অবক্র, অজিহ্ম, প্রগুণ, সরল, সোজা।
ঋজুকায়, পুং. [ঋজু+কায়] কশ্যপমুনি; (ত্রি.) অবক্রশরীর।   [ক্রতা।
ঋজুতা, [ঋজু+তা] সারল্য, আর্জ্জব, অব-
ঋজূকরণ, ন. [ঋজূ+করণ] সরলতা।
ঋজূকৃত, ত্রি. [ঋজূ+কৃত] সরলীকৃত, সমীকৃত।
ঋজ্র, পুং. [ঋজ্+র] নায়ক, পথদর্শক।
ঋঞ্জসান, পুং. [ঋঞ্জ+সান] মেঘ।
ঋজ্বায়ত, ত্রি. [ঋজু+আয়ত] সমুন্নত, ঋজু।
ঋণ, ন. [ঋ+ন] পর্য্যুদঞ্চন, উদ্ধার, প্রামিত্য, প্রাণীত, অপমিত্যক, ধার, ধারণা, দেনা, দায়, কর্জ্জ; দুর্গ; ক্ষয়।
ঋণকর্ত্তা, ত্রি. [ঋণ+কর্তৃ] ঋণী, ঋণগ্রস্ত, ঋণবান
ঋণগ্রস্ত, ত্রি. [ঋণ+গ্রস্ত] কৃতর্ণ, ঋণবদ্ধ।
ঋণগ্রহ-ঋণগ্রহণ, পুং. ন. [ঋণ+গ্রহণ] ঋণযাচনা।
ঋণগ্রাহী, ত্রি. [ঋণ+গ্রাহিন্] ঋণগ্রহণকর্ত্তা, যাচক, প্রার্থক।
ঋণদাতা, ত্রি. [ঋণ+দাতৃ] উত্তমর্ণ, ঋণদায়ক, মহাজন।   [কর্জ্জদেওয়া।
ঋণদান, ন. [ঋণ+দান] ধারদেওন, ধনার্পণ,
ঋণদায়ক, পুং. [ঋণ+দায়ক] ঋণদাতা,মহাজন, উত্তমর্ণ সাধু।
ঋণবান্, ত্রি. [ঋণ+বৎ] ঋণগ্রাহী, খাতক।
ঋণবিশেষ, ত্রি. [ঋণ+বিশেষ] ঋণগ্রস্ত, অধমর্ণ, ধারুয়া।
ঋণমৎকুণ-ঋণমার্গণ, পুং. [ঋণ+মৎকুণ+মার্গণ] মগ্নক, প্রতিভূ, জামিন।
ঋণময়, ত্রি.[ঋণ+ময়] ঋণস্বরূপ,ধারেব্যাপ্ত।
ঋণমুক্তি-ঋণমোক্ষ, স্ত্রী. পুং. [ঋণ+মুক্তি] ঋণপরিশোধন, বিগণন।
ঋণশোধন, ন. [ঋণ+শোধন] আনৃণ্য।
ঋণাদান, ন. [ঋণ+আদান] ঋণোদ্গ্রহণ, ঋণির নিকট মহাজন কর্তৃক লাভের সহিত ধনগ্রহণ, সুদশুদ্ধ টাকা লওন; অষ্টাদশ বিবাদের অন্তর্গত আদ্যবিবাদ; ধার দেওন।
ঋণান্তক, পুং. [ঋণ+অন্তক] মঙ্গলগ্রহ।
ঋণাপনয়ন, ন. [ঋণ+অপনয়ন] ধারশোধন, ঋণশোধন।
ঋণাপনোদন, ন. [ঋণ+অপনোদন] ঋণপরিশোধকরণ।
ঋণাপকরণ, ন. [ঋণ+অপকরণ] ঋণপরিশোধকরণ, ঋণমোক্ষ।   [ধারক।
ঋণিক, পুং. [ঋণ+ইক] অধমর্ণ, ঋণকর্ত্তা,
ঋণী, ত্রি. [ঋণ+ইন্] ঋণগ্রস্ত,অধমর্ণ, ধারী।
ঋণোদ্গ্রহণ, ন. [ঋণ+উদ্গ্রহণ] ঋণদান।
ঋত, ন. [ঋ+ত] উঞ্ছশীল; জল; সত্য; (ত্রি.) দীপ্ত; পূজিত।
ঋতজিৎ, পুং. [ঋত+জিৎ] যক্ষবিশেষ।
ঋতধামা, পুং. [ঋত+ধামন্]বিষ্ণু, নারায়ণ।
ঋতব্য, ত্রি. [ঋত+ব্য] ঋতুদ্ভব, ঋতুজাত।
ঋতানৃত, ত্রি. [ঋত+অনৃত] সদসৎ।
ঋতি, স্ত্রী. [ঋত+ই] কল্যাণ; বর্ত্ম; জুগুপ্সা; স্পর্দ্ধা; গমন; অশুভ।
ঋতিঙ্কর, ত্রি. [ঋতিম্+কর] শুভঙ্কর, ক্ষেমঙ্কর, কল্যাণ।   [অর্ত্তন, ত্রিণীয়া।
ঋতীয়া, স্ত্রী. [ঋত+ঈয়া] ঘৃণার্থক, জুগুপ্সা,
ঋতু,পুং.[ঋ+তু] ষড়্‌বিধ কালবিশেষ, যথা। বসন্ত, গ্রীষ্ম, বর্ষা, শরদ্, হেমন্ত,শিশির; স্ত্রীকুসুম, স্ত্রীরজ, পুষ্প, আর্ত্তব, কুসুম, যোনিরঞ্জন, স্ত্রীধর্ম্ম, কলা, যোনিমল; দীপ্তি; মাস; সুবীর।

ঋতুকাল, পুং. [ঋতু+কাল] কালবিশেষ; রজঃকাল।
ঋতুগণ, পুং. [ঋতু+গণ] ঋতুবর্গ, যথা।— ষড়্বিধ বসন্তাদিকাল।
ঋতুপর্ণ, পুং. [ঋতু+পর্ণ] রাজাবিশেষ।
ঋতুপর্য্যায়, পুং. [ঋতু+পর্য্যায়] বৎসরের কাল পরিবর্ত্তন।
ঋতুপ্রাপ্ত, ত্রি, [ঋতু+প্রাপ্ত] ফলেগ্রহি, অবন্ধ্যবৃক্ষাদি।
ঋতুবৃত্তি, পুং. [ঋতু+বৃত্তি] বৎসর।
ঋতুমতী, স্ত্রী. [ঋতু+মতী] ঋতুযুক্তা স্ত্রী, তৎপর্য্যায়।—রজস্বলা,স্ত্রীধর্ম্মিণী, অবী, আত্রেয়ী, মলিনী, পুষ্পবতী, উদক্যা
ঋতুরাজ, পুং. [ঋতু+রাজন্] বসন্তকাল, বসন্ত, পুষ্পসময়, পুষ্পমাস, সুরভি, মধুমাস, কামসক্ত, কামবল্লভ, পিকানন্দ।
ঋতুলিঙ্গ, ন. [ঋতু+লিঙ্গ] কালসূচন।
ঋতুসন্ধি, পুং. [ঋতু+সন্ধি] ঋতুদ্বয়সন্ধিকাল, ঋতুসংযোগ।
ঋতুসাত্ম্য, ন. [ঋতু+সাত্ম্য] ভক্ষ্য, ভোজ্য।
ঋতুস্নাতা, স্ত্রী. [ঋতু+স্নাতা] রজোদর্শনের পরচতুর্থাহে স্নাতা; ঋতুমতী, স্ত্রীধর্ম্মিণী
ঋতুস্নান, ন. [ঋতু+স্নান] রজস্বলাস্ত্রীর চতুর্থদিবসে কর্ত্তব্য স্নান।
ঋতে, ব্য. বিনা, বর্জ্জন, ভিন্ন।
ঋতোক্তি, স্ত্রী. [ঋত+উক্তি] সত্যভাষণ।
ঋত্বন্ত, পুং. [ঋতু+অন্ত] কালাবশেষ।
ঋত্বিক্, পুং. [ঋত্বিজ্+অ] পুরোহিত, তৎপর্য্যায়।—যাজক, ভরতা, কুরব, বাগ্যত, বৃক্তবর্হিষ, যতশ্রুচ, মরুত, সবাধ, দেবযব।
ঋত্বিজ্, পুং. [ঋতু+ইজ্] ঋত্বিক্।
ঋদ্ধ, ন. [ঋধ্+ত] সম্পন্নধান্য, পরিপক্বমর্দ্দিতধান্য, বহুলিতধান্য, অবসিত, আবসিত; সিদ্ধান্ত; (ত্রি.) সমৃদ্ধ, সম্পন্ন।
ঋদ্ধি, স্ত্রী. [ঋধ্+তি] অষ্টবর্গান্তর্গত ঔষধ বিশেষ, তৎপর্য্যায়।—যোগ্য, সিদ্ধি, লক্ষ্মী, প্রাণপ্রদ, বৃষ্য, প্রাণদা, জীবদাত্রী, সিদ্ধা, যোগ্যা, চেতনীয়া, রথাঙ্গী, মঙ্গলা, লোককান্তা, জীবশ্রেষ্ঠা, যশস্যা; সমৃদ্ধি, পার্ব্বতী; বিভব, ঋকৃথ, ধন, বিত্ত, বৈভব। [সমৃদ্ধ, বিত্তিমান্।
ঋদ্ধিমান্, ত্রি. [ঋদ্ধি+মৎ] ধনাঢ্য, ধনী,
ঋভু, পুং. [ঋ+ভু] দেবতা, সুর, অমর।
ঋভুক্ষ, পুং. [ঋভু+ক্ষ] স্বর্গ; ইন্দ্র; বজ্র।
ঋভুক্ষা, পুং. [ঋভুক্ষ+ইন্] ইন্দ্র।
ঋভূ, পুং. [ঋ+ভূ] দেবতা, দেব, অমর।
ঋশ্য, পুং. স্ত্রী. [ঋশ+য] মৃগবিশেষ।
ঋশ্যকেতু, পুং. [ঋশ্য+কেতু] অনিরুদ্ধ, ঊষাপতি।
ঋষভ, পু. [ঋষ+ভ] বৃষ; কর্ণরন্ধ্র; কুম্ভীরপুচ্ছ; উত্তরপদে শ্রেষ্ঠ; পর্ব্বতবিশেষ; বরাহপুচ্ছ; আদি জিন, ভগবদবতার বিশেষ; সত্যযুগে অগ্নীধ্র সুত নাভিরাজ পুত্রত্বেনজাত, তস্য পুত্র জড়ভরত; অষ্টবর্গান্তগত ঔষধবিশেষ, তৎপর্য্যায়। বৃষ, ঋষভক, বীর, গোপাভি, ধীর, বিষাণী, দুর্দ্ধর, ককুদ্মান্, পুঙ্গব, বোঢ়া, শৃঙ্গী, ধুর্য্য, ভূপতি, কামী, রুক্ষপ্রিয়, উক্ষা, লাঙ্গূলী, গৌ, বন্ধুর, গোরক্ষ, বনবাসী; সপ্তস্বরান্তর্গত দ্বিতীয় স্বর, ইহা গোশব্দ তুল্য স্বর।
ঋষভগজবিলসিত, ন. [ঋষভ+গজ+বিলসিত] ষোড়শাক্ষরি ছন্দবিশেষ। [দ্বিশেষ।
ঋষভধ্বজ, পুং. [ঋষভ+ধ্বজ] শিব; অর্হ-
ঋষভী, স্ত্রী. [ঋষভ+ঈ] নরাকার স্ত্রী; শূকশিম্বী; শিরালা; বিধবা; উত্তমা।
ঋষি, পুং. [ঋষ+ই] শাস্ত্রকৃদাচার্য্য, সত্যবচা; শাপাস্ত্র; উত্তমঋষি সপ্তবিধ যথা।— দেবর্ষি, ব্রহ্মর্ষি, মহর্ষি, রাজর্ষি, পরমর্ষি, শ্রুতর্ষি, কাণ্ডর্ষি; এবং মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত, পুলহ, ক্রতু, বশিষ্ঠ এইসপ্তঋষি খ্যাত; মৎস্যবিশেষ; বেদ; কিরণ।
ঋষিক-ঋষীক, পুং. [ঋষি+ক] কাব্যাদি ঋষিপুত্র; দেশবিশেষ, (প্রা) রুষ।
ঋষিকুল্যা, স্ত্রী. [ঋষি+কল্যা] নদী।
ঋষিগণ, পুং. [ঋষি+গণ[মুনিগণ।
ঋষিজাঙ্গল, পুং. [ঋষি+জাঙ্গল] ঋক্ষগন্ধা বৃক্ষ, ঋষিজাঙ্গল।

ঋষিজাঙ্গলিকী, স্ত্রী. [ঋষি+জাঙ্গলিকী] ঋক্ষগন্ধাবৃক্ষ।
ঋষিপঞ্চমী, স্ত্রী. [ঋষি+পঞ্চমী] ভাদ্রমাসের নাগপঞ্চমী। [বৃক্ষ।
ঋষিপ্রোক্তা, স্ত্রী. [ঋষি+প্রোক্তা] মাষপর্ণী
ঋষিবহ, ত্রি. [ঋষি+বহ] ঋষিবহনকারী।
ঋষিযজ্ঞ, ন. [ঋষি+যজ্ঞ] যজ্ঞবিশেষ।
ঋষ্টি, স্ত্রী. [ঋষ্+তি] খড়্গ।
ঋষ্য, পুং. স্ত্রী. [ঋষ+য] মৃগবিশেষ। ঋশ্য, রিষ্য, রিশ্য ইতি শব্দত্রয় সিদ্ধ।
ঋষ্যকেতু, পুং. [ঋষ্য+কেতু] অনিরুদ্ধ, কন্দর্পপুত্র, ঋশ্যকেতু, ঋষ্যকেতন, রিষ্যকেতু, বিশ্বকেতু। [বৃক্ষ।
ঋষ্যগতা, স্ত্রী. [ঋষ্য + গতা] ঋষ্যপ্রোক্তা
ঋষ্যগন্ধা, ন. [ঋষ্য+গন্ধা] বৃক্ষবিশেষ, ঋষিজাঙ্গলিকী, ঋষিগন্ধা; ঋষিজাঙ্গল।
ঋষিজিহ্ব, ন. [ঋষি+জিহ্ব] ব্যাধিবিশেষ।
ঋষ্যপ্রোক্তা. স্ত্রী. [ঋষ্য+প্রোক্তা] শতমূলী; শূকশিম্বী; অতিবলা।
ঋষ্যমূক, পুং. [ঋষ্য+মূক] পর্ব্বতবিশেষ।
ঋষ্যশৃঙ্গ, পুং. [ঋষ্য+শৃঙ্গ] মুনিবিশেষ, বিভাণ্ডক মুনির পুত্র।
ঋক্ষ, পুং. [ঋষ্+ক] পর্ব্বতবিশেষ; ভল্লূক; শোণকবৃক্ষ; শ্যোনাক প্রভেদ; (ন.পুং.) নক্ষত্র; রাশি; (ত্রি.) বেধিত, অপবিদ্ধ।
ঋক্ষগন্ধা, স্ত্রী. [ঋক্ষ+গন্ধা] বৃক্ষবিশেষ, বীরতাড় গাছ, তৎপর্য্যায়।—ছগলান্ত্রী, আবেগী, বৃদ্ধদারক, জুঙ্গ; ঋষিজাঙ্গল বৃক্ষ, ইহার পর্য্যায়।—ঋষ্যগন্ধা, ঋষিজাঙ্গলিকী; ক্ষীরবিদারীবৃক্ষ, ইহার পর্য্যায়। মহাশ্বেতা, ক্ষীরিকা, ঋক্ষগন্ধিকা।
ঋক্ষগন্ধিকা, স্ত্রী. [ঋক্ষ+গন্ধিকা] কৃষ্ণাভূমিকুষ্মাণ্ড, ক্ষীরবিদারী, মহাশ্বেতা।
ঋক্ষবিভাবন, ন. [ঋক্ষ+বিভাবন] নক্ষত্র দৃষ্টি। [পুরোহিত।
ঋক্ষর ন. [ঋক্ষ+র] বারিধারা; (পুং.) ঋত্বিক্,
ঋক্ষরাজ, পুং. [ঋক্ষ+রাজ] বানরবিশেষ, জাম্ববান্।
ঋক্ষেশ, পুং. [ঋক্ষ+ঈশ] চন্দ্র, শশধর।
ঋক্ষেষ্টি, স্ত্রী. [ঋক্ষ+ইষ্টি] গ্রহনক্ষত্রযাগ।

ৠ

কক্কোল, পুং. ন. [কক্+কোল] সুগন্ধিদ্রব্যবিশেষ, কাঁকলা।

কক্কোলক, ন. [কক্কোল+ক] গন্ধদ্রব্যবিশেষ, কাঁকলা; তৎপর্য্যায়।—কোলক, কোষফল, কৃতফল, কটুকফল, দ্বেষ্য, স্থূলমরিচ, কক্কোল, মাধবোচিত, কাল, কটফল, মরিচ।

কক্খট, ত্রি. [কক্+খট] কঠিন; কঠোর, দৃঢ়, (স্ত্রী.) খড়িবিশেষ।

কক্খটপত্রক, পুং. [কক্+খট+পত্রক] বৃক্ষের ছালনির্ম্মিত সূত্রবিশেষ, ছাল্‌টী, পট্ট, বাজশণ, শাণি, চিম, পাট।

কক্খটী, স্ত্রী. [কক্+খট+ঈ] খটিকা, বর্ণলেখা, কঠিনী, খড়ী।

কখন, (প্রা) কোনসময়ে, কোনকালে, কদাচ, কদাচিত।

কখনকখন, (প্রা) কদাচিৎ, মধ্যেমধ্যে।

কখন্, (প্রা) কদা, কোনসময়ে, কোন্‌কালে।

কখাদি, ত্রি. [ক,খ+আদি] ক খ প্রভৃতিবর্ণমালা। [প্রকোষ্ঠ।

কখ্যা, স্ত্রী. [কখ+য+আ] কক্ষা, হর্ম্ম্যাদি-

কঙ্ক, পুং. [কক্+অ] পক্ষীবিশেষ, হাড়গিলা, কাক্‌,তৎপর্য্যায়—লোহপৃষ্ঠ, সদংশবদন, খর, রণালঙ্করণ, ক্রূর, আমিষপ্রিয়; বক; যম; ছদ্মদ্বিজ; যুধিষ্ঠিরের নামবিশেষ; ক্ষত্রিয়; কংসাসুরভ্রাতা, উগ্রসেনপুত্র, মহারাজচুত, আম্রবিশেষ।

কঙ্কট, পুং.[কঙ্ক্+অট] কবচ,বর্ম্ম, সাঁজোয়া।

কঙ্কটক, পুং. [কঙ্ক্+অটক]সন্নাহ, সাঁজোয়া।

কঙ্কটেরী, স্ত্রী. [কঙ্ক + টেরী] হরিদ্রা; তিন্তিড়ী, তেঁতুল।

কঙ্কণ, ন. [কং+কণ] স্বনামখ্যাত হস্তাভরণ, করভূষণ, কাঁকণ; হস্তসূত্র; মণ্ডন; শেখর, কিরীট; চন্দ্রহার

কঙ্কণী, স্ত্রী. [কঙ্কণ+ঈ] কিঙ্কিণী, ক্ষুদ্রঘণ্টিকা। [কিঙ্কিণী।

কঙ্কণীকা, স্ত্রী. [কঙ্কণ+ঈকা] ক্ষুদ্রঘণ্টিকা

কঙ্কত, ন. [কঙ্ক্+অত] কঙ্কতিকা, চিরুণী; (পুং.) বৃক্ষবিশেষ।

কঙ্কতিকা, স্ত্রী. [কঙ্কত+ইকা] কেশপ্রসাধনার্থ কাষ্ঠাদি নির্ম্মিতদ্রব্য, কাকুই, তৎপর্য্যায়।—প্রসাধনী, কঙ্কতী, কঙ্কত, প্রসাধন, চিরুণী; নাগবালা।

কঙ্কতী, স্ত্রী. [কঙ্কত+ঈ] কঙ্কতিকা।

কঙ্কত্রোট-কঙ্কত্রোটি, পুং. [কঙ্ক+ত্রোট-টি] মৎস্যবিশেষ, কাঁকিলা, জলব্যধ, জলসূচি।

কঙ্কপত্র, পুং. [কঙ্ক+পত্র] শর, বাণ।

কঙ্কমালা, স্ত্রী. [কঙ্ক+মালা] করতালীবাদ্য।

কঙ্কমুখ, পুং. [কঙ্ক+মুখ] সন্দংশ, সাঁড়াশি।

কঙ্কর,ন.[কং+কর]তক্র; শর্কর,(ত্রি.)কুৎসিত।

কঙ্কর, (প্রা) কর্ক্কর, কাঁকর, কুল্লুই।

কঙ্করোল, পুং. [কঙ্ক+রোল] নিকোচকবৃক্ষ; কাঁকরোললতা।

কঙ্কলোড্য, ন. [কঙ্ক+লোড্য] অঙ্কলোড্য, চটিঙ্খিতা, চিঞ্চোড়মূল

কঙ্কশত্রু, পুং. [কঙ্ক+শত্রু] পৃশ্নিপর্ণী।

কঙ্কশায়, পুং. [কঙ্ক+শায়] কুক্কুর।

কঙ্কা, স্ত্রী. [কঙ্ক+আ] উগ্রসেন রাজকন্যা, বসুদেবানুজপত্নী; গোশীর্ষ চন্দন, গোরোচনা।

কঙ্কাড়া, (প্রা) কর্কটক, কাকড়া।

কঙ্কাল, পুং. [কঙ্ক+আল] শরীরাস্থি, করঙ্ক, অস্থিপঞ্জর। [হাড়েরহার।

কঙ্কালমালা, স্ত্রী. [কঙ্কাল+মালা] অস্থিমালা

কঙ্কালমালী, পুং. [কঙ্কাল+মালিন্] মহাদেব শিব, অস্থিমালাধারী।

কঙ্কু, পুং. [কঙ্ক্+উ] উগ্রসেনপুত্র, কংসাসুর ভ্রাতা; কঙ্গুতৃণ।

কঙ্কুষ্ট, ন. [কঙ্ক+উষ্ট] পর্ব্বতীয় মৃত্তিকাবিশেষ তৎপর্য্যায়।—কালকুষ্ট, বিরঙ্গ, রঙ্গদায়ক, রেচক, পুলক, শোধক, কালপালক। [বলিভুক্।

কঙ্কেরু, পুং. [কঙ্ক+ইরু] কাকবিশেষ; দ্বার

কঙ্কেলি, পুং. [কং+কেলি] অশোকবৃক্ষ।

কঙ্কেল্ল, পুং. [কঙ্ক+এল্ল] বাস্তুক।

কঙ্কেল্লি, পুং, [কঙ্কেল্ল+ই] অশোকবৃক্ষ।

কঙ্খ, ন. [কঙ্খ্+অ] ভোগ।

কঙ্গাল, (প্রা) দরিদ্র, দীন, নির্ধন।

কঙ্গালপনা, (প্রা) দারিদ্র, নির্ধনতা

কঙ্গালী, (প্রা) দুঃখী, নির্দ্ধনী।

কঙ্গিয়া, (প্রা) বৃক্ষলতাবিশেষ

কঙ্গু-কঙ্গুকা, স্ত্রী. [ক+অগ্+উ] পীততণ্ডুল, অণুকাঙ্গনি, কঙ্গু, প্রিয়ঙ্গু, কাকনিধান।

কঙ্গুজুড়িয়া, (প্রা) তৃণবিশেষ।

কঙ্গুনী, স্ত্রী. [কঙ্গুন+ঈ] ধান্যবিশেষ; তৃণবিশেষ, কাঙ্গনি, তৎপর্য্যায়।—প্রিয়ঙ্গু,

কঙ্গু, কঙ্গূ, চীনক, পীততণ্ডুল, অত্যন্ত-সুকুমার; কাকনিধান। [তৃণ।
কঙ্গুনীপত্রা, স্ত্রী. [কঙ্গুনী+পত্রা] পণ্যান্ধা-
কঙ্গুল, পুং. [কঙ্গ+উল] হস্ত, পাণি, হাত।
কঙ্গ, স্ত্রী. [ক+অঙ্গ্+উ] চীনক, কঙ্গুকা।
কঙ্গুয়, (প্রা) বৃক্ষবিশেষ।
কচ, পুং. [কচ্+অ] শিরোরুহ, কেশ; বৃহস্পতিপুত্র; বন্ধ; শুষ্কব্রণ; মেঘ।
কচকি, (প্রা) মৎস্যবিশেষ।
কচঙ্গন, ন. [কচ্+অঙ্গন] বিক্রয়স্থান, নির্ম্মুট, পণ্যাজির, হট্ট, হাট, বাজার।
কচঙ্গল, পুং. [কচ্+অঙ্গল] সমুদ্র, সাগর।
কচটা-কচটান, (প্রা) অবক্ষোদিত, মর্দ্দিত।
কচড়া, (প্রা) স্থূলদীর্ঘরজ্জু, কাছীদড়ী।
কচনার, (প্রা) বৃক্ষবিশেষ।
কচপ, ন. [কচ+প] তৃণ; পত্র।
কচপক্ষ, পুং. [কচ+পক্ষ] কেশসমূহ, কেশপাশ। [পাশ।
কচপাশ, পুং. [কচ+পাশ] কেশসমূহ, কেশ-
কচমাল, পুং. [কচ+মাল] ধূম, খতমাল, মেঘ।
কচরমচর-কচরমচর, (প্রা) অব্যক্তশব্দ, পক্ষীরধ্বনি।
কচরিপুফলা, স্ত্রী. [কচরিপু+ফলা] শমীবৃক্ষ।
কচহস্ত, পুং. [কচ+হস্ত] ধৃত কেশসমূহ; কচপক্ষ। [চ্যুতি; স্তম্ভ, দণ্ড।
কচা, স্ত্রী. [কচ+আ] হস্তিনী; শোভা; সন্ধি-
কচাকু, পুং. [কচ+আকু] সর্প; (ত্রি.) দুরাধর্ষ; দুঃশীল; হিংস্রক; দুষ্ট।
কচাচিত, ত্রি. [কচ+আচিত] মুক্তকেশ, বিগলিতকেশ।
কচাটুর, পুং. [কচ+আটুর] পক্ষিবিশেষ, ডাকপক্ষী, শিতিকণ্ঠ, দাত্যুহ, কালকণ্ঠক, কাকমদ্গু।
কচান, (প্রা) গজান, মুঞ্জরতি। [বালা।
কচামোদ, ন. [কচ+আমোদ] বালক,
কচারি, পুং. [কচ+অরি] ক্ষুর; নাপিত।
কচাল, (প্রা) বিবাদ, ঝকড়া, কল্ কল্ বকবকানি, বাক্কলহ।
কচি, (প্রা) কোমল, নবীন, নরম।
কচিরি (প্রা) বৃক্ষবিশেষ।

কচু, স্ত্রী. [কচ+উ] কচ্বী, স্বনামখ্যাত গুল্ম, মূলশাক বিশেষ।
কচুরী, (হি) পুর পিষ্টকবিশেষ।
কচ্কচ্, (প্রা) অব্যক্ত শব্দ, অনুকরণ শব্দ।
কচ্কচানি, (প্রা) অব্যক্তশব্দ, গোলমাল।
কচ্কচিয়া, (প্রা) পক্ষীবিশেষ; তৃণবিশেষ।
কচ্কচী, (প্রা) বিবাদ, কলহ, ঝকড়া।
কচ্চট, ন. [কৎ+চট] লতাবিশেষ, জলপিপ্পলী।
কচ্চর, ত্রি. [কৎ+চর] মলিন; কুৎসিতকার্য্য; (ন.) জলনিশ্রিত ঘোল। [ছেলে।
কচ্চাবচ্চা, (হি) সন্তান, সন্ততি, ছোট ছোট
কচ্চিৎ, ব্য. [কৎ+চিৎ] কামপ্রবেদন, ইষ্টপরিপ্রশ্ন, প্রশ্নার্থ, জিজ্ঞাসাবোধক শব্দ। কখন।
কচ্চী, স্ত্রী. [কচ্চ+ঈ] খাদ্যমূল কচু।
কচ্ছ, পুং. [কচ+ছ] অনূপপ্রায় স্থান, কাছাড়, সিন্ধুনাং সরসাঞ্চ প্রান্তভাগ; জলাশয়ের প্রান্তভাগ; নদী পর্ব্বতাদির সমীপ, তুন্নবৃক্ষ, তুঁদগাছ, পুরুষের পরিহিত বস্ত্রের প্রান্তভাগ, পরিধানাঞ্চল, কক্ষ, কচ্ছা, কচ্ছোটিকা, কচ্ছাটিকা, কাছা, কোঁচা, কঁড়সী; নৌকার পশ্চাদ্ভাগ; (ত্রি.) জলপ্রান্ত।
কচ্ছটিকা, স্ত্রী. [কচ্ছ+টিকা] কচ্ছ, কাছা।
কচ্ছপ, পুং. [কচ্ছ+প] জল স্থলচর জন্তু বিশেষ, তৎপর্য্যায়।—কূর্ম্ম, কমঠ, কামঠ, গূঢ়াঙ্গ, পঞ্চাঙ্গগুপ্ত, ধরণীধর, কচ্ছেষ্ট, গুহ্য, পঞ্চগুপ্ত, ক্রোড়াঙ্গ, ক্রোড়পাদ, পঞ্চনখ, পল্বলাবাস, পীবর, কঠিনপৃষ্ঠক, স্মরণাপত্য তর্পক, চতুর্গতি, জলগুল্ম, কাছিম; নন্দীবৃক্ষ; কুবেরেরনিধিবিশেষ; মল্লের বন্ধবিশেষ; মদিরাযন্ত্রবিশেষ।
কচ্ছপিকা, স্ত্রী. [কচ্ছপ+ইকা] ক্ষুদ্ররোগবিশেষ, রক্তস্ফোট ব্যাধিবিশেষ।
কচ্ছপী, স্ত্রী. [কচ্ছপ+ঈ] কূর্ম্মী, ডুলি, দুলি, কুলি, কমঠী; সরস্বতী দেবীর বীণা; ক্ষুদ্ররোগবিশেষ।
কচ্ছভূ, স্ত্রী. [কচ্ছ+ভূ] অনূপভূ, অনূপভূমি, জলযুক্তা ভূমি
কচ্ছরুহা, স্ত্রী. [কচ্ছ+রুহা] দূর্ব্বা।

কচ্ছলকারক, পুং. [কচ্ছল+কারক] কাশতৃণ।
কচ্ছা, স্ত্রী. [কচ্ছ+আ] পরিধানের অপরাঞ্চল; চীরিকা, ঝিঁঝিপোকা; বারাহী।
কচ্ছাটিকা, স্ত্রী. [কচ্ছ+আটিকা] কচ্ছটিকা, কাছা।
কচ্ছান্ত, পুং. [কচ্ছ+অন্ত] নদীকূল।
কচ্ছু, স্ত্রী. [কচ্ছ+উ] রোগবিশেষ, কণ্ডূ, চুলকানি, খোস্, পাচড়া। [ভেদ।
কচ্ছঘ্নী, স্ত্রী. [কচ্ছু+ঘ্নী] পটোল; হপুয়া-
কচ্ছুর, ত্রি. [কচ্ছ+উর] কচ্ছুরোগযুক্ত, খোস্ রোগী, পামন; পুংশ্চলী, কামুকী।
কচ্ছুরা, স্ত্রী. [কচ্ছুর+আ] শূকশিম্বী; শটী; দুরালভা; যবাস; গ্রাহিণীবৃক্ষ, ক্ষীরুই গাছ।
কচ্ছূ, স্ত্রী. [কচ্ছ+উ] রোগবিশেষ, খোস্-পাঁচ্ড়া, চুলকানি, পাম, পামা, বিচর্চিকা। [কণ্ডূরা।
কচ্ছূমতী, স্ত্রী. [কচ্ছূ+মতী] শূকশিম্বী,
কচ্ছোটিকা, স্ত্রী. [কচ্ছ+উটিকা] কচ্ছ, কাছা।
কচ্ছোত্থা, স্ত্রী. [কচ্ছোত্থ+আ] ভদ্রমুস্তা।
কচ্ছোর, ন. [কচ্ছ+ওর] শটী।
কচ্টান্-কচ্টান, (প্রা) ছানন, চট্কান, অবক্ষোদন। [বিতণ্ডা, কচচ্।
কচ্বী, স্ত্রী. [কচ্+ঈ] কন্দবিশেষ, কচু,
কচ্মচি, (প্রা) কলহ, বিবাদ, ঝগড়া, বিরোধ, বিষম্বাদ, কচ্কচি।
কচ্যান, (প্রা) মুকুলোদ্গম, মুঞ্জরান।
কচ্লান্-কচ্লান, (প্রা) প্রক্ষালন, ধৌতকরণ।
কচ্লা, (প্রা) প্রক্ষালিত, ধৌত।
কচহরী, (হি) কাছারী, বিচারাগার।
কজ, ন. [কজ্+অ] কমল, (ত্রি) জলজাত।
কজ্জল, ন. [কং+জল] কজ্জ্বল, অঞ্জন, লোচক, কাজল; দীপবিশেষ; (পুং.) মেঘ।
কজ্জলা-কজ্জলী, স্ত্রী. [কজ্জল+আ-ঈ] মৎস্যবিশেষ, মিশ্রিত রসগন্ধক, ঔষধবিশেষ।
কজ্জ্বল, ন. [কং+জ্বল] অঞ্জন, কাজল।
কজ্জ্বলধ্বজ, পুং. [কজ্জ্বল+ধ্বজ] দীপ, প্রদীপ কজ্জলধ্বজ।
কজ্জ্বলরোচক, পুং. ন. [কজ্জ্বল+রোচক] কজ্জলরোচক, দীপাধার, পিল্সুজ্, দেরকো, তৎপর্য্যায়।—কৌমুদীবৃক্ষ, দীপবৃক্ষ, দীপপাদপ, শিখাতরু, শিখাবৃক্ষ, দীপধ্বজ, জ্যোৎস্নাবৃক্ষ।
কঞ্চট, পুং. [কং+চট] জলজ শাকবিশেষ, কাঁচড়াদাম, তৎপর্য্যায়।—জলভূ, আঙ্গলী, শারদী, তোয়পিপ্পলী, শকুলাদনী, জলতণ্ডুলীয়। [কাঁচড়াদাম।
কঞ্চটক, পুং. [কং+চটক] জলজশাকবিশেষ,
কঞ্চড়, পুং. [কং+চড়] কঞ্চট প্রভেদ, কঞ্চট, কাচ, চক্রমর্দ্দ, অম্বুপ।
কঞ্চার, পুং. [কং+চ+অর] সূর্য্য, দিবাকর।
কঞ্চিকা, স্ত্রী. [কঞ্চিক+আ] বেণুশাখা, কঞ্চী, কুঞ্চিকা, ধৃষ্ণু; ক্ষুদ্রস্ফোট।
কঞ্চী, (প্রা) বেণুশাখা, বাঁশের ডাল।
কঞ্চু, পুং. [কঞ্চ্+উ] সর্পের ত্বক্, সাপের খোলস, গাত্রাচ্ছাদনবিশেষ মোক।
কঞ্চুক, পুং. [কঞ্চ্+উক] সর্পেরত্বক্, সাপের খোলস, নির্ম্মোক; ভটাদির চোলাকৃতি সন্নাহ, বর্ম্ম, সাঁজোয়া, তৎপর্য্যায়।—বারবাণ, বাণবার; চোলক, কাঁচুলি তৎপর্য্যায়।—চোল, কঞ্চুলিকা, কূর্পাসক, অঙ্গিকা; কটিজঙ্ঘাদি পরিধান বস্ত্র বিশেষ, কটীপট; বস্ত্র। [কালসর্প।
কঞ্চুকালু, পুং. [কঞ্চুক+আলু] সর্প, কাঞ্চু-
কঞ্চুকী, পুং. [কঞ্চুক+ইন্] মহল্লরক্ষক, অন্তঃপুরাধ্যক্ষ, সৌবিদল্ল, স্থাপত্য, সৌবিদ, নপুংসক, হিজড়া; যব; চণক; সর্প; ষিড়্গ; জোঙ্গবৃক্ষ; (স্ত্রী) ঔষধিবিশেষ; ক্ষীরীশবৃক্ষ।
কঞ্চুলিকা, স্ত্রী. [কঞ্চুলিক+আ] স্ত্রীলোকের অঙ্গ রক্ষণী, কঞ্চুক, কাঁচলী।
কঞ্জ, ত্রি. [কং+জ] জলজ, (পুং.) ব্রহ্মা; কেশ; শংখ, (ন.) অমৃত; পদ্ম। [পাখী।
কঞ্জক, পুং. [কং+জক] পক্ষীবিশেষ, ময়না-
কঞ্জজ, পুং. [কঞ্জ+জ] ব্রহ্মা।
কঞ্জন, পুং. [কন্‌চ্+অন] কন্দর্প; পক্ষীবিশেষ ময়নাপাখী।
কঞ্জর, পুং. [কঞ্জ+র] ব্রহ্মা; সূর্য্য; উদর; হস্তী; মুনিবিশেষ। [পাখী।
কঞ্জল, পুং. [কং+জল] মদনপক্ষী, ময়না-
কঞ্জলতা, স্ত্রী. [কঞ্জ+লতা] লতাবৃক্ষবিশেষ।

কঞ্জার, পুং. [কঞ্জ+আর] ব্রহ্মা; সূর্য্য; উদর; হস্তী; মুনিবিশেষ।

কঞ্জিকা, স্ত্রী. [কঞ্জ+ইকা] ব্রাহ্মণ যষ্টিকা-বৃক্ষ, বামনহাটীগাছ।

কট, পুং. [কট্+অ] হস্তীর গণ্ডস্থল; কটি-দেশ পার্শ্ব; কিলিঞ্জক, মাঁদুর; দরমা; কাশাদিরচিত রজ্জু যাহাতে কুশূল বেষ্ঠন করা যায়; কুশূল, মরায়ি; তৃণরচিতটাটি; অতিশয়; শর; সময়; তৃণ; শব; শবরথ; ঔষধী; শ্মশান; তক্ষিতকাষ্ঠ, তক্তা; (পুং. স্ত্রী.) কটিদেশ; কটিদেশের উপ-রস্থ গর্ত্তবিশেষ; (ত্রি.) ক্রিয়াকার।

কটক, পুং. ন. [কট্+অক] পর্ব্বতের মধ্য-ভাগ, নিতম্ব, মেখলা; বলয়; চক্র; হস্তীরদন্ত মণ্ডন; সামুদ্রলবণ; রাজধানী; নগরী; সেনা; সানু; পর্ব্বতের সমভূ-ভাগ; দেশবিশেষ।

কটকলেজা, (প্রা) লতাবিশেষ।

কটকী, পুং. [কটক+ইন্] পর্ব্বত, শৈল, পাহাড়। (ত্রি) স্বনামখ্যাত ঔষধ।

কটকোল, পুং. [কট+কোল] নিষ্ঠীবন পাত্র, পিক্‌দানী।

কটখাদক, ত্রি. [কট+খাদক] ভক্ষক; (পুং.) শৃগাল; কাক; কাচকলস।

কটঙ্কট, পুং. [কটং+কট] গণেশ; অগ্নি।

কটঙ্কটেরী, স্ত্রী. [কটং+কটেরী] হরিদ্রা; দারু হরিদ্রা।

কটঙ্কুট, পুং, [কটং+কুট] গণেশ।

কটপূতন, পুং. [কট+পূতন] দৈত্য, প্রেত।

কটপ্রূ, পুং. [কট+প্র+উ] মহাদেব; রাক্ষস; বিদ্যাধর; অক্ষদেবন; কীট।

কটপ্রোথ, পুং. [কট+প্রোথ] নিতম্ব, পাছা।

কটফল, (প্রা) কায়ফল, কট্‌ফল।

কটবেল, (প্রা) কপিত্থ, কয়েৎবেল।

কটব্রণ, পুং. [কট+ব্রণ] ভীমসেন।

কটভঙ্গ, পুং. [কট+ভঙ্গ] হস্তদিয়া শস্যচ্ছেদন কিম্বা কুড়ন; নৃপাত্যয়, রাজবিনাশ।

কটভী, স্ত্রী. [কট+ভী] জ্যোতিষ্মতীলতা, নয়াফটিকা; অপরাজিতা; বৃক্ষভেদ, তৎপর্য্যায়।—নাভিকা, শৌণ্ডী, পাটলী, কিনিহী, মধুরেণু, ক্ষুদ্রশ্যামা, কৈডর্য্য, শ্যামলা; বৃক্ষভেদ, কাঁটাশিরীষগাছ, টাউর কাঁটাগাছ।

কটভেদী, পুং. [কট+ভেদিন্] যে হস্তীর গণ্ডস্থল হইতে মদ নিঃসৃত হয়।

কটমালিনী, স্ত্রী. [কট+মালিনী] মদিরা, সুরা। [শর।

কটম্ব, পুং. [কট্+অম্ব] বাদ্যবিশেষ; বাণ,

কটম্বরা, স্ত্রী. [কট্+অম্বরা] কটুকী, কটম্ভরা।

কটম্ভর, পুং. [কটং+ভর] শ্যোনাকবৃক্ষ; কটভীবৃক্ষ।

কটম্ভরা, স্ত্রী. [কটং+ভরা] রাজবালা; প্রসা-রণী, গন্ধভাদালিয়া, রোহিণী, কট্‌কী; হস্তিনী; কলম্বিকা; গোলা; বর্ষাভু; মূর্ব্বা। [নাটাগাছ।

কটশর্করা, স্ত্রী. [কট+শর্করা] গাঙ্গেষ্টীলতা,

কটস্থল, ন. [কট+স্থল] হস্তীরকুম্ভ; কটীদেশ।

কটা, স্ত্রী. [কট্+আ] কটাহ, অণ্ডাচ্ছাদন চর্ম্ম; কুর্ম্মপৃষ্ঠাচ্ছাদন, (প্রা) রুক্ষগৌর-বর্ণ, কটাসিয়া রঙ্গ; কতিপয়, কএকটা।

কটাকু, পুং. [কট+আকু] পক্ষী, বিহঙ্গ, পাখী।

কটাচক্ষুয়া, (প্রা) কটাবর্ণ চক্ষু, বিড়ালচোকো।

কটাৎ, (প্রা) কটাসিয়া; হঠাৎ, অকস্মাৎ।

কটাগ্নি, পুং. [কট+অগ্নি] দগ্ধখড়েরনুড়া।

কটায়ন, ন. [কট্+অয়ন] বীরণ, বেণারমূল।

কটার পুং. [কট+অর] নাগর, কামী, লম্পট।

কটারি, (প্রা) দাত্র, দা, কাটারি।

কটাল, (প্রা) গ্লানিযুক্ত, ম্লান, শুষ্ক, জওয়ার বিশেষ। [বনজন্তু বিশেষ।

কটাস্, (প্রা) অব্যক্ত শব্দবিশেষ; সবলে;

কটাসিয়া, (প্রা) কটারঙ্গ, রুক্ষ গৌরবর্ণ।

কটাহ, পুং. [কট+আহ] কটা; কুর্ম্মকর্পর, কচ্ছপের খোলা; তৈলাদি পাক পাত্র; দ্বীপবিশেষ; জায়মানবিষাণাগ্র মহিষী-শাবক; নরক; রাক্ষস; কূপ; কর্ব্বূর।

কটাক্ষ, পুং. [কট+অক্ষি] অপাঙ্গদর্শন, ঈষদ্দৃষ্টি, আড়চকে দেখন।

কটাক্ষনিঃক্ষেপ, পুং. [কটাক্ষ+নিঃক্ষেপ] ঈষদবলোকন, অপাঙ্গদৃষ্টি।

কটাক্ষপাত, পুং. [কটাক্ষ+পাত] অপাঙ্গ-নিঃক্ষেপ, ঈষদবলোকন।

কটাক্ষাবেক্ষণ, ন. [কটাক্ষ+অবেক্ষণ] এক দৃষ্টে দেখন, আড়চকে চাওন।

কটি, পুং. স্ত্রী. [কট্+ই] শরীরের মধ্য অবয়ব, কাঁকালি, তৎপর্য্যায়।—কট, শ্রোণিফলক, শ্রোণিফল, শ্রোণী, শ্রোণি, কটী, কটীপ্রোথ, ককুদ্মতী; কলত্র, কটীর, কাঞ্চীপদ; হস্তীর গণ্ডস্থল।

কটিতট, ন. [কটি+তট] কটিদেশ, শ্রোণিতট, নিতম্ব। [কটিবস্ত্র; কটিবর্ম্ম।

কটিত্র, পুং. [কটি+ত্র] রসনা, ক্ষুদ্রঘণ্টিকা;

কটিদেশ, পুং. [কটি+দেশ] কটিতট,নিতম্ব।

কটিপ্রোথ, পুং. [কটি+প্রোথ] কটিদেশস্থ মাংসপিণ্ড, গুদপুলা, পোঁদের পেলো, তৎপর্য্যায়।—স্ফিক্, পূরণক, কটীপ্রোথ, কটি, প্রোথ, পূল, নিতম্ব, পাছা।

কটিবন্ধনী, স্ত্রী. [কটি+বন্ধনী] মেখলা, রসনা, কটিসূত্র; সারসন; কোমরবন্ধ।

কটিয়া, (প্রা) শক্ত, কঠিন, কদর্য্য, মন্দ।

কটিরোহক, পুং. [কটি+রোহক] হস্তীর পশ্চাদ্ভাগে আরোহক।

কটিল্লক, পুং. [কট্+ইল্লক] কারবেল্ল, করলা।

কটিশীর্ষক, পুং. [কটি+শীর্ষক] কটিদেশ, কোমর।

কটিশৃঙ্খলা, স্ত্রী. [কটি+শৃঙ্খলা] কটিদেশের অলঙ্কার বিশেষ, ক্ষুদ্রঘণ্টিকা, চিতিকা।

কটিসূত্র, ন. [কটি+সূত্র] কটিদেশের ভূষণ বিশেষ, গোট, বিছা, চন্দ্রহার ইত্যাদি।

কটী, পুং. [কট্+ইন্] হস্তী, (স্ত্রী.) পিপ্পলী, পিঁপুল; শ্রোণিদেশ। [খাঁড়া।

কটীতল, পুং. [কটী+তল] ন্যুব্জখড্গ, বাঁকা

কটীর, পুং. ন. [কট্+ঈর] কটীদেশ, (পুং.) জঘন, কন্দর; কটি। [পাছা।

কটীরক, পুং. [কটীর+ক] নিতম্ব, কটিপ্রোথ,

কটু, পুং. [কট্+উ] রসবিশেষ, ঝাল; চম্পক বৃক্ষ, চীনকর্পূর; পটোল, কটূলতা; (ন.) অকার্য্য; দূষণ; (স্ত্রী.) পটুকী; প্রিয়ঙ্গুবৃক্ষ; রাজিকা; (ত্রি.) মৎসর; তীক্ষ্ণ; কটুরসযুক্ত; সুগন্ধি; অপ্রিয়; দুর্গন্ধ।

কটুক, পুং. [কটু+ক] পটোল; সুগন্ধি তৃণ; কুটজবৃক্ষ; অর্কবৃক্ষ, রাজসর্ষপ; (ন.) ত্রিকটু অর্থাৎ শুণ্ঠী, পিপ্পলী, মরিচ।

কটুকন্দ, পুং.ন. [কটু+কন্দ] শিগ্রুবৃক্ষ, আর্দ্রক; লশুন।

কটুকফল, ন, [কটুক+ফল] কক্কোলক।

কটুকা, স্ত্রী. [কটুক+আ] ক্ষুদ্রচঞ্চুবৃক্ষ; বৃক্ষবিশেষ, কটক্রী, তৎপর্য্যায়।—জননী, তিক্তা, রোহিণী, তিক্তরোহিণী, চক্রাঙ্গী, মৎস্যপিত্তা, বকুলা, শকুলাদনী, সাদনী, শতপর্ব্বা, দ্বিজাঙ্গী, মলভেদিনী, অশোকরোহিণী, মহৌষধী, কটী, অঞ্জনী, কাণ্ডরুহা, কটু, কটুরোহিণী, কেদারকটুকা, অরিষ্টা, কৃষ্ণা, কৃষ্ণভেদী, পামঘ্নী, কটুম্বরা, কটুম্ভরা, অশোকা; রোহিণী; তাম্বুলী, কুলিকবৃক্ষ।

কটুকাটব্য, (প্রা) দুর্বাক্য, কটূক্তি, গালাগালি।

কটুকালাবু, পুং. [কটুক+অলাবু] কটুতুম্বী, তিতলাউ।

কটুকী, স্ত্রী. [কটুক+ঈ] কটুকা, কটক্রী।

কটুকীট, পুং. [কটু+কীট] মশক, মশা।

কটুকীটক, পুং. [কটুকীট+ক] মশক, মশা।

কটুক্কাণ, পুং. [কটু+ক্কাণ] টিট্টিভপক্ষী।

কটুগ্রন্থি, পুং. [কটু+গ্রন্থি] পিপ্পলীমূল, পিঁপুলমূল; শুঁঠ, শুণ্ঠী।

কটুচাতুর্জাতক, ন. [কটু+চাতুর্জাতক] এলা-ত্বক্ পত্রক মরিচাত্মক, চতুষ্ক।

কটুচ্ছদ, পুং. [কটু+ছদ] তগরবৃক্ষ।

কটুতা, স্ত্রী. [কটু+তা] তীব্রতা, ঝাল।

কটুতিক্তক, পুং. [কটু+তিক্তক] শণবৃক্ষ; ভূনিম্ব, চিরতা।

কটুতিক্তিকা, স্ত্রী. [কটু+তিক্তিকা] কটুতুম্বী, তিতলাউ।

কটুতুণ্ডী, স্ত্রী. [কটু+তুণ্ডী] লতাপ্রভেদ, কটুতরাই, তৎপর্য্যায়।—তিক্ততুণ্ডী, তিক্তাখ্যা, কটুকা, কটুতুণ্ডিকা, বিষা।

কটুতুম্বী, স্ত্রী. [কটু+তুম্বী] লতাবিশেষ, তিতলাউ, তৎপর্য্যায়।—ইক্ষ্বাকু, কটুকালাবু, নৃপাত্মজা, কটুতিক্তিকা, কটুফলা,

তুম্বিনী, কটুতুম্বিনী, বৃহৎফলা, রাজপুত্রী, তিক্তবীজা, তুম্বিকা।
কটুত্রয়, ন. [কটু+ত্রয়] ত্রিকটু, যথা শুণ্ঠী, পিপ্পলী, মরিচ।
কটুদলা, স্ত্রী. [কটু+দলা] কর্কটী, কাঁকুড়।
কটুনিষ্পাব, পুং. [কটু+নিষ্পাব] নদীনিষ্পাবধান্য। [র্জক
কটুপত্র, পুং. [কটু+পত্র] পর্পট, সিতা-
কটুপত্রিকা, স্ত্রী. [কটু+পত্রিকা]কারীবৃক্ষ।
কটুফল, পুং. [কটু+ফল] পটোল
কটুফলা, স্ত্রী. [কটু+ফল+আ] শ্রীফলীবৃক্ষ।
কটুবার্ত্তাকী, স্ত্রী. [কটু+বার্ত্তাকী] শ্বেতকণ্টকারী। [পিঁপুল।
কটুবীজা, স্ত্রী. [কটু+বীজা] পিপ্পলী,
কটুভঙ্গ, পুং. [কটু+ভঙ্গ] শুণ্ঠী, শুঁঠ।
কটুভদ্র, ন. [কটু+ভদ্র] শুণ্ঠী; আর্দ্রক।
কটুমঞ্জরিকা, স্ত্রী.[কটু+মঞ্জরিকা]অপামার্গ।
কটুমোদ, ন. [কটু+মোদ] জবাদি নাম সুগন্ধিদ্রব্য।
কটুর, ন. [কটু+র] তক্র, কট্বর।
কটুরব, পুং. [কটু+রব] মণ্ডূক, ভেক,বেঙ্গ।
কটুরোহিণী, স্ত্রী. [কটু+রোহিণী] কটুকী।
কটুশৃঙ্গাল, ন. [কটু+শৃঙ্গাল] গৌরসুবর্ণ শাক। [সর্ষপ।
কটুস্নেহ, পুং. [কটু+স্নেহ[সর্ষপ, গৌর-
কটূৎকট, ন. [কটু+উৎকট] আর্দ্রক,আদা।
কটূৎকটক, ন.]কটু+উৎকট-ক] শুণ্ঠী, শুঁঠ
কটূক্তি, স্ত্রী. [কটু+উক্তি] দুর্ব্বাক্য, কটূত্তর, গালি। [মন্দবাক্য।
কটূত্তর, পুং. [কটু+উত্তর] কটক্তি, দুর্ব্বাক্য,
কটোরা, স্ত্রী. [কটোর+আ] মৃণ্ময়পানপাত্র, বাটী, মাটির বাটী, ছোট বড়খুরী।
কটোল, পুং. [কট+ওল] চণ্ডাল, অন্ত্যাবশায়ী; কুটুরস।
কটোলবীণা, স্ত্রী. [কটোল+বীণা] বীণাবিশেষ, কেন্দুড়া।
কট্, (প্রা) অব্যক্তশব্দ; হঠাৎ।
কট্কট্, (প্রা) অব্যক্ত শব্দ; পীড়াদ্যোতক শব্দ; কট্কটানি।
কট্কটানি, (প্রা) পীড়াদ্যোতক শব্দ; যন্ত্রণা
কট্কটিয়া, (প্রা) মুখর, শব্দায়মান, খড়্খড়িয়া।
কট্কিনা, (প্রা) কঠিনতা; শক্তাই।
কট্টার, পুং. [কৃৎ+আর] কাটারি, ছোরা, ক্ষুদ্রখড়্গ।
কট্ফল, পুং. [কট্+ফল] স্বনামখ্যাত ফল বৃক্ষবিশেষ, কায়ফল, তৎপর্য্যায় শ্রীপর্ণিকা, কুমুদিকা, কুম্ভী, কৈটর্য্য, সোমবল্ক, সোমবৃক্ষ, রোহিণী, কৃষ্ণগর্ভ, প্রচেতসী, ভদ্রাবতী, মহাকুম্ভী, রামসেনক, কুমুদা, উগ্রগন্ধ, ভদ্রা, রঞ্জনক, লঘুকাশ্মর্য্য, শ্রীপর্ণী, কাফল,পরুষ, কুমুদী, ভদ্রবতী।
কট্ফলা, স্ত্রী. [কট্+ফলা] গম্ভারীবৃক্ষ; বৃহতী; কাকমাচী; দেবদালী; বার্ত্তাকী; মৃগের্ব্বারু।
কট্কটি, (প্রা) কঠিন, শক্ত, দুরূহ, ভয়ানক;
কট্বঙ্গ, পুং. [কটু+অঙ্গ] শ্যোনাকবৃক্ষ, দিলীপরাজ।
কট্বর, ন. [কটু+অর] দধিরসর, দধিরমাথা, তক্র, ব্যঞ্জন।
কট্বী, স্ত্রী. [কটু+ঈ] কটুকা; লতাবিশেষ; তৎপর্য্যায়।—কটুকবল্লী, সুকাষ্ঠা, কাষ্ঠবল্লিকা, সুবল্লী, মহাবল্লী,পশুমোহনিকা, কটু।
কঠ, পুং. [কঠ্+অ] মুনিবিশেষ; কঠশাখা য়নকর্ত্তা; কঠশাখাজ্ঞ; ঋগ্বেদ; স্বর; ব্রাহ্মণ। [ব্রাহ্মণ।
কঠধূর্ত্ত, পুং. [কঠ+ধূর্ত্ত] কঠশাখা পরিজ্ঞাত
কঠমর্দ্দ, পুং. [কঠ+মর্দ্দ] শিব; মহাদেব।
কঠর, ত্রি. [কঠ+র] কঠিন, কঠোর, শক্ত
কঠশাখা, স্ত্রী. [কঠ+শাখা] যজুর্ব্বেদের শাখাবিশেষ, ঋগ্বেদের এক ভাগ।
কঠশ্রোত্রিয়, পুং. [কঠ+শ্রোত্রিয়] কঠশাখাপরিজ্ঞাত ব্রাহ্মণ।
কঠাধ্যাপক, পুং. [কঠ+অধ্যাপক] কঠশাখা অধ্যাপক ব্রাহ্মণ।
কঠাহক, পুং. [কঠ+আহক] দাত্যূহপক্ষী, ডাকপাখী।
কঠিকা, স্ত্রী. [কঠ+ইকা] কঠিনী,খড়ী;তুলসী।

কঠিঞ্জর, পুং. [কঠিন্+জর] তুলসীবৃক্ষ, পর্ণাস, কুঠেরক।
কঠিন, ত্রি. [কঠ+ইনৃ] কঠর, তৎপর্য্যায়।—খক্‌খট, ক্রূর, কঠোর, নিষ্ঠুর, দৃঢ়, জঠর, কর্কর, কাঠর, কমঠায়িত, মূর্ত্তিমৎ, মূর্ত্ত, কঠোল, জরঠ, কর্কশ, শক্ত; দুরূহ, স্তব্ধ, (ন. স্ত্রী.) স্থালী।
কঠিনতা, স্ত্রী. [কঠিন+তা] দৃঢ়তা, শক্তাই, দুরূহতা।
কঠিনপৃষ্ঠক, পুং [কঠিন+পৃষ্ঠক] কচ্ছপ, কূর্ম্ম, কাছিম। [করণ, নির্দ্দয়।
[illegible]নহৃদয়, ত্রি. [কঠিন+হৃদয়] কঠিন অন্তঃ-
[illegible]না, স্ত্রী. [কঠিন+আ] গুড়, শর্করা।
[illegible]নান্তঃকরণ, ত্রি. [কঠিন + অন্তঃকরণ] কঠিনহৃদয়।
[illegible]নিকা, স্ত্রী. [কঠিন+ইকা] কঠিনী, খড়ী।
[illegible]নী, স্ত্রী. [কঠিন+ঈ] খড়িকা, খড়., তৎপর্য্যায়।—পাকশুক্লা, অনিলাধাতু, কক্‌[illegible]টী, খটী, ধাতূপল, কঠিনিকা, বর্ণলেখিকা।
[illegible]ঠিল্ল, পুং. [কঠ+ইল্ল] কারবেল্ল, করলা।
[illegible]ঠিল্লক, পুং. [কঠ+ইল্লক] কারবেল্ল; পুনর্ণবা; তুলসী।
[illegible], স্ত্রী. [কঠ+ঈ] ব্রাহ্মণী।
[illegible]ঠের, পুং. [কঠ+এর] কৃচ্ছ্রজীবী, দরিদ্র।
কঠেরু, পুং. [কঠ+এরু] কুবের, ধনপতি।
কঠোর, ত্রি. [কঠ+ওর] কঠিন, শক্ত, সম্পূর্ণ।
কঠোরতা, স্ত্রী. [কঠোর+তা] কঠিনতা।
কঠোল, ত্রি. [কঠ+ওল] কঠোর, কঠিন।
কড়, ত্রি. [কড়্+অ] মূর্খ; কটক, করভূষণ।
কড়ক, ন. [কড়+ক] লবণবিশেষ, করকচলবণ, সামুদ্রলবণ, ত্রিকুট।
কড়কচ, পুং. [কড়+কচ] করকচলবণ, সামুদ্রিক লবণবিশেষ।
কড়কন, (প্রা) ক্ষত শুষ্কহওন, মুসড়ান; অঙ্কুর, বীজোদ্ভেদ, গজান।
কড়ঙ্কর, পুং. [কড়ঙ্+কর] কড়ঙ্গর, ভূষী, আগড়া; শুষ্কনাল।
কড়ঙ্করীয়, ত্রি. [কড়ঙ্কর+ঈয়] কড়কর্যা, কড়ঙ্করদ্বারা প্রতিপালিত।
কড়ঙ্গ, পুং. [কড়্+অঙ্গ] সুরাবিশেষ, এক প্রকার মদ্য।
কড়ঙ্গর, পুং. [কড়্+অঙ্গর] বিচালি; ভূষী, আগড়া, তুষ।
কড়ত্র, ন. [কড়্+অত্র] পাত্রবিশেষ।
কড়ম্ব, পুং. [কড়্+অম্ব] শাকনাড়িকা, ডাঁটা, কলম্ব; কোণ; প্রান্তভাগ। [শাক।
কড়ম্বী, স্ত্রী. [কড়ম্ব+ঈ] কলম্বীশাক, কল্‌মী-
কড়রা, (প্রা) শক্ত, কর্কশ, দৃঢ়। [শক্ত।
কড়া, (প্রা) কটক; কপর্দ্দক; কটাহ; কটু;
কড়াই, (প্রা) কলাই, মাষমুদ্গ মটরপ্রভৃতি।
কড়াকড়া, (প্রা) কৌড়ী২; শক্ত২।
কড়াৎ, (প্রা) অব্যক্ত শব্দ; আয়াস।
কড়ানিয়া, (প্রা) শতপর্য্যন্ত কপর্দ্দক গণনা, কাঁচাগণনা।
কড়ার, পুং. [কড়+আর] পিঙ্গলবর্ণ; (ত্রি) তদ্বর্ণযুক্ত; গ্রন্থক; দাস; (প্রা) কালনিরূপণ।
কড়ি (প্রা) কপর্দ্দক; আড়কাঠ; আড়া।
কড়িকাঠ, (প্রা) কড়িকাষ্ঠ, আড়কাঠা।
কড়িকান, (প্রা) শুকান, কড়কন, মুসড়ান।
কড়িকুষ্টা, (প্রা) কৃপণ, অদাতা।
কড়িচণ্ডাল্যা, (প্রা) উৎকোচগ্রাহী, ঘুষখেকুয়া, অর্থপ্রিয়। [খাঁড়া।
কড়িতুল, পুং. [কড়ি+তুল] খড়্গ, অসি,
কড়িয়া, (প্রা) কনিষ্ঠাঙ্গুলী; ক্ষুদ্র, ছোট।
কড়িয়াঙ্গুল, (প্রা) কনিষ্ঠা অঙ্গুলী, কড়েআঙ্গুল।
কড়িয়ারাঁড়ী, (প্রা) বালবিধবা, শৈশবাবস্থাতে স্বামিহীনা, বালরণ্ডা।
কড়িয়াল, (প্রা) ধনী, অর্থবান্, আঢ্য।
কড়িয়ালী, (প্রা) বল্‌গা, মুখস; লাগাম।
কড়ুয়া, (প্রা) কটু, তিক্ত, কুরস, তীব্র।
কড়ে, (প্রা) কনিষ্ঠ, ছোট, ক্ষুদ্র।
কড়্‌কড়, (প্রা) কঠিনদ্রব্যের শব্দ, অবস্থন।
কড়্‌কড়ি, (প্রা) শুষ্কঅন্নাদি।
কড়মড়, (প্রা) কঠিনদ্রব্যের চর্ব্বণ শব্দ।
কড়মড়িয়া, (প্রা) কঠিন, শক্ত; অত্যন্তশুষ্ক।
কণ, পুং. [কণ্+অ] অতিসূক্ষ্ম; ধান্যাংশ; (স্ত্রী.) কণী, কণিকা; বনজীরক।

কণগুগ্‌গুলু, পুং. [কণ+গুগ্‌গুলু] গুগ্‌গুলু-প্রভেদ, তৎপর্য্যায়।—গন্ধরাজ, স্বর্ণকর্ণ, সুবর্ণ, কনক, বংশপীত, সুরভি, পলঙ্কষ।

কণজীর, পুং. [কণ+জীর] শ্বেতজীরক, শাদাজীরা।

কণজীরক, ন. [কণ+জীরক] ক্ষুদ্রজীরক, হৃদ্যগন্ধি, সুগন্ধ।

কণভক্ষক, পুং. [কণ+ভক্ষক] ভারিটপক্ষী; কণভোক্তা। [জলেরঘূর্ণা।

কণলাভ, পুং. [কণ+লাভ] জলের আবর্ত্ত,

কণা, স্ত্রী. [কণ+আ] জীরক; কুম্ভীরমক্ষিকা; পিপ্পলী, পিঁপুল; শ্বেতজীরক; অল্প; ক্ষুদ্রাংশ; বিন্দু।

কণাটীন, পুং. [কণ+অট+ইন] খঞ্জনপক্ষী।

কণাটীর-কণাটীরক, পুং. [কণ+অট+ঈর-ক] খঞ্জনপক্ষী।

কণাদ, পুং. [কণ+অদ] স্বনামখ্যাত মুনি-বিশেষ, কাশ্যপ, বৈশেষিক দর্শনকর্ত্তা; স্বর্ণকার, কলাদ, রুক্মকারক।

কণামাত্র, (প্রা) একবিন্দু, কিঞ্চিন্মাত্র, অত্যল্প অংশ।

কণি, (প্রা) নখকোণ, কুণী।

কণিক, পুং. [কণ+ইক] কণা; শত্রু; নীরাজন বিধি; শুষ্ক গোধূমচূর্ণ।

কণিকা, স্ত্রী. [কণ+ইকা] অত্যন্ত সুক্ষ্মবস্তু; অগ্নিমন্থবৃক্ষ; কণা; তণ্ডুলবিশেষ; লেশ, বিন্দু; ক্ষুদ্রাংশ; খুদ।

কণিত, ন. [কণ+ইত] আর্ত্তরব, পীড়িত ব্যক্তির শব্দ। [শিষ।

কণিশ, ন. [কণ+ইশ] শস্যমঞ্জরী, ধান্যাদির

কণিষ্ঠপদ, পুং. [কণিষ্ঠ+পদ] গণি[illegible]ঙ্কের আদ্য পদ, কনিষ্ঠমূল।

কণী, স্ত্রী. [কণ+ঈ] কণিকা।

কণীক, ত্রি[illegible]ণী+ক] অল্প। [শকট

কণীচি, স্ত্রী. [কণ+ঈচি] পুষ্পকীটবিশেষ;

কণীয়স্, ত্রি. [কণ+ঈয়স]অত্যল্প; অতিসূক্ষ্ম; কনিষ্ঠ, কনীয়স্।

কণুই, (প্রা) কফোণি, বাহুরঅধোগ্রন্থি।

কণের, পুং. [কণ+এর] কর্ণিকারবৃক্ষ।

কণেরা, স্ত্রী. [কণের+আ] বেশ্যা; হস্তিনী।

কণেরু, স্ত্রী. [কণ+এরু] বেশ্যা; করিণী, করেণু, (পুং.) কর্ণিকারবৃক্ষ। [শীতল।

কণ্‌কণিয়া, (প্রা) অতিশয় শীতল, তুষারবৎ-

কণ্টক, পুং. ন. [কন্‌ট্‌+অক] ক্ষুদ্রশত্রু; মৎসের আদ্যঅস্থি; নৈয়ায়িকাদি দোষোক্তি; রোমাঞ্চ; দ্রুমাঙ্গ, কাঁটা; কেন্দ্র; (পুং.) সূচ্যগ্র; লোমহর্ষ; কর্ম্ম-স্থান; দোষ; মকর; বেণু।

কণ্টককীট, পুং. [কণ্টক+কীট] কণ্টকান্বিত কীটবিশেষ, শুয়াপোকা।

কণ্টকদ্রুম, পুং. [কণ্টক+দ্রুম] শাল্মলী-বৃক্ষ, শিমুলগাছ; (ত্রি) কাঁটাযুক্ত গাছ।

কণ্টকপ্রাবৃতা, স্ত্রী. [কণ্টক+প্রাবৃতা] গৃহ-কন্যা, ঘৃতকুমারী।

কণ্টকফল, পুং. [কণ্টক+ফল] কণ্টকীফল বৃক্ষ, পনস, কাঁটাল; গোক্ষুরবৃক্ষ।

কণ্টকবৃন্তাকী, স্ত্রী. [কণ্টক+বৃন্তাকী] বার্ত্তাকু, বার্ত্তাকী, বেগুণ।

কণ্টকভুক্, পুং. [কণ্টক+ভুজ্] উষ্ট্র,ক্রমেলক, উট।

কণ্টকমর্দ্দন, ত্রি. [কণ্টক+মর্দ্দন] কণ্টকদলন, বিবাদ ভঞ্জন।

কণ্টকশ্রেণী, স্ত্রী. [কণ্টক+শ্রেণী] কণ্টকারী; শজারুনাম জন্তুবিশেষ।

কণ্টকাগার, পুং. [কণ্টক+আগার] সরট নামে জন্তুবিশেষ; শল্লকী, শজারু।

কণ্টকাঢ্য, পুং. [কণ্টক+আঢ্য] কুব্জকবৃক্ষ।

কণ্টকারিকা, স্ত্রী. [কণ্টক+অরিকা] স্বনাম-খ্যাত ক্ষুদ্রবৃক্ষ, তৎপর্য্যায়।—নিদিগ্ধিকা, স্পৃশী, ব্যাঘ্রী, বৃহতী, প্রচোদনী, কুলী, ক্ষুদ্রা, দুস্পর্শা, রাষ্ট্রিকা, অনাক্রান্তা, ভণ্টাকী, সিংহী, ধাবনিকা, কণ্টকারী, কণ্টকিনী, দুস্পর্ধর্ষিণী, নিদিগ্ধা, ধাবনী, ক্ষুদ্রকণ্টিকা, বহুকণ্টা, ক্ষুদ্রফলা, চিত্রফলা, কণ্টালিকা।

কণ্টকারী, স্ত্রী. [কণ্টক+অরী] কণ্টকারিকা শাল্মলী বৃক্ষ; বিকঙ্কত বৃক্ষ, বঁইচিগাছ

কণ্টকাল, পুং. [কণ্টক+আল] পনসবৃক্ষ, কাঁটাল।

কণ্টকালুক, পুং. [কণ্টক+আলুক] যবাসবৃক্ষ।
কণ্টকাশন, পুং. [কণ্টক+অশন] উষ্ট্র, ক্রমেলক, উট
কণ্টকাষ্ঠীল, পুং. [কণ্টক+অষ্ঠীল] মৎস্য-বিশেষ, কুলিশ।
কণ্টকিজ, ত্রি. [কণ্টকিন্+জ] কণ্টকীমৎস্য জাত; কণ্টকীবৃক্ষোৎপন্ন।
কণ্টকিনী, স্ত্রী. [কণ্টকিন্+ঈ] বার্ত্তাকী; শোণঝিণ্টী; মধুখর্জ্জুরী।
কণ্টকিফল, পুং. [কণ্টকি+ফল] বৃক্ষবিশেষ, কাঁটাল, তৎপর্য্যায়।—পনস, পলস, কণ্টকীফল, কণ্টকফল, মহাসর্জ্জ, ফলিন, ফলবৃক্ষক, স্থূল, কণ্টাফল, মূলফলদ, অ-পুষ্পফলদ, পূতফল, চম্পকোষ, চম্পালু, রসাল, মৃদঙ্গফল, পানস; সমষ্ঠিলবৃক্ষ।
কণ্টকিল, পুং. [কণ্টক+ইল] বংশবিশেষ, বেউড়বাঁশ। [শষা।
কণ্টকিলতা, স্ত্রী. [কণ্টকি+লতা] ত্রপুষী
কণ্টকী, পুং. [কণ্টক+ইন্] মৎস্য; খদির বৃক্ষ; মদনবৃক্ষ; গোক্ষুরবৃক্ষ; বংশ; বদরবৃক্ষ; (স্ত্রী.) বার্ত্তাকীবিশেষ, কাঁটা বাগুণ।
কণ্টকীদলা, স্ত্রী. [কণ্টকী+দলা] কেতকী-বৃক্ষ, কেয়াগাছ।
কণ্টকীদ্রুম, পুং. [কণ্টকী+দ্রুম] খদিরবৃক্ষ, খএরগাছ। [কাঁটাল।
কণ্টকীফল, পুং. [কণ্টকী+ফল] কণ্টকিফল,
কণ্টকোদ্ধারণ, ন. [কণ্টক+উদ্ধারণ] কণ্টক উদ্ধারকরণ; বিবাদ ভঞ্জন।
কণ্টকুরণ্ট, পুং. [কণ্ট+কুরণ্ট] ঝিণ্টী।
কণ্টতনু, স্ত্রী. [কণ্ট+তনু] বৃহতী।
কণ্টদলা, স্ত্রী. [কণ্ট+দলা] কেতকীবৃক্ষ, কেয়াগাছ। [বঁইচিগাছ।
কণ্টপত্র, পুং. [কণ্ট+পত্র] বিকঙ্কতবৃক্ষ,
কণ্টকপত্রফলা, স্ত্রী. [কণ্টক+পত্র+ফলা] ব্রহ্মদণ্ডীবৃক্ষ। [বঁইচিগাছ।
কণ্টপাদ, পুং. [কণ্ট+পাদ] বিকঙ্কতবৃক্ষ,
কণ্টফল, পুং. [কণ্ট+ফল] ক্ষুদ্রগোক্ষুর; পনস; ধুস্তুর; লতাকরঞ্জ; তেজঃফল; এরণ্ড।
কণ্টফলা, স্ত্রী. [কণ্ট+ফলা] দেবদালীলতা।
কণ্টল, পুং. [কণ্ট+ল] বৃক্ষবিশেষ, বাবলা-গাছ, তৎপর্য্যায়।—বাবল, স্বর্ণপুষ্প, সূক্ষ্মপত্র।
কণ্টবল্লী, স্ত্রী. [কণ্ট+বল্লী] শ্রীবল্লীবৃক্ষ।
কণ্টবৃক্ষ, পুং. [কণ্ট+বৃক্ষ] তেজঃফলবৃক্ষ।
কণ্টাকারী, পুং. [কণ্টাকার+ইন্] পনস-বৃক্ষ, কাঁটালগাছ।
কণ্টাফল, পুং. [কণ্টা+ফল] পনসবৃক্ষ, কাঁটালগাছ। [ঝিণ্টী।
কণ্টার্ত্তগলা, স্ত্রী. [কণ্ট+আর্ত্তগলা] নীল-
কণ্টালু, পুং. [কণ্টা+আলু] বংশ; বৃহতী; বার্ত্তাকী; বর্ব্বূর।
কণ্টাহ্বয়, ন. [কণ্টা+আহ্বয়] পদ্মকন্দ, পদ্মেরগেঁড়ো।
কণ্টী, পুং. [কণ্ট+ইন্] কলায়; অপামার্গ; খদির; গোক্ষুর।
কণ্ঠ, ত্রি. [কণ্+ঠ] গ্রীবার পুরোভাগ, গল, গলদেশ, গলা; নিকট; ধ্বনি; (পুং.) মদনবৃক্ষ; হোমকুণ্ডের বাহির অঙ্গুলি পরিমিত স্থান। [যন্ত্রবিশেষ।
কণ্ঠকূণিকা, স্ত্রী. [কণ্ঠ+কূণিকা] বীণা, বাদ্য
কণ্ঠগ, ত্রি. [কণ্ঠ+গ] কণ্ঠগত, ভক্ষিত।
কণ্ঠতলাসিকা, স্ত্রী. [কণ্ঠতল+অসিকা] অশ্বের গ্রীবাবেষ্টক রজ্জু চর্ম্মাদি।
কণ্ঠনীড়ক, পুং. [কণ্ঠ+নীড়ক] চিল্লপক্ষী, চিল। [মসাল।
কণ্ঠনীলক, পুং. [কণ্ঠ+নীলক] উল্কা,
কণ্ঠপাশক, পুং. [কণ্ঠ+পাশক] হস্তির গল-বেষ্টক রজ্জু।
কণ্ঠভূষা, স্ত্রী. [কণ্ঠ+ভূষা] কণ্ঠাভরণ, গ্রীবার অলঙ্কার, তৎপর্য্যায়।—গ্রৈবে-য়ক, গ্রৈবেয়, গ্রৈব, রুচক, নিষ্ক, হার।
কণ্ঠমণি, পুং. [কণ্ঠ+মণি] গলদেশে ধারণীয় মণি, কাকল।
কণ্ঠমালা, স্ত্রী. [কণ্ঠ+মালা] হার বিশেষ, কণ্ঠাভরণ ভেদ। [ধৃত।
কণ্ঠলগ্ন, ত্রি. [কণ্ঠ+লগ্ন] কণ্ঠসংযুক্ত, কণ্ঠ-
কণ্ঠলতা, স্ত্রী. [কণ্ঠ+লতা] অশ্বের গল-বন্ধন বিশেষ, গলাসি।

কণ্ঠসজ্জন, ন. [কণ্ঠ+সজ্জন] গ্রীবার চতুর্দ্দিগে পতিত বস্ত্রাদি।

কণ্ঠস্থ, ত্রি. [কণ্ঠ+স্থ] কণ্ঠস্থিত; মুখস্থ; অভ্যস্ত। [কানকুয়া।

কণ্ঠা, স্ত্রী. [কণ্ঠ+আ] গলদেশ, গলা; মাছের

কণ্ঠাগত, ত্রি. [কণ্ঠ+আগত] শরীর ত্যাগে উদ্যত; কণ্ঠমাত্রে স্থিত শ্বাস।

কণ্ঠাগ্নি, পুং. [কণ্ঠা+অগ্নি] পক্ষী।

কণ্ঠাভরণ, ন. [কণ্ঠা+আভরণ] হার বিশেষ, কণ্ঠমালা, কণ্ঠভূষণ

কণ্ঠাল, পুং. [কণ্ঠা+অল] শূরণ; যুদ্ধ; নৌকা; খনিত্র; ক্রমেলক, উষ্ট্র; গোণীপ্রভেদ।

কণ্ঠালা, স্ত্রী. [কণ্ঠাল+আ] জালগোণিকা।

কণ্ঠি, স্ত্রী. [কণ্ঠ+ই] কণ্ঠাভরণ; একনরীহার, কণ্ঠমালা।

কণ্ঠিকা, স্ত্রী. [কণ্ঠ+ইক+আ] কণ্ঠাভরণ, একনরী কণ্ঠী।

কণ্ঠী, স্ত্রী. [কণ্ঠ+ঈ] অশ্বের কণ্ঠবেষ্টন রজ্জু চর্ম্মাদি; গল। [মত্তহস্তী।

কণ্ঠীরব, পুং. [কণ্ঠী+রব] সিংহ; পারাবত;

কণ্ঠীরবী, স্ত্রী. [কণ্ঠীরব+ঈ] বাসকবৃক্ষ।

কণ্ঠেকাল, পুং. [কণ্ঠে+কাল] মহাদেব, শিব, শম্ভু।

কণ্ঠ্য, ত্রি. [কণ্ঠ+য] কণ্ঠোদ্ভব শব্দাদি, কণ্ঠাভিঘাতে উচ্চার্য্য, কণ্ঠ হইতে উচ্চারিত।

কণ্ঠ্যবর্ণ, ন. [কণ্ঠ্য+বর্ণ] কণ্ঠ হইতে উচ্চার্য্য বর্ণ অ, আ, হ।

কণ্ড, (প্রা) কণ্ঠ সম্বন্ধীয়, কণ্ঠ্যবর্ণ।

কণ্ডন, ন. [কনূড়্+অন] উদুখলাদিদ্বারা তণ্ডুলাদি নির্ম্মলী করণ, কাঁড়ন।

কণ্ডনী, স্ত্রী. [কণ্ডন+ঈ] উদূখল; উখলী।

কণ্ডরা, স্ত্রী. [কনূড়্+অরা] মহাস্নায়ু, মহানাড়ী।

কণ্ডার, (প্রা) কানাৎ, বস্ত্রাচ্ছাদন, তাঁবু, বস্ত্রবেশ্ম।

কণ্ডু, স্ত্রী, কণ্ডূ, কণ্ডূয়ন, চুলকানী; খোস।

কণ্ডুয়া, স্ত্রী. [কণ্ডু+য়া] কণ্ডূয়ন চুলকানী, খোস। [তৃণ।

কণ্ডুর, পুং. [কণ্ডু+র] কারবেল্ললতা, কুন্দর

কণ্ডুরা, স্ত্রী. [কণ্ডু+রা] কপিকচ্ছু, অত্যম্লপর্ণী।

কণ্ডূ, স্ত্রী. রোগবিশেষ, চুল্কনি, খোস, তৎপর্য্যায়।—খর্জ্জু, কণ্ডূয়া, কণ্ডতি, কণ্ডূয়ন।

কণ্ডূকরী, স্ত্রী. [কণ্ডূ+করী] শূকশিম্বীবৃক্ষ।

কণ্ডূঘ্ন, পুং. [কণ্ডূ+ঘ্ন] আরগ্বধ; কণ্ডূয়ন রোগনাশক; শ্বেতসর্ষপ।

কণ্ডতি, স্ত্রী. [কণ্ডূ+তি] কণ্ডূ, চুল্কনি।

কণ্ডূয়ন, ন. [কণ্ডূ+য়ন্] কণ্ডূ, চুল্কনি, খোস্। [কারক।

কণ্ডূয়নক, পুং. [কণ্ডূয়ন+ক] কণ্ডূয়ন-

কণ্ডূয়মান, ত্রি. [কণ্ডূয়+মৎ] কণ্ডূয়নকারক, চুল্কানিয়া, ঘর্ষণকারী। [খোস।

কণ্ডূয়া, স্ত্রী. [কণ্ডূ+য়া] কণ্ডূ, চুল্কনি,

কণ্ডূয়িত, ত্রি. [কণ্ডূ+য়িত] ঘর্ষিত, চুল্কনি

কণ্ডুরা, স্ত্রী. [কণ্ড+রা] বৃক্ষবিশেষ, আল্কুশী গাছ, তৎপর্য্যায়।—আত্মগুপ্তা, জড়া, অধ্যণ্ডা, প্রাবৃষায়ণী, ঋষ্যপ্রোক্তা, শূকশিম্বি, কপিকচ্ছু, মর্কটী, অজহা, অব্যণ্ডা, কণ্ডুরা, শূকশিম্বী, শূকশিম্বা, কপিকচ্ছূ, ঋষভ, স্বগুপ্তা।

কণ্ডূল, পুং. [কণ্ড+ল] শূরণ, (ত্রি.) কণ্ডূযুক্ত।

কণ্ডোল, পুং. [কণ্ড+ওল] নলবংশাদি রচিত ধান্যাদি স্থাপন পাত্র, ডোল, তৎপর্য্যায়।—পিট, পিটক, পেটক, কণ্ডোলক; উষ্ট্র।

কণ্ডোলক, পুং. [কণ্ডোল+ক] কণ্ডোল, ডোল; ধান্যস্থাপনার্থ পাত্রবিশেষ।

কণ্ডোলবীণা, স্ত্রী. [কণ্ডোল+বীণা] চণ্ডালবীণা, কেঁদ্ড়া, তৎপর্য্যায়।—চাণ্ডালিকা, চণ্ডালবল্লকী, চণ্ডালিকা, কটোলবীণা।

কণ্ডোলী, স্ত্রী. [কণ্ডোল+ঈ] কণ্ডোলবীণা।

কণ্ড্বোঘ, পুং. [কণ্ডু+ওঘ] শূককীট, শূয়াপোকা।

কণ্ব, পুং. [কণ্+ব] মুনিবিশেষ, পুরুবংশ জাত অপ্রতিরথ নাম ক্ষত্রিয় পুত্র; (ন.) কলুষ, পাপ।

কত, পুং. [কৈ+অত] মুনিবিশেষ; কতকবৃক্ষ; (প্রা) কিয়ৎ, কতি; পরিমাণ বা সংখ্যা জিজ্ঞাসা।

কতক, পুং. [কত+ক] বৃক্ষবিশেষ, নির্ম্মলীগাছ, তৎপর্য্যায়।—অম্বুপ্রসাদ, কত, তিক্তফল, রুচ্য, ছেদনীয়, গুচ্ছফল, কতফল, তিক্তমরিচ; (প্রা) কতিপয়, কএক, অসমগ্র, কিছু।

কতকগুলা, (প্রা) কতিপয়, কিয়ৎসংখ্যক।

কতকগুলি, (প্রা) কতকগুলা, কতিপয়।

কতক্ষণ, (প্রা) কিয়ৎকাল, কিছুকাল, কিঞ্চিৎসময়।

কতটা, (প্রা) কতখানি, কতিপয়, কিয়ৎসংখ্যক।   [ফল।

কতফল, পুং. [কত+ফল] কতকবৃক্ষ,নির্ম্মলী

কতম, ত্রি. [কিম্+তম] অনেকের মধ্যে কোন এক ব্যক্তি, অনির্দ্দিষ্ট ব্যক্তি।

কতমাল, পুং. [কত+মাল] অনল, অগ্নি, বহ্নি, কচমাল, খতমাল।

কতর, ত্রি. [কিম্+তর] দুইয়ের মধ্যে কোন এক ব্যক্তি।

কতরণ, (প্রা) মেষের লোমচ্ছেদন; কর্ত্তন।

কতকক্ষণ, (প্রা) কিয়ৎকাল, কতকাল।

কতি, ত্রি. [কিম্+তি] কিয়ৎ পরিমাণ বা সংখ্যা, কত।   [কথন।

কতিচিৎ, ব্য. [কতি+চিৎ] কোন প্রকারে;

কতিথ, ত্রি. [কতি+থ] কত, বিস্তর।

কতিপয়, ত্রি. [কতি+পয়] কতি, কতকগুলি, কয়েক, কতেক।   [গুলিন।

কতিপয়থ, ত্রি. [কতি+পয়থ] কতেক, কত-

কতিবিধ, ত্রি. [কতি+বিধ] কতপ্রকার।

কতেক, (প্রা) কতিপয়, কতগুলি, কিয়ৎসংখ্যক।

কৎকৎ, (প্রা) অনুতাপ, মনোদুঃখ,; খেদ।

কত্তৃণ, ন. [কৎ+তৃণ] সুগন্ধিতৃণবিশেষ, রামকর্পূর, তৎপর্য্যায়।—পৌর, সৌগন্ধিক, ধ্যাম, দেবজগ্ধক, রৌহিষ, সুগন্ধ, তৃণশীত, সুশীতল, রোহিষতৃণ, কাত্তৃণ, ভূতি, ভূতিক, শ্যামক, ধ্যামক, পুতি, মুদ্গাল, দেবদগ্ধক; পৃশ্নি, চাকুলিয়া।

কত্তোয়, ন. [কৎ+তোয়] মদ্য, মদিরা, সুরা।

কৎসবর, ন. [কৎ+সবর[স্কন্ধ; স্কন্ধাস্থি।

কথং, ব্য. [কিম্+থম্] কিংপ্রকারে, কিরূপে, কেন।

কথক, ত্রি. [কথ+ক] বক্তা; কথোপজীবী, পুরাণবক্তা; নাটক বর্ণনকর্ত্তা, একনট, কথাপ্রাণ; (প্রা) কিঞ্চিৎ।

কথঙ্কথিক, ত্রি. [কথম্+কথিক] প্রষ্টা, প্রশ্নকর্ত্তা, জিজ্ঞাসক।

কথঙ্কথিকতা, স্ত্রী. [কথম্+কথিকতা] পৃচ্ছা, প্রশ্ন; জিজ্ঞাসা।   [জিজ্ঞাসক।

কথঙ্কথিত, পুং. [কথম্+কথিত] প্রশ্নকর্ত্তা,

কথঞ্চন, ব্য. [কথম্+চন] কোন প্রকারে, কোনরূপে।   [কোন প্রকারে।

কথঞ্চিৎ, ব্য. [কথম্+ চিৎ] কোনরূপে,

কথন, ন. [কথ্+অন] কথা; কহন, বলন, উক্তি, বিবরণ করণ।

কথনীয়, ত্রি. [কথ্+অনীয়] কহিবার উপযুক্ত, বক্তব্য।

কথন্তা, স্ত্রী. [কথ+ন্তা] প্রশ্ন; অনুসন্ধান।

কথম্, ব্য. [কথ্+অম্] হর্ষ, গর্হা; প্রকারার্থ; সম্ভ্রম; প্রশ্ন; সম্ভাবনা।

কথা, স্ত্রী. [কথ্+আ] প্রবন্ধকল্পনা; বাক্য, উক্তি, প্রসঙ্গ; বচনাবকাশ; জল্পক; বাতুল।

কথানুরাগ, পুং. [কথা+অনুরাগ] কথনে আহ্লাদ প্রকাশ, বাক্যানুরাগ;   [গল্প।

কথাপ্রবন্ধ, পুং. [কথা+প্রবন্ধ] আখ্যায়িকা,

কথাপ্রসঙ্গ, ত্রি. [কথা+প্রসঙ্গ] জল্পাক; বাতুল; বিষবৈদ্য।   [বক্তা।

কথাপ্রাণ, ত্রি. [কথা+প্রাণ] কথক; নাটক-

কথাবার্ত্তা, (প্রা) কথোপকথন, আলাপ।

কথাবিরক্ত, ত্রি. [কথা+বিরক্ত] কথনে অনুৎসুক।

কথাযোগ, পুং. [কথা+যোগ] বাক্যালাপ।

কথায়কথায়, (প্রা) প্রতিবাক্যে, প্রত্যেক বচনে।   [অখ্যায়িকা।

কথারম্ভ, পুং. [কথা+আরম্ভ] বাক্যারম্ভ;

কথাসচিব, পুং. [কথা+সচিব] মন্ত্রণাদাতা, মন্ত্রী, কথোপকথনে সহচর।

কথাসংগ্রহ, পুং. [কথা+সংগ্রহ] বাক্য-সংগ্রহ; গল্পসমূহ।
কথিক, ত্রি. [কথ্+ইক] কথক, আখ্যায়ক।
কথিত, ত্রি. [কথ+ইত] উক্ত, কহা, বলা।
কথিতপদ, ন. [কথিত+পদ] যাহা পূর্ব্বে বলা হইয়াছে, পুনরুক্তি।
কথিতব্য, ত্রি. [কথি+তব্য] বক্তব্য, কথ্য, কথনার্হ, বলিবার যোগ্য।
কথোদ্ঘাত, পুং. [কথা+উদ্ঘাত] নাটকারম্ভ, প্রস্তাবনা।
কথোপকথন, ন. [কথা+উপকথন] পরস্পর কথা কহা, আলাপ।
কথোপাখ্যান, ন. [কথা+উপাখ্যান] কথাপ্রসঙ্গ, আখ্যায়িকা।
কথ্য, ত্রি. [কথ+য] বক্তব্য, কথিতব্য, কথনার্হ, কথনীয়।
কদ, পুং. [কদ্+অ] মেঘ, বারিদ; মন্দ।
কদক, পুং. [কদ+ক] বিতান, চন্দ্রাতপ, চাঁদোয়া; (স্ত্রী) কদকা, কদকী।
কদধ্বা, পুং. [কদ্+অধ্বন্] নিন্দিতপথ, তৎপর্য্যায়।—ব্যধ্ব, দুরধ্ব, বিপথ, কাপথ, কদর্য্যপথ, কুপথ, কুৎসিতবর্ত্ম, কুবর্ত্ম।
কদন, ন. [কদ্+অন] পাপ; মর্দ্দন; যুদ্ধ; মারণ। [দ্রুত ভাত।
কদন্ন, ন, [কদ্+অন্ন] কুৎসিত অন্ন, অপরি-
কদম, (যাং) চরণ, পাদ, পা; (প্রা) বৃক্ষবিশেষ।
কদমা, (প্রা) মিষ্টান্নবিশেষ।
কদম্ব, ন. [কদ্+অম্ব] নিকুরম্ব, সমূহ; (পুং.) বৃক্ষবিশেষ, কদম, তৎপর্য্যায়।—নীপ, প্রিয়ক, হলিপ্রিয়, কাদম্ব, ষট্পদেষ্ট, প্রাবৃষেণ্য, হরিপ্রিয়, বৃত্তপুষ্প, সুরভি, ললনাপ্রিয়, কাদম্বর্য্য, সীধুপুষ্প, মহাঢ্য, কর্ণপুরক; সর্ষপ; দেবতাড়ক তৃণ।
কদম্বক, ন. [কদম্ব+ক] সমূহ; (পুং.) হরিদ্রু; সর্ষপ; কদম্ববৃক্ষ।
কদম্বকুসুমাকার, [কদম্ব+কুসুম+আকার] কদম্বকুসুমের ন্যায় গোলাকার।
কদম্বদ, পুং. [কদ্+অম্বদ] সর্ষপ।
কদম্বপুষ্পা, স্ত্রী. [কদম্ব+পুষ্পা] মুণ্ডিতিকা বৃক্ষ, মুণ্ডিরী।
কদম্বপুষ্পী, স্ত্রী. [কদম্ব+পুষ্পী] মহাশ্রাবণিকা বৃক্ষ, মুণ্ডিরীগাছ।
কদম্ববায়ু, পুং. [কদম্ব+বায়ু] সুগন্ধিবায়ু।
কদম্বসন্নিভ, ত্রি. [কদম্ব+সন্নিভ] কদম্বপুষ্পী।
কদম্বানিল, পুং. [কদম্ব+অনিল] সুগন্ধিবায়ু।
কদম্বী, স্ত্রী. [কদম্ব+ঈ] দেবদালীলতা।
কদর, ন. [ক+দর] পায়সভেদ; (পুং.) শ্বেত খদির, কাঁটাবাবলা, তৎপর্য্যায়।—সোমবল্ক, ব্রহ্মশল্য, খদিরোপম; ক্রকচ, করাৎ; ব্যাধিভেদ, কড়াজামুড়া; অঙ্কুশ।—(যাং) মূল্য; অদৃষ্ট, নিয়তি।
কদর্থ, ত্রি. [কদ্+অর্থ] নিরর্থক; অসংলগ্নবাক্য; কুকথা।
কদর্থিত, ত্রি. [কদ্+অর্থিত] ঘৃণিত; নিরর্থক; মন্দকথিত। [নিন্দিত।
কদর্থীকৃত, ত্রি. [কদর্থ+ঈকৃত] ঘৃণিত;
কদর্য্য ত্রি. [কদ্+অর্য্য] ক্ষুদ্র; কৃপণ; কুৎসিত, নিন্দিত; অপকৃষ্ট, মন্দ।
কদর্য্যত্ব, ন. [কদর্য্য+ত্ব] লোভ; অভদ্রতা; অপকৃষ্টতা।
কদল, পুং. [ক+দল] কদলীবৃক্ষ; পৃশ্নিলতা।
কদলক, পুং. [কদল+ক] কদলীবৃক্ষ, রম্ভা, কলা।
কদলা, স্ত্রী, [ক+দলা] পৃশ্নী, চাকুলিয়া; ডিম্বিকা; শাল্মলীবৃক্ষ।
কদলী, স্ত্রী. [কদল+ঈ] ঔষধী বিশেষ, কলা, তৎপর্য্যায়।—বারণবুসা, রম্ভা, মোচা, অংশুমৎফলা, কাষ্ঠীলা, কদল, বারণবুষা, বারবুষা, সুফলা, সুকুমারা, সকৃৎফলা, গুচ্ছফলা, হস্তিবিষাণী, গুচ্ছদন্তিকা, নিঃসারা, রাজেষ্টা, বালকপ্রিয়া, উরুস্তম্ভা, ভানুফলা, বনলক্ষ্মী, কদলক, মোচক, রোচক, লোচক, বারবুষা, বারণবল্লভা, চর্ম্মন্বতী; হরিণবিশেষ; পতাকা; করিবৈজয়ন্তী, হাতির উপরের নিশান।
কদলীক্ষতা, স্ত্রী. [কদলী+ক্ষতা] কর্কটীভেদ; উত্তমাস্ত্রী।
কদশ্ব, পুং. [কদ্+অশ্ব] কুৎসিত ঘোটক।
কদক্ষর, ন. [কৎ+অক্ষর] কুৎসিতবর্ণ, অপকৃষ্ট অক্ষর।

কদা, ব্য. [কিম্+দা] কস্মিন্‌কালে, কোন সময়ে, কবে, কখন্।

কদাকার, ত্রি. [কৎ+আকার] কুৎসিতাকার, কুৎসিত আকৃতি, কুরূপ ; কুশ্রী।

কদাকৃতি, পুং. [কৎ+আকৃতি] কুরূপ, কুশ্রী, কুৎসিত গঠন।

কদাখ্য, ন. [কৎ+আখ্য] কুষ্ঠবৃক্ষ, কুড়,তৎ-পর্য্যায়।—কৌবের, দুষ্ট, বাপ্য।

কদাচ, ব্য. [কদা+চ] কদাচিৎ, কদাচন, কখন, কস্মিন্‌কালে।

কদাচন, ব্য. [কদা+চন] কস্মিন্‌কালে, কর্হিচিৎ, কদাচিৎ, কোনসময়ে।

কদাচার, ত্রি. [কদ্+আচার] কুব্যবহার, অসদাচার, দুরাচার, জঘন্যব্যবহার।

কদাচিৎ, ব্য. [কদা+চিৎ] কস্মিংশ্চিৎকালে, জাতু, কর্হিচিৎ, কোনকালে, কখন, কদাচ।

কদাপি, ব্য. [কদা+অপি] কখনই; কোন এক সময়ে ; কোনকালে; মধ্যে মধ্যে।

কদু, (যাং) অলাবু, লাউ।

কদুক্তি, স্ত্রী. [কৎ+উক্তি] দুর্ব্বাক্য, অপ-ভাষা, কটুকথা।

কদুষ্, (প্রা) ঈষদুষ্ণ, অল্পতপ্ত, কদুষ্ণ।

কদুষ্ণ, ন. [কদ্+উষ্ণ] ঈষদুষ্ণ, তৎপর্য্যায়। কোষ্ণ, কবোষ্ণ, মন্দোষ্ণ, অমুষ্ণ, ঈষ-ত্তপ্ত, কিঞ্চিৎগরম; (ত্রি.) উষ্ণ, গরম।

কদ্রথ, পুং. [কৎ+রথ] কুৎসিতরথ।

কদ্রবা, স্ত্রী. [কৎ+রবা] লতাবিশেষ।

কদ্রু, পুং. [কৎ+রু] পিঙ্গলবর্ণ; (ত্রি) তদ্বি-শিষ্ট, (স্ত্রী) নাগমাতা, কশ্যপপত্নী, দক্ষকন্যা।

কদ্রুপুত্র, পুং. [কদ্রু+পুত্র] নাগ, সর্প।

কদ্রুসুত, পুং. [কদ্রু+সুত] নাগ, কাদ্রবেয়, কঞ্চুকালু, কদ্রুপুত্র। [দক্ষকন্যা।

কদ্রূ, স্ত্রী.[কৎ+রূ] কশ্যপভার্য্যা, নাগমাতা,

কদ্বদ, ত্রি. [কৎ+বদ] কুৎসিতবক্তা, গর্হ্য-বাদী, দুর্ব্বাক্; অতিকুৎসিত।

কধী-কধু, (প্রা) কদাপি, কভু, কখন।

কনক, ন. [কন্+অক [স্বর্ণ; (পুং.) পলাশ-বৃক্ষ; নাগকেশরবৃক্ষ; ধুস্তূরবৃক্ষ; কাঞ্চ-নালবৃক্ষ ; কালীয়বৃক্ষ ; চম্পকবৃক্ষ; কাস-মর্দ্দবৃক্ষ; কণগুগ্গুলুবৃক্ষ; লাক্ষাতরু; সর্প। [বিশেষ।

কনকচম্পক, ত্রি. [কনক+চম্পক] লতা-

কনকচাঁপা, (প্রা) কনকচম্পকলতা।

কনকচূর, ত্রি. [কনক+চূর] ধান্যবিশেষ, খৈরধান্য।

কনকঝিঙ্গা, (প্রা) লতাবিশেষ।

কনকটঙ্ক, পুং. [কনক+টঙ্ক] সুবর্ণকুঠার।

কনকতেল, (প্রা) তৈলবিশেষ।

কনকদণ্ডক, ন. [কনক+দণ্ডক] রাজচ্ছত্র, রাজচিহ্ন।

কনকধুতুরা, (প্রা)ধুস্তূরবিশেষ। [রেণু।

কনকপরাগ, পুং. [কনক+পরাগ] কনক-

কনকপল, পুং. [কনক+পল] পলপরিমাণ, সুবর্ণাদি পরিমাণক ১৬ ষোড়শমাষক, কুরুবিস্ত।

কনকপ্রভা, স্ত্রী.[কনক+প্রভা] লতাবিশেষ, মহাজ্যোতিষ্মতী।

কনকপ্রসবা, স্ত্রী.[কনক+প্রসবা]স্বর্ণকেতকী।

কনকভঙ্গ, পুং. [কনক+ভঙ্গ] স্বর্ণচূর্ণ, সুবর্ণ-খণ্ড। [নির্ম্মিত।

কনকময়, ত্রি. [কনক+ময়] স্বর্ণময়, স্বর্ণ-

কনকরম্ভা, স্ত্রী. [কনক+রম্ভা] সুবর্ণকদলী।

কনকরস, পুং. [কনক+রস] হরিতাল।

কনকলোদ্ভব, পুং. [কনকল+উদ্ভব] রাল, ধূনা, সর্জ্জরস।

কনকসূত্র, ন. [কনক+সূত্র] স্বর্ণরজ্জু, হেম-সূত্র, সুবর্ণতন্তু, সোণারসুত।

কনকস্থলী-কনকস্থান, স্ত্রী. [কনক+স্থল+ঈ] কাঞ্চনকন্দর, সুবর্ণাদিধাতূৎপত্তিস্থান।

কনকক্ষার, পুং, [কনক+ক্ষার] টঙ্কণ, সো-য়াগা

কন্‌কন্, (প্রা) ঝন্‌ঝন্‌শব্দ, টন্‌টন্‌শব্দ।

কনকাচল, পুং. [কনক+অচল] সুমেরু-পর্ব্বত, অস্তগিরি ; দানবিশেষ।

কনকাধ্যক্ষ, পুং. [কনক+অধ্যক্ষ] সুবর্ণ-রক্ষক, ভৌরিক। [বৃক্ষ।

কনকারক, পুং. [কন+কারক] কোবিদার-

কনকারাঙ্গা, (প্রা) লতাবিশেষ।

কনকালুকা, স্ত্রী. [কনক+আলুকা] স্বর্ণকলস, ভৃঙ্গার। [পুষ্প।

কনকাহ্ব, ন. [কনক+আহ্ব] নাগকেশর

কনকাহ্বয়, পুং. [কনক+আহ্বয়] ধুস্তুর-বৃক্ষ; নাগকেশরবৃক্ষ।

কনড়াকা, (প্রা) লতাবিশেষ।

কনন, ত্রি. [কন্+অন] কাণ, একচক্ষু।

কনাৎ, (যাং) কাণ্ডপট, যবনী, তাঁবু।

কনিষ্ঠ, ত্রি. [কন্+ইষ্ঠ] অতিযুবা; অল্প; পশ্চাজ্জাত, জঘন্যজ, যবীয়ান্, অবরজ, অনুজ, কনীয়ান্, কন্যস, যবিষ্ঠ, অনুজাত, অবর, অবরবয়স্ক, অবরজাত, অনুজন্মা।

কনিষ্ঠক, ন. [কনিষ্ঠ+ক] শূকতৃণ।

কনিষ্ঠতা, স্ত্রী. [কনিষ্ঠ+তা] ক্ষুদ্রতা, লঘুতা; অপকৃষ্টতা, অপ্রাধান্যতা।

কনিষ্ঠা, স্ত্রী. [কনিষ্ঠ+আ] দুর্ব্বলাঙ্গুলি, কনীনী, কণীনিকা, কড়্যাআঙ্গুল; নায়িকাবিশেষ। [কনুই।

কনী, স্ত্রী. [কন+ঈ] কন্যা; খাত, গর্ত্ত;

কনীক, ত্রি. [কনী+ক] অতিক্ষুদ্র।

কনীচি, স্ত্রী. [কনী+ঈচি] গুঞ্জা, কুঁচ; পুষ্পযুক্তলতা; শকট; কণীচি।

কনীনিকা, স্ত্রী.[কনীনী+ইকা] কনিষ্ঠাঙ্গুলি; চক্ষুস্তারা।

কনীনী, স্ত্রী. [কনীন+ঈ] কনিষ্ঠাঙ্গুলি।

কনীয়স্, ত্রি. [কন্+ঈয়স্] কনিষ্ঠ, (ন) তাম্র।

কনীয়ান্, ত্রি. [কন্+ঈয়স্] অনুজ, অতিযুবা, অত্যল্প। [কীল।

কনুই-কনুয়, (প্রা) কূর্পর, কফোণি, অরত্নি,

কনের, স্ত্রী.[কন+ঈর] হস্তী; বেশ্যা,কুলটা।

কনোজ, (প্রা) কান্যকুব্জ, কন্যাকুব্জ।

কন্ত-কন্তি, ত্রি. [কন্+ত-ই] আনন্দিত, আহ্লাদিত, কুশলী।

কন্তু, পুং.[কম্+তু] কামদেব; হৃদয়; (ত্রি.) আনন্দিত।

কন্থা, স্ত্রী. [কন্থ+আ] স্যূতকর্পট, জীর্ণবস্ত্ররচিত আচ্ছাদন, কাঁথা; মৃণ্ময়ভিত্তি, কাঁথ্।

কন্থাধারক, পুং. [কন্থা+ধারক] ভিক্ষুক, সন্ন্যাসী, যোগী, (ত্রি) কন্থান্বিত, কন্থাযুক্ত।

কন্থাধারী, পুং. স্ত্রী. [কন্থ'+ধারিন্] ভিক্ষুক, সন্ন্যাসী, সংসারাশ্রমত্যাগী।

কন্থান্বিত, ত্রি. [কন্থা+অন্বিত] কন্থাযুক্ত, কন্থাধারক, দুঃখী।

কন্থাধারণ, ন. [কন্থা+ধারণ] জীর্ণবস্ত্র নির্ম্মিত কন্থাদি পরিধারণ।

কন্থারী, স্ত্রী. [কন্থার+ঈ] বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—কন্থরী, কন্থা, দুর্দ্ধষা, তীক্ষ্ণকন্টকা, তীক্ষ্ণগন্ধা, ক্রূরগন্ধা, দুষ্প্রবেশা।

কন্দ, ন. পুং. [কন্দ+অ] শূরণ, ওল; শস্যমূল; গৃঞ্জন; (পুং.) মেঘ; যোনিরোগ বিশেষ; মিষ্টান্ন; শর্করা।

কন্দগুড়ূচী, স্ত্রী. [কন্দ+গুড়ূচী] গুড়ূচীবিশেষ, কন্দোদ্ভবা, কন্দামৃতা, বহুচ্ছিন্না, বহুরুহা, পিণ্ডালু, কন্দরোহিণী।

কন্দট, ন. [কন্দ+ট] শ্বেতোৎপল, সাদাসুঁদি।

কন্দফলা, স্ত্রী. [কন্দ+ফলা] ক্ষুদ্রকারবেল্লী।

কন্দবর্দ্ধন, পুং.[কন্দ+বর্দ্ধন] মূল,শূরণ,ওল।

কন্দবল্লী, স্ত্রী. [কন্দ+বল্লী] বন্ধ্যাকর্কোটকী।

কন্দবহুলা, স্ত্রী. [কন্দ+বহুলা] ত্রিপর্ণীকা।

কন্দমূল, ন. [কন্দ+মূল] মূলক; মূল।

কন্দর, ন. [কন্দ+র] আর্দ্রক; (পুং. স্ত্রী.) পর্ব্বতেরগহ্বর, গুহা, কৃত্রিমাকৃত্রিম কিম্বা সজল নির্জ্জল, কিম্বা গৃহাকার গিরি নিতম্বদেশ, তৎপর্য্যায়।—দরী, কন্দরা, কন্দরী, দর; (পুং.) অঙ্কুশ।

কন্দরা, স্ত্রী. [কন্দর+আ] গুহা, পর্ব্বতের গহ্বর।

কন্দরাকর, পুং. [কন্দর+আকর] পর্ব্বত।

কন্দরাল, পুং. [কন্দর+আল] গর্দ্দভাণ্ড বৃক্ষ; প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ; আখোটবৃক্ষ।

কন্দরালক, পুং. [কন্দরাল+ক] প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।

কন্দরী, স্ত্রী. [কন্দর+ঈ] গুহা, পর্ব্বতের গহ্বর।

কন্দরোদ্ভবা, স্ত্রী. [কন্দর+উদ্ভবা] ক্ষুদ্রপাষাণ ভেদীবৃক্ষ

কন্দর্প, পুং. [কং+দর্প] কামদেব, অনঙ্গ, মদন; ধ্রুবকভেদ।

কন্দর্পকূপ, পুং. [কন্দর্প+কূপ] যোনি,ভগ।

কন্দর্পজীব, পুং. [কন্দর্প+জীব] কামবৃদ্ধি-নামবৃক্ষ।

কন্দর্পজ্বর, পুং. [কন্দর্প+জ্বর] কামচিন্তা, কামিতা, কামুকত্ব, কামনা, কামাগ্নি।

কন্দর্পমুষল, পুং. [কন্দর্প+মুষল] লিঙ্গ, উপস্থ।

কন্দর্পশৃঙ্খল, পুং. [কন্দর্প+শৃঙ্খল] শৃঙ্গার-বন্ধ, রতিক্রিয়ার আসনভেদ।

কন্দর্পসন্ধি-কন্দর্পসম্বাধ, স্ত্রী. পুং. [কন্দর্প+ সন্ধি-সম্বাধ] যোনি, ভগ।

কন্দল, ত্রি. [কন্দ+ল] কপাল; উপরাগ; নবাঙ্কুর; কলধ্বনি; অপবাদ; (পুং.) কনক; যুদ্ধ; কপাল।

কন্দলতা, স্ত্রী. [কন্দ+লতা] মালাকন্দ।

কন্দলিত, ত্রি. [কন্দল+ইত] প্রস্ফুটিত।

কন্দলী, স্ত্রী. [কন্দল+ঈ] মৃগবিশেষ, যে মৃগের চর্ম্ম ব্যবহার করা যায়; গুল্ম-প্রভেদ; কদলী; পতাকা; পদ্মবীজ।

কন্দলীকুসুম, ন. [কন্দলী+কুসুম] শিলীন্ধ্র।

কন্দশূরণ, পুং. [কন্দ+শূরণ]ওল,মূলবিশেষ।

কন্দসংজ্ঞ, ন. [কন্দ+সংজ্ঞ] যোনিরক্ত রোগবিশেষ, যোন্যর্শ।

কন্দসার, ন. [কন্দ+সার] নন্দনবন।

কন্দাঢ্য, পুং. [কন্দ+আঢ্য] ধরণীকন্দ।

কন্দার্হ, পুং. [কন্দ+অর্হ] শূরণ, ওল্ল।

কন্দালু, পুং. [কন্দ+আলু] কাসালু; ধরণী-কন্দ; ত্রিপর্ণিকা।

কন্দিরী, স্ত্রী. [কন্দির+ঈ] লজ্জালুবৃক্ষ।

কন্দী, পুং. [কন্দ+ইন্] শূরণ।

কন্দু, ত্রি. [কন্দ+উ] লৌহময়পাকপাত্র, তাতুয়া, লোহতা, স্বেদনী, তাওয়া, কড়া; চুল্লী। [খেলনাবিশেষ।

কন্দুক, পুং. [কন্দু+ক] গেণ্ডুক, গেঁড়ু,

কন্দুপক্ক, ন. [কন্দু+পক্ক] জলসেক ব্যতি-রেকে ভৃষ্ট তণ্ডুলাদি, ভাজাচাউলাদি।

কন্দোট, ন. [কন্দ+উট] নীলোৎপল; (পুং.) শুক্লোৎপল

কন্দোত, পুং. [কন্দ+উত] কুমুদ।

কন্ধ, পুং. [কং+ধ] মেঘ; জলধর। [গ্রীবা।

কন্ধর, পুং. [কং+ধর] স্কন্ধ; মেঘ; মারিষবৃক্ষ;

কন্ধরা, স্ত্রী. [কন্ধর+আ] গ্রীবা, গলা, কাঁধ।

কন্ধি, স্ত্রী. [কন্ধ+ই] গ্রীবা, গলা, কাঁধ, (পুং) সমুদ্র।

কন্ন, ন. [কন্+ন] পাতক; মূর্চ্ছা; কল্ল।

কন্যকা, স্ত্রী. [কন্যা+অকা] কুমারী, কন্যা, পুত্রী; পরকীয়া নায়িকাবিশেষ।

কন্যকাচ্ছল, ন. [কন্যকা+ছল] কপটপূর্ব্বক সতীত্বনাশ।

কন্যকাজাত, পুং.স্ত্রী. [কন্যকা+জাত] অ-বিবাহিতাপুত্র; কানীন।

কন্যকাপতি, পুং. [কন্যকা+পতি] জামাতা, বিট্পতি। [ছোটভাই।

কন্যস, পুং. [কনী+অস] কনিষ্ঠভ্রাতা,

কন্যসা, স্ত্রী. [কন্যস+আ] কনিষ্ঠাভগিনী।

কন্যা, স্ত্রী. [কন্+যা] কুমারী,পুত্রী, দুহিতা, সুতা; দশমবর্ষীয়া বালিকা; ওষধী-বিশেষ; ঘৃতকুমারী; স্থূলৈলা; বারাহী-কন্দ; বন্ধ্যাকর্কোটকী; ষষ্ঠরাশি।

কন্যাকা, স্ত্রী. [কন্যা+অকা] কুমারী।

কন্যাকাল, পুং. [কন্যা+কাল] কৌমার-কাল, অক্ষতযোনিত্ব, কন্যাত্ব, অজ্ঞাত-পুরুষতা, কন্যার দশবর্ষ বয়ঃক্রমকাল।

কন্যাকুব্জ, পুং. [কন্যা+কুব্জ] কান্যকুব্জ-দেশ, কনোজ।

কন্যাগত, ত্রি. [কন্যা+গত] কন্যানিষ্ঠ; কন্যা রাশিতে প্রবিষ্ট, কন্যারাশিস্থ।

কন্যাগ্রহণ, পুং. [কন্যা+গ্রহণ] পাণিগ্রহণ, পরিণয়ন, উদ্বাহন।

কন্যাট, পুং. [কন্যা+অট] বাসগৃহ।

কন্যাদাতা, পুং. [কন্যা+দাতৃ] বিবাহে কন্যাসম্প্রদানকর্ত্তা।

কন্যাদান, ন. [কন্যা+দান] বিবাহকালে বরকে কন্যাসম্প্রদান।

কন্যাদূষক, পুং. [কন্যা+দূষক] কুমারী-ভ্রষ্টকারী।

কন্যাদূষণ,ন.[কন্যা+দূষণ]কুমারীভ্রষ্টকরণ।
কন্যাদোষ, পুং. [কন্যা + দোষ] কুমারী-
কলঙ্ক; রোগ; অখ্যাতি
কন্যাপতি, পুং. [কন্যা+পতি] জামাতা।
কন্যাপাল, পুং. [কন্যা+পাল] পালবণিক্, শূদ্রজাতিবিশেষ। [পুত্র।
কন্যাপুত্র, পুং.[কন্যা+পুত্র]কানীন, দুহিতা
কন্যাপ্রদান, ন. [কন্যা+প্রদান] বিবাহে পুত্রীসম্প্রদান।
কন্যাবেদী, পুং. [কন্যা+বেদিন্] জামাতা।
কন্যারাম, পুং. [কন্যা + রাম] বুদ্ধভেদ.
কন্যারাশি, পুং. [কন্যা+রাশি] ষষ্ঠরাশি।
কন্যারাশীয়, ত্রি. [কন্যা+রাশীয়] কন্যারাশি সম্বন্ধীয়, আশ্বিনমাসীয়; লজ্জিত, সলজ্জ, লাজুক, মুখচোরা, অনালাপী।
কন্যাশুল্ক, ন. [কন্যা+শুল্ক] কন্যা বিবাহ পণ; কন্যার যৌতুক। [দৌহিত্র।
কন্যাসমুদ্ভব, পুং. [কন্যা+সমুদ্ভব] কানীন;
কন্যাসম্প্রদান, ন. [কন্যা + সম্প্রদান] বিবাহে কন্যাদান। [কার।
কন্যাহরণ, ন. [কন্যা+হরণ] কুমারী বলাৎ-
কনিকা, স্ত্রী. [কন্যা+ইক+আ] কন্যকা
কন্যুষ, ন. [কন্যা+উষ] হস্তপুচ্ছ, হাতের-পোঁছা।
কপট, পুং.ন. [ক+পট] অযথার্থব্যবহার, প্রতারণা, তৎপর্য্যায়।—ব্যাজ, দম্ভ, উপধি, ছদ্ম, কৈতব, ছল, কূট, কৌট, মায়া, বঞ্চন, প্রলম্ভ, প্রবঞ্চনা, বিপ্রলম্ভ, কল্ক, গিষ, কৈরব, ভণ্ড.
কপটতপস্বী, পুং. [কপট+তপস্বী] বৈড়াল ব্রতিক, ভণ্ডতপস্বী। [শঠতা।
কপটতা, স্ত্রী. [কপট+তা] কাপট্য, ধূর্ত্ততা,
কপটপ্রবন্ধ, পুং.[কপট+প্রবন্ধ] অভিসন্ধান, অভিসন্ধি।
কপটবেশ, পুং. [কপট + বেশ] ছদ্মবেশ, কৃত্রিমবেশ, বেশান্তর, (ত্রি.) ছদ্মবেশী।
কপটবেশী, ত্রি. [কপটবেশ+ইন্] ছদ্মবেশী, বেশধারী; নট, কুশীলব, রঙ্গাজীব; প্রতারক।
কপটলেখ্য, পুং. [কপট+লেখ্য] কূটলেখ।
কপটিক, স্ত্রী. [কপট+ইক] কপটবিশিষ্ট।
কপটিন্, ত্রি. [কপট+ইন্] কপটবিশিষ্ট, কপটধারী। [দ্রব্য।
কপটিনী, স্ত্রী. [কপটিন+ঈ] চীড়ানামগন্ধ-
কপটী, স্ত্রী. [কপট+ঈ] পরিমাণবিশেষ, এক আঁকাড়; (ত্রি)কপটবিশিষ্ট,কপটধারী, ছলী, ছলনাপর, কাপটিক, কাল্পনিক।
কপটেশ্বরী, স্ত্রী. [কপট+ঈশ্বরী] শ্বেতকণ্টকারী।
কপর্দ্দ, পুং. [ক+পৄ+দ] শিবজটাজূট; বরাটক, কড়ী, কাকিনী.
কপর্দ্দক, পুং. [কপর্দ্দ+ক] মহাদেবেরজটাসমুহ; বরাটক, কড়ি, তৎপর্য্যায়। কপর্দ্দ, বরাটিক, চরাচর, চর, বর্জা, বালক্রীড়ক। [(ত্রি.) জটাধারী।
কপর্দ্দী, পুং. [কপর্দ্দ+ইন্] শিব, মহাদেব।
কপাট, ত্রি. [ক+পাট] স্বনামখ্যাত দ্বারাচ্ছাদক কাষ্ঠাদি, তৎপর্য্যায়।—অরর, কবাট, কপাটী, কবাটী, অররী, অররি, বাতায়নাবরোধক, জালকাচ্ছাদন, অবরোধক, দ্বারকণ্টক, অসার।
কপাটঘ্ন, পুং. [কপাট+ঘ্ন] তস্কর
কপাটসন্ধি, পুং. [কপাট+সন্ধি] দ্বারসংযোজন; গুণ্য.ঙ্কশাস্ত্রেরবিধান।
কপাল, পুং.ন.[ক+পাল] শিরোঽস্থি, মাথার খুলি, খাপর, তৎপর্য্যায়।—কর্পর, ভগাল,ললাট, কপিকন্দুক, ভাল; অদৃষ্ট, ভাগ্য, তৎপর্য্যায়।—দৈব, ভাগধেয়, ভবিতব্য, দৈবযোগ, দৈবদশা, দৈবগতি, দৈবিক, দিষ্ট, রিষ্ট, কালনিয়োগ; ঘটাদিরখণ্ড, খাপরা, খোলা; সমূহ; কুষ্ঠরোগবিশেষ; মৃণ্ময়পাত্র; জাতিবিশেষ।
কপালনালিকা, স্ত্রী. [কপাল+নালিকা] তর্কু, টেকো
কপালভৃৎ, পুং.[কপাল+ভৃৎ]শিব,কপালী।
কপালসন্ধি, স্ত্রী. [কপাল + সন্ধি] সমতুল্যসন্ধি। [মাথারখুলি।
কপালিক, ন. [কপাল + ইক] শিরোঽস্থি,
কপালিকা, স্ত্রী. [কপালিক+আ] দন্তরোগবিশেষ; খোলা, খাপরা; কপালধারিণী।

কপালিনী, স্ত্রী. [কপালিন+ঈ] কপালধারিণী, দুর্গা, ভগবতী।
কপালিয়া, (প্রা) ভাগ্যবান, শুভাদৃষ্টবান্।
কপালী, পুং.[কপাল+ইন্]মহাদেব; জাতিবিশেষ; দ্বারোপরিস্থকাষ্ঠ, সরদল।
কপালীয়, ত্রি. [কপাল+ঈয়] সৌভাগ্যবান্, অদৃষ্টবন্ত, ধন্য, লক্ষ্মীবান্, শ্রীমান্; কপালীজাতি ধর্ম্মসম্বন্ধীয়।
কপি, পুং. [কপ+ই] বানর; সিহ্লক; মধুসূদন; ধাত্রিকা; করঞ্জভেদ; যন্ত্রবিশেষ; শাকবিশেষ।
কপিকচ্ছু, স্ত্রী. [কপি+কচ্ছু] বৃক্ষবিশেষ, আলকুশী, তৎপর্য্যায়।—আত্মগুপ্তা, জড়া, অধ্যণ্ডা, কণ্ডূরা, প্রাবৃষায়ণী ঋষ্যপ্রোক্তা, শূকশিম্বি, বানরী, মর্কটী, স্বগুপ্তা, অজহা, কণ্ডূরা, প্রাবৃষায়িণী, প্রাবৃষা, শূকশিম্বী, শূকশিম্বা, কপিকচ্ছু, স্বয়ংগুপ্ত, মহর্ষভী, লাঙ্গলী, কুণ্ডলী, চণ্ডা, দুরভিগ্রহা, কপিরোমফলা, শূকপিণ্ডা, শূকপিণ্ডী, গুপ্তা, দুস্পর্শা, অজড়া, প্রবেষেণ্যা, বদরী, গুরু, আর্ষভী, শিম্বী, বরাহিকা, তীক্ষ্ণা, রোমালু, বনশূকরী, কীশরোমা, রোমবল্লী, শুকশিম্বি, কপীকচ্ছু, শুকপিণ্ডী, কপিপ্রভা।
কপিকচ্ছুফলোপমা, স্ত্রী. [কপিকচ্ছু+ফলোপমা] জতুকালতা।
কপিকচ্ছুরা, স্ত্রী. [কপি+কচ্ছুরা] কপিকচ্ছু।
কপিকন্দুক, ন. [কপি+কন্দুক] শিরোঽস্থি, মাতারখুলি।
কপিকল, (প্রা) যন্ত্রবিশেষ, উপরি দ্রব্যাদি উত্থাপক যন্ত্রবিশেষ। [বৃক্ষ।
কপিকা, স্ত্রী. [কপিক+আ] নীলসিন্দুবার-
কপিকোলি, পুং. [কপি+কোলি] কোলিবিশেষ, শেয়াকুল।
কপিচঞ্চল, পুং. [কপি+চঞ্চল] সিহ্লক।
কপিচূড়া, স্ত্রী.পুং. [কপি+চূড়া] আম্রাতক বৃক্ষ।
কপিচূত, পুং. [কপি+চূত] আম্রাতকবৃক্ষ।
কপিজ, পুং. [কপি+জ] তুরুষ্ক, শিলারস; (ত্রি) বানরজাত।
কপিজজ্বিকা, স্ত্রী. [কপি+জজ্বিকা] তৈলপিপীলিকা।
কপিঞ্জল, পুং. [কপিং+জল] চাতকপক্ষী; পক্ষিবিশেষ, তেজল; তিত্তিরিপক্ষী।
কপিতৈল, ন. [কপি+তৈল] তুরুষ্কনাম গন্ধদ্রব্য।
কপিত্থ, পুং. [কপি+স্থা] বৃক্ষবিশেষ, কৎবেল তৎপর্য্যায়।—দধিত্থ, গ্রাহী, মন্মথ, দধিফল, পুষ্পফল,দন্তশঠ, মালূর,মঙ্গল্য, নীলমল্লিকা, গ্রাহিফল, চিরপাকী, গ্রন্থিফল, কুচফল, কপীষ্ট, গন্ধফল, দন্তফল, করভবল্লভ, কাঠিন্যফল, করণ্ডফলক।
কপিত্থত্বক্, ন. [কপিত্থ+ত্বক্] এলবালুক।
কপিত্থপর্ণী, স্ত্রী. [কপিত্থ+পর্ণী] বৃক্ষবিশেষ; কপিত্থানী, বিরজা, সুরমা, চিত্রপত্রিকা।
কপিত্থাস্য, পুং. [কপিত্থ+আস্য] বানরবিশেষ, গোলাঙ্গুল, দধিশোণ, নগাটন।
কপিধ্বজ, পুং. [কপি+ধ্বজ] অর্জ্জুন।
কপিনামা, পুং. [কপি+নামন্] সিহ্লক।
কপিপিপ্পলী, স্ত্রী. [কপি+পিপ্পলী] রক্তঅপামার্গ; সূর্য্যাবর্ত্তবৃক্ষ।
কপিপ্রভা, স্ত্রী. [কপি+প্রভা] কপিকচ্ছু।
কপিপ্রভু,পুং.[কপি+প্রভু]রঘুনাথ;সুগ্রীব।
কপিপ্রিয়, পুং. [কপি+প্রিয়] আম্রাতক; কপিত্থ, কৎবেল।
কপিবক্ত্র, পুং. [কপি+বক্ত্র] নারদ, নন্দী।
কপিবল্লী, স্ত্রী. [কপি+বল্লী] গজপিপ্পলী।
কপিময়না, (প্রা) বৃহৎকণ্টকবিশিষ্ট বৃক্ষবিশেষ।
কপিরথ, পুং. [কপি+রথ] শ্রীরাম।
কপিল, পুং. [কপি+ল] মুনিবিশেষ; জ্ঞানভক্তি সাংখ্যযোগ প্রচারার্থ ভগবদবতার; কর্দ্দম প্রজাপতির ঔরস হইতে দেবহুতিগর্ভজাত; অগ্নি; কুকুর; সিহ্লক নাম গন্ধদ্রব্য; পিঙ্গলবর্ণ; (ত্রি.) নীল, পীতবর্ণ।
কপিলদ্যুতি, পুং. [কপিল+দ্যুতি] সূর্য্য।
কপিলদ্রাক্ষা, স্ত্রী. [কপিল+দ্রাক্ষা] দ্রাক্ষাবিশেষ, তৎপর্য্যায়।—মৃদ্বীকা, গোস্তনী,

কপিলফলা, অমৃতরসা, দীর্ঘফলা, মধুবল্লী, মধুফলা, মধুলী; হরিতা, হারাহরা, সুফলা, মৃদ্বী, হিমোত্তরা, পথিকা, হৈমবতী, শতবীর্য্যা, কাশ্মরী; আঙ্গুর।

কপিলদ্রুম, পুং. [কপিল+দ্রুম] কাক্ষীনাম সুগন্ধিকাষ্ঠ। [গঙ্গা; তীর্থভেদ।

কপিলধারা, স্ত্রী. [কপিল+ধারা] স্বর্ণদী.

কপিলশিংশপা, স্ত্রী. [কপিল+শিংশপা] শিংশপাবৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—কপিলা, পীতা, সারিণী, কপিলাক্ষী, ভস্মগর্ভা, কুশিংশপা।

কপিলা, স্ত্রী. [কপিল+আ] পুণ্ডরীকনাম দিগ্‌গজপত্নী; ভস্মগর্ভা শিংশপা; রেণুকানামগন্ধদ্রব্য; গোবিশেষ; গৃহকন্যা; শিংশপা; রাজনীতি; নদীবিশেষ।

কপিলাভোগ-কপিলারাই-কপিলাসরু, (প্রা) ধান্যবিশেষ।

কপিলাশ্ব, পুং. [কপিল+অশ্ব] ইন্দ্র।

কপিলাক্ষী, স্ত্রী. [কপি+লাক্ষী] মৃগের্ব্বারু; কপিলশিংশপা। [কচ্ছু।

কপিলোমফলা, স্ত্রী. [কপিলোম+ফলা] কপি-

কপিলোমা, স্ত্রী. [কপি+লোমা] রেণুকানামগন্ধদ্রব্য। [পিতল।

কপিলোহ, ন. [কপি+লোহ] পিত্তল,

কপিল্লিকা, স্ত্রী. [কপিল্ল+ইকা] গজপিপ্পলী।

কপিশ, পুং. [কপি+শ] শ্যাব, কৃষ্ণ পীত মিশ্রিতবর্ণ; (ত্রি) তদ্‌যুক্ত; সিহ্লকনামক গন্ধদ্রব্য, সিহ্লকীবট্টবস্ত্র।

কপিশা, স্ত্রী. [কপিশ+আ] পিশাচমাতৃ।

কপিশাক, (প্রা) শাকপ্রভেদ।

কপিশাঞ্জন, পুং. [কপিশ+অঞ্জন] শিব।

কপিশাপুত্র, পুং. [কপিশা+পুত্র] পিশাচ।

কপিশায়ন, পুং. [কপিশা+অয়ন] দেবতা; মদিরা।

কপিশিত, ত্রি. [কপিশা+ইত] পিঙ্গলবর্ণযুক্ত।

কপিশী-কপিশীকা, স্ত্রী. [কপিশ+ঈ-কা] মাধবী, মদিরা।

কপিশীর্ষ, ন. [কপি+শীর্ষ] প্রাকারাগ্র, ভিত্তির উপরিভাগ, খোড়কশীর্ষক, ক্রয়শীর্ষক।

কপিশীর্ষক, ন. [কপি+শীর্ষক] হিঙ্গুল

কপিস্থল, ন. [কপি+স্থল] বানরদিগের গমনাগমনস্থান।

কপীকচ্ছু, পুং. [কপী+কচ্ছু] কপিকচ্ছু।

কপীজ্য, পুং. [কপি+ইজ্য] ক্ষীরিকাবৃক্ষ।

কপীজ্যক, পুং. [কপীজ্য+ক] ক্ষীরিকাবৃক্ষ।

কপীত, পুং. [কপি+ইত] শ্বেতবুহ্নাবৃক্ষ।

কপীতন, পুং. [কপি+তন] আম্রাতকবৃক্ষ; গর্দ্দভাণ্ডবৃক্ষ; শিরীষবৃক্ষ; অশ্বত্থবৃক্ষ; বিল্ববৃক্ষ; গুবাকবৃক্ষ।

কপীন, (প্রা) কৌপীন, কপ্নী। [হনুমান।

কপীন্দ্র, পুং. [কপি+ইন্দ্র] বালি সুগ্রীব;

কপীল, (প্রা) কপোল।

কপীষ্ট, পুং. [কপি+ইষ্ট] রাজাদনীবৃক্ষ; কপিত্থ।

কপুচ্ছল, ন. [ক+পুচ্ছল] দক্ষিণশিখা।

কপুষ্টিকা, স্ত্রী. [ক+পুষ্টিকা] বামশিখা।

কপোত, পুং. [কপ+ওত] গৃহকপোত, পায়রা, তৎপর্য্যায়।—কলরব, পারাবত, পারাপত, ছেদ্য, রক্তলোচন, গৃহকুক্কুট; বনকপোত, ঘুঘু, তৎপর্য্যায়।—চিত্রকণ্ঠ, কোকদেব, ধূসর, ধূম্রলোচন, দহন, অগ্নিসহায়, ভীষণ, গৃহনাশন।

কপোতক, ন. [কপোত+ক] সৌবীরাঞ্জন।

কপোতচরণা, স্ত্রী. [কপোত+চরণা] নলীনামক গন্ধদ্রব্য।

কপোতপালিকা-কপোতপালী, স্ত্রী. [কপোত+পালিকা-পালী] বিটঙ্ক, সৌধাদির প্রান্তভাগে কাষ্ঠাদিরচিত পক্ষীর স্থান, কুলায়িকা, কপোতাগার, পায়রার খোপ।

কপোতবঙ্কা, স্ত্রী. [কপোত+বঙ্কা] ব্রাহ্মীবৃক্ষ। [ছোটএলাচ।

কপোতবর্ণী, স্ত্রী. [কপোত+বর্ণী] সূক্ষ্মেলা,

কপোতবাণা, স্ত্রী. [কপোত+বাণা] নলিকানাম গন্ধদ্রব্য।

কপোতসার, ন. [কপোত+সার] স্রোতোঞ্জন।

কপোতাঙ্ঘ্রি, স্ত্রী. [কপোত+অঙ্ঘ্রি] নলীনামগন্ধদ্রব্য। [সার, সুর্ম্মা।

কপোতাঞ্জন, ন. [কপোত+অঞ্জন] কপোত

কপোতাভ, পুং. [কপোত+আভ] কপোতবর্ণ। [পক্ষী।

কপোতারি, পুং. [কপোত+অরি] শ্যেন-

কপোতিকা, স্ত্রী. [কপোত+ইকা] কপোতী।

কপোল, পুং. [কপ+ওল] সৃক্কতির্য্যক্‌সন্নিধিভাগ, গণ্ড, গল্ল, গণ্ডস্থল, গাল।

কপোলকোষ-কপোলভিত্তি, পুং. [কপোল+কোষভিত্তি] হস্তিগণ্ড। [গণ্ডদেশ।

কপোলফলক, পুং. [কপোল+ফলক]

কপোলরাগ, পুং. [কপোল+রাগ] রক্তবর্ণ গণ্ড, মুখারুণিমা।

কপোলী, স্ত্রী. [কপোল+ঈ] জানুফলক।

কপ্যাখ্যা, পুং. [কপি+আখ্যা] সুগন্ধিদ্রব্য।

কপ্‌চান-কপ্‌টান, (প্রা) পাখিরবুলি ধরণের উপক্রম; কর্ত্তন, ছেদন।

কপ্নী, (প্রা) কৌপীন।

কফ, পুং. [ক+ফ] শরীরস্থ ধাতুবিশেষ, তৎপর্য্যায়।—শ্লেষ্মা, সজ্ঘাত, সৌম্যধাতু, ঘন, বলী, ফেণ; বলাশন।

কফকর, ত্রি. [কফ+কর] শ্লেষ্মাকর।

কফকূর্চ্চিকা, স্ত্রী. [কফ+কূর্চ্চিকা] লালা, লাল, থুতু, সিক্‌নী।

কফঘ্ন, ত্রি. [কফ+ঘ্ন] শ্লেষ্মঘ্ন, কফনাশন।

কফঘ্নী, স্ত্রী. [কফঘ্ন+ঈ] তৃপুষাভেদ।

কফজ, ত্রি. [কফ+জন্] শ্লেষ্মজ।

কফণি, পুং. স্ত্রী. [ক+ফণি] কফোণি।

কফদ, ত্রি. [কফ+দ] শ্লেষ্মদ।

কফনাশন, ত্রি. [কফ+নাশন] কফঘ্ন।

কফবর্দ্ধক, ত্রি. [কফ+বর্দ্ধক] শ্লেষ্মাবৃদ্ধিকর।

কফবর্দ্ধন, পুং. [কফ+বর্দ্ধন] পিণ্ডীতগর বৃক্ষ; (ত্রি.) শ্লেষ্মাবৃদ্ধিকারক।

কফবিরোধি, ন. [কফ+বিরোধি] মরিচ।

কফান্তক, পুং. [কফ+অন্তক] বর্ব্বূরবৃক্ষ।

কফারি, পুং. [কফ+অরি] শুণ্ঠী।

কফী, পুং. [কফ+ইন্] গজ, হস্তী; (ত্রি.) শ্লেষ্মাযুক্ত, শ্লেষ্মল, শ্লেষ্মণ, কফেলূ।

কফেলূ, ত্রি. [কফ+ইলূ] কফযুক্ত।

কফোণি, পুং. [ক+ফোণি] ভুজমধ্যগ্রন্থি, কূর্পর, কফণি, কীল, কনুই, (স্ত্রী.) কফোণী।

কবক, পুং. [কু+অক] কবল, গ্রাস; (ন.) ছত্রাক।

কবচ, পুং. ন. [কু+অচ] সন্নাহ, সাঁজোয়া, তৎপর্য্যায়।—তনুত্র, বর্ম্ম, দংশন, উরশ্ছদ, কঙ্কটক, জগর, দংসক, জাগর, অজগর, তনুত্রাণ, বারবাণ, কঞ্চুক, দেহাবরণ, যুদ্ধাস্ত্র, তনুবার, সজ্জা, কায়বলন, উরস্ত্রাণ, বক্ষস্ত্রাণ, আয়সী, বাণবার, কঙ্কট, লোহবর্ম্ম, ত্বক্ত্র, কটক, যোগ; গর্দ্দভাণ্ডবৃক্ষ; পটহবাদ্য; রক্ষা, মাদুলী, রোগনিবারণার্থ কিঞ্চিৎঔষধ।

কবচপত্র, ন. [কবচ+পত্র] ভূর্জ্জপত্র, বৃক্ষত্বক্‌বিশেষ। [বালক

কবচহর, ত্রি. [কবচ+হর] কবচী; (পুং.)

কবচী, ত্রি. [কবচ+ইন্] বর্ম্মিত, সন্নদ্ধ, সায়ুধ, কৃতাস্ত্র।

কবজ, (যাং) দখলকরণ।

কবজী (প্রা) কবয়ীমৎস্য, কইমাছ।

কবটী, স্ত্রী. [ক+বটী] কপাট, দ্বারাবরোধক।

কবন্ধ, পুং. [ক+বন্ধ] রাহু; বৃক্ষবিশেষ; উদর; (ন.) জল, (পুং. ন.) অপমূর্দ্ধ কলেবর। [হীন।

কবন্ধতা, স্ত্রী. [কবন্ধ+তা] অপমূর্দ্ধা, মস্তক-

কবয়ী, স্ত্রী. [কবয়+ঈ] মৎস্যবিশেষ, ক্রকচ পৃষ্ঠী, কয়ীমাছ।

কবর, ত্রি. [ক+বর] কেশপাশ; সংপৃক্ত, খচিত; (পুং. ন.) লবণ; অম্ল।

কবরকী, স্ত্রী. [কবরক+ঈ] কারাগারবদ্ধ, কয়েদী।

কবরা, স্ত্রী. [কবর+আ] খরপুষ্পা, বাবুই।

কবরী, স্ত্রী. [কবর+ঈ] কেশবিন্যাস, কেশবেশ, কবর, বেণী, প্রবেণী, ধর্ম্মিল্ল, কেশগর্ভ, চুলের খোপা, টিকী; বর্ব্বরা, বাবুই; কারবী, হিঙ্গেরপাতা।

কবরীভার, পুং. [কবরী+ভার] সুকেশবেশ।

কবরীভৃৎ, ত্রি. [কবরী+ভৃৎ] কেশবন্ধনী, বেণীভৃৎ।

কবর, (যাং) সমাধি, শববাস, গোর।

কবল, পুং. [ক+বল] গ্রাস, কবক; মৎস্য বিশেষ, বেলেমাছ।

কবলিকা, স্ত্রী. [কবল+ইকা] আবেষ্টন, বন্ধন, পট্ট। [গ্রাসিত।

কবলিত-কবলীকৃত, ত্রি. [কবল+ইত] ভুক্ত,

কবস, পুং. [কু+অস] কবচ, বর্ম্ম।

কবা, (প্রা) ছল, চাতুরী, প্রতারণা।

কবাইদ্, (যাং) সৈন্যের গতিবিশেষ।

কবাট, ত্রি. [কব+অট] কপাট, দ্বারাবরোধক।

কবাটবক্র, ন. [কবাট+বক্র] বৃক্ষবিশেষ, কবাটবেটু, কবাডবেটুয়া, তৎপর্য্যায়।—বক্রাগ্র, কপোতবক্র, অগ্রজিৎ।

কবাটী, স্ত্রী. [কবাট+ঈ] কপাট।

কবাব্, (যাং) অঙ্গার পরিপাচিত, শূল্য।

কবাবচীনি, (প্রা) মরিচবৎ শুষ্কফলবিশেষ।

কবার, পুং. [ক+বার] পদ্ম; পক্ষিবিশেষ; (ব্য.) কতিকৃত্বস্, কতিবার।

কবি, পুং. [কু+ইন] ব্রহ্মা; বাল্মীকিমুনি; শুক্রাচার্য্য; সূর্য্য; কাব্যকর; কল্কিদেবেরজ্যেষ্ঠভ্রাতা; (ত্রি.) পণ্ডিত; (স্ত্রী) খলীন, লাগাম।

কবিক, ন. [কবি+ক] খলীন, লাগাম।

কবিকা, স্ত্রী. [কবিক+আ] খলীন; কেবিকা পুষ্প; কবয়ীমৎস্য, কৈমাছ।

কবিকৃত, ত্রি. [কবি+কৃত] কাব্যকর্ত্তা রচিত, কবিবরকৃত।

কবিজ্যেষ্ঠ, পুং. [কবি+জ্যেষ্ঠ] বাল্মীকিমুনি; প্রধান কাব্যকর্ত্তা। [ছন্দঃ।

কবিতা, স্ত্রী. [কবি+তা] কবিত্ব, কাব্য, পদ্য,

কবিত্থ, পুং. [কবি+ত্থ] কপিত্থবৃক্ষ।

কবিতাবেদী, ত্রি. [কবিতা+বেদিন্] কবি।

কবিবাল্মীকি, পুং. [কবি+বাল্মীকি] বাল্মীকি মুনি।

কবিয়, ন. পুং. [কব+ইয়] খলীন, লাগাম।

কবিরাজ, পুং. [কবি+রাজ] বৈদ্য; প্রধান কবিকর্ত্তা। [মুনি।

কবিরামায়ণ, পুং. [কবি+রামায়ণ] বাল্মীকি

কবিল, পুং. [কবি+ল] কপিলবর্ণ।

কবিলাসিকা, স্ত্রী. [কবি+লাসিকা] বীণাবিশেষ। [লাগাম।

কবী-কবীয়, স্ত্রী. ন. [কব+ঈ-ঈয়] খলীন,

কবীরপন্থী, ত্রি. [কবীর+পন্থী] কবীরমতাবলম্বী, কবীর মতানুযায়ী।

কবু, ন. [কব+উ] ধাতুর অলঙ্কার ধ্বনি।

কবে, (প্রা) কখন, কোন্‌সময়, কদা, কর্হি।

কবেল, ন. [ক+বেল] কুবলয়, উৎপল, সুঁদীফুল।

কবোষ্ণ, ন. [কু+উষ্ণ] ঈষদুষ্ণ, মন্দোষ্ণ; (ত্রি.) কুতপ, অনুষ্ণাশীত।

কব্য, ন. [কু+য] পিত্রন্ন, পিতৃসম্প্রদানকান্ন।

কব্যবাল, পুং. [কব্য+বাল] পিতৃগণবিশেষ

কব্যবাহন, পুং. [কব্য+বাহন] অগ্নি

কভু, (প্রা) কখনো, কোনসময়ে।

কম্, ব্য. জল; শির; সুখ; মঙ্গল; পাদপূরণ।

কমঠ, ন. [কম্+অঠ] ভাণ্ডভেদ, মুনিদিগের জলপাত্র; (পুং.) কচ্ছপ; বংশ, বাঁশ; দৈত্যবিশেষ; মুনিভাজন; শল্লকী।

কমঠপৃষ্ঠ, ত্রি. [কমঠ+পৃষ্ঠ] সুদৃঢ়, শক্ত; (ন.) কচ্ছপের পৃষ্ঠ।

কমঠী, স্ত্রী. [কমঠ+ঈ] কচ্ছপী, কূর্ম্মী।

কমণ্ডলু, পুং. ন. [ক+মণ্ড+লু] সন্ন্যাসী দিগের মৃৎকাষ্ঠাদিময়পাত্র, কুণ্ডী, কমুণ্ডলু; করক; প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।

কমণ্ডলুতরু, পুং. [কমণ্ডলু+তরু] প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।

কমন, ত্রি. [কম্+অন] কামুক; অভিরূপ; (পুং.) কাম; অশোকবৃক্ষ; ব্রহ্মা।

কমনচ্ছদ, পুং. [কমন+চ্ছদ] কঙ্কপক্ষী।

কমনীয়, ত্রি. [কম্+অনীয়] কামনাযোগ্য, তৎপর্য্যায়।—চারু, হারি, বল্গু, বন্ধুর, বাম, শোভন, সাধু, রম্য, পেশল, হৃদ্য, সুন্দর; কাম্য, কম্র, সৌম্য, রুচির, মনোহর, কান্ত, অভিরাম, রুচ্য, সুষম, মঞ্জু, মঞ্জুল, মনোরম, মনোজ্ঞ, মধুর, প্রিয়।

কমনীয়তা, স্ত্রী. [কমনীয়+তা] অভিরামতা, সৌন্দর্য্য, রমণীয়তা; কান্তি; মঞ্জিমা; কাম্যত্ব, স্পৃহণীয়তা।

কমনে, (প্রা) কোথায়, ক্বচিৎ কুত্র, কোন স্থানে।

কমন্ধ, ন. [কং+অন্ধ] জল, কবন্ধ।

কমর, ত্রি. [কম্+অর] কামী।

কমল, ন. [কম্+অল] জলজপুষ্পবিশেষ, তৎপর্য্যায়।—অম্বুজ, অম্বুজন্ম, অম্বুপদ্ম, অম্ভোজ, অম্ভোরুহ, অম্বুরুহ, অরবিন্দ, ইন্দিরালয়, উৎপল, কঞ্জ, কজ, কুটপ, কুবল, কুবলয়, কুমুদ, কুব, কুশেশয়, জলেজাত, নল, নলিন, তামরস, পঙ্কেরুহ, পঙ্কজ, পদ্ম, পাথোজ, পাথোরুহ, পুষ্কর, বার্য্যুদ্ভব, বারিরুহ, বিসকুসুম, বিসপ্রসূন, মহোৎপল, মৃণালী, রমাপ্রিয়, রাজীব, শতপত্র, শ্রী, শ্রীপর্ণ, শ্রীকর, সহস্রপত্র, সরসিজ, সলিলজ, সরোজ, সরোরুহ, সরসীরুহ, সারস, সুজল; জল; তাম্র; ক্লোম; ঔষধ; সারসপক্ষী; (পুং.) মৃগবিশেষ; ধ্রুবকভেদ।

কমল, (প্রা) দীপাধার।

কমলচ্ছদ, পুং. [কমল+চ্ছদ] সারসপক্ষী; পদ্মপুষ্পদল।

কমলা, স্ত্রী. [কমল+আ] লক্ষ্মী; বরস্ত্রী; স্বনামখ্যাত নিম্বুক, কমলানেবু।

কমলানিম্বু-কমলানেবু, (প্রা) নাগরঙ্গী, নারাঙ্গী।

কমলাকর, পুং. [কমল+আকর] পদ্মাকর, পদ্মপুষ্পের জলাশয়।

কমলাসন, পুং. [কমল+আসন] ব্রহ্মা।

কমলিনী, স্ত্রী. [কমল+ইন+ঈ] পদ্মিনী; পদ্মাকর।

কমলোত্তর, ন. [কমল+উত্তর] কুসুম্ভপুষ্প, কুসুমফুল।

কমা, স্ত্রী. [কম+আ] শোভা, দীপ্তি।

কমান, (প্রা) হ্রাসকরণ।

কমান্, (যাং) বক্রধনুঃ।

কমিত, ত্রি. [কম্+ইত] বাঞ্ছিত, ইষ্ট।

কমিতা, ত্রি. [কম+তৃ] কামুক, লম্পট।

কমী, (যাং) অল্প, কম।

কমীজ্, (যাং) গাত্রাচ্ছাদনবিশেষ।

কমীন্, (যাং) নীচ, অধম; দুষ্ট

কম্‌কীমৎ (যাং) অল্পমূল্য, কমদর

কম্‌কুয়ৎ, (যাং) অল্প শক্তিমান, কমজোরী।

কম্‌তী, (যাং) অল্প, কমী।

কম্প, পুং. [কম্প্+অ] গাত্রাদি সঞ্চলন, তৎপর্য্যায়।—বেপথু, বেপন, বেপ, বিধুতি, বিধুনন, আন্দোলন, স্পন্দন, কম্পন

কম্পজ্বর, পুং. [কম্প+জ্বর] কম্পনযুক্তজ্বর, যে জ্বর গাত্রকম্পসহিত হয়, বিষমজ্বর।

কম্পন, ত্রি. [কম্প্+অন] কম্পযুক্ত, তৎপর্য্যায়।—চলন, কম্প, চল, লোল, চলাচল, চঞ্চল, তরল, পারিপ্লব, পরিপ্লব, চপল, চটল, থর্থরাণ; (পুং.) শিশিরঋতু; (ন.) বেপন, স্পন্দন কম্প।

কম্পনীয়, ত্রি. [কম্পন+ঈয়] চালনীয়, আন্দোলনীয়, স্পন্দনীয়।

কম্পবায়ু, (প্রা) পক্ষঘাতী, পক্ষবায়ুগ্রস্ত; অঙ্গাবশ। [সকম্প।

কম্পমান, ত্রি. [কম্প+মৎ] কম্পনযুক্ত,

কম্পলক্ষ্মা, পুং. [কম্প+লক্ষ্মন্] বায়ু।

কম্পাক, পুং. [কম্প+অক] বায়ু।

কম্পান্বিত, ত্রি. [কম্প+অন্বিত] কম্পযুক্ত, বেপমান।

কম্পিত, ন. [কম্প্+ইত] চলন, কম্পন, কম্প, বেপন, বেপথু; (ত্রি.) কম্পান্বিত, কম্পযুক্ত; আন্দোলিত।

কম্পিল-কম্পীল, পুং. [কম্প+ইল] রোচনী, কমলাগুঁড়ী, কাম্পিল্ল।

কম্পিল্ল-কম্পিল্লক, পুং. [কম্প+ইল্ল-ক] বৃক্ষবিশেষ; কমিলা, তৎপর্য্যায়।—রক্তাঙ্গ, রেচী, রেচনক, রঞ্জক, লোহিতাঙ্গ, কম্পিল্ল, রক্তচূর্ণক।

কম্প্র, ত্রি. [কপ্+র] কম্পযুক্ত, কম্পান্বিত।

কম্বর, পুং. [কম্+বর] চিত্রবর্ণ, কর্ব্বুরবর্ণ, (ত্রি.) নানাবর্ণ, চিত্রিত।

কম্বল, ন. [কং+বল] জল; (পুং.) স্বনামখ্যাত মেষাদিলোম নির্ম্মিত বস্ত্রাসনাদি, রল্লক, ঊর্ণায়ু, সহস্ররোম, সাশূক, কুতপ, মেষকম্বল; বেশক; রোমযোনি, রেণুকা; প্রাবার; নাগরাজ; সাস্না; কৃমি; উর্দ্ধ্বাসঙ্গ; মৃগবিশেষ।

কম্বলকারক, পুং. [কম্বল+কারক] ঊর্ণবস্ত্রনির্ম্মাতা।

কম্বলাচ্ছাদিত, ত্রি. [কম্বল+আচ্ছাদিত], কাম্বল।

কম্বলিবাহক, ন. [কম্বলি+বাহক] বৃষবহনীয় শকট, গন্ত্রী, গান্ত্রী।

কম্বাতায়ী, পুং. [কম্ব+আতায়িন্] শঙ্খচিল্ল।

কম্বি, স্ত্রী. [কম্ব+ই] দর্ব্বী, হাতা; বংশাংশ, বাঁশের পাব।

কম্বু, পুং. ন. [কম্ব+উ] শঙ্খ; (পুং.) বলয়; শম্বূক; হস্তী; গ্রীবা; নলক, ফাঁপাহাড়; (ত্রি.) কর্ব্বুরবর্ণ।

কম্বুক, ত্রি. [কম্বু+ক] অপকৃষ্ট, নিকৃষ্ট, নীচ; (পুং.) শঙ্খ।

কম্বুকা-কম্বুকাষ্ঠা, স্ত্রী. [কম্বুক+আ-কাষ্ঠা] অশ্বগন্ধা বৃক্ষ।

কম্বুগ্রীব, ত্রি. [কম্বু+গ্রীব] শম্বূকেরন্যায় রেখাত্রয়বিশিষ্ট, কম্বুলক্ষণাক্রান্ত।

কম্বুগ্রীবা, স্ত্রী. [কম্বু+গ্রীবা] কম্বাকৃতি রেখা ত্রয়যুক্তগ্রীবা, তিনরেখাযুক্ত গলা।

কম্বুজ, পুং. [কম্বু+জ] শঙ্খ। [বৃক্ষ।

কম্বুপুষ্পী, স্ত্রী. [কম্বু+পুষ্পী] শঙ্খপুষ্পী-

কম্বুমালিনী, স্ত্রী. [কম্বু+মালিনী] শঙ্খপুষ্পী বৃক্ষ।

কম্বূ, পুং. [কম্ব+ঊ] শঙ্খ; (ত্রি.) চৌর, স্তেয়।

কম্বোজ, পুং. [কম্ব+ওজ] শঙ্খবিশেষ; দেশ ভেদ; হস্তীপ্রভেদ।

কম্ভারী, স্ত্রী. [কং+ভারী] গম্ভারীবৃক্ষ।

কম্ভিকা, স্ত্রী. [কম্ভ+ইকা] লতাবিশেষ।

কম্ভু, ন. [কং+ভূ] উশীর; বীরণমূল।

কম্র, ত্রি. [কম্+র] কামুক, মৈথুনেচ্ছু।

কম্লা-কম্লানেবু, (প্রা) কম্লানেবু বৃক্ষবিশেষ।

কম্লি, (প্রা) কম্বল।

কয়লা, (প্রা) অঙ্গার, অলাত।

কয়স্থা, স্ত্রী. [কু+স্থা] বয়স্থা; কাকোলী।

কর, পুং. [কর+অ] রাজস্ব, তৎপর্য্যায়।— ভাগধেয়, বলি, কার, প্রত্যায়, খাজানা; বর্ষোপল; কিরণ; হস্ত, হস্তিশুণ্ড।

করই, (প্রা) ভাণ্ডার, কোষ, কোষ্ঠ।

করক, ন. পু. [কর+ক] করঙ্ক; কমণ্ডলু; (পুং.) দাড়িম্ববৃক্ষ; রাজকর; পক্ষীবিশেষ; লট্বাকরঞ্জবৃক্ষ; পলাশবৃক্ষ; কোবিদার বৃক্ষ; বকুলবৃক্ষ; করীরবৃক্ষ; নারীকেলাস্থি, মালা; বর্ষোপল; লেখক।

করকচ, (প্রা) লবণবিশেষ, সামুদ্রিকলবণ।

করকচি, (প্রা) কোমল, অপুষ্ট, অপক্ক।

করকচ্ছপিকা, স্ত্রী. [কর+কচ্ছপিকা] কূর্ম্ম-মুদ্রা। [পক্ষীবিশেষ।

করকটিয়া, (প্রা) অপুষ্টদশায়পক্ক, শক্ত;

করকণ্টক, [কর+কণ্টক] নখর, নখ।

করকনা, (প্রা) কটিদেশ, বংক্ষণ, শ্রোণী, কুঁচকি। [করপঙ্কজ।

করকমল, ন. [কর+কমল] করপদ্ম, করপল্লব,

করকলশ, পুং. [কর+কলশ] করপুট, কর-কোষ, গণ্ডূষ।

করকা, স্ত্রী. পুং. [করক+আ] মেঘভবশিলা, শিল, তৎপর্য্যায়।—বর্ষোপল, মেঘোপল, বীজোদক, ঘনকফ, মেঘাস্থি, বার্চ্চর, কর, করক, রাধরঙ্কু, রাধারঙ্কু, রাধরঙ্ক; কমণ্ডলু, নারিকেলেরমালা।

করকাপাত, ন. [করকা+পাত] করকাবৃষ্টি।

করকাবৃষ্টি, ন. [করকা+বৃষ্টি] শিলাসার।

করকান্তা, পুং. [করকা+অন্তা] নারিকেলবৃক্ষ।

করকাসার ন. [করকা+সার] করকাপাত।

করকি, স্ত্রী. [করক+ই] তৃণবিশেষ।

করকিটেঙ্গরা, (প্রা) মৎস্যবিশেষ।

করকুড্মল, ন. [কর+কুড্মল] অঙ্গুলি।

করকোষ, পুং. [কর+কোষ] করপাত্র।

করকোষ্ঠী, পুং. [কর+কোষ্ঠী] করতলরেখা, শুভাশুভ দ্যোতক হস্তচিহ্ন।

করগ্রন্থি-করগ্রন্থিক, পুং. [কর+গ্রন্থি-ক] মণিবন্ধ। [গ্রহণ।

করগ্রহ, পুং. [কর+গ্রহ] বিবাহ, পাণি-

করগ্রহণ, ন. [কর+গ্রহণ] রাজস্বসংগ্রহ; বিবাহ।

করগ্রাহক-করগ্রাহী, ত্রি. [কর+গ্রাহক] কর গ্রহণ শীল; (পুং.) করসঞ্চয়কারক।

করগ্রহারম্ভ, পুং. [করগ্রহ+আরম্ভ] রাজাদিগের প্রজাসকলের নিকট হইতে নূতন বৎসরের কর আদায়ের জন্য প্রথমাদান, পুণ্যাহ, পুণ্যা। হালে খাজানা আদায়ারম্ভ।

করঘর্ষণ, পুং. [কর+ঘর্ষণ] দধিমন্থন দণ্ড, তৎপর্য্যায়।—বৈশাখ, দধিচার, তক্রাট; (ন.) হস্তঘর্ষণ।

করঘর্ষী, পুং. [কর+ঘর্ষিন্] মন্থানদণ্ড।

করঙ্ক, পুং. [কৃ+অঙ্ক] মস্তক; অশস্য নারিকেল ফলাস্থি, নারিকেলেরখোল; শরীরাস্থি; ইক্ষুভেদ।

করঙ্কশালি, পুং. [করঙ্ক+শালি] করঙ্কনাম ইক্ষু; করঙ্ক জলপাত্র বিশেষ।

করঙ্গ, পুং. [করং+গ] জলপাত্র।

করঙ্গণ, ন. [করং+গণ] ক্রয় বিক্রয়স্থান, হট্ট, হাট।

করঙ্গা, ন. [করং+গা] হট্ট, ক্রয়বিক্রয়-[স্থান, বাজার।

করচিমালা, (প্রা) বৃক্ষবিশেষ।

করচিয়ব, (প্রা) লতাবিশেষ।

করচিয়া, (প্রা) ক্ষুদ্র শ্বেতপক্ষী বিশেষ।

করচ্ছদ, পুং. [কর+চ্ছদ] শাখোটবৃক্ষ, শেওড়া গাছ।

করচ্ছদা, স্ত্রী. [কর+চ্ছদা] সিন্দূরপুষ্পীবৃক্ষ।

করজ, ন. [কর+জ] ব্যাঘ্রনখনাম গন্ধদ্রব্য; (পুং.) করঞ্জবৃক্ষ; নখ। [গন্ধদ্রব্য।

করজাখ্য, পুং. [করজ+আখ্য] নখীনাম

করজাল, ন. [কর+জাল] অংশুজাল।

করজোড়ি, পুং. [কর+জোড়ি] হস্তজোড়িবৃক্ষ।

করঞ্জ, পুং, [ক+রঞ্জ] স্বনামখ্যাত বৃক্ষবিশেষ, করমচা; ইহা ষড়্বিধ যথা—ডহরকরঞ্জ, নাটাকরঞ্জ, কাঁটাকরঞ্জ, মাকড়া করঞ্জ, বিষকরঞ্জ, অম্লকরঞ্জ; ডহরকরঞ্জ পর্য্যায়।—নক্তমাল, পূতিক, চিরবিল্ব, পূতিপর্ণ, বদ্ধফল, রোচন, চিরবিল্ব, করঞ্জ, করঞ্জক, চিরিবিল্ব, উদকার্য্য; নাটাকরঞ্জ পর্য্যায়।—প্রকীর্য্য, পূতিকরজ, পূতিক, কলিকারক, পূতীকরঞ্জ, সকণ্টক; কাঁটাকরঞ্জ পর্য্যায়।—গাঁঠিয়াকরঞ্জ, ষড়্গ্রন্থ; মাকড়াকরঞ্জ পর্য্যায়।—মর্কটী; বিষকরঞ্জ পর্য্যায়।—অঙ্গারবল্লরী; অম্লকরঞ্জ পর্য্যায়।—করমর্দ্দী, বনেক্ষুদ্রা, করাম্ল, করমর্দ্দক, কৃষ্ণপাকফল, অবিগ্ন, সুষেণ।

করঞ্জক, পুং. [করঞ্জ+ক] করঞ্জবৃক্ষ; ভূজঙ্গ রাজবৃক্ষ।

করঞ্জফলক, পুং. [করঞ্জ+ফলক] কপিত্থ বৃক্ষ, কতবেলগাছ।

করট, পুং. [ক+রট] কাক, হস্তীগণ্ড; কুসুম্ভবৃক্ষ; কুৎসিতজীবী, নিন্দ্যজীবন; একাদশাহাদি শ্রাদ্ধ; দুর্দ্দুরুট; নাস্তিক; বাদ্য বিশেষ।

করটক, পুং. [করট+ক] কাক।

করটা, স্ত্রী. [করট+আ] দুঃখদোহ্যাগবী, যে গাভী কষ্টে দুগ্ধদেয়।

করটী, পুং. স্ত্রী. [করট+ইন্] হস্তী।

করটু, পুং. [করট+উ] পক্ষিবিশেষ, কর্কটিয়াপাখী

করণ, ন. [কৃ+অন] বর্ণসঙ্কর জাতিবিশেষ; সাধকতম; ষট্কারকান্তর্গত কারকবিশেষ; তিথ্যাদির অর্দ্ধ পরিমিত ববাদি একাদশসংজ্ঞক কালবিশেষ; ক্ষেত্র; গাত্র; ইন্দ্রিয়; হেতু; কর্ম্ম; হস্তলেপ; নৃত্যপ্রভেদ; গীতবিশেষ; ক্রিয়াভেদ; সংবেশন; কায়স্থ; কায়স্থসংহতি; বর্ণদিগের স্পষ্টতাদি; যোগিদিগের আসনাদি; কৃতাদি; (পুং.) বর্ণসঙ্কর জাতিবিশেষ; কায়স্থ জাতিবিশেষ; (ত্রি.) কৃপণ; পথ্য।

করণক, ব্য. [করণ+ক] পূর্ব্বক, দ্বারা, হেতুক

করণত্রাণ, ন. [করণ+ত্রাণ] মস্তক।

করণত্ব, ন. [করণ+ত্ব] হেতুতা, নিমিত্তত্ব, প্রয়োজকত্ব।

করণনিয়ম, পুং. [করণ+নিয়ম] ইন্দ্রিয়নিগ্রহ, কামাবসায়।

করণবাচক, ন. [করণ+বাচক] তৃতীয়কারক বিশেষ। [যুক্ত।

করণার্হ, ত্রি. [করণ+অর্হ] কর্ত্তব্য, করণোপ-

করণি, স্ত্রী. [কৃ+অনি] কার্য্য, ঘটনা, বৃত্ত।

করণী, স্ত্রী. [কৃ+অনী] বীজগণিত মতে করণীগত রাশি।

করণীয়, ত্রি. [করণ+ঈয়] কর্ত্তব্য, করণার্হ, কার্য্য, সাধ্য, করণশক্য, শক্য।

করণীসুতা, স্ত্রী. [করণী+সুতা] দত্তকপুত্রী, পোষ্যকন্যা।

করণ্ড, পুং. [কৃ+অণ্ড] মধুকোষ, মৌচাক্; বংশাদি রচিত ভাণ্ডবিশেষ, সমুদ্গা, সাজি, ঝাঁপি; অসি; কারণ্ডবপক্ষী; দলাঢক।

করণ্ডা, স্ত্রী. [করণ্ড+আ] অম্লফলবিশেষ।

করণ্ডিকা, স্ত্রী. [করণ্ড+ইকা] ঝাঁপি।

করণ্ডী, পুং. [করণ্ড+ইন্] মৎস্যবিশেষ।

করতল, পুং. [কর+তল] হস্ততল, হাতের-তেলো; অধীন।

করতলধৃত-করতলস্থ, ত্রি. [করতল+ধৃত-স্থ] কৃতহস্থ, হস্তস্থ।

করতলে, ব্য. [কর+তলে]অধীনে, পয়নামে।

করতাল, ন. [কর+তাল] বাদ্যবিশেষ, ঝর্ঝরী বাদ্য। [শব্দ।

করতালধ্বনি, ন. [করতাল+ধ্বনি] ঝর্ঝরী-

করতালী, স্ত্রী. [কর+তালী] বাদ্যবিশেষ, করতাল, খরতাল, করর্দ্ধি; করতলধ্বনি।

করতোয়া, স্ত্রী. [কর + তোয়া] স্বনামখ্যাত পূর্ব্বোত্তরদেশস্থ নদীবিশেষ, সদানীরা, সদানীরবহা। [প্রদ।

করদ-করদায়ী, ত্রি. [কর+দ-দায়িন্] শুল্ক-

করদক্ষ, ত্রি. [কর+দক্ষ] নিপুণ, সতর্ক, বিদগ্ধ, দক্ষ।

করদীকৃত, ত্রি. [করদী+কৃত] করাধীন।

করদ্রুম, পুং. [কর+দ্রুম] কারস্করবৃক্ষ।

করধৃত-করনিহিত, ত্রি. [কর+ধৃত] হস্তধৃত।

করপত্র, ন. [কর+পত্র] ক্রকচ, করাৎ; জল-ক্রীড়া।

করপত্রবান্, পুং. [করপত্র+বৎ] তালবৃক্ষ।

করপত্রিকা, স্ত্রী. [কর+পত্রিকা] জলক্রীড়া।

করপর্ণ,পুং.[কর+পর্ণ]ভিণ্ডাবৃক্ষ; রক্তেরণ্ড।

করপল্লব, পুং. [কর+পল্লব] অঙ্গুলি

করপাত্র, ন. [কর+পাত্র] জলক্রীড়া; অঞ্জলি, হস্তাধার। [ধ্বাক্ষ।

করপাল, পুং. [কর+পাল] খড়্গ; কারা-

করপালিকা, স্ত্রী. [কর+পালিকা] হ্রস্বগদা-কারহস্তদণ্ড, সোঁটা, একধারাস্ত্র, তৎ-পর্য্যায়।—ঈলী, ইলি, ঈলি, করবালিকা।

করপুট, ন. [কর+পুট] বদ্ধাঞ্জলি, কৃতা-ঞ্জলি, বদ্ধহস্ত।

করপৃষ্ঠ, ন. [কর+পৃষ্ঠ] অবহস্ত।

করপ্রচেয়, ত্রি, [কর+প্রচেয়] হস্তদ্বারা সঞ্চ-য়ন

করপ্রণী, স্ত্রী. [কর+প্রণী] লেখক।

করপ্রাপ্ত, ত্রি: [কর+প্রাপ্ত] হস্তগত।

করবাণ, (প্রা) জলচরপক্ষিবিশেষ। [বাল

করবাল, পুং. [কর+বাল] নখ; খড়্গ, তর-

করবালিকা, স্ত্রী.[কর+বালিকা]করপালিকা।

করবী, স্ত্রী. [কর+বী] হিঙ্গুপত্র, কবরী।

করবীর, পুং. [কর+বীর] খড়্গ; দৈত্য-বিশেষ; শ্মশান; বৃক্ষবিশেষ, করবী, তৎপর্য্যায়।—প্রতিহাস, শতপ্রাস, চণ্ডাত, হয়মারক, প্রতীহাস, অশ্বঘ্ন, হয়ারি, অশ্বমারক, শীতকুম্ভ, তুরঙ্গারি, অশ্বহা, বীর, হয়মার, হয়ঘ্ন, শতকুন্দ, অশ্বরোধক, বীরক, কুন্দ, শকুন্দ, শ্বেতপুষ্পক, অশ্বাতক, নখরাহ্ব, অশ্বনাশন, স্থলকুমুদ, দিব্যপুষ্প, হরিপ্রিয়, গৌরীপুষ্প, সিদ্ধপুষ্প; ব্রহ্মাবর্ত্তে দৃশদ্বতিনদীতীরে চন্দ্রশেখর রাজপুর।

করবীরক, পুং. [করবীর+ক] অর্জ্জুনবৃক্ষ; খড়্গ; বিষভেদ অর্থাৎ করবীরমূল।

করবীরকন্দসংজ্ঞ, পুং. [করবীর+কন্দসংজ্ঞ] তৈলকন্দ, তিলচিত্রকপত্র।

করবীরভুজা, স্ত্রী. [করবীর+ভুজা] আঢ়কী-বৃক্ষ, অরহর।

করবীরা, স্ত্রী. [কর+বীরা] রক্তমনঃশিলা।

করবীরী, স্ত্রী. [করবীর+ঈ] অদিতি; শ্রেষ্ঠ-গবী; পুত্রবতী; গরলবিশেষ।

করভ, পুং. [কর+ভ] কটি, মণিবন্ধাবধি কনিষ্ঠাঙ্গুলি পর্য্যন্ত করের বহির্ভাগ; উষ্ট্রশিশু; করিশাবক; উষ্ট্র; নখীনাম-গন্ধদ্রব্য।

করভকাণ্ডিকা, স্ত্রী. [করভ+কাণ্ডিকা] উষ্ট্র-কাণ্ডীবৃক্ষ। [লতা।

করভপ্রিয়া, স্ত্রী. [করভ+প্রিয়া] ক্ষুদ্রদুরা-

করভবল্লভ, পুং. [করভ+বল্লভ] কপিত্থবৃক্ষ; পীলুবৃক্ষ।

করভাদনী, স্ত্রী. [করভ+অদনী] ক্ষুদ্রদুরা-লতাবৃক্ষ।

করভার, পুং. [কর+ভার] শুল্ক, কর, করাতিশয়।
করভাস্থি, ন. [করভ+অস্থি] করভ, পীলু।
করভী, পুং. [করভ+ইন্] হস্তী ; (স্ত্রী.) উষ্ট্রী, বানী।
করভীর, পুং. [করভ+ঈর] সিংহ। [মাত্র।
করভূষণ, ন. [কর+ভূষণ] কঙ্কণ, হস্তাভরণ
করভোরু, স্ত্রী. [করভ+উরু] হস্তীশুণ্ডাকার উরুবিশিষ্টা স্ত্রী।
করম, (প্রা) কর্ম্ম, ক্রিয়া; প্রাক্তন, অদৃষ্ট
করম্‌চা, (প্রা) করমর্দ্দ ;
করমণ্ড, পুং. [কর+মণ্ড] গুবাকবৃক্ষ।
করমরী, পুং. [কর+মরিন্] বন্দী, কয়েদী।
করমর্দ্দ-করমর্দ্দক, পুং. [কর+মর্দ্দ-ক] বৃক্ষবিশেষ, পাণিআমলা, করৌন্দা, করম্‌চা ; তৎপর্য্যায়।—কৃষ্ণপাকফল, অবিগ্ন, সুষেণ, কৃষ্ণপাক, পাকফল, কৃষ্ণফল, পাককৃষ্ণফল, কৃষ্ণফলপাক, পাককৃষ্ণ, ফলকৃষ্ণ, পাকফলকৃষ্ণ, বনালয়, বলালক, করাম্বুক, বোল, বশ, আবিগ্ন, করমর্দ্দী, বনেক্ষুদ্রা, করাম্ল, করমর্দ্দ, পাণিমর্দ্দ, হস্তমর্দ্দক।
করমর্দ্দী, স্ত্রী. [কর+মর্দ্দী] করমর্দ্দকবৃক্ষ; হস্তমর্দ্দনকারী
করমা, স্ত্রী. [কর+মা] বৃহৎবৃক্ষ
করমাল, পুং. [কর+মাল] খতমাল, ধূম।
করমালা, স্ত্রী. [কর+মালা] করপর্ব্বরূপমালা, জপমালা, অক্ষমালা। [ভালা।
করমুক্ত, ন. [কর+মুক্ত] অস্ত্রবিশেষ, বরছী,
করম্ব, পুং. [কৃ+অম্ব] করম্ভ; নীলকণ্ঠ ; দধিসক্তু ; (ত্রি.) মিশ্রিত; খচিত। [চূর্ণিত।
করম্বিত, ত্রি. [করম্ব+ইত] মিশ্রিত ; খচিত;
করম্ভ-করম্ভক, পুং. ন. [কৃ+রম্ভ-ক] দধিমিশ্রিতসক্তু, দধিসক্তব, কর্কসার; (ত্রি.) উষ্ণ, তপ্ত। [প্রিয়ঙ্গুবৃক্ষ।
করম্ভা, স্ত্রী. [করম্ভ+আ] শতাবরীবৃক্ষ;
কররুদ্ধ, ত্রি. [কর+রুদ্ধ] সুগৃহীত।
কররুহ, পুং. [কর+রুহ] নখ।
করর্দ্ধি, স্ত্রী. [কর+ঋদ্ধি] করতালী, হাততালী; একতালী।

করল, (প্রা) পক্ষিবিশেষ।
করলা, (প্রা) তিক্তফল, লম্বাউচ্ছা।
করশাখা, স্ত্রী. [কর+শাখা] অঙ্গুলী, তৎপর্য্যায়।—অগ্রু, অগ্রুব, অল্পা, করপল্লব, করাগ্রপল্লব, করকুড্মল, ক্ষিপ, ব্রিশ, শর্য্যা, রশনা, ধীতয়, অথর্য্যা, বিপ, কক্ষ্যা, অবনয়, হরিত, স্বসার, জাময়, সনাভয়, যোক্ত্রাণি, যোজনানি, ধুর, শাখা, অভীশু, অভীশব, শক্বরী, দীধিতয়, গভস্তয়।
করশীকর, পুং. [কর+শীকর] হস্তীশুণ্ড নির্গত জলকণা, বমথু।
করশূক, পুং. [কর+শূক] নখ, নখর।
করশোথ, পুং. [কর+শোথ] শোথবিশেষ।
করহর, পুং. [কর+হর] লতাবিশেষ।
করহাট, পুং. [কর+হাট] পদ্মমূল; মদনবৃক্ষ, মহাপিণ্ডীতরু; দেশবিশেষ।
করহাটক, পুং. [কর+হাটক] মদনবৃক্ষ; দেশবিশেষ, (ন.) স্বর্ণযুক্তহস্ত।
করাগ্রপল্লব, পুং. [করাগ্র+পল্লব] অঙ্গুলি।
করাঘাত, পুং. [কর+আঘাত] চপেটাঘাত, চপেটিকা, তলাঘাত, মুষ্টিপাত, অভিঘাত, প্রহার।
করটিয়া, (প্রা) রুদ্ধবৃদ্ধি, বামনাকৃতি; পক্ষিবিশেষ।
করাটিয়াবানী, (প্রা) তৃণবিশেষ।
করাণ, (প্রা) জন্মান; চালান ; লওয়ান।
করাণী, (প্রা)করগ্রাহক, শুল্কগ্রাহী; লেখক।
করাত, (প্রা) করপত্র, ক্রকচ ; ক্রকর, পত্রদারক, শাণ, বাতরায়ণ;তালাঙ্ক,কর্ত্তনী।
করাতী, (প্রা) কাষ্ঠপাটনজীবী, ক্রাকচিক, কাষ্ঠবিদারক, আরাকস। [করম্‌চা।
করামর্দ্দ, পুং. [করা + মর্দ্দ] করমর্দ্দবৃক্ষ,
করাম্বুক, পুং. [কর+অম্বুক] কৃষ্ণপাকফলবৃক্ষ, পাণিআমলা।
করাম্লক, পুং. [কর+অম্লক] মর্দ্দকবৃক্ষ।
করাম্লিকা, স্ত্রী, [করা+ইক+আ] বলাকাপক্ষী, ক্ষুদ্রবক।
করারোট, পুং. [করা+রোট] অঙ্গুরীয়ক।
করার, (বাং) অঙ্গীকার, স্বীকার।

করাল, ন. [কর+অল] কৃষ্ণকুঠেরক, কালতুলসী; (পুং.) সর্জ্জরসযুক্ততৈল, গর্জ্জন তেল; তৈল বা ঘৃতেপক্ক বেসবার; (ত্রি.) দন্তুর, দেঁতো; তুঙ্গ, উচ্চ; ভীষণ, ভয়ানক। [করাল, কালতুলসী।

করালক, পুং. [করাল+ক] কৃষ্ণ তুলসী,

করালকর, ত্রি. [করাল+কর] বৃহৎহস্ত; বৃহৎশুণ্ড। [ধান্য।

করালত্রিপুটা, স্ত্রী. [করাল+ত্রিপুটা] লঙ্কা-

করালবদন, ত্রি. [করাল+বদন] ভয়ঙ্কর, ভয়ানক, ঘোর, দারুণ, ভীম; করগস্ত।

করালবদনা, স্ত্রী. [করাল+বদনা] দুর্গা; ভয়ঙ্কর বদনবিশিষ্টা; করেমুণ্ডধারিণী।

করালম্ব-করালম্বন, ন. [কর+অলম্ব-ন] প্রহাররক্ষার্থ হস্তবিস্তার।

করালা, স্ত্রী. [করাল+আ] শারিবা, অনন্তমূল; ভীষণ, ভয়ঙ্করী।

করালিক, পুং. [করাল+ইক] বৃক্ষবিশেষ।

করালিকা, স্ত্রী. [করাল+ইকা] অগ্নিজিহ্বা বিশেষ।

করালিত-করালীকৃত, ত্রি. [করাল+ইত-কৃত] ভয়ান্বিত, বিশালীকৃত।

করালী, স্ত্রী. [করাল+ঈ] অগ্নির সপ্তজিহ্বান্তর্গত জিহ্বাবিশেষ।

করিক, পুং.স্ত্রী. [করি+ক] পদচিহ্ন, পদাঙ্কণ।

করিকণবল্লী, স্ত্রী. [করিকণ+বল্লী] চবিকাবৃক্ষ, চই।

করিকুম্ভ, পুং. [করি+কুম্ভ] গজকুম্ভ, ঘট।

করিকুসুম্ভ, পুং. [করি+কুসুম্ভ] নাগকেশরচূর্ণক।

করিগর্জ্জিত, ন. [করি+গর্জ্জিত] হস্তীগর্জ্জন, বৃংহিত, হাতিরনাদ। [কৃত্তি।

করিচর্ম্ম, ন. [করি+চর্ম্মন্] হস্তীচর্ম্ম, গজ-

করিজ, পুং. [করি+জ] হস্তীশিশু, করিশাবক।

করিণী, স্ত্রী. [করিন্+ঈ] হস্তিনী, তৎপর্য্যায়। হস্তিযোষিৎ, ধেনুকা, বশা, করেণূ, করেণু, করেণুকা, রেণুকা, বাসিতা, বাসা, কটভরা, পুষ্করিণী, কচা, গণিকা, গজযোষিৎ, পদ্মিনী, হস্তিনী।

করিদন্ত, পুং. [করি+দন্ত] হস্তিদন্ত।

করিদারক, পুং. [করি+দারক] সিংহ।

করিনাসিকা, স্ত্রী. [করি+নাসিকা] বাদ্য, বীণাবিশেষ।

করিপত্র, ন. [করি+পত্র] তালীশপত্র।

করিপিপ্পলী, স্ত্রী. [করি+পিপ্পলী] গজপিপ্পলী।

করিপোত, পুং. [করি+পোত] করিশাবক।

করিবক, (প্রা) বিবিধ শ্বেতবক। [প্রারদ্ধি।

করিবন্ধ, পুং. [করি+বন্ধ] হস্তিবন্ধনস্তম্ভ,

করিমাচল, পুং. [করি+মাচল] সিংহ।

করিমুখ, পুং. [করি+মুখ] গণেশ; হস্তিবদন।

করিয়াটি, (প্রা) পক্ষীভেদ। [হস্তী।

করিযাদঃ, ন. [করি+যাদস্] বিছু, শুশুক, জল-

করির, পুং.ন. [কৃ+ইর] করীর, বংশাঙ্কুর; বংশপর্ব্ব।

করিল্লা, (প্রা) লতাবিশেষ।

করিশ, (প্রা) লতাবিশেষ।

করিশাবক, পুং. [করি+শাবক] হস্তিশিশু, করভ, কলভ, করিজ, করিপোত, বিক্ক, ধিক্ক।

করিশুণ্ড, ন. [করি+শুণ্ড] হস্তিশুণ্ড।

করিষ্ঠ, ত্রি. [কর+ইষ্ঠ] অধীকৃত।

করিষ্যৎ-করিষ্যমাণ, ত্রি. [কৃ+স্যতৃ-স্যমান] উদাত। [শীল।

করিষ্ণু, ত্রি. [কৃ+ইষ্ণু] কর্ত্তব্য, করণীয়; করণ

করী, পুং. [কর+ইন্] হস্তী। [হস্তী।

করীন্দ্র, পুং. [করি+ইন্দ্র] প্রধানহস্তী, বৃহ-

করীম্ (যাং) দানশীল।

করীয়স্, ত্রি. [কর+ঈয়স্] করিষ্ঠ, অধীকৃত।

করীর, পুং. ন. [কৃ+ঈর] বংশাঙ্কুর, বাঁশের কোঁড়া; বংশপর্ব্ব, (পুং.) ঘট; মরুভূমিজ উষ্ট্রপ্রিয় কণ্টকীবৃক্ষ, তৎপর্য্যায়।—ক্রকর, গ্রন্থিল, ক্রকজ, নিষ্পত্রিকা, করির, গূঢ়পত্র, করক, তীক্ষ্ণকণ্টক।

করীরা, স্ত্রী. [করীর+আ] চীরিকা, ঝিঁঝিপোকা; হস্তিদন্তমূল।

করীরিকা, স্ত্রী. [করীর+ইকা] হস্তীদন্তমূল

করীরী, স্ত্রী. [করীর+ঈ] চীরিকা; হস্তিদন্তমূল।

করীষ, পুং. ন. [কৃ+ঈষ] শুষ্কগোময়, ঘুঁটে, গোগ্রন্থি, ছগণ।

করীষঙ্কষা, স্ত্রী. [করীষম্+কষা] প্রবলবায়ু, চণ্ডবাত, ঝড়।

করীষাগ্নি, পুং. [করীষ+অগ্নি] শুষ্কগোময় বহ্নি, ছাগণ, ঘুঁটের আগুন।

করুই, (প্রা) ভাণ্ডার, গোলা, দ্রব্যাগার

করুণ, পুং. [কৃ+উন] বৃক্ষবিশেষ,করুণানেবু গাছ; বুদ্ধভেদ; শৃঙ্গারাদি অষ্টরসান্তর্গত তৃতীয়রস।

করুণমল্লী, স্ত্রী. [করুণ+মল্লী] নবমল্লিকা।

করুণবিপ্রলম্ভ, পুং. [করণ+বিপ্রলম্ভ] পূর্ব্ব-রাগাদি চতুর্ব্বেদ বিপ্রলম্ভ শৃঙ্গারমধ্যে বিপ্রলম্ভবিশেষ।

করুণা, স্ত্রী. [করুণ + আ] পরদুঃখহননেচ্ছা, তৎপর্য্যায়।—কারুণ্য, ঘৃণা, কৃপা, দয়া, অনুকম্পা, অনুক্রোশ, শূক, করুণ, অনু-গ্রহ, দয়ালুতা, হন্তোক্তি, আপন্নরক্ষণ, বাৎসল্য, মায়া।

করুণাকর, ত্রি. [করুণা+আকর] কৃপা-নিধি, দয়াময়।

করুণাত্মক, ত্রি. [করুণ+আত্মক] কোমলা-ন্তঃকরণ, সদয়হৃদয়।

করুণানিধান, ত্রি. [করুণা+নিধান] দয়াধার, কৃপান্বিত, সানুকম্প।

করুণান্বিত, ত্রি. [করুণা+অন্বিত] কৃপান্বিত, দয়াবান্, সদয়, সানুগ্রহ।

করুণাপর-করুণাময়, ত্রি. [করুণা+পর] দয়াপর, দয়ালু, কৃপালু, সুরত।

করুণাবেদিতা, স্ত্রী, [করুণা+বেদিতা] প্রী-ততা, কোমলতা!

করুণামল্লী, স্ত্রী. [করুণা+মল্লী] শিশুগন্ধা।

করুণাযুক্ত, ত্রি. [করুণা+যুক্ত] দয়াত্মক।

করুণার্দ্র, ত্রি. [করুণা+আর্দ্র] দয়ার্দ্র, অতি-শয় কৃপালু।

করুণার্দ্রচিত্ত, ত্রি. [করুণার্দ্র+চিত্ত] দয়ান্তঃ-করণ। [হীন, নির্দ্দয়।

করুণাশূন্য, ত্রি. [করুণা+শূন্য] নিষ্কৃপ, দয়া-

করুণাস্বর, পুং. [করুণা+স্বর] শোকার্থক-ধ্বনি, খেদসূচকশব্দ।

করুণী, স্ত্রী. [করুণ+ঈ] পুষ্পবৃক্ষবিশেষ, ককরখিরুণি, তৎপর্য্যায়।—গ্রীষ্মপুষ্পী, রক্তপুষ্পী, চারিণী, রাজপ্রিয়া, রাজ-পুষ্পী, সূক্ষ্মা, ব্রহ্মচারিণী।

করুল, পুং. [কর্+উল] কুররপক্ষী।

করেট, পুং. [কর+ইট] নখ।

করেটব্যা, স্ত্রী. [করেটব্য+আ] ধনচ্ছুপক্ষী।

করেটু, পুং. [করেট+উ] পক্ষিবিশেষ, কর-কটিয়া পাখী, তৎপর্য্যায়।—কর্করেটু, কর্করাটুক, করটু।

করেণু, পুং. [কৃ+এণু] হস্তী; কর্ণিকারবৃক্ষ; (স্ত্রী.) হস্তিনী। [গজপুঙ্গব।

করেণুবর্য্য, পুং, [করেণু+বর্য্য] প্রধানহস্তী,

করেণুভূ, পুং. [করেণু+ভূ] পালকাপ্যমুনি।

করেণুশিশু, পুং.[করেণু+শিশু]করিশাবক।

করেণুসুত, পুং. [করেণু+সুত] মুনিবিশেষ।

করেণূ, পুং. স্ত্রী. [কৃ+এণূ] হস্তি; হস্তিনী।

করেত, পুং. [কর + এত] লতাবিশেষ।

করেন্দুক, পুং. [কর+এন্দুক] ভূতৃণ।

করেবর, পুং. [করে+বর] তুরুষ্ক, শিলারস।

করেলা-করেলি, (প্রা) করলাফলবিশেষ।

করোট, ন. [ক+রোট] শিরোহস্থি।

করোটা-করোটি, স্ত্রী. [করোট+আ-ই] শিরোহস্থি, মাথারখুলি।

করোটি, (প্রা) মৎস্যবিশেষ। [খুলী।

করোটী, স্ত্রী. [করো+ঈ] শিরোহস্থি, মাথার

করোৎকর, পুং. [কর+উৎকর] ছিন্নবস্ত্রের ভার; অধিক রাজকর।

করোদক, ন. [কর+উদক] জলযুক্ত হস্ত।

কর্ক, পুং. [কৃ + ক] শ্বেতাশ্ব; কুলীর; দর্পণ; ঘট; কর্কটরাশি; অগ্নি; কর্কট-বৃক্ষ; বৃহৎকুষ্মাণ্ড; শোভা; (ত্রি) উত্তম।

কর্কচির্ভিটী, স্ত্রী. [কর্ক+চির্ভিটী] চির্ভটী, কর্কটীভেদ, শশা।

কর্কট, পুং. [কর্ক+অট] বৃক্ষবিশেষ, তৎ-পর্য্যায়।—কর্ক, ক্ষুদ্রধাত্রী, ক্ষুদ্রামলক-সংজ্ঞ,কর্কফল; জলজন্তুবিশেষ, কাঁকড়া; তৎপর্য্যায়।-কর্কটক, কুলীর, কুলীরক, সদংশক, পঙ্কবাস,তির্য্যগ্গামী, তির্য্যগ্-যান, বহিশ্চর, পার্শ্বোদরপ্রিয়, বহিঃ-

চর, জলবিল্ব, অপত্যশত্রু, বহুক, ষোড়শাঙ্ঘ্রি, মৃত্যুসূতি, কুরচিল্ল; নাগবিশেষ; পক্ষীবিশেষ, করকটিয়াপাখী; পদ্মকন্দ; তুম্বী; চতুর্থরাশি।

কর্কটক, পুং. [কর্কট+ক] কুলীর, কাঁকড়া, নাগবিশেষ।

কর্কটরাশি, পুং. [কর্কট+রাশি] চতুর্থরাশি।

কর্কটশৃঙ্গিকা, স্ত্রী. [কর্কট+শৃঙ্গিকা] কর্কটশৃঙ্গীবৃক্ষ।

কর্কটশৃঙ্গী, স্ত্রী. [কর্কট+শৃঙ্গী] বৃক্ষবিশেষ. কাঁকড়াশিঙ্গী, তৎপর্য্যায়।—কর্কটাখ্যা, কুলীরশৃঙ্গী, মহাঘোষা, চক্রাঙ্গী, কুলিঙ্গী, কাসনাশিনী, ঘোষা, বনমূর্দ্ধজা, চক্রা, শিখরী, কর্কটাঙ্গা, কর্কটী, বিষাণিকা, কৌলীরা, চন্দ্রাস্পদা, বলাঙ্গা।

কর্কটাখ্যা, স্ত্রী. [কর্কট+আখ্যা] কর্কটশৃঙ্গী।

কর্কটাহ্ব, পুং. [কর্কট+আহ্ব] বিল্ববৃক্ষ।

কর্কটাহ্বা, স্ত্রী. [কর্কট+আহ্বা] কর্কটশৃঙ্গী।

কর্কটি, স্ত্রী. [কর্কট+ই] কর্কটী,কাঁকুড়।

কর্কটিনী, স্ত্রী. [কর্কট+ঈন্] দারুহরিদ্রা।

কর্কটী, স্ত্রী. [কর্কট+ঈ] শাল্মলীফল; সর্প; দেবদালীলতা; কর্কটশৃঙ্গীবৃক্ষ; এর্ব্বারু, বড় কাঁকুড়; ঘোটিকাবৃক্ষ; ফললতাবিশেষ, কাঁকুড়, তৎপর্য্যায়।—কটুদলী, ছর্দ্দাপনিকা, পীনসা, মূত্রফলা, ত্রপুষা, হস্তীপর্ণী, লোমশকাণ্ডা, মূত্রলা, বহুকন্দা, কর্কটাক্ষ, শান্তনু, চির্ভটী, বালুকী, এর্ব্বারু, ত্রপুষী।   [কটিয়া পাখী।

কর্কটু, পুং. [কর্কট+উ] করেটুপক্ষী. কর-

কর্কট্যাবেঙ্গ, (প্রা) স্থূলমণ্ডূক।

কর্কন্ধু, পুং. স্ত্রী. [কর্ক+ধা+উ] কোলিবৃক্ষ।

কর্কন্ধূ, পুং. স্ত্রী. [কর্ক+ধা+ঊ] বদরীবৃক্ষ।

কর্কর, ত্রি. [কর্ক+র] কঠিন; (পুং.) দর্পণ; (ন.) চূর্ণজনক ক্ষুদ্রপাষাণখণ্ড, চূর্ণখণ্ড, কাঁকর, ঘুঁটি।

কর্করাঙ্গ, পুং. [কর্কর+অঙ্গ] কালকণ্ঠপক্ষী।

কর্করাটু, পুং. [কর্কর+আটু] কটাক্ষ, অপাঙ্গদর্শন।

কর্করাটুক, পুং. [কর্কর+অটুক] কর্করেটুপক্ষী, করকটিয়াপাখী।

কর্করান্ধক, পুং. [কর্কর+অন্ধক] অন্ধকূপ, আঁধুয়াকুয়া।   [অলক।

কর্করাল, পুং. ন. [কর্কর+আল] চূর্ণকুন্তল,

কর্করাক্ষ, পুং. [কর্কর+অক্ষ] খঞ্জনপক্ষী।

কর্করিয়া, (প্রা) কঙ্করযুক্ত, কুল্লুইমিশ্রিত।

কর্করী-কর্রীকা, স্ত্রী. [কর্কর+ঈ-ঈকা] স্বল্পবারিধানিকা, ঝারি, গাড়ু, তৎপর্য্যায়।—আলু, গলন্তিকা, অলু, আরু।

কর্করু, পুং. [কর্কর+উ] কুষ্মাণ্ড।

কর্করেট, ন. [কর্কর+এট] গলেহস্তাধান, অর্দ্ধচন্দ্র, অঙ্গুলিতোরণ, গলাটিপি।

কর্করেটু, পুং. [কর্কর+এটু] করেটুপক্ষী, কর্কটিয়া পাখী।

কর্কশ, পুং. [কৃ+কশ] কাম্পিল্যবৃক্ষ, গুঁড়ারোচনী; কাশমর্দ্দ; ইক্ষু; খড়্গ; (ত্রি.) সাহসিক; কঠোর; অমসৃণ; দুস্পর্শ; ক্রূর; নির্দ্দয়; কৃপণ।

কর্কশচ্ছদ, পুং. [কর্কশ+চ্ছদ] পটোল; শাকোট বৃক্ষ, শেওড়াগাছ।   [ঝিঙ্গা; দগ্ধাবৃক্ষ।

কর্কশচ্ছদা, স্ত্রী. [কর্কশচ্ছদ+আ] কোশাতকী,

কর্কশদল, পুং. [কর্কশ+দল] পটোল।

কর্কশদলা, স্ত্রী. [কর্কশ+দলা] দগ্ধাবৃক্ষ।

কর্কশবাক্য, পুং. ন. [কর্কশ+বাক্য] নিষ্ঠুরবচন, পরুষবাক্।

কর্কশা, স্ত্রী. [কর্কশ+আ] বৃশ্চিকালীবৃক্ষ।

কর্কশিকা, স্ত্রী. [কর্কশিক+আ] বনকোলি।

কর্কশস্বন, ত্রি. [কর্কশ+স্বন] কর্ণকটু,বিস্বর।

কর্কশস্বর, ত্রি. [কর্কশ+স্বর] বিস্বর, কর্ণকটু, কুশ্রাব্য।

কর্কসার, ন. [কর্ক+সার] করম্ভক, দধিসক্তু।

কর্কারু, পুং. [কৃক+ঋ+উ] কুষ্মাণ্ড, কুমড়া, কখারু ইতি উৎকলদেশীয় ভাষা।

কর্কারুক, পুং. [কর্কারু+ক] কালিঙ্গবৃক্ষ।

কর্কি, পুং. [কর্ক+ই] কর্কটরাশি।

কর্কেতন, পুং. [কর্ক+এতন] মণিরত্ন।

কর্কোট, পুং. [কর্ক+ওট] নাগরাজবিশেষ।

কর্কোটক, পুং. [কর্কোট+ক] বিল্ববৃক্ষ; কদ্রুপুত্র, নাগরাজবিশেষ; ইক্ষু; ফললতাবিশেষ,কাঁকরোল, তৎপর্য্যায়।—কিলাসঘ্ন, তিক্তপত্র, সুগন্ধক।

কর্কোটকী, স্ত্রী. [কর্কোটক+ঈ] পীতঘোষা-বৃক্ষ।

কর্কোটিকা, স্ত্রী. [কর্কোট+ইকা] কর্কোটক, কাঁকরোল, তৎপর্য্যায়।—কুষ্মাণ্ডী, কর্কোটী। [কচুরী।

কর্চ্চরিকা, স্ত্রী. [কর্চ্চর+ইকা] পিষ্টকবিশেষ,

কর্চ্চূর, ন. [কর্+চূর] কর্ব্বূর, স্বর্ণ; কচ্চুর; (পুং.) বৃক্ষবিশেষ, কচুর, তৎপর্য্যায়।—দ্রাবিড়, কর্শ্য, দুর্লভ, গন্ধমূলক, বেধমুখ্য গন্ধসার, জটাল। [হলুদ।

কর্চ্চূরক, পুং. [কর্চ্চূর+ক] কর্ব্বূরক, কাঁচা-

কর্জ্জ, (বাং) ঋণ, ধার।

কর্জ্জআদায়, (বাং) ঋণাদান, ঋণমুক্তি।

কর্জ্জদাদন, (বাং) ঋণ সমর্পণ, আবিহিত কালপর্য্যন্ত পরহস্তে দ্রব্য সমর্পণ।

কর্ণ, পুং. [কৃ+ন] শ্রবণেন্দ্রিয়, কাণ তৎপর্য্যায় শব্দগ্রহ, শ্রোত্র, শ্রুতি, শ্রবণ, শ্রব, শ্রৌত্র, বচোগ্রহ, শ্রোত, শ্রবণপথ, ধ্বনিগ্রহ, শব্দাধিষ্ঠান, পৈঞ্জুষ, কুহর, শ্রবণেন্দ্রিয়ের গোলোকস্থান; যুধিষ্ঠিরাগ্রজ, কুন্তীদেবীর কন্যাকালে সূর্য্যের ঔরসজাত পুত্র, তৎপর্য্যায়।—রাধেয়, বসুষেণ, অর্কনন্দন, ঘটোৎকচান্তক, চাম্পেশ, সূতপুত্রক, চাম্পাধিপ, অঙ্গরাট্, রাধাসুত, অর্কতনয়, অঙ্গাধিপ; সুবর্ণালিবৃক্ষ; কানিপাত, হাল; বিষমকর্ণ; ভূমির কোণাকোণি মাপরেখা; কবিতারছন্দোবিশেষ, দুইচরণের ছন্দঃ, গগ, লর্ব্বাক্ষরদ্বয়।

কর্ণকড়ি, (প্রা) কুণ্ডল।

কর্ণকণ্ডু, পুং. [কর্ণ+কণ্ডু] কর্ণরোগবিশেষ।

কর্ণকণ্ডূয়নক, পুং. [কর্ণ+কণ্ডূয়নক] কর্ণশোধনী

কর্ণকীটা, স্ত্রী. [কর্ণ+কীটা] কীটবিশেষ, কাণকোটারী, কেণ্ছই, তৎপর্য্যায়।—কর্ণজলৌকা, শতপদী, চিত্রাঙ্গী, পৃথিকা, কর্ণদুন্দুভি।

কর্ণকুহর, পুং. [কর্ণ+কুহর] শ্রবণেন্দ্রিয়ের গোলক, কর্ণেরছিদ্র। [জনক।

কর্ণক্লেশক, ত্রি. [কর্ণ+ক্লেশক] কর্ণপীড়া-

কর্ণগ, ত্রি. [কর্ণ+গ] শ্রুতগামী।

কর্ণগূথ, ন. [কর্ণ+গূথ] কর্ণমল, কাণেরখইল

কর্ণগূথক, পুং. [কর্ণ+গূথক] কর্ণরোগবিশেষ।

কর্ণগোচর, পুং. [কর্ণ+গোচর] শ্রবণজ্ঞান।

কর্ণগ্রাহ, পুং. [কর্ণ+গ্রাহ] কর্ণধার, কর্ণিক।

কর্ণগ্রাহবান্, ত্রি. [কর্ণগ্রাহ+বৎ] কৃতকর্ণিক। [ন্দ্রিয়গোলক।

কর্ণচ্ছিদ্র, ন. [কর্ণ+ছিদ্র] কর্ণকুহর, শ্রবণে-

কর্ণজপ, পুং. [কর্ণ+জপ] উপনিধাতা, পিশুন, সম্বাদদায়ক, সূচক, গোয়েন্দা।

কর্ণজলুকা-কর্ণজলৌকা, স্ত্রী. [কর্ণ+জলুকা জলৌকস্] কর্ণকীটা, শতপদী।

কর্ণজালুক, পুং. [কর্ণ+জালুক] কীটবিশেষ, কর্ণকীটা

কর্ণজাহ, ন. [কর্ণ+জাহ] কর্ণমূল, শ্রুতিমূল।

কর্ণজিৎ, পুং. [কর্ণ+জিৎ] অর্জ্জুন, তৃতীয়পাণ্ডব। [কাণ।

কর্ণতাল, পুং. [কর্ণ+তাল] দীর্ঘকর্ণ, লোটা-

কর্ণদর্পণ, পুং. [কর্ণ+দর্পণ] তাড়ঙ্কনাম কর্ণভূষণ, কাণতড়্কা।

কর্ণদুন্দুভি, স্ত্রী. [কর্ণ+দুন্দুভি] কর্ণকীটা।

কর্ণধার, পুং. [কর্ণ+ধার] নাবিক, কাণ্ডারি, মাঝি।

কর্ণনাদ, পুং. [কর্ণ+নাদ] কর্ণক্ষ্বেড়।

কর্ণনির্ঘর্ষণক, পুং. [কর্ণ+নির্ঘর্ষণক] কর্ণশোধনী, কাণখুস্কী

কর্ণন্দু, পুং. [কর্ণন্+দু] কর্ণভূষণ।

কর্ণপাক, পুং. [কর্ণ+পাক] কর্ণস্ফোট, কাণপাকা। [বালা, কুণ্ডল।

কর্ণপালী, স্ত্রী. [কর্ণ+পালী] কর্ণান্দু, কাণ-

কর্ণপিশাচী, স্ত্রী. [কর্ণ+পিশাচী] দেবীবিশেষ।

কর্ণপুষ্প, পুং. [কর্ণ+পুষ্প] মোরটলতা।

কর্ণপুর, পুং. [কর্ণ+পুর] কর্ণরাজপুর, অঙ্গদেশ, ভাগলপুরখ্যাত; কর্ণানন্তর রাজধানী

কর্ণপূঃ, স্ত্রী. [কর্ণ+পুর্] কর্ণরাজপুর, চম্পা, মালিনী, লোমপাদপুর

কর্ণপূর, পুং. [কর্ণ+পূর] শিরীষবৃক্ষ; নীলোৎপল; অবতংস; অশোকবৃক্ষ।

কর্ণপূরক, পুং. [কর্ণপূর+ক] কদম্ববৃক্ষ।

কর্ণপ্রতিনাহ, পুং. [কর্ণ+প্রতিনাহ] কর্ণরোগবিশেষ। [লিমাহ।

কর্ণফল, পুং. [কর্ণ+ফল] মৎস্যবিশেষ, কাণ-

কর্ণফুল, (প্রা) কর্ণালঙ্কার, কুণ্ডল, কর্ণভূষণ।

কর্ণবংশ, পুং. [কর্ণ+বংশ] মঞ্চ, শিবিকা, ইন্দ্রকোষ।

কর্ণবর্জ্জিত, পুং. [কর্ণ+বর্জ্জিত] সর্প; (ত্রি.) কর্ণহীন, বোঁচা।

কর্ণবান্, ত্রি. [কর্ণ+বৎ] কর্ণী, কর্ণিল; অরিত্রবিশিষ্ট; লম্বকর্ণ, দীর্ঘকর্ণ।

কর্ণবিট্, স্ত্রী. [কর্ণ+বিশ্] কর্ণমল, কর্ণগূথ।

কর্ণবিদ্রধি, পুং. [কর্ণ+বিদ্রধি] কর্ণপাক।

কর্ণবিষয়, ত্রি. [কর্ণ+বিষয়] কর্ণগোচর, শ্রুতি পর্য্যন্ত।

কর্ণবেধ, পুং. [কর্ণ+বেধ] কর্ণঘট্ক দোষ নিবারণার্থ কর্ণের বেধন, কাণ্ বিঁধান, সংস্কারবিশেষ।

কর্ণবেধনিকা-কর্ণবেধনী, স্ত্রী. [কর্ণ+বেধনিকা] হস্তী কর্ণবেধনাস্ত্র, নালী, কর্ণারা।

কর্ণবেধী, ত্রি. [কর্ণ+বেধী] কর্ণভেদী।

কর্ণবেষ্টক, পুং. [কর্ণ+বেষ্টক] কুণ্ডল, কর্ণালঙ্কার। [তংস, কুণ্ডল।

কর্ণবেষ্টন, ন. [কর্ণ+বেষ্টন] কর্ণাভরণ, অব-

কর্ণবেদনা-কর্ণব্যথা, স্ত্রী. [কর্ণ+বেদনা] কর্ণশূল। [কর্ণবেধী।

কর্ণভেদী, ত্রি. [কর্ণ+ভেদিন্] কাণ্ভাঙ্গানি;

কর্ণমদ্গুর, পুং. [কর্ণ+মদ্গুর] বোদালমৎস্য, সহস্রদংষ্ট্রী।

কর্ণমল, পুং. [কর্ণ+মল] কর্ণজমল, কর্ণগূথ, কর্ণবিট্, তোক্ম, বারুণ্ড, কাণের খইল।

কর্ণমুকুর, পুং. [কর্ণ+মুকুর] তাড়ঙ্ক নাম কর্ণভূষণ; কুণ্ডল।

কর্ণমূল, ন. [কর্ণ+মূল] শ্রুতিমূল, কর্ণজাহ।

কর্ণমোটী, স্ত্রী. [কর্ণ+মোটী] চামুণ্ডাদেবী

কর্ণরন্ধ্র, ন. [কর্ণ+রন্ধ্র] শ্রুতিদ্বার, বৃষভ, কাণের ছেঁদা।

কর্ণরোগ, পুং. [কর্ণ+রোগ] অষ্টাবিংশতি শ্রবণব্যাধি।

কর্ণলতিকা, স্ত্রী. [কর্ণ+লতিকা] পালি, কাণের পাতা, কাণের মুম্‌ড়ি।

কর্ণশস্কুলী, স্ত্রী. [কর্ণ+শস্কুলী] কর্ণগোলক, বেষ্টন, শ্রুতিমণ্ডল।

কর্ণশূল, ন. [কর্ণ+শূল] কর্ণবেদনা, কাণকামড়ান

কর্ণশ্রব, ত্রি. [কর্ণ+শ্রব] শ্রোতব্য, শ্রাব্য, কর্ণগোচর।

কর্ণসংস্রাব-কর্ণস্রব, পুং. [কর্ণ+সংস্রাব-স্রব] কর্ণরোগবিশেষ।

কর্ণস্ফোটা, স্ত্রী. [কর্ণ+স্ফোটা] লতাবিশেষ, কাণফাটা, তৎপর্য্যায়।—শ্রুতিস্ফোটা, ত্রিপুটা, কৃষ্ণতণ্ডুলা, চিত্রপর্ণী, কোপলতা, চন্দ্রিকা, অর্দ্ধচন্দ্রিকা।

কর্ণক্ষ্বেড, পুং. [কর্ণ+ক্ষ্বেড়] কর্ণরোগবিশেষ, কর্ণনাদ। [কাণি।

কর্ণাকর্ণি, (প্রা) পরস্পর ফুস্ফুসনি, কাণা-

কর্ণাট, পুং. [কর্ণ+অট] স্বনামখ্যাত দেশবিশেষ। [জাত ব্যক্তি।

কর্ণাটক, পুং. [কর্ণাট+ক] কর্ণাট দেশ-

কর্ণাটী, স্ত্রী. [কর্ণাট+ঈ] রাগিণীবিশেষ; হংসপদী বৃক্ষ।

কর্ণানুজ, পুং. [কর্ণ+অনুজ] যুধিষ্ঠিররাজ।

কর্ণান্তিক, ত্রি. [কর্ণ+অন্তিক] পার্শ্ব, কাণের কাছ।

কর্ণান্দু, স্ত্রী. [কর্ণ+অন্দু] কর্ণন্দু, কর্ণপালী, কাণ্তড়্কা; উৎক্ষিপ্তিকা, কাণকড়া।

কর্ণান্দূ, স্ত্রী. [কর্ণ+অন্দূ] কর্ণান্দূ, কর্ণপালী কর্ণাভরণ।

কর্ণাভরণ, পুং. [কর্ণ+আভরণ] কর্ণালঙ্কার।

কর্ণাভরণক, পুং. [কর্ণাভরণ+ক] আরগ্বধবৃক্ষ।

কর্ণারা, স্ত্রী. [কর্ণার+আ] কর্ণবেধনী।

কর্ণারি, পুং. [কর্ণ+অরি] অর্জ্জুন; নদীসর্জবৃক্ষ, আজনগাছ।

কর্ণারুন্তুদ, ত্রি. [কর্ণ+অরুন্তুদ] কর্ণক্লেশক, কর্ণপীড়াজনক। [শ্রবণ।

কর্ণার্পণ, পুং. [কর্ণ+অর্পণ] মনোযোগে

কর্ণালঙ্কার, পুং. [কর্ণ+অলঙ্কার] কুণ্ডল কর্ণিকা, অবতংস, কর্ণবেষ্টন, কর্ণেন্দু, উত্তংস, তুম্বু, কর্ণবেষ্টক, ঝুমকা, কাণবালা, পাশা, মাকড়ি, কর্ণফুল ইত্যাদি।

কর্ণাস্ফাল, পুং. [কর্ণ+আস্ফাল] ঝলঞ্ঝলা, হস্তিকর্ণাস্ফালন।

কর্ণিক, ত্রি. [কর্ণ+ইক] কর্ণবান্; (পুং.) কর্ণধার, পোতবাহক।

কর্ণিক্, (প্রা) রাজমিস্ত্রীদের ইষ্টক ছেদন অস্ত্র, কর্ণী, লেপনযন্ত্র।

কর্ণিকা, স্ত্রী. [কর্ণিক+আ] কর্ণাভরণবিশেষ, কাণতড়কা, তৎপর্য্যায়।—তালপত্র, তাড়ঙ্ক, দন্তপত্র; করিহস্তাঙ্গুলি, হস্তিশুণ্ডাগ্রবর্ত্তি অঙ্গুলাকৃতি; পদ্মবীজকোষী; করমধ্যাঙ্গুলী; ক্রমুকাদিচ্ছটাংশ, বোঁটা; লেখনী; অগ্নিমন্থবৃক্ষ; অজশৃঙ্গীবৃক্ষ।

কর্ণিকাচল, পুং. [কর্ণিকা+অচল] সুমেরুপর্ব্বত।

কর্ণিকার, পুং. [কর্ণিকা+অর] বৃক্ষবিশেষ, কণিয়ার, তৎপর্য্যায়।—দ্রুমোৎপল, পরিব্যাধ, বৃক্ষোৎপল; আরগ্বধবিশেষ, ছোট সোনালু, তৎপর্য্যায়।—রাজতরু, প্রগ্রহ, কৃতমালক, সুফল, চক্র, পরিব্যাধ, ব্যাধিরিপু, পিণ্ডবীজক, লঘ্বারগ্বধ; পদ্মবীজকোষী।

কর্ণিকী, পুং. [কর্ণিকা+ইন্] হস্তী।

কর্ণিনারাচ, পুং. [কর্ণি+নাচার] লোহাগ্রযুক্ত অস্ত্র।

কর্ণিল, ত্রি. [কর্ণ+ইল] কর্ণিক, কর্ণবান্; লম্বকর্ণ।

কর্ণী, পুং. [কর্ণ+ইন্] বর্ষপর্ব্বতসপ্তকান্তর্গত পর্ব্বতবিশেষ; বাণবিশেষ; কর্ণিনারাচ; কর্ণধার; (ত্রি.) কর্ণবান্।

কর্ণীরথ, পুং. [কর্ণী+রথ] ক্রীড়ার্থনির্ম্মিত স্বল্পরথ; পুরুষস্কন্ধনীয়মানরথ; স্ত্রীবহনার্থ উপরিবস্ত্রাচ্ছাদিত রথবিশেষ, চতুর্দ্দোল, স্ত্রীরত্ন বহনার্থ উপরিবস্ত্রাচ্ছাদিত মনুষ্যবাহক যানবিশেষ, তৎপর্য্যায়।—প্রবহন,হয়ন,প্রহরণ, ডয়ন।

কর্ণীসুত, পুং. [কর্ণী+সুত] কংসাসুর, শ্রীকৃষ্ণেরমাতুল।

কর্ণেজপ, ত্রি. [কর্ণে+জপ] অপ্রকাশিত রূপে পরোপকার বোধক বাক্য যে কর্ণে কর্ণে বলে, ঠক্, তৎপর্য্যায়।—সূচক, কর্ণজপ, পিশুন, দুর্জ্জন, খল, উপজাপক, ভেদজনক, কর্ণেকথক, নারদ, কর্ণোপজাপক, পরাপকারবাদী।

কর্ণেজাপ, পুং. [কর্ণে+জাপ] পৈশুন,দোষানুবাদ, পিশুনতা।

কর্ণেন্দু, পুং. [কর্ণ+ইন্দু] কর্ণান্দু, অর্দ্ধচন্দ্রাকৃতি কর্ণভূষণ।

কর্ণোপজাপক, পুং. [কর্ণ+উপজাপক] কর্ণেজপ, পিশুন, খল।

কর্ত্ত, পুং. [কৃত+অ] ভেদ।

কর্ত্তন, ন. [কৃৎ+অন] ছেদন, ব্রশ্চন, খণ্ডন, ছিদা, ছিত্তি, লূনি, লাব, দাতি, দান, কাটন, ছাঁটন; সূত্রতনন, তন্তুকরণ, সূত্রনির্ম্মিতি, কাটনাকাটা।

কর্ত্তনী, স্ত্রী. [কর্ত্তন+ঈ] কর্ত্তরী, কৃপাণী, কাতারী, কাঁচি, ছেদনাস্ত্র।

কর্ত্তরিকা, স্ত্রী. [কর্ত্তর+ইকা] ছুরিকা, অসিপুত্রিকা, ছুরি; খড়্গ, কৃপাণ; কর্ত্তনী, কর্ত্তরী।

কর্ত্তরিবাচ্য, নং. [কর্ত্তরি+বাচ্য] পরস্মৈপদ।

কর্ত্তরী, স্ত্রী. [কৃৎ+অর+ঈ] কৃপাণী, পত্রীকৃত স্বর্ণাদির ছেদনোপায়, কাতি, কাতারি, কাঁচি, নাপিত কেশকর্ত্তনিকা; কাটারী।

কর্ত্তব্য, ত্রি. [কৃৎ+তব্য] করণীয়,করণযোগ্য, কার্য্য, করণার্হ, প্রয়োজন, সাধ্য, যোগ্য, উপযুক্ত।

কর্ত্তব্যতা, স্ত্রী. [কর্ত্তব্য+তা] কার্য্য, কৃত্য।

কর্ত্তা, ত্রি. [কৃ+তৃ+অ]কারক; ষট্‌কারকান্তর্গত কারকবিশেষ; কর্ত্তৃক, কার, কর, কৃৎ, কারী, কারু, নির্ম্মাতা, বিধাতা, বিধায়ী, কল্পক, রচক, ঘটক, উৎপাদক, স্রষ্টা, ধাতা, জনক, সৃক্, ক্রিয়ানুকূল কৃতিমান্; (ইহাদ্বিবিধ)মুখ্য,প্রয়োজক; তদ্ভেদ পঞ্চপ্রকার যথা।—ক্রিয়ামুখ্য, হেতু কর্ত্তা, প্রয়োজক, অনুমন্তা, গৃহীতা (পুং.) ব্রহ্মা, পরমেষ্ঠী।

কর্ত্তিকা, স্ত্রী. [কর্ত্তিক+আ] মধ্যমাঙ্গুলী; হস্তিশুণ্ডাগ্র।

কর্ত্তিত, ত্রি. [কর্ত্ত+ইত] ছিন্ন, কৃত্ত, খণ্ডিত, ত্রুটিত।

কর্ত্তিষ্যন্, ত্রি. [কৃত + স্যতৃ] ছেদনেচ্ছু, ছিত্বর, ছিত্তুর।

কর্ত্তৃক, ত্রি. [কর্ত্তৃ+ক] কারক, সাধক।

কর্ত্তৃকত্ব, ন. [কর্ত্তৃক+ত্ব] কর্ত্তৃত্ব, কারণত্ব, হেতুতা

কর্ত্তৃকা, স্ত্রী. [কর্ত্তৃক+আ] ক্ষুদ্রখড়্গ।

কর্ত্তৃকাম, ত্রি. [কর্ত্তৃ+কাম] কর্ত্তিষ্যন্, ছেদনকারী; কর্ত্তনেচ্ছু।

কর্ত্তৃত্ব, ন. [কর্ত্তৃ+ত্ব] কর্ত্তৃধর্ম্ম, কর্ত্তৃভাব, প্রভুত্ব, অধিকার, কারিতা।

কর্ত্তৃত্বকারী, পুং. [কর্ত্তৃত্ব+কারিন্] অধ্যক্ষ, কর্ত্তা, নির্ব্বাহক।

কর্ত্তৃবাচক-কর্ত্তৃবাচ্য, ন. [কর্ত্তৃ+বাচক-বাচ্য] পরস্মৈপদ।

কর্ত্তৃর্থশব্দ, পুং. [কর্ত্তৃর্থ+শব্দ] কর্ত্তৃত্ববাচক।

কর্ত্রী, স্ত্রী. [কর্ত্তৃ+ঈ] প্রাধানাস্ত্রী, গৃহিণী; কারিণী; কর্ত্তরী; কারিকা।

কর্দ্দ, পুং. [কর্দ্দ্+অ] কর্দ্দম, পঙ্ক, পাঁক, কাদা। [পঙ্কার।

কর্দ্দট, পুং. [কর্দ্দ্+অট] করহাট; পঙ্ক;

কর্দ্দন, ন. [কর্দ্দ্+অন] উদরশব্দ, পেটেরডাক।

কর্দ্দম, পুং.[কর্দ্দ্+অম] কর্দ্দ, তৎপর্য্যায়।—নিষদ্বর, জম্বাল, পঙ্ক, শাদ, জলকল্ক, চিকিল, পরিক্কা, দলাঢ্য, চুলুক, বিজপিল, শিলিন্ধ্রী, দ্রাপ; পাপ; প্রজাপতি বিশেষ; ছায়া; ব্রহ্মার ছায়াতে জাত; (ন.) মাংস।

কর্দ্দমাটক, পুং. [কর্দ্দম+অটক] বিষ্ঠাদি নিঃক্ষেপস্থান, অশুচিকুণ্ড, আঁস্তাকুড়।

কর্দ্দমী, স্ত্রী. মুদ্গরবৃক্ষ।

কর্পট, পুং. [কৃপ+অট] মলিনত্বাদি দুষ্টজীর্ণ বস্ত্রখণ্ড, নেকড়া, লক্তক, নক্তক, ছিন্নবসন; পর্ব্বতবিশেষ।

কর্পটধারী, ত্রি. [কর্পট+ ধারিন্] মলিন জীর্ণবস্ত্রখণ্ডধারী, ভিক্ষুক, সন্ন্যাসী।

কর্পটিক-কর্পটি, ত্রি.[কর্পট+ইক-ইন্] মলিনজীর্ণবস্ত্রখণ্ডধারী, ভিক্ষুক, সন্ন্যাসী।

কর্পর, পুং. [কৃপ+অর] কপাল, মাতারখুলি; শস্ত্রভেদ; কটাহ; উডুম্বর।

কর্পরাংশ, পুং. [কর্পর+অংশ] শর্করা, খোলা কুচি, খাপরাল।

কর্পরাল, পুং. [কর্পর+অল] পর্ব্বতজপীলুবৃক্ষ, কন্দরাল, আকরোট।

কর্পরিকাতুত্থ, ন. [কর্পরিকা+তুত্থ] তুত্থবিশেষ, কর্পরী।

কর্পরী, স্ত্রী. [কর্পর+ঈ] ক্বাথোদ্ভবতুত্থ, দারুহরিদ্রার ক্বাথেরতুতিয়া, দার্ব্বিকা; তুত্থাঞ্জন। [কাপাস।

কর্পাস, পুং. ন. [কৃ+অপাস] কার্পাস,

কর্পাসী, স্ত্রী. [কর্পাস+ঈ]কার্পাসী, কাপাসগাছ।

কর্পূর, পুং. ন. [কৃপ্+ঊর] স্বনামখ্যাত বৃক্ষনির্যাস শ্বেতবর্ণ সুগন্ধিদ্রব্য, তৎপর্য্যায়।—কারমিহিকা, কুমুদ, গৌর, ঘনসার, ঘনসারক, চন্দ্র, চন্দ্রভস্ম; চন্দ্রসংজ্ঞ, চন্দ্রার্দ্রক, (চন্দ্রের যত নাম তৎসমুদয়) তারাভ্র, বেধক, বেণুসারক, রোমসংজ্ঞ, লোক তুষার, শশাঙ্ক, শাম্ভব, শিলা, শীত, শীতপ্রভ, শীতাংশু, শুভ্রাংশু, সিতকর, সিতাভ, সিতাভ্র, সুধাংশু, সোম, স্ফটিকাভ্র, হমু, হিমকর, হিমবালুক, হিমাহ্বয়, হিমবালুকা; তদ্ভেদ যথা—পোতাস, ভীমসেন, সিতকর, শঙ্করাবাস সংজ্ঞ, পাংশু, পিঞ্জ, অব্দসার, হিমবালুক, জূতিকা, তুষার, হিম, শীতল, পত্রিকাখ্য। [কর্পূর।

কর্পূরক, পুং. [কর্পূর+ক] কর্ব্বুরক, কর্চ্চুরক;

কর্পূরকাতিপাণা, (প্রা) কর্পূরীপাণবিশেষ, কর্পূরকাতিপাণ।

কর্পূরতিলকা, স্ত্রী. [কর্পূর+তিলকা] উমাসখী ভেদ, জয়া।

কর্পূরতৈল, ন. [কর্পূর+তৈল] কর্পূরস্নেহ, হিমতৈল, সুধাংশুতৈল, শীতাংশুতৈল, তুহিনাংশুতৈল, সিতাংশুতৈল।

কর্পূরনালিকা, স্ত্রী. [কর্পূর+নালিকা] পক্বান্ন বিশেষ, কর্পূরনারি নেওয়ালা, কর্পূর, বাসিত ঘৃতপক্ব লড্ডুকাবিশেষ।

কর্পূরমণি, পুং. [কর্পূর+মণি] পাষাণভেদ, প্রস্তরবিশেষ

কর্ফর, পুং. [কর্+ফর] দর্পণ।

কর্ব্ব, পুং. [কৃ+ব] কাম; উন্দুরু।

কর্ব্বট, পুং.ন. [কর্ব্ব+অট] দ্বিশতগ্রামমধ্যে মনোরম স্থান, চতুঃশতগ্রামসংগ্রহস্থান; পুর, নগর।

কর্ব্বর, পুং. [কৃ+বর] ব্যাঘ্র; রাক্ষস।

কর্ব্বরী, স্ত্রী. [কর্ব্বর+ঈ] শিবা; ব্যাঘ্রী; রাক্ষসী; হিঙ্গুপত্রী।

কর্ব্বুদার, পুং. [কর্ব্বু+দারু] কোবিদারবৃক্ষ; শ্বেতকাঞ্চন; নীলঝিণ্টী। [বৃক্ষ।

কর্ব্বুদারক, পুং. [কর্ব্বু+দারক] শ্লেষ্মান্তক-

কর্ব্বুর, পুং. [কর্ব্ব+উর] রাক্ষস; নানাবর্ণ, চিত্র, কির্ম্মীর, কল্মাষ, শবল, এত; শটী; পাপ; নদীনিষ্পাবধান্য; (ন.) স্বর্ণ; জল; ধুস্তূরবৃক্ষ।

কর্ব্বুরজাল, পুং. [কর্ব্বুর+জাল] অঙ্গেসু-লক্ষণবোধক চিহ্ন।

কর্ব্বুরফল, পুং.[কর্ব্বুর+ফল] সাকুরুণ্ডবৃক্ষ।

কর্ব্বুরা, স্ত্রী. [কর্ব্বুর+আ] কৃষ্ণবৃক্ষ, পারুল; বর্ব্বরা, বাবুইতুলসী

কর্ব্বুরী, [কর্ব্বুর+ঈ] শিবা; দুর্গা।

কর্ব্বূর, ন.[কর্ব্ব+উর]স্বর্ণ; হরিতাল; (পুং.) শটী; রাক্ষস; দ্রাবিড়ক, কাঁচহলদী।

কর্ব্বূরক, পুং. [কর্ব্বূর+ক] হরিদ্রাভবৃক্ষ, কাঁচহলদী; কালহরিদ্রা; কর্পূরহরিদ্রা; কাকবসন্ত; কাঙ্ক্ষিতাহরিদ্রা; দ্রাবিড়ক, কাল্লক, বেধমুখ্যক, কাল্যক।

কর্ব্বূরা, স্ত্রী. [কর্ব্বূর+আ] রক্তপা, রক্তপাতা, জলৌকা।

কর্ব্বুরিত, ত্রি. [কর্ব্বুর+ইত] শবলীকৃত, নানাবর্ণ

কর্ম্ম, ন. [কৃ+মন্] ক্রিয়া; ষট্‌কারতান্তর্গত কারকবিশেষ; ব্যাপার, কার্য্য, ব্যবসায়, চেষ্টিত, কৃত, কৃত্য, বিচেষ্টিত; লগ্নের দশম লগ্ন।

কর্ম্মক, ত্রি. [কর্ম্ম+ক] কার্য্যকরণ।

কর্ম্মকর, ত্রি. [কর্ম্ম+কর] যে মূল্য গ্রহণ পূর্ব্বক কর্ম্ম করে, মজুর, ঠিকাচাকর, তৎপর্য্যায়।—কর্ম্মকার, কর্ম্মার, কারু, ভৃতক; ভৃতিভুক্, বৈতনিক, বেতনোপ-জীবী, তৎপর্য্যায়।—ভরণ্যভুক্, কর্ম্মণ্য-ভুক্; কর্ম্মকারকমাত্র; (পুং.) যম।

কর্ম্মকরী, স্ত্রী.[কর্ম্মকর+ঈ] মূর্ব্বালতা; রিষি-কালতা; দাসী।

কর্ম্মকর্ত্তা, পুং. [কর্ম্ম+কর্তৃ] কর্ম্মকর।

কর্ম্মকা, (প্রা) মৎস্যবিশেষ।

কর্ম্মকাণ্ড, পুং. [কর্ম্ম+কাণ্ড] ক্রিয়াসংস্কার বিশেষ

কর্ম্মকার, পুং. [কর্ম্ম+কার] বর্ণসঙ্করজাতি বিশেষ, শূদ্রাণী গর্ভে বিশ্বকর্ম্মার ঔরস-জাত, লৌহকার, কামার; বৃষ; (ত্রি.) বেতনবিনা ভারবহনাদিকর্ম্মকারক, কর্ম্ম ক্রিয়, কর্ম্মচারী, বেগার।

কর্ম্মকারক-কর্ম্মকারী, ত্রি. [কর্ম্ম+কারক-কারিন্] উদ্যোগকরণ, উৎসাহকরণ, কর্ম্মকরণ, আয়াসকরণ, শ্রমকরণ।

কর্ম্মকার্ম্মুক, পুং. [কর্ম্ম+কার্ম্মুক] দৃঢ়ধনুক।

কর্ম্মকীলক, পুং.[কর্ম্ম+কীলক] রজক, ধোপা।

কর্ম্মকুশল, ত্রি. [কর্ম্ম+কুশল] কার্য্যদক্ষ, সকল কার্য্যেনিপুণ।

কর্ম্মকৃৎ, পুং. [কর্ম্ম+কৃৎ] কর্ম্মকর, কর্ম্মকার, কর্ম্মার, কারু, শিল্পকার।

কর্ম্মকৃতবান্, পুং. [কর্ম্ম+কৃতবৎ] ধর্ম্মকর্ম্ম সম্পাদক

কর্ম্মচারী, ত্রি.[কর্ম্ম+চারিন্] কর্ম্মকর্ত্তা, কর্ম্ম-কর, কর্ম্মাধিকারী; (পুং.) রাজকরসংগ্রহ কারক; নিয়োগী; কর্ম্মসম্পাদক।

কর্ম্মচেষ্টা, স্ত্রী. [কর্ম্ম+চেষ্টা] কার্য্যোৎসাহ, কর্ম্মেপ্রবৃত্তি।

কর্ম্মচোদনা, স্ত্রী. [কর্ম্ম+চোদনা] কার্য্যনিদান, কর্ম্মকরণেপ্রবৃত্তি; কার্য্যবিষয়।

কর্ম্মচ্যুত, ত্রি. [কর্ম্ম+চ্যুত] কার্য্যরহিত, ক্রিয়াত্যক্ত। [(ত্রি.) কর্ম্মজন্য।

কর্ম্মজ, পুং. [কর্ম্ম+জ] কলিযুগ; বটবৃক্ষ;

কর্ম্মজগুণ, পুং. [কর্ম্মজ+গুণ] ক্রিয়াজন্য গুণ, তদযথা।—সংযোগ, বিভাগ, বেগ।

কর্ম্মজ্ঞ, ত্রি. [কর্ম্ম+জ্ঞ] কর্ম্মকুশল, কার্য্য-বিশারদ

কর্ম্মঠ, ত্রি. [কর্ম্ম+ঠ] কর্ম্মকুশল, কর্ম্মেনিপুণ, কর্ম্মশূর, কর্ম্মশীল, শ্রমী, অশ্রান্ত; প্রযত্নদ্বারা প্রারব্ধ কর্ম্ম সমাপক; (পুং.) যাগকর্ত্তা।

কর্ম্মণিকর্ত্তৃবাচ্য, ন. [কর্ম্মণি+কর্ত্তৃবাচ্য] কৃদন্ত বাচক। [কর্ম্মণি।

কর্ম্মণিবাচ্য, ন. [কর্ম্মণি+বাচ্য] আত্মনেপদ,

কর্ম্মণ্য, ত্রি. [কর্ম্মন্+য] কর্ম্মযোগ্য, ক্রিয়ার্হ, প্রয়োজনার্হ, কেজুয়া; (পুং.) সযত্নতা।

কর্ম্মণ্যভুক্, ত্রি' [কর্ম্মণ্য+ভুজ্] ভরণ্যভুক্, ভৃতিভুক্, বেতনোপজীবী।

কর্ম্মণ্যা, স্ত্রী. [কর্ম্মণ্য+আ] বেতন, মূল্য, ভৃতি, বর্ত্তন; ক্রিয়ার্হ।

কর্ম্মত্যাগ, পুং. [কর্ম্ম+ত্যাগ] কর্ম্মচ্যুত, ক্রিয়াত্যক্ত।

কর্ম্মত্যাগী, ত্রি. [কর্ম্মত্যাগ+ইন্] কর্ম্মফলানমুসন্ধানী; (পুং.) নাস্তিক।

কর্ম্মত্ব, ন. [কর্ম্ম+ত্ব] কৃত্য, কর্ত্তব্যতা, স্বকর্ম্ম; ক্রিয়া।

কর্ম্মদুষ্ট, ত্রি. [কর্ম্ম+দুষ্ট] অসৎকর্ম্মা, ব্যভিচারী, দুর্ব্বৃত্ত

কর্ম্মদোষ, পুং. [কর্ম্ম+দোষ] প্রমাদ, ভ্রম, স্খলিত, অনবধান; পাপ

কর্ম্মধ্বংস, পুং. [কর্ম্ম+ধ্বংস] অস্বার্থক শ্রম, কার্য্যধ্বংস। [কর্ম্মপদবিষয়।

কর্ম্মন্, ন. [কৃ+মন্] কর্ম্ম, ক্রিয়া, কার্য্য;

কর্ম্মনিষ্ঠ, ত্রি. [কর্ম্ম+নিষ্ঠ] আসক্তচিত্ত,ক্রিয়াপার; সোদ্যোগ।

কর্ম্মন্দী, পুং. [কর্ম্মন্দ+ইন্] ভিক্ষু, সন্ন্যাসী।

কর্ম্মপাত্র, ন. [কর্ম্ম+পাত্র] কর্ম্মাশ্রয়, কর্ম্মাধার।

কর্ম্মপারক, ত্রি. [কর্ম্ম+পারক] তীক্ষ্ণকর্ম্মা, আশুকারী, কর্ম্মক্ষম।

কর্ম্মফল, ন. [কর্ম্ম+ফল] কর্ম্মবিপাক; কর্ম্ম রঙ্গফল; দণ্ড।

কর্ম্মফলোদয়, পুং. [কর্ম্ম+ফলোদয়] কর্ম্মজন্য ফলপ্রাপ্ত।

কর্ম্মবন্ধ, পুং. [কর্ম্ম+বন্ধ] শূদ্র

কর্ম্মবন্ধন, ত্রি. [কর্ম্ম+বন্ধন] কর্ম্মেনিবন্ধ, কর্ম্মাধীন।

কর্ম্মবশ, পুং. [কর্ম্ম+বশ] প্রাক্তন, কার্য্যবশ, ভবিতব্যতা। [পদ।

কর্ম্মবাচ্য, ন. [কর্ম্ম+বাচ্য] কর্ম্মণি, আত্মনে-

কর্ম্মবাটী, স্ত্রী. [কর্ম্ম+বাটী] তিথি।

কর্ম্মবিঘ্ন, পুং. [কর্ম্ম+বিঘ্ন] বিষ্টম্ভ, প্রতিবন্ধ, ব্যাঘাত।

কর্ম্মবিধি, পুং. [কর্ম্ম+বিধি] ক্রিয়াবিধি, কার্য্যাকার্য্যনিয়ম।

কর্ম্মবিপর্য্যয়, পুং. [কর্ম্ম+বিপর্য্যয়] কর্ম্মবৈপরীত্য

কর্ম্মবিপাক, পুং. [কর্ম্ম+বিপাক] কর্ম্মজন্যফল, কর্ম্মজন্য ফলের পরিপাক; শাতাতপভৃগু এবং ভরতোক্ত পাপরোগ প্রায়শ্চিত্তাদির বিবরণ গ্রন্থ; রোগাদিরূপ পরজন্মের শুভাশুভ কর্ম্মের ফলভোগ।

কর্ম্মবিশেষ, পুং. [কর্ম্ম+বিশেষ] নিরূপিত কার্য্য, নির্দ্দিষ্টক্রিয়া, স্বতন্ত্র কর্ম্ম।

কর্ম্মভূ, স্ত্রী. [কর্ম্ম+ভূ] কৃষ্টাভূমি; কর্ম্মান্ত।

কর্ম্মভূমি, স্ত্রী. [কর্ম্ম+ভূমি] ভারতবর্ষ; আর্য্যাবর্ত্ত দেশ।

কর্ম্মভোগ, পুং. [কর্ম্ম+ভোগ] কর্ম্মজন্য ফল ভোগ। [সচিব

কর্ম্মমন্ত্রী, পুং. [কর্ম্ম+মন্ত্রী] ধীমন্ত্রী, কর্ম্ম-

কর্ম্মমূল, ন. [কর্ম্ম+মূল] কুশতৃণ, দর্ভ।

কর্ম্মযুগ, ন. [কর্ম্ম+যুগ] কলিযুগ।

কর্ম্মযোগ, পুং. [কর্ম্ম+যোগ] চিত্তশুদ্ধিজনক বৈদিক কর্ম্ম।

কর্ম্মরঙ্গ, পুং. ন. [কর্ম্ম+রঙ্গ] ফলবৃক্ষবিশেষ, কামরাঙ্গা, তৎপর্য্যায়।—শিরাল, বৃহদম্ল, রুজাকর, কর্ম্মার, কর্ম্মরক, পীতফল, কর্ম্মর, মুদ্গার, মুদ্গারক, ধরাফল, কর্ম্মারক। [লোচনা।

কর্ম্মরী, স্ত্রী. [কর্ম্মর+ঈ] বংশরোচনা, বংশ-

কর্ম্মশালা, স্ত্রী. [কর্ম্ম+শালা] কর্ম্মগৃহ, কারখানা।

কর্ম্মশীল, ত্রি. [কর্ম্ম+শীল] স্বভাবতঃ কর্ম্মকর্ত্তা, কার্ম্ম, কর্ম্মী, অনলস।

কর্ম্মশুদ্ধ, ন. [কর্ম্ম+শুদ্ধ] অবদান, অপদান; (ত্রি.) ক্রিয়াকারক পবিত্র।

কর্ম্মশূর, ত্রি. [কর্ম্ম+শূর] কর্ম্মঠ, ফলপর্য্যন্ত কর্ম্মসমাপক, কার্য্যদক্ষ, কর্ম্মনিপুণ।

কর্ম্মশৌচ, ন. [কর্ম্ম+শৌচ] নির্ব্বেদ, নির্ব্বিণ্নতা। [ক্রিয়া, গণীভূতকার্য্য।

কর্ম্মসংগ্রহ, পুং. [কর্ম্ম+সংগ্রহ] সমবায়ী-

কর্ম্মসচিব, পুং. [কর্ম্ম+সচিব] কর্ম্মোপযুক্ত সচিব, অক্ষপটলাধ্যক্ষাদি; অমাত্য, রাজমন্ত্রী। [ত্যাগ।

কর্ম্মসন্ন্যাস, পুং. [কর্ম্ম+সন্ন্যাস] কর্ম্মফল

কর্ম্মসন্ন্যাসিক, পুং. [কর্ম্ম+সন্ন্যাসিক] যতি, সন্ন্যাসী, বৈরাগী। [ত্তত্ব।

কর্ম্মসমাধি, পুং. [কর্ম্ম+সমাধি] বিষয়বিবি-

কর্ম্মসম্ভব, ত্রি. [কর্ম্ম+সম্ভব] কর্ম্মজন্য, ক্রিয়াজনিত। [কারী।

কর্ম্মসাধক, ত্রি. [কর্ম্ম+সাধক] কর্ম্মনিষ্পন্ন-

কর্ম্মসাধন, ন. [কর্ম্ম+সাধন] কার্য্যসম্পাদন, নির্ব্বাহ, কাযসারা।

কর্ম্মসাক্ষী, পুং. [কর্ম্ম+সাক্ষিন্] সূর্য্য; শুভাশুভ কার্য্যদর্শক।

কর্ম্মসিদ্ধি, স্ত্রী. [কর্ম্ম+সিদ্ধি] স্বার্থসিদ্ধি, কৃতকৃতার্থতা, কৃতার্থতা, সফলতা, সাধ্যসিদ্ধি।

কর্ম্মস্থান, ন. [কর্ম্ম+স্থান] কার্য্যকরণ স্থান।

কর্ম্মহেতু, ত্রি. [কর্ম্ম+হেতু] কর্ম্মসম্ভব।

কর্ম্মক্ষম, ত্রি. [কর্ম্ম+ক্ষম] কর্ম্মকরণ সমর্থ, অলংকর্ম্মীণ, কৃতী, কার্য্যক্ষম।

কর্ম্মাঙ্গ, ন. [কর্ম্ম+অঙ্গ] বৈদিকক্রিয়ার অঙ্গবিশেষ। [দেহ।

কর্ম্মাত্মা, ত্রি. [কর্ম্ম+আত্মন্] কর্ম্মিষ্ঠ,কর্ম্মলব্ধ

কর্ম্মাদি, পুং. [কর্ম্ম+আদি] কার্য্যের প্রথম।

কর্ম্মানুবন্ধ, পুং. [কর্ম্ম+অনুবন্ধ] কার্য্যযোগ।

কর্ম্মানুবন্ধী, ত্রি. [কর্ম্ম+অনুবন্ধিন্] কৃতসম্বন্ধ।

কর্ম্মানুযায়ী, ব্য. [কর্ম্ম+অনুযায়িন্] কার্য্যানুসারে।

কর্ম্মানুরূপ, ত্রি. [কর্ম্ম+অনুরূপ] যথাকার্য্য।

কর্ম্মানুরূপতস্, ব্য. [কর্ম্মানুরূপ+তস্] কর্ত্তব্য ক্রিয়ানুরূপত।

কর্ম্মানুষ্ঠান, ন. [কর্ম্ম+অনুষ্ঠান] কার্য্যসম্পাদন, কার্য্যসূচনা। [যায়ী।

কর্ম্মানুসার, পুং. [কর্ম্ম+অনুসার] ক্রিয়ানু-

কর্ম্মানুসারতস্, ব্য. [কর্ম্মানুসার+তস্] কার্য্যানুরূপতঃ।

কর্ম্মানুস্থায়ী, ত্রি. [কর্ম্ম+অনুস্থায়িন্] কর্ত্তব্যক্রিয়াসম্পন্ন।

কর্ম্মান্ত, পুং. [কর্ম্ম+অন্ত] কর্ম্মভু, কৃষ্টভূমি; কর্ম্মভোগ; কর্ম্মশেষ।

কর্ম্মান্তর, ন. [কর্ম্ম+অন্তর] কার্য্যান্তর; সন্দিগ্ধ; তপস্যা, কষ্টাচার, দণ্ডগ্রহণ।

কর্ম্মান্তিক, ত্রি. [কর্ম্ম+অন্তিক] সমাপন, সিদ্ধ, সাধিত; (পুং.) ভৃত্য, দাস।

কর্ম্মান্বিত, ত্রি. [কর্ম্ম+অন্বিত] কর্ম্মশীল, কর্ম্মঠ, কর্ম্মনিষ্ঠ, শ্রমী।

কর্ম্মাবসর, পুং. [কর্ম্ম+অবসর] কার্য্যনিবৃত্তি, স্বাধীনকাল, বিশ্রান্তি।

কর্ম্মাবৃত, ত্রি. [কর্ম্ম+আবৃত] পদাশ্রিত, কর্ম্মাবিষ্ট।

কর্ম্মাভিধায়ক, ত্রি. [কর্ম্ম+অভিধায়ক] আদিষ্ট, প্রচোদিত, নির্দ্দিষ্ট।

কর্ম্মার, পুং. [কর্ম্ম+অর] কর্ম্মকার, কামার; বংশ, বাঁশ; কর্ম্মরঙ্গ, কামরাঙ্গা।

কর্ম্মারম্ভ, পুং. [কর্ম্ম+আরম্ভ] সমারম্ভ, উপক্রম, প্রক্রম; কার্য্যপ্রারম্ভ।

কর্ম্মার্হ, ত্রি. [কর্ম্ম+অর্হ] ক্রিয়াযোগ্য, কর্ম্মের উপযুক্ত, কর্ম্মণ্য, কর্ম্মপটু; (পুং.) পুরুষ। [কার্য্যালয়।

কর্ম্মালয়, পুং. [কর্ম্ম+আলয়] কর্ম্মস্থান,

কর্ম্মাসক্ত, ত্রি. [কর্ম্ম+আসক্ত] কর্ম্মপরায়ণ, কর্ম্মপ্রসক্ত। [কর্ম্মানর্হ।

কর্ম্মাক্ষম, ত্রি. [কর্ম্ম+অক্ষম] কার্য্যাশক্ত,

কর্ম্মিষ্ঠ, ত্রি. [কর্ম্ম+ইষ্ঠ] ক্রিয়াবান্, কর্ম্মপটু, কার্য্যদক্ষ, অতিশয় কর্ম্মবিশিষ্ট।

কর্ম্মী, ত্রি. [কর্ম্ম+ঈন্] কর্ম্মবিশিষ্ট, ক্রিয়াবান্, কর্ম্মরত, কর্ম্মকুশল।

কর্ম্মীর, পুং. [কর্ম্ম+ঈর] কির্ম্মীর বর্ণ, নানাবর্ণ, চিত্রবিচিত্র।

কর্ম্মেন্দ্রিয়, ন. [কর্ম্ম+ইন্দ্রিয়] কর্ম্মনিষ্পাদক বিষয়ীপঞ্চক, যথা।—বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ।

কর্ম্মোদার, ন. [কর্ম্ম+উদার] শ্লাঘ্যকর্ম্ম, মান্যকার্য্য।

কর্ম্মোদ্যুক্ত, ত্রি. [কর্ম্ম+উদ্যুক্ত] ক্রিয়াবান্, কর্ম্মশীল, অনলস।

কর্ম্মোদ্যোগ, পুং. [কর্ম্ম+উদ্যোগ] সযত্নতা, প্রবৃত্তি, ব্যবসায়। [র্ম্মার্হ।

কর্ম্মোপযুক্ত, [কর্ম্ম+উপযুক্ত] ক্রিয়ার্হ, ক-

কর্শ্য, পুং. [কর্শ+য] কর্চ্চূর, কচূর।

কর্ষ, পুং. ন. [কৃষ্+অ] ষোড়শমাষক পরিমাণ, অশীতিরক্তিকা, তৎপর্য্যায়।—এক্ষ; বৈদ্যকমতে তোলকদ্বয়, তৎপর্য্যায়।—সুবর্ণ, অক্ষ, বিড়ালপদক, পিচু, পাণিতল, উড়ুম্বর, তিন্দুক, কবড়গ্রহ; দশমাষক; ইংরাজীমতে ২৮০ গ্রেণ; (পুং.) কর্ষণ; বিভীতকবৃক্ষ।

কর্ষক, পুং. [কৃষ্+অক] কৃষিজীবী, কৃষাণ, তৎপর্য্যায়।—ক্ষেত্রাজীব, কৃষিক, কৃষীবল, কৃষীবৎ,কার্ষক, (ত্রি.) আকর্ষণকর্ত্তা।

কর্ষণ, ন. [কৃষ্+অন] কৃষিকর্ম্ম, লাঙ্গলাদিরদ্বারা ভূম্যাদিখনন, চাস; আকর্ষণ, টানন।

কর্ষণি, স্ত্রী. [কৃষ্+অনি] অসতী, ভ্রষ্টা স্ত্রী।

কর্ষণী, স্ত্রী. [কৃষ্+অনী] ক্ষীরিণীবৃক্ষ; কর্ষিণী।

কর্ষণীয়, ত্রি. [কৃষ্+অনীয়] আকর্ষণীয়, টাননেরযোগ্য।

কর্ষফল, পুং. [কর্ষ+ফল] বিভীতকবৃক্ষ।

কর্ষফলা, স্ত্রী. [কর্ষ+ফলা] আমলকীবৃক্ষ।

কর্ষার্দ্ধ, ন. [কর্ষ+অর্দ্ধ] তোলক পরিমাণ।

কর্ষিণী, স্ত্রী. [কর্ষিন্+ঈ] ক্ষীরিণীবৃক্ষ; অশ্বমুখবন্ধন রজ্জুস্থিত লৌহ, তৎপর্য্যায়।—খলীন,কবীয়, কবিকা, মুখযন্ত্রণ, বল্গা, লম্বণী; চাষিণী। [ক্রান্ত।

কর্ষিত, ত্রি. [কৃষ্+ইত] আকৃষ্ট, কৃষ্ট; আ-

কর্ষী, ত্রি. [কৃষ+ইন্] কর্ষিত।

কর্ষূ, পুং. [কৃষ্+উ] করীষাগ্নি; বার্ত্তা অর্থাৎ কৃষি; জীবিকা; (স্ত্রী.) কুল্যা, অল্পাকৃত্রিমসরিৎ; নদীমাত্র; ইষ্টখাত।

কর্হি, ব্য. [ক+র্হি] কদা, কস্মিন্‌কালে, কোন্ কালে, কখন্।

কর্হিচিৎ, ব্য. [কর্হি+চিৎ] কস্মিংশ্চিৎকালে কোন্‌কালে, তৎপর্য্যায়।—জাতু, কদাচিৎ, কদাপি, কদাচন, কালেকালে, অমুকাল, অমুবেল, কোনসময়ে।

কল, ন. [কল্+অ] রেতঃ, শুক্র; কোলিবৃক্ষ; (পুং.) মধুরাস্ফুটধ্বনি; সালবৃক্ষ; চারিমাত্রা; (ত্রি.) অজীর্ণ।

কল, (প্রা) অঙ্কুর; যন্ত্র।

কলই, (যাং) পাত্রাভ্যন্তরে ত্রপুলীকৃত।

কলইকর-গর, (যাং) ত্রপুময় ভাণ্ডকারক।

কলক, পুং. [কল+ক] শকুলমৎস্য; ছন্দরহিতকাব্য।

কলকণ্ঠ, পুং. [কল+কণ্ঠ] কলধ্বনি; হংস; পারাবত; পিক, কোকিল।

কলকল, পুং. [কল+কল] কোলাহল, কলরব; সালনির্যাস। [বতী।

কলকুঞ্জিকা, স্ত্রী. [কল+কুঞ্জিকা] বিলাস-

কলঘোষ, পুং. [কল+ঘোষ] কোকিল, পিক।

কলঙ্ক, পুং. [কলং+ক] চিহ্ন; অপবাদ, পরিবাদ, অপযশঃ; লৌহমল।

কলঙ্ককর, ত্রি. [কলঙ্ক+কর] কলঙ্কিত,কলঙ্কজনক; অপবাদকর।

কলঙ্ককলা, স্ত্রী. [কলঙ্ক+কলা] চন্দ্রমণ্ডল।

কলঙ্কজনক, ত্রি; [কলঙ্ক+জনক] অপকীর্ত্তিকর, অযশস্কর, কলঙ্কী।

কলঙ্কময়, ত্রি. [কলঙ্ক+ময়] লাঞ্ছিত, মলিনীত, বিকৃতবর্ণ।

কলঙ্কষ, পুং. [কলং+কষ্+অ] সিংহ।

কলঙ্কষা, স্ত্রী. [কলঙ্কষ+আ] করতালী, হাততালী।

কলঙ্কিত, ত্রি. [কলঙ্ক+ইত] কলঙ্কময়।

কলঙ্কী, ত্রি. [কলঙ্ক+ইন্] অপবাদগ্রস্ত, দূষিত, অপযশান্বিত, কলঙ্কযুক্ত; চিহ্নযুক্ত; লৌহমলবিশিষ্ট।

কলঙ্কুর, পুং. [কলং+কুর] আবর্ত্ত,জলভ্রম।

কলঞ্জ, পুং. [কলং+জ] তাম্রকূট, দোক্তাতামাক; বিষাস্ত্রহত মৃগপক্ষ্যাদি।

কলট, ন. [কল+ট] কুটল, গৃহাচ্ছাদন, ঘরের চাল। [স্বরমাধুর্য্য।

কলতা, স্ত্রী. [কল+তা] সুস্বর, মধুরতা,

কলতুলিকা, স্ত্রী. [কল+তুলিকা] ইচ্ছাবতীকামুকা, বাঞ্ছিনী, লঞ্জিকা।

কলত্র, ন. [কল+ত্র] শ্রোণী, নিতম্ব; ভার্য্যা; রাজাদিগের দুর্গস্থান।

কলধুত, ন. [কল+ধুত] রূপ্য।

কলধৌত, ন. [কল+ধৌত] স্বর্ণ; রজত; কলধ্বনি। [পত্রিকা।

কলধৌতলিপি, স্ত্রী. [কলধৌত+লিপি]স্বর্ণ-

কলধ্বনি, পুং. [কল+ধ্বনি] পারাবত; কোকিল; ময়ূর; মধুর অব্যক্তশব্দ।

কলন, ন. [কল্+অন] চিহ্ন; দোষ; গর্ভে-মিশ্রিত শুক্র শোণিত; (পুং.) বেতস-বৃক্ষ।

কলনা, স্ত্রী. [কলন+আ] বশীভূতত্ব, বশতা, অধীনতা; জল্পনা; উৎসর্গ, বিসর্গ।

কলনাদ,পুং.[কল+নাদ]কলহংস,মধুরধ্বনি।

কলন্দর, পুং. [কলং+দর] বর্ণসঙ্কর জাতি-বিশেষ, লেটজাতীয় ঔরসে তীবরকন্যা গর্ব্ভ জাত।

কলন্দিকা, স্ত্রী. [কলন্দিক+আ] সর্ব্ববিদ্যা।

কলন্ধু, স্ত্রী. [কলং+ধু] ঘোলীশাক।

কলপ, (প্রা) কৃষ্ণবর্ণকাই; মণ্ড, লেই।

কলবিঙ্ক, পুং. [কল+বিঙ্ক] চটক, চড়াই-পাখী; কলিঙ্গকবৃক্ষ; কলঙ্ক; শ্বেতচামর।

কলভ, পুং. [কল+ভ] করভ, হাতিরছা, করিশাবক, দুর্দ্দান্ত, ব্যাল; ধুস্তূরবৃক্ষ।

কলভবল্লভ, পুং. [কলভ+বল্লভ] পীলুবৃক্ষ।

কলভী, স্ত্রী. [কলভ+ঈ] চঞ্চুবৃক্ষ।

কলম, পুং. [কল+অম] স্বনামখ্যাত লিপি-সাধনবস্তু, তৎপর্য্যায়।—লেখনী, বর্ণ-তুলী, অক্ষরতুলিকা, আলেখনী, তুলি, তুলিকা, বর্ণিকা, বর্ণাঙ্কা, শ্রীকরণ, বর্ণ-মাতা, মসিপথ; স্বনামখ্যাত শালিধান্য বিশেষ; কনকচুর; চৌর।

কলম, (প্রা) বৃক্ষাদিরশাখা পরিচ্ছেদ।

কলমকর্ত্তনী. স্ত্রী. [কলম+কর্ত্তনী] কলম-কাটা ছুরী।

কলম্, (যাং) লেখনী, অক্ষরতুলিকা।

কলম্‌তরাশ্, (যাং) কলমকর্ত্তনী, পেন্‌নাইফ ইতি ইংরাজী। [বিশেষ।

কলম্‌দান, (যাং) কলমরাখিবার আধার-

কলমা, (যাং) মন্ত্র; বাক্য, কথা।

কলমী, (যাং) পরিষ্কৃত সোরা।

কলমীশাক, (প্রা) কলম্বীশাক।

কলমেরচেরা, (প্রা) লেখনীরছিদ্র।

কলমেরমোচ, (প্রা) কলমাগ্র।

কলমোত্তম, পুং. [কলম+উত্তম] গন্ধশালী।

কলম্ব, পুং. [কলং+ব] বাণ, শর; শাকনা-ড়িকা; কদম্ব।

কলম্বক, পুং. [কলম্ব+ক] ধারাকদম্ব।

কলম্বিকা, স্ত্রী. [কলম্ব+ইকা] কলম্বীশাক; গ্রীবাপশ্চান্নাড়ী, পশ্চাদগ্রীবাশিরা, মন্যা।

কলম্বী, স্ত্রী. [কলম্ব+ঈ] জলজ লতাশাক বিশেষ,কলমীশাক, তৎপর্য্যায়।—কলম্বু, কড়ম্বী, কলম্বিকা। [নীত।

কলম্বুট, ন. [কলম্ব+উট] হৈয়ঙ্গবীন, নব-

কলম্বূ, স্ত্রী. [কলম্ব+ঊ] কলম্বীশাক।

কলয়, (প্রা) কলাই, মাষাদি।

কলরব, পুং. [কল+রব] কপোত, পায়রা; কোকিল; মধুরাব্যক্তধ্বনি।

কলরব, (প্রা) জনরব, উচ্চৈঃস্বর, ঘোষণ, উৎক্রোশ।

কলল, পুং.ন. [কল্+অল] জরায়ু, গর্ভবে-ষ্টন চর্ম্ম, গর্ভকোষ। [ধুনা।

কললজ, পুং. [কলল+জ] রাল,সালনির্য্যাস,

কললজোদ্ভব, পুং. [কলজ+উদ্ভব] সাল-বৃক্ষ।

কলশ, পুং. [ক+লশ] জলাধারবিশেষ, কলশী, তৎপর্য্যায়।—ঘট, কুট, নিপ, কলস, কলসি, কলসী, কুম্ভ, করীর, উদপাত্র, উদকুম্ভ, অলু, আলু, গর্গরী।

কলশি-কলশী, স্ত্রী. [কলশ+ই-ঈ] পৃশ্নিপর্ণী, চাকুলিয়া; স্বনামখ্যাত জলপাত্র, ঘট।

কলস, ত্রি. [ক+লস] কলশ, ঘট; (পুং.) দ্রোণপরিমাণ; প্রনাদ শৃঙ্গ।

কলসনাড়, ন. (প্রা) তৃণবিশেষ। [ঘট।

কলসি, পুং. [কলস+ই] পৃশ্নিপর্ণী; গর্গরী,

কলসী, স্ত্রী.[কলস+ঈ]পৃশ্নিপর্ণী; কলস,ঘট।

কলসীসুত, পুং. [কলসী+সুত] অগস্ত্যমুনি।

কলসোদধি, পুং. [কলস+উদধি] সমুদ্র।

কলস্বর, ন. [কল+স্বর] মৃদুস্বর।

কলহ, পুং. ন. [কল+হ] বিবাদ, লড়াই, তৎপর্য্যায়।—যুদ্ধ, আযোধন, জন্য, প্রধন, প্রবিদারণ, মৃধ, আস্কন্দন, সংখ্য, সমীক, সাম্পরায়িক, সমর, অনীক, রণ, বিগ্রহ, সম্প্রহার, অভিসম্পাত, কলি, সংস্ফোট, সংযুগ, অভ্যামর্দ্দ, সমাঘাত, সংগ্রাম, অভ্যাগম, আহব, সমুদায়, সংযৎ, সমিতি, আজি, সমিৎ, যুধ্, শমীক, সংস্ফেট, যুৎ, সাম্পরায়, প্রযুদ্ধ, রাটিপ্রঘাত, প্রাঘাত, ঝগড়া; (পুং.) বাট; খড়্গকোষ; ভণ্ডন।

কলহংস, পুং. [কল+হংস] হংসবিশেষ, বালিহাঁস; কাদম্ব, কলনাদ, মরালক, বরাট, কাদিক, রাজহংস, নৃপোত্তম; পরাত্মা; ব্রহ্ম।

কলহকার-কলহকারী, ত্রি. [কলহ+কার-কারিন্] বিবাদী, যুযুৎসু, কলিপ্রিয়।

কলহনাশন, পুং. [কলহ+নাশন] পুতিকরঞ্জ।

কলহপ্রিয়, ত্রি. [কলহ+প্রিয়] কলহকারী, বিবাদশীল, বিবাদপ্রিয়।

কলহপ্রিয়া, স্ত্রী. [কলহ+প্রিয়া] সারিকাপক্ষী; (পুং.) নারদ।

কলহান্তরিতা, স্ত্রী. [কলহ+অন্তরিতা] নায়িকাভেদ; কর্কশা, চণ্ডী, বামশীলা।

কলহাপহৃত, ত্রি. [কলহ+অপহৃত] বলাদ্‌গৃহীত, অপহৃত।

কলহী, ত্রি. [কলহ+ইন্] কলহপ্রিয়, বিবাদশীল, কলহকারী, বিবাদী, কলিপ্রিয়া, দ্বন্দ্বী, বিরোধী, যুযুৎসু, ঝগড়াটিয়া।

কলা, স্ত্রী. [কল্+আ] মূলধনবৃদ্ধি, সুদ; শিল্পাদি; অংশমাত্র; চন্দ্রের ষোড়শভাগেরএকভাগ; কালমান, ত্রিংশৎকাষ্ঠাত্মক; স্ত্রীরজ; নৌকা; কপট; রাশিচক্রের অতি সূক্ষ্মভাগ অর্থাৎ ত্রিংশদ্ভাগোহংশস্তস্য ষষ্টিভাগঃ; শৈব তন্ত্রোক্ত চতুঃষষ্টিকলা, যথা।—গীত ১। বাদ্য ২। নৃত্য ৩। নাট্য ৪। আলেখ্য ৫। বিশেষকচ্ছেদ্য ৬। তণ্ডুল কুসুমবলিবিকার ৭। পুষ্পাস্তরণ ৮। দশন বসনাঙ্গরাগ ৯। মণিভূমিকা কর্ম্ম ১০। শয়ন রচন ১১। উদকবাদ্য ১২। উদকঘাত ১৩। চিত্রাযোগ ১৪। মাল্যগ্রথনবিকল্প ১৫। শেখরাপীড় যোজন ১৬। নেপথ্য যোগ ১৭। কর্ণপত্রভঙ্গ ১৮। গন্ধযুক্তি ১৯। ভূষণ যোজন ২০। ঐন্দ্রজাল ২১। কৌচমার যোগ ২২। হস্তলাঘব ২৩। চিত্রশাক পুপভক্ষ্যবিকারক্রিয়া ২৪। পানকরসরাগাসব যোজন ২৫। সূচীবাপকর্ম্মাণি ২৬। সূত্রক্রীড়া ২৭। প্রহেলিকা ২৮। প্রতিমালা ২৯। দুর্ব্বচক যোগ ৩০। পুস্তকবাচন ৩১। নাটিকাখ্যায়িকা দর্শন ৩২। কাব্যসমস্যাপূরণ ৩৩। পট্টিকা বেত্রবাণবিকল্প ৩৪। তর্কুকর্ম্মাণি ৩৫। তক্ষণ ৩৬। বাস্তুবিদ্যা ৩৭। রূপ্যরত্নপরীক্ষা ৩৮। ধাতুবাদ ৩৯। মণিরাগ জ্ঞান ৪০। আকর জ্ঞান ৪১। বৃক্ষায়ুর্ব্বেদ যোগ ৪২। মেষ কুক্কুটলাবক যুদ্ধ বিধি ৪৩। শুক সারিকা প্রলাপন ৪৪ উৎসাদন ৪৫। কেশমার্জ্জন কৌশল ৪৬। অক্ষরমুষ্টিকা কথন ৪৭। ম্লেচ্ছিতকবিকল্প ৪৮। দেশভাষাজ্ঞান ৪৯। পুষ্পশকটিকা নিমিত্ত জ্ঞান ৫০। যন্ত্রমাতৃকা ৫১। ধারণমাতৃকা ৫২। সংপাট্য ৫৩। মানসীকাব্য ক্রিয়া ৫৪। ক্রিয়াবিকল্প ৫৫। ছলিতক যোগ ৫৬। অভিধান কোষ ছন্দোজ্ঞান ৫৭। বস্ত্র গোপনানি ৫৮। দ্যূতবিশেষ ৫৯। আকর্ষক্রীড়া ৬০। বালক ক্রীড়নক ৬১। বৈনায়িকী বিদ্যাজ্ঞান ৬২। বৈজয়িকী বিদ্যাজ্ঞান ৬৩ বৈতালিকী বিদ্যাজ্ঞান ৬৪

কলা, (প্রা) রম্ভা, অংশুমৎফলা, কদলী।

কলাই, (প্রা) কলায়, শস্যবিশেষ।

কলাকন্দ, (প্রা) মিষ্টান্নবিশেষ, কলারবড়া

কলাকর, ন. [কল+আকর] বৃক্ষবিশেষ।

কলাকুল, ন. [কল+আকুল] বিষ।

কলাকুশল, ত্রি. [কলা+কুশল] সংগীত নৃত্যাদি বিদ্যায়নিপুণ।

কলাকেলি, পুং. [কলা+কেলি] কন্দর্প, মদন।

কলাঙ্কুর, পুং. [কল+অঙ্কুর] সারসপক্ষী; কংসাসুর।

কলাচিকা-কলাচী, স্ত্রী. [কলা+আচিকা+অচী] প্রকোষ্ঠ, কফোণির অধোভাগ অবধি মণিবন্ধপর্য্যন্ত।

কলাদ, পুং, [কলা+দ] স্বর্ণকার।

কলান, (প্রা) উদ্ভেদ, প্ররোহ, অঙ্কুরিত, মুঞ্জরণ, কচ্যান, গজান।

কলানিধি, পুং. [কলা+নিধি] চন্দ্র।

কলানুনাদী, পুং. [কলা+অনুনাদ+ইন্] রোলম্ব,ভ্রমর; কলবিঙ্ক, চটক; কপিঞ্জল; চাতক। [সুদ।

কলান্তর, ন. [কলা+অন্তর] বৃদ্ধি, লাভ,

কলাপ, পুং.[কলা+আপ] সমূহ; ময়ূরপিচ্ছ; কাঞ্চী; ভূষণ; তূণ; বিদগ্ধ; ব্যাকরণবিশেষ; চন্দ্র; গ্রামবিশেষ; কবিতাবিশেষ।

কলাপক, পুং. [কলাপ+ক] হস্তিকণ্ঠবন্ধ।

কলাপাতী, (যাং) নৌকাতলে শণসূত্রাদির দ্বারা ছিদ্রাবরোধ। [রাত্রি।

কলাপিনী, স্ত্রী. [কলাপিন্+ঈ] নাগরমুস্তা;

কলাপী, পুং. [কলাপ+ইন্] প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ; ময়ূর; কোকিল।

কলাপূর্ণ,পুং.[কলা+পূর্ণ] চন্দ্র; পরিপূর্ণাংশ।

কলাবউ, (প্রা) নবপত্রিকা অর্থাৎ কদলীপত্র প্রভৃতি নবসংখ্যক পল্লব যাহা বধূস্বরূপে শারদীয় পূজোপলক্ষে ব্যবহার করা হয়।

কলাবতী, স্ত্রী. [কলাবৎ+ঈ] তুম্বরু, গন্ধর্ব্বের বীণা; শ্রীরাধার মাতা, বৃষভানুপত্নী; অপ্সরবিশেষ; দীক্ষাবিশেষ।

কলাবান্, পুং. [কলা+বৎ] চন্দ্র, কলাবিদ্যানিপুণ।

কলাবৎ, (প্রা) কলওয়াৎ।

কলাবিক, পুং. [কল+অবিক] কুক্কুট।

কলাবিকল, পুং. [কল+অবিকল] চটক।

কলাভৃৎ, পুং. [কলা+ভৃৎ] চন্দ্র।

কলামক, পুং. [কল+অমক] কলমধান্য।

কলাম্বিকা, স্ত্রী. [কল+অম্বিকা] অর্থপ্রয়োগ, ঋণদান, ধার দেওয়া।

কলায়, পুং. [কলা+অয়] শমীধান্যবিশেষ, মটর, ঝাঁটুলা, তৎপর্যায়।—সতীলক, হরেণু, খাণ্ডিক, ত্রিপুট, অতিবর্ত্তুল, মুণ্ডচণক, শমন, নীলক, কণ্টী, সতীল, হরেণুক, সতী, সতীনক

কলায়খঞ্জ, পুং. [কলায়+খঞ্জ] খঞ্জনপক্ষির ন্যায় গমনশীল।

কলায়ন, পুং. [কলা+অয়ন] নর্ত্তক।

কলায়া, স্ত্রী. [কলায়+আ] গণ্ডদূর্ব্বা।

কলায়ি, (প্রা) কলায়বিশেষ।

কলালাপ, পুং. [কল+আলাপ] ভ্রমর, সংগীতের আলাপচারী।

কলাহক, পুং. [কল+আহক] কাহলবাদ্য।

কলি, পুং. [কল+ই] বিভীতকবৃক্ষ; শর; বাণ; বিবাদ; যুদ্ধ; অন্ত্যযুগ; অধর্ম্মপ্রভ হরীতকী; (স্ত্রী) কলিকা, অস্ফুটপুষ্প।

কলি, (প্রা) হুকাবিশেষ; জলসিক্তচূর্ণ অর্থাৎ কলিচুণ।

কলিক, পুং. [কলি+ক] ক্রৌঞ্চপক্ষী।

কলিকা, স্ত্রী. [কলিক+আ] অস্ফুটিতপুষ্প, কোরক, কলি, কলী, অবিকসিত, অফুল্ল, অস্ফুট, মুদ্রিত; বীণামূল।

কলিকা, (প্রা) ধূমপানাধারবিশেষ।

কলিকাতা, (প্রা) ভারতবর্ষস্থ দেশবিশেষ।

কলিকাপূর্ব্ব, ন. [কলিকা+অপূর্ব্ব] অঙ্গপ্রধান অন্যতর বহুকর্ম্মসাধ্য স্বর্গাদি ফলজনক অপূর্ব্বোৎপত্তি তত্তৎ প্রত্যেক কর্ম্মজন্য অদৃষ্ট।

কলিকার, পুং. [কলি+কার] ধুম্যাটপক্ষী; পীতমস্তকপক্ষী; পূতিকরঞ্জ।

কলিকারক, পুং. [কলি+কারক] পূতিকরঞ্জ, কাঁটাকরঞ্জ, নাটাকরঞ্জ; নারদমুনি; বিরোধোদ্দীপক।

কলিকারী, স্ত্রী. [কলিকার+ঈ] উপবিষভেদ, বিষলাঙ্গলীয়া, তৎপর্যায়।—লাঙ্গলী, হলিনী, গর্ভপাতনী, দীপ্তা, বিশল্যা, অগ্নিমুখী, হলী, নক্তা, ইন্দ্রপুষ্পিকা, বিদ্যুজ্জ্বালা, অগ্নিজিহ্বা, ব্রণহৃৎ, পুষ্পসৌরভা, স্বর্ণপুষ্পা, বহ্নিশিখা। [যুগ।

কলিকাল, পুং. [কলি+কাল] অন্ত্যযুগ, চতুর্থ-

কলিঙ্গ, ন. [কলিম্+গ] ইন্দ্রযব; (পুং) পুতিকরঞ্জবৃক্ষ; ধুম্যাটপক্ষী; দেশবিশেষ; ভূমি; কুটজবৃক্ষ; শিরীষবৃক্ষ,

প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ; কুরচীবৃক্ষ।
কলিঙ্গক, পুং. [কলিঙ্গ+ক] ইন্দ্রযব, পক্ষী-বিশেষ।
কলিঙ্গা, স্ত্রী. [কলিঙ্গ + আ] নিতম্বিনী, মহিলা; ত্রিবৃৎ, তেউড়ী।
কলিচুণ, (প্রা) সজলার্দ্রকচূর্ণ।
কলিঞ্জ, পুং. [কলিম্+জ] কট, চাঁচ, দরমা।
কলিঞ্জন, ন. [কলিম্+জন] লতাবিশেষ।
কলিত, ত্রি. [কল + ইত] বিদিত; আপ্ত; ভেদিত; গণিত; ধৃত।
কলিদ্রুম, পুং. [কলি+দ্রুম] বিভীতকবৃক্ষ, বয়ড়া গাছ।
কলিন্দ, পুং. [কলিম্+দ] সূর্য্য; বিভীতক-বৃক্ষ; পর্ব্বতবিশেষ। [সূর্য্যতনয়া।
কলিন্দকন্যা, স্ত্রী. [কলিন্দ+কন্যা] যমুনানদী,
কলিন্দনন্দিনী, স্ত্রী. [কলিন্দ+নন্দিনী] যমুনা নদী, তপতী, সূর্য্যতনয়া।
কলিন্দশৈলজাতা, স্ত্রী. [কলিন্দ + শৈল + জাতা] সূর্য্যতনয়া, যমুনানদী; উদয়া-চলজাতা মহৌষধী।
কলিপ্রিয়, পুং. [কলি+প্রিয়] নারদমুনি; বানর; (ত্রি) কলহপ্রিয়। [ভুকবৃক্ষ।
কলিবৃক্ষ, পুং. [কলি+বৃক্ষ] কলিদ্রুম, বহে-
কলিমারক, পুং. [কলি+মারক] কলিকারক।
কলিমাল, পুং. [কলি+মাল] পূতিকরঞ্জ।
কলিমালক, পুং. [কলি+মালক] কলিকারক।
কলিযুগ, ন. [কলি+যুগ] অন্ত্যযুগ।
কলিযুগাদ্যা, স্ত্রী. [কলিযুগ+আদ্যা] মাঘী-পৌর্ণমাসী।
কলিল, ত্রি. [কল্+ইল] গহন; মিশ্র।
কলী, স্ত্রী. [কল+ঈ] কলিকা।
কলিজা, (প্রা) যকৃৎ।
কলু, (প্রা) তৈলকার, তৈলী, তৈলিক, তৈলক, চাক্রিক, স্নেহকার, ধূসর, গরাঞ্চি। [তাল।
কলুঙ্ক, পুং. [ক+লুঙ্ক] ঝর্ঝরী, ভেরী, কর-
কলুঙ্কা, স্ত্রী. [কলুঙ্ক+আ] মদিরাগৃহ; উল্কা।
কলুনী, (প্রা) তৈলিকস্ত্রী।
কলুষ, ন. [কল + উষ] পাপ; (পুংস্ত্রী.) মহিষ; (ত্রি) অনচ্ছ, আবিল, মলিন।

কলুষত্ব, ন. [কলুষ+ত্ব] কালুষ্য, মলিনত্ব।
কলুষযোনি, ত্রি. [কলুষ+যোনি] দূষিত, কলুষিত; দুর্যোনি; পাপোদ্ভব; পাপো-দ্ভাবক।
কলুষিত; ত্রি. [কলুষ+ইত] মলদূষিত, মলী-মস, সমল, পাপাক্রান্ত। [অনচ্ছ।
কলুষী, ত্রি. [কলুষ+ইন্] পাপী; অনির্ম্মল,
কলুষীকৃত, পুং. [কলুষ+ইন্+কৃত] মলিনী-কৃত।
কলেজা, (প্রা) কালখণ্ড, যকৃৎ, কালক, কা-লিকা, কালেয়, কালখণ্ডন, পিত্তাশয়, পিত্তাধার, কলিজা।
কলেবর, ন. [কল+ইবর] শরীর, কায়, অঙ্গ, বপু, বিগ্রহ, মূর্ত্তি, দেহ, অবয়ব।
কলোত্তাল, ত্রি.[কল+উত্তাল] উচ্চ, সমুন্নত।
কলোপজীবী, পুং. [কল + উপজীবী] কুসীদক; সংগীতোপজীবী।
কল্ক, পুং ন. [কল্+ক] ঘৃততৈলাদিশেষ; দম্ভ; বিভীতকবৃক্ষ; কর্ণমল; তুরুষ্কনাম-গন্ধদ্রব্য; কিট্ট; বিষ্ঠা; পাপ; ঘৃততৈ-লাদি পাকদেয়ঔষধদ্রব্য, তৎপর্য্যায়। পিষ্ট বিনীয়, আবাপ, প্রক্ষেপ; শাঠ্য; (ত্রি) পাপাশয়, পাপাত্মা; নির্গতসার উৎসৃষ্টবস্তু, খইল
কল্কন, ন. [কল্+কন] খলতা, শঠতা।
কল্কফল, পুং, [কল্ক+ফল] দাড়িমবৃক্ষ।
কল্কল, (প্রা) জলস্রোতের অব্যক্তশব্দ; অব্যক্তধ্বনি; কাকেরমুহুর্মুহুধ্বনি।
কল্কলাল, (প্রা) কলকল শব্দকরণ; কা কা করণ।
কল্কলানী, (প্রা) জলস্রোতেরশব্দ, কল-কলধ্বনি। [টীয়া।
কল্কলীয়, (প্রা) বিবাদী, বিরোধী, ঝগড়া-
কল্কাশিঙা, (প্রা) লতাবিশেষ।
কল্কি, পুং. [কল্+কি] বিষ্ণুরদশমাবতার, কলিযুগের শেষে পাপাত্মাদিগের বি-নাশনিমিত্ত সম্ভলগ্রামে ভগবানের ভাবি অবতার।
কল্কী, পুং. [কল্ক+ইন্] কল্কি; (ত্রি) অঘ-বান্, পাপাত্মা।

কল্কী, (প্রা) তামাকুর আধার, কলিকা।
কল্গা, (প্রা) কিরীট, শিরোভূষণ, মৌলি, মুকুটাগ্রভাগ।
কল্তানি, (প্রা) রসানি, ক্লেদ, পুঁষ।
কল্প, পুং. [কৢপ্+অ] বিধি; প্রলয়; ব্রহ্মার-দিন; দেবমানের দ্বিসহস্রযুগ; বিকল্প; কল্পবৃক্ষ; ন্যায়; শাস্ত্রবিশেষ; ব্যাকরণের প্রত্যয়বিশেষ, রচনা।
কল্পক, পুং. [কল্প+ক] নাপিত; কর্চ্চূর।
কল্পতরু, পুং. [কল্প+তরু] সুরদ্রুম, কল্পবৃক্ষ; দাতা, বদান্য।
কল্পদ্রুম, পুং. [কল্প+দ্রুম] কল্পতরু।
কল্পন, ন. [কৢপ্+অন]কৢপ্তি; ছেদন; রচন, নির্ম্মাণ।
কল্পনা, স্ত্রী. [কল্পন+আ] হস্তিসজ্জনা; অনুমিতি; রচনা; আরোপ, উপায়; অনুকরণ।
কল্পনাথ, (প্রা) লতাবিশেষ।
কল্পনী, স্ত্রী. [কল্পন+ঈ] কর্ত্তনী, কাঁচী।
কল্পনীয়, ত্রি. [কৢপ+অনীয়] উপলক্ষণীয়, পরিকল্পনীয়, বিধেয়
কল্পপাদপ, পুং. [কল্প+পাদপ] কল্পবৃক্ষ
কল্পপাদপদান, ন. [কল্পপাদপ+দান] মহাদানবিশেষ। [বায়ু।
কল্পবায়ু, পুং. [কল্প+বায়ু] মহাপ্রলয়; কৃত্রিম-
কল্পবৃক্ষ, পুং. [কল্প+বৃক্ষ] দেবতরু, কল্পস্থায়িবৃক্ষ
কল্পলতা, স্ত্রী. [কল্প+লতা] দেবতরুলতা।
কল্পলতাদান, ন. [কল্পলতা+দান] মহাদানবিশেষ।
কল্পসূত্র, ন. [কল্প+সূত্র] বৈদিক, বৈধ; সৃষ্টির আরম্ভকাল।
কল্পাদি, পুং. [কল্প+আদি] কল্পের আদিকাল
কল্পান্ত, পুং. [কল্প+অন্ত] ব্রহ্মার দিবাবসান, যুগান্ত, প্রলয়।
কল্পান্তদুঃস্থ, ত্রি. [কল্পান্ত+দুঃস্থ] চিরদুঃখী
কল্পান্তর, ন. [কল্প+অন্তর] কল্পেরপর, প্রলয়ান্তর, কল্পের মধ্য।
কল্পান্তস্থায়ী, ত্রি. [কল্পান্ত+স্থায়িন্] নিত্যস্থায়ী, অক্ষয়, অচ্যুত।

কল্পিত, পুং. [কল্প+ইত] সজ্জিতহস্তি; (ত্রি) রচিত, আরোপিত, মিথ্যাগঠিত।
কল্পিতার্থ, ত্রি. [কল্পিত+অর্থ] অর্পিত, প্রতিপাদিত।
কল্প্য, ত্রি. [কৢপ্+য] কল্পনারযোগ্য।
কল্বল্-কল্বলানি, (প্রা) কলকলশব্দ।
কল্বলি, (প্রা) অব্যক্তশব্দ; কলহ, গণ্ডগোল।
কল্মষ, ন. [কল্+মষ] পাপহস্তপুচ্ছ; (পুং) নরকবিশেষ; (ত্রি) মলিন; পাপ।
কল্মাষ, পুং. [কল্+মাষ] চিত্রবর্ণ, কর্ব্বূরবর্ণ; কৃষ্ণপাণ্ডুরবর্ণ; কৃষ্ণবর্ণ; রাক্ষস; গন্ধশালি।
কল্মাষকণ্ঠ, পুং. [কল্মাষ+কণ্ঠ] শিব; ময়ূর।
কল্মাষপাদ, পুং. [কল্মাষ+পাদ] সৌদাসরাজ; (ত্রি.) কৃষ্ণবর্ণচরণ।
কল্য, ন. [কল্+য] প্রত্যুষ; মধু; গতদিবস; আগতদিবস; (ত্রি) সজ্জ; নিরাময়; বাক্শ্রুতি বর্জ্জিত, এড়মূক; দক্ষ; কল্যাণ বচন; উপায় বচন; কালি, ভূতভবিষ্যৎকালদ্বয়বিশিষ্ট, কল্য; কল্যী; শ্ব।
কল্যকা, (প্রা) আগতদিবস; গতদিবস।
কল্যজগ্ধি, স্ত্রী. [কল্য+জগ্ধি] প্রাতর্ভোজন, প্রথমাহার, প্রাতরাশ।
কল্যত্ব, ন. [কল্য+ত্ব] আরোগ্য, সুস্থতা।
কল্যপাল-কল্যপালক, পুং. [কল্য+পাল-ক] শৌণ্ডিক, সুরাব্যবসায়ী
কল্যবর্ত্ত, পুং. [কল্য+বর্ত্ত] প্রাতর্ভোজন।
কল্যা, স্ত্রী. [কল্য+আ] মদ্য; শুভাশ্বিকাবাণী; হরীতকী।
কল্যাণ, ন. [কল্য+অণ্] মঙ্গল, তৎপর্য্যায়। শ্ব, শ্রেয়স, শিব, ভদ্র, ভণ্ড, ভাবুক, ভবিক, ভব্য, কুশল, ক্ষেম, শস্ত, সৌভাগ্য, মাঙ্গল্য, কৌশল্য, এধা, শর্ম্ম, ভাগ্য, ভূতি, ঋতি, রিষ্ট, উপচয়; স্বর্ণ; (ত্রি) কুশলী
কল্যাণকর, ত্রি. [কল্যাণ+কর] শুভঙ্কর, শিবঙ্কর, শঙ্কর, ক্ষেমঙ্কর।
কল্যাণকৃৎ, ত্রি. [কল্যাণ+কৃৎ] মঙ্গলকর, ক্ষেমঙ্কর; শুভদায়ক

কল্যাণকারক, ত্রি. [কল্যাণ+কারক] পরোপকারক, হিতকারী।

কল্যাণচার, ত্রি. [কল্যাণ+চার] অপকল্মষ, সাধ্বাচার; ধার্ম্মিক; সচ্চরিত্র; কুশলশালী। [মঙ্গলকর।

কল্যাণদাতা, পুং. [কল্যাণ+দাতৃ] হিতকারী,

কল্যাণধর্ম্মা, ত্রি. [কল্যাণ+ধর্ম্মা] ধার্ম্মিক, সাধু।

কল্যাণবচন, ন. [কল্যাণ+বচন] প্রীতিবচস্, প্রিয়ভাষণ; আশীর্ব্বচন।

কল্যাণবীজ, পুং. [কল্যাণ+বীজ] মসূর।

কল্যাণরহিত, ত্রি. [কল্যাণ+রহিত] অমঙ্গল, অকল্যাণ।

কল্যাণাচার, ত্রি. [কল্যাণ+আচার] সাধ্বাচার, ধর্ম্মাচার।

কল্যাণিকা, স্ত্রী. [কল্যাণ+ইকা] মনঃশিলা।

কল্যাণিনী, স্ত্রী. [কল্যাণিন্+ঈ] বলা; (ত্রি.) কল্যাণবিশিষ্টা।

কল্যাণী, স্ত্রী. [কল্যাণ+ইন্] মাষপর্ণী; গো; (ত্রি) কুশলী, শুভযুক্তা, ভাবুক; ভাগ্যবান্, সুখী। [লাস্পদ।

কল্যাণীয়, ত্রি. [কল্যাণ+ঈয়] মঙ্গলার্হ, মঙ্গ-

কল্যাপাল, পুং. [কল্যা+পাল] শৌণ্ডিক, সুরাজীবী। [সাবধি।

কল্যাবধি, ব্য. [কল্য+অবধি] গতাগতদিব-

কল্ল, ত্রি. [কল্ল+অ] বধির, কালা।

কল্লত্ব, ন. [কল্ল+ত্ব] স্বরভেদ, স্বরভঙ্গ; বধিরতা, এড়তা।

কল্লা-কল্লী, (প্রা) ছলকারী, মায়াবী, দুষ্ট, শঠ; অবাধ্য।

কল্লি, ব্য. [কল্ল+ই] পরদিন, আগতদিবস।

কল্লী, ব্য. [কল্লু+ঈ] আগতদিবস।

কল্লোল, পুং. [কল্ল+ওল] মহাতরঙ্গ, উল্লোল, মহোর্ম্মি, ভঙ্গ, জঙ্গি, তরঙ্গ, অর্গল, বড়ঢেউ; হর্ষ; (ত্রি.) শত্রু। [মস্তকরন্ধ্র।

কল্‌সা, (প্রা) মৎসদিগের শ্বাস প্রশ্বাসার্থ

কশা, স্ত্রী. [কশ্+আ] অশ্বাদির তাড়নী চর্ম্মযষ্টি, প্রতিষ্কষ, ভীমা, বলিসঙ্গ, রজ্জু, চর্ম্মরজ্জু, তাড়নী, প্রতোদ, চাবুক, কোড়া; মাংসরোহিণী।

কশাঘাত, পুং. [কশা+আঘাত] অশ্বতাড়ন

কশাতাড়ন, ন. [কশা+তাড়ন] কশাঘাত।

কশাত্রয়, ন. [কশা+ত্রয়] তিহারাচাবুক।

কশাদণ্ডিত, ত্রি. [কশা+দণ্ডিত] চর্ম্মদণ্ডপ্রহারিত।

কশাপ্রহার, পুং. [কশা+প্রহার] কশাঘাত।

কশার্হ, ত্রি. [কশ+অর্হ] কশাঘাতযোগ্য, কোড়ামারিবার উপযুক্ত।

কশিপু, পুং. [কশি+পূ] ভক্ত, অন্ন; আচ্ছাদন, বস্ত্র; শয্যা।

কশিপূ, পুং. [কশি+পূ] অন্নবস্ত্র; শয্যা।

কশেরু, ন. [ক+শৃ+উ] পৃষ্ঠাস্থি, পৃষ্ঠবংশরীঢ়ক, মেরুদণ্ড, পিঠেরদাঁড়া; (ন.) কশেরুকা, কেশুর; (পুং.) কসেরু; জম্বুদ্বীপের খণ্ডবিশেষ; ভারতবর্ষের উপদ্বীপ।

কশেরুক, পুং. [কশেরু+ক] তৃণকন্দ, কেশুর; উপদ্বীপ কশেরুমান্।

কশেরুকা, স্ত্রী. [কশেরুক+আ] পৃষ্ঠাস্থি, পিঠেরদাঁড়া; কশেরু, কেশুর।

কশেরু, স্ত্রী. [ক+শৃ+উ] তৃণকন্দ, কেশুর।

কশেরুমান্, পুং. [কশেরু+মৎ] ভারতবর্ষের পশ্চিম উপদ্বীপ।

কশ্চন্, ব্য, [কস্+চন] কশ্চিৎ, কোন, কেহ।

কশ্চিৎ, ব্য. [কস্+চিৎ] কাচিৎ, কোঽপি, কাপি, কশ্চন, কাচন, কস্যচিৎ, কস্যাপি, কেহ, কোনব্যক্তি, কোনকেহ।

কশ্চিজ্জন, পুং. [কশ্চিৎ+জন] কোঽপিজন, অমুক, অমুকজন, যঃকশ্চিৎ, যঃকশ্চন, অমুকা, কোনকেহ, অনির্দ্দিষ্টব্যক্তি। [মলিন।

কশ্মল, ন. [কশ্+মল] মূর্চ্ছা; পাপ; (ত্রি.)

কশ্মীর, পুং. [কশ্ম+ঈর] কাশ্মীরদেশ।

কশ্মীরজন্মা, পুং. [কশ্মীর+জন্মন্] কাশ্মীরজন্মা, (ন.) কুঙ্কুম।

কশ্য, ন. [কশ্+য] অশ্বমধ্যভাগ; মদ্য; (ত্রি.) কশার্হ, কশাদণ্ডোপযুক্ত।

কশ্যপ, পুং. [কশ্য+প] মরীচিমুনিভেদ; মৃগবিশেষ; মৎস্যভেদ।

কশ্যপনন্দন, পুং. [কশ্যপ+নন্দন] গরুড় দেবতা, নাগনরস্বাপদাদি।

কষ, পুং. [কষ্+অ] কশপট্টিকা, শাণ, নিকষ, হেমল, কষ্টিপাথর।
কষণ, ত্রি. [কষ্+অন] অপক্ক; (ন.) পরীক্ষণ, উপধা, কষ্টি; চিহ্ন।
কষণী, (প্রা) কটুতা, আঁটি, আঁটনী, ধমকান।
কষপাষাণ, পুং. [কষ+পাষাণ] কষ্টিপাতর।
কষা, স্ত্রী. [কষ+আ] কশা, চাবুক।
কষা, (প্রা) কটুরস, উগ্র।
কষাকু, পুং. [কষ+আকু] সূর্য্য; অগ্নি।
কষাঘাত, পুং. [কষ+আঘাত] অশ্বতাড়ন, কশাঘাত।
কষাণি, (প্রা) পুযপূর্ণ, পুঁয, ক্লেদ।
কষায়, পুং. ন. [কষ+আয়] রসবিশেষ, কষা, তৎপর্য্যায়।—তুবর, তুবর, কুবর; পাঁচনাদি নির্যাস, বিলেপন, অঙ্গরাগ, (পুং.) শ্যোনাকবৃক্ষ, রাগ, কলিযুগ, (ত্রি.) সুরভি, লোহিতবর্ণ, রক্তপীতমিশ্রিতবর্ণ, ধববৃক্ষ।
কষায়ওষধ, (প্রা) তিক্তৌষধি ভেদ।
কষায়কৃৎ, পুং. [কষ্+য়ায়+কৃৎ] রক্তলোধ্র।
কষায়চিত্র, ত্রি. [কষায়+চিত্র] অসৃগ্লিপ্ত, শোণিতাক্ত, রক্তাক্ত।
কষায়যাবনাল, পুং. [কষায়+যাবনাল] তুবরযাবনালধান্য।
কষায়া, স্ত্রী. [কষায়+আ] ক্ষুদ্রদুরালভা।
কষায়ান্বিত, ত্রি. [কষায়+অন্বিত] কষায়, তুবর, শুক্ত। [রক্তীকৃত।
কষায়িত, ত্রি. [কষায়+ইত] কৃতলোহিত,
কষায়ী, পুং. [কষায়+ইন্] সালবৃক্ষ; লকুচবৃক্ষ; খর্জ্জুরীবৃক্ষ; (ত্রি.) কষায়ান্বিত; অরুণিত; সর্জ্জরসগুণক, রঞ্জিনযুক্ত। [দ্রোহক।
কষি, ত্রি. [কষ+ই] হিংসক, হিংস্র, দ্বেষী,
কষিকা, স্ত্রী. [কষ+ইকা] পক্ষিজাতি।
কষিত, ব্য. [কষ+ইত] হিংসিত, অপকৃত।
কষেরুকা, স্ত্রী. [কষেরুক+আ] কশেরুকা, পৃষ্ঠাস্থি।
কষ্ট, ন. [কষ্+ত] পীড়ামাত্র, তৎপর্য্যায়।- পীড়া, বাধা, ব্যথা, দুঃখ, অমানস্য প্রসূতিজ, কৃচ্ছ, আভীল, আবাধা, বেদনা, দুষ্খ, আমানস্য, কলাকল, পীড়ন, অর্ত্তি, আর্ত্তি, বাধন, বিবাধন, বিহেঠন, বিধানক, পীড়িত, অশর্ম্ম, (ত্রি.) পীড়াযুক্ত, গহন। [বহ।
কষ্টকর, ত্রি. [কষ্ট+কর] কষ্টকারক, শ্রমা-
কষ্টকল্পনা, স্ত্রী. [কষ্ট+কল্পনা] শক্র; অরি, প্রতিযোগী; বিপ্রতিপত্তি; একজনার, দুঃখে দুঃখিত।
কষ্টকারক, পুং. [কষ্ট+কারক] সংসার, বিশ্ব; (ত্রি.) পীড়াকর।
কষ্টদায়ক-কষ্টপ্রদ, পুং. [কষ্ট+দায়ক-প্রদ] ক্লেশদায়ক, দুঃখদায়ক, ক্লেশক।
কষ্টপ্রাপ্ত, ত্রি. [কষ্ট+প্রাপ্ত] ক্লেশিত, আপন্ন।
কষ্টশ্রিত, ত্রি. [কষ্ট+শ্রিত] দুঃখী, দুর্গত, আপন্ন।
কষ্টশ্রেষ্ঠ, ন. [কষ্ট+শ্রেষ্ঠ] অতি ক্লেশ, অত্যুদ্বেগ। [কৃচ্ছ্রসম্পাদ্য।
কষ্টসাধ্য, ত্রি. [কষ্ট+সাধ্য] দুঃসাধ্য;
কষ্টস্থান, ন. [কষ্ট+স্থান] দুঃখজনক স্থান।
কষ্টাবহ, ত্রি. [কষ্ট+আবহ] কষ্টকর, দুঃখাবহ।
কষ্টি, স্ত্রী. [কষ্+তি] পরীক্ষা, কষ; নিকষপাষাণ; ক্লেশ, দুঃখ, বিপত্তি।
কষ্টিপাথর, (প্রা) নিকষপাষাণ, শাণ।
কস্, (প্রা) মুখেরপ্রান্তভাগ। [জ্বালা।
কস্কসানী, (প্রা) আক্রোশ, ক্রোধেগাত্র-
কসর, (প্রা) ব্যবসায়।
কস্বা (যাং) ক্ষুদ্রনগর।
কস্বাটী, (প্রা) মৎস্যভেদ
কস্বী, (যাং) বেশ্যা, বারাঙ্গনা; ব্যবসায়ী।
কস্লৎ, (যাং) পরিশ্রম।
কস, পুং. [কস্+অ] কষ্টিপাথর।
কসনোৎপাটন, পুং. [কসন+উৎপাটন] বাসকবৃক্ষ।
কসদ্, (যাং) ইচ্ছা; মৎলব।
কসব্, (যাং) ব্যবসা, বাণিজ্য।
কসম্, (যাং) শপথ।
কসালা, (যাং) দুঃখ, ক্লেশ।
কসা, স্ত্রী. [কস্+আ] কশা, চাবুক।
কসিপু, পুং. [কসি+পু] কশিপু, অন্ন; শয্যা।

কস্থুর, (যাং) দোষ, ত্রুটি।
কসেরু, পুং. [ক+সৃ+উ] কশেরু, কেস্থুর, তৎপর্য্যায়।—গুণ্ডকন্দ, ক্ষুদ্রমুস্তা, কসেরুকা, শূকরেষ্ট, সুগন্ধি, সুকন্দ, কসেরুক; দ্বীপভেদ।
কসেরুকা, স্ত্রী. [কসেরুক+আ] কসেরু; মেরুদণ্ড, পৃষ্ঠাস্থি।
কসেরুমহান্, পুং.[কসেরু+মহৎ] দ্বীপভেদ।
কস্তীর, ন. [কস্+তীর] রঙ্গ, বঙ্গ, রাং।
কস্তুর, (প্রা) কস্তূরী, মৃগনাভি
কস্তুরা, (প্রা) মুক্তাগার, শুক্তি।
কস্তুরিকা-কস্তূরিকা, স্ত্রী. [কস্তুর+ইক+আ] কস্তূরী, মৃগনাভী।
কস্তুরিকাগুজ, পুং [কস্তূরিকা+অণ্ডজ] কস্তূরী, মৃগনাভী। [মৃগমদাবাস।
কস্তূরমল্লিকা, স্ত্রী. [কস্তূর+মল্লিকা] মৃগাণ্ড,
কস্তুরী, স্ত্রী. [কস্+তুরা] মৃগের নাভিজাত সুগন্ধিদ্রব্য, তৎপর্য্যায়।—অণ্ডজা, কালাঙ্গী, কস্তুরিকা, কস্তূরিকা, কস্তূরিকাণ্ডজ, কুরঙ্গনাভি, গন্ধকেলিকা, গন্ধচেলিকা, গন্ধদা, গন্ধধুলি, গন্ধপিশাচিকা, গন্ধবোধিকা, গন্ধশেখর, দর্প, ধূপসঞ্চারী, নাভি, নাভী, বাতামোদ, বহুগন্ধদা, বেধমুখ্যা, মদ, মদনী, মদার, মদাহ্ব, মিশ্রা, মোদিনী, মৃগ, মৃগনাভি, মৃগনাভিজ, মৃগমদ, মৃগাঙ্গজা, মৃগাণ্ডজা, মৃগী, যোজনগন্ধা, যোজনগন্ধিকা, লতা, ললিতা, শ্যামলা, শ্যামা, সহস্রবেধী, সুভগা, তদ্ভেদ যথা।—খরিকা, তিলকা, কুলথা, পিণ্ডা, কপিলা, পিঙ্গলা, কৃষ্ণা; স্বনামখ্যাত বৃক্ষবিশেষ।
কস্তুরীমৃগ, পুং. [কস্তুরী+মৃগ] গন্ধমৃগ, মৃগপালিকা, যে মৃগের শরীরে কস্তুরী জন্মে।
কস্বর, ত্রি. [কস্+বর] জঙ্গম, গতিমান্।
কস্মল, ন. [কস্+মল] কশ্মল, মোহ।
কস্মাৎ, ব্য. (কিম্) কোনহেতু, কস্মহেতু, কিমর্থ।
কস্মিন্‌কালে, ব্য. [কস্মিন্+কালে] কদা, কোনসময়ে, কহিঁ।
কহন, (প্রা) কথন, উল্লেখন, জ্ঞাপন, বিবরণ, বাক্য প্রয়োগকরণ।
কহরা, (প্রা) মৎস্যবিশেষ।
কহলক, (প্রা) পারাবতভেদ।
কহলাকহলি, (প্রা) ঔষধ, জারীভেদ।
কহা, (প্রা) বলা কথিত, উক্ত।
কহাকহি, (প্রা) কথোপকথন, বলাকহা, পরস্পরালাপ, সম্ভাষণ।
কহাবলা, (প্রা) কহাকহি।
কহু, (প্রা) বন্যবৃক্ষভেদ।
কহুবা, (প্রা) দারুবৃক্ষ। [বক্তা।
কহুয়া, (প্রা) বাবদূক, বাচাল, বহুভাষী,
কহ্ব, পুং. [ক+হ্ব] বকপক্ষী।
কহ্লার, ন. [ক+হ্লার] শ্বেতোৎপল; সৌগন্ধিক, সুঁদি
কক্ষ, পুং. [কষ্+ক] বাহুমূল, কাঁক, বগল; তৃণ; বীরুৎ; শুষ্কতৃণ; কচ্ছ; শুষ্কবন; পাপ; অরণ্য; ভিত্তি; পার্শ্ব; (ন) নক্ষত্র।
কক্ষরুহা, স্ত্রী. [কক্ষ+রুহা] নাগরমুস্তা।
কক্ষশায়, পুং. [কক্ষ+শায়] কুক্কুর।
কক্ষস্থ, ত্রি. [কক্ষ + স্থা] পার্শ্বস্থ।
কক্ষা, স্ত্রী. [কক্ষ+আ] হস্তিরজ্জু; কাঞ্চী; গেহপ্রকোষ্ঠক; ভিত্তি; সাম্য; রথভাগ; পরিধান বস্ত্রের পৃষ্ঠদেশস্থ অঞ্চল; উদ্গ্রাহিণী; স্পর্দ্ধাপদ; কক্ষ্যা, হস্তিমধ্যদেশ বন্ধনরজ্জু; ক্ষুদ্ররোগবিশেষ; গ্রহদিগের পথ।
কক্ষান্তর, ন. [কক্ষ+অন্তর] গর্ভাগার, অন্তর্গৃহ। [নেঙ্গুটি।
কক্ষাপট, পুং. [কক্ষা+পট] কৌপিন, কপ্নী,
কক্ষাবান্, পুং. [কক্ষা+বৎ] মুনিবিশেষ।
কক্ষাবেক্ষক, পুং.[কক্ষা+অবেক্ষক] শুদ্ধান্তঃপাল; উদ্যানপাল; রঙ্গাজীব; কবি; বিড়্গ; দ্বাঃস্থ।
কক্ষোত্থা, স্ত্রী. [কক্ষ+উত্থা] ভদ্রমুস্তা।
কক্ষ্য, ন. [কক্ষ+য] এষণিকাস্থকটোরা, নিক্তিরবাটী।
কক্ষ্যা, স্ত্রী. [কক্ষ্য+আ] কক্ষরজ্জু, কাছদড়ী; চর্ম্মরজ্জু; গজমধ্যবন্ধন চর্ম্মরজ্জু, তৎ-

পর্য্যায়।—চুষা,বরত্রা, বুষা, দূষ্যা, দুষ্যা, কক্ষা, হর্ম্ম্যাদি প্রকোষ্ঠ, রাজগৃহাদি বেষ্টনাবছিন্নদেশ, কাঞ্চী, অন্তর্গৃহ, সাদৃশ্য, উদেযাগ, বৃহতিকা, উত্তরীয়-বস্ত্র, গুঞ্জা।

কা, ব্য, অপকৃষ্টবোধকশব্দ; মন্দ।

কাই, (প্রা) কলপ, মণ্ড, মাড়, লেহাই।

কাইট, (প্রা) কল্ক, শিটা, মলা, খাইদ।

কাইত, (প্রা) হেলা, আড়, বক্র, টেরচা।

কাইম, (প্রা) জলজীবীপক্ষিবিশেষ।

কাএদা, (যাং) নিয়ম।

কাএম্, (যাং) দৃঢ়, শক্ত, সুচিরস্থায়ী।

কাইল, (প্রা) কল্য, কালি, শ্বঃ, আগামি।

কাওবা, (প্রা) ছল; ঔষধাবৰ্ত্তন

কাওবাঠোঁটী, (প্রা) লতাবিশেষ।

কাওবান, (প্রা) আবৰ্ত্তন, আওটান।

কাওরা, (প্রা) নীচজাতিবিশেষ,অন্ত্যাবসায়ী।

কাংসীয়, ন. [কংস+ঈয়] কাংস্য।

কাংস্য-কাংস্যক, ন. [কাংস+য-ক]তাম্ররঙ্গ-মিশ্রিতধাতু, কাঁসা,তৎপর্য্যায়।—কংস, কংসাস্থি, তাম্রার্দ্ধ, সৌরাষ্ট্রক, ঘোষ, কাংসীয়, বহ্নিলোহক,দীপ্তিলোহ, ঘোর-ঘুয্য, দীপ্তিকাংস্য, কাস্য, ঘণ্টাশব্দ, ঘোরপুষ্প, পীতলোহ; পরিমাণবিশেষ, (পুং. ন.) পাত্রবিশেষ

কাংস্যকার, পুং. [কাংস্য+কার] কাংস্য-বণিক, কংসকার, কাঁসারি, কাসাঁরী।

কাংস্যনীল, পুং. [কাংস্য+নীল] অঞ্জন-ভেদ, নীলতুথ, মুষাতুথ, হেমতার, বিতুন্নক।

কাস্যবণিক্, পুং. [কাংস্য+বণিক] কাংস্য-কার কাঁসারী।

কাঁক, (প্রা) কঙ্কপক্ষী; কক্ষ, কুক্ষি।

কাঁকই, (প্রা) কঙ্কত, কঙ্কতী, কঙ্কতিকা, কেশমার্জ্জক, কেশমার্জ্জনী, প্রসাধনী, মার্জ্জনী, দন্তী, চিরুণী

কাঁকড়া, (প্রা) কর্কট, তৎপর্য্যায়।—কুলীর, কর্কটক, তির্য্যগ্যান, বহিশ্চর, পার্শ্বো-দরপ্রিয়, বহিঃকুটীচর, জলবিল্ব, অপত্য-শত্রু, বাহুক, ষোড়শাংঘ্রি, মৃত্যুসুতি, পঙ্কবাস, কুরচিল্ল; বৃক্ষবিশেষ, লতা-বিশেষ।

কাঁকড়াকাঠ, (প্রা) জ্বালানিকাষ্ঠবিশেষ।

কাঁকড়াবিছা, (প্রা) বৃশ্চিকভেদ।

কাঁকড়াশালি, (প্রা) ধান্যভেদ।

কাঁকড়াশৃঙ্গী, (প্রা) কণ্টকীলতাবৃক্ষবিশেষ।

কাঁকণ, (প্রা) কঙ্কণ, করভূষণ, বলয়।

কাঁকতল্লী, (প্রা) স্ত্রীলোকদিগের কক্ষস্থিত বোচ্‌কা।

কাঁকণী, (প্রা) মহিষিণী, স্ত্রীমহিষ।

কাঁকবিরালী, (প্রা) কক্ষদেশের ব্রণবিশেষ।

কাঁকর, (প্রা) কঙ্কর, কর্কর, কুলুই, চূর্ণখণ্ড, শিখালণ্ড, বালুকা, শর্করা, চূর্ণ, শিলা-চূর্ণ, পাষাণখণ্ড, পাষাণচূর্ণ।

কাঁকরীয়, (প্রা) শার্করীয়,পাষাণময়, আশ্ম, কঙ্করযুক্ত।

কাঁকরোল,(প্রা) অলাবুজাতীয় লতাবিশেষ।

কাঁকরোলবীজ, (প্রা) ঔষধীয় বীজবিশেষ।

কাঁকলা, (প্রা) কক্কোল, গন্ধদ্রব্যবিশেষ

কাঁকলাস, (প্রা) কৃকলাস, সরট; গোধিকা-বিশেষ, গিরগিট।

কাঁকালি, (প্রা) কটিদেশ, কক্ষ, শ্রোণী, কোমর।

কাঁকিনী, (প্রা) স্ত্রীমহিষ; পূর্ণবয়স্থাস্ত্রী; অত্যুচ্চবৃক্ষ যথা—নারিকেল বৃক্ষ, তাল বৃক্ষ।

কাঁকিলা-কাঁকিলামাছ, (প্রা) স্বনামখ্যাত মৎস্যবিশেষ।

কাঁকুয়া, (প্রা) মৎস্যের কানকো, মৎস্যাদি-গের শ্বাসেন্দ্রিয়।

কাঁকুই, (প্রা) কঙ্কতিকা, চিরুণী।

কাঁকুড়-কাঁকুড়ী, (প্রা) কর্কটী, অপক্বফুটী।

কাঁখ, (প্রা) কক্ষ, কক্ষদেশ, বগল।

কাঁখতালী, (প্রা) বাহুমূল, ভুজকোটর, দো-[মূল।

কাঁচ, (প্রা) তৃণবিশেষ; কাচ, সিতোপল।

কাঁচকলস, (প্রা) কাঁচকুপী, বোতল।

কাঁচকলা, (প্রা) অপক্ব দীর্ঘরম্ভা।

কাঁচগড়গড়, (প্রা) তৃণভেদ।

কাঁচড়া, (প্রা) লতাবিশেষ। [বিশেষ।

কাঁচড়াদাম, (প্রা) সবজী, ভক্ষণীয়লতা

কাঁচপাত্র, (প্রা) কাচভাজন, কাচকূপী।
কাঁচমণি, (প্রা) স্ফটিকবিশেষ, কাঁচ।
কাঁচলবণ, (প্রা) সিন্ধুলবণ, সিন্ধুপল, সৈন্ধব।
কাঁচলি, (প্রা) কঞ্চুলিকা, অঙ্গিকা, চেলিকা, কূর্পাসক, চোল, চোলী, আঙ্গিয়া।
কাঁচা, (প্রা) অপক্ক, অপরিপক্ক, আম; মূঢ়, অজ্ঞান, অল্পধী। [রক।
কাঁচাহলদী, (প্রা) বনহরিদ্রা, কর্চ্চূরক, কর্ব্বূ-
কাঁচী, (প্রা) কর্ত্তরী, কাতারি, কাস্তিয়া; কিঞ্চিন্ন্যূনপরিমাণ।
কাঁচীছটাক, (প্রা) পরিমাণবিশেষ।
কাঁচীসের, (প্রা) অশীতিসিক্কার ন্যূনপরিমাণ।
কাঁচুলী, (প্রা) কঞ্চুলিকা, আঙ্গিয়া।
কাঁচেরবাটী, (প্রা) কাচেরপানপাত্রবিশেষ।
কাঁজি, (প্রা) বারিপর্য্যুষিতান্নাম্লজল, কাঞ্জিক।
কাঁট, (প্রা) ভগাঙ্কুর, যোনিলিঙ্গ, স্মরচ্ছত্র।
কাঁটা, (প্রা) কণ্টক, পীড়াকরদ্রব্য; ক্ষুদ্রশত্রু, সপত্ন।
কাঁটাআলু, (প্রা) শকরকন্দভেদ।
কাঁটাকুড়, (প্রা) কণ্টকীবন; গহন; সঙ্কট; কণ্টককুণ্ড।
কাঁটাল, (প্রা) কণ্টকীফল, পনস; কণ্টকময়।
কাঁটী, (প্রা) কটূক্তি, কুকথা, কটুবাক্য।
কাঁঠাল, (প্রা) কণ্টকীফল, পনস।
কাঁঠী, (প্রা) শুকপক্ষীর গলরেখা।
কাঁঠীচন্দনা, (প্রা) গলদেশে রেখাযুক্ত শুকপক্ষী।
কাঁড়ন, (প্রা) স্থিরকরণ, পরিষ্কারকরণ; ভানন।
কাঁড়রা, (প্রা) স্থূল, মোটা।
কাঁড়া, (প্রা) পরিষ্কৃত, নির্ম্মলীকৃত; তৈলাধারবিশেষ; বংশনির্ম্মিতসূচি।
কাঁড়ি, (প্রা) রাশি, স্তূপ, ঢেরী।
কাঁড়িয়া, (প্রা) মৃন্ময়াধারবিশেষ।
কাঁত, (প্রা) ভিত্তি, প্রাচীর; জীর্ণদেওয়াল।
কাঁতড়া, (প্রা) ভগ্নপ্রাচীর, ভাঙ্গাদেওয়াল।
কাঁথ, (প্রা) প্রাচীর, ভিত্তি, জীর্ণদেওয়াল।
কাঁথড়া, (প্রা) ভ্রংশবাটী, ভাঙ্গাপ্রাচীর।
কাঁথা, (প্রা) কন্থা, জীর্ণবস্ত্র রচিত আস্তরণ।
কাঁথী, (প্রা) নদীরউচ্চতা, আড়ুরি।
কাঁদন, (প্রা) ক্রন্দন, রোদন, বিলাপন।
কাঁদনি, (প্রা) রোদন, বিলাপ, কাতরোক্তি, বিলাপবাক্য; ওঝারগান।
কাঁদনিকলা, (প্রা) ক্রন্দন, রোদন, অনুশোচন, কাতরোক্তি, হাহাকার। [স্কন্ধ।
কাঁদা, (প্রা) কূল, তীর, কিনারা; রোদন;
কাঁদাকাঁদি, (প্রা) পরস্পর বিলাপ, উভয়তঃ ক্রন্দন; স্কন্ধাস্কন্ধি।
কাঁদাকাটনি, (প্রা) কাঁদাকাঁনি, অনুশোচনা, আক্ষেপ।
কাঁদাড়ি, (প্রা) পয়নালী, জুলী। [থলো।
কাঁদী, (প্রা) গুচ্ছ, স্তবক, ছড়া, থোকা, ঝাড়,
কাঁধ, (প্রা) স্কন্ধ, কন্ধর।
কাঁধনড়ি, (প্র) স্কন্ধস্থিতযষ্টি।
কাঁধা, (প্রা) কূল, তীর, কিনারা; স্কন্ধ।
কাঁধাড়ি, (প্রা) পর্ব্বতেরধার, গৃহের পশ্চাদ্ভাগ।
কাঁপন, (প্রা) কম্পন, নড়ন, হেলন, থরথর।
কাঁপনি, (প্রা) কম্পন, বেপন, নড়ন।
কাঁপা, (প্রা) কম্পন।
কাঁশারি, (প্রা) কাংস্যকার। [ঘন।
কাঁসর, (প্রা) কাংস্যনির্ম্মিত বাদ্যযন্ত্রবিশেষ,
কাঁসরিয়া, (প্রা) কলিজারোগবিশেষ।
কাঁসা, (প্রা) কাংস্য, রাঙ্গ তাম্র মিশ্রিতধাতু; কংস।
কাঁসারি, (প্রা) কাংস্যবণিক্, কাংস্যকার।
কাক, পুং. [ক+অক] স্বনামখ্যাত পক্ষীবিশেষ, তৎপর্য্যায়।—অন্যভৃৎ, অরিষ্ট, আত্মঘোষ, একাক্ষ, কটখাদক, করট, করটক, কাগ, কাণ, কাণক, কাণূক, কারব, কৃষ্ণ, কৌশিকারি, কৌশিকারাতি, খর, গূঢ়মৈথুন, গৃহবলিভুক্, গ্রামীণ, ঘূকারি, চলাচল, চিরজীবী, চিরঞ্জিবী, চিরায়ু, দিবাকর, দিবাটন, দীর্ঘায়ু, দ্বিক, ধূলিজঙ্ঘ, ধ্মাঙ্ক্ষ, ধ্বাংক্ষ, ধ্বাঙ্ক্ষরাবী, নগরী, বক, নগৌকা, নাড়ীজঙ্ঘ, নিমিত্তকৃত, পরভৃৎ, পরমৃত্যু, পাত্রটীর, পিশুন, পীয়ু, প্রাতর্ভোক্তা, বল, বলিভুক্, বলিপুষ্ট, বলিপ্রিয়, বাতজব, বায়স, মহালোল, মলভুক্, মুখর, মৌকলি, মৌকুলি, মৌদ্গলি, রতজ্বর, লুণ্ঠাক,

শক্রজ, শ্রাবক, সকৃৎপ্রজ, সত্যবাক্, সূত্রী, সূচক; পীঠসর্পী, খোঁড়া; দ্বীপবিশেষ; পরিমাণভেদ; বৃক্ষবিশেষ; শিরোবক্ষালন; তিলক; অতিধৃষ্ট; (ন.) সুরতবন্ধ; কাকসমূহ।

কাককঙ্গু, স্ত্রী. [কাক+কঙ্গু] চীনক, শস্যবিশেষ, চিনা। [বৃক্ষ।

কাককলা, স্ত্রী. [কাক+কলা] কাকজংঘা-কাককোদী, (প্রা) লতাবিশেষ।

কাকঘ্নী, স্ত্রী. [কাক+ঘ্নী] মহাকরঞ্জ।

কাকৃচা, (প্রা) সর্ষপের বিচালি, সরিষারডাঁটা।

কাকচিঞ্চা, স্ত্রী. [কাক+চিঞ্চা] গুঞ্জা, কুঁচ্।

কাকচিঞ্চি-কাকচিঞ্চী, স্ত্রী. [কাক+চিঞ্চি-ঞ্চী] গুঞ্জা, কুঁচ্।

কাকছড়ি, (প্রা) সুপুষ্পলতাবিশেষ।

কাকচ্ছদ-কাকচ্ছদি, পুং. [কাক+চ্ছদ-ই] খঞ্জনপক্ষী।

কাকজঙ্ঘা, স্ত্রী. [কাক+জঙ্ঘা] স্বনামখ্যাত বৃক্ষবিশেষ, কেউয়াঠেঙ্গা গাছ, তৎপর্য্যায়।—কাকাঙ্গী, কাকাঞ্চী, কাকনাসিকা, কৃশীবল, ধ্বাঙ্ক্ষজঙ্ঘা, কাকাহ্বা, সুলোমশা, পারাবতপদী, দাসী, নদীকান্ত; গুঞ্জা।

কাকজম্বু, স্ত্রী. [কাক+জম্বু] ভূমিজম্বু, ক্ষুদ্রজম্বু, বনজাম।

কাকজম্বূ, স্ত্রী. [কাক+জম্বূ] জম্বুপ্রভেদ, তৎপর্য্যায়।—কাকফলা, নাদেয়ী, কাকবল্লভা, ভৃঙ্গেষ্টা, কাকনীলা, ধ্বাঙ্ক্ষজম্বু, ধনপ্রিয়া।

কাকডুম্বর-কাকডুমুর, (প্রা) বৃক্ষবিশেষ।

কাকণ, ন. [কাক্+অন্] কুষ্ঠবিশেষ।

কাকণন্তিকা, স্ত্রী. [কাকণং+তিকা] গুঞ্জা, কুঁচ। [নিদ্রা।

কাকতন্দ্রা, (প্রা) লঘুনিদ্রা, অল্পনিদ্রা, শ্বান-

কাকতালীয়, ত্রি. [কাক+তাল+ঈয়] অকস্মাৎকৃত, আকস্মিক, অকারণে কারণবোধ।

কাকতালীয়বৎ, ব্য. [কাকতালীয়+বৎ] অকস্মাৎ, অনপেক্ষ, অতর্কিত, দৈবাৎ।

কাকতালুকী, ত্রি. [কাক+তালুকিন্] অধম, নীচ, হেয়, জঘন্য।

কাকতিক্তা, স্ত্রী. [কাক+তিক্তা] কাকচিঞ্চা, কুঁচ্।

কাকতিন্দুক, পুং. [কাক+তিন্দুক] বৃক্ষবিশেষ, মাকড়াকেন্দু, মাকড়াগাব্, কাকতেঁদু, তৎপর্য্যায়।—কাকেন্দু, কুলক, কাকপীলুক, কাকপীলু, কাকাণ্ড, কাকস্ফূর্জ্জ, কাকাহ্ব, কাকবীজক।

কাকতুণ্ড, পুং. [কাক+তুণ্ড] কালাগুরু।

কাকতুণ্ডিকা, স্ত্রী. [কাক+তুণ্ডিকা] কাকচিঞ্চা, গুঞ্জা।

কাকতুণ্ডী, স্ত্রী. [কাক+তুণ্ডী] রাজনীতি, রাজপিতল; বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—কাকাদনী, কাকপীলু, কাকশিম্বী, রক্তলা, ধ্বাঙ্ক্ষাদনী, বক্রশল্যা, দুর্ম্মোহা, বায়সাদিনী, ধ্বাঙ্ক্ষনখী, বায়সী, কাকদন্তিকা, ধ্বাঙ্ক্ষদন্তী

কাকতুল্য, ত্রি. [কাক+তুল্য] ধূর্ত্ত, বিদগ্ধ; কাকবৎ।

কাকদ্রুম, পুং. [কাক+দ্রুম] বৃক্ষবিশেষ।

কাকধ্বজ, পুং. [কাক+ধ্বজ] বাড়বাগ্নি।

কাকনামা, পুং. [কাক+নামন্] বকবৃক্ষ।

কাকনাশা, স্ত্রী. [কাক+নাশা] লতাবৃক্ষবিশেষ।

কাকনাস, পুং. [কাক+নাস] বিকণ্টকবৃক্ষ।

কাকনাসা-কাকনাসিকা, স্ত্রী. [কাক+নাসা-ইকা] কাকজঙ্ঘাবৃক্ষ; রক্তত্রিবৃৎ

কাকনিদ্রা, স্ত্রী. [কাক+নিদ্রা] লঘুনিদ্রা, কাকতন্দ্রা।

কাকন্দী, স্ত্রী. [কাকন্দ+ঈ] বৃক্ষবিশেষ।

কাকপদ, পুং. [কাক+পদ] রতিবন্ধবিশেষ।

কাকপর্ণী, স্ত্রী. [কাক+পর্ণী] মুদ্গাপর্ণী।

কাকপক্ষ, পুং, [কাক+পক্ষ] মস্তক পার্শ্বদ্বয়ে কেশ রচনাবিশেষ, তৎপর্য্যায়।—শিখাণ্ডক, শিখণ্ডক, শিখণ্ড, কেশপাশী, জুলপী, কাণপাটা।

কাকপীলু, পুং. [কাক+পীলু] কাকতিন্দুক, কাকতুণ্ডী; শ্বেতগুঞ্জা।

কাকপীলুক, পুং. [কাক+পীলুক] কাকতিন্দুকবৃক্ষ, মাকড়াকেন্দু গাছ।

কাকপুচ্ছ, পুং. [কাক+পুচ্ছ] কোকিল।

কাকপুষ্ট, পুং. [কাক+পুষ্ট] কোকিল।
কাকপুষ্প, ন. [কাক+পুষ্প] গন্ধপর্ণ।
কাকফল, পুং. [কাক+ফল] নিম্ববৃক্ষ।
কাকবৎ, ব্য. [কাক+বৎ] কাকতুল্য, কাকসদৃশ, ধূর্ত্ত।
কাকবন্ধ্যা, স্ত্রী. [কাক+বন্ধ্যা] একগর্ত্তা, যে স্ত্রীর এক সন্তানের পর দ্বিতীয় গর্ত্ত হয় না। [কাম্নাদি।
কাকবলি, পুং. [কাক+বলি] কাকসম্প্রদান-
কাকবল্লরী, স্ত্রী. [কাক+বল্লরী] স্বর্ণবল্লী।
কাকভাণ্ডী, স্ত্রী. [কাক+ভাণ্ডী] মহাকরঞ্জ।
কাকভীরু, পুং. [কাক+ভীরু] পেচক।
কাকমদ্গু, পুং. [কাক+মদ্গু] দাত্যূহপক্ষী।
কাকমর্দ্দ, পুং. [কাক+মর্দ্দ] মহাকালবৃক্ষ।
কাকমর্দ্দক, পুং. [কাক+মর্দ্দক] মহাকাললতা, মাকাল। [বৃক্ষ
কাকমাচিকা, স্ত্রী. [কাক+মাচিকা] কাকমাচী
কাকমাচী, স্ত্রী. [কাক+মাচী] ক্ষুদ্রবৃক্ষবিশেষ, গুড়কামাই গাছ, তৎপর্য্যায়।—বায়সী, ধ্বাঙ্ক্ষমাচী বায়সাহ্বা, সর্ব্বতিক্তা, বহুফলা, কটুফলা, রসায়নী, গুচ্ছফলা, কাকমাতা, স্বাদুপাকা, সুন্দরী, তিক্তিকা, বহুতিক্তা।
কাকমাতা, স্ত্রী. [কাক+মাতা] কাকমাচী।
কাকমুখ, ত্রি. [কাক+মুখ] কুৎসিতাকৃতি, বিকৃতাকার।
কাকমুদ্গা, স্ত্রী. [কাক+মুদ্গা] মুদ্গপর্ণীবৃক্ষ, মুগাণী। [আগড়া।
কাকযব, পুং. [কাক+যব] তণ্ডুলশূন্যধান্য,
কাকরব-কাকরাব, পুং. [কাক+রব-রাব] কাকশব্দ।
কাকরুত, ন. [কাক+রুত] কাকশব্দ।
কাকরুহা, স্ত্রী. [কাক+রুহা] বন্দাবৃক্ষ।
কাকরুক, পুং. [কাক+রুক] স্ত্রীজিত; উলূক; দম্ভ; (ত্রি.) দিগম্বর; ভীরুক; নির্দ্ধন।
কাকল, পুং. [কা+কল্+অ] দ্রোণকাক; কণ্ঠমণি।
কাকলক, পুং. [কাকল+ক] কণ্ঠমণি।
কাকলা, (প্রা) সুগন্ধিদ্রব্যবিশেষ।
কাকলাস, (প্রা) কৃকলাস।
কাকলি-কাকলী, স্ত্রী. [কাকল+ই-ঈ] সূক্ষ্ম মধুরাস্ফুটধ্বনি।
কাকলীদ্রাক্ষা, স্ত্রী. [কাকলী+দ্রাক্ষা] দ্রাক্ষাপ্রভেদ, বেদানা কিষ্‌মিষ্‌, তৎপর্য্যায়।—জম্বূকা, ফলোত্তমা, লঘুদ্রাক্ষা, নির্বীজা, সুবৃত্তা, রসাধিকা।
কাকলীরব, পুং. [কাকলী+রব] কোকিল।
কাকশব্দ, পুং. [কাক+শব্দ] কাশব্দ।
কাকশীর্ষ, পুং. [কাক+শীর্ষ] বকবৃক্ষ।
কাকস্ত্রী, স্ত্রী. [কাক+স্ত্রী] বকবৃক্ষ। [বৃক্ষ।
কাকস্ফূর্জ্জ, পুং. [কাক+স্ফূর্জ্জ] কাকতিন্দুক-
কাকা, স্ত্রী. [কাক+আ] কাকনাসালতা; কাকোলীবৃক্ষ; কাকজঙ্ঘাবৃক্ষ; রক্তিকালতা; মলপুবৃক্ষ; কাকমাচীবৃক্ষ। (বাং) পিতার কনিষ্ঠভ্রাতা।
কাকাঙ্গা, স্ত্রী. [কাক+অঙ্গা] কাকাঙ্গীবৃক্ষ।
কাকাঙ্গী, স্ত্রী. [কাকঙ্গ+ঈ] কাকজঙ্ঘাবৃক্ষ
কাকাঞ্চী, স্ত্রী. [কাক+অঞ্চী] কাকজঙ্ঘাবৃক্ষ।
কাকাণ্ড, পুং. [কাক+অণ্ড] মহানিম্ব, কাকতিন্দু, (ন) কাকডিম্ব।
কাকাণ্ডা, স্ত্রী. [কাক+অণ্ডা] কোলশিম্বী।
কাকাণ্ডী, স্ত্রী. [কাকাণ্ড+ঈ] মহাজ্যোতিষ্মতীলতা। [শিম্বী
কাকাণ্ডোলা, স্ত্রী. [কাক+অণ্ড+ওলা] কোল-
কাকাতুয়া, (প্রা) স্বনামখ্যাতপক্ষিবিশেষ।
কাকাদনী, স্ত্রী. [কাক+অদনী] গুঞ্জা; শ্বেত গুঞ্জা; বৃক্ষবিশেষ, কালিয়াকড়া, তৎপর্য্যায়।—হিংস্রা, গৃধ্রনখী, তুণ্ডী, কালা, অহিংস্রা, কটুকা, পাণি, কাপাল, কুলিক।
কাকাবলী, স্ত্রী. [কাক+আবলী] কাকশ্রেণী।
কাকায়ু, পুং. [কাক+আয়ু] স্বর্ণবল্লী।
কাকার, ত্রি. [ক+অকার] জলবিস্তৃত।
কাকারি, পুং. [কাক+অরি] পেচক।
কাকাল, পুং. [কাক+অল] দ্রোণকাক।
কাকিণী-কাকিনী, স্ত্রী. [কক+অন+ঈ] পণচতুর্থাংশ, পাঁচগণ্ডাকড়ি, বিংশতি কপর্দ্দক; মানদণ্ড, কাঠা, নল; কৃষ্ণলা, কুঁচ, একবরাটী, এককড়া, উন্মানের অংশ।
কাকিণিকা, স্ত্রী. [কাক+ইণিকা] অনু, পরমাণু, ত্রসরেণু।

কাকিল, পুং. [কাক+ইল] কাকল, কণ্ঠমণি।
কাকী (বাং) কাকার স্ত্রী, (প্রা) কাকস্ত্রী।
কাকীমুখ, ন. [কাকী+মুখ] প্রণব মাত্রাবিশেষ।
কাকু, স্ত্রী. [কাক+উ] শোকভয়াদিদ্বারা স্বরবিকার; জিহ্বা।
কাকু, (প্রা) কদলী, কলা; পুরুষাঙ্গ।
কাকুৎস্থ, পুং. [ককুদ্+স্থ] শ্রীরামচন্দ্র; পুরঞ্জয়রাজ।
কাকুদ, ন. [ককুদ্+অ] তালু। [বিশেষ
কাকুরা, (প্রা) পূর্ব্বদিগের পর্ব্বতীয় লতা-
কাকুতি, (প্রা) কাতরোক্তি, খেদোক্তি, ভয়াদিজনিতধ্বনি; বিনতি।
কাকুতিমিনতি, (প্রা) অনুনয়, বিনতি, বিনয়ের দ্বারা নিবেদন।
কাকুক্তি, স্ত্রী. [কাকু+উক্তি] কাতরোক্তি, খেদোক্তি, কাকুতি।
কাকেন্দু, পুং. [কাক+ইন্দু] কুলকবৃক্ষ, মাকড়াকেন্দু।
কাকেষ্ট, পুং. [কাক+ইষ্ট] নিম্ববৃক্ষ।
কাকেক্ষু, পুং. [কাক+ইক্ষু] খগ্‌গড়, খাগড়া; কাশ।
কাকোচিক, পুং. [কাক+উচিক] কাকোচি মৎস্য, কাউচীমাছ। [কাউচীমাছ।
কাকোচী, স্ত্রী. [কাক+ওচী] কাকোচিকমৎস্য,
কাকোডুম্বর, পুং. [কাক+উডুম্বর] বৃক্ষবিশেষ, কাকডুম্বুর।
কাকোডুম্বরিকা, স্ত্রী. [কাক+উডুম্বরিকা] বৃক্ষ বিশেষ, কাঠডুমুরি, ডুমুরি, তৎপর্য্যায়।—ফল্গু, মলপূ, জঘনেফলা, মলয়ু, ফল্গুফলা, কাকোডুম্বর, ফলবাটিকা, বহুফলা।
কাকোদর, পুং. [কাক+উদর] সর্প।
কাকোদুম্বরিকা, স্ত্রী. [কাক+উদুম্বরিকা] কাকোডুম্বরিকা, কাকডুমুরি। অস্যা পর্য্যায়।—কৃষ্ণোদুম্বরিকা, খরপত্রী, রাজিকা, ক্ষুদ্রোদুম্বরিকা, কুষ্ঠঘ্নী, ফল্গুবাটিকা, অজাক্ষী, ফল্গুনী, মলপূ, চিত্রভেষজা, ধ্বাঙ্ক্ষনাম্নী।
কাকোল, ন. [কাক+ওল] নরকবিশেষ; (পুং. ন.) কৃষ্ণবর্ণ স্থাবর বিষবিশেষ; (পুং.) কুলাল; দ্রোণকাক; সর্প; শূকরভেদ; কাকালিনাম খ্যাতৌষধিবিশেষ।
কাকোলী, স্ত্রী. [কাকোল+ঈ] অষ্টবর্গে-প্রসিদ্ধ ঔষধবিশেষ, তৎপর্য্যায় —মধুরা, কাকী, কালিকা, বায়সোলী, ক্ষীরা, ধ্বাঙ্ক্ষিক', বীরা, শুক্লা, ধীরা, মেদুরা, ধ্বাঙ্ক্ষোলী, স্বাদুমাংসী, বয়ঃস্থা, জীবনী, শুক্লক্ষীরা, পয়স্বিনী, পয়স্যা, শীতপাকী।
কাকোলূকিকা, স্ত্রী. [কাক+উলূক+ইকা] কাকের এবং উলূকের পরস্পর শত্রুতা।
কাখড়া, (প্রা) লতাবিশেষ।
কাগ, (প্রা) [কা+গ] কাক।
কাগজীনিম্বু, (প্রা) জম্বীরবিশেষ
কাগজ্, (বাং) লিখনপত্র
কাগদ, ন. লেখনপত্রবিশেষ, কাগজ।
কাগারি, পুং. [কাগ+অরি] পেচক।
কাঙ্কর, (প্রা) কর্কর, কাঁকর।
কাঙ্করোল, (প্রা) কর্কোটক।
কাঙ্কা, স্ত্রী. [কাঙ্ক+আ] কাকচঞ্চু; কাকলী কাকজঙ্ঘা।
কাঙ্কাম্য, (প্রা) তৃণবিশেষ।
কাঙ্কালী, (প্রা) কঙ্কাল, কটিদেশ, মধ্যদেশ।
কাঙ্গনী, (প্রা) কঙ্গু, কাঁকনী।
কাঙ্গা, স্ত্রী. [কাঙ্গ+আ] বচা।
কাঙ্গাল-কাঙ্গালী, (প্রা) দরিদ্র, নির্দ্ধন, অধম, ধনহীন, নির্দ্ধনক, বিত্তহীন, নিঃস্ব।
কাঙ্গালীপনা, (প্রা) ধনাভাব, দরিদ্রাবস্থা, দৈন্য, অর্থাভাব। [পাত্রবিশেষ।
কাঙ্গুর, (প্রা) গঙ্গোদকপাত্র, গঙ্গাজলের
কাঙ্ক্ষা, স্ত্রী. [কাঙ্ক্ষ+আ] ইচ্ছা, বাঞ্ছা, অভিলাষ।
কাঙ্ক্ষারু, পুং. [কাঙ্ক্ষ+আরু] বকপক্ষী।
কাঙ্ক্ষিত, ত্রি. [কাঙ্ক্ষ+ইত] বাঞ্ছিত, অভিলষিত।
কাচ, ন. [কাচ্+অ] সিক্থক, মোম; কাচলবণ; (পুং.) মৃত্তিকাবিশেষ, কাঁচ, ক্ষার; শিক্য, শিকা; মণি; নেত্ররোগবিশেষ।
কাচ, (প্রা) কাল্পনিকবেশ, ছদ্মবেশ।
কাচক, ন. [কাচ+ক] পাষাণবিশেষ; স্ফটিক, কাচ।

কাচকাচা, (প্রা) বেশধারণ, ছদ্মবেশকরণ।
কাচকুপী, স্ত্রী. [কাচ+কুপী] কাঁচের বোতল বিশেষ।
কাচঘটি, স্ত্রী. [কাচ+ঘটি] কাঁচেরজলপাত্র।
কাচড়াদাম, (প্রা) লতাবিশেষ।
কাচ্‌তিয়া, (প্রা) ক্রকচ, কর্ত্তরী,কর্ত্তনী, শস্য-ছেদনী।
কাচ্‌তিয়াচোরা, (প্রা) পক্ষিবিশেষ।
কাচন-কাচনক, ন. [কা+চন-ক]পত্রনিবন্ধন; কক্ষা।
কাচন, (প্রা) ক্ষালন; কপটবেশধারণ।
কাচনক, ন. [কাচন+ক] বন্ধনরজ্জুবিশেষ।
কাচনকী, পুং.[কাচনক+ইন্] লিপি বর্ণদূত, স্বস্তিমুখ, লেখ, বাচিকহারক, তালিক, পত্র, চিঠী।
কাচনার, (প্রা) কাঞ্চনপুষ্পবৃক্ষবিশেষ।
কাচবকযন্ত্র, ন. [কাচ+বকযন্ত্র] কাচেরযন্ত্র বিশেষ।
কাচভাজন, ন. [কাচ+ভাজন] কাচপাত্র, কাঁচের বাসন, তৎপর্য্যায়।—শিক্যাণ।
কাচমণি, পুং. [কাচ+মণি] স্ফটিক, কাঁচ।
কাচমল, ন. [কাচ+মল] কাচলবণ।
কাচলবণ, ন. [কাচ+লবণ] লবণবিশেষ, কাললোন,তৎপর্য্যায়।—নীল, কাচো-দ্ভব, কাচ, নীলক, কাচসম্ভব, কাচসৌব-র্চ্চল,কৃষ্ণলবণ,পাকজ, কাচোত্থ, হয়গন্ধ, কাললবণ, কুরুবিন্দ, কাচনল, কৃত্রিম।
কাচসম্ভব, ন. [কাচ+সম্ভব] কাচলবণ।
কাচসৌবর্চ্চল, ন. [কাচ+সৌবর্চ্চল] কাচ-লবণ।
কাচস্থালী, স্ত্রী. [কাচ+স্থালী] ফলেরুহা-বৃক্ষ, পারুলগাছ; কাচপাত্র।
কাচা, (প্রা) স্থূলবস্ত্রবিশেষ, মোটাকাপড়; প্রক্ষালিত, ধৌতকরা।
কাচান, (প্রা) প্রক্ষালিত, নির্ধৌত, জল-মার্জ্জিত; সমাপ্ত।
কাচি, (প্রা) কর্ত্তনী।
কাচিঘ, পুং. [কাচি+ঘ] কাঞ্চন, স্বর্ণ; ছে-মণ্ড, ছিমড়া; মুষিক।
কাচিৎ, ব্য. [কা+চিৎ] কাচন, কাপিস্ত্রী।
কাচিত, ত্রি. [কাচ+ইত] শিক্যিত, শিক্যা-রোপিতবস্তু, শিকায় তোলা দ্রব্য।
কাচিম, পুং. [কাচ+ইম] দেবকুলোদ্ভব-বৃক্ষ। [প্রতারক।
কাচুবা, (প্রা) ভাবুকী, বৈহাসিক;কপটবেশী,
কাছ, (প্রা) নৈকট্য, নিকট, সমীপ, সন্নি-ধান; নদীরকূল। [শেষভাগ।
কাছা, (প্রা) কচ্ছ, পুরুষের পরিহিত বস্ত্রের
কাছাআল্‌গা, (প্রা) অমনোযোগী, অনিপুণ, অতৎপর, অপটু, এলুয়াথেলুয়া, এলুয়া; কামুক।
কাছাকাছি, (প্রা) সমীপ, নিকট, লাগালাগি, নিকটানিকটী, ঘনাঘনি, সঙ্গে।
কাছাটীলা, (প্রা) অসাবধান, অতৎপর, অস-তর্ক, অমনোযোগী; কামুক।
কাছাধরা, (প্রা) অত্যানুরোধী, অনুষঙ্গী, নিত্যানুচারি, চাটুবাটী, উপাসক, অনু-গামীব্যক্তি, খোসামুদিয়া।
কাছান, (প্রা) নিকটবর্ত্তীহওন, ঘনান, নিকটেপৌছন, নিকটাগমন।
কাছারী, (প্রা) ব্যবস্থান, বিচারস্থান, রাজ-সংক্রান্ত কর্ম্মাগার। [তর্ক; কামুক।
কাছালট্‌পটিয়া-কাছালড়্‌বড়্যা, (প্রা) অস-
কাছিম, (প্রা) কচ্ছপ,কূর্ম্ম, কমঠ।
কাছী, (প্রা) স্থূলরজ্জু, কচড়াদড়ি, নৌরজ্জু, নৌগুণ, মহারজ্জু, নৌবন্ধনরজ্জু।
কাছে, (প্রা) নিকটে; সমীপে, সন্নিধানে, অ-ন্তিক, উপান্তে, আরাৎ, আসন্নে, সন্নি-কৃষ্ট, নিকষা, অদূরে, অদূরাৎ, অবিদূর, সন্নিধৌ, সকাশ। [সঙ্গে।
কাছেকাছে, (প্রা) নিয়তাসন্নিকটে, সঙ্গে-
কাচ্ছপ, ত্রি. [কচ্ছপ+অ] কূর্ম্মসম্বন্ধী।
কাজ, (প্রা) কার্য্য, ক্রিয়া কর্ম্ম, ব্যাপার।
কাজকর্ম্ম, (প্রা) কার্য্যকর্ম্ম, ক্রিয়া ও অন্যা-ন্য ব্যাপার
কাজল, (প্রা) কজ্জল, অঞ্জন, স্রোতোঞ্জন, সৌবীর, কাপোতাঞ্জন, যামুন, লোচক, রসাঞ্জন, সুরমা, আঁজন।
কাজলগৌরী, (প্রা) লতাবিশেষ; ধান্যভেদ।
কাজলবলি; লতাবিশেষ।

কাজলনতা, (প্রা) অঞ্জনাধার।
কাজলা, (প্রা) শুকপক্ষীবিশেষ; কীলক, কীল, শঙ্কু, কাব্ল্যা; কৃষ্ণবর্ণ
কাজলালটোরা, (প্রা) পক্ষীবিশেষ।
কাজলি, (প্রা) ইক্ষুভেদ; মৎস্যভেদ।
কাজিয়া, (যাং) কলহ, বিবাদ।
কাজী, (যাং) যবনজাতীয় বিচারক।
কাঞ্চন, ন. কানচ্+অন] স্বর্ণ; পদ্মকেশর; ধন; নাগকেশরপুষ্প; (পুং) স্বনামখ্যাত পুষ্পবৃক্ষবিশেষ, ইহা দ্বিবিধ যথা।—রক্তকাঞ্চন, শ্বেতকাঞ্চন, রক্তকাঞ্চন পর্য্যায়।—রক্তপুষ্প,কোবিদার, যুগ্মপত্র, কুণ্ডল; শ্বেতকাঞ্চনপর্য্যায়।—কাঞ্চনাল, কর্ব্বুদার, পাকারি; চম্পক; নাগকেশর; উডুম্বর; ধুস্তূর।
কাঞ্চনক, ন. [কাঞ্চন+ক] হরিতাল; (পুং) কোবিদারবৃক্ষ।
কাঞ্চনকদলী, স্ত্রী. [কাঞ্চন+কদলী] সুবর্ণ কদলী, চাঁপাকলা।
কাঞ্চনকন্দর, পুং. [কাঞ্চন+কন্দর] স্বর্ণাকর, সুবর্ণখনি। [মূলী।
কাঞ্চনকারিণী, স্ত্রী. [কাঞ্চন+কারিণী] শত-
কাঞ্চনকেতক, পুং. [কাঞ্চন+কেতক] স্বনাম খ্যাত বৃক্ষ। [পর্ব্বত।
কাঞ্চনগিরি, পুং. [কাঞ্চন+গিরি] সুমেরু
কাঞ্চনচয়, পুং. [কাঞ্চন+চয়] স্বর্ণস্তূপ, সুবর্ণরাশি। [বৃক্ষ।
কাঞ্চনপুষ্পক, ন. [কাঞ্চন+পুষ্পক] আহুল্য
কাঞ্চনপুষ্পী, স্ত্রী. [কাঞ্চন+পুষ্পী] গণিকারিবৃক্ষ। [সুমেরু।
কাঞ্চনবপ্র, পুং. [কাঞ্চন + বপ্র] সুবর্ণপর্ব্বত,
কাঞ্চনভূ, স্ত্রী. [কাঞ্চন+ভূ] স্বর্ণধূলী, সুবর্ণরজ; স্বর্ণভূমি।
কাঞ্চনময়, ত্রি. [কাঞ্চন+ময়] কনকময়, সুবর্ণকৃত, তাপনীয়, সৌবর্ণ।
কাঞ্চনসন্ধি, পুং. [কাঞ্চন+সন্ধি] নিয়তসন্ধি। [লতা।
কাঞ্চনক্ষীরী, স্ত্রী. [কাঞ্চন+ক্ষীরী] ক্ষীরিণী-
কাঞ্চনাচল, পুং. [কাঞ্চন+অচল] সুমেরু; কাঞ্চনগিরি।

কাঞ্চনার-কাঞ্চনাল, পুং. [কাঞ্চ+নার-নাল] কোবিদারবৃক্ষ, (হি) কচ্নার
কাঞ্চনাহ্ব. পুং. [কাঞ্চন+আহ্ব] নাগকেশর বৃক্ষ।
কাঞ্চনী, স্ত্রী. [কাঞ্চন+ঈ] হরিদ্রা; স্বর্ণক্ষীরীবৃক্ষ; গোরোচনা।
কাঞ্চনীয়া, স্ত্রী. [কাঞ্চন+ঈয়া] গোরোচনা।
কাঞ্চি, স্ত্রী. [কাঞ্চন+ই] নগরবিশেষ কাঞ্চী।
কাঞ্চিক, ন. [ক+অঞ্চিক] কাঞ্জিক, কাঁজি।
কাঞ্চী, স্ত্রী. [কাঞ্চ+ঈ] স্ত্রীকট্যাভরণ বিশেষ, চন্দ্রহার, গোট্, তৎপর্য্যায়।—মেখলা, সপ্তকী, রসনা, সারসন, কাঞ্চি, রশনা, কক্ষা, কক্ষ্যা, সপ্তকা, সারশন, রসন, বন্ধন, মোক্ষদ সপ্তপুর্য্যান্তর্গত পুরীবিশেষ; নগরবিশেষ, গুঞ্জা।
কাঞ্চীপদ, ন. [কাঞ্চী+পদ] জঘন।
কাঞ্জিক, ন. [ক+অঞ্জ+ইক] বারিপর্য্যুষিতান্নাম্লজল, কাঁজি, তৎপর্য্যায়।—আরনালক, সৌবীর, কুল্মাষ, অভিষুত, অবন্তিসোম, ধান্যাম্ল, কুঞ্জল, কুল্মাস, কুল্মাষাভিষুত, কাঞ্চিক, কাঞ্জীক, কাঞ্জিকা, কাঞ্জিক, কাঞ্জী, ভক্তবারি, ধান্যমূল, ধান্যযোনি, তুষাম্বু, গৃহাম্ল, মহারস, তুষোদক, শুক্ল, চুক্র, ধাতুঘ্ন, উন্নাহ, রক্ষোঘ্ন, বীর, কুণ্ডগোলক, সুবীরাম্ল, অভিষব, অম্লসারক, সিক্তসলিল, পুরাতন আমানি, মণ্ড।
কাঞ্জিকবটক, পুং. [কাঞ্জিক+বটক] বটকবিশেষ, কাঁজিবড়া।
কাঞ্জিকা, স্ত্রী. [কাঞ্জিক+আ] জীবন্তীলতা; পলাশীলতা।
কাঞ্জী, স্ত্রী. [কাঞ্জ+ঈ] মহাদ্রোণাবৃক্ষ; কাঞ্জিক, কাঁজি।
কাট, (প্রা) কাষ্ঠ, দারু। [পাত্র।
কাটকুয়া, (প্রা) গবাদির আহারার্থ কাষ্ঠ-
কাটকুট, (প্রা) কাষ্ঠখণ্ড; বেত্তনকর্ত্তন।
কাটছাতা, (প্রা) কোঁড়কছত্রবিশেষ
কাটন, (প্রা) ছেদন; চিরণ; কর্ত্তন; খনন; খণ্ডন; হনন, বিদারণ; সূত্র নির্ম্মাণকরণ।

কাটনা, (প্রা) সূত্রকর্ত্তন, সূতানির্ম্মাণ, সূত্রপাকাওন। [কাটা।
কাটনাকাটা, (প্রা) সূত্রকর্ত্তনসম্বন্ধী, সূতা-
কাটনী, (প্রা) সূতানির্ম্মাণকারিণী।
কাটনীয়া, (প্রা) সূতানির্ম্মাণকারক; ছেদক।
কাট্‌পীদ্দা, (প্রা) পক্ষীবিশেষ।
কাট্‌বগলা, (প্রা) বকপক্ষীভেদ।
কাটা, (প্রা) ছেদিত, কর্ত্তিত, কর্ত্তনকরা।
কাটাই-কাটানী, (প্রা) কর্ত্তনেরমূল্য, কাটনার মূল্য।
কাটাকাটি,(প্রা) বধাবধি, বধিক, অপঘাতী, পরস্পরহত্যাকরণ
কাটান, (প্রা) কালযাপন, ক্ষেপণ; জলের পথ করিয়া দেওন, আট্‌কান; নদীর পথ; কর্ত্তন।
কাটার, (প্রা) যমধার, ক্ষুদ্রখড়্গ, অসিপুত্রিকা, কটার,ছোরা। [কুড়ালি।
কাটারী, (প্রা) কর্ত্তরী; দাত্র, দা; কাতান;
কাটিয়াকুটিয়া, (প্রা) খণ্ডিত।
কাটিঘা, (প্রা) সর্পাঘাত, সর্পদংশনজন্য ক্ষত। [খণ্ড।
কাটী, (প্রা) ক্ষুদ্রতৃণাদিরখণ্ড, কুচি; কাষ্ঠ-
কাটুন্যা, (প্রা) কর্ত্তনকারা, যে শস্য কাটে।
কাটুরা, (প্রা) কাষ্ঠময়গৃহ।
কাট্য, (প্রা) উল্লংঘ্য; খণ্ডনীয়।
কাঠ, পুং. [কঠ+অ] পাষাণ, প্রস্তর।
কাঠ, (প্রা) কাষ্ঠ, দারু, ইন্ধন।
কাঠকর্দ্ধ, (প্রা) মৎস্যবিশেষ।
কাঠক, ত্রি. [কাঠ+ক] বেদশাখাসাদৃশ্য।
কাঠ্‌কুয়া, (প্রা) সেচনী, কেঠুয়া।
কাঠকাটা, (প্রা) কাষ্ঠছেদক, দারুভেদক, কাঠরিয়া।
কাঠকোটরিয়া, (প্রা) পক্ষীবিশেষ।
কাঠখড়ী, (প্রা) দৃঢ়খড়িকাবিশেষ।
কাঠগড, (প্রা) উদুখল, উখলী।
কাঠগড়া, (প্রা) বৃতি, বেড়া, গরাদিয়া।
কাঠগোলাব, (বাং) গোলাববিশেষ, চিনার গুলাব।
কাঠচাঁদা, (প্রা) মৎস্যবিশেষ। [ছত্রাক।
কাঠছাতা-কাঠছাতিয়া, (প্রা) কোঁড়ক,

কাঠজালী, (প্রা) লবণবিশেষ, বিট্‌লবণ।
কাঠ্‌ঠোকরা, (প্রা) পক্ষিবিশেষ।
কাঠনেকার, (প্রা) উকি, শুষ্কবমন।
কাঠফল, (প্রা) মল্লিকা, বেলফুল।
কাঠবিড়াল, (প্রা) বৃক্ষমার্জ্জার, বৃক্ষমর্কটিকা, পর্ণমৃগ, চরমপুচ্ছ।
কাঠমল্লিকা, (প্রা) মল্লিকাবিশেষ, কাষ্ঠকুর্দ্দক।
কাঠর, ত্রি. [কাঠ্‌+অর] কৃচ্ছ্রজীবী; দীন, দরিদ্র
কাঠরা, (প্রা) কাষ্ঠনির্ম্মিতগৃহ, ঘেরা, বেষ্টিত স্থান।
কাঠরিয়া, (প্রা) কাষ্ঠচ্ছেদক, ছেত্তা, বাওয়ালী, কাঠকাটা।
কাঠা, (প্রা) ভূমিরপরিমাণবিশেষ যথা— দীর্ঘ ৮০ হস্ত প্রস্ত ৪ হস্ত পরিমাণ; ধান্যাদির পরিমাণ পাত্র, রেক; কমঠ।
কাঠাকালী, (প্রা) কাঠাপরিমাণ অঙ্কবিদ্যা।
কাঠাকিয়া, (প্রা) শতাবধি কাঠাগণনা।
কাঠাবাড়ি, (প্রা) ভূমিপরিমাপক দণ্ডবিশেষ।
কাঠাম, (প্রা) নির্ম্মিতবাড়; প্রতিমারপঞ্জর, তৃণনির্ম্মিত গৃহের কাষ্ঠ সজ্জিত।
কাঠার, (প্রা) কঠিন, শক্ত, কর্কশ, পরুষ।
কাঠাল, (প্রা) দৃঢ়তর, শক্ত; যুবন্।
কাঠিন, পুং. [কঠিন+অ] খর্জ্জূর; (ন.) দৃঢ়তা; খরতা।
কাঠিন্য, ন. [কঠিন+য] কঠিনতা; নিষ্ঠুরতা, নৈষ্ঠুর্য্য, কঠোরতা।
কাঠিন্যফল, পুং. [কাঠিন্য+ফল] কপিত্থ বৃক্ষ।
কাঠিয়ারামুরাম্, (প্রা) লতাবিশেষ।
কাঠী, (প্রা) ক্ষুদ্রকাষ্ঠখণ্ড, শুষ্কডাঁটা; যষ্টি, বাড়ী; লেখনী; খাপ,অসিকোষ; কুঞ্জী, চাবি; দেশবিশেষে দশ সের পরিমাণ।
কাঠুয়া, (প্রা) শক্ত, কাষ্ঠবৎ; কাষ্ঠবিদারক; কাষ্ঠবিক্রেতা; সাহসিক।
কাঠুরিয়া, (প্রা) কাষ্ঠচ্ছেদক, বাওয়ালী।
কাড়ন, (প্রা) তোলন; পরিষ্করণ; গ্রহণ; অপহরণ, বলাৎকার করিয়া লওন, লুণ্ঠন, ছিনন।

কাড়া, (প্রা) পরিষ্কৃত; নূতনকরণ; বাদ্য-বিশেষ, ঢক্কা; ধরা; লুণ্ঠিত।

কাড়াকাড়ি, (প্রা) পরস্পর বলদ্বারা গ্রহণ।

কাড়াচিয়া, (প্রা) আক্রমিত, আক্রান্ত; বল-পূর্ব্বক গৃহীত।

কাড়ান, (প্রা) পুষ্পপাতন, পুষ্পপাত অপে-ক্ষণ; স্বীকারকরান।

কাড়াবিকড়ী, (প্রা) হস্তাহস্তিযুদ্ধ, হুটাহুটি, হুড়াহুড়ি, মারামারি, কাড়াকাড়ি।

কাণ, পুং. [ক+অণ] কাক; (ত্রি.) একচক্ষু, কাণা; একাক্ষ।

কাণ, (প্রা) কর্ণ, শ্রবণেন্দ্রিয়; বিদ্ধ।

কাণকুয়া, (প্রা) মৎস্যের ফুল্কা;

কাণ্‌কোটারী, (প্রা) কীটবিশেষ, কর্ণ-জলৌকা।

কাণ্‌খড়কিয়া,(প্রা)শ্রবণেসতর্ক, শ্রবণকারী, স্মরণকারী। [শুনিতে সতর্ক।

কাণ্‌খাড়া, (প্রা) শ্রবণেচ্ছুক, কর্ণপাতকারী,

কাণ্‌খুসকী-কাণচুলকনী,(প্রা) কর্ণমল নির্গত করণের অস্ত্র, কর্ণশোধনী।

কাণচটা, (প্রা) বৃক্ষেরছালের উপর জন্মে কর্ণাকার ছাতা।

কাণতড়পা, (প্রা) কর্ণভূষণ, কর্ণাভরণ।

কাণপাকা, (প্রা) কর্ণস্ফোট, কাণকামড়ানি।

কাণপাটা, (প্রা) কর্ণের লোলিতাংশ, লোটা-কাণ।

কাণপাতল,(প্রা) কাণখাড়া; বাবদূক, অন্যের কথা প্রকাশক।

কাণপাতলা, (প্রা) অন্যেরকথার অন্যের প্রতি ভার হয়। [কৌড়ি।

কাণবরাটক, পুং. [কাণ+বরাটক] কাণ-

কাণরে, (প্রা) মৎস্যবিশেষ।

কাণভক্ষ, পুং. [কাণ+ভক্ষ] কাকভক্ষক।

কাণভুক্, (প্রা) কাণভক্ষ।

কাণভাঙ্গন, (প্রা) গোপনে অপবাদন, কর্ণে জপন, অসমক্ষে নিন্দাকরণ, অসৎপরা-মর্শ; বিপরীতকথন; কুমন্ত্রণা

কাণভাঙ্গানি, (প্রা) প্রত্যাদেশ, সাবধান-বাক্য, চেতনবাক্য, কাণাকানির দ্বারা সতর্ককরণ।

কাণমলা-কাণমোচড়া-কাণুটি, (প্রা) কর্ণে-পাক দিয়া আঘাতদেওন।

কাণ্‌মাগুর, (প্রা) মৎস্যবিশেষ।

কাণমুতা, (প্রা) কর্ণমূল, কর্ণনিকট।

কাণা, (প্রা) একচক্ষু, একাক্ষ, একনেত্র, কাণ; বিদ্ধ; পাত্রেরধার, কিনারা।

কাণাকাণি, (প্রা) কর্ণেকথন, উপাংশুবাদ, ফুস্ফুসনি, চুপে কহাকহি, রহঃসংলাপ, রহঃসম্ভাষা, রহঃপ্রত্যাসক্তি; সম্মুখা-সম্মুখী। [তলা।

কাণাচি, (প্রা) পরছতির নীচ স্থান, ছাঁচ-

কাণাচীয়া, (প্রা) কাণাড়ীপাতা, কাণখাড়া, গূঢ়শ্রোতা, প্রচ্ছন্নশ্রাবী; গৃহের পশ্চা-দ্ভাগ।

কাণাড়ি, (প্রা) অধীন; গাঁটাদেওয়া, বঞ্চনা করা; গূঢ়শ্রোতা। [নিশমনকারী।

কাণাড়িপাতা, (প্রা) গূঢ়শ্রোতা, শ্রবণকর্ত্তা,

কাণাৎ, (প্রা) তাম্বু; কাণ্ডপট।

কাণাশি, (প্রা) মৎস্য বহনার্থ কাণুকার ভিত-রেররজ্জু। [বান্।

কাণি, (প্রা) জীর্ণবস্ত্র খণ্ড, ছিন্নবসন; কর্ণ-

কাণিপাব্‌দা, (প্রা) মৎস্যবিশেষ।

কাণিমাগুর, (প্রা) মৎস্যবিশেষ।

কাণুক, পুং. [কাণ্+উক] কাক।

কাণুটি, (প্রা) কর্ণমলন, কাণমলা, কাণেপাক দেওয়া; চেতনা করণ।

কাণেকাণে, (প্রা) ধারপর্য্যন্ত; কর্ণকুহরে; শ্রবণ পরম্পরায়।

কাণেড়া, (প্রা) রাগিণী বিশেষ।

কাণেতালালাগাইতে, (প্রা) আঘাতের দ্বারা স্তব্ধ করণ। [বিট্।

কাণেরখইল, (প্রা) কর্ণগূথ, কর্ণমল, কর্ণ-

কাণেরপাতা, (প্রা) পালি, কর্ণতলাগ্র।

কাণোড়সাপ, (প্রা) সর্পবিশেষ।

কাণোড়া, (প্রা) উপাসক, প্রভুভক্ত, শরণা-গত, অনুগত, অত্যনুরোধী।

কাণ্টাল, (প্রা) লতাবিশেষ।

কাণ্ঠকাল, (প্রা) মহাদেব, শিব।

কাণ্ঠা-কাণ্ঠী, (প্রা) দুর্ম্মুখ, কর্কশা, বাগ্-দুষ্টা, পুতনা, কৈকেয়ী, অধীরা, সদা-

বক্রা, বক্রশীলা, চণ্ডী, ক্রোধনা, বাঘিনী, কলহকারিণী, বিবাদিনী; আদমর্দ্দা, পুংবৎস্ত্রী।

কাণ্ড, পুং.ন. [কন্+ড] দণ্ড, নাল; বাণ, শর; অর্ব্বা, কুৎসিত; বর্গ, পরিচ্ছেদ; অবসর, প্রস্তাব; বারি, জল; স্তম্ব, তৃণাদিগুচ্ছ; তরুস্কন্দ, গুঁড়ি; বৃন্দ, সমূহ; রহঃ, নির্জ্জনস্থান; শ্লাঘা; পাপিষ্ঠ; সন্ধিবিচ্ছিন্নৈকখণ্ডাস্থি; ব্যাপার।

কাণ্ডকটুক, পুং. [কাণ্ড+কটুক] কারবেল্ল।

কাণ্ডকাণ্ডক, পুং. [কাণ্ড+কাণ্ডক] কাশতৃণ।

কাণ্ডকার, ন. [কাণ্ড+কার] গুবাক, শুপারী।

কাণ্ডকীলক, পুং. [কাণ্ড+কীলক] লোধ্র, লোধকাষ্ঠ।

কাণ্ডগুণ্ড, পুং. [কাণ্ড + গুণ্ড] গুণ্ডনাম তৃণ।

কাণ্ডগোচর, পুং. [কাণ্ড+গোচর] নারাচ, লৌহময় বাণ। [প্রকরণজ্ঞ।

কাণ্ডগ্রহ, পুং. [কাণ্ড+গ্রহ] কাণ্ডবোধ

কাণ্ডজ্ঞান, (প্রা) প্রকরণবোধ, বিবেচনা।

কাণ্ডজ্ঞানরহিত, (প্রা) প্রকরণবোধ, শূন্য, বিবেচনাহীন। [রামদূতী।

কাণ্ডণী, স্ত্রী. [কাণ্ডণ+ঈ] সূক্ষ্মপর্ণীলতা,

কাণ্ডতিক্ত-কাণ্ডতিক্তক, পুং. [কাণ্ড+তিক্তক] ভূনিম্ববৃক্ষ, চিরাতা। [কাষ্ঠ।

কাণ্ডনীল, পুং. [কাণ্ড+নীল] লোধ্র, লোধ-

কাণ্ডপট, পুং. [কাণ্ড+পট] যবনী, তিরস্করিণী, কানাৎ।

কাণ্ডপুঙ্খা, স্ত্রী. [কাণ্ড+পুঙ্খা] শরপুঙ্খা।

কাণ্ডপুষ্প, ন. [কাণ্ড+পুষ্প] ক্ষুদ্র সুগন্ধি পুষ্পবিশেষ, দোনা।

কাণ্ডপৃষ্ঠ, ন. [কাণ্ড+পৃষ্ঠ] কর্ণধনু; (ত্রি.) কাণ্ডস্পৃষ্ট, শস্ত্রাজীব; পোষ্যপুত্র; (পুং.) বৈশ্যাপতি। [ন্দাজ, ধানকী।

কাণ্ডবান্, ত্রি. [কাণ্ড + বৎ] কাণ্ডীর, তীরা-

কাণ্ডবারিণী, স্ত্রী. [কাণ্ড+বারিণী] দুর্গা।

কাণ্ডভগ্ন, ন. [কাণ্ড+ভগ্ন] গুঁড়িকাষ্ঠভঙ্গ।

কাণ্ডরুহা, স্ত্রী. [কাণ্ড+রুহা] কটুকী।

কাণ্ডর্ষি, পুং. [কাণ্ড+ঋষি] বেদকাণ্ডবিশেষাধ্যাপক মুনিভেদ, জৈমিনি আদি মুনি।

কাণ্ডসন্ধি, পুং. [কাণ্ড+সন্ধি] গ্রন্থি, পাব, গাঁটি।

কাণ্ডস্পৃষ্ট, ত্রি. [কাণ্ড+স্পৃষ্ট] কাণ্ডপৃষ্ঠ, শস্ত্রোপজীবী, শস্ত্রভৃৎ।

কাণ্ডহীন, ন. [কাণ্ড+হীন] ভদ্রমুস্তক।

কাণ্ডার-কাণ্ডারী, (প্রা) কর্ণধার, কর্ণগ্রাহ, কর্ণিক, কর্ণী, নাবিক, পোতবাহক, নৌকাবাহক, নৌকাচালক, কর্ণধারী, মাঝী, হালিয়া; তিরস্করিণী।

কাণ্ডারোপণ, ন. [কাণ্ড+আরোপণ] আরাধিত প্রতিমার চতুষ্কোণে বংশনির্ম্মিত তীর রোপণ।

কাণ্ডসূত্র, ন. [কাণ্ড+সূত্র] কাণ্ডারোপণ, প্রতিমাদি স্থাপনে কৃত্রিমশরে সূত্রবেষ্টন

কাণ্ডাল, ন. [কাণ্ড+আল] কণ্ডোল, শস্যাগার, কুশূল, কোষ্ঠ, গোলা, মরাই।

কাণ্ডিকা, স্ত্রী. [কাণ্ড+ইকা] লঙ্কানামকধান্যবিশেষ; বালুকীনাম কর্কটীভেদ।

কাণ্ডী, (প্রা) কাঁড়ী, স্তূপ, রাশি।

কাণ্ডীর, ত্রি. [কাণ্ড + ঈর] কাণ্ডাস্ত্রবান্, তীরান্দাজ, ধনুর্দ্ধর, শরবিশিষ্ট; (পুং.) অপামার্গবৃক্ষ, লতাপ্রভেদ, কাণ্ডবেল, তৎপর্য্যায়।—পটু, অগ্রকাণ্ড, স্তোমবল্লী, কারবল্লী, সুকাণ্ডিকা, কাণ্ডকটুক, নাসাসংবেদন।

কাণ্ডীরা-কাণ্ডীরী, স্ত্রী. [কাণ্ডীর+আ] মঞ্জিষ্ঠা।

কাণ্ডেরী, স্ত্রী. [কাণ্ডের+ঈ] নাগদন্তী বৃক্ষ।

কাণ্ডেরুহা, স্ত্রী. [কাণ্ডে+রুহা] কটুকী।

কাণ্ডেক্ষু, পুং. [কাণ্ড+ইক্ষু] কোকিলাক্ষ বৃক্ষ, কুলিয়াখাড়া; কাশতৃণ।

কাৎ, (প্রা) মূল্য; সারগুণ; দারুণ; নিন্দিত।

কাৎকৃত, ত্রি. [কাৎ+কৃত] অসম্ভ্রমিত, অমর্য্যাদান্বিত।

কাতর, ত্রি. [কা+তর] বাসনাকুলচিত্ত, ব্যাকুল, তৎপর্য্যায়।—অধীর, আকুল, বিক্লব, ব্যস্ত, বিক্ষিপ্তচিত্ত, দুর্ম্মনা, বিপ্রতিপন্ন, অস্তব্যস্ত, ভ্রান্তমনা, আতপ্যমান, তাপিত, আধিমান্, বিধুর, পরিকর্ষিত, সন্তাপিত; (পুং.) কাতল মৎস্য। [উৎকণ্ঠা।

কাতরতা, স্ত্রী. [কাতর+তা] ব্যাকুলতা, উদ্বেগ,

কাতরাণ-কাতরাণি, (প্রা) ক্লেশ, আর্ত্তনাদ, ক্রুষ্ট, কোঁকান, ককান।

কাতরোক্তি, স্ত্রী. [কাতর+উক্তি] বিলাপ, শোক, আক্রন্দন, পরিদেবন, বিলপন।
কাতল, পুং. [কা+তল] মৎস্যবিশেষ; কাতলামাছ।
কাতা, (প্রা) নৌরজ্জু, শণরজ্জু, নারিকেলদড়ী।
কাতান, (প্রা) কুড়ালি, দা, দাত্র, কাতারী।
কাতারি, (প্রা) ঘট, মৃণ্ময়পাত্র দধিভাণ্ড।
কাতারী, (প্রা) কার্ত্তনী, কর্ত্তরী, স্বর্ণরৌপ্যাদি ধাতুচ্ছেদনাস্ত্র
কাতি, (প্রা) অস্ত্রবিশেষ, শঙ্খকারেরকরাত।
কাতীয়, পুং. [কাত+ঈয়] কাত্যায়নমুনি।
কাতীব, (যাং) শিক্ষক।
কাতুর, (প্রা) তৈলনির্ম্মাণ যন্ত্রের ভার কাঠ, ঘানির ভার, জাইট।
কাতুরকুতুর, (প্রা) গুদগুদি, কণ্ডূ, কাতুকুতু।
কাতে, (প্রা) সংযোগে, নিমিত্তে, কিসে, কি নিমিত্তে।
কাতেকাতে, (প্রা) ছলে, গোপনে; ছদ্মপূর্ব্ব, সকপট।
কার্ত্তুয়া, (প্রা) পানপাত্র, চষক।
কাত্য, পুং. [কাত+য] কাত্যায়নমুনি।
কাত্যায়ন, পুং. [কাত্য+অয়ন] ধর্ম্মশাস্ত্র কর্ত্তৃমুনিবিশেষ; বররুচি।
কাত্যায়নী, স্ত্রী. [কাত্যায়ন+ঈ] দুর্গা; অর্দ্ধ-বৃদ্ধা; কাষায়বসনা বিধবা, ভৈরবী-বিশেষ।
কাত্যায়নীয়, পুং. [কাত্যায়ন+ঈয়] কাত্যায়নমুনিরশিষ্য।
কাতৃণ, ন. [কা+তৃণ] রোহিষতৃণ।
কাথিক, ত্রি. [কথা+ইক] ইতিহাসসম্বন্ধী, ঐতিহাসিক; (পুং.) ইতিহাসবেত্তা।
কাদড়া, (প্রা) পঙ্কিল, কাদাযুক্ত।
কাদড়াটিয়া, (প্রা) পঙ্কযুক্ত, আবিল, অনচ্ছ, ঘোলা।
কাদম্ব, পুং. [কদম্ব+অ] কলহংস, বালিহাঁস; কদম্ববৃক্ষ; বাণ।
কাদম্বক, পুং. [কাদম্ব+ক] বাণ।
কাদম্বর, ন. [কাদম্ব+র] কদম্বপুষ্পোদ্ভবমদ্য, দধিসার, শীধু, পক্বেক্ষুরসকৃতমদ্য; (পুং.) দধ্যগ্র, দধিসর।
কাদম্বরী, স্ত্রী. [কাদম্বর+ঈ] মদিরা; কোকিলা; সরস্বতী; সারিকাপক্ষিণী; গ্রন্থবিশেষ।
কাদম্বরীবীজ, ম. [কাদম্বরী+বীজ] সুরাবীজ।
কাদম্বর্য্য, পুং. [কাদম্বরী+অ] কদম্ববৃক্ষ।
কাদম্বা, স্ত্রী. [কাদম্ব+আ] কদম্বপুষ্পীবৃক্ষ, মুণ্ডিরী।
কাদম্বিনী, স্ত্রী. [কাদম্ব+ইন্+ঈ] মেঘমালা, মেঘশ্রেণী, মেঘসমূহ।
কাদা, (প্রা) কর্দ্দম, পঙ্ক, মল, মলা, ময়লা, কাদাকিচা, চহলা, দঁক।
কাদাকিচা, (প্রা) কর্দ্দম, পঙ্ক।
কাদাখোঁচা, (প্রা) দীর্ঘচঞ্চুপক্ষীভেদ।
কাদাচিৎক, ন. [কাদাচিৎ+ক] কদাচিদ্ভব, কদাচিদ্জাত।
কাদাটিয়া-কাদাড়িয়া, (প্রা) পঙ্কিল, সপঙ্ক, অনচ্ছ।
কাদান, (প্রা) ক্ষেত্রজল মগ্নকরণ।
কাদাময়, (প্রা) কর্দ্দমবিশিষ্ট, পঙ্কময়।
কাদাল, (প্রা) পঙ্কময়, ঘোলাটিয়া, আবিল, অনচ্ছ।
কাদিবাদী, (প্রা) বিবাদী, বিরোধী, কুটি-কুটিয়া।
কাদের, (যাং) সক্ষম, ক্ষমতাবিশিষ্ট।
কাদ্দা, (প্রা) দাত্র, অস্ত্রবিশেষ।
কাদ্রবেয়, পুং. [কদ্রু+এয়] কদ্রুসন্তান, নাগ, সর্প।
কানক, ন. জয়পালবীজ।
কানকুর, (প্রা) লতাবিশেষ।
কানগুই, (যাং) রাজবাটীর খাতাপত্র বিষয়ের অধ্যক্ষ।
কানচাহরিয়া, (প্রা) গায়কপক্ষীবিশেষ।
কানন, ন. [ক+আনন] বন, অরণ্য; ব্রহ্মার বদন; গৃহ।
কাননারি, পুং. [কানন+অরি] শমীবৃক্ষ।
কান্রাজ, (প্রা) কাঞ্চনরাজ।
কানাৎ, (যাং) যবনিকা, পর্দ্দা।
কানীন, পুংস্ত্রী. [কান+ঈন] অনূঢ়াপুত্র, কন্যকাজাত, অবিবাহিতা স্ত্রীজাতপুত্র; (পুং.) ব্যাস; কর্ণ।
কানীনী, স্ত্রী. [কানীন+ঈ] অবিবাহিতা কন্যার পুত্রী।
কানীবৃক্ষ, (প্রা) লতাবৃক্ষবিশেষ।
কানুকাক, পুং. [কানু+কাক] কাক
কানুড়, (প্রা) লতাবিশেষ।

কাম্মুক, পুং. [ক+অম্মুক] কুক্কুট; হংসভেদ; বাবুইপক্ষী।

কানুন্, (যাং) রাজব্যবস্থা, নিয়ম।

কানুন্‌গো, (যাং) রাজবাটীর খাতাপত্র বিষয়ের অধ্যক্ষ।

কান্ত, ন. [কাম্‌+ত] কুঙ্কুম; লৌহবিশেষ; (পুং)শ্রীকৃষ্ণ; চন্দ্র; পতি; শিলাবিশেষ; চন্দ্রকান্ত; সূর্য্যকান্ত; অয়স্কান্তাদিশিলা; হিজ্জলবৃক্ষ; বসন্তঋতু; (ত্রি.) মনোরম, শোভন।

কান্তকড়া, (প্রা) পরিশুদ্ধ ধাত্বন্তরযুক্ত লৌহ-নির্ম্মিত কটাহবিশেষ।

কান্ততা, স্ত্রী. [কান্ত+তা] প্রিয়তমতা, স্নেহ জনকতা, মনোহারকতা, সৌন্দর্য্য।

কান্তপক্ষী, পুং. [কান্ত+পক্ষিন্] ময়ূর।

কান্তপুষ্প, পুং.[কান্ত+পুষ্প] কোবিদারবৃক্ষ।

কান্তবান্, ত্রি. [কান্ত+বৎ] মনোহরত্ব, তুষ্টিকারিত্ব।

কান্তলক, পুং. [কান্ত+লক] নন্দীবৃক্ষ, তুঁদ।

কান্তলোহ, ন. [কান্ত+লোহ] অয়স্কান্ত; শুদ্ধলৌহ, সারলোহ।

কান্তা, স্ত্রী. [কান্ত+আ] নারী; প্রিয়ঙ্গুবৃক্ষ; সর্ব্বাঙ্গসুন্দরী স্ত্রী; বৃহদেলা; রেণুকা; নাগরমুস্তা

কান্তাঙ্ঘ্রিদোহদ, পুং. [কান্তা+অঙ্ঘ্রি+দো-হদ] অশোকবৃক্ষ।

কান্তাচরণদোহদ, পুং. [কান্তা+চরণ+দোহদ] অশোকবৃক্ষ।

কান্তায়স, ন. [কান্ত+অয়স] অয়স্কান্ত।

কান্তার, পুং.ন. [ক+অন্তার] মহাবন; দুর্গম পথ; বিল, ছিদ্র; (পুং.) ইক্ষুবিশেষ; কোবিদারবৃক্ষ, বংশ; (ন.) উপসর্গাদি; কানন; অক্ষবিশেষ।

কান্তারক, পুং. [কান্তার+ক] ইক্ষুবিশেষ, কাজিলি আকু।

কান্তারগ, ত্রি. [কান্তার+গ] দুর্গমবনগামী।

কান্তারী, স্ত্রী. [কান্তার+ঈ] ইক্ষুভেদ, কাজলি আকু।

কান্তি, স্ত্রী. [কম+তি] দীপ্তি, তৎপর্য্যায়। শোভা, দ্যুতি, ছবি, শুভা, ভা, ভাঃ শ্রী, ভাসা, অভিখ্যা; স্ত্রীশোভা; ইচ্ছা, স্পৃহা; দুর্গা।

কান্তিকর, ত্রি. [কান্তি+কর] মনোহরকরণ, শ্রীযুক্তকরণ, কান্তিযুক্তকরণ।

কান্তিকারক-কান্তিজনক, ত্রি. [কান্তি+কারক-জনক] রশ্মি, তৎপর্য্যায়।—উশ্মসি, বেনতি, বেতি, বেসতি, বাঞ্ছতি, বষ্টি, বনোতি,জুষতে, হর্ষতি, আচকে, উশিক্, মন্যতে, ছন্তসৎ, চাকনৎ, চকমান, কমতি, কানিষৎ। [দায়ক।

কান্তিদ, ন. [কান্তি+দ] পিত্ত; (ত্রি.) শোভা-

কান্তিদা, স্ত্রী. [কান্তিদ+আ] বাকুচীবৃক্ষ, সোমরাজী; (ত্রি.) শোভাকারিণী।

কান্তিদায়ক, ন. [কান্তি+দায়ক] কালীয়কবৃক্ষ; (ত্রি.) শোভাদায়ক।

কান্তিদায়ী, ত্রি.[কান্তি+দায়িন্]শোভাদায়ক।

কান্তিপ্রদ, ত্রি. [কান্তি+প্রদ] কান্তিদ।

কান্তিবর্দ্ধক, পুং. [কান্তি+বর্দ্ধক] শোভাকৃৎ;

কান্তিভৃৎ-কান্তিমান্, ত্রি. [কান্তি+ভৃৎ+মৎ] শোভনীয়, সুন্দর, সুশ্রী, ভগবান্; উজ্জ্বল।

কান্তিলোহ, (প্রা) শুদ্ধলৌহ, সারলৌহ, ইস্পাৎ, কার্ষ্ণায়স্। [কর, শ্রীহর।

কান্তিহর, ত্রি. [কান্তি+হর] মলিনকর, কুশ্রী-

কান্দন, (প্রা) ক্রন্দন, রোদন, কান্নাকাটনা।

কান্দব, ত্রি. [কন্দু+অ] কন্দুপক্ক।

কান্দবিক, পুং. [কান্দব+ইক] আপুপিক, পূপবিক্রয়কর্ত্তা, মোদককৃৎ।

কান্দিগ্‌ভূত, ত্রি. [কান্দিক্+ভূত] ভয়হেতুক পলায়িত, ত্রাসে পলায়নকারক।

কান্দিশীক, ত্রি. [কন্দি+শীক+অ] ভয়দ্রুত, ভয়ে পলায়মান, ইতস্ততঃ পলায়িত।

কান্দুয়া, (প্রা) রোদনকারী, অবকূজনকারী, ক্রন্দন; ব্যাঘ্রবিশেষ।

কান্দুয়াবাঘ, (প্রা) চিত্রব্যাঘ্র, তরক্ষু, মৃগা-দন, চিতিবাঘ।

কান্না-কান্নাকাটি, (প্রা) শোক, তাপ।

কান্যকুব্জ, ন. [কান্য+কুব্জ] পুরবিশেষ, কনজ, তৎপর্য্যায়।—মহোদয়, কন্যা-কুব্জ, গাধিপুর, কৌশ, কুশস্থল।

কান্যজা, স্ত্রী. [কান্যজ+আ] নীলনাম গন্ধ-দ্রব্য। [ন্যগ্র।
কাপ, (প্রা) ছদ্মবেশ, ছল, কৌতুক; লেখ-
কাপটিক, পুং. [কপট+ইক] ছাত্র; অন্য-মর্ম্মজ্ঞ; (ত্রি.) শঠ, ধূর্ত্ত।
কাপট্য, ন. [কপট+য] কপটতা, শঠতা, ধূর্ত্ততা, ছল, প্রতারণা।
কাপড়, (প্রা) বস্ত্র, বসন, অম্বর, বাস, চেল, পট, অংশুক, পরিধেয়, পরিচ্ছদ, আচ্ছাদন, সিচয়, প্রোত, লক্তক, কর্পট, শটক, কশিপু, বসন, দ্বিচয়, ছাদ।
কাপড়্যা, (প্রা) বস্ত্রব্যবসায়ী, বস্ত্রবিক্রেতা, বস্ত্রক্রয় বিক্রয়িক।
কাপড়েরকাণ্ডার, (প্রা) যবনিকা, বস্ত্রাবৃতি, বেষ্টনবস্ত্র, কানাৎ।
কাপথ, পুং. [কা+পথ] কুৎসিতপথ, তৎ-পর্য্যায়।—কুপথ, ব্যধ্ব, দুরধ্ব, বিপথ, কদধ্বা, বিমার্গ, অসৎপথ, কুৎসিতবর্ত্ম, দুর্গমপথ।
কাপাল, ন. [কপাল+অ] অষ্টাদশ কুষ্ঠান্ত-র্গত বাতিককুষ্ঠ; (পুং.) কর্কটী, কালিয়া-কড়া; (ত্রি.) কপাল সম্বন্ধীয়।
কাপালিক, পুং. [কপাল+ইক] বর্ণসঙ্কর নীচ জাতিবিশেষ, কপালি; বামাচারি-বিশেষ; (ত্রি.) কপালসম্বন্ধীয়।
কাপালী, স্ত্রী. [কাপাল+ঈ] বিড়ঙ্গা।
কাপাস, (প্রা) কার্পাস, তুলা।
কাপাসীয়, (প্রা) কার্পাসসম্বন্ধীয়
কাপিল, পুং. [কপিল+অ] সাংখ্যশাস্ত্রজ্ঞ; (ত্রি.) কপিলসম্বন্ধীয়; পিঙ্গলবর্ণ।
কাপিশ, ন. [কপিশ+অ] মদ্য।
কাপিশায়ন, পুং.[কাপিশ+অয়ন]মদ্যবিশেষ; দেবতা; (ন.) মধু।
কাপিশায়নী, স্ত্রী. [কাপিশায়ন+ঈ] দ্রাক্ষা।
কাপিশী, স্ত্রী. [কাপিশ+ঈ] দেশবিশেষ।
কাপিশেয়, পুং. [কপিশ+এয়] পিশাচ।
কাপুরি, (প্রা) সর্ষপভেদ।
কাপুরুষ, পুং. [কা+পুরুষ] কুপুরুষ, কুৎসিতপুরুষ, ভীরু, অসাহসী, নিন্দিত-ব্যক্তি; নিষ্পুরুষ।
কাপুরুষত্ব, ন. [কাপুরুষ+ত্ব] অধমত্ব, নীচত্ব, ভীরুত্ব।
কাপেয়, ত্রি. [কপি+এয়] কপিসম্বন্ধী।
কাপোত, ন. [কপোত+অ] কপোতগণ, পায়রার ঝাঁক; সৌবীরাঞ্জন; (পুং.) সর্জ্জিকাক্ষার; রুচক; (ত্রি.) কপোতাভ-বর্ণ, কর্ব্বূরবর্ণ।
কাপোতাঞ্জন, ন. [কপোত+অঞ্জন] সৌবীরাঞ্জন, স্রোতোঞ্জন। [পর।
কাপ্টীয়-কাপ্টা, (প্রা) কৃপণ, অদাতা, স্বার্থ
কাপ্ট্যাপনা-কাপ্ট্যামি, (প্রা) কার্পণ্য, স্বার্থ-পরতা, কৃপণতা, নিকৃষ্টতা। [কারক।
কাপ্যকর, পুং. [কাপ্য+কর] স্বীয়পাপব্যক্ত
কাপ্যকার, পুং. [কাপ্য+কার] পাপকরণা-নন্তর সংশয়চিত্ত ব্যক্তি; স্বপাপবক্তা।
কাফল, পুং. [কা+ফল] কট্‌ফল, কায়ফল।
কাফর, (যাং) যে মহাম্মদ্ ধর্ম্মাবলম্বী নহে।
কাফ্রি, (যাং) আফ্রিকা দেশীয় ব্যক্তি।
কাফী, (যাং) ব্যবহারজনক; যাবনপান।
কাফের, (যাং) কাফর
কাবচিক, ন. [কবচ+ইক] বর্ম্মধারী যোদ্ধা-গণ, কবচধারী যোদ্ধাসমূহ; (ত্রি.) কবচ সম্বন্ধীয়।
কাবরুক, ত্রি. [কা+অবরুক] ভীরু, ভয়ার্ত্ত; স্ত্রৈণ, মেয়েমুখ; (পুং.) পেচক।
কাবরি, (প্রা) কাবেরী নদী।
কাবল, (প্রা) দেশবিশেষ।
কাবা, (প্রা) ছল, ব্যাজ; কাকপক্ষী।
কাবাচি, (প্রা) কপিকচ্।
কাবাদ, পুং. [কা+বাদ] অব্যক্তশব্দ, অস্পষ্ট ধ্বনি; কুৎসিতভাষা। [করণ।
কাবান, (প্রা) আওটান, আবর্ত্তন, গাঢ়-
কাবাব্, (যাং) আঙ্গার পরিপাচিত; শূল্য-পক্কমাংসাদি। [ন্যায় দ্রব্যবিশেষ।
কাবাবচীনি, (যাং) ক্ষুদ্রবৃন্তযুক্ত মরিচাকার
কাবার, ন. [ক+আবার] শৈবাল, শেওলা।
কাবার, (প্রা) মাসের শেষদিন, (যাং) শেষ।
কাবারী, স্ত্রী. [কাবার+ঈ] তৃণাদিচ্ছত্র, জঙ্গম কুটী, ভ্রমৎকুটী; কুৎসিত ব্যবসা জাতি-বিশেষ।

কাবাসী, (প্রা) পক্ষীভেদ।

কাবুক, পুং. [ক+আবুক] কুক্কুট; চক্রবাক; পীতমস্তকপক্ষী।

কাবের, ন. [কব+এর] কুঙ্কুম।

কাবেরী, স্ত্রী. [কাবের+ঈ] নদীবিশেষ; বেশ্যা; হরিদ্রা।

কাব্য, ন. [কবি+অ]গ্রন্থ,ছন্দ,শ্লোক; রসযুক্ত বাক্য; (পুং.) শুক্রাচার্য্য; পিতৃপুরুষ।

কাব্য, (প্রা) পরিহাস।

কাব্যকর্ত্তা, পুং. [কাব্য+কর্ত্তৃ] কবিতারচক, কবি, পদ্যরচক। [রচনাকরী স্ত্রী।

কাব্যকারিণী, স্ত্রী. [কাব্য+কারিণী] কবিতা-

কাব্যচৌর, পুং. [কাব্য+চৌর] চন্দ্ররেণু, পদহারক, ভাবচোর।

কাব্যত্ব, ন. [কাব্য+ত্ব] ছন্দোবন্ধযুক্ত্ব, শ্লোকের ধর্ম্ম; কাব্যের লক্ষণ।

কাব্যশাস্ত্র, ন. [কাব্য+শাস্ত্র] কবিতাবিদ্যা, সাহিত্যাদি।

কাব্যা, স্ত্রী. [কাব্য+আ] পূতনা; বুদ্ধি।

কাবল্যা, (প্রা) কাজলা, কীলক, খীল,গোঁজ।

কাম, পুং. [কম্+অ] কামদেব, শ্রীকৃষ্ণের-পুত্র, তৎপর্য্যায়।—অনঙ্গ, অনঙ্গক, অতিরূপ, অনন্যজ, অশরীর, আত্মভূ, আত্মযোনি, ইরাজ, ইধ্ম, ঈশ্বর, কমন, কন্তু, কলাকেলি, কন্দর্প, কার্ষ্ণি, কুসুমকার্ম্মুক, কুসুমায়ুধ, কুসুমেষু, কিঙ্কির, কিঙ্কিরাত, গদয়িত্নু, গৃৎস, গৃধু, চিত্রজন্মা, চিত্রভূ, চেতোভূ, জরাভীরু, ঝষকেতন, দর্পক, পঞ্চবাণ, পঞ্চশর, পঞ্চেষু, পুষ্পকেতু, পুষ্পকেতন, পুষ্পচাপ, পুষ্পধনুঃ, পুষ্পধন্বা, পুষ্পশর, পুষ্পশরাসন, পুষ্পাস্ত্র, পুষ্পেষু, প্রদ্যুম্ন, প্রসূনেষু, বম্বিত্র, বসন্তসখ, বিষমায়ুধ, বিষমেষু, বিস্মাপন, ব্রহ্মসূ, মকরকেতন, মকরাঙ্ক, মকরকেতু, মকরধ্বজ, মদন, মদয়িত্নু, মধুদীপ, মনসিজ, মনসিশয়, মনোভব, মনোভূ, মনোযোনি, মন্মথ, মনোজন্মা, মার, মায়ী, মায়াসুত, মীনকেতন, মুর্মুর রতনারীচ, রতিপতি, রতিপ্রিয়, রতিরমণ, রম, রমণ, রমতি, রাগচূর্ণ, রাগছন্ন, রাগবৃন্ত, রাগরজ্জু, রামিল, রুদ্রারি, রূপাস্ত্র, লক্ষ্মীপুত্র, শমান্তক, শম্বরারি, শম্বরসূদন, শরীরজ, শর্ব্বর, শুকবাহ, শৃঙ্গারযোনি, শ্রীজ, শ্রীনন্দন, শ্রীপুত্র, সঙ্কল্পজন্মা, সঙ্কল্পভব, সঙ্কল্পযোনি, স্বয়ম্ভূ, সর্ব্বতাপন, সুন্দর, সুরভিবাণ, স্মর, হৃচ্ছয়; (পুং) কাম্য; ইচ্ছা; ব্রহ্মার হৃদয়জাত; বলদেব; মহারাজচুত; আম্রবৃক্ষ, (ব্য) অভ্যনুজ্ঞা, (ন.) রেত, নিকাম, কাম্য, বাঢ়; অনুমতি, বাসনা; রমণেচ্ছা; আশয়;

কাম, (প্রা) কর্ম্ম, কার্য্য, ব্যাপার, বিষয়।

কামকলা, স্ত্রী. [কাম+কলা]রতি, কামদেবভার্য্যা;চন্দ্রের ষোড়শকলাকামশাস্ত্রবিদ্যা।

কামকামী, ত্রি. [কাম+কামিন্] কামেচ্ছু, কামাসক্ত; সম্ভোগী।

কামকার, ত্রি. [কাম+কার] কামেচ্ছু, সম্ভোগী (পুং.) প্রীতি, প্রণয়।

কামকারতঃ, ব্য. [কাম+কারতস্] স্বতন্ত্ররূপে, স্বেচ্ছানুসারে।

কামকূট, পুং. [কাম+কূট] বেশ্যাপ্রিয়, লম্পট, বেশ্যাবিভ্রম। [সুরত।

কামকেলি, ত্রি. [কাম+কেলি] ষিড্গ; (পুং.)

কামখড়্গদলা, স্ত্রী. [কাম+খড়্গদলা] স্বর্ণকেতকী। [যথেচ্ছাগামী, উদ্দাম।

কামগ, ত্রি. [কাম+গ] অবাধিত,স্বেচ্ছাচার,

কামগা, স্ত্রী. [কাম+গা] কুলটা, ধর্ষিণী, বন্ধকী, পুংশ্চলী, ধ্রষ্টা, ব্যভিচারিণী, অসতী, অসাধ্বী।

কামগামী, ত্রি. [কাম+গামিন্] কামঙ্গামী, স্বচ্ছাগমনশীল, অব্যাহতগতি

কামগুণ, পুং. [কাম+গুণ] রাগ; আসক্তি; বিষয়; আভোগ।

কামঙ্গামী-কামচার, ত্রি. [কামং+গামিন্-চার] স্বেচ্ছাগমনশীল; অনুকামীন।

কামচারতঃ, ব্য. [কাম+চারতস্] স্বেচ্ছাচাররূপে, স্বতন্ত্ররূপে, যদিচ্ছপূর্ব্বক।

কামচারী, ত্রি. [কাম+চারিন্] কামুক; স্বচ্ছন্দ; কলবিঙ্ক; (পুং.) গরুড়পক্ষী; চটকপক্ষী।

কামজ, ত্রি. [কাম+জ] কামোৎপন্ন; অভিলাষপ্রযুক্ত, ইচ্ছাহেতুক, স্বতঃসিদ্ধ; (পুং.) অনিরুদ্ধ, কামদেবপুত্র।
কামজনি-কামজান-কামজাল, পুং. [কাম+জনি-জান-জাল] কোকিল, পরভৃৎ।
কামঠ, পুং. [কমঠ+অ] কূর্ম্ম, কচ্ছপ; কূর্ম্মাকার জলচরবিশেষ, অর্থাৎ কাঁচকড়া।
কামঠা, (প্রা) ধনুক, কার্ম্মুক।
কামড়-কামড়ন, (প্রা) দংশন, দন্তাঘাত।
কামড়ান, (প্রা) দংশন, পীড়ন, শূলজন্মান।
কামড়াকামড়ি, (প্রা) পরস্পর দংশন।
কামড়ানি, (প্রা) শূল, শরীরে বেদনা, হস্ত পদাদির বেধন, বায়ুশূল; খোঁচনি, বিদ্ধনী।
কামড়ান্ত্যা, (প্রা) ক্লেশদায়ক, দংশনকারক।
কামতঃ, ব্য. [কাম+তস্] সকাম, কামুকবৎ।
কামতাল, পুং. [কাম+তাল] কোকিল।
কামদ, ত্রি. [কাম+দ] কামদাতা, অভিলাষদ, বাঞ্ছাপ্রদ, ইচ্ছানুগত।
কামদা, স্ত্রী. [কাম+দা] কামধেনু, কামদুঘা।
কামদুঘা, স্ত্রী. [কাম+দুহ্] কামধেনু। [বৃক্ষ
কামদূতিকা, স্ত্রী. [কাম+দূতিকা] নাগদন্তী
কামদূতী, স্ত্রী. [কাম+দূতী] পাটলীবৃক্ষ।
কামদেব, পুং. [কাম+দেব] মদন, কন্দর্প; অস্যপর্য্যায় কামশব্দে দ্রষ্টব্য।
কামধর, পুং. [কাম+ধর] কামরূপের মৎস্যধ্বজ পর্ব্বতস্থ সরোবর।
কামধুক্, স্ত্রী. [কাম+দুহ্] কামধেনু।
কামধেনু, স্ত্রী. [কাম+ধেনু] স্বনামখ্যাতা গো, কামদা, কামদুঘা, অভিলষিত দোগ্ধ্রী গাবী।
কামধ্বংসী, পুং. [কাম+ধ্বংসিন্] শিব
কামন, ত্রি. [কাম+অন] কামুক, রতিস্পৃহান্বিত, কামী
কামনা, স্ত্রী. [কামন+আ] ইচ্ছা, তৎপর্য্যায় অভিলাষ, অভিলষিত, স্পৃহা, বাঞ্ছা ঈহা, কাম, কাঙ্ক্ষা, আকাঙ্ক্ষা, অভিকাঙ্ক্ষা, মনোরথ, অভিমত, সমীহিত, লোভ, আশা, তৃষা, ইচ্ছাত্ব, ইষ্টি, ইষ্ট, অভীষ্ট, ছন্দ, রুচি, অভিরুচি, মনস্কামনা, মনোভিমত, অভীপ্সা, লিপ্সা, উৎসুক্য, উৎকণ্ঠা, বশ, লালসা, কৌতূহল, কান্তি, বসার; রমণেচ্ছা; প্রার্থনা, মিনতি।
কামনাশক, ত্রি. [কাম+নাশক] কামজিৎ।
কামন্ধমী, পুং. [কামং+ধমিন্] কাংস্যকার।
কামপত্নী, স্ত্রী. [কাম+পত্নী] রতি, রতার্থেপরিণীতা স্ত্রী।
কামপাগলা, (প্রা) অত্যন্ত কামাসক্ত; নিত্যশ্রমী, বৃথাশ্রমকারক।
কামপাল, পুং. [কাম+পাল] বলদেব।
কামপীড়া, স্ত্রী. [কাম+পীড়া] কন্দর্পজ্বর।
কামপীড়িত, ত্রি. [কাম+পীড়িত] কামার্ত্ত।
কামপূর, ত্রি. [কাম+পূর] পূর্ণাভিলষিত।
কামপ্রদ, পুং. [কাম+প্রদ] রতিবন্ধবিশেষ; অভিলষিতদায়ক।
কামফল, পুং. [কাম+ফল] মহারাজাম্রবৃক্ষ।
কামবতী, স্ত্রী. [কামবৎ+ঈ] দারুহরিদ্রা, কামাচারবিশিষ্টা স্ত্রী।
কামবদ্ধ, ত্রি. [কাম+বদ্ধ] প্রেমবদ্ধ, অত্যাসক্ত; (ন) কাষ্ঠ। [কাল।
কামবল্লভ, পুং. [কাম+বল্লভ] আম্র; বসন্তকামবল্লভা, স্ত্রী. [কাম+বল্লভা] জ্যোৎস্না।
কামবাণ, পুং. [কাম+বাণ] মদনশর; মদন।
কামবাদ, ত্রি. [কাম+বাদ] স্বেচ্ছাবাদ, প্রেমপ্রলাপ।
কামবায়্যা, (প্রা) কামান্ধ, কামাক্রান্ত।
কামবিহন্তা, স্ত্রী. [কাম+বিহন্তা] নৈরাশ্য, আশাভঙ্গ। [অভিগামী; দুষ্কর্ম্মী।
কামবৃত্ত, ত্রি. [কাম+বৃত্ত] লম্পট, কামুক, মত্ত,
কামবৃদ্ধি, পুং. [কাম+বৃদ্ধি] ক্ষুপবিশেষ, কামজ, তৎপর্য্যায়।—স্মরবৃদ্ধি সংজ্ঞ, মনোজবৃদ্ধি, মদনায়ুধ, কন্দর্প, জীব, জিতেন্দ্রিয়াহ্ব, কামৈকজীব, জীবসংজ্ঞ। (স্ত্রী) বাঞ্ছাবর্দ্ধন।
কামবৃন্তা, স্ত্রী. [কাম+বৃন্তা] পাটলাবৃক্ষ।
কামবৃক্ষ, পুং. [কাম+বৃক্ষ] বন্দাক।
কামভক্ষ-কামভক্ষ্য, ত্রি. [কাম+ভক্ষ] স্বেচ্ছাভুক্, কল্পিতাহারশীল।
কামম্, ব্য. [কাম্+অম্] অকামানুমতি; অনুমতি; প্রকাম; অসূয়া; অনুগমন।

কামমহ, পুং. [কাম+মহ] চৈত্রীপূর্ণিমা।

কামমালী, পুং. [কাম+মালিন্] গণেশ, হেরম্ব, লম্বোদর।

কামমূঢ়, ত্রি. [কাম+মূঢ়] মুগ্ধকাম।

কামমোহিত, ত্রি. [কাম+মোহিত] কামী, কামান্ধ, মুগ্ধ।

কামযান, ত্রি. [কাম+যান] কামী, কামেচ্ছু; ইচ্ছানুসারী রথাদি। [অভিলাষী।

কাময়িতা, ত্রি. [কম্+তৃ] কামুক, কামী,

কামরঙ্গ, (প্রা) কর্ম্মরঙ্গ; ফলবিশেষ।

কামরালীনিম্বু, (প্রা) জাম্বিরভেদ।

কামরূপ, পুং. [কাম+রূপ] স্বনামখ্যাতদেশ, প্রাগ্জ্যোতিষ; (ত্রি) মনোজ্ঞরূপ; স্বেচ্ছারূপ। [বৃক্ষ।

কামরূপিণী, স্ত্রী. [কাম+রূপিণী] অশ্বগন্ধা-

কামরূপী, পুং. [কাম+রূপিন্] বিদ্যাধর; জাহকজন্তু; (ত্রি) মনোজ্ঞরূপিণী, স্বেচ্ছানুরূপী। [ঙ্গনা।

কামরেখা, স্ত্রী. [কাম+রেখা] বেশ্যা, বারা-

কামল, পুং.স্ত্রী. [কাম+ল] রোগবিশেষ, কাঁওল, কামলা; (পুং) বসন্তকাল; মরুভূমি; (ত্রি) কামুক। [লতাবিশেষ।

কামলতা, স্ত্রী. [কাম+লতা] শিশ্ন, লিঙ্গ;

কামলা, স্ত্রী. [কামল+আ] স্বনামখ্যাত রোগ, কামলরোগ; লক্ষ্মী। [শীল।

কামলোল, ত্রি. [কাম+লোল] চঞ্চলস্পৃহা-

কামশর, পুং. [কাম+শর] আম্র; মদনবাণ।

কামসংযোগ, পুং. [কাম+সংযোগ] প্রেমসিদ্ধ। [আম্র।

কামসখ, পুং. [কাম+সখা] বসন্তকাল;

কামসুত, পুং. [কাম+সুত] অনিরুদ্ধ।

কামহেতুক, ত্রি. [কাম+হেতুক] স্বেচ্ছানুসারিত

কামহোগলা, (প্রা) লতাবিশেষ। [স্থিত।

কামাই, (প্রা) উপার্জ্জন, প্রাপ্তি; অনুপ-

কামাখ্যা, স্ত্রী. [কাম+আখ্যা] দেবীবিশেষ।

কামাগ্নি, পুং. [কাম+অগ্নি] অতিরত্যাসক্তি, কামানল।

কামাগ্নিসন্দীপনমোদক, ন. [কামাগ্নি+সন্দীপন+মোদক] ঔষধবিশেষ।

কামাঙ্কুশ, পুং. [কাম+অঙ্কুশ] নখ; শিশ্ন, লিঙ্গ।

কামাঙ্গ, পুং. [কাম+অঙ্গ] আম্রবৃক্ষ।

কামাচশিঙ্গী, (প্রা) মৎস্যবিশেষ।

কামাতুর, ত্রি. [কাম+আতুর] কামার্ত্ত, কামপীড়িত, কামুক।

কামাত্মতা, স্ত্রী. [কাম+আত্মতা] প্রেম, অনুরাগ, রত্যর্থে ব্যস্তচিত্ত। [রতার্থী।

কামাত্মা, ত্রি. [কাম+আত্মন্] কামুক, লম্পট,

কামাধিকার, পুং. [কাম+অধিকার] প্রেমপ্রাদুর্ভাব; স্বেচ্ছাধীন। [ভূত।

কামাধিষ্ঠিত, ত্রি. [কাম+অধিষ্ঠিত] কামাভি-

কামান, (প্রা) ক্ষৌরকরণ; উপার্জ্জন, প্রাপণ।

কামান্, (ষাং) বক্রধনুঃ; তোপ।

কামানল, পুং. [কাম+অনল] কামাগ্নি।

কামানী, (প্রা) ক্ষৌরমূল্য, ক্ষুরিকর্ম্মের বেতন; বীণাভেদ যন্ত্রাদিবাদন ছড়ী।

কামান্ধ, পুং. [কাম+অন্ধ] কোকিল; (ত্রি) কামে হিতাহিত দর্শন শূন্য।

কামান্ধা, স্ত্রী. [কামান্ধ+আ] কস্তূরী (ত্রি) কামে হিতাহিত দর্শনাক্ষমা স্ত্রী।

কামাভিকাম, ত্রি. [কাম+অভিকাম] কামাসক্ত, শারীরিকাভিলাষী।

কামায়ুঃ, পুং. [কাম+আয়ুস্] গরুড়পক্ষী।

কামাবসায়িতা-কামাবসায়িত্ব, স্ত্রী. [কাম+অবসায়িতা-ত্ব] শিবাদির অনিমাদি অষ্টবিধ ঐশ্বর্য্যান্তর্গত ঐশ্বর্য্যবিশেষ।

কামায়ুধ, পুং. [কাম+ আয়ুধ] মহারাজচূত; (ন.) কামদেবাস্ত্র

কামার, (প্রা) কর্ম্মকার, লোহকার, ধ্মাকার, অয়স্কার, কর্ম্মার

কামারণ্য, ন. [কাম+অরণ্য] মনোজ্ঞবন, উত্তমকানন।

কামারশালা, (প্রা) লৌহাস্ত্রাদি নির্ম্মাণস্থান, তপ্তলৌহঘটনস্থান, অগ্নিকুণ্ড।

কামারি, পুং. [কাম+অরি] বিটমাক্ষিকধাতু মহাদেব; কামনাশক।

কামার্ত্ত, ত্রি. [কাম+আর্ত্ত] কামপীড়িত কামাতুর।

কামার্থী-কামাল, ত্রি. [কাম+অর্থিন্-ল] লম্পট, স্ত্রীপর, রমণার্থী, অভিলাষী।
কামালু, পুং. [কাম+আলু] রক্তকাঞ্চনবৃক্ষ; কামার্থী
কামাসক্ত, ত্রি. [কাম+আসক্ত] কামুক লম্পট। [সক্ত মনঃ।
কামাসক্তচিত্ত, ত্রি. [কামাসক্ত+চিত্ত] রমণা-
কামাসক্তি, স্ত্রী. [কাম+আসক্তি] কামুকতা, ভ্রষ্টত্ব। [ব্যক্তি।
কামি, পুং. [কাম+ই] কামুক, কামাসক্ত-
কামিক, পুং. [কামি+ক] কারণ্ডব পক্ষী।
কামিতা, স্ত্রী. [কামি+তা] কামুকতা, লম্পটতা।
কামিনী, স্ত্রী. [কামিন্+ঈ] অতিশয় কামযুক্তা নারী, ভীরুস্ত্রী; বন্দা; দারুহরিদ্রা; মদিরা; স্ত্রীসামান্য। [বৃক্ষ।
কামিনীশ, পুং. [কামিনী+ঈশ] শোভাঞ্জন-
কামী, পুং, [কাম+ইন্] চক্রবাক; পারাবত; কামুক; চটক; চন্দ্র; অভিলাষী; ঋষভৌষধি; সারসপক্ষী। [সুপারী।
কামীল, পুং. [কামী+ল] রামগুবাক, রাম-
কামুক, ত্রি. [কাম+উক] কামী, তৎপর্য্যায়। কমিতা, অনুক, কম্র, কাময়িকা, অভিক, অভীক, কমন, কামন, কামবৃত্তি, কামপ্রবণ, কামাসক্ত, সকাম, রতার্থী, মৈথুনার্থী, সুরতার্থী, মৈথুনাভিলাষী, রতাভিলাষী, মৈথুনেচ্ছু, ব্যবায়ী, লাষুক, অভিলাষুক, ব্যবায়পরায়ণ, লম্পট,স্ত্রীলম্পট, স্ত্রীব্যসনী, স্ত্রীসঙ্গাভিলাষী, স্ত্রীরত, স্ত্রীপর, কামাত্মা, কামল, কামকেলি, তরল, কামশীল, সম্ভোগী, সম্ভোগাসক্ত, সম্ভোগার্থী, ভোগাসক্ত, স্ত্রীব্যাসঙ্গী, বিয়াত, রতিকর্ম্মাসক্ত, তারল, লোলা, মন্মথী, প্রকাম, শৃঙ্গারী, রসিক, প্রেমশীল, কামকান্ত; (পুং) অশোকবৃক্ষ; অতিমুক্তকলতা; চটকপক্ষী; ধনুক। [মুক্তকলতা।
কামুককান্তা, স্ত্রী. [কামুক+কান্তা] অতি-
কামুকা, স্ত্রী. [কামুক+আ] ধনাদির ইচ্ছাবিশিষ্টা স্ত্রী,ইচ্ছাবতী,শৃঙ্গারাভিলাষিণী।
কামুকী, স্ত্রী. [কামুক+ঈ] মৈথুনেচ্ছাবতী, বৃষস্যন্তী, রমণাভিলাষিণী।
কামেশ্বরী, স্ত্রী. [কাম+ঈশ্বরী]কামাখ্যাপঞ্চমূর্ত্ত্যন্তর্গত মূর্ত্তিবিশেষ।
কামেষ্ট, পুং. [কাম+ইষ্ট] রাজাম্র।
কামোদক, ন. [কাম+উদক] মৃতোদ্দেশে স্বেচ্ছাপূর্ব্বক দত্তজল।
কামোদা, স্ত্রী. [কামোদ+আ]রাগিণীবিশেষ।
কামোন্মত্ত, ত্রি. [কাম+উন্মত্ত] কামপাগল।
কামোপহত, ত্রি. [কাম+উপহত] স্মরাঘাত, কামেরদ্বারা আহত।
কাম্পিল, পুং. [কম্প+ইল]কাম্পিল্যদেশ।
কাম্পিল্য-কম্পিল্ল, পুং. [কম্প+ইল্য+ইল্ল] গুণ্ডারোচনীনাম সুগন্ধিদ্রব্য; উত্তরদেশবিশেষ, কম্পীল, কাম্পিল, কাম্পিল্লকা।
কাম্পিল্লকা, স্ত্রী. [কাম্পিল্লক+আ] কাম্পিল।
কাম্পীল-কাম্পীলক, পুং. [কম্প+ঈল-ক] কাম্পিল্য। [খারী।
কাম্ববিক, পুং. [কম্বু+ইক] শঙ্খকার, শাঁ-
কাম্বল, পুং. [কম্বল+অ] কম্বলাবৃত রথ; (ত্রি) কম্বলসম্বন্ধীয়। [কাঁজি।
কাম্বলিক, পুং. [কম্বল+ইক] মণ্ড, মাড়,
কাম্বুকা, স্ত্রী. [কাম্বুক+আ] অশ্বগন্ধা।
কাম্বোজ, পুং. [কম্বোজ+অ] কাম্বোজদেশ; সোমবল্ক, পুন্নাগবৃক্ষ; ম্লেচ্ছজাতিবিশেষ; কম্বোজদেশজাত ঘোটক।
কাম্বোজী, স্ত্রী. [কাম্বোজ+ঈ] মাষপর্ণী, মাষাণী; বল্কক্ষখদির, পাপড়িখএর; গুঞ্জা, কুঁচ; বাকুচী, হাকুচ।
কাম্য, ত্রি [কাম+য]কমনীয়, সুন্দর; কামনাযুক্তব্যক্তি; কর্ত্তব্যকর্ম্ম; বাঞ্ছনীয়কর্ম্ম।
কাম্যকর্ম্ম, ন. [কাম্য+কর্ম্ম] অভিলষিত পুণ্যোদ্দেশে কর্ত্তব্যধর্ম্মক্রিয়া। [ধ্বনি।
কাম্যগীঃ, স্ত্রী. [কাম্য+গীর্] আনন্দময়-
কাম্যত্ব, ন. [কাম্য+ত্ব] স্পৃহনীয়ত্ব, আকাঙ্ক্ষা, অভিলাষ।
কাম্যদান, ন. [কাম্য+দান] কামনাদ্বারাদান, ঐচ্ছিকদান,প্রবারণ।
কাম্যমরণ, ন. [কাম্য+মরণ] জীবোৎসর্গ, প্রাণপরিত্যাগ।

কাম্যা, স্ত্রী. [কাম্য+আ] বাঞ্ছা, আকাঙ্ক্ষা, স্পৃহা। [চ্ছুক।
কাম্যাভিপ্রায়, পুং. [কাম্য+অভিপ্রায়] স্বে-
কাম্যোপাসনা, স্ত্রী. [কাম্য+উপাসনা] অভিলষিত ফল প্রাপ্তির নিমিত্ত পুণ্যকর্ম্মে যথা কথঞ্চিৎ দান ও দেবোপাসনা।
কাম্ল, ত্রি. [কা+অম্ল] ঈষদম্ল, অম্লটক, কুৎসিত অম্ল।
কায়, ন. [ক+অয়] মনুষ্যতীর্থ; প্রাজাপত্য-তীর্থ অর্থাৎ হস্ততলস্থ কনিষ্ঠা অনামিকার অধোভাগ; (পুং.) কদৈবত অর্থাৎ ব্রাহ্মতীর্থ; মূর্ত্তি, দেহ, শরীর; সঙ্ঘ; লক্ষ্য; স্বভাব; প্রাজাপত্য বিবাহ; মূলধন।
কায়ক, ত্রি. [কায়+ক] শরীর সম্বন্ধীয়।
কায়বৃত, ত্রি. [কায়+বৃত] শরীরদ্বারা ক্রিয়া সম্পাদন।
কায়ক্লেশ, পুং. [কায়+ক্লেশ] দৈহিকবেদনা, শারীরিক যন্ত্রণা, কায়িকপীড়া; কায়িক-শ্রম।
কায়ঙ্গন, (প্রা) মৎস্যবিশেষ।
কায়চিকিৎসা, স্ত্রী. [কায়+চিকিৎসা] ঔষধিদান; ব্যাধির চিকিৎসা।
কায়ড়া, (প্রা) পক্ষিবিশেষ। [বিশেষ।
কায়পুত্র, পুং. [কায়+পুত্র] নীচজাতি-
কায়ফল, (প্রা) কট্‌ফল।
কায়বলন, ন. [কায়+বলন] কবচ।
কায়বার, (প্রা) কুজড়া।
কায়বারী, (প্রা) দাম্ভিক; সাহসী; কলহী, বিবাদী, কুঁজড়ামি।
কায়মনোবাক্য, ত্রি. [কায়+মনস্+বাক্য] শরীর মন এবং বাক্যের সহিত।
কায়মান, ন. [কায়+মান] তৃণকুটী।
কায়স্থ, পুং. [কায়+স্থ] পরমাত্মা; নরজাতি বিশেষ, তৎপর্য্যায়।—কূটকৃৎ, পঞ্জীকর, করণ, পঞ্জিকারক; (ত্রি.) কায়িক।
কায়স্থা, স্ত্রী. [কায়স্থ+আ] হরীতকী; ধাত্রী বৃক্ষ; কাকোলী; এলাদ্বয়; তুলসী; কায়স্থ স্ত্রীজাতি, কায়স্থপত্নী, কায়স্থী।
কায়স্থিত, ত্রি. [কায়+স্থিত] কায়িক, শরীরস্থ।
কায়া, (প্রা) শরীর, কায়।
কায়াগ্নি, পুং. [কায়+অগ্নি] পাচনক্ষম।
কায়িক, ত্রি. [কায়+ইক] শারীরিক, কায়-নিষ্পন্ন, শরীরসম্বন্ধীয়, দেহী, শরীরী, প্রকৃত, দৈহিক, শরীরজ, অঙ্গক, অঙ্গ, শারীর, দৈহী, অঙ্গী, অঙ্গিক, কায়ক।
কায়িকাবৃদ্ধি, স্ত্রী. [কায়িকা+বৃদ্ধি] এক প্রকার সুদ, অর্থাৎ গবাদি বলীবর্দ্দাদি কর্ম্মযুতা বৃদ্ধি।
কায়িরী, (প্রা) বৃক্ষবিশেষ।
কার, পুং. [কৃ+অ] বধ; নিশ্চয়; বলি; যত্ন; যতি; পতি; তুষারশৈল; কর্ম্মোপপদে কর্ত্তৃবাচক, যথা।—কর্ম্মকার, স্বর্ণকার, কুম্ভকার, পটকার, কাংস্যকার ইত্যাদি; ক্রিয়া; রাজস্ব, রাজকর।
কারক, ন. [কার+ক] ক্রিয়ানিমিত্ত লোকতঃ সিদ্ধ, হেতুক, সম্পাদক, রচক; বর্ষোপ-লোদ্ভবজল; ব্যাকরণ মতে ষড়্‌বিধ বিভক্তি, যথা—কর্ত্তা, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান, অধিকরণ, (ত্রি.) কর্ত্তা।
কারকবান্, ত্রি. [কারক+বৎ] প্রয়োজক, সাধক, কারকসম্বন্ধীয়।
কারকহেতু, পুং. [কারক+হেতু] গুণকারী কারণ। [পূর্ণ।
কারকিত, (প্রা) কার্য্যাকৃত; সংসিদ্ধ, পরি-
কারকুক্ষীয়, পুং. [কার+কুক্ষীয়] শাল্লদেশীয় মানব; শাল্লদেশ।
কারজ, ত্রি. [কার+জ] নখসম্বন্ধীয়; (পুং.) করভ, করিশাবক।
কারণ, ন. [কৃ+অন] যাহা ব্যতিরিক্ত যাহা হয়না তাহা, তৎপর্য্যায়।—হেতু, বীজ, নিমিত্ত, প্রত্যয়, নিমিত্তক, প্রয়োজন, নিদান, নিবন্ধন, করণ, বৈজিক, মূল, আদি; বধ; ইন্দ্রিয়; দেহ; কর্ম্ম; সাধন; কায়স্থ; বাদ্যপ্রভেদ; গীতপ্রভেদ।
কারণ, (প্রা) মদিরা।
কারণকর্শ্য, (প্রা) ন্যূনতা, হীনতা, অপূর্ণত হ্রাসতা, অল্পতা
কারণকারণ, ন. [কারণ+কারণ] আদিকারণ স্বর্গাদি।

কারণগত, ত্রি. [কারণ+গত] নিমিত্তগত, হেতুসম্বন্ধীয়।
কারণগুণ, পুং. [কারণ+গুণ,] হেতুরগুণ, কারণেরধর্ম্ম; কারকসম্বন্ধীয় গুণ।
কারণগুণোদ্ভবগুণ, পুং. [কারণগুণ+উদ্ভব-গুণ] কারণগুণ পূর্ব্বক গুণ, তদযথা।—রূপ, রস, গন্ধ, অপাকজস্পর্শ, দ্রবত্ব, স্নেহ, বেগ, গুরুত্ব, পৃথকত্ব, পরিমাণ, স্থিতি স্থাপক সংজ্ঞক।
কারণজ, ত্রি. [কারণ+জ] নিমিত্তজন্য।
কারণতা, স্ত্রী. [কারণ + তা] হেতুতা, নিমিত্তত্ব।
কারণত্ব, ন. [কারণ+ত্ব] হেতুতা, নিমিত্তত্ব।
কারণদূর্ব্বা, (প্রা) দূর্ব্বাভেদ।
কারণধ্বংস, পুং. [কারণ+ধ্বংস] হেতুনষ্ট।
কারণধ্বংসক-কারণধ্বংসী, ত্রি. [কারণধ্বংস +ক-ইন্] নিমিত্তনাশক।
কারণনাশ, পুং. [কারণ+নাশ] কারণধ্বংস।
কারণনাশক, ত্রি. [কারণ+নাশক] কারণ-ধ্বংসক।
কারণবাদী, পুং. [কারণ+বাদিন্] আদ্দাশী, নিবেদক, দাবী, ফরিয়াদী।
কারণবারি, ন. [কারণ+বারি] সৃষ্টির আদি সলিল।
কারণবিনা, ব্য. [কারণ + বিনা] অহেতুক; অনর্থক, অকারণ, অন্যায়রূপে।
কারণবিশিষ্ট, ত্রি. [কারণ+বিশিষ্ট] যুক্তি-সিদ্ধ, প্রকৃত, ন্যায্য।
কারণমালা, স্ত্রী. [কারণ+মালা] ঘটনানু-ক্রম, দশাশ্রেণী।
কারণশরীর, ন. [কারণ+শরীর] সত্ত্বপ্রধান অজ্ঞান, আনন্দময়কোষ, সুষুপ্তি।
কারণা, স্ত্রী. [কারণ+আ] যাতনা, গাঢ়বেদনা, নরকরুজা যমযাতনা; গণ্ডি, রেখা; কারণ। [বিশিষ্ট।
কারণান্বিত, ত্রি. [কারণ+অন্বিত] কারণ-
কারণাভাব, পুং. [কারণ+অভাব] অকারণত্ব, অহৈতুক, হেত্বভাব।
কারণিক, ত্রি. [কারণ+ইক] পরীক্ষক; কারণ সূচক, নিমিত্তজনক।

কারণীভূত, ত্রি. [কারণী+ভূত, সৃষ্টিকর।
কারণোত্তর, ন. [কারণ+উত্তর] প্রত্যবস্কন্দন, প্রাড্ন্যায়, বিচারালয়ে একপ্রকার উত্তর অর্থাৎ কেহ অভিযোগ করিলে কারণ দর্শাইয়া তাহা অস্বীকার করণ।
কারণ্ডব, পুং.স্ত্রী. [কারণ্ড+অ] হংসবিশেষ, খড়হাস।
কারণ্ডব্যূহ, পুং. [কারণ্ড+ব্যূহ] বুদ্ধভেদ।
কারন্ধমী, পুং. [কারং+ধমিন্] কাংস্যকার; ধাতুবাদরত, ধাতুদ্রব্যজ্ঞ; শোধনকর্ত্তা, কষ্টী।
কারব, পুং. [কা + রব] কাক। [জীর।
কারবল্লী, স্ত্রী. [কার+বল্লী] কারবেল্ল; কা-
কারবার, (যাং) বাণিজ্য ব্যবসা।
কারবী, স্ত্রী. [কারব + ঈ] মধুরা, মৌরী; দীপ্য, ময়ূরশিখা, রুদ্রজটা; ক্ষেত্রযমা-নিকা; সুষবী, কেলেজীরা; হিঙ্গুপত্রী, হিঙ্গেরপাতা; ক্ষুদ্রকারবেল্লী, ছোট-করেলা।
কারবেল্ল-কারবেল্লক, পুং. [কার+বেল্ল-ক] লতাবিশেষ, করেলা, তৎপর্য্যায়।—কঠি-ল্লক, সুষবী, শুষবী, সুশবী, কণ্ডুর, কাণ্ডকটুক, সুকাণ্ড, উগ্রকাণ্ড, কঠিল্ল, নাগাসম্বেদন, পটু
কারামহিকা, স্ত্রী. [কার+মিহিকা] কর্পূর।
কারম্ভা, স্ত্রী. [কা + রম্ভা] প্রিয়ঙ্গুবৃক্ষ।
কারয়মাণ, ত্রি. [কারয়+মান] সফল, অমোঘ।
কারয়িতা, ত্রি. [কৃ+তৃ] কৃতকার্য্য।
কারয়িষ্ণু, ত্রি. [কৃ+ইষ্ণু] নিমিত্তাধিকারী।
কারস্কর, পুং. [কারঃ+কর] বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—কিম্পাক, বিষতিন্দু, কার-দ্রুম, রম্যফল, কুপীলু, কালকূট।
কারস্করাটিকা, স্ত্রী. [কারস্কর+অটিকা] কর্ণ-জলৌকা, কাণকোটারিপোকা, কেণো, কিন্নুই।
কারা, স্ত্রী. [কার + আ] কারাগার, বন্ধনা-লয়; দূতী; প্রসেবক; সুবর্ণকারিকা; বন্ধন; পীড়া।
কারাগার, ন. [কারা+আগার] বন্ধনগৃহ, বন্ধনালয়, কারাবেশ্ম, কারা, নিরোধ-

স্থান, বন্দিশালা, গুপ্তি, চার, জেলখানা, কএদখানা, বন্দিখানা।

কারাগারস্থ-কারাগারস্থিত, ত্রি. [কারাগার+স্থ+স্থিত] কারাগুপ্ত, কারাবদ্ধ।

কারাগুপ্ত, ত্রি. [কারা+গুপ্ত] কারাগারস্থ, কয়েদী। [লয়।

কারাগৃহ, ত্রি. [কারা+গৃহ] বন্ধনগৃহ, কারা-

কারাবদ্ধ, ত্রি. [কারা+বদ্ধ] কারাগুপ্ত।

কারাবর, পুং. [কারা+বর] নিষাদপুত্র, ইহার চর্ম্মচ্ছে নবৃত্তি; চামার।

কারাবেশ্ম, ন. [কারা+বেশ্ম] কারাগার, বধাঙ্গক।

কারায়িকা, স্ত্রী. [কারা+অয়িকা] বলাকা।

কারাবা, (বাং) গোলাবজল রাখিবার বৃহৎ পাত্রবিশেষ।

কারি, স্ত্রী. [কার+ঈ] ক্রিয়া, কর্ম্ম; (ত্রি.) শিল্পী, শিল্পকার।

কারিক, ন. [কার+ইক] কর্ম্ম, কার্য্য,ব্যাপার।

কারিকর, (প্রা) কর্ম্মকর, কর্ম্মার, কর্ম্মকার, কারু, শিল্পকার, শিল্পী, শিল্পিক।

কারিকরী, (প্রা) শিল্পবিদ্যা, যন্ত্রবিদ্যা, গতিবিদ্যা, নির্ম্মাণ, ঘটনা, রচনা, বিরচনা, আকৃতি; কার্য্যকারত্ব, হেকমতী।

কারিকা, স্ত্রী. [কারিক+আ] নটস্ত্রী; কৃতি; বিবরণ শ্লোক, স্বল্পাকরবৃত্তি বহ্বর্থ, জ্ঞাপিকা কবিতা; শিল্প; যাতনা; বৃদ্ধি, সুদ।

কারিত, ত্রি. [কার+ইত] কর্ম্মেপ্রেরিত, কর্ম্মকরাণ, কৃত।

কারিতা, স্ত্রী. [কারিত+আ] অধমর্ণ কর্তৃক অঙ্গীকৃত অধিক বৃদ্ধি, অধিক সুদ, কারিকা, কারিতাবৃদ্ধি; কর্ত্তৃত্ব, নিমিত্ততা।

কারিয়াকোকৃসা, (প্রা) মৎস্যবিশেষ।

কারী, স্ত্রী. [কার+ঈ] বৃক্ষবিশেষ, কণ্টকারী, আকর্ষকারী এই দ্বিবিধ, তৎপর্য্যায়।— কারিকা, কার্য্যা, গিরিজা, কটুপত্রিকা, কারক, উৎপাদক। [রাশি, ধাঁসী।

কারীষ, ন. [করীষ+অ] করীষসমূহ, ঘুটের-

কারু, পুং. [কৃ+উ] বিশ্বকর্ম্মা; শিল্প; (ত্রি.) শিল্পী; কারক; নির্ম্মায়ক।

কারু, (প্রা) বৃষ অথবা গাভীর গ্রীবাতে-ক্লেশদায়ক ক্ষত।

কারুক, ত্রি. [কারু+ক] শিল্পী, শিল্পকর্ম্মকারী; পাচক, সূপকার।

কারুচৌর, পুং. [কারু+চৌর] অপহারক, তস্কর, চৌর।

কারুজ, পুং. [কারু+জ] করভ, করিশাবক; ফেণ; বল্মীক; নাগকেশর; গৈরিক, গৈরিমাটী; শিল্পকারকের চিত্র, যন্ত্র, কল; স্বয়ং জাততিল।

কারুণবেদী, ত্রি. [কারুণ+বেদী] দয়ালু।

কারুণিক, ত্রি. [করুণা+ইক] দয়ালু, করুণাবিশিষ্ট,তৎপর্য্যায়।—কৃপাবান্,কৃপালু, সদয়, সকরুণ, করুণাবেদী, কারুণ্যবেদী, ঘৃণী, করুণাময়, করুণার্দ্র, অনুকম্পী, সানুকম্পা, সানুক্রোশ,কৃপাময়,হৃদয়ালু, দয়াযুক্ত, দয়াময়, দয়াশীল, দয়াকর, দয়ান্বিত, সুব্রত, আপন্ন, রক্ষণশীল, ক্ষমাবান্, সহার্দ, দয়াঢ্য, দয়াপূর্ণ হৃদয়বান্। [কারুণ্ডিকা।

কারুণ্ডী, স্ত্রী. [কারুণ্ড+ঈ] জলৌকা, জোঁক,

কারুণ্য, ন. [করুণা+য] করুণা, দয়া, কৃপা।

কারুন্দিয়া, (প্র.) পটু, কর্ম্মণ্য, চালাক।

কারূষ, পুং. [করূষ+অ] করূষদেশবাসিলোক, বৃহদ্গৃহা।

কারুহস্ত, পুং. [কারু+হস্ত] শিল্পীরহস্ত, কারিকরকর।

কারোত্তম-কারোত্তর, পুং. [কার+উত্তম-উত্তর] সুরাগ্রভাগ, সুরামণ্ড. কূপ; ফেণ।

কার্কণ, ত্রি. [কৃকণ+অ] কৃকণসম্বন্ধীয়

কার্কবাকব, ত্রি. [কৃকবাকু+অব] কৃকবাকুসম্বন্ধীয়।

কার্কশ্য, ন. [কর্কশ+য] কর্কশতা, কঠিনতা; পরুষতা, পারুষ্য, নীরসতা; ক্রূরতা।

কার্কীক, ত্রি. [কর্ক+ঈক] শ্বেত, অশ্ব সদৃশ।

কার্খরা, (প্রা) সৌগন্ধলতা বিশেষ

কার্ণ, ত্রি. [কর্ণ+অ] কর্ণগোচর, শ্রবণ সাধ্য, শ্রবণেন্দ্রিয়বোধক; (ন.) কর্ণালঙ্কার, কর্ণাভরণ, ঝুমকা ইত্যাদি।

কার্ণচ্ছিদ্রক, পুং. [কর্ণচ্ছিদ্র+ক] কর্ণরন্ধ্র, শ্রবণকুহর।

কার্ণবেষ্টকিক, ত্রি. [কর্ণবেষ্টক+ইক] কর্ণালঙ্কার ভূষিত।

কার্ণর-কাণাট,(প্রা) কর্ণাটদেশীয় শাস্ত্রবিশেষ।

কার্ণাটক, পুং. [কার্ণ+আটক] কর্ণাটদেশীয় মনুষ্যবিশেষ।

কার্ণিক, ত্রি. [কর্ণ+ইক] কর্ণেন্দ্রিয় সম্বন্ধীয়।

কার্ণিস্, (ইং) প্রাকারশীর্ষ।

কার্ত্তবীর্য্য, পুং. [কৃতবীর্য্য+অ] চন্দ্রবংশীয় কৃতবীর্য্য রাজপুত্র, হৈহয় দেশাধিপ, দোঃসহস্রভৃৎ, অর্জ্জুন; জৈনরাজচক্রবর্ত্তি বিশেষ, সুভূম।

কার্ত্তস্বর, ন. [কৃত+স্বর] স্বর্ণ; ধুস্তুর।

কার্তান্তিক, পুং. [কৃতান্ত+ইক] জ্যোতির্ব্বিৎ দৈবজ্ঞ।

কার্ত্তিক, পুং.[কৃত্তিকা+অ] বৈশাখাদি দ্বাদশ মাসান্তর্গত সপ্তম মাস, কৃত্তিকা নক্ষত্রযুক্তা পৌর্ণমাসী বিশিষ্ট যে মাস, তুলারাশিস্থ সূর্য্যের প্রারব্ধ শুক্ল প্রতিপদাদি, দর্শান্তরূপ মুখ্যচান্দ্র, সৌরস্তু তুলারাশিস্থ রবিকাল, তৎপর্য্যায় বাহুল, উর্জ্জ, কার্ত্তিকিক, কৌমুদ; বর্ষবিশেষ; মাসবিশেষ। [ধান্যবিশেষ।

কার্ত্তিকশালি, (প্রা) কার্ত্তিকমাসে সম্পন্ন

কার্ত্তিকিক, পুং. [কার্ত্তিক+ইক] কার্ত্তিকমাস।

কার্ত্তিকেয়, পুং. [কৃত্তিকা+ঈয়] শিবপুত্র, তৎপর্য্যায়।—অনঘ, অনুমেয়, অমোঘ, অগ্নিভুব, অগ্নিভূ, আগ্নেয়, কন্যাহর্ত্তা, কান্ত, কামজিৎ, কামদ, কুমার, কুট, মোহন, কৃত্তিকাসুত, কুকবাকুধ্বজ, ক্রৌঞ্চদারণ, ক্রৌঞ্চারাতি, ক্রৌঞ্চারি, খচারি, গঙ্গাজ, গঙ্গাপুত্র, গঙ্গাসুত, গাঙ্গ, গাঙ্গায়নি, গাঙ্গেয়, গুহ, গৌরীজ, গৌরীপুত্র, চণ্ড, চন্দ্রানন, তারকজিৎ, তারকরিপু, তারকহা, তারকারি, তারকসূদন, দেবসেনাপতি, দেবসেনাপ্রিয়, দাপ্তশক্তি, দীপ্তকীর্ত্তি, দীপ্তবর্ণ, দ্বাদশকর, দ্বাদশাক্ষ, দ্বাদশলোচন, ধর্ম্মাত্মা, নেতা, নৈগমেয়, পাবকি, পবিত্র, পার্ব্বতীনন্দন, প্রভু, প্রশান্তাত্মা, প্রিয়, প্রিয়ক, বর্হিণবাহন, বালচর্য্য, বাসুদেবপ্রিয়, বালক্রীড়নপ্রিয়, বাহুলেয়, বিভক্ত, বিশাখ, বিশ্বামিত্রপ্রিয়, ব্রহ্মচারী, ভদ্রকৃৎ, ভুবনেশ্বর, ভূতেশ, মহাসেন, মহাবাহু, মহাশক্তি, মহিষার্দ্দন, ময়ূরকেতু, মাতৃবৎসল, যুদ্ধরঙ্গ, রেবতীসুত, রৌদ্র, ললিত, শরজ, শারজ, শরজন্মা, শরবনোদ্ভব, শক্তিগ্রহ, শক্তিধর, শক্তিপাণি, শক্তিভৃৎ, শম্ভুতনয়, শয়ভূ, শিখিধ্বজ, শিখিবাহন, শিশু, শীঘ্র, শুচি, শুভানন শূর, ষড়ানন, ষণ্মুখ, ষষ্ঠীপ্রিয়, ষাণ্মাতুর, সত্যবাক্, সেনানী, সেনাপতি, সিদ্ধসেন, সুহুশ্বর, সুব্রত, স্কন্দ, স্বামী, স্বাহেয়, হরিহয়।

কার্ত্তিকেয়প্রসূ, স্ত্রী. [কার্ত্তিকেয়+প্রসূ] দুর্গা।

কার্ত্তিকোৎসব, পুং. [কার্ত্তিক+উৎসব] কৌমুদী, কার্ত্তিকীপূর্ণিমা। [বশেষ।

কার্ৎস্নোন, ব্য. [কার্ৎস্ন্য+ইন] কৃৎস্নশঃ, নির-

কার্দ, ত্রিন. [কর্দম+অ] কাদাময়, পঙ্কিল।

কার্পট, পুং. [কর্পট+অ] জতু, জৌ; কার্য্যী, দরবার, উমেদওয়ার।

কার্পটিক, পুং. [কৃপ+অটন+ইক] মর্ম্মবেত্তা; তীর্থসেবী। [স্বল্পবায়।

কার্পণ্য, ন. [কৃপণ+য] কৃপণতা, দৈন্য,

কার্পাস, ন.স্ত্রী. [কৃ+পাস] তুলাবৃক্ষ; (ন.) কার্পাসনির্ম্মিত বস্ত্র; কাগজ; (ত্রি.) কার্পাসজাত বস্ত্রাদি, কাল, বাদর।

কার্পাসধেনু, স্ত্রী. [কার্পাস+ধেনু] দানার্থকাপাসাদি নির্ম্মিত ধেনু। [টেকো।

কার্পাসনাসিকা, স্ত্রী. [কার্পাস+নাসিকা] তর্কু,

কার্পাসাস্থি, পুং. [কার্পাস+অস্থি] কার্পাসবীজ, তুলারবীচি।

কার্পাসিকা, স্ত্রী. [কার্পাস+ইকা] কার্পাসী।

কার্পাসী, স্ত্রী. [কার্পাস+ঈ] কার্পাসবৃক্ষ, কাপাস, তৎপর্য্যায়।—বদরা, তুণ্ডিকেরী, সমুদ্রান্তা, পটদ, সারিণী, চব্যা, তুলা, গুড়, তুণ্ডকেরিকা, নক্রদ্ভবা, পিচু, বাদর।

কার্ম্ম, ত্রি. [কর্ম্ম+অ] কর্ম্মশীল, কর্ম্মবিশিষ্ট, কার্য্যান্বিত।

কার্ম্মণ, ন. [কর্ম্মন্+অ] মূলকর্ম্ম; ঔষধাদি মূলদ্বারা ত্রাসন উচ্চাটন স্তম্ভন বশীকরণাদি কর্ম্ম, অভিচারার্থ মন্ত্র তন্ত্রাদি যোজন; মায়া, কুহক; (ত্রি.) কর্ম্মদক্ষ, কর্ম্মঠ।

কার্ম্মিক, ত্রি. [কর্ম্ম+ইক] বিচিত্র বস্ত্রাদি।

কার্ম্মুক, ন. [কর্ম্ম+উক] ধনুঃ; (পুং.) বংশ, বাঁশ; (ত্রি.) কর্ম্মক্ষম; শ্বেতখদির; হিজ্জল; মহানিম্ব।

কার্ম্মুকভৃৎ, পুং. [কার্ম্মুক+ভৃৎ] ধনুর্দ্ধর, ধন্বী, ধানুষ্ক, তীরন্দাজ।

কার্য্য, ন. [কৃ+য] হেতু; প্রয়োজন; ক্রিয়া, কাযকর্ম্ম; (ত্রি.) কর্ত্তব্যকর্ম্ম সম্পাদিত।

কার্য্যকর, ত্রি. [কার্য্য+কর] কর্ম্মচারী, উপকারক; ফলদায়ক।

কার্য্যকর্ত্তা-কার্য্যকারক, পুং. [কার্য্য+কর্ত্তৃ-কারক] কর্ত্তৃক, কার, কারক, কর, কর্ম্মকর, কর্ম্মকার, কর্ম্মার, কারু।

কার্য্যকারণ, ন.[কার্য্য+কারণ] বিশেষকারণ।

কার্য্যকারণতঃ, ব্য. [কার্য্য+কারণতস্] দৈবাৎ, হঠাৎ, অকস্মাৎ।

কার্য্যকারী, ত্রি. [কার্য্য+কারিন্] কর্ম্মকর্ত্তা, কর্ম্মচারী।

কার্য্যকাল, পুং. [কার্য্য+কাল] করণসময়।

কার্য্যকুশল-কার্য্যদক্ষ, ত্রি.[কার্য্য+কুশল-দক্ষ] কর্ম্মঠ, কর্ম্মদক্ষ, কর্ম্মযোগ্য, কর্ম্মশীল।

কার্য্যপটু-কার্য্যক্ষম, ত্রি. [কার্য্য+পটু-ক্ষম] কর্ম্মঠ, কর্ম্মদক্ষ, কর্ম্মযোগ্য, কর্ম্মশীল।

কার্য্যগুরুতা, স্ত্রী. [কার্য্য+গুরুতা] অত্যাবশ্যক কার্য্য।

কার্য্যচিন্তক, ত্রি. [কার্য্য+চিন্তক] পরিণামদর্শী, বহুদর্শী, সাবধান, পরিবেদক।

কার্য্যচিন্তা, স্ত্রী. [কার্য্য+চিন্তা] পরিণামদর্শিতা, পরিবেদনা, বহুদর্শিতা, সাবধানতা।

কার্য্যচ্যুত-কার্য্যভ্রষ্ট, ত্রি. [কার্য্য+চ্যুত-ভ্রষ্ট] কর্ম্মরহিত, পদচ্যুত। [কুশল।

কার্য্যজ্ঞ, ত্রি. [কার্য্য+জ্ঞ] কর্ম্মবৎসল, ক্রিয়া-

কার্য্যতঃ, ব্য. [কার্য্য+তস্] যথার্থরূপে, নিশ্চয়রূপে। [তদারক।

কার্য্যদর্শন, ন. [কার্য্য+দর্শন] তত্ত্বাবধারণ,

কার্য্যনাশকৃৎ, ত্রি. [কার্য্য+নাশকৃৎ] ধ্বংসক, নাশক, সংহারী, বিনাশক।

কার্য্যনির্ণয়, পুং. [কার্য্য+নির্ণয়] বিচার,বিবেচনা, নিশ্চয়। [অনর্থকর।

কার্য্যপুট, পুং. [কার্য্য+পুট] ক্ষপণ; উন্মত্ত;

কার্য্যপ্রদ্বেষ, পুং. [কার্য্য+প্রদ্বেষ] আলস্য।

কার্য্যবৎ, ব্য. [কার্য্য+বৎ] কার্য্যতঃ, নিশ্চত রূপে। [নালিশ।

কার্য্যবত্তা, স্ত্রী. [কার্য্যবৎ+তা] করণ, ক্রিয়া,

কার্য্যবশ, পুং. [কার্য্য+বশ] বিশেষ ফল।

কার্য্যবস্তু, ন. [কার্য্য+বস্তু] অন্ত, শেষ,সমাপ্ত; অভিপ্রায়, আশয়। [কারী।

কার্য্যবান্, ত্রি. [কার্য্য+বৎ] অনুগত,আজ্ঞা-

কার্য্যবিপত্তি, স্ত্রী. [কার্য্য+বিপত্তি] ন্যূনতা, অভাব, ক্রুটি।

কার্য্যভাজন, ন. [কার্য্য+ভাজন] কার্য্যপাত্র, কর্ম্মপটু। [কর্ম্মক্ষম।

কার্য্যযোগ্য, ত্রি. [কার্য্য+যোগ্য] কর্ম্মণ্য,

কার্য্যরত-কার্য্যশালী, ত্রি.[কার্য্য+রত-শালী] কর্ম্মী, কর্ম্মশীল, কর্ম্মনিষ্ঠ।

কার্য্যশেষ, পুং. [কার্য্য+শেষ] সংপূর্ণতা, পূর্ত্তি, সমাপ্তি।

কার্য্যসন্দেহ, পুং. [কার্য্য+সন্দেহ] অপ্রতিভা, ক্লেশ, দুঃখ, কৃচ্ছ্র।

কর্য্যসাগর, পুং. [কার্য্য+সাগর] কার্য্যাব্ধি।

কার্য্যসাধক, ত্রি. [কার্য্য+সাধক] সিদ্ধিকর।

কার্য্যসাধন, ন. [কার্য্য+সাধন] সংপূর্ণতা, সমাপ্তি। [সমাপ্তি।

কার্য্যসিদ্ধি, স্ত্রী. [কার্য্য+সিদ্ধি] সংপূর্ণতা,

কার্য্যস্থান, (প্র্য) কর্ম্মস্থান,লেখ্যস্থান,লেখ্য, গৃহ, লেখ্যকুটী।

কার্য্যহন্তা, ত্রি. [কার্য্য+হন্তৃ] প্রতিবন্ধকত্ব, বাধকত্ব। [দক্ষ।

কার্য্যক্ষম, ত্রি. [কার্য্য+ক্ষম] কৃতী, যোগ্য,

কার্য্যা, স্ত্রী. [কার্য্য+আ] কারীবৃক্ষ।

কার্য্যাধিকৃত-কার্য্যাধিষ্ঠাতা, পুং. [কার্য্য+অধিকৃত] অধিকর্ম্মিক, শ্রেষ্ঠী।

কার্য্যাধীশ-কার্য্যাধ্যক্ষ, পুং. [কার্য্য+অধীশ-অধ্যক্ষ] অধিকর্ম্মিক, শ্রেষ্ঠী।
কার্য্যান্ত, পুং. [কার্য্য+অন্ত] কর্ম্মেরশেষ।
কার্য্যান্তর, ত্রি. [কার্য্য+অন্তর] অন্যকর্ম্ম।
কার্য্যার্থ, পুং. [কার্য্য+অর্থ] বিষয়; তাৎপর্য্য; পরিশ্রম; (ব্য.) কর্ম্মনিমিত্ত।
কার্য্যার্থসিদ্ধি, স্ত্রী. [কার্য্যার্থ+সিদ্ধি] ক্রিয়াসিদ্ধি কৃতসিদ্ধ। [কারী।
কার্য্যার্থী, ত্রি. [কার্য্য+অর্থিন্] কর্ম্মপ্রার্থনা-
কার্য্যাক্ষম, ত্রি. [কার্য্য+অক্ষম] কর্ম্মাক্ষম, অক্ষমতাপন্ন
কার্য্যিক-কার্য্যী, ত্রি. [কার্য্য+ইক-ইন্] কর্ম্মার্থী; কার্য্যের নির্দ্দেশ করে।
কার্য্যেক্ষণ, ন. [কার্য্য+ঈক্ষণ] কার্য্যদর্শন।
কার্য্যোদ্ধার, পুং. [কার্য্য + উদ্ধার] কর্ম্মসমাধা, ক্রিয়োদ্ধার।
কার্য্যোদ্যুক্ত, ত্রি. [কার্য্য + উদ্যুক্ত] অনলস, মহোদ্যম।
কার্য্যোদ্যোগ, পুং. [কার্য্য+উদ্যোগ] কর্ম্মশীলতা, ক্রিয়াভিনিবেশ।
কার্য্যোদ্যোগী, ত্রি. [কার্য্য+উদ্যোগী] কর্ম্মশীল, কর্ম্মনিষ্ঠ, কার্য্যোদ্যুক্ত।
কার্য্যোপযুক্ত, ত্রি. [কার্য্য+উপযুক্ত] কার্য্যক্ষম, অলঙ্কর্ম্মীণ। [উত্তপ্ত।
কার্শনব, ত্রি. [কৃশানু+অ] অগ্নিবৎ,অগ্নিময়,
কার্শ্য, পুং. [কৃশ+য] কার্য্য, সালবৃক্ষ; কচ্চূর; লকুচ; (ন.) কৃশতা, ক্ষীণতা।
কাশ্মরী, স্ত্রী. [কশ্মর+ঈ] কাশ্মরী, গম্ভারী বৃক্ষ। [কৃষাণ, চাসা।
কার্ষক, পুং. [কৃষ+অক] কর্ষক, কৃষক,
কার্ষাপণ, পুং ন. [কর্ষ+আপণ] কার্ষিকী; ষোড়শপণ, কাহন; (পুং.) কৃষক; (ন.) স্বর্ণ; রূপা; অর্থ।
কার্ষাপণবর, পুং. [কার্ষাপণ+বর] অত্যল্প মূল্যবিশিষ্ট কার্য্য। [সম্বন্ধীয়।
কার্ষাপণিক, ত্রি. [কার্ষাপণ+ইক] কার্য্য-
কার্ষি, স্ত্রী. [কৃষ+ই] কৃষি, কৃষিকর্ম্ম।
কার্ষিক, পুং. [কর্ষ+ইক] কার্ষাপণ।
কার্ষ্ণ, ত্রি. [কৃষ্ণ+অ] কৃষ্ণসার সম্বন্ধীয়; (পুং.) কৃষ্ণসারমৃগ।

কার্ষ্ণায়স, ত্রি. [কৃষ্ণ+অয়স] লৌহসম্বন্ধীয়; ইস্পাৎ। [অপত্য।
কার্ষ্ণি, পুং. [কৃষ্ণ+ই] কামদেব; কৃষ্ণের
কার্ষ্ণী, স্ত্রী. [কৃষ্ণ+ঈ] শতাবরীবৃক্ষ।
কার্ষ্ণ্য, ন. [কৃষ্ণ+য] কৃষ্ণবর্ণতা, নীলিমা, কৃষ্ণত্ব; অন্ধতমসত্ব, তিমিরত্ব।
কার্ষ্য, পুং. [কৃষ+য] সালবৃক্ষ।
কার্ষ্যবণ, ন. [কার্ষ্য+বন] সালবৃক্ষারণ্য।
কাল, পুং. [কাল্+অ] ক্ষণ-দণ্ড-মুহূর্ত্ত-প্রহরদিন-রাত্রি-পক্ষ-মাস-অয়ন-বৎসরাদি, তৎপর্য্যায়।—দিষ্ট, অনেহা, সময়,বেলা, হবিনা, সর্ব্বমূষক, ভসন্ত, অমস, জহক; যম; মৃত্যু; মহাকাল; শনি; কাসমর্দ্দ; রক্তচিত্রকবৃক্ষ; রাল; কোকিল; শিব; (ন.) লৌহ; কক্কোলক;কালীয়ক; (ত্রি.) কৃষ্ণবর্ণ।
কালক, ত্রি. [কাল+ক] কৃষ্ণবর্ণ; (ন.) কালশাক; যকৃৎ; (পুং.) জতুক,জড়ুর; অলগর্দ্দসর্প, জলঢোঁড়া।
কালকটঙ্কট, পুং. [কাল+কটঙ্কট] শিব; শালকটঙ্কট।
কালকণ্ঠ, পুং. [কাল+কণ্ঠ]শিব; পীতসার; ময়ুর; খঞ্জন; কলবিঙ্ক; দাত্যূহপক্ষী
কালকণ্ঠক, পুং. [কালকণ্ঠ+ক] দাত্যূহপক্ষী। [জলসর্প।
কালকন্দক, পুং. [কাল+কন্দক] জলব্যাল,
কালকরণ, ন. [কাল+করণ] সময়নিরূপণ।
কালকর্ণিকা-কালকর্ণী, স্ত্রী. [কাল+কর্ণিকা-কর্ণী] অলক্ষ্মী।
কালকলায়, পুং. [কাল+কলায়] কৃষ্ণকলায়
কালকল্প, ত্রি. [কাল+কল্প] মৃত্যুবৎ।
কালকস্তূরী, স্ত্রী. [কাল+কস্তূরী] লতাবিশেষ।
কালকা, স্ত্রী. [কালক+আ] কালকেয়নামা অসুরগণের মাতা।
কালকাটন-কালকাটান, (প্রা) কালযাপন।
কালকারিত, ত্রি. [কাল+কারিত] অমোঘকৃত, সফল।
কালকাসুন্দা, (প্রা) বৃক্ষবিশেষ।
কালকিষ্ট, (প্রা) সমল, অমেধ্য,-কিটকিটা, কেলা, মলিন, ময়লাটিয়া, অপরিষ্কার।

কালকীল-কালকীলক, পুং. [কাল+কীল-ক] কোলাহল, গোলযোগ, গণ্ডগোল।

কালকুণ্ঠ, পুং. [কাল+কুণ্ঠ] যম; মৃত্যু।

কালকুষ্ট, ন. [কাল+কুষ্ট] কঙ্কুষ্ট, পর্ব্বতীয় মৃত্তিকাবিশেষ।

কালকূট. ন. [কাল+কূট] বোল; বিষ; (পুং.ন.) স্থাবর বিষবিশেষ। [বৃক্ষ।

কালকূটক, পুং. [কাল+কূটক] কারস্কর-

কালকূটঙ্কট, পুং. [কালকূটং+কট] শিব।

কালকূলী, (প্রা) মৎস্যবিশেষ।

কালকৃৎ, পুং. [কাল+কৃৎ] সূর্য্য।

কালকৃত, পুং. [কাল+কৃত] সূর্য্য; সময়; (ত্রি.) কালজাত; কালোদ্ভব।

কালক্রমে, ব্য. [কাল+ক্রমে] সময়ানুসারে, সময়ক্রমে

কালখঞ্জন-কালখণ্ড,ন. [কাল+খঞ্জন-খণ্ড] যকৃৎ, দক্ষিণকুক্ষিস্থ মাংসখণ্ড।

কালগন্ধ, পুং. [কাল+গন্ধ] অজগর সর্প-বিশেষ।

কালগ্রন্থি, পুং. [কাল+গ্রন্থি] বৎসর।

কালঙ্কত, পুং. [কালম্+কত] বৃক্ষবিশেষ, কালকাসুন্দে, তৎপর্য্যায়।—অরিমর্দ্দ, কাসমর্দ্দ, কর্কশ।

কালচকুমা, (প্রা) শিঙ্গুরবৃক্ষ।

কালচক্র, ন. [কাল+চক্র] কালরূপচক্র, সময়চক্র; গণ্ডি, রেখা, জ্যোতিষচক্র বিশেষ।

কালচড়ি, (প্রা) পক্ষীবিশেষ।

কালচুপ্‌কা, (প্রা) কাদাখোঁচা-পক্ষীবিশেষ।

কালছুঁচা, (প্রা) কালগন্ধমূষিকভেদ।

কালজ, ত্রি.[কাল+জ] সময়োৎপন্ন, কালভব।

কালজঙ্ঘা, (প্রা) শ্যেনপক্ষীবিশেষ।

কালজীরা, (প্রা) কৃষ্ণবর্ণ জীরক।

কালজ্ঞ, পুং. [কাল+জ্ঞ] কুক্কুট; দৈবজ্ঞ সময়জ্ঞ।

কালঞ্জর, পুং. [কালম্+জর] ভৈরব, শিব; পর্ব্বতবিশেষ; দেশবিশেষ; যোগিচক্র-মেলক।

কালঞ্জরা-কালঞ্জরী, স্ত্রী. [কালঞ্জর+আ-ঈ] চণ্ডী, দুর্গা, ভগবতী।

কালটেঁপারীয়া, (প্রা) বার্ত্তাকীবিশেষ।

কালঢুঁড়ি, (প্রা) সর্পবিশেষ।

কালতা, স্ত্রী. [কাল+তা] সময়তা।

কালতাল, পুং. [কাল+তাল] তমালবৃক্ষ।

কালতিন্দুক, পুং. [কাল+তিন্দুক] কুপীলু, মাকড়াকেঁদু।

কালতিল, (প্রা) কৃষ্ণবর্ণ তিলবিশেষ।

কালতুলসী, (প্রা) কৃষ্ণতুলসী।

কালতুল্য, ত্রি. [কাল+তুল্য] মৃতবৎ, নাশক, ধ্বংসক; কালদণ্ড; (পুং.) যমদণ্ড; শিবদণ্ড।

কালদানা, (প্রা) লতাবিশেষ।

কালদেধান-কালদেবধানা, (প্রা) ধান্যপ্রভেদ

কালধর্ম্ম, পুং. [কাল+ধর্ম্ম] মৃত্যু; সময়ের স্বভাব।

কালধুস্তূর, (প্রা) কৃষ্ণবর্ণ ধুস্তূর।

কালনাগিনী, (প্রা) সর্পবিশেষ।

কালনিয়োগ. পুং. [কাল+নিয়োগ] অদৃষ্ট, প্রাক্তন। [বিদ্যা।

কালনিরূপণ, ন. [কাল+নিরূপণ]কালগণনা-

কালনির্যাস, পুং. [কাল+নির্যাস] গুগ্‌গুলু।

কালনেমি-কালনেমী, পুং. [কাল+নেমি-নেমিন্] স্বনামখ্যাত রাক্ষস, হিরণ্যক-শিপু পুত্র, দৈত্যবিশেষ।

কালনেমিরিপু-কালনেমিহা-কালনেম্যরি,পুং. [কালনেমি+রিপু-হন-অরি] বিষ্ণু।

কালপক্ক, ত্রি. [কাল+পক্ক] স্বভাবতপক্ক।

কালপরিবাস, পুং. [কাল+পরিবাস] পর্য্যু-ষিতত্ব; সময়স্থিত।

কালপর্ণ, পুং. [কাল+পর্ণ] তগরবৃক্ষ।

কালপালক, ন. [কাল+পালক] কঙ্কুষ্ট-মৃত্তিকা।

কালপাশ, পুং. [কাল+পাশ] যম; যমপাশ।

কালপীলুক, পুং. [কাল+পীলুক] কুপীলু।

কালপুরুষ, পুং. [কাল+পুরুষ] যমসহায়, দণ্ডধরানুচর; জ্যোতিষশাস্ত্র; শুভাশুভ জ্ঞানার্থ জন্মলগ্নাদি দ্বাদশ রাশি কল্পিত পুরুষাকৃত।

কালপৃষ্ঠ, ন. [কাল+পৃষ্ঠ] কর্ণধনু; ধনু (পুং.) কঙ্কপক্ষী; কালসারমৃগ।

কালপেঁচা, (প্রা) পেচকভেদ।
কালপেষী, স্ত্রী. [কাল+পেষী] শ্যামালতা।
কালপ্রভাত, ন. [কাল+প্রভাত] শরদৃতু,
কালপ্ররূঢ়, ত্রি. [কাল+প্ররূঢ়] অতিপক্ব।
কালফুটকী, (প্রা) ক্ষুদ্র পক্ষীবিশেষ।
কালবটের, (প্রা) বটের পক্ষিবিশেষ।
কালবলন, ন. [কাল+বলন] বর্ম্ম, কায়বলন, সাঁজোয়া।
কালবসুমাছ, (প্রা) মৎস্যবিশেষ।
কালবৃদ্ধি, স্ত্রী. [কাল+বৃদ্ধি] কালনির্ণীত কুসীদ।
কালবৃন্তী. [কাল+বৃন্তী] পাটলাবৃক্ষ।
কালবৃক্ষ, পুং. [কাল+বৃক্ষ] আকৃড়ি কলায় বিশেষ।
কালবেলা, স্ত্রী. [কাল+বেলা] ক্রিয়ার অযোগ্যকাল, অশুভকাল, ক্রিয়ানর্হকাল বিশেষ। [বাতাসীয়া, ঝড়ুয়া।
কালবৈশাখী, (প্রা) অতিবাতময়, অপরাহ্ণে
কালবোঝা, (প্রা) জলচর পক্ষীবিশেষ।
কালভাণ্ডিকা, স্ত্রী. [কাল+ভাণ্ডিকা] মঞ্জিষ্ঠা।
কালমরিচ, (প্রা) মরিচবিশেষ।
কালমান, পুং. [কাল+মান] কৃষ্ণার্জক, কালতুলসী। [রলিবৃক্ষ।
কালমুষ্কক, পুং. [কাল+মুষ্কক] ঘণ্টাপা-
কালমুগ, (প্রা) কৃষ্ণমুগ।
কালমূল, পুং. [কাল+মূল] রক্তচিত্রকবৃক্ষ।
কালমেঘ, (প্রা) জ্বরান্তক লতাবিশেষ।
কালমেশিকা-কালমেশী, স্ত্রী. [কাল+মেশিকা-মেশী] কালমেষিকা, কালমেষী, মঞ্জিষ্ঠা।
কালমেষিকা, স্ত্রী. [কাল+মেষিকা] মঞ্জিষ্ঠা; কৃষ্ণত্রিবৃতা।
কালমেষী, স্ত্রী. [কাল+মেষী] সোমরাজী; মঞ্জিষ্ঠা, ত্রিবৃৎ।
কালযবন, পুং. [কাল+যবন] অসুরবিশেষ।
কালযাপ, পুং. [কাল+যাপ] গতিক্রিয়া; কালাতিপাতন।
কালযাপন, (প্রা) কালক্ষেপ, কালহরণ।
কালরাত্রি, স্ত্রী. [কাল+রাত্রি] ভীমরথী; রাত্রিবিশেষ; সংহারোপলক্ষিত রজনী; কল্পান্তরাত্রি; দুর্গার শক্তিবিশেষ।
কালরুদ্র, পুং. [কাল+রুদ্র] কালাগ্নিরুদ্র।
কাললবণ, ন. [কাল+লবণ] বিড়্ লবণ।
কাললৌহ, ন. [কাল+লৌহ] কালায়স, কৃষ্ণায়স, রুক্ম, তীক্ষ্ণ, তিখা।
কালশাক, ন. [কাল+শাক] স্বনামখ্যাত শাক, নরচা, নাড়িক, শ্রাদ্ধশাক, কালক।
কালশার, (প্রা) কৃষ্ণসারমৃগ।
কালশালি, পুং. [কাল+শালি] কৃষ্ণশালি।
কালশিম, (প্রা) কৃষ্ণবর্ণ শিম।
কালশিরা, (প্রা) ঘাচিহ্ন, আঘাতের কৃষ্ণবর্ণ চিহ্ন, দাগ, ছড়, আঁচড়; জামুড়া, কড়া।
কালশেয়, ন. [কাল+শেয়] কালাসেয়, ঘোল, তক্র।
কালসংরোধ, পুং. [কাল+সংরোধ] চির-কালাবস্থান, অনেককাল রাখন।
কালসদৃশ-কালসম, ত্রি. [কাল+সদৃশ-সম] মৃতবৎ, কালতুল্য, কালস্বরূপ, সাঙ্ঘাতিক; সাময়িক; সুযোগ।
কালসম্পন্ন, ত্রি. [কাল+সম্পন্ন] নিরূপিতদিন; সময়নিষ্পন্ন। [গর্দ্ধ, মহাবিষ নাগ।
কালসর্প- পুং. [কাল+সর্প] কৃষ্ণসর্প, অল-
কালসাপ, (প্রা) কৃষ্ণসর্প, মহাবিষধর।
কালসার, ন. [কাল+সার] পীতচন্দন; (পুং.) স্বনামখ্যাতহরিণ, কৃষ্ণসার।
কালসূত্র, ন. [কাল+সূত্র] এক বিংশতি নরকান্তর্গত কুলালচক্র সূত্রচ্ছেদনস্বরূপ নরকবিশেষ। [তক্র।
কালসেয়, ন. [কাল+সেয়] কালশেয়, ঘোল,
কালস্কন্ধ, পুং. [কাল+স্কন্ধ] তমালবৃক্ষ; তিন্দুকবৃক্ষ; জীবকদ্রুম; দুষ্খদির; উদুম্বর।
কালস্বরূপ, ত্রি. [কাল+স্বরূপ] মৃত্যুতুল্য; ভয়ানক, ঘোরত্রাসজনক, মারাত্মক।
কালহরণ, ন. [কাল+হরণ] কালযাপন, কালক্ষেপণ।
কালক্ষেপ, পুং. [কাল+ক্ষেপ] সময়ক্ষেপ।
কালক্ষেপক, পুং. [কাল+ক্ষেপক] লঘুবিষয় ব্যাপৃত, অনর্থভাবী।
কালক্ষেপণ, ন. [কাল+ক্ষেপণ] সময়যাপন, কালহরণ।

কালা, স্ত্রী. [কাল+আ] নীলিনী; কৃষ্ণত্রিবৃতা; কৃষ্ণজীরক; মঞ্জিষ্ঠা; কুলিকবৃক্ষ; কালিয়াকড়া; অশ্বগন্ধাবৃক্ষ; পাটলাবৃক্ষ; (ন.) লৌহ; (ত্রি.) কৃষ্ণবর্ণ; নীলবর্ণ; দুর্গা।

কালা, (প্রা) বধির, অকর্ণ, বন্ধুর, কল্ল, শ্রোত্রবিকল, শ্রবণেন্দ্রিয়বিকল, শ্রবণশক্তিরহিত, শ্রুতিবর্জ্জিত, শ্রবণাক্ষম, অস্পষ্টশ্রুত, বহেরা; কৃষ্ণবর্ণ; সমল; মহাশীতল; মাছধরা বর্ষা, টেটা।

কালাকৃষ্ট, ত্রি. [কাল+আকৃষ্ট] মৃত্যুাকর্ষিত

কালাগুরু, ন. [কাল+অগুরু] কৃষ্ণবর্ণসুগন্ধি কাষ্ঠবিশেষ, কৃষ্ণাগুরু।

কালাগ্নি, পুং. [কাল+অগ্নি] প্রলয়কালের অগ্নি, কালানল, সৃষ্টিসংহারকারিরুদ্র; পঞ্চমুখ রুদ্রাক্ষ।

কালাগ্নিরুদ্র, পুং. [কালাগ্নি+রুদ্র] সংহারকারি রুদ্র।

কালাঞ্জনী, স্ত্রী. [কাল+অঞ্জনী] ক্ষুপবিশেষ, কালিকর্পাসিকিনী, তৎপর্য্যায়।—অঞ্জনী, রেচনী, শিলাঞ্জনী, নীলাঞ্জনী; কৃষ্ণাভা, কালী, কৃষ্ণাঞ্জনী।

কালাত্যয়, পুং. [কাল+অত্যয়] সময়াপচয়, [সময়ক্ষয়।

কালানল, পুং. [কাল+অনল] প্রলয়কালের অগ্নি, কালাগ্নি।

কালানুনাদী, পুং.[কাল+অনুনাদিন্] রোলম্ব, ভ্রমর; কলবিঙ্ক, চটা, চড়াই; কপিঞ্জল, চাতকপক্ষী।

কালানুশারিবা, স্ত্রী. [কাল+অনুশারিবা] তগরপাদিক, তগরমূল; শীতলীজটা, শীউলীছোপ। [পীতচন্দন।

কালানুসারক, ন. [কাল+অনুসারক] তগর;

কালানুসারি, পুং. [কাল+অনুসারি] শৈলেয়, শৈলজনাম গন্ধদ্রব্য।

কালানুসারী, ত্রি.[কাল+অনুসারিন্] সময়ানুগামী, কালানুক্রমী।

কালানুসার্য্য, ন. [কাল+অনুসার্য্য] শৈলেয়, শৈলজ; কালীয়ক, কালীয়নাম পীতবর্ণ সুগন্ধিকাষ্ঠ; শিংশপাবৃক্ষ, শিশুগাছ; তগর।

কালানুসার্য্যক, ন. [কাল+অনুসার্য্য+ক শৈলেয়।

কালান্তক, ন. [কাল+অন্তক] যম, মৃত্যু, শমন।

কালান্তর, ন. [কাল+অন্তর] সময়ান্তর, অন্য সময়।

কালান্তরবিষ, পুং. [কাল+অন্তর+বিষ] মুষিকাদি বিষবিশিষ্ট জন্তু।

কালান্তরবৃত্ত, ত্রি. [কালান্তর+বৃত্ত] লুক্কায়িত, গুপ্ত।

কালাপ, পুং. [কাল+আপ] সর্পভোগ, সর্পফণা; রাক্ষস; (ত্রি.) কলাপ ব্যাকরণ বেত্তা।

কালাপাতী, (ষাং) নৌকাতলে শণসূত্রাদি দ্বারা ছিদ্রাবরোধী, ছিদ্র প্রতিবন্ধক, গাওনদার।

কালাবধি, পুং. [কাল+অবধি] নির্দ্ধারিত-কাল, নিরূপিত সময়

কালামুখ, (প্রা) ধিক্কার; নির্লজ্জ।

কালায়স, ন. [কাল+অয়স] লৌহ।

কালাশুদ্ধি-শৌচ, স্ত্রী. [কাল+অশুদ্ধি-অশৌচ] সময়াশুদ্ধি, অশুদ্ধকাল।

কালি, (প্রা) ভূম্যাদির একুন, গণিতবিশেষ, ক্ষেত্রফল; একত্র, মোটসঙ্কলন; মসি; পলাণ্ডু পত্র; আগামি কিম্বা গত দিবস।

কালিক, ন. [কাল+ইক] কৃষ্ণচন্দন, কালীয়, কালীয়ক, হরিপ্রিয়; (পুং.) ক্রৌঞ্চ, কোঁচবক; (ত্রি.) কৃষ্ণবর্ণ; কালসম্বন্ধী, সাময়িক; গতদিবসীয়।

কালিকতা, স্ত্রী. [কালিক+তা] কাল, সময়।

কালিকা, স্ত্রী. [কালিক+আ] চণ্ডিকাভেদ, কালী; কার্ষ্ণ্য; বৃশ্চিকপত্রবৃক্ষ; ক্রমোদয়বস্তুমূল্য; ধূসরী; নবমেঘ; পটোলশাখা; রোমালী; মাংসী; কাকী; শিবা; মেঘাবলি; স্বর্ণদোষ; ক্ষীরকীট; মসী; কাকোলী; শ্যামাপক্ষী; প্রতিমাসীয়া বৃদ্ধি; সুরা; কুজ্ঝটিকা; হিমাচলজাত ত্রিশিরা হরীতকী।

কালিকা, (প্রা) টাকার কিস্তি; আগতকল্য।

কালিকাব্রত, ন. [কালিকা+ব্রত] অমাবস্যাতে স্ত্রীলোকের কর্ত্তব্য ব্রতবিশেষ।

কালিঙ্গ, ন. [কলিঙ্গ+অ] ফলবিশেষ, তরমুজ, কালিন্দক, কৃষ্ণবীজ, ফলবর্ত্তুল; (পুং.) ভূমিকর্কারু; হস্তী; সর্প; লৌহভেদ; (ত্রি.) কলিঙ্গদেশজ।

কালিঙ্গিকা, স্ত্রী. [কলিঙ্গ+ইকা] ত্রিবৃৎ।

কালিঙ্গী, ত্রি. [কালিঙ্গ+ঈ] রাজকর্কটী।

কালিচা-কালিমা, (প্রা) কৃষ্ণবর্ণ ক্ষতচিহ্ন, কালশিরা।

কালিঞ্চা, (প্রা) জীর্ণচাল, পুরাতন ছাওনী।

কালিঞ্চাখড়, (প্রা) পুরাতন চালের খড়।

কালিদাস-কালিদাসক, পুং. [কালী+দাস-ক] স্বনামখ্যাতকবি, রঘুকার, মেধারুদ্র, কোটিজিৎ, মহাকবি, বীরবিক্রমাদিত্যের সভাস্থ নবরত্ন পণ্ডিতের মধ্যে সপ্তমরত্ন।

কালিনী, স্ত্রী. [কাল+ইন্+ঈ] আর্দ্রানক্ষত্র।

কালিনী, (প্রা) মৃত্যুকর, নাশক; সর্পিণীবিশেষ।

কালিন্দক, স্ত্রী. [কালিন্দ+ক] কালিঙ্গ, কালবীজ তরমুজ। [রক্তত্রিবৃৎ।

কালিন্দী, স্ত্রী. [কলিন্দ+ঈ] যমুনানদী;

কালিন্দীকর্ষণ, পুং. [কালিন্দী+কর্ষণ] বলদেব, শ্রীকৃষ্ণের অগ্রজ।

কালিন্দীভেদন, পুং. [কালিন্দী + ভেদন] বলদেব। [যমুনামাতা।

কালিন্দীসূ, স্ত্রী. [কালিন্দী+সূ] সূর্য্য পত্নী,

কালিন্দীসোদর, পুং. [কালিন্দী+সোদর] যম, যমুনাভ্রাতা।

কালিমা, পুং. [কাল+ইমন্] কৃষ্ণতা, মলিনতা, মালিন্য, তমস।

কালিয়, ত্রি. [কাল+ইয়] কলিযুগসম্বন্ধী; সাময়িক; (পুং.) সর্প।

কালিষ্ঠ, (প্রা) অতিশয় কৃষ্ণবর্ণ; পিঙ্গলবর্ণ; রৌদ্রপোড়া।

কালী, স্ত্রী. [কাল+ঈ] আদ্যা প্রকৃতি, শান্তনুরাজপত্নী; অম্বিকাললাট নিষ্ক্রান্তা দেবী, কালিকা; ক্ষীরকীট; মাতৃভেদ; উমা; নবমেঘসমূহ; পরীবাদ; কালাঞ্জনী; তুবরী; ত্রিবৃৎ; রাত্রি; অগ্নিশিখাভেদ; বৃশ্চিকালীবৃক্ষ; বিছাটী।

কালী, (প্রা) মসী; কলঙ্ক; কৃষ্ণবর্ণ।

কালীক, পুং. [কালী+ক] ক্রৌঞ্চ, কোঁচবক (ত্রি) অধিকৃত সময়।

কালীগোখুর, (প্রা) চিত্রসর্প।

কালীঘাট, (প্রা) সুবিখ্যাত কলিকাতাস্থ ভগবতীর পীঠস্থান।

কালীচা, (প্রা) ঘাচিহ্ন, কালশিরা।

কালীচী, স্ত্রী. [কালী+চী] যমবিচারভূমি।

কালীঝাঁপ, (প্রা) বহুপত্রকবিশেষ।

কালীতনয়, পুং. [কালী+তনয়] মহিষ।

কালীন, ত্রি. [কাল+ঈন] সাময়িক, সময়গত, অধিকৃত সময়।

কালীয়, ন. [কাল+ঈয়] কৃষ্ণচন্দন; সর্পবিশেষ; (ত্রি.) সাময়িক, তৎকালের।

কালীয়ক, ন. [কালীয়+ক] কালীয়া, পীতবর্ণ সুগন্ধিকাষ্ঠ, তৎপর্য্যায়।—জায়ক, কালানুসার্য্য, জাষক, কালেয়, বর্ণক, কান্তিদায়ক; কৃষ্ণচন্দন, তৎপর্য্যায় — কালিক, হরপ্রিয়, (পুং.) দারুহরিদ্রা।

কালুষ্য, ন. [কালুষ্+য] মলিনতা; অশুচিতা।

কালেবরিক, ত্রি. [কলেবর+ইক] শরীরসম্বন্ধীয়, শারীরিক।

কালেয়, ন. [কাল+এয়] কালিয়া নামক পীতবর্ণ সুগন্ধিকাষ্ঠ; কালখণ্ড; যকৃৎ; (পুং.) দৈত্যভেদ; (ত্রি.) সময়সম্বন্ধী; কৃষ্ণবর্ণ।

কালেয়ক, ন. [কালেয়+ক] কালীয়ক, কালীয়ানামকপীতবর্ণসুগন্ধিকাষ্ঠ; (পুং.) দারুহরিদ্রা; কুক্কুর।

কালোৎপাদিত, ত্রি. [কাল+উৎপাদিত] উপযুক্তকালোৎপন্ন।

কালোপযুক্ত, ত্রি. [কাল+উপযুক্ত] সময়োচিত।

কালোপ্ত, ত্রি. [কাল+উপ্ত] বপ্তসময়, বীজবপনোচিতকাল।

কাল্প-কাল্পক, পুং. [কল্প+অ-ক] হরিদ্রাবিশেষ, কাঁচাহলুদ, কর্বূর, কর্বূরক, দ্রাবিড়ক, দ্রাবিড়ভূতিক; (ত্রি.) কল্পসম্বন্ধী; আজ্ঞাদায়ী; কল্পিত।

কাল্পনিক, ত্রি. [কল্পনা+ইক] কল্পনাভব, কল্পিত, মিথ্যা, আরোপিত, কৃত্রিম,

কৃতক, ছান্মিক, ব্যাজ, অস্বাভাবিক; রচিত; (পুং.) ভক্তবিটল, ভাক্ত, ভণ্ড।
কাল্পনিকতা, স্ত্রী. [কাল্পনিক+তা] কল্পনা, কাপট্য, ভাক্তত্ব, মিথ্যা কাচ বা ভেক, বিটলামী।
কাল্য, ন. [কাল+য] প্রত্যুষ, ঊষাকাল, ব্রহ্মমুহূর্ত্ত, প্রাতঃকাল, অরুণোদয়; (ত্রি.) সাময়িক, উপযুক্তকাল।
কাল্যক, পুং. [কাল্য+ক] কাল্পক,বনহরিদ্রা; কাঁচাহলদী।
কাল্যা, স্ত্রী. [কাল্য+আ] গর্ভগ্রহণপ্রাপ্ত-কালা ঋতুমতী গো, উপসর্য্যা; শুভালাপ; মঙ্গলবার্ত্তা।
কাল্যা, (প্রা) মলিন, শ্যামলা।
কাল্যাণিনেয়, ত্রি. [কল্যাণিন্+এয়] কল্যাণী, ভাগ্যবতী।
কাশ, পুং. ন. [কাশ্+অ] তৃণভেদ, কেশিয়া, তৎপর্য্যায়।—ইক্ষুগন্ধা, পোটগল, কাস, কাশী, কাশা, বায়সেক্ষু, কাণ্ডেক্ষু, অমরপুষ্পক, কাশক, বনহাসক, ইক্ষ্বারি, কাকেক্ষু, ইক্ষুর, ইক্ষুকাণ্ড, শারদ, সিতপুষ্পক, নাদেয়, দর্ভপত্র, লেখন, কাণ্ড-কাণ্ডক, কচ্ছলকারক; কণ্ঠকণ্ডুয়ন; (পুং.) ক্ষুত, স্বনামখ্যাত রোগ, কাশী, ক্ষবথু, কাশিকা, শ্লেষ্মা, কফ।
কাশক, পুং. [কাশ+ক] কাশতৃণ, কেশিয়া।
কাশন্দ, (প্রা) লতাবৃক্ষভেদ।
কাশন্দি, (প্রা) আচারবিশেষ। [সকবৃক্ষ।
কাশমর্দ্দ, পুং. [কাশ+মর্দ্দ] কাসমর্দ্দবৃক্ষ, বা-
কাশা, স্ত্রী. [কাশ+আ] কাশতৃণ।
কাশাল্মলি, স্ত্রী. [কা+শাল্মলি] কূট-শাল্মলি; পট্টতুলাবৃক্ষ।
কাশি, স্ত্রী. [কাশ+ই] কাশী; (পুং.) সূর্য্য।
কাশিক, ত্রি. [কাশি+ক] কাশীসম্বন্ধীয়।
কাশিকা, স্ত্রী.]কাশিক+আ] কাশী।
কাশিকাপ্রিয়, পুং. [কাশিকা+প্রিয়] দিবোদাস, ধন্বন্তরি।
কাশিরাজ, পুং. [কাশি+রাজ] বারাণসী-রাজ, ধন্বন্তরি, দিবোদাস, সুধোদ্ভব।
কাশিল, ত্রি. [কাশ+ইল] কাশতৃণসমূহ।
কাশী, স্ত্রী. [কাশ+ঈ] স্বনামখ্যাত তীর্থ, শিবপুরী, তৎপর্য্যায়।—বারাণসী, তীর্থরাজী, কাশি, কাশিকা, তপঃস্থলী, অবিমুক্ত, আনন্দবন, আনন্দকানন, অপুনর্ভবভূমি, রুদ্রাবাস, মহাশ্মশান; কাশতৃণ; (ত্রি.) কাশরোগযুক্ত; দীপ্তিমান, তেজোময়।
কাশীনাথ, পুং. [কাশী+নাথ] শিব।
কাশীরাজ, পুং. [কাশী+রাজ] দিবোদাস।
কাশীশ, ন. [কাশী+ঈশ] উপধাতুবিশেষ, হিরাকশী, ইহা দ্বিবিধ যথা।—ধাতুকাশীশ, ইহা হরিদ্বর্ণ, লোহিতবর্ণ; পুষ্পকাশীশ, ইহা শুক্লবর্ণ, কৃষ্ণবর্ণ, (পুং.) গুবাকবৃক্ষ।
কাশ্বরী, স্ত্রী. [কাশ্বর+ঈ] কাশ্মরী।
কাশ্মরী, স্ত্রী. [কাশ্মর+ঈ] গম্ভারীবৃক্ষ।
কাশ্মর্য্য, পুং. ন. [কাশ্মরী+অ] গম্ভারীবৃক্ষ।
কাশ্মীর, ন. [কশ্মীর+অ] পুষ্করমূল; টঙ্ক; কুঙ্কুম; (পুং.) স্বনামখ্যাত দেশ।
কাশ্মীরজ, ন. [কাশ্মীর+জ] কুষ্ঠ; কুঙ্কুম; পুষ্করমূল।
কাশ্মীরজন্ম, ন. [কাশ্মীর+জন্মন্] কুঙ্কুম।
কাশ্মীরা, স্ত্রী. [কাশ্মীর+আ] অতিবিষা; কপিলদ্রাক্ষা।
কাশ্মীরী, স্ত্রী. [কাশ্মীর+ঈ] গম্ভারী।
কাশ্য, ন. [কাশ+য] মদ্য।
কাশ্যপ, ন. [কশ্যপ+অ] মাংস; (পুং.) কণাদমুনি; মৃগভেদ; গোত্র বিশেষ; তৎপ্রবরান্তর্গত মুনিবিশেষ; কশ্যপ-মুনির বংশ; অরুণ।
কাশ্যপগোত্র-কাশ্যপগোত্রীয়, ত্রি. [কাশ্যপ+গোত্র-ঈয়] কশ্যপমুনির বংশ।
কাশ্যপি, পুং. [কাশ্যপ+ই]অরুণ; গরুড়।
কাশ্যপী, স্ত্রী. [কশ্যপ+ঈ] পৃথিবী।
কাশ্যপেয়, পুং. [কশ্যপ+এয়] সূর্য্য।
কাশ্যা, (প্রা) কাশতৃণ।
কাষ, পুং. উপঘর্ষণ।
কাষায়, ত্রি. [কষায়+অ] অতিরক্তবর্ণ।
কাষ্ঠ, ন. [কাষ্+ঠ] দারু, দলিক, বিসার, ইন্ধন, কাঠ, লকড়ী।

কাষ্ঠক, ন. [কাষ্ঠ+ক] অগুরু।
কাষ্ঠকদলী, স্ত্রী. [কাষ্ঠ+কদলী] কদলীভেদ, কাঠ্‌কলা, তৎপর্য্যায়।—বনকদলী, সু-কাষ্ঠা, কাষ্ঠিকা, শিলারম্ভা, দারুকদলী, ফলাঢ্যা, বনমোচা, অশ্মকদলী।
কাষ্ঠকীট. পুং. [কাষ্ঠ+কীট] ঘুণ।
[কাষ্ঠকুট্ট,] পুং [কাষ্ঠ+কুট্ট] পক্ষিবিশেষ, কাঠঠোকরা; শতচ্ছদ, কাঠকুট্টুরে।
কাষ্ঠকুদ্দাল, পুং. [কাষ্ঠ+কুদ্দাল] নৌকাদির জলসেচনী, এবং মলাপনয়নার্থ কাষ্ঠ-নির্ম্মিত জলপাত্র, অভ্রি, কোটা।
কাষ্ঠখণ্ড, ন. [কাষ্ঠ+খণ্ড] দণ্ড, কাঠী।
কাষ্ঠজম্বু, স্ত্রী. [কাষ্ঠ+জম্বু] ভূমিজম্বুবৃক্ষ।
কাষ্ঠতট. পুং. [কাষ্ঠ+তক্ষ্] বর্ণসঙ্করজাতি বিশেষ, ছুতার; তক্ষা; বর্দ্ধিক, ত্বষ্টা, রথকার। [কাব।
কাষ্ঠতন্তু, পুং. [কাষ্ঠ+তন্তু[কাষ্ঠক্রিমি. কোব-
কাষ্ঠতক্ষক, পুং. [কাষ্ঠ+তক্ষক] কাষ্ঠতট্, তক্ষা, বর্দ্ধকি, ত্বষ্টা, রথকার, ছুতার, সূত্রধর।
কাষ্ঠদারু, পুং. [কাষ্ঠ+দারু] দেবদারুকাষ্ঠ।
কাষ্ঠদ্রু, পুং. [কাষ্ঠ+দ্রু] পলাশবৃক্ষ।
কাষ্ঠধাত্রীফল, ন. [কাষ্ঠ+ধাত্রী+ফল] আমলক। [লিকা।
কাষ্ঠপাটলা, স্ত্রী. [কাষ্ঠ+পাটলা] সিতপাট-
কাষ্ঠপাদুকা, স্ত্রী. [কাষ্ঠ+পাদুকা] উত্তর-পাদুকা, কোশী, কোবী, চরণদাসী, খড়ম। [ময়পুত্তল।
কাষ্ঠপুত্তলিকা, স্ত্রী. [কাষ্ঠ+পুত্তলিকা] দারু-
কাষ্ঠবল্লিকা, স্ত্রী. [কাষ্ঠ+বল্লিকা] কটুকা।
কাষ্ঠবান্, ত্রি. [কাষ্ঠ+বৎ] কাষ্ঠসদৃশ; দারু-শিশিষ্ট।
কাষ্ঠমঠী, স্ত্রী. [কাষ্ঠ+মঠী] চিতা, শবদাহ-স্থান, শ্মশান।
কাষ্ঠময়, ত্রি. [কাষ্ঠ+ময়] দারুময়, কাষ্ঠঘটি, দারুজ।
কাষ্ঠমল্ল, পুং. [কাষ্ঠ+মল্ল] শবযান, মড়া-ফেলা খাট।
কাষ্ঠলেখক, পুং. [কাষ্ঠ+লেখক] ঘুণ, কাষ্ঠ-কীট।
কাষ্ঠলৌহী, পুং. [কাষ্ঠ+লৌহিন্] লৌহযুক্ত মুদ্গর, বার্তর্দ্ধি। [অনন্তমূল।
কাষ্ঠশারিবা. স্ত্রী. [কাষ্ঠ+শারিবা] শারিবা,
কাষ্ঠা, স্ত্রী. [কাষ্ঠ+আ] দিক্; স্থিতি; সীমা; উৎকর্ষ; অষ্টাদশনিমেষাত্মককাল; দারু-হরিদ্রা; প্রকর্ষ।
কাষ্ঠা, (প্রা) কৃচ্ছ, ব্রত, তপস্যা
কাষ্ঠাগার, পুং. [কাষ্ঠ+আগার] দারুময়-গৃহ, দার্ব্বাগার।
কাষ্ঠাম্বুবাহিনী, স্ত্রী. [কাষ্ঠ+অম্বু+বাহিনী] কাষ্ঠনির্ম্মিত ছিন্নাগ্র নৌকাকৃতি জল-সেচনী, দ্রোণী, কাষ্ঠকুদ্দাল, তৎপর্য্যায়। অম্বুসেচনী, দ্রোণী, অভ্রি, সেকপাত্র, সেচন, সেক্ত, অবগল, নৌকার জল-সেচনী, সেঁওতী, কেটো।
কাষ্ঠাসন, ন. [কাষ্ঠ+আসন] পীঠ, পিণ্ডিকা পাদপ, দার্ব্বাসন। [বিশিষ্ট।
কাষ্ঠী, ত্রি. [কাষ্ঠ+ইন্] দারুময়, কাষ্ঠ-
কাষ্ঠীল, পুং. [কা+অষ্ঠি+ল] রাজার্কবৃক্ষ
কাষ্ঠীলা, স্ত্রী. [কাষ্ঠীল+আ] কদলীবৃক্ষ।
কাষ্ফি, (প্রা) শাকপ্রভেদ
কাস, পুং. [কাস্+অ] রোগবিশেষ, ক্ষবথু, কাসী; কাশভৃণ; শোভাঞ্জন।
কাসকন্দ, পুং. [কাস+কন্দ] কাসালু।
কাসকর, ত্রি. [কাস+কর] কফকর, শ্লেষ্মাকর; প্রতিশ্যায়জনক।
কাসকুণ্ঠ, ত্রি. [কাস+কুণ্ঠ] শ্লেষ্মাযুক্ত; (পুং.) যম।
কাসঘ্ন-কাসঘ্নক, ত্রি. [কাস+ঘ্ন-ক] বাসক; শ্লেষ্মাঘ্ন, কফঘ্ন। [বাসক।
কাসঘ্নী, স্ত্রী. [কাসঘ্ন+ঈ] কণ্টকারীবৃক্ষ,
কাসজিৎ, স্ত্রী. [কাস+জিৎ] ভার্গীবৃক্ষ।
কাসন, (প্রা) গলকণ্ডূয়ন, খুষণ, খুক্কাণ, কাসিকরণ।
কাসনাশিনী, স্ত্রী. [কাস+নাশিনী] কর্কট-শৃঙ্গীবৃক্ষ; শ্লেষ্মাসংহারিণী।
কাসনী, (প্রা) পক্ষীবিশেষ।
কাসন্দা, (প্রা) লতাবিশেষ।
কাসন্দী, (প্রা) সর্ষপচূর্ণ আম্রচূর্ণ এবং তিন্তিড়ী লবণ মিশ্রিত আচার, কাসুন্দ।

কাসন্দীবটিকা, স্ত্রী. [কাসন্দী + বটিকা] বেশবারবিশেষ, গোটাকাসুন্। [র্ত্তিত।

কাসপীড়িত, ত্রি. [কাস+পীড়িত] শ্লেষ্মা-

কাসমর্দ্দ-কাসমর্দ্দক, পুং. [কাস+মর্দ্দ-ক] বেশবারবিশেষ, কাসুন্দী; পেষিত জলমিশ্রিত বস্ত্রগলিত; বেসবার; গুল্মভেদ, কাল্কাসুন্দা, তৎপর্য্যায়।—অরিমর্দ্দ, কাসারি, কাসমর্দ্দক, কাল, কনক, জরন, দীপন

কাসমর্দ্দন, পুং. [কাস+মর্দ্দন] পটোল।

কাসর, পুং. [ক+আসর] মহিষ।

কাসার, পুং. [কাস+আর] পদ্মযুক্ত কিম্বা পদ্মবিহিন মহাজলাশয়, সরোবর।

কাসারি, পুং. [কাস+অরি] কাসমর্দ্দ।

কাসালু, পুং. [কাস+আলু] কোঙ্কণদেশে প্রসিদ্ধ আলুবিশেষ, চুপুড়ীআলু, তৎপর্য্যায়।—কাসকন্দ, কন্দালু, আলুক, আলু, বিশালপত্র, পত্রালু।

কাসী, (প্রা) কাস, কফ, শ্লেষ্মা।

কাসীদ্, (যাং) বার্ত্তাবহ; চর।

কাসীস, ন. [কাস+ইস] উপধাতুবিশেষ, হিরাকসী, তৎপর্য্যায়।—ধাতুকাসীস, খেচর, ধাতুশেখর, কেসর, হংসলোমশ শোধন, পাংশুকাসীস, শুভ্র।

কাসুন্দীবটিকা, স্ত্রী. [কাসুন্দী+বটিকা] বেশবার বিশেষ, গোটাকাসুন।

কাসুয়া, (প্রা) কাসরোগী, কফী, কেসোরোগা।

কাসূ, স্ত্রী. [কাস+উ] বিকলবাক্; দীপ্তি; ভাষা; রোগ; বুদ্ধি; শক্তাস্ত্র।

কাসূতরী, ত্রি. [কাসূ+তরী] শলা, শলাকা, সাং, বড়ষী। [নাস্ত্রবিশেষ।

কাস্তিয়া, (প্রা) দাত্র, শস্যকর্ত্তনী, ধান্যছেদ-

কাস্তিয়াচোরা, (প্রা) পক্ষীবিশেষ।

কাহকা, স্ত্রী. [কাহক+আ] কাহলাবাদ্য।

কাহণ, (প্রা) কার্যাপণ, ষোড়শপণ, ১২৮০ কড়া।

কাহল, ন. [ক+আহল] অব্যক্তবাক্য; (পুং.) কুক্কুট; শব্দমাত্র; বিড়াল; বৃহৎঢক্কা, মহানাদ; (ত্রি.) শুষ্ক; ভৃশ, বৃহৎ; খল।

কাহলা, স্ত্রী. [কাহল+আ] বাদ্যভাণ্ডভেদ; অপ্সরবিশেষ।

কাহলাপুষ্প, পুং. [কাহলা+পুষ্প] ধুস্তূর।

কাহলী, স্ত্রী. [কাহল+ঈ] তরুণী, যুবতী।

কাহান, (প্রা) কাঁটালবৃক্ষ।

কাহার, (প্রা) স্কন্ধবাহক, বাহক, বাহী, যান বাহক, বেহারা; কস্য, কোনব্যক্তির।

কাহারক, পুং. [কাহার+ক] শিবিকাবাহক কাতি, কাহার, বেহারা

কাহিনী, (প্রা) ইতিহাস, বিবরণ, উপাখ্যান, কথা, পরিকথা, উদন্ত, বৃত্তান্ত, চরিত্র, কথানক, উপকথা, কথাপ্রবন্ধ, কথানুবন্ধ, আখ্যায়িকা, বার্ত্তা, প্রস্তাব, গল্প।

কাহিল্, (যাং) দুর্ব্বল, ক্ষীণ।

কাহী, স্ত্রী. [কাহ+ঈ] কুটজবৃক্ষ।

কাহু-কাহুয়া, (প্রা) অর্জ্জুনবৃক্ষ।

কাক্ষ, পুং. [ক+অক্ষ] কটাক্ষ, অপাঙ্গদৃষ্টি, ঈষদ্দৃষ্টি; কুৎসিতনেত্র।

কাক্ষী, স্ত্রী. [কাক্ষ+ঈ] তুবরিকা, অড়র; সৌরাষ্ট্রমৃত্তিকা।

কাক্ষীব-কাক্ষীবক, পুং. [কা+অক্ষীব-ক] শোভাঞ্জনবৃক্ষ।

কি, (প্রা) জিজ্ঞাসাবোধক শব্দ; প্রশ্নসূচক শব্দ, আশ্চর্য্য বা বিস্ময়বোধক শব্দ

কিউ, (প্রা) বৃক্ষবিশেষ।

কিং-কিম্, ব্য. জিজ্ঞাসার্থ; কি।

কিংখাব্, (যাং) সুবর্ণ ও রৌপ্য তন্তুযুক্তবস্ত্র, কার্ম্মিকবস্ত্র। [বাণ; কঙ্কপক্ষী।

কিংশারু, পুং. [কিং+শারু] শস্যশূক, শুঁয়া;

কিংশুক-কিংশুলুক, পুং. [কিং+শুক-শুলুক] পলাশবৃক্ষ; নন্দীবৃক্ষ। [ফল।

কিকি, পুং. [কি+কি] কিকীদিবি; নারিকেল

কিকিণী, স্ত্রী. [কি+কিণী] ক্ষুদ্রঘণ্টিকা।

কিকিদিব, পুং. [কিকি+দিব] চাষপক্ষী,।

কিকিদিবি, পুং. [কিকি+দিবি] চাষপক্ষী।

কিকিদীবি, পুং. [কিকি+দীবি] চাষপক্ষী।

কিকী, স্ত্রী. [কিক+ঈ] চাষপক্ষী।

কিকীদিব, পুং. [কিকী+দিব] চাষপক্ষী।

কিকীদিবি, পুং. [কিকী+দিবি] স্বর্ণচাতক, সোণাচড়া, নীলকণ্ঠ, তৎপর্য্যায়।—

কিকিদীব, স্বর্ণচূড়, চাষ, চাস, কিকীদিব, কিকীদীবি, কিকী, দিবি, কিকি, কিকিদিব।

কিকীদীবি, পুং. [কিকী+দীবি] চাষপক্ষী।

কিখি, স্ত্রী. [কি+খি] লঘুশৃগাল, খ্যাঁকৃশিয়ালি; (পুং.) কপি, বানর।

কিঙ্কর, ত্রি. [কিং+কর] দাস, ভৃত্য।

কিঙ্করী, স্ত্রী. [কিঙ্কর+ঈ] অধীনা, দাসী কর্ম্মচারিণী।

কিঙ্কিণ-কিঙ্কিণি, স্ত্রী. [কিং+কিণ-ই] কট্যাভরণবিশেষ, ঘাঘর, তৎপর্য্যায় —ক্ষুদ্রঘণ্টিকা, কঙ্কণী, কিঙ্কিণিকা, কিঙ্কিণি, ক্ষুদ্রঘণ্টী, প্রতিসারা, কিঙ্কিণীকা, কঙ্কণিকা, ঘর্ঘরী; বিকঙ্কতবৃক্ষ, বঁইচিগাছ

কিঙ্কিণিকা-কিঙ্কিণী, স্ত্রী. [কিঙ্কিণি+কা-ই] কট্যাভরণবিশেষ, ঘাঘর; বিকঙ্কতবৃক্ষ, বঁইচিগাছ।

কিঙ্কির, ন. [কিং+কির] গজকুম্ভ; (পুং.) কোকিল; ভ্রমর, ঘোটক; কামদেব।

কিঙ্কিরা, স্ত্রী. [কিঙ্কির+আ] রক্ত।

কিঙ্কিরাত, পুং. [কিঙ্কির+অত] অশোকবৃক্ষ; কামদেব; শুকপক্ষী; কোকিল; রক্তাম্লান, রাঙ্গাঝাঁটী; পুষ্পবৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—হেমগৌর, পীতক, পীতভদ্রক, বিপ্রলোভী, পীতাম্লান, ষট্পদানন্দ।

কিঙ্কিরাল, পুং. [কিং+কিরাল] বর্ব্বূরবৃক্ষ।

কিঙ্কিরী, পুং. [কিং+কিরিন্] বিকঙ্কতবৃক্ষ, বঁইচিগাছ।

কিঙ্কিল, ব্য. [কিং+কিল] কিং নিশ্চয়, কিং সত্য, যথার্থ কি।

কিচক, পুং. [কি+চক] সরন্ধ্রকবংশ, বায়ুসংযোগে শব্দবিশিষ্ট বংশ; কেকয়রাজপুত্র।

কিচড়, (প্রা) পঙ্ক, কর্দ্দম, কাদা।

কিচিরকিচির-কিচিরমিচির, (প্রা) বানরধ্বনি; পক্ষীধ্বনি। [ব্যক্তধ্বনি।

কিচ্‌কিচ্‌-কিচ্‌কিচনি, (প্রা) বানরাদির অকিচা, (প্রা) কর্দ্দম, কাদা, পঙ্ক।

কিচ্‌মিচ, (প্রা) পক্ষীবৎধ্বনি; বানরদিগের ধ্বনি; অব্যক্তধ্বনি; দ্রাক্ষাবিশেষ।

কিছু, (প্রা) কিঞ্চিৎ, কিয়ৎ, অল্প, যৎকিঞ্চিৎ, কতক, কয়েক, কমবেশ, ঈষৎ, কিঞ্চিদংশ, অল্পায়তন, একটুকু। [ঞ্চিৎ।

কিছুকিছু-কিছুমিছু, (প্রা) অল্পভাগ, যৎকি-

কিজাত, (প্রা) কিপ্রকার, কেমন, কিরূপ।

কিজানি, (প্রা) বুঝি, পাছে, আশঙ্কার্থ, হয়তো, কদাচিৎ, হয়বা, হইতে পারে, ঠাহর। [স্তর; আরো।

কিঞ্চ, ব্য. [কিং+চ] আরম্ভ; সাকল্য; অবা-

কিঞ্চন, পুং. [কিং+চন] হস্তিকর্ণপলাশ; (ব্য.) অসাকল্য, অকাৎর্স্ন্য, কোনবস্তু, অল্প, কিছু, কোন, কিঞ্চিৎ, অনধিক, ঈষৎ, অসমগ্র, কিয়ৎ, স্বল্প।

কিঞ্চনতা, স্ত্রী. [কিঞ্চন+তা] কিঞ্চিৎ, কিছু, অল্পতা। [অসাকল্য।

কিঞ্চিৎ, ব্য. [কিং+চিৎ] অল্প, ঈষৎ, মনাক্,

কিঞ্চিৎপরে, (প্রা) ক্ষণকালান্তরে।

কিঞ্চিদপেক্ষা, ব্য. [কিঞ্চিৎ+অপেক্ষা] শীঘ্র, অবিলম্বে, প্রায়; কিছু অপেক্ষা।

কিঞ্চিন্মাত্র, ব্য. [কিঞ্চিৎ+মাত্র] অত্যল্প, যৎকিঞ্চিৎ

কিঞ্চিলিক, পুং. [কিং+চল্+ইক] কিঞ্চুলুক।

কিঞ্চুলুক, পুং. [কিং+চল+উক] কীটবিশেষ, মহীলতা, গণ্ডূপদ, ক্রমি, কেঁচো।

কিঞ্জ, ন. [কিম্+জ] কিঞ্জল্ক; পদ্মাদির কেশ।

কিঞ্জল, পুং. [কিম্+জল] কিঞ্জল্ক।

কিঞ্জল্ক, ন. [কিম্+জল্ক] নাগকেশরপুষ্প, পদ্মাভ্যন্তরস্থ কেশাকার কর্হাটক বেষ্টন, তৎপর্য্যায়।—কেশর, মকরন্দ, পদ্মকেশর, কিঞ্জ, পীতপরাগ, তুঙ্গ, চাম্পেয়ক, কেসর, (পুং.) কেশর।

কিট্‌কিট্, (প্রা) মল, মূত্র, কফাদি।

কিটি, পুং. [কীট+ই] শূকর।

কিটিভ, পুং. [কিটি+ভ] কেশকীট, উকুণ।

কিট্ট, ন. [কিট্+ট] মল, বিট, বিষ্ঠা।

কিট্টবর্জ্জিত, ন. [কিট্ট+বর্জ্জিত] শুক্র, রেতঃ, বীর্য্য।

কিট্টাল, পুং. [কিট্ট+অল] তাম্রকলস; লোহগূথক, লোহমল; ধাতুপ্রভৃতি দ্রব্যের ত্যাজ্যাংশ, গাদ, খাদি, ময়লা।

কিট্‌মিট্ (প্রা) দন্তেরঘর্ষণধ্বনি; অব্যক্তশব্দ।
কিড়্‌কিড়্-কিড়্‌কিড়মি, (প্রা) দণ্ডেরধ্বনি; অব্যক্তশব্দ।
কিণ, পুং. [কি+ণ] মাংসগ্রন্থি, তিল; নির্ঘর্ষণজব্যথাচিহ্ন, ক্ষতচিহ্ন, অঙ্গকা; ঘুণ।
কিণন, (প্রা) ক্রয়ণ, মূল্যদেওন, ক্রয়করণ, মূল্যদ্বারা গ্রহণ
কিণি-কিণিহী, স্ত্রী. [কিণ+ই]অপামার্গবৃক্ষ।
কিণ্ট, (প্রা) মল, গাদ।
কিণ্ব, পুং. ন. [কিণ্‌+ব] সুরাবীজ, ফেণ; (ন.) পাপ, দুরিত।
কিং, ব্য, অবজ্ঞাবোধক শব্দ।
কিতব, পুং. [কি+তব] অক্ষদেবী; ধুস্তূর; মত্ত; বঞ্চক; খল; রোচননাম গন্ধদ্রব্য।
কিতা. (যাং) অংশ, ভাগ, খণ্ড।
কিতাব্, (যাং) পুস্তক, বহি।
কি না, (প্রা) অর্থাৎ, সন্দেহবোধক; প্রশ্নার্থ।
কিনারা, (যাং) নদীর তট, পার্শ্ব। [ড়সা।
কিন্তনু, পুং. [কিং+তনু] অষ্টপাদ, মাক-
কিন্তমাম্, ব্য.[কিং+তম+আম্]পৃষ্টৈকতম, দুয়ের মধ্যে কে বা কোনটা।
কিন্তরাম্, ব্য. [কিং+তর+আম্] পৃষ্টৈকতর; অতিকুৎসিতরূপ।
কিন্তু, ব্য. [কিং+তু] কিম্পুনঃ, প্রাগুক্তি বিরুদ্ধার্থ, পরন্তু, অথবা, অধিকন্তু ভিন্ন, তথাপি, ব্যতিরিক্ত; ক্ষোভিত।
কিন্তুঘ্ন, পুং. [কিন্তু+ঘ্ন] ববাদিএকাদশ করণান্তর্গত শেষকরণ।
কিন্ধী, পুং. [কিন্ধ+ইন্] অশ্ব।
কিন্নর, পুং.স্ত্রী. [কিং+নর] স্বনামখ্যাত দেবযোনি, কিম্পুরুষ, তুরঙ্গবদন, অশ্বমুখ, গীতমোদী, হরিণনর্ত্তক; ময়ুর; বানর; কুৎসিৎ পুরুষ, অর্হদুপাসকবিশেষ; স্বর্গেরগায়ক।
কিন্নরবর্ষ, পুং. [কিন্নর+বর্ষ] নববর্ষান্তর্গত কিম্পুরুষ বর্ষবিশেষ। [অপ্সরী।
কিন্নরী, স্ত্রী. [কিন্নর+ঈ] স্বর্গবিদ্যাধরী,
কিন্নরেশ-কিন্নরেশ্বর, পুং. [কিন্নর+ঈশ-ঈশ্বর] কুবের। [সাদৃশ্য, করণ।
কিন্নু, ব্য, [কিম্‌+নু] প্রশ্ন; বিতর্ক; স্থান;
কিপর্য্যন্ত, ব্য. [কি+পর্য্যন্ত] কি অবধি, কি সীমা, কতদূর, কতকাল।
কিপ্রকার, ব্য. [কি+প্রকার] কিজাত, কাদৃশ
কিফাইৎ, (যাং) লভ্য; জীবনোপায়।
কিবা, ব্য. [কি+বা] কি, কিআশ্চর্য্য, প্রশ্নার্থ, আশ্চর্য্যার্থ।
কিম্, ব্য. কুৎসা; বিতর্ক; নিষেধ; প্রশ্ন; (ত্রি.) ক্ষেপ; বিতর্ক; নিন্দা; পরিপ্রশ্ন।
কিমত, (প্রা) কিপ্রকার, কেমন, কিরূপ।
কিমতে, (প্রা) কিপ্রকারে, কেনোপায়ে।
কিমর্থং, ব্য.[কিম্+অর্থম্]কিনিমিত্ত, যস্মাৎ, কিজন্য, কিকারণ।
কিমর্থে, ব্য. [কিম্+অর্থে] কিপ্রয়োজনে, কিজন্যে, কেন, কিকারণে।
কিমাকার, ত্রি. [কিম্+আকার] কিরূপ, কিপ্রকার, অদ্ভুতাকৃতি। [কিইচ্ছুক।
কিমিচ্ছক, পুং. [কিম্+ইচ্ছক] ব্রতবিশেষ;
কিমিয়া (যাং) রসায়ন বিদ্যা।
কিমু, ব্য, [কিম+উ] সম্ভাবনা; বিমর্ষ।
কিমুত, ব্য. [কিম্+উত] প্রশ্ন; বিতর্ক; বিকল্প; অতিশয়।
কিম্পচ-কিম্পচান, ত্রি. [কিম্+পচ-পচান] অদাতা, কৃপণ, ধনব্যয়কুণ্ঠ।
কিম্পাক, ত্রি. [কিং+পাক] মাতৃশাসিত; (পুং.) মহাকাললতা, মাকালগাছ।
কিম্পুনঃ, ব্য. [কিং+পুনর্] কিমুত, কুতঃ, পুনঃ।
কিম্পুরুষ, পুং. [কিম্+পুরুষ] কিন্নর; লোকভেদ; জম্বুদ্বীপের নবখণ্ডান্তর্গতহিমাচল এবং হেমকুটের মধ্যবর্ত্তিবর্ষ; (ত্রি.) কুৎসিতপুরুষ। [বের।
কিম্পুরুষেশ্বর, পুং. [কিম্পুরুষ+ঈশ্বর] কু-
কিম্পূরুষ, ন. [কিম্+পুরুষ] কিম্পুরুষবর্ষ।
কিম্বদন্তি-কিম্বদন্তী, স্ত্রী. [কিম্+বদন্তি-ন্তী] জনশ্রুতি, লোকপ্রবাদ, জনরব।
কিম্বা, ব্য. [কিম্+বা] বিকল্প, অথবা, তৎপর্য্যায়।—উতাহো, যদিবা, যদ্বা, নেতি, বাপি, অন্যথা, ইতরথা, আহোস্বিৎ, নোচেৎ নচেৎ, ইতরতঃ, অন্যতঃ, পরতঃ,

অন্য, এতদ্ভিন্না, এতদ্ব্যতিরেকেণ, অনেব।

কিম্বান্, ত্রি. [কিং+বৎ] দরিদ্র, নির্দ্ধনী।

কিম্বরা, স্ত্রী. [কিম্বর+আ] নলীনাম গন্ধদ্রব্য।

কিম্ভূত, ত্রি. [কিম্+ভূত] কি, কিপ্রকার, কিমাকার, কীদৃশ, কিমাচার; (ন.) কেবল।

কিম্ভূতকিমাকার, (প্রা) কুৎসিত আকৃতিবিশিষ্ট, যৎকুৎসিৎ।

কিয়ৎ, ত্রি. [কিং+য়ৎ] কি পরিমাণ, কিঞ্চিৎ, কতি, কত, কিছু, অল্প।

কিয়ৎকাল, ব্য. [কিয়ৎ+কাল] কিয়ন্তকাল, কতিকাল, কিয়চ্চির।

কিয়দ্দিন, ব্য, [কিয়ৎ+দিন] কতিপয় দিবস।

কিয়দেতিকা, স্ত্রী. [কিয়ৎ+ইতিকা] উৎসাহ, উদ্যোগ।

কিয়দেহিকা, স্ত্রী. [কিয়ৎ+ইহ+ইকা] চেষ্টা, উদ্যম।

কিয়দ্দূর, ত্রি. [কিয়ৎ+দূর] সন্নিকট, অনতিদূর।

কিয়ান্, ব্য. কিয়ৎ।

কিয়াহ, পুং. [কিয়+আহ] রক্তবর্ণঘোটক, রাঙ্গাঘোড়া।

কির, পুং. [কৃ+অ] শূকর; (ত্রি.) বিকীর্ণ, ছড়াওন।

কিরক, পুং. [কির+ক] লেখক, লিপিকর।

কিরণ, পুং. [কৃ+অন] সূর্য্য; সূর্য্যরশ্মি, চন্দ্রসূর্য্যরশ্মি, রত্নরশ্মি; সামান্যরশ্মি, উর্দ্ধস্ফুরদ্রত্ন গভস্তি,তৎপর্য্যায়—রশ্মি, অস্র, ময়ূখ, অংশু, গভস্তি, ত্বিট্ দ্যুতি, ঘৃণি, আভা, ধৃষ্ণি, ভানু, কর, মরীচি, দীধিতি,বিভা, রুক্,ভা, অভীশু, অভীষু, অর্কত্বিট্, পাদ, উস্র, তেজঃ, ছবি, মহ, দীপ্তি,জ্যোতিঃ, রুচি,ত্বিষি,বিভা, অর্চ্চিঃ, শিপি, পৃষ্টি; সহ, রোচিঃ, শোচিঃ, ঘৃণি, বীচি,উপধৃতি,পৃশ্নি, স্যোন, স্যম, ত্বিষা, প্রকাশ, ঋষি, প্রভা, আলোক, বসু, ভাম, আতপ, দ্যোত, ওজ, ঘর্ম্ম, লোক, ভাস্, হেতি, ধাম, বর্চ্চ, শুষ্ম।

কিরণ, (প্রা) কাটন, লোপন।

কিরণময়, ত্রি. [কিরণ+ময়] অংশুমান্, উজ্জ্বল, মরীচিমালী।

কিরণমালী, পুং. [কিরণ+মালিন্] সূর্য্য।

কিরণরহিত, ত্রি. [কিরণ+রহিত] নিষ্প্রভ, ঘোর; রাহু।

কিরণহস্ত, পুং. [কিরণ+হস্ত] সূর্য্য।

কিরন্, ত্রি. [কৃ+অৎ] বিস্তৃত, বিকীর্ণিত।

কিরা, (প্রা) শপথ, দিব্য, সগুন্, কসম, হলফ।

কিরাট, (প্রা) বেপারী; কৃপণ, অদাতা।

কিরাত, পুং. [কৃ+অত] ম্লেচ্ছভেদ, চুয়াড়; ব্যাধ; ভূনিম্ব; অল্পতনু, খর্ব্ব; অশ্বরক্ষক, অশ্বপাল, সইস; শিব।

কিরাতক, পুং. [কিরাত+ক] ভূনিম্ব।

কিরাততিক্ত, পুং. [কিরাত+তিক্ত] বৃক্ষবিশেষ, চিরাতা, তৎপর্য্যায়।—ভূনিম্ব, অনার্য্যতিক্ত, কৈরাত, কাণ্ডতিক্তক, কিরাতক, চিরতিক্ত, চিরাতিক্ত, তিক্তক, সুতিক্তক, কটুতিক্ত, রামসেনক।

কিরাতাশী, পুং. [কিরাত+অশিন্] গরুড়পক্ষী।

কিরাতি, স্ত্রী. [কৃ+অত+ই] গঙ্গা।

কিরাতিনী, স্ত্রী. [কিরাতিন+ঈ] জটামাংসী।

কিরাতী, স্ত্রী. [কিরাত+ঈ] দুর্গা; গঙ্গা; কুট্টিনী; স্বর্গগঙ্গা।

কিরি, পুং. [কৃ+ই] শূকর।

কিরিটি, ন. [কিরিট+ই] হিন্তালফল, হেঁতালের ফল।

কিরীচ্, (যাং) অস্ত্রবিশেষ, বর্ষা।

কিরীট, পুং.ন. [কৃ+ঈট] মুকুট, চূড়া, শিরোভূষণ; কলগা।

কিরীটধারণ-কিরীটধারী, ন. ত্রি. [কিরীট+ধারণ-ধারিন্] মুকুটধারী।

কিরীটী, পুং. [কিরীট+ইন্] অর্জ্জুন; শঙ্খপুষ্পী; (ত্রি.) কিরীটযুক্ত।

কিরূপ, (প্রা) কিপ্রকার, কেমন, কিজাত, কীদৃশ।

কিরকির, (প্রা) বালুকাময়ত্ব।

কিরকিরা, (প্রা) নাসিকালঙ্কারবিশেষ

কির্ম্মি, স্ত্রী. [কৃ+মন্+ঈ] পলাল; গৃহ; স্বর্ণপুত্তলিকা; লোহপুত্তলিকা।

কির্ম্মীর, পুং. [কৃ+ম+ঈর] নাগরঙ্গবৃক্ষ; রাক্ষসবিশেষ, কর্ব্বুরবর্ণ; (ত্রি.) চিত্রবিচিত্রিত।

কির্ম্মীরজিৎ, পুং. [কির্ম্মীর+জিৎ] ভীমসেন।
কির্ম্মীরত্বক্‌, পুং. [কির্ম্মীর+ত্বচ্‌] নারঙ্গ-বৃক্ষ।
কির্ম্মীরভিদ্‌ কির্ম্মীরসূদন, পুং. [কির্ম্মীর+ভিৎ-সূদন] ভীমসেন।
কির্ম্মীরিত, ত্রি. [কির্ম্মীর+ইত] নানাবর্ণযুক্ত, চিত্রবিচিত্রিত। [অনুনয়ার্থ।
কিল, ব্য. [কিল্‌+অ] বার্ত্তা; সম্ভাব্য; নিশ্চয়;
কিল্‌. (প্রা) বদ্ধমুষ্টি।
কিলকিঞ্চিত, ন. [কিল+কিঞ্চিত] হাব, শৃঙ্গার ভাবজাক্রিয়াবিশেষ
কিলকিলা, স্ত্রী. [কিল+কিলা] হর্ষধ্বনি, হর্ষ-স্বন, কিল্‌কিলশব্দ।
কিল্‌দাগড়া, (প্রা) কঠিন, কর্কশ, শক্ত, দৃঢ়, কড়াপড়া।
কিলা, (প্রা) মুষ্ট্যাঘাত
কিলাট, পুং.স্ত্রী. [কিল+আট] ক্ষীরবিকৃতি; দুগ্ধবিকার; আমিক্ষা, ছানা।
কিলাটী, স্ত্রী. [কিলাট+ইন্‌] ক্ষীরবিকৃতি; কুর্চ্চিকা; (পুং.) বংশ, বাঁশ।
কিলান-কিলানী, (প্রা) দৃঢ় মুষ্ট্যাঘাত।
কিলাস, ন. [কিল+আস] রোগবিশেষ, ছুলী, সিধ্মা, সিধ্ম, ত্বকপুষ্প, ত্বকপুষ্পী।
কিলাসঘ্ন, পুং. [কিলাস+ঘ্ন] বৃক্ষবিশেষ, কাঁকরোল, কর্কোটক, তিক্তপত্র, সুগন্ধক।
কিলাসী, ত্রি. [কিলাস+ইন্‌] কিলাসরোগ-যুক্ত, সিধ্মল।
কিলিঞ্চ-কিলিঞ্জ, পুং.[কিলিম্‌+চ] সূক্ষ্মদারু।
কিলিঞ্জক, পুং. [কিলিঞ্জ+ক] কাশাদিরজ্জু, কাশিয়ারদড়ী, তৃণরচিতটাটী, কট।
কিলিম, ন. [কিল্‌+ইম] দেবদারু।
কিল্‌কিল্‌, (প্র) ভুরি ভুরি মনুষ্য কিম্বা পশ্বাদির একত্রিত গমনাগমন।
কিল্লা (যাং) দুর্গ, কোটা।
কিল্বিষ, ন. [কিল্‌+বিষ] পাপ; অপরাধ; রোগ।
কিল্বিষী, ত্রি. [কিল্বিষ+ইন্‌] অধার্ম্মিক, পাপী, অপরাধী, রোগী।
কিল্বী, পুং. [কিল্ব+ইন্‌] ঘোটক।
কিশল-কিশলয়, ন. পুং. [কি+শল্‌-অয়] পল্লব, নূতনপত্র, নবপল্লব। [শয্যা।
কিশলয়তল্প, পুং. [কিশলয়+তল্প] নবপল্লব-
কিশোর, পুং. [কি+শৃ+ওর] অশ্বশিশু; শাবক; তৈলপর্ণোষধি; সূর্য্য; তরুণাবস্থা অর্থাৎ ষষ্ঠ বর্ষাবধি দশম বর্ষ পর্য্যন্ত বয়স্ক; (ত্রি.) যুবা; বালসম্বন্ধী।
কিশ্‌তী, (যাং) নৌকা; চতুরঙ্গক্রীড়ার পরিণায়বিশেষ।
কিশ্‌মিশ্‌, (যাং) দ্রাক্ষাবিশেষ।
কিষ্কিন্ধ, পুং. [কিষ্ক+ইন্ধ] ওড্রদেশস্থ পর্ব্বত বিশেষ; তৎপর্ব্বতস্থগুহা।
কিষ্কিন্ধী, স্ত্রী. [কিষ্কিন্ধ+ঈ] কিষ্কিন্ধ পর্ব্বতস্থ গুহা, কিষ্কিন্ধা।
কিষ্কিন্ধ্য, পুং. [কিষ্কিন্ধ+য] স্বনামখ্যাত পর্ব্বত।
কিষ্কিন্ধ্যা, স্ত্রী. [কিষ্কিন্ধ্য+আ] কিষ্কিন্ধ্য পর্ব্বত গুহা; বালিনামক বানরের রাজধানী।
কিষ্কিন্ধ্যাধিপ, পুং. [কিষ্কিন্ধ্যা+অধিপ] বালিনাম বানররাজ, ইন্দ্রপুত্র।
কিষ্কু, পুং.স্ত্রী. [ক+ইষ্কু] বিতস্তি, দ্বাদশাঙ্গুলি পরিমাণ; প্রকোষ্ঠ, কফোণির অধো মণিবন্ধপর্য্যন্ত; হস্ত; (ত্রি.) কুৎসিত, নীচ।
কিষ্কুপর্ব্বা, পুং.[কিষ্কু+পর্ব্বন্‌] ইক্ষু; বেণু; পোটগল, নল।
কিসল-কিসলয়, ন. পুং.[কি+সল্‌-অয়] পল্লব, নবীনপত্র, নূতনপত্র।
কীকট, পুং. [কীক+অট] ঘোটক; দেশভেদ; (ত্রি.) নির্দ্ধন, কৃপণ। [বেহার।
কীকটা, স্ত্রী. [কীকট+আ] দেশবিশেষ,
কীকস, ন, [কী+কস] অস্থি; (পুং.) কৃমিজাতি; (ত্রি.) কর্কশ, দৃঢ়, কঠিন।
কীকসাস্য, পুং. [কীকস+আস্য] পক্ষী।
কীকি, পুং. [কী+কি] কিকি, চাষপক্ষী।
কীচক, পুং. [কীচ+ক] বায়ুসহযোগে শব্দকর বাঁশ; বিপুলান্তর সরন্ধ্রকবংশ; রাক্ষসবিশেষ; দৈত্যভেদ; বৃক্ষবিশেষ; নল; কেকয়রাজপুত্র, বিরাটরাজার শ্যালক।

কীচকজিৎ, পুং. [কীচক+জিৎ] ভীমসেন।
কীচকনিসূদন, পুং. [কীচক+নিসূদন] ভীমসেন।
কীচকভিৎ, পুং. [কীচক+ভিদ্] ভীমসেন।
কীট, পুং. [কীট্+অ] কৃমিজাতি, পোকা।
কীটক, পুং. [কীট+ক] মাগধজাতি; কৃমিজাতি; ভাট; (ত্রি) নিষ্ঠুর
কীটঘ্ন, পুং. [কীট+ঘ্ন] গন্ধক।
কীটজ, ন. [কীট+জ] কৃমিজ, রেসম।
কীটজা, স্ত্রী. [কীটজ+আ] লাক্ষা।
কীটদংশিত, ত্রি. [কীট+দংশিত] কীটনিষ্কুষিত।
কীটনিষ্কুষিত, ত্রি. [কীট+নিষ্কুষিত] পোকায় কাটা, কীটদংশিত।
কীটপক্ষোদ্ভব, পুং. [কীট+পক্ষ+উদ্ভব] গুটিকাপোকার কায়া পরিবর্ত্তন।
কীটপাদিকা, স্ত্রী. [কীট+পাদিকা] হংসপদীবৃক্ষ।
কীটমাতা-কীটমারী, স্ত্রী. [কীট+মাতা-মারী] হংসপদীবৃক্ষ।
কীড়া, (প্রা) কীট, কৃমি।
কীড়ের, পুং. [কীড়+এর] তণ্ডুলীয় শাক।
কীদৃক্-কীদৃশ, ত্রি. [কিম্+দৃশ্] কিপ্রকার, কিম্ভূত, কেমন।
কীনাশ, পুং. [কী+নাশ] যম; বানরবিশেষ; মহিষ; নীচব্যক্তি; (ত্রি.) কর্ষক; ক্ষুদ্র; পশুঘাতী; কৃপণ।
কীর, ন. [কী+ঈর] মাংস; (পুং.) শুকপক্ষী।
কীরক, পুং. [কীর+ক] বৃক্ষভেদ; ক্ষপণক; প্রাপণ। [সুগন্ধিদ্রব্য।
কীরবর্ণক, ন. [কীর+বর্ণক] স্থৌণেয়কনাম
কীরা, পুং. [কীর+আ] কাশ্মীরদেশ এবং তদ্দেশস্থব্যক্তি।
কীরাট, (প্রা) কৃপণ, অদাতা; লোভী।
কীরেষ্ট, পুং. [কীর+ইষ্ট] আম্রবৃক্ষ; জলমধূকবৃক্ষ; আখোটবৃক্ষ
কীর্ণ, ত্রি. [কৄ+ন] আচ্ছন্ন; বিক্ষিপ্ত; হিংসিত; পরিপূর্ণিত। [দন।
কীর্ণি, স্ত্রী. [কৄ+নি] নিক্ষেপংক্ষেপ, আচ্ছা-
কীর্ণি, (প্রা) ভক্ষ্যফলবিভেদ।

কীর্ত্তন, ন. [কৄৎ+অন] কথন, বচন, বর্ণন; যশোবর্ণন।
কীর্ত্তনা, স্ত্রী. [কীর্ত্তন+আ] যশঃ
কীর্ত্তনীয়া, (প্রা) গায়ক, গুণকথক, যশোবর্ণনকারী। [নীয়, শ্লাঘ্য।
কীর্ত্তনীয়, ত্রি. [কৄৎ+অনীয়] প্রশংস্য, স্তব-
কীর্ত্তন্য, ত্রি. [কীর্ত্তন+য] প্রশংসোপযুক্ত, শ্লাঘ্য। [কীর্ত্তনকারী।
কীর্ত্তনা, (প্রা) জয়সূচক, গাথক, গায়ক,
কীর্ত্তি, স্ত্রী. [কৄৎ+তি] সুখ্যাতি, যশঃ, তৎপর্য্যায়।—সমজ্ঞা, সমাজ্ঞা, সমাখ্যা, সমজ্যা, অভিখ্যা, শ্লোক, বর্ণ, কীর্ত্তনা, নেকনামী; প্রসাদ; শব্দ; দীপ্তি; মাতৃকাবিশেষ; বিস্তার; কর্দ্দম। [যশস্য।
কীর্ত্তিকর, ত্রি. [কীর্ত্তি+কর] সুখ্যাতিকর,
কীর্ত্তিগাথক, পুং. [কীর্ত্তি+গাথক] যশঃগায়ক। [উক্ত।
কীর্ত্তিত, ত্রি. [কৄৎ+ইত] কথিত, খ্যাত,
কীর্ত্তিপতাকা, স্ত্রী. [কীর্ত্তি+পতাকা] সৎকর্ম্মের ধ্বজা, সৎক্রিয়ার নিশান, যশচিহ্ন।
কীর্ত্তিপ্রিয়, পুং. [কীর্ত্তি+প্রিয়] যশোভিলাষী, সুখ্যাতিস্পৃহা।
কীর্ত্তিভাক্, পুং. [কীর্ত্তি+ভাজ্] দ্রোণাচার্য্য; (ত্রি.) কীর্ত্তিযুক্ত।
কীর্ত্তিমান, পুং. [কীর্ত্তি+মৎ] বসুদেবের জ্যেষ্ঠপুত্র; (ত্রি.) কীর্ত্তিবিশিষ্ট।
কীর্ত্তিশেষ, পুং. [কীর্ত্তি+শেষ] মরণ; যশোবসান।
কীর্ত্য, ত্রি. [কৃত+য] যশস্য, প্রশংস্য, শ্লাঘ্য।
কীর্ম্মী, স্ত্রী. [কীর্ম্ম+ঈ] তৃণকুটীর, খড়োঘর।
কীর্য্যমাণ, ত্রি. [কৄ+মান] বিক্ষিপ্ত, বিস্তৃত, প্রসারিত।
কীল, পুং. স্ত্রী. [কীল্+অ] অগ্নিশিখা; শঙ্কু, স্তম্ভ; লেশ; কফোণি; কফোণিনির্ঘাত।
কীলক, পুং. [কীল+ক] কীল, খোঁটা, গোঁজ, খিল; শঙ্কু; স্তম্ভ; বন্ধনখণ্ট; শিবক।
কীলন, (প্রা) মুষ্ট্যাঘাতকরণ, ঘুষণ; খিলন; বাঁধন

কীলসংস্পর্শ, পুং. [কীল+সংস্পর্শ] বৃক্ষ-বিশেষ, গাবগাছ। [স্তম্ভ
কীলা, স্ত্রী. [কীল+আ] অগ্নিশিখা; কীল;
কীলাকীলি, (প্রা) পরস্পর মুষ্টামুষ্টিযুদ্ধ, ঘুষাঘুষি, মুষ্টিপাত, ঘুষালড়াই।
কীলান, (প্রা) ঘুষণ, কীলন, মুষ্ট্যাঘাত।
কীলাল, ন. [কীল+অল] জল; রক্ত; অমৃত; মধু।
কীলালধি, পুং. [কীলাল+ধি] সমুদ্র।
কীলালপ, পুং. [কীলাল+প] রাক্ষস।
কীলিত, ত্রি. [কীল+ইত] বদ্ধ, রুদ্ধ, বাঁধা; স্তম্ভিত।
কীশ, পুং. [ক+ঈশ] বানর; সূর্য্য; পক্ষী; (ত্রি.) বিবস্ত্র, নগ্ন, অনাবৃত।
কীশপর্ণ-কীশপর্ণী, পুং.স্ত্রী. [কীশ+পর্ণ-পর্ণী] অপামার্গবৃক্ষ
কু, স্ত্রী. [কুঙ্+অ] পৃথিবী; (বা.) পাপ; কুৎসা; ঈষদর্থ; নিবারণ।
কুআ, (প্রা) কূপ, কুয়া।
কুআড়া-কুআশা, (প্রা) কুজ্ঝটিকা।
কুঁকড়ন, (প্রা) যড় বা কুঞ্চিত হওন, সঙ্কুচিত বা কুণ্ঠিত হওন।
কুঁকড়িমুকড়ি-কুঁকড়িসুকড়ি, (প্রা) সঙ্কুচিত, কুণ্ঠিত।
কুঁচ, (প্রা) গুঞ্জাপরিমাণ; গুঞ্জা।
কুঁচবক, (প্রা) ক্রৌঞ্চ, কোঁচবক।
কুঁচি, (প্রা) মার্জ্জনী, কূর্চ্চক।
কুঁচিয়া, (প্রা) স্বনামখ্যাত মৎস্য।
কুঁচিলা, (প্রা) কুপীলু, ফলবিশেষ।
কুঁচকী, (প্রা) উরুসন্ধিস্থান, কুকুচি
কুঁজ, (প্রা) কুব্জ, বক্রপৃষ্ঠ, ব্যাকৃত; জলাধারবিশেষ
কুঁজড়, (প্রা) তুচ্ছ, অধম, মূঢ়।
কুঁজি, (প্রা) ন্যুব্জ, বক্রপৃষ্ঠ; চাবি।
কুঁড়কুঁড়া, (প্রা) তণ্ডুলাদির কল্ক, ভূষি, আগড়া।
কুঁড়ন, (প্রা) খনন, ভূমিবিদারণ।
কুঁড়বক, (প্রা) ক্রৌঞ্চ, কুঁচবক।
কুঁড়ি, (প্রা) কোরক, কলিকা, মুকুল; ধূমপানের কলিকা; কুণ্ডিকা।
কুঁড়িয়া, (প্রা) কুটীর, পর্ণশালা, খড়োঘর, টোঙ্গ, টোল, ঝুপড়ী, ঝোপড়া, চালা, রামকুঁড়্যা; কুণ্ডিকা, পাষাণ নির্ম্মিত-পাত্র; ছাত্রের জলপাত্র
কুঁড়িয়াপাথর, (প্রা) পাষাণনির্ম্মিত পাত্র-বিশেষ।
কুঁড়িয়াহাঁড়ি, (প্রা) লবণ প্রস্তুত করণার্থ পাত্রবিশেষ।
কুঁড়ী, (প্রা) পুষ্পগর্ভ, কোরক, কলিকা; কুণ্ড পাত্রবিশেষ।
কুঁড়কাঁড়, (প্রা) কুণ্ড, গর্ত্ত; ধান্যোৎপাদন ভূমি।
কুঁড়মুড়, (প্রা) দৃঢ়দ্রব্য চর্ব্বণধ্বনি।
কুঁড্যা, (প্রা) কুটীর, পত্রাদির গৃহ।
কুঁথন, (প্রা) কোঁথানি, আর্ত্তনাদ।
কুঁদ, (প্রা) পুষ্পবিশেষ, কুন্দ; ঘর্ষণযন্ত্র, ভ্রমিযন্ত্রবিশেষ
কুঁদন, (প্রা) লম্ফন, লাফান; কুঁদযন্ত্রে কাষ্ঠ পরিষ্কারাদিকরণ। [কুন্দী।
কুঁদকর-কুঁদকী-কুঁদারু, (প্রা) ভ্রমাজীবী,
কুঁদলীয়া, (প্রা) কোন্দলীয়া, বিবাদী, বিরোধী, দ্বন্দ্বী, ঝকড়াটিয়া।
কুঁদা, (প্রা) স্থূলকাষ্ঠবিশেষ।
কুঁদারু-কুঁদরী, (প্রা) কুঁদকর।
কুঁদো, (প্রা) গুঁড়ি, কাষ্ঠের স্থূল বৃহৎখণ্ড।
কুঁপ, (প্রা) কুৎসিৎ হস্ত।
কুক্, (প্রা) অব্যক্তশব্দ, অতিশয়ধ্বনি; কুক্কুর ধ্বনি।
কুক, ত্রি. [কুক্+অ] গৃহীত প্রাপ্ত।
কুকড়া, (প্রা) কুক্কুট, মোরগ।
কুকড়ী, (প্রা) কুক্কুটী, মুরগী।
কুকভ, ন. [কু+কভ] মদ্য।
কুকর, ত্রি. [কু+কর] কুৎসিত হস্তযুক্ত, রোগাদি দ্বারা কুঞ্চিতকর, কুণি, কুণি, কোণি, নুলা; দুরাচার।
কুকর্ম্ম, ন. [কু+কর্ম্মন্] দুষ্কর্ম্ম, অপকর্ম্ম, দুষ্কৃত, দুঃশীলতা, দুষ্ক্রিয়া, দৌরাত্ম্য, দৌর্জ্জন্য, অসৎকর্ম্ম।
কুকর্ম্মকারী, ত্রি. [কুকর্ম্ম+কারিন্] কদর্য্য-কারী, দুষ্কর্ম্মকারী।

কুকর্ম্মা, ত্রি. [কু+কর্ম্মন্] কুকর্ম্মশীল, দুর্বৃত্ত, দুরাত্মা, বিকর্ম্মিক, দুরাচার, পাপী, কুক্রিয়। [কদাচারযুক্ত।

কুকর্ম্মান্বিত, ত্রি.[কুকর্ম্ম+অন্বিত] দুষ্কর্ম্মান্বিত,

কুকর্ম্মী, ত্রি. [কুকর্ম্ম+ইন্] দুশ্চরিত্র, ক্ষীণপুণ্য; দুর্বৃত্ত, বিধর্ম্মী, দুঃশীল, পাপাত্মা, পাপী, দুরাত্মা, দুষ্কর্ম্মান্বিত।

কুকাপ, (প্রা) উদ্বেগ, ঝঞ্ঝাট; বিশ্রী, মন্দ, কুৎসিত; পীড়াকর, ক্লেশদায়ক; বাগশূন্য।

কুকার্য্য, (প্রা) কুকর্ম্ম; কুক্রিয়া।

কুকিল, (প্রা) কোকিল।

কুকীল, পুং. [কু+কীল] পর্ব্বত।

কুকুট, পুং [কু+কূট] সিতাবর, সুষণিশাক।

কুকুড়া, (প্রা) কুক্কুট।

কুকুদ, ত্রি. [কু+কুদ] কুকুদ, সালঙ্কর ভূষিতা কন্যাদানকর্ত্তা, (পুং.) ষাঁড়ের ঝুঁট্।

কুকুন্দর, ন. [কু+কুন্দর] নিতম্বস্থ কূপকদ্বয়, পৃষ্ঠের অধোভাগস্থগর্ত্তদ্বয়। (পুং) কুক্কুরদ্রু

কুকুভা, স্ত্রী. [কুকুভ+আ] রাগিণীবিশেষ।

কুকুর, পুং. [কুক+উর] কুক্কুর; ক্ষত্রিয়বিশেষ; যদুবংশীয় অন্ধকরাজপুত্র; গ্রন্থিপর্ণী বৃক্ষ, গাঠিয়ালবৃক্ষ

কুকুরা, পুং. [কুকুর+অ] দেশবিশেষ; তদ্দেশস্থলোক, যাদব, দশার্হ, সাত্বত।

কুকুরচিত্ত, (প্রা) লতাবিশেষ।

কুকুরছা, (প্রা) কুক্কুরশাবক।

কুকুরছিট্‌কী, (প্রা) লতাবিশেষ।

কুকুরজিহ্বা, (প্রা) লতাবিশেষ; মৎস্যবিশেষ।

কুকুরলেজ, (প্রা) লতাবিশেষ।

কুকুরমাছী-কুকুরিয়ামাছী, (প্রা) লোমকীট, কুকুরের গায়ের যূক।

কুকুরাধিনাথ, পুং. [কুকুর+অধিনাথ] শ্রীকৃষ্ণ।

কুকুরালু, (প্রা) আলুবিশেষ।

কুকুরী, (প্রা) কুক্কুরী, শুনী, কুত্তী।

কুকুটী, পুং. [কুকুট+ইন্] শাল্মলিবৃক্ষ।

কুকুণক, পুং. [কু+কুণক] শিশুর ঈষদ্দৃষ্টি।

কুকুল, ন. [কু+কুল] গোঁজপরিপূর্ণগর্ত্ত; তনুত্র, কবচ; পৃথিবীরধার; (পুং.) তুষানল।

কুকৃত্য, ক্লী. [কু+কৃত্য] দুষ্কৃতি, অসৎকর্ম্ম।

কুকো, (প্রা) কুক্কুভ।

কুকোল, ন. [কু+কোল] কোলি বৃক্ষ।

কুক্কুট, পুং. স্ত্রী. [কুক্+কুট] পক্ষীবিশেষ, কুকুড়া, তৎপর্য্যায়।—কৃকবাকু, তাম্রচূড়, চরণায়ুধ, রাত্রিবেদী, কালজ্ঞ, নিযোদ্ধা, বিষ্কির, নখরায়ুধ, নখায়ুধ, স্বর্ণচূড়, শিখণ্ডিক, যামনাদী, তাম্রশিখী, উষাকর, শিখী, শিখণ্ডী, কলবিক, দক্ষ, উষাকল, নিশাবেদী, যামঘোষ, বৃতাক্ষ, কাহল, রসাখন, সুপর্ণ, পূর্ণক, মোরগ; নিষাদপুত্র, শূদ্রপুত্র; তৃণোল্কা; কুক্কুভপক্ষী; বহ্নিকণ।

কুক্কুটক, পুং [কুক্কুট+ক] কুক্কুভপক্ষী; কুক্কুটপক্ষী; শূদ্রঔরস নিষাদিনীগর্ভজজাতিবিশেষ।

কুক্কুটধ্বনি, পুং. [কুক্কুট+ধ্বনি] তাম্রচূড়শব্দ। [খোপ।

কুক্কুটপেটক, পুং. [কুক্কুট+পেটক] কুক্কুটের

কুক্কুটব্রত, ন. কুক্কুট+ব্রত] সন্তানার্থ স্ত্রীকর্ত্তব্য ব্রত; কুক্কুটীব্রত; ললিতাসপ্তমীব্রত; ভাদ্রশুক্লসপ্তমীকর্ত্তব্যনিয়মবিশেষ। [বারাণসীক্ষেত্র।

কুক্কুটমণ্ডপ, পুং. [কুক্কুট+মণ্ডপ] মুক্তিমণ্ডপ,

কুক্কুটমস্তক, ন. [কুক্কুট+মস্তক] চব্য, চৌঁই।

কুক্কুটশিখ, পুং. [কুক্কুট+শিখ] কুসুম্ভবৃক্ষ।

কুক্কুটাণ্ড, ন. [কুক্কুট+অণ্ড] মুরগীরডিম।

কুক্কুটাভ-কুক্কুটাহি, পুং [কুক্কুট+আভ-অহি] কুক্কুটচরণ-সদৃশ সর্পবিশেষ।

কুক্কুটি, স্ত্রী. [কুক্কুট+ই] দম্ভচর্য্যা, ভণ্ডতা, কপটতা।

কুক্কুটী, স্ত্রী [কুক্কুট+ঈ] অনৃতচর্য্যা, মিথ্যাচরণ, কাল্পনিকতা; জোষ্ঠী, টিকৃটিকি; শাল্মলীবৃক্ষ; স্ত্রীকুক্কুট, কুকড়ী।

কুক্কুটীবাক্, পুং. [কুক্কুটী+বাচ্] সারঙ্গমৃগ।

কুক্কুটীব্রত, ন. [কুক্কুটী+ব্রত] ভাদ্রশুক্লসপ্তমী কর্ত্তব্য নিয়মবিশেষ, কুক্কুটব্রত।

কুক্কুভ, পুং. [কুকু+কুভ] পক্ষীবিশেষ, বন্য কুক্কুট, পাংকুকা; উজ্জ্বলকারিতৈল, বার্ণিস্।

কুক্কুর, পুং. [কুকৃ+কুর] জন্তুবিশেষ, কুকুর, কুত্তা, তৎপর্য্যায়।—অলিপক, অস্থি-ভক্ষ, কালেয়ক, কৌলেয়ক, কুর্ক্কুর, কৃতজ্ঞ, গৃহমৃগ, গ্রামসিংহ, গ্রামীণ, গ্রাম্যমৃগ, জকুট, জিহ্বাপ, জিহ্বালিট, দ্বাদশায়ু, দীর্ঘসুরত, বক্রপুচ্ছ, বক্রবা-লধি, বক্রলাঙ্গুল, বশাপয়ী, বান্তাদ, বৃকদংশ, বৃকারি, ভষণ, ভষক, ভপূক, মশুন, মৃগদংশক, মৃগারাতি, মৃগারি, রজংশয়, রতব্রণ, রতনারীচ, রভশায়ী, রতান্দুক, রতার্মর্দ্দ, রন্তিদেব, রসনালিহ, রাত্রিজাগর, রুদথ, ললজিহ্ব, শবকাম্য, শরৎকামী, শরৎকাম্য, শয়ালু, শালাবৃক, শিবারাতি, শুন, শুনক, শুনি, শূর, শ্বা, শ্বান, সারমেয়, সালাবৃক, সূচক, (ন.) গ্রন্থিপর্ণ, গাঁঠিয়ালা।

কুক্কুরদ্রু, পুং. [কুক্কুর+দ্রু] বৃক্ষবিশেষ, কুকুর শোঁকা, তৎপর্য্যায়।—তাম্রচূড়, সূক্ষ্মপত্র, মৃদুচ্ছদ।

কুক্কুরব, (প্রা) কুক্কুটধ্বনি; পায়রারশব্দ।

কুক্কুরী, স্ত্রী. [কুক্কুর + ঈ] কুক্কুরস্ত্রী, সরমা, শ্বানী, সারমেয়ী, শুনী, ভষী, কুলা-ক্ষতা, কত্তী।

কুক্কুবাকৃ, পুং. [কুক্কু + বাচ্] সারঙ্গমৃগ।

কুকৃচি-কুঁচ্কি, (প্রা) উরুসন্ধিস্থান। [চার।

কুক্রিয়, ত্রি. [কু+ক্রিয়] কুকর্ম্মী, দুষ্কর্ম্মা, দুরা-

কুক্রিয়া, স্ত্রী. [কু+ক্রিয়া] দুষ্কর্ম্ম, কুৎসিত-কার্য্য, পাপকর্ম্ম, দুষ্কৃত, দুরিষ্ট।

কুখ্যাত, ত্রি. [কু+খ্যাত] অপ্রতিষ্ঠ, অসম্ভ্রান্ত অসুখ্যাত।

কুখ্যাতি, স্ত্রী. [কু+খ্যাতি] অপবাদ, অমর্য্যাদা, অখ্যাতি, অসম্ভ্রম, দুর্নাম, অস-ম্মান, কলঙ্ক, নিন্দা, কুৎসা, কুচ্ছা, দূষণ।

কুগঠন-কুগড়ন, পুং. [কু+গঠন] কদাকৃতি, অমূর্ত্তি, বেডৌল।

কুগতিক, ন. [কু+গতিক] কুব্যবহার, অশিষ্টা-চার, কদাচার; বিপাক, বিপত্তি, দুর্দ্দশা।

কুগ্রহ, পুং. [কু+গ্রহ] অশুভগ্রহ, মন্দগ্রহ।

কুগ্রাম, পুং. [কু + গ্রাম] নীচলোক বসতি পল্লী।

কুগ্রুম, (প্রা) কুদ্রুম, বৃহৎবৃক্ষ।

কুঙী, (প্রা) দুর্ব্বাক্য, নিন্দা, কুগির, গ্লানি; বিবাদসূত্র।

কুঙ্কুম, ন. [কুম্+কুম] স্বনামখ্যাত গন্ধদ্রব্য, কুম্‌কুম্, তৎপর্য্যায়।—অগ্নিশিখ, অগ্নি-শেখর, অসৃক্, অরুণ, কাশ্মীরজন্ম, কাশ্মীরজ, কাশ্মীর, কালেয়ক, কাবের, কান্ত, কুচন্দন, কেশর, কেশরবর, কেসর, খল, গৌর, ঘুসৃণ, চন্দন, চারু, জাগুড়, দীপক, ধীর, পিশুন, পীতক, পীতন, পীতকাবের, পীশুন, পীতচন্দন, বর, বহ্নিশিখ, বাহ্লিক, বরেণ্য, বাহ্লীক, বরবাহ্লীক, রুচির, রক্তচন্দন, রক্তসংজ্ঞ, রক্ত, রজ, লোহিত, লোহিতচন্দন, শিখ, শেখর, শোণিত, সঙ্কোচ, শঠ, সৌরভ, সূর্য্যসংজ্ঞ, হরিচন্দন।

কুঙ্কুমতাম্র, ত্রি. [কুঙ্কুম+তাম্র] তাম্রবৎ, রক্তবর্ণ।

কুঙ্কুমরেণু, স্ত্রী. [কুঙ্কুম+রেণু] কুঙ্কুমরজ, পুষ্পপরাগ।

কুঙ্কুমাক্ত-কুঙ্কুমাঙ্ক, ত্রি. [কুঙ্কুম + অক্ত-অঙ্ক] নাগরঙ্গীবৎপীতবর্ণ।

কুঙ্কুমারুণ, ত্রি. [কুঙ্কুম+অরুণ] রক্তবর্ণ, লোহিতবর্ণ, রাঙ্গাটিয়া।

কুঙ্গনী, স্ত্রী. [কুঙ্গন + ঈ] মহাজ্যোতিষ্মতী-বৃক্ষ।

কুঙ্গী, (প্রা) দুর্ব্বাক্য, নিন্দা।

কুচ, পুং. [কুচ + অ] স্তন, পয়োধর, মেনা।

কুচইকাঁটা, (প্রা) কণ্টকবৃক্ষবিশেষ

কুচকলিকা, স্ত্রী. [কুচ+কলিকা] কুচকোরক, নবীনস্তন।

কুচকাচা, (প্রা) কাষ্ঠৈতাদি রেঁদার কুচি; খণ্ডবস্ত্র। [স্তন।

কুচকুম্ভ, পুং. [কুচ+কুম্ভ] স্ত্রীলোকদিগের

কুচকোরক, পুং. [কুচ+কোরক] কুচকলিকা, নবাস্তন।

কুচক্র, পুং. [কু + চক্র] কুমণ্ডলী, কুমন্ত্রণা।

কুচক্রী, স্ত্রী. [কু + চক্রী] কুমন্ত্রী; কুসংসর্গ।

কুচণ্ডিকা, স্ত্রী. [কু + চণ্ডিকা] মূর্ব্বালতা।

কুচতট, ন. [কুচ+তট] স্ত্রীস্তনসান্নিধ্য স্থান।

কুচতটাগ্র, ন. [কুচতট+অগ্র] স্তনাগ্র, কুচাগ্র, চুচুক, স্তনবৃন্ত।

কুচন, (প্রা) চেলান, খণ্ড খণ্ড করণ; কুঁকুড়ন

কুচন্দন, ন. [কু+চন্দন] রক্তচন্দন; পত্রাঙ্গ, বকম্‌কাঠ; বৃক্ষভেদ; কুঙ্কুম।

কুচফল, পুং. [কুচ+ফল] দাড়িমবৃক্ষ।

কুচমর্দ্দন, ন. [কুচ+মর্দ্দন] স্তনমর্দ্দন, চুচিমলন।

কুচমুচ, (প্রা) কুচকাচা।

কুচর, ত্রি. [কু+চর] কুবাদ, পরদোষকথনশীল, অখ্যাতিকর, পরনিন্দক।

কুচরিত্র, ত্রি. [কু+চরিত্র] কুস্বভাব, কুরীতি, অসদ্ভাব।

কুচর্য্যা, স্ত্রী. [কু+চর্য্যা] কদাচার, কুব্যবহার, দুষ্ক্রিয়া, পাপ। [টুকি।

কুচা, (প্রা) কুচি, চেলা, খণ্ড, কুট', টুকরা,

কুচাগ্র, ন. [কুচ+অগ্র] স্তনাগ্রভাগ, চুচুক, চুচুক, পিপ্পলক, নর্ম্মঠ, স্তনমুখ, স্তনশিখা, স্তনবৃন্ত, বৃন্ত, মাঁইর বোঁটা।

কুচাঙ্গেরী, স্ত্রী. [কুচ+অঙ্গ+ইরী] চুক্রিকা, চুকপালংশাক।

কুচিক, পুং. স্ত্রী. [কুচ+ইক] মৎস্যবিশেষ, কুঁচিয়া।

কুচিকিৎসক, পুং. [কু+চিকিৎসক] অশাস্ত্রীয়চিকিৎসক, অবৈদ্য, যমকিঙ্কর, বৈদ্যমানী, হাতুড়িয়াবৈদ্য।

কুচিকিৎসা, স্ত্রী. [কু+চিকিৎসা] আয়ুর্ব্বেদবিরুদ্ধ চিকিৎসা, অচিকিৎসা, হাতুড়িয়া চিকিৎসা। [বিশিষ্ট।

কুচিত, ত্রি. [কুচ+ইত] সঙ্কুচিত; পরিমাণ-

কুচিন্তা, স্ত্রী. [কু+চিন্তা] অসদ্ভাবনা, কুমানস, অসন্মনন।

কুচিলা, (প্রা) কুপীলু, বরম্বরা, বিষফল, কুঁচিলা।

কুচুর মুচুর, (প্রা) খণ্ড খণ্ড।

কুচেল, ত্রি. [কু+চেল] কুবাসা, যে ব্যক্তি কুৎসিত বস্ত্র পরিধান করে।

কুচেলা, স্ত্রী. [কু+চেলা] বিদ্ধকর্ণী।

কুচেলী, স্ত্রী. [কু+চে[illegible]] অম্বষ্ঠা, আকনাদি।

কুচেষ্টক, ত্রি. [কু+চেষ্টক] দুষ্ট, অপকারক, ক্রূর।

কুচেষ্টা, স্ত্রী. [কু+চেষ্টা] অপকার, অসচ্চেষ্টা। [ভাগ।

কুচ্‌কি, (প্রা) ঊরুসন্ধিস্থান, ঊরুর উপরি-

কুচ্ছ, ন. [কুৎ+শ] কুমুদপুষ্প।

কুচ্ছন্দা, (প্রা) কুকাব্য, কুৎসিত শ্লোক; কদর্য্যঅক্ষর।

কুচ্ছা, (প্রা) নিন্দা, অপবাদ, কলঙ্ক, দুর্নাম।

কুচ্ছাকারক-কুচ্ছাবাদী, (প্রা) অপবাদক, নিন্দক, অভিযোগকারী।

কুচ্ছিত, (প্রা) কুৎসিত, কুরূপ, কদাকার, অভব্য, বেঢপ, অধম, মন্দ, মলিন।

কুচ্‌রামুচ্‌রা, (প্রা) খণ্ড খণ্ড, টুকরা, কুচা।

কুছ্, (হি) কিঞ্চিৎ, কিছু।

কুজ, পুং. [কু+জ] মঙ্গলগ্রহ; নরকাসুর; বৃক্ষ; মঙ্গলবার।

কুজ, (প্রা) কুব্জ, কুঁজা; গাড়ু।

কুজড়-কুজড়া, (প্রা) তুচ্ছ, অধম, মূঢ়, অন্ত্যজ, ইতর; বিবাদী, কলহী।

কুজড়বৃত্তি, (প্রা) অধমাচার, নীচপনা

কুজড়াকুজড়ী (প্রা) তুচ্ছতা, ইতরত্ব, নীচত্ব।

কুজড়ামী, (প্রা) কুব্যবহার, নীচাচার।

কুজন, পুং. [কু+জন] ইতরমনুষ্য; নীচব্যক্তি, অধমলোক।

কুজম্ভর, ত্রি. [কু+জম্ভর] চৌরবিশেষ, সিঁদালচোর।

কুজম্ভল-কুজম্ভিল, ত্রি. [কু+জম্ভল] চৌরবিশেষ, সিঁদেলচোর।

কুজা, স্ত্রী. [কু+জা] কাত্যায়নীদেবী, দুর্গা।

কুজা, (প্রা) বক্র, ন্যুব্জ, জলপাত্র।

কুজীকাঠী, (প্রা) তালক; তালা, দ্বারকীল।

কুজ্ঝটি-কুজ্ঝটিকা, স্ত্রী. [কুৎ+ঝটি-কা] ধূমমহিষী, রতান্ধ্রী, কুহেলিকা, ধূমিকা, নভোরেণু, ধূলিকা, ধূপিকা, শীকর, খবাষ্প, মৃগতৃষ্ণা, মৃগতৃট্, কুহা, কুহেড়িকা, হিকজ্ঝটি, রুতেটি, তুষার, কুহেড়ী, খুহেলী, মেঘধূম্র, কুয়া, কুআশা। [আশা।

কুজ্ঝটী, স্ত্রী. [কুৎ+ঝটী] কুহেড়িকা, কু-

কুজ্‌ঝিশ, পুং. মৎস্যবিশেষ।
কুজ্ঞান, ন. [কু+জ্ঞান] অসৎপ্রতিভা, দুর্ব্বোধ, চাতুরী।
কুজ্ঞানী, ত্রি. [কু+জ্ঞানী] কুটিল, চতুর, অবিজ্ঞ, অপ্রবীণ।
কুঞ্চন, ন. [কুঞ্চ্+অন] নেত্ররোগবিশেষ, আকুঞ্চন; নমন।
কুঞ্চফলা, স্ত্রী. [কুঞ্চ+ফলা] কুষ্মাণ্ডী।
কুঞ্চি, পুং. [কুঞ্চ+ই] অষ্টমুষ্টি পরিমাণ।
কুঞ্চিকা, স্ত্রী. [কুঞ্চিক+আ] গুঞ্জা, কুঁচ; বংশশাখা, কঞ্চি; কৃষ্ণজীরক; কুর্চ্চিকা, কুঁজি, চাবি; মেথিকা; মৎস্যভেদ, কুঁচে, জলব্যাল।
কুঞ্চিত, ত্রি. [কুঞ্চ+ইত] বক্র, বাঁকা, সঙ্কুচিত; (ন.) তগরপুষ্প।
কুঞ্জ, পুং. ন. [কুম্+জ] লতাদিপরিবেষ্টিত সুরোম্য স্থান, নিকুঞ্জ, মঞ্জরীকুঞ্জ; হস্তি দন্ত; হনুচিবুক।
কুঞ্জকুটীর, পুং. [কুঞ্জ+কুটীর] ক্রীড়াকন্দর, ক্রীড়াগহ্বর, কুঞ্জ।
কুঞ্জর, পুং. [কুঞ্জ+র] হস্তী; উত্তরপদেশ্রেষ্ঠ বাচক যথা—পুরুষকুঞ্জর ইত্যাদি; কেশ; দেশভেদ।
কুঞ্জরপিপ্পলী, স্ত্রী. [কুঞ্জর+পিপ্পলী] গজপিপ্পলী। [কাম্লাবৃক্ষ।
কুঞ্জরবল্লরী, স্ত্রী. [কুঞ্জর+বল্লরী] নিকুঞ্জি-
কুঞ্জরক্ষারমূল, ন. [কুঞ্জর+ক্ষার+মূল] মূলক।
কুঞ্জরা, স্ত্রী. [কুঞ্জর+আ] ধাতকী, ধাইফুল; পাটলাবৃক্ষ; হস্তিনী।
কুঞ্জরারাতি, পুং. [কুঞ্জর+অরাতি] শরভ; লুতা, মাকড়সা; সিংহ।
কুঞ্জরালুক, ন. [কুঞ্জর+আলুক] আলুক-বিশেষ, হস্ত্যালু। [বৃক্ষ।
কুঞ্জরাশন, পুং. [কুঞ্জর+অশন] অশ্বত্থ-
কুঞ্জরী, স্ত্রী. [কুঞ্জর+ঈ] হস্তিনী।
কুঞ্জল, পুং. [কুং+জল] কাঞ্জিক।
কুঞ্জিকা, স্ত্রী. [কুঞ্জিক+আ] কৃষ্ণজীরক, কুঞ্চিকা; নিকুঞ্জিকাম্লাবৃক্ষ।
কুট, (প্রা) দংশন, ব্যথা, শূল।
কুট, পুং. ন. [কুট্+অ] কলশ; (পুং.) কোট, গড়; শিলাকুট, পাথরভাঙ্গাহাতুড়ী; বৃক্ষ; পর্ব্বত; আলয়; চূড়া, শৃঙ্গ।
কুট, (প্রা) ঢেলা, টুক্‌রা, খণ্ড
কুটঙ্ক, পুং. [কুটং+ক] গৃহাচ্ছাদন, চাল।
কুটঙ্গক-কুটঙ্গর, পুং. [কুট্+অঙ্গক-র] কুঞ্জর কুটীর, লতাপল্লবাদি আচ্ছাদিত মণ্ডপ, গৃহাচ্ছাদন, ছদি, চল, গৃহভেদ, কুঁড়ে।
কুটচ, পুং. কুটজবৃক্ষ।
কুটজ, পুং. [কুট+জ] পুষ্প বৃক্ষবিশেষ, যাহার ফল ইন্দ্রযব, কুড়চী, তৎপর্য্যায়। শক্র,বৎসক, গিরিমল্লিকা,কৌটজ, বৃক্ষক, শক্রপর্য্যায়, কুটজ, কাহী, কালিঙ্গ, মল্লিকাপুষ্প, প্রাবৃষ্য, শক্রপাদপ, বরতিক্ত, যবফল, সংগ্রাহী, পাণ্ডুরদ্রুম, প্রাবৃষেণ্য, মহাগন্ধ, পাণ্ডুর; অগস্ত্যমুনি; দ্রোণাচার্য্য।
কুটন, (প্রা) খণ্ডখণ্ডকরণ, চূর্ণন, গুঁড়ান।
কুটনা, (প্রা) পাকার্থ খণ্ডখণ্ডকৃত তরকারি, বানানতরকারি।
কুটনাকোটা,(প্রা)পাকার্থ তরকারি বানান।
কুটনী, (প্রা) সজ্জটিকা, দূতী, কুট্টনী, কুট্টিনী, চুন্দী, শম্ভলী, ঘটদাসী, গণেরুকা, রক্ষমাতা, বেশ্যাচার্য্যা, দূতিকা, সঞ্চারিকা, কুটী, রততালী, সুরততালী, সম্ভলী, মাধবী, অর্জ্জুনী, রতোপকারিণী, রতসম্পাদিকা, কৌটিন্যকর্ত্রী, কুম্ভদাসী, ইজ্যা, লাম্পট্যপ্রযোজিকা; যে স্ত্রী তরকারী বানায়।
কুটনীপনা, (প্রা) দুতীপনা, ঘটকতা।
কুটম্বক, ন. [কুটম্ব+ক] সুগন্ধিতৃণবিশেষ, সুস্ত।
কুটন্নট, ন.[কুটন্+নট] কৈবর্ত্তীমুস্তক, কেউটিয়ামুতা, কেশুর; (পুং.) শ্যোনাকবৃক্ষ।
কুটপ, পুং. [কুট+প] মুনি; নিষ্কুট; গৃহসমীপোপবন; মানভেদ, কুড়বপরিমাণ; (ন.) কমল। [স্তম্ভ।
কুটর, ন. [কুট+র] কুঠর, মন্থানদণ্ডবন্ধন-
কুটরী, (প্রা) কুটীর, ক্ষুদ্রগৃহ,কামরা, কুঁড়া।

কুটরিয়া (প্রা) বৃক্ষকোটরসম্বন্ধীয়
কুটরীয়াপেচা, (প্রা) পেচকবিশেষ।
কুটরু, পুং. [কুট্+অরু] বস্ত্রগৃহ, কানাৎ, তাঁবু।
কুটরুণা, স্ত্রী. [কুট+রুণা] ত্রিবৃতা, তেউড়ী।
কুটল, ন. [কুটল+অ] পটল, চাল, ছাদ।
কুটসংক্রান্তি, স্ত্রী. [কুট+সংক্রান্তি] অর্দ্ধরাত্রাতীতে সূর্য্যের রাশ্যন্তরগমন।
কুটহারিকা, স্ত্রী. [কুট+হারিকা] দাসী, কিঙ্করী, ভুজিষ্যা।
কুটা, (প্রা) তৃণাদিখণ্ড, খণ্ড, টুকরা।
কুটান, (প্রা) ভূমিদলন, বিদারণ।
কুটার্থ, (প্রা) গুপ্তার্থ, নিগঢ়ার্থ, দ্বৈধার্থ, বাক্‌ছল, ব্যঙ্গোক্তি, কথার মারপেঁচ, ফাকিকথা। [শ্বিত্র।
কুটি, স্ত্রী. [কুট্+ই] গৃহ; (পুং.) বৃক্ষ; শরীর;
কুটি, (প্রা) খণ্ড, টুকরা।
কুটিকরা, (প্রা) খণ্ডন, গুঁড়ান।
কুটিকুটি, (প্রা) খণ্ডখণ্ড, টুকরাটুকরা।
কুটিচর, পুং. [কুটি+চর] জলশূকর, শুশুক, জলজন্তুবিশেষ।
কুটিতা, ত্রি. [কুট্+তৃ] কুটিল, বক্র।
কুটিত, (প্রা) খণ্ডীকৃত, কাটা।
কুটিয়া, (প্রা) কুষ্ঠী, শ্বিত্রী, কুঠ্যা।
কুটির, ন. [কুটি+র] কুটীর, লঘুকুটীর, ক্ষুদ্র গৃহ, কুঁড়েঘর।
কুটিল, ত্রি. [কুট+ইল] অসরল, বাঁকা, তৎপর্য্যায়।—অনৃজু, অরাল, বৃজিন, জিহ্ম, বেল্লু, বিনত, উন্দুর, ঊর্ম্মিমৎ, কুঞ্চিত, নত, আবিদ্ধ, ভুগ্ন, বেল্লিত, বক্র, ভঙ্গুর, ভঙ্গুর; ক্রুর, (ন.) তগরপুষ্প।
কুটিলগামী, ত্রি. [কুটিল+গামিন্] বক্রগামী, জিহ্মগ।
কুটিলতা, স্ত্রী. [কুটিল+তা] বক্রতা, অনৃজুতা, অসরলতা; শঠতা, খলতা, বঞ্চকতা, ধূর্ত্ততা। [অনৃজু।
কুটিলস্বভাব, ত্রি. [কুটিল+স্বভাব] অসরল,
কুটিলা, স্ত্রী. [কুটিল+আ] নদীবিশেষ; সরস্বতীনদী; স্পৃক্কানাম গন্ধদ্রব্য; (ত্রি.) অসরলতা।

কুটিলান্তঃকরণ, ত্রি. [কুটিল+অন্তঃকরণ] খল; ধূর্ত্ত, শঠ, ক্রূর। [উধ্মান।
কুটিলিকা, স্ত্রী. [কুটিল+ইকা] অগ্নিকুণ্ড,
কুটী, স্ত্রী. পুং. [কুট+ঈ] কুট, গৃহ; (স্ত্রী.) কুম্ভদাসী; কুটনী; মুরানাম গন্ধদ্রব্য; চিত্রগুচ্ছ।
কুটী, (প্রা) কর্ম্মস্থান, খারখানা; আদালত।
কুটীচক, পুং. [কুটী+চক] পুত্রান্নজীবী, পুত্রান্নাদ।
কুটীচর-কুটীচরক, পুং. [কুটী+চর-ক] যতিবিশেষ, দণ্ডী। [কুঁড়ে।
কুটীর, পুং. [কুটী+র] ক্ষুদ্রগৃহ, স্বল্পবেশ্ম,
কুটুঙ্গক, পুং. [কুট্+অঙ্গক] কুঞ্জকুটির, লতামণ্ডপ; কুঁড়েঘর; বৃক্ষলতা।
কুটুঙ্কক, পুং. [কুট্+অঙ্ক-ক] কুঞ্জ কুটীর, বৃক্ষলতা আচ্ছাদিতমণ্ডপ, উটজ; বৃক্ষলতা।
কুটুম্ব, পুং. ন. [কুটুম্ব্+অ] নাম; জ্ঞাতি; বান্ধব; সন্ততি; পোষ্যবর্গ।
কুটুম্বক, ন. [কুটুম্ব+ক] পোষ্যবর্গ; (ত্রি.) পরিজনসম্বন্ধীয়।
কুটুম্বব্যাপৃত, ত্রি. [কুটুম্ব+ব্যাপৃত] কুটুম্বপোষণাসক্ত, অভ্যাগারিক, উপাধি।
কুটুম্বিতা, স্ত্রী. [কুটুম্বিত+আ] আত্মীয়তা, অন্তরঙ্গতা, জ্ঞাতিত্ব।
কুটুম্বিনী, স্ত্রী. [কুটুম্বন্+ঈ] কুটুম্ববিশিষ্টা, পতিপুত্র দুহিত্রাদিমতী প্রতিষ্ঠিতাস্ত্রী, তৎপর্য্যায়। পুরন্ধ্রী, পুরন্ধ্রি, পুরন্ধ্রিকা; ক্ষুদ্রক্ষুপবিশেষ, তৎকর্য্যায়।—পরস্থা, ক্ষীরিণী, জলকামুকা, বক্রশলা, দুরাধর্ষা, ক্রূরকর্ম্মা, সিরিটিকা, শীতা, প্রহর কুটবী, শীতলা, জলেরুহ।
কুটুম্বার্থ, ব্য. [কুটুম্ব+অর্থ] পোষ্যবর্গনিমিত্ত।
কুটুম্বী, পুং. [কুটুম্ব+ইন্] গার্হস্থ্যাশ্রমবিশিষ্ট, গৃহী, গৃহমেধী, গৃহস্থ; (ত্রি.) কৃষক; কুটুম্ববিশিষ্ট। [স্থান।
কুটুম্বৌকঃ, ন. [কুটুম্ব+ওকস্] কুটুম্ব বাস-
কুট্‌কুট্-কুট্‌কুটনি, (প্রা) কণ্ডুয়া, চুলকানি; শূল, পরিবেদনশীলতা। [খিটিয়া।
কুট্‌কুট্যা, (প্রা) কর্কশ, চিড়চিড়িয়া, খিটব্যথা,

কুটুরকাটুর-কুটুরকুটুর-কুটুরমুটুর,(প্রা) ইন্দুরাদি কৃত দৃঢ়বস্তুর দংশনধ্বনি।
কুটের, পুং, [কুট+এর] কুটির, কুঁড়েঘর।
কুট্ট, পুং. [কুট্ট+অ] চূর্ণক, ধূলীবৎকর।
কুট্টক, পুং. [কুট্ট+অক] অঙ্কবিশেষ, গণনাবিশেষ; মৎস্যরঙ্গপক্ষী, মাছরাঙ্গা পাখী; (ত্রি.) চূর্ণিত।
কুট্টকব্যবহার-কুট্টকাধ্যায়, পুং. [কুট্টক+ব্যবহার-অধ্যায়] অঙ্কবিদ্যার শাখাবিশেষ, গুণকাঙ্ক খণ্ডগুণনকরণ বিধি।
কুট্টন, ন. [কুট্ট+অন] ছেদন, কোটা; কুৎসন; প্রতাপন।
কুট্টনী, স্ত্রী. [কুট্টন+ঈ] পরপুরুষ সহিত পরস্ত্রীর যোজন কারিণী, কুটনী, তৎপর্য্যায়।—শম্ভলী, কুট্টনী, সম্ভলী, মাধবী, রঙ্গমাতা, অর্জ্জুনী, কুম্ভদাসী, গণেরুকা।
কুট্টমিত, ন. [কুট্ট+মিত] স্ত্রীলোকের দশপ্রকার শৃঙ্গার চেষ্টান্তর্গত চেষ্টাবিশেষ, স্ত্রীদিগের স্বাভাবিক দশালঙ্কারান্তর্গত অলঙ্কারবিশেষ।
কুট্টাক, ত্রি. [কুট্ট+অক] চূর্ণিত।
কুট্টার, ন. [কুট্ট+আর] রতি; কম্বল; (পুং.) পর্ব্বত; (ব্য) কেবল।
কুট্টিত, ত্রি. [কুট্ট+ইত] চূর্ণিত।
কুট্টিনী, স্ত্রী. [কুট্ট+ইন্+ঈ] কুট্টনী,কুটনী।
কুট্টিম, পুং. ন. [কুট্ট+ইম] মণিভূ, মণির-আকর, সুধাঘটিতভূতল; কুটীর; দাড়িম্বৃক্ষ; (ত্রি.) শোভান্বিত।
কুট্টিহারিকা, স্ত্রী. [কুট্টি+হারিকা] দাসী, কর্ম্মকরী, যে স্ত্রী বেতন লইয়া কর্ম্ম করে।
কুট্টীর, পুং. [কুট্ট+ঈর] পর্ব্বত।
কুট্মল, ন. [কুট+মল] নরকভেদ, রজ্জুপীড়ন; (পুং. ন.) বিকাশোন্মুখ প্রৌঢ়কলিকা; ঈষদ্বিকসিতা কলিকা, মুকুল, কোষ, কোরক, কুঁড়ি।
কুট্মুট্, (প্রা) দৃঢ়বস্তু চর্ব্বণধ্বনি।
কুঠ, পুং. (কু+স্থা] বৃক্ষ।
কুঠ, (প্রা) ব্যাধি; রোগ।
কুঠর, পুং. [কুঠ+র] মন্থানদণ্ড বন্ধনার্থস্তম্ভ, দণ্ডবিষ্কম্ভ, মোউনী বাঁধিবার খুঁটী।
কুঠরী, (প্রা) গৃহ; কুটীর।
কুঠাকু, পুং. [কুঠ+আকু] পক্ষীবিশেষ, কাঠ্ঠোকরা। [কুড়ালি।
কুঠাটঙ্ক, পুং. স্ত্রী. [কুঠ+আটঙ্ক] কুঠার,
কুঠার, পুং. [কুঠ+ঋ+অ] বৃক্ষ; (পুং. স্ত্রী.) অস্ত্রবিশেষ, কুড়াল, তৎপর্য্যায়।—স্বধিতি, পরশু, পর্শু, পরশ্বধ, কুঠারী, পশু, পরস্বধ, পর্শ্বধ।
কুঠারিকা-কুঠারী, স্ত্রী. [কুঠারিক+আ] ক্ষুদ্রকুড়াল। [শস্ত্রকার।
কুঠারু, পুং. [কুঠ+ঋ+উ] বৃক্ষ; বানর;
কুঠি, পুং. [কুঠ+ই] পর্ব্বত; বৃক্ষ।
কুঠিক, পুং. [কুঠ+ইক] কুষ্ঠ, কুড।
কুঠী, (প্রা) অট্টালিকা; গৃহবিশেষ; কর্ম্মালয়; বাণিজ্যালয়।
কুঠীবালা, (প্রা) বণিক, রোকড়ী; সওদাগর।
কুঠীয়া-কুঠ্যা, (প্রা) কুষ্ঠী, জড়।
কুঠীয়াবেঙ্গ, (প্রা) কট্কটিয়াবেঙ্গ।
কুঠের, পুং. [কুঠ+এর] অগ্নি; তুলসী, অর্জ্জকবৃক্ষ, বর্ব্বরী।
কুঠেরক-কুঠেরজ, পুং. [কুঠের+ক-জ] পর্ণাস, তুলসী; শ্বেতচ্ছদ, শ্বেততুলসী, বাবুইতুলসী; নন্দীবৃক্ষ।
কুঠেরু, পুং. [কুঠের+উ] চামরবাত, চামরের বাতাস, মত্কুরু।
কুড়, (প্রা) কুষ্ঠরোগ; ওষধিবিশেষ; বিঘা; ভূমিরপরিমাণ; স্তূপ, রাশি।
কুড়কবালী, (প্রা) লতাবিশেষ।
কুড়কালী, (প্রা) ভূমিপরিমাণবিদ্যা।
কুড়ন, (প্রা) সঞ্চয়ন, আহরণ, জড়ান; গ্রহণ; খনন, বিদারণ।
কুড়নীয়া, (প্রা) সঞ্চিত, যড়িত; প্রাপ্ত, অনায়াসে লব্ধ।
কুড়প, পুং. [কুড়+প] কুড়ব পরিমাণ।
কুড়ব, পুং. [কুড়+ব] পরিমাণবিশেষ, চতুর্থাংশ প্রস্থ; বৈদ্যকমতে দ্বিপ্রসৃত পরিমাণ, দ্বাত্রিংশৎ তোলক, অঞ্জলি, অষ্টমান, শরাবার্দ্ধ।

কুড়ল, (প্রা) কুররপক্ষী; কুঠার।
কুড়া, (প্রা) বিঘা, ভূমিপরিমাণ।
কুড়াচ, (প্রা) কুটজ।
কুড়ান, (প্রা) সঞ্চয়ন, জড়ান।
কুড়ানীয়া, (প্রা) সঞ্চিত, জড়িত, প্রাপ্ত।
কুড়ালি, (প্রা) কুঠার, কুড়ুল
কুড়ি, পুং. [কুড়+ই] শরীর।
কুড়ি, (প্রা) কুষ্ঠরোগ; বিংশতিসংখ্যা ২০।
কুড়িকা, স্ত্রী. [কুড়িক+আ] জলপাত্র, জলাধার।
কুড়িকুষ্ঠ, (প্রা) কুষ্ঠরোগ,মহাব্যাধি। [মাছ।
কুড়িশ, পুং. [কুড়ি+শ] মৎস্যবিশেষ, কুড়চি-
কুড়ী, (প্রা) বিংশতিসংখ্যা ২০।
কুড়ীয়া, (প্রা) কুষ্ঠী; অলস, জড়; কুটীর।
কুড়ুৎ, (প্রা) অব্যক্তধ্বনি।
কুড়ুপ, পুং. অলঙ্কার বন্ধের আঁকড়ি।
কুড়ুরমুড়ুর, (প্রা) দৃঢ়বস্তু চর্ব্বণধ্বনি।
কুড়ুল, (প্রা) কুঠার।
কুড়ুহুঞ্চী, স্ত্রী. [কুড়ু+হুঞ্চী] ক্ষুদ্রকারবেল্লী।
কুড়ৌল, (প্রা) কুৎসিত, কুরূপ, বিরূপ, অপরূপ, বেঢপ।
কুড়চি, (প্রা) লতাবিশেষ।
কুড্মল, পুং. [কুড়+মল] কুট্মল।
কুড্মলিত, ত্রি. [কুড্মল+ইত] মুকুলিত।
কুড্য, ন. [কুড+য] ভিত্তি, ভিৎ, দেয়াল; বিলেপন; কৌতূহল।
কুড্যক, ন. [কুড্য+ক] কুড্য, ভিত্তি।
কুড্যচ্ছেদী, পুং. [কুড্য+ছেদিন্] চৌরবিশেষ, সিঁদেলচোর
কুড্যচ্ছেদ্য, ন. [কুড্য+ছেদ্য] খানিক, দেয়ালেরগর্ত্ত।
কুড্যমৎস্য, পুং. স্ত্রী. [কুড্য+মৎস্য] গৃহগোধিকা, জ্যেষ্ঠী, জেঠী।
কুড্যা, (প্রা) কুষ্ঠরোগী; জড়, অলস; কর্ম্মাক্ষম, আলিস্য।
কুড্যাপনা-কুড্যামি, (প্রা) আলস্যামি, জড়তা, আলস্য, অসতর্কতা, অসত্বরতা, অলসতা, ধীরতা, মৃদুতা, গড়িয়ামী, গতর্জ্জমা, ঢিলাম, গাতুলস্যামি, কর্ম্মে অমুৎসুক্য।
কুণ, (প্রা) বীণাদিরধ্বনি। [শিশু।
কুণক, পুং. [কুণ্+অক] পশুশাবক, তির্য্যক্-
কুণঞ্জর, পুং. [কুণন্+জর] বৃক্ষবিশেষ, নবসেতুয়া, কুণঞ্জা, কুণঞ্জ, অরণ্যবাস্তুক।
কুণপ, পুং. [কুণ+প] শব, মৃতশরীর; (ন.) অস্ত্রবিশেষ; বড়শা; (ত্রি.) পূতিগন্ধ, দুর্বাস। [শালিক।
কুণপী, স্ত্রী. [কুণপ+ঈ] বিটশারিকা, গুয়ে-
কুণাল, পুং. [কুণ+আল] দেশভেদ।
কুণি, পুং. [কুণ+ই] তুন্নবৃক্ষ, তুঁদ; (ত্রি.) কুকর, কোঁপা; নখশূলবিশেষ
কুণিন্দ, পুং. [কুণ+ইন্দ] শব্দ, ধ্বনি।
কুণী, (প্রা) শুষ্কহস্ত; নখশূল, আঙ্গুলহারা, কুনখী, নখকুণী। [স্থায়ী।
কুণুয়া-কুণো, (প্রা) লাজুক, ত্রাসযুক্ত; কোণ
কুণোবেঙ্গ, (প্রা) ভেকবিশেষ।
কুণোমি, (প্রা) লাজুকতা, ভয়, ত্রাস।
কুণ্টক, ত্রি. [কুণ্ট+ক] স্থূল, মোটা।
কুণ্ঠ, ত্রি. [কুন্ঠ+অ] ক্রিয়াসুমন্দ, অকর্ম্মণ্য, অলস; মূর্খ; সঙ্কুচিত; দুঃখ।
কুণ্ঠক, ত্রি. [কুণ্ঠ+ক] মূর্খ, জড়, মূঢ়।
কুণ্ঠিত, ত্রি. [কুণ্ঠ+ইত] সঙ্কুচিত; বেষ্টিত; মূর্খ; সরল।
কুণ্ড, ন. [কুণ্ড+অ] মানভেদ; দেবজলাশয়; জলাধারবিশেষ, চৌবাচ্চা; (ন.স্ত্রী.) স্থালী; (পুং.) স্বামী বর্ত্তমানে উপপতিজাত সন্তান, জারজ; যজ্ঞখাত হোমীয়াগ্ন্যালয়।
কুণ্ডকীট, পুং. [কুণ্ড+কীট] চার্ব্বাকবচনাভিজ্ঞ পুরুষ; পতিতব্রাহ্মণী পুত্র; দাসীকামুক।
কুণ্ডকীল, পুং. [কুণ্ড+কীল] নীচজন্মা, অধমযোনিজ।
কুণ্ডগোল-কুণ্ডগোলক, পুং.[কুণ্ড+গোল-ক] কাঞ্জিক, কাঁজী। [স্থান।
কুণ্ডাঙ্গ, পুং. [কুণ্ড+অঙ্গ] কুঞ্জ, বৃক্ষাচ্ছাদিত
কুণ্ডপায্য, পুং. [কুণ্ড+পায্য] ক্রতু, যাগ, যজ্ঞ।
কুণ্ডপায্যবান্, ত্রি. [কুণ্ডপায্য+বান্] যজ্ঞকারী।

কুণ্ডল, ন. [কুণ্ড+ল] স্বনামখ্যাত কর্ণভূষণ, কর্ণবেষ্টন, পাশ; বলয়। [ধারণ।

কুণ্ডলধারণ, ন. [কুণ্ডল+ধারণ] কর্ণভূষণ

কুণ্ডলধারী, ত্রি. [কুণ্ডল+ধারিন্] কর্ণভূষণাদি ধারণকর্ত্তা।

কুণ্ডলাকার, ত্রি. [কুণ্ডল+আকার] অঙ্গুরীয়াকাকৃতি, মণ্ডলাকার, বলয়াকৃতি, চক্রাকার, বর্ত্তুল।

কুণ্ডলিকা, স্ত্রী.]কুণ্ডলিক+আ]ছন্দোবিশেষ।

কুণ্ডলিনী, স্ত্রী. [কুণ্ডলিন+ঈ] কুলকুণ্ডলিনী শক্তি; গুড়চী; মিষ্টান্নবিশেষ, জিলিপী; সর্পিণী।

কুণ্ডলী, স্ত্রী. [কুণ্ডল+ঈ] গুড়চী; কাঞ্চনবৃক্ষ; কপিকচ্ছু; সর্পিণীবৃক্ষ; মিষ্টান্নবিশেষ, জিলিপী; কুলকুণ্ডলিনীশক্তি; (পুং.) সর্প; বরুণ; ময়ূর; চিত্তলমৃগ; (ত্রি.) কুণ্ডলযুক্ত।

কুণ্ডলীকৃত, ত্রি. [কুণ্ডলী+কৃত] চক্রাকৃত, ঘুরণিয়া, পেচাল। [পেচাল।

কুণ্ডলীপাকান, (প্রা) সর্পবৎ মণ্ডলাকার;

কুণ্ডাশী, ত্রি. [কুণ্ড+অশিন্] ভগভক্ষক, কোটনা; কুণ্ডান্নভোজী; জারজাতান্নভোজী।

কুণ্ডিকা, স্ত্রী. [কুণ্ড+ইকা] কমণ্ডলু, যতিপাত্রবিশেষ; পিঠর, কুঁড়ি, তাম্রকুণ্ড।

কুণ্ডিন, পুং. [কুণ্ড+ইন] মুনিবিশেষ; (ন.) বিদর্ভনগর। [জারজ।

কুণ্ডী, স্ত্রী. [কুণ্ড+ঈ] কমণ্ডলু, স্থালী; (পুং.)

কুণ্ডীর, পুং.[কুণ্ড+ঈর]মনুষ্য; (ত্রি) বলিষ্ঠ, বলবান্।

কুণ্ডোঘ্নী. স্ত্রী.[কুণ্ডোঘ্ন+ঈ] দুগ্ধবতীগাভী।

কুতঃ, ব্য. [কু+তস্] প্রশ্ন; পঞ্চম্যর্থ; নিহ্নব, কোথাহইতে।

কুতনু, পুং. [কু+তনু] কুবের; (ত্রি.) কদাকার, কুৎসিত শরীর।

কুতপ, পুং. ন. [কু+তপ] দিবসের অষ্টমাংশ, দিবসের অষ্টমমুহূর্ত্ত, মধ্যাহ্ন; একোদ্দিষ্ট শ্রাদ্ধারম্ভ কাল; বাদ্য; দৌহিত্র; ছাগলোমজ কম্বল; কাশতৃণ; (পুং.) সূর্য্য; অগ্নি; দ্বিজন্মা; অতিথি; গো; ভাগিনেয়; (ত্রি.) ঈ ষদুষ্ণ।

কুতপকাল, পুং. [কুতপ+কাল] মধ্যাহ্নকাল, দিবামধ্য।

কুতপসপ্তক, ন.[কুতপ+সপ্তক]শ্রাদ্ধবিশেষ।

কুতশ্চন-কুতশ্চিৎ, ব্য. [কুতস্+চন-চিৎ] ক্বচিৎ, কুত্রাপি; কোন্‌স্থানে।

কুতস্ত্য, ত্রি. [কুতস্+ত্য] কুতঃ।

কুতুক, ন. [কুত্+উক] কৌতুক।

কুতুপ, ন. পু. [কুতু+প] কুতপ, দিনের অষ্টমমুহূর্ত্ত; (পুং.) চর্ম্মনির্ম্মিতক্ষুদ্র স্নেহপাত্র, ছোটকুপো।

কুতুব, (যাং) পুস্তক সমূহ।

কুতুব্‌খানা, (যাং) পুস্তকশালা, পুস্তকালয়।

কুতুরকাতুর, (প্রা) কণ্ডুয়ন, গুদ্‌গুদি।

কুতূ, স্ত্রী. [কু+তূ] চর্ম্মনির্ম্মিত স্নেহপাত্র, মসক, কুপো।

কুতূণক, পুং. [কু+তূণক] বালরোগবিশেষ, নেত্ররোগ, কতুয়া

কুতূহল, ন. [কুতু+হল] অপূর্ব্ববস্তু দিদৃক্ষাদ্যতিশয়, কৌতুক, কৌতুহল, কুতুক, আনন্দ; (ত্রি.)প্রশস্ত; অদ্ভুত; উদ্যোগ।

কুতূহলী, ত্রি. [কুতূহল+ইন্] কৌতুকী, আমোদী; উদ্যোগী; ক্রীড়ক।

কুতৃণ, ন. [কু+তৃণ] কুম্ভী, পানা।

কুত্তা, (হি) কুক্কুর। [স্থানে কাহাতে।

কুত্র, ব্য. [কু+ত্র] কস্মিন্, কোথায়, কোন্-

কুত্রচিৎ-কুত্রাপি, ব্য. [কুত্র+চিৎ-অপি] কুত্র, কোন্‌খানে, কোথাও, যেকোন স্থানে।

কুৎসন, ন. [কুৎস্+অন] নিন্দন, ভর্ৎসন।

কুৎসলা, স্ত্রী. [কুৎসল+আ] নীলীবৃক্ষ।

কুৎসা, স্ত্রী. [কুৎস+আ] কুৎসন, তৎপর্য্যায়।—অবর্ণ, অপবাদ, অববাদ; অবধ্বংস, আক্ষেপ, অপক্রোশ, উপক্রোশ, উপরাগ, কলঙ্ক, কুরূপতা, গর্হা, গর্হণ, ঘৃণা, জুগুপ্সা, জুগুপ্সন, ধিক্, নিন্দা, নির্ব্বাদ, নিন্দন, পরীবাদ, পরিবাদ, ভর্ৎসন, সামি।

কুৎসাকার-কুৎসাবাদী, ত্রি. [কুৎসা+কার-বাদিন্] কলঙ্ককর, ছিদ্রান্বেষী; (পুং.) মিথ্যাপবাদ; পরাপবাদী; গ্লানিকর; কদাকার।

কুৎসাময়, ত্রি. [কুৎসা+ময়] নিন্দাজনক; কুরূপ, কদাকার।
কুৎসিত, ত্রি. [কুৎস্+ইত] নিন্দিত, তৎপর্য্যায়।—অণক, অনক, অধম, অপকৃষ্টক, অবদ্য, অর্ব্বা, অবম, অরম, আখেট, আণক, কাণ্ড, কুরূপী, কুশ্রী, কুপ্রিয়, কুপূয়, খেট, গর্হ্য, গর্হিত, তুচ্ছ, নিকৃষ্ট, প্রতিকৃষ্ট, মন্দ, যাপ্য, রেফ, রেপ, রেপস, (ন.) কুষ্ঠনামৌষধ, কুড়।
কুৎসিতাকার-কুৎসিতাকৃতি, ত্রি. [কুৎসিত+আকার] কদাকার, বিরূপ। [বাচ্য।
কুৎস্য, ত্রি. [কুৎস+য] নিন্দ্য, গর্হ্য, দূষ্য,
কুথ, পুং.স্ত্রী. [কুথ+অ] গজপৃষ্ঠস্থিত চিত্রকম্বল, হাতিরপিঠেরঝুল, আস্তর, তৎপর্য্যায়।—প্রবেণী, আস্তরণ, বর্ণ, পরিস্তোম, বোল, প্রবেণি, পরিষ্টোম, কুথা, (পুং.) কুশতৃণ।
কুথলী, (প্রা) হস্তি ঘোটকাদির সজ্জা, থলী।
কুথা, স্ত্রী. [কুথ+আ] হস্তীপৃষ্ঠস্থিত চিত্রকম্বল।
কুথোদরী, স্ত্রী. [কুথ+উদরী] নিকুম্ভদুহিতা, কুম্ভকর্ণপৌত্রী; হৈরণ্যপুরবাসী নিকুম্ভদানবকন্যা, প্রভাবতী।
কুদাঁড়া, (প্রা) কুধারা, কুস্বভাব, কদাচার।
কুদাল, পুং. [কু+দাল] কোবিদারবৃক্ষ; ভূমিবিদারণাস্ত্র, কোদাল।
কুদ্দার-কুদ্দাল, পুং. [কু+উৎ+দর-ল] কোবিদারবৃক্ষ; ভূমিবিদারণাস্ত্র; কোদাল।
কুদিন, ন. [কু+দিন] মন্দদিন, মেঘাচ্ছন্নদিন, অশুভদিন
কুদৃশ্য, ত্রি. [কু+দৃশ্য] অভব্য, কুশ্রী, কুরূপ
কুদৃষ্টি, ত্রি. [কু+দৃষ্টি] অল্পদৃষ্টি; (স্ত্রী.) কদক্ষ; বামাচারতা। [কুরদেশ; অগঙ্গদেশ।
কুদেশ, পুং. [কু+ দেশ] অসদ্দেশ, অসুস্থ-
কুদ্মল, ন. [কুদ্+মল] কুট্মল, মুকুল।
কুদ্য, ন. [কুদ+য] কুড্য, ভিত্তি।
কুদ্রঙ্ক, পুং. [কু+দ্রঙ্ক] গৃহবিশেষ; মঞ্চোপরি মণ্ডপ, উদ্ঘাট, পিঠর।
কুদ্রঙ্গ, পুং. [কু+দ্রঙ্গ] মঞ্চোপরিমণ্ডপ।
কুদ্রব, পুং. [কু+দ্রব] কোদ্রব।
কুদ্রৎ, (যাং) ক্ষমতা; শক্তি।
কুধারা, (প্রা) কুব্যবহার, কুরীতি, কুদাঁড়া।
কুধী, ত্রি. [কু+ধী] অবুদ্ধি, স্থূলধী, মন্দবুদ্ধি।
কুধ্র, পুং. [কু+ধ্র] পর্ব্বত।
কুনখ-কুনখী, পুং. ত্রি. [কু+নখ-ইন্] ক্ষুদ্ররোগবিশেষ; নখরোগ (ত্রি.) কুৎসিতনখযুক্ত; সঙ্কুচিত নখ।
কুনট, পুং. [কু+নট] শ্যোনাকপ্রভেদ; (ত্রি.) কুৎসিতনর্ত্তক।
কুনটী, স্ত্রী. [কুনট+ঈ] মনঃশিলা; ধন্যাক, ধনে; নেপালদেশজ মনঃশিলা, (ত্রি) কুৎসিতানর্ত্তকী।
কুনলী, পুং. [কু+নলিন্] বকবৃক্ষ
কুনাভি, পুং. [কু+নাভি] বাতমণ্ডলী, ঘূর্ণেবাতাস; নিধি, সেবধি; (ত্রি.) কুৎসিতনাভি। [অখ্যাতি, অসম্ভ্রম।
কুনাম, ত্রি. [কু+নাম] দুর্নাম, অপযশঃ,
কুনাশক, পুং. [কু+নাশক] যবাস।
কুনীতি, স্ত্রী. [কু+নীতি] কুচরিত্র, কুরীতি, মন্দরীতি, কুস্বভাব, কদভ্যাস।
কুন্‌কুন্-কুন্‌কুনানি, (প্রা) ব্যথা।
কুন্ত, পুং. [ক+উন্ত] গবেধুকা; প্রাসাস্ত্র; চণ্ডভাব; ক্ষুদ্রজন্তু।
কুন্তল, পুং. [কুন্ত+ল] কেশ, শিরোরুহ, চুল; হ্রীবের; চষক; যব; লাঙ্গল; দেশবিশেষ; ধ্রুবকভেদ।
কুন্তলবর্দ্ধন, পুং. [কুন্তল+বর্দ্ধন] ভৃঙ্গরাজবৃক্ষ। [কেশী।
কুন্তলযুক্ত, ত্রি. [কুন্তল+যুক্ত] কেশযুক্ত,
কুন্তলা, পুং. [কুন্তল+আ] দেশবিশেষ
কুন্তলিকা, স্ত্রী. [কুন্তল+ইকা] দধ্যাদিচ্ছেদনী, পালিকা, দইকাটাছুরি। [বালা।
কুন্তলোশীর, ন. [কুন্তল+উশীর] বালক,
কুন্তী, স্ত্রী. [কুন্ত+ঈ] পাণ্ডুরাজভার্য্যা, শূরসেনরাজকন্যা; গুগ্‌গুলুবৃক্ষ; শল্লকী; ব্রাহ্মণী।
কুন্থন, (প্রা) কাতরাণ, কোকাঁন।
কুন্থু, পুং. [কুন্থ+উ] বৌদ্ধবিশেষ, জিনচক্রবর্ত্তী বিশেষ।

কুন্দ, পুং.ন. [ক+উন্দ] পুষ্পবৃক্ষবিশেষ, কুঁদফুলেরগাছ, তৎপর্য্যায়।—মাঘ্য, শুক্লপুষ্প, মকরন্দ, মহামোদ, মনোহর, মুক্তাপুষ্প, সদাপুষ্প, তারপুষ্প, অট্টহাসক, দমন, বনহাস, মনোজ্ঞ, বোরট, বরট, চমেলি, মল্লিক, (পুং.) কুন্দুরুনামগন্ধদ্রব্য; ভ্রমিযন্ত্র, কুঁদ; কুবেরেরনিধিবিশেষ; করবীরবৃক্ষ।

কুন্দক, পুং. [কুন্দ+ক] কুন্দুরুক।

কুন্দকর, পুং. [কুন্দ+কর] কুঁদারু।

কুন্দন, (প্রা) উল্লম্ফন; ফাঁদন।

কুন্দম, পুং. [কু+দম] বিড়াল।

কুন্দর, পুং. [কুন্দ+র] তৃণভেদ, কুন্দরা, তৎপর্য্যায়।—কণ্ডুর, ঝিণ্টী, দীর্ঘপত্র, খরচ্ছদ, রসাল, ক্ষেত্রসম্ভূত, সুতৃণ, মৃগবল্লভ।

কুন্দরকূট, (প্রা) কুন্দ।

কুন্দল, (প্রা) নীলপদ্ম; কলহ, বিবাদ।

কুন্দলীয়া, (প্রা) কলহী, বিবাদী, ঝকড়াটিয়া স্ত্রী। [সমূহ।

কুন্দিনী, স্ত্রী. [কুন্দ+ইন্+ঈ] পদ্মিনী, পদ্ম-

কুন্দু, স্ত্রী. [ক+উন্দু] কুন্দুরুনামগন্ধদ্রব্য; (পুং.) মূষিক। [দ্রব্য।

কুন্দুর, পুং. [কুন্দ+উর] কুন্দুরুনাম গন্ধ-

কুন্দুরু-কুন্দুরুক, পুং. [ক+উন্দ+রু-ক] স্বনামখ্যাতসুগন্ধিদ্রব্য, তৎপর্য্যায়।—মুকুন্দ, পালঙ্ক্যা, কুন্দ, পালঙ্কী; মুকুন্দু, কুন্দু, কুন্দুর, কুন্দুরুক, সৌরাষ্ট্র, শিখরী, কুন্দক, তীক্ষ্ণ, গোপুরক, বহুগন্ধ, পালিন্দ, ভীষণ, তীক্ষ্ণগন্ধ, বলী।

কুন্দুরুকী, স্ত্রী, [কুন্দুরুক+ঈ] শল্লকীবৃক্ষ, বিম্বফলাকৃতি ফলবিশেষ।

কুপ, (প্রা) কুতুপ, চর্ম্মনির্ম্মিত তৈলাদিপাত্র।

কুপঙ্ক, পুং. [কু+পঙ্ক] পাঁকালভূমি।

কুপত, ব্য. উত্তমরূপে, বিলক্ষণরূপে।

কুপথ, পুং. [কু+পথ] কুৎসিতপন্থা, মন্দপথ, কদধ্ব; উৎপথ।

কুপথগামী, ত্রি. [কুপথ+গামিন্] কদাচারী, কুস্বভাবশীল, দুরাত্মা, অধর্ম্মী, কুকর্ম্মী, দুঃশীল, পাপাত্মা, পাপী।

কুপথ্য, ত্রি. [কু+পথ্য] অপথ্য, অনায়ুষ্কর, রুজাকর।

কুপন্থা, পুং. [কু+পন্থা] কদাচরণ, অসদ্ব্যবহার, মন্দগতিক।

কুপরামর্শ, পুং. [কু+পরামর্শ] কুমন্ত্রণা, কুযুক্তি, শটরবটর। [ভেস্তা।

কুপরামর্শী, ত্রি. [কু+পরামর্শিন্] কুমন্ত্রী,

কুপা, (প্রা) তৈল ঘৃতাদির পাত্র, মসক।

কুপাণি, ত্রি. [কু+পাণি] বক্রহস্ত, কুৎসিতকর, কোঁপা, মুল।

কুপিত, ত্রি. [কুপ+ইত] ক্রোধান্বিত, ক্রোধী, ক্রুদ্ধ, বিরক্ত, রাগী।

কুপিতবায়ু, পুং. [কুপিত+বায়ু] বায়ুাধিক্য, বায়ুরোগ, কোষ্ঠাশ্রিত বায়ু, পেটেরফাঁপ।

কুপিতান্তক, পুং. [কুপিত+অন্তক] উপস্থিত মৃত্যু, সন্নিকট মরণ।

কুপিনী, স্ত্রী. [কুপ+ইন্-ঈ] স্বল্পমৎস্যধানী, খালুই; (পুং.) কৈবর্ত্ত, জালিয়া।

কুপিন্দ, পুং. [কুপ+ইন্দ] তন্তুবায়।

কুপীলু, পুং. [কু+পীলু] কারস্করবৃক্ষ, তিন্দুকবিশেষ, মধুরতেন্দু, মাকড়াকেঁদু, তৎপর্য্যায়।—জলজ, দীর্ঘপত্রক, কুলক, কালতিন্দুক, কালপীলুক, কাকেন্দু, বিষতিন্দু, মর্কটতিন্দুক। [পুত্র।

কুপুত্র, পুং. [কু+পুত্র] অসৎসন্তান, মন্দ-

কুপুরুষ, পুং. [কু+পুরুষ] নিকৃষ্টব্যক্তি, মন্দব্যক্তি, জাত্যাচারাদি নিন্দিত।

কুপূয়, ত্রি. [কু+পূয়] কুৎসিত, নিন্দিত, আচারভ্রষ্ট।

কুপেঁচ, (প্রা) কুৎসিত, কদাকার; মন্দপাক; কুকুঁদিতকাষ্ঠ।

কুপোষ্য, ত্রি. [কু+পোষ্য] অনাথপোষ্যবর্গ; অসৎপরিবার।

কুপ্য, ন. [কুপ+য] স্বর্ণ রূপ্য ভিন্ন ধাতু, দস্তা; (ত্রি.) কুপিত, ক্রুদ্ধ।

কুপ্যশালা, স্ত্রী. [কুপ্য+শালা] স্বর্ণ রূপ্য ভিন্ন ধাতু পাত্রাদি নির্ম্মাণগৃহ, সন্ধানী; কাঁসারির দোকান।

কুপ্রিয়, ত্রি. [কু+প্রিয়] জঘন্য, হেয়, মন্দ।

কুপ্লব, পুং. [কু+প্লব] অপকৃষ্ট ভেলা; কাষ্ঠের মাড়।
কুব, ন. [কু+ব] উৎপল, জলজপুষ্পমাত্র।
কুবক্তা, পুং. [কু+বক্তা] অসদ্বাদী, নীচভাষী, ব্যাকরণবিরুদ্ধ কথক। [শাক।
কুবকালুকা, স্ত্রী. [কুব+কালুকা] ঘোলী-
কুবঙ্গ, ন. [কু+বঙ্গ] সীসক।
কুবচ, ত্রি. [কু+বচ] কুবাদ, পরদোষ কথনশীল, বাগদুষ্ট, পরনিন্দক।
কুবচন, ন. [কু+বচন] দুর্ব্বাক্য, বাক্‌পারুষ্য।
কুবজ্রক, ন. [কু+বজ্রক] বৈক্রান্তমণি, মণিবিশেষ, কুৎসিত হীরক।
কুবদ, ত্রি. [কু+বদ] নিন্দক, অপবাদক, অগুণগ্রাহক, কুৎসাবাদী।
কুবর, পুং. [কু+বর] তুবর।
কুবল, ন. [কু+বল] উৎপল; মুক্তাফল; বদরীফল। [মন্দবল।
কুবলী, স্ত্রী. [কুবল+ঈ] কোলিবৃক্ষ, (পুং.)
কুবলয়, ন. [কু+বলয়] উৎপল, নীলোৎপল।
কুবলয়াপীড়, পুং. [কুবলয়+আপীড়] কংসের হস্তিরূপ দৈত্যবিশেষ।
কুবলয়িনী, স্ত্রী. [কুবলয়+ইনী] উৎপলিনী।
কুবলাশ্ব, পুং. [কুবল+অশ্ব] ধুন্ধুমাররাজা।
কুবাক্য, ন. [কু+বাক্য] পরুষবাক্য, নীচকথা।
কুবাক্যবাদী, ত্রি, [কুবাক্য+বাদিন্] দুর্ভাষী, অসৎকথনশীল। [শীল।
কুবাদ, ত্রি. [কু+বাদ] কুবচ, পরদোষকথন-
কুবাস, পুং. [কু+বাস] দুর্গন্ধ, পূতিগন্ধ।
কুবাসী, ত্রি. [কুবাস+ইন্] দুর্গন্ধবিশিষ্ট, অশুভগন্ধ, পচা।
কুবাহুল, পুং. [কু+বাহুল] উষ্ট্র।
কুবিক্রম, ত্রি. [কু+বিক্রম] অত্যাচার, উপদ্রব, দৌরাত্ম্য।
কুবিক্রমী, ত্রি. [কু+বিক্রমিন্] উপদ্রবী, উপদ্রবকারী, দুর্জ্জন। [অন্যায় বিচার।
কুবিচার, পুং. [কু+বিচার] অযথার্থ বিচার,
কুবিন্দ, পুং. [কুব+ইন্দ] তন্ত্রবায়, তাঁতি, শূদ্রাণীগর্ব্ভে বিশ্বকর্ম্মার ঔরসে জাত জাতি।
কুবিবাহ, পুং. [কু+বিবাহ] অমঙ্গলপরিণয়, অশুভ দারপরিগ্রহ।
কুবুদ্ধি, স্ত্রী. [কু+বুদ্ধি] মন্দবুদ্ধি, নষ্টবুদ্ধি, অসদ্বোধ, মতিভ্রম।
কুবৃত্তি, স্ত্রী. [কু+বৃত্তি] মন্দব্যবসা, কুক্রিয়া।
কুবৃত্তিকৃৎ, পুং. [কুবৃত্তি+কৃৎ] পূতিক, কাঁটাকরঞ্জ; (ত্রি.) কুকর্ম্মকারী, অসদ্ব্যবসায়ী।
কুবেণী, স্ত্রী. [কু+বেণী] মৎস্যধানী, খালুই; নারীদিগের কুৎসিতাবেণী, নিন্দিত বেণী।
কুবের, পুং. [কু+বের] দেবতাবিশেষ, বিশ্রবার ঔরসে ইড়বিড়া ভার্য্যার গর্ব্ভেজাত, উত্তরদিগের অধিপতি, তৎপর্য্যায়।—অর্থপতি, অলকাধিপ, ঈশসখ, উত্তরাশাপতি, একপিঙ্গল, এলবিল, একপিঙ্গ, ঐড়বিল, ঐলবিল, ঐড়বিড়, কিন্নরেশ্বর, কিম্পুরুষেশ্বর, কিন্নরেশ, কৈলাসনিকেতন, কৈলাসৌকা, কুহ, গুহ্যকেশ্বর, ত্র্যম্বকসখ, ধনাধিপ, ধনদ, ধনপতি, ধনকেলি, ধনাধ্যক্ষ, নরবাহন, নিধিনাথ, নিধীশ, পুণ্যজনেশ্বর, পৌলস্ত্য, বসু, বিত্তেশ, বৈশ্রবণ, মনুষ্যধর্ম্মা, মনুরাট্, ময়ুরাজ, যক্ষ, যক্ষরাট্, যক্ষেশ, যক্ষেন্দ্র, যক্ষরাজ, রয়িষ্ঠ রাজরাজ, রাক্ষসেন্দ্র, শ্রীদ, শ্রীমান্, সত্যসঙ্গর, সিতোদর, হর্য্যক্ষ; নন্দীবৃক্ষ; অর্হদুপাসক বিশেষ, (ত্রি.) কুশরীর; অলস; মন্দ।
কুবেরক, পুং. [কুবের+ক] নন্দীবৃক্ষ।
কুবেরাচল-কুবেরাদ্রি, পুং. [কুবের+অচল অদ্রি] কৈলাসপর্ব্বত।
কুবেরাক্ষী, স্ত্রী. [কুবের+অক্ষ+ঈ] পাটলাবৃক্ষ; লতাকরঞ্জ; সিতপাটলিকাবৃক্ষ।
কুবেল, ন. [কু+বেল] কুবলয়, উৎপল।
কুব্জ, ত্রি. [কু+উব্জ+অ] বায়ুনোন্নত হৃদয়, উন্নতপৃষ্ঠ, বক্রপৃষ্ঠ, ন্যুব্জ, বক্রীভূত, গড়ু, গাড়ুল, গড়ুর; কুঁজ, (পুং) অপামার্গ; খড়্গ; মৎসবিশেষ।
কুব্জক, পুং. [কুব্জ+ক] পুষ্পবৃক্ষবিশেষ, কুজা, তৎপর্য্যায়।—ভদ্রতরুণী, বৃত্তপুষ্প, অতিকেশর, মহাসহ, কণ্টকাঢ্য,

খর্ব্ব, অলিকুলসঙ্কুল, বারিকন্টক, বৃহৎ পুষ্প; (ত্রি) বক্রপৃষ্ঠ। [দির।
কুব্জকণ্টক, পুং. [কুব্জ+কণ্টক] শ্বেতখ-
কুব্র, ন. [কুব্‌+র] বন; কুণ্ড; কুণ্ডল; তন্তু; শরণ; শকট।
কুব্রহ্ম, পুং. [কু+ব্রহ্মন্] ভ্রষ্টব্রাহ্মণ।
কুমড়া, (প্রা) ফলবিশেষ, কুষ্মাণ্ড।
কুমড়াগড়ি, (প্রা) স্থূল তণ্ডুলভেদ।
কুমতি, স্ত্রী. [কু+মতি] অল্পবুদ্ধি, বিকলান্তঃকরণ, দুর্ম্মতি।
কুমন্ত্র-কুমন্ত্রা, ন. স্ত্রী. [কু+মন্ত্র] কুপরামর্শ, অসদুপদেশ, দুষ্টবৃত্তি
কুমন্ত্রী, পুং. [কু+মন্ত্রিন্] অসন্মন্ত্রণাদাতৃ, দুর্মন্ত্রী, কুপরামর্শী।
কুমরিকা, (প্রা) লতাবিশেষ
কুমরিকাপোকা, (প্রা) কীটবিশেষ।
কুমার, পুং. [কুমার্‌+অ] কার্ত্তিকেয়; নাট্যোক্তিতে যুবরাজ; শুক; অশ্ববারক; পঞ্চবর্ষীয়বালক; বরুণবৃক্ষ; অর্হদুপাসকবিশেষ; সিন্ধুনদ; (স্ত্রী.) দ্বাদশদবর্ষীয়া কন্যা; (ন.) শুদ্ধবর্ণ; জাত্য কাঞ্চন, খাঁটিসোনা।
কুমার, (প্রা) কুম্ভকার জাতি।
কুমারক, পুং. [কুমার+ক] বরুণবৃক্ষ; বালক, শিশু। [হস্তারক
কুমারঘাতী, পুং. [কুমার+ঘাতিন্] অপত্য
কুমারজীব, পুং. [কুমার+জীব] পুত্রঞ্জীবকবৃক্ষ, জীয়াপুতাপ্রসিদ্ধ। [রাজা।
কুমারপাল, পুং. [কুমার+পাল] শালিবাহন-
কুমারভৃত্যা, স্ত্রী. [কুমার+ভৃত্যা] গর্ভিণীর পরিচর্য্যা, বালতন্ত্র, গর্ভিণাবেক্ষণ।
কুমারবাহী, পুং. [কুমার+বাহিন্] ময়ূর।
কুমারয়ু, পুং. [কুমার+য়ু] যুবরাজ, রাজপুত্র।
কুমারসূ, স্ত্রী. [কুমার+সূ] গঙ্গা; দুর্গা
কুমারিকা, স্ত্রী. [কুমার+ইকা] কুমারী; নবমল্লিকা; ভারতবর্ষের খণ্ডবিশেষ; উপদ্বীপবিশেষ, স্থূলৈলা; কীলাধার।
কুমারিকাখণ্ড, পুং. ন. [কুমারিকা+খণ্ড] ভারতবর্ষের খণ্ডবিশেষ।
কুমারী, স্ত্রী. [কুমার+ঈ] দ্বাদশবর্ষীয়া কন্যা; পার্ব্বতী; নবমল্লিকা; নদীবিশেষ; সহা; ঘৃতকুমারী; অপরাজিতা; জম্বূদ্বীপ; সীতা; বন্ধ্যাকর্কোটকী; স্থূলৈলা; মোদিনীপুষ্প; ভরুণীপুষ্প; শ্যামাপক্ষী।
কুমারীপূজা, স্ত্রী. [কুমারী+পূজা] আগমশাস্ত্রমতে একবর্ষাবধি ষোড়শবর্ষীয়া অপুষ্পবতী কন্যারাধনা।
কুমারীভোজন, ন. [কুমারী+ভোজন] একবর্ষাবধি ষোড়শবর্ষীয়া অপুষ্পবতী কন্যাভোজন।
কুমারীয়া, (প্রা) লতাবিশেষ।
কুমালক, পুং. [কু+মালক] সৌবীরদেশ, মালোয়া দেশৈকখণ্ড
কুমীর, (প্রা) কুম্ভীর
কুমুৎ, ন.[কু+মুদ] হেলাপুষ্প; রক্তোৎপল; কুমুদ; (ত্রি.) কৃপণ; অপ্রীত।
কুমুদ, ন. [কু+মুৎ] শ্বেতোৎপল, হেলা, সুঁদি; তৎপর্য্যায়।—কৈরব, চন্দ্রকান্ত, গর্দ্দভ, কুমুৎ, ধবলোৎপল, কহ্লার, শীতলক, শশিকান্ত, ইন্দুকমল, চন্দ্রিকাম্বুজ, গন্ধসোম; রক্তপদ্ম; রূপ্য; (পুং) নৈর্ঋতকোণস্থদিগ্‌হস্তী; বানরবিশেষ; নাগবিশেষ; দৈত্যভেদ; সিতোৎপল; কর্পূর; ধ্রুবকভেদ।
কুমুদচ্ছায়া, স্ত্রী. [কুমুদ+ছায়া] শ্বেতোৎপলাচ্ছাদ; (ত্রি) শ্বেতোৎপলসদৃশ।
কুমুদবান্ধব, পুং. [কুমুদ+বান্ধব] চন্দ্র; কর্পূর। [কুমুদসমূহ।
কুমুদবতী, স্ত্রী. [কুমুদ+বতী] কুমুদ্বতী,
কুমুদা, স্ত্রী. [কুমুদ+আ] কুম্ভিকা, পানা; গাম্ভারীবৃক্ষ; শালপর্ণীবৃক্ষ; ধাতকীবৃক্ষ; কট্‌ফল।
কুমুদাকর. পুং. [কুমুদ+আকর] পদ্মাকর কুমুদসমূহ স্থান
কুমুদাবাস, পুং. [কুমুদ+আবাস] কুমুদপ্রায়দেশ।
কুমুদিক, পুং. [কুমুদ+ইক] পদ্মসমূহ দ্বারা চতুর্দ্দিক বেষ্টিত।
কুমুদিকা, স্ত্রী. [কুমুদ্‌+ইকা] কট্‌ফল।

কুমুদিনী, স্ত্রী. [কুমুদ+ইনী] কুমুদযুক্ত পুষ্করিণ্যাদি; কুমুদসমূহ; কুমুদলতা; কুমুদ্বতী; উৎপলিনী, ছোটসুঁদী

কুমুদিনীনায়ক-কুমুদিনীপতি, পুং. [কুমুদিনী নায়ক-পতি] চন্দ্র।

কুমুদী, স্ত্রী. [কুমুদ+ঈ] কট্‌ফল।

কুমুদেশ, পুং. [কুমুদ+ঈশ] চন্দ্র।

কুমুদ্বৎ, ত্রি. [কুমুদ্+বৎ] কুমুদযুক্তস্থান।

কুমুদ্বতী, স্ত্রী. [কুমুদ্+বতী] কুমুদিনী।

কুমুদ্বান্, ত্রি. [কুমুদ্+বান্] কুমুদবহুলদেশ

কুমুর, (প্রা) সামান্য কুম্ভীর।

কুমেধা, ত্রি. [কু+মেধা] দ্বেষী, দুঃশীল, ঈর্ষী।

কুমেরু, পুং. [কু+মেরু] দক্ষিণধ্রুব; কেন্দ্র।

কুমোদক, পুং. [কু+মোদক] বিষ্ণু।

কুম্প, ত্রি. [কুন্‌প+অ] বাহুকুণ্ঠ, বক্রহস্ত, কোঁপা, মুলা।

কুম্বা, স্ত্রী. [কুম্ব+আ] সুগহনাবৃতি অর্থাৎ শূদ্রাদির দর্শন নিবারণার্থ যজ্ঞস্থানে বস্ত্রাদি বেষ্টন।

কুম্বিয়া, স্ত্রী, [কুম্বিয়+আ] বৃক্ষবিশেষ।

কুম্ভ, ন. [কু+উম্ভ+অ] গুগ্‌গুলু; ত্রিবৃৎ; (পুং) ঘট; গজকুম্ভ, হস্তিশিরস পিণ্ডদ্বয়; কুম্ভকর্ণপুত্র; বেশ্যাপতি; সমাধিবিশেষ; কুম্ভকপ্রাণায়াম; দ্রোণদ্বয় পরিমাণ, ৬৪ সের, সুর্প; একাদশ রাশি, হৃদ্রোগ।

কুম্ভক, পুং. [কুম্ভ+ক] নিশ্বাস অবরোধ, দক্ষিণহস্তদ্বারা নাসাপুটদ্বয় ধারণকরতঃ বায়ুস্তম্ভন।

কুম্ভকর্ণ, পুং. [কুম্ভ+কর্ণ] দৈত্যবিশেষ, রাবণ [ভ্রাতা রাক্ষস।

কুম্ভকামলা, স্ত্রী. [কুম্ভ+কামলা] পাণ্ডুরোগ, কামল, কামলা, নেবা।

কুম্ভকার-কুম্ভকারক, পুং. [কুম্ভ+কার-ক] শূদ্রাণীগর্ভে বিশ্বকর্ম্মারঔরসজাত জাতিবিশেষ, কুমার, তৎপর্য্যায়।—কুলাল, চক্রী, ঘটকার, ঘটিন্ধন, মৃৎকর, চক্রজীবক, ভট, ঘটীকার; কুক্কুভপক্ষী।

কুম্ভকারিকা, স্ত্রী. [কুম্ভ+কারিকা] অঞ্জন, কজ্জল, সুরমা; কুলথা; কুলালস্ত্রী।

কুম্ভকারী, স্ত্রী. [কুম্ভকার+ঈ] কুলখাঞ্জন; কুলখিকা; মনঃশিলা; কুম্ভকারের স্ত্রী।

কুম্ভতুম্বী, স্ত্রী. [কুম্ভ+তুম্বী] অলাবু প্রভেদ, গোললাউ, তৎপর্য্যায়।—কুম্ভালাবু, গোরক্ষতুম্বী, গোরক্ষী, নাগালাবু, ঘটাভিধা, ঘটালাবু।

কুম্ভদাসী, স্ত্রী. [কুম্ভ+দাসী] কুট্টনী, কুটনী।

কুম্ভপদী, স্ত্রী. [কুম্ভ+পদী] স্ফীতপদাস্ত্রী, গোদনী। [গোদা

কুম্ভপাদ, পুং. [কুম্ভ+পাদ] শ্লীলিপদী,

কুম্ভবীজক, পুং. [কুম্ভ+বীজক] রীঠাকরঞ্জ।

কুম্ভযোনি, পুং. [কুম্ভ+যোনি] অগস্ত্যমুনি; বশিষ্ঠমুনি; দ্রোণাচার্য্য; দ্রোণপুষ্পীবৃক্ষ।

কুম্ভরাশি, পুং. [কুম্ভ+রাশি] একাদশরাশি।

কুম্ভলগ্ন, ন. [কুম্ভ+লগ্ন] একাদশরাশির লগ্নবিশেষ।

কুম্ভলা, স্ত্রী [কুম্ভল+আ] মুণ্ডিতিকা, মুণ্ডিরী।

কুম্ভশালা, স্ত্রী [কুম্ভ+শালা] কুম্ভনির্ম্মাণাদি গৃহ, পাকপুটী, কুমারের পোয়ানঘর।

কুম্ভসন্ধি, পুং [কুম্ভ+সন্ধি] হস্তিকুম্ভদ্বয় মধ্যস্থান, আরক্ষ; ঘটেরকপালদ্বয়সংযোজন।

কুম্ভসম্ভব, পুং [কুম্ভ+সম্ভব] অগস্ত্যমুনি।

কুম্ভা, স্ত্রী [কুম্ভ+আ] বেশ্যা।

কুম্ভাণ্ড, পুং [কুম্ভ+অণ্ড] বাণাসুরের অমাত্যবিশেষ; কুষ্মাণ্ড; কুমুড়া।

কুম্ভাণ্ডী, স্ত্রী [কুম্ভাণ্ড+ঈ] কুষ্মাণ্ডী।

কুম্ভিকা, স্ত্রী [কুম্ভ+ইকা] জলজতৃণবিশেষ, পানা, তৎপর্য্যায়।—বারিপর্ণী, শ্বেতপর্ণা, অশকুম্ভী, পানীয়পৃষ্ঠজ, আকাশমূলী, কুতৃণ, জলবল্কল, বারিমূলী, খমূলিকা, পর্ণী, পৃশ্নী, খমূলী, খমূলি, বারিকর্ণিকা, কুমুদা, দলাঢক; পাটলাবৃক্ষ; দ্রোণপুষ্পী; নেত্ররোগবিশেষ; কুম্ভকযোগ।

কুম্ভিনীবীজ, ন. [কুম্ভিনী+বীজ] জয়পাল।

কুম্ভিপাকী, স্ত্রী. [কুম্ভি+পাকী] কট্‌ফল।

কুম্ভিমদ, পুং. [কুম্ভি+মদ] হস্তীমদ, হাতির মদজাল।

কুম্ভিল, পুং, [কুম্ভ+ইল] চৌর; শালমৎস্য; শ্লোকার্থচৌর; শ্যালক

কুম্ভী, পুং. [কুম্ভ+ইন্] হস্তী; কুম্ভীর; গুগ্‌গুলু; (স্ত্রী.) উখা; পাটলাবৃক্ষ; বারিপর্ণী; কট্‌ফল; বৃক্ষবিশেষ, কুম্ভীপুষ্প, তৎপর্য্যায়।—রোমালুবিটপী, রোমশ, পর্পটদ্রুম; দন্তীবৃক্ষ।

কুম্ভীক, পুং [কুম্ভী+ক] পুন্নাগবৃক্ষ; কুম্ভিকা।

কুম্ভীধান্য, পুং. [কুম্ভী+ধান্য] সাপ্তাহিক কিম্বা বাৎসরিক ধান্য পরিপূরিতাধার।

কুম্ভীধান্যক, পুং [কুম্ভী+ধান্যক] শস্যরক্ষণকারী গৃহস্থ।

কুম্ভীনস, পুং. [কুম্ভী+নস] ক্রূরসর্প।

কুম্ভীনসী, স্ত্রী. [কুম্ভী+নসী] লবণ দানবমাতা; রাবণভগ্নী রাক্ষসী; কুম্ভবৎনাসাবিশিষ্টা।

কুম্ভীপাক, পুং. [কুম্ভী+পাক] নরকবিশেষ, সংপ্রতাপন।

কুম্ভীবীজ. ন. [কুম্ভী+বীজ] জয়পাল।

কুম্ভীর, পুং. [কুম্ভী+র] জলজন্তুবিশেষ, কুমীর, তৎপর্য্যায়।—নক্র, কুম্ভীল, গিলগ্রাহ, শঙ্খমুখ, মহাবল, গ্রাহ, আলাস্য, মহামুখ, দ্বিধাগতি, অসিদন্ত, জলশূকর, জলহস্তী, বার্ভট, অম্বুকিরাত, অম্বুকণ্টক, ঘড়িয়াল।

কুম্ভীরমক্ষিকা, স্ত্রী. [কুম্ভীর+মক্ষিকা] মক্ষিকাবিশেষ, কুমীরাপোকা, কণা।

কুম্ভীল, পুং. [কুম্ভী+ল] কুম্ভীর।

কুযশঃ, ন. [কু+যশস্] অপকীর্ত্তি, দুর্নাম, অখ্যাতি।

কুযশোবিশিষ্ট-কুযশোযুক্ত, ত্রি [কুযশস্+বিশিষ্ট-যুক্ত] অখ্যাতবা, অকীর্ত্তিকর, অযশস্কর।

কুয়া, (প্রা) কূপ।

কুযাত্রা, স্ত্রী. [কু+যাত্রা] অযাত্রা, অশুভক্ষণে গমন।

কুয়াশা-কুয়াসা, (প্রা) কুজ্ঝটিকা।

কুযুক্তি, (প্রা) মন্দ পরামর্শ, কুমন্ত্রণা।

কুযোগী, পুং. [কু+যোগী] কাল্পনিকযোগী।

কুরকা, স্ত্রী. [কুরক+আ] সল্লকীবৃক্ষ।

কুরঙ্কর-কুরঙ্কুর, পুং. [কুরং+কর] সারসপক্ষী। [(ন.) সীসক।

কুরঙ্গ-কুরঙ্গক, পুং. [কুর্+অঙ্গ-ক] হরিণ, মৃগনাভি।

কুরঙ্গনয়না, স্ত্রী. [কুরঙ্গ+নয়না] মৃগনয়না; নারী।

কুরঙ্গনাভি, পুং. [কুরঙ্গ+নাভি] কস্তূরী,

কুরঙ্গম, পুং. [কুর্+অঙ্গ-ম] হরিণবিশেষ, এণ, ঋশ্য, রিশ্য, চারুলোচন।

কুরঙ্গিকা, স্ত্রী. [কুরঙ্গিক+আ] মুদ্গপর্ণী।

কুরচি, (প্রা) কুরূপ, কদাকার গঠন

কুরচিপোনা-কুরচিমাছ, (প্রা) মৎস্যবিশেষ।

কুরচিল্ল, পুং. [কুর+চিল্ল] কর্কট, কাঁকড়া।

কুরট, পুং. [কু+রট] চর্ম্মকার, উপানৎকৃৎ

কুরণ, (প্রা) চাঁচন, আঁচড়ান, কুচান।

কুরণি, (প্রা) চাঁচনের অস্ত্র

কুরণ্টক, পুং. [কু+রণ্টক] পীতাম্লান; পীতঝিণ্টী।

কুরণ্ড, পুং. [কু+রণ্ড] মুষ্কবৃদ্ধিরোগ, কোরণ্ড, তৎপর্য্যায়।—বৃদ্ধি, অণ্ডবর্দ্ধন, কোষবৃদ্ধি, অন্ত্রবৃদ্ধি, জলদোষের পীড়া; সাকুরণ্ডবৃক্ষ।

কুরণ্ডক, পুং. [কুরণ্ড+ক] কুরণ্টকবৃক্ষ।

কুরব, পুং. [কু+রব] সিতমন্দার; কুরুবক, রক্তঝিণ্টী; পীতঝিণ্টী; কুৎসিতশব্দ, মন্দধ্বনি; (ত্রি) কুৎসিতশব্দযুক্ত।

কুরবক, পুং. [কুরব+ক] রক্তাম্লান; রক্তঝিণ্টী; (ত্রি) কুৎসিতধ্বনি।

কুরর, পুং. [কু+রব] কুরলপক্ষী, উৎক্রোশ, খরশব্দ, ক্রৌঞ্চ, পংক্তিচর, খর, ক্রোরপক্ষী।

কুররাংঘ্রি, পুং. [কুরর+অংঘ্রি] দেবসর্ষপ।

কুররী, স্ত্রী. [কুরর+ঈ] কুররপক্ষীস্ত্রী; মেষী।

কুররীগণ, পুং. [কুররী+গণ] কুররপক্ষীসমূহ।

কুরল, পুং. [কু+রল] কুররপক্ষী; চূর্ণকুন্তল।

কুরস, পুং. [কু+রস] মদ্যভেদ; কুৎসিতরস; (ত্রি) কুৎসিতরসযুক্ত।

কুরসা, স্ত্রী. [কু+রসা] গোজিহ্বালতা।

কুরাহ, পুং. [কুর+আহ] কুলাহ, ঈষৎপাণ্ডু কৃষ্ণবর্ণ জংঘাবিশিষ্ট ঘোটক।

কুরী, স্ত্রী. [কুর+ঈ] তৃণধান্যভেদ।

কুরীতি, (প্রা) কুস্বভাব, কদাচার, মন্দধারা, অসদ্ব্যবহার। [রমণ।

কুরীর, ন. [কৃ+ঈর] মৈথুন, রতিক্রিয়া,

কুরু, পুং. [কৃ+উ] আগ্নীধ্ররাজপুত্র, প্রিয়ব্রতরাজপৌত্র, চন্দ্রবংশীয় রাজাবিশেষ; দেশবিশেষ; জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষবিশেষ; কণ্টকারিকা; ভক্ত।
কুরুই, (প্রা) কুক্কুর, কঙ্কর, কুলুই।
কুরুকন্দক, ন. [কুরু+কন্দক] মূলক।
কুরুকুল, পুং; [কুরু+কুল] কুরুবংশ।
কুরুচি, ত্রি. [কু+রুচি] বিরক্তি, ঘৃণা, মন্দরুচি; কুপ্রবৃত্তি।
কুরুজ, পুং. [কুরু+জ] কুরুবংশজাত।
কুরুজ, (প্রা) তালার মধ্যভাগ, রেপ।
কুরুট, পুং. [কু+রুট] সিতাবর শাক।
কুরুণ্ট-কুরুণ্টক, পুং, [কৃ+রুণ্ট-ক] পীতঝিণ্টী; পীতাম্লান, তৎপর্য্যায়।—সহচরী, সহচর, সহাচর, সহচার।
কুরুণ্টী, স্ত্রী. [করুণ্ট+ঈ] দারুপুত্তলিকা; ব্রাহ্মণী।
কুরুবংশ, পুং. [কুরু+বংশ] কুরুকুল।
কুরুবক, পুং. [কুরু+বক] রক্তঝিণ্টী; রক্তাম্লান; পীতঝিণ্টী।
কুরুবর্ষ, পুং. [কুরু+বর্ষ] বর্ষভেদ।
কুরুবিন্দ, ন. [কুরু+বিন্দ] কাচলবণ; মাণিক্য; কুরুবিল্বরত্ন; কুল্মাসশস্য; (পুং) মুস্তক, মাষ। [চুণি।
কুরুবিল্ল, পুং. [কুরু+বিল্ল] পদ্মরাগমণি,
কুরুবিল্ব, পুং. [কুরু+বিল্ব] পদ্মরাগমণি।
কুরুবিল্বক, পুং. [কুরু+বিল্বক] কুল্মাষ, বনকুলত্থিকা।
কুরুবিস্ত, পুং. [কুরু+বিস্ত] স্বর্ণপল, চারিতোলা স্বর্ণ।
কুরুম্ব, ন. [কুরুম্+ব] কুলপালক, কমলালেবু।
কুরুম্বা-কুরুম্বিকা, স্ত্রী. [কুরুম্+বা-ইকা] দ্রোণপুষ্পী।
কুরুম্বী, স্ত্রী, [কুরুম্ব+ঈ] সৈংহলীবৃক্ষ।
কুরুরাজ, পুং. [কুরু+রাজ] দুর্য্যোধন।
কুরুল, পুং. [কুরু+ল] ভালস্থিত চূর্ণকুন্তল, ভ্রমরক, ভ্রমরালক, কুরল, চাঁচরকেশ।
কুরুক্ষেত্র, ন. [কুরু+ক্ষেত্র] দেশবিশেষ, কুরুপাণ্ডবদিগের রণভূমি; পুণ্যস্থান।
কুরুক্ষেত্র, (প্রা) মহাগোলযোগ।
কুরুক্ষেত্রীযোগ, পুং. [কুরুক্ষেত্রী+যোগ] এক দিবসে তিথিত্রয় নক্ষত্রত্রয়, ও যোগত্রয়স্পর্শ; এক দিনে তিন গ্রহস্পর্শ; কুরুক্ষেত্রে মৃত্যুযোগ।
কুরূপ, ত্রি. [কু+রূপ] কুৎসিত আকৃতি, তৎপর্য্যায়।—কদাকার, অসুন্দর, দুর্দর্শন, বিকৃতাকার, রূপহীন, কুৎসিতাকার, অসৌম্য, অপরূপ, বিরূপ, ব্যাকার, কুবের, কুতনু, বিকলাঙ্গ, অবলক্ষণী, বিশ্রী, কুশ্রী। [অশোভনা।
কুরূপতা, স্ত্রী. [কুরূপ+তা] কুৎসিততা,
কুরূপী, ত্রি. [কুরূপ+ইন্] কদাকার, কুশ্রী, কুৎসিত। [রাং।
কুরূপ্য, ন. [কু+রূপ্য] ধাতুবিশেষ, রঙ্গ,
কুর্কুট, (প্রা.) অবকর, আবর্জ্জনা, ওঁচলা; ঘরঝাঁটানি, ময়লা, জঞ্জাল।
কুর্কুর, পুং. [কুর্+কুর] কুক্কুর।
কুর্কুরী, স্ত্রী. [কুর্কুর+ঈ] কুক্কুরী। [ধ্বনি।
কুর্ কুর্, (প্রা.) কুক্কণ, ভিষণ, ক্ষুদ্রকুক্কুরবৎ
কুর্ কুরণি, (প্রা.) গাত্রকণ্ডূয়ন।
কুর্চিকা, স্ত্রী. [কুর্চ+ইকা] গাঢ়দুগ্ধ, ঘনীভূতদুগ্ধ, আওটানদুগ্ধ।
কুর্ণজ, পুং. [কুর্+নজ] কুলঞ্জনবৃক্ষ।
কুর্দ্দন, ন. [কুর্দ্দ্+অন] ক্রীড়া, খেলা; কুন্দন, আস্ফালন, লাফান।
কুর্ত্তী, (যাং) অঙ্গাবরণবিশেষ।
কুর্পর, পুং. [কুর্+পর] কফোণি; জানু।
কুর্পর, (প্রা) অধীন, বশ্য।
কুর্পাস, পুং. [কুর্পর+আস] অর্দ্ধচোলক।
কুর্পাসক, পুং. [কুর্পাস+ক] কঞ্চুলিকা, কাঁচুলি। [ভৃত্য।
কুর্ব্বৎ, ত্রি. [কৃ+অৎ] কর্ম্মকার; (পুং.)
কুর্ব্বৎরূপ, ন. [কুর্ব্বৎ+রূপ] হেতু, কারণ, নিমিত্ত।
কুর্ব্বাণ, ত্রি. [কৃ+আন] কুর্ব্বৎ, কর্ম্মকার।
কুল, ন. [কুল্+অ] বংশ, গোত্র, গোষ্ঠী, জাতি, অন্বয়, বর্ণ; স্বজাতীয়গণ; জনসমূহ, জনপদ; গৃহ; শরীর; অগ্র; জন্তুসমূহ, পাল; (পুং.) কুলিক, শিল্পী; কুলপ্রধান।

কুল, (প্রা) ফলবিশেষ; শূর্প।
কুলক, ন. [কুল+ক] পটোললতা; সম্বন্ধ শ্লোকসমূহ; (পুং.) কাকেন্দু; বল্মীক; কুলশ্রেষ্ঠ; মরুবকবৃক্ষ; হরিতসর্প; কুপীলু; শিল্পিকুলপ্রধান; (ত্রি.) উত্তম বংশজাত।
কুলকজ্জল, পুং. [কুল+কজ্জল] কুলকলঙ্ক
কুলকণ্টক, পুং. [কুল+কণ্টক] কুপুত্র, বংশের কুলাঙ্গারপুত্র।
কুলকন্যা, স্ত্রী. [কুল+কন্যা] সদ্বংশজাতাস্ত্রী।
কুলকর্কটী, স্ত্রী. [কুল+কর্কটী] চীনাকর্কটী।
কুলকর্ম্ম, ন. [কুল+কর্ম্মন্] বংশপরম্পরা ব্যবহার, কুলাচার, কুলধর্ম্ম; কুলীনে কন্যাদান।
কুলকলঙ্ক, পুং. [কুল+কলঙ্ক] বংশের অখ্যাতি। [জলাবর্ত্তন।
কুলকুচ, (প্রা) আচাম্য, কুল্লী, মুখেরমধ্যস্থ-
কুলকুণ্ডলিনী-কুলকুণ্ডলী, স্ত্রী. [কুল+কুণ্ডলিনী+কুণ্ডলী] মূলাধারপদ্মস্থিত শিবশক্তিবিশেষ। [ধর্ম্ম।
কুলক্রিয়া, স্ত্রী. [কুল+ক্রিয়া] কুলকর্ম্ম, কুল-
কুলক্ক, পুং. [কুলকৃ+ক] করতালী, তালমর্দ্দল, হাততালী।
কুলগত, ত্রি. [কুল+গত] বংশগত, গোত্রাভিগত, বংশানুক্রমে।
কুলগরিমা, পুং. [কুল+গরিমন্] বংশের-গর্ব্ব, গোত্রাহঙ্কার।
কুলগিরি, পুং. [কুল+গিরি] ভারতবর্ষীয় গিরিবিশেষ, যথা—মহেন্দ্রপর্ব্বত, মলয়পর্ব্বত, সহ্যপর্ব্বত, শক্তিমানপর্ব্বত, ঋষ্যপর্ব্বত, বিন্ধ্যাগিরি, পারিপাত্র পর্ব্বত।
কুলগৌরব, ন. [কুল+গৌরব] বংশেরমহিমা, গোত্রাভিমান।
কুলগ্ন, ন. [কু+লগ্ন] অশুভক্ষণ, অশুভলগ্ন।
কুলঙ্গী, (প্রা) গৃহের কুলঙ্গী।
কুলঙ্গী, স্ত্রী. [কুলঙ্গ+ঈ] কণ্টকীলতা।
কুলচ্যুত, ত্রি. [কুল+চ্যুত] বংশহইতে পতিত, বংশত্যাগ, গোত্রবর্জ্জিত।
কুলজ-কুলজাত, ত্রি. [কুল+জ+জাত] কুলীন, সৎকুলোদ্ভব, উত্তমবংশজাত, সদ্বংশীয়।
কুলজী, (প্রা) বংশাবলী, গোষ্ঠী, বংশবিবরণ, বংশক্রম; কুলপরিচয়
কুলজ্ঞ, (প্রা) ঘটক, কুলাচার্য্য, কুলশাস্ত্রবেত্তা।
কুলঞ্জ-কুলঞ্জন, পুং. [কুলঞ্জ+ন] স্বনামখ্যাত বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—কুর্ণজ, গন্ধমূল
কুলট, পুং. [কুল+অট] জারজাত, কুণ্ড, বিজন্মা।
কুলটা, স্ত্রী. [কুলট+আ] ব্যভিচারিণী, ভ্রষ্টা, তৎপর্য্যায়।—পুংশ্চলী, ধর্ষিণী, বন্ধকী, অসতী, ইত্বরী, স্বৈরিণী, পাংশুলা, ধর্ষণী, পাংসুলা, অসাধ্বী, অবিনীতা, অভিসারিকা, ধৃষ্টা, কুলপাংশুলা, কামগা, দুষ্টা, ধর্ষিতা, লঙ্কা, নিশাচরী, ত্রপারণ্ডা; পরকীয়ান্তর্গত নায়িকাবিশেষ।
কুলটাপতি, পুং. [কুলটা+পতি] অসতীপতি, বন্ধকীভার্য্য, ব্যভিচারিণীস্ত্রীর স্বামী, যে ভ্রষ্টাস্ত্রীকে বিবাহকরে।
কুলটী, স্ত্রী. [কুলট+ঈ] মনঃশিলা, গৈরিকধাতুবিশেষ।
কুলতিথি, স্ত্রী. পুং. [কুল+তিথি] চতুর্থী, অষ্টমী, দ্বাদশী, এবং চতুর্দ্দশী, এই কয় তিথি। [সুসন্তান।
কুলতিলক, পুং. [কুল+তিলক] বংশেরতিলক
কুলত্থ, পুং. [কুল+স্থা] শস্যভেদ, কুলত্থকড়াই, তৎপর্য্যায়।—কালবৃন্ত, তাম্রবৃক্ষ, কুলত্থিকা, তাম্রবৃন্ত, তাম্রবীজ, সিতেতর।
কুলত্থা, স্ত্রী. [কুলত্থ+আ] বনকুলত্থ, তৎপর্য্যায়।—দৃক্প্রসাদা, অরণ্যকুলত্থিকা, কুলালী, লোচনহিতা, চক্ষুষ্যা, কুম্ভকারিকা, কুলত্থিকা, কুল্মাষ, কুরুবিল্বক; কুলত্থাঞ্জন, তৎপর্য্যায়।—পূর্ব্ববৎ তদধিকন্তু।—কুম্ভকারী, প্রলাপহা।
কুলত্থাঞ্জন, ন, [কুলত্থা+অঞ্জন] বনকুলত্থ।
কুলত্থিকা, স্ত্রী. [কুলত্থ+ইকা] কুলত্থাকারাঞ্জন প্রস্তরবিশেষ; বনকুলত্থ।
কুলদর্প, পুং. [কুল+দর্প] বংশের গৌরব।

কুলদীপক, ত্রি. [কুল+দীপক] উপাধিদ্বারা সম্ভ্রান্ত।
কুলদেবতা, স্ত্রী. [কুল+দেবতা] কুলরক্ষক দেবতা, কুলেরদেবতা।
কুলধর্ম্ম, পুং. [কুল+ধর্ম্ম] স্বজাতীয়ধর্ম্ম, কুলাচার; (ত্রি) স্বাভাবিক, স্বধর্ম্ম।
কুলধারক, পুং. [কুল+ধারক] পুত্র।
কুলধ্বংস, পুং. [কুল+ধ্বংস] বংশনাশ।
কুলন, (প্রা) নির্ব্বাহহওন, নিষ্পন্ন বা সম্পোষ্য হওন; প্রচুর।
কুলনন্দন, ত্রি. [কুল+নন্দন] বংশের আনন্দকর; (পুং) পুত্র।
কুলনক্ষত্র, ন. [কুল+নক্ষত্র] ভরণী, রোহিণী, পুষ্যা, মঘা, উত্তরফল্গুনী, চিত্রা, বিশাখা, জ্যেষ্ঠা, পূর্ব্বাষাঢ়া, শ্রবণা এবং উত্তরভাদ্রপদনক্ষত্র।
কুলনায়িকা, স্ত্রী. [কুল+নায়িকা] পঞ্চমকার যজনে পূজ্যাস্ত্রী ইহা নববিধ যথা।—নটী, কাপালিকী, বেশ্যা, রজকী, নাপিতাঙ্গনা, ব্রাহ্মণী, শূদ্রকন্যা, গোপালকন্যা, মালাকার কন্যা।
কুলনারী, স্ত্রী. [কুল+নারী] সদ্বংশজাতাস্ত্রী, মান্যাস্ত্রী
কুলনাশ, পুং. [কুল+নাশ] উষ্ট্র; বংশধ্বংস। [বংশাপবাদ।
কুলনিন্দা, স্ত্রী. [কুল+নিন্দা] কুলকলঙ্ক,
কুলপতি, পুং. [কুল+পতি] কুলস্বামী, গোত্রপ্রধান, কুলনাথ, বংশের প্রথমপুরুষ।
কুলপত্র, পুং. [কুল+পত্র] দমনকবৃক্ষ।
কুলপরিচয়, (প্রা) বংশাবলী, কুলজী।
কুলপর্ব্বত, পুং. [কুল+পর্ব্বত] ভারতবর্ষীয় সপ্ত পর্ব্বতান্তর্গত পর্ব্বতবিশেষ।
কুলপর্য্যায়, পুং. [কুল+পর্য্যায়] বংশের একাদিক্রম। [নারী, ভ্রষ্টাস্ত্রী।
কুলপাংশুলা, স্ত্রী. [কুল+পাংশুলা] অসতী
কুলপালক, ন. [কুল+পালক] কুরুম্বফল, কমলানেবু; (ত্রি.) বংশপ্রতিপালক।
কুলপালি-কুলপালিকা, স্ত্রী. [কুল+পালি-কা] কুলবতী, কুলপালী, সাধ্বী, সতী।
কুলপি, (প্রা) লতাবিশেষ; ইক্ষুদণ্ড
কুলপুরুষ, পুং. [কুল+পুরুষ] স্বজন, স্বগোত্র।
কুলপুরোহিত, পুং. [কুল+পুরোহিত] কুলবিপ্র, কুলাচার্য্য, কুলজ্ঞ।
কুলফল, (প্রা) ফলবিশেষ; পদ্ম; মুক্তা।
কুলবতী, স্ত্রী. [কুলবৎ+ঈ] সদ্বংশীয়াস্ত্রী, সম্ভ্রান্তা স্ত্রী, সুশীলা।
কুলবধূ, স্ত্রী. [কুল+বধূ] কুলস্ত্রী, সতী, অনন্যগামিনীস্ত্রী, পতিব্রতা, সদযুবতী, কুলপালিকা, সাধ্বী; অব্যভিচারিণী।
কুলবধূতা, স্ত্রী. [কুলবধূ+তা] পাতিব্রত্য, সতীত্ব, সাধ্বীত্ব।
কুলবর্ণা, স্ত্রী. [কুলবর্ণ+আ] রক্তত্রিবৃৎ।
কুলবর্দ্ধক, ত্রি. [কুল+বর্দ্ধক] বংশোন্নতি
কুলবার, পুং. [কুল+বার] মঙ্গল এবং শুক্রবার। [কুলাচার্য্য।
কুলবিপ্র, পুং. [কুল+বিপ্র] কুলপুরোহিত,
কুলবৃদ্ধি, স্ত্রী. [কুল+বৃদ্ধি] বংশবৃদ্ধি, গোত্রোন্নতি।
কুলব্যাপী, ত্রি. [কুল+ব্যাপিন্] বংশসঙ্গত।
কুলভঙ্গ, (প্রা) কুলীনত্বাভিমানহীন
কুলভেদকর, পুং. [কুল+ভেদ+কর] কুলবিরোধকারী।
কুলভৃত্যা, স্ত্রী. [কুল+ভৃত্যা] গর্ভিণীপর্য্যুপসনা, ধাত্রী।
কুলভ্রষ্ট, ত্রি. [কুল+ভ্রষ্ট] কুলচ্যুত; জাতিভ্রষ্টব্যক্তি।
কুলমর্য্যাদা-কুলমান, স্ত্রী.পুং. [কুল+মর্য্যাদা-মান] কুলসম্ভ্রম, বংশগৌরব।
কুলমিত্র, পুং. [কুল+মিত্র] বংশপরম্পরাগত মিত্র, সুহৃদ।
কুলম্ভর, পুং. [কুলম্+ভর] কুলম্ভুল, চৌর।
কুলযোষিৎ, স্ত্রী. [কুল+যোষিৎ] সন্নারী, উত্তমাস্ত্রী।
কুলরক্ষক, ত্রি. [কুল+রক্ষক] কুলপালক।
কুলশীল, (প্রা) বংশমর্য্যাদা বর্দ্ধকাচার।
কুলশ্রেষ্ঠী, ত্রি. [কুল+শ্রেষ্ঠিন্] শিল্পিকুলপ্রধান, কুলিক, কুল, ককুল, শ্রেষ্ঠী, সদ্বংশজাত; বংশের শ্রেষ্ঠ।

কুলসংখ্যা, স্ত্রী. [কুল+সংখ্যা] গোত্রসম্ভ্রম
কুলসন্ততি, স্ত্রী. [কুল+সন্ততি] পুত্রপৌত্রাদি, বংশ, ঔলাদ্
কুলসন্নিধি, স্ত্রী. [কুল+সন্নিধি] জ্ঞাতিত্ব, আত্মীয়তা ;
কুলসম্ভব, পুং. [কুল+সম্ভব] যস্যকস্যচিৎ কুলেজাত, কুলোৎপন্ন, বীর্য্য।
কুলসী, (প্রা) কুল; শুষ্কফলাদি।
কুলসেবক, পুং. [কুল+সেবক] কিঙ্কর, পরিচর
কুলসৌরভ, ন. [কুল+সৌরভ] মরুবকবৃক্ষ।
কুলস্ত্রী, স্ত্রী. [কুল+স্ত্রী] কুলপালিকা, কুলবধূ, অনন্যগামিনী, কুলরক্ষিকা স্ত্রী।
কুলস্থিতি, স্ত্রী. [কুল+স্থিতি] বংশগৌরব।
কুলহণ্ডক, পু. [কুল+হণ্ডক] আরণি, আবর্ত্ত।
কুলক্ষণ, ন. [কু+লক্ষণ] মন্দচিহ্ন; (ত্রি) অশুভ, অকল্যাণ, অমঙ্গলসূচক।
কুলক্ষয়, পুং. [কুল+ক্ষয়] পতন, ধ্বংস, বংশ নাশ, উচ্ছিন্নতা।
কুলক্ষয়া, স্ত্রী. [কুলক্ষয়+আ] শূকশিম্বী।
কুলা, (প্রা) শূর্প, কুল।
কুলাকুল, ত্রি. [কুল+আকুল] মিশ্রিত মূলসম্বন্ধীয়; দীক্ষাপ্রকরণীয় চক্রবিশেষ।
কুলাকুলতিথি, পুং. স্ত্রী. [কুলাকুল+তিথি] দ্বিতীয়া, ষষ্ঠী এবং দশমী তিথি।
কুলাকুলনক্ষত্র, ন. [কুলাকুল+নক্ষত্র] আর্দ্রা, মূলা, অভিজিৎ এবং শতভিষা নক্ষত্র।
কুলাকুলবার, পুং. [কুলাকুল+বার] বুধবার।
কুলাঙ্গার, পুং. [কুল+অঙ্গার] বংশের অখ্যাতিকর, কুপুত্র।
কুলাচল, পুং. [কুল+অচল] কুলপর্ব্বত।
কুলাচার, পুং. [কুল+আচার] পরিবারের নিয়ম; কুলধর্ম্ম; পুরুষানুক্রমে অনুষ্ঠিত ধর্ম্ম, তান্ত্রিক বামাচার।
কুলাচার্য্য, পুং. [কুল+আচার্য্য] ঘটক; বংশগুরু; কুলপুরোহিত; কুলজ্ঞ।
কুলাট, পুং. [কুল+অট] ক্ষুদ্রমৎস্যভেদ।
কুলাদ্রি, পুং. [কুল+অদ্রি] কুলাচল।
কুলাধারক, পুং. [কুল+আধারক] পুত্র।
কুলান, (প্রা) সম্পোষ্য হওন, নির্ব্বাহ করণ উবরণ, পাওন। [অধ্যক্ষ।
কুলানীয়, (প্রা) নির্ব্বাহক, তত্ত্বাবধারক,
কুলাভি, পুং. [কুল+অভি] অর্থ, ধন।
কুলাভিমান, ন. [কুল+অভিমান] গোত্রাভিমান
কুলাভিমানী, ত্রি. [কুল+অভিমানিন্] বংশগৌবরকারী।
কুলায়, ন. [কুল+অয়] শরীর; (পুং) নীড়; স্থানমাত্র বসতি।
কুলায়নিলায়, পুং. [কুলায়+নিলায়] পক্ষী সাবকোৎপাদন, ডিম্বে তাপ দেওন।
কুলায়নিলায়ী, ত্রি. [কুলায়+নিলায়িন্] ডিম্ব প্রস্ফুটনকারী।
কুলায়নিলায়িতা, স্ত্রী. [কুলায়+নিলায়িতা] ডিম্বপ্রস্ফুটনক্রিয়া।
কুলায়স্থ, পুং. [কুলায়+স্থ] বাসাস্থিতপক্ষী।
কুলায়িকা, স্ত্রী. [কুলায়+ইকা] পক্ষিশালা, চিড়িয়াখানা। [পক্ষী।
কুলাল, পুং. [কুল+অল] কুম্ভকার; কুক্কুভ-
কুলালচক্র, ন. [কুলাল+চক্র] কুমারের চাক।
কুলালচক্রন্যায়, ত্রি. [কুলালচক্র+ন্যায়] ঘূর্ণায়মান, বিবর্ত্তমান, ভ্রমন্তী।
কুলালম্বী, ত্রি. [কুল+আলম্বিন্] স্বজন, নির্ব্বাহকারী।
কুলালিকা, স্ত্রী. [কুলাল+ইকা] পক্ষীশালা, চিড়িয়াখানা।
কুলালী, স্ত্রী. [কুলাল+ঈ] কুলত্থাকারাঞ্জন প্রস্তরবিশেষ; কুলত্থাঞ্জন; অরণ্যকুলত্থিকা, বনকুলত্থকলাই; কুম্ভকারভার্য্যা।
কুলাহ, পুং. [কুল+আহ] ঈষৎ পীতবর্ণ কৃষ্ণজানু বিশিষ্ট ঘোটক।
কুলাহক, পুং. [কুলাহ+ক] কৃকলাস; বৃক্ষবিশেষ, রাঙ্গাকুলেখাড়া গাছ।
কুলাহল, পুং. [কুলাহ+ল] ক্ষুদ্রবৃক্ষবিশেষ, কোকসীমা, তৎপর্য্যায়।—অলম্বুষ, গোচ্ছাল, ভূকদম্ব।
কুলাক্কুতা, স্ত্রী. [কুলাক্কুত+আ] কুক্কুরী, শুনী

কুলি, পুং. [কুল+ই] হস্ত; (স্ত্রী.) কণ্ট-কারীবৃক্ষ।

কুলি, (প্রা) মুটিয়া, মুটে।

কুলিক, ত্রি. [কুলি+ক] শিল্পিকুল প্রধান; কুলসত্তম; (পুং.) অষ্টমহানাগান্তর্গত নাগবিশেষ; বৃক্ষবিশেষ, কাল্যাকড়া গাছ।

কুলিকবেলা, স্ত্রী. [কুলিক+বেলা] রবিবারাদিতে শুভকর্ম্ম জন্য নিষিদ্ধকালবিশেষ; রাত্রির প্রথমভাগ।

কুলিঙ্গ, পুং. [কু+লিঙ্গ] পক্ষীবিশেষ, ফিঙ্গাপাখি; তৎপর্য্যায়।—কলিঙ্গ, ধূম্যাট, ফিঙ্গক, ভৃঙ্গ; চটক।

কুলিঙ্গক, পুং. [কুলিঙ্গ+ক] চটকপক্ষী।

কুলিঙ্গাক্ষী, স্ত্রী. [কুলিঙ্গ+অক্ষী] পেটিকাবৃক্ষ, পেটারীগাছ। [বৃক্ষ।

কুলিঙ্গী, স্ত্রী. [কুলিঙ্গ+ঈ] কর্কটশৃঙ্গী-

কুলির, পুং. [কুল+ইর] কর্কট।

কুলিশ, ন. পুং. [কুলি+শ] বজ্র; মৎস্যবিশেষ; অস্থিসংহারবৃক্ষ।

কুলিশনায়ক, পুং. [কুলিশ+নায়ক] শৃঙ্গারবন্ধবিশেষ।

কুলিশপাণি-কুলিশভৃৎ, পুং. [কুলিশ+পাণি-ভৃত্] ইন্দ্র।

কুলিশাঙ্কুশা, স্ত্রী. [কুলিশ+অঙ্কুশ] বৌদ্ধদিগের বিদ্যাদেবীবিশেষ। [মুনি।

কুলিশাসন, পুং. [কুলিশ+আসন] শাক্য-

কুলী, স্ত্রী. [কুল+ঈ] কণ্টকারীবৃক্ষ; বৃহতীবৃক্ষ; ভার্য্যার জ্যেষ্ঠভগিনী।

কুলীন, ত্রি. [কুল+ঈন্] উত্তমকুলোদ্ভব, তৎপর্য্যায়।—মহাকুল, আর্য্য, সভ্য, সজ্জন, সাধু, সম্ভ্রান্তবংশীয়, অভিজাত, বংশবিশুদ্ধ, সদ্বংশ, অভিজনবান্, বিশুদ্ধকুলভব, কুলশ্রেষ্ঠী, কুলিক, কৌলেয়, উত্তম বংশজাত, মহাবংশীয়, মহাকুলপ্রসূত, প্রতিপত্তিমান্, কুল্য, কৌলেয়ক, কুলজ, জাত্য, কোলেয়ক, সাধুজ, কুলশ্রেষ্ঠ; (পুং.) শ্রেষ্ঠঘোটক, প্রকৃষ্টাশ্ব, স্বজানেয়, জাত্য, আজানেয়, অজানেয়, বালাশ্বি; উত্তম ব্রাহ্মণ; শক্ত্যুপাসক।

কুলীনক, পুং. [কুলীন+ক] বনমুদ্গ, (ত্রি.) উত্তমবংশ সম্বন্ধীয়।

কুলীনতা-কুলীনত্ব, স্ত্রী. ন. [কুলিন+তা-ত্ব] কৌলীন্য, আভিজাত্য, কুলোৎকর্ষ।

কুলীনস, ন. [কুলীন+স] জল।

কুলীনা, স্ত্রী. [কুলীন+আ] ছন্দোবিশেষ; কুলভবা স্ত্রী।

কুলীর, পুং. [কুল+ঈর] কর্কট, কাঁকড়া; কর্কটরাশি। [শৃঙ্গীবৃক্ষ

কুলীরশৃঙ্গী, স্ত্রী. [কুলীর+শৃঙ্গী] কর্কট-

কুলীরাৎ, পুং. [কুলীর+অদ্] কর্কটশিশু, কাঁকড়ার ছানা, স্যেগবি।

কুলীশ, পুং. ন. [কুলী+শ] কুলিশ, বজ্র।

কুলুক, ন. [কুল+উক] জিহ্বামল।

কুলুকগুঞ্জা, স্ত্রী. [কুলুক+গুঞ্জা] উল্কাগ্নি।

কুলেশ্বর, পুং. [কুল+ঈশ্বর] শিব; কুলপতি।

কুলোক, পুং. [কু+লোক] ক্রূরব্যক্তি; দুষ্টব্যক্তি, বঞ্চক, খল।

কুলোৎকট, পুং. [কুল+উৎকট] কুলীনাশ্ব, প্রকৃষ্টাশ্ব; (ত্রি.) উৎকটকুলোদ্ভব।

কুলোৎকর্ষ, পুং. [কুল+উৎকর্ষ] কুলমর্য্যাদা, বংশেরসম্মান।

কুলোৎপন্ন, ত্রি. [কুল+উৎপন্ন] সদ্বংশজাত। [জাত।

কুলোদ্গত, ত্রি. [কুল+উদ্গত] সদ্বংশ-

কুলোদ্ভব, ত্রি. [কুলে+উদ্ভব] সদ্বংশজাত।

কুলোদ্ভূত, ত্রি. [কুল+উদ্ভূত] সদ্বংশজাত।

কুলোদ্বহ, পুং. [কুল+উদ্বহ] কুলাধ্যক্ষ।

কুল্‌কুচ, (প্রা) কবল, আচমন।

কুল্‌কুচা, (প্রা) কুল্‌কুচ করণার্থ দ্রবঔষধ।

কুল্‌কুল-কুল্‌কুলা, (প্রা) জলপ্রবহনকালে ক্ষুদ্র ক্ষুদ্র তরঙ্গ।

কুলচুর, (প্রা) কুলের আচার। [গুলফ।

কুল্ফ, পুং. ন. [কুল্+ফ] রোগ; (পুং.)

কুল্মল, ন. [কুল্+মল] পাপ।

কুল্মাষ, ন. [কুল্+মাষ] কাঞ্জিক; (পুং.) যাবক; বোরবধান্য; কুলথ; মাষাকৃতিপত্রকাশ্মীরজাততুলসী, রাজমাষ;

পাচিত মাষাদি; মাষাদিমিশ্রিত অর্দ্ধসিক্ত অন্ন অর্থাৎ খিচুড়ী; রোগবিশেষ; বনকুলথ; অর্দ্ধসিদ্ধ গোধুমচনকাদি।
কুল্মাষাভিষুত, ন. [কুল্মাষ+অভিষুত] কাঞ্জিক।
কুল্মাস, ন. [কুল্+মাস] কুল্মাষ।
কুল্য, ন. [কুল্+য] অস্থি; অষ্টদ্রোণ পরিমাণ; শূর্প; আমিষ; (ত্রি.) কুলোদ্ভব; কুলহিত; (পুং.) মান্য।
কুল্যা, স্ত্রী. [কুল্য+আ] ক্ষুদ্রকৃত্রিমানদী; পয়প্রণালী, পয়নালাখাত; জীবন্তিকৌষধি; নদীমাত্র; কুলস্ত্রী; স্থূলবার্ত্তাকু।
কুল্হক, পুং. [কুলু+অক] জিহ্বামল।
কুল্লী, (প্রা) কুল্কচ, মুখের মধ্যে জল রাখিয়া চালন।
কুল্লুই, (প্রা) কর্কর, কাঁকর।
কুল্লে, (প্রা) সমুদায়ে, সর্ব্বতোভাবে।
কুশ, পুং. ন. [কুশ্+অ] স্বনামখ্যাত তৃণ, তৎপর্য্যায়।—পবিত্র, যাজ্ঞিক, হ্রস্বগর্ভ, বর্হি, কুতুপ, কুথ, দর্ভ; (ন.) জল; (পুং.) রামপুত্র; দ্বীপভেদ; (ত্রি.) পাপিষ্ঠ; মত্ত; কৃশ।
কুশণ্ডিকা, স্ত্রী. [কুশণ্ডিক+আ] সর্ব্বহোমার্থাগ্নি সংস্কারকক্রিয়া।
কুশন, (প্রা) কাষ্ঠচ্ছেদন, চেলান, কাটন।
কুশনামা, পুং. [কুশ+নামন্] উষ্ট্র।
কুশপ, পুং. [কুশ+প] পানপাত্র।
কুশপুষ্প, ন. [কুশ+পুষ্প] গ্রন্থিপর্ণবৃক্ষ; গাঁঠিয়ালাগাছ।
কুশবারি, ন. [কুশ+বারি] দর্ভজল।
কুশমুষ্টি, ত্রি. [কুশ+মুষ্টি] হস্তপূর্ণ তৃণগুচ্ছ।
কুশল, ন. [কু+শল] কল্যাণ; পর্য্যাপ্তি; পুণ্য; (ত্রি.) শিক্ষিত; (ন.) সামর্থ্য; নিপুণ; সুখী।
কুশলকারক-কুশলকারী, ত্রি. [কুশল+কারক-কারিন্] হিতকারী, প্রিয়ঙ্কর, পরোপকারক।
কুশলচিন্তক, পুং. [কুশল+চিন্তক] হিতকাম, পরহিতৈষী।
কুশলচিন্তা, স্ত্রী. [কুশল+চিন্তা] পরহিতেচ্ছা, প্রেম; সৌজন্য।
কুশলতা, স্ত্রী. [কুশল+তা] নিপুণতা, পটুতা, বৈদগ্ধ, চতুরতা, চালাকী।
কুশলপ্রশ্ন, পুং. [কুশল+প্রশ্ন] মঙ্গলজিজ্ঞাসা, মঙ্গলপ্রশ্ন, কৌশলী।
কুশলব-কুশলবৌ, পুং. [কুশ+লব-ঔ] একযোক্ত রামপুত্রদ্বয়।
কুশলবুদ্ধি, ত্রি. [কুশল+বুদ্ধি] প্রাজ্ঞ, জ্ঞানী, বিজ্ঞ, বুদ্ধিমান, মনস্বী।
কুশলী, ত্রি. [কুশল+ইন্] কল্যাণী; সুখী; ভাগ্যবান; পুণ্যবান; (স্ত্রী.) অশ্মন্তকবৃক্ষ; ক্ষুদ্রাম্লিকা।
কুশস্তব, পুং. [কুশ+স্তব] কুশগুচ্ছ।
কুশস্থল, ন. [কুশ+স্থল] কান্যকুব্জদেশ।
কুশস্থলী, স্ত্রী. [কুশস্থল+ঈ] দ্বারিকানগরী।
কুশহস্ত, ত্রি. [কুশ+হস্ত] তৃণগুচ্ছ পূর্ণহস্ত।
কুশা, স্ত্রী. [কুশ+আ] রজ্জু; মধুকর্কটিকা; বল্গা।
কুশাকর, পুং. [কুশ+আকর] অগ্নি।
কুশাকু, ত্রি. [কুশ+আকু] উত্তাপিত, রোষিত; (পুং.) বানর; অগ্নি; সূর্য্য।
কুশাগ্র, পুং. [কুশ+অগ্র] কুশনামক তৃণের অগ্রভাগ।
কুশাগ্রবুদ্ধি, ত্রি. [কুশাগ্র+বুদ্ধি] তীক্ষ্ণবুদ্ধি; (স্ত্রী.) বুদ্ধির তীক্ষ্ণতা। [চতুর।
কুশাগ্রীয়, ত্রি. [কুশ+অগ্রীয়] বিদগ্ধ, ধূর্ত্ত,
কুশাগ্রীয়মতি, ত্রি. [কুশাগ্রীয়+মতি] তীক্ষ্ণবুদ্ধি, সূক্ষ্মদর্শী, তৎকালধী, প্রত্যুৎপন্নমতি; (স্ত্রী.) সূক্ষ্মবুদ্ধি।
কুশাঙ্কুর, পুং. [কুশ+অঙ্কুর] তৃণের অঙ্কুর।
কুশাঙ্গুরীয়, ন. [কুশ+অঙ্গুরীয়] কুশতৃণ অঙ্গুরী। [সক্রোধঋষি।
কুশারণি, পুং. [কুশ+অরণি] দুর্ব্বাসামুনি;
কুশাল্মলি, পুং. [কু+শাল্মলি] রোহিতকবৃক্ষ।
কুশাসন, ন. [কুশ+আসন] কুশনির্ম্মিত আসন, (পুং.) অপকৃষ্টাজ্ঞা, অশান্তদেশ।
কুশাক্ষ, পুং. [কুশ+অক্ষ] বানর।
কুশিংশপা, স্ত্রী. [কু+শিংশপা] কপিলশিংশপা।

কুশিক, পুং. [কুশ+ইক] মুনিভেদ, গাধিরাজপিতা; ফাল; সর্জ্জবৃক্ষ; বিভীতকবৃক্ষ; অশ্বকর্ণবৃক্ষ; তৈলশেষ; (ত্রি.) কেকর, গজাচ...

কুশিত, ত্রি. [কুশি+ইত] জলমিশ্রিত।

কুশিক্ষা (প্রা) অসদুপদেশ।

কুশী, স্ত্রী. [কুশ+ইন্] ফাল; প্রস্তুতীকৃতলৌহ; (পুং.) বাল্মীকি মুনি।

কুশী, (প্রা) ক্ষুদ্রকোষা।

কুশীদ, ন. [কু+শীদ] বৃদ্ধিজীবিকা, সুদ গ্রহণ পুরঃসর ঋণদান; রক্তচন্দন।

কুশীবশ, পুং. [কুশী+বশ] বাল্মীকিমুনি.

কুশীল, ত্রি. [কু+শীল] দুরাত্মা, দুষ্টস্বভাব, দুষ্কর্ম্মা। [শীলতা।

কুশীলতা, স্ত্রী. [কুশীল+তা] কদাচরণ, অ-

কুশীলব, পুং. [কুশী+লব] চারণ; নটবিশেষ; কথকাদি; দেশান্তরে কীর্ত্তিপ্রচারক; শ্রীরামপুত্র। [পুত্রদ্বয়।

কুশীলবৌ, পুং. [কুশ+লব+ঔ] শ্রীরাম-

কুশূল, পুং. [কুশ+উল] তুষানল; ধান্যাগার, অন্নকোষ্ঠক, ব্রীহ্যগার।

কুশূলধান্য, পুং. [কুশূল+ধান্য] তিন বৎসরের আহারার্থ ধান্য।

কুশূলধান্যক, পুং. [কুশূল+ধান্যক] অধিক ধান্য সঞ্চয়কারী।

কুশেশয়, ন. [কুশে+শয়] পদ্ম; সারসপক্ষী; (পুং.) কর্ণিকারবৃক্ষ।

কুশেশয়কর, পুং. [কুশেশয়+কর] সূর্য্য।

কুশোত্তর, ত্রি. [কুশ+উত্তর] তৃণাচ্ছাদিত, তৃণময়।

কুশোদক, ন. [কুশ+উদক] কুশসংলগ্ন জল।

কুষল, ত্রি. [কু+ষল] কুশল।

কুষাকু, পুং. [কুষ+আকু] কপি; অগ্নি; সূর্য্য; (ত্রি.) পরোত্তাপী, ক্রূর।

কুষিৎ, বা. অনুত্তম, উত্তম, সু, ভদ্র।

কুষিত, ত্রি.[কুষ+ইত] জলমিশ্রিত; কুশলী।

কুষীদ, ন. [কু+ষীদ] কুসীদ; (ত্রি.) জড়, নষ্টচেষ্ট, অচেষ্ট; নির্দ্দয়।

কুষ্ঠ, ন. [কুষ্+থ] বিষভেদ; ঔষধবিশেষ, কুড়, তৎপর্য্যায়।—ব্যাধি, পারিভাব্য, ব্যাপ্য, পাকল, উৎপল, বাপ্য, আপ্য, জরণ, রুজা, গদ, আময়, পারিভদ্রক, রাম, বাণীরজ, পাবন, কুৎসিত, পদ্মক, গদাহ্ব, গদাহ্বয়, কৌবের, ভাস্বুর, কাকল, নীরুজ; স্বনামখ্যাত রোগ, কুঠ, পর্য্যায়।—শ্বিত্র, শ্বেত, শ্বেত্র, শৈত্র, শ্বৈত্য, ত্বগ্রোগ, ত্বগ্দোষ, চর্ম্মদূষিকা, দুষ্টচর্ম্মত্ব, দুশ্চর্ম্মত্ব, সিধ্মলা, চিত্র, মণ্ডলক। [বৃক্ষ।

কুষ্ঠকেতু, পুং. [কুষ্ঠ+কেতু] ভূম্যাহিলা

কুষ্ঠগন্ধি, ন. [কুষ্ঠ+গন্ধি] এলবালুক।

কুষ্ঠঘ্ন, পুং. [কুষ্ঠ+ঘ্ন] হিতাবলী; (ত্রি.) কুষ্ঠনাশক।

কুষ্ঠঘ্নী, স্ত্রী. [কুষ্ঠঘ্ন+ঈ] কাকোডুম্বরিকা।

কুষ্ঠনাশন, পুং. [কুষ্ঠ+নাশন] বারাহীকন্দ, গৌরসর্ষপ; ক্ষীরীশবৃক্ষ।

কুষ্ঠনাশিনী, স্ত্রী. [কুষ্ঠ+নাশিনী] সোমরাজীবৃক্ষ।

কুষ্ঠনয়, ত্রি. [কুষ্ঠ+ময়] কুষ্ঠী, শ্বিত্রী, কুষ্ঠরোগী, মহাব্যাধিগ্রস্ত। [কুষ্ঠ।

কুষ্ঠরোগ, পুং. [কুষ্ঠ+রোগ] মহাব্যাধি,

কুষ্ঠরোগী, ত্রি. [কুষ্ঠ+রোগিন্] কুষ্ঠী, মহাব্যাধিগ্রস্ত।

...ল, ন. [কু+স্থল] কুৎসিতস্থল, কুস্থান; পৃথিবীর উপরিভাগ।

কুষ্ঠসূদন, পুং. [কুষ্ঠ+সূদন] আরগ্বধবৃক্ষ, শোঁদালিবৃক্ষ।

কুষ্ঠহন্তা, পুং. [কুষ্ঠ+হন্তৃ] হস্তিকন্দমূলবিশেষ [বৃক্ষ.

কুষ্ঠহন্ত্রী, স্ত্রী. [কুষ্ঠ+হন্ত্রী] বাকুচী, হাকুচ-

কুষ্ঠহৃৎ, পুং. [কুষ্ঠ+হৃৎ] খদিরবৃক্ষ।

কুষ্ঠান্বিত, ত্রি. [কুষ্ঠ+অন্বিত] মহাব্যাধিগ্রস্ত; শ্বিত্রী, কুটিয়া।

কুষ্ঠারি, পুং. [কুষ্ঠ+অরি] বিট্খদির; পটোল; অর্কপত্র; খদির; গন্ধক।

কুষ্ঠী, ত্রি. [কুষ্ঠ+ইন্] কুষ্ঠরোগযুক্ত।

কুষ্মল, ন. [কুষ্+মল] ছদন, কর্ত্তন, কাটন, অংশন।

কুষ্মাণ্ড, পুং.[কু+উষ্ম+অণ্ড]ফললতাবিশেষ, কুমড়া, তৎপর্য্যায়।—ঘৃণাবাস, তিমিষ,

গ্রাম্যকর্কটী, কুষ্মাণ্ডক, কর্কারু, কুষ্মাণ্ডক, পুষ্পফল, কুষ্মাণ্ডী, কর্কোর্চ্চিকা, কুম্ভাণ্ডী, বৃহৎফলা, সুফলা, কুঞ্চফলা, নাগপুষ্পফলা, শুনী, কুষ্মাণ্ড, শিখিবর্দ্ধক; শিবের গণদেবতাভেদ; ভ্রূণবিশেষ।

কুষ্মাণ্ডক, পুং .[কুষ্মাণ্ড+ক] কুষ্মাণ্ড।

কুষ্মাণ্ডা, স্ত্রী. [কুষ্মাণ্ড+আ] উমা; ঔষধী, কর্কারু; জাতক্রিয়াবিশেষ।

কুষ্মাণ্ডাকার-কুষ্মাণ্ডাকৃতি, ত্রি. [কুষ্মাণ্ড+আকার-আকৃতি] তুন্দিল, কুষ্মাণ্ডের ন্যায় আকৃতি।

কুসম, (প্রা) লতাবৃক্ষবিশেষ।

কুসরিৎ, স্ত্রী. [কু+সরিৎ] অগভীর স্রোত, ক্ষুদ্রানদী।

কুসল, ন. [কু+সল] কুশল।

কুসিত, পুং. [কুস+ইত] জনপদ।

কুসিম্বী, স্ত্রী. [কু+সিম্বী] শিম্বী।

কুসীতায়ী, স্ত্রী. [কুসিত+অয়ী] কুসীদায়ী।

কুসীদ, ন. [কু+সীদ] ঋণদানজীবিকা, অর্থপ্রয়োগ, বৃদ্ধ্যাজীবন, বৃদ্ধিজীবিকা, সুদখাওয়া, বাড়িদেওয়া; (ত্রি.) কুসীদিক, সুদখোরী।

কুসীদপথ, পুং. [কুসীদ+পথ] কুসীদ।

কুসীদবৃদ্ধি, স্ত্রী. [কুসীদ+বৃদ্ধি] বৃদ্ধি, সুদ। [পত্নী।

কুসীদায়ী, স্ত্রী. [কুসীদ+অয়ী] কুসীদ-

কুসীদজীবী-কুসীদিক, ত্রি.[কুসীদ+জীবী-ইক] বৃদ্ধিজীবী, বার্দ্ধুষিক, বৃদ্ধ্যাজীব, বার্দ্ধুষি, সুদখোর।

কুসুম, ন. [কুস+উম] পুষ্প; ফল; স্ত্রীরজ; নেত্ররোগবিশেষ।

কুসুমকার্ম্মুক, পুং. [কুসুম+কার্ম্মুক] কাম, মদন। [দিত।

কুসুমচিত, ত্রি. [কুসুম+চিত] পুষ্পাচ্ছা-

কুসুমপুর, ন. [কুসুম+পুর] পুরবিশেষ, পাটনা, পাটলিপুত্র নামক নগর।

কুসুমবতী, স্ত্রী. [কুসুমবৎ+ঈ] ঋতুমতী; পুরবিশেষ।

কুসুমবান্, ত্রি. [কুসুম+বৎ] পুষ্পবিশিষ্ট।

কুসুমবিচিত্র, ন. [কুসুম+বিচিত্র] ছন্দোবিশেষ।

কুসুমমধ্য, ন. [কুসুম+মধ্য] বৃক্ষবিশেষ, চালিতাগাছ প্রসিদ্ধ।

কুসুময়ন, ত্রি. [কুসুম+অৎ] পুষ্পোৎপাদিত।

কুসুমস্তবক, ন. [কুসুম+স্তবক] পুষ্পস্তবক ফুলের তোররা। [কাল।

কুসুমাকর, পুং. [কুসুম+আকর] বসন্ত-

কুসুমাঞ্জন, ন. [কুসুম+অঞ্জন] কুসুমাকার রীতি মলসম্ভব অঞ্জন, পৌষ্পক, রীতিপুষ্প, পুষ্পকেতু।

কুসুমাত্মক, ন. [কুসুম+আত্মক] কুঙ্কুম।

কুসুমাধিপ-কুসুমাধিরাট্, পুং. [কুসুম+অধিপ-অধিরাজ্] চম্পকবৃক্ষ।

কুসুমাবচায়, পুং. [কুসুম+অবচায়] পুষ্পচয়।

কুসুমাবতংসক, পুং. [কুসুম+অবতংসক] শিরোভূষণ; পুষ্পমালা। [দেব।

কুসুমায়ুধ, পুং. [কুসুম+আয়ুধ] কাম-

কুসুমাল, পুং. [কুসুম+আল] চৌর।

কুসুমাসব, ন. [কুসুম+আসব] মধু।

কুসুমিত, ত্রি. [কুসুম+ইত] পুষ্পিত, বিকসিত, ফুল্ল।

কুসুমিতলতা, স্ত্রী. [কুসুমিত+লতা] ছান্দাবিশেষ; পুষ্পবতী লতা।

কুসুমেষু, পুং. [কুসুম+ইষু] কামদেব; (ন.) কামকার্ম্মুক

কুসুমোৎকির, ত্রি. [কুসুম+উৎকির] পুষ্পমালায় ভূষিত; উপরিস্থ পুষ্পবর্ষণ।

কুসুমোদ্যান, ন. [কুসুম+উদ্যান] পুষ্পবাটিকা, ফুলের বাগান।

কুসুম্ভ, ন. [কুস+উম্ভ] স্বর্ণ; পুষ্পবিশেষ, কুসুমফুল; তৎপর্য্যায়।—কমলোত্তম, বহ্নিশিখ, মহারাজন, পাবক, পীত, পদ্মোত্তর, রক্ত, লোহিত, বস্ত্ররঞ্জন, অগ্নিশিখ, বহ্নিদীপক, রক্তসঙ্কোচ, রোহিত, (পুং.) কমণ্ডলু; মহারজনবৃক্ষ

কুসু, পুং. [কু+সু] কিঞ্চুলুক, কেঁচো

কুসূল, পুং. [কুস+উল] কুশূল, ধান্যাগার।
কুসৃতি, স্ত্রী. [কু+সৃতি] শাঠ্য, শঠতা; ইন্দ্রজাল।
কুস্তুভ, পুং. [কু+স্তুভ] বিষ্ণু।
কুস্তুম্বরী-কুস্তুম্বুরু, স্ত্রী. ন. [কুস্+তুম্বরী-উরু] ধন্যাক, ধনিয়া
কুস্বপ্ন, পুং. [কু+স্বপ্ন] মন্দস্বপ্ন, দুঃস্বপ্ন, অলক্ষণবিশিষ্ট স্বপ্ন। [স্ত্রী।
কুস্ত্রী, স্ত্রী. [কু+স্ত্রী] কুভার্যা, অসুন্দর
কুহ, ব্য. [কু+হ] কুত্র, (পুং.) কুবের, কংস।
কুহক, ন. [কুহ+ক] মায়া, ইন্দ্রজাল, জাল, কুসৃতি; (ত্রি.) ধূর্ত্ত,বঞ্চক, ব্যংসক, দাণ্ডাজিনিক, মায়ী, জালিক।
কুহককার, ত্রি. [কুহক+কার] ঐন্দ্রজালিক; প্রতারণাকারী।
কুহকচকিত, ত্রি. [কুহক+চকিত] সতর্ক, পারদর্শী। [বাজিকর।
কুহকজীবী, ত্রি. [কুহক+জীবিন্] মায়াজীবী,
কুহকবৃত্তি. স্ত্রী. [কুহক+বৃত্তি] কুহক; অদৃঢ়কর; কপটতা, কাল্পনিকতা।
কুহকস্বন-কুহকস্বর, পুং. [কুহক+স্বন-স্বর] কুক্কুটপক্ষী।
কুহকী, স্ত্রী. [কুহক+ঈ] মায়াবী, বঞ্চক, বাজিকর, ঐন্দ্রজালিক, প্রতারক।
কুহক্ক, পুং. [কুহক্+ক] বাদ্যবিদ্যার তালভেদ।
কুহন, ন. [কুহ+অন] মৃদ্ভাণ্ডবিশেষ; কাচভাজন, (পুং.) মূষিক; সর্প; কংস, (ত্রি.) ঈর্ষালু।
কুহনা, স্ত্রী. [কুহন+আ] দম্ভচর্য্যা, কুহকবৃত্তি, মিথ্যাধর্ম্ম, অর্থলিপ্সায় মিথ্যাচরণ করণ।
কুহনিকা, স্ত্রী. [কুহন+ইকা] কুহনা।
কুহর, ন. [কু+হর] গহ্বর; ছিদ্র; কল কণ্ঠশব্দ; গল; অন্তিক; (পুং) নাগবিশেষ। [রতিধ্বনি; রটিত।
কুহরিত, ন. [কুহর+ইত] পিকালাপ;
কুহলি, পুং. [কু+হলি] পুগপুষ্পিকা, পাণ।
কুহা, স্ত্রী. [কুহ+আ] কটুকী।
কুহু, স্ত্রী. [কুহ+উ] কুহূ, অমাবস্যা।
কুহূ, স্ত্রী. [কুহ+ঊ] নষ্টেন্দুকলা,অমাবস্যা; কোকিলালাপ।
কুহূক, পুং. [কুহূ+ক] কোকিল।
কুহূকণ্ঠ, পুং. [কুহূ+কণ্ঠ] কোকিল।
কুহূপাল, পুং. [কুহূ+পাল] কূর্ম্মরাজ।
কুহূমুখ, পুং. [কুহূ+মুখ] কোকিল
কুহূরব, পুং. [কুহূ+রব] কোকিল; কোলধ্বনি। [গাড়া।
কুহূল, ন. [কুহূ+ল] সশল্যভূরন্ধ্র, সাপের
কুহেড়িকা-কুহেড়ী, স্ত্রী. [কু+হেড়্+ইকা-ঈ] কুজ্ঝটিকা।
কুহেলিকা-কুহেলী, স্ত্রী. [কু+হেল্+ইকা-ঈ] কুজ্ঝটিকা, কুআশা।
কুক্ষ-কুক্ষি, পুং. [কুষ্+স-ই] উদর।
কুক্ষিনিক্ষিপ্ত, ত্রি, [কুক্ষি+নিক্ষিপ্ত] ভক্ষিত, খাদিত।
কুক্ষিম্ভরি, ত্রি. [কুক্ষিম্+ভরি] আত্মম্ভরি, স্বোদরপূরক, ঔদরিক, বহ্বাশী।
কুক্ষিরন্ধ্র, পুং. [কুক্ষি+রন্ধ্র] নল; বংশাদি।
কূ, স্ত্রী. পিশাচী, প্রেতিনী।
কূকুদ, ত্রি. [কূ+কুদ] যে ব্যক্তি অলঙ্কৃতা কন্যাকে সৎপাত্রে সৎকার করিয়া দান করে; (পুং.) লক্ষ, অঙ্ক, চিহ্ন, দাগ।
কূচ, পুং. [কূ+চ] স্তন। [তুলী।
কূচিকা-কূচী, স্ত্রী. [কূচক+ইকা-ঈ] তুলিকা,
কূচীকান্ত, (প্রা) লতাবিশেষ। [ধ্বনি।
কূজন, ন. [কূজ্+অন] শব্দ, রব; পক্ষীর
কূজিত, ন. [কূজ+ইত] পক্ষীধ্বনি; শব্দিত।
কূট, পুং. [কূট+অ] অগস্ত্যমুনি; (পুং. স্ত্রী.) গৃহ; (পুং. ন.) নিশ্চল; রাশি; লৌহমুদ্গার; দম্ভ; মায়া; পর্ব্বতশৃঙ্গ; তুচ্ছ; সীতাবয়ব; যন্ত্র; অনৃত; ভগ্নশৃঙ্গখণ্ড; কৈতব; কদলী; (ত্রি.) অধম।
কূটক, ন. [কূট+ক] লাঙ্গলেরফাল; (পুং.) কবরী; মুরানামগন্ধদ্রব্য
কূটকার-কূটকারক, পুং. [কূট+কার-কারক] শঠ, বঞ্চক; মিথ্যাসাক্ষ্য।
কূটকৃৎ, পুং. [কূট+কৃৎ] শিব; কায়স্থ; (ত্রি.) কিতব।
কূটজ, পুং. [কূট+জ] কুটজবৃক্ষ; কুরচী।

কূটতা, স্ত্রী. [কূট+তা] ছল, প্রবঞ্চনা, ধূর্ত্ততা, প্রতারণা। [পার্ব্বণ।

কূটপর্ব্ব, পুং. [কূট+পর্ব্ব] কূটপূর্ব্ব; সমূহ

কূটপালক, পুং. [কূট+পালক] পিত্তজ্বর; কুলালের পয়ন, কুমারের পোয়ান।

কূটপূর্ব্ব, পুং. [কূট+পূর্ব্ব] হস্তিদিগের ত্রিদোষজ জ্বর।

কূটযন্ত্র, ন. [কূট+যন্ত্র] মৃগ পক্ষ্যাদির বন্ধনার্থ যন্ত্র অর্থাৎ ফাঁদ, উন্মাথ; কূট, মোহজাল, বাগুরা, জাল, পাশ, পাশ-বন্ধ, পঞ্জরাখেট, নাহ, পাতিলী।

কূটলেখ, ত্রি. [কূট+লেখ] কপটলেখ্য, জাললেখা, হপ্তকলম।

কূটশাল্মলি, পুং. [কূট+শাল্মলি] শাল্ম-লিবিশেষ, কাশীমালাখ্যাত, কুৎসিত শাল্মলি, অনৃতশাল্মলি, তৎপর্য্যায়।— রোচন।

কূটশাসন, ন. [কূট+শাসন] কৃত্রিম, নিষ্পত্তি; কল্পিতআজ্ঞা।

কূটসাক্ষী, পুং. [কূট+সাক্ষিন্] মিথ্যাসাক্ষী, কৃত্রিমসাক্ষী।

কূটস্থ, ত্রি. [কূট+স্থ] একরূপে সর্ব্বকাল-ব্যাপী, নির্ব্বিকার, একভাব, সমাকৃতি; অবিশেষ, অচল, অটল,স্থির; ব্যালনখ; (ন.) ব্যাঘ্রনখাখ্য গন্ধদ্রব্য।

কূটস্বর্ণ, ন. [কূট+স্বর্ণ] কৃত্রিমস্বর্ণ, ঝুঁটা-সোণা।

কূটাগার, ন. [কূট+আগার] বড়ভী, চন্দ্রশালিকা; স্ত্রীদিগের ক্রীড়াগৃহ।

কূটার্থ, পুং. [কূট+অর্থ] ঘোরার্থ, কঠিনার্থ, দ্ব্যর্থ, কল্পিতকথা, প্রবন্ধকল্পনা।

কূটার্থভাষিতা, স্ত্রী. [কূটার্থ+ভাষিতা] প্রবঞ্চকল্পনা কথা, অর্থাৎ উপকথা।

কূটোপায়, পুং. [কূট+উপায়] কৌশল, প্রবঞ্চনা, ছল, উপায়, ফেরেব।

কুড়, (প্রা) কাগজের কুড়িদিস্তে; সূত্রেরশেষ; অন্ত।

কুড্য, ন. [কুড্+য] ভিত্তি, দেয়াল।

কুণি, ত্রি. [কুণ+ই] কুণি, রোগাদিদ্বারা কুঞ্চিতকর, বক্রহস্ত।

কুণিকা, স্ত্রী. [কুণ্+ইকা] শৃঙ্গ; বীণা-মূলস্থ বংশশলাকা, কলিকা।

কুণিত, ত্রি. [কুণ+ইত] বদ্ধকৃত, অব-রোধিত। [ঝোলা।

কুথলী, (প্রা) ক্ষুদ্রথলিয়া, পিঠবোকৃচা,

কুদর, পুং. [কু+উদর] জাতিবিশেষ, ব্রাহ্ম-ণীরগর্ব্ভে ঋষিঔরসে ঋতুর প্রথমবাসরে জাত, পতিত বিপ্রবিশেষ।

কুদ্দাল, পুং. [কু+উৎ+দাল] কুদ্দালবৃক্ষ।

কূপ, পুং. [কু+প] স্বনামখ্যাত জলা-ধার, পাৎকুয়া, কুয়া; তৎপর্য্যায়।—অন্ধু, প্রহি, উদপান, কূপক, কাত, অবট, জলকূপী, কূপী, নিপান, উদকাধার, জলাম্বিকা, অবড়, কর্ত্ত, আপীল, চুড়ক, কোট্টার, কাট, বক্র, কুশেয়, খাত, অবত, অবট, কেবট, ক্রিবি, সুদ, উৎস, ঋষ্যদাৎ, কারোতরাৎ; গর্ত্ত; গুণবৃক্ষ, নদীমধ্যস্থিত বৃক্ষ বা পর্ব্বত; কূপক, কুঁপা; মৃন্মান; জাতিবিশেষ।

কূপক, পুং. [কূপ+ক] নৌকা গুণবন্ধন-স্তম্ভ, মাস্তুলপ্রসিদ্ধ; তৈলপাত্র, কুপা; কুকুন্দর; উদপান; চিতা। [খোদক।

কূপখনিতা, পুং. [কূপ+খনিতা] কূপ-

কূপজল, ন. [কূপ+জল] কূপোদক; কৌপ।

কূপমণ্ডূক, পুং. [কূপ+মণ্ডূক] কূপস্থিতভেক; যে ব্যক্তি কস্মিন্‌কালে গৃহবহির্গত হয় নাই। [হর্ষ।

কূপাঙ্ক, পুং. [কূপ+অঙ্ক] রোমাঞ্চ, লোম-

কূপাঙ্গ, পুং. [কূপ+অঙ্গ] রোমাঞ্চ, লোমাঞ্চ, পুলক। [কুবার।

কূপার, পুং. [কু+পার] অকূপার, সমুদ্র,

কূপিক, ত্রি. [কূপ+ইক] কূপসম্বন্ধীয়।

কূপিকা, স্ত্রী. [কূপিক+আ] অম্ভোগতোৎ-পল; জলমধ্যস্থিত পর্ব্বতাদি।

কূপী, স্ত্রী. [কূপ+ঈ] কূপ; পাত্রবিশেষ।

কূপোদক, ন. [কূপ+উদক] কূপজল, কৌপ।

কূবর, পুং. ন. [কু+বর] রথ যুগন্ধর; (পুং.) কুব্জক, কুঁজা; জাতিবিশেষ, (ত্রি.) মনোহর

কুবরী, পুং. [কুবর+ইন্] কম্বলাচ্ছাদিত রথ।
কুবার, পুং. [কু+বার] অকূপার।
কূম, ন. [কূ+ম] সরোবর।
কূর, পুং. [কু+র] অন্ন, ভক্ত।
কূর্চ্চ, পুং. ন. [কুর্+চ] ভ্রূমধ্য, ভ্রূদ্বয় মধ্যস্থান; মলাপকর্ষার্থ কেশাদিমুষ্টি, কুঁচি; ময়ূরপুচ্ছমুষ্টি; কুশমুষ্টি; কঠিন; শ্মশ্রু; কৈতব; বিকত্থন; দম্ভ; ক্ষিপ্রো-পরিভাগ অর্থাৎ অঙ্গুষ্ঠা,অঙ্গুলির মধ্যো-পরিভাগ; হুংবীজ; (পুং.) শীর্ষ।
কূর্চ্চক, ন. [কূর্চ্চ+ক] কুঁচি, বুরুষ।
কূর্চ্চশিরঃ, ন. [কূর্চ্চ+শিরস্] অংত্রিস্কন্ধ, গুড়মুড়া।
কূর্চ্চশীর্ষ-কূর্চ্চশীর্ষক, পুং. [কূর্চ্চ+শীর্ষ-ক] জীবকবৃক্ষ অর্থাৎ অষ্টবর্গমধ্য পঠিতৌ-ষধি। [কেলবৃক্ষ।
কূর্চ্চশেখর, পুং. [কূর্চ্চ+শেখর] নারি-
কূর্চ্চি, (প্রা) ঔষধি লতাবিশেষ।
কূর্চ্চিকা, স্ত্রী; [কূর্চ্চ+ইকা] ক্ষীরবিকৃতি, ক্ষীরসা; সূচিকা, সূঁচ; তুলিকা, তুলী; কুট্মল, কুঁড়ি; কুঞ্চিকা, কুঁজি।
কূর্দ্দন, ন. [কূর্দ্দ্+অন] ক্রীড়া, খেলা, কুন্দন।
কূর্দ্দনী, স্ত্রী. [কূর্দ্দন+ঈ] চৈত্রপূর্ণিমা, কামদেবোৎসব তিথি।
কূর্প, ন. [কুর্+প] ভ্রূদ্বয় মধ্যস্থল।
কূর্পর, পুং; [কুর্+পর] কফোণি, কনুই, জঙ্ঘা।
কূর্পাস, পুং.[কূর্পর+আস]কঞ্চুক, বারবাণ।
কূর্পাসক, পুং. ন. [কূর্পাস+ক] স্ত্রীর জামা-বিশেষ, আঙ্গিয়া, কাঁচুলি।
কূর্ম্ম, পুং. [কু+উর্ম্মি+অ] জলজন্তুবিশেষ, কাছিম, তৎপর্য্যায়।—কচ্ছপ, পঞ্চনখ, গুহ, পঞ্চগুপ্ত, পীবর, কমঠ, জলগুল্ম; সত্যযুগে সমুদ্রমন্থন কালে মন্দরপর্ব্বত ধারণার্থ কচ্ছপরূপে বিষ্ণুর দ্বিতীয় অব-তার; বাহ্যবায়ুবিশেষ; মুদ্রাবিশেষ।
কূর্ম্মচক্র, ন. [কূর্ম্ম+চক্র] কৃষিকর্ম্মোক্ত কচ্ছপাকারচক্র, পূজার যন্ত্রবিশেষ।
কূর্ম্মপৃষ্ঠ, পুং. [কূর্ম্ম+পৃষ্ঠ] অম্লানবৃক্ষ; কচ্ছপের পৃষ্ঠদেশ।
কূর্ম্মপৃষ্ঠক, ন. [কূর্ম্ম+পৃষ্ঠক] শরাব, শরা-খ্যাত। [পৃষ্ঠহাড়।
কূর্ম্মপৃষ্ঠাস্থি, ন. [কূর্ম্ম+পৃষ্ঠ+অস্থি] কচ্ছপের
কূর্ম্মমুদ্রা, স্ত্রী. [কূর্ম্ম+মুদ্রা] পূজাকালে পুষ্পহস্ত ধ্যানের মুদ্রাবিশেষ।
কূর্ম্মরাজ, পুং. [কূর্ম্ম+রাজন্] কচ্ছপরাজ; অকূপার; পরীবর্ত্ত।
কূর্ম্মাবতার পুং. [কূর্ম্ম+অবতার] বিষ্ণুর দ্বিতীয়াবতার।
কূলকুলতি, ত্রি. [কুল+কুলতি] আচ্ছাদিত।
কূল, ন. [কূল+অ] নদ্যাজলসমীপস্থান, রোধ, তীর, প্রতীর, বেলা, তট, তটী; স্তূপ; সৈন্যপৃষ্ঠ; তড়াগ।
কূলক, ন. পুং. [কূল+ক] স্তূপ; তীর; (পুং) কৃমিপর্ব্বত, উঁএরটিপি।
কূলঙ্কষ, পুং. [কূলম্+কষ] সমুদ্র; স্রোত।
কূলঙ্কষা, স্ত্রী. [কূলঙ্কষ+আ] নদী।
কূলচর, ত্রি. [কূল+চর] নদীতীর চারণশীল।
কূলবতী, স্ত্রী. [কূলবৎ+ঈ] নদী।
কূলভঙ্গ, ত্রি. [কূল+ভঙ্গ] নদীতটভঞ্জিত।
কূলভূ, স্ত্রী. [কূল+ভূ] তীরভূমি।
কূলমুদ্রুজ-কূলমুদ্বহ, ত্রি. [কূলম্+উৎ+রুজ-বহ] কূলভঙ্গ।
কূলস্থ,ত্রি. [কূল+স্থ] তীরস্থ। [জলের ঘূর্ণা।
কূলহণ্ডক, পুং. [কূল+হণ্ডক] জলাবর্ত্ত,
কূলিকা, স্ত্রী. [কূলিক+আ]কুস্বরযুক্তবংশী।
কূলিকূলি, (প্রা) ধারপর্য্যন্ত, ভরপুর।
কুষ্মাণ্ড, পুং. [কু+উষ্ম+অণ্ড] গণদেবতা-বিশেষ; কর্কারু, কুমুড়া।
কুষ্মাণ্ডক, পুং. [কুষ্মাণ্ড+ক] কুষ্মাণ্ড।
কুষ্মাণ্ডী, স্ত্রী. [কুষ্মাণ্ড+ঈ] অম্বিকা; ওষধি।
কূহনা, স্ত্রী. [কূহন+আ] কুহনা।
কূহা, স্ত্রী, [কূহ+আ] কুজ্ঝটিকা; কুয়া।
কৃক, পুং. [কৃ+ক] গল। [কয়াব।
কৃকণ, পুং. [কৃ+কণ] ক্রকর পক্ষী; কৃমি;
কৃকবাকু, পুং. [কৃক+বাকু] কুক্কুট; ময়ূর; সরট। [র্ত্তিকেয়।
কৃকবাকুধ্বজ, পুং. [কৃকবাকু+ধ্বজ] কা-

কৃকর, পুং. [কৃ+কর] শিব; শরীর বাহ্য পঞ্চ বায়ন্তর্গত জৃম্ভনকারী বায়ুবিশেষ; কৃকণপক্ষী; চব্যকবৃক্ষ; করবীরবৃক্ষ।

কৃকলা, স্ত্রী. [কৃ+কলা] পিপ্পলী।

কৃকলাশ-কৃকলাস, পুং. [কৃক+লস্+অন্] জন্তুবিশেষ, কাঁকলাস, তৎপর্যায়।—সরট, বেদার, তৃণাঞ্জন, প্রতিসূর্য্য, প্রতিসূর্য্যকযানক, বৃত্তিস্থ, কণ্টকাগার, দুরারোহ, দ্রুমাশ্রয়, কুলাহক, সরটু, কৃকবাকু, কৃকুলাস, গোধা, গোধিকা, পল্লি, পল্লিকা, লক্তিকা, শরণ্ড, বহুরূপ, অণ্ডজ, ক্রকচপাদ্ শুক্রাঙ্গী, বিদারু, সাঞ্জন, সাশয়ন্দক, বৃক্ষশ, গিরিনিট্।

কৃকাটিকা, স্ত্রী. [কৃক+অট+ইকা] ঘাটা, ঘাটী, ঘাড়।

কৃকুলাস, পুং. [কৃকু+লাস] কৃকলাস।

কৃচ্ছ্র, ন. [কৃৎ+ছ্র] কষ্ট, পীড়া, তপস্যা; সান্তাপনাদিব্রত; যন্ত্রণা; পাপ; ব্যামোহ; (ত্রি.) পীড়াকর; পাপী; মূত্রকৃচ্ছ্ররোগ।

কৃচ্ছ্রগত, ত্রি. [কৃচ্ছ্র+গত] যন্ত্রণাযুক্ত, ক্লিষ্ট, তপস্যাগত।

কৃচ্ছ্রম্, ব্য. [কৃচ্ছ্র+ম্] সদুঃখ, কৃচ্ছ্রেণ, [সকষ্ট।

কৃচ্ছ্রলব্ধ, ত্রি. [কৃচ্ছ্র+লব্ধ] কষ্টে প্রাপ্ত, যত্নে প্রাপ্ত।

কৃচ্ছ্রাতিকৃচ্ছ্র, পুং. [কৃচ্ছ্র+অতিকৃচ্ছ্র] ব্রতবিশেষ।

কৃচ্ছ্রাপ্ত-কৃচ্ছ্রোপনত, ত্রি, [কৃচ্ছ্র+আপ্ত-উপনত] কষ্টসাধ্য, ক্লেশে প্রাপ্ত।

কৃচ্ছ্রারি, পুং. [কৃচ্ছ্র+অরি] বিল্বান্তরবৃক্ষ।

কৃচ্ছ্রার্দ্ধ, পুং. [কৃচ্ছ্র+অর্দ্ধ] দিনষট্ক সাধ্য ব্রতবিশেষ।

কৃচ্ছ্রেণ, ব্য. সকষ্ট, কঠিন।

কৃণু, পুং [কৃ+নু] চিত্রকরজাতি।

কৃৎ, ত্রি. [কৃ+ৎ] কৃত, (পুং) কর্ত্তা।

কৃত, ন. [কৃ+ক্ত] সত্যযুগ; পর্য্যাপ্ত; ফল; অলমর্থ; (ত্রি.) বিহিত; হিংসিত; নিষ্পাদিত; সাধিত; চরিত; সিদ্ধ।

কৃতক, ন. [কৃত+ক] বিড়্‌লবণ; (ত্রি.) কৃত্রিম, কাল্পনিক।

কৃতকণ্টক, ত্রি. [কৃত+কণ্টক] প্রতারিত; (ন.) বিট্‌লবণ।

কৃতকরগ্রহ, ত্রি. [কৃত+করগ্রহ] বিবাহিত।

কৃতকর্ত্তব্য, ত্রি. [কৃত+কর্ত্তব্য] নিষ্পাদিত কর্ত্তব্যক্রিয়া।

কৃতকর্ম্মা, ত্রি. [কৃত+কর্ম্মন্] কার্য্যক্ষম, পূর্ব্বেকরা কর্ম্ম, তৎপর্যায়।—প্রবীণ, শিক্ষিত, নিষ্ণাত, নিপুণ, দক্ষ, কৃতহস্ত, কৃতমুখ, কুশল, চতুর, অভিজ্ঞ, বিজ্ঞ, বৈজ্ঞানিক, পটু, ছেক, বিদগ্ধ, বিচক্ষণ, বিশারদ, পেশল, কৃতি, যুক্তিমান, নিপুণমতি, সুপ্রয়োগবান, যোগ্য, বিপশ্চিৎ, পণ্ডিত, কল্পনাবুদ্ধি, পারগ, তৎপর, বিদ্বান্, পারদর্শী, প্রজ্ঞ, বিশেষজ্ঞ, ক্ষমতাবান্, অভীষ্টসিদ্ধ।

কৃতকাম, ত্রি. [কৃত+কাম] অন্যে মনোবাঞ্ছা সংপুর্ণকারক; কৃতসংকল্পকব্যক্তি।

কৃতকার্য্য, ত্রি. [কৃত+কার্য্য] নিষ্পন্নকর্ম্ম, সমাপ্তকার্য্য।

কৃতকাল, ত্রি. [কৃত+কাল] নির্দ্ধারিত সময়, নিয়োজিতকাল।

কৃতকূর্চ্চক, ত্রি. [কৃত+কূর্চ্চক] একত্রমিলিত কিম্বা গ্রন্থিত তুলিকা।

কৃতকৃতার্থ, ত্রি. [কৃত+কৃতার্থ] সম্পাদিত কার্য্য, চরিতার্থ; ভাগ্যবান্।

কৃতকৃত্য-কৃতকৃত্যবান্, ত্রি. [কৃত+কৃত্য+বৎ] কৃতকাম, কৃতার্থ, নিষ্পন্নকর্ম্মা, সমাপ্তকার্য্য; কর্ম্মসিদ্ধ।

কৃতকৃত্যতা, স্ত্রী. [কৃতকৃত্য+তা] কৃতিতা, [সম্পূর্ণতা

কৃতকোটি, পুং. [কৃত+কোটি] কাশ্যপমুনি; উপবর্ষমুনি।

কৃতকোপ, ত্রি. [কৃত+কোপ] ক্রুদ্ধ, কো- [পান্বিত।

কৃতকৌতুক, ত্রি. [কৃত+কৌতুক] কুতুহলী, ক্রীড়াবান্; মস্করা।

কৃতক্রয়, পুং. [কৃত+ক্রয়] ক্রেতা, গ্রাহক, ক্রয়কারী।

কৃতক্রিয়, ত্রি. [কৃত+ক্রিয়] কৃতকার্য্য, স- [ম্পাদিতকার্য্য

কৃতক্রুধ, ত্রি. [কৃত+ক্রুধ] কৃতকোপ।

কৃতঘাতযত্ন, ত্রি. [কৃতঘাত+যত্ন] আঘাত করণোদ্যত, অভিযোগী।

কৃতঘ্ন, ত্রি. [কৃত+ঘ্ন] কৃতহন্তা, তৎপর্য্যায়। অকৃতজ্ঞ, অনুপকারজ্ঞ, উপকৃতঘ্ন, অকৃতবেদী, নির্গুণবাদী, অপ্রত্যুপকারী, বিস্মৃতোপকার, অনুপকারী, উপকারানভিজ্ঞ, কৃতনাশক, উপকারবিস্মর্ত্তা, নিমকহারাম। [নিমকহারামী।

কৃতঘ্নতা, স্ত্রী. [কৃতঘ্ন+তা] অকৃতজ্ঞতা,

কৃতচূড়, পুং. [কৃত+চূড়] কেশমুণ্ডিত-সংস্কৃত বালক। [লতা।

কৃতচ্ছিদ্রা, স্ত্রী. [কৃত+ছিদ্রা] কোশাতকী-

কৃতজ, ত্রি. [কৃত+জ] সত্যযুগজাত।

কৃতজন্মা, ত্রি. [কৃত+জন্মন্] জনিত, জাত, সম্ভূত

কৃতজ্ঞ, ত্রি. [কৃত+জ্ঞ] উপকারজ্ঞ, প্রত্যুপকারী, কৃতবেদী, কৃত্যাবেদী, গুণবাদী, উপকারস্মর্ত্তা, মর্য্যাদী; (পুং.) কুক্কুর।

কৃতজ্ঞতা, স্ত্রী. [কৃতজ্ঞ+তা] উপকারজ্ঞতা, গুণজ্ঞতা।

কৃততীর্থ, পুং. [কৃত+তীর্থ] পুণ্যক্ষেত্র-প্রদর্শক; মন্ত্রী, পরামর্শক। [দনত্ব।

কৃতত্ব, ন. [কৃত+ত্ব] নিষ্পাদনত্ব, সম্পা-

কৃতত্বর, ত্রি. [কৃত+ত্বর] সত্বর, দ্রুত।

কৃতত্রা, স্ত্রী. [কৃত+ত্রা] ত্রায়মাণালতা।

কৃতদার, ত্রি. [কৃত+দার] ঊঢ়, বিবাহিত, উদ্বাহিত।

কৃতদাস, পুং. [কৃত+দাস] পঞ্চদশ দাসান্তর্গত দাসবিশেষ। [সুধী।

কৃতধী, ত্রি. [কৃত+ধী] কৃতবিদ্য, ধীমান,

কৃতধ্বংস, ত্রি. [কৃত+ধ্বংস] পরাজিত, বিনষ্ট; স্মৃতিনাশ। [চিত।

কৃতধ্বস্ত, ত্রি. [কৃত+ধ্বস্ত] অধিকৃতাপ-

কৃতনাশক, ত্রি. [কৃত+নাশক] অকৃতজ্ঞ, কৃতঘ্ন।

কৃতনিত্যক্রিয়, ত্রি. [কৃত+নিত্য+ক্রিয়] নিত্যধর্ম্মক্রিয়ান্বিত, নিত্যধর্ম্মকৃত।

কৃতনির্ণেজন, পুং. [কৃত+নির্ণেজন] পশ্চাত্তাপী, যে পাপার্থে খেদান্বিত হয়।

কৃতনিশ্চয়, ত্রি. [কৃত+নিশ্চয়] দৃঢ়প্রত্যয়ী, অসন্দিগ্ধ। [রাধী।

কৃতপাপ, ত্রি. [কৃত+পাপ] পাপী, অপ-

কৃতপুঙ্খ, ত্রি. [কৃত+পুঙ্খ] বাণশিক্ষা বিচক্ষণ, ভাল তিরেন্দাজ, কৃতহস্ত, সুপ্রয়োগ বিশিখ।

কৃতপুণ্য, ত্রি. [কৃত+পুণ্য] পুণ্যকর্ম্মনিষ্পন্ন।

কৃতপূর্ব্ব, ত্রি. [কৃত+পূর্ব্ব] পূর্ব্বকৃত, ভূতকৃত।

কৃতপূর্ব্বনাশন, ন. [কৃতপূর্ব্ব+নাশন] কৃতঘ্নতা, অকৃতজ্ঞতা। [ষ্পন্নকর্ম্মা।

কৃতপূর্ব্বী, ত্রি. [কৃতপূর্ব্ব+ইন] পূর্ব্বনি-

কৃতপৌরুষ, ত্রি. [কৃত+পৌরুষ] বীর, সাহসী

কৃতপ্রণাম, ত্রি. [কৃত+প্রণাম) কৃতনমস্কার, কৃতাভিবাদন।

কৃতপ্রযত্ন, ত্রি. [কৃত+প্রযত্ন] উদ্যোগী, কর্ম্মশীল, কর্ম্মঠ।

কৃতফল, ন. [কৃত+ফল] কক্কোল; (ত্রি.) অভীষ্টসিদ্ধ, কৃতার্থ, ফলপ্রাপ্ত।

কৃতফলা, স্ত্রী. [কৃত+ফলা] কোলশিম্বী।

কৃতবান, ত্রি. [কৃত+বৎ] নিষ্পাদিত, বিদিত।

কৃতবাপ, পুং. [কৃত+বাপ] পাপ প্রায়শ্চিত্তার্থে মস্তকাদি মুণ্ডিতশীল।

কৃতবাহ, ত্রি. [কৃত+বাহ] স্পর্শিত, সংলগ্নীকৃত। [বেচা।

কৃতবিক্রয়, পুং. [কৃত+বিক্রয়] বিক্রিত,

কৃতবিক্রিয়, পুং. [কৃত+বিক্রিয়] পরিবর্ত্তিত।

কৃতবিদ্য, ত্রি. [কৃত+বিদ্য] শিক্ষিত; বিদ্বান্, বিদ্যাবান্।

কৃতবিবাহ, ত্রি. [কৃত+বিবাহ] কৃতদার

কৃতবিস্ময়, ত্রি. [কৃত+বিস্ময়] চমৎকৃত, বিস্মিত।

কৃতবুদ্ধি, ত্রি. [কৃত+বুদ্ধি] কৃতধী, বিশেষজ্ঞ।

কৃতবেতন, ত্রি. [কৃত+বেতন] বেতন দ্বারা নিযুক্ত ভৃত্যাদি। [প্রবীণ।

কৃতবেদী, ত্রি. [কৃত+বেদিন্] কৃতজ্ঞ; বিজ্ঞ,

কৃতবেধক-কৃতবেধনা, পুং. [কৃত+বেধক] ঘোষাতকী, শ্বেতঘোষা।

কৃতবেপথু, ত্রি. [কৃত+বেপথু] স্পন্দিত, কম্পিত। [সজ্জিত।

কৃতবেশ, ত্রি. [কৃত+বেশ] ভূষিত, অলঙ্কৃত,

কৃতব্যলিক, ত্রি. [কৃত+ব্যলিক] বিরক্ত, দুঃখিত; ব্যস্ত।

কৃতভয়, ত্রি. [কৃত+ভয়] ভয়জনক, ত্রাস বা আশঙ্কাজনক, বিস্ময়াপন্নকারক।

কৃতমঙ্গল, ত্রি. [কৃত+মঙ্গল] কৃতাভিষেক, উৎসৃষ্ট, প্রতিষ্ঠিত,শুদ্ধীকৃত। [পিত।

কৃতমন্যু, ত্রি. [কৃত+মন্যু] ক্রোধান্বিত, কু-

কৃতমাল, পুং. [কৃত+মাল] আরগ্বধ বৃক্ষ, সোঁদালি, কর্ণিকারবৃক্ষ, ছোটসোণালু।

কৃতমুখ, ত্রি. [কৃত+মুখ] কৃতকর্ম্মা, কৃতী, বৈজ্ঞানিক।

কৃতযুগ, ন. [কৃত+যুগ] সত্যযুগ। [শব্দ।

কৃতরব, ত্রি. [কৃত+রব] প্রতিধ্বনি, প্রতি-

কৃতরুক্, ত্রি. [কৃত+রুচ্] শোভান্বিত, সপ্রতিভ, ঐশ্বর্য্যশালী, শ্রীমান্।

কৃতরুষ, ত্রি. [কৃত+রুষ] কোপান্বিত, উষ্মান্বিত।

কৃতলক্ষণ, ত্রি. [কৃত+লক্ষণ] গুণদ্বারা প্রতীত, শৌর্য্যাদিগুণে বিখ্যাত।

কৃতশক্তি, ত্রি. [কৃত+শক্তি]যত্নকৃত, সোদ্যোগী।

কৃতশোভ, ত্রি. [কৃত+শোভ] শোভান্বিত, সুরূপ, মনোহর; নিপুণ, সতর্ক, দক্ষ।

কৃতশৌচ, ত্রি. [কৃত+শৌচ] পবিত্রীকৃত, পরিষ্কৃত, শুদ্ধীকৃত।

কৃতশ্রম, ত্রি. [কৃত+শ্রম] মহোৎসাহ, পরিশ্রমী, কর্ম্মশীল।

কৃতসংজ্ঞ, ত্রি. [কৃত+সংজ্ঞ] লক্ষ্ম, চিহ্ন, ɛ, দাগ।

কৃতসংসর্গ, ত্রি. [কৃত+সংসর্গ] সংযোজনীয় যোগার্হ, সহগমনশীল, প্রীত্যর্হ, সহগত, সংযুক্ত।

কৃতসংস্কার, ত্রি. [কৃত+সংস্কার] অব্যবহৃত, অননুশীলিত, অকৃত।

কৃতসঙ্কেত, ত্রি. [কৃত+সঙ্কেত] দৃঢ়প্রতিজ্ঞা, সংকেতকরণ।

কৃতসন্ধান, ত্রি. [কৃত+সন্ধান] সংশ্লিষ্ট, সহিত; সন্ধানকরণ।

কৃতসন্নিধান, ত্রি. [কৃত+সন্নিধান] নিকটবর্ত্তী, সমীপবর্ত্তী।

কৃতসম্বন্ধ, ত্রি. [কৃত+সম্বন্ধ] সম্পর্কসূচক, একত্রকারী।

কৃতসাপত্নিকা, স্ত্রী. [কৃত+সাপত্নিকা] কৃতসপত্নীভাব, যে স্ত্রীর স্বামী পুনর্ব্বার আর এক ভার্য্যা গ্রহণ করে, অধ্যূঢ়, অধিবিন্না, কৃতসাপত্নকা, কৃতসাপত্নী, কৃতসাপত্নীকা, কৃতসপত্নিকা

কৃতস্থিত, ত্রি. [কৃত+স্থিত] অবস্থিতিকরণ, থাকন।

কৃতস্বস্ত্যয়ন, ত্রি. [কৃত+স্বস্ত্যয়ন] পরিক্রমাগ্রে ঈশ্বরেরবন্দনা।

কৃতহস্ত, ত্রি. [কৃত+হস্ত] কৃতপুঙ্খ, শরমোক্ষণে সুশিক্ষিত যোধাদি, ভালতীরেন্দাজ; কর্ম্মঠ, নিপুণ।

কৃতাংশ, ত্রি. [কৃত+অংশ]বিভক্তি,অংশিত।

কৃতাকৃত, ত্রি. [কৃত+অকৃত] অযোগ্যরূপেকৃত; বিহিতাবিহিত। [নিপুণ

কৃতাগম, ত্রি. [কৃত+আগম] সংস্কারাপন্ন,

কৃতাগা, ত্রি. [কৃত+অগস্] দুষ্কৃতি, কৃতাপরাধ, পাপকর্ম্মকারী।

কৃতাগ্নিকার্য্য, পুং. [কৃত+অগ্নিকার্য্য] হোমকর্ত্তা।

কৃতাঙ্ক, ত্রি. [কৃত+অঙ্ক] অঙ্কিত, চিহ্নিত

কৃতাঞ্জলি-কৃতাঞ্জলিপুট, ত্রি. [কৃত+অঞ্জলি-পুট] অঞ্জলিবদ্ধযুক্ত করদ্বয়, করপুট, যোড়হস্ত; (পুং.) ওষধিভেদ।

কৃতাত্মা, ত্রি. [কৃত+আত্মন্] আত্মবশ, স্ববশ।

কৃতানতি, ত্রি. [কৃত+আনতি] প্রণতি; কৃতমর্য্যাদা।

কৃতানুকুল্য, ত্রি. [কৃত+আনুকুল্য] সদাশয়, কৃপালু, দয়ালু, অনুগ্রাহক।

কৃতানুব্যাধ, ত্রি. [কৃত+অনুব্যাধ] মিশ্রিত।

কৃতানুসার, পুং. [কৃত+অনুসার] রীতি, ধারা, ব্যবহার, প্রণালী।

কৃতান্ত, পুং. [কৃত+অন্ত] যম; সিদ্ধান্ত; দৈব; অকুশল কর্ম্ম; শনিবার; (ন.) ভক্ষ্যদ্রব্য প্রস্তুত।

কৃতান্তক, পুং. [কৃতান্ত+ক] কৃতান্ত।

কৃতান্তজনক, পুং. [কৃতান্ত+জনক] সূর্য্য।

কৃতান্তা, স্ত্রী. [কৃতান্ত+আ] রেণুকানাম গন্ধদ্রব্য।
কৃতান্ন, ত্রি. [কৃত+অন্ন] ভক্ষিত, অশিত।
কৃতাপকার, ত্রি. [কৃত+অপকার] মন্দকৃত, অপকৃত।
কৃতাপদান, ত্রি. [কৃত+অপদান] শিক্ষা-সম্পন্ন; কর্ম্মসিদ্ধ।
কৃতাপরাধ, ত্রি. [কৃত+অপরাধ] অপরাধী, দোষী, পাপী। [ক্রিয়াসিদ্ধ।
কৃতাবশ্যক, ত্রি. [কৃত+আবশ্যক] কর্ত্তব্য
কৃতাভয়, ত্রি. [কৃত+অভয়] ত্রাসোত্তীর্ণ।
কৃতাভিষেক, ত্রি. [কৃত+অভিষেক) সমারোহ পূর্ব্বক পদাভিষিক্ত; প্রোক্ষিত; (পুং.) রাজকুমার।
কৃতায়াস, ত্রি. [কৃত+আয়াস] পরিশ্রমী, আয়াসিত। [সালঙ্কার।
কৃতাভরণ, ত্রি. [কৃত+আভরণ] সুবেশ,
কৃতাভ্যাস, ত্রি. [কৃত+অভ্যাস] শিক্ষিত, গৃহীতবিদ্য।
কৃতার্থ, ত্রি. [কৃত+অর্থ] কৃতপ্রয়োজন, কৃতকার্য্য, সিদ্ধার্থ, চরিতার্থ।
কৃতার্থতা, স্ত্রী. [কৃতার্থ+তা] চরিতার্থতা, কার্য্য সম্পন্নবোধ।
কৃতার্থমন্য, ত্রি. [কৃতার্থ+মন্য] আপনাকে চরিতার্থ বোধকারী। [কৃতজ্ঞ।
কৃতার্থী, ত্রি. [কৃত+অর্থিন্] চরিতার্থী,
কৃতার্থীকৃত-কৃতার্থীভূত, ত্রি. [কৃতার্থী+কৃত-ভূত] কৃতার্থ, অভীষ্টসিদ্ধ।
কৃতালঙ্কার, ত্রি. [কৃত+অলঙ্কার] কৃতাভরণ, বিভূষিত।
কৃতালয়, পুং. [কৃত+আলয়] ভেক; (ত্রি.) স্থিতিকারক, নিবাসী।
কৃতাবধান, ত্রি. [কৃত+অবধান] সতর্ক, চতুর, সাবধান।
কৃতাবধি, ত্রি. [কৃত+অবধি] নিযোজিত, স্থাপিত; সীমাবদ্ধ।
কৃতাবমর্ষ, ত্রি. [কৃত+অবমর্ষ] অসহনশীল, পরধর্ম্মাসহিষ্ণু।
কৃতাবশকৃথিক, ত্রি. [কৃত+অবশকৃথিক] বস্ত্রাদি দ্বারাপৃষ্ঠ জানু ওজঙ্ঘাদিকৃতবন্ধ।
কৃতাবস্থ, ত্রি. [কৃত+অবস্থা] কৃতাহ্বান; সাক্ষাৎকার; অবস্থিত।
কৃতাবাস, পুং. [কৃত+আবাস] অবস্থান, বাস, প্রবাস। [অঙ্গীকৃত।
কৃতাশন, ত্রি. [কৃত+অশন] ভক্ষিত,
কৃতাসনপরিগ্রহ, ত্রি. [কৃতাসন+পরিগ্রহ] আসনোপবিষ্ট, স্থিতি।
কৃতাস্কন্দন, ত্রি. [কৃত+আস্কন্দন] আক্রমিত। [শস্ত্রী।
কৃতাস্ত্র, ত্রি. [কৃত+অস্ত্র] সশস্ত্র, সন্নদ্ধ,
কৃতাস্পদ, ত্রি. [কৃত+আস্পদ] অধিকারিত সম্রাজিত; অবস্থিতি। [নিত্যকৃত।
কৃতাহক, ত্রি. [কৃত+আহক] দৈনীককৃত,
কৃতাহ্নিক, ত্রি. [কৃত+আহ্নিক] নিত্যকৃত্য। [বস্থ।
কৃতাহ্বান, স্ত্রী. [কৃত+আহ্বান] কৃতা-
কৃতি, স্ত্রী, [কৃ+তি] করণ, ক্রিয়া; অঙ্কশাস্ত্রেদ্বিঘাত; ছন্দোবিশেষ; হিংসা।
কৃতিকর, পুং. [কৃতি+কর] রাবণ; (ত্রি.) ক্ষমতাবান্; কার্য্যদক্ষ।
কৃতিতা-কৃতিত্ব, স্ত্রী. ন. [কৃতি+তা+ত্ব] যোগ্যতা, ক্ষমতা, পাণ্ডিত্য,।
কৃতিপ্রকৃতি, স্ত্রী. [কৃতি+প্রকৃতি] অঙ্কবিদ্যাভেদ।
কৃতী, ত্রি. [কৃত+ইন্] নিপুণ; পণ্ডিত; সাধু; পুণ্যবান্; ক্ষমতাবান্।
কৃতে, ব্য. নিমিত্তে, হেতো।
কৃতের্ষ্যা, ত্রি. [কৃত+ঈর্ষ্যা] ঈর্ষী, হিংস্রক, পরশ্রী কাতর, মৎসর।
কৃতোচ্চৈঃ, ব্য. [কৃত+উচ্চৈস্] উর্দ্ধোত্থিত, উত্তুঙ্গ, অভ্যুত্থিত। [লিত।
কৃতোদক, ত্রি; [কৃত+উদক] ধৌত, প্রক্ষা-
কৃতোদ্বাহ, ত্রি. [কৃত+উদ্বাহ] কৃতদার; উর্দ্ধবাহুস্থিত।
কৃতোপকার, ত্রি. [কৃত+উপকার] আনুকূল্য, কৃতসাহায্য; হিতৈষী; অনুগ্রাহক।
কৃতোপনয়ন, পুং. [কৃত+উপনয়ন] কৃতযজ্ঞোপবীত।
কৃতোপভোগ, ত্রি. [কৃত+উপভোগ] ভোগকৃত, ব্যবহৃত।

কৃত্ত, ত্রি. [কৃৎ+ত] ছিন্ন, কর্ত্তিত, খণ্ডিত; চেষ্টিত, বাঞ্ছিত।
কৃত্তি, স্ত্রী. [কৃৎ+তি] কৃষ্ণসারাদিচর্ম্ম; ত্বক্; ভূর্জ; কৃত্তিকানক্ষত্র।
কৃত্তিক, ত্রি. [কৃত্তি+ক] কর্ত্তিত, খণ্ডিত-হিংসিত।
কৃত্তিকা, স্ত্রী. [কৃত্তি+কা] অশ্বিন্যাদি সপ্তবিংশত্যন্তর্গততৃতীয়নক্ষত্র, বহুলা, অগ্নিদেবা; অপ্সরা, বিদ্যাধরী
কৃত্তিকাভব, পুং. [কৃত্তিকা+ভব] চন্দ্র।
কৃত্তিকাসুত, পুং. [কৃত্তিকা+সুত] কার্ত্তিকেয়।
কৃত্তিবাস-কৃত্তিবাসাঃ, পুং. [কৃত্তি+বাস-বাসস্] শিব মহাদেব, (ত্রি) চর্ম্মবাসধারী।
কৃত্নু, ত্রি. [কৃ+অত্নু] শিল্পী।
কৃত্য, ন, [কৃত+য] কার্য্য, কর্ত্তব্যকর্ম্ম, প্রয়োজন; (ত্রি.) বিদ্বিষ্ট; কার্য্য; ধনাদিরভেদ্য; প্রত্যয়বিশেষ।
কৃত্যক, পুং; [কৃত্য+ক] হিংস্রক, ক্ষতিকারক। [রজ্ঞ।
কৃত্যজ্ঞ, ত্রি. [কৃত্য+জ্ঞ] কৃতজ্ঞ, উপকা-
কৃত্যবর্ত্ম, ন. [কৃত্য+বর্ত্মন্] সৎপথ, সুধারা।
কৃত্যবিদ, পুং. [কৃত্য+বিদ] বিজ্ঞ, প্রজ্ঞ, জ্ঞানী। [সপ্রীতি।
কৃত্যবিধি, স্ত্রী. [কৃত্য+বিধি] সুনিয়ম,
কৃত্যা, স্ত্রী. [কৃত্য+আ] ক্রিয়া; অভিচারিকীক্রিয়া; দেবতা; যজ্ঞদেবতাবিশেষ।
কৃত্রিম, ত্রি. [কৃ+ত্রিম] রচিত, কাল্পনিক, মিথ্যা, করণাজ্জাত; (পুং.) সিহ্লক; দ্বাদশপুত্রান্তর্গত পুত্রবিশেষ; (ন) বিড়্‌লবণ; কাচলবণ; জবাদিনাম গন্ধদ্রব্য; রসাঞ্জন। [গন্ধদ্রব্য।
কৃত্রিমক, পুং. [কৃত্রিম+ক] তুরুষ্কনাম
কৃত্রিমধুপক, পুং. [কৃত্রিম+ধুপক] নানা সুগন্ধিদ্রব্যকৃত দশাঙ্গাদি ধুপ, বৃকধুপ।
কৃত্রিমপুত্র, পুং. [কৃত্রিম+পুত্র] দ্বাদশবিধ পুত্র মধ্যে পুত্রবিশেষ, পোষ্যপুত্র; পুত্তলিকা।
কৃত্রিমমিত্র, পুং; [কৃত্রিম+মিত্র] রচিতবন্ধু, কাল্পনিকমিত্র।
কৃত্রিমলেখ্য, পুং. [কৃত্রিম+লেখ্য] মিথ্যালিপি, জালখত।
কৃত্রিমশত্রু, পুং. [কৃত্রিম+শত্রু] কাল্পনিক বিপক্ষ, মিথ্যারাতি।
কৃৎস, ন. [কৃৎ+স] জল; (ত্রি.) সমুদায়।
কৃৎস্ন, ন. [কৃৎ+স্ন] জল; সর্ব্ব; কুক্ষি; (ত্রি.) অশেষ, সমস্ত।
কৃৎস্নবিদ, ত্রি. [কৃস্ন+বিদ্] সর্ব্বব্যাপী।
কৃৎস্নশঃ, ব্য. [কৃৎস্ন+শস্] সর্ব্বতঃ, ভাবরূপে, সর্ব্বথাসর্ব্বতোভাবে।
কৃদর, পুং. [কৃৎ+অর] ধান্যাদিগৃহ, গোলা।
কৃদন্ত, পুং. [কৃৎ+অন্ত] ক্রিয়োপপাদন ব্যাকরণসূত্র।
কৃন্তত্র, ন. [কৃন্+তত্র] লাঙ্গল।
কৃন্তন, ন. [কৃন্+তন] ছেদন, কর্ত্তন, কাটন। [কাতার।
কৃন্তনিকা, স্ত্রী. [কৃন্তন+ইকা] ছুরিকা; ছুরি-
কৃপ, পুং. [কৃপ্+অ] কৃপাচার্য্য, দ্রোণাচার্য্যের শ্যালক; ব্যাস।
কৃপণ, পুং. [কৃপ্+অন] কৃমি; (ত্রি.) অদাতা, তৎপর্য্যায়।—কদর্য্য, কিম্পচান, মিতম্পচ, ক্ষুদ্র, কিম্পচ, অনমিতম্পচ, মন্দ, কীকট, কুমুৎ, কীণাশ, দৃঢ়মুষ্টি, গাঢ়মুষ্টি, অদানশীল, স্বল্পব্যয়ী, ব্যয়পরাঙ্মুখ, ব্যয়শঙ্কিত, অত্যাগশীল, অনুদার, মৎসরী, অর্থপর, ধনলাভপর, পরিমিতব্যয়ী, মিতব্যয়ী, ব্যয়শঙ্কী, বদ্ধমুষ্টি, ত্যাগপরাঙ্মুখ, দানশত্রু, স্বল্পদাতা, ব্যয়কুণ্ঠ, ক্ষুদ্রাশয়, নিকৃষ্ট; কঞ্জুস, কাপটিয়া, বখিল, সুম, কড়িকিপ্টিয়া, পুঁট্যাতেলী, কাপ্টা, কষা, মাছিটেপা, হাতকষা, ইতিভাষা প্রয়োগ। কুৎসিত; মহাব্যসনপ্রাপ্তদীন।
কৃপণধী, ত্রি. [কৃপণ+ধী] ক্ষুদ্রান্তঃকরণ।
কৃপণবৎসল, ত্রি. [কৃপণ+বৎসল] দীনদয়ালু। [অল্পবুদ্ধি।
কৃপণবুদ্ধি, ত্রি. [কৃপণ+বুদ্ধি] কৃপণধী,
কৃপয়া, ব্য. [কৃপা+আ] দয়াপূর্ব্বক, সকারুণ্য, সানুকম্প, সদয়, স্নেহপুর্ব্বক।
কৃপা, স্ত্রী. [কৃপ+আ] করুণা, কারুণ্য, দয়া, অনুকম্পা, অনুক্রোশ, অনুগ্রহ, দয়ালুতা,

করুণার্দ্রতা, হৃন্তোক্তি, আপন্নরক্ষণ, ঘৃণা, প্রসাদ, প্রসন্নতা, অনুরোধ।
কৃপাকর, ত্রি. [কৃপা+কর] কারুণিক, দয়াশীল। [ব্যক্তি।
কৃপাকর্ত্তা, পুং. [কৃপা+কর্তৃ] করুণার্দ্র-
কৃপাকারী, ত্রি. [কৃপা+কারিন্] কারুণিক, সকরুণ। [অসি, খাঁড়া।
কৃপাণ-কৃপাণক, পুং. [কৃপা+ন+ক] খড়্গ,
কৃপাণিকা, স্ত্রী. [কৃপাণ+ইকা] ছুরিকা।
কৃপাণী, স্ত্রী. [কৃপাণ+ঈ] কর্ত্তরী, কাঁচি; ছুরিকা, ছুরী।
কৃপাদ্বৈত, পুং. [কৃপা+অদ্বৈত] বুদ্ধভেদ।
কৃপানিধান-কৃপানিধি, পুং. [কৃপা+নিধান-নিধি] করুণার্ণব, অত্যন্তদয়াশীল।
কৃপাবত্তা, পুং. [কৃপাবৎ+তা] সদয়ত্ব, কারুণ্য।
কৃপাবলোকন, ন. [কৃপা+অবলোকন] করুণাবেক্ষণ, দয়াদৃষ্টি।
কৃপাময়, ত্রি. [কৃপা+ময়] করুণাময়, দয়াময়, ক্ষমাবান্।
কৃপালু, ত্রি. [কৃপা+আলু] দয়ালু, করুণাময়, সানুকম্পক।
কৃপাসিন্ধু, পুং. [কৃপা সিন্ধু] করুণানিধান, করুণাবরুণালয়।
কৃপাহীন, ত্রি. [কৃপা+হীন] নিষ্ঠুর, ক্রূর, কঠিনান্তঃকরণ, অকৃপ।
কৃপী, স্ত্রী. [কৃপ+ঈ] দ্রোণাচার্য্যপত্নী।
কৃপীট, ন. [কৃপ+ঈট] উদর; জল; বিপিন; ইন্ধন।
কৃপীটপাল, পুং. [কৃপীট+পাল] কেনিপাত, হাইল; সমুদ্র; পবন, বায়ু।
কৃপীটযোনি, পুং. [কৃপীট+যোনি] অগ্নি।
কৃপীপতি, পুং. [কৃপী+পতি] দ্রোণাচার্য্য।
কৃপীপুত্র-কৃপীসুত, পুং. [কৃপী+পুত্র-সুত] অশ্বত্থামা।
কৃবি, পুং. [কৃ+বি] বাপযন্ত্র, তাঁত।
কৃমি, পুং. [কৃম+ই] কীট, নীলাঙ্গ, নীলাঙ্গু, ক্রিমি, পুণ্ড্র, পোকা; লাক্ষা; উদরজাত কীটরোগ; রাক্ষস; (ত্রি.) কৃমিল; খর

কৃমিকণ্টক, ন. [কৃমি+কণ্টক] বিড়ঙ্গ; চিত্রাঙ্গ; উডুম্বর।
কৃমিকর্ণ, পুং. [কৃমি+কর্ণ] কর্ণজলৌকা।
কৃমিকোষোত্থ, ত্রি. [কৃমি+কোষ+উত্থ] কৌষেয়, রেসমীকাপড়।
কৃমিগ্রন্থি, পুং. [কৃমি+গ্রন্থি] পদ্মকীট।
কৃমিঘ্ন, পুং. [কৃমি+ঘ্ন] বিড়ঙ্গ; পলাণ্ডু, কোলকন্দ; পারিভদ্র; ভল্লাতক; (ত্রি.) কৃমিনাশক।
কৃমিঘ্না, স্ত্রী. [কৃমি+ঘ্না] হরিদ্রা।
কৃমিঘ্নী. স্ত্রী. [কৃমি+ঘ্নী] ধূমপত্রা; বিড়ঙ্গ।
কৃমিজ-কৃমিজগ্ধ, ন. [কৃমি+জ+জগ্ধ] অগুরু।
কৃমিজলজ, পুং. [কৃমি+জলজ] কৃমিশঙ্খ।
কৃমিজা, স্ত্রী. [কৃমি+জা] লাক্ষা।
কৃমিদন্তক, পুং. [কৃমি+দন্তক] দন্তশূল, দাঁতকড়া। [শঙ্খ।
কৃমিবারিরুহ, পুং. [কৃমি+বারিরুহ] কৃমি-
কৃমিবৃক্ষ, পুং. [কৃমি+বৃক্ষ] কোষাম্র।
কৃমিভোজন, ন. [কৃমি+ভোজন] নরকবিশেষ।
কৃমিরিপু, পুং. [কৃমি+রিপু] বিড়ঙ্গ।
কৃমিল, ত্রি. [কৃমি+ল] কৃমি।
কৃমিলা, স্ত্রী. [কৃমি+লা] বহুপ্রসূ, বহুসন্তানপ্রসবা; (ত্রি.) কৃমিযুক্ত।
কৃমিশঙ্খ, পুং. [কৃমি+শঙ্খ] জীবশঙ্খ, তৎপর্য্যায়।—কৃমিজলজ, কৃমিবারিরুহ, জন্তুকম্বু। [কস্তূরা।
কৃমিশুক্তি, স্ত্রী. [কৃমি+শুক্তি] জলশুক্তি,
কৃমিশৈলক, পুং. [কৃমি+শৈলক] বল্মীক, উইপোকার ঢিপি। [নাশক।
কৃমিহর, ত্রি. [কৃমি+হর] কৃমিঘ্ন, কৃমি-
কৃমীলক, পুং. [কৃমি+ইলক] বনমুদ্গ।
কৃশ, ত্রি. [কৃশ্+অ] অল্প; সূক্ষ্ম; ক্ষীণ।
কৃশতা, স্ত্রী. [কৃশ+তা] ক্ষীণতা, নির্ম্মাংসত্ব, অপুষ্টত্ব, কাহিলী।
কৃশর, পুং. [কৃ+শর] তুল্যতিলান্ন, ত্রিসর, তিলের খিচড়ি।
কৃশরা, স্ত্রী. [কৃশর+আ] তিলৌদন; দ্বিদল মিশ্রিতান্ন, খিচড়ী।
কৃশলা, স্ত্রী. [কৃশ+লা] কেশ, কু

কৃশশাখ, পুং. [কৃশ+শাখ] পর্প্পট।
কৃশাকু, পুং. [কৃশ+আকু] উষ্ণতা, উত্তাপ; বিষাদ। [শীর্ণ।
কৃশাঙ্গ, ত্রি. [কৃশ+অঙ্গ] কৃশ, ক্ষীণ, সূক্ষ্ম,
কৃশাঙ্গী, স্ত্রী. [কৃশাঙ্গ+ঈ] প্রিয়ঙ্গুবৃক্ষ; (ত্রি) সূক্ষ্মাঙ্গবিশিষ্ট।
কৃশানু, পুং. [কৃশ+আনু] অগ্নি; চিত্রকবৃক্ষ।
কৃশানুরেতা, পুং. [কৃশানু+রেতস্] শিব।
কৃসানুসাৎভূত, ত্রি. [কৃশানু+সাৎ+ভূত] উষ্ণীকৃত, দগ্ধ।
কৃশাশ্ব, পুং. [কৃশ+অশ্ব] মুনিবিশেষ, রাজবিশেষ।
কৃশাশ্বী, পুং. [কৃশাশ্ব+ইন্] নট; দিগ্ধাজীকর। [মাকড়সা।
কৃশাক্ষ, পুং. [কৃশ+অক্ষ] ঊর্ণনাভ, লূতা,
কৃশিকা, স্ত্রী. [কৃশিক+আ] আখুকর্ণীলতা।
কৃশোদর, পুং. [কৃশ+উদর] ক্ষীণমধ্য; ক্ষীণোদর; তনুশরীর।
কৃশোদরী, স্ত্রী. [কৃশ+উদরী] ক্ষীণমধ্যাস্ত্রী।
কৃষক, ত্রি. [কৃষ্+অক] কর্ষক, আকর্ষণীয়; (পুং.) ফাল; বৃষ; কৃষিজীবী। [চাষা।
কৃষাণ, পুং. [কৃষ্+আন] কৃষক, লাঙ্গল,
কৃষাণী, (প্রা) কৃষিকর্ম্ম; কার্ষি, চাসবাস।
কৃষাণু, পুং. [কৃষ্+আনু] অগ্নি, কৃশানু।
কৃষি, স্ত্রী. [কৃষ+ই] বৈশ্যবৃত্তি বিশেষ, চাসকর্ম্ম, কর্ষণ, অনৃত, প্রনৃত, চাস।
কৃষিক, পুং. [কৃষ্+ইক] ফাল; কর্ষক।
কৃষিকর্ম্ম, ন. [কৃষি+কর্ম্ম] ক্ষেত্রকর্ষণাদিকার্য্য, কৃষাণী, শস্যোৎপাদনক্রিয়া।
কৃষিজীবী, স্ত্রী. [কৃষি+জীবী] কৃষক, কৃষীবল, কর্ষক; চাসা। [লাভ।
কৃষিফল, ন. [কৃষি+ফল] উৎপত্তি, ফল,
কৃষিযোগ্য, ত্রি. [কৃষি+যোগ্য] কর্ষণীয়, চাষোপযুক্ত। [চাষা।
কৃষিলোক, পুং. [কৃষি+লোক] কৃষক,
কৃষীবল, ত্রি. [কৃষি+বল] কৃষিজীবী, কর্ষক, চাসী; কাকজংঘাবৃক্ষ; (পুং.) কৃষক।
কৃষ্কর, পুং. [কৃষ+কর] শিব।
কৃষ্ট, ত্রি. [কৃষ্+ত] কৃষ্টক্ষেত্র, সীতা, হল্য, কান্তিকৃত, চষাক্ষেত।
কৃষ্টপচ্য-কৃষ্টপাক্য, ত্রি. [কৃষ্ট+পচ্য-পাক্য] ব্রীহিধান্য। [প্রস্তরবিশেষ।
কৃষ্টল, ন. [কৃষ্ট+ল] গুঞ্জা; পরিমাণবিশেষ;
কৃষ্টক্ষেত্র, ত্রি. [কৃষ্ট+ক্ষেত্র] কর্ষিতক্ষেত্র, হল্য। [আকর্ষণ।
কৃষ্টি, পুং. [কৃষ্+তি] পণ্ডিত; (স্ত্রী) কর্ষণ;
কৃষ্ণংশ্রিত, ত্রি. [কৃষ্ণং+শ্রিত] কৃষ্ণাশ্রিত, কৃষ্ণোপাসক, বৈষ্ণব।
কৃষ্ণ, পুং. [কৃষ্+ণ] ভগবদবতারবিশেষ, তৎপর্য্যায়।—অ, অচ্যুত, অজ, অজিত, অধোক্ষজ, অনন্ত, অব্ধিশয়ন, অপরাজিত, অরিষ্টসূদন, অসুররিপু, অহিজিৎ, অক্ষর, আত্মভূ, আত্মযোনি, আদিদেব, আদিবরাহ, ইন্দিরামন্দির, ইন্দ্রানুজ, ইন্দ্রাবরজ, ইরেশ, উচ্চদেব, উপেন্দ্র, উরুগায়, ঊর্দ্ধদেব, ঋতধামা, এ, একশৃঙ্গ, কংসজিৎ, কংসহা, কংসারাতি, কংসারি, ক, কান্ত, কালনেমিরিপু, কালনেমিশত্রু, কালনেম্যরি, কালনেমিহা, কালযবনজিৎ, কালিয়জিৎ, কুকুরাধিনাথ, কুমোদক, কুস্তুভ, কেশ, কেশব, কেশট, কেশয়, কেশিনিসূদন, কেশিহা, কেশী, কৈটভজিৎ, কৈটভহা, কোক, কৌস্তুভবক্ষা, কৌস্তুভলক্ষক, গদাগ্রজ, গদাধর, গদাভৃৎ, গদী, গরুড়ধ্বজ, গুহাশয়, গোপাল, গোপালক, গোপীনাথ, গোপেন্দ্র, গোপেশ, গোবর্দ্ধনধর, গোবর্দ্ধনধারী, গোবিন্দ, গৃধ্নু, ঘনশ্যাম, চক্রধর, চক্রপাণি, চক্রবান্ চক্রভৃৎ, চক্রহস্ত, চক্রী, চতুর্ভুজ, চতুষ্পাণি, চানূরজিৎ, চানূরসূদন, চিরজীবী, জগদীশ, জগদ্যোনি, জগন্নাথ, জনার্দ্দন, জম্মকীল, জয়পাল, জলশয়, জলশয়ন, জলশায়ী, জহ্নু, জাম্ববতীপতি, জিতামিত্র, জিন, জিষ্ণু, তার্ক্ষ্যধ্বজ, তার্ক্ষ্যনায়ক, তুঙ্গীশ, ত্রিধামা, ত্রিপাদ্, ত্রিবিক্রম, ত্রিভঙ্গ, দশরূপভৃৎ, দামোদর, দেবকীনন্দন, দেবকীপুত্র, দেবকীসূনু, দৈত্যারি, দৈবকীনন্দন, দ্বারকানাথ, দ্বারকেশ, ধম, ধরণীধর, ধরাধর, ধ্রুত্বন,

ধেনুকসূদন, ধেনুকারি, ধ্রুব, নন্দ, নন্দকী, নন্দনন্দন, নন্দাত্মজ, নরকজিৎ, নরকান্তক, নরহরি, নরসিংহ, নরায়ণ, নলিনেশয়, নীলমাধব, নৃহরি, নৃসিংহ, পদ্মনাভ, পদ্মপলাশলোচন, পদ্মেশ, পদ্মেশয়, পরপুরুষ, পরমাত্মঙ্গগ, পরমাদ্বৈত, পরমেশ্বর, পাঞ্চজন্যধর, পাণ্ডবাভীল, পাণ্ডবায়ন, পীতবাসা, পীতাম্বর, পুণ্যশ্লোক, পুণ্ডরীকাক্ষ, পুনর্ব্বসু, পুরাণপুরুষ, পুরুষ, পুরুষোত্তম, পুষ্করাক্ষ, পূতনারি, পূতনাহা, পূতনাসূদন, পৃশ্নিগর্ভ, পৃশ্নিভদ্র, পৃশ্নিশৃঙ্গ, পোতা, পৌণ্ড্রকজিৎ, প্রভু, প্রশ্নিশৃঙ্গ, বংশীধর, বকজিৎ, বকনিসূদন, বকবৈরী, বকারি, বৎসপাল, বনমালী, বভ্রু, বর্দ্ধমান, বলানুজ, বলিহা, বলিধ্বংসী, বসু, বসুদেবভূ, বহুমূর্দ্ধা, বাণহা, বাণারি, বামন, বারিশ, বাসু, বাসুদেব, বাসুভদ্র, বাহুভেদী, বিক্রমী, বিভু, বিরিঞ্চ, বিরিঞ্চি, বিধু, বিশালাক্ষ, বিশ্বগোপ্তা, বিশ্বচক্রাত্মা, বিশ্বরূপ, বিশ্বরূপী, বিশ্বক্সেন, বিশ্বাত্মা, বিশ্বম্ভর, বিষ্টরশ্রবা, বিষ্ণু, বীতভয়, বীর, বীরবাহু, বীরহা, বৃন্দাবনেশ্বর, বৃশ্চীর, বৃষশক্র, বৃষাকপি, বৃষান্তক, বৃষ্ণি, বৃষ্ণিগর্ভ, বেধা, বৈকুণ্ঠ, বৈক্রৌ, বোধজ্ঞ, ব্যক্তরূপ, ব্যবস্থান, ব্রজকিশোর, ব্রজনাথ, ব্রজমোহন, ব্রহ্মণ্যদেব, ভগবান, ভরু, ভুংভুং, ভূতভাবন, ভূরি, মঞ্জুকেশী, মথুরেশ, মদনমোহন, মধুজিৎ, মধুভিৎ, মধুমথন, মধুরিপু, মধুসূদন, মধুহা, মনোজবা, মহাপুরুষ, মহাপ্রভু, মহেন্দ্র, মাধব, মার্জ্জ, মাল, মিতি, মুকুন্দ, মুক্তিদ, মুরমর্দ্দন, মুররিপু, মুরলীধর, মুঞ্জকেশী, মুরহা, মুরারি, মৈন্দহা, যজ্ঞপুরুষ, যজ্ঞেশ্বর, যদুপতি, যদুনাথ, যবনারি, যমলার্জ্জুনহা, যাদব, যোগেশ, রথাঙ্গপাণি, রন্তিদেব, রমাধব, রমানাথ, রমাপতি, রমাপ্রিয়, রমেশ্বর, রসিকেশ্বর, রাধাকান্ত, রাধানাথ, রাধাবল্লভ, রাধিকেশ, রাহুভেদী, রাহুহা, লোহিতাক্ষ, লক্ষ্মীশ, লক্ষ্মীকান্ত, লোকনাথ, শকটহা, শকটভূৎ, শঙ্খভৃৎ, শঙ্খী, শতধামা, শতানন্দ, শতাবর্ত্ত, শশবিন্দু, শার্ঙ্গভৃৎ, শার্ঙ্গী, শিবকীর্ত্তন, শিশুপালহা, শৈলধর, শৌরি, শ্যাম, শ্যামসুন্দর, শ্রীকান্ত, শ্রীকর, শ্রীগর্ভ, শ্রীধর, শ্রীনিকেতন, শ্রীনিবাস, শ্রীপতি, শ্রীবৎস, শ্রীবৎসভৃৎ, শ্রীবৎসলাঞ্ছন, শ্রীবৎসাঙ্ক, শ্রীবরাহ, শ্রীমান্, শ্রীশ, শ্রীহরি, ষড়ঙ্গজিৎ, ষড়্‌বিন্দু, সতাবর্ত্ত, সদাতন, সদাযোগী, সনাতন, সব্য, সহস্রপদ, সহস্রবদন, সহস্রভুজ, সহস্রমূর্দ্ধা, সহস্রমৌলী, সহস্রশ্রবণ, সহস্রানন, সহস্রাক্ষ, সামগর্ভ, সাল্বহা, সিন্ধুশয়ন, সুভদ্র, সুপর্ণকেতু, সুবর্ণবিন্দু, সুযামুন, সুরেশ্বর, সোমসিন্ধু, স্বভু, স্বয়ম্ভু, স্বর্ণবিন্দু, হংস, হয়গ্রীবহা, হয়শীর্ষ, হরি, হিরণ্যকশিপুহা, হেমশঙ্খ, হৃষীকেশ; বাস; অর্জ্জুন; কোকিল; কাক; করমর্দ্দক; বর্ণবিশেষ, তৎপর্য্যায়।—নীল, অসিত, শ্যাম, কাল, শ্যামল, মেচক, বহুল, রাম, শিতি; (ত্রি.) তদ্যুক্ত, (ন.) মরিচ; লৌহ; নীলাঞ্জন; কালাগুরু।

কৃষ্ণকন্দ, ন. [কৃষ্ণ+কন্দ] রক্তোৎপল।

কৃষ্ণকর্ম্মা, ত্রি. [কৃষ্ণ+কর্ম্মন্] পাপাচারযুক্ত, অপরাধী, পাপী।

কৃষ্ণকলি-কৃষ্ণকাষ্ঠ, স্ত্রী. ন. [কৃষ্ণ+কলি-কাষ্ঠ] কালাগুরু। [দাঁড়কাক।

কৃষ্ণকাক, পুং. [কৃষ্ণ+কাক] দ্রোণকাকবিশেষ,

কৃষ্ণকেলি, পুং. [কৃষ্ণ+কেলি] পুষ্পলতাবিশেষ। [জুয়ারি।

কৃষ্ণকৌহল, পুং. [কৃষ্ণ+কোহল] দ্যূতকৃৎ,

কৃষ্ণগন্ধা, স্ত্রী. [কৃষ্ণ+গন্ধা] শোভাঞ্জনবৃক্ষ।

কৃষ্ণগর্ভ, পুং. [কৃষ্ণ+গর্ভ] কট্‌ফল।

কৃষ্ণচঞ্চুক, পুং. [কৃষ্ণ+চঞ্চুক] চণক।

কৃষ্ণচতুর্দ্দশী, স্ত্রী. [কৃষ্ণ+চতুর্দ্দশী] কৃষ্ণপক্ষীয় চতুর্দ্দশী, ভূত।

কৃষ্ণচর, পুং. [কৃষ্ণ+চর] কৃষ্ণের ভূতপূর্ব্ব গবাদি।

কৃষ্ণচূড়া, স্ত্রী. [কৃষ্ণ+চূড়া] লতাবিশেষ; স্বনামখ্যাত সকণ্টক পুষ্পবৃক্ষবিশেষ।
কৃষ্ণচূড়িকা, স্ত্রী. [কৃষ্ণ+চূড়িকা] গুঞ্জা।
কৃষ্ণচূর্ণ, ন. [কৃষ্ণ+চূর্ণ] লৌহমল।
কৃষ্ণজটা, স্ত্রী. [কৃষ্ণ+জটা] জটামাংসী।
কৃষ্ণজন্মাষ্টমী, স্ত্রী. [কৃষ্ণজন্মন্+অষ্টমী] ভাদ্রকৃষ্ণাষ্টমী।
কৃষ্ণজীরক, পুং. [কৃষ্ণ+জীরক] কৃষ্ণবর্ণজীরক, কেলেজীরা, তৎপর্য্যায়।—সুষবী, কারবী, পৃথ্বী, পৃথু, কালা, উপকুঞ্চিকা, নয়নানন্দ, উপকুঞ্চি, সুশবী, কুঞ্চিকা, কৃষ্ণা, জরণা, শালী, বহুগন্ধা, পৃথুকা, পৃথিবী, ভেষজ, কৃষ্ণবর্ণ স্থূলজীরক।
কৃষ্ণজীরা, (প্রা) কৃষ্ণজীরক।
কৃষ্ণঝাঁটী, (প্রা) নীলীবৃক্ষ।
কৃষ্ণতণ্ডুলা, স্ত্রী. [কৃষ্ণ+তণ্ডুলা] কর্ণস্ফোটালতা।
কৃষ্ণতা, স্ত্রী. [কৃষ্ণ+তা] কৃষ্ণত্ব, কালকর্ণ।
কৃষ্ণতাম্র, ন. [কৃষ্ণ+তাম্র] গোশীর্ষচন্দন।
কৃষ্ণতার, পুং. [কৃষ্ণ+তার] হরিণ।
কৃষ্ণতুলসী, (প্রা) কালতুলসী।
কৃষ্ণত্রিবৃতা, স্ত্রী. [কৃষ্ণ+ত্রিবৃতা] কৃষ্ণবর্ণা-ত্রিবৃৎ, কালতেউড়ী, তৎপর্য্যায়।—পালিন্দী, কালমেষিকা, কালা, মসূরবিদলা, অর্দ্ধচন্দ্র, সুষেণিকা।
কৃষ্ণদন্তা, স্ত্রী. [কৃষ্ণ+দন্তা] কাশ্মরীবৃক্ষ।
কৃষ্ণদশন, ত্রি. [কৃষ্ণ+দশন] অরোকদন্ত।
কৃষ্ণদূর্ব্বা, (প্রা) অধোদেশজলোম।
কৃষ্ণদেহ, পুং. [কৃষ্ণ+দেহ] ভ্রমর; (ত্রি.) কৃষ্ণবর্ণশরীর। [ব্যাস।
কৃষ্ণদ্বৈপায়ন, পুং. [কৃষ্ণ+দ্বৈপায়ন] বেদ-
কৃষ্ণধত্তূর-কৃষ্ণধত্তূরক, পুং. [কৃষ্ণ+ধত্তূর-ধত্তূরক] কৃষ্ণবর্ণধুস্তূর, কালধুতুরা, তৎপর্য্যায়।—সিদ্ধ, কনক, সচিব, শিব, কৃষ্ণপুষ্প, বিষারাতি, ক্রুরধূর্ত্ত।
কৃষ্ণপরায়ণ, ত্রি. [কৃষ্ণ+পরায়ণ] কৃষ্ণাশ্রিত, কৃষ্ণভক্ত।
কৃষ্ণপর্ণী, স্ত্রী. [কৃষ্ণ+পর্ণী] কালতুলসী।
কৃষ্ণপক্ষ, পুং. [কৃষ্ণ+পক্ষ] অসিতপক্ষ, চন্দ্রের হ্রাসকাল।

কৃষ্ণপক্ষজ, ত্রি. [কৃষ্ণ+পক্ষজ] জারজাত, উপস্ত্রীজাত।
কৃষ্ণপক্ষীয়, ত্রি. [কৃষ্ণ+পক্ষীয়] চন্দ্রহ্রাসকালসম্বন্ধীয়; কৃষ্ণপক্ষজ, জারজ।
কৃষ্ণপাক, পুং. [কৃষ্ণ+পাক] করমর্দ্দ।
কৃষ্ণপাকফল, পুং. [কৃষ্ণপাক+ফল] করমর্দ্দক।
কৃষ্ণপিঙ্গলা, স্ত্রী. [কৃষ্ণ+পিঙ্গলা] দুর্গা।
কৃষ্ণপিণ্ডীতক-কৃষ্ণপিণ্ডীর, পুং. [কৃষ্ণ+পিণ্ডীতক+পিণ্ডীর] বৃক্ষবিশেষ; বরাহ।
কৃষ্ণপিপীলী, স্ত্রী. [কৃষ্ণ+পিপীলী] কৃষ্ণবর্ণ পিপীলিকা, কালপিপীড়া, স্থূলা, বৃক্ষরুহা; প্রিয়ঙ্গুবৃক্ষ।
কৃষ্ণপুষ্প, পুং. [কৃষ্ণ+পুষ্প] কৃষ্ণধুস্তূরক।
কৃষ্ণপুষ্পী, স্ত্রী. [কৃষ্ণ+পুষ্পী] প্রিয়ঙ্গুবৃক্ষ।
কৃষ্ণফল-কৃষ্ণফলপাক, পুং. [কৃষ্ণ+ফল+পাক] করমর্দ্দক।
কৃষ্ণফলা, স্ত্রী. [কৃষ্ণ+ফলা] সোমরাজী।
কৃষ্ণবক্ত্র, পুং. [কৃষ্ণ+বক্ত্র] বানর।
কৃষ্ণবর্ণ, ত্রি. [কৃষ্ণ+বর্ণ] কৃষ্ণ, কালরঙ্গ।
কৃষ্ণবর্ত্মা, পুং. [কৃষ্ণ+বর্ত্মন্] অগ্নি; চিত্রকবৃক্ষ; দুরাচার; রাহু।
কৃষ্ণবল্লিকা, স্ত্রী. [কৃষ্ণ+বল্লিকা] জতুকালতা।
কৃষ্ণবল্লী, স্ত্রী. [কৃষ্ণ+বল্লী] কৃষ্ণার্জক; শারিবাবিশেষ। [বৃক্ষ
কৃষ্ণবর্ব্বরক, পুং. [কৃষ্ণ+বর্ব্বরক] বর্ব্বর-
কৃষ্ণবাবুই, (প্রা) কালতুলসী।
কৃষ্ণবানর, পুং. [কৃষ্ণ+বানর] কালবানর, গোলাঙ্গুল, গৌরাস্য, কপি, কৃষ্ণমুখ।
কৃষ্ণবীজ, ন. [কৃষ্ণ+বীজ] কালিঙ্গ (পুং.) রক্তশিগ্রুবৃক্ষ। [মাষপর্ণী।
কৃষ্ণবৃন্তা, স্ত্রী. [কৃষ্ণ+বৃন্তা] পাটলাবৃক্ষ;
কৃষ্ণবৃন্তিকা, স্ত্রী. [কৃষ্ণ+বৃন্তিকা] গম্ভারীবৃক্ষ; পেটিকাবৃক্ষ।
কৃষ্ণভূম-কৃষ্ণভূমি, পুং. [কৃষ্ণ+ভূম+ভূমি] কৃষ্ণবর্ণ মৃত্তিকাযুক্তদেশ।
কৃষ্ণভূমিজা, স্ত্রী. [কৃষ্ণ+ভূমিজা] গোমূত্রিকাতৃণ।
কৃষ্ণভেদা, স্ত্রী. [কৃষ্ণ+ভেদা] কটুকা।
কৃষ্ণভেদী, স্ত্রী. [কৃষ্ণ+ভেদী] কটুকী।

কৃষ্ণমল্লিকা, স্ত্রী. [কৃষ্ণ+মল্লিকা] কাল-তুলসী। [তুলসী]

কৃষ্ণমালুক, পুং. [কৃষ্ণ+মালুক] কাল-

কৃষ্ণমুদ্গ, পুং. [কৃষ্ণ+মুদ্গ] মুদ্গবিশেষ, কালমুগ, তৎপর্য্যায়।— বাসন্ত, মাধব, সুরাষ্ট্রজ।

কৃষ্ণমূলী, স্ত্রী. [কৃষ্ণ+মূলী] শারিবাবিশেষ।

কৃষ্ণমৃৎ, স্ত্রী. [কৃষ্ণ+মৃৎ] কালমৃত্তিকা, শ্লক্ষ্ণভূমি।

কৃষ্ণমৃত্তিক, পুং. [কৃষ্ণ+মৃত্তিকা] কৃষ্ণভূমি

কৃষ্ণমৃত্তিকা, স্ত্রী. [কৃষ্ণ+মৃত্তিকা] কৃষ্ণমৃৎ।

কৃষ্ণরুহা, স্ত্রী. [কৃষ্ণ+রুহা] জতুকালতা।

কৃষ্ণরূপ্য, ত্রি. [কৃষ্ণ+রূপ্য] কৃষ্ণচর, কৃষ্ণের ভূতপূর্ব্বো গবাদি।

কৃষ্ণল-কৃষ্ণলক, পুং. [কৃষ্ণ+ল-ক] গুঞ্জা।

কৃষ্ণলবণ, ন. [কৃষ্ণ+লবণ] সৌবর্চ্চললবণ; কাচলবণ।

কৃষ্ণলা, স্ত্রী. [কৃষ্ণ+ল] গুঞ্জা। [পাং।

কৃষ্ণলোহ, ন. [কৃষ্ণ+লোহ] অয়স্কান্ত; ইশ্।

কৃষ্ণলোহিত, পুং. [কৃষ্ণ+লোহিত] কৃষ্ণ রক্ত মিশ্রবর্ণ, ধূম্রবর্ণ (ত্রি) তদ্বিশিষ্ট।

কৃষ্ণশার, পুং. [কৃষ্ণ+শার] কৃষ্ণসারমৃগ

কৃষ্ণশালি, পুং. [কৃষ্ণ+শালি] ধান্যবিশেষ, কালধান, তৎপর্য্যায়।—কালশালি, শ্যামশালি, সিতেতর।

কৃষ্ণশিম্বিকা-কৃষ্ণশিম্বী, স্ত্রী. [কৃষ্ণ+শিম্বিকা-শিম্বী] কৃষ্ণবর্ণশিম্বী, কালশিম; কাকাণ্ডী।

কৃষ্ণশিগ্রু, পুং. [কৃষ্ণ+শিগ্রু] শোভাঞ্জনবৃক্ষ।

কৃষ্ণশৃঙ্গ, পুং.]কৃষ্ণ+শৃঙ্গ] মহিষ।

কৃষ্ণশ্রিত, ত্রি. [কৃষ্ণ+শ্রিত] কৃষ্ণউপাসক, কৃষ্ণভক্ত, বৈষ্ণব।

কৃষ্ণসখ, পুং. [কৃষ্ণ+সখি] কৃষ্ণেরস্বরূপ, অর্জ্জুন.

কৃষ্ণসখী, স্ত্রী. [কৃষ্ণ+সখী] জীরক।

কৃষ্ণসর্প, পুং. কৃষ্ণ+সর্প] কালসর্প।

কৃষ্ণসর্ষপ, পুং. [কৃষ্ণ+সর্ষপ] রাজসর্ষপ।

কৃষ্ণসার, পুং. [কৃষ্ণ+সার] হরিণভেদ, কালসার; সুহীবৃক্ষ; শিংশপাবৃক্ষ; খদির-বৃক্ষ।

কৃষ্ণসারঙ্গ, পুং. [কৃষ্ণ+সারঙ্গ] কৃষ্ণসার।

কৃষ্ণসারথি, পুং. [কৃষ্ণ+সারথি] অর্জ্জুনবৃক্ষ; অর্জ্জুন।

কৃষ্ণসারা, স্ত্রী. [কৃষ্ণ+সারা] শিংশপাবৃক্ষ।

কৃষ্ণস্কন্ধ, পুং. [কৃষ্ণ+স্কন্ধ] কালস্কন্ধ, তমালবৃক্ষ।

কৃষ্ণা, স্ত্রী. [কৃষ্ণ+আ] দ্রৌপদী; নীলী-বৃক্ষ; পিপ্পলী; দ্রাক্ষা; নীলপুনর্ণবা; কৃষ্ণজীরক; গম্ভারী; কটুকা; সারিবা-বিশেষ; রাজসর্ষপ, পর্পটী; কাকোলী; সোমরাজী।

কৃষ্ণাগুরু, ন. [কৃষ্ণ+অগুরু] অগুরুবিশেষ, তৎপর্য্যায়।—অগুরু, শৃঙ্গার, বিশ্বরূপক, শীর্ষ, কালাগুরু, কেশ্য, বসুক, কৃষ্ণকাষ্ঠ, ধূপার্হ, বল্লর, মিশ্রবর্ণ, গন্ধ।

কৃষ্ণাচল, পুং. [কৃষ্ণ+অচল] রৈবতপর্ব্বত।

কৃষ্ণাজিন, ত্রি. [কৃষ্ণ+অজিন] কৃত্তি, কৃষ্ণসারেরচর্ম্ম। [বৃক্ষ।

কৃষ্ণাঞ্জনী, স্ত্রী. [কৃষ্ণ+অঞ্জনী] কালাঞ্জনী

কৃষ্ণানদী, স্ত্রী. [কৃষ্ণা+নদী] নদীভেদ, কৃষ্ণসমুদ্ভবা, কৃষ্ণবেণা, কৃষ্ণগঙ্গা।

কৃষ্ণাপরাজিতা, স্ত্রী. [কৃষ্ণ+অপরাজিতা] লতাবিশেষ।

কৃষ্ণাবতার, পুং. [কৃষ্ণ+অবতার] শ্রীকৃষ্ণের অবতার। [বৃক্ষ।

কৃষ্ণাবাস, পুং. [কৃষ্ণ+আবাস] অশ্বত্থ-

কৃষ্ণাভা, স্ত্রী. [কৃষ্ণ+আভা] কালাঞ্জনী।

কৃষ্ণাভ্র, ত্রি. [কৃষ্ণ+অভ্র] মেঘজাল, কাল-মেঘ।

কৃষ্ণামিষ-কৃষ্ণায়স, ন. [কৃষ্ণ+আমিষ-অয়স] কৃষ্ণবর্ণলোহ।

কৃষ্ণার্চ্চিঃ, পুং. [কৃষ্ণ+অর্চ্চিস্] অগ্নি।

কৃষ্ণার্জ্জক, পুং. [কৃষ্ণ+অর্জ্জক] কাল-তুলসী, তৎপর্য্যায়।—কালমাল, মালুক, কৃষ্ণমালুক, কৃষ্ণমল্লিকা, গরঘ্ন, বনবর্ব্বর. বর্ব্বরী, জাতি।

কৃষ্ণালু, পুং. [কৃষ্ণ+আলু] নীলালু।

কৃষ্ণাশ্রিত, ত্রি. '[কৃষ্ণ+আশ্রিত] কৃষ্ণের শরণাপন্ন

কৃষ্ণিকা, স্ত্রী. [কৃষ্ণ+ইকা] শ্যামাপক্ষিণী; রাজিকা, রাইসর্ষা।

কৃষ্ণিমা, পুং. [কৃষ্ণ+ইমন্] কৃষ্ণবর্ণ, মসীবর্ণ।
কৃষ্ণীকরণ, ন. [কৃষ্ণ+করণ] নীলবর্ণকরণ।
কৃষ্ণীকৃত-কৃষ্ণীভূত, ত্রি. [কৃষ্ণ+কৃত-ভূত] শ্যামিত, তমোভূত, সন্তমস।
কৃষ্ণোদুম্বরিকা, স্ত্রী. [কৃষ্ণ+উদুম্বরিকা] কাকোদুম্বরিকা।
কৃষ্ণেক্ষু, পুং. [কৃষ্ণ+ইক্ষু] ইক্ষুভেদ; কাজলীআখ্, তৎপর্য্যায়।—কান্তারক, শ্যামেক্ষু, কোকিলেক্ষুক, কোকিলাক্ষ।
কৃসর, পুং. [কৃ+সর] কৃশর, তিলেরখিচড়ী।
কৢপ্ত, ত্রি. [কৢপ্+ত] কৃতকল্পন; নিয়ত; নামধেয়। [পট্টোলিকা।
কৢপ্তকীলা, স্ত্রী. [কৢপ্ত+কীলা] ব্যবস্থাপত্র,
কৢপ্তধূপ, পুং. [কৢপ্ত+ধূপ] সিহ্লক।
কৢপ্তিক, ত্রি. [কৢপ্তি+ক] ক্রীত।
কে, (প্রা) কিং, কোন্‌লোক, কোনমনুষ্য, কোনব্যক্তি।
কেআ-কেআফুল, (প্রা) পুষ্পবিশেষ।
কেআকাঁটা, (প্রা) লতাবিশেষ।
কেআরি, (প্রা) কেদার, স্থল।
কেই, (প্রা) মৎস্যবিশেষ।
কেউ, (প্রা) কিং, কোনলোক, কেহ।
কেউআহরণী, (প্রা) বৃক্ষবিশেষ।
কেউটিয়ামুথা, (প্রা) কৈবর্ত্তিমুস্তক।
কেউটিয়াসাপ, (প্রা) তীক্ষ্ণ বিষধর সর্প।
কেউবা, (প্রা) কাক।
কেঁই-কেঁইবীচি, (প্রা) তিন্তিড়ি বীজ, তেঁতুলেরবীজ।
কেঁউ, (প্রা) লতাবিশেষ; কেমুক।
কেঁউকেঁউ, (প্রা) আঘাতি কুকুরের চিৎকারধ্বনি।
কেঁএ, (যাং) স্বনামখ্যাত দেশস্থব্যক্তি; কলহকারী; লতাবিশেষ।
কেঁও, (প্রা) বৃক্ষবিশেষ।
কেঁকর, (প্রা) ধ্বনিবিশেষ।
কেঁকলাস, (প্রা) কৃকলাস, গির্‌গিট্।
কেঁকো, (প্রা) ভেকধ্বনি।
কেঁচা, (প্রা) শূল, তোমর, বড়শা, ভালা, সাং, বল্লম, বর্ছি, ছড়, বর্শা।
কেঁচো, (প্রা) কৃমি, ক্রিমি, গণ্ডূপদ, ভূক, মহীলতা, শিলী, ভূলতা, খর্জ্জূ, কীকস, তণ্ডুরীণ, কৃপণ, ক্ষিতিজন্তু, ভূজন্তু, কুম্বু, বৈরাট।
কেঁচকীল, (প্রা) বালকদিগের ক্রীড়াকরণার্থ মৃত্তিকার বর্ত্তুল, অর্থাৎ ভাঁটা।
কেঁচকেঁচ, (প্রা) ধ্বনিভেদ।
কেঁদ, (প্রা) বৃক্ষবিশেষ।
কেঁদুআবাঘ, (প্রা) বৃক, কোক, ভেড়িয়ান।
কেঁদো, (প্রা) স্থূল, অসুন্দর, ঢেপ্‌সা, গোব্দা, মোটা।
কেকয়, পুং. [কে+কয়] সূর্য্যবংশীয় রাজবিশেষ।
কেকয়ী, স্ত্রী. [কেকয়+ঈ] দশরথরাজপত্নী, ভরতেরমাতা।
কেকর-কেকরাক্ষ, ত্রি. [কে+কর-অক্ষ] বলির, টেরা, বক্রদৃষ্টি।
কেকল, ত্রি. [কে+কল] নর্ত্তক।
কেকা, স্ত্রী. [কেক+আ] ময়ূরধ্বনি, শিখীরব
কেকাবল, পুং. [কেকা+বল] ময়ূর।
কেকী, পুং. [কেকা+ইন্] ময়ূর।
কেকেয়ী, স্ত্রী. [কেকেয়+ঈ] কেকয়ী।
কেচন-কেচিৎ, ব্য. [কে+চন-চিৎ] কোন ব্যক্তিরা, কোন২ ব্যক্তি। [কেঁচো।
কেচুয়া, (প্রা) ভক্তবিটল, কাল্পনিকবৎ,
কেচুক, ন. [কে+চুক] কচু।
কেচো, (প্রা) ছদ্মবেশী, কপটী।
কেজুয়া, (প্রা) কার্য্যার্হ, কর্ম্মণ্য, কার্য্যযোগ্য, দরকারী। [শঠতা।
কেঞ্চাই, (প্রা) ওষধিবৃক্ষবিশেষ; ধূর্ত্ততা,
কেঠুআ, (প্রা) কাষ্ঠবৎদৃঢ়; নৌকায় জলোত্তলনার্থ কাষ্ঠকুদ্দাল; কচ্ছপবিশেষ।
কেঠুআখটী, (প্রা) কাষ্ঠবিপণি।
কেঠুআভোলা, (প্রা) মৎস্যবিশেষ।
কেণ-কেণা, (প্রা) ক্রয়, ক্রীত, খরিদ।
কেণাবেচা, (প্রা) ক্রয়বিক্রয়।
কেণন, (প্রা) ক্রয়করণ, মূল্যদ্বারা গ্রহণ।
কেণিকা, স্ত্রী. [কেণিক+আ] পটকুটী, কানাৎ।
কেণ্ণো, (প্রা) কর্ণজলৌকা।

কেত, পুং. [কেৎ+অ] বাটী, আগার
কেতক, পুং. [কেৎ+অক] কেতকীবৃক্ষ।
কেতকী, স্ত্রী. [কেতক+ঈ] পুষ্পবৃক্ষবিশেষ, কেয়াগাছ, তৎপর্য্যায়।—সূচীপুষ্প, হলীন, জম্বুল, কেতক, সুচিকাপুষ্প, জম্বুক, ক্রকচচ্ছদ, তীক্ষ্ণপুষ্পা, বিফলা, ধূলিপুষ্পিকা, মেধ্যা, কণ্টদলা, শিবদ্বিষ্টা, নৃপপ্রিয়া, ক্রকচা, দীর্ঘপত্রা, স্থিরগন্ধা, গন্ধপুষ্পা, ইন্দুকলিকা, দলপুষ্পা, পাংশুলা।
কেতন, ন. [কেৎ+অন] ধ্বজ; কার্য্য; নিমন্ত্রণ; চিহ্ন; গৃহ; স্থান। [স্থিত।
কেতিত, ত্রি. [কেত+ইত] নিমন্ত্রিত; অব-
কেতু, পুং. [কেৎ+উ] নবগ্রহান্তর্গত গ্রহবিশেষ, পাপগ্রহ, রাহুর শরীর, শিখী; ধ্বজা; পতাকা; রোগ; উৎপাত; চিহ্ন; দীপ্তি; খর্ব্বজাতি।
কেতুতারা, স্ত্রী. [কেতু+তারা] ধূমকেতু।
কেতুবসন, পুং. [কেতু+বসন] পতাকা।
কেতুভ, পুং. [কেতু+ভ] মেঘ।
কেতুমাল, ন. [কেতু+মাল] জম্বুদ্বীপের নবখণ্ডান্তর্গত পশ্চিমখণ্ডবিশেষ।
কেতুযষ্টি, স্ত্রী. [কেতু+যষ্টি] পতাকাদণ্ড, নিশানকাষ্ঠ; ধ্বজযষ্টি।
কেতুরত্ন, ন. [কেতু+রত্ন] বৈদূর্য্যমণি।
কেদর, পুং. [কে+দর] বৃক্ষবিশেষ; (ত্রি) কেকর, টেরা।
কেদরাণী, (প্রা) অমেধ্য, মল।
কেদার, পুং. [কে+দার] ক্ষেত্র, ক্ষেৎ; পর্ব্বতবিশেষ; শিব; ভূমিভেদ; আলবাল; উদ্যানের ভূভাগবিশেষ, কেআরি।
কেদারকটুকা, স্ত্রী. [কেদার + কটুকা] কটুকা, কট্‌কী। [আলি, বাঁধ।
কেদারখণ্ড, পুং. [কেদার+খণ্ড] জাঙ্গাল,
কেদারজ, ন. [কেদার+জ] পদ্মকাষ্ঠ।
কেদারী, স্ত্রী. [কেদার+ঈ] রাগিণীবিশেষ।
কেদারেশ-কেদারেশ্বর, পুং. [কেদার+ঈশ-ঈশ্বর] কাশিস্থশিববিশেষ
কেন, পুং. [কিং+অ] উপনিষদ্‌বিশেষ; (ব্য.) কিমর্থ, কিন্নিমিত্ত, কিং,কস্যহেতো কেনহেতুনা,কিকারণ, কিজন্য, কিহেতু, কিমর্থে।
কেননা, (প্রা) যেহেতু, করাণ, যস্মাৎ যতঃ।
কেনহ, (প্রা) কশ্চিৎ, কিঞ্চিৎ, কিয়ৎ।
কেনার, পুং. [ক+নৃ+অ] কুম্ভিনরক; শির; কপোল; সন্ধি। [কর্ণরাজধানী।
কেনিপতি, পুং. [কেনি+পতি] দেশবিশেষ,
কেনিপাত-কেনিপাতক, পুং. [কে+নি-পাত-পাতক] অরিত্র, নৌকারহালি।
কেনে, (প্রা) কথং, কিং, কেমন, কিমত।
কেন্দড়া, (প্রা) লতাবিশেষ।
কেন্দু, পুং. [ক+ইন্দু] তিন্দুকবৃক্ষ।
কেন্দুআবাঘ, (প্রা) বৃক।
কেন্দুক, পুং. [কেন্দু+ক] গালববৃক্ষ, গাব; বাদ্যেরতালবিশেষ।
কেন্দ্র, ন. [ক+ইন্দ্র] লগ্ন; লগ্নের চতুর্থ সপ্তম দশম স্থান, কণ্টক; গোলবস্তুর মধ্যস্থল, (পুং)ব্রহ্মা; ইন্দ্র। [ড়াবিছা।
কেন্নোকেঁদরাষ্ট, (প্রা) বৃশ্চিক, অলি, কাঁক-
কেবট, (প্রা) কঃ, কা, কিং, কে, কেটা।
কেবর্ত্ত, পুং. [কে+বর্ত্ত] কৈবর্ত্তজাতি, জালিয়া, মাছুয়া।
কেবল, ন. [কেব্‌+অল] নির্ণীত; জ্ঞানভেদ; শুদ্ধ; কৃৎস্ন; অসহায়; (পুং.) কুহন; (ত্রি.) এক, মাত্র; কৃৎস্ন। [র্হদ্বিশেষ।
কেবলজ্ঞানী, পুং. [কেবল+জ্ঞানিন্] ভূতা-
কেবলদ্রব্য, ন. [কেবল+দ্রব্য] মরিচ।
কেবলবৈয়াকরণ, পুং. [কেবল+বৈয়াকরণ] ব্যাকরণ শাস্ত্রে বিদ্বান্‌মাত্র
কেবলী, ত্রি. [কেবল+ইন্] একাকী; গ্রন্থবিশেষ; (পুং.) জৈনবিশেষ।
কেবা, (প্রা) কে।
কেবিকা, স্ত্রী. [কেবিক+আ] পুষ্পবিশেষ, কেবের, তৎপর্য্যায়।—কবিকা, কেবী, ভৃঙ্গারি, নৃপবল্লভা, ভৃঙ্গমারী, মহাগন্ধ, রাজকন্যা, অলিবাহিনী।
কেবী, স্ত্রী. [কেব+ঈ] কেবিকাপুষ্প।
কেমদ্রুম, পুং. [কেম+দ্রুম] জন্মকালীন গ্রহযোগবিশেষ।
কেমন, (প্রা.) কিপ্রকার, কিরূপ, কিমত।

কেমুক, পুং. [কে+মুক] বৃক্ষবিশেষ, কেঁউ তৎপর্য্যায়।—পেচুক, পেচুনী, পেচু, পেচিকা, দলসারিণী, কেচুক,।

কেয়ছরি, (প্রা) মৎস্যবিশেষ।

কেয়ুর, ন. [কেয়+উর] অলঙ্কারবিশেষ, অঙ্গদ, তাড়; (পুং) রতিবন্ধবিশেষ।

কেরতী, (প্রা) লতাবৃক্ষবিশেষ।

কেরবাল, (প্রা) নৌকাদণ্ড, ক্ষেপণি, অরিত্র, নৌচালনী, দাঁড়

কেরল, পুং. [কে+রল] দেশভেদ, মালোয়ার-দেশ; বেদযাগানধিকারি; অস্ত্রধারি ম্লেচ্ছবিশেষ।

কেরলি, (প্রা) লতাবিশেষ।

কেরলী, স্ত্রী. [কেরল+ঈ] জ্যোতির্গ্রন্থ-বিশেষ; হোরা।

কেরাণী, (যাং) লেখক, মসিজীবী, লিপিকর; লিপিজীবী, লেখনকারী।

কেরালী, (প্রা) লতাবিশেষ।

কেরায়া, (যাং) নিরূপিত কালপর্য্যন্ত কোন দ্রব্য বেতন বা মূল্য দিয়া গ্রহণ।

কেলক, পুং. [কেল+ক] খড়্গধারাদিনর্ত্তক, প্লবক।

কেলান, (প্রা) নিস্ত্বচ, ছালতোলন।

কেলাস, পুং. [কে+লাস] স্ফটিক, কাঁচ।

কেলি, পুং.স্ত্রী. [কেল্+ই] পরিহাস, দ্রব, ক্রীড়া, লীলা, নর্ম্ম, বিহার; (স্ত্রী) পৃথিবী। [বিলাসী।

কেলিক, পুং. [কেলি+ক] অশোকবৃক্ষ; (ত্রি)

কেলিকদম্ব, পুং. [কেলি+কদম্ব] কদম্ববৃক্ষ-বিশেষ। [বীণা; কামলীলা।

কেলিকলা, স্ত্রী. [কেলি+কলা] সরস্বতী-

কেলিকিল, পুং. [কেলি+কিল] কুষ্মাণ্ডক, শিবের অনুচর; নাট্যোনায়ক বয়স্য, তৎ-পর্য্যায়।—বিদূষক, বাসন্তিক, বৈহা-সিক, প্রহাসী, প্রীতিদ। [দেবের স্ত্রী।

কেলিকিলা, স্ত্রী. [কেলি+কিলা] রতি, কাম-

কেলিকীর্ণ, পুং. [কেলি+কীর্ণ] উষ্ট্র।

কেলিকুঞ্চিকা, স্ত্রী. [কেলি+কুঞ্চিকা] শ্যালিকা, শালী। [ক্রীড়া।

কেলিকুতুহল, (প্রা) বিলাস, কৌতুক,

কেলিকোষ, পুং. [কেলি+কোষ] নট।

কেলিগৃহ, পুং. [কেলি+গৃহ] নাটকশালা, রঙ্গশালা, রঙ্গভূমি; নেপথ্য।

কেলিনাগর, পুং. [কেলি+নাগর] সম্ভোগ-বান্।

কেলিবৃক্ষ, পুং. [কেলি+বৃক্ষ] কদম্ববিশেষ, কেলিকদম্ব। [উপহাস।

কেলিমুখ, পুং. [কেলি+মুখ] পরীহাস,

কেলিয়াকোঁড়া, (প্রা) লতাবিশেষ।

কেলিশয়ন, ন. [কেলি+শয়ন] পর্য্যঙ্ক, খট্টা।

কেলিশুষি, স্ত্রী. [কেলি+শুষি] পৃথিবী।

কেলিসচিব, পুং. [কেলি+সচিব] নর্ম্মদ, ক্রীড়াবিষয়ক মন্ত্রী।

কেল্যান, (প্রা) বহুপ্রসূতগাভী।

কেল্যানী, (প্রা) কাঞ্জি, কাঁজি; পাকপাত্র-ধৌত কৃষ্ণবর্ণ জল।

কেশ, পুং. [ক+ঈশ] মজ্জজাতোপধাতু-বিশেষ, তৎপর্য্যায়।—চিকুর, কুন্তল, বাল, কচ, শিরোরুহ শিরসিজ, মূর্দ্ধজ, অস্র, বৃজিন, কৃশালা, চুল, কেশাতক, শিরোরুট্, কুশলা; বরুণ; ত্রীবের; দৈত্যবিশেষ; বিষ্ণু।

কেশক, ত্রি. [কেশ+ক] মনোযোগপূর্ব্বক কেশবিন্যাসকারী। [কেশসমূহ।

কেশকলাপ, পুং. [কেশ+কলাপ] কেশপাশ,

কেশকার, পুং. [কেশ+কার] ইক্ষুভেদ, (হিঃ) করিয়াকুশিয়ার।

কেশকীট, পুং. [কেশ+কীট] উৎকুণ, উকুণ।

কেশগর্ভ, পুং. [কেশ+গর্ভ] কবরী, কেশ-বিন্যাস, চুলেরখোঁপা; বরুণ।

কেশগর্ভক, পুং. [কেশ+গর্ভক] কবরী, কেশগর্ভ। [র্ষিত।

কেশগৃহীত, ত্রি. [কেশ+গৃহীত] কেশাক-

কেশগ্রহ, পুং. [কেশ+গ্রহ] কেশাকর্ষণ।

কেশঘ্ন, ন. [কেশ+ঘ্ন] ইন্দ্রলুপ্তক, টাক-পড়া। [সুন্দর, কেশচ্ছেদক।

কেশচ্ছিৎ, পুং. [কেশ+ছিদ্] নাপিত, নর-

কেশট, পুং. [কেশ+অট] বিষ্ণু; ছাগ; উকুণ; ভ্রাতা; কামদেবের শোষণবাণ; শোণক-বৃক্ষ।

কেশধ্বংস, পুং. [কেশ+ধ্বংস] ভূতকেশ, স্বনামখ্যাত তৃণ।
কেশনাম, ন. [কেশ+নাম] বাল, বালা।
কেশপংক্তি, ত্রি. [কেশ+পংক্তি] কচশ্রেণী, কচসমূহ, গুচ্ছকেশ।
কেশপর্ণী, স্ত্রী. [কেশ+পর্ণী]অপামার্গবৃক্ষ।
কেশপক্ষ, পুং. [কেশ+পক্ষ] কেশপাশ, সুচারুকেশ।
কেশপাশ, পুং. [কেশ+পাশ] কেশসমূহ।
কেশপাশী,স্ত্রী. [কেশপাশ+ঈ] শিরোমধ্যস্থশিখা, চূড়া, টিকী।
কেশপুষ্টা, (প্রা) বৃক্ষবিশেষ।
কেশপ্রুম, (প্রা) লতাবৃক্ষবিশেষ।
কেশব, পুং. [কেশ+ব] বিষ্ণু; পুন্নাগবৃক্ষ; (ত্রি) কেশবিশিষ্ট, প্রশান্তকেশযুক্ত।
কেশবন্ধ, ন. [কেশ+বন্ধ] কবরী।
কেশবর্দ্ধিনী, স্ত্রী. [কেশ+বর্দ্ধিনী] সহদেবীলতা। [পাসনা।
কেশবভক্তি, স্ত্রী. [কেশব+ভক্তি] কৃষ্ণো-
কেশবান্, ত্রি. [কেশ+বৎ] সুকুন্তলযুক্ত।
কেশবাবাল-কেশবাবাস, [কেশব+আবাল+আবাস] অশ্বত্থবৃক্ষ; বিষ্ণুগৃহ।
কেশবালয়, পুং. [কেশব+আলয়] অশ্বত্থবৃক্ষ; বিষ্ণুগৃহ। [(ন) বিষ্ণুরঅস্ত্র।
কেশবায়ুধ, পুং. [কেশব+আয়ুধ] আম্রবৃক্ষ;
কেশবিন্যাস-কেশবেশ, পুং. [কেশ+বিন্যাস+বেশ] কবরী, চুলেরখোঁপা।
কেশভু, পুং. [কেশ+ভু] শিরঃ, মস্তক।
কেশমথনী, স্ত্রী. [কেশ+মথনী] শমীবৃক্ষ।
কেশমার্জ্জক, ন. [কেশ+মার্জ্জক] কঙ্কতিকা; চিরুণী। [কেশশুদ্ধি।
কেশমার্জ্জন, ন. [কেশ+মার্জ্জন] কঙ্কতিকা,
কেশমার্জ্জনী, স্ত্রী. [কেশ+মার্জ্জনী] কঙ্কতিকা, চিরুণী।
কেশমুষ্টি, পুং. [কেশ+মুষ্টি] বিষমুষ্টিবৃক্ষ; মহানিম্ব; একমুষ্টিকুন্তল।
কেশযুক্ত, ত্রি. [কেশ+যুক্ত] কেশী।
কেশর, পুং.ন. [কে+শর] কিঞ্জল্ক; (পুং) নাগকেশরবৃক্ষ; বকুলবৃক্ষ; পুন্নাগবৃক্ষ; সিংহজটা; হিঙ্গবৃক্ষ।

কেশরঞ্জন, পুং. [কেশ+রঞ্জন] ভৃঙ্গরাজবৃক্ষ, কেশুরেশাক।
কেশরাজ, পুং. [কেশ+রাজ] শাকভেদ, কেশুরে, তৎপর্য্যায়।—ভৃঙ্গরাজ, ভৃঙ্গ, পতঙ্গ, মার্কর, মার্কব, নাগমার, পবরু, ভৃঙ্গসোদর কেশরঞ্জন, কেশ্যু, কুন্তলবর্দ্ধন, অঙ্গারক, একরজ, করঞ্জক, ভৃঙ্গরজ, ভৃঙ্গার, অজাগর, ভৃঙ্গরজা, মর্কর।
কেশরাম্ল, পুং. [কেশর+অম্ল] মাতুলুঙ্গকবৃক্ষ।
কেশরাশ, পুং. [কেশ+রাশ] মাতুলুঙ্গবৃক্ষ।
কেশরী, পুং. [কেশর+ইন্] সিংহ; ঘোটক; পুন্নাগবৃক্ষ; নাগকেশরবৃক্ষ; বীজপূরকবৃক্ষ; (ত্রি) কেশযুক্ত
কেশরীমলঙ্গা, (প্রা) তৃণবিশেষ। [বৃক্ষ।
কেশরুহা, স্ত্রী. [কেশ+রুহা] ভদ্রদন্তিকা-
কেশরূপা, স্ত্রী. [কেশ+রূপা] বন্দাকবৃক্ষ।
কেশহন্ত্রী, স্ত্রী. [কেশ+হন্ত্রী] শমীবৃক্ষ।
কেশহস্ত, পুং. [কেশ+হস্ত] কেশসমূহ; কবরী।
কেশাকেশি, ন. [কেশা+কেশি] চুলাচুলি, পরস্পর কেশগ্রহণপূর্ব্বক কলহ।
কেশান্ত, পুং. [কেশ+অন্ত] কেশচ্ছেদন সংস্কার; কেশেরশেষভাগ।
কেশান্তিক, ত্রি. [কেশ+অন্তিক] কেশসম্বন্ধীয়, মুণ্ডিক। [টাকপড়া পোকা।
কেশারি, পুং. [কেশ+অরি] ক্ষুদ্রউৎকুণ,
কেশাকর্ষণ, ন. [কেশ+আকর্ষণ] কচগ্রহণ।
কেশাবমর্ষণ, ন. [কেশ+অবমর্ষণ] কচমর্দ্দন, কেশঘর্ষণ। [বৃক্ষ।
কেশারুহা, স্ত্রী. [কেশ+আরুহা] সহদেবী-
কেশার্হা, স্ত্রী. [কেশ+অর্হা] মহানীলীবৃক্ষ।
কেশিক, ত্রি. [কেশ+ইক] প্রশস্তকেশযুক্ত।
কেশিকা, স্ত্রী. [কেশিক+আ] শতাবরীবৃক্ষ।
কেশিনিসূদন, পুং. [কেশি+নিসূদন] শ্রীকৃষ্ণ।
কেশিনী, স্ত্রী. [কেশিন্+ঈ] জটামাংসী; চোরপুষ্পী; (ত্রি) প্রশস্তকেশবিশিষ্টা।
কেশিসূদন, পুং. [কেশি+সূদন] শ্রীকৃষ্ণ।
কেশিহা, পুং. [কেশি+হন্] শ্রীকৃষ্ণ।

কেশী, ত্রি. [কেশ+ইন্] প্রশস্তকেশবিশিষ্ট; (পুং) বিষ্ণু; দৈত্যভেদ; সিংহ; (স্ত্রী) নীলীবৃক্ষ; ভূতকেশীবৃক্ষ; অজলোমা-বৃক্ষ।

কেশোচ্চয়, পুং. [কেশ+উচ্চয়] কেশসমূহ।

কেশ্য, ন. [কেশ+য] কৃষ্ণাগুরু; (পুং) ভৃঙ্গ-রাজবৃক্ষ।

কেশ্যা, (প্রা) কাশতৃণবিশেষ।

কেশুর-কেশুরিয়া-কেশুর্য্যা, (প্রা) লতাবি-শেষ; কশেরু।

কেষী, (প্রা) অস্ত্রকোষ, অম্রবীজেরশস্য।

কেসর, পুং. [কে+সর] নাগকেশরবৃক্ষ; তুরঙ্গস্কন্ধকেশ; সিংহস্কন্ধ কেশ; বকুল বৃক্ষ; পুন্নাগবৃক্ষ; কিঞ্জল্ক; (ন.) হিঙ্গু; নাগকেশরপুষ্প; কাপীস; স্বর্ণ; (পুং.ন.) কিঞ্জল্ক; (পুং.স্ত্রী.) হিঙ্গু।

কেসরবর, ন. [কেসর+বর] কুঙ্কুম।

কেসরাম্ল, পুং. [কেসর+অম্ল] বীজপূর।

কেসরিকা, স্ত্রী. [কেসর+ইকা] সহদেবী-লতা।

কেসরিসুত, পুং. [কেসরি+সুত] হনুমান

কেসরী, পুং. [কেসর+ইন্] সিংহ; ঘোটক; পুন্নাগ; নাগকেশর; রক্তশিগ্রু; বানর-বিশেষ, হনুমানেরপিতা।

কেহ-কেহু, (প্রা) কোনলোক, কেউ, অনি-র্দ্দিষ্টব্যক্তি।

কৈ, (প্রা) কুত্র, ক, কোথায়, কোনস্থানে।

কৈঁলা-কৈঁলাবাছুর, (প্রা) কোমল, কচি, তরুণ; দুগ্ধপোষ্যবৎস।

কৈকয়ী কৈকেয়ী, স্ত্রী. [কেকয়+ঈ-কৈকেয় +ঈ] কেকয়ী, কেকয়রাজকন্যা, দশরথ-রাজপত্নী, ভরতমাতা।

কৈঙ্কর্য্য, ন. [কিঙ্কর+য] কিঙ্করত্ব, দাসত্ব, সেবকভাব, ভৃত্যত্ব, দাস্য, অধীনতা।

কৈটজ, পুং. [কুটজ+অ] কুটজবৃক্ষ।

কৈটভ, পুং. [কুটভ+অ] দৈত্যবিশেষ।

কৈটভজিৎ, পুং. [কৈটভ+জিৎ] বিষ্ণু।

কৈটভহা, পুং. [কৈটভ+হন্] বিষ্ণু।

কৈটভা, স্ত্রী. [কৈটভ+আ] দুর্গা।

কৈটভারি, পুং. [কৈটভ+অরি] বিষ্ণু।

কৈটভী, স্ত্রী. [কৈটভ+ঈ] দুর্গা।

কৈটভেশ্বরী, স্ত্রী. [কৈটভ+ঈশ্বরী] দুর্গা।

কৈটর্য্য, পুং. [কৈটর+য] কট্‌ফল; নিম্ব; মহানিম্ব; মদনবৃক্ষ।

কৈডর্য্য, পুং. [কৈডর+য] কট্‌ফল, পূতি-করপুঞ্জ; কটভীবৃক্ষ।

কৈতক, ন. [কিতক+অ] কেতকীপুষ্প।

কৈতব, ন. [কিতব+অ] কপট; দ্যূত; বৈদূর্য্যমণি।

কৈতবপ্রয়োগ, পুং. [কৈতব+প্রয়োগ] প্রতারণা, চাতুরী, ছলনা, প্রবঞ্চনা।

কৈতববাদ, পুং. [কৈতব+বাদ] ছল, প্রবঞ্চনা, ফাঁকিজুঁকি।

কৈতা, (প্রা) লতাবিশেষ।

কৈদার, ন. [কেদার+অ] ক্ষেত্রসমূহ; (পুং.) শালিধান্য; (ত্রি.) কেদারসম্বন্ধী।

কৈদারক-কৈদার্য্য, ন. [কেদার+ক-য] ক্ষেত্র-সমূহ, ক্ষৈত্র।

কৈদারিক, ন. [কেদার+ইক] কৈদারক।

কৈবর, (প্রা) মৎস্যবিশেষ।

কৈবর্ত্ত-কৈবর্ত্তক, পুং. [কেবর্ত্ত+অ-ক] স্বনাম খ্যাত বর্ণসঙ্করজাতি, বেশ্যাগর্ভে ক্ষত্রিয় ঔরসজাত, দাস, ধীবর, দাসেরক, জালিক, জেলে।

কৈবর্ত্তমুস্ত, ন. [কৈবর্ত্ত+মুস্ত] কৈবর্ত্ত-মুস্তক।

কৈবর্ত্তমুস্তক, ন. [কৈবর্ত্ত+মুস্তক] কৈবর্ত্তী-মুস্তক, কেশুর।

কৈবর্ত্তিকা, স্ত্রী. [কৈবর্ত্ত+ইকা] মালব-দেশে প্রসিদ্ধলতাবিশেষ; সুরঙ্গা, লতা-বল্লী, দশারুহা, রঙ্গিণী, বস্ত্ররঙ্গা, সুভাগ।

কৈবর্ত্তিণী, স্ত্রী. [কৈবর্ত্তিন্+ঈ] ধীবর-ভার্য্যা।

কৈবর্ত্তিমুস্তক, ন. [কৈবর্ত্তি+মুস্তক] কৈব-র্ত্তমুস্তক।

কৈবর্ত্তীমুস্তক, ন. [কৈবর্ত্তী+মুস্তক] কেওট মুথা, কেশুর, কেশুরিয়ামুথা, তৎপর্য্যায় —মুস্তাপ্রভেদ, বনসম্ভব, ধান্য, শীত-পুষ্প, জীর্ণবুমক, প্লব, গোপুর, গোমর্দ্দ, দাশপুর, দশপুর, দাশপুর, দশপুর, পরি-লেপ, পারিলেপ, কৈবর্ত্তমুস্তক, কৈবর্ত্তি-

মুস্তক, বন্য শিতপুষ্প, কুটম্নট, দশপুর, বানেয়, পরিপেলব।

কৈবর্ত্তী, স্ত্রী. [কৈবর্ত্ত+ঈ] পরিপেল; কৈবর্ত্তের পত্নী।

কৈবল, ন. [কিবল+অ] বিড়ঙ্গ।

কৈবল্য, ন. [কিবল+য] মুক্তি, পরিত্রাণ; ব্যক্তিত্ব; উপনিষদ্‌বিশেষ; (ত্রি.) একলা, একা। [বিশেষ।

কৈমুতিক, পুং. [কৈমুৎ+ইক] ন্যায়-

কৈরব, ন. [কেরব+অ] কুমুদ, শ্বেতোৎপল; (পুং.) শক্র; কিতব।

কৈরবিনী, স্ত্রী. [কৈরব+ইনী] কুমুদিনী।

কৈরবী, স্ত্রী. [কৈরব+ইন্] চন্দ্রিকা; মেথিকা; (পুং.) চন্দ্র। [ভেদ।

কৈরাটক, পুং. [কৈরাট+ক] পুবরবিষ-

কৈরাত, ন. [কিরাত+অ] ভূনিম্ব; শম্বরচন্দন; (পুং.) ভূনিম্ব; বলবানপুরুষ, দোগ্র্হ, ক্ষাম।

কৈরাতক, ন. [কৈরাত+ক] শম্বরচন্দন।

কৈরাল, ন. [কিরাল+অ] বিড়ঙ্গ।

কৈরালী, স্ত্রী. [কিরাল+ঈ] বিড়ঙ্গা।

কৈল, ন. [কেলি+অ] কুতূহল, কেলি, কৌতুক, ক্রীড়া।

কৈলা, (প্রা) দুগ্ধপোষ্যবৎস।

কৈলাস, পুং, [কৈল+আস] স্বনামখ্যাত পর্ব্বত, শিব এবং কুবেরের বাসস্থান।

কৈলাসনিকেতন, পুং. [কৈলাস+নিকেতন] শিব; কুবের।

কৈলাসৌকা, পুং. [কৈলাস+ওকস্] কুবের; শিব। [শৃঙ্গাররস।

কৈশিক, ন. [কেশ+ইক] কেশসমূহ; (পুং)

কৈশিকী, স্ত্রী. [কৈশিক+ঈ] নাটকবৃত্তিবিশেষ। [টবৃক্ষ।

কৈশিক্যোজ, পুং. [কৈশিকী+ওজ] শাখো-

কৈশোর, ন. [কিশোর+অ] কিশোরাবস্থা, দশম বর্ষোত্তরপঞ্চদশ বর্ষাবধি।

কৈশ্য, ন. [কেশ+য] কেশসমূহ।

কো, (প্রা) কূপ; কুজ্ঝটিকা।

কোআড়, (প্রা) পক্ষীবিশেষ।

কোআড়া, (প্রা) কুজ্ঝটিকা।

কোঁইট, (প্রা) পণ, নিয়ম। [নাদ।

কোঁক, (প্রা) কক্ষ, পার্শ্ব; বৃক্ষবিশেষ; আর্ত্ত-

কোঁকড়, (প্র) কুঞ্চিত, চাঁচর, তোবড়া; শুষ্ক।

কোঁকড়সোঁকড, (প্রা) সঙ্কুচিত, আকুঞ্চিত।

কোঁকড়া-কোঁকড়ান, (প্রা) কুঞ্চিত, ষড়ান, তোবড়ান, শুষ্ক। [বিলাপন।

কোঁকান, (প্রা) কুন্থন, কোঁথান, কাতরাণ,

কোঁকানি, (প্রা) দীর্ঘনাদী, বিলাপন, আর্ত্তনাদ, পরিদেবন।

কোঁখ, (প্রা) কুক্ষি, পর্শু।

কোঁচ, (প্রা) পোলোবিশেষ, টেঁটা, মৎস্যধারণঅস্ত্রবিশেষ; জাতিবিশেষ।

কোঁচড়, (প্রা) ক্রোড়; পরিহিতবস্ত্রের অগ্রভাগ; কুঞ্চিত।

কোঁচড়তমাক, (প্রা) তামাকুবিশেষ। [দাদ।

কোঁচড়ীয়াদাদ, (প্রা) কোটির অধোভাগের

কোঁচন, (প্রা) ভাঁজকরণ, চুনাটকরণ।

কোঁচনী, (প্রা) কুঁচবেহার রাজ্য।

কোঁচনীপাড়া, (প্রা) কোঁচবিহার দেশস্থ স্ত্রী।

কোঁচবক, (প্রা) বকবিশেষ, ক্রৌঞ্চবক।

কোঁচবেহার, (প্রা) দেশবিশেষ।

কোঁচমুটিয়াতমাক, (প্রা) তামাকুবিশেষ।

কোঁচা, (প্রা) পরিহিত বস্ত্রের কুঞ্চিতভাগ।

কোঁচান, (প্রা) ভাঁজকরণ, চুনাটকরণ।

কোঁচাবহ, (প্রা) বসনান্তবাহ, অনুচর।

কোঁট, (প্রা) যোনির বহিস্থভাগ।

কোঁড়ক, (প্রা) ছত্র, ভুঁইছাতি।

কোঁড়চ, (প্রা) কোঁচড়।

কোঁৎকা, (প্রা) দণ্ড, যষ্টি, লগুড়।

কোঁৎপাড়া, (প্রা) যাতনায় দীর্ঘনাদ করণ

কোঁথানি, (প্রা) দুঃখেতে আর্ত্তনাদ করণ।

কোঁদল, (প্রা) কন্দল, বিবাদ, ঝকড়া।

কোঁপা, (প্রা) কুম্প, কুৎসিত হস্ত।

কোঁস্তা, (প্রা) তৃণনির্ম্মিত মার্জ্জনীবিশেষ

কোক, পুং. [ক+উক] চক্রবাক; বৃক; জ্যেষ্ঠী; খর্জ্জূরীবৃক্ষ; ভেক; বিষ্ণু; চক্র, বৃষ; প্রাধান্য।

কোকড়, পুং. [কোক+ড়] বিলেশয়মৃগবিশেষ; তৎপর্য্যায়।—জবিন, কোক-

বাচ, বিলেশয়, চমরপুচ্ছ, লোমশ, ধূম-বর্ণক

কোকদেব, পুং. [কোক+দেব] কপোত।

কোকনদ, ন. [কোক+নদ] রক্তকুমুদ; রক্তপদ্ম।

কোকনদচ্ছবি, পুং. [কোকনদ+ছবি] রক্তবর্ণ; (ত্রি.) তদ্বিশিষ্ট।

কোকন্দ, (প্রা) কুক্কুরশুঁঙ্গা, কুকশীমা।

কোকবন্ধু, পুং. [কোক+বন্ধু] সূর্য্য।

কোকবরাদী, (প্রা) লতাবিশেষ

কোকবাচ, পুং. [কোক+বাচ] কোকড়।

কোকরন্দা, (প্রা) কোকন্দ

কোকল, (প্রা) কোকিল।

কোকলা, (প্রা) কপোতবিশেষ। [শুঁঙ্গা।

কোকশিম, (প্রা) ঝাড়িবৃক্ষবিশেষ, কুক্কুর-

কোকাগ্র, পুং. [কোক+অগ্র] সমষ্ঠিলবৃক্ষ

কোকালে, ব্য. কদাচিৎ, কর্হিচিৎ।

কোকাহ, পুং. [কোক+আহ] শ্বেতঘোটক, কর্ক; কাকাহ।

কোকিল, পুং. [কোক্+ইল] স্বনামখ্যাত কৃষ্ণবর্ণ মধুস্বরপক্ষী, তৎপর্য্যায়।—অন্যপুষ্ট, অন্যভৃৎ, অলি, অলিপক, অলিম্বক, কলঘোষ, কলকণ্ঠ, কলধ্বনি, কলরব, কলাপী, কাকপুষ্ট, কাকপুচ্ছ, কাকজীরব, কামজান, কামতাল, কাল, কুহকণ্ঠ, কিঙ্কির, কিঙ্কিবাত, গাতু, চাতক, তাম্রাক্ষ, পঞ্চমাস্য, ধ্বাঙ্ক্ষপুষ্ট, পরপুষ্ট, পরভৃত, পরৈধিত, পিক, পোষয়িত্নু, বনপ্রিয়, বসন্তঘোষ, বসন্তদূত, মদনপাঠক, রদালাপী, মধুকণ্ঠ, মধুগায়ন, মধুঘোষ, মধুস্বর, বতোদ্বহ, লোহিতাক্ষ, শারঙ্গ, অঙ্গার।

কোকিলক, ন. [কোকিল+ক] ছন্দোবিশেষ।

কোকিলনয়ন, পুং. [কোকিল+নয়ন] কোকিলাক্ষবৃক্ষ

কোকিলবৎ, ত্রি. [কোকিল+বৎ] শ্রোত্রমুখ; কোকিলসদৃশ। [আম্রবৃক্ষ।

কোকিলাবাস, পুং. [কোকিল+আবাস]

কোকিলাক্ষ, পুং. [কোকিল+অক্ষ] বৃক্ষবিশেষ, করবীরপুষ্পবিশেষ, কুলিয়াখাড়া; তালমখানা, তৎপর্য্যায়।—ইক্ষুগন্ধা, কাণ্ডেক্ষু, ইক্ষুর, ক্ষুর, শৃগালী, শৃঙ্খলী, শুকর, শৃগালঘণ্টী, বজ্রাস্থি, শৃঙ্খলা, বজ্রকণ্টক, ইক্ষু, ইক্ষুরক, বজ্র, শৃঙ্খলীকা, পিকেক্ষণা, পিচ্ছিলা।

কোকিলাক্ষক, পুং. [কোকিলাক্ষ+ক] কোকিলাক্ষবৃক্ষ। [জম্বু।

কোকিলেষ্টা, স্ত্রী. [কোকিল+ইষ্টা] মহা-

কোকিলেক্ষু, পুং. [কোকিল+ইক্ষু] কৃষ্ণেক্ষু, কাজলাআউক।

কোকিলোৎসব, পুং. [কোকিল+উৎসব] আম্রবৃক্ষ।

কোক্রা, (প্রা) বৃহৎবৃক্ষবিশেষ

কোঙ্কণ, ন. [কোং+কণ] শস্ত্রভেদ; (পুং) দেশবিশেষ, কোকণ। [শুরাম

কোঙ্কণাসুত, পুং. [কোঙ্কণা+সুত] পর-

কোচ, পুং. নীচজাতিবিশেষ, মাংসচ্ছেদিগর্ব্ভে তীবরঔরসজাত।

কোচবিহার, (প্রা) দেশবিশেষ।

কোজাগর, পুং: [কো+জাগর] আশ্বিনী পূর্ণিমা, শারদী, দ্যুতপূর্ণিমা, শরৎপর্ব্ব, কৌমুদী

কোট, পুং. [কুট্+অ] দুর্গ, গড়, কেল্লা।

কোটক, পুং. [কুট্+অক] গৃহকারক, ঘরামী, কুম্ভকার স্ত্রীর গর্ব্ভে অট্টালিকাকার ঔরসজাত

কোটন, (প্রা) খণ্ডখণ্ডকরণ, চূর্ণন, ছেদন, টুকিটুকিকরণ, পিষণ।

কোটনা, (প্রা) বেশ্যাঘটক, তৎপর্য্যায়।—বিট, কুণ্ডাশী, রতভালী, সুরতভালী, সঞ্চারক, রতোপকারী, রতপ্রবর্ত্তক, রতসম্পাদক, সুরতপ্রবর্ত্তক, দূত, বেশ্যাচার্য্য, কৌট্টিনাকর্ত্তা, সন্ধানকর্ত্তা, লাম্পট্যপ্রযোজক, ভেড়ুয়া, ঘমুয়া, ভেড়ো, যোটক।

কোটনাপনা, (প্রা) কোটনামি, রতিসাহায্য; তোষামোদকরণ। [বিট্‌কর্ম্ম।

কোটনামি, (প্রা) ভেড়ুয়াপনা, কৌট্টিনা,

কোটপাহাড়িয়া, (প্রা) ক্ষুদ্রবৃক্ষবিশেষ।

কোটবী, স্ত্রী. [কোট+বী] নগ্নাস্ত্রী; দুর্গা।

কোটর, পুং. ন. [কোট+র] বৃক্ষস্থিত গহ্বর, নিষ্কুহ, বৃক্ষভবন, তরুক্রোড়, প্রান্তর, তরুবিবর, নির্গূঢ়, চত্বাল, গাছের খোঁড়ল। [বস্ত্রা স্ত্রী।

কোটরা, স্ত্রী. [কোটর+আ] দুর্গা; বি-

কোটরাবণ, ন. [কোটর+বন] সকোটর-বৃক্ষযুক্ত বন।

কোটরিয়াপেঁচা, (প্রা) পেচকবিশেষ।

কোটরী, স্ত্রী. [কোটর+ঈ]নগ্নাস্ত্রী; চণ্ডিকা।

কোটা, (প্রা) চূর্ণকরণ; ইষ্টকাময় গৃহ।

কোটারী, (প্রা) বৃশ্চিক।

কোটাল, (যাং) কোষ্ঠপাল, প্রহরী।

কোটালী, (যাং) কোটালের কর্ম্ম, প্রহরীর-কার্য্য; কোটালসমূহ।

কোটি, স্ত্রী. [কুট+ই] অস্ত্রাদির কোণ; উৎকর্ষ; শতলক্ষ সংখ্যা, ক্রোর; ধনুরগ্র; পৃক্কা, পিড়িঙ্গশাক; প্রতিজ্ঞা, নিয়ম, পূর্ব্বপক্ষ; পণ; দুর্গ।

কোটিক, পুং. [কোটি+ক] ইন্দ্রগোপ নাম কীট।

কোটিকল্প, ব্য. [কোটি+কল্প] সদাসর্ব্বক্ষণে, নিত্য; অপরিমিতকাল, সর্ব্বকাল, অনন্তকাল, শাশ্বতী, সমা। [কালিদাস।

কোটিজিৎ, পুং. [কোটি+জিৎ] কবি

কোটিজ্যা, স্ত্রী. [কোটি+জ্যা] চক্রাকৃতির কোন অংশে নর্ব্বই ক্রমেতে যত ন্যূন আছে অন্যাংশে তাহার পূরণ; সমলম্বদ্বিভুজ ত্রিকোণের জ্যা।

কোটিপাত্র, পুং. [কোটি+পাত্র] কেনিপাতক, কেরোআল।

কোটিবর্ষ, ন. [কোটি+বর্ষ] বাণপুর।

কোটিবর্ষা, স্ত্রী. [কোটি+বর্ষা] পৃক্কা, পিড়িঙ্গশাক।

কোটির, পুং. [কোটি+র]. ইন্দ্র; নকুল, শক্রগোপককীট।

কোটিশ, পুং. [কোটি+শ] লোষ্ট্রভঙ্গ সাধন মুদ্গার, মই, তৎপর্য্যায়।—লোষ্ট্রভঙ্গার্থ মুদ্গার, চূর্ণদণ্ড, লেষ্টুভেদন, লেষ্টুঘ্ন, লোষ্টুঘ্ন, কোটীশ, লেষ্টুভেদী, (ব্য.) কোটিং।

কোটী, স্ত্রী. [কোট+ঈ] খড়্গাদির অগ্রভাগ; পৃক্কাশাক; কোটিসংখ্যা।

কোটীবর্ষ, ন. [কোটী+বর্ষ] বাণপুর।

কোটীবর্ষা, স্ত্রী. [কোটী+বর্ষা] কোটিবর্ষা; পৃক্কা, পিড়িঙ্গশাক।

কোটীর, পুং. [কোটী+র] জটা; কিরীট

কোটার, (প্রা) পর্ণশালা, কুটীর।

কোটীশ, পুং. [কোটী+শ] কোটিশ।

কোটীশ্বর, পুং. [কোটি+ঈশ্বর] শতলক্ষ মুদ্রাধিকারী।

কোট্ট, ন. [কুট+ট] দুর্গ, কেল্লা, গড়; (পুং.) দুর্গপুর।

কোট্টবী, স্ত্রী. [কোট্টব+ঈ] দুর্গা; নগ্নাস্ত্রী; লগ্নমুক্তকেশী নারী; বাণমাতা। [পুর

কোট্টবীপুর, ন. [কোট্টবী+পুর] বাণ-

কোট্টার, পুং. [কোট্ট+আর] নাগর; কূপ; পুষ্করিণীর পাটক; দুর্গপুর।

কোট্যর্দ্ধ, ন. [কোটি+অর্দ্ধ] পঞ্চাশলক্ষ।

কোট্যুদ্ধার, (প্রা) প্রতিজ্ঞাপালন, পক্ষব্যাখ্যা, সিদ্ধান্ত।

কোঠ, পুং. [কুঠ+অ] চক্রাকার কুষ্ঠরোগ, দুশ্চর্ম্মা, ত্বগ্দোষ, চর্ম্মদূষিকা; মণ্ডলক।

কোঠর, পুং. [কোঠ+র] অঙ্কোঠবৃক্ষ।

কোঠরপুষ্পী, স্ত্রী. [কোঠর+পুষ্পী] বৃদ্ধদারক।

কোঠা, (প্রা) ইষ্টকাময়গৃহ, অট্টালিকা।

কোঠী, (প্রা) কর্ম্মালয়, বাণিজ্যাগার।

কোড়ন, (প্রা) বিন্ধন, ভেদন, খনন, ভূমিবিদারণ।

কোড়া, (প্রা) কশা, অশ্বাদির তাড়নি।

কোণ, পুং. [কুণ+অ] বীণাদিবাদন, বীণাদি যন্ত্র বাজাইবার কাঠী; অস্ত্রাদির অগ্রভাগ, তৎপর্য্যায়।—পালি, অশ্রি, কোটি; বাদ্যপ্রভেদ; গৃহাদির একদেশ; লগুড়; মঙ্গলগ্রহ; শনি; রেখাদ্বয়ের সন্ধিস্থান। [উকুণ।

কোণকুণ, পুং. [কোণ+কুণ] উৎকুণ,

কোণটানা, (প্রা) আড়ে টানা, কোণাকোণী রেখা। [কোটিজ্যা।

কোণস্পৃগ্‌বৃত্ত, পুং. [কোণস্পৃগ্+বৃত্ত]

কোণা, (প্রা) কোণ; গৃহাদির একদেশ; নয়গোচতাম্বুলপত্র। [কোণে।

কোণাকোণি, (প্রা) আড়ে আড়ে, উভয়-

কোণাচি, (প্রা) কোণস্থিত দ্রব্য, অর্থাৎ যে বস্তু কোণে রক্ষিত হয়; কোণবন্ধন বাঁশের বাতা, বাঁকারি।

কোণি, ত্রি. [কুণ+ই] কুণি, কোঁপা।

কোণী, (প্রা) কোণাকৃতি; কুম্প।

কোণুয়া, (প্রা) কোণি, সাস্র, আড়াল।

কোতরা, (প্রা) ঝোলাগুড়বিশেষ।

কোতা, (প্রা) কুত্র, কোনস্থানে।

কোতাও, (প্রা) কুত্রাপি।

কোত্‌বাল, (যাং) নগররক্ষক, কোটাল।

কোথ, পুং. [কুথ+অ] নেত্ররোগভেদ; কথো বা খতোরোগ; মন্থন; নালী হওন; (ত্রি.) মথিত; শটিত; পীড়িত।

কোথা-কোথায়, (প্রা) কুত্র, কুত্রাপি, কোন খানে, কোন স্থানে।

কোথাত্যা, (প্রা) কস্মাৎ, কুতঃ, কোন্ স্থান হইতে।

কোদণ্ড, ন. [কো+দণ্ড] ধনু; (পুং.) ভ্রূ; জনপদবিশেষ।

কোদধান্য, (প্রা) কোদ্রব।

কোদাল, (প্রা) কুদ্দাল, কুদালি।

কোদালিয়া, (প্রা) লতাবিশেষ; খনক, খাতক; বেলদার।

কোদ্রব, ন. [ক+উদ্রব] ধান্যবিশেষ; কোদো, তৎপর্য্যায়।—কোরদুষ, কুদ্রব, কুদ্দাল, মদনাগ্রক, কোর্দ্রব, কোরদুক্ষ।

কোদ্রবতৃণ, (প্রা) লতাবিশেষ।

কোন্, (প্রা) কিং, যে, যৎ, যাহা।

কোন, (প্রা) কিং, কে, কেহ, কিছু, অনির্দ্দিষ্ট।

কোনকালে, (প্রা) কস্মিংশ্চিৎকালে।

কোনক্রমে, (প্রা) কেনোপায়ে, কিপ্রকারে।

কোন্‌খানে, (প্রা) ক্বচিৎ, কুত্রাপি, কোথায়।

কোনহ, (প্রা) কিয়ৎ, কিছু, কিঞ্চিৎ।

কোন্দল, (প্রা) কলহ, বিতণ্ডা, বিবাদ, বিরোধ, বিসম্বাদ, বাদানুবাদ, বাদপ্রতিবাদ, বিপ্রলাপ, বাগ্‌যুদ্ধ, বাক্কলহ।

কোন্দলীয়া, (প্রা) কলহকারী, বিবাদার্থী, বিবাদী, বাদানুবাদকারী, ঝকড়াটিয়া, কাজিয়াদার।

কোপ, পুং. [কুপ+অ] ক্রোধ, রোষ।

কোপ, (প্রা) আঘাত।

কোপকাপ, (প্রা) ক্রোধ; আঘাত।

কোপকারক-কোপকারী, (প্রা) ক্রোধী, রুষ্ট; আঘাতকারী। [মূল

কোপকারণ, ন. [কোপ+কারণ] ক্রোধ-

কোপক্রম, ন. [কোপ+ক্রম] ব্রহ্মণসৃষ্টি, (পুং) ক্রোধীব্যক্তি।

কোপখেকুয়া, (প্রা) আঘাতীব্যক্তি।

কোপজ্জ, ন. [কোপ+জ্জ] ব্রহ্মারসৃষ্টি; (ত্রি) কোপযুক্ত।

কোপজ্বলিত, [কোপ+জ্বলিত] রোষান্বিত, ক্রোধান্বিত।

কোপতঃ, ব্য. [কোপ+তঃ] রাগপূর্ব্বক, ক্রোধরূপে।

কোপদীপ্ত, ত্রি. [কোপ+দীপ্ত] দগ্ধী, কোপজ্বলিত, অতিশয় ক্রোধী।

কোপন, ত্রি. [কোপ+অন] ক্রোধী, উষ্মান্বিত। [গন্ধদ্রব্য।

কোপনক, পুং. [কোপন+ক] চোরকন

কোপনা-কোপবতী, স্ত্রী. [কোপন+আ বতী] ভামিনী, ক্রুদ্ধা; ভীমা, চণ্ডী।

কোপপদ, ন. [কোপ+পদ] কল্পিতক্রোধ, ছদ্মরাগ।

কোপবান্, ত্রি.[কোপ+বৎ] ক্রোধী, রাগী।

কোপবেগ, পুং. [কোপ+বেগ] ক্রোধবেগ।

কোপলতা, স্ত্রী. [কোপ+লতা] কর্ণস্ফোটলতা। [গর্ত্ত।

কোপলা, (প্রা) শস্যবপনার্থ জল রাখিবার

কোপলাভূমি, (প্রা) ক্ষেত্রস্থজলবিশিষ্টগর্ত্তভূমি।

কোপা, (প্রা) মুদ্গারবিশেষ।

কোপাকুল, ত্রি. [কোপ+আকুল] ক্রোধযুক্ত, রোষান্ধ, লোহিতনয়ন, প্রচণ্ড।

কোপাকোপি, (প্রা) পরস্পরক্রোধ।

কোপান, (প্রা) ক্রোধজন্মান; ছেদন।

কোপানি, (প্রা) ক্রোধ, উষ্মা।

কোপান্বিত, ত্রি. [কোপ+অন্বিত] ক্রোধান্বিত, ক্রুদ্ধ।

কোপাল, (প্রা) কোপবান্, ক্রুদ্ধ,রোষান্বিত।

কোপান্ধ, ত্রি. [কোপ+অন্ধ] ক্রোধেহিতাহিত দর্শনহীন, মহাক্রোধী।

কোপাসক্ত, ত্রি. [কোপ+আসক্ত] ক্রোধপরায়ণ, ক্রোধবিশিষ্ট।

কোপিত, ত্রি. [কোপ+ইত] ক্রোধশীল, রোষান্ধ।

কোপী, ত্রি. [কোপ+ঈ] ক্রোধন, (পুং) জলপারাবত। [রুষ্টবাক্।

কোপোক্তি,স্ত্রী.[ক্রোপ+উক্তি] ক্রোধবাক্য,

কোবিদ, ত্রি. [কো+বিদ] পণ্ডিত।

কোবিদার, পুং. [কো+বিদার] রক্তকাঞ্চনবৃক্ষ, তৎপর্য্যায়।—চমরিক, কুদ্দাল, গপত্রক, কাঞ্চনার, কণকারক, কান্তপুষ্প, করক, কান্তার, যমলচ্ছদ, কাঞ্চনাল, তাম্রপুষ্প, কুদার, রক্তকাঞ্চন, বিদল।

কোবিলা, (প্রা) তৃণবিশেষ।

কোমর্, (যাং) কোটি।

কোমর্‌বন্দ, (যাং) কোটিবন্ধ।

কোমল, ত্রি. [কোম+ল] অকঠিন, তৎপর্য্যায়।—সুকুমার, মৃদুল, মৃদু, পেলব, মসৃণ, স্নিগ্ধ, মৃদুস্পর্শ, সুখস্পর্শ, শ্লক্ষ্ণ, মেদুর, বালেয়, মরাল, অখর, অপ্রখর, অকর্কশ, অপরুষ, অনুগ্র, অকঠোর, সৌম্য, সুকর, চিক্কণ, সোমাল, নরম; মনোজ্ঞ; (ন) জল।

কোমলক, ন. [কোমল+ক] মৃণাল।

কোমলগীত, ন. [কোমল+গীত] মনোহরসংগীত। [লতা।

কোমলতা, স্ত্রী. [কোমল+তা] মৃদুতা, সর-

কোমলপ্রকৃতি-কোমলস্বভাব,ত্রি.[কোমল+প্রকৃতি+স্বভাব] মৃদুস্বভাব, দয়ার্দ্রভাব, সাত্ত্বিক। [মাংস।

কোমলহাড়, (প্রা) তরুণাস্থি, সন্ধিবন্ধন, দৃঢ়-

কোমলা, স্ত্রী. [কোমল+আ] ক্ষীরিকাবৃক্ষ

কোমাসিকা, স্ত্রী.[কো+মাসিক-আ] জালিকা, ফলেরজালি।

কোযষ্টি-কোযষ্টিকা, পুং. [কো+যষ্টি+যষ্টিকা] জলকুক্কুটপক্ষী,টিট্টিভ, কোঁড়াপাখি।

কোর, পুং. [কুর+অ] কোরক; সংযোগ।

কোরক, পুং. ন. [কোর+ক] মুকুল; কঙ্কোলক; মৃণাল; চোরনাম গন্ধদ্রব্য; (পুং) কলিকা।

কোরকার, (প্রা) বক্রতা, কুটিলতা।

কোরঙ্গী, স্ত্রী. [কুর+অঙ্গী] সূক্ষ্মৈলা; পিপ্পলী; পিঁপুল। [চাঁচন।

কোরণ-কোরাণ, (প্রা) আঁচড়ান, ঘর্ষণ,

কোরণ্ড, (প্রা) কুরণ্ড, কোশবৃদ্ধি, মুষ্কবৃদ্ধি, জলদোষের পীড়া।

কোরদূষ, পুং. [কোর+দূষ] কোদ্রব।

কোরা, (প্রা) কোরণদ্রব্য; অধৌতবস্ত্র।

কোরাটিয়াযবানী, (প্রা) তৃণবিশেষ।

কোরিত, ত্রি. [কোর+ইত] মুকুলিত; চূর্ণিত।

কোল, ন. [কুল+অ] বদরীফল, তৎপর্য্যায়। কুবল, ফেনিল, কোলিফল, সৌবীর, বদর, ঘোণ্টা, পিচ্ছিল, স্বাদুফল, কোকিল; তোলক পরিমাণ; মরিচ চব্য; (পুং) শূকর; প্লব, ভেলা, মাড়; অঙ্কপালি; শনি; চিত্র; চিতা; ক্রোড়; দেশবিশেষ; অস্ত্রভেদ; বর্ণসঙ্কর জাতিবিশেষ, লেটজাতির ঔরসে তীবরকন্যার গর্ব্ভেজাত,শ্মশ্রুধারী ম্লেচ্ছজাতিবিশেষ।

কোল, (প্রা) নির্ব্বাতস্থান; করতল।

কোলক, ন. [কুল+অক] গন্ধদ্রব্যবিশেষ, কাঁকলামরিচ; (পুং) অঙ্কোঠবৃক্ষ; বহুবার বৃক্ষ।

কোলকন্দ, পুং. [কোল+কন্দ] মহাকন্দবিশেষ, তৎপর্য্যায়।—ক্রমিঘ্ন, পঞ্জল, বস্ত্রপঞ্জল, পুটালু, সুপুট, পুটকন্দ।

কোলকর্কটিকা, স্ত্রী. [কোল+কর্কটিকা] মধুখর্জূরিকা।

কোলআঁধার, (প্রা) সম্মুখঅন্ধকার; সন্ধ্যারপর অন্ধকারাচ্ছন্ন কিয়ৎক্ষণ।

কোলদল, ন. [কোল+দল] নখীনামগন্ধদ্রব্য। [বৃক্ষ

কোলনাসিকা, স্ত্রী. [কোল+নাসিকা] বঙ্কিনী

কোলপাতী, (প্রা) ক্রোড়পত্র, দানপত্রের ক্রোড় পত্র; স্খলিতপত্র।
কোলপুচ্ছ, পুং. [কোল+পুচ্ছ] কঙ্কপক্ষী।
কোলবল্লী, স্ত্রী. [কোল+বল্লী] গজপিপ্পলী; চব্য। [পিঁপুল।
কোলমূল, ম. [কোল+মূল] পিপ্পলীমূল,
কোলম্বক, পুং. [কোলম্ব+ক] বীণাযন্ত্রকায়, বীণাযন্ত্রের সমুদয় অবয়ব
কোলশিম্বী, স্ত্রী. [কোল+শিম্বী] লতাবিশেষ, আলকুশী, তৎপর্য্যায়।—কৃতফলা, খট্বশূপকরণাদিকা, কাকাণ্ডোলা, দধিপুষ্পী, কাকাণ্ডা, পর্য্যঙ্কপাদিকা।
কোলা, স্ত্রী. [কোল+আ] কোলিবৃক্ষ; পিপ্পলী, পিঁপুল; চব্য; গলকম্বল।
কোলাকোলি, (প্রা) আলিঙ্গন, আশ্লেষ।
কোলাঞ্চ, পুং. [কোল+অঞ্চ] দেশবিশেষ, কান্যকুব্জ।
কোলানি, (প্রা) অভ্যর্থনা, প্রত্যাশা, ভরসা।
কোলাব্যাঙ্গ, (প্রা) ভেকবিশেষ।
কোলাহল, পুং. [কোলা+হল] বহুবিধ দূরগ ব্যক্তিধ্বনি, কলকলশব্দ, গণ্ডগোল, কালকলী।
কোলি-কোলী, পুং. স্ত্রী. [কোল+ই-ঈ] বৃক্ষবিশেষ, কুলগাছ, তৎপর্য্যায়।—কর্কন্ধু, বদরী, কর্কন্ধূ, বদর, কোলী কোলা, কুবলী, কোল, (স্ত্রী.) কোলিবৃক্ষ।
কোলে, (প্রা) ক্রোড়ে, অঙ্কে, কক্ষে, কাঁকে।
কোল্যা, স্ত্রী. [কোল্য+আ] পিপ্পলী, পিঁপুল।
কোশ, পুং. [কুশ+অ] অণ্ড; কৃতাকৃত হেমরূপ্য, হিরণ্য; অগ্ন্যাদিদ্বারা পরীক্ষা।
কোশকার, পুং. [কোশ+কার] ইক্ষু।
কোশফল, ন. [কোশ+ফল] কঙ্কোলক।
কোশফলা, স্ত্রী. [কোশ+ফলা] মহাকোশাতকী; ত্রপুষী।
কোশবাসী, ত্রি. [কোশ+বাসিন্] কোশস্থ; (পুং) শম্বুক; তন্তুকীট; স্ফটিকবিশেষ।
কোশস্থ, ত্রি. [কোশ+স্থ] কোশবাসী।
কোশল-কোশলা, পুং. স্ত্রী. [কোশল+আ] অযোধ্যানগরী।
কোশলাত্মজা, স্ত্রী. [কোশল+আত্মজা] কৌশল্যা, শ্রীরামমাতা, দশরথপত্নী।
কোশলিক, ন. [কোশল+ইক] উৎকোচ, অভ্যুপায়ন, ঘুষ। [কট।
কোশাঙ্গ, ন. [কোশ+অঙ্গ] তৃণবিশেষ, উৎ-
কোশাতক, পুং. [কোশ+অতক] কচ, কেশ।
কোশাতকী, স্ত্রী. [কোশাতক+ঈ] পটোলী; ঘোষক, ফলশাকবিশেষ, ঝিঙ্গা, তৎপর্য্যায়।—কৃতচ্ছিদ্রা, জলিনী, কৃতবেধনা, ক্ষ্বেড়া, সুতিক্তা, ঘণ্টালী, মৃদঙ্গফলিনী, কর্কশচ্ছদা, রাজকোশাতকী, মহাকোশাতকী, হস্তিঘোড়া, মহাফলা, (পুং) বাণিজ্য; বণিক্; বাড়বাগ্নি।
কোশাম্র, পুং. [কোশ+আম্র] ফলবৃক্ষবিশেষ, কোশাম, তৎপর্য্যায়।—কৃমিবৃক্ষ, সুকেশক, ঘনস্কন্দ, বনাম্র জন্তুপাদপ, ক্ষুদ্রাম্র, রক্তাম্র, লাক্ষাবৃক্ষ, সুরক্তক।
কোশিলা, স্ত্রী. [কোশি+লা] মুদ্গপর্ণী।
কোশী, স্ত্রী. [কোশ+ঈ] উপানৎ, জুতা, মোজা, তৎপর্য্যায়।—পন্নদ্ধ্রী পাদবিরজা, পাদরথী; শুঙ্গা, ধান্যেরশুঁয়া।
কোষ, পুংন. [কুষ+অ] কুট্মল, কুঁড়ি; খড়্গাপিধান, খাপ; অর্থসমূহ; দিব্য; অণ্ড; কৃতাকৃত হেমরূপ্য; পাত্র; জাতিকোষ, জায়ফল; শব্দাদিসংগ্রহ, শব্দাভিধান; ভাণ্ডাগার; চষক; যোনি; শিম্বা; পনসাদি ফলের অন্ত; শব্দান্তরসংযোগে গোলকবাচক যথা।—সূত্রকোষ, নেত্রকোষ; ধন সংহতি।
কোষক, পুং. [কোষ+ক] অণ্ড; অণ্ডকোষ।
কোষকার, পুং. [কোষ+কার] ইক্ষু; ইক্ষুবিশেষ, কুষারি; কীটবিশেষ, গুটিপোকা, তন্ত্রকীট; অভিধানকর্ত্তা।
কোষখসা, (প্রা) মুষ্কচ্ছেদন, খাসিকরণ।
কোষগ্রহণ, ন. [কোষ+গ্রহণ] দিব্যকরণ, দিব্যগ্রহণ।
কোষচঞ্চু, পুং. [কোষ+চঞ্চু] সারসপক্ষ।
কোষনায়ক, পুং. [কোষ+নায়ক] কুবের, কোষাধ্যক্ষ, খাজাঞ্চি।

কোষপান, ন. [কোষ+পান] তত্ত্বদিতি কর্ত্তব্য ব্যপকপ্রভৃতিত্রয় জলপান রূপ পরীক্ষাবিশেষ।

কোষফল, ন. [কোষ+ফল] কক্কোল; কর্পূর তুল্য গন্ধদ্রব্য বিশেষ, (পুং) ঘোষকলতা।

কোষফলা, স্ত্রী. [কোষফল+আ] পীতঘোষা।

কোষবান্, ত্রি. [কোষ+বৎ] ধনবান্, ধনাঢ্য, ধনী।

কোষবৃদ্ধি, স্ত্রী. [কোষ+বৃদ্ধি] কুরণ্ড, মুষ্ক-বৃদ্ধি, একশিরা।

কোষভূত, ত্রি. [কোষ+ভূত] অর্থিত,সঞ্চিত।

কোষলা, স্ত্রী. [কোষল+আ] অযোধ্যা-নগরী। [ছুরী।

কোষশায়িকা, স্ত্রী. [কোষ+শায়িকা] ছুরিকা,

কোষশুদ্ধি, স্ত্রী. [কোষ+শুদ্ধি] পরীক্ষাদ্বারা পবিত্র। [নির্দ্ধন।

কোষহীন, ত্রি. [কোষ+হীন] দরিদ্র, নিঃস্ব,

কোষা, (প্রা) ডোঙ্গা; তাম্রময় পূজাপাত্র; হস্তকুণ্ড। [ধনাংশ।

কোষাংশ, পুং. [কোষ+অংশ] অর্থাংশ,

কোষাগার, পুং. [কোষ+আগার] ধনাগার, কোষ, ভাণ্ডাগার।

কোষাতক, পুং. [কোষ+আতক] কেশ; পল্ললফলবিশেষ; ঘোষক।

কোষাতকী, স্ত্রী. [কোষাতক+ঈ[ঘোষা-লতা; জ্যোৎস্নাবতীরাত্রি; জ্যোৎস্নিকা, জ্যোৎস্নী, ঝিঙ্গাফল।

কোষাধিপতি, পুং. [কোষ+অধিপতি]ধনা-ধিকারী, ধনাধ্যক্ষ, ভাণ্ডারী।

কোষাধীশ, পুং. [কোষ+অধীশ] কোষা-ধ্যক্ষ, ভাণ্ডারী।

কোষাধ্যক্ষ, পুং. [কোষ+অধ্যক্ষ] কোষা-ধিপতি, ভাণ্ডারী।

কোষাপহরণ, ন. [কোষ+অপহরণ] ধনা-পহার, লুণ্ঠন, অভিগ্রহণ।

কোষাম্র, ন. [কোষ+আম্র] ফলবিশেষ, কেওড়া।

কোষী, স্ত্রী. [কোষ+ইন্] পাদুকা; শুঙ্গা, শস্যেরশুঁয়া; (পুং) আম্রবৃক্ষ।

কোষ্টা, (প্রা) পাট।

কোষ্ঠ, পুং. [কুষ্+থ] কুসূল; গৃহমধ্য. কুক্ষি মধ্য; অন্তর্জঠর, পক্কাশয়স্থান; (ত্রি) আত্মীয়।

কোষ্ঠ, (প্রা) শৌচ, বিষ্ঠা।

কোষ্ঠক, ন. [কোষ্ঠ+ক] কুসূল; কোষ; ইষ্টকাময়নিপান।

কোষ্ঠপাল, পুং. [কোষ্ঠ+পাল] নগররক্ষক; কোষাধ্যক্ষ। [কোষ্ঠ।

কোষ্ঠবদ্ধ, (প্রা) মলাবরোধ,মলাবষ্টম্ভ, বদ্ধ-

কোষ্ঠশুদ্ধি, (প্রা) মলশুদ্ধি, তৎপর্য্যায়।— মলোৎসর্গ,মলবিসর্গ, বিরেক, বিরেচন, মলোচ্চার, মলশোধন, সমুৎসর্গ, রেক, রেচন, উচ্চার, অধোভাগহর, নিশ্চা-রক, নির্হার।

কোষ্ঠা, (প্রা) কোষ্ঠ। [কোষ।

কোষ্ঠাগার, পুং. [কোষ্ঠ+আগার] ভাণ্ডার,

কোষ্ঠাগ্নি, পুং. [কোষ্ঠ+অগ্নি] অগ্নিবৃদ্ধি, জীর্ণশক্তি, পরিপাকশক্তি।

কোষ্ঠাশ্রিতবায়ু,পুং.[কোষ্ঠ+আশ্রিত+বায়ু] বাতফুল্লান্ত্র, অন্ত্রধ্মান, উদরাধ্মবলা, বাতিক, রুক্ষি, পেটফাঁপা।

কোষ্ঠী, (প্রা) জন্মপত্রিকা; প্রাক্তন।

কোষ্ঠীগণক, (প্রা) দৈবজ্ঞ, জ্যোতির্জ্ঞ।

কোষ্ণ, ন. [ক+উষ্ণ] ঈষদুষ্ণ, কবোষ্ণ, ক-দুষ্ণ, মন্দোষ্ণ (ত্রি) তদ্বিশিষ্ট বস্তু।

কোহল, পুং. [কোহ+ল] মদ্যভেদ; বাদ্য-ভেদ; নাট্যশাস্ত্রপ্রবক্তা।

কোহাড়া, (প্রা) কুজ্ঝটিকা, কোয়াসা।

কোহাশা, (প্রা) বাজপক্ষীবিশেষ।

কোহী, (প্রা) লতাবিশেষ।

কোহোড়া, (প্রা) কুষ্মাণ্ড।

কৌকৃত্য, ন. [কুকৃত্য+অ] অনুতাপ, অনু-শোক; অযুক্তকরণ।

কৌক্কুটিক, পুং. [কুক্কুট+ইক] দাম্ভিক; অদূরদর্শী; কপটী, ভক্তবিটল, ভণ্ড-তপস্বী; যে ভিক্ষুক কীটাদি বধহেতু অধোভাগ দর্শন করিয়া গমন করে।

কৌক্কুটিকন্দল, পুং. [কৌক্কুটি+কন্দল] সর্পবিশেষ, বোড়াসাপ, ভাণ্ডপুষ্প।

কৌঙ্ক-কৌঙ্কিণ, পুং. [কোঙ্কণ+অ-ইন] দেশবিশেষ, কোঙ্কণদেশ, কোকণখ্যাত।
কৌঙ্কুম, ত্রি. [কুঙ্কুম+অ] কুঙ্কুমসম্বন্ধীয়।
কৌঞ্চ, পুং. [কুঞ্চ+অ] ক্রৌঞ্চপর্ব্বত।
কৌঞ্জায়ন, পুং. [কুঞ্জায়ন+অ] কুঞ্জের পুমানপত্য।
কৌঞ্জয়ন্য, পুং. [কুঞ্জয়ন+য] কৌঞ্জায়ন।
কৌঞ্জায়নী, স্ত্রী. [কৌঞ্জায়ন+ঈ] ব্রাহ্মণী; কুঞ্জের স্ত্র্যপত্য।
কৌট, পুং. [কুট+অ] কুটজবৃক্ষ।
কৌটকিক, ত্রি. [কূটক+ইক] মাংসিক, মাংসবিক্রেতা।
কৌটজ, পুং. [কুটজ+অ] কুটজবৃক্ষ।
কৌটতক্ষ, পুং. [কৌট+তক্ষ] স্বকর্ম্মজীবী স্বগৃহস্থিত অনধীনতক্ষা, স্বাধীনছুতর।
কৌটল্য, পুং. [কুটল+য] বাৎস্যায়ন মুনি।
কৌটসাক্ষী, পুং. [কূট+সাক্ষিন্] মিথ্যা-সাক্ষী, জালসাবুদ।
কৌটিক, ত্রি. [কূট+ইক] মাংসবিক্রেতা, বৈতংসিক, মাংসিত, কষাই; ব্যাধ।
কৌটা, (প্রা) পেটা, ডিবা, কাষ্ঠাদি নির্ম্মিত ক্ষুদ্রপাত্র।
কৌটিলিক, পুং. [কুটিল+ইক] লৌহ-কার, কামার; ব্যাধ।
কৌটিল্য, স্ত্রী. [কুটিল+য] চাণক্যমূলক; কুটিলতা, কাপট্য, অসারল্য, খলতা।
কৌটুম্বিক, পুং. [কুটুম্ব+ইক] কুটুম্বী, কুটুম্ব-বিশিষ্ট
কৌট্য, ত্রি. [কূট+য] পর্ব্বতশৃঙ্গসম্বন্ধীয়।
কৌড়বিক, ত্রি. [কুড়ব+ইক] কুড়বপরি-মিত বীজবপনযোগ্য ক্ষেত্র।
কৌড়ি, (প্রা) কপর্দ্দক, কড়ি, বরাটক।
কৌণপ, পুং. [কুণপ+অ] রাক্ষস।
কৌণপদন্ত, পুং. [কৌণপ+দন্ত] ভীষ্ম।
কৌণ্ডিন্য, পুং. [কুণ্ডিন+য] কুণ্ডিনমুনি-পুত্র, বিষ্ণুগুপ্ত।
কৌণ্ডিল্য, পুং. [কুণ্ডিল+য] মুনিবিশেষ।
কৌণ্য, ত্রি; [কুণ+য] বিকলাঙ্গ, নুলা।
কৌতর, (যাং) কপোত, পায়রা।
কৌতস্কুতঃ, ব্য. ক্বচিৎ,কুত্রাপি,কোনস্থানে।
কৌতুক, ন. [কুতুক+অ] কুতূহল; অভি-লাষ; উৎসব; নর্ম্ম; হর্ষ; পরম্পরায়াত-মঙ্গল; বিবাহসূত্র; গীতাদিভোগ; গীতাদি; ভোগকাল; পরিহাস।
কৌতুককর্ত্তা, পুং. [কৌতুক+কর্ত্তৃ] কৌ-তুকদর্শক, কৌতুকী।
কৌতুকী-কৌতুকীয়, ত্রি.[কৌতুক+ইন্-ঈয়] রসিক, উপহাসকারী, পরিহাসী, ব্যঙ্গ, মস্কারা।
কৌতুকেয়, ত্রি. [কৌতুক+এয়] সন্তোষ-জনক; পরিহাস্য, উপহাস।
কৌতূহল, ন, [কুতুহল+অ] কুতূহল; অপূর্ব্ববস্তু দর্শনের অভিলাষ, হর্ষ, কৌতুক।
কৌতূহলান্বিত, ত্রি. [কৌতূহল+অন্বিত] কুতূহলী; হর্ষান্বিত।
কৌদালীক, পুং. [কুদাল+ইক] বর্ণসঙ্কর জাতিবিশেষ; রজকিনীর গর্ব্ভে তীবর ঔরসে জাত। [লবণ।
কৌদ্রবিক, স্ত্রী. [কোদ্রব+ইক] সৌবচ্চল-
কৌদ্রবীণ, ত্রি. [কোদ্রব+ঈন] কোদ্রবধা-ন্যোদ্ভব যোগ্যক্ষেত্র, কোদোধানের ক্ষেত।
কৌনখ্য, ন. [কুনখ+য] কুনখী রোগ।
কৌনখ্যাদিক, ন. [কৌনখ্য+আদিক] অঙ্গের শোভা সম্পাদনে অমনোযোগ।
কৌন্তিক, পুং. [কুন্ত+ইক] প্রাসিক, প্রাসাস্ত্র ধারীযোদ্ধা। [দ্রব্য।
কৌন্তী, স্ত্রী. [কুন্তি+ঈ] রেণুকানাম গন্ধ-
কৌন্তেয়, পুং. [কুন্তী+এয়] কুন্তীপুত্র, যুধিষ্ঠিরাদি; অর্জ্জুনবৃক্ষ।
কৌন্দ, ত্রি. [কুন্দ+অ] কুন্দপুষ্পসম্বন্ধী।
কৌপ, ন. [কূপ+অ] কূপোদক, পাতকুপের-জল।
কৌপীন, ন, [কূপ+ইন] চীর, মেখলাবদ্ধ পরিধেয়বস্ত্রখণ্ড, কচ্ছা, কচ্ছটিকা, কক্ষা, ধটী, কপিণী; অকার্য্য; গুহ্যদেশ; পাপ।
কৌপোদকী, স্ত্রী.[কূপোদক+অ+ঈ]কৌমো-দকী, বিষ্ণুগদা। [ফল।
কৌবল, ন. [কুবল+অ] কুবল, কোলি-

কৌবের, ন. [কুবের+অ] কুষ্ঠ; কুড়; (ত্রি.) কুবেরসম্বন্ধীয় কার্য্য ।

কৌবেরী, স্ত্রী. [কৌবের+ঈ] উত্তরদিক্; কুবেরশক্তি ।

কৌমার, ন. [কুমার+অ] কুমারাবস্থা, জন্মাবধি পঞ্চবর্ষপর্য্যন্ত, (তন্ত্রমতে) ষোড়শবর্ষপর্য্যন্ত; শিশুকাল, শৈশব, প্রথমবয়স, বয়ঃক্রমকাল; (ত্রি.) শৈশবাবস্থা; (পুং. স্ত্রী.) তদ্বতি

কৌমারী, স্ত্রী. [কৌমার+ঈ] মাতৃকাবিশেষ, কার্ত্তিকেরশক্তি; বারাহীকন্দ; কন্যাকাল।

কৌমুদ, পুং. [কুমুদ+অ] কার্ত্তিকমাস।

কৌমুদিক, ত্রি. [কুমুদ+ইক] কুমুদবেষ্টিত।

কৌমুদিকা, স্ত্রী, [কুমুদ+ইকা] উমারসখী বিশেষ।

কৌমুদী, স্ত্রী. [কৌমুদ+ঈ] জ্যোৎস্না; উৎসব; কার্ত্তিকোৎসব; আশ্বিনীপূর্ণিমা কার্ত্তিকীপূর্ণিমা।

কৌমুদীচার, পুং. ন. [কৌমুদী+চার] কোজাগরপূর্ণিমা।

কৌমুদীপতি, পুং. [কৌমুদী+পতি] চন্দ্র।

কৌমুদীবৃক্ষ, পুং. [কৌমুদী+বৃক্ষ] দীপবৃক্ষ, দীপগাছ, পীলসুজ।

কৌমোদকী-কৌমোদী, স্ত্রী.[কুমুদক+অ+ঈ] বিষ্ণুরগদা। [রাজসন্ততি।

কৌরব-কৌরব্য, পুং. [কুরু+অ-য] কুরু-

কৌর্ম্ম্য, ত্রি, [কূর্ম্ম+য] কূর্ম্মসম্বন্ধীয়।

কৌর্প্য, পুং. [কূর্প+য] বৃশ্চিকরাশি

কৌল, ত্রি. [কুল+অ] সৎকুলোদ্ভব, আন্বয়িক, সদ্বংশজ; দিব্য বীর পশু ভাবত্রয়ান্তর্গত দিব্যভাবরত, ব্রহ্মজ্ঞানী

কৌলকেয়, ত্রি. [কুলক+এয়] সৎকুলোদ্ভব; (পুং.) অসতীপুত্র, জারজপুত্র।

কৌলটিনেয়, পুং. স্ত্রী. [কুলটা+ইন+এয়] অসতীপুত্র, জারজ, বিজন্মা, কৌলটেয়, কৌলটের।

কৌলটেয়-কৌলটের, পুং. স্ত্রী. [কুলটা+এয়-এর] কৌলটিনেয়, অসতীপুত্র, জারজ, বিজন্মা।

কৌলথ, ত্রি. [কুলথ+অ] কুলথসম্বন্ধীয়।

কৌলথীন, ত্রি. [কুলথ+ঈন্] কুলথকলায়োদ্ভবক্ষেত্র।

কৌলব, পুং. [কুলব+অ] ববাদ্যেকাদশান্তর্গত তৃতীয়করণ।

কৌলালক, ত্রি. [কুলাল+অক] কুলালসম্বন্ধীয়; (ন.) মৃণ্ময়পাত্রাদি।

কৌলিক, পুং. [কুল+ইক] তন্তুবায়; পাষণ্ড; (ত্রি.) কুলপরম্পরায়াত, বংশীয়, তন্মতে কুলসাধক বংশধর্ম্ম।

কৌলীন, ন. [কুলীন+অ] গুহ্য; জন্য; কুকর্ম্ম; কুলীনত্ব; পশু সর্প পক্ষীরযুদ্ধ; কৌলেয়ক; লোকবাদ; (পুং.) অসতীপুত্র।

কৌলীন্য, ত্রি. [কুলীন+য] কুলসম্বন্ধীয়; (ন.) কুলীনত্ব,আভিজাত্য,বংশমর্য্যাদা।

কৌলীরা, স্ত্রী. [কৌলীর+আ] কর্কটশৃঙ্গী।

কৌলেয়, ত্রি. [কুল+এয়] কুলীন, সদ্বংশজাত। [(ত্রি.) কুলীন।

কৌলেয়ক, পুং. [কৌলেয়+ক] কুক্কুর;

কৌল্মাষীণ, ত্রি. [কুল্মাষ+ঈন] কুল্মাষধান্যোদ্ভবক্ষেত্র।

কৌল্য, ত্রি. [কুল+য] কুলীন, সৎকুলজাত।

কৌশ, ন. [কোশ+অ] কান্যকুব্জদেশ; (ত্রি.) কৌশেয়, রেশমী। [উপায়; ছল।

কৌশল, ন. [কুশল+অ] কুশলতা; পটুতা;

কৌশলিকা, স্ত্রী. [কুশল+ইকা] প্রাভৃতক, উপঢৌকন, নজর। [প্রাভৃত।

কৌশলী, স্ত্রী. [কুশল+ঈ] কুশলপ্রশ্ন;

কৌশলেয়, পুং.[কৌশল্যা+এয়] শ্রীরামচন্দ্র।

কৌশল্য, ন. [কুশল+য] নিপুণতা, কুশলী, পটুতা

কৌশল্যা, স্ত্রী. [কৌশল্য+আ] কোশলরাজকন্যা, শ্রীরামমাতা; (ন.) কুশলত্ব।

কৌশল্যানন্দন-কৌশল্যায়নি, পুং. [কৌশল্যা+নন্দন] শ্রীরাম।

কৌশাম্বর, ন. [কৌশ+অম্বর] পট্টবস্ত্র, রেশমীকাপড়, গরদ।

কৌশাম্বী, স্ত্রী. [কুশাম্ব+অ+ঈ] দেশবিশেষ বৎসপত্তন।

কৌশিক, পুং. [কোশ+ইক] ইন্দ্র; গুগ্‌গুলু; উলূক; ব্যালগ্রাহী; নকুল; কোষজ্ঞ; বিশ্বামিত্রমুনি, কোষকার; শৃঙ্গাররস; মজ্জা; অশ্বকর্ণবৃক্ষ; (ত্রি.) কৌষেয়।

কৌশিকপ্রিয়, পুং. [কৌশিক+প্রিয়] শ্রীরাম।

কৌশিকফল, পুং. [কৌশিক+ফল] নারিকেলবৃক্ষ। [ভাজন।

কৌশিকা, স্ত্রী. [কৌশিক+আ] চষক, পান-

কৌশিকাত্মজ, পুং. [কৌশিক + আত্মজ] অর্জ্জুন। [ধনু।

কৌশিকায়ুধ, ন. [কৌশিক+আয়ুধ] ইন্দ্র-

কৌশিকারাতি-কৌশিকারি, পুং. [কৌশিক+অরাতি-অরি] কাক, বায়স।

কৌশিকী, স্ত্রী. [কৌশিক+ঈ] কৌষিকী, চণ্ডিকা; নদীবিশেষ। [বৃক্ষ।

কৌশিক্যোজ, পুং. [কৌশিকী+ওজ] শাখোট

কৌশীতকী, স্ত্রী. [কুশ+ইতক+ঈ] অগস্ত্য-পত্নী; বেদান্তবিশেষ। [বৃত্তি।

কৌশীলব্য, ন. [কুশীলব+য] কুশীলব-

কৌশেয়, ত্রি. [কোশ+এয়] কৃমিকোশোত্থ-বস্ত্রাদি, পট্টবস্ত্র; (পুং.) রেশম।

কৌষিক, পুং. [কোষ+ইক] কৌশিক

কৌষিকী, স্ত্রী. [কৌষিক+ঈ] কৌশিকী; কালিকাকায়কোষনিঃসৃতাদেবীবিশেষ।

কৌষিতকী, স্ত্রী. [কৌষিতক+ঈ] উপনিষদ্‌বিশেষ, কৌশীতকী।

কৌষেয়, ত্রি. [কোষ+এয়] কৌশেয়; কৃমি-কোষোত্থবস্ত্রাদি, রেসমীকাপড়।

কৌসীদ, ত্রি. [কুসীদ+অ] বৃদ্ধিজীবী, অতিশয় সুদলোভী। [কুসীদ, বৃদ্ধি।

কৌসীদ্য, ন. [কুসীদ+য] আলস্য, তন্দ্রা;

কৌসুম, ন. [কুসুম+অ] কুসুমাঞ্জন, পুষ্পাঞ্জন; (ত্রি.) পুষ্পবিশিষ্ট।

কৌসুম্ভ, পুং. [কুসুম্ভ+অ] অরণ্যকুসুম্ভ; (ত্রি.) কুসুম্ভপুষ্পরাগযুক্ত।

কৌসৃতিক, ত্রি. [কুসৃত+ইক] মায়াকার; ঐন্দ্রজালিক, প্রতারণাকারী।

কৌস্তুভ, পুং. [কুস্তুভ+অ] স্বনামখ্যাত বিষ্ণুবক্ষস্থিতমণি; মুদ্রাবিশেষ।

কৌস্তুভবক্ষা, পুং. [কৌস্তুভ+বক্ষস্] বিষ্ণু।

কৌস্তুভলক্ষক, পুং. [কৌস্তুভ+লক্ষক] বিষ্ণু।

কৌক্ষ, ত্রি. [কুক্ষি+অ] তুন্দিল।

কৌক্ষেয়ক, পুং. [কুক্ষি+এয়ক] খড়্গ।

ক্নুয়িতা, ত্রি. [ক্নুয়+তৃ] দুর্গন্ধি; অভাবিত; শব্দকার।

ক্রকচ, পুং. ন. [ক্র+কচ] করপত্র, কাষ্ঠ-বিদারণাস্ত্রবিশেষ, করাৎ; গ্রন্থিলবৃক্ষ।

ক্রকচচ্ছদ, পুং. [ক্রকচ+ছদ] কেতকীবৃক্ষ।

ক্রকচপত্র, পুং. [ক্রকচ+পত্র] শাকবৃক্ষ।

ক্রকচপাদ্-ক্রকচপাৎ, পুং. [ক্রকচ+পাৎ] কৃকলাস, কাঁকলাস। [কঙ্গমাছ।

ক্রকচপৃষ্ঠী, স্ত্রী. [ক্রকচ+পৃষ্ঠী] কবয়ীমৎস্য,

ক্রকচা, স্ত্রী. [ক্রকচ+আ] কেতকী।

ক্রকণ, পুং. [ক্র+কণ] পক্ষীবিশেষ, কয়ার পাখী, খয়িরী পাখী।

ক্রকর, পুং. [ক্র+কর] করীরবৃক্ষ, উটকাঁটারগাছ; ক্রকণপক্ষী; দীন; ক্রকচ।

ক্রতু, পুং. [কৃ+তু] যজ্ঞ; সপ্তর্ষ্যন্তর্গত মুনিবিশেষ; বিশ্বদেবদশকান্তর্গত বিশ্বদেববিশেষ

ক্রতুচ্ছদ, পুং. [ক্রতু+ছদ] জৈনবিশেষ; যজ্ঞজ্ঞ, যজ্ঞবিৎ। [.দৃশ

ক্রতুতুল্য, ত্রি. [ক্রতু+তুল্য] অশ্বমেধযজ্ঞ

ক্রতুদ্রুক্, পুং. [ক্রতু+দ্রুহ্] অসুর, দানব, যজ্ঞদ্বেষী।

ক্রতুদ্রুগ্, পুং. [ক্রতু+দ্রুহ] অসুর।

ক্রতুদ্রুট্, পুং. [ক্রতু+দ্রুহ্] অসুর, দানব।

ক্রতুদ্রুড়্, পুং. [ক্রতু+দ্রুহ্] অসুর, দানব।

ক্রতুদ্রুহ্, পুং. [ক্রতু+দ্রুহ] অসুর, (ত্রি.) যজ্ঞদ্বেষী।

ক্রতুদ্বিট্, পুং. [ক্রতু+দ্বিষ্] অসুর, দানব।

ক্রতুধ্বংসী, পুং. [ক্রতু+ধ্বংসিন্] শিব, (ত্রি.) যজ্ঞহন্তা। [উক্তপশু।

ক্রতুপশু, পুং. [ক্রতু+পশু] অশ্ব, ছাগাদি

ক্রতুপুরুষ, পুং. [ক্রতু+পুরুষ] বিষ্ণু; (ত্রি) যজ্ঞশীল পুরুষ।

ক্রতুবিক্রয়ী, পুং. [ক্রতু+বিক্রয়িন্] যজ্ঞফলবিক্রেতা।

ক্রতুভুক্, পুং. [ক্রতু+ভুজ্] দেবতা।

ক্রতুরাজ, পুং. [ক্রতু+রাজন্] রাজসূয়, অশ্বমেধযজ্ঞ।
ক্রতুসিদ্ধি, স্ত্রী. [ক্রতু+সিদ্ধি] যজ্ঞসিদ্ধি।
ক্রতূত্তম, পুং. [ক্রতু+উত্তম] রাজসূয়যজ্ঞ।
ক্রথন, ন. [ক্রথ্+অন] মারণ, প্রতিঘাতন।
ক্রথনক, ন. [ক্রথন+ক] সিতাগুরু।
ক্রন্তৃ, ত্রি. [ক্রম্+তৃ] গতি।
ক্রন্দন, ন. [ক্রন্দ+অন] শোকাদিতে অশ্রুপতন, তৎপর্য্যায়।—ক্রন্দিত, রুদিত, ক্রুষ্ট, রোদন, বিলাপ, আক্ষেপ, কাঁদাকাটি, হাহাকার, কাতরোক্তি; যোধসংরাব; আহ্বান; (পুং.) বিড়াল।
ক্রন্দনকারী, ত্রি. [ক্রন্দন+কারিন্] শোচমান, পরিদেবী।
ক্রন্দনশীল, ত্রি. [ক্রন্দন+শীল] শোকার্ত্ত।
ক্রন্দনীয়, ত্রি. [ক্রন্দ্+অনীয়] শোচনীয়, বিলপনীয়, শোকাস্পদ।
ক্রন্দিত, ত্রি. [ক্রন্দ+ইত] অনুশোচিত, ক্রুষ্ট বিলপিত; (ন.) রোদন; আহ্বান; যোধচিৎকরণ। [মাংস।
ক্রব্য, ন. [ক্লৃপ+ষ] মাংস, পলল; আম-
ক্রব্যঘাতন, পুং. [ক্রব্য+ঘাতন] মৃগ।
ক্রব্যভুক্, পুং. [ক্রব্য+ভুজ্] রাক্ষস; (ত্রি.) মাংসাশী। [মাংসাশী।
ক্রব্যাৎ, পুং. [ক্রব্য + অদ্] রাক্ষস; (ত্রি.)
ক্রব্যাদ, পুং. [ক্রব্য+অদ্] রাক্ষস; সিংহ; শ্যেন; শবভক্ষকাগ্নি; (ত্রি.) মাংসভোজী।
ক্রব্যাশী, পুং. [ক্রব্য+অশিন্] রাক্ষস; (ত্রি.) মাংসাশী।
ক্রম, পুং. [ক্রম্+অ] বৈদিকবিধান, কল্প, বিধি; অনুক্রম; শক্তি; আক্রমণ; চরণ।
ক্রমক, পুং. [ক্রম্+অক] ক্রমজ্ঞ, ক্রমবেত্তা।
ক্রমজ্যা, স্ত্রী. [ক্রম্+জ্যা] গ্রহদিগের রেখা। [(ন.) গমন।
ক্রমণ, পুং. [ক্রম্+অন] চরণ, পাদ;
ক্রমণীয়, ত্রি. [ক্রম্+অনীয়] গমনযোগ্য।
ক্রমত্রৈরাশিক, পুং. [ক্রম+ত্রৈরাশিক] অঙ্কবিদ্যাবিশেষ।
ক্রমতঃ, ব্য. [ক্রম+তস্] ক্রমেক্রমে, ক্রমশঃ।
ক্রমনিম্ন, (প্রা) ক্রমে ক্রমে নিম্ন, ঢালু, গড়ানিয়া।
ক্রমপূরক, পুং. [ক্রম+পূরক] বকবৃক্ষ।
ক্রমবর্ত্তিতা, স্ত্রী. [ক্রম+বর্ত্তিতা] নিযন্ত্রতা, নিয়মনিষ্ঠা।
ক্রমভঙ্গ, পুং. [ক্রম+ভঙ্গ] ব্যতিক্রম, অনিয়ম, অবিধান।
ক্রমমাণ, ত্রি. [ক্রম+মান] গতিক, চলন, ধারা। [নিয়োগ।
ক্রমযোগ, পুং. [ক্রম+যোগ] বিধি,
ক্রমশঃ, ব্য. [ক্রম+শস্] ক্রমে ক্রমে, অনুক্রমে, আনুপূর্ব্ব, যথাপূর্ব্ব, যথাক্রম, পারম্পর্য্যে।
ক্রমাগত, ত্রি. [ক্রম+আগত] ক্রমায়াত, পিতৃ পিতামহাদি ক্রমেণ প্রাপ্ত, তৎপর্য্যায়।—আনুপূর্ব্বিক, পরম্পরাগত, একাদিক্রমযুত, আনুপূর্ব্বাবচ্ছিন্ন, নিয়মিত, ধারাবৎ, ক্রমিক, আনুপূর্ব্ব, আনুক্রমিক, যথাক্রম, পারম্পরিক, পরম্পর, যথানুক্রম, ক্রমানুসারী, ক্রমানুযায়ী, ক্রমক, ক্রমায়াত, পরম্পরায়াত, সন্তত, ক্রমান্বয়, ক্রমপ্রাপ্ত।
ক্রমাগতত্ব, ন. [ক্রমাগত+ত্ব] পৈতৃকত্ব।
ক্রমাৎ, ব্য. ক্রমশঃ, শনৈঃশনৈঃ।
ক্রমানুযায়ী, ত্রি. [ক্রম+অনুযায়িন্] বিহিত, ব্যবস্থিত, ধারামত।
ক্রমানুসার, পুং. [ক্রম+অনুসার] ধারানুসার, রীত্যনুসার।
ক্রমানুসারে, ব্য. ক্রমেক্রমে, নিয়মানুসারে।
ক্রমান্বয়, পুং. [ক্রম+অন্বয়] ক্রমানুসার।
ক্রমান্বয়ী, ত্রি. [ক্রমন্বিয়+ইন্] ক্রমানুযায়ী, যথাক্রম, ক্রমাগত।
ক্রমায়াত, ত্রি. [ক্রম+আয়ত] ক্রমাগত
ক্রমি, পুং. [ক্রম+ই] কৃমি; রোগবিশেষ।
ক্রমিক, ত্রি. [ক্রম+ইক] ক্রমাগত, অবিচ্ছেদেচলিত। [উডুম্বর।
ক্রমিকণ্টক, ন. [ক্রমি+কণ্টক] চিত্রাঙ্গ; বিড়ঙ্গ;
ক্রমিঘ্ন, ন. [ক্রমি+ঘ্ন] বিড়ঙ্গ; বিট্‌লবণ।
ক্রমিজ, ন. [ক্রমি+জ] অগুরু।

ক্রমিজা, স্ত্রী. [ক্রমিজ+আ] লাক্ষা। [ক্ষত।
ক্রমিজগ্ধ, ত্রি.[ক্রমি+জগ্ধ]ক্রমিভক্ষিত, ক্রমি-
ক্রমিভৃ, ত্রি. [ক্রম্+ভৃ] গতি।
ক্রমিভক্ষিত. ত্রি. [ক্রমি+ভক্ষিত] ক্রমিজগ্ধ।
ক্রমিশক্র, পুং. [ক্রমি+শক্র] বিড়ঙ্গ
ক্রমিক্ষত, ত্রি. [ক্রমি+ক্ষত] ক্রমিভক্ষিত।
ক্রমী, (প্রা) কীট।
ক্রমু, পুং. [ক্রম্+উ] গুবাক।
ক্রমুক, পুং. [ক্রম্+উক] পট্টিকালোধ্র; গুবাকবৃক্ষ; ব্রহ্মদারুবৃক্ষ; ভদ্রমুস্তক; কার্পাসিকাফল।
ক্রমুকফল, ন. [ক্রমুক+ফল] গুবাক।
ক্রমুকা, স্ত্রী. [ক্রমুক+আ] জলজপুষ্প; শিম্বী; কর্ণালঙ্কার।
ক্রমুকী, স্ত্রী. [ক্রমুক+ঈ] গুবাক।
ক্রমে-ক্রমেক্রমে, ব্য. শনৈঃশনৈঃ, ক্রমশঃ, ক্রমতঃ, পদেপদে, যথাক্রমে, আনুপূর্ব্বিক রূপে।
ক্রমেল-ক্রমেলক, পুং. [ক্রম+ইল+ক] উষ্ট্র।
ক্রমোৎক্রম, পুং. [ক্রম+উৎ+ক্রম] ক্রমরাহিত্য,উৎক্রম,অনিয়ম, অক্রম,ব্যতিক্রম।
ক্রমোদ্বেগ, পুং. [ক্রম+উদ্বেগ] বৃষ
খেদ, পুং. [খিদ্‌+অ] শোক, সন্তাপ, বিষণ্ণতা, বিমর্ষতা; অবসন্নতা; আক্ষেপ।
খেদকারক-খেদকারী, ত্রি. [খেদ+কারক-কারিন্‌] সন্তাপসূচক, দুঃখজনক।
খেদড়ন-খেদড়ান, (প্রা) তাড়ান, জাগান।
খেদদ, ত্রি. [খেদ+দ] খেদজনক, সন্তাপসূচক।
খেদন, ন. [খিদ্‌+অন] তাপন, ক্লেশন, পশ্চাত্তাপকরণ।
খেদান, (প্রা) দূরীকরণ, তাড়ান, হাঁকান।
খেদান্বিত, ত্রি. [খেদ+অন্বিত] খেদিত, শোকান্বিত।
খেদিত, ত্রি. [খিদ+ইত] ক্লিষ্ট, দুঃখী।
খেদিতব্য, ত্রি. [খিদ্‌+ইতব্য] খেদকরোণপযুক্ত।
খেদিনী, স্ত্রী. [খিদ্‌+ইন্‌+ঈ] অশনপর্ণীবৃক্ষ; লতা।
খেদ্য, ত্রি. [খিদ্‌+য] কৃচ্ছ্রশোচ্য।
খেপা, (প্রা) উন্মত্ত, বাতুল, পাগল।
খেপান, (প্রা) ক্রোধন, রাগান।
খেপানি, (প্রা) যাহাতে উন্মা জন্মে।
খেপুর, (প্রা) তৃণবিশেষ।
খেমী, (প্রা) মণি রাখিবার ডিবা, গহনার সিন্দুক, খুঙ্গী, পেটরা।
খেয়, ন. [খন+য] পরিখা, খাত, গড়খাই (ত্রি.) খননীয়। [ভেদ।
খেয়াল, (যাং) বিভাবনা, কল্পনা; সংগীতখেলন, ন. [খেল্‌+অন] ক্রীড়ন, খেলা।
খেলনী, স্ত্রী. [খেলন+ঈ] শারিফল।
খেলা, স্ত্রী. [খেল্‌+আ] ক্রীড়া, কুর্দ্দন, কৌতুক, খেলন। [বান্‌।
খেলাড়িয়া-খেলাড়ু, (প্রা) কুতুহলী, ক্রীড়াখেলাড়ী, (প্রা) রসিকা, লীলাকারিণী।
খেলানী, (প্রা) ক্রীড়নদ্রব্য।
খেলি, স্ত্রী. [খেল্‌+ই] গীত; বাণ; সূর্য্য; পক্ষী; জন্তু
খোশ্‌, (যাং) ইচ্ছা, বাঞ্ছা।
খেসর, পুং. [খে+সর] জন্তুবিশেষ, অশ্বখরজ, সক্রদ্গার্ভ, অধ্বগ, ক্ষমী, সন্তুষ্ট, মিশ্রজ, নিশ্রশব্দ, অতিভারগ, খচর।
খৈ, (প্রা) খদিক, লাজা, ভৃষ্টধান্য।
খৈরী-খৈরীবক, (প্রা) পক্ষীবিশেষ।

খো-খোআ, (প্রা) ইষ্টকাদি খণ্ড, কঙ্কর; ক্ষতি, অপচিত।
খোঁটা, (প্রা) কীলক। [নেংচন।
খোঁড়ন. (প্রা) খনন, খোদন, ভূমিকাটন;
খোঁড়া, (প্রা) পঙ্গু, খঞ্জ।
খোঁপা, (প্রা) বদ্ধকেশ, ধর্ম্মিল্ল।
খোক্কা, (প্রা) কুররপক্ষী।
খোকা, (প্রা) অবগণ্ড, শিশু, দুগ্ধপোষ্য।
খোঙ্গাহ, পুং. [খোম্+ কাহ] শ্বেতপিঙ্গলাশ্ব, খাঙ্গাহ।
খোঙ্গা-খোঙ্গী, (প্রা) খুঙ্গী।
খোজ, (প্রা) অনুসন্ধান, উদ্দেশ।
খোজন, (প্রা) অন্বেষণকরণ।
খোজা, (যাং) ক্লীব, নিষ্পুরুষত্ব; কঞ্চুকী।
খোটি, স্ত্রী. [খোট+ই] চতুরা স্ত্রী, রসিকা স্ত্রী, খোরি।
খোটী, স্ত্রী. [খোট+ঈ] পালঙ্কীবৃক্ষ; চতুরা।
খোড, ত্রি. [খোড়্+অ] খঞ্জ, খোঁড়া।
খোড়কশীর্ষক, ন. [খোড়ক+শীর্ষক] কপিশীর্ষ, ক্রয়শীর্ষ।
খোদ্, (যাং) স্বয়ং আপনি।
খোদা (যাং) পরমেশ্বর; স্বদত্ত।
খোদাবন্দ, (যাং) স্বামী; শ্রেষ্ঠব্যক্তিদিগের সম্মানসূচক বাক্য।
খোনকার, (যাং) মুসলমানদিগের গুরুবিশেষ। [শোধন।
খোদন, (প্রা) খনন, মুদ্রাদি করণ; দন্ত-
খোদা, (প্রা) মুদ্রাদিতে শিরোনাম, মুদ্রাদিতে যে অঙ্ক।
খোন, (প্রা) বড়শা।
খোপ, (প্রা) পারাবত গৃহ।
খোপা, (প্রা) কেশবন্ধন।
খোপাল, (প্রা) বদ্ধকেশযুক্ত।
খোয়ন-খোয়ান, (প্রা) অজ্ঞান বশতঃ দ্রব্য অপচয় করণ, হারান, উড়ান।
খোয়া, (প্রা) অপচিত, নষ্ট; ইষ্টকাদিখণ্ড।
খোয়ানীয়া, (প্রা) অপব্যয়ী।
খোয়ার, (প্রা) হানি, অপচয়; তিরস্কার
খোর, ত্রি. [খোর্+অ] খঞ্জ, খোঁড়া।
খোর, (প্রা) পশ্বাদির জ্বর।
খোরা, (প্রা) পাত্রবিশেষ
খোরাক, (যাং) খাদ্য, ভক্ষণীয় দ্রব্য।
খোল, ত্রি. [খোল্+অ] খঞ্জ, খোঁড়া।
খোল, (প্রা) বাদ্যযন্ত্রবিশেষ, মৃদঙ্গ; ফাঁপা; খাস; নারিকেল মালা।
খোলক, পুং. [খোল্+অক] পাক, খোলা; শিরস্ত্র, খোপড়া; বল্মীক, উয়েরঢিপি; পূগকোষ, গুয়ারছোবড়া।
খোলন, (প্রা) উন্মোচন, খসান, ছাড়ান।
খোলস, (প্রা) সর্পকঞ্চুক, সর্পত্বক্, মোক, সাপের খোলস
খোলা, (প্রা) অবদ্ধ, অমুদিত, স্পষ্ট; পাকস্থালী; ক্ষেত্র; খাপরা; মুক্তকরণ
খোলি, স্ত্রী. [খোল্+ই] তূণ।
খোল্ক, পুং. [খ+উল্ক] উল্কা।
খোল্মুক, পুং. [খ+উল্মুখ] মঙ্গলগ্রহ।
খোস, (প্রা) কচ্ছরোগ, কণ্ডু, চুল্‌কনা, পাচড়া।
খোসন, (প্রা) শস্যমর্দ্দন।
খোসা, (প্রা) ত্বক্, ছাল, ছিমড়া, ভুসী; শ্মশ্রুহীনব্যক্তি।
খ্যাত, ত্রি. [খ্যা+ত] খ্যাতিযুক্ত, প্রতীত প্রথিত, বিত্ত, বিজ্ঞাত, বিশ্রুত, নামধেয়, প্রসিদ্ধ।
খ্যাতগর্হণ-খ্যাতগর্হিত, ত্রি. [খ্যাত+গর্হণ-গর্হিত] প্রসিদ্ধকুৎসন, অবগীত,কুখ্যাত, ঘৃণ্য, দুর্নামী।
খ্যাতব্য, ত্রি. [খ্যা+তব্য] প্রতিষ্ঠার্হ।
খ্যাতি, স্ত্রী. [খ্যা+তি] প্রসিদ্ধি, প্রথা, প্রতিষ্ঠা, যশঃ; নাম, পদবী।
খ্যাতিকর, ত্রি. [খ্যাতি+কর] যশস্কর।
খ্যাতিঘ্ন, ত্রি. [খ্যাতি+ঘ্ন] দুর্নামজনক, অপবাদী, নিন্দক।
খ্যাতিজনক-খ্যাতিজন্য, ত্রি. [খ্যাতি+জনক-জন্য] যশস্বী।
খ্যাতিবোধ, পুং. [খ্যাতি+বোধ] মর্য্যাদাবোধ, সম্ভ্রমজ্ঞান। [বিশ্রুতি।
খ্যাতিমত্ত্ব, ন. [খ্যাতিমৎ+ত্ব] যশস্বিতা,
খ্যাত্যাপন্ন, ত্রি. [খ্যাতি+আপন্ন] যশস্বী, প্রসিদ্ধ।

খ্যাপক, ত্রি. [খ্যা+অক] প্রকাশক, ব্যঞ্জক।

খ্যাপন, ন. [খ্যা+অন] প্রকাশ, বিজ্ঞাপন, ব্যক্তহওন।

গ

গকার তৃতীয় হলবর্ণ। ইহার উচ্চারণ জিহ্বামূল হইতে হয়। অন্য নাম যথা।—গৌ; গৌরী; গৌরব; গঙ্গা; গণেশ; গোকুলেশ্বর; শার্ঙ্গী; পঞ্চাত্মক; গাথা; গন্ধর্ব্ব; সর্ব্বগ; স্মৃতি; সর্ব্বসিদ্ধি; প্রভা; ধূম্রা; দ্বিজাখ্য; শিবদর্শন; বিশ্বাত্মা; গৌ; পৃথগ্রূপা; বালবন্ধ; ত্রিলোচন; গীত; সরস্বতী; বিদ্যা; ভোগিনী; নন্দন; ধরা; ভোগবতী; হৃদয়; জ্ঞান; জালন্ধর; লব।

গ, ন. [গম্-গৈ+অ] গীত; (পুং.) গণেশ; গন্ধর্ব্ব; (ত্রি.) গত্যর্থ।

গই-গইড়, (প্রা) তরঙ্গ, ঢেউ, মৌজ; বিস্ফোট, ফোড়া।

গইরা, (প্রা) গম্ভীর; গভীরজল।

গএর, (প্রা) কণ্ঠগত শ্লেষ্মা, থুথু।

গঁগঁ, (প্রা) সিংহ ব্যাঘ্রাদির নাদ; অব্যক্তধ্বনি; পীড়াদ্যোতকশব্দ। [বর্ণ।

গকার, পুং. [গ+কার] কবর্গের তৃতীয়-

গকারাদি, পুং, [গকার+আদি] গ বর্ণাদি।

গকারান্ত, ন. [গকার+অন্ত] গ বর্ণান্ত।

গগণ-গগন, ন. [গম্+ণ] আকাশ, অন্তরীক্ষ, শূন্য; তৎপর্য্যায়।—বর্হি, ধম্ব, আপ, পৃথিবী, ভূ, স্বয়ম্ভূ, অধ্বা, সাগর, সমুদ্র, অম্বর, (অপর পর্য্যায়িক শব্দ আকাশ শব্দে দ্রষ্টব্য)।

গগণকুসুম, পুং. [গগণ+কুসুম] অপ্রসিদ্ধ, অলীক, মিথ্যা।

গগণগামী, ত্রি. [গগণ+গামিন্] আকাশগামী, খচর।

গগণচারী, ত্রি. [গগণ+চারিন্] বৈহায়স, আকাশবিহারী। [নভধ্বজ।

গগণধ্বজ, পুং. [গগণ+ধ্বজ] মেঘ; সূর্য্য;

গগণপরিধান, ত্রি. [গগণ+পরিধান] বিবস্ত্র, নগ্ন, বস্ত্রশূন্য। [অসঙ্গতবিষয়।

গগণপুষ্প, পুং. [গগণ+পুষ্প] খপুষ্প,

গগণবিহারী, ত্রি. [গগণ+বিহারিন্] আকাশবিহারী; (পুং.) সূর্য্য; খদ্যোতন, খোল্ক; দেবতা; পক্ষী।

গগণভেলা, (প্রা) পক্ষীবিশেষ, হাড়গিলা।

গগণভেট, পুং. [গগণ+ভেট] জলচর মীনভুক্ জালপাদ পক্ষীবিশেষ।

গগণমণ্ডল, ন. [গগণ+মণ্ডল] নভোমণ্ডল, খগোল। [দিবা, স্বর্গস্থ।

গগণসদ্-গগণস্থ, ত্রি. [গগণ+সদ্-স্থ] স্বর্গীয়,

গগণস্পর্শন, পুং. [গগণ+স্পর্শন] বায়ু, পবন। [অত্যুচ্চ।

গগণাগ্র, ন. [গগণ+অগ্র] স্বর্গোর্দ্ধ;

গগণাধ্বগ, পুং. [গগণ+অধ্বগ] সূর্য্য; গ্রহ; নক্ষত্র; পক্ষী।

গগণেচর, পুং. [গগণে+চর] গ্রহ; নক্ষত্র; খেচর। [গ্রহ।

গগণোল্মুক, পুং. [গগণ+উল্মুক] মঙ্গল-

গগরী, (প্রা) গর্গরী; কলসী।

গগাণ, (প্রা) বকুবকান, কাতরান, কাতরোক্তি, কাতর্য্য।

গগাণি, (প্রা) স্বাভাবিক অতুষ্টিতা, দেক।

গগাণিয়া, (প্রা) স্বভাবতঃ, বিরক্ত, বিলাপকারী।

গঙ্গকা, স্ত্রী. [গঙ্গক+আ] গঙ্গা।

গঙ্গা, স্ত্রী. [গম্+গ+আ] স্বনামখ্যাতানদী তৎপর্য্যায়।—বিষ্ণুপদী, জহ্নুতনয়া, সুরনিম্নগা, ভাগীরথী, ত্রিপথগা, ত্রিস্রোতা, ভীষ্মসূ, অর্য্যতীর্থ, তীর্থরাজ, ত্রিদশদীর্ঘিকা, কুমারসূ, সরিদ্বরা, সিদ্ধাপগা, স্বরাপগা, খাপগা, গঙ্গিকা, ঋষিকুল্যা, স্বর্গাপগা, হৈমবতী, স্বর্বাপী, হরশেখরা, সুরাপগা, ধর্ম্মদ্রবী, জহ্নুকন্যা, গান্দিনী, রুদ্রশেখরা, নন্দিনী, অলকনন্দা, সিতসিন্ধু, অধ্বগা, উগ্রশেখরা, সিদ্ধসিন্ধু, স্বর্গসরিদ্বরা, মন্দাকিনী, জাহ্নবী, পুণ্যা, সমুদ্রসুভগা, স্বর্ণদী, সুরদীর্ঘিকা, সুরনদী, সুধা, স্বর্ধুনী, জ্যেষ্ঠা, মহাভদ্রা,

জহ্নুসুতা, ভীষ্মজননী, শুভ্রা, শৈলেন্দ্রজা, ভবায়না; দুর্গা।

গঙ্গাকা, স্ত্রী. [গঙ্গা+ক+আ] গঙ্গা।

গঙ্গাচিল্লী, স্ত্রী. [গঙ্গা+চিল্লী] চিল্লপক্ষীবিশেষ, গাঙ্গচিল, তৎপর্য্যায়।—দেবট্টী বিশ্বকা, জলকুক্কুটী। [কেয়।

গঙ্গাজ, পুং. [গঙ্গা+জ] ভীষ্ম; কার্ত্তি-

গঙ্গাজল, ন. [গঙ্গা+জল] গঙ্গোদক, মিষ্টান্নবিশেষ।

গঙ্গাজলী, ত্রি. [গঙ্গাজল+ইন্] গঙ্গাজল সদৃশবর্ণ; গঙ্গাজলস্পর্শপূর্ব্বকশপথকরণ।

গঙ্গাজলীয়া, (প্রা) যে ব্যক্তি গঙ্গাজল স্পর্শ পূর্ব্বক শপথ করে, বর্ব্বল্য।

গঙ্গাটেয়, পুং. [গঙ্গা+টেয়] মৎস্যভেদ, চিঙ্গড়ী; গলানিল; (ত্রি.) গঙ্গাযাত্রা।

গঙ্গাতীর, ন. [গঙ্গা+তীর] জাহ্নবীতট।

গঙ্গাদ্বার, পুং. [গঙ্গা+দ্বার] গঙ্গাগমন স্থান, হরিদ্বার।

গঙ্গাধর, পুং. [গঙ্গা+ধর] শিব; সমুদ্র।

গঙ্গাপত্রী, স্ত্রী. [গঙ্গা+পত্রী] বৃক্ষবিশেষ, পত্রী, সুগন্ধা, গন্ধপত্রিকা।

গঙ্গাপার, ন. [গঙ্গা+পার] জাহ্নবীতট।

গঙ্গাপুত্র, পুং. [গঙ্গা+পুত্র] ভীষ্ম; কার্ত্তিকেয়; বর্ণসঙ্করজাতিবিশেষ, মুরদাফরাশ ইহারা লেটজাতীর ঔরসে ধীবর কন্যা গর্ব্ভ জাত।

গঙ্গাপ্রাপ্তি, স্ত্রী. [গঙ্গা+প্রাপ্তি] মরণ, মৃত্যুকালে গঙ্গাতীরে গমন।

গঙ্গাবাসী, ত্রি. [গঙ্গা+বাসিন্] গঙ্গাতীর নিবাসী।

গঙ্গামধ্য, ন. [গঙ্গা+মধ্য] গঙ্গারগর্ভ।

গঙ্গামৃত্তিকা, স্ত্রী. [গঙ্গা+মৃত্তিকা] গঙ্গাজলের মৃত্তিকা। [ত্যাগ।

গঙ্গামৃত্যু, পুং. [গঙ্গা+মৃত্যু] গঙ্গায় দেহ

গঙ্গাম্বু-গঙ্গাম্ভঃ, ন. [গঙ্গা+অম্বু-অম্ভস্] গঙ্গাজল; পবিত্রসলিল।

গঙ্গাযাত্রা, স্ত্রী. [গঙ্গা+যাত্রা] মরণার্থ গঙ্গাতীরে গমনোদ্যম।

গঙ্গাযাত্রী, ত্রি. [গঙ্গাযাত্র+ইন্] দেহ ত্যাগার্থে গঙ্গাতীরে গমনকারী।

গঙ্গালাভ, পুং. [গঙ্গা+লাভ] গঙ্গায় দেহত্যাগ।

গঙ্গাসাগর, পুং. [গঙ্গা+সাগর] সাগরসঙ্গম, তীর্থবিশেষ। [ভীষ্ম।

গঙ্গাসুত, পুং. [গঙ্গা+সুত] কার্ত্তিকেয়;

গঙ্গাস্নান, ন. [গঙ্গা+স্নান] জাহ্নবীসলিলে অবগাহন। [শীল।

গঙ্গাস্নায়ী, ত্রি. [গঙ্গা+স্নায়িন্] গঙ্গাস্নান

গঙ্গাক্ষেত্র, ন. [গঙ্গা+ক্ষেত্র] উভয়পার্শ্বে গঙ্গার দুই ক্রোশান্তরস্থান।

গঙ্গিকা, স্ত্রী. [গঙ্গিক+আ] গঙ্গা।

গঙ্গীভূত, ত্রি. [গঙ্গী+ভূত] পবিত্রীভূত।

গঙ্গোদক, ন. [গঙ্গা+উদক] গঙ্গাজল।

গচ, (প্রা) স্থূল, মোটাকাপড়, ঘন।

গচাল, (প্রা) স্থূলতাবিশিষ্ট, মোটা।

গচ্ছ, পুং. [গম্+স] বৃক্ষ, গাছ; গমনক্রিয়ানুমতি, যাও।

গচ্ছ, (প্রা) নিক্ষেপ, বন্ধক।

গচ্ছিত, (প্রা) নিঃক্ষিপ্ত, ন্যস্ত; আধিকৃত।

গচ্ছিতকরণ, (প্রা) নিঃক্ষেপকরণ, গছান।

গছন, (প্রা) নিঃক্ষিপ্তদ্রব্যগ্রহণ।

গছা, (প্রা) স্বীকার, গ্রহণ।

গছান, (প্রা) ধনাদিনিঃক্ষেপণ।

গজ, পুং. [গজ্+অ] হস্তী; প্রায় দুইহাত পরিমাণ; বাস্তু স্থানভেদ; ঔষধ পাকার্থ গর্ত্তবিশেষ

গজ, (প্রা) পরিমাপক যষ্টি; সূত্রধারের রেখা টানন দণ্ড; ছিঁছকা।

গজকচ্ছপী, (প্রা) গজকচ্ছপ বারণ ব্যাপার।

গজকন্দ, পুং. [গজ+কন্দ] হস্তিকন্দ।

গজকাঠি, (প্রা) পরিমাণ দণ্ডবিশেষ

গজকূর্ম্মাশী, পুং. [গজ+কূর্ম্ম+অশিন্] গরুড়। [বিশেষ।

গজঘণ্টা, (প্রা) হস্তীর গলদেশস্থ ঘণ্টা-

গজচক্ষু, ত্রি. [গজ+চক্ষু] বিকৃতিচক্ষু।

গজচির্ভটা, স্ত্রী. [গজ+চির্ভটা] ইন্দ্রবারুণী, গোরক্ষলাড়ু রাখালসসা।

গজচির্ব্বিট, পুং. [গজ+চির্ব্ভিট] গোডুম্বা।

গজচির্ব্বিটা, স্ত্রী. [গজ+চির্ব্ভিটা] মহেন্দ্রবারুণী

গজচ্ছায়া, স্ত্রী. [গজ+ছায়া] শ্রাদ্ধের নির্ণীত কালবিশেষ, আশ্বিন মাসে মঘাযুক্ত ত্রয়োদশী।
গজঢক্কা, স্ত্রী. [গজ+ঢক্কা] গজোপরিস্থ বৃহৎঢক্কা, মদাম্নাত।
গজতা, স্ত্রী. [গজ+তা] গজসমূহ হাস্তিক।
গজদঘ্ন, পুং. [গজ+দঘ্ন] গজপরিমাণ।
গজদন্ত, পুং. [গজ+দন্ত] গণেশ; হস্তিসম্বন্ধীদন্ত, কুঞ্জ; নাগদন্ত, হাতিরদাঁত; ভিত্তিস্থ দ্রব্যস্থাপনার্থ দণ্ডদ্বয়, দাণ্ডা।
গজদন্তফলা, স্ত্রী.[গজদন্ত+ফলা] ডঙ্গরীলতা।
গজদাঁত, (প্রা) হস্তীদন্ত, কুঞ্জ।
গজদান, ন. [গজ+দান] হস্তীমদ, হাতির গণ্ডদেশ হইতে নিঃসৃতজল।
গজদ্বয়স, [. [গ +দ্বয়স] গজপরিমিত।
গজপতি, পুং. [গজ+পতি] হস্তীশ্বর; বৃহদ্ধস্তী; রাজা।
গজপাঁউ, (প্রা) পক্ষীবিশেষ।
গজপাদপ, পুং. [গজ+পাদপ] স্থালীবৃক্ষ।
গজপিপ্পলী, স্ত্রী. [গজ+পিপ্পলী] পিপ্পলীভেদ, গজপিঁপুল, তৎপর্য্যায়।—করিপিপ্পলী, ইভকণা, কপিবল্লী, কপিল্লিকা, শ্রেয়সী, বর্শির, গজাহ্বা, কোলবল্লী, বসির, গজোষণা, চব্যফল, চব্যজা, ছিদ্রবৈদেহী, দীর্ঘগ্রন্থি, তৈজসী, বর্ত্তুলী, স্থূলবৈদেহী।
গজপুঙ্গব, পুং. [গজ+পুঙ্গব] প্রধানহস্তী।
গজপুট, পুং. [গজ+পুট] ঔষধ পাকার্থ হস্ত পরিমিত গর্ত্ত।
গজপ্রিয়া, স্ত্রী. [গজ+প্রিয়া] শল্লকীবৃক্ষ।
গজবজি, (প্রা) বৈলক্ষণ্য, অসমাবেশ।
গজবদন, পুং. [গজ+বদন] গণেশ।
গজবন্ধনী, স্ত্রী. [গজ+বন্ধনী] হস্তীবন্ধন স্থান, বারী, বারি, প্রারব্ধি, হাতিশালা।
গজবল্লভা, স্ত্রী. [গজ+বল্লভা] গিরিকদলী; শল্লকীবৃক্ষ। [বীর, শূর।
গজবিক্রম, ত্রি. [গজ+বিক্রম] পরাক্রান্ত,
গজবিলাসিতা, স্ত্রী. [গজ+বিলাসিতা] ছন্দোবিশেষ। [করীযূথ।
গজব্রজ, ত্রি. [গজ+ব্রজ] হস্তীবৎচলন;
গজভক্ষক, পুং. [গজ+ভক্ষক] অশ্বত্থবৃক্ষ
গজভক্ষা-গজভক্ষ্যা, স্ত্রী. [গজ+ভক্ষা] শল্লকী বৃক্ষ।
গজভুক্ত, ত্রি. [গজ+ভুক্ত] হস্তীভক্ষিত।
গজমণ্ডলিকা, স্ত্রী. [গজ+মণ্ডলিকা] হস্তীপরম গুল
গজমাচল, পুং. স্ত্রী. [গজ+মাচল] সিংহ।
গজমাত্র, ত্রি. [গজ+মাত্র] গজপরিমিত, হস্তীদ্বয়স।
গজমুক্তা, স্ত্রী. [গজ+মুক্তা] বৃহৎমুক্তা; হস্তীমস্তকস্থ মুক্তাবিশেষ।
গজমোটন, পুং. [গজ+মোটন] সিংহ।
গজযূথ, পুং. [গজ+যূথ] হস্তীপাল, করীসমূহ
গজর-গজরগজর, (প্রা) রোষপূর্ব্বক বকনি, বড়্‌বড়ানি, বিরক্তি প্রকাশার্থ অব্যক্তশব্দ।
গজরা, (প্রা) করভূষণবিশেষ; বাজুবন্ধ।
গজরাজ, পুং. [গজ+রাজ] প্রধানহস্তী, গজেন্দ্র।
গজসাহ্বয়, ন. [গজ+স+আহ্বয়] হস্তিনাপুর; কুরুরাজধানী।
গজস্কন্ধ, ত্রি. [গজ+স্কন্ধ] হস্তীবৎস্কন্ধ, কোতাগর্দ্দান।
গজা, (প্রা) অঙ্কুর, পল্লব; মিষ্টান্নবিশেষ; গজসম্বন্ধীয়
গজাখ্য, পুং. [গজ+আখ্য] চক্রমর্দ্দকবৃক্ষ।
গজাগ্রণী, পুং. [গজ+অগ্রণী] ঐরাবতহস্তী।
গজাজীব, পুং. [গজ+আজীব] হস্তীপালক, আধোরণ, হস্তীপক, ইভপালক, মাহুত।
গজাণ্ড, ন. [গজ+অণ্ড] পিণ্ডমূল।
গজাধ্যক্ষ, পুং. [গজ + অধ্যক্ষ] বারণাধিপতি।
গজান, (প্রা) প্ররোহণ, অঙ্কুরিত হওন, মুঞ্জরণ, কলান, কচ্যান।
গজানন, পুং. [গজ+আনন] গণেশ; হস্তীমুখ। [বিশেষ।
গজারি, পুং. [গজ+অরি] সিংহ; বৃক্ষ-
গজারূঢ়, ত্রি. [গজ+আরূঢ়] হস্ত্যারোহী

গজাল, (প্রা) লৌহময়ক্ষুদ্রকীলক, প্রেক্; মৎস্যবিশেষ।

গজাশন, পুং. [গজ + অশন] অশ্বত্থবৃক্ষ; হস্তীভক্ষণ, গজাদন।

গজাশনা, স্ত্রী. [গজ + অশন + আ] ভঙ্গা; শল্লকী বৃক্ষ; পদ্মমূল।

গজাস্য, পুং. [গজ + আস্য] গণেশ; হস্তী-বদন; (ন.) হস্তীমুখ। [পুর।

গজাহ্ব-গজাহ্বয়, ন. [গজ+আহ্ব] হস্তিনা-

গজাহ্বা, স্ত্রী. [গজ+আহ্বা] গজপিপ্পলী।

গজী, (প্রা) একপ্রকার স্থূল সূত্রনির্ম্মিত বস্ত্র-বিশেষ; লতাবিশেষ।

গজেন্দ্র, পুং. [গজ + ইন্দ্র] ঐরাবত, প্রধান হস্তী। [কুমড়া।

গজেষ্টা, স্ত্রী. [গজ + ইষ্টা] বিদারী, ভুঁই-

গজোষণা, স্ত্রী. [গজ+উষণা] গজপিপ্পলী।

গজ্‌গজানি, (প্রা) বিরক্তী প্রকাশার্থ অব্যক্ত শব্দ।

গঞ্জ, পুং.ন. [গন্‌জ+অ] ভাণ্ডাগার; (পুং.) অবজ্ঞা; খনি; গোষ্ঠাগার, গোয়ালঘর; বিপণি, বাজার। [খন।

গঞ্জন, (প্রা) তুচ্ছকরণ, লাঞ্ছন, কুৎসিত ক-

গঞ্জনা, (প্রা) ভর্ৎসনা, যাতনা, তাড়না, গ্লানি-সূচকবাক্য।

গঞ্জা, স্ত্রী. [গঞ্জ+আ] মদিরাগৃহ; খনি; পামরসদ্ম; মদ্যভাণ্ড; কুটীর; মাদক-দ্রব্যবিশেষ, গাঁজা।

গঞ্জিকা, স্ত্রী. [গঞ্জিক+আ] মদিরাগৃহ।

গঠন, (প্রা) নির্ম্মাণ, রচন।

গঠিত, (প্রা) নির্ম্মিত, কল্পিত, রচিত।

গড়, পুং. [গড়+অ] মৎস্যভেদ, গড়ুইমাছ; অন্তরায়; পরিখ; ব্যবধান; দেশবিশেষ।

গড়, (প্রা) মাক্কা; প্রণাম; ঢেঁকীরগড়।

গড়ই, (প্রা) মৎস্যবিশেষ।

গড়ক, পুং. [গড়+ক] মৎস্যবিশেষ, শকুলার্ভক, গড়ুইমাছ।

গড়খাই, (প্রা) পরিখা, দুর্গ।

গড়গড়, (প্রা) তৃণবিশেষ।

গড়গড়ি, (প্রা) গর্জ্জন, মেঘনিঃস্বন।

গড়দেশজ, ন. [গড়+দেশজ] সাম্বরলবণ।

গড়ন, (প্রা) গঠন, আকৃতি, মূর্ত্তি, নির্ম্মাণ; লুঠিয়াপড়ন!

গড়নিয়া, (প্রা) নির্ম্মায়ক, রচক, শিল্পবিদ্যাজ্ঞ কারিগর।

গড়নী-গড়ানী, (প্রা) নির্ম্মাণমূল্য, গড়নের-বেতন।

গড়য়ন্ত, পুং. [গড়+য়ন্ত] মেঘ।

গড়লবণ, ন. [গড়+লবণ] সম্বরদেশোদ্ভব লবণ, সামরলোণ, তৎপর্য্যায়।—শুভ্র, জ, গড়দেশজ, গড়োত্থ, মহারম্ভ, সাম্বর, সম্বরোদ্ভব।

গড়সুন্দর, (প্রা) বৃক্ষবিশেষ।

গড়া, (প্রা) নির্ম্মিত, রচিত, কল্পিত; বস্ত্রবিশেষ, গজি কাপড়।

গড়াগড়া, (প্রা) একচাল, একসমান।

গড়াগড়ি, (প্রা) অবলুণ্ঠন, ইতস্ততোঙ্গ-চালন।

গড়ান, (প্রা) নির্ম্মাণ; গলান; চলন।

গড়ানিয়া, (প্রা) ক্রমনিম্ন, পিচ্ছল, চঞ্চল।

গড়াপেটা, (প্রা) নির্ম্মিত, রচিত, কল্পিত

গড়ি, পুং. [গড়+ই] বৎসতর; অলস বা গড়িয়া পশু।

গড়ি, (প্রা) তরঙ্গ, ঢেউ; স্ফোটক, ফোড়া।

গড়িয়া, (প্রা) অনুদ্যোগী, অলস, আলসিয়া, জড়

গড়িমসী, (প্রা) গতিক্রিয়া, দীর্ঘসূত্রতা, টাল-মটাল

গড়িয়ান, (প্রা) সমসূত্রপাতের ব্যতিক্রম, বক্র, হেলা, কাইত, তের্চ্চা।

গড়িয়ামি, (প্রা) আলস্য, জড়তা।

গড়ু, পুং. [গড়+উ] গলগণ্ড, পৃষ্ঠগুড়, নামে রোগবিশেষ, ঘাড়ের এবং মস্তকের মধ্যে মাংসবৃদ্ধি; কুব্জ; শল্যাস্ত্র; কিঞ্চুলুক; বিষমগ্রন্থি।

গড়ুক, ন. [গড়+উক] জলপাত্র; অঙ্গুরি।

গড়ুকণ্ঠ, ত্রি. [গড়ু+কণ্ঠ] গড়ুপীড়িত, কণ্ঠ-সম্বন্ধী।

গড়ুর-গড়ুল, ত্রি. [গড়ু+র-ল] কুব্জ, কুঁজা-ব্যক্তি, গড়গণ্ডী। [মিশ্রণে।

গড়ে, (প্রা) মাক্কায়, একত্রে, সমুদায়ে, সর্ব্ব-

গড়ের, পুং. [গড়+এর] মেঘ।

গড়োত্থ, ন, [গড়+উত্থ] গড়লবণ।

গড়োল, পুং. [গড়+ওল] গুড়; গ্রাস।

গড়্গড়্, (প্রা) মেঘধ্বনি, গর্জ্জন।

গড়্গড়ি, (প্রা) মেঘনাদ, বজ্রনিঃস্বন।

গড়্বড়ি-গড়বিড়ি, (প্রা) গোলমাল,ব্যাঘাত, কলহ।

গড্ডরিকা, স্ত্রী. [গড্ড+রিকা] অজ্ঞাত প্রবাহাগম মূলধারাবাহী নদীবিশেষ; মেষযূথের অনুগম্যমান মেষী।

গড্ডালিকা, (প্রা) মেষযূথ, ভেড়ারপাল।

গড্ডুক-গড্ডূক, পুং. [গড্+ডুক] জলপাত্রবিশেষ, গাডু।

গণ, পুং. [গণ্+অ] সমূহ; প্রমথ, রুদ্রানুচর; সেনাসংখ্যাবিশেষ তদ্যথা—গজ ২৭, রথ ২৭, অশ্ব ৮১, পদাতিক ১৩৫, সমুদয়ে ২৭০ ইহাকে গণ কহে; সংখ্যা; চোরনাম গন্ধদ্রব্য; গণেশ; অশ্বিন্যাদিজন্ম নক্ষত্রানুসারে দেব মনুষ্য রাক্ষসগণ; ধাতুসমূহ; তদ্যথা—ভ্বাদি ১। অদাদি ২। জুহোত্যাদি ৩। দিবাদি ৪। স্বাদি ৫। তুদাদি ৬। রুধাদি ৭। তনাদি ৮। ক্র্যাদি ৯। চুরাদি ১০। স্বপক্ষ; জাতি।

গণক, পুং. [গণ্+অক] জ্যোতির্বিৎ, তৎপর্য্যায়।—সাম্বৎসর; জ্যৌতিষিক, দৈবজ্ঞ, মৌহূর্ত্তিক, মৌহূর্ত্ত, জ্ঞানী, কার্ত্তান্তিক, জ্যোতিষিক, দৈবলেখক, ভাবিকথক, ভাবিব্যক্তীকর্ত্তা, গণনাকারী, সঙ্খ্যাবেত্তা, বর্ণসঙ্কর জাতিবিশেষ; ইহারা দেবল ঔরসে ও বৈশ্যানির গর্ভ্তজাত।

গণকর্ণিকা, স্ত্রী. [গণ+কর্ণিকা] ইন্দ্রবারুণী।

গণকার, পুং. [গণ+কার] ভীমসেন; ধাতুসংগ্রহকর্ত্তা।

গণকী, স্ত্রী. [গণক+ঈ] গণকপত্নী, দৈবজ্ঞী।

গণগোষ্ঠী, স্ত্রী. [গণ+গোষ্ঠী] স্বগোত্র, পরিবার, সকুল্য।

গণচক্রক, ন. [গণ+চক্রক] ধার্ম্মিকদিগের মিলিত হইয়া ভোজন।

গণতা, স্ত্রী. [গণ+তা] গণেরভাব, সমূহত্ব; পক্ষপাতিত্ব; কুমন্ত্রণার মণ্ডলী; গণিতবিদ্যা।

গণৎকার, (প্রা) গণক, দৈবজ্ঞ।

গণদীক্ষা, স্ত্রী. [গণ+দীক্ষা] শিক্ষার উপক্রম; দলভুক্তকরণ।

গণদীক্ষী, পুং. [গণ+দীক্ষিন্] বহুযাজক; (ত্রি) গণেশমন্ত্রে দীক্ষিত

গণদেবতা, স্ত্রী.[গণ+দেবতা]সংহত দেবতাবিশেষ যথা।—দ্বাদশাদিত্য; দশবিশ্বদেব; অষ্টবসু; ষট্‌ত্রিংশৎ তুষিত; চতুঃষষ্টি আভাস্বর; ঊনপঞ্চাশৎ অনিল; দুই শতবিংশতি মহারাজিক; দ্বাদশ সাধ্য; একাদশ রুদ্র।

গণদ্রব্য, ন. [গণ+দ্রব্য] সাধারণ দ্রব্য; দ্রব্যসমূহ।

গণধর, পুং. [গণ+ধর] শিক্ষক।

গণন, ন. [গণ্+অন] সঙ্খ্যাকরণ, সঙ্খ্যান, গণা, ঠিকদেওয়া, খতান।

গণনা, স্ত্রী. [গণন+আ] গণন, সংখ্যা, গণা।

গণনাথ-গণনায়ক, পুং. [গণ+নাথ+নায়ক] গণেশ লম্বোদর।

গণনায়িকা, স্ত্রী. [গণ+নায়িকা] দুর্গা।

গণনীয়, ত্রি. [গণ+অনীয়]গণনার্হ, সংখ্যেয়, গণেয়, গণিতব্য, গণ্য, বিগণ্য, পরিগণনীয়।

গণপতি, পুং. [গণ+পতি] গণেশ।

গণপর্ব্বত, পুং. [গণ+পর্ব্বত] কৈলাস পর্ব্বত।

গণপীঠক, ন. [গণ+পীঠক] বক্ষঃ।

গণবতীসুত, পুং. [গণবতী+সুত] দিবোদাস। যথা—ধন্বন্তরি, কাশিরাজ, সুধোদ্ভব, পালকাখ্য, রুচিরাসুত।

গণবদ্ধ, ত্রি. [গণ+বদ্ধ] গণাক্রান্ত, দলভুক্ত, সম্প্রদায়স্থ।

গণয়িতব্য, ত্রি. [গণয়ি+তব্য] গণনীয়, গণ্য।

গণরাত্র, ন. [গণ+রাত্র] রাত্রিসমূহ

গণরূপ, পুং. [গণ+রূপ] অর্কবৃক্ষ।

গণরূপক, পুং. [গণ+রূপক] রাজার্ক।

গণরূপী, পুং. [গণরূপ+ইন্] শ্বেতার্ক

গণশঃ, ব্য. যূথশঃ, নিবহ।
গণহাস-গণহাসক, পুং. [গণ+হাস-হাসক] চোরকনাম গন্ধদ্রব্য।
গণা, (প্রা) গণনা, সংখ্যাকরণ; গণিত।
গণাগণি, (প্রা) পরস্পর সংখ্যাকরণ, গণমেল, ভিন্ন ভিন্ন।
গণাগাঁথা, (প্রা) সংখ্যাকরা। [কেহ।
গণাগোষ্ঠী, (প্রা) গোত্র, কুল, পরিবারস্থ
গণাগ্রণী, পুং. [গণ+অগ্রণী] গণেশ; দলাধ্যক্ষ।
গণাচল, পুং. [গণ+অচল] কৈলাসপর্ব্বত।
গণাধিপ, পুং. [গণ+অধিপ] গণেশ; শিব; দলাধিপতি।
গণান, (প্রা) গণনাকরণ; গণিত।
গণান্ন, ন. [গণ+অন্ন] একত্র ভোজন।
গণাভ্যন্তর, ত্রি. [গণ+অভ্যন্তর] দলভুক্তাভ্যন্তর।
গণি, স্ত্রী. [গণ+ই] গণন, সংখ্যা।
গণিকা, স্ত্রী. [গণ+ইকা] বেশ্যা; যূথিকা, গণিকারিকাবৃক্ষ; হস্তিনী; গণনা।
গণিকারিকা, স্ত্রী [গণি+কারিকা] বৃক্ষবিশেষ, বড়গণিয়ারী, তৎপর্য্যায়।—শ্রীপর্ণ, অগ্নিমন্থ, কণিকা, জয়া, তেজোমন্থ, হরির্ম্মন্থ, জ্যোতিষ্ক, পাবক, অরণি, বহ্নিমন্থ, মথন, অগ্নিমথন, তর্কারী, বৈজয়ন্তিকা, অরণীকেতু, শ্রীপর্ণী, কর্ণিকা, নাদেয়ী, বিজয়া, অনন্তা, নদীজা।
গণিকারী, স্ত্রী. [গণি+কারী] পুষ্পবৃক্ষবিশেষ, গণিয়ারী, তৎপর্য্যায়।—কাঞ্চনিকা, কাঞ্চনপুষ্পী, বসন্তদূতী, গন্ধকুসুমা, অলিমোদা, বাসন্তী, মদনমাদিনী।
গণিত, ত্রি. [গণ+ইত] কৃতগণন, সংখ্যাত; (ন.) অঙ্কশাস্ত্র, (ইহাদ্বিবিধ) যথা।—পাটীগণিত; বীজগণিত; গণন।
গণিতব্য, ত্রি. [গণ+ইতব্য] গণনীয়।
গণিতশাস্ত্র, ন. [গণিত+শাস্ত্র] অঙ্কশাস্ত্র, জ্যোতিঃশাস্ত্র
গণিত্র, ন. [গণ+ইত্র] করমালা, জপমালা, অক্ষমালা।
গণিপিটকা, স্ত্রী. [গণি+পিটকা] দ্বাদশাঙ্গী, ইহা জৈনদিগের বিদ্যাবিভাগ।
গণিয়ারি, (প্রা) গণিকারিকা।
গণীভূত, ত্রি. [গণী+ভূত] স্বপক্ষ, পক্ষপাতী; পৈতৃক।
গণেয়, ত্রি. [গণ+ঈয়] সংখ্যেয়, গণনীয়, গণিতব্য।
গণেরু, পুং. [গণ+ঈরু] কর্ণিকারবৃক্ষ; (স্ত্রী.) বেশ্যা; হস্তিনী।
গণেরুকা, স্ত্রী. [গণেরু+কা] কুট্টিনী।
গণেশ, পুং. [গণ+ঈশ] শিব, শিবপুত্র, তৎপর্য্যায়।—অম্বিকেয়, আখুগ, আখুরথ, একদংষ্ট্র, একদন্ত, গ, গজদন্ত, গজবদন, গজানন, গজাস্য, গণনাথ, গণপতি, গণনায়ক, গণাগ্রণী, গণাধিপ, দ্বিদেহ, দ্বিমাতৃজ, দ্বৈমাতুর, পরশুধর, পর্শুপাণি, পুষ্টিকান্ত, পৃশ্নিশৃঙ্গ, বক্রতুণ্ড, বিনায়ক, বিঘ্ননায়ক, বিঘ্ননাশক, বিঘ্নরাজ, বিঘ্নহারী, বিঘ্নেশ, মূষিকাঙ্ক, মূষিকাঞ্চন লম্বোদর, শম্ভুনন্দন, শূর্পকর্ণ, সদাদন, হস্তীমল্ল, হেমাঙ্গ, হেরম্ব।
গণেশকুসুম, পুং. [গণেশ+কুসুম] রক্তকরবীর পুষ্প।
গণেশপূজা, স্ত্রী. [গণেশ+পূজা] সর্ব্ব কার্য্যারম্ভে প্রথমতঃ গণেশ অর্চ্চনা।
গণেশভূষণ, ন. [গণেশ+ভূষণ] সিন্দূর।
গণোৎসাহ, পুং. [গণ+উৎসাহ] গণ্ডক, গণ্ডার।
গণ্‌গণিয়া, (প্রা) দীপ্ত, সংতপ্ত, উত্তপ্ত, দহ্যমান।
গণ্‌তি, (প্রা) গণনা, সংখ্যা।
গণ্ড, পুং. [গন্ড়+অ] হস্তীকপোল, কট, করট, কটক, হস্তীগণ্ডক, কপোল, গাল; খড়্গী; বীথ্যঙ্গ; পিটক; চিহ্ন; বীর; অশ্বভূষণ; বুদ্বুদ; স্ফোটক; গ্রন্থি; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত দশম যোগ।
গণ্ডক, পুং. [গণ্ড+ক] খড়্গী, গণ্ডার; সংখ্যাপ্রভেদ, গণ্ডা; বিদ্যাবিশেষ; অবচ্ছেদ; অন্তরায়।

গণ্ডকারী, স্ত্রী. [গণ্ড+কারী] খদিরীবৃক্ষ; বরাহক্রান্তা। [বৃক্ষ।

গণ্ডকালী, স্ত্রী. [গণ্ড+কালী] খদিরী-

গণ্ডকী, স্ত্রী. [গণ্ডক+ঈ] স্বনামখ্যাত নদী। [উৎকট।

গণ্ডকুসুম, ন. [গণ্ড+কুসুম] হস্তীমদ,

গণ্ডকূপ, পুং. [গণ্ড+কূপ] পর্ব্বতের উচ্চ-স্থান, অধিত্যকাভূমি। [আতা।

গণ্ডগাত্র, ন. [গণ্ড+গাত্র] ফলবিশেষ,

গণ্ডগোল, (প্রা) অতিশয়কোলাহল, কলহ, গোলমাল। [হঙ্গামা।

গণ্ডগোলিয়া, (প্রা) চিৎকারকারী, উচ্চভাষী,

গণ্ডগ্রাম, পুং. [গণ্ড+গ্রাম] প্রধানগ্রাম, বহুজন বাসস্থান, প্রশস্তগ্রাম।

গণ্ডদূর্ব্বা, স্ত্রী. [গণ্ড+দূর্ব্বা] দূর্ব্বাবিশেষ, গাঁটিয়াদূর্ব্বা, তৎপর্য্যায়।—গণ্ডালী, অতিতীব্রা, মৎস্যাক্ষী, বারুণী, মীননেত্রা, শ্যামগ্রন্থি, গ্রন্থিলা, গ্রন্থিপর্ণী, সূচীপত্রা, শ্যামকাণ্ডা, জলস্থা, শকুলাক্ষী, কলায়া, চিত্রা। [কপোল।

গণ্ডদেশ, পুং. [গণ্ড+দেশ] গণ্ডস্থল,

গণ্ডফলক, ন. [গণ্ড+ফলক] গণ্ডদেশ, গাল।

গণ্ডভাদুলী, (প্রা) লতাবিশেষ।

গণ্ডমালা, স্ত্রী. [গণ্ড+মালা] গলরোগ-বিশেষ, গলগণ্ড।

গণ্ডমালিকা, স্ত্রী. [গণ্ড+মালিকা] লজ্জা-লুবৃক্ষ। [সম্বন্ধীয়।

গণ্ডমালী, ত্রি. [গণ্ড+মালিন্] গণ্ডমালা

গণ্ডমূর্খ, ত্রি. [গণ্ড+মূর্খ] অতিমূঢ়, অজ্ঞান, ঘোরনির্ব্বোধ।

গণ্ডশৈল, পুং. [গণ্ড+শৈল] পর্ব্বত হইতে চ্যুত স্থূল প্রস্তর, ভূমিকম্পাদিদ্বারা পর্ব্বত হইতে পতিত বৃহৎ প্রস্তর; ললাট।

গণ্ডস্থল-গণ্ডস্থলী, পুং. স্ত্রী.. [গণ্ড+স্থল-স্থলী] কপোল, গাল।

গণ্ডা, (প্রা) চতুঃকপর্দ্দক সংখ্যাবিশেষ।

গণ্ডাকিয়া, (প্রা) অঙ্কবিদ্যাবিশেষ, গণ্ডার শত পর্য্যন্ত গণনা।

গণ্ডাঙ্গ, পুং. [গণ্ড+অঙ্গ] খড়্গী, গণ্ডার।

গণ্ডার, পুং. (প্রা) গণ্ডক, খড়্গ, একশৃঙ্গ, গণ্ডাঙ্গ, একচর, বনোৎসাহ, তৈতিল, খড়্গী, গণ্ড।

গণ্ডারগল্লা, (প্রা) বেত্রবিশেষ।

গণ্ডারি, পুং. [গণ্ড+অরি] কোবিদারবৃক্ষ।

গণ্ডালী, স্ত্রী. [গণ্ড+অলী] শ্বেতদূর্ব্বা; সর্পাক্ষী; গণ্ডদূর্ব্বা।

গণ্ডি, পুং. [গণ্ড+ই] বৃক্ষের মূল অবধি শাখাপর্য্যন্ত অংশ, গুড়ি।

গণ্ডী, (প্রা) ধনু, ইন্দ্রায়ুধ; মণ্ডল; রেখাদি দ্বারা সমাবদ্ধ স্থান।

গণ্ডীর, পুং. [গণ্ড+ঈর] সমষ্ঠিলা, সশা, সমঠ; অনুপদেশজ শাক; শুণ্ঠিয়া শাক; বীর। [সিজখ্যাত।

গণ্ডীরী, স্ত্রী. [গণ্ডীর+ঈ] সেহুণ্ডবৃক্ষ,

গণ্ডু, পুং. স্ত্রী. [গণ্ড+উ] উপধান।

গণ্ডূ, স্ত্রী. [গণ্ড+ঊ] গ্রন্থি, গাইট।

গণ্ডূপদ, পুং. [গণ্ডূ+পদ] কিঞ্চুলুক, মহীলতা, কেঁচো।

গণ্ডূপদভব, পুং. [গণ্ডূপদ+ভব] সীসক।

গণ্ডূপদী, স্ত্রী. [গণ্ডূপদ+ঈ] কিঞ্চুলুক স্ত্রী, শিলী, সিলী; ক্ষুদ্র কিঞ্চুলুকজাতি, ছোট জাতি কেঁচো।

গণ্ডূষ, পুং. [গণ্ড+ঊষ] মুখপূরণ; জলা-ঞ্জলি; মুখক্ষালন; হস্তীশুণ্ডাগ্রভাগ; প্রসৃতি পরিমিত। [জল।

গণ্ডূষা, স্ত্রী. [গণ্ডূষ+আ] গণ্ডূষ, মুখপূর্ণ

গণ্ডোল, স্ত্রী. [গণ্ড+ওল] গুড়; গ্রাস।

গণ্য, ত্রি. [গণ+য] গণনীয়, গণিতব্য, গণ-নার্হ, গণেয়, সংখ্যেয়, বিগণ্য, পরিগণ-নীয়; ধর্ত্তব্য।

গত, ত্রি. [গম্+ত] বিজ্ঞাত; যাত; অতীত; হত; নষ্ট; হীন; মৃত; (ন.) গমন।

গতকলুষ-গতকল্মষ, ত্রি. [গত+কলুষ-কল্মষ] নিষ্পাপ, নিরপরাধ

গতকল্য, ব্য. [গত+কল্য] পূর্ব্বদিবস, গত-দিবস, পূর্ব্বেদ্যুঃ, হ্যস্, কল্য, কালি।

গতকার্য্য, ত্রি. [গত+কার্য্য] ক্রিয়াহীন, কর্ম্মরহিত।

গতকাল, ন. [গত+কাল] অতীতকাল।
গতকীর্ত্তি, ত্রি. [গত+কীর্ত্তি] সাপমান, কলঙ্কিত। [শ্রম।
গতক্লম, ত্রি. [গত+ক্লম] বিশ্রান্ত, গত-
গতচেতন, ত্রি. [গত+চেতন] মূর্চ্ছিত, মূর্চ্ছাপন্ন।
গতজ্বর, ত্রি. [গত+জ্বর] আরোগ্য, পীড়া হইতে মুক্ত হওন; চিন্তারহিত।
গততোয়দ, ত্রি. [গত+তোয়দ] অনভ্র, ব্যভ্র, নিরভ্র, অমেঘ।
গতত্রপ, ত্রি. [গত+ত্রপ] নির্লজ্জ, ধৃষ্ট।
গতদিন-গতদিবস, ন. [গত+দিন-দিবস] পূর্ব্বদিবস, পূর্ব্বেদ্যুঃ, কল্য।
গতধৃতি, ত্রি. [গত+ধৃতি] ক্ষোভিত, ক্ষুব্ধ, আকুলিত, আকুলচিত্ত; ধৈর্য্যহীন।
গতনাসিক, ত্রি. [গত+নাসিকা] নাসিকা-রহিত, বিগ্র, বিখ্ন, ছিন্ননাসিক, বিনা-শিস, বিনস, অনাসিক।
গতপশু, (প্রা) গতপূর্ব্বদিবস।
গতপাপ, ত্রি. [গত+পাপ] নিষ্পাপ, গত-কল্মষ।
গতপুণ্য, ত্রি. [গত+পুণ্য] পাপিষ্ঠ, অঘবান।
গতপ্রত্যাগত, ত্রি. [গত+প্রত্যাগত] যাত-পুনরায়াত।
গতপ্রভ, ত্রি. [গত+প্রভা] নিষ্প্রভ, মন্দ-জ্যোতিঃ, অনুজ্জ্বল, মলিন, নিস্তেজ।
গতবান্, ত্রি. [গত+বৎ] চরন্তী, গামী; আপ্ত, অবাপ্ত, ভ্রংশ; চেতক।
গতবিত্ত-গতবিভব, ত্রি. [গত+বিত্ত] দরি-দ্রিতা, শিথিলবসু, নির্ধন।
গতবৈর, ত্রি. [গত+বৈর] নিরুপদ্রব; বৈরিরহিত।
গতব্যথ, ত্রি. [গত+ব্যথা] অক্লিষ্ট, অক্লেশ।
গতভী, ত্রি. [গত+ভী] নিঃসাধ্বস, বিগত-ভয়। [মান।
গতমর্য্যাদ, ত্রি. [গত+মর্য্যাদা]অসম্ভ্রম, অপ-
গতমায়, ত্রি. [গত+মায়া] অকপট, সরল; ক্রূর, নিষ্ঠুর।
গতর, (প্রা) গাত্র, শরীর, গা। [নিশি।
গতরাত্রি, ব্য. [গত+রাত্রি] পূর্ব্বরাত্রি, গত-
গতরাল, (প্রা) মাংসল, স্থূল, পীন, পীবর, হৃষ্টপুষ্ট, মোটা, ধুমা।
গতলজ্জ, ত্রি. [গত+লজ্জা] নির্লজ্জ, অত্রপ, ত্যক্তলজ্জ, ধৃষ্ট, বেহায়া, বেশরম।
গতলক্ষ্মীক, ত্রি. [গত+লক্ষ্মীক] অকৃতার্থ, দুরদৃষ্টবান্, লক্ষ্মীছাড়া।
গতশৈশব, ত্রি. [গত+শৈশব] অষ্টমবর্ষ অতীত, শৈশবকাল গত।
গতসঙ্কল্প, ত্রি. [গত+সঙ্কল্প] হতজ্ঞান, উন্মাদ।
গতসঙ্গ, ত্রি. [গত+সঙ্গ] বিযুক্ত, বিভিন্ন।
গতসত্ত্ব, ত্রি. [গত+সত্ত্ব] নির্গুণ; প্রেতীভূত; মৃত।
গতসন্নক, পুং. [গত+সন্নক] নির্ম্মদহস্তী, যে হস্তীর গণ্ডস্থলহইতে মদজল ক্ষরে না।
গতসাধ্বস, ত্রি. [গত+সাধ্বস] শঙ্কান্বিত, ভীত। [রহিত।
গতস্পৃহ, ত্রি. [গত+স্পৃহা] ইচ্ছাশূন্য,স্পৃহা-
গতসৌহৃদ, ত্রি. [গত+সৌহৃদ] অপ্রিয়, নি-স্নেহ, নিরক্ষেপ।
গতাগত, ন. [গত+আগত] পক্ষীগতিবিশেষ; যাতায়াত।
গতাজু, (প্রা) অব্যবহার্য্য; গতায়ুঃ।
গতাধি, ত্রি. [গত+আধি] আধিরতি, সুখী।
গতান, (প্রা) গচ্ছান, ধনাদি স্থাপন।
গতানুগতিক, ত্রি. [গত+অনুগতিক] অনু-কারী, ধারাবাহিক; গণাক্রান্ত, লোক দৃষ্টান্তের অনুবর্ত্তী; (পুং.) একপক্ষ।
গতানুসূচনা, স্ত্রী. [গত+অনুসূচনা] কৃত-ভাবনা, পূর্ব্বকৃতকর্ম্মের নিমিত্ত আ-ক্ষেপ। [ওয়া আসা।
গতায়াত, (প্রা) যাতায়াত, গমাগমন, যা-
গতায়ুঃ, ত্রি. [গত+আয়ুস্] মরণোদ্যত, মৃত-কল্প, আয়ুঃশেষ, জীবনকালাবসান, মু-মূর্ষ, মৃতপ্রায়; বৃদ্ধকাল।
গতার্ত্তবা, স্ত্রী. [গত+আর্ত্তবা] বৃদ্ধা; বন্ধ্যা, বাঁঝা; বিগতরজস্। [হীন।
গতার্থ, ত্রি, [গত+অর্থ] গতবিভব; জ্ঞান-
গতার্থক, ত্রি. [গতার্থ+ক] গতাবলোকী, অনুদর্শী, অতীতকালগ্রাহক, কৃতসূচক, গতানুসূচক; অভিপ্রায়ত্যাগী।

গতার্থতা, স্ত্রী. [গত+অর্থতা] কৃতসূচকতা।

গতালীক, ত্রি. [গত+অলীক] সত্য, যথার্থ, নৃত। [পঞ্চত্ব।

গতাসু, ত্রি. [গত+অসু] গতপ্রাণ, প্রাপ্ত,-

গতি, স্ত্রী. [গম্+তি] মার্গ; দশা; জ্ঞান; যাত্রা; অভ্যুপায়; নাড়ীব্রণ; সরণী; শরণী;উপায়ধারা; অবস্থা;আশ্রয়; দ্বাবিংশতিশত গমনকর্ম্ম, তদ্‌যথা।—বর্ত্ততে, অয়তে, লোটতে, লোঠতে, স্যন্দতে, কসতি, সর্পতি, স্যমতি, স্রবতি স্রংশতে, অবতি, শ্চোতভি, ধ্বংসতি, বেনতি, মার্ষ্টি, গুরণ্যতি, শবতি, কালয়তি, পেলয়তি, কণ্টতি, পিস্যতি, বিস্যতি, মিস্যতি,প্রবতে, প্লবতে,চ্যবতে, কবতে, গবতে, নবতে, ক্ষোদতি, নক্ষতি, সক্ষতি, ম্যক্ষতি, সচতি, ঋচ্ছতি, তুরীয়তি, চততি, অভতি, গাতি, ইয়ক্ষতি, সশ্চতি, সরতি, বৃংহতি, যততে, ভ্রমতি, ধজতি, রজতি; লজতি, ক্ষিয়তি, ধমতি, মিনাতি, ঋণ্বতি, ঋণোতি, স্বরতি, সিসর্ত্তি, বেবিষ্টি, যোবিষ্টি, ঋণাতি,ঋষতে, তেজতি, দধ্যতি, দধ্নোতি, যুধ্যতি, ধস্বতি, অরুষতি, আর্য্যন্তি, ডীয়তে, তকতি, টীয়তে, ইষতি, ফণতি, হনতি, অর্দ্ধতি, মর্দ্দতি, সস্তে, নসতে, হর্ষতি, ঈয়র্ত্তি, ঈর্ত্তে, ঈঙ্খতে, স্রয়তি, স্বাত্রতি, গন্তি, আগনীগন্তি, জংগন্তি, জিন্বতি, জসতি, গর্মতি, ধ্রুতি, ধ্রাতি, ধ্রুয়তি, বহতে, রথর্য্যতি, জেহতে, স্বঃকতি, স্কুম্পতি, প্সাতি, যাতি, বাতি, দূষতি, দ্রাতি, ভূলতি, এজতি, জমতি, জবতি, বঞ্চতি, অনিতি, পবতে, হন্তি, সেধতি, অগন্, অজগন্, জিগাতি, পততি, ইন্বতি, দ্রমতি, দ্রবতি, বেত্তি, হয়ন্তাৎ,এতি, জগায়াৎ, অযুথু।

গতিক, ত্রি. [গতি+ক] অবস্থা, রীতি, ঢপ; অভিপ্রায়; উপায়

গতিক্রিয়া, স্ত্রী. [গতি+ক্রিয়া] বিলম্ব, সময়ক্ষেপ, শৈথিল্য; দীর্ঘসূত্রতা, গৌণ,গড়িমসি, ঢিলাম।

গতিবিধি, পুং. [গতি+বিধি] যাতায়াত, গমনাগমন।

গতিবিহীন, ত্রি. [গতি+বিহীন] নিস্পন্দ, অচল; দীনহীন, উপায় রহিত, নিঃসহায়, লাচার।

গতিযোগ্য, ত্রি. [গতি+যোগ্য] গমনীয়, গন্তব্য। [স্পর ভেদ।

গতিলা, স্ত্রী. [গতি+লা] নদীবিশেষ; পর

গতিশক্তি, স্ত্রী. [গতি+শক্তি] গমনশক্তি।

গত্বর, ত্রি. [গম্+বর] গমনশীল, গমনক্ষম, গতিশক্তিবিশিষ্ট, স্থানান্তরগামী।

গত্বরতা, স্ত্রী. [গত্বর+তা] অনবস্থিতি, চাপল্য।

গত্যা, ব্য. সবিকল্প, সানুকল্প।

গত্যূন, ত্রি. [গতি+উন] অশক্য; উত্ত্যক্ত; নিরুপায়, গতিহীন।

গতোদ্বেগ, ত্রি. [গত+উদ্বেগ] সন্তুষ্টমনা, প্রবোধিত।

গদ, ন. [গদ+অ] বিষ; (পুং) রোগ; শ্রীকৃষ্ণের ভ্রাতা; বাক্য, ভাষণ।

গদয়িত্নু, পুং. [গদ+ইত্নু] কন্দর্প; (ত্রি) জল্পক, বাবদূক, বাচাল, মুখর; কামুক।

গদা, স্ত্রী. [গদ+আ] স্বনামখ্যাত লৌহময়াস্ত্র, যষ্টি, মুষল, মুগুর; পাটলাবৃক্ষ।

গদাখ্য, ন. [গদ+আখ্য] কুষ্ঠ, কুড়।

গদাগদৌ, পুং. [গদাগদ+ঔ] অশ্বিনীকুমারদ্বয়।

গদাগ্রজ, পুং. [গদ+অগ্রজ] শ্রীকৃষ্ণ।

গদাগ্রণী, পুং. [গদ+অগ্রণী] ক্ষয়রোগ; যক্ষ্মা, ক্ষয়কাস।

গদাধর, পুং. [গদা+ধর] বিষ্ণু।

গদাভৃৎ, পুং. [গদা+ভৃৎ] বিষ্ণু।

গদাম্বর, পুং. [গদ+অম্বর] মেঘ।

গদায়ুধ, পুং. [গদা+আয়ুধ] যষ্টি, লাঠি, গদা।

গদাযুদ্ধ, ন. [গদা+যুদ্ধ] যুদ্ধভেদ

গদারাতি, পুং. [গদ+অরাতি] ঔষধ।

গদাহ্ব, ন. [গদ+আহ্ব] কুষ্ঠ, কুড়।

গদিত, ত্রি. [গদ+ইত] উক্ত, কথিত, ভাষিত

গদিয়ান্, (প্রা) পিতানবিশিষ্ট; ভাগ্যবান্।
গদী, পুং. [গদা+ইন] বিষ্ণু; (ত্রি) গদাবিশিষ্ট; রোগযুক্ত।
গদ্গদ, ত্রি. [গদ্+গদ] অত্যস্পষ্টবক্তা, লুপ্তপদ ব্যঞ্জনাভিধায়ী; আহ্লাদে কিম্বা খেদে অব্যক্ত কথন, ভাবোক্তি।
গদ্গদধ্বনি, পুং. [গদ্গদ+ধ্বনি] হর্ষ শোকাদিদ্বারা অস্পষ্টশব্দ ব্যক্ত, অব্যক্তশব্দ, মন্মন।
গদ্গদপদ, ন. [গদ্গদ+পদ] গদ্গদ ফুৎকার। [বাক্য।
গদ্গদবাক্, স্ত্রী. [গদ্গদ+বাচ্] অস্পষ্ট
গদ্গদভাষী, ত্রি. [গদ্গদ+ভাষিন্] অব্যক্তভাষা।
গদ্দি (প্রা) পরিহাস, ব্যঙ্গ, কৌতুক, ঠাট্টা।
গদ্য, ন. [গদ+য] পদ্যভিন্ন, কবিকৃত, অপাদ পদ সন্তান, ছন্দোরহিতবাক্য; পরিহাস; (ত্রি) কবিকৃতভিন্ন; গদিত।
গদ্যছন্দঃ, ন. [গদ্য+ছন্দস্] পদ্যভিন্নচ্ছন্দঃ।
গদ্যযোগ্য, ত্রি. [গদ্য+যোগ্য] গদ্যময়, ছন্দহীন।
গদ্যানক, ন. [গদ্য+অনক] অষ্টচত্বারিংশৎ রক্তিকা পরিমাণ; চতুঃষষ্টিগুঞ্জ পরিমাণ; গদ্যালক।
গধাভৃৎ, পুং. [গধা+ভৃৎ] বিষ্ণু।
গন্তব্য, ত্রি. [গম্+তব্য] গমনযোগ্য, চলিতব্য, সুগম।
গন্তা, ত্রি. [গম্+তৃ] গমনকর্ত্তা, যাত্রী।
গন্তু, পুং. [গম্+তু] পথিক, পান্থ।
গন্ত্রী, স্ত্রী. [গন্তৃ+ঈ] বৃষবহনীয় শকট, গরুরগাড়ী।
গন্ত্রীরথ, পুং. [গন্ত্রী+রথ] শকট, মঠ।
গন্ধ, পুং. [গন্ধ+অ] সৌরভ, আমোদ, ঘ্রাণগ্রাহ্য পৃথিবীর গুণ, (ইহা দশবিধ) যথা। ইষ্ট ১ কস্তুরিকাদি, অনিষ্ট ২ শবাদি, মধুর ৩ মধুপুষ্পাদি, কটু ৪ মরিচাদি, নির্হারী ৫ হিঙ্গাদি, সংহত ৬ চিত্র গন্ধ অনেক কল্কাগত, স্নিগ্ধ ৭ সদ্যস্তপ্ত ঘৃতাদি, রূক্ষ ৮ সার্ষপতৈলাদি, বিসদ ৯ শাল্যন্নাদি, অম্ল ১০ আম্রাতকাদি; প্রতিবেশী; লেশ; সম্বন্ধ; গন্ধক; গর্ব্ব; শোভাঞ্জন; ঘৃষ্টচন্দন; (ন) কৃষ্ণাগুরু।
গন্ধক, পুং. [গন্ধ+ক] শোভাঞ্জনবৃক্ষ; উপধাতুবিশেষ, তৎপর্য্যায়।—গন্ধাশ্মা, সৌগন্ধিক, গন্ধিক, সুগন্ধিক, গন্ধপাষাণ, পামাঘ্ন, গন্ধমোদন, পূতিগন্ধ, বর, সুগন্ধ, দিব্যগন্ধ, গন্ধ, রসগন্ধক, কুষ্ঠারি, ক্রূরগন্ধ, কীটঘ্ন, শরভূমিজ, স্বর্ণারি, ধাতুবৈরী, শুল্বারি, পামারি, শুকপুচ্ছ, গন্ধী; (ন.) শক্তিবীর্য্য।
গন্ধকন্দক, পুং. [গন্ধ+কন্দক] কশেরু।
গন্ধকাঠি, (প্র.) জ্বলনশলাকা, অরণি, বর্ত্তি, দিয়াকাটি, দিয়াশলাই।
গন্ধকারিকা, স্ত্রী. [গন্ধ+কারিকা] সৈরিন্ধ্রী, পরগৃহস্থা স্বাধীন শিল্পকারিকা।
গন্ধকালিকা-গন্ধকালী, স্ত্রী. [গন্ধ+কালিকা-কালী] ব্যাসমাতা, মৎস্যগন্ধা।
গন্ধকাষ্ঠ, ন. [গন্ধ+কাষ্ঠ] অগুরুকাষ্ঠ, শম্বরচন্দন।
গন্ধকুটী, ন. [গন্ধ+কুটী] মুরানামগন্ধদ্রব্য।
গন্ধকুসুমা, স্ত্রী. [গন্ধ+কুসুমা] গণিকারীবৃক্ষ।
গন্ধকেলিকা, স্ত্রী. [গন্ধ+কেলিকা] কস্তুরী।
গন্ধকোকিলা, স্ত্রী. [গন্ধ+কোকিলা] গন্ধদ্রব্যবিশেষ।
গন্ধকৃৎ, ত্রি. [গন্ধ+কৃৎ] গন্ধকর।
গন্ধখেড়, ন. [গন্ধ+খেড়] গন্ধবীরণ, গন্ধবেণ, তৎপর্য্যায়।—ভূতৃণ, রৌহিষ, গোময়প্রিয়।
গন্ধখেড়ক, ন. [গন্ধ+খেড়ক] গন্ধতৃণ।
গন্ধগ, ত্রি. [গন্ধ+গ] সুগন্ধিক, আঘ্রাণকারী।
গন্ধগজ, পুং. [গন্ধ+গজ] মনোহরহস্তী।
গন্ধগুণ- ত্রি. [গন্ধ+গুণ] গন্ধযুক্ত; সুগন্ধ।
গন্ধগোকুল-গন্ধগোল, (প্রা) গন্ধমার্জ্জার।
গন্ধগ্রাহী, ত্রি. [গন্ধ+গ্রাহিন্] ঘ্রাণকারী।
গন্ধঘ্রাণ, ন. [গন্ধ+ঘ্রাণ] আঘ্রাণকারী, গন্ধগ্রাহী।
গন্ধচেলিকা, স্ত্রী. [গন্ধ+চেলিকা] কস্তূরী
গন্ধজাত, ন. [গন্ধ+জাত] তেজপত্র।

গন্ধজ্ঞা, স্ত্রী. [গন্ধ+জ্ঞা] নাসিকা।

গন্ধতূর্য্য, ন. [গন্ধ+তূর্য্য] বাদ্যবিশেষ, রণতূর্য্য, মহাস্বন।

গন্ধতৃণ, ন. [গন্ধ+তৃণ] সুগন্ধতৃণ, তৎপর্য্যায়।—সুগন্ধভূতৃণ, সুরস, সুরভি, সুগন্ধি, মুখবাস।

গন্ধত্বক্, ন, [গন্ধ+ত্বচ্] এলবালুক।

গন্ধদলা, স্ত্রী. [গন্ধ+দলা] অজমোদা।

গন্ধদ্রব্য, ন. [গন্ধ+দ্রব্য] সুগন্ধিবস্তু, সুবাসিত দ্রব্য, খোসবুদার জিনিস।

গন্ধদ্বিপ, পুং. [গন্ধ+দ্বিপ] উত্তমহস্তী।

গন্ধধূমজ, পুং. [গন্ধ+ধূমজ] স্বাদুনাম গন্ধদ্রব্য।

গন্ধধূলি, স্ত্রী. [গন্ধ+ধূলি] কস্তুরী।

গন্ধন, ন. [গন্ধ+অন] উৎসাহ; প্রকাশন; সূচন; হিংসা; খাদ্যদ্রব্য। [ছুঁছা।

গন্ধনকুল, পুং. [গন্ধ+নকুল] ছুচ্ছুন্দরী,

গন্ধনাকুলী, স্ত্রী. [গন্ধ+নাকুলী] রাস্না, কন্দবিশেষ, তৎপর্য্যায়।—মহাসুগন্ধা, সুবহা, সর্পাক্ষী, ফণিহন্ত্রী, নকুলাঢ্যা, অহিভুক্, বিষমর্দ্দনিকা, অহিমর্দ্দনী, বিষমর্দ্দনী, মহাহিগন্ধা, অহিলতা।

গন্ধনামা, পুং. [গন্ধ+নামন্] রক্ততুলসী, রাঙ্গাতুলসী। [বিশেষ।

গন্ধনাম্নী, স্ত্রী. [গন্ধ+নাম্নী] ক্ষুদ্ররোগ-

গন্ধনালী, স্ত্রী. [গন্ধ+নালী] নাসিকা।

গন্ধনিলয়া, স্ত্রী. [গন্ধ+নিলয়া] নবমল্লিকা।

গন্ধনিশা, স্ত্রী. [গন্ধ+নিশা] গন্ধপত্রা।

গন্ধপত্র, পুং. [গন্ধ+পত্র] শ্বেততুলসী; মরুব; বর্ব্বর; নারঙ্গ; বিল্ব।

গন্ধপত্রা, স্ত্রী. [গন্ধ+পত্রা] শঠীভেদ, পলাশ, তৎপর্য্যায়।—স্থূলা,তিক্তকন্দিকা,বনজা, শঠিকা, বন্যা, তবক্ষীরী, একপত্রিকা, গন্ধপীতা, পলাশাস্তা, গন্ধাঢ্যা, গন্ধপত্রিকা, দীর্ঘপত্রা, গন্ধনিশা, বেদমুখ্যা, সুপাকিনী।

গন্ধপত্রিকা, স্ত্রী. [গন্ধ+পত্রিকা] গন্ধপত্রা, অজমোদা।

গন্ধপত্রী, স্ত্রী. [গন্ধ+পত্রী] অম্বষ্ঠা; অশ্বগন্ধা; অজমোদা।

গন্ধপলাশিকা, স্ত্রী. [গন্ধ+পলাশিকা] হরিদ্রা। [হরিদ্রা।

গন্ধপলাশী, স্ত্রী. [গন্ধ+পলাশী] শঠী;

গন্ধপাষাণ, পুং. [গন্ধ+পাষাণ] গন্ধক।

গন্ধপিশাচ, পুং. [গন্ধ+পিশাচ] দেশবিশেষ, পৃষধ্রবংশীয় তুরস্ক স্থাপিত দেশ।

গন্ধপিশাচিকা, স্ত্রী. [গন্ধ+পিশাচিকা] ধূপ, বহ্নিগন্ধ, তুরুষ্ক।

গন্ধপীতা, স্ত্রী. [গন্ধ+পীতা] গন্ধপত্রা।

গন্ধপুষ্প, পুং. [গন্ধ+পুষ্প] বেতসবৃক্ষ; অঙ্কোঠবৃক্ষ; বহুবারবৃক্ষ।

গন্ধপুষ্পা, স্ত্রী. [গন্ধ+পুষ্পা] নীলী; কেতকী; গণিকারী।

গন্ধপ্রিয়, ত্রি. [গন্ধ+প্রিয়] বাসলুব্ধ।

গন্ধফণিজ্জক, পুং. [গন্ধ+ফণিজ্জক] রক্ততুলসী, লালতুলসী। [তেজঃফলবৃক্ষ।

গন্ধফল, পুং. [গন্ধ+ফল] কপিত্থ; বিল্ব;

গন্ধফলা, স্ত্রী. [গন্দ+ফলা] প্রিয়ঙ্গুবৃক্ষ; মেথিকা; বিদারী; শল্লকী। [প্রিয়ঙ্গুবৃক্ষ।

গন্ধফলী, স্ত্রী. [গন্ধফল+ঈ] চম্পককলিকা;

গন্ধবণিক্, পুং. [গন্ধ+বণিক্] গান্ধিক, বর্ণসঙ্কর জাতিবিশেষ, গন্ধবেণিয়া, অম্বষ্ঠার গর্ব্ভে রাজপুত্রের ঔরসজাত, তৎপর্য্যায়।—গন্ধবিক্রয়ী, গন্ধবিক্রেতা, গন্ধোপজীবী, গন্ধবিক্রয়োপজীবী, গন্ধাজীব, গান্ধিক, সুগন্ধিদ্রব্যব্যবসায়ী, চন্দনাদিবিক্রেতা, পসারী।

গন্ধবতী, স্ত্রী. [গন্ধবৎ+ঈ] পৃথিবী; বরুণপুরী; ব্যাসমাতা; সুরা; বনমল্লিকা; মুরানামগন্ধদ্রব্য। [গন্ধদ্রব্য।

গন্ধবধূ, স্ত্রী. [গন্ধ+বধূ] শঠী; চীড়ানাম

গন্ধবন্ধু, পুং. [গন্ধ+বন্ধু] আম্রবৃক্ষ।

গন্ধবল্কল, ন. [গন্ধ+বল্কল] সুগন্ধ ত্বচ্, দারুচিনী।

গন্ধবল্লরী, স্ত্রী. [গন্ধ+বল্লরী] সহদেবী।

গন্ধবল্লী, স্ত্রী. [গন্ধ+বল্লী] পীতপুষ্পদণ্ডোৎপল, ডানিপোলা, ডানিকোণাখ্য ক্ষুদ্রবৃক্ষ, গোবন্দনী, সহদেবী, সহা।

গন্ধবহ, পুং. [গন্ধ+বহ] বায়ু; (ত্রি.) সুবাসবিশিষ্ট।

গন্ধবহল, পুং. [গন্ধ+বহল] সিতার্জ্জক।
গন্ধবহা, স্ত্রী. [গন্ধবহ+আ] নাসিকা
গন্ধবহুলা, স্ত্রী. [গন্ধ+বহুলা] গোরক্ষী-বৃক্ষ।
গন্ধবাহ, পুং. [গন্ধ+বাহ] বায়ু; মৃগবিশেষ; কস্তুরীমৃগ।
গন্ধবাহা, স্ত্রী. [গন্ধবাহ+আ] নাসিকা।
গন্ধবিরজা, (প্রা) ঔষধিবিশেষ।
গন্ধবিহ্বল, পুং. [গন্ধ+বিহ্বল] গোধূম।
গন্ধবীজা, স্ত্রী. [গন্ধ+বীজা] মেথিকা।
গন্ধবৃক্ষক, পুং. [গন্ধ+বৃক্ষক] সালবৃক্ষ।
গন্ধবেণা, (প্রা) বেণাবৃক্ষবিশেষ।
গন্ধব্যাকুল, ন. [গন্ধ+ব্যাকুল] কক্কোল।
গন্ধভদ্রা, স্ত্রী. [গন্ধ+ভদ্রা] লতাবিশেষ, গন্ধভাদালিয়া, গাদাঁল। [বৃক্ষ।
গন্ধভাণ্ড, পুং. [গন্ধ+ভাণ্ড] গর্দ্দভাণ্ড-
গন্ধভাদালী, (প্রা) গন্ধভদ্রা।
গন্ধমাংসী. স্ত্রী. [গন্ধ+মাংসী] জটামাংসীভেদ, তৎপর্য্যায়।—কেশী, ভূতজটা, পিশাচী, পূতনা, ভূতকেশী, লোমশা, জটালা, লঘুমাংসী।
গন্ধমাতা, স্ত্রী. [গন্ধ+মাতৃ] পৃথিবী
গন্ধমাদন, ন.পুং. [গন্ধ+মাদন] পর্ব্বতবিশেষ; ইলাবৃত ও ভদ্রাশ্ববর্ষের সীমাপর্ব্বত; (পুং)ভ্রমর; বানরবিশেষ; গন্ধক।
গন্ধমাদনী, স্ত্রী. [গন্ধ+মাদন+ঈ] মদিরা; বন্দাক; চীড়ানামগন্ধদ্রব্য।
গন্ধমাদিনী, স্ত্রী. [গন্ধমাদিন্+ঈ] লাক্ষা; পুরানাক গন্ধদ্রব্য।
গন্ধমার, (প্রা) নাগদোনা, তিক্তরস দ্রব্যবিশেষ; মস্তারু। [গন্ধগোকুল।
গন্ধমার্জ্জার, পুং. [গন্ধ+মার্জ্জার] খট্টাস;
গন্ধমালতী, স্ত্রী. [গন্ধ+মালতী] গন্ধদ্রব্যবিশেষ।
গন্ধমালিনী, স্ত্রী. [গন্ধ+মালিনী] মুরানামগন্ধদ্রব্য।
গন্ধমুণ্ড, পুং. [গন্ধ+মুণ্ড] লতাবিশেষ, গন্ধভাদালিয়া, তৎপর্য্যায়।—নন্দীবৃক্ষ, তাম্রপাকী, কলপাকী, পীতক, গর্দ্দভাণ্ড, ক্ষিপ্রপাকী।

গন্ধমূল, পুং. [গন্ধ+মূল] কুলঞ্জনবৃক্ষ।
গন্ধমূলক, পুং. [গন্ধ+মূলক] শঠী
গন্ধমূলা, স্ত্রী. [গন্ধ+মূলা] শল্লকী; শঠী।
গন্ধমূলিকা, স্ত্রী. [গন্ধ+মূলিকা] মাকন্দী; শঠী।
গন্ধমূলী, স্ত্রী. [গন্ধমূল+ঈ] শঠী।
গন্ধমূষিক-গন্ধমূষী, পুং. স্ত্রী. [গন্ধ+মূষিক-মূষী] ছুছুন্দরী, ছুঁছা। [গোকুল
গন্ধমৃগ, পুং. [গন্ধ+মৃগ] খট্টাস; গন্ধ-
গন্ধমৈথুন, পুং. [গন্ধ+মৈথুন] বৃষ।
গন্ধমোদন, পুং. [গন্ধ+মোদন] গন্ধক।
গন্ধমোহিনী, স্ত্রী. [গন্ধ+মোহিনী] চম্পককলী
গন্ধরস, পুং. [গন্ধ+রস] উপধাতুবিশেষ, ফুলসত্বপ্রসিদ্ধ, তৎপর্য্যায়।—বোল, প্রাণ, পিণ্ড, গোপ, রস, রসগন্ধ, গোস, পিণ্ডগোস, শশ, গোসশশ, গান্ধার, মাসিবর্দ্ধন, গোপরস, বোলজ, গোপক।
গন্ধরসাঙ্গক, পুং. [গন্ধ+রসাঙ্গক] শ্রীবেষ্টনাম সুগন্ধিদ্রব্য।
গন্ধরাজ, ন. [গন্ধ+রাজ] চন্দন; জবাদিনাম গন্ধদ্রব্য; স্বনামখ্যাত শুক্লবর্ণ পুষ্প; গন্ধশ্রেষ্ঠ; (পুং.) মুদ্গারবৃক্ষ, কণগুগ্গুলু। [গন্ধদ্রব্য।
গন্ধরাজী, স্ত্রী. [গন্ধ+রাজী] নখীনাম-
গন্ধর্ব্ব, পুং. [গন্ধ+অর্ব্ব] স্বর্গগায়ক, দেবযোনি, গাতু, দিব্যগায়ন; ঘোটক; পশুজাতিবিশেষ, কস্তুরীমৃগ; অন্তরাভবসত্ত্ব; পুংস্কোকিল; গায়নমাত্র; গুপ্তপ্রাণ।
গন্ধর্ব্বতৈল, ন. [গন্ধর্ব্ব+তৈল] এরণ্ডতৈল।
গন্ধর্ব্ববিদ্যা, স্ত্রী. [গন্ধর্ব্ব+বিদ্যা] গীত বাদ্যনৃত্যাদি।
গন্ধর্ব্ববিবাহ, পুং. [গন্ধর্ব্ব+বিবাহ] সপ্ত প্রকার বিবাহান্তর্গত বিবাহবিশেষ।
গন্ধর্ব্ববেদ, পুং. [গন্ধর্ব্ব+বেদ] সংগীতবিদ্যা।
ক, পুং. [গন্ধর্ব্ব+হস্তক] এরণ্ডবৃক্ষ।
গন্ধল, (প্রা) ঘ্রাত, ঘ্রাণ, গন্ধবান্।
গন্ধলরঞ্জণ, (প্রা) পুষ্পবিশেষ।

গন্ধলোলুপা, স্ত্রী. [গন্ধ+লোলুপা] মক্ষিকা, ডাঁস।

গন্ধশঠী, স্ত্রী. [গন্ধ+শঠী] শঠী, আম-[হলদী।

গন্ধশাক, ন. [গন্ধ+শাক গৌরসুবর্ণ শাক।

গন্ধশালি, পুং. [গন্ধ+শালি] শালিধান্য-বিশেষ, তৎপর্য্যায়।—কলমাষ, গন্ধালু, কলমোত্তম, সুগন্ধি, গন্ধবহুল, সুরভি, গন্ধতণ্ডুল, সুগন্ধিশালি।

গন্ধশুণ্ডিনী, স্ত্রী. [গন্ধ+শুণ্ডিনী] ছুছুন্দরী, গন্ধমুষিক, গন্ধা, শুণ্ডিনী।

গন্ধশূন্য, ত্রি. [গন্ধ+শূন্য] নির্গন্ধ।

গন্ধশেখর, পুং. [গন্ধ+শেখর] কস্তুরী।

গন্ধসার, পুং. [গন্ধ+সার] চন্দনবৃক্ষ; মুদ্গারবৃক্ষ।

গন্ধসারণ, পুং. [গন্ধ+সারণ] বৃহন্নখী।

গন্ধসূয়ী, স্ত্রী. [গন্ধ+সূয়ী] ছুছুন্দরী।

গন্ধসোম, ন. [গন্ধ+সোম] কুমুদপুষ্প, কহ্লার, সুন্দীপুষ্প।

গন্ধহারিকা, স্ত্রী. [গন্ধ+হারিকা] পরগৃহে গিয়া কর্ম্মকারিণী, শিল্পকারিণী; গন্ধ-হরণকর্ত্রী, গন্ধনাশিনী।

গন্ধা, স্ত্রী. [গন্ধ+আ] চম্পককলিকা, শঠী; শালপর্ণী।

গন্ধা, (প্রা) দুর্গন্ধ।

গন্ধাখু, পুং. [গন্ধ+আখু] ছুছুন্দরী।

গন্ধাজীব, পুং. [গন্ধ+আজীব] গন্ধবণিক্।

গন্ধাঢ্য, ন. [গন্ধ+আঢ্য] যবাদিনাম গন্ধদ্রব্য; চন্দন; (ত্রি.) গন্ধযুক্ত; (পুং.) নারঙ্গবৃক্ষ।

গন্ধাঢ্যা, স্ত্রী. [গন্ধাঢ্য+আ] গন্ধপত্রা; স্বর্ণযূথী; তরুণী; আরামশীতলা; গন্ধালী।

গন্ধাদিদান, ন. [গন্ধাদি+দান] শ্রাদ্ধেতে গন্ধাদিদ্রব্যদান।

গন্ধাধিক, ন; [গন্ধ+অধিক] তৃণকুঙ্কুম।

গন্ধাধিবাস, (প্রা) অধিবাসকালীন গন্ধদ্রব্য প্রয়োগ।

গন্ধান, (প্রা) দুর্গন্ধকরণ, বাসদেওন।

গন্ধাপকর্ষণ, ন. [গন্ধ+অপকর্ষণ] গন্ধহরণ।

গন্ধাম্লা, স্ত্রী. [গন্ধ+অম্লা] বনবীজপুরক]

গন্ধালা, স্ত্রী. [গন্ধাল+আ] বৃক্ষবিশেষ, জিয়ন্তিগাছ।

গন্ধালী, স্ত্রী. [গন্ধ+আলী] লতাবিশেষ, গাঁধালী, গন্ধভাদালী, তৎপর্য্যায়।—প্রসারণী, ভদ্রপর্ণী, কটম্ভরা, গন্ধাঢ্যা, সরণা, রাজবলা, ভদ্রবলা, গন্ধোলী, বোল্লা, ভেমরুল।

গন্ধালীগর্ত্ত, পুং. [গন্ধালী+গর্ত্ত] সুক্ষ্মেলা।

গন্ধাশ্মা, পুং. [গন্ধ+অশ্মন্] গন্ধক।

গন্ধাষ্টক, ন.[গন্ধ+অষ্টক] পঞ্চদেবতায় দেয়াষ্টপ্রকার গন্ধদ্রব্য, যথা।—চন্দন, অগুরু, কর্পূর, চোর, কুঙ্কুম, রোচনা, জটামাংসী, কপিযুত

গন্ধি, ন. [গন্ধ+ই] তৃণকুঙ্কুম।

গন্ধিক, পুং [গন্ধ+ইক] গন্ধক।

গন্ধিনী, স্ত্রী. [গন্ধিন্+ঈ] মুরাবৃক্ষ। [ছাতিম

গন্ধিপর্ণ, পুং. [গন্ধ+ই+পর্ণ] সপ্তচ্ছদবৃক্ষ।

গন্ধী, পুং. [গন্ধ+ইন্] ছারপোকা, গাধিপোকা, খাটমল; বৃহৎবৃক্ষবিশেষ; (ত্রি) গন্ধবিশিষ্ট।

গন্ধোতু, পুং. [গন্ধ+ওতু] খট্টাশ।

গন্ধোৎকটা, স্ত্রী. [গন্ধ+উৎকটা] দমনকবৃক্ষ।

গন্ধোত্তমা, স্ত্রী. [গন্ধ+উত্তম] মদিরা।

গন্ধোপজীবী, পুং. [গন্ধ+উপজীবী] সুগন্ধ, সৌরভ; গন্ধবণিক্।

গন্ধোলি, স্ত্রী. [গন্ধ+ওল+ ই] শঠী।

গন্ধোলী, স্ত্রী. [গন্ধ+ওল+ঈ]বরটা, বোলতা; ভদ্রা; শঠী।

গন্ধৌতু, পুং. [গন্ধ+ওতু] খট্টাশ। [কীট।

গন্ধ্য, ত্রি. [গন্ধ+য] গন্ধবিশিষ্ট; (পুং.) তল্প-

গপ্প, (প্রা) গল্প, উপকথা, অলীক বা কল্পিত আখ্যায়িকা, উপন্যাস, মিথ্যা ইতিহাস, জনশ্রুতি, কথোপকথন।

গপ্পসপ্প, (প্রা) অনর্থককথা, আলস্যবচন, প্রলাপ জল্পন।

গপ্পিয়া, (প্রা) বাচাল, বহুভাষী, বড় বড়্যা।

গপ্পী, (প্রা) অনর্থককথা, উপকথা।

গবড়, (প্রা) কদর্য্যকার্য্যকরণ।

গবড়ন, (প্রা) গর্ত্তপতন, পেটফেলন; পণ্ড শ্রমী হওন; লেপন; অপরিষ্কৃতকরণ।

গবড়ান, (প্রা) পেটফেলন, গর্ত্ত নষ্টকরণ, বিগাড়ন।
গবয়, পুং. [গো+য়] গলকম্বল শূন্য গো-সদৃশ পশু, গবালূক, বনগৌ, বলভদ্র, মহাগন্ধ; বানরবিশেষ।
গবয়ী, স্ত্রী. [গবয়+ঈ] স্ত্রীজাতীয়গবয়, বন-ধেনু, ভিল্লাগবী
গবরাজ, পুং. [গব+রাজ] বৃষ।
গবল, পুং. [গু+অল] বনমহিষ; (ন.) মহিষ-শৃঙ্গ। [মূর্খ।
গবা, (প্রা) গো, গাভী; নির্ব্বোধ, ক্ষীণবুদ্ধি,
গবাচী, স্ত্রী. [গবাচ+ঈ] মৎস্যবিশেষ, পা-কালমাছ।
গবাদন, ন. [গো+অদন] ঘাস।
গবাদনী, স্ত্রী. [গবাদন+ঈ] ইন্দ্রবারুণী; গ-রুর ঘাসভক্ষণাধার, গরুর ঘাস খাইবার গড়া; নীলাপরাজিতা।
গবালূক, পুং. [গো+আলূক] গবয়, বন্য গরু
গবাশন, পুং. [গো+অশন] গোভক্ষক, মুচি, চামার, চর্ম্মকার।
গবাষিকা, স্ত্রী. [গবাষিক+আ] লাক্ষা।
গবাহ্নিকা, স্ত্রী. [গো+অহ্নিকা] গাভীর নিত্য আহার দেওন।
গবাক্ষ, পুং. [গো+অক্ষ] ক্ষুদ্রদ্বারকা, বা-তায়ন, বধূদৃগয়ন, জাল, জালক; বানর-বিশেষ; বৃষের চক্ষু।
গবাক্ষজাল, ন. [গবাক্ষ+জাল] বাতায়ন, বহুছিদ্রান্বিতা জানালা।
গবাক্ষী, স্ত্রী. [গবাক্ষ+ঈ] গোডুম্বা, গোমুক, ইন্দ্রবারুণী, রাখালসসা; শাখোটবৃক্ষ, শেওড়াগাছ; অপরাজিতা।
গবী, স্ত্রী. [গব+ঈ] স্ত্রীগো, ধেনু; বাক্, বাণী। [বৃন্দসম্বন্ধ।
গবীন, ত্রি. [গব+ইন্] অশিতঙ্গবীন; গো-
গবীশ্বর, পুং. [গো+ঈশ্বর] গোস্বামী, গোমান্, গোমী, গবেশ্বর।
গবেড়ু-গবেড়ুকা, স্ত্রী.পুং. [গো+এড়+উ-কা] ধান্যবিশেষ, গড়গড়। [গড়।
গবেধু, পুং. [গো+এধু] ধান্যবিশেষ, গড়-
গবেধুক, ন. [গবেধু+ক] গৈরিক, গড়গড়ি।
গবেধুকা, স্ত্রী. [গবেধুক+আ] তৃণধান্য বি-শেষ, গড়গড়; দেধান, তৎপর্য্যায়।—গবেড়ু, গবেধু, গবেড়ুক, গবেধুক; ক্ষুদ্রা, গোজিহ্বা, গুন্দ্রা, গুথ; নাগবলা।
গবেরুক, ন. [গো+ঈর-ক] গৈরিক
গবেশকা, স্ত্রী. [গো+ঈশ-কা] বৃক্ষবিশেষ, গোরক্ষ চাউলিয়া।
গবেশ্বর, পুং. [গো+ঈশ্বর] গোস্বামী।
গবেষণ-গবেষণা, স্ত্রী. ন. [গবেষ্+অন-আ] অন্বেষণ, অনুসন্ধান, মার্গণ, অন্বিষ্টি।
গবেষিত, ত্রি. [গবেষ+ইত] অন্বেষিত, মা-র্গিত, অন্বিষ্ট, মৃগিত, খোঁজা।
গবোদ্বহ, পুং. [গো+উদ্বহ] উত্তমগবী
গবু, (প্রা) গর্ভিনী গো, গাবিনগরু।
গব্য, ত্রি. [গো+য] গোসম্বন্ধী, দুগ্ধ গোম-য়াদি; গোহিত; (ন.) জ্যা; রাগদ্রব্য।
গব্যা, স্ত্রী. [গব্য+আ] গোসমূহ, গোত্রা; গব্যূতি; জ্যা; গোরোচনা
গব্যূত, ন. [গো+যূত] ক্রোশ; গব্যূতি।
গব্যূতি, ন. পুং. [গো+যূতি] দ্বিসহস্রধনু, ক্রোশদ্বয়, ক্রোশযুগ, গব্যূত, গোরুত, গোতম, গব্যা, গব্যূতী।
গব্যূতী, স্ত্রী. [গো+যূতী] গব্যূতি
গভস্তি, পুং. [গো+ভস্+তি] কিরণ; সূর্য্য; (স্ত্রী.) স্বাহা।
গভস্তিমৎ-গভস্তিমৎখণ্ড, ন. [গভস্তি+মৎ-খণ্ড] সপ্তপাতালান্তর্গত পাতালবিশেষ, তলাতল।
গভস্তিমান্-গভস্তিহস্ত, পুং. [গভস্তি+মৎ-হস্ত] সূর্য্য।
গভীর, ত্রি. [গম+ভ+ঈর] নীচস্থান, নিম্ন, গম্ভীর; অগাধ; গহন, গভীরক।
গভীরধ্বনি-গভীরনাদ, পুং. [গভীর+ধ্বনি-নাদ] ঘনধ্বনি, গম্ভীরশব্দ।
গভীরিকা, স্ত্রী. [গভীর+ইকা] বৃহৎঢক্কা, বড়ঢাক। [ক্ষুদ্রোপধান।
গভোলিক, পুং. [গভোলি+ক] মসুর,
গম, পুং. [গম্+অ] জিগীষোর্গমন; অক্ষ-বিবর্ত্ত অর্থাৎ দ্যূতপ্রভেদ; অপর্য্যা-লোচিত; অধ্বা; সদৃক্পাঠ; গমন।

গম, (প্রা) গোধূম।

গমক, (প্রা) লাউ, কুমড়া ইত্যাদির লতাবিশেষ; করমালা জপিবার নিমিত্ত কোষ।

গমক, পুং. [গম্+অক] স্বরবিশেষ।

গমকা, (প্রা) রাগিণীবিশেষ।

গমকারিত্ব, ন. [গম+কারিত্ব] রভস, অসমীক্ষ্যকারিতা।

গমথ, পুং. [গম্+ অথ] পন্থা; (ত্রি.) পথিক।

গমন, ন. [গম্+অন] জিগীষো প্রয়াণ, যাত্রা, ব্রজ্যা, অভিনির্যাণ, প্রস্থান, গম, সঙ্গম, পাদবিহরণ; পঞ্চবিধকর্ম্মান্তর্গত কর্ম্মবিশেষ, তস্য ভেদ যথা।—ভ্রমণ, রেচন, স্যন্দন, ঊর্দ্ধজ্বলন, তির্য্যগ্‌গমন।

গমনরহিত, ত্রি. [গমন+রহিত] স্থগিত, অটল, অচল, গতিশূন্য। [চরিষ্ণু।

গমনশীল, ত্রি. [গমন+শীল] গমনাসক্ত,

গমনাগমন, ন. [গমন+আগমন] যাতায়াত, উপগম; সম্ভাষ।

গমনার্হ, ত্রি. [গমন+অর্হ] গমনীয়, গন্তব্য, তরণীয়, সুগম, চলনার্হ, চলিতব্য; সঙ্গতার্থ। [চরিষ্ণু।

গমনাসক্ত, ত্রি. [গমন+আসক্ত] গমনাগমন,

গমনীয়, ত্রি. [গম্+অনীয়] গন্তব্য, অভিগম্য, সুগম, গমনযোগ্য, তরণীয়।

গমনেচ্ছ-গমনেচ্ছু, ত্রি. [গমন+ইচ্ছ] গমনাসক্ত, চরিষ্ণু। [গমন।

গমাগম, পুং. [গম+আগম] যাতায়াত, গমনা-

গমি, (প্রা) বৃক্ষবিশেষ।

গমিত, ত্রি. [গম্+ইত] প্রেরিত, প্রেষিত।

গমী, ত্রি. [গম্+ইন্] গমনকর্ত্তা, গতিবিশিষ্ট।

গম্ভারিকা, স্ত্রী. [গম্ভারিক+আ] গম্ভারীবৃক্ষ।

গম্ভারী, স্ত্রী. [গম্+ভৃ+ঈ] বৃক্ষবিশেষ, গামারীগাছ, তৎপর্য্যায়।—সর্ব্বতোভদ্রা, কাশ্মরী, মধুপর্ণিকা, শ্রীপর্ণী, ভদ্রপর্ণী, কাশ্মর্য্য, কাশ্মরী, ভদ্রা, গোপভদ্রিকা, কুমুদা, সদাভদ্রা, কট্‌ফলা, কৃষ্ণবৃন্তিকা, কৃষ্ণবৃন্তা, হীরা, সর্ব্বতোভদ্রিকা, স্নিগ্ধপর্ণী, সুভদ্রা, কম্ভারী, গোপভদ্রা, বিদারিণী, ক্ষীরিণী, মহাভদ্রা, মধুপর্ণী, স্বরুভদ্রা, কৃষ্ণা, অশ্বেতা, রোহিণী, গৃষ্টি, স্থূলত্বচা, মধুমতী, সুফলা, মেদিনী মহাকুমুদা, সুদৃঢ়ত্বচা।

গম্ভীর, ত্রি. [গম্+ভ+ঈর] গভীর, অগাধ, অবগাঢ়, গাঢ়, গহন, নিম্ন, ঘন, অতলস্পর্শ, গহেরা; মন্থর; জড়; (পুং.) জম্বীর; পঙ্কজ; ঋগ্‌মন্ত্র। [রতা।

গম্ভীরতা, স্ত্রী. [গম্ভীর+তা] গাম্ভীর্য্য, গভী-

গম্ভীরনাদ, পুং. [গম্ভীর+নাদ] গভীরধ্বনি, ঘনধ্বনি।

গম্ভীরপুরুষস্বন, ত্রি. [গম্ভীর+পুরুষ+স্বন] স্ফূর্জাবান।

গম্ভীরবেদী, পুং. [গম্ভীর+বেদিন্] দুর্দ্ধরহস্তী, অঙ্কুশদুর্দ্ধর, চালক, ব্যালক, অবমতাঙ্কুশ, মত্তদন্তী, জঙ্গলাহাতী।

গম্ভীরবেধ, ত্রি. [গম্ভীর+বেধ] অতিবেধী।

গম্ভীরা, স্ত্রী. [গম্ভীর+আ] হিক্কা, হুল্লাস।

গম্ভীরার্থ, ন. [গম্ভীর+অর্থ] নিগূঢ়ার্থ, দুর্জ্ঞেয়, রহস্য।

গম্য, ত্রি. [গম্+য] প্রাপ্য, প্রাপ্তব্য, সুগম, প্রাপণীয়, সমাসাদ্য, সুলভ, সাধ্য, সুখোপসর্প; সম্ভাব্য; গমনযোগ্য; প্রণয়িতব্য; সঙ্গত। [ভতা।

গম্যতা, স্ত্রী. [গম্য+তা] অভিগম্যতা, সুল-

গম্যমান, ত্রি. [গম্য+মান] অতিক্রান্ত, পারগত; বর্ত্তমানগমনাশ্রয় গ্রামাদি।

গম্যা, স্ত্রী. [গম্য+আ] বেশ্যা, গণিকা।

গম্যাগম্য, ত্রি. [গম্য+অগম্য] সাধ্যাসাধ্য, কৃত্যাকৃত্য; শক্যাশক্য।

গয়, পুং. [গৈ+অ] বানরভেদ, বৈবস্বতপুত্র; রাজর্ষিভেদ, অমূত্তরয়ঃপুত্র; অসুর ভেদ।

গয়া, স্ত্রী. [গয়+আ] গয়রাজর্ষিপুরী, স্বনাম খ্যাততীর্থ, তীর্থভেদ; দেশবিশেষ।

গয়াকু, (প্রা) ঔষধিকাষ্ঠবিশেষ।

গয়ার, (প্রা) শ্লেষ্মা, কফ, শ্লেষ্মক, ক্লেদন, ক্লেদক, খট।

গয়াল, (প্রা) বৃষবিশেষ; তণ্ডুলভেদ।

গয়ালী, (প্রা) গয়াতীর্থবাসী, গয়াতীর্থের পুরোহিত; গয়াবাসী।

গয়াশ্বত্থ, পুং. [গয়া+অশ্বত্থ] উডুম্বরবৃক্ষবিশেষ; অশ্বত্থভেদ, গজাশ্বর্থ।

গয়াসুর, পুং. [গয়+অসুর] অসুরভেদ; ত্রিপুরাসুরপুত্র।

গয়ের, (প্রা) কফ, শ্লেষ্মা, থুথু।

গর্, (যাং) বিনা, ব্যতিরেক; যে শব্দের পূর্ব্বে থাকে তাহার অর্থের অন্যথা হয়, যথা গরতক্সীর, গরতদ্বীর, গর্হাজির ইত্যাদি।

গর, ন. [গর+অ] ববাদ্যেকাদশ করণান্তর্গত পঞ্চমকরণ; বিষ; বৎসনাভাখ্যবিষ; (পুং.) বিষ; উপবিষ; রোগ।

গরক্, (যাং) নিমগ্ন, জলে ডুবন। [গণ্ডি।

গরগণ্ড, (প্রা) গলদেশে মাংসবৃদ্ধি, গণ্ডু

গরঘ্ন, পুং. [গর+ঘ্ন] কৃষ্ণার্জ্জক, বর্ব্বর, (ত্রি.) বিষঘ্ন; রোগঘ্ন। [মাছ।

গরঘ্নী, স্ত্রী. [গরঘ্ন+ঈ] মৎস্যবিশেষ, গরই-

গরজ্, (যাং) আপন ইচ্ছা, স্বেচ্ছা।

গরণ, ন. [গৃ+অন] সেচন; নিগরণ।

গরণাখাঁদা, (প্রা) শশকোষ্ঠ, ছিন্নোষ্ঠ।

গরদ, ন. [গর+দ] বিষ; (ত্রি.)বিষদানকর্ত্তা।

গরদ, (প্রা) পট্টবস্ত্রবিশেষ।

গরম, (যাং) উষ্ণ, উত্তপ্ত।

গরব্রত, পুং. [গর+ব্রত] ময়ূর।

গরভ, পুং. [গৃ+অভ] গর্ভ।

গরল, ন. [গৃ+অল] বিষ; পন্নগবিষ; পরিমাণ; তৃণপুলক, ঘাসেরগর্ল্লা, পুলা, আঁটি।

গরল, (প্রা) রোগবিশেষ।

গরলারি, পুং. [গরল+অরি] মরকতমণি।

গরলী, ত্রি. [গরল+ইন্] বিষালু, বিষধর, বিষযুক্ত, বিষঘটিত। [রণ।

গরা, স্ত্রী. [গর+আ] দেবদালীলতা; নিগ-

গরাগরী, স্ত্রী. [গরা+গরী] দেবতাড়বৃক্ষ।

গরাণ, (প্রা) বৃক্ষবিশেষ; গভীর।

গরাণিয়া, (প্রা) বদ্ধমূল, দীর্ঘমূল।

গরাণিয়াআলু, (প্রা) কন্দমূলবিশেষ।

গরাম্বক, ন. [গর+আম্বক] শোভাঞ্জনবীজ।

গরাদিয়া. (প্রা) লোহাবরণ, লৌহনির্ম্মিত শঙ্কুপংক্তি; কাঠগড়া, কাষ্ঠবৃতি।

গরাধিকা, স্ত্রী. [গর+অধিকা] লাক্ষা, লা।

গরিমকারক, (প্রা) সাহঙ্কার, সাভিমান, আত্মশ্লাঘী, দর্পী, গর্ব্বী। [দম্ভ।

গরিমা, ত্রি. [গুরু+ইমন্] গুরুতা; অহঙ্কার,

গরিমান্বিত, ত্রি. [গরিমা+অন্বিত] দাম্ভিক, অভিমানী, গাফুলানিয়া।

গরিষ্ঠ, ত্রি. [গুরু+ইষ্ঠ] অতিগুরু, গরীয়ান্, বরীয়ান্, বরিষ্ঠ, জ্যায়ান্, জ্যেষ্ঠ, শ্রেষ্ঠ, প্রধান।

গরী, স্ত্রী. [গর+ঈ] দেবতাড়বৃক্ষ

গরীব্, (যাং) নির্দ্ধনী, দুঃখী। [গরিষ্ঠ।

গরীয়ান্, ত্রি. [গুরু+ঈয়স্] অতিগুরু,

গরীয়সী, স্ত্রী. [গরীয়স্+ঈ] গুরুতরা, শ্রেষ্ঠা

গরু, (প্রা) গৌ, গো, গবী, বৃষ; নির্ব্বোধ, নিতান্তমূর্খ, অল্পবুদ্ধি, হাবা।

গরুখাদক, (প্রা) গোমাংসাশী।

গরুড়, পুং. [গৃ+উড়] স্বনামখ্যাত পক্ষী, তৎপর্য্যায়।—গরুত্মান্, তার্ক্ষ্য, বৈনতেয়, খগেশ্বর, নাগান্তক, বিষ্ণুরথ, সুপর্ণ, পন্নগাশন, মহাবীর, পক্ষীসিংহ, উরগাশন, শাল্মলী, হরিবাহন, অমৃতাহরণ, নাগাশন, শাল্মলিস্থ, খগেন্দ্র, ভুজগান্তক, তরস্বী, তার্ক্ষ্যনায়ক, বিনতাসুনু, ভুজগদারণ, সিতানন, দক্ষায্য।

গরুড়ধ্বজ, পুং. [গরুড়+ধ্বজ] বিষ্ণু।

গরুড়াগ্রজ, পুং. [গরুড়+অগ্রজ] অরুণ।

গরুড়াঙ্কিত, ন. [গরুড়+অঙ্কিত] মরকতমণি। [মণি।

গরুড়াশ্মা, পুং. [গরুড়+অশ্মন্] মরকত-

গরুড়োত্তীর্ণ, ন. [গরুড়+উত্তীর্ণ]মরকতমণি।

গরুৎ, পুং. [গৃ+উৎ] পক্ষ, পক্ষ্ম, পাখা।

গরুত্মান্, পুং. [গরুৎ+মান্] গরুড়; (ত্রি.) পক্ষবান্, বিহঙ্গ, পক্ষী।

গরুতুল্য, (প্রা) গোবৎ; মূর্খ, মূঢ়, বোকা, গবা। [হাবা।

গরুন্যায়, (প্রা) গোবৎ; নির্ব্বোধ, মূর্খ, বোকা,

গরুদ্যোধী, পুং. [গরুৎ+যোধিন্] ভারতী পক্ষী, ভাঁরুই।

গরুরহাঁচি, (প্রা) উভয়সম্ভব, সন্দেহ, দ্বিধা, কল্প, কুকাপ, জঞ্জাল, অগ্রপশ্চাৎকণ্টক।

গর্গ, পুং. [গৃ+গ] মুনিবিশেষ; ব্রহ্মার-পুত্র; বাদ্যযন্ত্রের তালবিশেষ।
গর্গর, (প্রা) ক্রোধে অস্থির, আক্রোশ।
গর্গর, পুং. [গর্গ+র] মৎস্যভেদ, গাগরা-মাছ।
গর্গরী, স্ত্রী. [গর্গর+ঈ] মন্থনী, দধিমন্থন-পাত্র; কলসী, গাগরী, ক্ষুদ্রকলসী।
গর্গরীয়া, (প্রা) ক্রোধাবিষ্ট, ক্রোধান্ধ, রাঙ্গা-মুখ, কোপিত। [যোগনাবিক
গর্গাট, পুং. [গর্গ+অট] মৎস্যবিশেষ,
গর্চা, (প্রা) মৎস্যবিশেষ।
গর্জ্জ, ন. [গর্জ্জ+অ] হস্তীশব্দ; মেঘাদিশব্দ; নাদ, নিঃস্বন, শব্দ, ধ্বনি।
গর্জ্জক, পুং. [গর্জ্জ+অক] মৎস্যবিশেষ, গজাড়, শাল, শালজ।
গর্জ্জন, ন. [গর্জ্জ+অন] শব্দ, তৎপর্য্যায়।—ধ্বনি, স্বন, নিস্বন, স্বান, নাদ, নিনাদ, নিনদ, অনুনাদ, নির্হ্রাদ, সংহ্রাদ, নির্ঘোষ, ঘোষ, নিঘুষ্ট, রব, রাব, আরাব, বিরাব, সংরাব, আরব, ধ্বন, ধ্বান, নিধ্বান, মহাশব্দ, রণৎকার, কুণিন্দ; মেঘধ্বনি, মেঘনির্ঘোষ, জীমূতমন্দ্র, কোপ, ক্রোধ; অতিক্রোধ, অতিকোপ; যুদ্ধ, সংগ্রাম; ভর্ৎসন, তর্জ্জন; হিংস্রক পশু কিম্বা সর্পাদির ধ্বনি; বৃক্ষবিশেষ।
গর্জ্জনতৈল, (প্রা) তৈলভেদ।
গর্জ্জনী, (প্রা) গর্জ্জন; সিংহনাদ; মেঘশব্দ; ভর্ৎসন। [গর্জ্জনকারী।
গর্জ্জনীয়, ত্রি. [গর্জ্জ+অনীয়] নর্দ্দমান,
গর্জ্জর, ন. [গর্জ্জ+র] মূলবিশেষ, গাজর, তৎপর্য্যায়।—পিণ্ডমূল, পীতকন্দ, সুমূলক, স্বাদুমূল, সুপীত, নারঙ্গ, পীতমূলক, গৃঞ্জন।
গর্জ্জাফল, পুং. [গর্জ্জ+আ-ফল] বিকণ্টক-বৃক্ষ; যুদ্ধ; ভর্ৎসন; উত্তেজন।
গর্জ্জি, পুং. [গর্জ্জ+ই] মেঘশব্দ, ঘনস্বন।
গর্জ্জিত, পুং. ন. [গর্জ্জ+ইত] মেঘশব্দ; (পুং.) মত্তহস্তী, (ত্রি.) কৃতশব্দ।
গর্জ্জ্য, ত্রি. [গর্জ্জ+য] গর্জ্জনকারী, নাদী, রাবী।
গর্ত্ত, পুং. [গৃ+ত] ভূরন্ধ্র, তৎপর্য্যায়।—অবট, বিবর, বিল, রন্ধ্র, ভূবিশ্বভ্র, আবটি, আবটু, আবট, দর, স্বভ্র, পৃথিবী-রন্ধ্র, ছিদ্র, কুহর, শুষির, শুষি, শুষী, কূপ, গুহা, বিরোক, রোক, রুহক, রোপ, সঙ্কু, মর্করা, ভূক, দৃক্, নির্ব্বাথন, গাড়া, খাত, কুণ্ড, সন্ধিকা, কোষ্ঠ, অবটি; ত্রিগর্ত্তদেশ; কুকুন্দর; রোগ-ভেদ।
গর্ত্তাশ্রয়, ত্রি. [গর্ত্ত+আশ্রয়] গর্ত্তনিবাসী।
গর্ত্তিক, ত্রি. [গর্ত্ত+ইক] গর্ত্তসম্বন্ধীয়; গর্ত্ত-সমূহ। [ঘর।
গর্ত্তিকা, স্ত্রী. [গর্ত্ত+ইকা] তন্তুশালা, তাঁৎ-
গর্দ্দ-গর্দ্দান, (যাং) কণ্ঠ, গলা।
গর্দ্দানী, (যাং) গলহস্ত দিয়া বহিষ্কৃতকরণ।
গর্দ্দভ, পুং. [গর্দ্দ+অভ] জন্তুবিশেষ, গাদা, তৎপর্য্যায়।—চক্রীবান্, বালেয়, রাসভ, খর, রাশভ, শঙ্কুকর্ণ, ভারগ, ভূরিগম, ধূসরাহ্বয়; গন্ধ, বেশব, ধূসর, স্মরস্মৰ্য্য, চিরমেহী, পশুচরি, চারুপুঙ্খ, চারট, গ্রাম্যাশ্ব; গন্ধ, (ন.) শ্বেতকুমুদ; বিড়ঙ্গ; ভ্রমরভেদ অর্থাৎ গোবরিয়াপোকা।
গর্দ্দভগদ, পুং. [গর্দ্দভ+গদ] জ্বালাগর্দ্দভক-রোগ।
গর্দ্দভবৎ, ব্য. [গর্দ্দভ+বৎ] গর্দ্দভেরন্যায়; অজ্ঞান, মূর্খতারূপে। [বৃক্ষ।
গর্দ্দভশাক, পুং. [গর্দ্দভ+শাক] ব্রহ্মযষ্টি
গর্দ্দভশাকা, স্ত্রী. [গর্দ্দভ+শাকা] ব্রহ্মযষ্টি-বৃক্ষ, বামণহাটী।
গর্দ্দভশাখী, স্ত্রী. [গর্দ্দভ+শাখী] ভার্গী।
গর্দ্দভাজিন, ন. [গর্দ্দভ+অজিন] খরচর্ম্ম।
গর্দ্দভাণ্ড, পুং. [গর্দ্দভ+অণ্ড] বৃক্ষবিশেষ, গান্ধিভাট, গন্ধপিপ্পল, গর্দ্দপিপ্পলী, তৎপর্য্যায়।—কন্দরাল, কাপীতন, সুপার্শ্বক, প্লক্ষ, শুঙ্গী, প্লব, কমণ্ডলু, গর্দ্দভাণ্ড, প্লক্ষেশ, কন্দরালক, প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।
গর্দ্দভাহ্বয়, পুং. [গর্দ্দভ+আহ্বয়] কুমুদ।
গর্দ্দভিকা, স্ত্রী. [গর্দ্দভ+ইকা] ক্ষুদ্ররোগ-বিশেষ।

গর্দ্দভী, স্ত্রী. [গর্দ্দভ+ঈ] গর্দ্দভপত্নী, গাদী; ক্ষুদ্রজন্তুবিশেষ; গর্দ্দভিকারোগ; শ্বেতকণ্টকারী; কটভী; অপরাজিতা।

গর্দ্ধ, পুং. [গর্দ্ধ+অ] স্পৃহা, অত্যভিলাষ, ঔৎসুক্য, আগ্রহ; গর্দ্দভাণ্ডবৃক্ষ।

গর্দ্ধন, ত্রি. [গর্দ্ধ+অন] লুব্ধ, লোলুপ, জিঘৃক্ষু, লোলুভ; বুভুক্ষু।

গর্দ্ধী, ত্রি. [গর্দ্ধ+ইন্] লুব্ধ, বহ্বাশী; অত্যভিলাষী, অতীচ্ছ।

গর্প, (প্রা) ইতিহাস, উপন্যাস, গল্প।

গর্ব্ব, পুং. [গর্ব্ব+অ] অহঙ্কার, দর্প, দম্ভ, গরিমা, আত্মশ্লাঘা।

গর্ব্বর, ত্রি. [গর্ব্ব+র] গর্ব্বিত, দাম্ভিক।

গর্ব্বাট, পুং. [গর্ব্ব+আট] দ্বাঃস্থিত, দ্বারপাল, দ্বারী; রাজদূত।

গর্ব্বান্বিত, ত্রি. [গর্ব্ব+অন্বিত] অহঙ্কারী, দর্পী, দেমাকী।

গর্ব্বিত, ত্রি. [গর্ব্ব+ইত]দর্পী,দম্ভক,গর্ব্বযুক্ত, অহঙ্কৃত, দাম্ভিক, আত্মশ্লাঘী, দেমাকী

গর্ব্বী, ত্রি. [গর্ব্ব+ইন্] গর্ব্বিত, অহঙ্কারী।

গর্ব্ভ-গর্ভ, পুং. [গৃ+ভ] ভ্রূণ, কলন, কলল, পুখন, অন্তরাপত্য; শিশু; কুক্ষি; সন্ধি; পনসকণ্টক; মধ্য; অপবরক, সূতিকাগৃহ; গঙ্গাদির জল সন্নিহিতদেশ; অন্তঃপুর; অন্তর; উদর।

গর্ব্ভক, পুং. [গর্ব্ভ+ক] কেশমধ্যস্থিতমালা, খোপারমালা, মস্তকের পুষ্পমালা; (ন.) রজনীদ্বন্দ্ব, দুইরাত্রি, একদিন দুইরাত্রি।

গর্ব্ভকর, পুং. [গর্ব্ভ+কর] পুত্রজীববৃক্ষ; (ত্রি.) উৎপাদক, জনক।

গর্ব্ভকোষ, পুং. [গর্ব্ভ+কোষ] গর্ভাশয়, জরায়ু, গর্ভ, যোনি।

গর্ব্ভগৃহ, ন. [গর্ব্ভ+গৃহ] গর্ভাগার; সূতিকাগৃহ; রহস্যস্থান। [ধরণ, গর্ভাধান।

গর্ব্ভগ্রহণ, ন. [গর্ব্ভ+গ্রহণ] গর্ভধারণ; গর্ভ-

গর্ব্ভঘাতিনী, স্ত্রী. [গর্ব্ভ+ঘাতিনী] লাঙ্গলিকা বৃক্ষ; (ত্রি.) গর্ভস্থ সন্তান বিনষ্টকারিণী।

গর্ব্ভঘাতী, ত্রি. [গর্ব্ভ+ঘাতিন্] গর্ভস্রাবী।

গর্ব্ভচ্যুত, ত্রি. [গর্ব্ভ+চ্যুত] অকালজাত, অপূর্ণকালজ, গর্ভভ্রস্ত, পেটখসা।

গর্ব্ভচ্যুতি, স্ত্রী. [গর্ব্ভ+চ্যুতি] গর্ভস্রাব, গর্ভপাত, গর্ভবিস্রংসন

গর্ব্ভজ, ত্রি. [গর্ব্ভ+জ] গর্ভপ্রযুক্ত, ক্ষেত্রজ, গর্ভজাত। [নাভিরগাঁড়।

গর্ব্ভণ্ড, পুং. [গর্ব্ভ+অণ্ড] নাভিগুড়ক,

গর্ব্ভদ, পুং. [গর্ব্ভ+দ] পুত্রজীববৃক্ষ; (ত্রি) গর্ভকর, উৎপাদক, জনক।

গর্ব্ভদা, স্ত্রী. [গর্ব্ভদ+আ] স্বনামখ্যাতবৃক্ষ।

গর্ব্ভদাত্রী, স্ত্রী. [গর্ব্ভ+দাত্রী] ক্ষুপবিশেষ, গর্ভদাখ্যাত, তৎপর্য্যায়।—পুত্রদা, প্রজাদা, অপত্যদা, সৃষ্টিপ্রদা, প্রাণিমাতা, তাপসদ্রুম সন্নিভা।

গর্ব্ভদাস, পুং. [গর্ব্ভ+দাস] দাসীপুত্র

গর্ব্ভদ্রুক্, ত্রি. [গর্ব্ভ+দ্রুহ্] কৃত গর্ভস্রাব।

গর্ব্ভধারণ, ন. [গর্ব্ভ+ধারণ] গর্ভগ্রহণ, তৎপর্য্যায়।—গর্ভাধান, গর্ভিণীত্ব, গর্ভিণীভাব, সগর্ভতা, ধৃতগর্ভতা, পূর্ণগর্ভতা, সঞ্জাতগর্ভতা, গর্ভপোষণ, সসত্ত্বতা, আপন্নসত্ত্বতা, সগর্ভাবস্থা, অন্তরাপত্যতা, গর্ভনিষেক।

গর্ব্ভধারিণী, স্ত্রী. [গর্ব্ভ+ধারিণী] জননী, মাতা; গর্ভবতী।

গর্ব্ভধ্বংস, পুং. [গর্ব্ভ+ধ্বংস] গর্ভস্রাব, অকালপ্রভব, গর্ভনাশ।

গর্ব্ভনাড়ী, স্ত্রী. [গর্ব্ভ+নাড়ী] নাভিনালা, নাভিনাড়ী।

গর্ব্ভনুৎ, পুং. [গর্ব্ভ+নুৎ] কলিকারীবৃক্ষ, বিষলাঙ্গলিয়া। [গর্ভস্রাবী

গর্ব্ভপতিত, ত্রি. [গর্ব্ভ+পতিত] অকালজ,

গর্ব্ভপরিস্রব, পুং. [গর্ব্ভ+পরিস্রব] গর্ভাশয়, জরায়ু; গর্ভবেষ্টনচর্ম্ম, গর্ভপুষ্প।

গর্ব্ভপাকী, পুং. [গর্ব্ভপাক+ইন্] ষষ্টিকব্রীহি, ষেটেধান।

গর্ব্ভপাত, পুং. [গর্ব্ভ+পাত] পঞ্চ বা ষষ্ঠমাসে যাহার কঠিন শরীর জন্য গর্ভপতন অর্থাৎ গর্ভস্রাব, পেটফেলা, পেটখসা।

গর্ব্ভপাতক, পুং. [গর্ব্ভ+পাতক] রক্তশোভাঞ্জনবৃক্ষ; (ত্রি) গর্ভস্রাবী।

গর্ব্ভপাতন, পুং. [গর্ব্ভ+পাতন] রীঠাকরঞ্জ; গর্ভস্রাব।

গর্ব্ভপাতনী, স্ত্রী. [গর্ব্ভ+পাতনী] কলিকারী-বৃক্ষ [বৃক্ষ

গর্ব্ভপাতিনী, স্ত্রী. [গর্ব্ভ+পাতিনী] বিশল্যা-

গর্ব্ভপাতী, ত্রি. [গর্ব্ভপাত+ইন্] গর্ভপাতক।

গর্ব্ভপোষণ, ন. [গর্ব্ভ+পোষণ] গর্ভধারণ, গর্ভবহন, গর্ভিণীভাব।

গর্ব্ভবতী, স্ত্রী. [গর্ব্ভবৎ+ঈ] অন্তরাপত্যা, তৎ-পর্য্যায়।—গর্ভিণী,সগর্ভা, ধৃতগর্ভা,গর্ভ-ধারিণী, গৃহীতগর্ভা, আপ্তগর্ভা, সঞ্জাত-গর্ভা, প্ররূঢ়গর্ভা, সসত্বা,আপন্নসত্বা,অন্ত-র্বত্নী, উদরিণী, গুর্ব্বিণী, দ্বিহৃদয়া, দোহদবতী, গুর্ব্বী, পোয়াতি।

গর্ব্ভবৃৎ, (প্রা) গর্ভপুষ্প, জরায়ুফুল।

গর্ব্ভবেদনা, স্ত্রী. [গর্ব্ভ+বেদনা] প্রসববে-দনা।

গর্ব্ভরন্ধি, স্ত্রী. [গর্ব্ভ+রন্ধি] পাকনিষ্পত্তি।

গর্ব্ভরূপ, পুং. [গর্ব্ভ+রূপ] তরুণ।

গর্ব্ভশঙ্কু, পুং. [গর্ব্ভ+শঙ্কু] গর্ভশলাকা।

গর্ব্ভশয্যা, স্ত্রী. [গর্ব্ভ+শয্যা] গর্ভোৎপত্তি-স্থান।

গর্ব্ভশ্রাব-গর্ব্ভস্রাব, পুং. [গর্ব্ভ+শ্রাব-স্রাব] চতুর্থমাসপর্য্যন্ত শোণিতরূপ গর্ভের প-তন, গর্ভপাত, পেটখসা, অকালপ্রসব।

গর্ব্ভস্থ, ত্রি. [গর্ব্ভ+স্থ] অন্তরস্থ, গর্ভান্তর্বর্ত্তী।

গর্ব্ভস্থলী, স্ত্রী. [গর্ব্ভস্থল+ঈ] গর্ভস্থান, গর্ভা-শয়, যোনি, যোনী, গর্ভকোষ, জরায়ু, গর্ভ, কোষ, মাতৃকুক্ষি, উল্ব, কলল, চত্বাল, ধরা।

গর্ব্ভস্রাবী, পুং. [গর্ব্ভ+স্রাবিন্] হিন্তাল-বৃক্ষ; (ত্রি) গর্ভঘাতী।

গর্ব্ভা, স্ত্রী. [গর্ব্ভ+আ] কালান্তর, মধ্যকাল; কালবিভক্তি।

গর্ব্ভাগার, ন. [গর্ব্ভ+আগার] গৃহমধ্যভাগ; শয়নগৃহ; গৃহান্তর্গৃহ; বাসগৃহ; গর্ভা-শয়; প্রসবগৃহ, সূতিকাগার।

গর্ব্ভাঙ্ক, ন. [গর্ব্ভ+অঙ্ক] নাটকাঙ্কবিভেদ।

গর্ব্ভাধান, ন. [গর্ব্ভ+আধান] দশসংস্কা-রান্তর্গত প্রথম সংস্কার।

গর্ব্ভাশঙ্কা, স্ত্রী. [গর্ব্ভ+আশঙ্কা] গর্ভধারণ-সংশয়।

গর্ব্ভাশয়, পুং. [গর্ব্ভ+আশয়] জরায়ু, গর্ভ-শয্যা, গর্ব্ভস্থলী, গর্ভ, পেট।

গর্ব্ভাষ্টম, পুং. [গর্ব্ভ+অষ্টম] নিষেক-হইতে অষ্টমমাস, গর্ভজনন মাসাবধি অষ্টম মাস বা অষ্টবৎসর, দেবমাস।

গর্ব্ভিণী, স্ত্রী. [গর্ব্ভ+ইন্-ঈ] গর্ভবতী, গর্ভ-ধারিণী, গুর্ব্বিণী, অন্তরাপত্যা, পো-য়াতি; ক্ষীরাবৃক্ষ, ক্ষীরাই।

গর্ব্ভিণ্যবেক্ষণ, ন. [গর্ব্ভিণী+অবেক্ষণ] কুমারভৃত্যা, গর্ভিণীপরিচর্য্যা; প্রসব-করণীয়াবিদ্যা।

গর্ব্ভোৎপাদন, ন. [গর্ব্ভ+উৎপাদন] গর্ভ-গ্রহণ, গর্ভাধান, গর্ভধারণ, নিষেক, সেক, সেচন, আসেক, আসেচন।

গর্ব্ভোপঘাতিনী, স্ত্রী. [গর্ব্ভ+উপঘাতিনী] গর্ভপাতিনীগো,গবড়াফেলাগাই,বেহৎ।

গর্ম্মুৎ, স্ত্রী. [গৃ+ম+উৎ] তৃণধান্যবিশেষ, ময়না ধান, গড়্গড়্; স্বর্ণ; নড়।

গর্ম্মুচ্ছদ, পুং. [গর্ম্মু+ছদ] ব্রীহিভেদ, মাড়ুয়া। [মাড়ুয়া।

গর্ম্মুটিকা, স্ত্রী. [গর্ম্মুট+ইকা] ব্রীহিভেদ,

গর্ম্মোটিকা, স্ত্রী. [গর্ম্মোটিক+আ] জরড়ী-তৃণ।

গর্হণ, ন. [গর্হ+অন] নিন্দা, গর্হা, ভৎ-সন

গর্হণীয়, ত্রি. [গর্হ+অনীয়] নিন্দনীয়, দূষ-ণীয়, দূষ্য, কলঙ্কার্হ, ভৎসনীয়

গর্হা, স্ত্রী. [গর্হ+আ] নিন্দা, ভৎসনা, তির-স্কার।

গর্হিত, ত্রি. [গর্হ+ইত] নিন্দিত, জুগুপ্সিত, তিরস্কৃত, ধিক্কৃত, উপালব্ধ, অবরীণ।

গর্হ্য, ত্রি. [গর্হ+য] অধম, নিন্দ্য, নিন্দনীয়, নিন্দার্হ; দোষী, অপরাধী, অপরাদ্ধ, সাপরাধ, গর্হিত, দূষ্য, বাচ্য।

গর্হ্যবাদী, ত্রি. [গর্হ্য+বাদিন্] কদ্বদ, নিকৃ-ষ্টবাদী, অপভাষী, কুৎসাকারী।

গল, পুং. [গল+অ] কণ্ঠ, গলা; সর্জ্জরস, ধুনা; বাদ্যভেদ; গড়কমৎস্য; রজ্জু।

গল, (প্রা) নৌকাদির অগ্রভাগ, গলুই।

গলক, পুং. [গল+অক] গড়কমৎস্য।

গলকম্বল, পুং. [গল+কম্বল] গরুর গলদেশস্থিত কম্বলাকৃতিমাংস, সাস্নাকম্বল, বৃষের গলের লোলিতমাংস।
গলগণ্ড, পুং. [গল+গণ্ড] স্বনামখ্যাত রোগ, গরগণ্ড, গণ্ডি, গড়ু
গলগ্রহ, পুং. [গল+গ্রহ] ব্যঞ্জনবিশেষ, মৎস্যঘণ্ট; তিথিবিশেষ; শ্বাসাবরোধ, কণ্ঠরোধ; (প্রা) ত্যাগাশক্ত।
গলতি, (প্রা) দ্রবকরা; স্রবণ, ক্ষরণ; ছাড়িয়া, যাওন; দোষ।
গলদেশ, পুং. [গল+দেশ] গ্রীবা, কন্ধর, শিরোধি, গলবিরোধরা, কণ্ঠ, মস্তকমূলক।
গলন, ন. [গল্+অন] দ্রবহওন, পাকন, পচন, এড়ন, স্রবণ, ঝরণ।
গলনি, (প্রা) গলতি।
গলনীয়, ত্রি. [গল্+অনীয়] দ্রবণীয়, দ্রবার্হ, দ্রাব্য, দ্রাবণীয়, বিদ্রাব্য, যাব্য, বিলপনীয়, লীন, আর্দ্র, ক্ষরণীয়।
গলন্তিকা, স্ত্রী. [গল্+অন্তিকা] কর্করী, স্বল্পবারিধানিকা, ছোটকুঁজা; গাড়ু।
গলপীড়ন, ন. [গল+পীড়ন] গলহস্ত, কণ্ঠপীড়ন। [বস্ত্র।
গলবস্ত্র, ন. [গল+বস্ত্র] গলদেশে সংবেষ্টন-
গলব্রত, পুং. [গল+ব্রত] ময়ূর।
গলভঙ্গ, পুং. [গল+ভঙ্গ] স্বরভঙ্গ, স্বরভেদ, স্বররুক্ষতা; স্বরগম্ভীরতা, স্বরভগ্নতা, কল্লতৃ, কণ্ঠবদ্ধ, ঘোঙ্গরানি।
গলমেখলা, স্ত্রী. [গল+মেখলা] গলসূত্র; কণ্ঠাভরণবিশেষ, সুত্রালী।
গলরোগ, পুং. [গল+রোগ] কণ্ঠরোগ।
গলশুণ্ডিকা, স্ত্রী. [গল+শুণ্ডিকা] তালূর্দ্ধসূক্ষ্মজিহ্বা, আলজিব, তৎপর্য্যায়।— সুধাস্রবা, ঘণ্টিকা, লম্বিকা, রসাঙ্কা, প্রতিজিহ্বিকা, মাধ্বী, অলিজিহ্বিকা, উপজিহ্বা।
গলস্তনী, স্ত্রী. [গল+স্তনী] ছাগী, অজা।
গলহস্ত, পুং. [গল+হস্ত] গলগ্রহণ, গলদেশে হস্ত প্রদান, গলাধাক্কা, গলাটিপি।

গলা, স্ত্রী. [গল+আ] অলম্বুষা (প্রা) গলদেশ, কণ্ঠ, গল, গ্রীবা, কন্ধর; গলিত, দ্রবীভূত; কুঁজার গলা; উচ্চশব্দ, অতিশব্দ।
গলাখুস্কী, (প্রা) কাসশ্বাস, প্রতিক্ষুত।
গলাখুষ্খুষণী, (প্রা) গলকণ্ডূয়ন।
গলাগলা-গলাগলি, (প্রা) সমাশ্লিষ্ট, পরস্পর আলিঙ্গন, স্কন্ধাস্কন্ধি।
গলাঙ্কুর, পুং. [গল+অঙ্কুর] গলরোগবিশেষ, রৌহিণী।
গলাচাপন, (প্রা) কণ্ঠপীড়ন, শ্বাসরোধন।
গলাট, (প্রা) জীর্ণ, পচা, দ্রবীভূত, স্ফুটিত, বিকৃত, গলিত।
গলাটল, (প্রা) গলাটেপা।
গলাটিপন-গলাটিপা-গলাটিপী, (প্রা) গলহস্ত, গলাধাক্কা।
গলাটিয়া, (প্রা) জীর্ণ, পচা, দ্রবীভূত।
গলাদানব, (প্রা) গলাচাপন
গলাধঃকরণ, ন. [গল+অধঃকরণ] পীর্ণি; গিলন।
গলাধরণ, (প্রা) আলিঙ্গন।
গলাধরা, (প্রা) স্বরভঙ্গ
গলাধাক্কা, (প্রা) গলহস্ত, গলাটিপি।
গলান, (প্রা) গলিত, দ্রুত।
গলানিক, পুং. [গল+অনিক] মৎস্যবিশেষ।
গলানিয়া, (প্রা) দ্রাবক, দ্রবকর্ত্তা।
গলানিক-গলাবিক, পুং. [গলন+ইক] মৎস্যবিশেষ, গঙ্গাটেয়।
গলানিল, পুং. [গল+অনিল] মৎস্যবিশেষ, গঙ্গাটেয়।
গলাবদ্ধ, (প্রা) গ্রীবাবস্ত্র, গলবস্ত্র।
গলাবিল, পুং. [গল+আবিল] মৎস্যবিশেষ, গলানিল।
গলাভাঙ্গা, (প্রা) স্বরভঙ্গ; ঘোঙ্গরা।
গলার্কম্বল, (প্রা) গলকম্বল।
গলারগহনা, (প্রা) কণ্ঠাভরণ, কণ্ঠমালা, গ্রৈব, গ্রৈবেয়ক, কণ্ঠভূষা, হার, মালা, সূত্র, উরঃসূত্র, কণ্ঠলতা, লম্বন, প্রলম্ব, প্রালম্বিকা, তরল, ললন্তিকা, মণিমালা, রত্নাবলী, মণিসর।
গলারঘা, (প্রা) কণ্ঠক্ষত।

গলার্ থলী, (প্রা) পক্ষীজঠর, উপজঠর, পূর্ব্বজঠর, পক্কাশয়। [বেদনা।
গলার্ বাথা, (প্রা) কণ্ঠরোগবিশেষ, গল-
গলাস-গলাসী, (প্রা) গবাদির গলবন্ধনরজ্জু, গলপাশ, ফাঁসী, গিরা।
গলাসীগিরা, (প্রা) আল্‌গাগিরা, ফস্‌কাগিরা সর্‌কাগিরা, ফাঁস।
গলি, (প্রা) অল্পপরিসরপথ, সঙ্কীর্ণপথ, সঙ্কটপথ, সম্বাধপথ, সঙ্কুচিতপথ, ক্ষুদ্রপথ, বীথি, সঙ্কটমার্গ, সম্বাধবীথী, সঙ্কট, দুর্গমার্গ, সঞ্চর, দুর্গ, সঞ্চার, কন্দর, কন্দরী, ব্যায়াস, ঘর্ঘর, রন্ধ্র, গুহা; পর্ব্বত মধ্যে সম্বাধ পথ; হস্ত পাদের অঙ্গুলীর মধ্যভাগ; নৌকাদির অগ্র-ভাগ, গলুই।
গলি, পুং. [গল + ই] দুষ্টবৃষ, গড়িয়াগরু, শক্তিবিশিষ্ট ধুরবাহক আলস্যবৃষ।
গলিঘুঁজী, (প্রা) অল্পপরিসর, বক্রপথ।
গলিত, ত্রি. [গল+ইত] পতিত, তৎপর্য্যায়। —স্রস্ত, ধ্বস্ত, ভ্রষ্ট, স্কন্ন, পন্ন, চ্যুত, নিপতিত, বিগলিত, প্রপতিত, প্রভ্রষ্ট, দ্রবীভুত, ক্ষরিত, আর্দ্রীকৃত, দ্রবীকৃত, দ্রুত, দ্রাবিত, বিদ্রুত, বিদ্রাবিত, লীন, নিলীন, বিলীন, গালিত, পরিগলিত, দ্রবমাণ, অবদীর্ণ।
গলিতকুষ্ঠ, ন. [গলিত+কুষ্ঠ] অচিকিৎস্য-কুষ্ঠ, অপ্রতিকার্য্য ব্যাধি; মহাব্যাধি; কুড়িকুষ্ঠ।
গলিতকুষ্ঠী, ত্রি. [গলিতকুষ্ঠ+ইন্] গলিত-কুষ্ঠরোগবিশিষ্ট।
গলিতদন্ত, ত্রি. [গলিত + দন্ত] অদন্ত, দন্ত-হীন, নীরদ। [অপুনর্ভব।
গলিতনখ, ত্রি. [গলিত+নখ] নির্নখ, খণ্ডক
গলিতনয়ন, ত্রি. [গলিত+নয়ন] অন্ধ, দৃষ্টি-হীন, আঁধলা।
গলিতাদর, ত্রি. [গলিত+আদর] সাপমান, কলঙ্কিত, অবজ্ঞোপহত।
গলিয়া, (প্রা) নৌকার অগ্রভাগস্থিত ব্যক্তি।
গলী, (প্রা) অল্পপরিসর পথ।
গলীজ্, (যাং) অপরিষ্কৃতস্থান, ময়লাটিয়া।
গলু, পুং. [গল+উ] মণিবিশেষ।
গলুই, (প্রা) গল, নৌকাদির অগ্রভাগ।
গল্‌গল্, (প্রা) বাবদুকতা, বাচালতা।
গল, পুং. [গল্+অ] মণিবিশেষ।
গলেগণ্ড, পুং. [গলে+গণ্ড] পক্ষীবিশেষ, মর্কট।
গলেস্তনী, স্ত্রী. [গলে+স্তনী] ছাগী।
গল্প, (প্রা) ইতিহাস, কথোপকথন, উপন্যাস, কল্পিতকথা, উপকথা।
গল্পীয়া, (প্রা) বাচাল, বহুভাষী; অলীকবাদী।
গল্‌ভ, ত্রি. [গল্‌ভ্+অ] অহঙ্কারী, সাহসিক।
গল্যা, স্ত্রী. [গল্+য] গলসমূহ, কণ্ঠসমূহ। তৃণগুচ্ছভেদ।
গল্ল-গল্লক, পুং. [গল+ল+ক] গণ্ড, গালখ্যাত।
গল্লচাতুরী, স্ত্রী. [গল্ল+চাতুরী] উপধান-বিশেষ, গালবালিশ।
গল্লাচিঙ্গড়ি, (প্রা) স্বনামখ্যাত মৎস্যবিশেষ।
গল্লান, (প্রা) আটিবন্ধন, গুচ্ছকরণ।
গল্বর্ক, পুং. [গলু+অর্ক] চষক, মদ্যপান-পাত্র; ইন্দ্রনীলমণি।
গস্‌গস্, (প্রা) সত্বর, উত্তপ্ত; লোকসমারোহ।
গস্‌গসান, (প্রা) উত্তপ্ত হওন; ক্রোধান্বিতা প্রকাশন।
গস্‌গসিয়া, (প্রা) ত্বরিত, ত্বরাক্রান্ত।
গস্ত্, (যাং) বিহরণ।
গস্তান, (প্রা) বেশ্যা, বারাঙ্গনা, গণিকা, খা-নৃকী, কসবী।
গস্তানী, (প্রা) কামুকা, কামাতুরা, স্বেচ্ছা-চারিণী, ব্যভিচারিণী, নষ্টা, দুষ্টা, খুল্ল সুখাভিলাষিণী, ইন্দ্রিয়পরায়ণা, ইন্দ্রিয়-দোষ সম্বন্ধীয়া। [কুকুর ধ্বনি।
গহ্‌গহ, (প্রা) লোকারণ্য, জনতা, হড়, ভিড়,
গহন, ত্রি. [গহ+অন] দুর্গম, দুষ্প বেশ, কলিল (ন.) বন; গহ্বর; দুঃখ।
গহনা, (প্রা) অলঙ্কার, আভরণ, বিভুষণ, ভূষণ।
গহরা, (প্রা) গভীর, গম্ভীর, অগাধ, দহ; অতলস্পর্শ; গভীরতা।
গহরী, (প্রা) বিলম্ব, গৌণ, দীর্ঘপ্রসূতা, গতি-ক্রিয়া, ব্যাজ।

গহীর-গহেরা, (প্রা) গম্ভীর, অতলস্পর্শ, দহ।
গহ্বর, ন. [গহ্+বর] গুহা; দম্ভ; বন; রোদন; (পুং.) নিকুঞ্জ।
গহ্বরিত, ত্রি. [গহ্বর+ইত] গুপ্ত, ছাদিত, অন্তর্হিত।
গহ্বরী, স্ত্রী. [গহ্বর+ঈ] গুহা।
গা, (প্রা) শরীর, দেহ, কায়, গাত্র, মূর্ত্তি, অঙ্গ, বপু, কলেবর, বর্ষ্ম, বিগ্রহ, সংহনন, তনু, করণ; বাহুভাগ।
গা, স্ত্রী. [গৈ+আ] গাথা, কবিতা, ছন্দঃ।
গাই, (প্রা) স্ত্রীগো।
গাইগরু, (প্রা) গাভী, গো, গৌ, শৃঙ্গিণী, তম্পা, তম্বা, মাহা, মাহেয়ী, রোহিণী, ধেনু, নিলিম্পা, পীবরী, সুরভী, সৌরভেয়ী, উস্রা, অর্জ্জুনী, অঘ্না।
গাইন, (প্রা) গায়ক, গাতা, গায়ন, গাতু, গাথক, গাথাকার, গেষ্ণু, গেষ্ণ, উদ্গাতা, গীতকুশল, গাথিয়া, গানকর্ত্তা, কীর্ত্তনে; গাইয়া।
গাইল, (প্রা) গালি, বাক্‌পারুষ্য, কটুবাক্য, কটূক্তি।
গাঈ, (প্রা) গাভী।
গাওজলপাজল, (প্রা) বমনেচ্ছা।
গাওজোরী, (প্রা) দৃঢ়াঙ্গতা, মাংসলতা, বীর্য্য, শরীর দৃঢ়তা; গোঁয়ারী।
গাওন, (প্রা) গানকরণ, গীতগাওন।
গাওন্‌দার, (প্রা) গানকরণ, গীতগাওন; নৌকাতলে ছিদ্রপ্রতিবন্ধক, কালাপাতিকর; যে গেয়ে দেয়।
গাওনা, (প্রা) সংগীত।
গাওনী, (প্রা) গায়কের বেতন; গাওনদার; কালাপাতী।
গাং, (প্রা) নদ; গঙ্গা।
গাংকঈ, (প্রা) মৎস্যবিশেষ।
গাংচি, (প্রা) তণ্ডুলভেদ।
গাঁ, (প্রা) গ্রাম, বহুজন বসতিস্থান, পল্লিগ্রাম, নিবসথ, অবসথ, উপবসথ, সংবসথ, প্রতিবসথ, সদ্বসথ, পল্লী, কটক, খেটক, পত্র, গ্রামস্থ।
গাঁই, (প্রা) গ্রামসম্বন্ধীয়; গ্রাম্য।
গাঁইট-গাইঠ, (প্রা) গ্রন্থি, বন্ধ, গ্রন্থিকা, গণ্ড, গাঁটি, গিরা; মোটা, পুলিন্দা, বস্তা।
গাঁইটকাটা-গাঁইঠকাটা, (প্রা) কুন্তিল, গ্রন্থিচ্ছেদক, গ্রন্থিভেদক, চোর।
গাঁইটছড়া, (প্রা) বর কন্যার বস্ত্রগ্রন্থি।
গাঁইটশূলা, (প্রা) গ্রন্থিবেদনা
গাঁইড়, (প্রা) গুহ্য, গুদ, পায়ু, মৈত্র, অপান, পোঁদ
গাঁইন, (প্রা) গায়ক, গানকর্ত্তা।
গাঁইয়া, (প্রা) গ্রাম্য; একগ্রামস্থ। [গর্জ্জন।
গাঁগাঁ, (প্রা) গ্রামে গ্রামে; ব্যাঘ্রগর্জ্জন; গো-
গাঁজন, (প্রা) দ্রবদ্রব্যের বিকৃতি, ফেণা উঠান
গাঁজলা, (প্রা) ফেণযুক্ত; সদ্যপ্রসূতা গাবীর দুগ্ধ। [শন।
গাঁজা, (প্রা) মাদকদ্রব্যবিশেষ, গঞ্জ, ইন্দ্রা-
গাঁটরি, (প্রা) গাঁইট।
গাঁটা, (প্রা) গুপ্তেশ্রবণ।
গাঁটি, (প্রা) গ্রন্থি, গাঁইট; বোচ্‌কী।
গাঁটিকাটা, (প্রা) গ্রন্থিচ্ছেদক।
গাঁটীবন্দী, (প্রা) নিবদ্ধ, গ্রন্থিবন্ধ।
গাঁঠরি, (প্রা) পুটলি, পোটলিকা বস্ত।
গাঁঠলী, (প্রা) মন্ত্রপূর্ব্বক বিষবন্ধন।
গাঁঠি, (প্রা) গ্রন্থি, গাঁইট।
গাঁড়, (প্রা) স্ফীতনাভি, উত্তুঙ্গনাভি; গুহ্য, পায়ু। [ভেলা।
গাঁড়পোল, (প্রা) পানিভেলাপক্ষী, গগণ-
গাঁড়ার, (প্রা) গণ্ডার; জাতিবিশেষ।
গাঁড়ি, (প্রা) গুহ্য, পায়ু, গুদ।
গাঁড়িয়া, (প্রা) গুদমৈথুনকর্ত্তা, গুদমৈথুনকারী, পুংমৈথুনকৃৎ, পায়ুশৃঙ্গারকারী, গুহ্যরমণক। [ণক বিবাদ।
গাঁড়িয়াগুদলি, (প্রা) পরস্পর নীচভাষা কর-
গাঁড়া, (প্রা) গ্রন্থিত।
গাঁড়াল, (প্রা) সূত্রবিদ্ধ, গ্রন্থিত।
গাঁথন-গাঁথনি, (প্রা) গ্রন্থন, গিরাদেওন, গঠন, ধোড়ন।
গাঁথা, (প্রা) গ্রন্থিত।
গাঁধালী, (প্রা) লতাবৃক্ষবিশেষ
গাঁধি, (প্রা) দুর্গন্ধ।

গাঁধিপোকা, (প্রা) পেদোপোকা।
গাকাঁটা, (প্রা) রোমহর্ষ, লোমাঞ্চ, রোমোদ্গম, পুলক।
গাখসা, (প্রা) গর্ভস্রাব, গর্ভপাত।
গাগট, (প্রা) মৎস্যবিশেষ।
গাগর, (প্রা) জম্বীরভেদ।
গাগরী, (প্রা) ক্ষুদ্রকলসী, গর্গরী, ঘট।
গাগী, (প্রা) শুকপক্ষীবিশেষ
গাঙ্গ, ত্রি, [গঙ্গা+অ] গঙ্গাসম্ভূত; (পুং.) ভীষ্ম; কার্ত্তিকেয়।
গাঙ্গট, পুং. [গাঙ্গ+অট] মৎস্যভেদ, চিঙ্গড়ি মাছ।
গাঙ্গটক, পুং. [গাঙ্গট+ক] গাঙ্গটমৎস্য।
গাঙ্গটেয়, পুং. [গাঙ্গট+এয়] গাঙ্গটমৎস্য।
গাঙ্গায়নি, পুং. [গঙ্গা+আয়ন-ই] ভীষ্ম; কার্ত্তিকেয়।
গাঙ্গেয়, ন. [গঙ্গা+এয়] স্বর্ণ; ধুস্তুর; কশেরু; মুস্ত; (পুং.) ভীষ্ম; কার্ত্তিকেয়; ইল্লীশমৎস্য; ভদ্রমুস্ত। [তণ্ডুলা।
গাঙ্গেরুকী, স্ত্রী. [গাঙ্গ+ঈর+উকী] গোরক্ষ-
গাঙ্গেষ্ঠী, স্ত্রী. [গাঙ্গ+ইষ্ঠী] কটশর্করালতা, নটাপ্রসিদ্ধ।
গাঙ্গৌঘ, ন. [গাঙ্গ+ওঘ] গঙ্গার স্রোত।
গাচা, (প্রা) বৃক্ষ; লতা; সংখ্যাবাচক শব্দের পর স্বার্থে প্রযুজ্য প্রত্যয়।
গাছ, (প্রা) বৃক্ষ, তরু, দ্রুম; সংখ্যাবাচক শব্দের পরস্বার্থে প্রযুজ্য প্রত্যয়, যথা—একগাছচুল, একগাছদড়ি।
গাছড়া, (প্রা) উদ্ভিদ্, উদ্ভিজ্জ, শাকসম্বন্ধী
গাছড়িয়া-গাছুয়া, (প্রা) বৃক্ষারোহণে নিপুণ।
গাছদা, (প্রা) দাত্র।
গাছমরিচ, (প্রা) লঙ্কা।
গাছাকড়মা, (প্রা) কৃশ, জীর্ণ, সরু।
গাছান, (প্রা) অঙ্কুরণ, গজান; বৃক্ষারোহণ, চড়ন।
গাছী, (প্রা) লতাবিশেষ।
গাজন, (প্রা) চৈত্রসংক্রান্তিতে বাণরাজ কৃত পর্ব্ব, শিবের উৎসব, শৈবসম্প্রদায়।
গাজর, (প্রা) শাকবিশেষ; মূলবিশেষ।
গাঞ্জিকায়, পুং. [গাঞ্জি+কায়] বর্ত্তকপক্ষী।

গাড়, (প্রা) গর্ত্ত, আকর; গাড়া, প্রোথন।
গাড়ন, (প্রা) প্রোথিতকরণ, পোতন, মৃত্তিকায় প্রবেশকরান।
গাড়বান, (প্রা) সারথি, ছকড়াওয়ালা।
গাড়বানী, (প্রা) সারথিকর্ম্ম।
গাড়র-গাড়ল, (প্রা) মেষ, গড্ডলিকা, ভেড়া, মেড়া
গাড়রিয়া-গাড়লিয়া, (প্রা) মেষবিক্রেতা; মেষ পালক, রাখাল।
গাড়া, (প্রা) গর্ত্ত, গহ্বর; পোতা।
গাড়ি-গাড়ী, (প্রা) শকট, গন্ত্রী, গন্ত্রীরথ, চক্রযান, বাহন, অনস্, চাতুর, প্রবহণ, যান, বাহ, চঙ্কুর; গর্ত্ত।
গাড়ীআন্-গাড়ীবান্-গাড়ীবালা, (প্রা) শকটাদিচালক, সূত, সারথি, যন্তা, যন্তৃ, নিয়ন্তা, নিয়ন্তৃ, চাতুরিক, বাহক, প্রবহণবাহক, রথবাহক, প্রাজক, প্রাজিতা, ক্ষত্তা, হয়ঙ্কষ, সাদি, দক্ষিণস্থ, চাক্রিক, প্রচেতা, প্রচেতৃ, শাকটিক, শকটবাহক, গন্ত্রীবাহক, যাতা, যাতৃ।
গাড়ীবাহক, (প্রা) শকটবাহক।
গাড়ু, (প্রা) ভৃঙ্গার, ঝারী, গড্ডুক; কুঁজ; গলগণ্ড।
গাঢ়, ন. [গাহ্+ত] অতিশয়দৃঢ়, শক্ত, ঘন, (ত্রি.) তদ্যুক্ত।
গাঢ়তা, স্ত্রী. [গাঢ়+তা] দৃঢ়তা।
গাঢ়দধি, ন. [গাঢ়+দধি] উত্তমদধি।
গাঢ়প্রবাস, পুং. [গাঢ়+প্রবাস] চিরপ্রবাস।
গাঢ়প্রবাসী, ত্রি. [গাঢ়+প্রবাসিন্] চিরপ্রবাসশীল।
গাঢ়প্রীতি-গাঢ়প্রেম, স্ত্রী. ন. [গাঢ়+প্রীতি-প্রেমন্] অত্যন্ত প্রণয়, অত্যনুরাগ।
গাঢ়মুষ্টি, পুং. [গাঢ়+মুষ্টি] খড়্গ; (ত্রি.) দৃঢ়মুষ্টি, বদ্ধমুষ্টি, অমুক্তহস্ত; কৃপণ।
গাঢ়া, (প্রা) গহ্বর, গর্ত্ত; নিবিড়ারণ্য; ঘনীভূত।
গাঢ়াবটী, স্ত্রী. [গাঢ়া+বটী] চতুরঙ্গক্রীড়া মধ্যে ক্রীড়াবিশেষ।
গাঢ়ালিঙ্গন, ন. [গাঢ়+আলিঙ্গন] কোলাকোলি, অত্যাশ্লেষ।

গাণপত, ত্রি. [গণপতি+অ] গণেশসম্বন্ধী; সৈন্যাধ্যক্ষসম্বন্ধী।

গাণপত্য, ত্রি. [গণপতি+য] গণেশোপাসক; গণপতিসম্বন্ধী; (ন.) গণপতিভাব। [বেশ্যা।

গাণিক্য, ন. [গণিকা+য] গণিকাসমূহ, বহু-

গাণ্ডার, (প্রা) গণ্ডার, খড়্গী, খড়্গ, একশৃঙ্গ গণ্ড, গণ্ডক, গণ্ডাঙ্গ, একচর, বনোৎসাহ, তৈতিল।

গাণ্ডিব-গাণ্ডীব, পুং.ন. [গণ্ড+ইব-ঈব] অর্জ্জুনধনু; ধনুর্ম্মাত্র, কার্ম্মুক।

গাণ্ডীবী, পুং. [গাণ্ডীব+ইন্] অর্জ্জুন; অর্জ্জুনবৃক্ষ। [গলা আহার।

গাণ্ডেপিণ্ডে, (প্রা) আকণ্ঠভোজন, গলা-

গাতা, ত্রি. পুং. [গৈ+তৃ] গায়ক

গাতু, পুং. [গৈ+তু] কোকিল; ভ্রমর; গ-; (ত্রি.) রোষণ; গায়ন।

গাতুয়া-গাতুলসিয়া, (প্রা) অলস, আলস্য, আলস্যশীল, তন্দ্রালু, মন্দ, ক্রিয়াসুমন্দ, অনুদ্যোগী, নিরুদ্যোগী, নিরুৎসাহ, নিরুদ্যম, অপ্রযত্ন, প্রযত্নশূন্য, লঘুপ্রযত্ন, ব্যবসায়ী, জড়, কুণ্ঠ, কার্য্যদ্বেষী, কার্য্যবিমুখ, উদাসীন, নিশ্চেষ্ট, মন্থর, মন্দর, অকর্ম্মশীল, মনাক্কর, শীত, অসুষ্ঠু, ক্লীব, মন্দগতি, নিষ্কর্ম্মা, নিষ্কর্ম্মক, অকর্ম্মা, অক্রিয়, নির্ব্যাপার, সাবকাশ।

গাতৃ, পুং. [গৈ+তৃ] গায়ক।

গাতোলন-গাতোলা, (প্রা) গাত্রোত্থান, আসনাদি হইতে উঠন।

গাত্র, ন. [গা+ত্র] হস্ত পাদাদ্যবয়ব সমুদয়, গা, তৎপর্য্যায়।—কলেবর, বপু, সংহনন, শরীর, বর্ষ্ম, বিগ্রহ, কায়, দেহ, মূর্ত্তি, তনু, তনু, অঙ্গ, ইন্দ্রিয়ায়তন, ক্ষেত্র, ভূষণ, মৎকরণ, বের, সঞ্চর, ঘন, বন্ধ, পুর, পিণ্ড, পুদ্গল, ভূতাত্মা, স্বর্গলোকেশ, স্কন্ধ, পঞ্জর, কুল, বল, করা, ধড়; হস্তীর পূর্ব্ব জঙ্ঘাদিদেশ, হস্তীর অগ্রপাদাদি সম্মুখভাগ।

গাত্রকণ্ড-গাত্রকণ্ডুয়া, স্ত্রী. [গাত্র+কণ্ড] খোস, চুলকনা, পাচড়া, খুজলী।

গাত্রকর্ষণ, ত্রি. [গাত্র+কর্ষণ] ক্ষীণমাংস, কৃশাঙ্গ।

গাত্রপাক, (প্রা) শিরোকম্প, ঘূর্ণন, ঘূর্ণি, ভ্রমর, ভ্রামর, ভ্রমি, চক্ষুরাদি চাপল্য, প্রমাদ, ঘুমরী, মাথাঘোরা, ঘূরণা, গাঘোরা।

গাত্রবেদনা-গাত্রব্যথা, (প্রা) শরীরেরব্যথা, সর্ব্বাঙ্গপীড়া।

গাত্রভঙ্গা, স্ত্রী. [গাত্র+ভঙ্গা] শূকশিম্বী।

গাত্রভঙ্গি, পুং. [গাত্র+ভঙ্গি] অঙ্গের-বিকৃতি। [অঙ্গঘর্ষণ।

গাত্রমর্দ্দক-গাত্রমর্দ্দন, ত্রি. [গাত্র+মর্দ্দক-ন]

গাত্রমার্জ্জনী, স্ত্রী. [গাত্র+মার্জ্জনী] শরীর-মার্জ্জনার্থবস্ত্র, গামোছা।

গাত্রসংপ্লব, পুং. [গাত্র+সংপ্লব] প্লবপক্ষী।

গাত্রসঙ্কোচী, পুং. [গাত্র+সঙ্কোচিন্]জাহকজন্তু, খট্টাসেরন্যায় পশুবিশেষ।

গাত্রসম্মিত, পুং. [গাত্র+সম্মিত] গাত্রাবয়বোৎপত্তি।

গাত্রানুলেপনী, স্ত্রী. [গাত্র+অনুলেপনী] গাত্রানুলেপনযোগ্য সুগন্ধিদ্রব্য, বর্ত্তি, বর্ণক, বিলেপন, অভ্যঞ্জন, মর্দ্দনদ্রব্য, উপদেহ।

গাত্রোত্থান, ন. [গাত্র+উত্থান] গাতোলন, উঠন। [নুলেপনী।

গাত্রোৎসাদন, ন. [গাত্র+উৎসাদন] গাত্রা-

গাথক, ত্রি. [গৈ+থক] গায়ক।

গাথা, স্ত্রী. [গৈ+থা] শ্লোক; সংস্কৃতের অন্যভাষা, প্রাকৃতভাষা; গেয়, গীত; বৃত্ত, অক্ষর সংখ্যাতপদ্য, ছন্দঃ

গাথাকার-গাথিক, পুং. [গাথা+কার-ইক] গায়ক, গানকর্ত্তা।

গাথিনী, স্ত্রী. [গাথা+ইনী] ছন্দোবিশেষ।

গাদ, (প্রা) মল, কল্ক, কাইট, খাঁকরি, গর্দ্দা, সিটা, তলানী, ছাকনা, খাইদ।

গাদন, (প্রা) দৃঢ়করণ, ঠাসন, পোতন, ঠোকন।

গাদনি, (প্রা) ঠাসনি, দৃঢ়করণী।

গাদপুনর্নবা-গাদপুণ্যা, (প্রা) লতাবৃক্ষবিশেষ।

গাদবন্যা, (প্রা) বার্ষিক লতাবৃক্ষবিশেষ।

গাদা, (প্রা) গর্দ্দভ; রাশি, স্তূপ, ঢেরি,ঢালা; ঠাসা; বিংশতি দিস্তা কাগজ।
গাদাগাদি, (প্রা) পরস্পর ঠাসাঠাসি; স্তূপোপরিস্তূপ।
গাদি-গাদী, (প্রা) রাশীকৃত, স্তূপ, কাঁড়ি, ঢিবি; বেদী; বিংশতি দিস্তা কাগজ।
গাদীপতি, (প্রা) আড্ডাধারী, সন্ন্যাসী সম্প্রদায়ের শ্রেষ্ঠ, মহন্ত।
গাদুলস্যা, (প্রা) আলসিয়া, অকর্ম্মঠ।
গাদুলস্যামি, (প্রা) আলস্যামি, আলস্য, জড়তা, কুড়্যামি, গতর্জ্জমা,গাফেলী,হেলা, ঢিলাম, গোড়িয়ামী, সুস্তিপনা, গড়িমসি।
গাধ, পুং. [গাধ্+অ] স্থান; লিপ্সা, স্পৃহা; (ত্রি) অগভীর।
গাধা, (প্রা) গর্দ্দভ; নির্ব্বোধ, মূঢ়।
গাধাবৎ, (প্রা) গর্দ্দভসদৃশ; অজ্ঞান।
গাধি, পুং. [গাধ্+ই] চন্দ্রবংশীয় কুশিকরাজপুত্র, কান্যকুব্জ দেশের রাজা বিশ্বামিত্র মুনির পিতা।
গাধিজ, পুং. [গাধি+জ] বিশ্বামিত্রমুনি।
গাধিপুর, ন. [গাধি+পুর] কান্যকুব্জদেশ।
গাধিভূ, পুং. [গাধি+ভূ] বিশ্বামিত্রমুনি।
গাধী, (প্রা) গর্দ্দভী।
গাধেয়, পুং. [গাধি+এয়] বিশ্বামিত্রমুনি।
গান, ন. [গৈ+অন] গীত, গেয়, গীতি, গান্ধর্ব্ব, গাথা, গা, গ, খেলী, কাকলী, কীর্ত্তন; ধ্বনি।
গানকর্ত্তা, পুং. [গান+কর্ত্তৃ] গায়ক।
গানবিদ্যা, স্ত্রী. [গান+বিদ্যা] সংগীতশাস্ত্র।
গানিনী, স্ত্রী. [গান+ইনী] বচা।
গানীয়, ত্রি. [গান+ঈয়] সুস্বরযুক্ত, সুশ্রাব্য।
গান্তু, ত্রি. [গম্+তু] গন্তা; গাথক।
গান্ত্রী, স্ত্রী. [গম্+ত্রী] গন্ত্রী, বৃষবাহ্য শকট, গরুরগাড়ি।
গান্দিনী, স্ত্রী. [গো+দ+ইনী] গঙ্গা; অক্রুরমাতা।
গান্দিনীসুত, পুং. [গান্দিনী+সুত] ভীষ্ম; অক্রূর।
গান্ধর্ব্ব, পুং. [গন্ধর্ব্ব+অ] গন্ধর্ব্ব; অষ্টপ্রকার বিবাহান্তর্গত বিবাহবিশেষ; (ন.) গান; (ত্রি) গন্ধর্ব্বসম্বন্ধীয়।
গান্ধর্ব্ববিদ্যা, স্ত্রী. [গান্ধর্ব্ব+বিদ্যা] সংগীতশাস্ত্র।
গান্ধর্ব্ববিবাহ, পুং. [গান্ধর্ব্ব+বিবাহ] বরকন্যার পরস্পর ইচ্ছায় পরিণয়।
গান্ধর্ব্ববেদ, পুং. [গান্ধর্ব্ব+বেদ] সুরবিদ্যা, শব্দবিদ্যা।
গান্ধর্ব্বশাস্ত্র, ন. [গান্ধর্ব্ব+শাস্ত্র] গন্ধর্ব্ববিবাহ; সংগীতশাস্ত্র।
গান্ধার, ন. [গন্ধ+ঋ+অ] গন্ধরস; (পুং) সিন্দুর; জম্বুদ্বীপস্থোত্তরদেশ, কান্ধারপ্রসিদ্ধ; সপ্তস্বরান্তর্গত তৃতীয়স্বর, যথা—ছাগ স্বর তুল্য।
গান্ধারগ্রাম, পুং. [গান্ধার+গ্রাম] সংগীতবিদ্যার পরিমাণবিশেষ।
গান্ধাররাজ, পুং. [গান্ধার+রাজ] শকুনি।
গান্ধারী, স্ত্রী. [গান্ধার+ঈ] ধৃতরাষ্ট্র রাজপত্নী, দুর্য্যোধনমাতা; জিনদিগের শাসন দেবতাবিশেষ; যবাস; দুরালভা; মাদকদ্রব্যবিশেষ, গাঁজা। [রাজ।
গান্ধারেয়, পুং. [গান্ধারী+এয়] দুর্য্যোধন;
গান্ধালী, (প্রা) লতাবৃক্ষবিশেষ।
গান্ধিক, পুং. [গন্ধ+ইক] লেখক; সুগন্ধিব্যবহারী, গন্ধবণিক্‌প্রসিদ্ধ; কীটবিশেষ, গাঁধিপোকা।
গাপন, (প্রা) অস্বীকরণ; গোপন, অপহ্নবআবরণ, ছিপান।
গাপা-গাপান, (প্রা) উপসংহৃত, সঙ্গুপ্ত, অপবারিত, অপহ্নুত।
গাফিল্, (বাং) অনবধান, অসাবধান।
গাফিলী, (বাং) অনবধানতা, প্রমাদ।
গাফুলান, (প্রা) দম্ভকরণ, অহঙ্কারে চলন।
গাফুলানিয়া, (প্রা) আত্মশ্লাঘী, অহঙ্কারী, দাম্ভিক, দিমাগী।
গাফুলানী, (প্রা) আস্ফালন,দর্প, আত্মশ্লাঘা, গর্ব্ব, ঠেকার, দিমাগ, দম্ভ।
গাব, (প্রা) বৃক্ষবিশেষ এবং তাহার ফল।
গাবন, (প্রা) ঘোলন, মর্চ্চ্যাপড়ন।

গাবা-গাভা, (প্রা) গর্ভ, পেট; কলঙ্কিত, লাঞ্ছিত, বিকৃতবর্ণ।
গাবান, (প্রা) ঘোলান; মর্চ্চ্যাপড়ান; প্রকাশন; লম্ফন; গুপ্তবাক্যপ্রচারণ, গোপনীয় প্রকাশকরণ।
গাবানিয়া, (প্রা) ব্যাপক; ঠক, ধূর্ত্ত।
গাবিণ, (প্রা) গর্ভবতী, গর্ভিণী, সসত্ত্বা।
গাবী, (প্রা) গাভী, স্ত্রীগো।
গাবৌ, পুং. [গো+ঔ] গ্রাম; গোদ্বয়া।
গাভারী, (প্রা) গর্ভিণী, গর্ভসঞ্চার, গাত্রভারহওন; কফাদিগ্রস্ত, কফী, জ্বরগ্রস্ত।
গাভিণ, (প্রা) গর্ভবতী,গর্ভিণী; অন্তরাপত্যাগো।
গাভী, (প্রা) স্ত্রীগো, ধেনু, গাবী, গাই।
গামধুরাণ, (প্রা) ভোজনে পরিতোষণ; মিষ্টদ্রব্য ভোজনে গাত্র বিকার জন্মান; বমন করণোদ্যোগ।
গামারী, (প্রা) গম্ভারীবৃক্ষবিশেষ।
গামী, ত্রি. [গম্+ইন্] গমনশীল, প্রস্থান, প্রয়াণ।
গামুক, ত্রি. [গম+উক] গন্তা, গমনকর্ত্তা, যাত্রী, স্থানান্তরগামী।
গামোছা, (প্রা) গাত্রমার্জ্জনী, রুমাল।
গামোড়ন, (প্রা) অলসভঞ্জন, শরীর প্রসারণ; জৃম্ভণ।
গামোড়ান, (প্রা) জৃম্ভাকরণ, হাইছাড়ন।
গামছা, (প্রা) অঙ্গমার্জ্জনী।
গাম্ভারী, (প্রা) গম্ভারীবৃক্ষবিশেষ।
গাম্ভীর্য্য, ন. [গম্ভীর+য] গম্ভীরতা, ধীরতা, গুরুতা। [ভাবা, মেচলা।
গামলা, (প্রা) মৃন্ময়পাত্রবিশেষ; গবাদনী;
গায়, (প্রা) বহির্দ্দিগে, উপরে।
গায়ক, ত্রি. [গৈ+অক] গানকর্ত্তা, তৎপর্য্যায়।—গায়ন, গাথক, গাতা, গাতু, গাথিক, গাথাকার, গেষ্ণু, গেষ্ণ, উদ্গাতা।
গায়কঘটা, (প্রা) সংগীতগায়ক সম্প্রদায় এবং তৎসম্প্রদায়ের আখড়া, আসর, সংকীর্ত্তনীয়া মণ্ডলী
গায়ছোঁয়া, (প্রা) চিল্লাপক্ষীবিশেষ

গায়জলবান, (প্রা) শুষ্ক লতা বৃক্ষবিশেষ।
গায়ত্রী, পুং. [গায়+ত্রী] খদিরবৃক্ষ; (স্ত্রী) ষড়ক্ষরচ্ছন্দোবিশেষ; দুর্গা; ত্রিপদাদেবী; বেদমাতা। [ছন্দোবিশেষ।
গায়ত্রীচ্ছন্দঃ, পুং. [গায়ত্রী+ছন্দস্] ষড়ক্ষর-
গায়ন, ত্রি. [গৈ+অন] গায়ক, গানোপজীবী; জল্লাক।
গায়পায়, (প্রা) অঙ্গ, অবয়ব।
গায়ভাঙ্গন, (প্রা) দুর্ব্বলতা, ম্লান, অবসন্ন।
গারাৎ, (যাং) লুণ্ঠন, লুঠ।
গারিত্র, পুং. [গৃ+ইত্র] ওদন, অন্ন।
গারুড়, ন. [গরুড়+অ] মরকতমণি; অষ্টাদশ পুরাণান্তর্গত ষোড়শপুরাণ, গরুড়পুরাণ; স্বর্ণ; বিষমন্ত্র; সর্পমন্ত্রবিশেষ।
গারুড়িক, পুং. [গরুড়+ইক] বিষবৈদ্য, জাঙ্গলিক, সাপুড়্যা।
গারুড়ী, স্ত্রী. [গারুড়+ঈ] পাতালগরুড়ীলতা। [পাম্মা।
গারুত্মৎ, ন. [গরুত্মৎ+অ] মরকতমণি,
গারুত্মতপত্রিকা, স্ত্রী. [গারুত্মত+পত্রিকা] পাচীলতা।
গার্গ, ত্রি. [গর্গ+অ] গর্গসম্বন্ধী।
গার্গক, ন. [গার্গ+ক] গর্গের অপত্য।
গার্গী, স্ত্রী. [গর্গ+ঈ] গর্গস্ত্রীর অপত্য।
গার্গীপুত্রকায়নি, পুং. [গার্গী+পুত্রকায়নি] গার্গীপুত্র বংশ, গার্গীপুত্রায়নি, গার্গীপুত্রি। [(ত্রি) গর্গসম্বন্ধী।
গার্গ্য, পুং. [গর্গ+য] গর্গের পুম অপত্য;
গার্ত্তিক, ত্রি. [গর্ত্ত+ইক] পূর্ণগর্ত্ত।
গার্দ্ধ, পুং. [গৃধ্+অ] স্পৃহা; শর; (ত্রি) গৃধ্রসম্বন্ধী; বহুভুক্।
গার্দ্ধপক্ষ, পুং. [গার্দ্ধ+পক্ষ] গার্দ্ধপত্রবাণ; গাধ্র্পক্ষ।
গার্দ্ধ্য, ন. [গৃধ্+য] লিপ্সা, অতিলোভ স্বভাব, অতিস্পৃহা; (ত্রি) গৃধ্রসম্বন্ধী।
গার্দ্ধ্র, ত্রি. [গৃধ্র+অ] গৃধ্রসম্বন্ধীয়।
গার্দ্ধ্রপত্র, পুং. [গার্দ্ধ্র+পত্র] গৃধ্রপক্ষযুক্ত বাণ।
গার্ভ-গার্ভিক, ত্রি. [গর্ভ+অ+ইক] গর্ভসম্বন্ধীয়, গর্ভবিষয়ক, যৌন. গার্ভী।

গার্ভিণ-গার্ভিণ্য, ন. [গর্ভিণী+অ+য] গর্ভিণীসমূহ।

গার্ভী, ত্রি, [গর্ভ+ঈ] গর্ভসম্বন্ধীয়।

গার্হপত্য, পুং. [গৃহপতি+য] যজ্ঞীয়াগ্নিবিশেষ; গার্হস্থ্য।

গার্হস্থ্য, ত্রি. [গৃহস্থ+য] গৃহস্থধর্ম্ম, গৃহস্থসম্বন্ধীয়; গৃহনিবাস।

গার্হস্থ্যাশ্রম, স্ত্রী. [গার্হস্থ+আশ্রম] চতুর্থাশ্রমান্তর্গত দ্বিতীয় আশ্রম।

গাল, (প্রা) কপোল, গণ্ডস্থল; গল্প, উপন্যাস। [ক্ষরণ।

গাল, পুং. [গল+অ] স্রাব, উদপ্রবাহ;

গালগুল, (প্রা) জনরব, গল্প।

গালন, ন. [গল+অন] ক্ষারণ, ছাঁকন, গড়ান; দ্রবীকরণ; উনন।

গালব, পুং. [গাল+ব] গলবপুত্র মুনিবিশেষ; লোধ্রবৃক্ষ; শ্বেতলোধ্র; কেন্দুকবৃক্ষ।

গালা, (প্রা) লাক্ষা, জতু, লা, জৌ।

গালাগালি, (প্রা) দুর্ব্বাক্, বাক্‌দুষ্ট, বাক্‌পারুষ্য, মুখরতা।

গালান, (প্রা) গলিত, দ্রবীভূত।

গালানি, (প্রা) গালান, দ্রবত্ব, গলন।

গালি, পুং. [গাল+ই] শাপ, অভিসম্পাত; কটুবাক্য, গালাগালি।

গালিচা, (যাং) চিত্র বিচিত্রিত লোমজ আস্তরণবিশেষ। [কৃতগালন।

গালিত, ত্রি. [গল+ইত] দ্রবীকৃত, গলান;

গালিম, (যাং) নিষ্ঠুর; নিষ্ঠুরব্যক্তি; দস্যু; শত্রু।

গালিনী, স্ত্রী. [গল+ইনী] মুদ্রাবিশেষ।

গালী, ত্রি. [গল+ইন্] কটুবাক্য, গালাগালি; অপমান বোধক বাক্য

গালুয়া, (প্রা) দাম্ভিক, দেমাকী, অত্যুক্তিকারী, বাচাল, গল্পিয়া; দ্রবমান।

গালুনিয়া, (প্রা) দুর্মুখ, কলহপ্রিয়, কুন্দলীয়া। [মূর্খত্ব।

গালোড়ন, ন. [গাল+ওড়ন] উন্মাদ; রোগ;

গালোড়িত-গালোহিত, ত্রি. [গাল+ওড়িত] উন্মত্ত; রুগ্ন; মূর্খ।

গালোড্য, ন. [গা+লোড্য] পদ্মবীজ

গাহক, (প্রা) গায়ক, গানকর্ত্তা।

গাহিত, ত্রি. [গাহ+ইত] আপ্লুত, নিমজ্জমান; ব্যাপাদিত; লাড়িত, আন্দোলিত।

গাহিতৃ, ত্রি, [গাহি+তৃ] কৃতস্নান, অবগাহিত, জলশুচি।

গিজ্‌গিজ্, (প্রা) জনতা, লোকারণ্য, সমূহ; মৎস্যের ঝাঁক।

গিঞ্জি, (প্রা) সুগহন, সংকীর্ণ; সঘন।

গিন্নী, (প্রা) পুরস্ত্রী, গৃহিণী, গৃহমেধিনী, গৃহব্যাপারকুশলা, গৃহকার্য্যদক্ষা, গেহিনী

গিধড়, (প্রা) শৃগাল, জম্বুক, শিয়াল, শিবা।

গিধিনী, (প্রা) শকুনিপক্ষী, গৃধ্র।

গিধী, (প্রা) শৃগাল, শিবা। [বিশেষ।

গিনা, (প্রা) মৃত্তিকা কিম্বা ধাতুময় ক্ষুদ্রপাত্র

গিমা, (প্রা) লতা বৃক্ষবিশেষ।

গিমাশাক, (প্রা) স্বনামখ্যাত লতা শাক।

গিয়া, (প্রা) গত, যাত, চলিত, সৃত, চরিত, ব্রজিত, ইত, পন্ন, ভূত।

গির, ত্রি. [গৄ+ইর] গিরণ, গ্রসন।

গিরগিটী, (প্রা) কৃকলাসবিশেষ।

গিরজা, (যাং) ভজনগৃহবিশেষ।

গিরদা, (যাং) উপাধানবিশেষ, তাকিয়া

গিরণ, ন. [গৄ+অন] গিলন, গ্রসন।

গিরা, স্ত্রী. [গৄ+আ] বচন, বাণী, বাক্।

গিরি, পুং. [গৄ+ই] পর্ব্বত; গেণ্ডুক; চক্ষুরোগবিশেষ; পারার দোষবিশেষ; সন্ন্যাসীদিগের পদ্ধতিবিশেষ; (স্ত্রী.) নিগরণ, গ্রসন, গেলা; নেংটীইন্দুর, বালমূষিকা; (ত্রি.) পূজনীয়, আদর্য্য।

গিরিকণ্টক, পুং. [গিরি+কণ্টক] বজ্র; (ত্রি.) শৈলবিদীর্ণ। [কদম্ব।

গিরিকদম্ব, পুং. [গিরি+কদম্ব] নীপ, ধারা-

গিরিকদলী, স্ত্রী. [গিরি+কদলী] পর্ব্বতীয়কদলী, তৎপর্য্যায়।—গিরিরম্ভা, পর্ব্বতমোচা, অরণ্যকদলী, বহুবীজা, বনরম্ভা, গিরিজা, গজবল্লভা।

গিরিকন্দর, পুং. [গিরি+কন্দর] গুহা, গহ্বর, পর্ব্বতের কুকর।

গিরিকর্ণিকা, স্ত্রী. [গিরি+কর্ণিকা] পৃথিবী; শ্বেতকিণিহীবৃক্ষ; অপরাজিতা।

গিরিকর্ণী, স্ত্রী. [গিরি+কর্ণী] অপরাজিতা; যবাস। [পর্ব্বতসদৃশ।
গিরিকল্প, ত্রি. [গিরি+কল্প] পর্ব্বতাকার,
গিরিকা, স্ত্রী. [গিরি+কা] বালমূষিকা, নেংটিয়া ইন্দুর।
গিরিকাণ, পুং. [গিরি+কাণ] গিরিরোগ করণক একচক্ষুর্হীন।
গিরিগুড়, পুং. [গিরি+গুড়] গেণ্ডুক।
গিরিজ, পুং. [গিরি+জ] মধুকবৃক্ষ বিশেষ, তৎপর্য্যায়।—গৌরশাক, মধূল, স্বল্পপত্রক; (ন.)অভ্রক; শিলাজতু; শৈলজ; লাহ; গৈরিক,(ত্রি.)পর্ব্বতজন্মা,পার্ব্বত।
গিরিজা, স্ত্রী. [গিরি+জা] পার্ব্বতী; মাতুলঙ্গী; শ্বেতবুহ্ণা; ক্ষুদ্র পাষাণভেদা; ত্রায়মাণালতা; কারীবৃক্ষ; মল্লিকা; গিরিকদলী; লৌহ; অভ্রক।
গিরিজামল, ন. [গিরিজ+অমল] অভ্রক।
গিরিজ্বর, পুং. [গিরি+জ্বর] বজ্র।
গিরিত, ত্রি. [গৄ+ইত] গিলিত, ভক্ষিত,ভুক্ত
গিরিত্র, পুং. [গিরি+ত্র] শিব
গিরিদুর্গ, ন. [গিরি+দুর্গ] পর্ব্বতকুট।
গিরিধাতু, পুং. [গিরি+ধাতু] গৈরিক গিরিমাটি।
গিরিধ্বজ, পুং. [গিরি+ধ্বজ] বজ্র।
গিরিনিম্ব, পুং. [গিরি+নিম্ব] মহারিষ্ট বৃক্ষ।
গিরিপীলু, পুং. [গিরি+পীলু] পরূষক বৃক্ষ।
গিরিপুষ্পক, ন. [গিরি+পুষ্পক] শৈলেয়, শিলাজতু। [শৈলশৃঙ্গ।
গিরিপৃষ্ঠ, ন. [গিরি+পৃষ্ঠ] গিরিশেখর,
গিরিপ্রিয়া, স্ত্রী. [গিরি+প্রিয়া] চমরীগবী; (ত্রি.) পর্ব্বতপ্রিয়।
গিরিফতার, (যাং) বন্দী, গ্রহণ।
গিরিবাসী, পুং. [গিরি+বাসিন্] হস্তিকন্দ; (ত্রি.) শৈলনিবাসী। [বৃক্ষ; বজ্র।
গিরিভিৎ, পুং. [গিরি+ভিৎ] পাষাণভেদক
গিরিভু, স্ত্রী. [গিরি+ভু] ক্ষুদ্রপাষাণভেদা; (ত্রি.) শৈলজ।
গিরিভুবা, স্ত্রী. [গিরি+ভুব+আ] পার্ব্বতী।
গিরিমল্লিকা, স্ত্রী. [গিরি+মল্লিকা] কুটজবৃক্ষ।
গিরিমান, পুং. [গিরি+মান] বৃহদ্ধস্তী।
গিরিমৃৎ, স্ত্রী. [গিরি+মৃৎ] গৈরিক।
গিরিমৃদ্ভব, ন. [গিরিমৃৎ+ভব] গৈরিক।
গিরিমেদ, পুং. [গিরি+মেদ] বিট্‌খদির, ইরিমেদ।
গিরিয়ক, পুং. [গিরি+য়-ক] গেণ্ডুক।
গিরিয়াক, পুং. [গিরি+য়া-ক] গেণ্ডুক।
গিরিশ, পুং. [গিরি+শী+অ] শিব.
গিরিশালিনী, স্ত্রী. [গিরি+শালিনী] অপরাজিতা। [গণেশ।
গিরিশৃঙ্গ, পুং. [গিরি+শৃঙ্গ] পর্ব্বতশিখর;
গিরিসার, পুং. [গিরি+সার] লৌহ; বঙ্গ; মলয় পর্ব্বত।
গিরিসুতা, স্ত্রী. [গিরি+সুতা] পার্ব্বতী।
গিরীন্দ্র, পুং. [গিরি+ইন্দ্র] হিমালয়।
গিরীশ, পুং. [গিরি+ঈশ] শিব; হিমালয় পর্ব্বত; বৃহস্পতি।
গিল, পুং. [গৄ+অল] জম্বীর; (ত্রি.) গিলন
গিলগ্রাহ, পুং. [গিল+গ্রাহ] নক্র, কুম্ভীর।
গিলন, ন. [গৄ+অলন] গিরণ, ভক্ষণ, গিলন, কবলীকরণ।
গিলনি, (প্রা) গিরণ
গিলা, (প্রা)শিম্বীবিশেষ; (যাং) নিন্দা,কুচ্ছা।
গিলাগাছ, (প্রা) লাজুকবৃক্ষ।
গিলাফ, (যাং)অসিকোষ; কোষ,আচ্ছাদন।
গিলি, স্ত্রী. [গিল+ই] গিলন, ভক্ষণ।
গিলিত, ত্রি. [গৄ+ইত] ভক্ষিত, নিগিরিত, খাদিত, ভুক্ত।
গিলিম্, (যাং) গালিচা।
গিষ্ণ, পুং. [গৈ+ইষ্ণু] সামবেদবেত্তা; গায়ক। [খ্যাতি।
গীঃ, স্ত্রী. [গির্+অ] বাক্য; সরস্বতী; যশঃ,
গীত, ন. [গৈ+ত] গান, গায়ন, গীতি, স্বরযুক্ত বাক্যোচ্চারণ, গেয়, গাথা, গা, গ, খেলি, কাকলী; (ত্রি.) শব্দিত, পরিগীত।
গীতকর্ত্তা-গীতকারক-গীতকারী, পুং. [গীত+কর্ত্তৃ] গায়ক, গাথক, গাইন, গাউইয়া। [গাথিক।
গীতকুশল, পুং. [গীত+কুশল] গায়ক,
গীতজ্ঞ, ত্রি. [গীত+জ্ঞ] সঙ্গীতবিশারদ
গীতবাদন, ন. [গীত+বাদন] গানকীর্ত্তন

গীতমোদী, পুং. [গীত+মোদিন্] কিন্নর; স্বর্গের গায়ক।

গীতশাস্ত্র, ন. [গীত+শাস্ত্র] সঙ্গীতবিদ্যা; কবিতা শাস্ত্র।

গীতা, স্ত্রী. [গীত+আ] গ্রন্থবিশেষ, ভগবদ্গীতা রামগীতা প্রভৃতি প্রসিদ্ধ; গান।

গীতাসার, পুং. [গীতা+সার] অর্জ্জুনপ্রতি শ্রীকৃষ্ণোক্ত মুক্ত্যর্থাষ্টাঙ্গাদি যোগ।

গীতি, স্ত্রী. [গৈ+তি] গান; আর্য্যাচ্ছন্দোবিশেষ।

গীতিকা, স্ত্রী. [গীতি+কা] আর্য্যাচ্ছন্দো- [বিশেষ।

গীত্যার্য্যা, স্ত্রী. [গীত+আর্য্যা]ছন্দোবিশেষ।

গীরথ, পুং. [গী+রথ] বৃহস্পতি।

গীর্ণ, ত্রি. [গৃ+ন] স্তুত, প্রশংসিত; গিলিত।

গীর্ণি, স্ত্রী. [গৃ+নি] গিলন; স্তুতি।

গীর্দেবী, স্ত্রী. [গির্+দেবী] সরস্বতী।

গীর্পতি-গীঃপতি, [গির্+পতি] বৃহস্পতি, পণ্ডিত।

গীর্লতা, স্ত্রী. [গির্+লতা] মহাজ্যোতিষ্মতী।

গীর্ব্বাণ, পুং. [গির্+বান] দেবতা।

গীর্ব্বাণকুসুম, ন. [গীর্ব্বাণ+কুসুম] লবঙ্গ।

গীর্ব্বাণবাণী, স্ত্রী. [গীর্ব্বাণ+বাণী] সংস্কৃত বাক্য, দেববাক্য।

গীষ্পতি, পুং. [গির্+পতি] বৃহস্পতি; পণ্ডিত।

গু, পুং. [গ+উ] বিষ্ঠা, তৎপর্য্যায়।—মল, পুরীষ, বিট্, বিষ, শকৃৎ, অমেধ্য, উচ্চার, উচ্চরিত, শরীরমল, অবস্কর, অপস্কর, কল্ক, গূথ, দূর্য্য, হন্ন, পূতিক, শমল, বর্চ্চস্ক, ঝাড়া, ইল্লৎ, নাদ।

গুআ, (প্রা) সুপারি, গুবাক, পূগ।

গুইয়া-গুএলা, (প্রা) দ্রাক্ষা লতাবিশেষ।

গুঁড়, (প্রা) চূর্ণ, চূর্ণিত, পিষ্ট, গুণ্ডিত, গুণ্ঠিত, ধূলিরন্যায়কৃত।

গুঁড়ন, (প্রা) চূর্ণন, পেষণ।

গুঁড়া, (প্রা) চূর্ণিত, গুণ্ডিত। [গুঁড়ি।

গুঁড়ি, (প্রা) তণ্ডুলাদিচূর্ণ; বৃক্ষস্কন্ধ, গাছের

গুগলী, (প্রা) ক্ষুদ্র শম্বুক।

গুগ্গুস, পুং. [গুজ্+গুল্] গুগ্গুলু।

গুগ্গুলু, পুং. [গুজ্+গুলু] রক্তশোভাঞ্জনবৃক্ষ, স্বনামখ্যাতবৃক্ষ, ইহার নির্যাস সুগন্ধিদ্রব্য, তৎপর্য্যায়।—কুম্ভ, উলূখলক, কৌশিক, পুর, কুম্ভোলু, খলক, কুম্ভোলুখলক, গুগ্গুল, জটায়ু, কালনির্যাস, দেবধূপ, সর্ব্বসহ, মহিষাক্ষ, পলঙ্কষা, যবনদ্বিষ্ট, ভবাভীষ্ট, নিশাটক, জটাল, পুট, ভূতহর, শিব, শাম্ভব, দুর্গ, যাতুঘ্ন, মহিষাক্ষক, দেবেষ্ট, মরুদিষ্ট, রক্ষোহা, রুক্ষগন্ধক, দিব্য।

গুচি, (প্রা) আঁটি, স্তবক, গুচ্ছ, ঝাড়; বত্রিশ নরী হার।

গুচ্চার-গুচ্চির, (প্রা) গুচ্ছ।

গুচ্ছ, পুং. [গু+চ্ছ] স্তবক, পুষ্পাদির থলুয়া; স্তম্ব, তৃণাদির গোছা; দ্বাত্রিংশদ্যষ্টিক হার, বত্রিশনর হার; কলাপ, ময়ূরেরপাখা; মুক্তাহার।

গুচ্ছক, ন. [গুচ্ছ+ক] গ্রন্থিপর্ণ; (পুং.) স্তবক, তৎপর্য্যায়।—গুলঞ্চ, স্তম্ব, কুসুমোচ্চয়, গুচ্ছ, গুৎস, গুৎসক; রীঠাকরঞ্জ।

গুচ্ছকণিশ, পুং. [গুচ্ছ+কণিশ] রাগীধান্য।

গুচ্ছকরঞ্জ, পুং. [গুচ্ছ+করঞ্জ] করঞ্জবিশেষ, তৎপর্য্যায়।—স্নিগ্ধদল, গুচ্ছপুষ্পক, নন্দী, গুচ্ছী, সানন্দ, দন্তধাবন।

গুচ্ছদন্তিকা, স্ত্রী. [গুচ্ছ+দন্তিকা] কদলীবৃক্ষ, রম্ভা।

গুচ্ছপত্র, পুং. [গুচ্ছ+পত্র] তালবৃক্ষ।

গুচ্ছপুষ্প, পুং. [গুচ্ছ+পুষ্প] সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিমগাছ। [গুচ্ছকরঞ্জ।

গুচ্ছপুষ্পক, পুং, [গুচ্ছ+পুষ্পক] রীঠাকরঞ্জ;

গুচ্ছপুষ্পী, স্ত্রী. [গুচ্ছ+পুষ্পী] ধাতকী; শিমূড়ীবৃক্ষ। [রাজাদনী।

গুচ্ছফল, পুং. [গুচ্ছ+ফল] রীঠাকরঞ্জ; কতক;

গুচ্ছফলা, স্ত্রী. [গুচ্ছ+ফলা] অগ্নিদমনী; কাকমাচী; নিষ্পাবী; দ্রাক্ষা; কদলী।

গুচ্ছবধ্রা, স্ত্রী. [গুচ্ছ+বধ্রা] গুণ্ডালাবৃক্ষ।

গুচ্ছমূলিকা, স্ত্রী. [গুচ্ছ+মূলিকা] গুণ্ডাসিনীতৃণ।

গুচ্ছার্দ্ধ, পুং. [গুচ্ছ+অর্দ্ধ] চতুর্ব্বিংশতি যষ্টিকহার, চব্বিশনর হার।

গুচ্ছাল, পুং. [গুচ্ছ+অল] ভূতৃণ।
গুচ্ছাহ্বকন্দ, পুং. [গুচ্ছ+আহ্ব+কন্দ] গুলঞ্চকন্দ।
গুচ্ছী, স্ত্রী. [গুচ্ছ+ঈ] গুচ্ছকরঞ্জ।
গুছন, (প্রা) থোপাথোপা উৎপন্নাহওন, একত্রকরণ, সঞ্চয়ন।
গুছান, (প্রা) সঞ্চয়ন, থোপেথোপে রাখন।
গুছি, (প্রা) গুচ্ছ।
গুছিদেওন, (প্রা) পোষকতা করণ।
গুজ্‌গুজ্‌, (প্রা) গোপনে আন্দোলন
গুজরাট, (প্রা) দেশবিশেষ; গুজ্জররাষ্ট্র।
গুজরাটীএলাচ, (প্রা) এলাচিবিশেষ।
গুজরি, (প্রা) পাদালঙ্কার,স্ত্রীলোকের চরণাভরণবিশেষ।
গুজ্‌গুজনি, (প্রা) গুপ্তপরামর্শ, গোপনে কথোপকথন।
গুজ্‌গুজিয়া, (প্রা) বহুভাষী; গদয়িত্নু।
গুজ্জর, পুং. [গুজ্‌+জর] দেশবিশেষ।
গুজ্জরী, স্ত্রী. [গুজ্জর+ঈ] রাগিণীবিশেষ।
গুঞ্জ, পুং. [গুন্জ্‌+অ] গুচ্ছ, পুষ্পস্তবক।
গুঞ্জকৃৎ, পুং. [গুঞ্জ+কৃৎ] ভ্রমর।
গুঞ্জন, ন. [গুঞ্জ+অন] গুন্‌গুন্‌ধ্বনি, ভ্রমরাদি শব্দ; কলরব।
গুঞ্জা, স্ত্রী. [গুঞ্জ+আ] লতাবিশেষ, কঁুচ, তৎপর্য্যায়।—কাকচিঞ্চী, কৃষ্ণলা, সাকুষ্ঠা, রক্তিকা, কাকণন্তিকা, কাকাদনী, কাকতিক্তা, কাকজঙ্ঘা, শিখণ্ডিনী, চূড়ামণি, সৌম্যা, শিখণ্ডী, অরুণা, তাম্রিকা, শীতপাকী, উচ্চটা, কৃষ্ণচূড়িকা, রক্তা, কাম্বোজী, ভিল্লভূষণা, বন্যা, শ্যামলচূড়া, কাকচিঞ্চিকা; ত্রিযবপরিমাণ, রতিপরিমাণ; চতুর্ধান্যপরিমাণ; গোধূমদ্বয়মান; পটহ; কলধ্বনি; মদিরাগৃহ; চর্চ্চা
গুঞ্জিকা, স্ত্রী. [গুঞ্জা+ইকা] গুঞ্জা, ত্রিযবপরিমাণ।
গুঞ্জিত, ন. [গুন্জ্‌+ইত] গুঞ্জন, কল, কলকল, মর্ম্মর, রণৎকার, কলরব, কলস্বর।
গুটন, (প্রা) সূত্রাদি একত্রকরণ, জড়ান।
গুটলী, (প্রা) মলের বর্ত্তুলাকার; ফলের অস্থি।
গুটাপাতা, (প্রা) গুটিকাপাত।
গুটি, (প্রা) কোয়া; বসন্তরোগ।
গুটিক, (প্রা) সংগ্রহ, সমবায়, সমাহার, গুচ্ছ, সস্তূয়, রাশি, সঙ্ঘ।
গুটিকা, স্ত্রী. [গুট্‌+ইকা] বটিকা, গুলিবড়ি; গুটলী; সুর্ত্তি; শতরঞ্চের বড়িয়া।
গুটিকাপাত, পুং. [গুটিকা+পাত] গুলিবাঁট, ভাগাদি নির্ণয়ার্থ গুলিফেলন।
গুটিপোকা, (প্রা) তুতপোকা, তন্তুকীট, পট্টকুল।
গুটিলা, (প্রা) সুদৃঢ় মলের বর্ত্তুলাকার।
গুটী, (প্রা) কীটজাতজড়িতসূত্র; বটিকা, বড়ি; বর্ত্তুল।
গুটীপাত, (প্রা) গুলিবাঁট, সুর্ত্তিখেলা।
গুড়, পুং. [গুড়্‌+অ] গোল, হস্তিসন্নাহ; গ্রাস; কার্পাসী; ইক্ষুপাক, তৎপর্য্যায়। —ইক্ষুসার, মধুর, রসপাকজ, খণ্ডজ, দ্রবজ, সিদ্ধ, মোদক, অমৃতসারজ, শিশুপ্রিয়, সিতাদি, অরুণ, রসজ, ইক্ষুরস ক্বাথ, গণ্ডোল, মধুবীজক, গুল, স্বাদুখণ্ড, স্বাদু, মধুধুলি, ক্ষার, শর্করাক্ষার, রসিকা, গুড়ক, পাণি।
গুড়ক, পুং. [গুড়+ক] গুড়দ্বারা পক্কৌষধবিশেষ; (ন.) গুড়; গুলি।
গুড়করী, স্ত্রী. [গুড়+করী] রাগিণীবিশেষ।
গুড়কামাই, (প্রা) স্বনামখ্যাত বৃক্ষবিশেষ।
গুড়চী, স্ত্রী. [গুড়+চী] গুড়ূচী।
গুড়চ্চ, (প্র) লতাবৃক্ষবিশেষ।
গুড়তৃণ, পুং. [গুড়+তৃণ] ইক্ষু।
গুড়ত্রিণ, ন. [গুড়+ত্রিণ] গুড়তৃণ, ইক্ষু।
গুড়ত্বক্‌, ন. [গুড়+ত্বচ্‌] স্বনামখ্যাত গন্ধদ্রব্য, তৎপর্য্যায়।—সুৎকট, ভৃঙ্গ, ত্বক্‌পত্র, বরাঙ্গক, ত্বচ, চোল, ত্বচাপত্র, হৃদ্য, স্বরভিবল্কল, উৎকট, চোচ, ত্বক্‌ পত্র।
গুড়ত্বচ, ন. [গুড়+ত্বচ্‌+অ] গুড়ত্বক্‌; রাজভোগ, জয়িত্রী।
গুড়দারু, ন. [গুড়+দারু] ইক্ষু।
গুড়ধেনু, স্ত্রী. [গুড়+ধেনু] গুড়াদিনির্ম্মিতা ধেনু।
গুড়ন, (প্রা) জড়ান, একত্রকরণ, আকুঞ্চন

গুড়পিঠা, (প্রা) পিষ্টকবিশেষ।
গুড়পিষ্ট, ন. [গুড়+পিষ্ট] মিষ্টান্নদ্রব্য
গুড়পুষ্প, পুং. [গুড়+পুষ্প] মধুকবৃক্ষ।
গুড়ফল, পুং. [গুড়+ফল] পীলুবৃক্ষ।
গুড়বীজ, পুং. [গুড়+বীজ] মসূর।
গুড়ভা, স্ত্রী. [গুড়+ভা] যবনালশর্করা।
গুড়মুড়া, (প্রা) গুল্ফ, পাদমূল, অংঘ্রিস্কন্ধ, কুর্চ্চশিরস্, গোহির, পদের পশ্চিমভাগ, বড়ী, গোড়ারি।
গুড়মূল, পুং. [গুড়+মূল] অল্পমারিষশাক।
গুড়ল, ন. [গুড়+ল] গৌড়ীমদিরা, রমশরাববিশেষ। [পিপাটা।
গুড়শর্করা, স্ত্রী. [গুড়+শর্করা] শর্করা,
গুড়শিগ্রু, পুং. [গুড+শিগ্রু] রক্তশোভাঞ্জন।
গুড়া, স্ত্রী. [গুড়+আ] স্নুহীবৃক্ষ; গুড়িকা, উশীরী। [লস্যা।
গুড়াকা, স্ত্রী. [গুড়া+কা] নিদ্রা, তন্দ্রা, আ-
গুড়াকু, (প্রা) মোদক, গুড়িয়া, গুড়াক্ত।
গুড়াকেশ, পুং. [গুড়া+কেশ] শিব; অর্জ্জুন।
গুড়াশয়, পুং. [গুড়+আশয়] আখোটবৃক্ষ।
গুড়ি, (প্রা) নম্র, নত, নুইয়াপড়া।
গুড়িকা, স্ত্রী.[গুড়+ইকা]গুটিক, বৃহদ্বটিকা।
গুড়িগুড়ি, (প্রা) অবনতপূর্ব্বক গমন।
গুড়িয়া, (প্রা) গুড়ময়; মোদক, ময়রা।
গুড়ী, (প্রা) বৃক্ষবিশেষ।
গুড়ুকতমাক, (প্রা) গুড়মিশ্রিত তাম্রকুট।
গুড়ুম, (প্রা) বজ্রেরধ্বনি, কামানের ধ্বনি।
গুড়ুচী, স্ত্রী. [গুড়+উচী] গুড়ূচী।
গুড়ূচী, স্ত্রী. [গুড়+উচী] লতাবিশেষ, গুলঞ্চ, তৎপর্য্যায়।—বৎসাদনী, ছিন্নরুহা, তন্ত্রিকা, অমৃতা, জীবন্তিকা, সোমবল্লী, বিশল্যা, মধুপর্ণী, গুড়ুচী, কুণ্ডলী, চক্রলক্ষণা, অমৃতবল্লী, জ্বরারি, শ্যামা, বরা, সুরকৃতা, মধুপর্ণিকা, ছিন্নোদ্ভবা, অমৃতলতা, রসায়নী, ছিন্না, সোমলতিকা, ভিষকৃপ্রিয়া, কুণ্ডলিনী, বয়ঃস্থা, নাগকুমারিকা, ছন্নিকা, চন্দ্রহাসা, অমৃতবল্লরী, সুধা, জীবন্তী, সোমা, সোমবল্লী, কুণ্ডলী, চক্রলক্ষণিকা, বয়স্থা, মণ্ডলী, দেবনির্ম্মাতা।
গুড়ের, পুং. [গুড়+এর] গ্রাস; গুড়ক।
গুড়েরক, পুং. [গুড়+এরক] গ্রাস।
গুড়োদ্ভবা, স্ত্রী. [গুড়+উদ্ভবা] শর্করা।
গুড়োদন, ন. [গুড়+ওদন] তণ্ডুল এবং শর্করা।
গুড়্গুড়, (প্রা) অব্যক্তধ্বনি।
গুড়্গুড়িয়া, (প্রা) ঝঞ্চনকারী।
গুড়গুড়িয়াপক্ষী, (প্রা) পক্ষীবিশেষ।
গুড়গুড়ী, (প্রা) ধূমপানযন্ত্রবিশেষ; পক্ষীবিশেষ।
গুণ, পুং. [গুণ্+অ] ষট্প্রকার রাজনীতিবিশেষ, তদ্‌যথা—সন্ধি ১। বিগ্রহ ২। যান ৩। আসন ৪। দ্বৈধ ৫। আশ্রয় ৬। ধনুরাকর্ষণরজ্জু, ছিলা, তৎপর্য্যায়।—মৌর্ব্বী, জ্যা, শিঞ্জিনী, ধনুর্গুণ, ভারব, তাবর, পতঞ্চিকা, শিঞ্জা, জ্যাবা, জীবা, রজ্জু; সত্ত্বরজস্তম; শুক্ল কৃষ্ণ রক্তপীতাদি; দ্রব্যাশ্রিত, আর্থৎ শৌর্য্যাদিরস গন্ধাদি, তদ্‌যথা—রূপ ১। রস ২। গন্ধ ৩। স্পর্শ ৪। পরিমাণ ৫। সংখ্যা ৬। পৃথকত্ব ৭। সংযোগ ৮। বিভাগ ৯। পরত্ব ১০। অপরত্ব ১১। বুদ্ধি ১২। সুখ ১৩। দুঃখ ১৪। ইচ্ছা ১৫। দ্বেষ ১৬। যত্ন ১৭। গুরুত্ব ১৮। দ্রবত্ব ১৯। স্নেহ ২০। সংস্কার ২১। ধর্ম্ম ২২। অধর্ম্ম ২৩। শব্দ ২৪। অপ্রধান; সুদ; ইন্দ্রিয়; ত্যাগ; বটী; ভীমসেন; তন্তু; দোষান্যবিশেষণ; বিদ্যাদি; ব্যাকরণোক্ত সংজ্ঞাবিশেষ; কাব্যগুণের লক্ষণ, তদ্ভেদ—শ্লেষ ১। প্রসাদ ২। সমতা ৩। মাধুর্য্য ৪ সুকুমারতা ৫। অর্থব্যক্তি ৬। উদারত্ব ৭। ওজ ৮। কান্তি ৯। সমাধি ১০। বিশেষণ; নিপুণতা; ফল; পূরক।
গুণক, পুং. [গুণ+ক] গণক; পূরক, অঙ্কপূরক, পূরকাঙ্ক।
গুণকথন-গুণকথা, ন. [গুণ+কথন+কথা] স্তব, প্রশংসা, গুণোৎকীর্ত্তন, যশোবর্ণন।
গুণকরণ, ন. [গুণ+করণ] শ্রেয়স্ত্ব, কোনদ্রব্যের শ্রেষ্ঠতা, শ্রৈষ্ঠ্য, তদ্রতরতা।

গুণকাঙ্ক, পুং. [গুণক+অঙ্ক] অঙ্কপূরক, গুণ
গুণকার, পুং. [গুণ+কার] ভীমসেন; সংখ্যা বৃদ্ধি; (ত্রি.) গুণকারক; গুণক, গুণনকারী। [হিতজনক।
গুণকারক-গুণকারী, ত্রি. [গুণ+কারক] ফলদ,
গুণকীর্ত্তি, ত্রি. [গুণ+কীর্ত্তি] সদ্গুণবর্ণিত।
গুণকৃৎ, ত্রি. [গুণ+কৃৎ] উপকারী, দাতা।
গুণগাথক, ত্রি. [গুণ+গাথক] গুণবর্ণক, প্রশংসক, স্তুতিপাঠক, বন্দিজন।
গুণগান, ন. [গুণ+গান] স্তোত্র, গুণোৎকীর্ত্তন, বন্দিপাঠ।
গুণগৃধ্নু, ত্রি. [গুণ+গৃধ্নু] সদ্গুণাভিলাষী।
গুণগৃহ্য, ত্রি. [গুণ+গৃহ্য] সদ্গুণান্বিত, সদ্গুণবিশিষ্ট। [প্রশংসা।
গুণগৌরব, পুং. [গুণ+গৌরব] সদ্গুণ-
গুণগ্রহণ, ন. [গুণ+গ্রহণ] অদোষাবোধ, বিজ্ঞান। [কর, গুণালয়।
গুণগ্রাম, পুং. [গুণ+গ্রাম] গুণসম্পন্ন, গুণা-
গুণগ্রাহক-গুণগ্রাহী, ত্রি. [গুণ+গ্রাহক-গ্রাহিন্] গুণজ্ঞ, মর্ম্মজ্ঞ, গুণগ্রহণকারী।
গুণঘাতক-গুণঘাতী, ত্রি. [গুণ+ঘাতক-ঘাতিন্] মিথ্যাভিযুক্ত, গুণাপবাদক, অভ্যসূয়ক।
গুণঘোষণা, স্ত্রী. [গুণ+ঘোষণা] পরগুণানুকীর্ত্তন, গুণপ্রচারণ।
গুণঘ্ন, ত্রি. [গুণ+ঘ্ন] গুণাঘাতী, পরদোষৈকদৃক্, দোষগ্রাহী।
গুণচরিত্র, ন. [গুণ+চরিত্র] যশোবর্ণনা, গুণগান। [খণ্ডন।
গুণচ্ছেদ, পুং. [গুণ+ছেদ] যজ্ঞোপবীত
গুণজনক, ত্রি. [গুণ+জনক] ফলজনক, উপকারকারক; (পুং) শিক্ষক, গুণদ, গুরু, উপযোগী।
গুণজম্মান, ন. [গুণ+জম্মান] ব্যুৎপত্তি, বিদ্যালব্ধি।
গুণজাত, ত্রি. [গুণ+জাত] গুণোৎপাদিত, গুণসংগ্রহ।
গুণজ্ঞ, ত্রি. [গুণ+জ্ঞ] গুণবেত্তা, গুণগ্রাহী।
গুণজ্ঞাতা, পুং. [গুণ+জ্ঞাতা] অন্যের গুণানুভাবক। [প্রভাব।
গুণজ্ঞান, ত্রি. [গুণ+জ্ঞান] ধীশক্তি, বুদ্ধি

গুণজ্ঞাপক, ত্রি. [গুণ+জ্ঞাপক] উদ্বোধক, জ্ঞানসূচক।
গুণতঃ, ব্য. [গুণ+তস্] পুণ্যতঃ।
গুণতা, স্ত্রী. [গুণ+তা] উত্তমতা; কৌশল; সারত্ব; পূরণ।
গুণত্ব, ন. [গুণ+ত্ব] অঙ্কপূরণ, গুণন।
গুণত্রয়, ন. [গুণ+ত্রয়] সত্ত্বরজস্তমঃ।
গুণত্রায়ভাস, পুং. [গুণ+ত্রায়ভাস] জীবন।
গুণদ, ত্রি. [গুণ+দ] সদ্গুণদানকর্ত্তা, শিক্ষক, গুণজনক।
গুণদর্শন, ন. [গুণ+দর্শন] গুণজ্ঞান, প্রতীকার হওন, গুণবোধ; ফলপ্রাপণ।
গুণদর্শী, ত্রি. [গুণ+দর্শিন্] সারগ্রাহী, উত্তমদ্রষ্টা, অদোষদর্শী।
গুণদাতা, পুং. [গুণ+দাতৃ] শিক্ষক, গুরু।
গুণদায়ক, ত্রি. [গুণ+দায়ক] সদ্গুণ দানশীল।
গুণদোষ-গুণদোষৌ, পুং. ন. [গুণ+দোষ] গুণাগুণ, সারাসার, ধর্ম্মাধর্ম্ম।
গুণদোষপরীক্ষণ, ন. [গুণ+দোষ+পরীক্ষণ] দোষাদোষ অনুসন্ধান।
গুণধর, ত্রি. [গুণ+ধর] গুণগ্রাম, গুণবান্।
গুণধর্ম্ম, পুং. [গুণ+ধর্ম্ম] সারভাব, সারপদার্থ।
গুণন, ন. [গুণ্+অন] পূরণ, অঙ্কবৃদ্ধিকরণ।
গুণনকারী, ত্রি. [গুণন+কারিন্] গুণক, গুণকার।
গুণনশক্য-গুণনক্ষম, ত্রি. [গুণন+শক্য] গুণনীয়, গুণ্য।
গুণনিকা, স্ত্রী. [গুণন+ইকা] নৃত্য; শূন্যাঙ্ক; পাঠনিশ্চয়; মালা।
গুণনিন্দা, পুং. [গুণ+নিন্দা] পৈশুন্য, দোষাবিষ্করণ।
গুণনিধি, ত্রি. [গুণ+নিধি] বহুগুণাধার, সদ্গুণান্বিত, গুণসিন্ধু। [শীলন।
গুণনী, স্ত্রী. [গুণন+ঈ] পাঠনিশ্চয়, ভবিনী,
গুণনীয়, পুং. [গুণ্+অনীয়] শাস্ত্রাদির অভ্যাস; পূরণীয়াঙ্ক; (ত্রি.) উপদেষ্টব্য; গণনীয়। [গুণজ্ঞাতা।
গুণপনা, (প্রা) নৈপুণ্য, বিদগ্ধতা, ক্ষমতা;

গুণপুগ-গুণপ্রকর্ষ, ন. [গুণ+পুগ+প্রকর্ষ] মহদ্‌গুণ, সদ্‌গুণ। [প্রচার।
গুণপ্রকাশ, পুং. [গুণ+প্রকাশ] যোগ্যতা-
গুণপ্রকাশক, ত্রি. [গুণ+প্রকাশক] অন্যগুণ ব্যক্তকারী।
গুণপ্রতিবন্ধক, ত্রি. [গুণ+প্রতিবন্ধক] গুণ-বাধক, গুণবিঘ্নকর।
গুণপ্রবাহ, পুং. [গুণ+প্রবাহ] গুণস্রোত।
গুণপ্রশংসক, পুং. [গুণ+প্রশংসক] বর্ণক, স্তুতিপাঠক, গুণকথক, বন্দী।
গুণপ্রশংসা, স্ত্রী. [গুণ+প্রশংসা] যশোবর্ণনা, স্তুতিবাদ। [প্রকর্ষ প্রসক্ত।
গুণপ্রিয়, ত্রি. [গুণ+প্রিয়] উৎকর্ষানুরাগী,
গুণবত্তম-গুণবত্তর, ত্রি. [গুণবৎ+তম-তর] গুণবান্, গুণী।
গুণবত্তা, স্ত্রী. [গুণবৎ+তা] প্রশস্তি, গুণতা, উৎকৃষ্টতা।
গুণবন্ত, ত্রি. [গুণ+বন্ত] ক্ষমতাবন্ত।
গুণবর্ণন, ন. [গুণ+বর্ণন] যশোবর্ণন; স্তব, বন্দনা।
গুণবাচক, ন. [গুণ+বাচক] শব্দবিশেষণ।
গুণবাদী, ত্রি. [গুণ+বাদিন্] স্তাবক,যশো-গায়ক, কৃতজ্ঞ।
গুণবান্, ত্রি. [গুণ+বৎ] নিপুণ, পটু, প-ণ্ডিত; বিজ্ঞ; সম্বন্ধী; গুণবিশিষ্ট।
গুণবৈশেষ্য, ন. [গুণ+বৈশেষ্য] গুণবত্তা, ঔৎকর্ষ্য, উত্তমতা।
গুণবৈশিষ্ট্য, ন, [গুণ+বৈশিষ্ট্য] গুণতা, গুণবিশিষ্টতা, ক্ষমতা।
গুণবৃক্ষক, পুং. [গুণ+বৃক্ষক] নৌকারগুণ-বন্ধনস্তম্ভ, কূপক, মাস্তুল।
গুণবৃক্ষকাগ্র-গুণবৃক্ষাগ্র, ন. [গুণবৃক্ষক+ অগ্র] কূপকাগ্র, মাস্তুলের আগা।
গুণভ্রংশ, পুং. [গুণ+ভ্রংশ] গুণনাশ, পর্য্যা-স্তিকা। [বিশিষ্ট।
গুণময়, ত্রি. [গুণ+ময়] গুণান্বিত, উত্তম গুণ-
গুণমহৎ, ন. [গুণ+মহৎ] সগুণতা, গুণোৎ-কর্ষ। [কর্ষ, সারত্ব।
গুণমহত্ত্ব, ন. [গুণ+মহত্ত্ব] গুণপ্রকর্ষ, উৎ-
গুণযুক্ত, ত্রি. [গুণ+যুক্ত] গুণসম্পন্ন, শ্রেষ্ঠ।
গুণযোগ, পুং. [গুণ+যোগ] গুণসম্পর্ক, বিদ্যাভ্যাস।
গুণলয়নিকা-গুণলয়নী, স্ত্রী. [গুণ+লয়ন+ ইকা-ঈ] বস্ত্রনির্ম্মিতগৃহ, কেণিকা, পট-কুটী, তাঁতঘর
গুণলক্ষণ, ন. [গুণ+লক্ষণ] সুলক্ষণ, সুচিহ্ন; বিশেষগুণ, বিশেষলক্ষণ। [ধনু।
গুণলুব্ধ, ত্রি. [গুণ+লুব্ধ] প্রশংসার্হ, প্রিয়;
গুণশালী, ত্রি. [গুণ+শালিন্] গুণবান্, নিপুণ, বিচক্ষণ।
গুণশ্লাঘা, স্ত্রী. [গুণ+শ্লাঘা] গুণগান, যশো-বর্ণন, বন্দনা।
গুণসঙ্গ-গুণসংগ্রহ, পুং. [গুণ+সঙ্গ] গুণৌঘ. গুণপুগ। [গুণার্ণব।
গুণসমুদ্র, পুং. [গুণ+সমুদ্র] গুণসাগর,
গুণসম্পদ্, স্ত্রী. [গুণ+সম্পদ্] সর্ব্বগুণাধার, গুণসংগ্রহ।
গুণসম্পন্ন. ত্রি. [গুণ+সম্পন্ন] উত্তমগুণ-বিশিষ্ট, গুণী।
গুণসাগর, পুং. [গুণ+সাগর] ব্রহ্মা; বুদ্ধ-বিশেষ; (ত্রি) সর্ব্বগুণাধার।
গুণস্তুতি, স্ত্রী. [গুণ+স্তুতি] স্তুতিপাঠ, প্রশং-সাবাদ, গুণোৎকীর্ত্তন। [অক্ষম।
গুণহীন, ত্রি. [গুণ+হীন] নির্গুণ, গুণশূন্য,
গুণা, স্ত্রী. [গুণ+আ] দূর্ব্বা; মাংসরোহিণী।
গুণা, (প্রা) লৌহাদিরতার, ধাতুসূত্র।
গুণাকর, পুং. [গুণ+আকর] বুদ্ধ; (ত্রি) সদ্-গুণী, গুণান্বিত।
গুণাক্রান্ত, ত্রি. [গুণ+আক্রান্ত] গুণাকৃষ্ট।
গুণাখ্যান, ন. [গুণ+আখ্যান] স্তুতিবাদ, ভোগাবলী, গুণগান।
গুণাগুণ, পুং. [গুণ+অগুণ] দোষাদোষ, ধর্ম্মাধর্ম্ম, সদসদ্ভাব, সত্ত্বাসত্ত্ব।
গুণাতীত, ত্রি. [গুণ+অতীত] নির্গুণ, গুণ-শূন্য। [পুরস্কার।
গুণাদর, পুং. [গুণ+আদর] গুণমর্য্যাদা,
গুণাধার, পুং. [গুণ+আধার] সজ্জন, সাত্ত্বিক।
গুণানুবাদ, পুং. [গুণ+অনুবাদ] প্রশংসা-বাদ, স্তুতিবাক্য, বন্দনা।

গুণানুবাদী, ত্রি. [গুণ+অনুবাদিন্] গুণবর্ণক, গুণশ্লাঘী, গুণপ্রকাশক, বন্দারু।

গুণানুরক্ত, ত্রি. [গুণ+অনুরক্ত] সদ্‌গুণপ্রিয়। [পযুক্তত্ব।

গুণানুরোধ, পুং. [গুণ+অনুরোধ] গুণো-

গুণান্তর, ন. [গুণ+অন্তর] গুণপ্রভেদ।

গুণান্বিত, ত্রি. [গুণ+অন্বিত] গুণসম্পন্ন, শ্রেষ্ঠ।

গুণাপবাদ, পুং. [গুণ+অপবাদ] পরগুণমৎসর, গুণঘাত অসূয়া, পরদোষাভিধান।

গুণাপবাদক-গুণাপবাদী, ত্রি. [গুণ+অপবাদক] অভ্যসূয়ক, নিন্দক, পরগুণাসহন, গুণঘাতী। [গুণাগুণ।

গুণাবগুণ, ন. [গুণ+অবগুণ] সদসদ্ভাব,

গুণাভাস, পুং. [গুণ+আভাস] গুণসাদৃশ্য।

গুণার্ণব, পুং. [গুণ+অর্ণব] গুণসিন্ধু, গুণনিধি। [প্রতিফলার্হ।

গুণার্হ, ত্রি. [গুণ+অর্হ] প্রশংসার্হ, শ্লাঘার্হ;

গুণাশ্রয়, ত্রি. [গুণ+আশ্রয়] উত্তমগুণবিশিষ্ট, গুণসম্পন্ন, সত্ত্বশীল।

গুণিগণ, পুং. [গুণি+গণ] সজ্জনসমূহ।

গুণিত, ত্রি. [গুণ+ইত] পূরিত, আহত; পিণ্ডিত।

গুণিতা, স্ত্রী. [গুণিত+আ] গুণবত্তা, গুণতা।

গুণিদ্বৈধ, পুং. [গুণি+দ্বৈধ] সমতাগুণ।

গুণী, পুং. [গুণ+ইন্] ধনু; (ত্রি) গুণবিশিষ্ট, সদ্‌গুণ বিশিষ্ট, গুণশীল।

গুণীকৃত, ত্রি. [গুণী+কৃত] গুণিত, পূরিত, প্রত্যুৎপন্ন।

গুণীভূত, ত্রি. [গুণী+ভূত] অপ্রধানীভূত, নিবেশিত, প্রযুক্ত; পাত্রতা।

গুণীভূতব্যঙ্গ্য, পুং. [গুণীভূত+ব্যঙ্গ্য] অষ্টপ্রকার কাব্যবিশেষ; যথা—অগূঢ় ১। অপরস্যাঙ্গ ২। বাচ্যসিদ্ধ্যঙ্গ ৩। অস্ফুট ৪। সন্দিগ্ধ ৫। তুল্যপ্রাধান্য ৬। কাক্বাক্ষিপ্ত ৭। অসুন্দর ৮।

গুণেশ্বর, পুং. [গুণ+ঈশ্বর] চিত্রকূটপর্ব্বত; (ত্রি) গুণপতি, গুণবান্।

গুণৈষী, ত্রি. [গুণ+এষী] গুণেচ্ছু, সত্ত্বগুণাভিলাষী।

গুণোৎকর্ষ, পুং. [গুণ+উৎকর্ষ] গুণপ্রাধান্য, অতিশয়, পরভাগ।

গুণোৎকীর্ত্তন, ন. [গুণ+উৎকীর্ত্তন] গুণকথন; বিরহকালীন কান্তাবিষয়ক প্রশংসা প্রতিপাদন।

গুণোৎকৃষ্ট, ত্রি. [গুণ+উৎকৃষ্ট] গুণান্বিত, গুণসম্পন্ন; উত্তমগুণ।

গুণোপাখ্যান, পুং. [গুণ+উপাখ্যান] প্রশংসাবাদ, যশোবর্ণনা, বন্দিপাঠ।

গুণোপেত, ত্রি. [গুণ+উপেত] গুণোৎকৃষ্ট; গুণাকর, সুগুণী, সদ্‌গুণী।

গুণৌঘ, ন. [গুণ+ওঘ] গুণসংগ্রহ, গুণপুগ।

গুণ্ঠিত, ত্রি. [গুণ্ঠ+ইত] গুণ্ডিত।

গুণ্ড, পুং. [গুন্ড্+অ] তৃণভেদ, যাহার কন্দ-কশেরু, তৎপর্য্যায়।—কাণ্ডগুণ্ড, দীর্ঘকাণ্ড, ত্রিকোণক, ছত্রগুচ্ছ, অসিপত্র, নীলপত্র, ত্রিধারক।

গুণ্ড, (প্রা) লম্পট, লোচ্চা, নির্লজ্জ; অপহারক, দস্যুবিশেষ।

গুণ্ডক, পুং. [গুণ্ড+ক] মলিন; ধুলী; তৈলাধার, স্নেহপাত্র; কলোক্তি।

গুণ্ডকন্দ, পুং. [গুণ্ড+কন্দ] কশেরু।

গুণ্ডা (প্রা) গুঁড়া, চূর্ণ; লম্পট।

গুণ্ডামি, (প্রা) ভ্রষ্টতা, লাম্পট্য, লোচ্চামি, কামুকতা।

গুণ্ডারোচনিকা, স্ত্রী. [গুণ্ডা+রোচনিকা] বৃক্ষবিশেষ; কামলাগুঁড়ি, কাম্পিল্লক, রক্তাঙ্গ।

গুণ্ডালা, স্ত্রী. [গুণ্ড+আলা] ক্ষুদ্রক্ষুপবিশেষ, তৎপর্য্যায়।—জলোদ্ভবা, গুচ্ছবধ্না, জলাশয়।

গুণ্ডাসিনী, স্ত্রী. [গুণ্ড+আসিনী] তৃণভেদ, তৎপর্য্যায়।—গুণ্ডালা, গুড়ালা, গুচ্ছমূলিকা, চিপিটা, তৃণপত্রী, যবাসা, পৃথুলা, বিষ্টরা

গুণ্ডিক, পুং. স্ত্রী. [গুন্ড্+ইক] গুণ্ডক, তণ্ডুলাদিচূর্ণ, গুঁড়া।

গুণ্ডিচা, স্ত্রী. [গুণ্ড+ইচা] শ্রীপুরুষোত্তম দেবের রথারোহণান্তর বাসার্থ মণ্ডপবিশেষ

গুণ্ডিত, ত্রি. [গুণ্ড+ইত] ধূলি গুণ্ডকে নৈব ম্রক্ষিত, রূষিত; চূর্ণিত, নিষ্পিষ্ট
গুণ্ডী, (প্রা) কামাতুরাস্ত্রী।
গুণ্য-গুণ্যাঙ্ক, পুং. [গুণ+য] গুণনীয়, পূরণীয়াঙ্ক।
গুণগুণ্, (প্রা) ভ্রমরধ্বনি।
গুণ্গুণান, (প্রা) নাকিদেওন, ভণ্ভণান।
গুত, ত্রি. [গু+ত] উচ্চরিত, গূন, হন্ন; কৃতপুরীষোৎসর্গ।
গুত, (প্রা) শৃঙ্গাঘাত।
গুথ, পুং. [গু+থ] গবেধুক।
গুথক, ন. [গুথ+ক] গ্রন্থিপর্ণ।
গুতন-গুতান, (প্রা) শৃঙ্গদ্বারা আঘাতকরণ, ফোঁড়ন, ঢুসান।
গুৎস, পুং. [গুৎ+স] স্তবক, স্তম্ব; দ্বাত্রিংশদযষ্টিকহার; গ্রন্থিপর্ণবৃক্ষ।
গুৎসক, পুং. [গুৎস+ক] স্তবক; গ্রন্থপরিচ্ছেদ। [বৃক্ষ।
গুৎসকপুষ্প, পুং. [গুৎসক+পুষ্প] সপ্তচ্ছদ-
গুৎসার্দ্ধ, পুং. [গুৎস+অর্দ্ধ] গুচ্ছার্দ্ধ; চতুর্বিংশতি যষ্টিকহার।
গুদ, ন. [গুদ্+অ] মলত্যাগদ্বার, অপান, পায়ু, গুহ্য, গুদবর্ত্ম; (প্রা) স্ত্রীচিহ্ন।
গুদকীল-গুদকীলক, পুং. [গুদ+কীলক] অর্শরোগ; অর্শবলি।
গুদগ্রহ, পুং. [গুদ+গ্রহ] উদাবর্ত্তরোগ, মলাবরোধ।
গুদড়-গুদড়ী, (প্রা) কন্থা, রেজাই, সন্ন্যাসীদিগেরগাত্রাচ্ছাদন; অপকৃষ্টকম্বল।
গুদভ্রংশ, পুং. [গুদ+ভ্রংশ] মলদ্বারনির্গম রোগ।
গুদস্কম্প, (প্রা) অবাচ্যবোধকশব্দ।
গুদা, (প্রা) পক্ষীবিশেষ।
গুদাঙ্কুর, পুং. [গুদ+অঙ্কুর] অর্শরোগ।
গুদাড়া, (প্রা) লতাবিশেষ।
গুদী, (প্রা) নৌকানির্ম্মাণ করিবার স্থান
গুধড়ী, (প্রা) কন্থা, রেজাই।
গুধিত, (প্রা) পরিবেষ্টিত, পরিগত।
গুধের, ত্রি. [গুধ+এর] রক্ষক।
গুন্দল, পুং. [গুদ্+অল] মর্দ্দলশব্দ।
গুন্দাল, পুং. [গুন্দ+অল] পক্ষীবিশেষ।
গুন্দ্র, পুং. [গুন্দ্+র] শরতৃণ, বৃক্ষবিশেষ, গোঁদপটের, তৎপর্য্যায়।—পটরক, অচ্ছ, শৃঙ্গবেরাম্বুমূলক।
গুন্দ্রমূলা, স্ত্রী. [গুন্দ্র+মূলা] এরকাতৃণ।
গুন্দ্রা, স্ত্রী. [গুন্দ্র+আ] ভদ্রমুস্তক, প্রিয়ঙ্গুবৃক্ষ; গবেধুকা; এরকা; হোগলা।
গুন্দ্রাল, পুং. [গুন্দ্র+অল] জীবঞ্জীবপক্ষী।
গুপিল, পুং. [গুপ্+ইল] রাজা।
গুপো, (প্রা) গুপ্ত, অপ্রকাশিত; ছিন্ন শস্যনাল, নাড়া।
গুপোঘা, (প্রা) গুপ্তাঘাত।
গুপ্‌চুপ, (প্রা) চিনিররসে পাককরা কুল।
গুপ্ত, ত্রি. [গুপ্+ত] কৃতরক্ষণ, তৎপর্য্যায়।—ত্রাত, ত্রাণ, রক্ষিত, অবিত, গোপায়িত; কৃতগোপন, তৎপর্য্যায়।—গূঢ়, য়িত; সঙ্গত; (পুং.) বৈশ্য এবং শূদ্রজাতির পদ্ধতিবিশেষ।
গুপ্তকথা, স্ত্রী. [গুপ্ত+কথা] গুপ্তবাক্য, মর্ম্ম।
গুপ্তগতি, পুং. [গুপ্ত+গতি] চর, চার, দূত, বার্ত্তাবাহ, গূঢ়পুরুষ, সন্ধানী।
গুপ্তচর, পুং. [গুপ্ত+চর] বলদেব; গুপ্তগতি।
গুপ্তবাক্য, পুং. [গুপ্ত+বাক্য] গুপ্তভাষিত।
গুপ্তবেশ, পুং. [গুপ্ত+বেশ] ছদ্মবেশ, কপটবেশ, ভেক, বেশান্তর।
গুপ্তবেশে, ব্য. [গুপ্ত+বেশে] প্রচ্ছন্নরূপে, অপ্রকাশে, গুপ্তভাবে।
গুপ্তভাব, পুং. [গুপ্ত+ভাব] প্রচ্ছন্নভাব, গূঢ়ভাব।
গুপ্তভাবে-গুপ্তরূপে, ব্য. [গুপ্ত+ভাবে] গোপনে, লুকাইয়া, অগোচরে, অপ্রকাশে। [খ্যায়ক।
গুপ্তলিখক, পুং. [গুপ্ত+লিখক] গুপ্তা-
গুপ্তস্নেহ, পুং. [গুপ্ত+স্নেহ] অঙ্কোঠবৃক্ষ।
গুপ্তা, স্ত্রী. [গুপ্ত+আ] কপিকচ্ছু; পরকীয়ান্তর্গত নায়িকাভেদ, গোপনে জারগামিনী।
গুপ্তি, স্ত্রী. [গুপ্+তি] অবকরস্থান; কারাগার; রক্ষণ; ভূগর্ত্ত; যম; গর্ত্তের নিমিত্ত পৃথিবীতে উৎখনন; নৌকাচ্ছিদ্র; গোপন।

গুফ, (প্রা) পর্ব্বতেরগহ্বর; লম্বাগর্ত্ত।
গুফিত, পুং. [গুফ্+ইত] গুম্ফিত, গ্রন্থিত, গ্রথিত, রচিত।
গুবরিয়া, (প্রা) গোময়সম্বন্ধীয়।
গুবরিয়াপোকা, (প্রা) ভ্রমরভেদ; পরোষ্ণী, পিঙ্গকপিশা।
গুবাক, পুং. [গু+বাক] বৃক্ষবিশেষ, ঘোণ্টা, পুগ, ক্রমুক, খপুর, গুবাক, পুগবৃক্ষ, দীর্ঘপাদপ, বল্কতরু, দৃঢ়বল্ক, চিক্কণ, পুগী, সুরঞ্জন, গোপদল, রাজতাল, ছটাফল।
গুবাকফল, পুং. [গুবাক+ফল] ক্রমুকফল, পুগ, চিক্কণী, চিক্কা, চিক্কণ,শ্লক্ষ্ণক, উদ্বেগ, পুগফল, পুগীফল, তাম্বূল।
গুবাকদান, ন. [গুবাক+দান] সুপারী দক্ষিণা।
গুমট, (প্রা) গ্রীষ্ম, অত্যুষ্ণতা, নির্ব্বাতত্ব।
গুমটকাল, (প্রা) গ্রীষ্মকাল, উষ্মসময়, নিদাঘ, উষ্মাগম।
গুমটিয়া, (প্রা) দুরিত, বিরস, পর্য্যুষিত, পূতিগন্ধিক, গুম্সো, ছাতাপড়া।
গুমর, (প্রা) অহঙ্কার; ফল; গুণ্গুণ্ধ্বনি।
গুমরণ-গুমরাণ, (প্রা) ভুণ্ভুণান; গর্জ্জন।
গুম্সো, (প্রা) সমল, ছাতাপড়া।
গুম্ফ, পুং. [গুম্ফ্+অ] গ্রন্থন; বাহুর অলঙ্কার; শ্মশ্রু, গোঁপ!
গুম্ফিত, ত্রি. [গুম্ফ্+ইত] গ্রন্থিত।
গুম্সন, (প্রা) ছাতাপড়ন।
গুয়া, (প্রা) গুবাক।
গুরণ, ন. [গুর্+অন] উদ্যম, উদ্যোগ, নিরন্তরচেষ্টা
গুরমি, (প্রা) বন্যশশাফল। [বিশেষ।
গুরী, (প্রা) শ্বেতবর্ণ, গৌরাঙ্গ, সুরূপ; লতা-
গুরু, পুং. [গুর্+উ] বৃহস্পতি; নিষেকাদিকৃৎ; কপিকচ্ছু; দ্বিমাত্র, দীর্ঘ; মন্ত্রদাতা, উপদেশক; (ত্রি.) মহান্; দুর্জ্জর;।
গুরুকার্য্য, ন. [গুরু+কার্য্য] আবশ্যককর্ম্ম।
গুরুকুল, পুং. [গুরু+কুল] উপদেষ্টার পরিবার, গুরুগোষ্ঠী।
গুরুকোপ, পুং. [গুরু+কোপ] অতিক্রোধ।
গুরুক্রম, পুং. [গুরু+ক্রম] পারম্পর্য্য উপদেশ; ইতীহ।
গুরুগত, ত্রি. [গুরু+গত] গুরুহীন, উপদেষ্টারহিত; গুরুপথানুযায়ী।
গুরুঘ্ন, পুং. [গুরু+ঘ্ন] গৌরসর্ষপ; (ত্রি.) গুরুহন্তা, গুরুঘাতক।
গুরুজন, পুং, [গুরু+জন] জ্যেষ্ঠ, বয়োধিক।
গুরুকণ্টক, পুং. [গুরু+কণ্টক] তিলময়ূর।
গুরুতম-গুরুতর, ত্রি. [গুরু+তম-তর] অত্যাবশ্যক; অতিশয় মর্য্যাদাপন্ন, অতিমান্য।
গুরুতল্পগ, পুং. [গুরু+তল্প+গ] বিমাতৃগামী, বিমাতৃহারী; গুরুপত্নীহরণ।
গুরুতল্পব্রত, ন. [গুরু+তল্প+ব্রত] গুরুপত্নীহরণার্থ প্রায়শ্চিত্ত।
গুরুতল্পী, পুং. [গুরু+তল্প+ইন্] গুরুপত্নীহরণশীল।
গুরুতাপ, পুং. [গুরু+তাপ] অত্যুত্তাপ, অত্যুষ্ণ, অতিগ্রীষ্ম।
গুরুত্ব, ন. [গুরু+ত্ব] মহত্ত্ব; গুরুতা; অলঘুতা; কষ্টাবস্থা।
গুরুদত্ত, ত্রি. [গুরু+দত্ত] গুরুরদেয়।
গুরুদশা, স্ত্রী. [গুরু+দশা] বৃহস্পতিরদশা।
গুরুদক্ষিণা, স্ত্রী. [গুরু+দক্ষিণা] আচার্য্যোপায়ন।
গুরুদার, স্ত্রী. [গুরু+দার] গুরুপত্নী।
গুরুদেব, পুং. [গুরু+দেব] অভীষ্টদেব; পিতা।
গুরুদৈবত, পুং. [গুরু+দৈবত] পুষ্যানক্ষত্র।
গুরুনিন্দক, ত্রি. [গুরু+নিন্দক] গুরুনিন্দাকারী, অতিনিন্দুক।
গুরুপত্নী, স্ত্রী. [গুরু+পত্নী] গুরুদার।
গুরুপত্র, ন. [গুরু+পত্র] বঙ্গ।
গুরুপত্রা, স্ত্রী. [গুরু+পত্রা] তিন্তিড়ীবৃক্ষ।
গুরুপাক, ত্রি. [গুরু+পাক] অজীর্ণ, দুষ্পচ, যে দ্রব্য খাইলে শীঘ্র পরিপাক হয় না।
গুরুপাপ, পুং. [গুরু+পাপ] মহাপাতক; অতিপাতক। [মহাহর্ষ।
গুরুপ্রমোদ, পুং. [গুরু+প্রমোদ] মহানন্দ,
গুরুবৎ, ব্য. [গুরু+বৎ] আচার্য্যসদৃশ।

গুরুবদ্বৃত্তি, স্ত্রী. [গুরুবৎ+বৃত্তি] আচার্য্যবদাচরণ। [স্বরবর্ণ
গুরুবর্ণ, পুং. ন. [গুরু+বর্ণ] দীর্ঘউচ্চার্য্য-
গুরুবর্চ্চোঘ্ন, পুং. [গুরু+বর্চ্চস্+ঘ্ন] লিম্পাক, পাতিনেবু।
গুরুবাক্য, ন. [গুরু+বাক্য] মান্যলোকের কথা; পিতা মাতাও মন্ত্রদাতার আদেশ।
গুরুবাণগর্ভ, ত্রি. [গুরু+বাণ+গর্ভ] তীক্ষ্ণশরযুক্তধনু।
গুরুবার, পুং. [গুরু+বার] বৃহস্পতিবার।
গুরুবোধ, পুং. [গুরু+বোধ] নিশ্চয়জ্ঞান, দৃঢ়প্রবোধ; মান্যবোধ।
গুরুভক্ত, ত্রি. [গুরু+ভক্ত] গুরুভক্তিযুক্ত।
গুরুভক্তি, পুং. [গুরু+ভক্তি] গুর্ব্বনুরাগ, গুর্ব্বাসক্তি, গুরূপাসনা
গুরুভার, ত্রি. [গুরু+ভার] সুভর, সুধুরন্ধর অতিভারি।
গুরুমর্দ্দল, পুং. [গুরু+মর্দ্দল] ডিণ্ডিমবাদ্য।
গুরুরত্ন, ন. [গুরু+রত্ন] পুষ্পরাগমণি।
গুরুলঘু, ত্রি. [গুরু+লঘু] মান্যামান্য, প্রধানাপ্রধান; হ্রস্বদীর্ঘ।
গুরুশিংশপা, স্ত্রী. [গুরু+শিংশপা] শিংশপাবৃক্ষভেদ।
গুরুশুশ্রূষা-গুরুসেবা, স্ত্রী. [গুরু+শুশ্রূষা-সেবা] গুরুপরিচর্য্যা।
গুরুসারা, স্ত্রী. [গুরু+সারা] শিংশপাভেদ।
গুরুসুখ, পুং. [গুরু+সুখ] অতিশয় মঙ্গল, অত্যানন্দ। [অচল।
গুরুস্থির, ত্রি. [গুরু+স্থির] অতিশয় স্থির,
গুরুহত্যা, স্ত্রী. [গুরু+হত্যা] গুরুঘ্ন।
গুরুহা, পুং. [গুরু+হা] গুরুঘ্ন, নরকীলক।
গুরুহীন, ত্রি. [গুরু+হীন] উপদেষ্টারহিত।
গুরূপদেশ, পুং. [গুরু+উপদেশ] গুরুরসমীপে শিক্ষা। [গুরুসেবা।
গুরূপাসনা, স্ত্রী. [গুরু+উপাসনা] গুরুশুশ্রূষা,
গুর্জ্জর, পুং. [গুর্+জর] গুজ্জরাটদেশ।
গুর্জ্জরী, স্ত্রী. [গুর্জ্জর+ঈ] রাগিণীবিশেষ।
গুর্ণ, ত্রি. [গুর্+ন] চেষ্টিত।
গুর্দ্দলশীল, (প্রা) লতাবৃক্ষভেদ।
গুর্ব্বর্থম্, ব্য. [গুরু+অর্থম্] গুরুরনিমিত্ত।
গুর্ব্বঙ্গনা, স্ত্রী. [গুরু+অঙ্গনা] গুরুপত্নী, মাতা। [সাধনা।
গুর্ব্বারাধনা, স্ত্রী. [গুরু+আরাধনা] গুরু-
গুর্ব্বিণী, স্ত্রী. [গুর্ব্ব+ইন্+ঈ] গর্ভিণী, অন্তরাপত্যা, সসত্ত্বা।
গুর্ব্বী, স্ত্রী. [গুরু+ঈ] গুরুপত্নী; গর্ভবতী; গুরুত্বযুক্তা; মহতী, আর্য্যা।
গুল, পুং. [গুল্+অ] ঐক্ষব, গুড়।
গুল, (প্রা) বর্ত্তুল; অঙ্গারগুটিকা।
গুলক, (প্রা) প্রচুর, অনেক, যথেষ্ট, সংগ্রহ, সমূহ।
গুলঞ্চ, (প্রা) লতাবৃক্ষবিশেষ
গুলঞ্চকন্দ, পুং. [গুলঞ্চ+কন্দ] কন্দবিশেষ, কুলী, গুচ্ছাহ্বকন্দ, বলাহ্বকন্দ, নিঘণ্টিকা।
গুলতি, (প্রা) ধনুবিশেষ।
গুলন, (প্রা) গলান, দ্রবীকরণ
গুলবাঘা, (প্রা) নেকড়িয়া ব্যাঘ্রতুল্য পশুবিশেষ; গোবাঘ।
গুলর, (প্রা) বন্যডুম্বুরবিশেষ।
গুলল-গুলাল, (প্রা) গুল্তাই; লতাবিশেষ।
গুলা, (প্রা) সংগ্রহ, সমূহ, বহুত্ব বোধক প্রত্যয়।
গুলা, স্ত্রী. [গুল্+আ] স্নুহীবৃক্ষ।
গুলাক, (প্রা) সংগ্রহ, সমূহ।
গুলাব্, (যাং) পুষ্পবিশেষ; গোলাবজল।
গুলাল, (প্রা) গুলন, গুল্তাই; লতাবৃক্ষবিশেষ।
গুলি, (প্রা) সমূহবোধক; বাঁটুল, বটিকা
গুলিক-গুলিন, (প্রা) বহুত্ব বা সমূহবোধক।
গুলিকা, স্ত্রী. [গুল্+ইকা] গেণ্ডুক।
গুলিকক্রীড়া, স্ত্রী. [গুলিক+ক্রীড়া] কন্দুকলীলা।
গুলিবাঁট, (প্রা) গুটিকাপাত।
গুলিয়া, (প্রা) মৎস্যবিশেষ; গোলাকার।
গুলিস্তান, (যাং) গোলাবপুষ্পের উদ্যান; পুস্তকবিশেষ।
গুলী, স্ত্রী. [গুল+ঈ] গুটিকা; রোগভেদ, বসন্তখাত।
গুলুচ্ছ, পুং. [গুল+উচ্ছ] গুচ্ছ, স্তবক।

গুলুঞ্চ-গুলুঞ্চক, পুং. [গুল+উঞ্চ-ক] গুচ্ছ।
গুল্‌আনার, (যাং) দাড়িম্বের পুষ্প।
গুল্‌আবাস, (যাং) পুষ্পবিশেষ, কৃষ্ণকেলি।
গুল্‌কন্দ্‌, (যাং) খণ্ডমোদক গোলাব, গুল্‌শকর।
গুল্‌গীর, (যাং) গুল্‌তরাশ, বর্ত্তিকর্ত্তনী।
গুল্‌তরাশ্‌, (যাং) গুল্‌গীর, তুলাকর্ত্তনী।
গুল্‌তাই, (প্রা) বাঁটুলের ধনু, গুলক্ষেপণার্থ ধনুক, গুল্‌তি।
গুল্‌ফ, পুং. [গুল্‌+ফ] পাদগ্রন্থি, ঘুটিকা, চরণগ্রন্থি, ঘুটিক, ঘুণ্ট, ঘুণ্টক, ঘটিকা, ঘুটি, গোড়্‌গাঁইট, পার্ষ্ণি‍র উপরিগ্রন্থি, গোড়ারি, গুড়মুড়া।
গুল্ম, পুং. [গুল্‌+ম] উদরজ, রোগবিশেষ; সেনাসংখ্যাবিশেষ যথা—গজ ৯, রথ ৯, অশ্ব ২৭, পদাতি ৪৫, সমুদায়ে ৯০ নব্বই; প্লীহা; অপ্রকাণ্ডবৃক্ষ, স্তম্ব, ঝাড়, লতা; ঘট্টভেদ; সৈন্যরক্ষণ।
গুল্মকেতু, পুং. [গুল্ম+কেতু] অম্লবেতস।
গুল্মবল্লী, স্ত্রী. [গুল্ম+বল্লী] সোমলতা।
গুল্মমূল, ন. [গুল্ম+মূল] আর্দ্রক।
গুল্মশূল, পুং. [গুল্ম+শূল] রোগবিশেষ।
গুল্মিনী, স্ত্রী. [গুল্মিন্‌+ঈ] বিস্তৃতালতা, বীরুৎ, উলুপ, বীরুধা, অবরুৎ, প্লীহারোগী; দলপতি।
গুল্মী, স্ত্রী. [গুল্ম+ঈ] আমলকী; এলা; বনী; বস্ত্রবেশ্ম; গৃধ্রনখীবৃক্ষ, গুড়কাঁওলী গাছ; (ত্রি.) গুল্মরোগযুক্ত।
গুল্য, পুং. [গুল্‌+য] মধুর; স্বাদু।
গুহ, পুং. [গুহ্‌+অ] কার্ত্তিকেয়; ঘোটক; শ্রীরামচন্দ্রের সখা নিষাদাধিপতি; বিষ্ণু; কায়স্থদিগের পদবীবিশেষ।
গুহষষ্ঠী, স্ত্রী. [গুহ+ষষ্ঠী] অগ্রহায়ণ মাসের শুক্লপক্ষীয়াষষ্ঠী।
গুহা, স্ত্রী. [গুহ+আ] সিংহপুচ্ছীলতা; গর্ত্ত; পর্ব্বতাদির গহ্বর, বিল, শিলাসন্ধি, দেবখাত, গহ্বর; শালপর্ণীবৃক্ষ।
গুহাগৃহ, ন. [গুহা+গৃহ] কন্দর, গর্ত্ত।
গুহামুখ, ত্রি. [গুহা+মুখ] বিবৃতাস্য, মুক্তকণ্ঠ।
গুহাশয়, পুং. [গুহা+আশয়] ব্যাঘ্র; বিষ্ণু।
গুহিন, ন. [গুহ+ইন] বন, কানন, অরণ্য।
গুহিল, ন. [গুহ+ইল] ধন।
গুহের, পুং. [গুহ+এর] লৌহকার; গোপ্তা, রক্ষক।
গুহ্য, ন. [গুহ+য] উপস্থ, অর্থাৎ যোনিলিঙ্গ; (ত্রি) রহস্য; গোপ্য, তৎপর্য্যায়।—বিবিক্ত, বিজন, ছন্ন, নিঃশলাক, রহ, উপাংশু, গূঢ়, উপহ্বর; (পুং) কমঠ; দম্ভ; বিষ্ণু; (স্ত্রী.) মলদ্বার; অর্থ, ধন; অস্ত্রশস্ত্র।
গুহ্যক, পুং. [গুহ্য+ক] দেবযোনিবিশেষ; কুবেরের অনুচর অর্থাৎ ধন রক্ষক মণি ভদ্রাদি যক্ষভেদ।
গুহ্যকেশ্বর, পুং. [গুহ্যক+ঈশ্বর] কুবের।
গুহ্যগুরু, পুং, [গুহ্য+গুরু] শিব।
গুহ্যদীপক, পুং. [গুহ্য+দীপক] খদ্যোত, জোনাকিপোকা।
গুহ্যদেশ, পুং. [গুহ্য+দেশ] পায়ু, গুদ, অপান, মৈত্র।
গুহ্যনিষ্যন্দ, পুং. [গুহ্য+নিষ্যন্দ] মূত্র, প্রস্রাব।
গুহ্যপুষ্প, পুং. [গুহ্য+পুষ্প] অশ্বত্থবৃক্ষ।
গুহ্যবীজ, পুং. [গুহ্য+বীজ] ভূতৃণ।
গুহ্যভাষিত, ন. [গুহ্য+ভাষিত] মন্ত্র; গুপ্তবাক্য।
গুহ্যস্থান, ন. [গুহ্য+স্থান] গোপনস্থল।
গূ, পুং. গু, বিষ্ঠা, মল, মর্চ্চা।
গূঢ়, ন. [গুঢ়+অ]. রহ; গুহ্য; (ত্রি) গুপ্ত, অপ্রকাশ্য, কঠিনার্থ; সংবৃত।
গূঢ়চার-গূঢ়চারী, পুং. [গূঢ়+চার-ইন্‌] সন্ধানী চার, গোয়েন্দা, গূঢ়পুরুষ।
গূঢ়জ, পুং. [গূঢ়+জ] গূঢ়োৎপন্নপুত্র, জারজ।
গূঢ়নীড়, পুং. [গূঢ়+নীড়] খঞ্জনপক্ষী; খঞ্জরীট।
গূঢ়পত্র, পুং. [গূঢ়+পত্র] করবীরবৃক্ষ; অঙ্কোঠবৃক্ষ।
গূঢ়পথ, পুং. [গূঢ়+পথ] অন্তঃকরণ; গুপ্তপথ।
গূঢ়পাৎ-গূঢ়পাদ, পুং. [গূঢ়+পাৎ-পাদ্‌] সর্প।

গূঢ়পুরুষ, পুং. [গূঢ়+পুরুষ] চর, সন্ধানী, প্রণিধি।

গূঢ়পুষ্পক, পুং. [গূঢ়+পুষ্পক] বকুলবৃক্ষ।

গূঢ়ফল, পুং. [গূঢ়+ফল] বদর।

গূঢ়বর্চ্চা, পুং. [গূঢ়+বর্চ্চস্] ভেক।

গূঢ়বল্লিকা, স্ত্রী. [গূঢ়+বল্লিকা] অঙ্কোঠবৃক্ষ।

গূঢ়ভাষিত, ন. [গূঢ়+ভাষিত] গুপ্তবাদ; নিগূঢ় বিজ্ঞপ্তি

গূঢ়মার্গ, পুং. [গূঢ়+মার্গ] ভুবোন্তরমার্গ, সুড়ঙ্গ, সুরঙ্গা, সন্ধিলা।

গূঢ়মৈথুন, পুং. [গূঢ়+মৈথুন] কাক; গুপ্তসঙ্গম।

গূঢ়সাক্ষী, ত্রি. [গূঢ়+সাক্ষিন্] ফরিয়াদী গোপনে রাখিয়া আসামীর কথা যাহাকে শুনাইয়াছে এমত সাক্ষী।

গূঢ়াঙ্গ, পুং. [গূঢ়+অঙ্গ] কচ্ছপ।

গূঢ়াংঘ্রি, পুং. [গূঢ়+অংঘ্রি] সর্প।

গূঢ়াভিমানী, ত্রি. [গূঢ়+অভিমানিন্] অব্যক্তগর্ব্বিত, অস্পষ্টগর্ব্বী, অপণ্ডিত।

গূঢ়োৎপন্ন, পুং. [গূঢ়+উৎপন্ন] দ্বাদশবিধ পুত্রমধ্যে পুত্রবিশেষ; অপ্রকাশে উৎপন্নপুত্র, জারজবিশেষ।

গূথ, পুং. [গূ+থ] গূ, গু, বিষ্ঠা, মল।

গূথলক্ত, পুং. [গূথ+লক্ত] পক্ষীবিশেষ, গূয়েসালিক্, শরমল্ল, ক্ষুদ্রচূড়, সাল্লিক।

গূন, ত্রি. [গূ+ন] কৃতপুরীষোৎসর্গ, হন্ন।

গূবাক, পুং. [গূ+বাক] গুবাক, সুপারী।

গূয়া, (প্রা) মললিপ্ত, মলগন্ধযুক্ত।

গূরণ, ন. [গূর+অন] উদ্যম,দৃঢ়শ্রম, চেষ্টা।

গূষণা, স্ত্রী. [গূ+ষণা] ময়ূরচন্দ্রক, ময়ূরপিচ্ছচক্র।

গৃঞ্জন, ন.[গৃন্‌জ্+অন]বিষদিগ্ধ পশুর মাংস; মূলবিশেষ, সালগাম, তৎপর্য্যায়।—শিখিমূল, যবনেষ্ট, বর্ত্তুল, গ্রন্থিমূল, শিখাকন্দ, কন্দ, ডিণ্ডীরমোদক; (পুং) রসোনক, রসুন্, রক্তলশুন।

গৃণ্ডীব, পুং [গৃন্+ডীব]পৃথুশৃগাল,লোপাক, বড়শেয়াল।

গৃৎস, পুং. [গৃৎ+স] কন্দর্প।

গৃৎসমদ, পুং. [গৃৎস+মদ] সূর্য্যবংশীয়রাজাবিশেষ।

গৃধু, পুং. [গৃধ্+উ] কামদেব; অভিলাষুক

গৃধ্নু, পুং. [গৃধ্+উ] বুদ্ধি; অপান; (ত্রি) কুৎসিত।

গৃধ্য, ত্রি. [গৃধ+য] স্পৃহ।

গৃধ্নু, ত্রি. [গৃধ্+নু] লুব্ধ, লোভী

গৃধ্নুতা, স্ত্রী. [গৃধ্নু+তা] লুব্ধতা, রাগ, সঙ্গ

গৃধ্র, পুং. [গৃধ্+র] পক্ষীবিশেষ, গৃধিনী, শকুনী,দাক্ষার্য্য, বজ্রতুণ্ড, দূরদর্শন, ভাস, দীর্ঘদর্শী; (ত্রি) লোভী, লুব্ধ।

গৃধ্রচ্ছয়, ন. [গৃধ্র+চ্ছয়] শ্মশান, গোরস্থান।

গৃধ্রনখী, স্ত্রী. [গৃধ্র+নখী] কুলিকবৃক্ষ, কালিয়াকড়া; কোলিবৃক্ষ।

গৃধ্রপত্রা, স্ত্রী. [গৃধ্র+পত্রা] ধূম্রপত্রাবৃক্ষ।

গৃধ্ররাজ, পুং. [গৃধ্র+রাজ] জটায়ুপক্ষী।

গৃধ্রসী, স্ত্রী. [গৃধ্র+সী] বাত রোগবিশেষ, কটিবাত।

গৃধ্রানী, স্ত্রী. [গৃধ্র+অনী] ধূম্রপত্রবৃক্ষ।

গৃষ্টি, স্ত্রী. [গৃষ্+তি] একবার প্রসূতা গৌ, সকৃৎ প্রসূতিকা; বরাহক্রান্তা; বদরবৃক্ষ; কাশ্মরী।

গৃহ, ন. [গৃহ্+অ] ইষ্টকাদি রচিত বাসস্থান, ঘর, তৎপর্য্যায়।—অগার, অজ্ম, অধিবাস, অবস্থান, অস্ত, অমা, আগার, আবাস, আয়তন, আবরথ, আলয়, উদবসিত, ওকস্, কুট, কুটি, কুটী, কৃত্তি, কুদর, কেতন, গয়, গর্ত্ত, গৃহা, গ্রহ, গেহ, ছত্বর,ছর্দ্দি,ছদি,ছায়া, দমে,দুর্য্যা, দুরোণে, ধাম, নিকেত, নিকেতক, নিকেতন, নিবাসস্থান, নিবাসভূম, নিবেশন, নিকায্য, নিবাস, নিবসতি, নিলয়, নিলয়ন, নিশান্ত, নীল, পস্ত্য, পুর, বস্ত্য, বসতি, বসিত, বাসস্থান, বাস, বাস্তু বাটী, বরূথ, বেশ্ম, ভবন, মন্দির, মন্দিরা, যোনি, শরণ, শর্ম্ম, শালা, সদ্ম, সদন, সভা, সাদন, সালা, সংবাস, সমবাস, সংস্থিত, স্বসরাণি, স্থান, সৌধ, হর্ম্ম্য।

গৃহকচ্ছপ, পুং. [গৃহ+কচ্ছপ] পেষণশিলা, পেষণি, পেষণীপট্ট, গৃহাশ্মা।

গৃহকন্যা, স্ত্রী. [গৃহ+কন্যা] ঘৃতকুমারী।

গৃহকপোতক, পুং. [গৃহ+কপোতক] পক্ষী-বিশেষ, প্রাসাদকুক্কুট, ঝিল্লীকণ্ঠ, পারাবত, পায়রা।
গৃহকরণ, ন. [গৃহ+করণ] গৃহনির্ম্মাণ।
গৃহকর্ত্তা, পুং. [গৃহ+কর্ত্তৃ] ধূসরোতিসূক্ষ্ম চটক, ধান্যভক্ষণ, ক্ষম, ভীরু, কৃষিদ্বিষ্ট, কণপ্রিয়; গৃহনির্ম্মাতা; গৃহাধ্যক্ষ।
গৃহকর্ম্ম, ন. [গৃহ+কর্ম্মন্] গৃহকার্য। [র্ম্মাতা।
গৃহকর্ম্মী, পুং. [গৃহ+কর্ম্মী] গৃহকারী, গৃহনি-
গৃহকারক, পুং. [গৃহ+কারক] বর্ণসঙ্কর জাতিবিশেষ, স্থৈকর, স্থপতি, ঘরামী।
গৃহকারী, পুং. [গৃহ+কারিন্] কীটবিশেষ, কুমিরিকাপোকা; গৃহনির্ম্মাতা, ঘরামী।
গৃহকার্য্য, ন. [গৃহ+কার্য্য] গার্হস্থ্য, গৃহস্থতা।
গৃহগোধা-গৃহগোধিকা, স্ত্রী. [গৃহ+গোধা] জেষ্ঠী, জ্যেঠী, টিকটিকি, তৎপর্য্যায়।— পল্লী, মুষলী, বিশম্বরা, গৃহগোলিকা, জ্যোষ্ঠা, কুড্যমৎস্য, টট্টনী, পল্লিকা, মাণিক্যা, ভিত্তিকা, গৃহালিকা।
গৃহগোলিকা, স্ত্রী. [গৃহ+গোলিকা] জ্যেষ্ঠী।
গৃহচটক, পুং. [গৃহ+চটক] চটকপক্ষীভেদ।
গৃহচ্ছিদ্র, ন. [গৃহ+ছিদ্র] গৃহদোষ, গৃহকলঙ্ক।
গৃহজ, ত্রি. [গৃহ+জ] বাসজন্মা; (পুং.) ভৃত্য।
গৃহজন, পুং. [গৃহ+জন] স্বজন, পরিজন।
গৃহজাত, ত্রি. [গৃহ+জাত] স্বগৃহজ, স্বদেশজ।
গৃহণী, স্ত্রী. [গৃহ+অনী] কাঞ্জিক।
গৃহতটী, স্ত্রী. [গৃহ+তটী] বীথী, পিঁড়া, দাওয়া। [আগারদাহ।
গৃহদহন-গৃহদাহন, ন. [গৃহ+দহন-দাহন]
গৃহদাস, পুং. [গৃহ+দাস] পরিচারক।
গৃহদাসী, স্ত্রী. [গৃহ+দাসী] গৃহপরিচারিণী।
গৃহদাহ, পুং. [গৃহ+দাহ] আগারদাহ, গৃহজ্বলন, গৃহপ্লোষ।
গৃহদাহক, পুং. [গৃহ+দাহক] আততায়ী, অগ্নিদ, ঘরপোড়া।
গৃহদাহকরণ, ন. [গৃহ+দাহ+করণ] গৃহদাহাপরাধ।
গৃহদাহনকৃৎ, পুং. [গৃহ+দাহন+কৃৎ] আগার দাহক।
গৃহদীপ্তি, স্ত্রী. [গৃহ+দীপ্তি] গৃহিণী, গৃহব্যাপারদক্ষা, গৃহমেধিনী।
গৃহদ্বার, পুং. [গৃহ+দ্বার] গেহদ্বার।
গৃহদ্রুম, পুং. [গৃহ+দ্রুম] মেঢ়শৃঙ্গবৃক্ষ।
গৃহনাশন, পুং. [গৃহ+নাশন] কপোত; ঘরবিনাশ। [রক।
গৃহনির্ম্মাতা, পুং. [গৃহ+নির্ম্মতা] গৃহকা-
গৃহনীড়, পুং. [গৃহ+নীড়] চটকপক্ষী।
গৃহপতি, পুং. [গৃহ+পতি] গৃহস্থ, গৃহের-কর্ত্তা, গৃহী; মন্ত্রী; ধর্ম্ম।
গৃহপাল, পুং. [গৃহ+পাল] কুক্কুর।
গৃহপোতক, পুং. [গৃহ+পোতক] বাস্ত্র, বাটী।
গৃহপৃষ্ঠ, পুং. [গৃহ+পৃষ্ঠ] গৃহাগ্র।
গৃহপ্রবেশ, পুং. [গৃহ+প্রবেশ] বাটীপ্রবেশ-দ্বার; নবগৃহপ্রবেশকালে উৎসব, বাস্তু-প্রবেশ।
গৃহপ্লোষ, পুং. [গৃহ+প্লোষ] গৃহদাহ।
গৃহপুষ্ট, ত্রি. [গৃহ+পুষ্ট] গৃহ্যক, গ্রাম্য।
গৃহবলিপ্রিয়, পুং. [গৃহ+বলি+প্রিয়] কাক; বকপক্ষী।
গৃহবলিভুক্, পুং. [গৃহ+বলি+ভুজ্] চটক-পক্ষী; বক; কাক। [বন।
গৃহবাটিকা, স্ত্রী. [গৃহ+বাটিকা] গৃহসমীপ-
গৃহবাসী, ত্রি. [গৃহ+বাসিন্] বাসকৃত; (পুং) গৃহপ্রিয়। [দক্ষতা।
গৃহব্যাপার, পুং. [গৃহ+ব্যাপার] গৃহকার্য্য-
গৃহভঙ্গ-গৃহভঞ্জ, পুং. [গৃহ+ভঙ্গ+ভঞ্জ] গৃহ-ভেদক; কুলভঙ্গ; প্রবাস।
গৃহভূমি, স্ত্রী. [গৃহ+ভূমি] বাস্তু; বেশ্মভূ।
গৃহভেদক, পুং. [গৃহ+ভেদক] ভিত্তিচৌর, সিদেলচোর। [চর্চ্চক।
গৃহভেদী, ত্রি. [গৃহ+ভেদিন্] অনধিকার-
গৃহমণি, পুং. [গৃহ+মণি] প্রদীপ।
গৃহমধ্য, পুং. [গৃহ+মধ্য] অন্তঃপুর।
গৃহমধ্যে, ব্য. [গৃহ+মধ্যে] আলয়মধ্যে।
গৃহমাচিকা, স্ত্রী. [গৃহ+মাচিকা] চর্ম্মচটী, চামচিকা।

গৃহমূঢ়ধী, ত্রি. [গৃহ+মূঢ়ধী] মুগ্ধব্যক্তি।
গৃহমার্জ্জনী, স্ত্রী. [গৃহ+মার্জ্জনী] গৃহদাসী
গৃহমৃগ, পুং. [গৃহ+মৃগ] কুক্কুর
গৃহমেধিনী, স্ত্রী. [গৃহ+মেধিন্+ঈ] সাত্ত্বিকী-বুদ্ধি; গৃহস্থপত্নী।
গৃহমেধিয়ান্, পুং. [গৃহ+মেধিয়ান] গৃহস্তম্ভ। [গৃহপতি।
গৃহমেধী, পুং, [গৃহ+মেধিন্] গৃহস্থ, গৃহী,
গৃহযাপ্য, পুং. [গৃহ+যাপ্য] গৃহস্থ। [শীল।
গৃহয়ালু, পুং. [গৃহ+আলু] গ্রহীতা, গ্রহণ-
গৃহরন্ধ্র, পুং. [গৃহ+রন্ধ্র] গৃহদোষ, গৃহছিদ্র।
গৃহরক্ষাকর্ত্তা, পুং. [গৃহ+রক্ষা-কর্ত্তৃ] গৃহপালক।
গৃহশিখর-গৃহশৃঙ্গ, ন. [গৃহ+শিখর-শৃঙ্গ] গৃহাগ্র।
গৃহশূন্য, ত্রি. [গৃহ+শূন্য] আশ্রয়হীন, বাটীরহিত, নিরালয়, অনিকেতন, অকেতন, অলয়, নিরাশ্রয়, নির্বাস।
গৃহস্তম্ভ, পুং. [গৃহ+স্তম্ভ] গৃহস্থূণ, গৃহমেধিয়ান্।
গৃহস্থ, পুং. [গৃহ+স্থ] দ্বিতীয়াশ্রমী, তৎপর্য্যায়।—জ্যেষ্ঠাশ্রমী, গৃহমেধী, স্নাতক, গৃহী, গৃহপতি, সত্রী, গৃহযাপ্য, গৃহাধিপ, কুটুম্বী, গৃহায়নিক; গৃহস্বামী, গৃহাধিকারী, গেহী, কৌটুম্বিক।
গৃহস্থতা, স্ত্রী. [গৃহস্থ+তা] গৃহব্যাপার, গার্হস্থ্য।
গৃহস্থাশ্রম, পুং. [গৃহস্থ+আশ্রম] চতুরাশ্রমান্তর্গত আশ্রমবিশেষ।
গৃহস্বামী, পুং. [গৃহ+স্বামিন্] গৃহাধিকারী।
গৃহস্থূণ, ন. [গৃহ+স্থূণ] গৃহস্তম্ভ।
গৃহা, পুং. [গৃহ+আ] গৃহ; দারা।
গৃহাগত, পুং. [গৃহ+আগত] অতিথি, অভ্যাগত।
গৃহাচ্ছাদক, ত্রি. [গৃহ+আচ্ছাদক] গৃহদোষ গোপনকারক, গৃহচ্ছিদ্র আচ্ছাদক; গৃহপ্রতিপালক।
গৃহাধিকারী, পুং. [গৃহ+অধিকারিন্] গৃহপতি, গৃহস্বামী।
গৃহাধিপ, পুং. [গৃহ+অধিপ] গৃহস্থ, গৃহী গৃহপতি। [বাধিত।
গৃহানুবদ্ধ, ত্রি. [গৃহ+অনুবদ্ধ] নিগৃহীত,
গৃহাবগ্রহণী, স্ত্রী. [গৃহ+অবগ্রহণী] দেহলী, হাতিনা, দাওয়া। [স্থান।
গৃহাবস্থান, ন. [গৃহ+অবস্থান] আবাস, বাস-
গৃহাবস্থিত, ত্রি. [গৃহ+অবস্থিত] গৃহস্থিত।
গৃহাভিপালী, পুং. [গৃহ+অভিপালিন্] গৃহপালক, প্রহরী।
গৃহাম্ল, ন. [গৃহ+অম্ল] কাঞ্জিক।
গৃহায়নিক, পুং. [গৃহ+অয়নিক] গৃহস্থ।
গৃহারাম, পুং. [গৃহ+আরাম] গৃহসমীপে কৃত্রিম বন, নিষ্কুট। [গৃহাসক্ত।
গৃহারূঢ়চেত, ত্রি. [গৃহ+আরূঢ়+চেতস্]
গৃহার্থ, পুং. [গৃহ+অর্থ] গৃহকর্ম্ম।
গৃহালিকা, স্ত্রী. [গৃহ+আলিকা] জ্যেষ্ঠী।
গৃহাশয়া, স্ত্রী. [গৃহ+আশয়া] তাম্বলী, পানেরগাছ। [শিল।
গৃহাশ্মা, পুং. [গৃহ+অশ্মন্] পেষণশিলা,
গৃহাশ্রম, পুং. [গৃহ+আশ্রম] দ্বিতীয়াশ্রম, সংসারধর্ম্ম। [য়ন।
গৃহাক্ষ, পুং. [গৃহ+অক্ষ] গবাক্ষ, বাতা-
গৃহিণী, স্ত্রী. [গৃহ+ইন্+ঈ] ভার্য্যা, জায়া, পত্নী, গৃহকর্ত্রী।
গৃহী, পুং. [গৃহ+ইন্] গৃহস্থ, ভর্ত্তা; (ত্রি) গৃহসম্বন্ধীয়, গৃহবিষয়ক।
গৃহীত, ত্রি. [গৃহ্+ঈত] স্বীকৃত; প্রাপ্ত; ধৃত।
গৃহীতদিক্, ত্রি. [গৃহীত+দিশ্] পলায়িত, তিরোহিত।
গৃহীতদেহ, ত্রি. [গৃহীত+দেহ] শরীরধারী।
গৃহীতবিদ্য, ত্রি. [গৃহীত+বিদ্যা] কৃতবিদ্য, পণ্ডিত, বিদ্বান্।
গৃহীতবেতন, ত্রি. [গৃহীত+বেতন] গৃহীতভৃতক, গৃহীতপারিতোষিক।
গৃহীতব্য, ত্রি. [গৃহ্+ঈতব্য] গ্রহণীয়, গ্রাহ্য।
গৃহীতা, ত্রি. [গ্রহী+তৃ] হৃদয়গ্রাহী।
গৃহীতাস্ত্র, ত্রি. [গৃহীত+অস্ত্র] ধৃতাস্ত্র, শস্ত্রধারী।
গৃহীতৃ, ত্রি. [গৃহী+তৃ] গৃহীতা।
গৃহে, ব্য. [গৃহ+এ] আলয়ে, বাটীতে।

গৃহোৎপাত, পুং. [গৃহ+উৎপাত] অপকার-জনক বিষয়, উৎপাত।
গৃহোপকরণ-গৃহোপস্কর, ন. [গৃহ+উপকরণ] গৃহের তৈজসপাত্রাদি, গৃহসামগ্রী।
গৃহোলিকা, স্ত্রী. [গৃহ+ওল+ইকা] জ্যেষ্ঠী।
গৃহ্য, ত্রি. [গৃহ+য] অস্বৈরী, অস্বতন্ত্র; পক্ষ, পার্শ্বিক; গ্রহণীয়; (পুং) গৃহাসক্ত মৃগাদি; (ন) গুদ; গ্রন্থভেদ যথা—গোভিলাদি মুনিকৃত সামবেদাদি উক্ত কর্ম্মকাণ্ড নির্ণয়; গৃহস্থের কর্ত্তব্য কর্ম্মোপদেশক শাস্ত্র।
গৃহ্যক, ত্রি. [গৃহ্য+ক] অস্বতন্ত্র, পরাধীন; (পুং) গৃহাসক্ত পক্ষী মৃগাদি, ছেক
গৃহ্যগুরু, পুং. [গৃহ্য+গুরু] শিব। [শাস্ত্র।
গৃহ্যগ্রন্থ, পুং. [গৃহ্য+গ্রন্থ] ধর্ম্মসংহিতা-
গৃহ্যসূত্র, ন. [গৃহ্য+সূত্র] স্মৃতিশাস্ত্র।
গৃহ্যা, স্ত্রী. [গৃহ্য+আ] শাখাপুর, নগর নিকটস্থগ্রাম।
গৃহ্যাদেবতা, স্ত্রী. [গৃহ্যা+দেবতা] কুলদেবতা।
গেঁউড়, (প্রা) শস্যবীজাকরমূল।
গেঁজ, (প্রা) অঙ্কুর, নবোদ্ভিদ্, ফিকড়ি, গজা; বিস্ফোট।
গেঁজলা, (প্রা) পেয়ূষ, পীযূষ, প্রসবানন্তর প্রথম গোদুগ্ধ; ফেণা, ফেণ।
গেঁজা, (প্রা) মাদকদ্রব্যবিশেষ, গাঞ্জা-গৃঞ্জন।
গেঁজান, (প্রা) ফেণকরণ।
গেঁজ্যা, (প্রা) থৈলী, বগলি, বেটুয়া; ধান্যাদি কর্ত্তনী, থৈলি।
গেঁজ্যাল, (প্রা) গাঞ্জাধূমপায়ী, নেসাখোর।
গেঁটা, (প্রা) গ্রন্থিময়, গ্রন্থিত।
গেঁটাগোঁটা, (প্রা) স্থূলকায়, মোটাসোটা, খর্ব্ব এবং হৃষ্টপুষ্ট।
গেঁটিয়া, (প্রা) গ্রন্থিবিশিষ্ট।
গেঁটিয়াকড়ি, (প্রা) বরাটকবিশেষ।
গেঁঠ্যান, (প্রা) গ্রন্থিবন্ধন।
গেঁড়ি, (প্রা) স্বনামখ্যাত জলকীট, গুগলিবিশেষ।
গেঁড়িভাঙ্গাকেউটিয়া, (প্রা) বিষাক্তসর্পভেদ।
গেঁড়িশামুক, (প্রা) শামুক, গুগলিভেদ।
গেঁডু, (প্রা) গোলাকৃতি ক্রীড়াদ্রব্য; শস্য-বীজাকরমূল।
গেঁডুআ, (প্রা) কুসুমস্তবক, ফুলেরতোড়া।
গেঁডুয়া, (প্রা) বালকের গোলাকৃতি ক্রীড়াদ্রব্য, ভাঁটা; গেণ্ডু।
গেঁদড়া, (প্রা) মিষ্টান্নদ্রব্যবিশেষ।
গেঁদা, (প্রা) পুষ্পবিশেষ।
গেঙ্গাড়ি, (প্র) প্রহরীর চিৎকারধ্বনি।
গেণ্ডু, পুং. [গা+ইণ্ডু] গেণ্ডুক।
গেণ্ডুক-গেণ্ডূক, পুং. [গেণ্ড+উক] কন্দুক, গেঁডু, বালকের লোটি।
গেব্যা, (প্রা) সিন্ধুকেরকুটরী, মুদ্রাধার।
গেয়, ন. [গৈ+য়] গীত; (ত্রি) গাতব্য; গায়ন।
গেরণ, (প্রা) পড়ন; ইতরলোক ব্যবহারে সূর্য্যাদি গ্রহণবাচ্য।
গেরাণ, (প্রা) পতন, পড়ান। [মৃত্তিকা।
গেরী-গেরীমাটী, (প্রা) গৈরিক, রাঙ্গা-
গেরেস্থার, (প্রা) পরিণামদর্শী।
গেলন, (প্র) কবলীকরণ, ভক্ষণ; লুটন।
গেলান-গেলানি, (প্রা) কবলীকরাণ, খাওয়ান, গীর্ণ, গিরিত।
গেলুয়া, (প্রা) বাচাল, বহুবাক্যবাদী, বাবদূক, দম্ভান্বিত।
গেষ্ণ, পুং. [গৈ+ইষ্ণ] রঙ্গোপজীবী; সামগানকর্ত্তা। গানকর্ত্তা।
গেষ্ণু, পুং. [গৈ+ইষ্ণু] গায়ন; নট; সাম-
গেহ, ন. [গ+ইহ] গৃহ, বাটী।
গেহশূর, পুং. [গেহ+শূর] গৃহপ্রিয়, গৃহারূঢ়চেতা; গৃহকার্য্যে পটু।
গেহী, ত্রি. [গেহ+ইন্] গৃহী।
গেহেনর্দ্দী, পুং. [গেহে+নর্দ্দিন্] কাপুরুষ, গেহেশূর, পিণ্ডীশূর।
গেহেশূর, পুং. [গেহে+শূর] কাপুরুষ, গেহেনর্দ্দী; কুক্কুর। [গ্রাম, গাঁ।
গৈগাঁ, (প্রা) পল্লীগ্রাম, পাড়াগাঁ, খেট,
গৈর, ত্রি. [গিরি+অ] গিরিসম্বন্ধী।
গৈরা, (প্রা) গভীর, গহরা, দহ।
গৈরিক, ন. [গিরি+অক] রক্তবর্ণ ধাতুবিশেষ, গিরিমাটী, তৎপর্য্যায়।—রক্ত-

ধাতু, গিরিধাতু, গবেধুক, ধাতু, সুরঙ্গধাতু, গিরিমৃদ্ভব, বনালক্ত, গবেরুক, প্রত্যশ্মা, গিরিমৃৎ, লোহিতমৃত্তিকা, গিরিজ; পীতগৈরিক, সুবর্ণগৈরিক, সুবর্ণ, স্বর্ণ গৈরিক, স্বর্ণধাতু, সুরক্তক, সন্ধ্যাভ্র, বভ্রুধাতু, শিলাধাতু।

গৈরিকাক্ষ, পুং. [গৈরিক+অক্ষ] জলমধুকবৃক্ষ. [লাঙ্গলা।

গৈরী, স্ত্রী. [গৈর+ঈ] লাঙ্গলিকীবৃক্ষ, বিষ-

গৈরেয়, ন. [গিরি+এয়] শিলাজতু, মেট্যাতৈল; রাঙ্গামৃত্তিকা; (ত্রি) গিরিজাত।

গৈষী, (প্রা) সদ্গুণেচ্ছু।

গোঁ, (প্রা) লাভ, মুনাফা।

গোঁগা, (প্রা) বাক্যশক্তিহীন, হাবা

গোঁজ, (প্রা) কীলক, শঙ্কু, নাগদন্তক, শূল স্থাণু, স্থূণা, শল্য, শলাকা, নিম, ধ্রুব, খুঁট, খোঁটা, মেখ, দণ্ড, খুঁটি, খুঁটা ঠেকুনা.

গোঁজা, (প্রা) গোঁজ; অসম্যক্ হিসাব।

গোঁড, (প্রা) উচ্চনাভি, মাংসপিণ্ড; পিণ্ড; ফুলা। [তুন্দী, গোণ্ড

গোঁড়নাভি, (প্রা) স্ফীত বা উচ্চ নাভি,

গোঁড়া, (প্রা) স্ফীতী, পিণ্ড; স্তাবক, তোষামোদকারী, চাটুকার, খোসামোদিয়া; স্বীয়মতের আনুরক্তিতে অন্যমত দ্বেষ্টা, স্বমতধারণে ব্যগ্র, অবিচার্য্যপক্ষপাতী, অযুক্তিরূপে কোন ধর্ম্মে বা মতে আসক্ত যে হয়; দলাধ্যক্ষ।

গোঁড়াঝিনুক, (প্রা) শুক্তিভেদ।

গোঁড়ানেবু, (প্রা) জম্বীরভেদ।

গোঁড়াচুণ, (প্রা) দগ্ধশুক্তিকরণক চুর্ণ।

গোঁড়াম, (প্রা) স্তাবকতা, খোষামোদীকরণ।

গোঁদ, (প্রা) স্বনামখ্যাত বস্তু

গোঁফ, (প্রা) ওষ্ঠের উপরিরক্ষিত কেশ, গুম্ফ, ওষ্ঠলোম, শ্মশ্রু, পক্ষ্ম, পক্ষ্মণি, মোচ্।

গোঁফাল, (প্রা) শ্মশ্রুবিশিষ্ট, মোচওয়ালা।

গো, (প্রা) গুবাক, সুপারি; সম্বোধনসূচকশব্দ; গরু।

গো, পুং. [গম+ও] স্বর্গ; ষণ্ড; সূর্য্যরশ্মি; বজ্র; চন্দ্র; সূর্য্য; গোমেধযজ্ঞ; সূর্য্যের রাশ্যন্তরে গমনকাল; ঋষভ নামৌষধ; (স্ত্রী.) গাভী; চক্ষু; বাণ; দিক্; বাক্; ভূ; (পুং. ন.) লোম; জল।

গোকণ্টক, পুং. [গো+কণ্টক] গোক্ষুরকবৃক্ষ; বিকণ্টকবৃক্ষ; স্থপুট; গোষ্পদচিহ্ন।

গোকর্ণ, পুং. [গো+কর্ণ] পরিমাণবিশেষ, বিতস্তি; মৃগভেদ; অশ্বতর; সর্পভেদ; গণদেবতাবিশেষ; তীর্থবিশেষ।

গোকর্ণী, স্ত্রী. [গো+কর্ণী] মূর্ব্বালতা।

গোকল, (প্রা) গোগ্রাস, গরুকেদত্তঘাস

গোকলব্রত, (প্রা) ব্রতবিশেষ।

গোকিরাটিকা-গোকিরাটী, স্ত্রী. [গো+কির-অটিকা] সারিকাপক্ষী।

গোকিল-গোকীল, পুং. [গো+কিল-কীল] মুষল, হল, লাঙ্গল।

গোকুল, ন. [গো+কুল] গোসমূহ, গোধন, গবাংব্রজ, গোবৃন্দ, গব্যা, ধৈনুক, গোত্রা; গোস্থান, গোষ্ঠ; যমুনাসন্নিধি শ্রীকৃষ্ণ পিতা নন্দমহারাজার বাসস্থান।

গোকুলিক, ত্রি. [গোকুল+ইক] কেকর; পঙ্কস্থগব্যুপেক্ষক।

গোকুলস্থ, পুং. [গোকুল+স্থ] বৈষ্ণবদিগের বাসস্থান; গোকুলবাসী

গোকৃত, ন. [গো+কৃত] গোময়।

গোখুর, পুং. [গো+খুর] গোক্ষুরবৃক্ষ; (ন.) গোরুরখুর

গোখুরি, পুং. [গো+খুরি] গোক্ষুর।

গোখুরসাপ, (প্রা) কালসর্প।

গোগা, (প্রা) গোঙ্গা।

গোগৃহ, (প্রা) গোশালা, সন্ধানিনী, গোয়ালিঘর।

গোগোযুগ, ন. [গো+গোযুগ] গোদ্বয়।

গোগোল, (প্রা) গুদাঙ্কুর, গুদকীল, গুদরোগ।

গোগোষ্ঠ, ন. [গো+গোষ্ঠ] গোস্থান, গোস্থানক, গোগৃহ। [গো।

গোগৃষ্টি, স্ত্রী. [গো+গৃষ্টি] সকৃৎপ্রসূতা

গোগ্রন্থি, পুং. [গো+গ্রন্থি] করীষ, শুষ্ক-গোময়, ঘুঁটিয়া ; গোজিহ্বিকৌষধি।
গোগ্রহ, পুং. [গো+গ্রহ] অভিগ্রহ, গোলুণ্ঠন। [হার, গোভক্ষ্য।
গোগ্রাস, পুং. [গো+গ্রাস] গোসদৃশা-
গোঘৃত, ন. [গো+ঘৃত] গব্যঘৃত, গাওয়াঘি; বৃষ্টি।
গোঘ্ন, পুং. [গো+ঘ্ন] অতিথি; (ত্রি.) গোখাদক, গোহত্যাকারী, কসাই।
গোঙার, (প্রা) মূঢ়, অবিবেচক, নির্ব্বোধ।
গোঙরান, (প্রা) বোবা। [বিশেষ।
গোঙা, (প্রা) মূক, হাবা, অবাক্; বরাটক-
গোঙান, (প্রা) দুঃস্বপ্ন, কুস্বপ্ন।
গোচ, (প্রা) তৃণগুচ্ছ, স্তবক, গুচ্ছ, গোছা; রীতি, ধারা; পাদপিণ্ড, পাদোপরিভাগ।
গোচর, পুং. [গো+চর] ইন্দ্রিয়ার্থ, যথা—রূপ, শব্দ, গন্ধ, রস, স্পর্শস্বরূপ; সাক্ষাৎ; জ্ঞাতসার; জন্মরাশ্যবধি গৃহাক্রান্ত রাশিদিগের সংজ্ঞা; গৃহ; গোচারণক্ষেত্র।
গোচরাণ, (প্রা) তৃণখাদন, গোপ্রচার।
গোচরাণি, (প্রা) গোচারণস্থান।
গোচরে, বা. [গো+চরে] জ্ঞাতসারে, জানিয়া শুনিয়া।
গোচর্ম্ম, ন. [গো+চর্ম্মন্] গবামজিন, গবাংত্বক্; ভূমিপরিমাণবিশেষ।
গোচা, (প্রা) গুচ্ছ, থোবা, আঁটি, পুলা।
গোচান, (প্রা) শ্রেণীবন্ধন, শৃঙ্খলাকরিয়া রাখন, আঁটিবন্ধন।
গোচারক, পুং. [গো+চারক] গোপালক, গোরক্ষক, আভীর, বৎসীয়, অনুগবীন, গোপ, রাখাল।
গোচারণ, ন. [গো+চারণ] গোপালন, গরুচরাই করণ।
গোচাল, (প্রা) আঁটিবাঁধা; সুযোগান্বিত, কর্ম্মদক্ষ; নিজগ্গালী; পটু।
গোচিকিৎসক, পুং. [গো+চিকিৎসক] গোবৈদ্য; অশাস্ত্রীয়চিকিৎসক, হাতুড়িয়া।
গোচিকিৎসা, স্ত্রী. [গো+চিকিৎসা] দুশ্চিকিৎসা, হাতুড়িয়াচিকিৎসা।
গোচোর, (প্রা) গাভীহারক।
গোছ, (প্রা) গুচ্ছ; রীতি, ধারা; পাদাগ্র; গুলফ; সুযোগ, উপায়।
গোছা, (প্রা) স্তবক, আঁটি, পুলা; ধারা।
গোছান, (প্রা) শৃঙ্খলান্বিতকরণ, আঁটিবন্ধন। [সম্পন্ন।
গোছাল, (প্রা) উপযুক্ত, পটু, চতুর, কর্ম্মঠ,
গোছাল, পুং. [গো+ছাল] করতল।
গোচ্ছাল, পুং. [গো+চ্ছাল] কুলাহলবৃক্ষ, কোকশিমা।
গোজল, ন. [গো+জল] গোমূত্র চোনা।
গোজা, স্ত্রী. [গো+জা] গোলোমিকা-বৃক্ষ।
গোজাগরিক, ন. [গোজা+গরিক] মঙ্গল, কল্যাণ; (পুং.) কণ্টকারিকা। [বৃক্ষ।
গোজাপর্ণী, স্ত্রী. [গোজা+পর্ণী] দুগ্ধফেণী-
গোজিহ্বা, স্ত্রী. [গো+জিহ্বা] ক্ষুপবিশেষ, গোজিয়ালতা, দারিয়াশাক, তৎপর্য্যায়। দার্ব্বিকা, দর্ব্বিকা, দার্ব্বিপত্রিকা, খরপত্রী বাতোনা, অধোমুখা, অনডুজ্জিহা, অধঃপুষ্পী, দর্ব্বী, গোজিহ্বিকা, গবেধুকা, গড়গড়। [হ্বালতা।
গোজিহ্বিকা, স্ত্রী. [গো+জিহ্বিকা] গোজি-
গোট, (প্রা) স্বর্ণের বা রৌপ্যের কটালঙ্কার।
গোটা, (প্রা) অখণ্ড, সমস্ত, অভগ্ন, আস্ত, সমুদায়; সোনালি কিম্বা রূপালি বাদলা, জরি; গুবাক; আচার।
গোটাকত, (প্রা) সংখ্যা, পরিমাণ, কয়েক।
গোটান, (প্রা) একত্রকরণ, জড়ান, গুটন।
গোটানাল, (প্রা) ফেণ, গাঁজলা, লালা।
গোটাল, (প্রা) সমুদায়, অখণ্ডিত, সমুচ্চয়, আস্ত। [সংগৃহীত।
গোটোসোটো, (প্রা) একত্রিত, সঞ্চিত,
গোঠ, (প্রা) গোষ্ঠ, মেষাদিরপাল; সমূহ, সভা।
গোঠছাড়া, (প্রা) যূথভ্রষ্ট।
গোড়, (প্রা) পাদমূল; বৃক্ষমূল; তল; কোন পদার্থের আদিকারণ

গোড়গাইঠ-গোড়গাঁঠি, (প্রা) গুল্ফ, চরণ-গ্রন্থি।
গোড়মুড়া, (প্রা) পার্ষ্ণি, পাদমূল, গুল্ফ।
গোড়শূল, (প্রা) পদেরত্বক্কাঠিন্য অর্থাৎ গোড়কড়া।
গোড়া, (প্রা) মূল; আদি; স্তম্ভ; তল।
গোড়াগোড়ি, (প্রা) আদ্যোপান্ত; প্রথমাবধি শেষপর্য্যন্ত, সর্ব্বতোভাবে, মূলাবধি, তাবদ্রূপে, সর্ব্বতঃ; পুনরায়
গোড়ান, (প্রা) নিকটাগমন, সমীপস্থহওন, কাছান, ঘনান; প্রত্যুপস্থিত।
গোড়াবধি, (প্রা) আদ্যাবধি।
গোড়ারি, (প্রা) গুল্ফ, পার্ষ্ণি, পাদমূল, অংঘ্রিস্কন্ধ, কূর্চ্চশিরস্, গোহির, পদের-পশ্চিমভাগ, গুডমুড়া, এড়ী।
গোডিম-গোডিম্ব, (প্রা) পক্ষিশাবক, অজাত-পক্ষ, পক্ষহীন, অজাতপর্ণ, অনুৎপন্ন-পক্ষ, গরুদ্রহিত, অনাগতপক্ষ।
গোডু, পুং. [গুড়+অ] গোণ্ড, উন্নত-নাভি, নাভিদেশে বর্দ্ধিতমাংস।
গোডুম্ব, পুং. [গো+ডুম্ব] শীর্ণবৃন্ত, তর-মুজ।
গোডুম্বা, স্ত্রী. [গো + ডুম্বা] গবাদনী, গোমুক, চিত্রা, গবাক্ষী, গোডুম্বিকা, গোমী, রাজগোমুক, ফুটী।
গোডুম্বিকা, স্ত্রী. [গো+ডুম্বিকা] গোডুম্বা।
গোণী, স্ত্রী. [গুণ+ঈ] ছিদ্রবস্ত্র, শানী; ধান্যাদি বহনার্থাধারবিশেষ, গুণ, থলিয়া; দ্রোণি পরিমাণ।
গোণ্ড, পুং. [গুড়ি+অ] নাভিদেশবর্দ্ধিত-মাংস. গেঁড়; পামরজাতি; (ত্রি.) বৃদ্ধনা-ভিযুক্ত, গোড়, গৌড।
গোতম, পুং. [গো+তম] গোতমমুনি, ব্রহ্মপুত্র। [মুনি।
গোতমান্বয়, পুং. [গোতম+অন্বয়] শাক্য-
গোতল্লজ, পুং. [গো + তল্লজ] উত্তমগৌ, প্রশস্তগাভী।
গোত্র, ন. [গো+ত্র] কুল, তৎপর্য্যায়।— সন্ততি, জনন, অভিজন, অ , বংশ, অন্ববায়, সন্তান, কুটুম্ব, প্রবর, বংশপর-ম্পরা, বংশাবলি, বংশবিততি, পুত্রপৌ-ত্রাদি বংশ পরম্পরা, তন্তু, বর্ণ, অমুক, সগোত্র, গোষ্ঠী, জাতি, ঔলাদ, আবলী, পরম্পরাজাতি, আদিপুরুষ; আখ্যা; সম্ভাবনীয়বোধ; কানন; ক্ষেত্র; বর্ম্ম; ছত্র; সংঘ; বৃদ্ধি; বিত্ত; (পুং.) পর্ব্বত।
গোত্রজ, ত্রি. [গোত্র+জ] গোত্রোৎপন্ন, জ্ঞাতি, বংশজ, বংশ্য, কুলজ, বংশীয়।
গোত্রধন, ন. [গোত্র+ধন] পৈতৃকধন।
গোত্রবৃক্ষ, পুং. [গোত্র+বৃক্ষ] ধন্বনবৃক্ষ।
গোত্রভিৎ, পুং. [গোত্র+ভিদ্] ইন্দ্র।
গোত্ররিকৃথ, ন. [গোত্র+রিকৃথ] পৈতৃক-ধন, দায়।
গোত্রশক্র, পুং. [গোত্র+শক্র] ইন্দ্র।
গোত্রা, স্ত্রী. [গোত্র + আ] পৃথিবী; গো সমূহ।
গোত্রিক, ন. [গোত্র+ইক] বংশবোধ।
গোথুবি, (প্রা) তৃণ, ঘাসভেদ।
গোদ, পুং. [গো+দ] মস্তকস্নেহ, মস্তিস্ক; (ত্রি.) গাভীদানকর্ত্তা।
গোদ, (প্রা) পাদস্ফীত, শিলীপদ, বল্মীক, পাফুলা।
গোদন্ত, ন. [গো+দন্ত] হরিতাল; গাভীর-দন্ত; লবণবিশেষ।
গোদন্তমণি, পুং. স্ত্রী. [গোদন্ত+মণি] হরি-তাশ্ম, পীতমণি; হরিন্মণি।
গোদন্তহরিতাল, ন. [গোদন্ত+হরিতাল] হরিতালবিশেষ।
গোদা, স্ত্রী. [গো+দা] গোদাবরীনদী।
গোদা, (প্রা) স্ফীতপাদ।
গোদাচিল, (প্রা) চিল্লভেদ। [কর্ত্তা।
গোদাতা, পুং. [গো+দাতা] গোদান-
গোদান, ন. [গো+দান] গাভীদান।
গোদানী, (প্রা) উল্কী; অপমান চিহ্নাঙ্কিত, ককুদাঙ্কন। [কুদ্দাল।
গোদারণ, ন. [গো+দারণ] লাঙ্গল;
গোদাবরী, স্ত্রী. [গো+দা+বরী] নদীবিশেষ, গোদা, গৌতমসম্ভবা, ব্রহ্মাদ্রিজাতা, গৌতমী।
গোদুগ্ধ, ন. গো+দুগ্ধ] গাভীদুগ্ধ।

গোদুগ্ধদা, স্ত্রী. [গোদুগ্ধ+দা] চণিকা-তৃণ।

গোদোগ্ধা, পুং. [গো+দোগ্ধা] গোধুক্।

গোদোহন, ন. [গো+দোহন] গাভীহইতে দুগ্ধদোহন অর্থাৎ দুগ্ধনিঃসারণ; সময়-নিরূপণ।

গোদোহনী, স্ত্রী [গো+দোহনী] গোদো-হনপাত্র, পারী, দোহ, দুধেরকেঁড়ে।

গোদ্রব, পুং. [গো+দ্রব] গোমূত্র।

গোধন, ন. [গো+ধন] গোসমূহ; (পুং.) স্থূলাগ্রবাণ, তুক্কা।

গোধা, স্ত্রী. [গুধ্+আ] ধনুর্গুণাঘাত বার-ণার্থ প্রকোষ্ঠে বদ্ধচর্ম্মকৃতপট্টিকা, তলা, জ্যাঘাত বারণা, তল; জন্তুবিশেষ, গোসাপ, নিহাকা, গোধিকা, দারু-মুখ্যাহ্বা।

গোধাপদিকা, স্ত্রী. [গোধা+পদ+ইকা] গোধাপদীলতা।

গোধাপদী, স্ত্রী. [গোধা+পদী] লতাবিশেষ, গোয়ালিয়া, তৎপর্য্যায়।—সুবহা, হংস-পদী, গোধাজ্ঘ্রী, ত্রিফলা, ত্রিপদী, মধু-স্রবা, হংসপাদী,হংসপাদিকা,হংসাঙ্ঘ্রি, রক্তপাদী, ত্রিপদা, ঘৃতমণ্ডলিকা, বিশ্ব-গ্রন্থি, ত্রিপাদিকা, ত্রিপাদী, কীটমারী, কর্ণাটী, তাম্রপাদী, বিক্রান্তা, ব্রহ্মাদনী, পদাঙ্গী শীতাঙ্গী, সুতপাদিকা, সঞ্চা-রিণী, পদিকা, প্রহ্লাদী, কীটপাদিকা, ধার্ত্তরাষ্ট্রপদী, গোধাপদিকা, ছিন্নদলা, হংসবতী। [খদির।

গোধাস্কন্ধ, পুং. [গোধা+স্কন্ধ] বিট্-

গোধি, পুং. [গোধা+ই] ললাট; গোধিকা।

গোধিকা, স্ত্রী. [গোধা+ইকা] গোধা, গোসাপ।

গোধিকাত্মজ, পুং. [গোধিকা+আত্মজ] স্থূলগোধিকা, গোধাশিশুতুল্য আকার-বিশিষ্ট কোটরজন্তুবিশেষ, তোক্কে, তৎ-পর্য্যায়।—গৌধের, গৌধার, গৌধেয়, গোধি, গোধা, নিহাকা।

গোধিনী, স্ত্রী. [গোধা+ইনী] ক্ষবিকা, বৃহতীভেদ

গোধুক্, ত্রি. [গো+দুহ্] গোদোগ্ধা, গোদোহনকর্ত্তা।

গোধুম, পুং. [গো+ধুম] গোধূম, গম।

গোধূম, পুং. [গো+ধূম] নাগরঙ্গ; ওষধী-বিশেষ, ব্রীহিভেদ, তৎপর্য্যায়।—বহু-দুগ্ধ, অপূপ, ম্লেচ্ছভোজন, যবন, নিস্তুষ-ক্ষীর, রসাল, সুমনা, গম, গোন।

গোধূমচূর্ণ, ন. [গোধূম+চূর্ণ] চূর্ণীকৃত-গোধূম, ময়দা।

গোধূমসম্ভব, ন. [গোধূম+সম্ভব] সৌবীর, কাঞ্জিকভেদ।

গোধূমসার, পুং. [গোধূম+সার] গোধূ-মেরসারভাগ, গালো।

গোধূমী, স্ত্রী. [গো+ধূমী] গোলোমিকা।

গোধূলি-গোধূলী, স্ত্রী. [গো+ধূলি-ধূলী] কালবিশেষ, সূর্য্যাস্তকাল।

গোধেনু, স্ত্রী. [গো+ধেনু] দুগ্ধবতীগবী, পয়স্বিনী, দুধালগরু। [রক্ষিতা।

গোধের, পুং. [গো+ধের] গোপ্তা,

গোনন্দী, স্ত্রী. [গো+নন্দী] সারসপক্ষিণী।

গোনর্দ্দ, ন. [গো+নর্দ্দ] কৈবর্ত্তীমুস্তক; (পুং.) সারসপক্ষী। [মুনি।

গোনর্দ্দীয়, পুং. [গো+নর্দ্দীয়] পতঞ্জলি-

গোনস, পুং. [গো+নস] সর্পবিশেষ, গোখুরা, তৎপর্য্যায়।—মণ্ডলীবোড়া, তিলিৎস, গোনাস, ঘোনস, মণ্ডলী-বোড়্, বোড়াসাপ; বৈক্রান্তমণি।

গোনাথ, পুং. [গো+নাথ] অনড্বান্, ষণ্ড, বৃষ, ষাঁড়; গোপাল, গোরক্ষক।

গোনাগোষ্ঠী, (গ্রা) সকলপরিবার, গণ-গোষ্ঠী।

গোনাস, ন. [গো+নাস] বৈক্রান্তমণি; (পুং.) গোনস; সর্প।

গোনিষ্যন্দ, পুং. [গো+নিষ্যন্দ] গোমূত্র।

গোপ, পুং. [গো+প] বোল; জাতি-বিশেষ, গোসংখ্য, তৎপর্য্যায়।—গোধুক্, আভীর, বল্লব, গোপাল, গোচরক, গোরক্ষ, গোয়ালা; গোষ্ঠা-ধ্যক্ষ; পৃথ্বীপতি; বহুগ্রামের অধিকারী; (ত্রি.) রক্ষক; উপকারক।

গোপক, পুং. [গোপ+ক] বোল; বহুগ্রামাধিপতি।

গোপকন্যা, স্ত্রী. [গোপ+কন্যা] শারিবৌষধি; আভীরসুতা, গোপিকা।

গোপঘোণ্টা, স্ত্রী. [গোপ+ঘোণ্টা] হস্তিকোলি; বদরীসদৃশ সূক্ষ্মফলবৃক্ষ, শেয়াকুল; বিকঙ্কতবৃক্ষ। [রাভিধান।

গোপজীবী, পুং. [গোপ+জীবিন্] বর্ণসঙ্ক-

গোপতি, পুং. [গো+পতি] শিব; সূর্য্য; বৃষ; রাজা; ঋষভনামৌষধি; পৃথ্বীপতি; ইন্দ্র। [ধনু।

গোপতিচাপ, পুং. [গোপতি+চাপ] ইন্দ্র-

গোপথব্রাহ্মণ, পুং. [গো+পথ+ব্রাহ্মণ] অথর্ব্ববেদশাখা।

গোপদল, পুং. [গোপ+দল] গুবাক।

গোপদল, (প্রা) গোপসমূহ।

গোপন, ন. [গুপ্+অন] অপহ্নব, আচ্ছাদন, গুপ্তি, নিহ্নব, আবরণ, অপ্রকাশ; কুৎসন; রক্ষা; ব্যাকুলত্ব; দীপ্তি; তমালপত্র, তেজপত্র।

গোপনকৃৎ, পুং. [গোপন+কৃৎ] গোপ্তা, প্রচ্ছাদয়িতা।

গোপনস্থল-গোপনস্থান, পুং. [গোপন+স্থল] গুপ্তস্থান, নিভৃতস্থান।

গোপনার্হ, ত্রি. [গোপন+অর্হ] প্রচ্ছাদনীয়, গোপ্য, গুহ্য।

গোপনীয়, ত্রি. [গুপ্+অনীয়] গোপ্য, গুহ্য, সম্বরণীয়, গোপনার্হ, প্রচ্ছাদনীয়, গোপিতব্য।

গোপনে, ব্য. [গোপন+এ] অস্পষ্টে, প্রচ্ছন্নরূপে, গুপ্তরূপে, চুপেচাপে, ওতে, আবডালে, আড়ে।

গোপপল্লি, স্ত্রী. [গোপ+পল্লি] গোপদিগের বাসস্থান, গোয়ালাপাড়া।

গোপপুত্র, পুং. [গোপ+পুত্র] গোপের সন্তান, গোয়ালারছেলে।

গোপবধূ-গোপবধূটী, স্ত্রী. [গোপ+বধূ-টী] গোপভার্য্যা, গোপস্ত্রী, গোয়ালিনী; শারিবা। [শ্যামালতা।

গোপবল্লী, স্ত্রী. [গোপ+বল্লী] মূর্ব্বা, শ্যামালতা।

গোপভদ্র, ন. [গোপ+ভদ্র] শালুক।

গোপভদ্রা, স্ত্রী. [গোপ+ভদ্রা] কাশ্মরীবৃক্ষ।

গোপভদ্রিকা, স্ত্রী. [গোপ+ভদ্রিকা] গম্ভারীবৃক্ষ। [গন্ধ।

গোপরস, পুং. [গোপ+রস] বোল, রস-

গোপা, স্ত্রী. [গোপ+আ] শ্যামালতা।

গোপাঙ্গনা, স্ত্রী. [গোপ+অঙ্গনা] গোপের স্ত্রী, গোয়ালিনী

গোপাটবিক, পুং. [গো+পাটবিক] গোপ, গোপালক।

গোপানসী, স্ত্রী. [গোপ+আনসী] বড়ভী, গৃহের অগ্রভাগের উপরিস্থ বক্রকাষ্ঠ, মুদনী; কপাটের খিল।

গোপায়ক, ত্রি. [গুপ্+অক] রক্ষণকারী।

গোপায়িত, ত্রি. [গুপ্+ইত] রক্ষিত, লুক্কায়িত।

গোপাল, পুং. [গো+পাল] গোরক্ষক, গোপালক; রাজা; নন্দনন্দন।

গোপালক, পুং. [গোপাল+ক] শিব; শ্রীকৃষ্ণ; গোরক্ষক।

গোপালকর্কটী, স্ত্রী. [গোপাল+কর্কটী] কর্কটীভেদ, গোয়ালকাঁকরী, তৎপর্য্যায়। বন্যা, গোপকর্কটিকা, ক্ষুদ্রের্ব্বারু, ক্ষুদ্রফলা, গোপালী, ক্ষুদ্রচির্ভিটা।

গোপালতাপনীয়, পুং. [গোপাল+তাপনীয়] উপনিষদ্‌ভেদ। [গোচরণ।

গোপালন, ন. [গো+পালন] গোরক্ষণ,

গোপালয়, পুং. [গোপ+আলয়] গোপগৃহ, গোয়ালার নিবাস।

গোপালিকা, স্ত্রী. [গো+পালিকা] গোপালপত্নী, গোপভার্য্যা; কীটবিশেষ, মহাভীরু

গোপালী, স্ত্রী. [গো+পালী] গোপালকর্কটী; গোরক্ষী।

গোপাষ্টমী, স্ত্রী. [গোপ+অষ্টমী] কার্ত্তিকশুক্লাষ্টমী

গোপিকা, স্ত্রী. [গোপ+ইকা] গোপী; গোপভার্য্যা; রক্ষিত্রী।

গোপিত, ত্রি. [গুপ+ইত] রক্ষিত, পালিত

গোপিনী, স্ত্রী. [গোপ+ইনী] গোপনারী, গোয়ালিনী; শ্যামালতা।
গোপিল, ত্রি. [গুপ+ইল] গোপ্তা।
গোপী, স্ত্রী. [গোপ+ঈ] গোপপত্নী, গো-দোগ্ধ্রী, গোদোহিনী, গোপিনী, গো-পিকা, আভীরী, ক্ষীরমন্থিনী, গোদুগ্ধ-রক্ষিকা, গোয়ালিনী; শারিবা; রক্ষিকা; প্রকৃতি। [সমূহ।
গোপীকুল, ন. [গোপী+কুল] গোপিকা-
গোপীচন্দন, ন. [গোপী+চন্দন] পীতবর্ণ-চন্দনভেদ; উপনিষদ্‌বিশেষ।
গোপীথ, পুং. [গোপ+ঈথ] রক্ষণ; (ন) তীর্থস্থান।
গোপীমাটী, (প্রা) অঙ্গলেপনের মৃত্তিকা-বিশেষ, তিলকধারণ মৃত্তিকা।
গোপীবল্লভ, পুং. [গোপী+বল্লভ] শ্রীকৃষ্ণ।
গোপুচ্ছ, পুং. [গো+পুচ্ছ] হারভেদ; গোলাঙ্গুলবানর; গরুরলেজ।
গোপুটা, স্ত্রী. [গো+পুটা] স্থূলৈলা, বড়-এলাইচ। [বৃষের মণ্ডপ।
গোপুটিক, ন. [গো+পুটিক] মহাদেবের
গোপুর, ন. [গো+পুর] নগরদ্বার, সহরের ফটক, পুরদ্বার; দুর্গপুরদ্বার; দ্বার-মাত্র, দরওয়াজা; কৈবর্ত্তীমুস্তক।
গোপুরক, পুং. [গো+পুরক] কুন্দুরুক।
গোপুরীষ, ন. [গো+পুরীষ] গোময়, গো-বর; করিষ।
গোপুরী, (প্রা) লতাবৃক্ষবিষ।
গোপেন্দ্র, পুং. [গোপ+ইন্দ্র] বিষ্ণু; নন্দ।
গোপেশ, পুং. [গোপ+ঈশ] শাক্যমুনি; নন্দঘোষ; শ্রীকৃষ্ণ; প্রধানগোপ।
গোপো, (প্রা) সপরিবার, গণাগোষ্ঠী।
গোপ্তা, ত্রি. [গুপ্‌+তৃ] রক্ষক, রক্ষাকর্ত্তা; অপ্রকাশ, গোপনকৃৎ, লুকানিয়া।
গোপ্য, ত্রি. [গুপ+য] রক্ষণীয়; গোপনীয়; গোপীসমূহ; (পুং) দাস; দাসীপুত্র।
গোপ্যক, পুং. [গোপ্য+ক] দাস, ভৃত্য।
গোপ্যাধি, পুং. [গোপ্য+আধি] বন্ধকবিশেষ, যে দ্রব্য কেবল প্রবোধার্থ মহাজনের নিকট রাখে ভোগার্থ নয়

গোপ্রকাণ্ড, পুং. [গো+প্রকাণ্ড] শ্রেষ্ঠগৌ, সদ্গাভী।
গোপ্রচার, পুং. [গো+প্রচার] গোষ্ঠভূমি, গোচারণভূ। [ভিন্দপাল।
গোক্ষণা, স্ত্রী. [গো+ক্ষণা] প্রস্তরক্ষেপণী,
গোবক, পুং. [গো+বক] বকভেদ।
গোবৎসাদী, পুং. [গো+বৎসাদিন্‌] বৃক
গোবধ, পুং. [গো+বধ] প্রিয়ঙ্গুবৃক্ষ; পীত-দণ্ডোৎপল। [প্রিয়ঙ্গুবৃক্ষ।
গোবন্দনী, স্ত্রী. [গো+বন্দনী] বৃক্ষবিশেষ,
গোবর, (প্রা) গোময়, গোকৃত, গোশকৃৎ, গবাংগূথ, ভূমিলেপন, গোপুরীষ, জগল, গোহম, গোবিট্‌, গোবিষ, গোবিষ্ঠা, গোমল।
গোবরাট. (প্রা) দ্বারের উপরিভাগের কাষ্ঠ, গৃহাবগ্রহণী; অম্বুর, শিলা।
গোবরাণ, (প্রা) বিবর্ণকরণ, পাকনে বর্ণ ফিরাণ, অবলেখন; কদাকারকরণ; অপরিষ্কার করণ। [বৃক্ষ।
গোবরিয়াচাঁপা, (প্রা) সুগন্ধপুষ্পযুক্ত ক্ষুদ্র-
গোবরিয়াছাতা, (প্রা) গোময়োদ্ভব ছত্রাক বিশেষ। [বিশেষ।
গোবরিয়াপোকা, (প্রা) ভ্রমরভেদ; কীট-
গোবর্দ্ধন, পুং. [গো+বর্দ্ধন] স্বনামখ্যাত বৃন্দাবনস্থপর্ব্বত।
গোবর্দ্ধনধর, পুং. [গোবর্দ্ধন+ধর] শ্রীকৃষ্ণ।
গোবশা, স্ত্রী. [গো+বশা] বন্ধ্যাগৌ।
গোবাঘ, (প্রা) গোঘাতকব্যাঘ্র, নেকড়িয়া-বাঘ।
গোবাল, পুং. [গো+বাল] গাভীরলোম।
গোবিট্‌, পুং. [গো+বিষ্‌] গোময়।
গোবিন্দ, পুং. [গো+বিন্দ] শ্রীকৃষ্ণ; গবা-ধ্যক্ষ; বৃহস্পতি।
গোবিন্দদ্বাদশী, স্ত্রী. [গোবিন্দ+দ্বাদশী] ফাল্গুণী শুক্লদ্বাদশী।
গোবিষ্ঠা, স্ত্রী. [গো+বিষ্ঠা] গোময়।
গোবিত্ত, পুং. [গো+বিত্ত] গোধন।
গোবৃদ্ধ, পুং. [গা+বৃদ্ধ] বলীবর্দ্ধ।
গোবৃন্দ, ন. [গো+বৃন্দ] গোসমূহ, গরুর-পাল।

গোবৃন্দারক, পুং. [গো+বৃন্দারক] শ্রেষ্ঠগো, উত্তমগরু।
গোবৃষ, পুং. [গো+বৃষ] বৃষ।
গোবৈদ্য, পুং. [গো+বৈদ্য] গোচিকিৎসক; দুশ্চিকিৎসক, মিথ্যাবৈদ্য। [ব্রজ।
গোব্রজ, পুং. [গো+ব্রজ] গোস্থান, গোষ্ঠ,
গোব্দা, (প্রা) স্থূল, ঢেপ্সা, ভারী।
গোভণ্ডীর, পুং. [গো+ভণ্ডীর] জলকুক্কুভ-পক্ষী, জলচরপক্ষী।
গোভিল, পু. [গো+ভিল] মুনিবিশেষ, সামবেদীসন্ধ্যা সূত্রকার।
গোম, (প্রা) শস্যভেদ। [মণ্ডল।
গোমণ্ডল, ন. [গো+মণ্ডল] ভূগোল, পরি-
গোমতল্লিকা, স্ত্রী. [গো+মতল্লিকা] সুশীলাগৌ; উত্তমগরু।
গোমতী, স্ত্রী. [গো+মতী] স্বনামখ্যাতনদী, বাশিষ্ঠী; বৈদিকমন্ত্রভেদ; মৃতগো নিঃক্ষেপণীয়া ভূমি, ভাগার।
গোমধ্যমধ্য, ত্রি. [গো+মধ্য+মধ্য] ক্ষীণমধ্য, মাজাসরু।
গোমন্ত, পুং. [গো+মন্ত] পর্ব্বতবিশেষ; গোস্বামীসমূহ।
গোময়, ন. পুং. [গো+ময়] গোবর, তৎপর্য্যায়।—গোবিট্, জগল, গোহন্ম, গোশকৃৎ, গোপুরীষ, গোবিষ্ঠা,গোমল; গবাত্মক, গোস্বরূপ। [কছাতা।
গোময়চ্ছত্র, ন. [গোময়+ছত্র] কবক, কোঁড়-
গোময়চ্ছত্রিকা, [গোময়+ছত্রিকা] গোময়চ্ছত্র, দিলীর, শিলীন্ধ্রক, উচ্ছিলীন্ধ্র।
গোময়প্রিয়, ন. [গোময়+প্রিয়] ভূতৃণ, গন্ধখড়।
গোময়োত্থা, স্ত্রী. [গোময়+উত্থা] গোময়জাত কীটবিশেষ; গর্দ্দভী।
গোময়োদ্ভব, পুং. [গোময়+উদ্ভব] আরগ্বধ, শোনালু। [ডাঁশ।
গোমক্ষিকা, স্ত্রী. [গো+মক্ষিকা] দংশ,
গোমাংস, ন. [গো+মাংস] গরুরমাস।
গোমাতা, স্ত্রী. [গো+মাতৃ] সুরভী।
গোমান্, ত্রি. [গো+মৎ] বহুগোস্বামী,
গোমায়ু, পুং. [গো+মায়ু] শৃগাল; গন্ধর্ব্ববিশেষ; (ন.) গোপিত্ত।
গোমাস্তা, (হি) কর্ম্মচারী।
গোমিথুন, ন. [গো+মিথুন] গোযুগ্ম।
গোমিল, পুং. [গো+মিল] মুনি।
গোমী, ত্রি. [গো+মিন্] গোমান্; উপাসক; (পুং.) শৃগাল; বুদ্ধভিক্ষুশিষ্য।
গোমীন, পুং. [গো+মীন] মৎস্যবিশেষ।
গোমুখ, পুং. [গো+মুখ] নক্র; যক্ষবিশেষ; (ন.) কুটিলাগার; বাদ্যভাণ্ড; লেপন; চৌরক্রিয়মাণ সুরঙ্গাভেদ, সিঁধবিশেষ; জপমালাগোপনার্থ বস্ত্রনির্ম্মিতযন্ত্র; গরুরমুখ; হিমালয়স্থ গঙ্গাবতরণ স্থান।
গোমুখী, স্ত্রী. [গোমুখ+ঈ] হিমালয় হইতে গঙ্গাপতনে গোমুখাকার গুহা, রাঢ়দেশস্থ নদীবিশেষ, গোমুড়।
গোমুড়, (প্রা) গোকরোটি, মরাগরুরমাথা।
গোমূঢ়, ত্রি. [গো+মূঢ়] গরুরন্যায় অবোধ, অতিশয়মূর্খ, অতি অজ্ঞানী, গাবী।
গোমূত্র, ন. [গো+মূত্র] গোপ্রস্রাব, গোজল, গোমূত্র, গোনিষ্যন্দ,গোদ্রব, চোনা।
গোমূত্রিকা, স্ত্রী. [গো+মূত্রিকা] তৃণবিশেষ, তাম্বড়ু, তৎপর্য্যায়।—রক্ততৃণা, ক্ষেত্রজা কৃষ্ণভূমিজা; চিত্রকাব্যবিশেষ।
গোমেদ, পুং. [গো+মেদ] স্বনামখ্যাত মণিবিশেষ,তৎপর্য্যায়।—গোমেদ, রাহুরত্ন, তমোমণি, স্বর্ভানব, পিঙ্গস্ফটিক।
গোমেদক, ন. [গো+মেদক] পীতবর্ণ মণিবিশেষ; কাকোলপত্রক। [পাষাণ।
গোমেদসন্নিভ, পুং. [গোমেদ+সন্নিভ] দুগ্ধ-
গোমেধ, পুং. [গো+মেধ] যজ্ঞবিশেষ।
গোযান, ন. [গো+যান] শকট, বৃষযোজিতযান, গরুরগাড়ী।
গোযুগ, ন. [গো+যুগ] গোমিথুন।
গোয়ালা, (প্রা) গোপাল, গোপ, আহীরী, আভীর।
গোয়ালানী, (প্রা) আভীরী, গোপী, আহীরী। [ম্লেচ্ছসংকার।

গোরঙ্কু, পুং. [গো+রঙ্কু] পক্ষীভেদ, বন্দী; লগ্নক, নগ্নক; স্তাবক।

গোরট, পুং. [গো+রট] দুর্খদির।

গোরণ, ন. [গুর্+অন] গুরণ, উদ্যম।

গোরস, পুং. [গো+রস] দুগ্ধ; দধি; তক্র, ঘোল।

গোরসজ, ন. [গোরস+জ] তক্র, ঘোল।

গোরস্থান, (বাং) মৃতদেহাদি রক্ষিতস্থান।

গোরক্ষ, পুং. [গো+রক্ষ] ঋষভনামৌষধ; নাগরঙ্গ; শিব; (ত্রি.) গোপাল, রাখাল।

গোরক্ষক, পুং. [গো+রক্ষক] গোপাল, রাখাল। [চির্ভিটা।

গোরক্ষকর্কটী, স্ত্রী. [গোরক্ষ+কর্কটী]

গোরক্ষজম্বু, স্ত্রী. [গোরক্ষ+জম্বু] গোধূম; গোরক্ষকতণ্ডুলা; ঘোণ্টাফল।

গোরক্ষণ, ন. [গো+রক্ষণ] গাভীপ্রতিপালন

গোরক্ষতণ্ডুলা, স্ত্রী. [গোরক্ষ+তণ্ডুল।] ক্ষুদ্রলতাবিশেষ, গোরক্ষচাউলিয়া, তৎপর্য্যায়।—গাঙ্গেরুকী, নাগবলা, ঝসা, হ্রস্বগবেধুকা, খরবল্লরিকা, বিশ্বদেবা।

গোরক্ষতুম্বী, স্ত্রী, [গোরক্ষ+তুম্বী] কুম্ভতুম্বী।

গোরক্ষদুগ্ধা, স্ত্রী· [গোরক্ষ+দুগ্ধা] ক্ষুদ্রক্ষুপবিশেষ, তৎপর্য্যায়।—গোরক্ষী, তাম্রদুগ্ধা, রসায়নী, বহুপত্রী, অমৃতা, জীব্যা, অমৃতসঞ্জীবনী।

গোরক্ষী, স্ত্রী· [গোরক্ষ+ঈ] ক্ষুদ্রক্ষুপবিশেষ; তৎপর্য্যায়।—সর্পদণ্ডী, দীর্ঘদণ্ডী, সুদণ্ডিকা, চিত্রলা, গন্ধবহুলা, গোপালী, পঞ্চপর্ণিকা; গোরক্ষদুগ্ধা; কুম্ভতুম্বী। [গোরক্ষণ।

গোরক্ষ্য, ন· [গোরক্ষ+য] গোপালন,

গোরা, (প্রা) গৌর, সুন্দর, শ্বেতবর্ণ, ফরসা।

গোরাজ, পুং. [গো+রাজন্] বৃষ।

গোরাটী, স্ত্রী. [গো+রাটী]সারিকাপক্ষিণী।

গোরাণ্টিকা, স্ত্রী, [গোরাণ্টিক+আ] সারিকাপক্ষিণী।

গোরিকা, স্ত্রী. [গোরিক+আ] সারিকাপক্ষিণী।

গোরু, (প্রা) গৌ, গো

গোরুত, ন. [গো+রুত] ক্রোশদ্বয়, দুইক্রোশপরিমাণ।

গোরোচ, ন. [গো+রোচ] হরিতাল।

গোরোচনা, স্ত্রী. [গো+রোচনা] স্বনামপীতবর্ণদ্রব্য, অর্থাৎ গো মস্তকস্থ শুষ্কপিত্ত, তৎপর্য্যায়।—রুচি, শোভা, রুচিরা, শোভনা, শুভা, গৌরী, রোচনী, পিঙ্গা, মঙ্গল্যা, মঙ্গলা, শিবা, পীতা, গৌতমী, গব্যা, চন্দনীয়া, কাঞ্চনী, মেধ্যা, মনোরমা, শ্যামা, রামা, বন্দ্যা, রোচনা।

গোর্দ্দ, পুং. [গো+অর্দ্দ] মস্তিষ্ক, মস্তকস্থঘৃত, মজ্জা; শিটা।

গোল, পুং. [গো+ল] সর্ব্ববর্ত্তুল; মদন বৃক্ষ; বিধবাস্ত্রীজাতসন্তান; বোল; ভূগোল; খগোল; একরাশিস্থ ষড়গ্রহযোগ; এক রাশিস্থ সপ্তগ্রহযোগ।

গোল, (প্রা) কলরব, কোলাহল।

গোলক, ন. [গোল+ক] গোলাকৃতি; (পুং.) বিধবাসন্তান, রাঁড়েরছেলে; অলিঞ্জর; গুড়; পিণ্ড; গন্ধরস; কলায়, মটর।

গোলমাল, (প্র) কোলাহল, গণ্ডগোল; উল্টাপাল্টা, লণ্ডভণ্ড।

গোলমৃত্তিক, (প্রা) মৃত্তিকার গোলাকৃতি।

গোলা, স্ত্রী, [গোল+আ] দুর্গা; গোদাবরী; সখী; কুনটী; পত্রাঞ্জন; মণ্ডল; অলিঞ্জর; বালক্রীড়নকাষ্ঠ

গোলা, (প্রা) শস্যাগার, ভাণ্ডার, কোষ, গুদাম, বর্ত্তুল, গুলি; পরিগলিত, দ্রবীভূত

গোলাঙ্গুল, পুং; [গো+লাঙ্গুল] বানর বিশেষ, কপিথাস্থ, দধিশোণ, নগাটন; কৃষ্ণবানর; গোপুচ্ছ।

গোলাধ্যায়, পুং. [গোল+অধ্যায়] ক্ষেত্রপরিমাণ বিদ্যা বিশেষ

গোলান, (প্রা) প্রচারণ; ঘোলান।

গোলাম,(বাং) ভৃত্য; বালক। [শিলীন্ধ্র

গোলাস, পুং. [গো+লাস] গোময়চ্ছত্রিকা,

গোলিহ, পুং. [গো+লিহ] ঘণ্টাপাটলি।
গোলী, (প্রা) বর্ত্তুল, গুলি, বাঁটুল।
গোলীঢ়, পুং. [গো+লীঢ়] ঘণ্টাপাটলি।
গোলোক, ন. [গো+লোক] শ্রীকৃষ্ণের-স্থান; নিত্যধাম বৈকুণ্ঠ।
গোলোমিকা, স্ত্রী. [গোলমন্+ঈকা] ক্ষুদ্রক্ষুপবিশেষ, গোধূমা, পাথরী, তৎপর্য্যায়।—গোধূনী, গোজা, ক্রোষ্টুকপুচ্ছিকা, গোসম্ভবা, প্রস্তরিণী।
গোলোমী, স্ত্রী. [গো+লোমী] শ্বেতদূর্ব্বা; বচা; ভূতকেশ; বেশ্যা; গোলোমিকা
গোশকৃৎ, ন. [গো+শকৃৎ] গোময়।
গোশাল, পুং. ন. [গো+শালা] গোগৃহ, গোগোষ্ঠ, গোস্থানক, গোয়ালি
গোশীর্ষ, ন. [গো+শীর্ষ] চন্দন; হরিচন্দন; গোমস্তক। [বৃক্ষ।
গোশীর্ষক, পুং. [গো+শীর্ষক] দ্রোণপুষ্পী
গোশৃঙ্গ, পুং. [গো+শৃঙ্গ] বর্ব্বুরবৃক্ষ; (ন.) গরুরশিং. গোবিষাণ।
গোষড়্গব, ন. [গো+ষড়্গব] গোষট্ক, ছয়টাগরু।
গোষ্ঠ, পুং. ন. [গো+স্থা] গোস্থান, গোষ্ঠ গোব্রজ, গোস্থান, বাথান, গোকুল; গোপাল।
গোষ্ঠবেদিকা, স্ত্রী. [গোষ্ঠ+বেদিকা] যজ্ঞবেদী, গোস্থানমধ্য।
গোষ্ঠশ্ব, ত্রি. [গোষ্ঠ+অশ্ব] কুৎসাবাদী, নিন্দক।
গোষ্ঠাষ্টমী, স্ত্রী. [গোষ্ঠ+অষ্টমী] গোপাষ্টমী, কার্ত্তিকাষ্টমী।
গোষ্ঠী, স্ত্রী. [গোষ্ঠ+ঈ] সভা; কুটুম্ব, জ্ঞাতি, পরিবার, কুল; আলাপ।
গোষ্ঠীপতি, পুং. [গোষ্ঠী+পতি] পোষ্যবর্গপালক; সভাপতি।
গোষ্পদ, ন. [গোস্+পদ] গোসেবিতস্থান; গোখুরপ্রমাণ
গোস, পুং. [গো+স] বোল; উষঃকাল।
গোসংখ্য, পুং. [গো+সংখ্য] গোপ; গো পরিমাণ। [গৃহ
গোসগৃহ, ন. [গোস+গৃহ] শয়নাগার, শয়ন-
গোসঙ্গ, পুং. [গো+সঙ্গ] প্রত্যুষ।
গোসদৃক্ষ, পুং. [গোস+দৃক্ষ] গবয়।
গোসন্দায়, পুং. [গো+সন্দায়] গোদানকর্ত্তা।
গোসব, পুং. [গো+সব] গোমেধযজ্ঞ।
গোসম্ভবা, স্ত্রী. [গো+সম্ভবা] শ্বেতদূর্ব্বা: (ত্রি) গোজাত।
গোসর্গ, পুং. [গো+সর্গ]গোসৃষ্টি,ভূসর্জ্জন।
গোসর্প, (প্রা) গোধিকা, গোসাপ।
গোসশশ, পুং. [গোস+শশ] বোল।
গোসহস্রী, স্ত্রী. [গো+সহস্রী] মঙ্গলবারযুক্তামাবস্যা; সোমবারযুক্তামাবস্যা।
গোসা, (বাং) ক্রোধ; অভিমান।
গোসূত্রিকা, স্ত্রী. [গো+সূত্রিকা] গোবন্ধন রজ্জুবিশেষ।
গোস্তন, পুং. [গো+স্তন] হারভেদ; ৩৪ নরহার; গাভীর পালান, বাঁট; গুচ্ছ।
গোস্তনা, স্ত্রী. [গোস্তন+আ] গোস্তনী।
গোস্তনী, স্ত্রী. [গোস্তন্+ঈ] দ্রাক্ষা; কপিলদ্রাক্ষা; আঙ্গুর।
গোস্থান, ন. [গো+স্থান] গোষ্ঠ, গোকুল।
গোস্থানক, ন. [গো+স্থানক] গোষ্ঠ।
গোস্বামী, পুং. [গো+স্বামিন্] গোপতি; গোরক্ষক; প্রভু।
গোহত্যা, স্ত্রী. [গো+হত্যা] গোবধ, গোহিংসা।
গোহন্ন, ন. [গো+হন্ন] গোময়। [বৃক্ষ।
গোহরীতকী, স্ত্রী. [গো+হরীতকী] বিল্ব-
গোহাড়, (প্রা) গরুরহাড়, গবাস্থি।
গোহালী, (প্রা) গোশালা, গোগৃহ।
গোহালিয়া, স্ত্রী. [গো+হালিয়া] লতাবিশেষ; গোয়ালিয়া।
গোহিত, পুং. [গো+হিত] ঘোষলতা; বিল্ব; (ত্রি) গরুরহিতকারক, গোপ্রতিপালক।
গোহির, ন. [গুহ্+ইর] পাদমূল, গুল্ফ, গোড়ালি।
গোহ্য, ত্রি. [গুহ+য] গুহ্য, গোপনীয়।
গোক্ষীর, ন. [গো+ক্ষীর] গোদুগ্ধ।
গোক্ষুর-গোক্ষুরক, পুং. [গো+ক্ষুর+ক্ষুরক] ক্ষুদ্রক্ষুপবিশেষ,খু গোরি, গোখুরু, তৎ

পর্য্যায়।—ত্রিকণ্ট, ত্রিকণ্টক, স্থলশৃঙ্গাট, গোকণ্ট, ত্রিপুট, কণ্টকফল, ক্ষুর, পলঙ্কষা, ইক্ষুগন্ধা, শ্বদংষ্ট্রা, স্বাদুকণ্টক, গোকণ্টক, বনশৃঙ্গাট, ক্ষুরক, ভক্ষ্যকণ্ট, ইক্ষুগন্ধিকা, ক্ষুরাঙ্গ, শ্বদংষ্ট্রক, কণ্টকী, ভদ্রকণ্ট, ব্যালদংষ্ট্র, ষড়ঙ্গ, গোক্ষুর, ত্রিকট, ত্রিক, ইক্ষুর।

গো, পুং. স্ত্রী. [গম+ও] স্বনামখ্যাত পশু, গরু; পুংগোর পর্য্যায়—অনড্বান, ভদ্র, বলীবর্দ্দ, দম্য, দান্ত, স্থির, বলী, উক্ষা, ককুদ্মান্, ঋষভ, বৃষভ, বৃষ, ধুর্য্য, ধুরীয়, ধৌরেয়, শাক্কর, শিববাহন, রোহিণীরমণ, বোদা, গোনাথ, সৌরভেয়ক, পুঙ্গব, অনডুহ, শক্কর, শাক্কর। স্ত্রীগোরপর্য্যায়—মাহেয়ী, সৌরভেয়ী, উস্রা, মাতা, শৃঙ্গিণী, অর্জ্জুনী, অঘ্ন্যা, দোগ্ধ্রী, রোহিণী, মাহেন্দ্রী, ইজ্যা, ধেনু, অঘ্না, ভদ্রা, ভূরিমহী, অনডুহী, কল্যাণী, পাবনী, তম্পা, তম্বা, মাহা, মাহেয়ী, নিলিম্পা, পীবরী, সুরভী, সৌরভেয়ী, ধেনুকা, গোধেনু, স্ত্রীগবী, পীতদুগ্ধা, পীনোধ্নী, পীবরস্তনী, ধেনুম্পা, গাবী, গাই, গৌরী, মহা, নিলিনাচি, সুরভি, অনড্বাহী, দ্বিড়া, অধমা, বহুলা, মহী, সরস্বতী, উস্রিয়া, উস্রা, অহী, অদিতি, ইলা, জগতী, শর্ক্করী।

গৌচরিক, ত্রি. [গোচর+ইক] গোচরসম্বন্ধীয়।

গৌঞ্জিক, পুং. [গুঞ্জ+ইক] স্বর্ণকার।

গৌড়, পুং. [গুড়+অ] স্বনামখ্যাত দেশ।

গৌড়বাস্তুক, পুং. [গৌড়+বাস্তুক] চিল্লীশাক; (ত্রি) গুড়নিষ্পন্ন দ্রব্য।

গৌড়িক, ন. [গুড়+ইক] মদ্যবিশেষ।

গৌড়ী, স্ত্রী. [গৌড়+ঈ] গুড়াদিকৃত সুরা, গুড়ের মদ, বারুণী; রাগিণীবিশেষ; কাব্যরীতিবিশেষ। [ন্ধীয়।

গৌড়ীয়, ত্রি. [গৌড়+ঈয়] গৌড়দেশসম্ব-

গৌণ, ত্রি. [গুণ+অ] অপ্রধান, অধীন, গৌণীবৃত্তিবোধিত।

গৌণ, (প্রা) বিলম্ব।

গৌণকাল, পুং. [গৌণ+কাল] মুখ্যকাল কর্ত্তব্য কর্ম্ম করণযোগ্য কালান্তর।

গৌণচান্দ্র, পুং. [গৌণ+চান্দ্র] কৃষ্ণপ্রতিপদাদি পৌর্ণমাস্যন্তমাস।

গৌণিক, ত্রি. [গুণ+ইক] গুণসম্বন্ধীয়।

গৌণী, স্ত্রী. [গৌণ+ঈ] অশীতিপ্রকার লক্ষণান্তর্গত লক্ষণাবিশেষ।

গৌতম, পুং. [গোতম+অ] মুনিবিশেষ, শতানন্দ, শাক্যবংশাবতীর্ণ বুদ্ধ মুনিবিশেষ, তৎপর্য্যায়।—শাক্যমুনি, শাক্যসিংহ, সর্ব্বার্থসিদ্ধ, সৌদ্ধোদনি, অর্কবন্ধু, মায়াদেবীসুত, খর্জিৎ, শ্বেতকেতু, ধর্ম্মকেতু মহামুনি, পঞ্চজ্ঞান, সর্ব্বদর্শী, মহাবোধি, মহাবল, বহুক্ষম, ত্রিমূর্ত্তি, সিদ্ধার্থ, শক।

গৌতমসম্ভবা, স্ত্রী. [গৌতম+সম্ভবা] গোদাবরীনদী, কৃপী, অশ্বত্থামারমাতা।

গৌতমী, স্ত্রী. [গৌতম+ঈ] দুর্গা; রাক্ষসীবিশেষ; গোদাবরীনদী; গোরোচনা; কৃপী।

গৌত্তম, পুং. স্থাবরবিষভেদ। [গোধা।

গৌধার, পুং. [গোধা+আর] গোধিকাত্মজ,

গৌধেয়-গৌধের, পুং. [গোধা+এয়-এর] গোধিকাত্মজ, গোধা। [সম্বন্ধীয়।

গৌপুচ্ছিক, ত্রি. [গোপুচ্ছ+ইক] গোলাঙ্গুল

গৌর, ন. [গু+র-অ] পদ্মকেশর; কুঙ্কুম; স্বর্ণ; (পুং) শ্বেতসর্ষপ; চন্দ্র; ধববৃক্ষ; পীতবর্ণ; শ্বেতবর্ণ; অরুণবর্ণ; শ্রীচৈতন্যদেব; (ত্রি) বিশুদ্ধ, গোরো।

গৌরচন্দ্র, পুং. [গৌর+চন্দ্র] শ্রীচৈতন্যদেব, কৃষ্ণচৈতন্য, গৌরাঙ্গ, শচীসুত, গৌর, গৌরহরি, বিশ্বম্ভর, নবদ্বীপচন্দ্র

গৌরজীরক, পুং. [গৌর+জীরক] শুক্লজীরক, সাদাজীরা, তৎপর্য্যায়।—অজাজী, শ্বেতজীরক, কণাহ্ব, কণজীর, কণা, সিতদীপ্য, দীর্ঘকণা, সিতাজাজী, c

গৌরত্বক্, পুং. [গৌর+ত্বচ্] ইঙ্গুদীবৃক্ষ।

গৌরব, ন. [গুরু+অ] অভ্যুত্থান; গুরুত্ব; প্রভাব; সমাদর, সম্মান।

গৌরবিত, ত্রি. [গৌরব+ইত] অর্য্য, আর্য্যমিশ্র, মান্য, সমাদৃত।

গৌরবান্বিত-গৌরবেরিত, ত্রি. [গৌরব+অন্বিত-ঈরিত] আর্য্য, মান্য, পূজ্য।

গৌরবান্, ত্রি. [গৌর+বৎ] গুরুতর।

গৌরবাসন, ন. [গৌরব+আসন] পূজ্যাসন।

গৌরশাক, পুং. [গৌর+শাক] মধুকবৃক্ষবিশেষ।

গৌরসর্ষপ, পুং. [গৌর+সর্ষপ] শ্বেতসর্ষপ, তৎপর্য্যায়।—অনদ্য, সিদ্ধার্থ, ভূতনাশন, কটুস্নেহ, গ্রহঘ্ন,কণ্ডঘ্ন, রাজিকাফল, তীক্ষ্ণক, দুরাধর্ষ, রক্ষোঘ্ন, কুষ্ঠনাশন সিদ্ধপ্রয়োজন, সিদ্ধসাধন, সিতসর্ষপ।

গৌরসুবর্ণ, ন. [গৌর+সুবর্ণ] পত্রশাকবিশেষ, গজশাক।

গৌরা, স্ত্রী. [গৌর+আ] গৌরী, দুর্গা

গৌরাঙ্গ, পুং. [গৌর+অঙ্গ] চৈতন্যদেব; (ত্রি) শ্বেতবর্ণ; সুন্দর; পীতবর্ণ।

গৌরার্দ্রক, পুং. [গৌর+অর্দ্রক] স্থাবরবিষভেদ।

গৌরাস্য, পুং. [গৌর+আস্য] কৃষ্ণবানর।

গৌরিকা, স্ত্রী. [গৌরী+ইকা] অষ্টবর্ষীয়াকন্যা, অরজস্কা।

গৌরিল, পুং. [গৌর+ইল] শ্বেতসর্ষপ; লৌহচূর্ণ।

গৌরী, স্ত্রী. [গৌর+ঈ] পার্ব্বতী; অসংজাতরজঃকন্যা; হরিদ্রা; দারুহরিদ্রা; গোরোচনা; প্রিয়ঙ্গুবৃক্ষ; রসুধা; নদীবিশেষ; বরুণভার্য্যা; সূর্য্যবংশীয় প্রসেনজিদ্রাজভার্য্যা; বুদ্ধশক্তিবিশেষ; মঞ্জিষ্ঠা; শ্বেতদুর্ব্বা; মল্লিকা; তুলসী; সুবর্ণকদলী; আকাশমাংসী; রাগিণীবিশেষ।

গৌরীজ, ন. [গৌরী+জন্] অভ্রক; (পুং) কার্ত্তিকেয়; গণেশ।

গৌরীপট্ট-গৌরীপাট, পুং. [গৌরী+পট্ট+পাট] শিবলিঙ্গের নিম্নস্থপট্ট, পানিয়াটা, পেমেট.

গৌরীপতি, পুং. [গৌরী+পতি] শিব

গৌরীপুত্র, পুং. [গৌরী+পুত্র] কার্ত্তিকেয়।

গৌরীপুষ্প, পুং. [গৌরী+পুষ্প] প্রিয়ঙ্গুবৃক্ষ। [অর্চ্চনা।

গৌরীপূজা, স্ত্রী. [গৌরী+পূজা] ভগবতীর

গৌরীললিত, ন. [গৌরী+ললিত] হরিতাল। [পত্নীগামী।

গৌরুতল্পিক, পুং. [গুরু+তল্প+ইক] গুরু-

গৌলক্ষণিক, পুং. [গো+লক্ষণ+ইক] উত্তম গো নির্ণায়ক, যে ভাল গরু চিনে।

গৌলিক, পুং. [গোল+ইক] মুষ্ককবৃক্ষ।

গৌশতিক, ত্রি. [গো+শত+ইক] গোশতস্বামী, যাহার এক শত গরু আছে।

গৌষ্ঠীন, ন. [গোষ্ঠ+ঈন্] ভূতপূর্ব্বক গোস্থান, পূর্ব্বেরগোঠ

গৌসহস্রিক, পুং. [গো+সহস্র+ইক] গোসহস্রস্বামী, যাহার এক হাজার গরু আছে

গ্রথিত, ত্রি. [গ্রথ+ইত] কৃতগ্রন্থন, গাঁথা, গ্রন্থিত, দৃব্ধ, গুম্ফিত; আক্রান্ত; হিংসিত।

গ্রন্থ, পুং. [গ্রন্থ+অ] গুম্ফ, গ্রন্থনা; শাস্ত্র; দ্বাত্রিংশদ্বর্ণ নির্ম্মিত, অনুষ্টুপ ছন্দশ্লোক

গ্রন্থক, পুং. [গ্রন্থ+অক] নির্ম্মায়ক; লেখক; মালারসূত্র।

গ্রন্থকর্ত্তা, পুং. [গ্রন্থ+কর্ত্তৃ] গ্রন্থকার, পুস্তককারক, শাস্ত্রকৃৎ।

গ্রন্থকার-গ্রন্থকারক, পুং. [গ্রন্থ+কার+কারক] গ্রন্থকর্ত্তা। [গোর।

গ্রন্থকুটী, স্ত্রী. [গ্রন্থ+কুটী] লেখ্যস্থান; পাঠ-

গ্রন্থন, ন. [গ্রন্থ+অন] গুম্ফন, গ্রন্থনা, সন্দর্ভ, রসনাগুম্ফ, গ্রন্থন, রচন, নির্ম্মাণ, সংগ্রহ।

গ্রন্থনা, স্ত্রী. [গ্রন্থন+আ] গ্রন্থন।

গ্রন্থবিস্তর, পুং. [গ্রন্থ+বিস্তর] বৃহৎগ্রন্থ; বহুখণ্ডযুক্ত পুস্তক।

গ্রন্থি, পুং. [গ্রন্থ+ই] বংশাদিসন্ধি, গাঁট, পর্ব্ব, পরু; কাণ্ডসন্ধি; ভদ্রমুস্তা; হিতাবলী; পিণ্ডালু; কৌটিল্য; গ্রন্থিপর্ণ-
বাঙ্গ; বন্ধন; কণ্ডোদ

গ্রন্থিক, ন. [গ্রন্থি+ক] পিপ্পলীমূল; গ্রন্থিপর্ণ; গুগ্‌গুলু; (পুং) করীর; দৈবজ্ঞ; সহদেবাখ্যপাণ্ডব।
গ্রন্থিত, ত্রি. [গ্রন্থ+ইত] সূত্রবিদ্ধ; রচিত।
গ্রন্থিদলা, স্ত্রী. [গ্রন্থি+দলা] মালাকন্দ।
গ্রন্থিদূর্ব্বা, স্ত্রী. [গ্রন্থি+দূর্ব্বা] মালাদূর্ব্বা।
গ্রন্থিপর্ণ, ন. [গ্রন্থি+পর্ণ] বৃক্ষবিশেষ, গাঁটিয়ালা, তৎপর্য্যায়।—শুক, স্থৌণেয়, কুক্কুর, বর্হিঃপুষ্প, বর্হী, পুষ্প, বর্হ, শুকবর্হ, স্থৌণেয়ক, কুশপুষ্প, শুথক, বিশীর্ণাখ্য, স্বারামগুচ্ছক, বর্হি, শুকপুচ্ছ, শুকচ্ছদ, গ্রন্থিক, কাকপুষ্প, গুচ্ছক, নীলপুষ্প, সুগন্ধ, তৈলপর্ণক, (পুং) চোরকনামগন্ধদ্রব্য।
গ্রন্থিপর্ণা, স্ত্রী. [গ্রন্থি+পর্ণা] জতুকালতা।
গ্রন্থিপর্ণী, স্ত্রী. [গ্রন্থি+পর্ণী] গণ্ডদূর্ব্বা, গেঁঠেদূর্ব্বা।
গ্রন্থিফল, পুং. [গ্রন্থি+ফল] শাকুরুণ্ডবৃক্ষ; কপিত্থবৃক্ষ; মদনবৃক্ষ।
গ্রন্থিবন্ধন, ন. [গ্রন্থি+বন্ধন] বিবাহকালীন গাঁটছাড়া বান্ধা।
গ্রন্থিবর্হী, পুং. [গ্রন্থি+বর্হিন্] গ্রন্থিপর্ণবৃক্ষ।
গ্রন্থিভেদ-গ্রন্থিভেদক, পুং. [গ্রন্থি+ভেদ+ভেদক] গাঁইটকাটাচোর।
গ্রন্থিমৎফল, পুং. [গ্রন্থিমৎ+ফল] লকুচ।
গ্রন্থিমান্, পুং. [গ্রন্থি+মৎ] অস্থিসংহারকবৃক্ষ, হাড়ভাঙ্গা, হাড়যোড়া, তৎপর্যায়। অস্থিসংহারী, বজ্রাঙ্গী, অস্থিশৃঙ্খলা।
গ্রন্থিমূল, ন. [গ্রন্থি+মূল] গৃঞ্জন, লশুন।
গ্রন্থিমূলা, ন. [গ্রন্থিমূল+আ] মালাদূর্ব্বা।
গ্রন্থিল, ন. [গ্রন্থি+ল] পিপ্পলীমূল; আর্দ্রক; (পুং) বিকঙ্কতবৃক্ষ, বঁইচি; করীরবৃক্ষ; তণ্ডুলীয়কশাক; হিতাবলী; পিণ্ডালু; চোরকনাম গন্ধদ্রব্য; বিকণ্টকবৃক্ষ; (ত্রি) গ্রন্থিযুক্ত, গাঁইটময়।
গ্রন্থিলা, স্ত্রী. [গ্রন্থিল+আ] গণ্ডদূর্ব্বা; মালাদূর্ব্বা; ভদ্রমুস্তা।
গ্রন্থিহর, পুং. [গ্রন্থি+হর] শাস্ত্রজ্ঞ, গ্রন্থবিষয়ে বিজ্ঞ, নানাবিধ পুস্তকধারী, বৃহ গ্রন্থবিশেষ।
গ্রন্থীক, ন. [গ্রন্থ+ঈক] গ্রন্থিক, পিপ্পলীমূল। [আক্রমণ।
গ্রসন, ত্রি. [গ্রস্+অন] ভক্ষণ, খাদন, গিলন;
গ্রসমান, ত্রি. [গ্রস্+মান] ভক্ষমাণ।
গ্রসিষ্ণু, ত্রি. [গ্রস্+ইষ্ণু] ভক্ষক, খাদক, গ্রসনকার।
গ্রস্ত, ত্রি. [গ্রস্+ত] লুপ্তবর্ণপদ, অসম্পূর্ণ বাক্য; ভুক্ত, খাদিত, কবলিত; আক্রান্ত; রাহুগ্রাপ্ত।
গ্রস্তাস্ত, ত্রি. [গ্রস্ত+অস্ত] রাহুগ্রস্ত চন্দ্রাদির অস্ত।
গ্রস্তোদয়, পুং. [গ্রস্ত+উদয়] রাহুগ্রস্ত সূর্য্য চন্দ্রাদির উদয়।
গ্রহ, পুং. [গ্রহ্+অ] সূর্য্যাদিনব, যথা—রবি, সোম, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু, কেতু; অনুগ্রহ; নির্ব্বন্ধ; গ্রহণ; রণোদ্যম; পুতনাদয় অর্থাৎ বালগ্রহা; সৈংহিকেয়; উপরাগ অর্থাৎ সূর্য্য চন্দ্রের গ্রহণ; অধ্যবসায়; বোধ; জ্ঞান।
গ্রহকল্লোল, পুং. [গ্রহ+কল্লোল] রাহু।
গ্রহগণ, পুং. [গ্রহ+গণ] সূর্য্যাদি নবগ্রহ।
গ্রহণ, ন. [গ্রহ+অন] স্বীকার, আদর; কর; উপলব্ধি; বন্দী; উপরাগ; ইন্দ্রিয়; শব্দ।
গ্রহণান্ত-গ্রহণান্তিক, ন. [গ্রহণ+অন্ত] পাঠান্ত।
গ্রহণার্হ, ত্রি, [গ্রহণ+অর্হ] গ্রাহ্য, স্বীকারযোগ্য। [গ্রহণীরোগ।
গ্রহণি, স্ত্রী. [গ্রহণ+ই] অতিসাররোগ,
গ্রহণী, স্ত্রী. [গ্রহণ+ঈ] অগ্ন্যধিষ্ঠান নাড়ী; রোগবিশেষ, তৎপর্য্যায়।—অতিসার, সারণ, প্রবাহিকা, গ্রহণীরুক, বিরেক, প্রস্কন্দন, প্রস্কন্দিকা, বসন্ত, আমাশয়, উদরভঙ্গ, উদরাময়, আমাতিসার, আমরক্ত, গ্রাহিণী; গৃহিণীরোগ।
গ্রহণীরুক্, স্ত্রী. [গ্রহণী+রুজ্] গ্রহণীরোগ, প্রবাহিকা।
গ্রহণীয়, ত্রি. [গ্রহ+অনীয়] গ্রাহ্য, গৃহ্য, আদেয়, উপাদেয়, সমাদেয়।
গ্রহণীহর, ন. [গ্রহণী+হর] লবঙ্গ।

গ্রহত্ব, ত্রি. [গ্রহ+ত্ব] গ্রহভাব।
গ্রহদ্রুম, পুং. [গ্রহ+দ্রুম] শাকবৃক্ষ।
গ্রহনায়ক, পুং. [গ্রহ+নায়ক] শনি; সূর্য্য।
গ্রহনাশ-গ্রহনাশন, পুং. [গ্রহ+নাশ+নাশন] বৃক্ষবিশেষ, ছাতিয়ানগাছ।
গ্রহনেমি, পুং. [গ্রহ+নেমি] চন্দ্র। [বৃক্ষ।
গ্রহপতি, পুং. [গ্রহ+পতি] সূর্য্য; অর্ক-
গ্রহপীড়া, স্ত্রী. [গ্রহ+পীড়া] গ্রহবৈগুণ্য, গ্রহযুক্ত দুঃখ, গ্রহজনিত বিপদ, অশুভ।
গ্রহপুষ, পুং. [গ্রহ+পুষ] সূর্য্য।
গ্রহপূজা, স্ত্রী. [গ্রহ+পূজা] সূর্য্যাদি নবগ্রহ স্বস্ত্যয়ন, গ্রহার্চ্চন।
গ্রহবিগুণ, (প্রা) অশুভগ্রহ, মন্দগ্রহ।
গ্রহভীতিজিৎ, পুং. [গ্রহভীতি+জিৎ] চীড়া-নাম গন্ধদ্রব্য।
গ্রহযাগ, পুং. [গ্রহ+যাগ] গ্রহদিগের যজ্ঞ, গ্রহপূজা, নবগ্রহের হোম।
গ্রহবিপ্র, পুং. [গ্রহ+বিপ্র দৈবজ্ঞ, গণক।
গ্রহয়ালু, ত্রি. [গ্রহ+অয়+আলু] হৃদয়গ্রাহী।
গ্রহরাজ, পুং. [গ্রহ+রাজ] সূর্য্য; চন্দ্র; বৃহস্পতি।
গ্রহাধার, পুং. [গ্রহ+আধার] ধ্রুবনক্ষত্র।
গ্রহাধীন, ত্রি. [গ্রহ+অধীন] গ্রহপ্রভাব।
গ্রহাময়, পুং. [গ্রহ+আময়] আবেশ, ভূতাদি হইতে জাতরোগ; অপস্মর।
গ্রহাশী, পুং. [গ্রহ+অশিন্] গ্রহনাশবৃক্ষ।
গ্রহাহ্বয়, পুং. [গ্রহ+আহ্বয়] ভূতাঙ্কুশবৃক্ষ।
গ্রহিল, ত্রি. [গ্রহি+ল] গ্রহণেচ্ছু।
গ্রহীতব্য, ত্রি. [গ্রহী+তব্য] গ্রহণীয়, গ্রাহ্য।
গ্রহীত, পুং; [গ্রহ+ঈত] গ্রহণকরণ।
গ্রহীতা, ত্রি. [গ্রহী+তৃ] গ্রহণকর্ত্তা, গৃহয়ালু; গ্রাহক; প্রাপক।
গ্রাবা, পুং. [গ্রাহ+বন্] প্রস্তর, পর্ব্বত; মেঘ; (ত্রি) দৃঢ়, শক্ত।
গ্রাম, পুং. [গ্রা+ম] বহুজন বসতি স্থান, নিবসথ, তৎপর্য্যায়।—উপবসথ, প্রতিবসথ, সম্বসথ, অবসথ, পল্লী, কটক, খেটক, নগর, পত্র, গ্রামস্থ, ক্ষুদ্রগ্রাম, গাড়াগাঁ, গা; হট্টাদি শূন্যবসতি; সমূহ, অনেকত্ব; স্বরভেদ।
গ্রামকুক্কুট, পুং. [গ্রাম+কুক্কুট] পালিত
গ্রামকুট, পুং. [গ্রাম+কুট] শূদ্র।
গ্রামগ-গ্রামগমী, ত্রি. [গ্রাম+গ-গমিন্] নগরগমনকর্ত্তা।
গ্রামগৃহ্য, ত্রি. [গ্রাম+গৃহ্য] বহির্গ্রাম।
গ্রামঘাত, পুং. [গ্রাম+ঘাত] অপহরণ করণ, গ্রামাপহরণ।
গ্রামঙ্গমী, ত্রি. [গ্রামম্+গমিন্] গ্রামপ্রবেশী।
গ্রামজ, ত্রি. [গ্রাম+জ] গ্রাম্য।
গ্রামজনিষ্পাবী, স্ত্রী. [গ্রামজ+নিষ্পাবী] নখনিষ্পাবী।
গ্রামণী, পুং. [গ্রাম+নী] নাপিত; বিষ্ণু; যক্ষ; (স্ত্রী) বেশ্যা; গ্রামেয়া; নীলিকা; (ত্রি) প্রধান; অধিপতি; ভোগিক।
গ্রামণীপুত্র, পুং. [গ্রামণী+পুত্র] জারজ।
গ্রামতক্ষ, পুং. [গ্রাম+তক্ষ] গ্রামাধীন কাষ্ঠতট্, গ্রামায়ত্ত তক্ষ, গেঁয়েছুতার।
গ্রামতঃ, ব্য. [গ্রাম+তস্] গ্রামহইতে।
গ্রামতা, স্ত্রী. [গ্রাম+তা] গ্রামসমূহ; গ্রামত্ব।
গ্রামদশেশ-গ্রামাধিপতি, পুং. [গ্রাম+দশ+ঈশ-অধিপতি] দশখান গ্রামের প্রধান কর্ত্তা।
গ্রামবাস-গ্রামবাসী, পুং. [গ্রাম+বাস-বাসিন্] গ্রামেবাসকর্ত্তা, গ্রামীণ।
গ্রামভৃত, পুং. [গ্রাম+ভৃত] গ্রামপ্রেষ্য, পল্লিগ্রামস্থভৃত্য।
গ্রামমদ্গুরিকা, স্ত্রী. [গ্রাম+মদ্গুরিকা] শৃঙ্গিমৎস্য; গ্রামযুদ্ধ।
গ্রামমুখ, পুং. [গ্রাম+মুখ] হট্ট, হাট, বাজার।
গ্রামমৃগ, পুং, [গ্রাম+মৃগ] কুক্কুর।
গ্রামযাজক, পুং. [গ্রাম+যাজক] গ্রামস্থ নানাবর্ণের পুরোহিত।
গ্রামলুণ্ঠন, ন. [গ্রাম+লুণ্ঠন] গ্রামাপহরণ।
গ্রামশত, ন. [গ্রাম+শত] মণ্ডল, চক্র, রাষ্ট্র।
গ্রামশতেশ, পুং. [গ্রামশত+ঈশ] গ্রামেশ্বর, মণ্ডলেশ্বর।

গ্রামসঙ্কর, পুং. [গ্রাম+সঙ্কর] প্রণালী, মলবাহিনী। [দেশবিভাগ।
গ্রামসংঘ, পুং. [গ্রাম+সংঘ] নগরসংঘ,
গ্রামসিংহ, পুং. [গ্রাম+সিংহ] কুক্কুর।
গ্রামস্থ, ত্রি. [গ্রাম+স্থ] গ্রামবাসী, গ্রাম্য, গাঁওয়ালী; (পুং) গ্রামী।
গ্রামহাসক, পুং. [গ্রাম+হাসক] ভগিনীপতি, বনাই। [শীকার।
গ্রামাধান, ন. [গ্রাম+আধান] মৃগয়া,
গ্রামাধিকৃত, পুং. [গ্রাম+অধিকৃত] গ্রামের প্রধানব্যক্তি।
গ্রামাধিপতি, পুং. [গ্রাম+অধিপতি] গ্রামের প্রধানব্যক্তি।
গ্রামাধ্যক্ষ, পুং. [গ্রাম+অধ্যক্ষ] গ্রামের প্রধানব্যক্তি। . [গ্রামী।
গ্রামাধীন, ত্রি. [গ্রাম+অধীন] গ্রামসম্বন্ধীয়,
গ্রামান্ত-গ্রামান্তীয়, ন. [গ্রাম+অন্ত-অন্তীয়] গ্রামসমীপ, উপশল্য, গ্রামান্তিক।
গ্রামিক, ত্রি. [গ্রাম+ইক] গ্রাম্য।
গ্রামিণী, স্ত্রী. [গ্রামিন্+ঈ] নীলীবৃক্ষ
গ্রামী, ত্রি. [গ্রাম+ইন্] গ্রামবিশিষ্ট, গাঁইয়া; গ্রামসম্পর্কীয়
গ্রামীণ, ত্রি. [গ্রাম+ঈন] গ্রামোৎপন্ন; (পুং) গ্রাম্যশূকর; কুক্কুর; কাক।
গ্রামীণা, স্ত্রী. [গ্রামীণ+আ] নীলীবৃক্ষ; পালঙ্ক্যশাক।
গ্রামীয়, ত্রি. [গ্রাম+ঈয়] গ্রাম্য।
গ্রামেবাস-গ্রামেবাসী, পুং. [গ্রামে+বাস-বাসিন্] গ্রামস্থ।
গ্রামেয়-ক, ত্রি. [গ্রাম+এয়-ক] গ্রাম্য।
গ্রামেয়কা, স্ত্রী. [গ্রামেয়ক+আ]গ্রাম্যানারী, পাড়াগেঁয়েমেয়ে।
গ্রামেয়া, স্ত্রী. [গ্রামেয়+আ] গ্রাম্যানারী।
গ্রামেশ, পুং. [গ্রাম+ঈশ] গ্রামেশ্বর, গ্রামাধিপতি।
গ্রামেশ্বর, পুং. [গ্রাম+ঈশ্বর] গ্রামাধ্যক্ষ, গ্রামের প্রধান ব্যক্তি।
গ্রাম্য, ত্রি. [গ্রাম+য] গ্রামোৎপন্ন, গ্রামেয়ক, গ্রামীণ; (ন) ভণ্ডাদিবচন, অশ্লীল; (পুং) শূকর।
গ্রাম্যকর্কটী, পুং. [গ্রাম্য+কর্কটী] কুষ্মাণ্ড
গ্রাম্যকুঙ্কুম, ন. [গ্রাম্য+কুঙ্কুম] কুসুম্ভ।
গ্রাম্যদেবতা, স্ত্রী. [গ্রাম্য+দেবতা] গ্রামরক্ষক দেবতা।
গ্রাম্যধর্ম্ম, পুং. [গ্রাম্য+ধর্ম্ম] মৈথুন, স্ত্রীসংসর্গ।
গ্রাম্যপশু, পুং. [গ্রাম্য+পশু] গ্রামজাত-সপ্তবিধ পশুবিশেষ, তদ্যথা।—গৌ, অজ,মেষ, মনুষ্য, অশ্ব,অশ্বতর, গর্দ্দভ।
গ্রাম্যবল্লভা, স্ত্রী. [গ্রাম্য+বল্লভা] পালঙ্ক্যশাক। [মূর্খ।
গ্রাম্যবুদ্ধি, ত্রি. [গ্রাম্য+বুদ্ধি] অসভ্য,অশিষ্ট;
গ্রাম্যভাষা, স্ত্রী. [গ্রাম্য+ভাষা] ইতরকথা।
গ্রাম্যমদ্গুরিকা, স্ত্রী. [গ্রাম্য+মদ্গুরিকা] শৃঙ্গীমৎস্য, শিঙ্গিমাছ।
গ্রাম্যমাংস, ন. [গ্রাম্য+মাংস] নগরস্থপশু মাংস।
গ্রাম্যমৃগ, পুং. [গ্রাম্য+মৃগ] কুক্কুর।
গ্রাম্যরাশি, পুং. [গ্রাম্য+রাশি] মিথুন; কন্যা; তুলা; বৃশ্চিক; ধনু; কুম্ভ; রাত্রৌ অর্থাৎ মেষ, বৃষ
গ্রাম্যশূকর, পুং স্ত্রী. [গ্রাম্য+শূকর] গ্রামোৎপন্ন বরাহ, বিড়্বরাহ, গ্রামীণ, গ্রামক্রোড়, গ্রামকোল, বিষ্কল, দারক।
গ্রাম্যোহোপরম, পুং. [গ্রাম্যোহ+উপরম] মাংসবিক্রয় কর্ম্ম হইতে নিবৃত্তি।
গ্রাম্যা, স্ত্রী. [গ্রাম্য+আ] নীলী; নিষ্পাবী।
গ্রাম্যাশ্ব, পুং. [গ্রাম্য+অশ্ব] গর্দ্দভ।
গ্রাস, পুং. [গ্রাস্+অ] মুখপূরণাম্নাদি, কবল, গুড়েরক, পিণ্ড, গণ্ডোল, কবক, গুরু, মুখপুরণ, গণ্ডূষ, গড়োল, গুড়ের, সিন।
গ্রাসাচ্ছাদন, ন. [গ্রাস+আচ্ছাদন] অন্নবস্ত্র, ভাতকাপড়।
গ্রাহ, পুং. [গ্রহ+অ] গ্রহণ; জলজন্তুবিশেষ, হাঙ্গর; জলহস্তী; অবহার; শিশুক
গ্রাহক, পুং. [গ্রাহ+ক] সিতাবরশাক; হিংস্রপক্ষী; ব্যালগ্রাহী. (ত্রি.) গ্রহণকারী; ক্রেতা।
গ্রাহকতা, স্ত্রী. [গ্রাহক+তা] প্রাপকতা।

গ্রাহবান্, ত্রি. [গ্রাহ+বৎ] নক্রসমূহ

গ্রাহিণী, স্ত্রী. [গ্রাহিন্+ঈ] ক্ষুদ্রদুরালভা, তাম্রমূলাবৃক্ষ, ক্ষিরই।

গ্রাহিফল, [গ্রাহিন্+ফল] কপিত্থবৃক্ষ।

গ্রাহী, পুং. [গ্রাহ+ইন্] কপিত্থ; (ত্রি.) মলবন্ধক, ধারক; গ্রহণকর্ত্তা।

গ্রাহ্য, ত্রি. [গ্রহ+য] গ্রাহণীয়, স্বীকার্য্য, গ্রহীতব্য, আদেয়। [গৃহ্য।

গ্রাহ্যাগ্রাহ্য, ত্রি. [গ্রাহ্য+অগ্রাহ্য] গৃহ্যা-

গ্রীবা, স্ত্রী. [গৃ+বন্] গলঘাটাদি সমুদিত, শিরোধি, কন্ধরা, কন্ধি, মস্তকমূলক, শিরোধরা, গলদেশ, ঘাড়; কন্ধরাশিরা।

গ্রীবাবস্ত্র-গ্রীবাবরণ, ন. [গ্রীবা+বস্ত্র-আবরণ] গলাবেষ্টন।

গ্রীবাবন্ধনী, স্ত্রী. [গ্রীবা+বন্ধনী] কণ্ঠবস্ত্র।

গ্রীবাবেষ্টন, ন. [গ্রীবা+বেষ্টন] গলবস্ত্র।

গ্রীবাভরণ, ন. [গ্রীবা+আভরণ] গ্রৈবেয়ক, কণ্ঠভূষণ।

গ্রীবী, পুং. স্ত্রী. [গ্রীবা+ইন্] উষ্ট্র; (ত্রি.) প্রশস্তগ্রীবাযুক্ত।

গ্রীষ্ম, পুং. [গ্রীস্+ম] ঋতুবিশেষ, জ্যৈষ্ঠাষাঢ়মাস; তৎপর্য্যায়।—উষ্ণক, নিদাঘ, উষ্ণোপগম, উষ্ণ, উষ্মাগম, তপ, ঘর্ম্ম, তাপন, উষ্ণাগম, উষ্ণকাল; (ত্রি.) উষ্ম, গরমি। [সময়।

গ্রীষ্মকাল, পুং. [গ্রীষ্ম+কাল] উষ্ণ-

গ্রীষ্মকালীন, ত্রি. [গ্রীষ্ম+কালীন] গ্রীষ্মকালসম্বন্ধীয়।

গ্রীষ্মজা, স্ত্রী. [গ্রীষ্ম+জা] লবণী, লোণাফল; (ত্রি.) গ্রীষ্মকালজাত।

গ্রীষ্মপুষ্পী, স্ত্রী. [গ্রীষ্ম+পুষ্পী] বরুণীপুষ্পবৃক্ষ।

গ্রীষ্মভবা, স্ত্রী. [গ্রীষ্ম+ভবা] নবমল্লিকা; (ত্রি.) উষ্মসময়জাত।

গ্রীষ্মসুন্দরক, পুং. [গ্রীষ্ম+সুন্দরক] শাকবিশেষ, গিমা।

গ্রীষ্মহাস, ন. [গ্রীষ্ম+হাস] ইন্দ্রতূলক, বুড়ীরসূতা।

গ্রীষ্মী, স্ত্রী. [গ্রীষ্ম+ঈ] নবমল্লিকা।

গ্রীষ্মোদ্ভবা, স্ত্রী. [গ্রীষ্ম+উদ্ভবা] নবমল্লিকা; (ত্রি.) উষ্মসময়জাত।

গ্রৈব, ন. [গ্রীবা+অ] গ্রীবাভূষণ, কণ্ঠাভরণ; শৃঙ্খল।

গ্রৈবেয়-গ্রৈবেয়ক, ন. [গ্রীবা+এয়-ক] কণ্ঠভূষণ; (ত্রি.) গ্রীবাসম্বন্ধীয়।

গ্রৈষ্ম, ত্রি. [গ্রীষ্ম+অ] গ্রীষ্মকালসম্বন্ধীয়।

গ্রৈষ্মী, স্ত্রী. [গ্রৈষ্ম+ঈ] নবমল্লিকা; (ত্রি.) গ্রীষ্মসম্বন্ধীয়

গ্লপিত, ত্রি. [গ্লৈ+ত] অবসন্ন, ক্লান্ত।

গ্লস্ত, ত্রি. [গ্লস্+ত] ভক্ষিত, ভোজিত, খাদিত। [বাজি।

গ্লহ, পুং. [গ্লহ্+অ] অক্ষক্রীড়ারপণ,

গ্লাতা, ত্রি. [গ্লৈ+তৃ] গ্লানিযুক্ত।

গ্লান, ত্রি. [গ্লৈ+ন] রোগদ্বারা ক্ষীণদেহ, গ্লাস্নু, ক্লান্ত, পরিম্লান; রোগী।

গ্লানি, স্ত্রী. [গ্লৈ+নি] বলদীনতা, ম্লানি, ক্লান্তি; রোগ; নিন্দা; অপবাদ।

গ্লাস্নু, ত্রি. [গ্লৈ+স্নু] গ্লান, রোগদ্বারা-ক্ষীণদেহ; রোগী, পীড়াযুক্ত।

গ্লেপন, ন. [গ্লেপ্+অন] নম্রতা, দৈন্য।

গ্লেয়, ত্রি. [গ্লৈ+য়] গ্লানিযোগ্য; রোগযুক্ত।

গ্লৌ, পুং. [গ্লৈ+অ] চন্দ্র; কর্পূর।

গ্লৌতা, ত্রি. [গ্লৌ+তৃ] ক্লান্ত, শ্রান্ত, গ্লান।

ঘ

ঘকার, চতুর্থ হলবর্ণ, ইহার উচ্চারণ জিহ্বামূল হইতে হয়। তস্য নামানি যথা— খড়্গী; ঘুর্ঘুর; ঘণ্টী; ঘণ্টীশ; ত্রিপুরান্তক; বায়ু; শিবোত্তম; সত্যা; কিঙ্কিণী; ঘোরনায়ক; মরীচি; বরুণ; মেধা; কালরূপী; দাম্ভিক; লম্বোদর; জ্বালমুল; নন্দেশ; হনন; ধ্বনি; ত্রৈলোক্যবিদ্যা; সংহর্ত্তা; কামাখ্যা; মনঘাময়।

ঘ, পুং. ঘণ্টা; ঘর্ঘরশব্দ।

ঘট, পুং. [ঘট্+অ] কলস; কুম্ভরাশি; হস্তীকুম্ভ; সমাধিভেদ; কুম্ভক; কুম্ভপরিমাণ; দ্রোণপরিমাণ; কুটকুট।

ঘটক, পুং. [ঘট্+অক] বনস্পতি, পুষ্প বিনা যে বৃক্ষে ফলজন্মে; যোজক, ত্র্যক্ষর, মিলনিয়া; দূত; কুলাচার্য্য।

ঘটকর্পর, ন. [ঘট+কর্পর] ঘটেরখাপরা, (পুং) বিক্রমাদিত্যের সভাসদ পণ্ডিত।

ঘটকালি, (প্রা) যোজকতা।

ঘটগ্রহ, ত্রি. [ঘট+গ্রহ] কলসবাহক।

ঘটদাসী, ন. [ঘট+দাসী] কুট্টনী, কুট্টিনী, কুটনী, দূতী, যোজনকারিণী; তৎপর্য্যায়।— ইজ্যা, তরতালী, গণেরুকা। [ধন প্রাপণ।

ঘটন, ন. [ঘট্+অন] পড়ন, অর্জ্জন, পিতৃ-

ঘটনা, স্ত্রী. [ঘটন+আ] সংঘাতীকরণ, সমূহীকরণ; যোজনা, মেলন।

ঘটনীয়, ত্রি. [ঘট্+অনীয়] সম্ভাব্য; যোজনীয়; যোগ্য, অর্হণীয়।

ঘটযোনি, পুং. [ঘট+যোনি] অগস্ত্যমুনি।

ঘটরাজ, পুং. [ঘট+রাজ] কুম্ভ, কলস।

ঘটস্থাপন, ন. [ঘট+স্থাপন] সংকল্পনা।

ঘটা, স্ত্রী. [ঘট+আ] যুদ্ধেতে একপার্শ্বে হস্তীসজ্জন; গোষ্ঠী, সভা; সমূহ; জনতা, আড়ম্বর।

ঘটাটোপ, পুং. [ঘট+আটোপ] ডোলী ইত্যাদির আচ্ছাদন।

ঘটান, (প্রা) উৎপাদন, জন্মান; মিলান।

ঘটালাবু, স্ত্রী. [ঘট+অলাবু] কুম্ভতুম্বী, বর্ত্তুলাকার লাউ।

ঘটিক, ন. [ঘট+ইক] নিতম্ব, পশ্চাদ্দেশ, পাছা; (পুং.) পোতবাহ, নাবিক।

ঘটিকা, স্ত্রী. [ঘট+ইকা] পাদগ্রন্থি, গুল্ফ, মুহূর্ত্ত; দণ্ড; ঘড়ী।

ঘটিত, ত্রি. [ঘট+ইত] পরিকল্পিত, বিহিত, প্রচিন্তিত; মিলিত, যোজিত, সংযুক্ত, সংশ্লিষ্ট।

ঘটিন্ধম, ত্রি. [ঘটী+ধ্মা+অ] কুম্ভ মধ্যে ধ্বনিকারক; (পুং.) কুম্ভকার, কুমার।

ঘটিন্ধয়, ত্রি. [ঘটী+ধে+অ] ঘটপাত্র পানকারী। [জলপাত্র।

ঘটী, স্ত্রী. [ঘট+ঈ] দণ্ড, ঘড়ী; ক্ষুদ্রঘট;

ঘটীকার, পুং. [ঘটী+কার] কুলাল, কুমার ঘটীকর্ত্তা।

ঘটীযন্ত্র, ন. [ঘটী+যন্ত্র] জলতোলাকল, উদ্ঘাটন; কালপরিমাণ যন্ত্র।

ঘটোৎকচ, পুং. [ঘট+উৎকচ] রাক্ষসবিশেষ; হিড়িম্বারাক্ষসী গর্ব্ভে ভীমসেন ঔরসজাত। [কর্ণরাজ]

ঘটোৎকচান্তক, পুং. [ঘটোৎকচ+অন্তক]

ঘটোদ্ভব, পুং; [ঘট+উদ্ভব] অগস্ত্যমুনি।

ঘট্ট, পুং. [ঘট্ট+অ] নদ্যাদি স্নানাদ্যর্থ, প্রবেশস্থান, তীর্থাবতার, ঘাট, জগাত; নৌকোত্তরণস্থান।

ঘট্টগা, স্ত্রী. [ঘট্ট+গা] নদীভেদ।

ঘট্টজীবী, পুং. [ঘট্ট+জীবিন্] বর্ণসঙ্করজাতিবিশেষ, পাটুনী; বৈশ্যাগর্ব্ভে রজক ঔরসজাত।

ঘট্টনা, স্ত্রী. [ঘট্টন+আ] চলনা; বৃত্তি; আন্দোলন।

ঘড়া, (প্রা) জলপাত্র, কলসী।

ঘড়িয়াল, (প্রা) জলজন্তুবিশেষ, গোধিকা।

ঘড়ী, (প্রা) দণ্ডপলাদি নির্ণয় যন্ত্র, ঘটি, যামঘোষা, যামনালী।

ঘড়্ঘড়ান, (প্রা) ঘোঙ্গরান, ঘড়্ঘড় শব্দকরণ; কণ্ঠধ্বনিকরণ।

ঘড়্ঘড়িয়া, (প্রা) কণ্ঠধ্বনিবিশেষ; তরক্ষু।

ঘড়্ঘড়ী, (প্রা) অন্তঃকালীনকণ্ঠধ্বনি, কফাদিতে গলার শব্দ। [বিশেষ।

ঘণ্ট, পুং. [হন+ট] স্বনামখ্যাত ব্যঞ্জন

ঘণ্টক, পুং. [ঘণ্ট+ক] ক্ষুপবিশেষ, ঘেঁটকোণ; ঘণ্টকর্ণ।

ঘণ্টা, স্ত্রী. [ঘণ্ট+আ] কাংস্য নির্ম্মিত বাদ্যবিশেষ; অতিবলা; নাগবলা; ঘণ্টা পাটলীবৃক্ষ। [বৃক্ষ।

ঘণ্টাক, পুং. [ঘণ্টা+ক] ঘণ্টাপাটলি-

ঘণ্টাকর্ণ, পুং. [ঘণ্টা+কর্ণ] শিবগণবিশেষ, ঘেঁটু; শীতলাপতি।

ঘণ্টাতাড, পুং. [ঘণ্টা+তাড়] ঘণ্টাবাদক।

ঘণ্টাতাড়ন, ন. [ঘণ্টা+তাড়ন] ঘণ্টা-বাদন.

ঘণ্টানাদ, পুং. [ঘণ্টা+নাদ] ঘণ্টাধ্বনি

ঘণ্টাপথ, পুং. [ঘণ্টা+পথ] গ্রামাদির প্রধান মার্গ, মহাবর্ত্ম, রাজপথ, সংসরণ।

ঘণ্টাপাটলি, পুং. [ঘণ্টা+পাটলি] বৃক্ষ-বিশেষ, ঘণ্টাপারুল, তৎপর্য্যায়।— গোলীঢ়, ঝাটল, মোক্ষ, মুষ্কক, গোলিহ, ঘণ্টা, পাটলি, ক্ষারশ্রেষ্ঠ, কালমুষ্কক, পাটলী, ঘণ্টাক, ঝাট, তীক্ষ্ণ, ঘণ্টক, মোক্ষক, কাষ্ঠপাটলী, কালাস্থালী, কাচস্থালী; (স্ত্রী) ঘণ্টাপাটলী।

ঘণ্টাবাদ্য, ন. [ঘণ্টা+বাদ্য] ঘটিকাশব্দ।

ঘণ্টাবীজ, ন. [ঘণ্টা + বীজ] জয়পাল।

ঘণ্টারবা, স্ত্রী. [ঘণ্টা+রব+আ] বৃক্ষবিশেষ ঝনুঝনিয়া, বনশণ, শণপুষ্পিকা, শণ-পুষ্পী।

ঘণ্টালী, স্ত্রী. [ঘণ্টাল+ঈ] কোশাতকী; ঘণ্টাশ্রেণী।

ঘণ্টাশব্দ, ন. [ঘণ্ট+শব্দ] কাংস্য; ঘণ্টার ধ্বনি।

ঘণ্টাস্বন, পুং. [ঘণ্টা+স্বন] কাংস্যধ্বনি।

ঘণ্টিকা, স্ত্রী. [ঘণ্টা + ইকা] লম্বিকা,তালূর্দ্ধ সূক্ষ্ম জিহ্বা, আলজিহ্বা, উপজিহ্বা।

ঘণ্টিনীবীজ, ন. [ঘণ্টিনী+বীজ] জয়-পাল।

ঘণ্টী, স্ত্রী. [ঘণ্টা+ঈ] ক্ষুদ্রঘণ্টা।

ঘণ্টু, পুং. [ঘণ্ট+উ] গজঘণ্টা; প্রতাপ, উত্তাপ।

ঘণ্টেশ্বর, পুং. [ঘণ্টা+ঈশ্বর] দেবতা-বিশেষ, মঙ্গলপুত্র, ব্রণদাতা, ঘেঁটু।

ঘণ্ড, পুং. [ঘনড+অ] ভ্রমর।

ঘন, ন. [হন্+অ] কাংস্যতালাদিক বাদ্য; কাংস্যতাল, করতাল; মধ্যমনৃত্য; লৌহ; ত্বচ; (পুং.) মেঘ; মুস্তা; ওঘ; দার্ঢ্য; বিস্তার; লৌহমুদ্গর; শরীর; কফ; অভ্রক; সজাতীয়াঙ্কত্রয়েরপূরণ; (ত্রি.) নিবিড়, নিরন্তর, সান্দ্র; পূর্ণ; দৃঢ়; সম্পূট।

ঘনকফ, ন. [ঘন+কফ] করকা, শিলা, মেঘাস্থি, বর্ষোপল। [বর্ষাঋতু।

ঘনকাল, পুং. [ঘন+কাল] প্রাবৃট্‌কাল,

ঘনগোলক, পুং. [ঘন+গোলক] সংশ্লিষ্ট রজত সুবর্ণ, মিশান সোণা রূপা।

ঘনঘন, পুং. [ঘন+ঘন] অঙ্কবিদ্যাভেদ; পুনঃ পুনঃ

ঘনঘন, (প্রা) অনবরত, অবিরত, বারম্বার, দ্রুত, শীঘ্র।

ঘনঘনৌঘ, পুং. [ঘন+ঘনৌঘ] নিবিড়ান্ধ-কারযুক্ত মেঘ।

ঘনচয়, পুং. [ঘন+চয়] মেঘসমূহ, বারিদ-চয়। [পঙ্ক।

ঘনজম্বাল, পুং. [ঘন+জম্বাল] চুলুক, মহা-

ঘনজাল, ন. [ঘন+জাল] মেঘসমূহ, ঘনৌঘ।

ঘনজ্বালা, স্ত্রী. [ঘন + জ্বালা] মেঘদীপ্তি, বজ্রাগ্নি।

ঘনতা, স্ত্রী. [ঘন+তা] গাঢ়তা, নিবিড়তা।

ঘনতাল, পুং. [ঘন + তাল] সারঙ্গপক্ষী।

ঘনতিমির, ন. [ঘন+তিমির] নিবিড়ান্ধকার।

ঘনত্ব, ন. [ঘন+ত্ব] সংহতি, দৃঢ়ত্ব; নিবিড়ত্ব।

ঘনতোল, পুং. [ঘন + তোল] চাতকপক্ষী।

ঘনদ্রুম, পুং. [ঘন+দ্রুম] বিকণ্টকবৃক্ষ।

ঘনধ্বনি, পুং. [ঘন+ধ্বনি] মেঘনাদ, মেঘ-গর্জ্জন; বজ্রধ্বনি; (ত্রি.) গর্জ্জনকারী।

ঘননাভি, পুং. [ঘন + নাভি] ধূম, দহন-কেতন, ধুঁয়া।

ঘননিহার, পুং. [ঘন+নিহার] হিমসংহতি, নিবিড় শিশির; গাঢ়নীহার।

ঘনপত্র, পুং. [ঘন+পত্র] পুনর্ণবাবৃক্ষ।

ঘনপদ, ন. [ঘন+পদ] ঘনমূল।

ঘনপদবী, স্ত্রী. [ঘন+পদবী] আকাশ,বিয়ৎ, বিষ্ণুপদী।

ঘনপয়োধর, পুং.[ঘন+পয়োধর] কঠিনস্তন, কঠিন কুচ।

ঘনপল্লব, পুং. [ঘন+পল্লব]লতাবৃক্ষবিশেষ।

ঘনপাষণ্ড, পুং. [ঘন + পাষণ্ড] ময়ূর, শিখী

ঘনফল, পুং. [ঘন+ফল] বিকণ্টকবৃক্ষ; (ন.) অঙ্কবিদ্যাভেদ; জলশর্করা।

ঘনবর্গ, পুং. [ঘন+বর্গ] অঙ্কবিদ্যাভেদ।

ঘনবর্ত্ম, ন. [ঘন+বর্ত্ম] আকাশ।

ঘনবল্লিকা-ঘনবল্লী, স্ত্রী. [ঘন+বল্লিকা-বল্লী] বিদ্যুৎ, সৌদামিনী; অমৃতস্রবালতা।

ঘনবাত, পুং. [ঘন+বাত] নরকভেদ।

ঘনবাস, পুং. [ঘন+বাস] কুষ্মাণ্ড।

ঘনবাহন, পুং. [ঘন+বাহন] শিব; ইন্দ্র; (ত্রি.) মেঘবাহন।

ঘনবীথি, স্ত্রী. [ঘন+বীথি] কাদম্বিনী, মেঘমালা।

ঘনমূল, ন. [ঘন+মূল] পুরিত সজাতীয় তিন অঙ্কের মূল অঙ্ক; ঘনপদ; (পুং.) মোরট। [শব্দ।

ঘনরব, পুং. [ঘন+রব] মেঘগর্জ্জন; গাঢ়-

ঘনরস, পুং. [ঘন+রস] কর্পূর; সান্দ্রনির্য্যাস; মোরট; পিলুপর্ণী; সম্যক্ সিদ্ধরস; (পুং.ন.) জল।

ঘনশব্দ, পুং. [ঘন+শব্দ] মেঘধ্বনি।

ঘনশ্যাম, ত্রি. [ঘন+শ্যাম] নিবিড় কৃষ্ণবর্ণ; মেঘতুল্য শ্যামবর্ণ; (পুং.) রাম; কৃষ্ণ

ঘনসংবৃত্তি, স্ত্রী. [ঘন+সংবৃত্তি] সুগুপ্তি, সুপ্রচ্ছন্ন।

ঘনসময়, পুং. [ঘন+সময়] বর্ষাঋতু।

ঘনসার, পুং. [ঘন+সার] কর্পূর; দক্ষিণাবর্ত্ত পারদ; বৃক্ষভেদ; (ন) জল।

ঘনস্কন্ধ, পুং. [ঘন+স্কন্ধ] কোশাম্রবৃক্ষ

ঘনস্বন, পুং. [ঘন+স্বন] তণ্ডুলীয় শাক; মেঘধ্বনি।

ঘনহস্তসংখ্যা, স্ত্রী. [ঘন+হস্তসংখ্যা] অঙ্কবিদ্যাভেদ।

ঘনা, স্ত্রী. [ঘন+আ] মাসপর্ণী; রুদ্রজটা

ঘনাকর, পুং. [ঘন+আকর] বর্ষাকাল, প্রাবৃট্‌কাল।

ঘনাঘন, পুং. [ঘনা+ঘন] ইন্দ্র; ঘাতুকমত্ত হস্তী; বর্ষুকমেঘ; অন্যোন্য ঘট্টন; (ত্রি.) নিরন্তর; কঠিন; হিংস্রক।

ঘনাঘনা, ত্রি. [ঘনাঘন+আ] কাকমাচীবৃক্ষ।

ঘনাত্যয়, পুং. [ঘন+অত্যয়] বর্ষান্তসময়, শরৎকাল।

ঘনান, (প্রা) নিকটবর্ত্তী হওন, সমীপাগমন।

ঘনান্ত, ন. [ঘন+অন্ত] শরৎকাল, বর্ষাবসান।

ঘনাবৃত, ত্রি. [ঘন+আবৃত] গাঢ়, আবর্ত্তিত; মেঘাবৃত।

ঘনাময়, পুং. [ঘন+আময়] খর্জ্জুরবৃক্ষ।

ঘনামল, পুং. [ঘন+অমল] বাস্তুক শাক, বেতোশাক।

ঘনাম্বু, ন. [ঘন+অম্বু] বৃষ্টিজল, খবারি।

ঘনাবরুদ্ধ-ঘনারুদ্ধ, ত্রি. [ঘন+অবরুদ্ধ] মেঘাচ্ছাদিত, মেঘাবৃত

ঘনারাব, ত্রি. [ঘন+আরাব] উচ্চৈঃস্বর।

ঘনারুণ, ত্রি. [ঘন+অরুণ] অরুণবর্ণমেঘ।

ঘনাশ্রয়, পুং. [ঘন+আশ্রয়] আকাশ, গগণ।

ঘনিষ্ঠ, ত্রি. [ঘন+ইষ্ঠ] আসন্ন, নিকটোপস্থিত; আত্মীয়।

ঘনী, (প্রা) মৎস্য ধারণার্থ বংশাদি নির্ম্মিত শলাকাসমষ্টি যন্ত্রবিশেষ, ঘুনী।

ঘনীকৃত, ত্রি. [ঘনী+কৃত] দৃঢ়ীভূত, কঠিনীকৃত; দ্রবেতর, গাঢ়তর।

ঘনীভূত, ত্রি. [ঘনী+ভূত] ঘনীকৃত।

ঘন্নুয়া, (প্রা) উপপতি, জার, কোটনা।

ঘনোদধি, পুং. [ঘন+উদধি] নরকভেদ

ঘনোপল, পুং. [ঘন+উপল] বর্ষোপল, করকা, শিল

ঘনোপরুদ্ধ, ত্রি. [ঘন+উপরুদ্ধ] মেঘাচ্ছন্ন, দুর্দ্দিনগ্রস্ত

ঘনৌঘ, পুং. [ঘন+ওঘ] মেঘসমূহ, ঘনজাল।

ঘবরণ, (প্রা) ব্যাকুল বা অবাক্ হওন।

ঘবরাণী, (প্রা) উদ্বেগ, ব্যাকুলতা, বিস্ময়।

ঘর, (প্রা) গৃহ, ভবন, বসতি, বাটী, স্থান; আধার; পরিবার।

ঘরকন্না, (প্রা) গৃহধর্ম্ম, গৃহকর্ম্ম, সংসার

ঘরকুটলী, (প্রা) গৃহসম্বন্ধীয়, ঘরের।

ঘরঘর, (প্রা) এক গৃহ হইতে অন্য গৃহে।

ঘরট্ট, পুং. [ঘর+অট্ট] পেষণী, জাঁতা।

ঘরণী, (প্রা) গৃহিণী, ভার্য্যা।

ঘরবসত, (প্রা) বাটী; বিবাহের অষ্টদিবসের মধ্যে স্বামীগৃহে নববধ্বাগমন।

ঘরসন্ধান, (প্রা) পরগৃহের অনুসন্ধান; অনধিকার চর্চ্চা।

ঘরা, (প্রা) আধার; ছিদ্র, রন্ধ্র।

ঘরাঘরি, (প্রা) আপনা আপনি, স্বজনের; বাটী।
ঘরামী, (প্রা) গৃহনির্ম্মাতা, গৃহকারক
ঘরুয়া, (প্রা) গৃহজাত, গৃহোৎপন্ন
ঘরেঘরে, (প্রা) প্রতিগৃহে।
ঘর্ঘট, পুং. [ঘর+ঘট] ট্যাঙ্গরামাছ
ঘর্ঘর, পুং. [ঘর+ঘর] পর্ব্বতের দ্বার; দ্বার; পেচক; নদীবিশেষ; স্বরভেদ; ধ্বনি; হাস্য; তুষানল
ঘর্ঘর, (প্রা) শকটাদির অব্যক্ত শব্দ
ঘর্ঘরক, পুং. [ঘর্ঘর+ক] ঘর্ঘরনাদ।
ঘর্ঘরা, স্ত্রী. [ঘর্ঘর+আ] ক্ষুদ্রঘণ্টিকা; বীণা বিশেষ।
ঘর্ঘরারব, পুং. [ঘর্ঘরা+রব] ক্ষুদ্রঘণ্টাধ্বনি।
ঘর্ঘরিকা, স্ত্রী. [ঘর্ঘরা+ইকা] ক্ষুদ্রঘণ্টিকা; ভৃষ্টধান্য; নদীবিশেষ; বাদ্যবিশেষ; বাদিত্র দণ্ড।
ঘর্ঘূর্ঘা, স্ত্রী, [ঘর্ঘূর+ঘা] যমকীট, ঘুরঘুরিয়াপোকা।
ঘর্ম্ম, পুং. [ঘৃ+ম] শ্রমবারি, অঙ্গজল,স্বেদ, নিদাঘ, প্রস্বেদ, স্যন্দ, ঘাম; আতপ; গ্রীষ্ম; উষ্মা।
ঘর্ম্মচর্চ্চিকা-ঘর্ম্মচর্চ্চী, স্ত্রী. [ঘর্ম্ম+চর্চ্চিকা-চর্চ্চী] ঘর্ম্মজন্য ক্ষুদ্রব্রণ, ঘামাচী।
ঘর্ম্মদ্যুতি, পুং; [ঘর্ম্ম+দ্যুতি] সূর্য্য।
ঘর্ম্মপয়ঃ, ন. [ঘর্ম্ম+পয়স্] উত্তপ্ত বারি; স্বেদাম্বু।
ঘর্ম্মবিচর্চ্চিকা-ঘর্ম্মবিচর্চ্চী, স্ত্রী. [ঘর্ম্ম+বিচর্চ্চিকা-বিচর্চ্চী] ঘর্ম্মচর্চ্চিকা, ঘামাচী।
ঘর্ম্মবিন্দু, পুং. [ঘর্ম্ম+বিন্দু] স্বেদাম্বু, ঘর্ম্ম।
ঘর্ম্মরশ্মি, পুং. [ঘর্ম্ম+রশ্মি] সূর্য্য; উত্তাপ
ঘর্ম্মাক্ত, ত্রি. [ঘর্ম্ম+অক্ত] ঘর্ম্মাভিষিক্ত।
ঘর্ম্মান্ত, পুং. [ঘর্ম্ম+অন্ত] বর্ষাকাল, প্রাবৃট্-কাল
ঘর্ম্মান্তকামুকী, স্ত্রী. [ঘর্ম্মান্ত+কামুকী] বলাকা পক্ষীবিশেষ।
ঘর্ম্মান্বিত, ত্রি. [ঘর্ম্ম+অন্বিত] ঘর্ম্মাক্ত।
ঘর্ম্মার্ত্ত, ত্রি. [ঘর্ম্ম+আর্ত্ত] ঘর্ম্মে পীড়িত।
ঘর্ম্মার্দ্র, ত্রি. [ঘর্ম্ম+আর্দ্র] ঘর্ম্মাক্ত
ঘর্ম্মাম্বু, ন. [ঘর্ম্ম+অম্বু] স্বেদাম্বু, ঘর্ম্ম।
ঘর্ম্মোদক, ন. [ঘর্ম্ম+উকদ] ঘর্ম্ম, স্বেদজল
ঘর্ষ, পুং. [ঘৃষ্+অ] মর্দ্দন, বিঘট্টন।
ঘর্ষক, ত্রি. [ঘৃষ্+অক] ঘর্ষণকারী, মর্দ্দক
ঘর্ষণ, ন. [ঘৃষ্+অন] মার্জ্জন, মর্দ্দন, ঘষণ, ডলন। [লোড়া।
ঘর্ষণাল, পুং. [ঘর্ষণ+অল] শিলাপুত্র,
ঘর্ষণী, স্ত্রী. [ঘর্ষণ+ঈ] হরিদ্রা, হলুদ।
ঘর্ষিত, ত্রি. [ঘৃষ্+ইত] মার্জ্জিত, মর্দ্দিত, ঘৃষ্ট।
ঘল, ন. তক্র, ঘোল।
ঘষি. (প্রা) শুষ্ক গোময় চূর্ণ, বিলঘুঁটে।
ঘসি, পুং. [ঘস্+ই] আহার, ভোজন, ভক্ষণ।
ঘস্মর, ত্রি. [ঘস্+মর] অম্মর, ভক্ষক, খাদক, উদরম্ভরি, পেটুক। [কুঙ্কুম।
ঘস্র, ত্রি. [ঘস+র] হিংস্র. (পুং) দিন; (ন)
ঘা, স্ত্রী. [ঘ+আ] কাঞ্চী; ঘাত, আঘাত, চোট, ক্ষত।
ঘাইট, (প্রা) অপরাধ, দোষ; ন্যূনতা, অক্লতা, ত্রুটি।
ঘাইটকর্ম্ম, (প্রা) দ্রোহ, অপকর্ম্ম।
ঘাইটবাড়ি, (প্রা) ন্যূনাধিক।
ঘাইল, (প্রা) অস্ত্রাহত, বিদ্ধ, ক্ষত।
ঘাঁটন, (প্রা) আবর্ত্তন, আলোড়ন, চট্কান, ছানন। [চেতান
ঘাঁটান, (প্রা) উত্তেজনা, দেওন, উঠান,
ঘাঁটি, (প্রা) চোরাপথ. থানা, ওৎ, চৌকিদারের নির্জ্জনে বসতি স্থান।
ঘাঁটু, (প্রা) চুলকনাদির দেবতা, ঘণ্টাকর্ণ।
ঘাঁটুভাঙ্গাসংক্রান্তি, (প্রা) চৈত্রমাসের আদ্য সংক্রান্তি
ঘাঁতন, (প্রা) কথা দ্বারা উত্তেজনা, খেদানইত্যাদি।
ঘাগী, (প্রা) পুনঃ পুনঃ দণ্ডিতা; ভুক্তভোগী; দুষ্ট, চতুর, শঠ।
ঘাঘরা, (প্রা) পরিধেয় বস্ত্রবিশেষ; ঘুঙুর; রাঙ্গিতুঁষ।
ঘাট, পুং, [ঘাট+অ] পশ্চাদ্গ্রীবাশিরা, গ্রীবাপশ্চাদ্ভাগ, ঘাড়
ঘাট, (প্রা) নদ্যাদির অবগাহন স্থান, ঘট্ট।

ঘাটন, (প্রা) হ্রাস হওন, অকুলান, কম হওন, ক্ষুরণ, ঊনন।
ঘাটমারণ, (প্রা) বিনা করে দ্রব্য চালান।
ঘাটা. স্ত্রী. [ঘাট+আ] গ্রীবাপশ্চাদ্ভাগ, ঘাড়।
ঘাটান, (প্রা) হ্রাসকরণ; স্থূলভকরণ।
ঘাটিকা, স্ত্রী. [ঘাট+ইকা] ঘাড়।
ঘাটী, (প্রা) অপরাধ, পাপ।
ঘাড়, (প্রা) গ্রীবাপশ্চাদ্ভাগ, ঘাটা, অবটু, কৃকাটিকা, শির, পশ্চাৎ সন্ধি, ঘাট, কৃকাটী, ঘাটিকা, কলম্বিকা, কন্ধর, সীমা, মন্যাকা, মন্যা।
ঘাড়লাড়ন. (প্রা) শিরো নমনপূর্ব্বক গ্রাহ্যা-গ্রাহ্যপ্রদর্শন।
ঘাড়ান, (প্রা) স্বীকরণ, অঙ্গীকরণ, মানন।
ঘাণ্টিক, পুং. [ঘণ্টা+ইক] বহুজন মিলিত স্তুতি পাঠক; দেবতার সম্মুখে ঘণ্টা-বাদ্যকারী, চাক্রিক, ঘাটিক; ধুস্তূরবৃক্ষ।
ঘাণ্টিকার্থক, পুং. [ঘাণ্টিকার্থ+ক] চাক্রিক।
ঘাত, ন. [হন্+ত] কাণ্ড; প্রহার; অঙ্ক-পূরণ।
ঘাতক, ত্রি. [হন্+অক] হননকর্ত্তা, মারক, হন্তা, বধক। [পশুবধ।
ঘাতন, ন. [হন্+অন] হনন; বধ; যজ্ঞার্থ
ঘাতয়ৎ, ত্রি. [হন্+য়ৎ] ঘাতক, মারক।
ঘাতব্য, ত্রি. [হন্+তব্য] বধযোগ্য, হন-যোগ্য, আহতব্য, ব্যাপাদনীয়।
ঘাতস্থান, পুং. [ঘাত+স্থান] পক্ষীবন্ধন; প্রহরণ।
ঘাতিপক্ষী, পুং. [ঘাতি+পক্ষী] শ্যেনপক্ষী।
ঘাতী, ত্রি. [ঘাত+ইন্] বধকারী,প্রাণনাশক, জীবান্তক।
ঘাতুক, ত্রি. [হন্+উক] ঘাতক, ব্যাপাদক, প্রাণনাশক, হিংস্র, বধী; ক্রূর।
ঘাত্য, ত্রি. [হন্+য] হননযোগ্য।
ঘানি, (প্রা) তৈলযন্ত্র, সর্ষপাদি নিষ্পীড়ন-যন্ত্র। [জল।
ঘাম, (প্রা) ঘর্ম্ম, স্বেদ, রোমকূপ নিঃসৃত
ঘামন, (প্রা) স্বেদন, ঘর্ম্মাক্ত হওন।
ঘামাচি, (প্রা) ঘর্ম্মচর্চ্চিকা, ঘর্ম্মকচ্ছু।
ঘার, [ঘৃ+অ] সেচন, সিক্ততা। [ঠোরে
ঘারেঘোরে, (প্রা) ইঙ্গিতে, সঙ্কেতে, ঠারে-
ঘার্ত্তিক, পুং. [ঘৃত+ইক] ঘৃতপুর।
ঘালি, (প্রা) ক্ষত, ঘা, চোট, ঘাত।
ঘাস, পুং. [ঘস্+অ] গবাদির আহারের তৃণ, যবস, জবস, তৃণ, শাদ, অর্জ্জুন, খট, খেট।
ঘাসকাটা-ঘাসিয়াড়া-ঘাসুড়িয়া, (প্রা) তৃণ-কর্ত্তক; শাদ্বল।
ঘাসি, পুং. [ঘাস্+ই] অগ্নি; অগ্নিদেবতা।
ঘি-ঘী (প্রা) হবি, ঘৃত।
ঘিচ্পিচ্-ঘিঞ্জি, (প্রা) ঘন, নিবিড়, গাঢ়; অভেদ্য, অগম্য।
ঘিণ্ঘিণ্, (প্রা) বীভৎস, গর্হা, ঘৃণা, অরুচি।
ঘিরা, (প্রা) ঘৃতাক্ত, ঘৃতময়।
ঘিরণ, (প্রা) বেষ্টন, আচ্ছাদন, বেড়।
ঘু, পুং. ধ্বনি।
ঘুঁটি, (প্রা) মগুলি, কঙ্কর, লোষ্ট্র, ইষ্টকাদি খণ্ড; পুরুষের স্তনবর্দ্ধন; ক্ষৌরিভেদ।
ঘুঁটিয়া, (প্রা) শুষ্কগোময়, ঘষি, ঘুঁটে।
ঘুঁতঘুঁতিয়া, (প্রা) শূকর; একগুঁয়া।
ঘুঘু, (প্রা) বন্যকপোতক, পারাবত।
ঘুঘুর-ঘুঘুরা, (প্রা) উচঙ্গা, ঝিল্লিপোকা-বিশেষ।
ঘুঙ্গুর, (প্রা) কটিদেশের অলঙ্কারবিশেষ।
ঘুচন, (প্রা) অন্তরিত হওন, নষ্টহওন; মুক্ত করণ।
ঘুচান, (প্রা) খোলন, নাশন।
ঘুট, পুং. [ঘুট্+অ] চরণগ্রন্থি, গুল্ফ।
ঘুট্ঘুট্-ঘুট্ঘুটিয়া, (প্রা) নিবিড়ান্ধকার, তমসাবৃত।
ঘুটমণ্ডল, (প্রা) গোলমাল, জঞ্জাল,অবকর।
ঘুটি, স্ত্রী. [ঘুট+ই] গুল্ফ, চরণগ্রন্থি।
ঘুটিক, পুং. [ঘুট+ইক] গুল্ফ, চরণগ্রন্থি।
ঘুটিকা, স্ত্রী. [ঘুট+ইকা] গুল্ফ, চরণগ্রন্থি
ঘুটী, স্ত্রী. [ঘুট+ঈ] গুল্ফ, চরণগ্রন্থি
ঘুটী, (প্রা) দাবারবড়িয়া।
ঘুড়ন, (প্রা) পরিবেষ্টন, বেড়ন, ঘেরণ।
ঘুড়ী, (প্রা) অশ্বী, ঘোটকী; উড্ডয়নদ্রব্য-বিশেষ।

ঘুণ, পুং. [ঘুণ্+অ] কাষ্ঠক্রমি, কাষ্ঠবেধক, কাষ্ঠলেখক।

ঘুণন, (প্রা) খুঁড়ন, খনন।

ঘুণবল্লভা, স্ত্রী. [ঘুণ+বল্লভা] অতিবিষা।

ঘুণাক্ষর, (প্রা) ইচ্ছা বিনা উৎপন্ন কার্য্য, লেশ

ঘুণী, (প্রা) মৎস্য যন্ত্রবিশেষ, আটল।

ঘুণ্‌ঘুণান, (প্রা) ভণ্‌ভণান, খেকান।

ঘুণ্ট-ঘুণ্টক, পুং. [ঘুণ্ট+অ-ক] গুল্ফ।

ঘুণ্টিক, ন. [ঘুণ্ট+ইক] বনস্থকরীষ, বিল-ঘুঁটে।

ঘুণ্টী, (প্রা) কিঙ্কিণী, ক্ষুদ্রঘণ্টিকা, পুঁট্যা।

ঘুণ্ড, পুং. [ঘুণ্+ড] ভ্রমর, মধুকর, অলি।

ঘুম-ঘুমন, (প্রা) নিদ্রা, শয়ন, তন্দ্রা, ঝিমনি, ঢুলন।

ঘুমগড়িয়া. (প্রা) সুপ্তি, কুড়ো, নিদ্রালু।

ঘুমনিয়া-ঘুমন্ত, (প্রা) নিদ্রালু, তন্দ্রালু.

ঘুরণ-ঘুরণ, (প্রা) বিবর্ত্তন, ফিরণ।

ঘুরুণ্যাজল, (প্রা) জলাবর্ত্ত, আবর্ত্ত।

ঘুর্ঘুর, পুং. [ঘুর্+ঘুর্] কীটবিশেষ, যম-কীট, ঘর্ঘুর্যা, ঘুরঘুরিয়া।

ঘুর্ঘুরি, ত্রি. [ঘুর্+ঘুর+ই] জলজন্তুবিশেষ; মৃৎকিরা। [ভভেদ

ঘুল্‌ঘুলারব, পুং. [ঘুল্‌ঘুলা+রব] পারাব-

ঘুলঞ্চ, পুং. [ঘুলম্+চ] গবেধুকা, গড়্‌গড়্।

ঘুলন, (প্রা) আবর্ত্তন, আলোড়ন।

ঘুষ, (প্রা) ক্ষুদ্রমৎস্য; মুষ্টাঘাত, মুষ্টি; উৎকোচ।

ঘুষড়ন, (প্রা) গুপ্তস্থানে আশ্রয় লওন, প্রবে-শন; লোপকরণ।

ঘুষণ, (প্রা) কীলন; জপন; প্রচারণ; উল্লে-খন; প্রবেশন।

ঘুষা, (প্রা) বদ্ধমুষ্টি; চিঙ্গড়ি প্রভৃতি ক্ষুদ্র-মৎস্য।

ঘুষাঘুষি, (প্রা) মুষ্টামুষ্টি, বাহুযুদ্ধ।

ঘুষিত-ঘুষ্ট, ত্রি. [ঘুষ্+ইত-ত] শব্দিত, নাদিত।

ঘুষকান, (প্রা) প্রবেশন, ঘুষড়ন।

ঘুস্কী, (প্রা) গুপ্তবেশ্যা, গোপনে উপপতি সন্তানবর্দ্ধিনী।

ঘুষ্ট, ত্রি. [ঘুষ্+ত] ঘোষিত, প্রচারিত।

ঘুষ্টান্ন, ন. [ঘুষ্ট+অন্ন] ঘোষিতান্ন।

ঘুষ্ট্র, পুং. [ঘুষ্ট+র] রথ, যান, বাহক, শকট

ঘুসৃণ, ন. [ঘুষ্+ঋণ] কুঙ্কুম।

ঘূক, পুং. [ঘূ+ক] উলূক, পেচক, পেঁচা।

ঘূকারি, পুং. [ঘূক+অরি] কাক, বায়স।

ঘূকাবাস, পুং. [ঘূক+আবাস] শাখোট-বৃক্ষ।

ঘূরণ, (প্রা) চক্রেরন্যায় ফিরণ।

ঘূরপাক, (প্রা) পেচ; মোচড়ান।

ঘূরাণ, (প্রা) আবর্ত্তন; ভুলান।

ঘূরাণিয়াবাতাস, (প্রা) চক্রবাত।

ঘূর্ণ, পুং. [ঘূর্ণ+অ] গ্রীষ্মসুন্দরক, গিমাশাক; ভ্রমণ; ফেরা, পাক, শিরঃকম্প, চাক-ভ্রমি।

ঘূর্ণন, ন. [ঘূর্ণ+অন] ভ্রমণ, চক্রাবর্ত্ত, ভ্রম, ভ্রান্তি, ভ্রমি, ঘূর্ণি; আবৃত্তি।

ঘূর্ণা, (প্রা) শিরঃকম্পন, পাকনা।

ঘূর্ণায়মান, ত্রি. [ঘূর্ণ+আয়-মান] ভ্রাম্যমাণ, চাকভ্রমি, বিবৃত্ত।

ঘূর্ণি, স্ত্রী. [ঘূর্ণ+ই] ঘূর্ণন, বিবর্ত্ত, ফেরা।

ঘূর্ণিত, ত্রি. [ঘূর্ণ+ইত] ভ্রমিত, প্রচলায়িত।

ঘূর্ণ্যমান, ত্রি. [ঘূর্ণ+য-মান] ভ্রাম্যমাণ।

ঘৃণা, ত্রি. [ঘৃণ+আ] করুণা; জুগুপ্সা, তৎ-পর্য্যায়।—অর্ত্তন, ঋতীয়া, হৃণীয়া, হৃণিয়া, ত্রুণীয়া, ব্রীজ্যা; অত্যন্ত অশ্রদ্ধা, মন্দবাস, অনিচ্ছা, অবজ্ঞা।

ঘৃণাকর, ত্রি. [ঘৃণা+কর] ঘৃণাস্পদ, জুগু-প্সিত, নিন্দিত। [ঘৃণাযুক্ত।

ঘৃণাবাস, পুং. [ঘৃণা+বাস] কুষ্মাণ্ড; (ত্রি)

ঘৃণার্হ, ত্রি. [ঘৃণা+অর্হ] গর্হিত, কুৎসিত।

ঘৃণি, পুং, [ঘৃণ+ই] কিরণ; সূর্য্য; জল।

ঘৃণিত, ত্রি. [ঘৃণ+ইত] অশ্রদ্ধান্বিত, গর্হিত; জুগুপ্সিত, দ্বিষ্ট; অনুকম্পিত।

ঘৃণী, ত্রি. [ঘৃণা+ইন্] নিন্দক, দোষগ্রাহী; দয়ালু, করুণাময়।

ঘৃণ্য, ত্রি. [ঘৃণা+য] গর্হ্য, গর্হণীয়।

ঘৃত, ন. [ঘৃ+ত] পক্বনবনীত, ঘি, তৎপর্য্যায়। [illegible]

অমৃত, অভিঘার, হোম্য, আয়ু, তৈজস, আজ্য; জল; (ত্রি) দীপ্ত; সেচক।
ঘৃতকরঞ্জ, পুং. [ঘৃত+করঞ্জ] করঞ্জভেদ, ঘিয়াকরমচা, তৎপর্য্যায়।—প্রকীর্য্য, ঘৃতপর্ণক, স্নিগ্ধপত্র, তপস্বী, বিষারি, বিরোচন।
ঘৃতকুমারিকা-ঘৃতকুমারী, স্ত্রী. স্বনামখ্যাত গুল্ম, ঘিকুমারী, তৎপর্য্যায়।—কুমারী, তরণি, সহা, কন্যকা, দীর্ঘপত্রিকা, স্থলেরুহা, মৃদু, কন্যা, বহুপত্রা, অমরা, অজরা, কণ্টক, প্রাবৃতা, বীরা, ভৃঙ্গেষ্টা, বিপুলাস্রবা, ব্রহ্মঘ্নী, তরুণী, রামা, কপিলা, অম্বুধিস্রবা, সুকণ্টকা, স্থূলদলা, গৃহকন্যা।
ঘৃতকুম্ভ, পুং. [ঘৃত+কুম্ভ] ঘৃতেরকলসী।
ঘৃততৈলাদিকল্প, পুং. [ঘৃত+তৈলাদি+কল্প] রোগনাশক নানা ঔষধিপক্ক ঘৃততৈলাদিবর্গ।
ঘৃতদীধিতি, পুং. [ঘৃত+দীধিতি] অগ্নি।
ঘৃতপর্ণক পুং. [ঘৃত+পর্ণক] ঘৃতকরঞ্জ।
ঘৃতপূর, পুং. [ঘৃত+পুর] পিষ্টকবিশেষ, পিষ্টপূর।
ঘৃতপূর্ণক, পুং. [ঘৃত+পুর্ণক] করঞ্জবৃক্ষ।
ঘৃতপ্রাশ-ঘৃতপ্রাশন, পুং.ন. [ঘৃত+প্রাশ-প্রাশন] ঘৃতভোজন।
ঘৃতপ্লুত, ত্রি. [ঘৃত+প্লুত] ঘৃতাক্ত।
ঘৃতবর, পুং. [ঘৃত+বর] পিষ্টকবিশেষ।
ঘৃতবিক্রয়ী, পুং. [ঘৃত+বিক্রয়ী] ঘৃতব্যবসায়ী।
ঘৃতমণ্ডলিকা, স্ত্রী. [ঘৃত+মণ্ডলিকা] হংসপদীবৃক্ষ।
ঘৃতমণ্ডা, স্ত্রী. [ঘৃত+মণ্ডা] বায়সোলীবৃক্ষ, মাকড়হাতা।
ঘৃতলোলীকৃত, ত্রি. [ঘৃত+লোলীকৃত] ঘৃতমিশ্রিত
ঘৃতস্পৃশ্, ত্রি. [ঘৃত+স্পৃশ] ঘৃতস্পর্শবিশিষ্ট
ঘৃতা, স্ত্রী. [ঘৃত+আ] ঘৃতমণ্ডা।
ঘৃতাক্ত, ত্রি. [ঘৃত+অক্ত] ঘৃতেতে অভিষিক্ত। [বিশেষ।
ঘৃতাচী, স্ত্রী. [ঘৃত+অচী] স্বর্গীয়অপ্সরা-
ঘৃতাচীগর্ভসম্ভবা, স্ত্রী. [ঘৃতাচী+গর্ভ+সম্ভবা] স্থূলৈলা, বড়এলাচ।
ঘৃতাভ্যক্ত, ত্রি. [ঘৃত+অভ্যক্ত] ঘৃতাক্ত।
ঘৃতাহ্ব, ত্রি. [ঘৃত+আহ্ব] সরলদ্রব, টারপিনতৈল।
ঘৃতেলী, ত্রি. [ঘৃত+এলী] কীটবিশেষ, তৈলপায়িকা। [সাগর।
ঘৃতোদ, পুং. [ঘৃত+উদ] ঘৃতসমুদ্র, ঘৃত-
ঘৃতোদঙ্ক, পুং. [ঘৃত+উদঙ্ক] ঘৃতেরকুঁপো।
ঘৃষ্ট, ত্রি. [ঘৃষ্+ত] ঘর্ষিত, মার্জ্জিত, পরিষ্কৃত, ঘষা।
ঘৃষ্টি, স্ত্রী. [ঘৃষ্+তি] বারাহী, চামরআলু; ঘর্ষণ; স্পর্দ্ধা; অপরাজিতা; (পুং.) শূকর। [পর্ণী।
ঘৃষ্টিলা, স্ত্রী. [ঘৃষ্টিল+আ] চিত্রপর্ণিকা, পৃশ্নি
ঘৃষ্বী, পুং. স্ত্রী. [ঘৃষ্+বিন্] শূকর।
ঘেউয়া, (প্রা) ক্ষতবিশিষ্ট।
ঘেঁচড়া, (প্রা) দুর্ম্মুখ, অবাচ্য, লম্পটীয়।
ঘেঁচন-ঘেঁচান, (প্রা) ঘাটান, উৎখাতন, কাটান, পিষণ।
ঘেঁটঘ-ঘেঁটান, (প্রা) পরদ্রব্যে হাতদেওন, মাখান, গতিবিধিকরণ।
ঘেঁটু, (প্রা) ঘণ্টাকর্ণনামক দেবতাবিশেষ।
ঘেঁষ, (প্রা) ঘনীভূত।
ঘেঁষড়ন, (প্রা) ছিচড়ন, মৃত্তিকাতে টানন।
ঘেঙ্গা, (প্রা) সদা যাচিঞারদ্বারা বিরক্তকরণ, খেঁচকানী।
ঘেঙ্গান-ঘেঙ্গানি, (প্রা) মাঙ্গন, যাচন, বিনয়করণ, উত্তেজন। [কারী।
ঘেঙ্গানীয়া, (প্রা) অকালে অনবরত বিনীত-
ঘেঞ্চুলিকা, স্ত্রী. [ঘেঞ্চুলিক+আ] ক্রৌঞ্চাদন, ঘেঁচু।
ঘেটন, (প্রা) উনহওন, ন্যূনহওন, ফুরাণ, অনাটন।
ঘেরঘার, (প্রা) বেড়াতে বেষ্টিতস্থান।
ঘেরণ, (প্রা) বেষ্টন, বেড়ন।
ঘেরা, (প্রা) মণ্ডল, আড়াল, আবৃত।
ঘৈরা, (প্রা) গম্ভীর।
ঘোঁজ, (প্রা) কুপথ, বিমার্গ।
ঘোঁট, (প্রা) কুতর্ক; বিচার।

ঘোঁটন, (প্রা) বিচারণ, প্রস্তাবন, বিতর্কণ; মর্দ্দন।

ঘোঁটনা, (প্রা) শিলাপুত্র, লোড়া।

ঘোগ, (প্রা) জলনিঃসরণের গহ্বর; পশুভেদ; চক্রবাক। [ভেদ।

ঘোঙ-ঘোঙা, (প্রা) বাদ্যযন্ত্রবিশেষ; পশু-

ঘোঙ্গরা, (প্রা) কণ্ঠের বিকৃতধ্বনি; নীচকণ্ঠ-ধ্বনি, গলাভাঙ্গা।

ঘোট, পুং.স্ত্রী. [ঘুট+অ] ঘোটক।

ঘোটক, পুং. [ঘোট+ক] পশুবিশেষ, ঘোড়া, তুরগ, তুরঙ্গম, ইহার পর্য্যায়।—অশ্ব শব্দে দ্রষ্টব্য।

ঘোটকী, স্ত্রী. [ঘোটক+ঈ] অশ্বী, তুরগী, মাদোয়ান। [ভেদ।

ঘোটিকা, স্ত্রী. [ঘোটক+আ] অশ্বী; বৃক্ষ-

ঘোড়া, (প্রা) ঘোটক।

ঘোড়াচড়া, (প্রা) অশ্বারোহী; তুরঙ্গসাদী।

ঘোড়ী, (প্রা) অশ্বী।

ঘোণা, স্ত্রী. [ঘুণ+আ] নাসিকা: অশ্ব-নাসিকা।

ঘোণী, পুং. [ঘোণা+ইন্] শূকর।

ঘোণ্টা, স্ত্রী. [ঘোণ্ট+আ] বৃক্ষবিশেষ, শেয়া-কুল; পূগবৃক্ষ। [সর্প।

ঘোনস, পুং. [ঘো+নস] গোনস, তিলিৎস-

ঘোপ, (প্রা) গুপ্তস্থান, ঝোপ, ঝোড়, গুল্ম।

ঘোপনগর, (প্রা) পোতাশ্রয়, নৌকাদিবন্ধন স্থান।

ঘোপাল, (প্রা) ঝাড়বন, গুল্মযুক্ত স্থান।

ঘোমটা, (প্রা) অবগুণ্ঠিকা, মুখাচ্ছাদন।

ঘোর, ন. [ঘুর্+অ] বিষ; (পুং.) শিব; (ত্রি.) ভয়ানক; তমঃ, অন্ধকার, আতঙ্ক, দীপ্তিশূন্য; অব্যক্ত, অস্পষ্ট, কঠিন।

ঘোরতর, ত্রি. [ঘোর+তর] অতিশয়, ভয়ানক।

ঘোরদর্শন, পুং.স্ত্রী. [ঘোর+দর্শন] উলূক; (ত্রি.) ভয়ানকরূপ।

ঘোরপুষ্প, ন. [ঘোর+পুষ্প] কাংস্য।

ঘোররাসন, পুং. [ঘোর+রাসন] শৃগাল, শিয়াল।

ঘোরবাসী, পুং. [ঘোর+বাসী] শৃগাল।

ঘোররূপ, ত্রি. [ঘোর+রূপ] ভয়ঙ্কর, শঙ্কাজনক; (ন.) ভীমদর্শন, করালবদন।

ঘোররূপী, ত্রি. [ঘোর+রূপী] ভয়ানক, ভীষণ। [ভীরুময়।

ঘোরসঙ্কাশ, ত্রি. [ঘোর+সঙ্কাশ] ভয়াবহ,

ঘোরা, স্ত্রী. [ঘোর+আ] রাত্রি; দেবদালী-লতা; ভয়ানকা।

ঘোরা, (প্রা) ফেরা, ঘূর্ণি, মণ্ডলাকারে গমন, বিবর্ত্ত; প্রদক্ষিণ। [ঘোররূপী।

ঘোরাকৃতি, ত্রি. [ঘোর+আকৃতি] ভয়ঙ্কর,

ঘোরাল, (প্রা) অব্যক্ত, অস্পষ্ট; পেঁচাল; কঠিন। [ঙ্কেতে।

ঘোরেঘারে, (প্রা) অস্পষ্টে, অব্যক্তে; স-

ঘোল, ন. [ঘুল্+অ] মথিতদধি, তৎপর্য্যায়। দণ্ডাহত, কালসেয় তক্র, প্রমথিত, অরিষ্ট, কালশেয়, গোরস, কট্টর, ঘল, মলিন, কেবল, ভগ্নসন্ধিক।

ঘোল, (প্রা) নদীর আওড়।

ঘোলমন্থনী, স্ত্রী. [ঘোল+মন্থনী] মন্থদণ্ডক, বৈশাখ, মন্থ, দধিচার।

ঘোলা, (প্রা) কর্দ্দমযুক্ত, অনির্ম্মল, অপরিষ্কার, আবিল, কাদাটিয়া।

ঘোলান, (প্রা) গলান, মিশান, কাদান, আবিলকরণ।

ঘোলাটিয়া, (প্রা) ঘোলা, কর্দ্দমযুক্ত।

ঘোলানী, (প্রা) কাদাটিয়া, অনির্ম্মল।

ঘোলী, স্ত্রী. [ঘোল+ঈ] পত্রশাকবিশেষ, তৎপর্য্যায়।—ঘোলিকা, ঘোলি, কলম্বু, কুবকালুকা।

ঘোষ, ন. [ঘুষ্+অ] কাংস্য; (পুং.) আভীর-পল্লী; গোপাল; ধ্বনি; ঘোষকলতা; কাংস্য; মেঘশব্দ; মশক; কায়স্থাদির পদ্ধতিবিশেষ।

ঘোষক, পুং. [ঘুষ্+অক] ঘোষালতা, তৎ-পর্য্যায়।—ধামার্গব, ঘোষকাকৃতি, আদানী, দেবদানী, তুরঙ্গক; পীতঘোষা পর্য্যায়।—ধামার্গব, রাজঘোষাতকী, কর্কোটকী, মহাজালী, ক্ষ্বেড়, কোষফলা; শ্বেতঘোষা পর্য্যায়।—ঘোষাতকী, মদকী, জালিনী, কৃতবেধক,

শ্বেতপুষ্পা, আকৃতিচ্ছত্রা, জ্যোৎস্না; খ্যাপক, প্রকাশক। [ষক।

ঘোষকাকৃতি, স্ত্রী. [ঘোষক+আকৃতি] ঘো-

ঘোষণ-ঘোষণা, ন. স্ত্রী. [ঘুষ্‌+ অন-আ] উচ্চৈঃশব্দ, প্রচারণ, প্রকাশন।

ঘোষণপত্র, ন. [ঘোষণ + পত্র] আজ্ঞাপত্র।

ঘোষণকারী, পুং. [ঘোষণ+কারী] ঘোষক, খ্যাপক।

ঘোষণীয়, ত্রি. [ঘুষ্‌+অনীয়] প্রকাশার্হ, প্রচারণের যোগ্য। [শব্দবিশিষ্ট।

ঘোষবতী, স্ত্রী. [ঘোষবৎ+ঈ] বীণা; (ত্রি.)

ঘোষবর্ণ, পুং. [ঘোষ+বর্ণ] বর্গের তৃতীয় চতুর্থ ও পঞ্চমবর্ণ এবং য র ল ব হ।

ঘোষয়িত্নু, পুং. [ঘোষ+য-ইত্নু] ব্রাহ্মণ; কোকিল; বন্দী। [কর্কটশৃঙ্গী।

ঘোষা, স্ত্রী. [ঘোষ+আ]মধুরিকৌষধি,মৌরি,

ঘোষাতকী, স্ত্রী. [ঘোষাতক+ঈ]শ্বেতঘোষা।

ঘোষিত, ত্রি. [ঘুষ্‌+ইত] ঘুষ্ট, প্রকটীকৃত।

ঘোষিতব্য, ত্রি. [ঘুষ্‌+ই-তব্য] প্রকাশের যোগ্য।

ঘৌর, ন. [ঘোর+অ] ভয়ঙ্কর, সাধ্বস।

ঘ্ন-ঘ্নৎ, ত্রি. [হন্‌+অ-অৎ] নিহত, ঘাতিত,

ঘ্রতি, স্ত্রী. [ঘ্রা+তি] নাসিকা।

ঘ্রাণ, ন. [ঘ্রা+ন] নাসিকা; গন্ধ, বাস; (ত্রি.) ঘ্রাত। [রভ।

ঘ্রাণতর্পণ, পুং. [ঘ্রাণ + তর্পণ] সুগন্ধি সৌ-

ঘ্রাণদুঃখদা, স্ত্রী. [ঘ্রাণ+দুঃখদা] ছিক্কনী, ক্ষুৎ, ছিক্কা।

ঘ্রাণেন্দ্রিয়, পুং. [ঘ্রাণ+ইন্দ্রিয়] নাসিকা।

ঘ্রাত, ত্রি. [ঘ্রা+ত] গৃহীত গন্ধপুষ্পাদি, আঘ্রাণলওয়া, ঘ্রাণ, সোঁকা।

ঘ্রাতি, ত্রি. [ঘ্রা+তি] নাসিকা; গন্ধগ্রাহী।

ঘ্রাত্বা, ত্রি. [ঘ্রা+ত্বা] আঘ্রাত, ঘ্রাত।

ঘ্রায়ক, ত্রি. [ঘ্রায়+ক] গন্ধগ্রাহক।

ঙ

ঙকার, ব্যঞ্জনের পঞ্চমবর্ণ, ইহার উচ্চারণ স্থান জিহ্বামূল ও সনাসিক। তস্য নামানি যথা—শঙ্খী; ভৈরব; চণ্ড; বিন্দু; উত্তংস; শিশুপ্রিয়; একরুদ্র; দক্ষনখ; খর্পর; বিষয়স্পৃহা; কান্তি; শ্বেতাহ্বয়; ধীর; দ্বিজাত্মা; জ্বালিনী; বিয়ৎ; মন্ত্র; শক্তি; মদন; বিঘ্নেশী; আত্মনায়ক; একনেত্র; মহানন্দ; দুর্দ্ধর; চন্দ্রমা; যতি; শিবঘোষা; নীলকণ্ঠ; কামেশী; ময়াংশুক।

ঙ, পুং. বিষয়; বিষয়স্পৃহা; ভৈরব।

চ

হলের ষষ্ঠবর্ণ; এতদ্বর্ণের উচ্চারণ স্থান তালু। তস্য নামানি যথা—পুষ্কর; হলী; বাণী; আত্মশক্তি; সুদর্শন; চর্ম্মমুণ্ডধর; মহিষাচার; একরূপ; রুচি; কূর্ম্ম; চামুণ্ডা; দীর্ঘবালুক; বামবাহু; মূলমায়া; চতুর্মূর্ত্তিস্বরূপিণী; দয়িত; দ্বিনেত্র; লক্ষ্মী; ত্রিতয়লোচন; চন্দন; চন্দ্রমা; দৈব; চেতন; বৃশ্চিক; বুধ; দেবী; কেটমুখেচ্ছা; আত্মা; কৌমারী; পূর্ব্বফল্গুণী; অনঙ্গমেখলা; বায়ু; মেদিনী; মূলাবতী।

চ, ব্য. সমাহার; অন্যোন্যার্থ; সমুচ্চয়; পক্ষান্তর; পাদপূরণ; অবধারণ; হেতু; (পুং.) চণ্ডেশ; কচ্ছপ; চন্দ্র; চৌর; (ত্রি.) নির্বীজ; দুর্জ্জন।

চই, (প্রা) মূলবিশেষ, চবিকা, চয়েরগাছ।

চক, (প্রা) ক্রয়বিক্রয়স্থান, বাজার, চতুঃশালার মধ্যস্থান।

চকার, পুং. [চ+কার] চ বর্ণ।

চকারাদি, ত্রি. [চকার+আদি] চ আদিবর্ণ।

চকারান্ত, ত্রি. [চকার+অন্ত] চ বর্ণান্ত।

চকাসয়ৎ, ত্রি. [চকাস্‌+অৎ] শোভিত,উদ্যোতিত।

চকাসিত, ত্রি. [চকাস+ইত] ভাসিত, উজ্জ্বলিত, রঞ্জিত।

চকিত, ত্রি. [চক+ইত] ভীত, ভয়ান্বিত, ত্রস্ত, চমৎকৃত।

চকিতহৃদয়, ত্রি, [চকিত+হৃদয়] হরিণহৃদয়, ভয়াক্রান্তমনা, ভীতহৃদয়।

চকোর-চকোরক, পুং. [চক+ওর-ক] পক্ষীবিশেষ, চন্দ্রিকাপায়ী, কৌমদিজীবন।

চকোরদৃশ, ত্রি. [চকোর+দৃশ] সুলোচন।

চকৃচক্, (প্রা) স্বচ্ছতা, দীপ্তি, উজ্জ্বলতা।

চকৃমকিয়া, (প্রা) দীপ্তিমান্, উজ্জ্বলিত।

চকৃচকান-চকৃচকানি, (প্রা) উজ্জ্বলতা, কান্তি, ছবি।

চকৃমকান, (প্রা) নল্লন, ঝল্লন।

চকৃমকী, (প্রা) অগ্নিউৎপাদক প্রস্তর ওলৌহ, অরণি, অগ্নিপ্রস্তর

চকৃলা, (প্রা) প্রদেশ, অধিকার, রাষ্ট্র।

চকস, পুং. [চক্+অস] কুটিল, বক্র।

চক্র, ন. [চক্+র] ব্রজ; সমূহ; সৈন্য; রথাঙ্গ চাকা; রাষ্ট্র; দন্তবিশেষ; কুম্ভকারোপকরণ; অস্ত্রবিশেষ; জলাবর্ত্ত; গ্রামজাল; তগরপুষ্প; ব্যূহবিশেষ; তৈলযন্ত্র; শরীরস্থ ষটচক্র যথা—মূলাধার ১। স্বাধিষ্ঠান ২। মণিপুর ৩। অনাহত ৪। বিশুদ্ধ ৫। আজ্ঞাখ্য ৬। মন্ত্রোদ্ধারার্থ ষট্‌চক্র যথা—কুলাকুলচক্র ১। রাশিচক্র ২ নক্ষত্রচক্র ৩। অকথহচক্র ৪। অকড়মচক্র ৫। ঋণিধনিচক্র ৬। (পুং.) চক্রবাকৃপক্ষী; শ্বিত্র; চাতুরি; সুদর্শনচক্র।

চক্রক, পুং. [চক্র+ক] তর্কবিশেষ।

চক্রকারক, পুং. [চক্র+কারক] ব্যাঘ্রনখনাম গন্ধদ্রব্য; কু ব্রণাকারক।

চক্রকুল্যা, পুং. [চক্র+কুল্যা] চিত্রপর্ণী, চাকুলিয়ালতা।

চক্রগজ, পুং. [চক্র+গজ] চক্রমর্দ্দবৃক্ষ।

চক্রগণ্ডু, পুং. [চক্র+গণ্ডু] বর্ত্তুলাকারোপধান, গোলবালিশ, গালবালিশ।

চক্রগুচ্ছ, পুং. [চক্র+গুচ্ছ] অশোকবৃক্ষ।

চক্রজীবক, পুং. [চক্র+জীবক] কুম্ভকার, কুলাল, কুমার।

চক্রদংষ্ট্র, পুং. [চক্র+দংষ্ট্র] শূকর, বরাহ।

চক্রদন্তী, স্ত্রী. [চক্র+দন্তী] দন্তীবৃক্ষ।

চক্রদন্তীবীজ, ন. [চক্রদন্তী+বীজ] জয়পাল।

চক্রধর, পুং. [চক্র+ধর] বিষ্ণু; সর্প; মায়াকার; (ত্রি.) গ্রামজালী।

চক্রনখ, পুং. [চক্র+নখ] ব্যাঘ্রনখনাম গন্ধদ্রব্য।

চক্রনামা, পুং. [চক্র+নামন্] মাক্ষিকধাতু।

চক্রনায়ক, পুং. [চক্র+নায়ক] ব্যাঘ্রনখ।

চক্রপদ্মাট, পুং. [চক্র+পদ্মাট] চক্রমর্দ্দকবৃক্ষ। [গুধবৃক্ষ

চক্রপরিব্যাধ, পুং. [চক্র+পরিব্যাধ] আর-

চক্রপর্ণী, স্ত্রী. [চক্র+পর্ণী] চক্রকুল্যালতা।

চক্রপাণি, পুং. [চক্র+পাণি] বিষ্ণু; চক্রধর।

চক্রপাদ, পুং. [চক্র+পাদ] রথ; হস্তী; (ত্রি) চতুশ্চক্রযুক্ত।

চক্রপাল, পুং. [চক্র+পাল] রাষ্ট্রাধিকারী; তর্ককারী; পরিমণ্ডল; দিঙ্মণ্ডল।

চক্রপুষ্করিণী, স্ত্রী. [চক্র+পুষ্করিণী] মণিকর্ণিকা।

চক্রফল, ন. [চক্র+ফল] অস্ত্রবিশেষ।

চক্রবক্ত্র, পুং. [চক্র+বক্ত্র] শূকর।

চক্রবৎ, ত্রি. [চক্র+বৎ] চক্রাকৃতি অস্ত্র; (পুং) তৈলকার; বিষ্ণু; সার্ব্বভৌম; (ব্য) চক্র সদৃশ।

চক্রবর্ত্তিনী, স্ত্রী. [চক্র+বর্ত্তিনী] জনিনাম গন্ধদ্রব্য; অলক্ত; জটামাংসী।

চক্রবর্ত্তী, পুং. [চক্র+বর্ত্তিন্] সমুদ্রপরিবৃত সর্ব্বভূমীশ্বর, সার্ব্বভৌম; বাস্তুকশাক।

চক্রবাক-চক্রবাকী, পুং স্ত্রী. [চক্র+বাক-ঈ] পক্ষীবিশেষ, চকাচকি, তৎপর্য্যায়।—কোক, চক্র, রথাঙ্গাহ্বয়নামক, ভূরিপ্রেমা, দ্বন্দ্বচারী, সহায়, কান্ত, কামী, রাত্রিবিশ্লেষগামী, রামাবক্ষোজোপম, কামুক।

চক্রবাট, পুং. [চক্র+বাট] ক্রিয়ারোহ; পর্য্যন্ত; শিখাতরু, দীপাধার।

চক্রবাড়, ন. [চক্র+বাড়] চক্রবাল; (পুং) পর্ব্বতবিশেষ; চক্রবাত।

চক্রবাত, পুং. [চক্র+বাত] ভ্রমিবাত, প্রচণ্ড বায়ু, জবানিল, ঝঞ্ঝাবাত, বাত্যা, অতিবাত, ঘূর্ণবাতাস।

চক্রবান্ধব, পুং. [চক্র+বান্ধব] সূর্য্য।

চক্রবাল, পুং. [চক্র+বাল] লোকালোক পর্ব্বত; (ন) মণ্ডলাকার দিক্ সমূহ, মণ্ডল।

চক্রবৃদ্ধি, স্ত্রী. [চক্র+বৃদ্ধি] বৃদ্ধির পুনর্বৃদ্ধি, সুদের সুদ; মণ্ডলাকার দিক্‌সমূহ।

চক্রব্যূহ, পুং. [চক্র+ব্যূহ] যুদ্ধার্থ মণ্ডলাকারে সৈন্য রচনা, বলবিন্যাস।
চক্রভৃৎ, ন. [চক্র+ভৃৎ] বিষ্ণু; চক্রধারী
চক্রভেদিনী, স্ত্রী. [চক্র+ভেদিনী] রাত্রি।
চক্রমণ্ডলী, পুং. [চক্র+মণ্ডলী] অজগর সর্প।
চক্রমর্দ্দ-চক্রমর্দ্দক, পুং. [চক্র+মর্দ্দ+মর্দ্দক] চক্রপর্ণীবৃক্ষ, চাকুন্দিয়াগাছ,তৎপর্য্যায়। এড়গজ, অড়গজ, গজাখ্য, মেধাহ্বয়, এড়হস্তী, ব্যাবর্ত্তক, চক্রগজ, চক্রী, পুন্নাট, পুন্নাড়, বিমর্দ্দক, দক্রঘ্ন, তর্ব্বট, চক্রাহ্ব, শুকনাশন, দৃঢ়বীজ, প্রপুন্নাড, খর্জ্জূঘ্ন,• পদ্মাট, উরণাখ্য, প্রপুন্নড, প্রপুনাড।
চক্রমুখ, পুং. [চক্র+মুখ] শূকর।
চক্রযান, ন. [চক্র+যান] রথাদি, চক্রযুক্তবাহন।
চক্ররদ, পুং. [চক্র+রদ] শূকর। [বৃক্ষ।
চক্রলতাম্র, পুং. [চক্র+লতাম্র] বদ্ধরসাল-
চক্রলক্ষণা, স্ত্রী. [চক্র+লক্ষণা] গুড়ূচী।
চক্রলা, স্ত্রী. [চক্র+লা] উচ্চটাবৃক্ষ।
চক্রশল্যা, স্ত্রী. [চক্র+শল্যা] কাকতুণ্ডী; শ্বেতগুঞ্জা। [বৃক্ষ।
চক্রশ্রেণী, ত্রি. [চক্র+শ্রেণী] অজশৃঙ্গী-
চক্রসংজ্ঞ, ন. [চক্র+সংজ্ঞ] বঙ্গ, ত্রপু।
চক্রসম্বর, পুং. [চক্র+সম্বর] বুদ্ধভেদ, তৎপর্য্যায়।—হেরম্ব, হেরুক, দেব, বজ্রকপালী, বিশুদ্ধী, শশিশেখর, বজ্রটীক।
চক্রহস্ত, পুং. [চক্র+হস্ত] বিষ্ণু।
চক্রা, স্ত্রী. [চক্র+আ] নাগরমুস্তা; কর্কটশৃঙ্গী।
চক্রাকার-চক্রাকৃতি, ত্রি. [চক্র+আকার-আকৃতি] মণ্ডলাকার, বর্ত্তুল, গোলাকার।
চক্রাঙ্কী, স্ত্রী. [চক্র+অঙ্কী] হংসী।
চক্রাঙ্গ, পুং স্ত্রী. [চক্র+অঙ্গ] হংস; রথ।
চক্রাঙ্গা, স্ত্রী. [চক্রাঙ্গ+আ] সুদর্শনা লতা।
চক্রাঙ্গী, স্ত্রী. [চক্রাঙ্গ+ঈ] কটুরোহিণী; হংসী; ছিলমোচিকা; মঞ্জিষ্ঠা; বৃষপর্ণী; কর্কটশৃঙ্গী।

চক্রাট, পুং. [চক্র+অট] বিষবৈদ্য, সাপুড়ে; ধূর্ত্ত; কুহক; দীনার, সুবর্ণমুদ্রা।
চক্রাণ, ত্রি. [চক্র+অন] কৃতবান্, কৃত।
চক্রাধিবাসী, পুং. [চক্র+অধিবাসিন্] নাগরঙ্গবৃক্ষ, কমলানেবুর গাছ
চক্রাবর্ত্ত, পুং. [চক্র+আবর্ত্ত] ঘূর্ণন, ঘূরা; ফিরা।
চক্রাহ্ব, পুং. [চক্র+আহ্ব] চক্রমর্দ্দবৃক্ষ।
চক্রি, পুং. [চক্র+ই] কর্ত্তা। [হাটু।
চক্রিকা, স্ত্রী. [চক্র+ইকা] জানু, জঙ্ঘা,
চক্রী, পুং. [চক্র+ইন] বিষ্ণু; গ্রামজালিক; চক্রবাক; কুলাল; সর্প; সূচক; অজ; তৈলিকভেদ; চক্রবর্ত্তী; চক্রমর্দ্দ; তিলিশ; ব্যালনখ; কাক; গর্দ্দভ; (ত্রি) চক্রবিশিষ্ট।
চক্রীবান্, পুং স্ত্রী. [চক্রী+বৎ] গর্দ্দভ; রাজবিশেষ।
চক্রু, পুং. [চক্র+উ] কর্ত্তা, চক্রি।
চক্রেশ্বরী, স্ত্রী. [চক্র+ঈশ্বরী] জিনদিগের বিদ্যা দেবীবিশেষ।
চকূলা, (প্রা) প্রদেশ, অধিকার, রাষ্ট্র।
চক্কুর, পুং. [চঙ্ক+উর] রথ; বৃক্ষ; (ন) যানমাত্র, ধোরণ
চঙ্ক্রমণ, ন. [চং+ক্রমণ] পুনঃপুনর্ভ্রমণ, অতিশয় ভ্রমণ। [গামী।
চঙ্ক্রমা, স্ত্রী. [চং+ক্রমা] কুটিলগামী, তির্য্যগ্-
চঙ্ক্রমাবৎ, ত্রি. [চঙ্ক্রমা+বৎ] চঙ্ক্রমণ।
চঙ্গ, ত্রি. [চং+গ] শোভন, সুন্দর; দক্ষ, পটু; রোগহীন, সুস্থ।
চঙ্গাই, (প্রা) চঙ্গ। [বিশেষ।
চঙ্গারি, (প্রা) বংশাদি নির্ম্মিত আধার-
চচেণ্ডা, স্ত্রী. [চচেণ্ড+আ] ফললতাবিশেষ, চিচিঙ্গা, বেশ্মকুল, শ্বেতরাজী, বৃহৎফল।
চচ্চৎপুট, পুং. [চচ্চৎ+পুট] তালপ্রভেদ।
চঞ্চৎ, ত্রি. [চন্চ+অৎ] চলন্, সরন্; সকম্প, চঞ্চল।
চঞ্চৎক, ত্রি. [চঞ্চৎ+ক] কম্পবান।
চঞ্চনিয়া, (প্রা) টন্‌টনিয়া, চঞ্চল।

চঞ্চরী, স্ত্রী. [চঞ্চর+ঈ] ভ্রমরী।
চঞ্চরীক, পুং. [চঞ্চর+ঈক] ভ্রমর।
চঞ্চল, ত্রি. [চন্+চল] অস্থির, তৎপর্য্যায় চলন, কম্পন, কম্প্র, চল, লোল, চলাচল, তরল, পারিপ্লব, পরিপ্লব, চপল, চটুল; (পুং.) বায়ু; লম্পট।
চঞ্চলত্ব, ন. [চঞ্চল+ত্ব] চাঞ্চল্য, অস্থিরতা।
চঞ্চলহৃদয়, ত্রি. [চঞ্চল+হৃদয়] চলচ্চিত্ত, নৈকাভাবাশ্রয়, চপলাত্মক।
চঞ্চলা, স্ত্রী. [চঞ্চল+আ] লক্ষ্মী; বিদ্যুৎ; পিপ্পলী।
চঞ্চা, স্ত্রী. [চঞ্চ+আ] নলনির্ম্মিত আস্তরণবিশেষ, চাঁচ; তৃণনির্ম্মিত পুরুষ।
চঞ্চু, পুং. [চঞ্চ+উ] নাড়ীচশাক; এরণ্ডবৃক্ষ; মৃগ; রক্তেরণ্ড; ক্ষুদ্র চঞ্চুবৃক্ষ; (স্ত্রী.) পক্ষীদিগের ওষ্ঠ, তৎপর্য্যায়।—ত্রোটি, চঞ্চূ, চঞ্চুকা, ত্রোটী, তুণ্ডী, শ্রীপাটিকা, ঠোঁট; পত্রশাকবিশেষ।
চঞ্চুকা, স্ত্রী. [চঞ্চুক+আ] পক্ষীদিগের ওষ্ঠ।
চঞ্চুপত্র, পুং. [চঞ্চু+পত্র] চঞ্চুশাক।
চঞ্চুপুট, (প্রা) চঞ্চু।
চঞ্চুভৃৎ, পুং. [চঞ্চু+ভৃৎ] পক্ষী।
চঞ্চুমৎ, পুং. [চঞ্চু+মৎ] পক্ষী।
চঞ্চুর, পুং. [চঞ্চু+র] চঞ্চুশাক; (ত্রি.) বিদগ্ধ, বিশারদ; চলন, সদাগমন।
চঞ্চুসূচি-চঞ্চুসূচিক, পুং. [চঞ্চু+সূচি-সূচিক] কারণ্ডবপক্ষী, পীততুণ্ড, মরুল, চঞ্চূসূচিক, সুগৃহ।
চঞ্চূ, স্ত্রী. [চঞ্চ+উ] চঞ্চু, ঠোঁট।
চঞ্চূর্য্যমাণ, ত্রি. [চং+চূর্য্যমাণ] দুঃশীল, দুর্বৃত্ত। [টাট।
চট্, (প্রা) ঝটিতি, শীঘ্র; মেকলি, গুণ,
চটই, (প্রা) চটকপক্ষী।
চটক, পুং. স্ত্রী. [চট+ক] পক্ষীবিশেষ, তৎপর্য্যায়।—কলবিঙ্ক, চিত্রপৃষ্ঠ, গৃহনীড়, বৃষায়ণ, কামুক, কালকণ্ঠক, নীলকণ্ঠক, কলাবিকল, গৃহবলিভুক্, কামচারী, চড়া।
চটক, (প্রা) কাল্পনিক; চমৎকার।
চটককা, স্ত্রী. [চটকক+আ] চটকা।
চটকা, স্ত্রী; [চটক+আ] চটকপত্নী, চড়ী, পিপ্পলীমূল শ্যামাপক্ষী।
চটকাশির, পুং. ন. [চটকা+শির] পিপ্পলীমূল; (ত্রি.) চটকশিরাকৃতি
চটকিকা, স্ত্রী. [চটক+ইকা] চটকপত্নী।
চটন, (প্রা) বিদারণ, ফাটন; ক্রোধন।
চটাচটি, (প্রা) দ্বেষাদ্বেষি, অনাত্মীয়তা; বিচ্ছেদ।
চটান, (প্রা) মাঠ; পুলিন; প্রণয়ভঙ্গ; অমিলন; ক্রোধজন্মান; ফাটন।
চটাল, (প্রা) প্রস্থ, পরিশর, চৌড়া।
চটিকা, স্ত্রী. [চটিক+আ] পিপ্পলীমূল; চটকা। [মূল।
চটিকাশির, ন. [চটিকা+শির] পিপ্পলী-
চটী, (প্রা) গুণ, টাট, মাদুরাদি; শলা; খণ্ড; গঞ্জ; সরাই।
চটু, পুং. [চট+উ] প্রিয়বাক্য; উদর; ব্রতিদিগের আসনবিশেষ; (ন.) প্রিয়ভাষণ; উচ্চস্বর।
চটুল, ত্রি. [চট+উল] চঞ্চল; সুন্দর।
চটুলা, স্ত্রী. [চটুল+আ] বিদ্যুৎ।
চটুলালস, ত্রি. [চটুলা+লস] আনন্দিত, প্রিয়ঙ্কর; মন্দগতি। [সুচঞ্চল।
চটুলোল, ত্রি. [চটু+লোল] চাটুলোল,
চট্‌কান, (প্রা) ছানন, ম্রক্ষণ, মাখন।
চট্‌কান, (প্রা) থাপড়ান, ছানা, মর্দ্দিত।
চট্‌চট, (প্রা) দ্রুত।
চট্‌চটানি, (প্রা) ঘনত্ব, অনুলগ্নশীলত্ব, আটালপনা।
চট্‌চটিয়া, (প্রা) আটাল, আটাবৎ; চালাক্।
চট্‌পট্, (প্রা) দ্রুত, শীঘ্র।
চট্‌পটিয়া, (প্রা) উদ্যমী, চতুর; বাবদূক; উপস্থিত বক্তা। [তল
চড়, (প্রা) করাঘাত, চপেট, চাপড়; কর-
চড়ই, (প্রা) চটকপক্ষী।
চড়ইনখো, (প্রা) তণ্ডুলভেদ।
চড়ক, (প্রা) চৈত্রীসংক্রান্তির ক্রিয়া, গাজন; চড়কগাছ; ব্যথা। [টিন্‌টনান।
চড়কন, (প্রা) বিস্ফোটকাদির বেদনা, জ্বলন,

চড়কর, (প্রা) অতিশয়; অতিব্যথাকর।
চড়ন, (প্রা) আরোহণ, উদ্গমন, উঠন; -থাবড়ান।
চড়া, (প্রা) চটকপক্ষী; দ্বীপ; পুলিন; উচ্চ।
চড়াও, (প্রা) আক্রমণ, বলাৎকারে গ্রহণ।
চড়াকথা, (প্রা) উচ্চকথা, কর্কশবাক্য।
চড়াচড়ি, (প্রা) পরস্পর চপেটাঘাত করণ; প্লুত।
চড়াদর, (প্রা) বহুমূল্য।
চড়ান, (প্রা) উঠাইয়া রাখন, উঠান; পুরান জ্যাটানন; বাড়ান; উচ্চ; পুলিন; চপেটাঘাত করণ।
চড়াপড়া (প্রা) নষ্টশক্তি।
চড়াশব্দ, (প্রা) উচ্চস্বর, ধমকবাক্য, রূঢ়-ধ্বনি।
চড়ী, (প্রা) চটকপত্নী।
চড়্‌চড়্‌ (প্রা) বেদনার উদ্রেক; স্ফোটকাদির যাতনা।
চড়তি, (প্রা) মূল্যবৃদ্ধি, বাড়ি।
চণক, পুং. [চণ+ক] মুনিবিশেষ; শস্য-বিশেষ, বুট, ছোলা।
চণকা, স্ত্রী. [চণক+আ] মসীনা।
চণকাত্মজ, পুং. [চণক+আত্মজ] বাৎস্যায়ন মুনি।
চণকাম্লক, ন. [চণক+অম্লক] চণকলবণ।
চণকাম্লবার্, ন. [চণকাম্ল+বার্] ক্ষেত্রস্থ ফলবৎ চণকপত্র শিশির বারি।
চণদ্রুম, পুং. [চণ+দ্রুম] ক্ষুদ্র গোক্ষুর।
চণপত্রী, স্ত্রী. [চণ+পত্রী] রুদন্তীবৃক্ষ।
চণা, (প্রা) চণক, ছোলা; গোমূত্র।
চণিকা, স্ত্রী. [চণ+ইকা] তৃণবিশেষ।
চণ্ড, ন. [চণ্ড্‌+অ] তীক্ষ্ণ; (পুং.) তিন্তিড়ীবৃক্ষ; যমকিঙ্কর; দৈত্যবিশেষ; (ত্রি.) অত্যন্তকোপন; তীক্ষ্ণতাবিশিষ্ট।
চণ্ডতা, স্ত্রী. [চণ্ড+তা] উগ্রতা, ঔদ্ধত্য।
চণ্ডনায়িকা, স্ত্রী. [চণ্ড+নায়িকা] দুর্গা; অষ্টনায়িকান্তর্গত নায়িকাবিশেষ।
চণ্ডবৎ, ত্রি. [চণ্ড+বৎ] সন্তাপশীল।
চণ্ডবতী, স্ত্রী. [চণ্ডবৎ+ঈ] দুর্গা; অষ্টনায়িকান্তর্গত নায়িকাবিশেষ।
চণ্ডরুদ্রিকা, স্ত্রী. [চণ্ড+রুদ্রিকা] বিদ্যাবিশেষ। [ছন্দঃবিশেষ।
চণ্ডবৃষ্টিপ্রয়াত, পুং. [চণ্ড+বৃষ্টি+প্রয়াত]
চণ্ডা, স্ত্রী. [চণ্ড+আ] অষ্টনায়িকান্তর্গত নায়িকাবিশেষ; শঙ্খপুষ্পী; লিঙ্গিনীলতা; কপিকচ্ছু; আখুকর্ণী; শ্বেতদূর্ব্বা; নদীবিশেষ। [খরকিরণ।
চণ্ডাংশু, পুং. [চণ্ড+অংশু] সূর্য্য; (ত্রি.)
চণ্ডাত, পুং. [চণ্ড+আত] করবীর।
চণ্ডাতক, ন. [চণ্ডাত+ক] অর্দ্ধোরুক, বরস্ত্রীদিগের অর্দ্ধোরুপর্য্যন্ত বসন।
চণ্ডাল, পুং. [চণ্ড+অল] বর্ণসঙ্কর জাতিবিশেষ, ব্রাহ্মণীর গর্ব্ভে শূদ্রের ঔরসে জাত, চাঁড়াল, তৎপর্য্যায়।—প্লব,মাতঙ্গ, দিবাকীর্ত্তি, জনঙ্গম, নিষাদ, শ্বপচ, অন্তেবাসী, চাণ্ডাল, পুক্কস, জলঙ্গম, নিশাদ, শ্বপচ্‌, নিষ্ক; অতিনীচ; ক্রুরকর্ম্মা।
চণ্ডালকন্দ, পুং. [চণ্ডাল+কন্দ] কন্দবিশেষ।
চণ্ডালবল্লকী, স্ত্রী. [চণ্ডাল+বল্লকী] চণ্ডাল বীণা।
চণ্ডালিকা, স্ত্রী. [চণ্ডাল+ইকা] চণ্ডালবল্লকী; দুর্গা; ওষধীভেদ।
চণ্ডালিয়া, (প্রা) সদসদ্বিচারহীন, দুরাচারী।
চণ্ডি, স্ত্রী. [চণ্ড+ই] চণ্ডী।
চণ্ডিকা, স্ত্রী. [চণ্ড+ইকা] দুর্গা।
চণ্ডিল, পুং. [চণ্ড+ইল] রুদ্র; নাপিত, বাস্তুকশাক।
চণ্ডিলা, স্ত্রী. [চণ্ডিল+আ] নদীভেদ।
চণ্ডী, স্ত্রী. [চণ্ড+ঈ] দুর্গা; হিংস্রা; কোপনা। [বীর বৃক্ষ।
চণ্ডীকুসুম, পুং. [চণ্ডী+কুসুম] রক্তকর-
চণ্ডীপাঠ, পুং. [চণ্ডী+পাঠ] দেবীবিষয়ক গ্রন্থ অধ্যয়ন।
চণ্ডীমণ্ডপ, পুং. [চণ্ডী+মণ্ডপ] ভগবতীর পূজালয়; দেবীগৃহ।
চণ্ডু, পুং. [চণ্ড+উ) উন্দুরু; ক্ষুদ্রমর্কট; দেবযোনিবিশেষ।
চণ্ডু, (প্রা) মাদকদ্রব্যবিশেষ।
চণ্ডুল, (প্রা) পক্ষীবিশেষ।

চতস্র, ত্রি. (চতুর্) চতুঃসংখ্যাবিশিষ্ট।
চতুঃ, ব্য. চতুর্ব্বার। [ভেদী।
চতুঃপত্রী, স্ত্রী. [চতুর্+পত্রী] ক্ষুদ্রপাষাণ-
চতুঃপর্ণী, স্ত্রী. [চতুর্+পর্ণী] ক্ষুদ্রাম্লিকা।
চতুঃপলা, স্ত্রী. [চতুর্+পলা] নাগবলা।
চতুঃপার্শ্ব, ন. [চতুর্+পার্শ্ব] চতুর্দ্দিগ।
চতুঃপুণ্ড্র, পুং. [চতুর্+পুণ্ড্র] ভিণ্ডাবৃক্ষ।
চতুঃশাল-চতুঃশালক, ন. স্ত্রী. [চতুর্+শাল-শালক] পরস্পরাভিমুখ গৃহচতুষ্টয়, চকৃ মিলন বাড়ী।
চতুঃষষ্টি, স্ত্রী. [চতুর্+ষষ্টি] কলা নাম্নী উপবিদ্যা; সংগীতবিদ্যা; ঋগ্বেদ; ৬৪ চৌষট্টিসংখ্যা।
চতুঃসীমা, স্ত্রী. [চতুর্+সীমা] সর্ব্বদিগ।
চতুঃসীমাবচ্ছিন্ন, ত্রি. [চতুঃসীমা+অবচ্ছিন্ন] চতুর্দ্দিগবেষ্টিত।
চতুর্, ত্রি. চারি।
চতুর, ত্রি. [চত+উর] কার্য্যক্ষম, নিরালস্য, দক্ষ, পেসল, পটু, সুখান, উষ্ণ; নিপুণ; নেত্রগোচর; (পুং.) চক্রগণ্ড; হস্তীশালা।
চতুরংশ, পুং. [চতুর্+অংশ] চতুর্ভাগ।
চতুরক্রম, পুং. [চতুর+ক্রম] সপ্তধারূপকান্তর্গত রূপকভেদ।
চতুরঙ্গ, ন. [চতুর্+অঙ্গ] হস্ত্যশ্ব রথ পদাতি রূপ সৈন্য; অক্ষক্রীড়া, চৌপড় খেলা।
চতুরঙ্গবল-চতুরঙ্গসৈন্য, ন. [চতুরঙ্গ+বল-সৈন্য] হস্ত্যশ্বরথ পদাতিরূপ সমুদয় সৈন্য [বৃক্ষ
চতুরঙ্গা, স্ত্রী. [চতুরঙ্গ+আ] ঘোটিকা-
চতুরঙ্গিণী, স্ত্রী. [চতুরঙ্গিন্+ঈ] চতুরঙ্গসেনা
চতুরঙ্গুল, পুং. [চতুর্+অঙ্গুল] আরগ্বধ বৃক্ষ; (ত্রি.) চতুরঙ্গুলি পরিমিত।
চতুরতা, (প্রা) কৌশল, চালাকী, ধূর্ত্ততা।
চতুরম্ল, ন. [চতুর্+অম্ল] চতুর্ব্বিধাম্লদ্রব্য।
চতুরস্র, ত্রি. [চতুর্+অস্র] চতুষ্কোণ; লগ্ন হইতে চতুর্থাষ্টম লগ্ন।
চতুরাজী, স্ত্রী. [চতুর্+আজী] চতুরঙ্গক্রীড়ার অন্তর্গত ক্রীড়াবিশেষ।
চতুরানন, পুং. [চতুর্+আনন] ব্রহ্মা।
চতুরালি, (প্রা) চাতুর্য্য, চতুরতা; শঠতা; চালাকি।
চতুরাশ্রম, ন. [চতুর্+আশ্রম] গৃহী বাণপ্রস্থ ভিক্ষুক সন্ন্যাসী এই চতুঃপ্রকার আশ্রম
চতুরূষণ, ন. [চতুর্+ঊষণ] পিপ্পলীমূল সহিত ত্রিকটু। [চতুষ্পদ পশু।
চতুর্গতি, পুং. [চতুর্+গতি] কূর্ম্ম, কচ্ছপ;
চতুর্গুণ, ন. [চতুর্+গুণ] চতুর্ব্বিধ।
চতুর্থ, ত্রি. [চতুর্+থ] চারির পূরণ।
চতুর্থকাল, ন. [চতুর্থ+কাল] চারিকাল; উপবাসের দ্বিতীয় দিবসের রাত্রি।
চতুর্থফল, ন. [চতুর্থ+ফল] গ্রহমণ্ডল।
চতুর্থাংশ, পুং. [চতুর্থ+অংশ] চতুর্ভাগের একভাগ, তুরীয়, পাদ।
চতুর্থিকা, স্ত্রী. [চতুর্থ+ইকা] পল পরিমাণ; তিথিবিশেষ।
চতুর্থী, স্ত্রী. [চতুর্থ+ঈ] তিথিবিশেষ।
চতুর্দৎ, ত্রি. [চতুর্+দৎ] চতুর্দ্দন্তবিশিষ্ট।
চতুর্দন্ত, পুং. [চতুর্+দন্ত] ঐরাবতহস্তী।
চতুর্দশ, ত্রি. [চতুর্+দশন্] চতুরধিক দশ; চতুর্দশবাচকশব্দ, যথা—বিদ্যা, যম, মনু, ইন্দ্র, ভুবন, ধ্রুবতারক।
চতুর্দ্দশী, স্ত্রী. [চতুর্দ্দশ+ঈ] তিথিবিশেষ, ভূতা। [পার্শ্ব।
চতুর্দ্দিক, ব্য. [চতুর্+দিশ্] সর্ব্বদিগ, চতুঃ-
চতুর্দ্দোল, ন. [চতুর্+দোল] স্বনামখ্যাত যানবিশেষ। [র্ব্বার।
চতুর্দ্ধা, ব্য. [চতুর্+ধা] চতুঃপ্রকার, চতু-
চতুর্নৃত্য, ন. [চতুর্+নৃত্য] সম্মুখস্থ স্ত্রী পুরুষদিগের নৃত্য।
চতুর্ব্বক্ত্র-চতুর্বদন, পুং. [চতুর্+বক্ত্র-বদন] ব্রহ্মা। [মোক্ষ।
চতুর্বর্গ, পুং. [চতুর্+বর্গ] ধর্ম্ম অর্থ কাম
চতুর্বর্ণ, পুং. [চতুর্+বর্ণ] চারিজাতিবিশেষ, যথা—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র; চতুঃপ্রকারবর্ণ; চতুরক্ষর।
চতুর্ব্বাহু, পুং. [চতুর্+বাহু] বিষ্ণু; (ত্রি.) চতুর্হস্তবিশিষ্ট

চতুর্ব্বিদ্য, পুং. [চতুর্+বিদ্য] চতুর্ব্বেদবেত্তা, চাতুর্ব্বৈদ্য।
চতুর্বিধ, ত্রি. [চতুর্+বিধ] চতুঃপ্রকার।
চতুর্বীজ, ন. [চতুর্+বীজ] মেথিকা, চন্দ্রশূর, কালাজাজি, যবানিকা, এতচ্চতুষ্টয় মিলিত বীজ।
চতুর্ব্বেদ, ন. [চতুর্+বেদ] ঋক্, যজু, সাম, অথর্ব্ব এতচ্চতুষ্টয় বেদ।
চতুর্ব্বেদী, পুং; [চতুর্+বেদিন্] চারিবেদ, বেত্তা।
চতুর্ভদ্র, ন. [চতুর্+ভদ্র] সবল ধর্ম্মার্থ কাম মোক্ষ।
চতুর্ভাগ, পুং. [চতুর্+ভাগ] চতুর্থাংশ।
চতুর্ভুজ, পুং. [চতুর্+ভুজ] বিষ্ণু; (ন.) অঙ্কবিদ্যাবিশেষ।
চতুর্মার্গীয়, ত্রি. [চতুর্+মার্গীয়] চতুষ্পথীয়। [পণ।
চতুর্মাস, ন. [চতুর্+মাস] চারিমাস নিরূ-
চতুর্মাস্য, ত্রি. [চতুর্+মাস্য] চাতুর্মাসিক। [বিশেষ।
চতুর্মুখ, পুং. [চতুর্+মুখ] ব্রহ্মা; ঔষধ-
চতুর্যুগ, ন. [চতুর্+যুগ] সত্য, ত্রেতা, দ্বাপর, কলি এই যুগ চতুষ্টয়।
চতুর্হস্ত, ত্রি. [চতুর্+হস্ত] চতুর্ভুজ।
চতুল, ত্রি. [চতু+ল] স্থাপিত।
চতুষ্ক, ত্রি. [চতুর্+ক] চারিসংখ্যা।
চতুষ্কী, স্ত্রী. [চতুষ্ক+ঈ] মশহরি, মশারি; পুষ্করিণীভেদ; হারবিশেষ। [ভুজ।
চতুষ্কোণ, ত্রি. [চতুর্+কোণ] চতুরস্র, চতু-
চতুষ্টয়, ত্রি. [চতুর্+তয়] চতুরবয়ব; চারিসংখ্যা; চতুষ্কোণ; কেন্দ্র।
চতুষ্টয়াত্মক, ত্রি. [চতুষ্টয়+আত্মক] চতুর্ব্বিধ।
চতুষ্পথ, ন. [চতুর্+পথ] একত্র মিলিত পথ চতুষ্টয়, শৃঙ্গাটক, চৌমাথাপথ; (পুং.) ব্রাহ্মণ।
চতুষ্পদ, পুং. [চতুর্+পদ] পশু; একাদশ করণান্তর্গত নবকরণবিশেষ; অঙ্কবিদ্যাভেদ। [চৌপদী।
চতুষ্পদী, স্ত্রী. [চতুষ্পদ+ঈ] পদ্যছন্দঃ
চতুষ্পাটী, ত্রি. [চতুর্+পাটী] নদী
চতুষ্পাঠী, স্ত্রী. [চতুর্+পাঠী] যে স্থলে চারিবেদের পাঠ হয়, চৌপাড়ী।
চতুষ্পাণি, পুং. [চতুর্+পাণি] বিষ্ণু।
চতুষ্পাদ, পুং. [চতুর্+পাদ] চতুষ্পদপশু করণবিশেষ; (ত্রি.) চতুষ্পদবিশিষ্ট।
চতুপার্শ্ব, ন. [চতুর্+পার্শ্ব] চতুর্দ্দিক।
চতুস্কোণ, ন. [চতুর্+কোণ] চতুরস্র।
চতুস্সম, ন. [চতুর্+সম] চন্দন; অগুরু কস্তূরী কুঙ্কুমমিলিতদ্রব্য; ঔষধবিশেষ।
চতুস্ত্রিংশজ্জাতজ্ঞ, পুং. [চতুস্ত্রিংশৎ+জাতজ্ঞ] বুদ্ধভেদ।
চতুরাদী, স্ত্রী. [চতুরাদ+ঈ] চতুরঙ্গ ক্রীড়ান্তর্গত ক্রীড়াবিশেষ।
চত্বর, ন. [চত+বর] স্থণ্ডিল, হোমার্থ পরিষ্কৃতাভূমি; অঙ্গন, উঠান, চাতাল।
চত্বার, পুং. [চতুর্+অন্] চতুঃসংখ্যা, চারি চতুর্ব্বাচক শব্দ যথা—বেদ১, ব্রহ্মাস্য২, বর্ণ৩, সমুদ্র ৪, হরিবাহু ৫, স্বর্দন্তিদন্ত ৬, সেনাঙ্গ ৭, উপায় ৮, যাম ৯, যুগ ১০, আশ্রম ১১, বৃত্তপাদ ১২, (ত্রি.) চতুঃসংখ্যাবিশিষ্ট।
চত্বাল, পুং. [চত+বাল] হোমকুণ্ড; দর্ভ কুশ; গর্ভ। [সর্প।
চদির, পুং. [চদ+ইর] হস্তী; চন্দ্র; কর্পূর;
চনস্, ন. [চ+অনস্] আহার, ভোজন।
চন্দ, পুং. [চদ্+অ] চন্দ্র।
চন্দক, পুং. [চদ্+ক] মৎস্যবিশেষ, চাঁদামাছ; চন্দ্র; জ্যোৎস্না; (ত্রি.) মনোরম।
চন্দকপুষ্প-চন্দনপুষ্প, ন. [চন্দক+পুষ্প] লবঙ্গ।
চন্দন, পুং. ন. [চদ্+অন] স্বনামখ্যাত বৃক্ষ, তৎপর্য্যায়।—গন্ধসার, মলয়জ, ভদ্রশ্রী, রৌহিণ, পটীর, শ্রীখণ্ড, মহার্হ, শ্বেতচন্দন, গোশীর্ষ, সেব্য, যাম্য, বর্ণক, তিলপর্ণ, মঙ্গল্য, মলয়োদ্ভব, গন্ধরাজ, সুগন্ধ, পীতসার, ভদ্রাশ্রয়, সর্পাবাস, শীতল, গন্ধাঢ্য, ভোগিবল্লভ, পাবন, তৈলপর্ণিক, চন্দ্রদ্যুতি, ভদ্রশ্রিয়, হিত, হিম, সারগন্ধ, বর্ণক্ষ, হরিচন্দন,

শীতলপ্রদ, চন্দ্রকান্ত, মলয়াগুরু; বানর; (ন.) রক্তচন্দন, তৎপর্য্যায়।—রঞ্জন, কুচন্দন, পত্রাঙ্গ, তিলপর্ণী, কুঙ্কুমাগুরু

চন্দনধেনু, স্ত্রী. [চন্দন+ধেনু] পতিপুত্র-বন্মৃতনার্য্যুদ্দেশ্যক উৎসৃষ্ট চন্দনাঙ্কিত সবৎসাগৌ। [বিশেষ।

চন্দনগোপী, ত্রি. [চন্দন+গোপী] শারিবা,

চন্দনপীড়া, স্ত্রী. [চন্দন+পীড়া] চন্দন-ঘর্ষণ প্রস্তর।

চন্দনশারিবা, স্ত্রী. [চন্দন+শারিবা] চন্দনা-পক্ষী, শুকপক্ষীবিশেষ।

চন্দনসার, পুং. [চন্দন+সার] বজ্রক্ষার; শ্রেষ্ঠ চন্দন।

চন্দনা, স্ত্রী. [চন্দন+আ] শারিবাবিশেষ; নদীবিশেষ।

চন্দনাটা, (প্রা) চন্দনপীড়া।

চন্দনাচল-চন্দনাদ্রি, পুং. [চন্দন+অচল-অদ্রি] মলয়পর্ব্বত।

চন্দনী, ত্রি. [চন্দন+ঈ] নদীবিশেষ।

চন্দনীয়া, স্ত্রী. [চন্দন+ঈয়া] গোরোচনা, গন্ধদ্রব্যবিশেষ।

চন্দা, (প্রা) মাথট, চাঁদা।

চন্দির, পুং. [চন্দ+ইর] হস্তী; চন্দ্র।

চন্দ্র, পুং. [চদ্+র] দেবতাবিশেষ, চাঁদ, তৎ-পর্য্যায়।—অজ, অত্রিজাত, অত্রিদৃগজ, অত্রিনেত্রজ, অত্রিনেত্রভূ, অন্ধকরিপু, অমতি, অমৃত, অমৃতদীধিতি, অমৃতসূ, অমৃতসং, অমৃতাধার, অব্জ, অব্দিন-বনীতক, আত্রেয়, উডুপ, উডুপতি, উডু-রাট্, ইন্দু, ঋক্ষেশ, এণভৃৎ, এণাঙ্ক, ওষধীনাথ, ওষধীপতি, ওষধীশ, কলা-নিধি, কলাপতি, কলাপূর্ণ, কলাবান, কলাভৃৎ, কান্ত, কুমুদপ্রিয়, কুমুদিনীপতি, কুমুদবান্ধব, কুমুদেশ, কুমুদ্বান্, কৈরবী, কৌমুদীপতি, ক্লেদু, খচমস, খিদির, গো, গ্রহনেমি, গ্লৌ, চদির, চন্দ, চন্দির, চন্দ্রক, চন্দ্রমাঃ, চিত্রাটীর, ছায়াভৃৎ, ছায়া-মৃগধর, জয়ন্ত, জর্ণ, জীবিতেশ, জৈবা-তৃক, তপস, তমোঘ্ন, তমোনুৎ, তমো-নুদ, তমোপহ, তমোহর, তারাপতি, তারাপীড়, তিজিল, তিমিররিপু, তিথি-প্রণী, তিলক, তুঙ্গী, তুঙ্গীপতি, তুষার-কিরণ, তুহিনাংশু, তৃপৎ, ত্রিনেত্রচূড়া-মণি, দর্শবিপৎ, দশবাজী, দশাশ্ব, দক্ষ-জাপতি, দাক্ষায়ণীপতি, দোষাকর, দ্রুমে-শ্বর, দ্বিজপতি, দ্বিজরাজ, ধ্বান্তারি, নগপতি, নভশ্চমস, নক্ষত্রপ, নক্ষত্র-নাথ, নক্ষত্রনেমি, নক্ষত্রেশ, নিশাকর, নিশাকেতু, নিশানাথ, নিশাপতি, নিশা-মণি, নিশারত্ন, নিশীথিনীনাথ, নীধ্রু, পতম, পতস, পপি, পপী, পরিজন্মা, পরিজ্ঞা, পর্ব্বধি, পক্ষচর, পক্ষজ, পক্ষ-জন্মা, পক্ষধর, পীযূষনিধি, পীযূষমহা, প্রহনেমি, প্রালেয়াংশু, বর্চ্চস্বী, বল-ক্ষগু, বাতি, বিকস, বিকুত্র, বিধু, বিন্ধাস, বিশ্বপ্সা, বিহগ, বিবুধ, বুধতাত, ভগ্নাত্মা, ভপতি, ভরণ্যু, ভাসন্ত, ভুবন্যু, ম, মরী-চিমালী, মস্করী, মৃগপিপ্লু, মৃগলাঞ্ছন, মৃগাঙ্ক, যামিনীপতি, যজ্ঞনাংপতি, রজনী-কর, রজনীনাথ, রাজরাজ, রাজা, রাত্রি-কর, রাত্রিমণি, রোহিণীপতি, রোহিণী-বল্লভ, রোহিণীশ, লক্ষ্মীসহজ, শশ, শশ-ধর, শশবিন্দু, শশভৃৎ, শশলাঞ্ছন, শ-শাঙ্ক, শশী, শর্ব্বরীশ, শীতকর, শীত-কিরণ, শীতগু, শীতভানু, শীতময়ূখ, শীতমরীচি, শীতরশ্মি, শীতরুক্, শীতল, শীতলভানু, শীতাংশু, শুক্রকর, শুচি-রোচি, শুভ্ররশ্মি, শুভ্রাংশু, শ্রীসহোদর, শ্বেতদ্যুতি, শ্বেতধামা, শ্বেতবাজী, শ্বেত-বাহন, শ্বেতরোচিঃ, সব, সমুদ্রনবনীত, সর্ব্বরীকর, সারস, সিতকর, সিতদীধিতি, সিতাংশু, সিতরশ্মি, সিন্ধুজন্মা, সিন্ধু-নন্দন, সিপ্র, সীম, সীমা, সুধাংশু, সু-ধাঙ্গ, সুধাকর, সুধাধার, সুধানিধি, সুধাভৃতি, সুধাসূতি, সুবন, সুম, সুম, সৃপ্র, সোম, স্নেহা, স্নুম, স্নেহু, স্মরসখ, হ, হরচূড়ামণি, হরি, হরিণকলঙ্ক, হরি-ণাঙ্ক, হিমকর, হিমদ্যুতি, হিমরশ্মি, হিম-শ্রথ, হিমাংশু, ক্ষপাকর, ক্ষপাপতি, ক্ষীরোদনন্দন; অর্দ্ধাদন শশীপাপ; ক-

পূ্র; স্বর্ণ; জল; কাম্পিল্ল; দ্বীপবিশেষ; বিসর্গ; কমনীয়; মেচক; রক্তরজত; আহ্লাদজনক দ্রব্য।

চন্দ্রক, পুং. [চন্দ্র+ক] বর্হনেত্র, মেচক, ময়ূর পুচ্ছের চাঁদ; নখ; মৎস্যবিশেষ; মণ্ডল; চন্দ্র; (ন.) সিতমরিচ।

চন্দ্রকবৎ, পুং. [চন্দ্রক+বৎ] ময়ূর।

চন্দ্রকলা, স্ত্রী. [চন্দ্র+কলা] দ্রগড়বাদ্য; বাচামৎস্য; চন্দ্রের ষোড়শভাগ; চন্দ্রকান্ত; চন্দ্রের ভার্য্যা।

চন্দ্রকান্ত, ন. [চন্দ্র+কান্ত] শ্রীখণ্ডচন্দন; কৈরব; (পুং.) মণিভেদ, চন্দ্রমণি, চান্দ্র, চন্দ্রোপল, ইন্দুকান্ত, চন্দ্রাশ্ম, সংপ্লবোপল, শীতাশ্ম, চন্দ্রিকাদ্রাব, শশিকান্ত, সোমকান্ত।

চন্দ্রকান্তা, স্ত্রী. [চন্দ্র+কান্তা] রজনী; চন্দ্রপত্নী। [বিশেষ।

চন্দ্রকালানল, ন. [চন্দ্র+কাল+অনল] চক্র-

চন্দ্রকী, পুং. [চন্দ্রক+ইন্] ময়ূর।

চন্দ্রকুণ্ড, পুং. [চন্দ্র+কুণ্ড] কামরূপস্থ সরোবর বিশেষ। [র্ব্বতভেদ।

চন্দ্রকূট, পুং. [চন্দ্র+কূট] কামরূপস্থ প-

চন্দ্রকোণা, (প্রা) চন্দ্রকোণা নগরবিশেষ।

চন্দ্রগুপ্ত, পুং. [চন্দ্র+গুপ্ত] মগধদেশীয় রাজাবিশেষ; চিত্রগুপ্ত।

চন্দ্রগোল, পুং. [চন্দ্র+গোল] চন্দ্রমণ্ডল, চন্দ্রবিম্ব।

চন্দ্রগোলস্থ, পুং. [চন্দ্র+গোলস্থ] দিব্যপিতর; চন্দ্রমণ্ডলস্থ। [স্না।

চন্দ্রগোলিকা, স্ত্রী. [চন্দ্রগোল+ইকা] জ্যোৎ-

চন্দ্রগ্রহণ, ন. [চন্দ্র+গ্রহণ] চন্দ্রোপরাগ।

চন্দ্রচঞ্চলা, স্ত্রী. [চন্দ্র+চঞ্চলা] চন্দ্রকমৎস্য।

চন্দ্রচূড়, পুং. [চন্দ্র+চূড়] মহাদেব।

চন্দ্রদারা, স্ত্রী. [চন্দ্র+দারা] অশ্বিন্যাদিসপ্তবিংশতি নক্ষত্র; চন্দ্রভার্য্যা।

চন্দ্রনিভ, ত্রি. [চন্দ্র+নিভ] চন্দ্রোপম; উজ্জ্বল; সুন্দর।

চন্দ্রপঞ্চাঙ্গ, ত্রি. [চন্দ্র+পঞ্চাঙ্গ] চান্দ্র।

চন্দ্রপাণ্ডুর, ত্রি. [চন্দ+পাণ্ডুর] চন্দ্রেরন্যায় শ্বেতবর্ণ।

চন্দ্রপাদ, পুং. [চন্দ্র+পাদ] শশিকিরণ।

চন্দ্রপুষ্পা, স্ত্রী. [চন্দ্র+পুষ্পা] শ্বেতকণ্টকারী।

চন্দ্রপ্রভ, পুং. [চন্দ্র+প্রভ] বৃত্তার্হদ্বিশেষ।

চন্দ্রপ্রভা, স্ত্রী. [চন্দ্র+প্রভা] বাকুচী; ঔষধবিশেষ; জ্যোৎস্না, শ্রীকৃষ্ণমহিষী গোপীবিশেষ।

চন্দ্রবংশ, পুং. [চন্দ্র+বংশ] চন্দ্রসন্তান; প্রসিদ্ধ রাজবংশবিশেষ।

চন্দ্রবংশী, পুং. [চন্দ্র+বংশিন্] চন্দ্রবংশোদ্ভব। [বদন।

চন্দ্রবদন, ত্রি. [চন্দ্র+বদন] চন্দ্রবৎমুখ, বিধু-

চন্দ্রবর্ত্তা-চন্দ্রবর্ম্ম, স্ত্রী ন. [চন্দ্র+বর্ত্তা+বর্ম্মন্] ছন্দোবিশেষ; চন্দ্রগগনের পথ।

চন্দ্রবল্লরী, স্ত্রী. [চন্দ্র+বল্লরী] সোমলতা, ব্রাহ্মীশাক।

চন্দ্রবল্লী, স্ত্রী. [চন্দ্র+বল্লী] প্রসারিণী; মাধবীলতা; সোমলতা। [এলাচ।

চন্দ্রবালা, স্ত্রী. [চন্দ্র+বালা] স্থূলৈলা, বড়-

চন্দ্রবিহঙ্গম, পুং. [চন্দ্র+বিহঙ্গম] বকপক্ষী; চকোর, হোমা।

চন্দ্রব্রত, ন. [চন্দ্র+ব্রত] চন্দ্রায়ণ; চান্দ্রায়ণ, রাজধর্ম্ম; রাজ্যপালনব্রত।

চন্দ্রভাগ, পুং. [চন্দ্র+ভাগ] পর্ব্বতবিশেষ।

চন্দ্রভাগা, স্ত্রী. [চন্দ্র+ভাগা] নদীবিশেষ; চন্দ্রভাগী, চন্দ্রিকা।

চন্দ্রভাগী, স্ত্রী. [চন্দ্র+ভাগী] চন্দ্রভাগানদী।

চন্দ্রভূতি, ন. [চন্দ্র+ভূতি] রূপ্য।

চন্দ্রমণি, পুং. [চন্দ্র+মণি] চন্দ্রকান্তমণি।

চন্দ্রমণ্ডল, ন. [চন্দ্র+মণ্ডল] চন্দ্রবিম্ব; চন্দ্রপরিবেশ। [পুষ্পবিশেষ।

চন্দ্রমল্লিকা, স্ত্রী. [চন্দ্র+মল্লিকা] লতাবিশেষ;

চন্দ্রমাঃ, পুং. [চন্দ্র+মস্] চন্দ্র।

চন্দ্রমৌলী, পুং. [চন্দ্র+মৌলী] শিব।

চন্দ্ররেখা-চন্দ্রলেখা, ন. [চন্দ্র+রেখা+লেখা] বাকুচি; কলা।

চন্দ্ররেণু, পুং. [চন্দ্র+রেণু] কাব্যচোর, শব্দচোর, বাগপহারী।

চন্দ্রলোক, ন. [চন্দ্র+লোক] চন্দ্রমণ্ডল।

চন্দ্রলোহক-চন্দ্রলৌহ, ন. [চন্দ্র+লোহক+লৌহ] রূপ্য, রূপা

চন্দ্রশালা-চন্দ্রশালিকা, স্ত্রী. [চন্দ্র+শালা+শলিকা] জ্যোৎস্না; প্রাসাদোপরিগৃহ, শিরোগৃহ, কুটাগার।
চন্দ্রশিখা, স্ত্রী; [চন্দ্র+শিখা] চন্দ্রাগ্র।
চন্দ্রশূর, ন. [চন্দ্র+শূর] ফলবিশেষ, হালিম, তৎপর্য্যায়।—চন্দ্রিকা, চর্ম্মহন্তী, পশুমেহনকারিকা, নন্দনী, কারবী, ভদ্রা।
চন্দ্রশৃঙ্গ, ন. [চন্দ্র+শৃঙ্গ] চন্দ্রাগ্র।
চন্দ্রশেখর, পুং. [চন্দ্র+শেখর] শিব; পর্ব্বত বিশেষ; করবীর পুররাজা।
চন্দ্রসংজ্ঞ, পুং. [চন্দ্র+সংজ্ঞ] কর্পূর।
চন্দ্রসম্ভব, পুং. [চন্দ্র+সম্ভব] বুধগ্রহ।
চন্দ্রসম্ভবা, স্ত্রী. [চন্দ্র+সম্ভবা] ক্ষুদ্রৈলা, ছোটএলাচ।
চন্দ্রসালোক্য, ন. [চন্দ্র+সালোক্য] চন্দ্রলোক প্রাপণ।
চন্দ্রহার, পুং [চন্দ্র+হার] অলঙ্কার বিশেষ।
চন্দ্রহাস, পুং. [চন্দ্র+হাস] খড়্গ; রাবণখড়্গ; (ন.) রূপ।
চন্দ্রহাসা, স্ত্রী. [চন্দ্র+হাসা] গুড়ূচী।
চন্দ্রা, স্ত্রী; [চন্দ্র+আ] এলা, এলাইচ; বিতান, চাঁদোয়া; গুড়ূচী।
চন্দ্রাগ্র, ন. [চন্দ্র+অগ্র] চন্দ্রশিখা, চন্দ্রশৃঙ্গ।
চন্দ্রাকৃতি, ত্রি. [চন্দ্র+আকৃতি] চন্দ্রসদৃশ, চন্দ্রাকার, চন্দ্ররূপ।
চন্দ্রাতপ, পুং. [চন্দ্র+আতপ] আচ্ছাদনবিশেষ, উল্লোচ, বিতান, চন্দ্রা, চাঁদোয়া; জ্যোৎস্না। [পুত্র।
চন্দ্রাত্মজ, পুং. [চন্দ্র+আত্মজ] বুধ, চন্দ্রের
চন্দ্রাদিত্যকলঙ্ক, পুং. [চন্দ্র+আদিত্য+কলঙ্ক] দৃঢ়কলঙ্ক, বহুকালস্থায়ি দুর্নাম।
চন্দ্রানন, ত্রি. [চন্দ্র+আনন] ইন্দুবদন; অতি সুন্দর।
চন্দ্রাপীড, পুং. [চন্দ্র+আপীড়] মহাদেব।
চন্দ্রাবলী, স্ত্রী. [চন্দ্র+আবলী] গোপীবিশেষ।
চন্দ্রাভাস, পুং. [চন্দ্র+আভাস] কৃত্রিমচন্দ্র; চন্দ্রের তুল্য।
চন্দ্রিকা, স্ত্রী.[চন্দ্র+ইকা] জ্যোৎস্না; স্থূলৈলা চন্দ্রকমৎস্য; চন্দ্রভাগানদী; কর্ণস্ফোটা; মল্লিকা; শ্বেতকন্টকারী; মেথিকা; সূক্ষ্মৈলা; চন্দ্রশূর; ছন্দোবিশেষ। [মণি।
চন্দ্রিকাদ্রাব, পুং. [চন্দ্রিকা+দ্রাব] চন্দ্রকান্ত-
চন্দ্রিকাপায়ী, পুং. [চন্দ্রিকা+পায়িন্] চকোর পক্ষী। [পল।
চন্দ্রিকাম্বুজ, ন. [চন্দ্রিকা+অম্বুজ] সিতোৎ-
চন্দ্রিমা, (প্রা) চন্দ্রমা, চন্দ্র।
চন্দ্রিল, পুং. [চন্দ্রি+ল] শিব; নাপিত; বাস্তুকশাক।
চন্দ্রী, স্ত্রী. [চন্দ্র+ঈ] বাকুচী।
চন্দ্রেষ্টা, স্ত্রী. [চন্দ্র+ইষ্টা] উৎপলিনী।
চন্দ্রোদয়, পুং. [চন্দ্র+উদয়] আকাশে চন্দ্রের প্রকাশ; চন্দ্রতাপ; ঔষধবিশেষ।
চন্দ্রোদয়া, স্ত্রী. [চন্দ্র+উদয়া] নেত্ররোগের ঔষধবিশেষ।
চন্দ্রোপল, পুং. [চন্দ্র+উপল] চন্দ্রকান্তমণি।
চপ্, (প্রা) ত্বরায়, অবিলম্বে, ঝটিতি।
চপট, পুং. [চ+পট] চপেট, চড়।
চপট, (প্রা) বিপদ, দায়।
চপ্‌রাস, (হি) পদসূচক চিহ্নবিশেষ।
চপ্‌রাসী, (হি) চপরাসধারী।
চপল, পুং. [চপ্+অল] পারদ, পারা; মীন; চোরক; প্রস্তরবিশেষ; ক্ষব; (ন.) শীঘ্র; ক্ষণিক; (ত্রি.) তরল; চঞ্চল; বিকল।
চপলতা, স্ত্রী. [চপল+তা] চঞ্চলতা।
চপলত্ব, ন. [চপল+ত্ব] অস্থিরত্ব।
চপলা, স্ত্রী, [চপল+আ] লক্ষ্মী; বিদ্যুৎ; পুংশ্চলী, বেশ্যা; পিপ্পলী; জিহ্বা; বিজয়া; মদিরা; ছন্দোবিশেষ।
চপলাত্মক, ত্রি. [চপল+আত্মক] চঞ্চলহৃদয়, চঞ্চলবুদ্ধি, অন্যমনা।
চপিয়া, (প্রা) পক্ষীবিশেষ।
চপুর, (প্রা) নদীকুলস্থ পক্ষীবিশেষ।
চপেট, পুং. [চপ্+ইট] বিস্তৃতাঙ্গুলি পাণি, প্রতল, প্রহস্ত, চড়, চাপড়।
চপেটাঘাত-চপেটিকা, পুং স্ত্রী. [চপেটা+আঘাত-ইকা] করাঘাত, আস্ফোটন শব্দ, ভাদ্রীয়া শুক্লাষষ্ঠী।
চপেটী, স্ত্রী. [চপ+ইটী] ভাদ্রশুক্লাষষ্ঠী; মন্থানষষ্ঠী।

চপৌন, (প্রা) জলচর পক্ষীবিশেষ।
চপ্‌চপ, (প্রা) অবিলম্ব পদ,দ্রুত; শব্দবিশেষ।
চব্‌দার্, (যাং) দণ্ডধর, লগুড়হস্ত।
চবি-চবী, স্ত্রী. [চব+ই-ঈ] পিপ্পলবৃক্ষ।
চবিক, ন. [চব+ইক] চবিকা।
চবিকা, স্ত্রী. [চবিক+আ] চইবৃক্ষবিশেষ।
চবিলা, (হি) হৃষ্ট, প্রফুল্ল, সদামোদী, রঙ্গিলা।
চিরোজ্ঝিত, ত্রি. [চর+উজ্ঝিত] চিরবিরহিত, দীর্ঘোৎসৃষ্ট।
চির্ভিটা-চির্ভিটী, স্ত্রী. কর্কটীভেদ।
চিল, (প্রা) চিল্ল, আতায়ী, আতাপী, বিয়চ্চারী, খভ্রান্তি, শ্যেন, চিলপক্ষী, শকুনি কণ্ঠনিড়ক, চিরস্তন।
চিল্‌ম, (হি) ধুমপানার্থ কলিকা।
চিলম্‌চি, (হি) হস্তধৌতকরণার্থ জলপাত্র বিশেষ
চিলমীলিকা, স্ত্রী. [চিল+মীলিকা] কণ্ঠিভেদ, কণ্ঠমালা, কণ্ঠভূষা; খদ্যোত; বিদ্যুত
চিলা, (প্রা) ছাদের উপরিস্থ গৃহ, চিলেঘর।
চিলিচিম, পুং. [চিলি+চিম] মৎসবিশেষ, বালিয়াগড়ক খ্যাত, তৎপর্য্যায়।— নলমীন, তলমীন, চিলীচিম, চিলীচিমি, চিলিচীম, চেলিচীম, চিলীম, চিলিমীনক, চিলিচীমি, কবল, বিলোটক।
চিল্ল. পুং. [চিল্+অ] পক্ষীবিশেষ, চিলপক্ষী খ্যাত; (ত্রি.) ক্লিন্নচক্ষু, ক্লিন্ননেত্র।
চিল্লকা স্ত্রী. [চিল্ল+কা] ঝিল্লিকা।
চিল্লভক্ষ্যা, স্ত্রী. [চিল্ল+ভক্ষ্যা] হট্টবিলাসিনী।
চিল্লাভ, পুং. [চিল্ল+আভ] প্রসহ্যচৌর, হাতছেঁচর, গাঁটকাটা।
চিল্লী, স্ত্রী. [চিল্ল+ঈ] লোধ্র; পত্রশাকভেদ; ঝিল্লিকা।
চিল্লোড়, (প্রা) ব্যাঘ্রাটপক্ষীভেদ।
চিহ্ন, ন. [চিহ্ন্+অ] অঙ্ক, লক্ষ্ম, লক্ষণ, কলঙ্ক, লাঞ্ছন, লিঙ্গ, লক্ষ্মণ, অভিজ্ঞান, ব্যঞ্জক, লক্ষ্য, ললাম, ধ্বজ, সূচক, প্রজ্ঞান, সূচনা, সঙ্কেত, স্মরণার্থকবস্তু; পতাকা।
চিহ্নক, ত্রি. [চিহ্ন+ক] চিহ্নবান্।
চিহ্নকারী, ত্রি. [চিহ্ন+কারিন্] ঘোরদর্শন; বিঘাতী।
চিহ্নধারিণী, স্ত্রী. [চিহ্ন+ধারিণী] শ্যামালতা।

চিহ্নিত, ত্রি. [চিহ্ন+ইত] চিহ্নযুক্ত, অঙ্কিত, লক্ষিত, উপলক্ষিত, লাঞ্ছিত, কৃতলক্ষণ, কৃতাঙ্ক, কৃতলাঞ্ছন, মুদ্রিত, মুদ্রাঙ্কিত।
চীঁহীঁ, (প্রা) ঘোটকধ্বনি।
চীজ্, (যাং) দ্রব্যাদি।
চীৎকার, (প্রা) উচ্চরব, উচ্চশব্দ, চেঁচান; গর্দ্দভধ্বনি।
চীড়া, স্ত্রী. [চী+ইড়া] গন্ধদ্রব্যবিশেষ, তৎপর্য্যায়।—দারুগন্ধা, গন্ধবধূ, গন্ধমাদনী, তরুণী, তারা, ভূতমারী, মঙ্গল্যা, কপটিনী, গ্রহভীতিজিৎ, চিড়াগন্ধখ্যাত।
চীন, ন. [চী+ন] পতাকা; সীসক; (পুং.) চিনাখ্যাত; দেশবিশেষ; অংশুকবিশেষ; ব্রীহিভেদ; তন্তু; মৃগবিশেষ।
চীনক, পুং. [চীন+ক] ধান্যবিশেষ, চিনা; কঙ্গুনী; চীনকর্পূর।
চীনকর্পূর-চীনাককর্পূর, পুং. [চীন+কর্পূর] কর্পূরবিশেষ, চিনকর্পূর, তৎপর্য্যায়।—চীনক, কৃত্রিম, ধবল, পটু, মেঘসার, তুষার, দ্বীপকর্পূরজ
চীনজ, ন. [চীন+জ] লৌহবিশেষ, তীক্ষ্ণলোহ।
চীনপিষ্ট, পুং. [চীন+পিষ্ট] সিন্দুর; সীসক।
চীনবঙ্গ, ন. [চীন+বঙ্গ] সীসক।
চীনাংশুক, ন. [চীন+অংশুক] চীনদেশীয় পট্ট বা রেশমবস্ত্র।
চীনা, (প্রা) লতাবিশেষ।
চীনাকর্কটী, স্ত্রী. [চীনা+কর্কটী] কর্কটীপ্রভেদ, তৎপর্য্যায়।—রাজকর্ক্কটী, সুদীর্ঘা, রাজফলা, বালা, কুলকর্ক্কটী
চীনাসিন্দূর, (প্রা) সিন্দূরভেদ
চীনী, (প্রা) গুড় বিকার
চীবর, ন. [চী+বর] ভিক্ষুবস্ত্র
চীবরী, পুং. [চীবর+ইন্] বুদ্ধভিক্ষুক।
চীর, ন. [চী+র] বৃক্ষত্বক্; জীর্ণবস্ত্রখণ্ড; গোস্তন; বস্ত্রভেদ; রেখাভেদ; লেখনভেদ; বস্ত্র; চূড়া; সীসক; (স্ত্রী.) ভৃঙ্গারক কীট, উচ্চাঙ্গপোকা; বস্ত্রের অঞ্চল।
চীরক, পুং, [চীর+ক] বিক্রিয়ালেখ, বিকারলেখন।
চীরপত্রিকা, স্ত্রী. [চীর+পত্রিকা] চঞ্চুশাক।
চীরপর্ণ, পুং. [চীর+পর্ণ] শালবৃক্ষ।
চীরবস্ত্রী, ত্রি. [চীর+বস্ত্রী] বল্কলধারী।
চীরবাসা, ত্রি. [চীর+বাসস্] জীর্ণবস্ত্রখণ্ড।
চীরি, স্ত্রী. [চীর+ই] নেত্রাংশুক, আচ্ছাদনী, পর্দা।
চীরিকা, স্ত্রী. [চীর+ইকা] ঝিল্লী, ভৃঙ্গারক কীট, উচ্চাঙ্গপোকা।
চীরিতচ্ছদা, স্ত্রী. [চীরিত+ছদা] পালঙ্ক্যাশাক।
চীরী, স্ত্রী. [চীর+ঈ] কচ্ছাটিকা; ঝিল্লী।
চীরুক, ন. [চীর+উক] ফলবিশেষ, চেঁউর খ্যাত।
চীর্ণ, ত্রি. [চীর+ন] শীলিত, অভিজ্ঞ, শিক্ষিত পণ্ডিত; ভেদিত, বিদারিত, বিদলিত।
চীর্ণপর্ণ, পুং. [চীর্ণ+পর্ণ] নিম্ববৃক্ষ; খর্জ্জূরবৃক্ষ।
চীর্ণব্রতী, ত্রি. [চীর্ণ+ব্রতী] চিরসংকল্পিত, চিরব্রতানুষ্ঠিত; সম্পূর্ণব্রতক।
চীল, (প্রা) চিল্লপক্ষীবিশেষ।
চীলিকা, স্ত্রী. [চীল+ইকা] চীরিকা, ঝিল্লী।
চীল্লকা, স্ত্রী. [চীল্ল+কা] ঝিল্লী।
চুঁঅন, (প্রা) দগ্ধ হওন, দহন।
চুঁকন, (প্রা) তীক্ষ্ণকরণ, শানন।
চুআ, (প্রা) লতাবিশেষ; ইন্দুর; গন্ধবিশেষ; ঔষধবিশেষ।
চুক, (প্রা) ভ্রম, ত্রুটি, ভুল; অম্লশাকবিশেষ।
চুকন, (প্রা) ত্রুটিকরণ, ভ্রমে পড়ন, ভুলন।
চুকান, (প্রা) নিষ্পাদন, মিটান।
চুঁচুড়া, (প্রা) অতিক্ষুদ্র, অতিসূক্ষ্ম, লঘু; দেশবিশেষ।
চুঁচা, (প্রা) তৃণবিশেষ।
চুঁচি, (প্রা) কুচাগ্র, চুচুক, স্তনের গ্রন্থি বা বোঁটা।
চুক্কার, পুং. [চুক+আর] সিংহনাদ, সিংহধ্বনি।
চুকুলি, (প্রা) সর্পের ত্বক্; সন্নাহ, বর্ম্ম।
চুক্‌চাক্, (প্রা) ভ্রম, ত্রুটি
চুক্‌চুক্, (প্রা) কান্তিযুক্ত, চিক্কণ, উজ্জ্বল।
চুক্তি, (প্রা) নিষ্পত্তি, মিটায়ন।
চুক্র, ন. [চুক+র] অম্লদ্রব্যবিশেষ, মহাদাইতি খ্যাত, তৎপর্য্যায়।— তিন্তিড়ী,

বৃক্ষাম্ল; পত্রশাকবিশেষ, চুকখ্যাত, তৎপর্য্যায়।—চুক্রবাস্তূক, লিকুচ, অম্লবাস্তূক, দলাম্ল, অম্লশাকাখ্য, অম্লাদি, হিলমোচিকা; কাঞ্জিকপ্রভেদ, তৎপর্য্যায়।-সহস্রবেধ, বসাম্ল, চুক্রবেধক, শাকাম্ল, ভেদন, চন্দ্র, অম্লসার, চক্রিক ; সন্ধানবিশেষ; (পুং.) অম্ল; অম্লবেতস।

চুক্রক, ন. [চুক্র+ক] শাকবিশেষ, চুকাপালঙ্গখ্যাত।

চুক্রফল, ন. [চুক্র+ফল] বৃক্ষাম্ল।

চুক্রা, স্ত্রী. [চুক্র+আ] চাঙ্গেরী, আমরুল্খ্যাত; তিন্তিড়ী।

চুক্রাম্ল, ন. [চুক্র+অম্ল] বৃক্ষাম্ল।

চুক্রাম্লা, স্ত্রী. [চুক্রাম্ল+আ] অম্ললোণিকা; চিঞ্চা; কাঞ্জিকভেদ।

চুক্রিকা, স্ত্রী. [চুক্র+ইকা] অম্ললোণিকা; কুচাঙ্গেরী,চুকাপালঙ্গখ্যাত। [নালী।

চুঙ্গী, (প্রা) খোল, ঘরা, কলিকা, আধার,

চুচুক, স্ত্রী. [চুচু+ক] কুচাগ্র, চূচুক, চুচূক; (পুং.) কুচানন, স্তনবৃন্ত।

চুচু, পুং. [চুচ+উ] সুনিষণ্ণশাক।

চুচূক, ন. [চচু+ক] চুচুক।

চুঞ্চু, পুং. [চুঞ্চ+উ] ছুছুন্দরি।

চুঞ্চুরী-চঞ্চুলী, স্ত্রী. [চঞ্চু+রী] তিন্তিড়ীদ্যূত, কাঁইবিচির খেলাবিশেষ।

চুটন, (প্রা) মারণ।

চুটকিয়া, (প্রা) ক্ষুদ্র, তুচ্ছ, সামান্য।

চুটকি-চুট্কী, (প্রা) স্ত্রীপাদাঙ্গুলিভূষা; উন্দুর; মুষ্টি।

চুড়চি, (প্রা) মৎস্যবিশেষ।

চুড়ী, (প্রা) বিষাণময় ভুজভূষণ,হস্তালঙ্কার।

চুণী, ন. [চুণ+ইন্] মরকতমণি, পদ্মরাগমণি; (ত্রি) সূক্ষ্ম।

চুণীমুক্তা, (প্রা) ক্ষুদ্রমুক্তাবিশেষ।

চুণ্টা, স্ত্রী. [চুণ্ট+আ] কূপ।

চুণ্টী, স্ত্রী. [চুণ্ট+ঈ] কূপ; উপকূপ, কূপসমীপে স্বল্প জলাধার।

চুত, পুং. [চুত+অ] গুদদ্বার, গুহ্যদেশ।

চুতি, স্ত্রী. [চুত+ই] গুদদ্বার, পায়ু, মৈত্র, অপান।

চুনা, (প্রা) ক্ষুদ্রমৎস্যবিশেষ

চুনাট, (প্রা) আকুঞ্চিত, সঙ্কোচিত

চুন্দী, স্ত্রী. [চুন্দ+ঈ] কুট্টনী।

চুপ্-চুপ্চাপ, (প্রা) নীরব, মৌন।

চুপড়ী, (প্রা) ক্ষুদ্রকরণ্ডিকা, ঝুড়ি।

চুপন, (প্রা) অস্ত্রদ্বারা মারণ, অস্ত্রাঘাত করণ।

চুপ্‌সন, (প্রা) আর্দ্রীভাব হওন, ভিজন।

চুপিচুপি, (প্রা) গোপনে, অপ্রকাশে।

চুবন, (প্রা) জলমগ্নকরণ, ডুবান।

চুবনি, (প্রা) নিমজ্জন, জলান্তপ্রবেশ, অবগাহন।

চুবা, (প্রা) মগ্ন, অবগাহিত।

চুব্র, ন. [চুব+র] বদন, মুখ।

চুমন, (প্রা) চুম্বন।

চুমা, (প্রা) স্নেহপূর্ব্বক ওষ্ঠদ্বারা ওষ্ঠাদিস্পর্শ।

চুমাচুমি, (প্রা) পরস্পর চুম্বন।

চুমুক, (প্রা) স্তোকে স্তোকে পিবন।

চুমুরি, (প্রা) নারিকেলের কোষ।

চুম্‌কী, (প্রা) জলপাত্রবিশেষ; মিথ্যাশোভনবস্তু।

চুম্‌কুড়ী, (প্রা) ওষ্ঠদ্বয় মিলিতধ্বনি।

চুম্বক, পুং. [চুম্ব্+অক] কান্তলোহভেদ, কান্তপাষাণ, অয়স্কান্ত, লোহাকর্ষক; চুম্বনদাতা, পরিণিংসক; ধটের ঊর্দ্ধাবলম্বন; (ত্রি.) ধূর্ত্ত; চুম্বনপর; বহুগ্রন্থৈক দেশজ্ঞ।

চুম্বক, (প্রা) সংক্ষেপ, সংক্ষিপ্ত, নির্ঘণ্ট।

চুম্বন, ন. [চুম্ব্+অন্] মুখসংযোগ, চুমা।

চুম্বনদান, ন. [চুম্বন+দান] অধরপানদান।

চুম্বনীয়, ত্রি. [চুম্ব+অনীয়] প্রণিংসিতব্য, চুম্বনেরযোগ্য।

চুম্বিত, ত্রি. [চুম্ব+ইত] প্রণিংসিত; নিঃক্ষিপ্ত।

চুম্বিতবান্, ত্রি. [চুম্বিত+বৎ] চুম্বন্, চুম্বনবিশিষ্ট।

চুয়ন, (প্রা) ক্ষরণ, নিঃসরণ, ঝরণ।

চুয়াচন্দন, (প্রা) সুগন্ধিদ্রব্যবিশেষ।

চুয়াড়, (প্রা) পার্ব্বতীয় জাতিবিশেষ, গিরিবাসী, পাহাড়ীয়া।

চুয়ান, (প্রা) ক্ষরিত, যন্ত্রদ্বারা নিঃসারিত।

চুরট, (প্রা) শুষ্ক তাম্রকুট নল।

চুরা, স্ত্রী. [চুর+আ] চৌর, তাস্কর্য্য, পরদ্রব্যাপহার, স্তৈন্য, চৌর্য্যকর্ম্ম।

চুরাদি, পুং. [চুর্+আদি] দশবিধ ধাত্বন্তর্গত ধাতুবিশেষ।

চুরী, স্ত্রী. [চুর্+ঈ] উপকূপ, কূপসমীপস্থাল্পজলাধার।

চুল, (প্রা) কুন্তল।

চুলা, (প্রা) চুল্লি, উনান, আখা।

চুলুক, পুং. [চুল+উক] ঘনপঙ্ক; ভাণ্ড প্রভেদ; গণ্ডূষ; (ন.) মাষমজ্জনজল, কলাই ভিজানজল।

চুলুকন, পুং. [চুল+উকন] শিশুমার, শিশুক।

চুলুকিত, ত্রি. [চুল+উকিত] উত্থাপিত, উন্নত।

চুলুকী, পুং. [চুলুক+ইন্] শিশুমারাকৃতি মৎস্য, শিশুক।

চুলুম্প. পুং. [চুলুম্প্+অ] বাললালন, অঙ্কপালন।

চুলুম্পা, স্ত্রী. [চুলুম্প+আ] ছাগী।

চুলুম্পী, পুং. [চুলুম্প+ইন] শিশুমারাকৃতি মৎস্য, উৎপলমৎস্য।

চুল্কনা-কুল্কনি, (প্রা) গাত্রকণ্ডূ; কাম।

চুল্কান, (প্রা) কণ্ডূয়ন, খুজলান।

চুল্কানি, (প্রা) কণ্ডূয়ন, কণ্ডূ, ফুস্কুড়ি।

চুল্কী, (প্রা) কুঞ্চিতকেশ।

চুল্‌চল. (প্রা) অস্থিরতা।

চুল্‌চুলিয়া-চুল্‌বুলিয়া, (প্রা) অস্থির, চঞ্চল।

চুল্ল, পুং. [চুল্ল+অ] ক্লিন্নচক্ষু। (ত্রি) ক্লিন্নাক্ষ, পিল্ল।

চুল্লক, পুং. [চুল্ল+ক] গণ্ডূষ।

চুল্লকী, স্ত্রী. [চুল্লক+ঈ] শিশুমার; কুণ্ডীভেদ, তটবিশেষ।

চুল্লি, স্ত্রী. [চুল্ল+ই] পাকার্থ অগ্নিস্থান, চুলা, তৎপর্য্যায়।—অশ্মন্ত, উদ্ধান, অধিশ্রয়ণী, উদ্ধানি, অন্তিকা, অশ্মন্ত, উধ্মান, উদ্ধার, চুল্লী, অন্দিকা, অগ্নিকুণ্ড, জাতি, তেমনী, উনান, আখা।

চুল্লিপার্শ্ব, ন. [চুল্লি+পার্শ্ব] চুল্লির উপান্ত।

চুল্লিশিলা-চুল্লিশীর্ষ, স্ত্রী. ন. [চুল্লি+শিলা-শীর্ষ] চুল্লির উপরিপ্রস্তর।

চুল্লী, স্ত্রী. [চুল্ল+ঈ] চিতা, উদ্ধান।

চুস্ত, ন. [চুষ+ত] বুন্ত, মাংসপিণ্ডক, পনসাদি ফলের অসার ভাগ, ভোতা, ভুতি।

চুঁচুঁ, (প্রা) পক্ষীশাবকের অব্যক্তধ্বনি।

চুচুক, ন. পুং. [চুচু+ক] স্তনাগ্র, কুচাগ্র, স্তনমুখী, স্তনশিখা, স্তনবৃন্ত, পিপ্পলক, নর্ম্মঠ, বৃন্ত, স্তনেরবোঁটা।

চূড়ক, পুং. [চূড়+ক] কূপ।

চূড়া, স্ত্রী. [চূড়+আ] ময়ূরশিখা, শিরোমধ্যস্থ শিখামাত্র, শিখা, জুটিকা জূটিকা, কেশপাশী; বড়ভী; বাহুভূষণ; অগ্র; কূপ; মস্তক; শৃঙ্গ।

চূড়াকরণ, ন. [চূড়া+করণ] দশবিধ সংস্কারান্তর্গত সংস্কারবিশেষ।

চূড়াকর্ম্ম, ন. [চূড়া+কর্ম্মন্] চূড়াকরণ।

চূড়ান্ত, পুং. ন. [চূড়া+অন্ত] সিদ্ধান্ত, শেষ, নিষ্পত্তি।

চূড়াবান্, ত্রি. [চূড়া+বৎ] শিখী, কিরীটী, শিখরী, চূড়াল, চৌড়, শেখরিত, অবতংসিত।

চূড়ামণি, পুং. [চূড়া+মণি] শিরোরত্ন, কাকচিঞ্চাফল, গুঞ্জা, (ত্রি.) শ্রেষ্ঠবাচক; যোগবিশেষ; বঙ্গদেশীয় পণ্ডিতদিগের উপাধি।

চূড়ামণিযোগ, পুং. [চূড়ামণি+যোগ] রবিবারে সূর্য্যগ্রহণ কিম্বা সোমবারে চন্দ্রগ্রহণঘটিত যোগ। [চৌড়।

চূড়াল, ন. [চূড়া+ল] মস্তক, (ত্রি.) চূড়াবান্,

চূড়ালক্ষণ, ন. [চূড়া+লক্ষণ] চূড়াকরণ, চৌড়, চৌলকর্ম্ম।

চূড়ালা, স্ত্রী. [চূড়া+লা] উচ্চটাতৃণ; শ্বেতগুঞ্জা; নাগরমুস্তা।

চুড়িয়া, (প্রা) উড়নী, পাছুড়ী।

চুড়ী, (প্রা) কঙ্কণ, হস্তাভরণ.

চুণ-চুণা, (প্রা) প্রস্তর বা ঝিনুকাদি ভস্ম

চুণকাম, (প্রা) চূর্ণদ্বারা গৃহলেপন।

চুণারী, (প্রা) চূর্ণপ্রস্তুতকারক।

চুত, পুং. [চুষ্+ত] আম্র; গুহ্যদ্বার।

চূতক, পুং. [চূত+ক] আম্র; কূপক।
চূতি, স্ত্রী. [চূত+ই] গুহ্যদেশ, গুদদ্বার।
চূর, (প্রা) চূর্ণ, খণ্ডিত, গুঁড়া। [মত্ত।
চূরচুর- চুরচুরিয়া, (প্রা) পরিপূর্ণ, উপচনিয়া;
চূর্ণ, পুং. ন. [চূর্ণ+অ] সংপেষণ দ্বারা জাত রজ, পিষ্ট, খোদ, রেণু, পিষ্টাত, গুণ্ডক, কর্কক, বিলেপ; গন্ধগুঁড়া; ধূলি; ক্ষারবিশেষ।
চূর্ণক, ন. [চূর্ণ+অক] গদ্য ছন্দোবিশেষ, (পুং.) শক্তু, ছাতু।
চূর্ণকার, পুং. [চূর্ণ+কার] বর্ণসঙ্কর জাতিবিশেষ, চুণারী।
চূর্ণকুন্তল, পুং. [চূর্ণ+কুন্তল] অলক, ভ্রমরক, চূড়া, কাকপক্ষ, শিখণ্ডক। [ঘুঁটি।
চূর্ণখণ্ড, ন. [চূর্ণ+খণ্ড] কর্কর, কুল্লুই, কাঁকর,
চূর্ণতা, স্ত্রী. [চূর্ণ+তা] চূর্ণীকরণ, চূর্ণন।
চূর্ণন, ন. [চূর্ণ+অন] ক্ষোদন, খণ্ডন, গুঁড়ন।
চূর্ণনীয়, ত্রি. [চূর্ণ+অনীয়] চূর্ণীকরণযোগ্য।
চূর্ণপারদ, পুং. [চূর্ণ+পারদ] হিঙ্গুল।
চূর্ণমুষ্টি, স্ত্রী. [চূর্ণ+মুষ্টি] গন্ধগুঁড়িমুষ্টি, একমুটা ফাগ। [শাক।
চূর্ণশাকাঙ্ক, পুং. [চূর্ণ+শাকাঙ্ক] গৌর সুবর্ণ-
চূর্ণি, স্ত্রী. [চূর্ণ+ই] পাতঞ্জল ব্যাকরণ; মহাভাষ্য; কপর্দ্দক; শতসংখ্যককপর্দ্দক।
চূর্ণিকা, স্ত্রী. [চূর্ণ+ইকা] শক্তু, ছাতু; ছন্দোবিশেষ।
চূর্ণিকৃৎ, পুং. [চূর্ণি+কৃৎ] ভাষ্যকার।
চূর্ণিত, ত্রি. [চূর্ণ+ইত] পিষ্ট, সম্পিষ্টক, নিষ্পিষ্ট।
চূর্ণী, স্ত্রী. [চূর্ণ+ঈ] কপর্দ্দক; নদীবিশেষ।
চূর্ণীকৃত, ত্রি. [চূর্ণী+কৃত] চূর্ণিত, মর্দ্দিত, সম্পিষ্ট, নিষ্পিষ্ট, (ন.) ক্ষোদিত, ক্ষোদ।
চূর্ত্তি, স্ত্রী. [চুর+তি] গমন, সরণ, চলন, গতি, ক্রমণ।
চূর্ম্মালাডু, (প্রা) মিষ্টান্নবিশেষ।
চূল-চূলক, পুং. [চুল+অ-অক] কেশ।
চূলা, স্ত্রী. [চুল+আ] চন্দ্রশালা, গৃহোপরিগৃহ, চূড়া।
চূলিক, ন. [চুল+ইক] ঘৃতভৃষ্ট গোধূমচূর্ণ, লুচীখাদ্য।
চূলিকা, স্ত্রী. [চুল+ইকা] হস্তিকর্ণমূল; নাটকাঙ্গবিশেষ।
চূষণ, ন, [চুষ্+অন] চোষণ, রসাদান।
চূষণীয়, ত্রি. [চুষ্+অনীয়] পীতনীয়, চোষণযোগ্য। [চোষণ।
চূষা, স্ত্রী. [চুষ্+আ] কক্ষ্যা, কাছদড়ী; চূষণ,
চূষিত, ত্রি. [চুষ্+ইত] চোষিত, নিপীত।
চূষী, (প্রা) বালকদিগের ক্রীড়নার্থ ক্ষুদ্র লাটিম, পলাদিময় ক্ষুদ্র লাটিম।
চূষ্য, ত্রি. [চুষ্+য] চোষণীয়, চূষিত, চূষিবার উপযুক্ত, চূষণে সুস্বাদু; চতুর্ব্বিধ ভোজ্য দ্রব্যান্তর্গত ভক্ষ্যদ্রব্যবিশেষ, (ন) স্তন্য।
চেঁচন-চেঁচান, (প্রা) চিৎকারকরণ, ফুকরণ।
চেঁচাড়ী, (প্রা) বংশনির্ম্মিত জিহ্বা নির্লেখন।
চেকিয়, ত্রি. [কৃ+অ] কৃতসম্পূর্ণ।
চেঙ্গড়া, (প্রা) অপ্রবীণ, অর্ব্বাচীন, ছোকরা; প্রশস্ত, প্রসারিত।
চেঙ্গড়ামী, (প্রা) অপ্রবীণতা, বালকত্ব, অজ্ঞতা, ছাওলামি।
চেঙ্গা, (প্রা) সুস্থ, নীরোগ, সবল।
চেঙ্গাড়ি, (প্রা) বংশনির্ম্মিত প্রশস্ত পাত্রবিশেষ।
চেট, পুং. [চিট+অ] দাস। [ভেদ।
চেটক, পুং. [চেট+ক] দাস; উপপতি নায়ক
চেটাই, (প্রা) আসনবিশেষ।
চেটাল, (প্রা) প্রশস্ত, চৌড়া।
চেটিকা-চেটী, স্ত্রী. [চেট+ইকা-ঈ] দাসী।
চেটো, (প্রা) তরুণ, যুবা; করপৃষ্ঠ, করতল।
চেট্বা, (প্রা) বয়স্থ, পৌরুষ, যৌবন।
চেড়-চেড়ক, পুং. [চিট্+অ-ক] দাস, ভৃত্য।
চেড়ান, (প্রা) ক্ষেপান, জ্বালান, বিরক্তকরণ।
চেড়িকা-চেড়ী, (প্রা) দাসী, পরিচারিকা।
চেৎ, ব্য. (চিত) যদি, পাছে, কি জানি।
চেতঃ, ন. (চেতস্) মন, বুদ্ধি, চিত্ত।
চেতক, ত্রি. [চিত্+অক] চেতন, চৈতন্যবিশিষ্ট। [পুষ্প।
চেতকী, স্ত্রী. [চেতক+ঈ] হরিতকী, জাতি-
চেতন, পুং. [চিত্+অন] আত্মা; মনুষ্য; প্রাণী; (ত্রি.) প্রাণযুক্ত।
চেতনকী, স্ত্রী. [চেতনক+ঈ] হরিতকী।

চেতনরূপী, ত্রি, [চেতন+রূপিন্] জ্ঞানবান্, কৃতধী, ধীমান।

চেতনা, স্ত্রী. [চেতন+আ] বুদ্ধি, ধী, মতি, মেধা, জ্ঞান,জ্ঞানশক্তি, চৈতন্য, সংবেদ, প্রজ্ঞা, চিৎ, আকলনশক্তি, শেমুষী, চিচ্ছক্তি। [রূপী।

চেতনাত্মক, ত্রি. [চেতনা+আত্মক] চেতন-

চেতনাবান্, ত্রি. [চেতনা+বৎ] চেতক, সচেতন।

চেতনীয়া, স্ত্রী.[চেতনা+ঈয়া]ঋদ্ধিনামৌষধি।

চেতনাশয়, পুং. [চেতনা+আশয়] জ্ঞানাশয়।

চেতনাস্পদ, ন. [চেতনা+আস্পদ] চৈতন্যাস্পদ। [চৈতন্য।

চেতনেশ্বর, পুং. [চেতনা+ঈশ্বর] জ্ঞানরূপী-

চেতয়-চেতয়মান, ত্রি. [চিত+অ-মান] সচেতন, প্রজ্ঞনান্, আতুরচিত্ত।

চেতব্য, ত্রি. [চি+তব্য] চয়নীয়, চেয়, সঞ্চেয়।

চেতান, (প্রা) প্রবৃত্তিজন্মান, বুঝান, জানান, জাগান।

চেতানি, (প্রা) প্ররোচন, উত্তেজন, প্রবর্ত্তন।

চেতোভূ, পুং. [চেতস্+ভূ] কন্দর্প, কাম।

চেদার, পুং. [চিৎ+আর] জ্যৌষ্ঠিক, জেঠী।

চেদি, পুং. [চিৎ+ই] দেশভেদ, ত্রৈপুর, ডাহল, চৈদ্য, তদ্দেশবাসী

চেদিপতি-চেদিরাজ, পুং. [চেদি+পতি-রাজ] শিশুপাল, চন্দ্রবংশীয় কুন্তীরাজপুত্র, র

চেপ্টা, (প্রা) পুটিত, সংবৃত

চেপ্টানাক, (প্রা) নতনাসিক, অবনাট।

চেবী, (প্রা) রাগিণীবিশেষ

চেয়, ত্রি. [চি+য়] চয়নীয়, চেতব্য।

চেরণ, (প্রা) বিদারণ, ফাড়ন।

চেরা, (প্রা) বিদারিত, ছিন্ন, ছেঁড়া, ফাড়া।

চেরাই-চেরাণী, (প্রা) বিদারনীয়বেতন।

চেরেটি, (প্রা) চিরতিক্ত, চিরতা।

চেল, ন. [চেল্+অ] বস্ত্র; (পুং.) ফললতাবিশেষ, চেলনাখ্যাত; (ত্রি.) অধম।

চেলনা, (প্রা) বস্ত্রবিশেষ।

চেলপ্রক্ষালক, পুং. [চেল+প্রক্ষালক] রজক, বস্ত্রপ্রক্ষালক, ধোবা।

চেলা, (প্রা) সন্ন্যাসির পালকপুত্র, শিষ্য; পেট্যাল; কাষ্ঠখণ্ড; মৎস্যবিশেষ।

চেলান, (প্রা) কাষ্ঠখণ্ডকরণ, কাঠকাটন।

চেলাল, পুং. [চেল্+আল] ফললতাবিশেষ, তৎপর্য্যায়।—চিত্রফল, সুখাশ, রাজতেমিষ, লতাপনস, নাটাম্র, সেহু।

চেলি, (প্রা) পট্টবস্ত্রবিশেষ।

চেলিকা, স্ত্রী. [চেল্+ইকা] পট্টবস্ত্রবিশেষ, চেলিরকাপড়; কঞ্চুলিকা।

চেলিনী-চেলুনী, (প্রা) তণ্ডুলপ্রক্ষালনোদক, চাউল ধুয়ানি জল

চেলী, স্ত্রী. [চেল্+ঈ] চেলবস্ত্র।

চেলীম, পুং. [চেল+ঈম] ক্ষুদ্রমৎস্য।

চেলুক, পুং. [চেল+উক] বুদ্ধভিক্ষুশিষ্য, তৎপর্য্যায়।—শ্রামণের, প্রব্রজিত, মহাপাসক, গোমী।

চেষ্টক, পুং. [চেষ্ট+অক] রতিবন্ধবিশেষ; (ত্রি.) চেষ্টাকর্ত্তা, চেষ্টাকারী।

চেষ্টন, ন. [চেষ্ট্+অন] যত্নকরণ, অন্বেষণ, কায়িক ব্যাপার করণ, আরম্ভন, প্রবর্ত্তহওন। [প্রযত্নবান্।

চেষ্টমান, ত্রি. [চেষ্ট+মান] উদ্যোগী,-

চেষ্টা, স্ত্রী. [চেষ্ট্+আ] কায়িকব্যাপার, যত্ন, উদ্যোগ, উৎসাহ, উদ্যম, ব্যবসায়, প্রবৃত্তি, আয়াস, ব্যাপার; অন্বেষণ।

চেষ্টানাশ, পুং. [চেষ্টা+নাশ] বিরাম, উপরতি, নিবৃত্তি, নিবর্ত্তন; প্রলয়।

চেষ্টানিরূপণ, ন. [চেষ্টা+নিরূপণ] অনুসন্ধান, সমীক্ষণ, চর্চ্চা, নিরূপত্ব

চেষ্টান্তর, ন. [চেষ্টা+অন্তর] প্রতিসমাধান, প্রতীকার, উপায়; ব্যাপারান্তর।

চেষ্টান্বিত-চেষ্টাবান, ত্রি. [চেষ্টা+অন্বিত] যত্নবান্, উদ্যোগী, সচেষ্ট।

চেষ্টার্হ, ত্রি. [চেষ্টা+অর্হ] অন্বেষণকরণযোগ্য, ব্যাপারযোগ্য।

চেষ্টিত, ন. [চেষ্ট্+ইত] গতি; চেষ্টা, যত্ন; কর্ম্ম; (ত্রি.) চেষ্টান্বিত; অন্বেষিত, উদ্দিষ্ট; সম্পাদিত, অনুষ্ঠিত, নিষ্পন্ন।

চেষ্টিতব্য, ত্রি. [চেষ্ট্+তব্য] ব্যবসিতব্য, অধ্যাবসায়িতব্য।

চৈ, (প্রা) চব্য, চবিক, মরিচবিশেষ।
চৈতনাত্মা, পুং. [চৈতন+আত্মন্] জ্ঞানাত্মা।
চৈতন্য, ন. [চৈতন+ষ] প্রকৃতি; চেতনা; (পুং.) ভগবদবতারবিশেষ, কৃষ্ণচৈতন্য, জগদ্গুরু, গৌরাঙ্গ; জীবাত্মা; প্রবর্ত্তনা; উত্তেজনা।
চৈত্ত-চৈত্তিক, ত্রি. [চিত্ত+অ+ইক] চিত্তসম্ব-

চৈত্য, ন. [চিত+ষ] আয়তন; চিতা; (পুং.) বুদ্ধ; বিম্ব; উদ্দেশবৃক্ষ। [থবৃক্ষ।
চৈত্যদ্রু-চৈত্যদ্রুম, পুং. [চৈত্য+দ্রু-ম] অশ্ব-
চৈত্যবৃক্ষ, পুং. [চৈত্য+বৃক্ষ] অশ্বত্থবৃক্ষ।
চৈত্যমুখ, পুং. [চৈত্য+মুখ] কমণ্ডলু; যজ্ঞপাত্র।
চৈত্র, ন. [চিত্র+অ] মৃত; দেবকুল, দেউল; (পুং.) বুদ্ধভিক্ষুক; বর্ষ পর্ব্বতবিশেষ; চিত্রাগর্ভজ বুধপুত্র; মাসভেদ, চৈত্রিক, মধু, চৈত্রী, কালাদিক, চৈত্রক, চিত্রক।
চৈত্রক, পুং. [চৈত্র+ক] চৈত্রমাস।
চৈত্ররথ, ন. [চৈত্র+রথ] কুবেরের উপবন।
চৈত্রাবলী, স্ত্রী. [চৈত্র+অবলী] চৈত্রী পূর্ণিমা, মধূৎসব, সুবসন্ত, কামমহ, বাসন্তী, কর্দ্দনী। [মাস।
চৈত্রি-চৈত্রিক, পুং. [চিত্রা+ই+ক] চৈত্র-
চৈত্রী, পুং. [চৈত্র+ইন্] চৈত্রমাস।
চৈদ্য, পুং. [চেদি+য] শিশুপাল, দমোঘোষসুত।
চৈল, ত্রি. [চেল+অ] চেলসম্বন্ধীয়।
চৈলাশক, পুং. [চৈল+অশক] যুকাশক; পিশাচবিশেষ।
চো, (যাং) কূপ। [গলাওন।
চোআন, (প্রা) ক্ষরণ, বকযন্ত্রের নিঃসারণ,
চোয়ালি, (প্রা) হস্বস্থি, চিবুকাস্থি, পিচাস্থি, ওষ্ঠদ্বয়ের দুই প্রান্ত।
চোওয়ান, (প্রা) ক্ষরণ, নিঃসারণ, গলন।
চোঁআ, (প্রা) ভস্মীকৃত, ভস্মীভূত, অগ্নিদগ্ধ।
চোঁআন, (প্রা) অতিশয়ভর্জ্জন, থরান, অঙ্গার তুল্য করিয়া ভাজা, পোড়ান।
চোঁকা, (প্রা) তীব্র, তেজাল।
চোঁকান, (প্রা) তীক্ষ্ণীকরণ, শাণান।
চোঁকাল, (প্রা) শাণিত, ধারাল, তীক্ষ্ণ।
চোঁচ, (প্রা) চঞ্চু, তন্তু, ছালের অন্তরিতভাগ, আঁষ; কাষ্ঠখণ্ড। [লেখ্য।
চোঁচা, (প্রা) দ্রুতধাবন; বীজচয়ন; পাণ্ড-
চোঁচান, (প্রা) বীজচয়ন; দ্রুতধাবন।
চোঁচাল, (প্রা) আঁষাল, চোঁচযুক্ত।
চোঁতা, (প্রা) পাণ্ডুলেখ্য।
চোকা, (প্রা) তীব্র, তেজাল, খর।
চোকান, (প্রা) তীক্ষ্ণীকরণ; নিষ্পত্তি করণ, মিটান।
চোকাল-চোখাল, (প্রা) শাণিত, তীক্ষ্ণ, খরধারবিশিষ্ট। [কন্যা।
চোঙ্গা, (প্রা) নল, নীল, সছিদ্রবংশখণ্ড;
চোচ, ন. গুড়ত্বক্, তেজপত্র; উপভুক্ত ফলাবশিষ্ট, চোঁচাখ্যাত; তালফল; কদলীফল; নারিকেল; বল্কল; চর্ম্ম।
চোচক, ন. [চোচ+ক] বল্কল, ত্বক্, ছলি, চর্ম্ম।
চোট, (প্রা) আঘাত, ঘা, ক্ষত, ঠোকর।
চোটখেকুয়া, (প্রা) আঘাতী, অস্ত্রাঘাত, পরিক্ষত।
চোটা, (প্রা) কুসীদ, একপ্রকার সুদ।
চোটান, (প্রা) আঘাতকরণ, বিদারণ; ঠোকরণ; মারণ; ঘাতন
চোটী, স্ত্রী. [চুট+ঈ] সাটী, নীবী, সাড়ী।
চোড়, পুং. [চুল+অ] দেশবিশেষ; প্রাবরণ, কঞ্চুলিয়া।
চোণা, (প্রা) গবাদির মূত্র; ক্ষুদ্রদুর্গন্ধি দ্বিদলবিশেষ।
চোণান, (প্রা) মূত্রনিঃসারণ, প্রস্রবণ।
চোদক, পুং. [চুদ+অক] প্রেরক।
চোদন-চোদনা, ন. স্ত্রী. [চুদ্+অন] বিধি, নিয়ম, বিধান; প্রেরণা, প্রস্থাপন, প্রেষণ, প্রষাপণ। [গেণ্ডু।
চোদনাগুড়, পুং. [চোদনা+গুড়] কন্দুক,
চোদিত, ত্রি. [চুদ্+ইত] প্রেরিত, প্রণোদিত, প্রণুন্ন; পাতিত; জ্ঞাপিত; প্রচোদিত।
চোদ্য, ন. [চুদ্+য] অদ্ভুত; প্রশ্ন; (ত্রি.) চোদনার্হ, প্রেরণযোগ্য, প্রেরণীয়।

চোচন, (প্রা) নির্ব্বাচন, বাছন।
চোপ, (প্রা) অস্ত্রাঘাত, শস্ত্র প্রহার; আঘাত-চিহ্ন।
[গতি
চোপন, ন. [চুপ্+অন] শনৈর্গমন, মন্দ মন্দ
চোপা, (প্রা) বদন; ত্বক্, ছলি।
চোপান, (প্রা) অস্ত্রঘাতন, অস্ত্র প্রহার করণ।
চোপ্ষন-চোপ্ষাণ, (প্রা) আর্দ্রহওন, ভিজন।
চোবা, (প্রা) ত্বক্, ছাল।
চোব্‌চিনী, (যাং) সুগন্ধি ঔষধবিশেষ।
চোয়া, (প্রা) নিঃসরণ, ক্ষরণ।
চোয়ালি, (প্রা) হনুস্থি, কশের দন্ত।
চোর, পুং. [চুর+অ] স্তেয়কর্ত্তা, চৌর, তৎ-পর্য্যায়।—অদত্তদায়ী, অপহর্ত্তা, অপহারক, অপহারী, অভিহর্ত্তা, অদ্যশংশ, আমোষী, ঐকাগারিক, কুম্ভিল, খনক, খনিক, চৌর্য্যকৃৎ, তস্কর, তস্কা, তৃপু, তায়ু, দস্যু, ধনহারী, ধনহর্ত্তা, নিশাচর, প্রচ্ছন্নজন, পাটচ্চর, প্রতিরোধী, প্রতিরোধক, পরদ্রব্যহারক, পরস্বাপহারী, প্রসহ্যচৌর, প্রচুরপুরুষ, পরাস্কন্দী, পরিমোষী, মোষ্টা, মাচল, বটাবীক, বিহায়া, বনগু, মোষী, মোষক, মুষীবান, বৃক, মলিম্লুচ, রজনীচর, রিপু, রিভ্বা, রিক্কা, লুণ্টাক, শঙ্কিতবর্ণ, স্তেন, স্তেয়কৃৎ, স্তেয়ী, সাহসিক, স্তেন্য, হর্ত্তা, হারক, হারী; কৃষ্ণশটী, গন্ধদ্রব্যবিশেষ।
চোরক, পুং. [চোর+ক] পৃক্কা, পিড়িঙ্গ-খ্যাত; সুগন্ধিদ্রব্যবিশেষ।
চোরপুষ্পিকা-পুষ্পী, স্ত্রী. [চোর+পুষ্পিক-পুষ্পী] চোরকাঁটা।
চোরকণ্টক-চোরা, পুং. [চোর+কণ্টক] চোর-কাঁটা, ক্ষুদ্রকণ্টকান্বিত তৃণবিশেষ।
চোরকাঁটা, (প্রা) চোরপুষ্পী।
চোরছিদ্র, ন. [চোর+ছিদ্র] উকিঝারণছিদ্র, ক্ষুদ্রছিদ্র, ফাট্‌লা।
[কাশ।
চোরা, (প্রা) চোরিত, অপহৃত, গুপ্ত, অপ্র-
চোরাও, (প্রা) তাস্কর্য্য, অপহর, চুরি।
চোরাগর্ত্ত, পুং. [চোরা+গর্ত্ত] আবৃতগর্ত্ত, অপ্রকাশিতগহ্বর, গুপ্তখাত।
চোরাঘা-চোরাঘাত, (প্রা) গুপ্তাঘাত, অকস্মাতাঘাত।
চোরপথ, (প্রা) সঙ্কীর্ণপথ, অস্পষ্টপথ, গুপ্তপথ, গলিগুঞ্জি।
চোরাবালি, (প্রা) জলার্দ্রসিকতা, অনুপসিকতা, দ্রবসিকতা, গুপ্তবালি, দল্‌দলিয়া-স্থান।
চোরিকা-চৌরী, স্ত্রী. [চোর+ইকা] চৌর্য্য, স্তেয়, চৌরিকা, স্তৈন্য, অপহার।
চোরিত, স্ত্রী. [চোর+ইত] অপহারিত, অপহৃতদ্রব্য, হৃতস্ব।
চোলা, পুং. [চুল+আ] কঞ্চুলিকা, কূর্পাসক, কাঁচুলি, দেশবিশেষ, তাঞ্জোরখ্যাত।
চোলক, ন. [চোল+ক] বল্কল, (পুং.) বাণ-বার, কবচ।
চোলকী, পুং. [চোলক+ইন্] করীর, নারঙ্গ, কবচী; মণিবন্ধ।
চোলী, স্ত্রী. [চোল+ঈ] কঞ্চুলিকা, কাঁচুলি।
চোলোণ্ডুক, পুং. [চোল+ওণ্ডুক] শিরোবেষ্ট, উষ্ণীষ।
চোষ, পুং. [চুষ্+অ] পার্শ্বজ্বালা।
চোষক, পুং. [চোষ+ক] চুষণকারী, ধাতা।
চোষণ, ন. [চুষ্+অন] মুখদ্বারা রসাকর্ষণ, চুষণ।
চোষিত, ত্রি. [চুষ্+ইত] পীত, ধীত।
চোষ্য, ত্রি. [চুষ্+য] চুষণীয়।
চোস্ক, পুং. [চোস্+ক] সিন্ধুবারদেশীয়াশ্ব।
চোহাড়, (প্রা) পাহাড়ীয়া অন্ত্যজজাতি।
চোহান্, (প্রা) রাজপুতজাতিবিশেষ।
চোহালি, (প্রা) ওষ্ঠদ্বয়ের প্রান্তভাগস্থ অস্থি, চোহালির হাড়।
চোক্ষ, ত্রি. [চুষ্+ক] গীত; শুচি; দক্ষ; তীক্ষ্ণ; মনোজ্ঞ।
চৌ, (প্রা) চতুঃসংখ্যা, চারি।
[মাণ।
চৌক, (প্রা) নেত্র; চারিপণ; দশসের পরি-
চৌকষ-চৌকস, (প্রা) মনোযোগী, সাবধান, সতর্ক, অনিমিষ; সমান, একপ্রকার, চৌরস, অনিম্নভূমি।
চৌকসাই-চৌকষী-চৌকসী, (প্রা) সাবধানতা, সতর্কতা, অবধানতা, মনোযোগ।

চৌকা, (প্রা) চারিকোণা পাকস্থান।
চৌকাঠ, (প্রা) দেহলী, গৃহাবগ্রহণী, গৃহতটী, শিলা, শিলী, দ্বারপিণ্ডী, দ্বারশিলাপ্রবেশের পথ।
চৌকলা, (প্রা) বৃহৎমৎস্য ধারণার্থ, টেটা, পোলাবিশেষ।
চৌকি, (প্রা) আসন, খুর্সি, পীঁড়ি, পীঠ, মোড়া, কেদারা; রক্ষা, পহরা।
চৌকিঘর, (প্রা) উদ্‌ঘাট, রক্ষকাদির বাসাগার, সৈন্যস্থান, সৈনিকশালা, থানা।
চৌকিয়া, (প্রা) প্রহরী, রক্ষক; চৌকের-গণনা। [চতুরস্র।
চৌকোণ, (প্রা) চতুষ্কোণবিশিষ্টস্থান, সম-
চৌকোশা, (প্রা) চতুঃক্রোশান্তর।
চৌচপটে, (প্রা) সম, সমান, বরাবর, চ্যাপ্টা, থ্যাব্‌ড়া।
চৌচালা, (প্রা) চারিচালাঘর। [চতুর্থী।
চৌট-চৌটা, (প্রা) চতুর্থ, চারিরপূরণ,
চৌটি-চৌঠী-চৌথ, (প্রা) চতুর্থাংশ, পোয়া।
চৌড়া, (প্রা) প্রশস্ত, আয়ত, বিস্তীর্ণ, চেটাল।
চৌড়াই, (প্রা) পরিসরতা, প্রশস্ততা।
চৌতারা, (যাং) ছাদ; বিলাসগৃহ।
চৌত্রিশ, (প্রা) চতুস্ত্রিংশৎসংখ্যা ৩৪।
চৌদিগ্, (প্রা) চতুর্দ্দিক্।
চৌদ্দ, (প্রা) চতুর্দ্দশ।
চৌধুরী, (প্রা) জনচতুষ্টয়ের শ্রেষ্ঠ।
চৌপল-চৌপহল, (প্রা) চারিকোণা কাঁচপাত্রবিশেষ।
চৌপাঠী-চৌবাড়ী, (প্রা) বিদ্যালয়, টোল।
চৌপাড়-চৌপড়ি, (প্রা) পার্ষ্ণি, অক্ষ, দ্যূত, পাশা। [কৌতুক।
চৌপাড়িখেলা, (প্রা) অক্ষক্রীড়া, পার্ষ্ণি-
চৌপায়া, (প্রা) চতুষ্পদ, পশু; খট্ট।
চৌপালা, (প্রা) চতুর্দ্দোল, যানবিশেষ।
চৌপিঠা, (প্রা) দক্ষ, চতুর, নিপুণ।
চৌবাচ্চা, (প্রা) চতুষ্কোণ খাত, কুণ্ডবিশেষ, জলকুল্য।
চৌয়াত্তর, (প্রা) চতুঃসপ্ততি, চুয়াত্তরসংখ্যা।
চৌয়ান্ন, (প্রা) চতুঃপঞ্চাশৎ সংখ্যা।

চৌয়াল্লিশ, (প্রা)চতুঃচত্বারিংশৎ।
চৌড়, ত্রি. [চূড়া+অ] চূড়াসংযুক্ত, (ন.) ক্ষৌরকর্ম্ম।
চৌর, পুং. স্ত্রী. [চোর+অ] চোর; চোরপুষ্পী; সুগন্ধিদ্রব্যবিশেষ।
চৌরগত, ত্রি. [চৌর+গত] অপহৃত, হোঢ়।
চৌরগ্রাহী. ত্রি. [চৌর+গ্রাহিন্] স্তেনগ্রাহী।
চৌরতস্, ব্য. [চৌর+তস্] চোরকরণক।
চৌরস্, (হি) সমান।
চৌরহৃত-চৌরাপহৃত, ত্রি. [চৌর+অপ+হৃত] চৌরগত, অপহৃত, মুষিত।
চৌরাই, (প্রা) পক্ষীবিশেষ।
চৌরিকা-চৌরী, স্ত্রী. [চৌর+ইকা] চৌর্য্য।
চৌর্য্য, ন. [চোর+য] চৌরধর্ম্ম, স্তৈন্য, স্তেয়, চৌরিকা, চৌরী, চোরিকা, চোরী, চুরী। [রতা।
চৌর্য্যকর্ম্ম, ন. [চৌর্য্য+কর্ম্ম] তাস্কর্য্য, তস্ক-
চৌর্য্যার্জ্জিত, ত্রি. [চৌর্য্য+অর্জ্জিত] হৃতার্জ্জিত, হৃতস্ব, লুপ্ত।
চৌর্য্যশীল, ত্রি. [চৌর্য্য+শীল] স্তেয়কারী।
চৌর্য্যাসক্ত, ত্রি. [চৌর্য্য+আসক্ত] অদত্তপরধনাপহার প্রসক্ত।
চৌর্য্যাসক্তি, স্ত্রী. [চৌর্য্য+আসক্তি] তস্করতা, স্তেয়াসক্তি।
চৌলা, ত্রি. [চূলা+আ]চূড়াসম্বন্ধী।
চৌলকর্ম্ম, ন. [চৌল+কর্ম্মন্] চূড়াকর্ম্ম।
চৌলুক্য, পুং. [চৌল+উক্য] রাজর্ষিভেদ।
চৌক্ষ, ত্রি. [চোক্ষ+অ] মনোজ্ঞ।
চ্যবন, ন. [চ্যু+অন] শনৈঃ শনৈঃ স্রবণ, ক্ষরণ; ঋষিবিশেষ।
চ্যাবিত, ত্রি. [চ্যু+ইত] নিরাকৃত, নিরস্ত, ব্যপোঢ়, অবধূত, নির্ধূত।
চ্যুত, ত্রি. [চ্যু+ত] ক্ষরিত; ভ্রষ্ট, পতিত।
চ্যুতাচার, ত্রি. [চ্যুত+আচার] ধর্ম্মপ্রমাদিত, বিরুদ্ধাচার।
চ্যুতাধিকার, ত্রি. [চ্যুত+অধিকার] নিরাকৃত, অধিকারাৎপ্রভ্রংশিত, হৃতাধিকার। [ক্ষরণ।
চ্যুতি, স্ত্রী. [চ্যুত+ই] ভগ; গুদদ্বার;

চ্যুতোৎসাহ, ত্রি. [চ্যুত+উৎসাহ] গতসত্ত্ব, গততেজা।

চ্যুতমন্যু, ত্রি. [চ্যুত+মন্যু] বীতক্রোধ।

চ্যুতশঙ্ক, ত্রি. [চ্যুত+শঙ্ক] নিঃশঙ্ক, বীতভয়, গতসাধ্বস।

চ্যুতাশ, ত্রি. [চ্যুত+আশ] গতাশ, ত্যক্তাশ, হতাশ, নিরাশ।

চ্যুতাশনায়, ত্রি. [চ্যুত+আশনায়] মন্দাগ্নি, অবুভুক্ষিত, অচেষ্টাহার।

চ্যুতোদ্যোগ, ত্রি. [চ্যুত+উদ্যোগ] অনুদ্যোগী, অল্পচেষ্টিত; নিস্তেজ।

চ্যুপ, পুং. [চ্যু+প] মুখ।

চ্যোত, ন. [চ্যুত+অ] ঘৃতাদিক্ষরণ।

চ্যোত্ন, ত্রি. [চ্যু+অত্ন] গমনকর্ত্তা; অগুঞ্জ; ত্যাজ্য।

ছ

ছকার, হলবর্ণের সপ্তম বর্ণ। চবর্গের দ্বিতীয় বর্ণ। ইহার উচ্চারণ তালু হইতে হয়। তস্য নামানি যথা ছন্দন; সুষুম্না; পশু; পশুপতি; মৃতি; নির্ম্মল; তরল; বহ্নি; ভুতমাত্রাবিলাসিনী; একনেত্র; বৃষলী; দ্বিশিরা; বামকুর্পর; গোকর্ণ; লাঙ্গলী; বামকামমত্তা; সদাশিব; মাতা; নিশাচর; পায়ুর্বিক্ষত; স্থিতিশব্দক।

ছ, পুং. ছেদন, (ত্রি.) নির্ম্মল তরল, চঞ্চল।

ছ, (প্রা) ষষ্ঠ।

ছই, (প্রা) ছদ, ছাদ, নৌকারছাদ।

ছক্, (প্রা) পাশকাদির কোষ্ঠ, সতরঞ্চের কোষ্ঠ।

ছক্ড়া, (প্রা) শকট, গাড়ি; ষষ্ঠ কপর্দ্দক।

ছকার, পুং. [ছ+কার] ছ বর্ণ।

ছকারাদি, ত্রি. [ছকার+আদি] ছ আদিবর্ণ।

ছকারান্ত, ত্রি. [ছকার+অন্ত] ছ বর্ণান্ত।

ছগ, পুং. [ছো+গ] ছাগ।

ছগণ, পুং. ন. [ছ+গণ] করীষ, শুষ্কগোময়, ঘুঁটা।

ছগল, পুং. [ছো+গল] ছাগ, (ন) নীলবস্ত্র

ছগলক, পুং. [ছগল+ক] ছাগ।

ছগলা, স্ত্রী. [ছগল+আ] বৃদ্ধদারকবৃক্ষ, স্ত্রীছাগ।

ছগলাঙ্ঘ্রী, স্ত্রী. [ছগল+অঙ্ঘ্রি] বৃদ্ধদারকবৃক্ষ।

ছগলাণ্ডী, স্ত্রী. [ছগল+অণ্ডী] বৃদ্ধদারকবৃক।

ছগলান্ত্রিকা-ছগলান্ত্রী, স্ত্রী. [ছগল+অন্ত্রিকা-অন্ত্রী] বৃদ্ধদারকবৃক্ষ; বৃক।

ছগলী, স্ত্রী. [ছগল+ঈ] ছাগমাতা।

ছটা, স্ত্রী. দীপ্তি, শোভা; সজ্ঞ, সমাহার, সমূহ; সরলরেখা।

ছটাক, (প্রা) সেরের ষোড়শাংশ, চারিকাঁচ্চা, পঞ্চতোলক।

ছটাফল, পুং. [ছটা+ফল] গুবাকবৃক্ষ।

ছটাভা, স্ত্রী. [ছটা+আভা] বিদ্যুৎ।

ছট্কন, (প্রা) বহির্ভূত হওন, পলায়ন, নিঃসরণ, ঠিগরণ।

ছট্কা, (প্রা) অপনীত, উপসংহৃত।

ছট্কান, (প্রা) পলায়ন, নিঃসারণ, বহির্গমন, বহিষ্করণ।

ছট্কাফট্কা, (প্রা) চিত্রিত, চিত্রাঙ্গ।

ছট্ফট, (প্রা) ধড়্ফড়, আস্ফাল।

ছট্ফটান, (প্রা) পীড়ায় লুণ্ঠন, আস্ফালন, ধড়্ফড়ান, গাত্রাদি দাহে ব্যাকুলহওন।

ছট্ফটিয়া, (প্রা) অস্থির, চঞ্চল, বিচেষ্টমান।

ছড়, (প্রা) বড়শা; ক্ষতচিহ্ন, আঁচড়।

ছড়ন, (প্রা) চিহ্নহওন; পরিষ্কৃতকরণ; জন্তুর চর্ম্ম উত্তোলন।

ছড়া, (প্রা) শ্লোকের টীকা, ভাষা পদ্য; মালা, নারিকেলাদি ফলের গুচ্ছ; পরিষ্কৃতদ্রব্য; প্রক্ষেপ, ছিটা; অপব্যয়।

ছড়ান, (প্রা) বিস্তৃতকরণ, বিছান; বীজাদিবপন; ইতস্ততঃ বিক্ষেপণ, ছিটান, খসান।

ছড়ানিয়া, (প্রা) অপব্যয়ী, উড়ানীয়া, বিসারণ, বিক্ষেপণ, পশ্বাদির ত্বগোত্তলনীয়া।

ছড়ী, (প্রা) অঙ্গুলযষ্টি, কশা; বালকদিগের রোগবিশেষ

ছত্র, ন. [ছদ+ত্র] রৌদ্রবৃষ্টিনিবারণার্থ আবরণ বিশেষ, তৎপর্য্যায়।— আতপত্র, ছায়ামিত্র, পটোটজ, জলত্রা, বারিত্রা,

আতপবারণ, বস্ত্রকুট্টিম, কাবারী, উষ্ণবারণ, জনত্রা, জঙ্গমকুটী, ছাতা, (পুং.) ছাতরিয়াবিষ, খরবিষ, কাঠবিষ; ভূতত্বৃণ।
ছত্র, (প্রা) সমলতা, মলিনতা।
ছত্রক, পুং. [ছত্র+ক] মৎস্যরঙ্গপক্ষী; অতিচ্ছত্র, রাঙ্গাকুলেখাঁড়া গাছ; ঈশ্বরের গৃহবিশেষ।
ছত্রগুচ্ছ, পুং. [ছত্র+গুচ্ছ] গুণ্ডতৃণ।
ছত্রচক্র, ন. [ছত্র+চক্র] চক্রবিশেষ, নক্ষত্রচক্রমণ্ডল। [চিহ্ন।
ছত্রচামর, ন. [ছত্র+চামর] রাজলক্ষণ, রাজ-
ছত্রধর-ছত্রধার, ত্রি. [ছত্র+ধর] ছায়াকর, ছাতিধরা।
ছত্রধারক, ত্রি. [ছত্র+ধারক] ছত্রধারী।
ছত্রধারণ, ন. [ছত্র+ধারণ] আতপত্রবহন।
ছত্রধারী, ত্রি. [ছত্র+ধারিন্] ছায়াকর, ছত্রধারক, (পুং.) রাজাবিশেষ।
ছত্রপত্র, পুং. [ছত্র+পত্র] ভূর্জপত্র; মানকচু; সপ্তপর্ণবৃক্ষ।
ছত্রপ-পত্রপতি, পুং. [ছত্র+প-পতি] অধীশ্বর, অধিপতি।
ছত্রফল, (প্রা) বৃক্ষবিশেষ।
ছত্রভঙ্গ, পুং. [ছত্র+ভঙ্গ] বৈধব্য; স্বাতন্ত্র্য; নৃপনাশন; অকর্তৃত্ব, যূথভঙ্গ।
ছত্রা, স্ত্রী. [ছত্র+আ] মিষি, মৌরী; অতিচ্ছত্রা, শলুপা; কুস্তুম্বুরু, ধন্যাখ্যাত; শিলীন্ধ্র, কোঁড়কছাতা; মঞ্জিষ্ঠা।
ছত্রাক, ন. [ছত্র+অক] কিম্পাকু, ছত্রিকা, (পুং.) জালর্ব্বুরকবৃক্ষ।
ছত্রাকী, স্ত্রী. [ছত্রাক+ঈ] রাস্না।
ছত্রাতিচ্ছত্র, পুং. [ছত্র+অতিচ্ছত্র] ছত্রাকার জলোদ্ভব সুগন্ধাখ্যতৃণবিশেষ।
ছত্রাধান্য, ন. [ছত্রা+ধান্য] ধন্যাক।
ছত্রিকা, স্ত্রী. [ছত্র+ইকা] শিলীন্ধ্র, কোঁড়কছাতা। [বিশিষ্ট।
ছত্রী, পুং. [ছত্র+ইন্] নাপিত, (ত্রি.) ছত্র-
ছত্বর, পুং. [ছদ্+বর] গৃহ; কুঞ্জ।
ছদ, পুং. [ছদ্+অ] পত্র; পক্ষ; গ্রন্থিপর্ণবৃক্ষ; তমালবৃক্ষ।
ছদ, (প্রা) ধারা, চালি
ছদন, ন. [ছদ্+অন] পত্র; পক্ষ; পিধান; তমালপত্র; তেজপত্র।
ছদপত্র, পুং. [ছদ+পত্র] ভূর্জপত্রবৃক্ষ।
ছদি, ন. [ছদ+ইস্] পটল, চালি।
ছদ্বর, পুং. [ছদ্+বর] দন্ত; নিকুঞ্জ।
ছদ্ম, ন. [ছদ্+মন] ব্যাজ, কপট, অপদেশ, স্বরূপাচ্ছাদন।
ছদ্মতাপস, পুং. [ছদ্ম+তাপস] ছলতপস্বী, সর্ব্বাভিসন্ধী, বৈড়ালব্রতিক, বেশধারী, বকব্রতী, কৌকুটিক, কুযোগী, ধর্ম্মধ্বজী।
ছদ্মবেশ, পুং. [ছদ্ম+বেশ] গুপ্তাকার, কপটবেশ, বেশান্ত, অন্যবেশ, কৃত্রিমবেশ।
ছদ্মবেশী, ত্রি. [ছদ্ম+বেশিন্] কপটবেশী, অলক্ষলিঙ্গ, বেশধারী।
ছদ্মরূপে, ব্য. [ছদ্ম+রূপে] প্রচ্ছন্নরূপে, অলক্ষিতে।
ছদ্মিকা, স্ত্রী. [ছদ্ম+ইকা] গুড়ুচী।
ছন্দ, পুং. [ছদ্+অ] অভিপ্রায়; বশ; অভিলাষ; বিষ; (ত্রি.) রহঃ।
ছন্দঃ, ন. [ছদ্+অস্] পদ্য; বেদ; স্বৈরাচার; অভিলাষ; ছন্দসাংবৃত্তি নামানি যথা।—একাক্ষরাবৃত্তি—উক্থা, শ্রী। দ্ব্যক্ষরাবৃত্তি—অত্যুক্থা, স্ত্রী। ত্র্যক্ষরাবৃত্তি—মধ্যা, নারী, মৃগী। চতুরক্ষরাবৃত্তি—প্রতিষ্ঠা, কন্যা, সতী। পঞ্চাক্ষরাবৃত্তি—সুপ্রতিষ্ঠা, পঙ্‌ক্তি, প্রিয়া। ষড়ক্ষরাবৃত্তি—গায়ত্রী, তনুমধ্যা, শশিবদনা, সোমরাজী। সপ্তাক্ষরাবৃত্তি—উষ্ণিক্, মধুমতী, কুমারললিতা, মদলেখা। অষ্টাক্ষরাবৃত্তি—অনুষ্টুপ্, চিত্রপদা, মাণবক, ক্রীড়, বিদ্যুন্মালা, সমানিকা, প্রমাণিকা। নবাক্ষরাবৃত্তি—বৃহতী, ভুজগশিশুসৃতা, মণিমধ্য, ভুজঙ্গসঙ্গতা। দশাক্ষরা বৃত্তি—পঙ্‌ক্তি, রুক্মবতী, রূপবতী, চম্পকমালতী, মত্তা, ত্বরিতগতি, মনোরমা। একাদশাক্ষরাবৃত্তি—ত্রিষ্টুপ্, ইন্দ্রবজ্রা, উপেন্দ্রবজ্রা, সুমুখী, শালিনী, বাতোর্ম্মী, ভ্রমরবিলসিতা, অনুকূলা, রথোদ্ধতা, স্বাগতা, দোধক, মোটনক, শ্যেনী। দ্বাদশাক্ষরাবৃত্তি—জগতী, চন্দ্র-

বর্ম্ম, বংশস্থবিল, বংশস্তনিত, ইন্দ্রবংশা, জলোদ্ধতগতি, ভুজঙ্গপ্রয়াত, তোটক, স্রগ্বিণী, বৈশ্বদেবী, প্রমিতাক্ষরা, দ্রুতবিলম্বিত, মন্দাকিনী, কুসুমবিচিত্রা, তামরস, মালতী, যমুনা, মণিমালা, জলধরমালা। ত্রয়োদশাক্ষরাবৃত্তি—অতিজগতী, প্রহর্ষিণী, রুচিরা, মত্তময়ূর, চণ্ডী, মঞ্জুভাষিণী, সুনন্দিনী, চন্দ্রিকা, উৎপলিনী, কলহংস, সিংহনাদ, প্রবোধিতা, মৃগেন্দ্রমুখ। চতুর্দ্দশাক্ষরাবৃত্তি— শর্করী, অসম্বাধা, বসন্ততিলক, সিংহোদ্ধতা, অপরাজিতা, প্রহরণকলিকা, বাসন্তী, লোলা, নান্দীমুখী। পঞ্চদশাক্ষরাবৃত্তি—অতিশর্করী, শশিকলা, স্রক্, মণিগুণনিকর, মালিনী, লীলাখেল, বিপিনতিলক, তূণক, চন্দ্রলেখা, চিত্রা। যোড়শাক্ষরাবৃত্তি—চিত্র, ঋষভগজবিলসিত, গজতুরগবিলসিত, চকিতা, পঞ্চচামর, মদনললিতা, বাণিনী, প্রবরললিত, অচলধৃতি, গরুড়রুত। সপ্তদশাক্ষরাবৃত্তি—অত্যষ্টি, শিখরিণী, পৃথ্বী, বংশপত্রপতিত, বংশদল, মন্দাক্রান্তা, হরিণী, নর্দ্দটক, বনকোকিলক, হারিণী, ভারাক্রান্তা। অষ্টাদশাক্ষরাবৃত্তি—ধৃতি, কুসুমিতলতা বেল্লিতা, নন্দন, নারাচ, চিত্রলেখা, শার্দ্দূলললিত। ঊনবিংশত্যক্ষরাবৃত্তি—মেঘবিস্ফূর্জ্জিতা, ছায়া, শার্দ্দুল বিক্রীড়িত, সুরসা, ফুল্লদাম। বিংশত্যক্ষরাবৃত্তি—কৃতি, সুবদনা, গীতিকা, বৃত্ত, শোভা। একবিংশত্যক্ষরাবৃত্তি—প্রকৃতি, স্রগ্ধরা, সরসীসিংহক। দ্বাবিংশত্যক্ষরাবৃত্তি—আকৃতি, হংসী, মদিরা। ত্রয়োবিংশত্যক্ষরাবৃত্তি—বিকৃতি, অদ্রিতনয়া, অশ্বললিত, মত্তাক্রীড়। চতুর্বিংশত্যক্ষরাবৃত্তি— সংকৃতি, তন্বী। পঞ্চবিংশত্যক্ষরাবৃত্তি—অতিকৃতি, ক্রৌঞ্চপদা। ষড়্বিংশত্যক্ষরা বৃত্তি— উৎকৃতি, ভুজঙ্গবিজৃম্ভিত। (অথ দণ্ডকা) সপ্তবিংশত্যক্ষরাবৃত্তি—চণ্ডবৃষ্টিপ্রপাত। ত্রিংশদক্ষরাবৃত্তি—অর্ণ। ত্রয়স্ত্রিংশদক্ষরাবৃত্তি—অর্ণব। ষট্‌ত্রিংশদক্ষরাবৃত্তি—ব্যাল। ঊনচত্বারিংশদক্ষরাবৃত্তি—জীমূত। দ্বিচত্বারিংশদক্ষরাবৃত্তি—লীলাকর। পঞ্চচত্বারিংশদক্ষরাবৃত্তি— উদ্দাম। অষ্টচত্বারিংশদক্ষরাবৃত্তি—শঙ্খ। সপ্তবিংশত্যক্ষরাবৃত্তি—প্রচিতক। অষ্টবিংশত্যক্ষরাবৃত্তি— অশোকপুষ্প মঞ্জরী। সপ্তবিংশত্যক্ষরাবৃত্তি — কুসুমস্তবক। সপ্তবিংশত্যক্ষরাবৃত্তি— মত্তমাতঙ্গলীলাকর। অষ্টাবিংশত্যক্ষরাবৃত্তি— অনঙ্গশেখর ইতি সমবৃত্তানি সমাপ্তানি। অথার্দ্ধসমবৃত্তানি যথা।—উপচিত্র, বেগবতী, হরিণপ্লুতা, অপরবক্ত্র, পুষ্পিতাগ্রা, সুন্দরী ইত্যর্দ্ধসমবৃত্তানি সমাপ্তানি। অথ বিষমবৃত্তানি যথা।—উদ্গাতা, সৌরভক, ললিত, বক্ত্র, পথ্যাবক্ত্র, অনুষ্টুপ ইতি বিষমবৃত্তানি। অথ মাত্রাবৃত্তানি যথা—আর্য্যা অর্থাৎ গাথা, নবধা আর্য্যা যথা—পথ্যা, বিপুলা, চপলা, মুখচপলা, জঘনচপলা, গীতি, উপগীতি, উদ্গীতি, আর্য্য গীতি। বৈতালীয়, পজ্ঝটিকা, দোহড়িকা।

ছন্দকপাতন-ছন্দপাতন, পুং. [ছন্দক+পাতন] ছদ্মতাপস, বৈড়ালব্রতিক, কপটতপস্বী।

ছন্দস্কৃত, ন. [চন্দস্+কৃত] শ্রুতি, পুণ্যশ্লোক।

চন্দস্য, ত্রি. [ছন্দস্+য] ইচ্ছতঃ, যথাকাম।

ছন্দানুবর্ত্তী, ত্রি. [ছন্দ+অনুবর্ত্তিন্] আজ্ঞানুবর্ত্তী, অনুবর্ত্তী।

ছন্দোক, পুং. [ছন্দস্+গ] সামগ, সামবেদী।

ছন্দোগপরিশিষ্ট, ন. [ছন্দোগ+পরিশিষ্ট] বাতায়ন মুনি কৃত সামবেদী কর্ম্মবোধক গোভিল সূত্রাদির পরিশেষ শাস্ত্র।

ছন্দোঘটিত, ত্রি. [ছন্দস্+ঘটিত] ছন্দোবিশিষ্ট।

ছন্দোনুবৃত্ত-ছন্দোনুবৃত্তি, ন. স্ত্রী. [ছন্দস্+অনুবৃত্ত] ছন্দোনুরোধ, অনুবিধান, ক্ষান্তি।

ছন্দোবদ্ধ, ত্রি. [ছন্দস্+বদ্ধ] পদ্যাত্মক, স্বরবদ্ধ, শাস্ত্র।

ছন্দোবান্-ছন্দোবিশিষ্ট, ত্রি. [ছন্দস্+বৎ] ছন্দোযুক্ত, ছান্দস।
ছন্দোবিচিতি, স্ত্রী. [ছন্দস্+বিচিতি] শ্রুতিঃ-ছন্দের প্রত্যায়ক।
ছন্দোভঙ্গ, পুং. [ছন্দস্+ভঙ্গ] ব্যতিক্রমছন্দ।
ছন্দোময়, ন. [ছন্দস্+ময়] বেদময়।
ছন্দোযুক্ত, ত্রি. [ছন্দস্+যুক্ত] ছন্দস।
ছন্দোরূপ, ত্রি, [ছন্দস্+রূপ] পদ্যরূপ স্বর-বদ্ধ, পদ্যাত্মক।
ছন্ন, ন. [ছদ্+ন] রহঃ, নির্জ্জনস্থান, (ত্রি.) ছাদিত, গুপ্ত, গূঢ়, রহস্য।
ছন্নপথ, পুং. [ছন্ন+পথ] গুপ্তপন্থা।
ছন্নবেশী, ত্রি. [ছন্ন+বেশিন্] কাল্পনিক বেশধারী
ছপ্পর, (প্রা) আচ্ছাদন চাল।
ছবি স্ত্রী. [ছ+বি] শোভা, দীপ্তি।
ছবি, (প্রা) প্রতিমূর্ত্তি, চিত্র।
ছমণ্ড, পুং. [ছম্+অণ্ড] মৃতপিতৃক, পিতৃ-হীন, অপিতৃক, গতপিতৃক, অনাম, ছেমণ্ড, বন্ধুহীন।
ছম্‌ছম্, (প্রা) ত্রাসোৎপাদক শরীরকম্প।
ছয়া, স্ত্রী. ছন্দোবিশেষ।
ছর্দ্দ, ন. [ছর্দ্দ+অ] বমন।
ছর্দ্দন, ন. [ছর্দ্দ+অন] বমন, (পুং.) অলম্বুষ-রাক্ষস; নিম্ববৃক্ষ।
ছর্দ্দাপনিকা, স্ত্রী. [ছর্দ্দ+অপনিকা] কর্কটী।
ছর্দ্দি-ছর্দ্দিকা, স্ত্রী. [ছর্দ্দ+ই-কা] রোগবি-শেষ, প্রচ্ছর্দ্দিকা, ছর্দ্দ, বমথু, বমন, বমি, ছর্দ্দিকা, বান্তি, উদ্গার, উৎকাসিকা, ছর্দ্দন, বম, উৎক্ষেপ, উত্তার, উদ্গাম, ঊর্দ্ধশোধন।
ছর্দ্দিকারিপু, পুং. [ছর্দ্দিকা+রিপু] ক্ষুদ্রৈলা, ছোটএলাইচ।
ছর্দ্দিঘ্ন, পুং. [ছর্দ্দি+ঘ্ন] নিম্ববৃক্ষ।
ছল, ন. [ছ+ল] শাঠ্য, স্খলিত, কপট, প্রতারণা, চাতুরী, দোষানুসন্ধান, ফাঁকি।
ছলকারক-ছলকারী, ত্রি. [ছল+কারক] প্রবঞ্চক, প্রতারক, ছাদ্মিক, কাপটিক।
ছলক্রমে, বা. [ছল+ক্রমে] সকৈতব, বঞ্চ-নার্থ, কিতববৎ।
ছলগ্রাহী-ছলগ্রাহক, ত্রি. [ছল+গ্রাহিন্] ধূর্ত্ত, কপটী, ঠক।
ছলতা, স্ত্রী. [ছল+তা] প্রবঞ্চনা, বিপ্রলম্ভ, মায়া, বঞ্চনা।
ছলন, ন. [ছল্+অন] প্রতারণ, চাতুরী-করণ, ঠকান, ভুলান।
ছলনা, স্ত্রী. [ছলন+আ] ছলতা, কপটতা।
ছলনাপর, ত্রি. [ছলনা+পর] প্রবঞ্চক ছাদ্মিক, কাপটিক, কৌটিক, প্রলম্ভক বঞ্চনশীল, শঠ।
ছলী, পুং. [ছল+ইন্] বঞ্চক, ধূর্ত্ত, কিতব, কূটকার, কূটক।
ছল্‌ছল্, (প্রা) সজল, জলপূর্ণ।
ছল্লি, স্ত্রী. [ছল্+লি] চর্ম্ম, ত্বক্, ছাল।
ছল্লী, স্ত্রী. [ছল্+লী] বীরুৎ; সন্তান, বল্কল; কুসুমবিশেষ।
ছা, স্ত্রী. আচ্ছাদন; (পুং.) শাবক।
ছাই, (প্রা) ভস্ম, পাংশু।
ছাইট, (প্রা) কশা; জলনিঃক্ষেপ, জলের ছিটা।
ছাউনি, (প্রা) শিবির, সৈন্যের আবাস, চন্দ্রাতপ।
ছাওন, (প্রা) তৃণাদির দ্বারা গৃহের উপরি ভাগ আচ্ছাদন
ছাওয়াল, (প্রা) শিশু, বালক, সন্তান
ছাওলামি, (প্রা) বালকতা, ছেলেমী।
ছাঁকন, (প্রা) বস্ত্রাদির দ্বারা দ্রবদ্রব্য নিঃসারণ; জালদ্বারা পুষ্করিণীর মৎস্য উ-ত্তোলন; পরিষ্কার করণ।
ছাঁকনা, (প্রা) উচ্ছিষ্ট; শেষাংশ; কিট্ট, মল
ছাঁকনি, (প্রা) ঝরণি, জালি, চালুনি।
ছাঁকা, (প্রা) নির্ম্মল, পরিষ্কার, অনঘ; ঝরা
ছাঁচ, (প্রা) প্রতিলিপি, প্রতিমূর্ত্তি।
ছাঁচনী, (প্রা) মন্থনদণ্ড।
ছাঁচি, (প্রা) পরছতী, অলিন্দ; শুষ্ক।
ছাঁটন, (প্রা) কর্ত্তন, ছেদন; অগ্রাহ্যকরণ অনাদরণ।
ছাঁদ, (প্রা) ছন্দ; স্বরূপ; সজলদুগ্ধ।
ছাঁদন ছাঁদনী, (প্রা) গাভীর পদবন্ধন।

ছাকন, (প্রা) বস্ত্রাদিদ্বারা দ্রবদ্রব্য নিঃসারণ; জালদ্বারা পুষ্করিণীর মৎস্য উত্তোলন; পরিষ্কার করণ, নির্ম্মলকরণ

ছাকনি, (প্রা) শোধনী, শোধনবস্ত্র; পরিষ্কারকরণীয় দ্রব্য, ঝাঁঝরি, চালুনী, জালি।

ছাকনী, (প্রা) শোধনকরণেদক্ষ।

ছাকা, (প্রা) নির্ম্মল, পরিষ্কার, শুদ্ধ, খাঁটী, অনঘ, নিষ্পাপী।

ছাগ, পুং. স্ত্রী. [ছো+গ] পশুবিশেষ, তৎপর্য্যায়।—বস্ত, ছগলক, অজ, স্তুভ, ছগ, ছগল, ছাগল, তভ, স্তভ, শুভ, লঘুকাম, ক্রয়সদ, বর্কর, পর্ণভোজন, লম্বকর্ণ, মেনাদ, বুক্ক, অল্পায়ু, শিবাপ্রিয়, অবুক, মেধ্য, পশু, পয়স্বল, দেবানাম্প্রিয়, স্তুনক।

ছাগচর্ম্ম, ন. [ছাগ+চর্ম্ম] অজাজিন।

ছাগগন্ধ, ত্রি, [ছাগ+গন্ধ] অজগন্ধ, অজবৎ কামুক।

ছাগণ, পুং. [ছাগণ+অ] করীষাগ্নি, ঘুঁটের আগুন।

ছাগদুগ্ধ, ন. [ছাগ+দুগ্ধ] ছগলপয়ঃ।

ছাগপালক-ছাগপোষক, পুং. [ছাগ+পালক-পোষক] অজাজীব, জাবাল; অজপ।

ছাগবৎ, ব্য. [ছাগ+বৎ] কামুক, অজবৎ।

ছাগবাহন, পুং. [ছাগ+বাহন] অগ্নি।

ছাগভোজী, পুং. স্ত্রী. [ছাগ+ভোজিন্] বৃক; (ত্রি.) ছাগভক্ষক।

ছাগমাংস, ন. [ছাগ+মাংস] অজপলল, পাঁঠার মাংস।

ছাগরথ, পুং. [ছাগ+রথ] অগ্নি।

ছাগল, পুং. স্ত্রী. [ছগল+অ] ছাগ, অজা; অত্রি। [ছাগ।

ছাগলক, পুং. [ছাগল+ক] মৎস্যবিশেষ;

ছাগলগোত্রিয়া, (প্রা) কামুক, স্ত্রীলম্পট, গম্যাগম্য বিবেচনা হীন। [ঘৃত।

ছাগলাদ্য, ন. [ছাগল+আদ্য] ছাগলাদি

ছাগলান্ত্রিকা, স্ত্রী. [ছাগল+অন্ত্রিকা] বৃদ্ধদারকবৃক্ষ।

ছাগলান্ত্রী, স্ত্রী. [ছাগল+অন্ত্রী] বৃক।

ছাগলী, স্ত্রী. [ছাগল+ঈ] ছাগী, অজা

ছাগাজিন, ন. [ছাগ+অজিন] অজাজিন, ছাগচর্ম্ম।

ছাগিকা, স্ত্রী. [ছাগ+ইকা] ছাগী, অজা।

ছাগী, স্ত্রী. [ছাগ+ঈ] ছাগমাতা, অজা, পয়স্বিনী, ভীরু, মেধ্যা, গলেস্তনী, মঞ্জা, ছাগিকা, সঞ্জা, সর্ব্বভক্ষ্যা, গলস্তনী, চুলুম্পা, মুখবিলুণ্ঠিকা, বকরী, পাঁটী

ছাগীপালক, পুং. [ছাগী+পালক] অজাপালী।

ছাট, (প্রা) পর্ণকুচি, পালকুড়ি।

ছাটন, (প্রা) কর্ত্তন, ছেদন, ঝাড়ন।

ছাটা, (প্রা) কর্ত্তিত, অবচ্ছিন্ন।

ছাড়চিঠি, (প্রা) অভয়পত্র, অভিজ্ঞানপত্র, পরওয়ানা।

ছাড়ন, (প্রা) বিবর্জ্জন, ত্যজন, চলিয়া যাওন, খোলন; ক্ষমাকরণ; পলায়ন।

ছাড়া, (প্রা) ব্যতিরিক্ত, ভিন্ন, বিনা; নিবর্ত্তন, ত্যাগ।

ছাড়ান, (প্রা) উদ্ধরণ, মোচন; নিঃক্ষেপণ; অবসারণ, খসান।

ছাড়াছাড়ি, (প্রা) পৃথক্করণ, বিয়োগ বিভাগ, বিভেদ, বিচ্ছেদ

ছাড়ানি, (প্রা) মোক্ষণ, বিমোচন, মোচন।

ছাত, ত্রি. [ছো+ত] ছিন্ন; দুর্ব্বল।

ছাত, (প্রা) চাল, ছাদ।

ছাতা, (প্রা) ছত্র, আতপত্র; মলিনতা; গোময়ছত্র; বক্ষ। [চিতাপড়া।

ছাতাটিয়া-ছাতাপড়া, (প্রা) সমল, মলাবৃত,

ছাতার-ছাতারিয়া, (প্রা) পক্ষীবিশেষ।

ছাতি, (প্রা) ছাদ; ছত্র।

ছাতী, (প্রা) বক্ষ; অঙ্ক; সাহস।

ছাতু, (প্রা) যবাদিচূর্ণ, শক্তু।

ছাত্র, পুং. [ছত্র+অ] শিষ্য; বিদ্যার্থী; (ন.) বরটীচ্ছত্রসম্ভব মধু।

ছাত্রক, ন. [ছাত্র+ক] ছাত্রমধু।

ছাত্রগণ্ড, পুং. [ছাত্র+গণ্ড] পদাদ্যবিৎ, শ্লোকের চরণের বিভক্তিবা আদিমাত্রবেত্তা।

ছাত্রদর্শন, ন. [ছাত্র+দর্শন] হৈয়ঙ্গবীন; শিষ্যাবলোকন।
ছাদ, ন. [ছদ+অ] পটল, ছাত, চাল।
ছাদন, ন. [ছদ্+অন] ছদন, অন্তর্ধান; পত্র; আচ্ছাদন; (পুং.) নীলাম্লানবৃক্ষ।
ছাদনীয়, ত্রি. [ছদ্+অনীয়] গোপনীয়, আচ্ছাদনীয়।
ছাদিত, ত্রি. [ছদ্+ইত] ছিন্ন; আচ্ছাদিত।
ছাদিতব্য, ত্রি. [ছদ্+ইতব্য] প্রচ্ছাদনীয়, গোপনীয়।
ছাদ্য, ত্রি. [ছাদ+য] গোপ্য, গুহ্য।
ছাদ্মিক, ত্রি. [ছদ্মন্+ইক] কাপটিক; কপটী।
ছানন, (প্রা) মিশ্রণ, একত্রীকরণ, চটকান, [মাখন।
ছানা, (প্রা) শাবক; শিশু; দুগ্ধবিকার, আমিক্ষা; মিশ্রিত।
ছানারজল, (প্রা) মণ্ড, দধিমণ্ড, দুগ্ধমণ্ড, দধ্যুত্তর, মাত।
ছানী, (প্রা) চক্ষুরোগবিশেষ, মস্থ, নেত্রপটল, শুক্র, লিঙ্গনাশ, ফুলী, গাসুড়ীয়া।
ছান্দস, পুং. [ছান্দস্+অ] বেদাধ্যেতা; (ত্রি.) শ্রৌত, শ্রোত্রিয়, শ্রুতিজ্ঞ; বেদাধ্যাপক।
ছান্দোগ্য, ন. [ছান্দস্+গ-য] সামবেদোপনিষৎ।
ছাপ, (হি) মুদ্রা; চিহ্ন; ছাপা; জাঁত।
ছাপন, (প্রা) বস্ত্রাঙ্কন, মুদ্রাঙ্কন; লুকান; উথলন।
ছাপর, (প্রা) আচ্ছাদন, ছপ্পর, ছত্রী।
ছাপরখাট, (প্রা) পর্য্যঙ্ক, খট্টা, মঞ্চ।
ছাপা, (প্রা) মুদ্রাঙ্কিত; চিহ্নিত, অঙ্কিত; গুপ্ত, অপ্রকাশিত।
ছাপাকর, (প্রা) মুদ্রাকর, মুদ্রক, চিহ্নকারী।
ছাপাছাপি, (প্রা) পরস্পর গোপন হওন; উভয়ে মুদ্রাঙ্কণ করণ।
ছাপান, (প্রা) মুদ্রাঙ্কণ; দাবন; লুকান; উথলন।
ছাপী, (প্রা) লুক্কায়িত, অপ্রকাশিত।
ছাবান, (প্রা) গৃহাচ্ছাদনকরণ
ছাবাল, (প্রা) বালক, শিশু।

ছায়া, স্ত্রী. [ছো+য] রৌদ্রশূন্য, তৎপর্য্যায়।—ভাবানুগা, শ্যামা, অতেজ, ভীরু, অনাতপ, আভীতি, আতপাভাব, ভাবালীনা, সূর্য্যপ্রকাশাভাব, অপ্রকাশ; প্রতিবিম্ব; সূর্য্যপত্নী; সাসংজ্ঞা প্রতিকৃতি; পালন; উৎকোচ; কান্তি; সচ্ছোভা; পংক্তি; কাত্যায়নী; তম; সাদৃশ্য।
ছায়াকর, পুং. [ছায়া+কর] ছত্রধার, ছাতাবরদার; (ত্রি.) ছায়াছন্ন; মিথ্যা।
ছায়াকৃতি, ত্রি. [ছায়া+কৃতি] অবাস্তবিক, অসার, অপ্রকৃত, আভাসাত্মক, মিথ্যা।
ছায়াটিয়া, (প্রা) অনাতপ, ছায়াযুক্ত।
ছায়াচ্ছন্ন-ছায়াচ্ছাদিত, ত্রি. [ছায়া+আচ্ছন্ন] সচ্ছায়, ছায়াযুক্ত।
ছায়াতনয়, পুং. [ছায়া+তনয়] শনিগ্রহ।
ছায়াতরু, পুং. [ছায়া+তরু] স্থিরচ্ছায়বৃক্ষ, সদাছায়াকর গাছ; বৃহদ্বৃক্ষ।
ছায়াত্মক, ত্রি. [ছায়া+আত্মক] অবাস্তবিক, অপ্রকৃত।
ছায়াত্মজ, পুং. [ছায়া+আত্মজ] শনিগ্রহ।
ছায়াত্মা, পুং. [ছায়া+আত্মন্] প্রতিচ্ছায়া, প্রতিবিম্ব।
ছায়াপথ, পুং. [ছায়া+পথ] দেবপথ, আকাশ।
ছায়াপাদ, (প্রা) ছায়ার পরিমাণদ্বারা কালনিরূপণ।
ছায়াপুরুষ, পুং. [ছায়া+পুরুষ] আকাশে দৃষ্ট, স্বীয়চ্ছায়ারূপ পুরুষ।
ছায়াবৎ, ত্রি. [ছায়া+বৎ] সদানুগত, কাছাধরা।
ছায়াবহুল, ত্রি. [ছায়া+বহুল] ছায়াচ্ছন্ন।
ছায়াবাহুল্য, ন. [ছায়া+বাহুল্য] আতপরাহিত্য, ছায়াযুক্ততা।
ছায়াবৃত, ত্রি. [ছায়া+আবৃত] ছায়াচ্ছাদিত।
ছায়াব্যবহার, পুং. [ছায়া+ব্যবহার] জ্যোতিঃশাস্ত্রোক্তাঙ্কবিশেষ।
ছায়াভৃৎ, পুং. [ছায়া+ভৃৎ] চন্দ্র।
ছায়ামণ্ডপ, পুং. ন. [ছায়া+মণ্ডপ] চন্দ্রাতপযুক্ত স্থান, চাঁদোয়া দেওয়া স্থান; বিবাহার্থ সজ্জিতমণ্ডপ

ছায়ামণ্ডপী, ত্রি. [ছায়ামণ্ডপ+ইন্] বিবাহকালীন সমাজস্থ মান্যাস্পদ ব্যক্তি সম্বন্ধীয় মুদ্রাদান।
ছায়াময়, ত্রি. [ছায়া+ময়] সচ্ছায়, ছায়াবৃত, ছায়াযুক্ত। [পত্র।
ছায়ামিত্র, ন. [ছায়া+মিত্র] ছত্র, আত-
ছায়ামৃগধর, পুং. [ছায়া+মৃগ+ধর] চন্দ্র।
ছায়াযুক্ত, ত্রি. [ছায়া+যুক্ত] ছায়াময়, সচ্ছায়।
ছায়ারূপ, ত্রি. [ছায়া+রূপ] ছায়াকৃতি, অবাস্তবিক।
ছায়াসুত, পুং. [ছায়া+সুত] শনি।
ছায়াহীন, ত্রি. [ছায়া+হীন] অপচ্ছায়, ছায়ারহিত; সাতপ।
ছার, (প্রা) ভস্মবৎ; অধম, অপ্রিয়, অমঙ্গল।
ছারকপাল, (প্রা) দুর্ভাগ্য, দুর্গতি, অমঙ্গল, দুরদৃষ্ট।
ছারকপালিয়া, (প্রা) নির্ভাগ্য, অলক্ষ্মীবান্, অশ্রীবান্, হতভাগ্য।
ছারখার, (প্রা) ভস্মসাৎ, সর্ব্বনাশ, নষ্ট, উচ্ছিন্ন প্রচ্ছিন্ন। [মৎকুণ।
ছারপোকা, (প্রা) গন্ধি, তল্পকীট, খাটমল,
ছাল, (প্রা) ত্বক্, চর্ম্ম; বল্কল।
ছালন, (প্রা) সুপ, ব্যঞ্জন। [বিশেষ।
ছালনা, (প্রা) চান্দনি, চাঁদনি; স্ত্রীপাদাভরণ
ছালনাতলা, (প্রা) যে স্থলে বর কন্যাকে একত্রে মিলন করা হয়, স্ত্রীআচার স্থান।
ছালা, (প্রা) গুণ, যুগল থলিয়াদি পূর্ণিত বস্তু; ঝুলি।
ছালিয়া, (প্রা) বালকগণ।
ছালিয়াপিলিয়া, (প্রা) বালক।
ছি, পুং. [ছো+ই] গর্হা।
ছি, (প্রা) নিন্দা, ঘৃণাসূচক শব্দ, হেয়বোধক শব্দ, ধিক্।
ছিঁচকা, (প্রা) শলাকা, শঙ্কু, শিক, গজ
ছিঁড-ছিঁড়নি, (প্রা) জলমার্গ; ধারা, নিয়ম।
ছিঁড়া, (প্রা) বিচ্ছিন্ন, সচ্ছেদ, খণ্ডিত।
ছিকল, (প্রা) শৃঙ্খল, শিকলি।
ছিকলন-তিকলান, (প্রা) বন্ধন, যোড়ান, সংযোগকরণ।
ছিকলি, (প্রা) শৃঙ্খল।
ছিক্কক, ত্রি. [ছিক্ক্+অক] নস্য, ক্ষুৎকারী
ছিক্কন, ন. [ছিক্ক্+অন] ক্ষুত, ক্ষবথু।
ছিক্কনী, স্ত্রী. [ছিক্কন+ঈ] বৃক্ষবিশেষ, ছিক্কী, নাকছিক্কী, হাঁচুটীগাছ, তৎপর্য্যায়।—ক্ষবকৃৎ, তিক্তা, ছিক্কিকা, ঘ্রাণ দুঃখদা।
ছিক্কা, স্ত্রী. [ছিক্ক+আ] ক্ষুত, ক্ষব, ক্ষবথু, ক্ষুৎ, ক্ষুতা, ছিক্কন, কাশ, প্রাণন্তী, হঞ্চি, ঘ্রাণদুঃখদা, হাঁচি, ছিঁক্
ছিক্কিকা, স্ত্রী. [ছিক্ক+ইকা] ছিক্কনী, হাঁচুটীগাছ। [স্তেয়কৃৎ।
ছিচকাচোর, (প্রা) অল্পচৌর্য্যাকৃৎ, অল্প-
ছিচকাঁদনিয়া, (প্রা) অল্পবিষয়নিমিত্ত ক্রন্দন।
ছিছি, (প্রা) ঘৃণাসূচক শব্দ।
ছিট, (প্রা) চিত্রিতবস্ত্র; অবশিষ্ট।
ছিটন-ছিটান, (প্রা) বিকীরণ, বপন, ছড়ান।
ছিটা, (প্রা) চিন্দু, কণা।
ছিটাগুলি, (প্রা) সীসকগুলি, ক্ষুদ্রগুলিকা।
ছিট্‌কন-ছিট্‌কান, (প্রা) প্রক্ষেপণ, ছড়ান, ঠিকরণ।
ছিট্‌কা, (প্রা) শিকা, ফাঁসী, ফাঁদ।
ছিৎ, স্ত্রী. ছিদ্।
ছিত, ত্রি. [ছো+ত] ছিন্ন, ছেদিত, কাটা।
ছিত্তি, পুং. [ছিদ্+তি] করজবৃক্ষ; ছেদ।
ছিত্বর, ত্রি. [ছিদ্+বর] ধূর্ত্ত; বৈরি; কর্ত্তরিকা
ছিদ্, স্ত্রী. ছিত্তি, খণ্ডন, ছেদন; (ত্রি.) ছেদনকর্ত্তা।
ছিদক, ন. [ছিদ্+অক] বজ্র।
ছিদা, স্ত্রী. [ছিদ্+আ] ছেদন।
ছিদি, স্ত্রী. [ছিদ্+ই] কুঠার।
ছিদির, পুং. [ছিদ্+ইর] অগ্নি; রজ্জু; করবাল; পরশ্বধ।
ছিদুর, ত্রি. [ছিদ্+উর] ছেদনদ্রব্য; ধূর্ত্ত; বৈরি
ছিদ্যমান, ত্রি. [ছিদা+মান] ব্যবচ্ছিন্ন, বিনিকৃত্ত।
ছিদ্র, ন. [ছিদ্+র] ভেদ, ছেঁদা; তৎপর্য্যায়।—কুহর, শুষির, বিবর, বিল,

নির্ব্বাথন, রোক; রন্ধ্র, শ্বভ্র, বপা, শুষির; দূষণ, দোষ।

ছিদ্রক, পুং. [ছিদ্র+ক] ছেত্তা। [কর্ণ।

ছিদ্রকর্ণ, ত্রি. [ছিদ্র+কর্ণ] বিদ্ধকর্ণ; ছিন্ন-

ছিদ্রণ, ন. [ছিদ্র+ন] ভেদকরণ।

ছিদ্রবৈদেহী, স্ত্রী. [ছিদ্র+বৈদেহী] গজ-পিপ্পলী।

ছিদ্রবিশিষ্ট, ত্রি. [ছিদ্র+বিশিষ্ট] রন্ধ্রযুক্ত।

ছিদ্রানুসন্ধান, ন. [ছিদ্র + অনুসন্ধান] দোষানুসন্ধান।

ছিদ্রানুসন্ধানী-ছিদ্রানুসন্ধায়ী, ত্রি. [ছিদ্র+অনুসন্ধানী] পরদোষান্বেষী।

ছিদ্রানুসারী, ত্রি. [ছিদ্র+অনুসন্ধান] দোষান্বেষী।

ছিদ্রান্তঃ, পুং. [ছিদ্র+অন্তর] নল, খাগড়া।

ছিদ্রাফল, ন. [ছিদ্রা+ফল] মায়াফল।

ছিদ্রান্বেষী, ত্রি. [ছিদ্রা+অন্বেষিন্] দোষান্বেষী; গহ্বরসন্ধানী।

ছিদ্রিত, ত্রি. [ছিদ্র+ইত] কৃতচ্ছিদ্র, বেধিত, বিদ্ধ।

ছিদ্বর, ত্রি. [ছিদ্+বর] ছিত্বর।

ছিনন, (প্রা) বলদ্বারা গ্রহণ, হরণ; ধরণ।

ছিনান, (প্রা) ঘালাগান, ঠেকান।

ছিনাল, (প্রা) বেশ্যা, কুলটা।

ছিনালীপনা, (প্রা) গণিকাকর্ম্ম, বেশ্যামি।

ছিনালি, (প্রা) লম্পটী, বেশ্যাদিগের চাতুরী।

ছিন্ন, ত্রি. [ছিদ্+ন] কৃতচ্ছেদন, ছাত, লূন, কৃত্ত, দাত, দিত, তিত, বৃক্ণ, কৃন্ত, ছাদিত, ছেদিত, খণ্ডিত; ছেঁড়া, কাটা; বিদীর্ণ।

ছিন্নক, ত্রি. [ছিন্ন+ক] অল্পছেদন।

ছিন্নকর্ণ, ত্রি. [ছিন্ন++কর্ণ] বিদ্ধকর্ণ।

ছিন্নকেশ, ত্রি. [ছিন্ন+কেশ] কৃপ্তকেশ, মুণ্ডিত, কৃতচূড়।

ছিন্নগ্রন্থিনিকা, স্ত্রী. [ছিন্ন+গ্রন্থিনিকা] ত্রিপর্ণিকা।

ছিন্নধন্বা, পুং. [ছিন্ন+ধন্বন্] রণস্থলে যে যোদ্ধার ধনুঃছিন্ন হইয়াছে।

ছিন্ননাস-ছিন্ননাসিক, ত্রি. [ছিন্ন+নাস-নাসিক] কর্ত্তিত নাসিকা।

ছিন্ননাস্য, ত্রি. [ছিন্ন+নাস্য] কর্ত্তিত নাসিকা-

ছিন্নপত্রী, স্ত্রী. [ছিন্ন+পত্রী] অম্বষ্ঠা।

ছিন্নবন্ধন, ত্রি. [ছিন্ন+বন্ধন] বন্ধনমুক্ত, বিমোচিত।

ছিন্নবিচ্ছিন্ন, ত্রি. [ছিন্ন+বিচ্ছিন্ন] ছিন্নভিন্ন, খণ্ডিত, ব্যবচ্ছিন্ন।

ছিন্নবেশিকা, স্ত্রী. [ছিন্ন+বেশ+ইকা] পাঠা, আকনাদিলতা।

ছিন্নভিন্ন, ত্রি. [ছিন্ন+ভিন্ন] বিকীর্ণ, প্রকীর্ণ, উদস্ত, বিক্ষিপ্ত প্রভৃত।

ছিন্নমস্ত-ছিন্নমস্তক, ত্রি. [ছিন্ন+মস্ত-ক] কবন্ধ, কর্ত্তিতশিরা, বিমস্তকিত।

ছিন্নমস্তা, স্ত্রী. [ছিন্নমস্ত+আ]দশমহাবিদ্যান্তর্গত ষষ্ঠ মহাবিদ্যা, প্রচণ্ডচণ্ডিকা।

ছিন্নমাংস, ন. [ছিন্ন+মাংস] খণ্ডমাংস।

ছিন্নরুহ, পুং. [ছিন্ন+রুহ] তিলকবৃক্ষ।

ছিন্নরুহা, স্ত্রী. [ছিন্নরুহ+আ] গুড়ূচী; স্বর্ণকেতকী; শল্লকী।

ছিন্নশিরা, ত্রি. [ছিন্ন+শিরা] কবন্ধ, ছিন্নমস্তক।

ছিন্নসংশয়, ত্রি. [ছিন্ন+সংশয়] অসংশয়, অসন্দিগ্ধ, নিঃসন্দেহ। [কৃত

ছিন্নহস্ত, ত্রি. [ছিন্ন+হস্ত] বিকলাঙ্গ, বিহস্তী-

ছিন্না, স্ত্রী. [ছিন্ন+আ] গুড়ূচী; পুংশ্চলী, বেশ্যা; ছিন্নমস্তা দেবী।

ছিন্নাঙ্গ, ত্রি. [ছিন্ন+অঙ্গ] হীনাঙ্গ, অপাঙ্গ, অঙ্গবিকল।

ছিন্নোদ্ভবা, স্ত্রী. [ছিন্ন+উদ্ভবা] গুড়ূচী।

ছিপ, (প্রা) বড়সীর সূত্রবন্ধদণ্ড, মৎস্যধরণযন্ত্র।

ছিপন-ছিপান, (প্রা) গোপন, লুকান, দানব।

ছিপী, (প্রা) পিধান, কূপাদি ছিদ্রপিধান, গুঁজি, ছিদ্ররোধক কাষ্ঠ।

ছিবড়া, (প্রা) চর্ব্বিত বস্তুরত্যক্ত কঠিনভাগ।

ছিম, (প্রা) বর্ব্বটী, শিম্বী, শিম।

ছিমড়া-ছিমড়ি, (প্রা) শুঁটী; অনাথ, পিতৃহীন।

ছিলকা, (প্রা) বল্কল, ত্বক্, বাকল, ছোল, খোসা।

ছিলন, (প্রা) ত্বক্‌নির্ম্মোচন।
ছিলা, (প্রা) জ্যা, ধনুর্গুণ। [বৃক্ষ।
ছিলিহিণ্ড, পুং. [ছিলি+হিণ্ড] পাতালগরুড়
ছুঁচ, (প্রা) সুচি, সেবনী, কুর্চ্চিকা, সোমাজি, সুঁই।
ছুঁচা-ছুছা, (প্রা) গন্ধমূষিক, ছুছুন্দরী।
ছুচাল, (প্রা) সূক্ষ্মাগ্র, সূচ্যগ্র, আগাল।
ছুঁচিপাতন, (প্রা) আড়িপাতন, উঁকিমারণ, বিরলে দর্শন।
ছুচিয়াব্রহ্মজাল, (প্রা) বিষভুজঙ্গবিশেষ।
ছুঁড়ী, (প্রা) বয়স্থাকন্যা, নবযৌবনা।
ছুঁয়ন, (প্রা) স্পর্শন, ঠেকন, হস্তাদি যোগকরণ।
ছুকরী, (প্রা) বয়স্থাকন্যা।
ছুছুন্দরী, স্ত্রী. জন্তুবিশেষ, ছুঁছা, তৎপর্য্যায়। গন্ধমূষা, চিক্ক, বেশ্মনকুল, পুংবৃষ, গন্ধমূষিক, গন্ধমূষিকা, রাজপুত্রী, প্রতিমূষিকা, সুগন্ধিমূষিকা, গন্ধশুণ্ডিনী, শুণ্ডিমূষিকা, গন্ধাখু, গন্ধনকুল, চুণ্ড, গন্ধমুখী, গন্ধসূয়ী, লিঙ্গালিকা।
ছুট, (প্রা) ত্যাগ, বর্জ্জন।
ছুটন-ছুটনি, (প্রা) পলায়ন, দ্রুতগমন।
ছুঁটা, (প্রা) পলায়িত, দ্রুত নির্গত।
ছুটাছুটি, (প্রা) পলায়ন, নির্গতি, দৌড়াদৌড়ি।
ছুটান, (প্রা) শীঘ্রগমন করান; ছাড়ান, এড়ান।
ছুটানী, (প্রা) মুঞ্চন, মুক্তি, ছাড়ানি।
ছুটালিয়া, (প্রা) ক্ষুদ্র; সামান্য; লঘু; ফড়িয়া।
ছুটী, (প্রা) বিদায়, বিরাম; উদ্ধার, ছাড়ানি।
ছুড়ন, (প্রা) প্রক্ষেপণ, ত্যাগকরণ, ছাড়ন।
ছুৎ, (প্রা) মারী, মারক, মড়ক।
ছুঁত-ছুতা (প্রা) ব্যাজ, ছল; উপলক্ষ; ওজর।
ছুতল, (প্রা) খল, প্রতারক, ঠক, বঞ্চক।
ছুতার. (প্রা) সূত্রধার, তক্ষক।
ছুদ্র, ন. প্রতীকরণ; রশ্মি, কিরণ।
ছুনি, (প্রা) ক্ষুদ্র, লঘু। [যুদ্ধ
ছুপ, পুং. [ছুপ্+অ] ক্ষুপ; স্পর্শন; চপল;
ছুপন, (প্রা) চাপন, জয়করণ, আক্রমণ, ধারণ, বাড়ন।
ছুপ্ত, ত্রি. [ছুপ্+ত] স্পৃষ্ট, সংস্পৃষ্ট।

ছুরা, স্ত্রী. [ছুর্+আ] চূর্ণ; সুধা।
ছুরিকা, স্ত্রী. [ছুর+ইকা] অস্ত্রবিশেষ, তৎপর্য্যায়।—অসিপুত্রী, অসিধেনুকা, ছুরী, শস্ত্রী, খুরী, ছুরী, কৃপাণিকা, ধেনুপুত্রী, ছুরিকা, কুন্তনিকা, কুন্তত্র, কর্ত্তরিকা।
ছুরিত, ত্রি. [ছুর্+ইত] খচিত; ছিন্ন।
ছুরিতোদর, ত্রি. [ছুরিত+উদর] ভেদ্যোদর।
ছুরী, স্ত্রী. [ছুর্+ঈ] ছুরিকা।
ছুলি-ছুলী, (প্রা) কচ্ছু, রোগবিশেষ; চামড়ী, মরামাস, খুকী।
ছুহারা, (প্রা) খর্জ্জুরবিশেষ।
ছূরিকা, স্ত্রী. [ছূর্+ইকা] বন্ধ্যাগাভী, অপ্রসূতা গো; ছুরিকা।
ছূরিকাপত্রী, স্ত্রী. [ছুরিকা+পত্রী] শ্বেতা
ছূরী, স্ত্রী. [ছূর্+ঈ] ছুরিকা
ছে, (প্রা) খণ্ড, টুকরা।
ছেই, (প্রা) হেয়বোধকশব্দ, ছিছি।
ছেঁওড়, (প্রা) ছেমণ্ড, মাতৃ পিতৃহীন।
ছেঁক-ছেঁকন, (প্রা) অন্তর, বিরাম, বিচ্ছেদ, নিবৃত্তি।
ছেঁচকা, (প্রা) তপ্তলৌহদ্বারা দগ্ধ।
ছেঁকচি-ছেঁচকি, (প্রা) ঈষৎভ্রষ্ট।
ছেঁচন, (প্রা) সেবন, অভিষেক, ক্ষালন।
ছেঁচড়া, (প্রা) নির্লজ্জ, অনপত্রপ, বেহায়া; দুষ্ট।
ছেঁচড়ামি, (প্রা) দুষ্টতা; নীচতা; শঠতা।
ছেঁচা, (প্রা) গতজল, গততোয়; মর্দ্দি।
ছেঁচোড়, (প্রা) অল্পস্তেয়কৃৎ, পাতিচোর; দুষ্টব্যক্তি।
ছেঁড়া, (প্রা) বিদারিত, বিদীর্ণ, ছিন্ন।
ছেঁদা, (প্রা) ছিদ্র, রন্ধ্র, গর্ত্ত।
ছেক, ত্রি. [ছো+ইক] গৃহাসক্ত পক্ষি বা মৃগ, গৃহক; নাগর।
ছেকতড়কে, (প্রা) কালে কালে, বারম্বার।
ছেকোক্তি, ত্রি. [ছেক+উক্তি] বক্রোক্তি, ব্যঙ্গোক্তি; পর্য্যায়োক্তি
ছেটন, (প্রা) প্রসারণ, প্রক্ষেপণ
ছেটা, (প্রা) প্রসৃত, বিকীর্ণ।
ছেত্তব্য, ত্রি. [ছিদ্+তব্য] খণ্ডনার্হ।
ছেত্তা, পুং. [ছিদ্+তৃ] ছেদনকর্ত্তা।

ছেত্তৃ, পুং. [ছিদ্+তৃ] ছিত্বর, ছিদুর।
ছেদ, পুং. [ছিদ্+অ] ছেদন; খণ্ড; ভগ্নাংশ।
ছেদক, ত্রি. [ছিদ্+অক] ছেদকর, বিভেদক, ছেত্তা।
ছেদকদন্ত, পুং. [ছেদক+দন্ত] রাজদন্ত।
ছেদকর, ত্রি. [ছেদ+কর] ছিত্বর, ছিদুর।
ছেদন, ন. [ছিদ্+অন] অস্ত্রদ্বারা দ্বিধাকরণ; তৎপর্য্যায়।—বর্দ্ধন, কর্ত্তন, কল্পন, ব্রশ্চন, ছেদ, খণ্ডন, ছিদা, ছিত্তি, লূনি, লাব, দাতি, দান; ভেদ।
ছেদনীয়, পুং. [ছিদ্+অনীয়] কতকবৃক্ষ; (ত্রি.) ছেদ্য, ছেদনার্হ।
ছেদি, ত্রি. [ছিদ্+ই] ছেদনকর্ত্তা, ছেদক।
ছেদিক, পুং. [ছিদ্+ইক] বেত্র, বেতস।
ছেদিত, ত্রি. [ছিদ্+ইত] ছিন্ন, কর্ত্তিত, দাত, দিত, খণ্ডিত।
ছেদিতব্য-ছেদ্য, ত্রি. [ছিদ্+ই-তব্য] ছেদনীয়; (ন.) অঙ্গচ্ছেদন।
ছেনা, (প্রা) আমিক্ষা; শাবক।
ছেনি, (প্রা) স্বর্ণকারাদির অস্ত্রবিশেষ।
ছেপ, (প্রা) নিষ্ঠীবন, থুথু, থুক।
ছেমণ্ড, পুং. [ছে+মণ্ড] পিতৃহীন, ছেমড়া।
ছেমুয়া, (প্রা) কর্কশ, নবস্বভাব, কর্কশশীল, বানি।
ছেলিয়া-ছেল্যা, (প্রা) বালক, বালিকা, অবগণ্ড।
ছেলিয়ামি-ছেল্যামি, (প্রা) বালকতা, চিড়চিড়াম।
ছেলী, (প্রা) ছাগল; মৃগের গাত্রচিহ্ন।
ছেলীপড়া, (প্রা) চিত্রিত, বিচিত্রিত, নানাবর্ণ; চিহ্নিত।
ছেলু, পুং. [ছেল্+উ] সোমরাজীবৃক্ষ।
ছোঁ, (প্রা) পক্ষ্যাদির শীকারার্থ অবনতাঙ্গ।
ছোঁয়ন-ছোঁআন, (প্রা) স্পর্শন, গ্রহণ, সংযুক্তকরণ।
ছোঁয়া, (প্রা) স্পর্শিত; কাকত্রাসকমূর্ত্তি।
ছোঁয়াচ, (প্রা) অপবিত্র, অশুদ্ধ।
ছোঁচা, (প্রা) ছুছুন্দরী; লোলুপ।
ছোঁচান, (প্রা) জলশৌচকরণ।
ছোঁচামি, (প্রা) লুব্ধতা।
ছোঁড়া, (প্রা) বালক।
ছোকরা, (প্রা) কিঞ্চিদ্বয়স্ক বালক, শিশু।
ছোট, (প্রা) লঘু, খাট, অল্প, কনিষ্ঠ, তুচ্ছ, নীচ, অধম।
ছোটন, (প্রা) দ্রুতগমন, শীঘ্রগতি, দৌড়ন; ছাড়ন।
ছোটঠাকুর, (প্রা) শ্বশুরের কনিষ্ঠ ভ্রাতা; অথবা অভীষ্ট দেবের কনিষ্ঠভ্রাতা।
ছোটঠাকুরপো, (প্রা) স্বামির কনিষ্ঠভ্রাতা; গুরুজনের কনিষ্ঠ পুত্র।
ছোটভগিনী, (প্রা) কনিষ্ঠাভগ্নী।
ছোটমা, (প্রা) কনিষ্ঠা বিমাতা; লক্ষ্মী; সম্পত্তি।
ছোটলঙ্কা, (প্রা) ধানী লঙ্কাবিশেষ।
ছোটলোক, (প্রা) নীচলোক, অধমলোক।
ছোটশিকার, (প্রা) লম্বকর্ণ, শশক।
ছোটক্ষীরুঈ, (প্রা) বৃক্ষবিশেষ।
ছোটা, (প্রা) মুক্ত, বিমোহিত; কদলীপত্রের ত্বক্; দৌড়ন, পলায়ন; রজ্জুবিশেষ।
ছোটিকা, স্ত্রী. [ছুট+ইকা] তর্জ্জন্যঙ্গুষ্ঠাঙ্গুলিধ্বনি।
ছোটী, পুং. [ছো+উটিন্] কৈবর্ত্ত, ধীবর।
ছোড়ন, (প্রা) বাণাদি প্রক্ষেপণ।
ছোড়ান, (প্রা) কুঞ্চিকা, তালারকাটী।
ছোপ, (প্রা) বস্ত্রাদিতে চিহ্ন, দাগ, অঙ্ক।
ছোপান, (প্রা) বস্ত্রাঙ্কন; চিহ্নকরণ।
ছোপড়া-ছোবড়া, (প্রা) নারিকেলাদির ত্বক্, খোসা, ছিলকা।
ছোবল, (প্রা) সর্পের দংশনবিশেষ।
ছোরণ, ন. [ছুর্+অন] পরিত্যাগ।
ছোরা, (প্রা) যমধার, ছুরিকা, ছোড়ন।
ছোল, (প্রা) ত্বক্, বল্কল, ছাল।
ছোলঙ্গ, পুং. [ছোল+অঙ্গ] মাতুলঙ্গ, টাবানেবু।
ছোলন, (প্রা) ত্বচাদির উত্তোলন, ছালতোলন; চাঁচা।
ছোলা, (প্রা) চণক; ত্বক্‌নির্ম্মুক্ত।
ছ্যা, (প্রা) তুচ্ছবাক্য, হেয়জ্ঞান, ঘৃণার্হশব্দ, ছিছি।

সের, দ্রোণচতুষ্টয়।

জ

জকার, ব্যঞ্জনাষ্টম বর্ণ। চ বর্গের তৃতীয় বর্ণ। ইহার উচ্চারণ তালু হইতে হয়, তস্য নামানি যথা--শব; বানর; শূলী; ভোগদা; বিজয়া; স্থিরা; বলদেব; জষ; জেতা; ধাতকী; সুমুখী; বিভু; লম্বোদরী; স্মৃতি; শাখা; সুপ্রভা; কর্ত্তৃকা; ধরা; দীর্ঘবাহু; রুচি; হংস; নন্দী; তেজ; সুরাধিপ; জবন; বেগিত; বাম; মানবাক্ষ; সদাত্মক; হৃন্মারুত; ঈশ্বর; বেগী; আমোদ; মদবিহ্বল।

জ, পুং. মৃত্যুঞ্জয়; জনার্দ্দন; জনি, জন্ম; তাতমাত্র; বিষ; ভুক্তি; তেজ; পিশাচ; বেগ; (ত্রি.) বেগিত; জেতা; ভক্ষিত।

জইড়, (প্রা) জটা; বৃক্ষমূল।

জওহর, (যাং) হীরক, হীরা।

জকার, পুং. [জ+কার] জ বর্ণ।

জকারাদি, ত্রি. [জকার+আদি] জ আদিবর্ণ।

জকারান্ত, ত্রি. [জকার+অন্ত] জ অন্ত্যবর্ণ।

জকুট, ন. [জক্+উট] বার্ত্তাকুপুষ্প; (পুং.) মলয়পর্ব্বত; কুক্কুর।

জকৃসকিয়া, (প্রা) প্রকোপিত, জাতকোপ, উত্তেজিত।

জগচ্চক্ষুঃ, পুং. [জগৎ+চক্ষুস্] সূর্য্য।

জগজ্জনক, পুং. [জগৎ+জনক] বিশ্বকর্ত্তা, লোকোৎপাদক; বিষ্ণু; ব্রহ্মাদি

জগজ্জননী, স্ত্রী. [জগৎ+জননী] বিশ্বকর্ত্রী; দুর্গাদি।

জগঝম্প, (প্রা) বাদ্যযন্ত্রবিশেষ।

জগৎ, ন. [গম্+অৎ] বিশ্ব, তৎপর্য্যায়।—জগতী, লোক, পিষ্টপ, ভুবন, বিষ্টপ, চরাচর, পৃথিবী, ভু, ভব, ভূগোল, জীবাধার, জীবাজীবাধার, সংসার, ব্রহ্মাণ্ড, ভুতসৃষ্টি, বিশ্বলোক; (পুং.) বায়ু; (ত্রি.) জঙ্গম, অস্থায়ী।

জগৎকর্ত্তা, পুং. [জগৎ+কর্ত্তৃ] ব্রহ্মা।

জগৎকৃৎস্ন, ন. [জগৎ+কৃৎস্ন] সর্ব্বজগৎ।

জগদ্ঘাতী, পুং. [জগৎ+ঘাতী] বিশ্বঘাতক, সৃষ্টিনাশক।

জগত্তারক, পুং. [জগৎ+তারক] জগদুদ্ধারক।

জগত্ত্রয়, ন. [জগৎ+ত্রয়] ত্রৈলোক্য, ত্রিভুবন, ভুবনত্রয়; স্বর্গমর্ত্যপাতাল

জগত্ত্রাণ, ন. [জগৎ+ত্রাণ] বিশ্বত্রাণ, লোকউদ্ধরণ

জগত্ত্রাতা, পুং. [জগৎ+ত্রাতা] জগত্তারক।

জগৎপতি, পুং. [জগৎ+পতি] পৃথিবীশ্বর, সর্ব্বেশ্বর।

জগৎপাতা-জগৎপালক, পুং. [জগৎ+পাতা-পালক] স্থিতিকর্ত্তা, পালনকর্ত্তা।

জগৎপ্রাণ, পুং. [জগৎ+প্রাণ] বায়ু, পবন।

জগৎসমগ্র-জগৎসর্ব্ব, ন. [জগৎ+সমগ্র-সর্ব্ব] ব্রহ্মাণ্ড, বিশ্ব।

জগৎসাক্ষী, পুং. [জগৎ+সাক্ষিন্] সূর্য্য।

জগৎস্রষ্টা, পুং. [জগৎ+স্রষ্টৃ] ব্রহ্মা, বিশ্বস্রষ্টা, জগৎকর্ত্তা, বিশ্ববিধায়ী।

জগৎসৌহৃদ্য, ন. [জগৎ+সৌহৃদ্য] সর্ব্বভূতদয়া, বিশ্বপ্রীতি।

জগৎক্ষয়, পুং. [জগৎ+ক্ষয়] প্রলয়, কল্পান্ত, জহানক, জিহানক, সংবর্ত্ত, ক্ষয়।

জাম্ববী, স্ত্রী. [জাম্বব+ঈ] নাগদমনী।

জাম্বুবান্, পুং. [জাম্বু+বৎ] জাম্ববান্, ঋক্ষরাজ; বানরবিশেষ।

জাম্বুনদ, ন. [জম্বুনদী+অ] স্বর্ণ; ধুস্তুর; স্বর্ণবিশেষ।

জায়, (প্রা) লেখা, বিবরণ।

জায়ক, ন. [জি+অক] কালীয়ক, কালিয়া, পীতবর্ণ সুগন্ধিকাষ্ঠ।

জায়গা, (যাং) স্থান, ভূমি।

জায়ফল, (প্রা) ফলবিশেষ, জাতীফল।

জায়া, স্ত্রী. [জন+য়া] ভার্য্যা, বনিতা, পত্নী।

জায়াঘ্ন, পুং. [জায়া+ঘ্ন] স্ত্রী হত্যাকারক; স্ত্রীর মৃত্যুসূচক চিহ্নবিশেষ।

জায়াজীব, পুং. [জায়া+জীব] নট; চারণ, বেশ্যাপতি।

জায়ানুজীবী, পুং. [জায়া+অনুজীবিন্] নট; বেশ্যাপতি; দুস্থ; দরিদ্র; বকপক্ষী।

জায়াপতী, পুং. [জায়া+পতী] ভার্য্যাপতি, দম্পতী, স্ত্রীপুরুষ, মাপু ভাতার।

জায়ু, পুং. [জি+উ] ঔষধ, ভেষজ।

জায়ী, পুং. [জায়+ইন্] ধ্রুবকভেদ।

জার, পুং. [জৄ+অ] উপপতি, গুপ্তপতি, যিড়্গ।

জারক, ত্রি. [জৄ+অক] জীর্ণকারক, পাচক।

জারজ-জারজাত, ত্রি. [জার+জ] উপপতি জাত সন্তান, বিজন্মা।

জারণ, ন. [জৄ+অন] জারাণ, জীর্ণকরণ, পচান।

জারণী, স্ত্রী. [জারণ+ঈ] স্থূলজীরক, মোটা-জীরা।

জারগর্ভ, ত্রি. [জার+গর্ভ] অসতী, ব্যভিচারী।

জারাশঙ্কা, পুং. [জার+আশঙ্কা] ভ্রষ্টাসন্দেহ, উপপতির আশঙ্কা।

জারী, স্ত্রী. [জার+ঈ] ঔষধবিশেষ, জাড়ী; প্রচার।

জারী, (যাং) আপ্তশ্লাঘা।

জারুথ, পুং. [জার+উথ] ত্রিগুণ দক্ষিণাক যজ্ঞ

জাল, ন. [জল+অ] স্বনামখ্যাত সূত্রাদি নির্ম্মিত মৎস্যাদি ধারণোপায়, আনায়, জালক; কূটযন্ত্র, বাগুরা, পাশ; গবাক্ষ; ক্ষারক, অস্ফুট কলিকা কুষ্মাণ্ডাদি ক্ষুদ্রফল; দম্ভ; সমূহ; ইন্দ্রজাল, কুহক; কৃত্রিম; (পুং.) কদম্ববৃক্ষ।

জালক, ন. [জাল+ক] অস্ফুটকলিকা, কুষ্মাণ্ডাদি ক্ষুদ্রফল, ক্ষারক; জাল; কোরক; দম্ভ; কুলায়; আনায়; সমূহ; (ন. স্ত্রী.) মোচকফল; (পুং.) গবাক্ষ।

জালকাগজ, (যাং) জালখৎ।
জালকারক, পুং. [জাল+কারক] মর্কটক, মাকড়সা ; (ত্রি.) জালকর্ত্তা।
জালকিনী, স্ত্রী. [জালক+ইনী] মেষী, মেড়ী, ভেড়ী।
জাতখত, (যাং) কৃত্রিমলেখা।
জালগর্দ্দভ, পুং. [জাল+গর্দ্দভ] রোগবিশেষ
জালগোণিকা, স্ত্রী. [জাল+গোণিকা] দধিমন্থন ভাণ্ডবিশেষ, কণ্ঠালা।
জালন-জ্বালন, (প্রা) উদ্দীপন ; পোড়ান, জ্বালাইবার কাষ্ঠাদি।
জালন্ধর, পুং. [জাল+অন্ধর] ত্রিগর্ত্তদেশ; ত্রিগর্ত্তদেশস্থ। [হাঁস।
জালপাৎ, পুং. [জাল+পাৎ] হংস, মরাল,
জালপ্রায়া, স্ত্রী. [জাল+প্রায়া] অঙ্গরক্ষিণী; লোহার সাঁজোয়া।
জালবর্ব্বূরক, পুং. [জাল+বর্ব্বূরক] বর্ব্বূরবৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—ছত্রাক, স্থূলকণ্টক, সূক্ষ্মশাখ, তনুচ্ছায়, রন্ধ্রকণ্ট।
জালা, (প্রা) আলিঞ্জর, জলাদি রক্ষণার্থ বৃহৎ মৃৎপাত্র।
জালান, (প্রা) জ্বালন, দাহন, উত্তাপন
জালানিকাষ্ঠ, (প্রা) ইন্ধন।
জালি, (প্রা) অস্ফুট কলিকা, কুষ্মাণ্ডাদিফল; ছিদ্র।
জালিক, পুং. [জাল+ইক] মর্কটক, মাকড়সা ; কৈবর্ত্ত; বাগুরিক, জালে মৃগবন্ধনকর্ত্তা, ব্যাধ। (ত্রি.) গ্রামজালী ; জালোপজীবী।
জালিম্, (যাং) উপমর্দ্দক, নির্দ্দয়।
জালিকা, স্ত্রী. [জালিক+আ] বস্ত্রবিশেষ; গিরিসার; জলৌকা, জোঁক; বিধবা, তটানামপ্লবরচিতাঙ্গ রক্ষিণী।
জালিনী, স্ত্রী. [জালিন্+ঈ] চিত্রশালা; কোষাতকী, ঘোষাতকী।
জালিয়া, (প্রা) ধীবর, কৈবর্ত্ত, দাস, মাৎস্যিক, মৈনিক, জালিক, জালী, ডীবর, শাকরিক।
জালী, স্ত্রী. [জাল+ইন্] জ্যোৎস্নী, ঝিঙ্গা; পটোল; (পুং.) ধীবর; ব্যাধ; কুহক।
জালী, (প্রা) ঝর্ঝরী, ঝালর, মর্কটজাল; অক্ষিপটোল, সূক্ষ্মচর্ম্ম, ছানী।
জালীপড়া, (প্রা) ঝালরের সচ্ছিদ্র, জলজলিয়া, ঝালরবৎ। [বিশিষ্ট।
জাল্জাল্, (প্রা) জালাকার, জালবৎ অন্তরাল
জাল্তি, (প্রা) মুখবন্ধনী, মুখাস ; জাল।
জাল্ম, ত্রি. [জাল+ম] পামর; ক্রূর; অসমীক্ষকারী।
জাষক, ন. [জাষ+অক] কালীয়নাম গন্ধদ্রব্য।
জাসুস্-জাসু, (যাং) চর, গুঢ়পুরুষ।
জাহক, পুং. [হা+অক] ঘোঙ্ঘ, ঘোষ; মার্জ্জার; খট্বা; কারুণ্ডিকা; বিলেশয় জন্তুবিশেষ, তৎপর্য্যায়।—গাত্রসঙ্কোচী, মণ্ডলী, বহুরূপক, কামরূপী, বিরূপী, বিলবাস।
জাহাজ, (যাং) অর্ণবপোত।
জাহাজী, (যাং) নাবিক, খালাসী।
জাহির্, (যাং) প্রকাশ।
জাহ্নবী, স্ত্রী. [জহ্নু+অ-ঈ] গঙ্গা।
জি, ত্রি. [জি+ই] জেতা, জয়যুক্ত; (পুং.) পিশাচ।
জিআন, (প্রা) জীবনদানকরণ, প্রাণরক্ষাকরা; পুষ্করিণ্যাদিতে মৎস্য ধরিয়ারাখন
জিউনি, (প্রা) মৎস্যধারক, মৎস্যব্যবসায়ী, মাছুয়া।
জিওন, (প্রা) জীবন, জীবন্তথাকন, বাঁচন।
জিওল, (প্রা) কচ্ছপ; বৃক্ষবিশেষ; মৎস্যবিশেষ।
জিকর্, (যাং) বাক্যালাপ।
জিগত্নু, পুং. [গম+ইত্নু] প্রাণবায়ু, অসু, শ্বাস।
জিগমিষণ্-জিগমিষু. ত্রি. [গম+স-অৎ] গমনেচ্ছুক।
জিগমিষা, স্ত্রী, [জিগমিষ+আ] গমনেচ্ছা।
জিগরিষু, ত্রি. [গৃ+স-উ] গ্রহণেচ্ছু।
জিগা, (যাং) কিরীট, মুকুট।
জিগির্, (যাং) সুস্পষ্ট, ব্যক্ত।
জিগীষণ্, ত্রি. [গম+স-অৎ] জয়েচ্ছু।
জিগীষা, স্ত্রী. [গম+স-আ] জয়েচ্ছা; ব্যবসায়; প্রকর্ষ।

জিগীষু, ত্রি. [জি+স-উ] জয়েচ্ছু।
জিঘৎসন, ত্রি. [অদ+স-অৎ] ভোজনেচ্ছু।
জিঘৎসা, স্ত্রী. [অদ+স-আ] ক্ষুধা, ভোজনেচ্ছা।
জিঘৎসু, ত্রি. [অদ+স-উ] ক্ষুধিত, ভোজনেচ্ছুক, বুভুক্ষু, ক্ষুধার্ত্ত।
জিঘাংসক, ত্রি. [হন+স-অক] হননেচ্ছুক।
জিঘাংসন, ত্রি. [হন+স-অৎ] হননেচ্ছু।
জিঘাংসা, স্ত্রী. [হন+স-আ] হননেচ্ছা, বধচেষ্টা, নাশস্পৃহা।
জিঘাংসিয়ান্ ত্রি. [জিঘাংস+ইয়স্] হিংসালু, অপকারক, হিংসাত্মক।
জিঘাংসু, পুং. [হন+স-উ] শত্রু; (ত্রি.) হননেচ্ছু, ঘাতক, ঘাতুক, বধকারী, বধৈষী, ঘাতী; বধকরণেচ্ছু।
জিঘৃক্ষন্, ত্রি. [গ্রহ+অৎ] গ্রহণেচ্ছুক, লিপ্সু, লোভী।
জিঘৃক্ষা, স্ত্রী. [গ্রহ+অ-আ] গ্রহণেচ্ছা।
জিঘৃক্ষু, ত্রি. [গ্রহ+উ] গ্রহণেচ্ছু, প্রাপ্তেচ্ছু।
জিঘ্র-জিঘ্রন্, পুং.ন. [ঘ্রা+অ-অৎ] ঘ্রাণকর্ত্তা, ঘ্রাণকারী, গন্ধগ্রাহী।
জিঙ্গন, (প্রা) বৃক্ষবিশেষ।
জিঙ্গশলা, পু. [জিঙ্গ+শলা] খদিরবিশেষ।
জিঙ্গিণী, স্ত্রী. [জিঙ্গ+ইণী] বৃক্ষবিশেষ, তৎ পর্য্যায়।—ঝিঙ্গিণী, ঝিঙ্গী, সুনির্য্যাসা, প্রমোদিনী।
জিজ্বী, স্ত্রী. [জি+ইঙ্] মঞ্জিষ্ঠা।
জিজীবিষ, ত্রি. [জীব+স] জীবনেচ্ছু।
জিজীবিষন্, ত্রি. [জি+অৎ] জিগীষু, জয়েচ্ছু, বিভৎসু, পরাভিভবেচ্ছু।
জিজীবিষা, স্ত্রী. [জীব+স আ] জীবিতাত্মা, প্রাণিণিষা।
জিজীবিষু, ত্রি. [জীব+স-উ] প্রাণিণিষু।
জিজীষন্, ত্রি. [জি+অৎ] জয়েচ্ছা, যোদ্ধা।
জিজ্ঞাপয়িষু, ত্রি. [জ্ঞ+উ] অনুসন্ধানেচ্ছু, জ্ঞাপনেচ্ছু।
জিজ্ঞাসক, পুং. [জ্ঞা+অক] জিজ্ঞাসু।
জিজ্ঞাসনীয়, ত্রি. [জ্ঞা+অনীয়] জিজ্ঞাস্য
জিজ্ঞাসমান, ত্রি. [জ্ঞা+মান] জিজ্ঞাসিত, প্রশ্নশীল।
জিজ্ঞাসয়া, বা. [জ্ঞা+আ] সকৌতুক, অন্বেষণশীলত্বাৎ; প্রশ্নতঃ।
জিজ্ঞাসা, স্ত্রী. [জ্ঞা+অ-আ] প্রশ্ন, পৃচ্ছা, অনুযোগ, নিরূপণা, জ্ঞাতুমিচ্ছা, প্রচ্ছন্, পর্য্যনুযোগ, অনুযোজন্, সম্প্রশ্ন, কথঙ্কথিকতা; বিচারিত।
জিজ্ঞাসাকারী, পুং. [জিজ্ঞাসা+কারী] জিজ্ঞাসু, প্রষ্টা, পৃচ্ছক, প্রশ্নকর্ত্তা, প্রাট্, অনুযোক্তা, অনুযোগকৃৎ, কথঙ্কথিক, প্রশ্নকারী, কথঙ্কথিত।
জিজ্ঞাসাকুতুহল, ন. [জিজ্ঞাসা+কুতুহল] পিপৃচ্ছিষা, জিজ্ঞাসা, জ্ঞানকুতুহল।
জিজ্ঞাসাকৃৎ, পুং. [জিজ্ঞাসা+কৃৎ] জিজ্ঞাসু, নির্ণেতা।
জিজ্ঞাসার্থ, পুং. [জিজ্ঞাসা+অর্থ] প্রশ্নার্থক-সর্ব্বনামপদ।
জিজ্ঞাসিত, ত্রি. [জ্ঞা+ইত] কৃতজিজ্ঞাসা, পৃষ্ট, অনুযুক্ত, অভিপৃষ্ট, কৃতপ্রশ্ন।
জিজ্ঞাসিতব্য, ত্রি. [জ্ঞা+ই-তব্য] জিজ্ঞাস্য।
জিজ্ঞাসু, ত্রি. [জ্ঞা+উ] আত্মজ্ঞানেচ্ছু, জ্ঞানেপ্সু, জ্ঞানেচ্ছু, পিপৃচ্ছিষু, পৃচ্ছক, প্রশ্নশীল, পৃচ্ছনশীল, সামান্যবোধেচ্ছুক।
জিজ্ঞাস্য, ত্রি. [জ্ঞা+য] জিজ্ঞাসিতব্য, জিজ্ঞাসনীয়
জিঞ্জীর, (যাং) শৃঙ্খল। [দাস্থ।
জিৎ, ত্রি. [জি] জিত, পরাজিত, বিজিত,
জিত, পুং. [জি+ত] অর্হদুপাসকবিশেষ; (ত্রি.) প্রাপ্তপরাজয়, পরাভূত, পরিভূত, অভিভূত, ভগ্ন, পরাজিত, পরাজয়ী, বশীভূত।
জিতকাশি, পুং. [জিত+কাশি] দৃঢ়মুষ্টি, হস্তমুষ্টি, মুস্ত, খট, রত্নি।
জিতকাশী, ত্রি. [জিত+কাশিন্] জয়যুক্ত, জয়াবহ, জয়প্রদ; জিতাহব।
জিতকোপ-জিতক্রোধ, ত্রি. [জিত+কোপ-ক্রোধ] মর্ষ, অক্রোধ।
জিতক্রীড়, ত্রি. [জিত+ক্রীড়] অক্রীড়।
জিতক্লম, ত্রি. [জিত+ক্লম] জিতশ্রম।
জিতন, (প্রা) জয়করণ, জিনন, দমন, উৎকর্ষপ্রাপণ।

জিতনিয়া, (প্রা) জয়ী, জয়প্রাপ্ত, জিননিয়া, জেতা।

জিতনেমি, পুং. [জিত+নেমি] অশ্বত্থনির্ম্মিত দণ্ড, আশ্বত্থ।

জিতশত্রু, পুং. [জিত+শত্রু] বিত্তার্হৎপিতা; (ত্রি.) কৃতশত্রুপরাজয়, জিতারি, অরিন্দম।

জিতশ্রম, পুং. [জিত+শ্রম] শান্ত, শান্তচিত্ত

জিতসাধ্বস, ত্রি. [জিত + সাধ্বস] সন্ত্রাসশূন্য, ভয়প্রতীকার, নির্ভয়, সাহসিক।

জিতাত্মা, ত্রি. [জিত + আত্মন্] আত্মবশ, স্ববশীকৃত। [কৃতশত্রুপরাজয়।

জিতামিত্র, পুং. [জিত+অমিত্র] বিষ্ণু; (ত্রি.)

জিতারি, পুং. [জিত + অরি] বুদ্ধ; বৃত্তার্হৎপিতা; (ত্রি.) কৃতশত্রুপরাজয়, জিতশত্রু।

জিতাষ্টমী, স্ত্রী. [জিত+অষ্টমী] গৌণাশ্বিন কৃষ্ণাষ্টমী।

জিতাহব, পুং. [জিত+আহব] জিতকাশী।

জিতাহার, ত্রি. [জিত + আহার] ধ্যানজন্য আহার ত্যাগ; আহারত্যাগী।

জিতাক্ষর, ত্রি. [জিত + অক্ষর] কৃতাক্ষরজয়, বশীভূতাক্ষরক, দৃষ্টিমাত্রে অক্ষর বোধ করিয়া পাঠক্ষম।

জিভিহরিণ, (প্রা) কস্তুরীমৃগ, গন্ধমৃগ, মৃগপালিকা, গন্ধবাহ, পুত্যণ্ড।

জিতী, (প্রা) লতাবৃক্ষভেদ।

জিতেন্দ্রিয়, পুং. [জিত+ইন্দ্রিয়] বশীকৃতেন্দ্রিয়, শান্ত, প্রান্ত, ইন্দ্রিয়ানধীন, ইন্দ্রিয়াসঙ্গী, কামাবসায়ী, কামাবসায়িতা, যতেন্দ্রিয়।

জিতেন্দ্রিয়ত্ব, ন. [জিতেন্দ্রিয়+ত্ব] ইন্দ্রিয়দম, ইন্দ্রিয়জয়, ইন্দ্রিয়নিগ্রহ।

জিতেন্দ্রিয়াহ্ব, পুং. [জিতেন্দ্রিয় + আহ্ব] কামবৃদ্ধিবৃক্ষ।

জিত্তম, পুং. [জিৎ+তম] জিতুম, মিথুনরাশি; (ত্রি.) জয়শীলব্যক্তিদিগের মধ্যে সর্ব্বোত্তমব্যক্তি।

জিত্য, পুং. [জি+ত্য] কোটিশ, কোটীশ, লোষ্টভেদন, লোষ্টঘ্ন, আকর্ষণী; (ত্রি.) জেয়, জয়নীয়, জয্য, জেতব্য

জিত্যা, স্ত্রী. [জিত্য+আ] হলি।

জিত্বর, ত্রি. [জি+ত্বর] জেতা।

জিত্বরী, স্ত্রী. [জিত্বর+ঈ] কাশী, বারাণসী।

জিত্নুপালজ, (প্রা) লতাবিশেষ

জিন, পুং. [জি+ন] অর্হৎ; বুদ্ধ; বিষ্ণু; অতিবৃদ্ধ; (ত্রি.) জিত্বর।

জিনন, (প্রা) জয়করণ, জিতন, দমন।

জিনিয়া, (প্রা) অভিভূত, পরাভূত, বশীকৃত।

জিনীস্, (যাং) দ্রব্যাদি।

জিন্দগী-জিন্দগানী, (যাং) জীবন।

জিনযোনি, পুং. [জিন + যোনি] মৃগ।

জিনসদ্ম, ন. [জিন+সদ্মন্] জিনগৃহ, চৈত্য, বিহার।

জিনেন্দ্র, পুং; [জিন+ইন্দ্র] বুদ্ধ।

জিব, (প্রা) জিহ্বা।

জিবছোলা, (প্রা) জিহ্বানির্লেখন।

জিবাইশ্, (যাং) ভূষণ, অলঙ্কার।

জিবাজিব, পুং. [জিব+জিব] জীবঞ্জীবপক্ষী।

জিব্রা, (যাং) আরণ্যঘোটক।

জিব্রি, পুং. [জৄ+ই] সময়; পক্ষী।

জিম্মা, (যাং) রক্ষণ, গুপ্তি। [বিশেষ।

জিয়ল, (প্রা) বৃক্ষবিশেষ; কচ্ছপ; মৎস্য-

জিরণ-জিরণী, (প্রা) বিশ্রমণ, ক্লেশনিবারণ।

জিরজির, (প্রা) বিদীর্ণ, জীর্ণ, অস্থিচর্ম্ম সার।

জিরাণিয়া, (প্রা) বিশ্রান্ত, গতক্লম।

জিরাপোশ, (যাং) সন্নাহসজ্জা

জিল, (প্রা) তীক্ষ্ণস্বর, উচ্চস্বর; তানপুরা বেহালাদি যন্ত্রের তার, গুণ।

জিলা (যাং) রাষ্ট্র।

জিলিপী, (প্রা) মিষ্টান্নবিশেষ।

জিলিপুঁটী, (প্রা) মৎস্যবিশেষ।

জিলেপ, (হি) বার্ত্তাহর।

জিল্দ, (যাং) গ্রন্থের পত্রাচ্ছাদন, মলাট; পুস্তক। [চ্ছাদনকৃৎ।

জিল্দগর, (যাং) পুস্তকবন্ধনকারক, গ্রন্থা-

জিল্লা, (যাং) উজ্জ্বলতা, প্রভা।

জিল্লাদার, (যাং) দীপ্তিমান।

জিষ্ণু, পুং. [জি+স্নু] বিষ্ণু; অর্জ্জুন; ইন্দ্র; (ত্রি.) জয়শীল, জেতা, বিজিতবান্।

জিহান, ত্রি. [হা + অৎ] গমনশীল, অধিগম; পরিত্যক্ত।

জিহানক, পুং. [জিহান+ক] জগদ্বিনাশ, জগৎক্ষয়, প্রলয়, সংবর্ত্ত, জহানক, ক্ষয়

জিহাসন্, ত্রি। [জি+হাসন] ত্যক্তেচ্ছা।

জিহীর্ষা, স্ত্রী. [হৃ+স-আ] আক্রমণেচ্ছা, গ্রহণেচ্ছা।

জিহীর্ষু, ত্রি. [হৃ+স-উ] আক্রমণকরণেচ্ছু, গ্রহণেচ্ছু।

জিহ্ব, ন. [লিহ+ব] তগরমূল; (পুং.) জিহ্বা।

জিহ্বল, ত্রি. [জিহ্বা+ল] লুব্ধ, লোলুপ, লোভী।

জিহ্বা, স্ত্রী. [লিহ+বা] রসজ্ঞানেন্দ্রিয়, জিব্, তৎপর্য্যায়।—রসজ্ঞা, রসনা, রশনা, রসা, রসাঙ্কা, রসাল, সুধাস্রবা, জিহ্ব, রসিকা, রসন, রসলা, রসালা, ললনা, লোলা, বিখাসা, মুখচিরী।

জিহ্বাকণ্টক, পুং.[জিহ্বা+কণ্টক] রসনাব্রণ, রসনাস্ফোট।

জিহ্বাগ্র, ন. [জিহ্বা+অগ্র] জিহ্বারমূল, জিহ্বার অগ্রভাগ।

জিহ্বানির্লেখন, ন. [জিহ্বা+নির্লেখন] জিহ্বা মার্জ্জন, জিহ্বোল্লেখনী, জিহ্বামার্জ্জনদ্রব্য, জিবআঁচড়া চেয়াড়ী।

জিহ্বাপ, পুং. [জিহ্বা+প] কুক্কুর; ব্যাঘ্র; বিড়াল; ভল্লুক; চিত্রকব্যাঘ্র।

জিহ্বামল, ন. [জিহ্বা+মল] জিহ্বাস্থিত মল, কুলুক।

জিহ্বামূল, ন. [জিহ্বা+মূল] রসনাধোভাগ।

জিহ্বামূলীয়, পুং. [জিহ্বামূল+ঈয়] বজ্রাকৃতিবর্ণ যথা × অন্ত্যোচ্চারণ বিসর্গবৎ।

জিহ্বারদ, পুং. [জিহ্বা+রদ] পক্ষী।

জিহ্বারোগ, পুং. [জিহ্বা+রোগ] মুখরোগান্তর্গত রসনাজাত ব্যাধি।

জিহ্বালিট্, পুং. [জিহ্বা+লিহ] কুক্কুর।

জিহ্বালী, স্ত্রী. [জিহ্বা+অলী] মুখনালী, পুট।

জিহ্বালেহন, ন. [জিহ্বা+লেহন] অবলেহন, জিহ্বাস্বাদ।

জিহ্বাশত, ন. [জিহ্বা+শত] শতরসনা।

জিহ্বাশল্য, পুং. [জিহ্বা+শল্য] খদিরবৃক্ষ।

জিহ্বাস্বাদ, পুং. [জিহ্বা+আস্বাদ] লেহন, অবলেহন।

জিহ্বোল্লেখন, ন. [জিহ্বা+উল্লেখন] জিহ্বানির্লেখন। [মন্দ।

জিহ্ম, ন. [হ্বা+ম] তগরবৃক্ষ; (ত্রি.) কুটিল, জিহ্মগ, পুং. [জিহ্ম+গ] সর্প; (ত্রি.) মন্দগ, বক্রগতি।

জিহ্মতা, স্ত্রী. [জিহ্ম+তা] বক্রতা, কুটিলতা,

জিহ্মমোহন, পুং. [জিহ্ম+মোহন] ভেক।

জিহ্মশল্য, পুং. [জিহ্ম+শল্য] খদির।

জিহ্মিত, ত্রি. [জিহ্ম+ইত] বক্রিম, কুটিলীকৃত, বক্রীকৃত।

জী, (প্রা) জীবন; মান্যবোধক শব্দ।

জীঅক, (প্রা) জীবক।

জীঅন, (প্রা) বাঁচন, জীবদান।

জীউ, (প্রা) জিহ্বা।

জীত, ত্রি. [জ্যা+ত] আদিষ্ট, প্রচোদিত।

জীন, ত্রি. [জ্যা+ন] বৃদ্ধ, প্রাচীন।

জীনপোশ, (বাং) পর্য্যাণাচ্ছাদন বস্ত্রবিশেষ।

জীব, পুং. [জীব্+অ] অসুধারণ; প্রাণী; বৃত্তি; বৃক্ষবিশেষ; বৃহস্পতি; কর্ণ; ক্ষেত্রজ্ঞ, তৎপর্য্যায়।—আত্মা, পুরুষ পুদ্গল, অন্তর্যামী, ঈশ্বর, চৈতন্য; (পুং. ন.) জীবিত।

জীবক, পুং. [জীব্+অক] অষ্টবর্গান্তর্গতৌষধবিশেষ, তৎপর্য্যায়।—কূর্চ্চশীর্ষ, মধুরক, শৃঙ্গ, হ্রস্বাঙ্গ, জীবন, দীর্ঘায়ু, প্রিয়, প্রাণদ, জীব্য, ভৃঙ্গাহ্ব, চিরঞ্জীবী, মধুর, মঙ্গল্য, কূর্চ্চশীর্ষক, বৃদ্ধিদ, আয়ুষ্মান্, জীবদ, বলদ; প্রাণক; ক্ষপণ; পীতশাল; (ত্রি.) সেবক; বৃদ্ধ্যাশী; জীবী; অহিতুণ্ডিক। [জাতি।

জীবগণ, পুং. [জীব+গণ] প্রাণীগণ, জীব-

জীবগ্রাহ, পুং.[জীব+গ্রাহ] জীবনগ্রাপণ।

জীবজ, ত্রি. [জীব+জ] কৃতজন্মা, জাত।

জীবজন্তু, পুং. [জীব+জন্তু] তির্য্যক্, পশু, পক্ষী।

জীবজাতি, স্ত্রী. [জীব+জাতি] প্রাণীজাতি।

জীবজীব, পুং. [জীব+জীব] জীবঞ্জীবপক্ষী।

জীবঞ্জীব, পুং. [জীবং+জীব] চকোরপক্ষী; জীবাজীব; বৃক্ষবিশেষ।

জীবৎ-জীবন্, ত্রি. [জীব+অৎ] সজীব,প্রাণী, জীবিত, জীবী, জীবন্ত, প্রাণধারী।

জীবত্তোকা, স্ত্রী. [জীবৎ+তোকা] জীবৎপুত্রিকা, জীবসূ।

জীবৎপতি-জীবৎপতিকা, স্ত্রী. [জীবৎ+পতি] সধবা, জীবিতপতি।

জীবৎপিতৃক, ত্রি. [জীবৎ+পিতৃক] বিদ্যমান পিতৃক, যাহার পিতা বর্ত্তমান।

জীবৎপুত্রিকা, স্ত্রী. [জীবৎ+পুত্রিকা] জীবত্তোকা।

জীবৎমান, (প্রা) জীবিত, জীবদ্দশা, জীবনকাল।

জীবথ, পুং. [জীব+থ] প্রাণ; কূর্ম্ম; ময়ূর; মেঘ; (ত্রি.) ধার্ম্মিক; চিরায়ু।

জীবদ, পুং. [জীব+দ] বৈদ্য; শত্রু; (ত্রি.) জীবনদাতা, প্রাণদ।

জীবদশা, স্ত্রী. [জীব+দশা] জীবন, প্রাণ

জীবদান, ন. [জীব+দান] প্রাণদান।

জীবদায়ক, ত্রি. [জীব+দায়ক] জীবদ, তেজোবর্দ্ধক।

জীবদাত্রী, স্ত্রী. [জীব+দাত্রী] ঋদ্ধি, সম্পত্তি; প্রাণদানকর্ত্রী।

জীবদ্দশা, স্ত্রী. [জীবৎ+দশা] জীবনকাল, জীবৎমান।

জীবধন, ন. [জীব+ধন] গবাদিক, গবাদি জঙ্গমধন।

জীবন, ন. [জীব+অন] বৃত্তি; জল; প্রাণধারণ; প্রাণ, জন্মমৃত্যুর মধ্যকাল; হৈয়ঙ্গবীন; মজ্জা; (পুং.) জীবকৌষধ; বাত; ক্ষুদ্রফলকবৃক্ষ; পুত্র।

জীবনক, ন. [জীবন+ক] অন্ন।

জীবনত্রাস-জীবনদ্বেষ, পুং. [জীবন+ত্রাস] মুমূর্ষু।

জীবনবিড়ম্বন, ন. [জীবন+বিড়ম্বন] বৃথা প্রাণধারণ। [মৃতকল্প।

জীবন্মৃত, ত্রি. [জীবন+মৃত] জীবদ্দশাতে

জীবনযোনি, স্ত্রী. [জীবন+যোনি] যন্ত্রবিশেষ, অতীন্দ্রিয় শরীরে প্রাণসঞ্চার কারণ কোন যন্ত্র।

জীবনশূন্য, ত্রি. [জীবন+শূন্য] নির্জ্জীব, প্রাণহীন।

জীবনহন্তা, পুং. [জীবন+হন্তা] জীবহন্তা, নরঘাতী, আততায়ী।

জীবনহেতু, পুং. [জীবন+হেতু] বর্ত্তমানোপায়।

জীবনা, স্ত্রী. [জীবন+আ] মেদৌষধ।

জীবনাঘাত, ন. [জীবন+আঘাত] বিষ।

জীবনান্ত, পুং. [জীবন+অন্ত] মৃত্যু, জীবনত্যাগ, প্রাণবিয়োগ, লোকান্তর প্রাপ্তি।

জীবনাবশিষ্ট, ত্রি. [জীবন+অবশিষ্ট] মৃতকল্প, মৃতপ্রায়, মুমূর্ষু।

জীবনাবাস, পুং. [জীবন+আবাস] বরুণ।

জীবনিকা, স্ত্রী. [জীবন+ইকা] হরীতকী।

জীবনী, স্ত্রী. [জীবন+ঈ] জীবন্তী; কাকোলি; ডোড়ী; মেদা; মহামেদা; যূথী।

জীবনীয়, ন. [জীব্+অনীয়] জল।

জীবনীয়গণ, পুং. [জীবনীয়+গণ] ঔষধবিশেষ।

জীবনীয়া, স্ত্রী. [জীব্+অনীয়া] জীবন্তী।

জীবনেত্রী, স্ত্রী. [জীবন+ইত্রী] সৈংহলী।

জীবনোপায়, পুং. [জীবন+উপায়] উপজীবিকা, প্রাণযাত্রা, রক্ষা।

জীবনৌষধ, ন. [জীবন+ঔষধ] জীবনরক্ষাকারী, জীবনোপায়, ম্রিয়মাণব্যক্তির জীবন প্রাপ্তৌষধি।

জীবন্ত, পুং. [জীব্+অন্ত] ঔষধ; প্রাণ; (ত্রি.) আয়ুবিশিষ্ট; জীবশাক।

জীবন্তিক, পুং. [জীব্+অন্তিক] জীবান্তক; পক্ষীবধজীবী।

জীবন্তিকা, স্ত্রী. [জীব্+অন্তিকা] বন্দা, বৃক্ষোপরিবৃক্ষ বান্দা; গুড়ূচী; জীবাখ্যশাক; জীবন্তীহরীতকী

জীবন্তী, স্ত্রী. [জীবন্ত+ঈ] লতাবিশেষ, জীবই এবং জীয়াতি খ্যাত, তৎপর্য্যায়। জীবনী, জীবনীয়া, জীব, মধু, জীবনা, মধুস্রবা, স্রবা, পয়স্বিনী,জীব্যা, জীবদা, জীবদাত্রী, শাকশ্রেষ্ঠা, জীবভদ্রা, ভদ্রা, মঙ্গল্যা, ক্ষুদ্রজীবা, যশস্যা, শৃঙ্গাটী,

জীবদৃষ্টা, কাঞ্জিকা, শশশিম্বিকা, সুপিঙ্গলা, মধুশ্বাসা, জীববৃষা, সুখঙ্করী, মৃগরাটিকা, জীবপত্রী, জীবপুষ্পা; গুড়ূচী; শমী; বন্দা; ডোড়ী।

জীবন্মুক্ত, ত্রি. [জীবৎ+মুক্ত] জীবদ্দশায় ব্রহ্মসাক্ষাৎকারে মোক্ষপ্রাপ্ত।

জীবন্মুক্তি, পুং. [জীবৎ+মুক্তি] জীবদ্দশায় ব্রহ্মভাব প্রাপ্তি।

জীবন্মৃত, ত্রি. [জীবৎ+মৃত] জীবদ্দশায় মৃতপ্রায়।

জীবন্যাস, পুং. [জীব+ন্যাস] প্রতিজীবন, পুনঃ সজীবীকরণ, সঞ্জীবন, প্রাণপ্রতিষ্ঠা; ন্যাসবিশেষ।

জীবপরিমাণ, ন. [জীব+পরিমাণ] কালবিশেষাবচ্ছিন্ন জীবন, আয়ুপরিমাণ।

জীবপর্য্যন্ত, ন. [জীব+পর্য্যন্ত] যাবজ্জীবন, জন্মপর্য্যন্ত।

জীবপুত্রক, পুং. [জীব+পুত্রক] ইঙ্গুদীবৃক্ষ; বৃক্ষবিশেষ, জীয়াপুতা।

জীবপুষ্পা, স্ত্রী. [জীব+পুষ্পা] বৃহজ্জীবন্তী।

জীবপ্রিয়া, স্ত্রী. [জীব+প্রিয়া] হরীতকী।

জীববধ, পুং. [জীব+বধ] প্রাণহত্যা, নিসূদন, ব্যাপাদন।

জীববর্গ, পুং. [জীব+বর্গ] প্রাণীগণ।

জীববান্, ত্রি. [জীব+বৎ] জীবমুক্ত, আয়ুষ্মান্, সজীব।

জীবভদ্রা, স্ত্রী. [জীব+ভদ্রা] জীবন্তীলতা; বৃদ্ধিনামৌষধ। [দেহ।

জীবমন্দির, ন. [জীব+মন্দির] শরীর,

জীবভূত, ত্রি. [জীব+ভূত] জীববান্, জীবযুক্ত, প্রাণভৃৎ।

জীবরহিত, ত্রি. [জীব+রহিত] নির্জ্জীব, অপ্রাণী, গতাসু, ব্যসু।

জীবলা, স্ত্রী. [জীব+লা] সৈংহলী।

জীববল্লী, স্ত্রী. [জীব+বল্লী] ক্ষীরকাকোলী।

জীবলোক, ন. [জীব+লোক] জগৎ, ভূলোক, পৃথিবী; মনুষ্য।

জীবশাক, পুং. [জীব+শাক] মালবদেশে প্রসিদ্ধশাকবিশেষ, তৎপর্য্যায়।—জীবন্ত, রক্তনাল, তাম্রপত্র, প্রবাল, শাকবীর, সুমধুর, মেষক।

জীবশুক্লা, স্ত্রী. [জীব+শুক্লা] ক্ষীরকাকোলী।

জীবশ্রেষ্ঠা, স্ত্রী. [জীব+শ্রেষ্ঠা] ঋদ্ধিনামৌষধ।

জীবসংক্রমণ, ন. [জীব+সংক্রমণ] জন্ম জন্মান্তর, প্রাণীদিগের পুনর্জ্জন্ম।

জীবসংজ্ঞ, পুং. [জীব+সংজ্ঞ] কামবৃদ্ধি বৃক্ষ।

জীবসমূহ, পুং. [জীব+সমূহ] প্রাণীবর্গ, জন্তুসমূহ।

জীবসাধন, ন. [জীব+সাধন] ধান্য।

জীবসাফল্য, ন. [জীব+সাফল্য] জীবন সিদ্ধি। [পুত্রিকা।

জীবসূ, স্ত্রী. [জীব+সূ] জীবত্তোকা, জীবৎ-

জীবস্থান, ন. [জীব+স্থান] মর্ম্ম, কাণ্ড, অক্রস্।

জীবহত্যা, স্ত্রী. [জীব+হত্যা] প্রাণহত্যা, দ্বেষপূর্ব্বক নৃহত্যা।

জীবা, স্ত্রী. [জীব+আ] জীবন্তীবৃক্ষ মৌর্ব্বী; বচা; শিঞ্জিত; ভূমি; জীবিত।

জীবজীব, পুং. [জীব+জীব] জীবঞ্জীব, বীজন।

জীবাজীবাধার, পুং. [জীব+আজীব+আধার] বিষ্টপ, ভূর্লোক, জগৎ।

জীবাতু, পুং. ন. [জীব+আতু] ভক্ত, অন্ন; জীবিত; জীবনৌষধ; জীবন।

জীবাত্মা, পুং. [জীব+আত্মন্] দেহী, তৎপর্য্যায়।—পুনর্ভবী, জীব, অসুমান্, সত্ত্ব, দেহভৃৎ, জন্তু, জন্যু, প্রাণী, চেতন, জন্মী, শরীরী; প্রাণ।

জীবাধান, ন. [জীব+আধান] প্রাণরক্ষণ, বাঁচান, জীয়ান।

জীবাধার, পুং. [জীব+আধার] ক্ষেত্র, পৃথিবী; শরীর।

জীবান্তক, পুং. [জীব+অন্তক] জীবনার্থ পক্ষীঘাতক, শাকুনিক, পক্ষীবধ জীবী; (ত্রি.) জীবনাশক, প্রাণান্তক, কালকল্প।

জীবালা, স্ত্রী. [জীব+আলা] সৈংহলী।

জীবাশ, ত্রি. [জীব+আশ] জীবনাশ।

জীবাশা, ত্রি. [জীব+আশা] জীবনাশা, প্রাণাশা।

জীবিকা, স্ত্রী. [জীব+ইকা] জীবনোপায়, তৎপর্য্যায়।—আজীব, বার্ত্তা, বর্ত্তন, বৃত্তি, জীবন, উপজীব্য, প্রাণযাত্রা, জীব, শরীরযাত্রা, বৃত্ত্যুপায়, উপজীবিকা, উপজীবন; জীবন্তী।

জীবিকাপন্ন-জীবিকাপ্রাপ্ত, ত্রি. [জীবিকা+আপন্ন] সম্ভৃত, পোষিত, ভৃত।

জীবিত, ন. [জীব+ইত] জীবন; (ত্রি.) জীবনযুক্ত।

জীবিতকাল, পুং. [জীবিত+কাল] আয়ু, জীবনের নিরূপিত সময়; আয়ুষা।

জীবিতজ্ঞা, স্ত্রী. [জীবিত+জ্ঞা] নাড়ী, শিরা, রক্তবাহী।

জীবিতত্যাগ, পুং. [জীবিত+ত্যাগ] প্রাণোৎসর্গ, দেহন্যাস।

জীবিতবান্, ত্রি. [জীবিত+বৎ] জীববান্।

জীবিতব্য, ত্রি. [জীব+ইতব্য] জীবনরক্ষা।

জীবিতব্যয়, পুং. [জীবিত+ব্যয়] জীবনত্যাগ, আত্মপরিহার।

জীবিতব্যয়ী, ত্রি. [জীবিত+ব্যয়ী] প্রাণব্যয়ী।

জীবিতসংশয়, পুং. [জীবিত+সংশয়] মরণসংশয়, মৃত্যুত্রাস।

জীবিতহারী, ত্রি. [জীবিত+হারিন্] প্রাণান্তক, প্রাণহারী, প্রাণহর।

জীবিতাশা, স্ত্রী. [জীবিত+আশা] জীবনাশা, প্রাণাশা জিজীবিষা, প্রাণিনিষা

জীবিতেশ, পুং. [জীবিত+ঈশ] প্রাণনাথ; যম; চন্দ্র; সূর্য্য; জীবাতু; জীবনৌষধ; (ত্রি.) জীবিতেশ্বর।

জীবিত্ব, ন. [জীব+ইত্ব] আত্মা, চৈতন্য, পঞ্চপ্রাণ।

জীবী, ত্রি. [জীব+ইন্] প্রাণী, অসুধারী।

জীবোৎসর্গ, পুং. [জীব+উৎসর্গ] প্রাণত্যাগ, প্রাণোৎসর্গ, দেহন্যাস।

জীব্যা, স্ত্রী. [জীব + য্য] গোক্ষুর দুগ্ধা; জীবন্তী; হরীতকী।

জীমূত, পুং. [জী+মূত] পর্ব্বত; মেঘ; মুস্তা; দেবতাড়বৃক্ষ; ইন্দ্র; ভৃতিকর; ঘোষকলতা।

জীমূতকূট, পুং. [জীমূত+কূট] শৈল, পর্ব্বত।

জীমূতবাহন, পুং. [জীমূত+বাহন] ইন্দ্র; মেঘবাহন; ধর্ম্মরত্ননামাস্মৃতিসংগ্রহকর্ত্তা।

জীমূতবাহী, পুং. [জীমূত+বাহিন্] দহনকেতু, ধূম, মরুদ্বাহ।

জীমূতমূল, ন. [জীমূত+মূল] শটী।

জীমূতাষ্টমী, স্ত্রী. [জীমূত + অষ্টমী] গৌণাশ্বিন কৃষ্ণাষ্টমী।

জীয়ন্ত, (প্রা) জীবন্ত, বর্ত্তমান।

জীয়ান, (প্রা) জীবনদানকরণ, রক্ষণ, বাঁচান; জুড়ান; মূর্চ্ছাভঞ্জন।

জীর, পুং. [জীর্ + অ] বণিক্‌দ্রব্য বিশেষ, জীরক; খড়্গ; অণু।

জীরক, পুং. [জীর+ক] বণিক্‌দ্রব্য বিশেষ, জীরা, তৎপর্য্যায়।—জরণ, অজাজী, কণা, জীর্ণ, জীর, দীপ্যক, দীপ্য, জীরণ, অজাজিকা, বহ্নিশিখ, মাগধ।

জীরণ, পুং. [জীর + ন] জীরক।

জীরা, (প্রা) জীরক।

জীরিকা, স্ত্রী. [জীর+ইকা] বংশপত্রীতৃণ।

জীর্ণ, ন. [জৃ+ন] শৈলজ, (পুং.) জীরক, (ত্রি.) বৃদ্ধ; পুরাতন, গতবহুবয়; জরাবিশিষ্ট; পরিপক্ক; জর্জ্জরীভূত; পাকবিশিষ্ট।

জীর্ণঘরা, (প্রা) গবাদির প্রথমকোষ্ঠ।

জীর্ণজ্বর, পুং. [জীর্ণ+জ্বর] পুরাতন জ্বররোগ।

জীর্ণতা, স্ত্রী. [জীর্ণ+তা] অশক্তুতা, সত্ত্বহানি, দৌর্ব্বল্য।

জীর্ণদারু, পুং. [জীর্ণ+দারু] বৃদ্ধদারকভেদ, বিধারাবিশেষ, তৎপর্য্যায়।—জীর্ণকঞ্জী, সুপুষ্পিকা, অজরা, সূক্ষ্মপর্ণা।

জীর্ণপত্রিকা, স্ত্রী.[জীর্ণ+পত্রিকা] বংশপত্রীতৃণ

জীর্ণপর্ণ, পুং. [জীর্ণ+পর্ণ] কদম্ব; (ন.) পুরাতনপত্র।

জীর্ণবজ্র, ন. [জীর্ণ+বজ্র] বৈক্রান্তমণি.

জীর্ণবস্ত্র, ন. [জীর্ণ + বস্ত্র] পুরাতনবস্ত্র, পটচ্চর।

জীর্ণবাটিকা, স্ত্রী. [জীর্ণ+বাটিকা] ভগ্নমন্দির, পুরাতনবাটী।
জীর্ণবান্, ত্রি. [জীর্ণ+বৎ] শীর্ণ, গলিত, ধ্বস্ত, অবসন্ন।
জীর্ণবুধ্ন, পুং. [জীর্ণ+বুধ্ন] পট্টিকালোধ্র।
জীর্ণবুধ্নক, ন. [জীর্ণ + বুধ্নক] পরিপেল, কেওটমুতা।
জীর্ণা, স্ত্রী. [জীর্ণ+আ] স্থূলজীরক।
জীর্ণি, স্ত্রী. [জৄ+নি] জ্যানি, জীর্ণতা; পক্কতা। [দ্যান।
জীর্ণোদ্যান, ন. [জীর্ণ+উদ্যান] উচ্ছিন্নো-
জীর্ণোদ্ধরণ-জীর্ণোদ্ধার, পুং. ন. [জীর্ণ+উদ্ধরণ] ভগ্নমন্দিরাদিসংস্কার; প্রতিসমাধান, স্বস্থকরণ, পূর্ব্ববৎকরণ।
জীর্ণোদ্ধর্ত্তা-জীর্ণোদ্ধারক, পুং. [জীর্ণ+উদ্ধর্ত্তা] সন্ধাতা।
জীর্ণোদ্ধৃত, ত্রি. [জীর্ণ+উদ্ধৃত] সমাহিত. পুনঃ সমাহিত, প্রতিসমাহিত, পূর্ব্ববৎকৃত। [পশু।
জীর্ব্বি, পুং. [জৄ+বি] কুঠার; শকট; কায়;
জুঁই, (প্রা) যূথিকাপুষ্প।
জুকুট, পুং. [জু+কুট] মলয়পর্ব্বত; কুক্কুর; (ন.) বার্ত্তাকু।
জুগৎ, (প্রা) যুক্তি, পরামর্শ।
জুগুপ্সন-জুগুপ্সা, ন. স্ত্রী. [গুপ্+স-অন] কুৎসা, গ্লানি, নিন্দা।
জুগুপ্সিত, ত্রি. [গুপ্+স-ইত] নিন্দিত, গর্হিত, ঘৃণিত, তিরস্কৃত, নির্ভর্ৎসিত।
জুঙ্গ-জুঙ্গক-জুঙ্গা, পুং. স্ত্রী. [জুগ+আ] বৃদ্ধদারকবৃক্ষ।
জুঙ্গ, (প্রা) দুরন্ত, সাহসী, ধৃষ্ট, নির্লজ্জ।
জুঙ্গিত, ত্রি. [জুগ+ইত] ত্যক্ত, লোকবাহ্য, অপাংক্তেয়, বর্ণভ্রষ্ট।
জুজু, (প্রা) ভয়প্রদর্শক মূর্ত্তিবিশেষ।
জুটক, ন. [জুট+ক] জটা।
জুটিকা, স্ত্রী. [জুট+ইকা] শিখা, ঝুঁটী, টিকী।
জুড়ন, (প্রা) স্নিগ্ধহওন, শীতলহওন,থামন।
জুড়নিয়া, (প্রা) শীতল, স্নিগ্ধ, শান্তি।
জুড়ান, (প্রা) অমুষ্ণ, শীতল, বিশ্রাম; থামান।

জুৎ, (প্রা) সৌন্দর্য্য, সৌষ্ঠব; যোগ্যতা
জুতন, (প্রা) চর্ম্মপাদুকাদ্বারা প্রহারকরণ, জুতামারণ।
জুতল, (প্রা) সুন্দর, সুশ্রী, সুঠাম, সুগঠিত।
জুতলঘর, (প্রা) উত্তমাগার, রম্যালয়।
জুতা, (প্রা) চর্ম্মপাদুকা, উপানৎ, পাদুকা, পাদত্র, পাদু, পাদপা, পাদত্রাণ, পাদরক্ষা, চরণত্রাণ, প্রাণীহিতা, বধ্র, পাদবন্ধন, পন্নদ্ধা, পন্নদ্ধ্রী, অনুপদীনা, পাদরথ।
জুফা, (প্রা) ভেষজবিশেষ, ঔষধবিশেষ।
জুবড়ন, (প্রা) মগ্নকরণ, ডুবন, ভিজান।
জুমল, (যাং) সমুদায় টাকা।
জুয়া, (হি) পাশকক্রীড়া, দ্যূতখেলা।
জুয়ার, (প্রা) সমুদ্র হইতে জলাগম, বান।
জুয়ারিয়া, (প্রা) বানাতীত, বানাপ্লাবিত।
জুয়ারী, (হি) পাশকক্রীড়ক, জুয়াচোর।
জুল, (প্রা) ঈষদ্দৃষ্টি, গুপ্তদর্শন, উকি।
জুলী, (প্রা) খাত, প্রণালী, নালা, নর্দ্দামা।
জুলজুল, (প্রা) পুনঃ পুনঃ গুপ্তদর্শন।
জুলপী, (যাং) অলক, কর্ক্করাল।
জুলফ্, (যাং) জুলপী।
জুলাফ-জুলাফা, (যাং) রেচন, বিরেচন।
জুষ্কক, পুং. [জুষ+ক] যূষ, ঝোল।
জুষ্ট, ন. [জুষ+ত] উচ্ছিষ্ট; (ত্রি) সেবিত।
জুষ্য, ত্রি. [জুষ+য] সেবনযোগ্য, সেব্য।
জুহবান, পুং. [জুহু+বান্] অগ্নি; বৃক্ষ; কঠিনহৃদয়।
জুহবান্, ত্রি. [জুহু+বৎ] আহব।
জুহূ, স্ত্রী. (হু) পলাশকাষ্ঠনির্ম্মিতার্দ্ধচন্দ্রাকৃতি যজ্ঞপাত্র।
জুহূবান, পুং. [[জুহূ+বৎ] অগ্নি।
জুহূরাণ, পুং. [জুহুর+আন] অগ্নি; চন্দ্র; অধ্বর্য্যু, হোতা।
জুহ্বন্, ত্রি. [হু+বৎ] হুত, আহুত।
জূ, স্ত্রী. আকাশ; সরস্বতী; পিশাচী; জবন; ত্বরাগমন।
জূট, পুং. [জূট+অ] শিবজটা; জটা।
জূটক, ন. [জূট+ক] কেশবন্ধ, জটা। [গমন
জূতি, স্ত্রী. [জূ+তি] বেগ, শীঘ্রতা, আশু-

জূতিকা, স্ত্রী. [জূতি+কা] কর্পূরভেদ।
জূভূ, (প্রা) অপদেশ, ছল, ফাঁকি।
জূর্ণ, ত্রি. [জূর্+ন] জীর্ণ, শীর্ণ, বিগলিত।
জূর্ণাখ্য, পুং. [জূর্ণ+আখ্য] তৃণবিশেষ, উলূখড়, তৎপর্য্যায়।—সূচ্যগ্র, স্থূলক, দর্ভ, খরচ্ছদ, উলূক, উলপ।
জূর্ণাহ্বয়, পুং. [জূর্ণ+আহ্বয়] দেবধান্য।
জূর্ণি, স্ত্রী. [জ্বর্+নি] বেগ; সূর্য্য; দেহ; ব্রহ্মা; জ্বর।
জূর্ত্তি, স্ত্রী. [জ্বর্+তি] জ্বররোগ। [রস।
জূষ, ন. পুং. [জুষ্+অ] যূষ, মুদ্গাদির ক্বাথ-
জূষণ, ন. [জূষ্+অন] বৃক্ষবিশেষ, ধাইফুল।
জৃম্ভ, ত্রি. [জৃভ্+ত] জৃম্ভিত, বিবৃতমুখ।
জৃম্ভ, ত্রি. [জৃভ্+অ] মুখাদিবিকাশ, হাই, তৎপর্য্যায়।—জৃম্ভণ, জৃম্ভা, জৃম্ভিকা, জম্ভা, জম্ভকা, বিকাশ; স্ফারিত।
জৃম্ভক, পুং. [জৃভ্+অক] জৃম্ভণকারী।
জৃম্ভণ, ন. [জৃভ্+অন] জৃম্ভ, হাফিকা, হর্ম, উপপুষ্পিকা, হাই।
জৃম্ভমাণ, ত্রি. [জৃম্ভ+মৎ] জৃম্ভবান্, ব্যাপ্তমুখ, বিবৃতমুখ।
জৃম্ভা, স্ত্রী. [জৃভ্+আ] জৃম্ভ। [বৃত।
জৃম্ভাবান, ত্রি. [জৃম্ভা+বৎ] বিজৃম্ভিত, মুখবি-
জৃম্ভিকা, স্ত্রী. [জৃভ্+ইকা] জৃম্ভ।
জৃম্ভিত, ন. [জৃভ্+ইত] বিচেষ্টিত; প্রবৃদ্ধ; জৃম্ভা; স্ফুটিত; স্ত্রীদিগের করণ।
জৃম্ভিনী, স্ত্রী. [জৃম্ভিন্+ঈ] এলাপর্ণী।
জৃম্ভী, ত্রি. [জৃভ্+ইন্] জৃম্ভমান, জৃম্ভিত; (স্ত্রী) এলাপর্ণী
জেটকুড়ী, (প্রা) জ্যেষ্ঠী, জেঠী।
জেটী, (প্রা) জ্যেষ্ঠী; পিতার জ্যেষ্ঠভ্রাতারস্ত্রী।
জেঠা, (প্রা) পিতার জ্যেষ্ঠভ্রাতা।
জেঠাই, (প্রা) জ্যেষ্ঠপিতৃব্যপত্নী।
জেঠামি, (প্রা) আত্মগরিমা, বালকের গুরুবক্তৃতা।
জেঠী, (প্রা) গৃহগোধিকা, টিকটিকী।
জেতব্য, ত্রি. [জি+তব্য] জয়নীয়, জেয়, পরাভবনীয়, জেষ্য, পরাজেয়, জয়ার্হ।
জেতা, ত্রি. [জি+তৃ] জয়শীল, জিষ্ণু, জিত্বর, জৈত্র; (পুং.) বিজয়ী, জয়ী, জয়কর্ত্তা।

জেতান, (প্রা) জয়িকরান, জয়প্রদান
জেতানিয়া, (প্রা) জয়ী, জয়যুক্ত, জয়বান্।
জেন্তাক, পুং. [জি+অন্তক] স্বেদ শেষ, ঘর্ম্মবিশেষ।
জেব, (যাং) বস্ত্রস্থ কোষ।
জেমন, ন. [জমু+অন] ভোজন, আহার।
জেয়, ত্রি, [জি+য] জেতব্যমাত্রক, জয্য, জেতব্য, জয়নীয়, পরাভবনীয়।
জেয্য, ত্রি. [জি+য]
জের্, (যাং) নিম্ন, নীচু; পূর্ব্বের অঙ্ক অগ্র-

জৈত্র, ন. [জি+ত্র] ঔষধ; (ত্রি.) জয়বিশিষ্ট, জেতা; (পুং) পারদ, পারা।
জৈত্ররথ, পুং. [জৈত্র+রথ] জয়শীল।
জৈত্রী, স্ত্রী. [জৈত্র+ঈ] জয়ন্তীবৃক্ষ।
জৈন, পুং. [জিন+অ] জিনোপাসক, বৌদ্ধধর্ম্মাক্রান্ত, জিনমতাবলম্বী।
জৈপাল, পুং. [ ]+পাল] জয়পালবৃক্ষ।
জৈবাতৃক, পুং. [জীব+আতৃক] চন্দ্র; কর্পূর; পুত্র; ভেষজ; (ত্রি.) দীর্ঘায়ু; কৃশ।
জৈমিনি, পুং. মুনিবিশেষ, বেদব্যাসের শিষ্য, উত্তর মীমাংসাকর্ত্তা, ভারতকৃৎ, বজ্রবারক।
জৈষ্ণব, ত্রি. [জিষ্ণু+অ] অর্জ্জুনসম্বন্ধীয়; জিষ্ণুসম্বন্ধীয়।
জৈহ্ন্য, ন. [জিহ্বা+য] স্বাদামোদ।
জৈহ্ম্য, ন. [জিহ্ম+য] জিহ্মতা, কুটিলতা, বক্রতা।
জোঁক, (প্রা) জলজন্তুকা, তৎপর্য্যায়।—কাকুণ্ডী, জলসর্পিণী, জলজীবনী, জলসূচি, জলপটাস্থিকা, জলাকা, জলায়ুকা, জলাবুকা, জলালুকা, জলাটনী, জলালোকা, জলাসুকা, জলিকা, জলিকাবেণী, জলুকা, জলূকা, জলোকা, জলোরগী, জলৌকা, জলৌকস, জলৌকসা, জলৌকসী, জলসর্পিণী, তীক্ষ্ণা, পটালুকা, ভ্রমণী, বমনী, বারিক্রমি, বার্য্যোক, বার্য্যোকা, বেধিনী, বেণী, রক্তপা, রক্তপাতা, রক্তপায়িনী, রক্তসন্দংশিকা।
জোঁকন, (প্রা) পরিমাপন, তৌলকরণ, তুলন।

জোঁকা, (প্রা) তুলিত, তুলামিত।

জোঙ্গক, ন. [জুগ্+অক] অগুরুচন্দন।

জোঙ্গট, পুং. [জুগ্+অট] গর্ভিণীভিলাষ, সাধ। [স্ত্রী।

জোটিঙ্গ, পুং. [জুট+গম] মহাব্রত; মহা-

জোড়া, (প্রা) দ্বন্দ্ব, যুগল, মিথুন।

জোন, (প্রা) বেতনগ্রাহী, ভৃত্য, মজুর, সামান্য কর্ম্মকারক, ঠিকাচাকর।

জোনাক-জোনাকী, (প্রা) জ্যোতিরিঙ্গ, জ্যোতির্মুক্তকীট, খদ্যোত।

জোস্তালা, স্ত্রী. [জোস্ত+আল-আ] দেবধান্য।

জোর, (যাং) শক্তি।

জোর্‌জোলম্‌, (যাং) পীড়ন, অভিদ্রোহ।

জোল, (প্রা) জলপ্লাবিতস্থান, খাত, খানা।

জোলা, (প্রা) ম্লেচ্ছতন্তুবায়বিশেষ; মূর্খ, নির্ব্বোধ।

জোলাব, (যাং) রেচন, জুলাফ।

জোলী, (প্রা) বিল, খানা, নালী।

জোষ, ন. [জুষ্+অ] সুখ, আনন্দ, আহ্লাদ।

জোষম্‌, বা. [জুষ্+অম্] তুষ্ণী; নীরব; সুখ।

জোষা, স্ত্রী. [জুষ্+আ] যোষা, নারী।

জোষিকা, স্ত্রী. [জুষ্+ইকা] জালিকা, অঙ্কুর।

জোষিৎ-জোষিতা, স্ত্রী. [জুষ+ইৎ] যোষিৎ, সীমন্তিনী।

জৌ, (প্রা) লাক্ষা, গালা, লা।

জৌহরী, (যাং) রত্নজীবী।

জ্ঞ, পুং. [জ্ঞা+ঞ] ব্রহ্মা; বুধ, চন্দ্রপুত্র; পণ্ডিত; চন্দ্র; মহীসুত, মঙ্গল; (ত্রি.) অভিজ্ঞ, বিদগ্ধ।

জ্ঞপিত, ত্রি. [জ্ঞপ্+ইত] জ্ঞাপিত, ব্যাকৃত, ব্যাহৃত, বিজ্ঞাপিত, লব্ধবিদ্য।

জ্ঞপ্ত, ত্রি. [জ্ঞপ্+ত] জ্ঞাপিত, বিজ্ঞপ্ত, বিজ্ঞাপিত, বেদিত, নিবেদিত; বুদ্ধ

জ্ঞপ্তি, স্ত্রী. [জ্ঞপ্+তি] বুদ্ধি, প্রজ্ঞা, উদ্বোধ, উপলম্ভ, বিজ্ঞান।

জ্ঞম্মন্য, পুং. [জ্ঞপ্+মন্য] পণ্ডিতম্মন্য, অল্পবুদ্ধি, অবোধ।

জ্ঞাত, ত্রি. [জ্ঞা+ত] কৃতজ্ঞান, জানা, তৎপর্য্যায়।—বিদিত, বুদ্ধ, বুধিত, প্রমিত, মত, প্রতীত, অবগত, মনিত, অবসিত, বিজ্ঞাত, অভিজ্ঞাত, সবিজ্ঞাত, উপলব্ধ, বিন্ন, বিত্ত, গৃহীতার্থ, আগমিত, আকলিত, জ্ঞানারূঢ়, বুদ্ধ্যারূঢ়, অনুভূত, প্রতিপন্ন।

জ্ঞাতব্য, ত্রি. [জ্ঞা+তব্য] জ্ঞানীয়, জ্ঞেয়, বিজ্ঞেয়, বেদ্য, বেদনীয়, অবগম্য, অবগন্তব্য, বোধ্য, মন্তব্য, বোধগম্য, জানিবার যোগ্য।

জ্ঞাতসার, বা. [জ্ঞাত+সার] জ্ঞানগোচর, অবগত, বিদিত, তাৎপর্য্য, সুগোচর, জ্ঞানতঃ, সাভিপ্রায়, মতিপূর্ব্ব।

জ্ঞাতসিদ্ধান্ত, পুং. [জ্ঞাত+সিদ্ধান্ত] শাস্ত্রতত্ত্বজ্ঞ, তান্ত্রিক।

জ্ঞাতা, ত্রি. [জ্ঞা+তৃ] জ্ঞানশীল, বিদুর, বিন্দু, বিদিত, জ্ঞানসমন্বিত, বিচক্ষণ, তত্ত্বজ্ঞ, তত্ত্ববিদ্‌, প্রবীণ, নিপুণ, পক্কবুদ্ধি, সূক্ষ্মবুদ্ধি, জ্ঞানপ্রাপ্ত। [ধর্ম্মাধ্যক্ষ।

জ্ঞাতান্বয়, পুং. [জ্ঞাত+অন্বয়] প্রধান জৈন,

জ্ঞাতি, পুং. [জ্ঞা+তি] সপিণ্ড সহোদরাদি, সগোত্র, বান্ধব, বন্ধু, স্ব, স্বজন, অংশক, গন্ধ, দায়াদ, সকুল্য, স্বকুল্য, গোত্রজ, সপিণ্ড, সনাভি, সমানোদক, উদকদ, উদকদায়ী, কুলপুরুষ, বংশ্য, পিণ্ডভাগী, কুটুম্বী, স্বজাতীয়; পিতা।

জ্ঞাতিকর্ম্ম, ন. [জ্ঞাতি+কর্ম্মন্] সম্বন্ধক কৃত্য।

জ্ঞাতিত্ব, ন. [জ্ঞাতি+ত্ব] জ্ঞাতিভাব, স্বজাতিত্ব, সম্বন্ধিত্ব।

জ্ঞাতিবর্গ, পুং. [জ্ঞাতি+বর্গ] বন্ধুবর্গ, বান্ধব গণ, স্বগোত্র সমূহ।

জ্ঞাতেয়, ত্রি. [জ্ঞাতি+য়] জ্ঞাতিভাব, জ্ঞাতিত্ব।

জ্ঞাতৃতা, স্ত্রী. [জ্ঞাতৃ+তা] নৈপুণ্য, বুদ্ধি, জ্ঞান; বিজ্ঞাতা, মানসিকগুণ।

জ্ঞান, ন. [জ্ঞ+অন] চৈতন্য, বুদ্ধি, অনুমান, তত্ত্ববোধ, বিজ্ঞান, বোধন, বোধ, অববোধ, উপলব্ধি, অবগম, প্রমা, প্রমিতি, বেদন, উদ্বোধ, প্রজ্ঞা, সমুদাগম, জ্ঞপ্তি, উপলম্ভ, প্রতীতি, বিপশ্য, বেত্তৃত্ব, জ্ঞাতৃত্ব, মেধা, বৈদুষ্য, ধী, বিবেক, মনীষা, বিদ্বত্তা; আত্মগুণবিশেষ।

জ্ঞানকাণ্ড, পুং. [জ্ঞান+কাণ্ড] বেদাংশ।
জ্ঞানকৃত, ত্রি. [জ্ঞান+কৃত] বুদ্ধ্যানুষ্ঠিত, জ্ঞানপূর্ব্বক নিষ্পন্ন।
জ্ঞানগম্য, ত্রি. [জ্ঞান+গম্য] জ্ঞেয়, অবগম্য, অবগন্তব্য। [সংজ্ঞা।
জ্ঞানচক্ষু, ন. [জ্ঞান+চক্ষু]জ্ঞানদৃষ্টি, চিচ্ছক্তি,
জ্ঞানজ, ত্রি. [জ্ঞান+জ] জ্ঞানজনিত।
জ্ঞানজনক. ত্রি. [জ্ঞান+জনক] জ্ঞানদ, বোধকর।
জ্ঞানতত্ত্ব, ত্রি. [জ্ঞান+তত্ত্ব] ব্রহ্মজ্ঞান।
জ্ঞানতপ, ন. [জ্ঞান+তপ] আত্মজ্ঞানার্হ-সন্ধান, জ্ঞানব্রত।
জ্ঞানতঃ ব্য. [জ্ঞান+তস্] জ্ঞানপূর্ব্বক, জ্ঞাতসার, মতিপূর্ব্বক, মত্যা, জ্ঞানাৎ, জানিয়া।
জ্ঞানদ, ত্রি. [জ্ঞান+দ] জ্ঞানপ্রদ, হিতাহিত-বোধজনক। [বোধাদর্শ।
জ্ঞানদর্পণ, পুং. [জ্ঞান + দর্পণ] পূর্ব্বজিন;
জ্ঞানদায়ক, ত্রি. [জ্ঞান+দায়ক] জ্ঞানপ্রদ, হিতাহিতবোধজনক।
জ্ঞানদায়ী, ত্রি. [জ্ঞান+দায়িন্] জ্ঞানপ্রদ, হিতাহিতবোধজনক।
জ্ঞানদীপ, পুং. [জ্ঞান+দীপ] অভিজ্ঞান, পরিজ্ঞান। [র্ব্বোধ।
জ্ঞানদুর্ব্বল, ত্রি. [জ্ঞান+দুর্ব্বল] অজ্ঞান, নি-
জ্ঞাননিষ্ঠ, ত্রি. [জ্ঞান + নিষ্ঠ] জ্ঞানবিজ্ঞান নিষ্ঠ, তত্ত্ববিৎ, তত্ত্বজ্ঞানী।
জ্ঞানপর, ত্রি. [জ্ঞান+পর] জ্ঞাননিষ্ঠ, তত্ত্ব-বিচারপর।
জ্ঞানপূর্ব্ব, ত্রি. [জ্ঞান+পূর্ব্ব] সজ্ঞান।
জ্ঞানপ্রযুক্ত, ত্রি. [জ্ঞান+প্রযুক্ত] জ্ঞানসূচক, বুদ্ধিপ্রযুক্ত।
জ্ঞানপ্রদীপ, পুং. [জ্ঞান+প্রদীপ] অভিজ্ঞান, পরিজ্ঞান; গ্রন্থবিশেষ।
জ্ঞানবাক্য, ন. [জ্ঞান+বাক্য] চিদুক্তি।
জ্ঞানবান্, ত্রি. [জ্ঞান + বৎ] জ্ঞানী, বুদ্ধিমান, প্রজ্ঞ; পণ্ডিত।
জ্ঞানবাপী, স্ত্রী. [জ্ঞান+বাপী] বারাণসীর অন্তর্গত তীর্থবিশেষ।
ন. [জ্ঞান+বিজ্ঞান] বোধাবোধ।

জ্ঞানবিপর্য্যয়, পুং. [জ্ঞান+বিপর্য্যয়] নির্ব্বুদ্ধিত্ব, অজ্ঞতা, অবিজ্ঞতা, বুদ্ধিহীনতা, অযুক্ততা।
জ্ঞানবিরুদ্ধ, ত্রি. [জ্ঞান+বিরুদ্ধ] অচেতন, চৈতন্যহীন, বিষয়গ্রহণাশক্ত।
জ্ঞানবিশিষ্ট, ত্রি. [জ্ঞান+বিশিষ্ট] জ্ঞানী, জ্ঞানবান্, প্রাজ্ঞ, প্রজ্ঞ।
জ্ঞানবিহীন, ত্রি. [জ্ঞান+বিহীন] অজ্ঞান, অজ্ঞানী, অজ্ঞ, অনভিজ্ঞ, বিদ্যাহীন।
জ্ঞানভ্রান্তি, স্ত্রী. [জ্ঞান+ভ্রান্তি] চিত্তবিভ্রম, বুদ্ধিভ্রান্তি।
জ্ঞানময়, ত্রি. [জ্ঞান+ময়] জ্ঞানবিশিষ্ট।
জ্ঞানমার্গ, পুং. [জ্ঞান+মার্গ] নিবৃত্তিমার্গ, জ্ঞানাভ্যাস।
জ্ঞানমার্গী, স্ত্রী. [জ্ঞান+মার্গী] ব্রহ্মবাদী, নিবৃত্তিমার্গী। [ষজ্ঞ।
জ্ঞানমুদ্র, ত্রি. [জ্ঞান+মুদ্র] কৃতাজ্ঞ, বিশে-
জ্ঞানমূল, ত্রি. [জ্ঞান+মূল] সত্যজ্ঞান, জ্ঞানজনিত।
জ্ঞানমূলক, ত্রি. [জ্ঞান+মূলক] বুদ্ধিমূলক, জ্ঞানপ্রযুক্ত।
জ্ঞানযোগ, পুং. [জ্ঞান+যোগ] ব্রহ্মজ্ঞান-প্রাপ্ত্যুপায়, জ্ঞানোপাসনা।
জ্ঞানলক্ষণা, স্ত্রী. [জ্ঞান+লক্ষণা] ত্রিবিধালৌকিক সন্নিকর্ষান্তর্গত সন্নিকর্ষ।
জ্ঞানশক্তি, স্ত্রী. [জ্ঞান+শক্তি] জ্ঞানপ্রভাব।
জ্ঞানশাস্ত্র, ন. [জ্ঞান+শাস্ত্র] তত্ত্বশাস্ত্র, তত্ত্ববিদ্যা।
জ্ঞানহত, ত্রি. [জ্ঞান+হত] বিস্মিত, বিস্ময়ান্বিত, পরাজিত, আক্রান্ত।
জ্ঞানাকাঙ্ক্ষা, স্ত্রী. [জ্ঞান + আকাঙ্ক্ষা] জ্ঞানেচ্ছা।
জ্ঞানাকাঙ্ক্ষী, ত্রি. [জ্ঞান + আকাঙ্ক্ষিন্] জ্ঞানেচ্ছু। [সর্ব্বজ্ঞ।
জ্ঞানাত্মা, ত্রি. [জ্ঞান+আত্মন্] সর্ব্বজ্ঞানময়,
জ্ঞানান্বিত-জ্ঞানাপন্ন, ত্রি. [জ্ঞান+অন্বিত] অভিজ্ঞ, বিজ্ঞ, বিদগ্ধ, তদ্বিদ; বিদ্বান্, পণ্ডিত।
জ্ঞানানুৎপাদ, পুং. [জ্ঞান+অনুৎপাদ] প্রজ্ঞাহীনতা, জ্ঞানহীনতা, অবোধ।

জ্ঞানাবস্থিত, ত্রি. [জ্ঞান+অবস্থিত] জ্ঞানাধিগত, চৈতন্যাধ্যাসিত।

জ্ঞানাভাব, পুং. [জ্ঞান+অভাব] অনভিজ্ঞান, অবিদ্যা, বুদ্ধিহীনতা। [মার্গ।

জ্ঞানাভ্যাস, পুং. [জ্ঞান+অভ্যাস] জ্ঞান-

জ্ঞানাভ্যাসী, পুং. [জ্ঞান+অভ্যাসী] নিবৃত্তিমার্গী, ব্রহ্মবাদী।

জ্ঞানিতা, স্ত্রী. [জ্ঞান+ইতা] প্রাজ্ঞতা, বৈজ্ঞান, বৈদুষ্য

জ্ঞানী, পুং. [জ্ঞান+ইন্] দৈবজ্ঞ; মহাপ্রজ্ঞ; (ত্রি.) জ্ঞানযুক্ত, ধীমান্, মনস্বী, প্রেক্ষাবান্, মর্ম্মজ্ঞ, বিদুর, বিন্দু, কুশলমতি, মেধীর, সুধী, মেধাবী, শুদ্ধধী, কৃতধী, বাদি, প্রাজ্ঞ। [দর্শী।

জ্ঞানীকৃত, ত্রি. [জ্ঞানী+কৃত] জ্ঞানবান, তত্ত্ব-

জ্ঞানীয়, ত্রি. [জ্ঞান+ঈয়] জ্ঞেয়, বিজ্ঞেয়, অবগন্তব্য, জ্ঞাতব্য, বেদনীয়।

জ্ঞানেচ্ছা, স্ত্রী. [জ্ঞান+ইচ্ছা] জিজ্ঞাসা, বিদ্যার্থ।

জ্ঞানেচ্ছু, ত্রি. [জ্ঞান+ইচ্ছু] জিজ্ঞাসু।

জ্ঞানেপ্সু, ত্রি. [জ্ঞান+ঈপ্সু] জিজ্ঞাসু।

জ্ঞানেন্দ্রিয়, ন. [জ্ঞান+ইন্দ্রিয়] বুদ্ধীন্দ্রিয়, তৎষড়্‌বিধ যথা—মনঃ, নেত্র, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, ত্বক্।

জ্ঞানৈষী, ত্রি. [জ্ঞান+এষী] জ্ঞানেচ্ছু।

জ্ঞানোৎপত্তি, স্ত্রী. [জ্ঞান+উৎপত্তি] জ্ঞানোদ্ভব। [জ্ঞানোদ্গম।

জ্ঞানোদয়, পুং. [জ্ঞান+উদয়] জ্ঞানাগম,

জ্ঞানোপদেশ, পুং. [জ্ঞান+উপদেশ] তত্ত্বোপদেশ, জ্ঞানশিক্ষা; ব্রহ্মোপদেশ, আত্মবোধ। [পনকারী।

জ্ঞাপক, ত্রি. [জ্ঞা+অক] বোধকারক, বিজ্ঞা-

জ্ঞাপন, ন. [জ্ঞা+অন] বোধন, বিদিতকরণ, প্রচারণ, জ্ঞানন।

জ্ঞাপনীয়, ত্রি. [জ্ঞা+অনীয়] বিজ্ঞাপনকরণ যোগ্য, বিদিতব্য।

জ্ঞাপয়িতব্য-জ্ঞাপ্য, ত্রি. [জ্ঞা+ইতব্য-য] বিজ্ঞাপনকরণ যোগ্য, বিদিতব্য।

জ্ঞাপিত, ত্রি. [জ্ঞা+ইত] বিজ্ঞপ্ত, বিজ্ঞাপিত, জ্ঞপ্ত।

জ্ঞাপ্তি, স্ত্রী. [জ্ঞা+তি] জ্ঞাপন, জ্ঞাতকরণ

জ্ঞেয়, ত্রি. [জ্ঞা+য়] বোধগম্য, জ্ঞাতসার, জ্ঞাতব্য, বিভাব্য, জ্ঞানযোগ্য।

জ্যকা, স্ত্রী. [জ্যা+ক] দ্বিজা, জ্যা, জীবা।

জ্যা, স্ত্রী. [জ্যা+আ] ধনুর্গুণ, তৎপর্য্যায়। —মৌর্ব্বী, শিঞ্জিনী, গুণ, শিঞ্জা, জীবা, পতঞ্চিকা, গব্যা, বাণাসন, দ্রুণা; মাতা; পৃথিবী; জ্যকা।

জ্যাক্কণিত, ন. [জ্যা+ক্কণিত] জ্যাঘোষ।

জ্যাঘোষ, পুং. [জ্যা+ঘোষ] বিস্ফার, স্ফার, টঙ্কার। [ত্যাগ।

জ্যানি, স্ত্রী. [জ্যা+নি] জীর্ণতা; হানি; নদী;

জ্যায়ান্, ত্রি. [জ্যা+য়স্] অতিবৃদ্ধ, বর্ষীয়ান্, দশমী, বৃদ্ধতম, দশমীস্থ; প্রশস্ত, অনুত্তম; বার্দ্ধক্য; অগ্রজ

জ্যেষ্ঠ, ত্রি. [জ্যা+ইষ্ঠ] অতিবৃদ্ধ; শ্রেষ্ঠ; (পুং.) জ্যৈষ্ঠমাস; অগ্রজ; অধিকবয়ঃ।

জ্যেষ্ঠতা, স্ত্রী. [জ্যেষ্ঠ+তা] অধিকবয়স্কতা, জ্যৈষ্ঠ্য। [শ্রেষ্ঠত্ব

জ্যেষ্ঠত্ব, ন. [জ্যেষ্ঠ+ত্ব] অগ্রজাতত্ব,

জ্যেষ্ঠতাত, পুং. [জ্যেষ্ঠ+তাত] পিতৃব্যের-অগ্রজ, পিতুরগ্রজ, জ্যেঠা

জ্যেষ্ঠপদ, ন. [জ্যেষ্ঠ+পদ] বীজগণিতভেদ।

জ্যেষ্ঠবর্ণ, পুং. [জ্যেষ্ঠ+বর্ণ] ব্রাহ্মণ।

জ্যেষ্ঠবলা, স্ত্রী. [জ্যেষ্ঠ+বলা] সহদেবী।

জ্যেষ্ঠবৃত্তি, স্ত্রী. [জ্যেষ্ঠ+বৃত্তি] জ্যৈষ্ঠাকৃত্য।

জ্যেষ্ঠভাগ, পুং. [জ্যেষ্ঠ+ভাগ] অগ্রজাতাংশ; প্রধান অংশ।

জ্যেষ্ঠশ্বশ্রূ, স্ত্রী. [জ্যেষ্ঠ+শ্বশ্রূ] পত্নীর জ্যেষ্ঠাভগিনী, কুলী, বড়শ্যালী।

জ্যেষ্ঠসাম, ন. [জ্যেষ্ঠ+সাম] সামবেদভেদ; সামবেদাধ্যয়নাঙ্গব্রত।

জ্যেষ্ঠা, স্ত্রী. [জ্যেষ্ঠ+আ] অশ্বিন্যাদি সপ্তবিংশতিনক্ষত্রান্তর্গত অষ্টাদশ নক্ষত্র; গৃহগোধিকা; মধ্যমাঙ্গুলি; গঙ্গা; ধীরাদি নায়িকাভেদ; অলক্ষ্মী।

জ্যেষ্ঠাংশ, পুং. [জ্যেষ্ঠ+অংশ] অগ্রজের ভাগ; উত্তমাংশ।

জ্যেষ্ঠামূলীয়, পুং. [জ্যেষ্ঠা+মূলীয়] জ্যৈষ্ঠমাস

জ্যেষ্ঠাম্বু, ন. [জ্যেষ্ঠ+অম্বু] তণ্ডুলাম্বু, চেলু-নিজল।

জ্যেষ্ঠাশ্রম-জ্যেষ্ঠাশ্রমী, পুং. [জ্যেষ্ঠ + আশ্রম] গৃহমেধী, স্নাতক, কৌটুম্বিক, গৃহস্থ, গৃহী।

জ্যেষ্ঠী, স্ত্রী. [জ্যেষ্ঠ+ঈ] গৃহগোধা, মুষলী, মুসলী, কুড্যমৎস্যা, গৃহগোধিকা, মূলী, শকুনজ্ঞা, টুটুকী, গৃহাপিকা, টিকটিকী, জ্যেঠী

জ্যৈষ্ঠ, পুং. [জ্যেষ্ঠ+অ] দ্বাদশ মাসান্তর্গত দ্বিতীয় মাস, জ্যেষ্ঠ, শুক্র

জ্যৈষ্ঠসামা, পুং. [জ্যৈষ্ঠ+সামন্] জ্যেষ্ঠ-সামা, জ্যৈষ্ঠসামা, জ্যেষ্ঠসামবেদা-ধ্যেতা।

জ্যৈষ্ঠিনেয়, ত্রি. [জ্যৈষ্ঠ+ইনঙ্] প্রধানবধূ. স্নুষা, প্রধানস্ত্রী।

জ্যৈষ্ঠী, স্ত্রী. [জ্যৈষ্ঠ+ঈ] জ্যৈষ্ঠপূর্ণিমা; জ্যেষ্ঠী। [বয়স্কতা।

জ্যৈষ্ঠ্য, ন. [জ্যেষ্ঠ+য] জ্যেষ্ঠতা, অধিক-

জ্যোক্, ব্য. ত্বরিত, সরভস, সদ্য।

জ্যোতিঃ, ন. [দ্যুৎ+ইস্] দৃষ্টি, কনীনিকা; নক্ষত্র; প্রকাশ; (পুং.) অগ্নি; সূর্য্য; মেথিকা; তেজ, কিরণ, রশ্মি।

জ্যোতিঃশাস্ত্র, ন. [জ্যোতিস্+শাস্ত্র] খগোল-বিদ্যা, জ্যোতিষ, রাশি গ্রহ নক্ষত্রাদি-বিদ্যা।

জ্যোতিরিঙ্গ, পুং. [জ্যোতিস্+ইঙ্গ] খদ্যোত।

জ্যোতিরিঙ্গণ, পুং. [জ্যোতিস্+ইঙ্গন] কীটবিশেষ, জোনাকিপোকা, তৎপর্য্যায়। খদ্যোত, খজ্যোতি, চিলনীলকা, গুহ্য-দীপক, ধ্বান্তোন্মেষ, তমোমণি, দৃষ্টিবন্ধু, তমোজ্যোতি, জ্যোতিরিঙ্গ, নিমেষক, জ্যোতির্ব্বীজ, নিমেষরুক্, প্রভাকীট।

জ্যোতির্গণ, পুং. [জ্যোতিস্+গণ] খস্থ-পদার্থ।

জ্যোতির্জ্ঞ-জ্যোতির্ব্বিদ, পুং. [জ্যোতিস্+জ্ঞ] গণক, জ্যৌতিষিক, গ্রহ নক্ষত্রাদি বিদ্যাজ্ঞ।

জ্যোতির্ব্বিদ্যা, স্ত্রী. [জ্যোতিস্+বিদ্যা] খগো-লবিদ্যা, জ্যোতিঃশাস্ত্র।

জ্যোতির্ব্বীজ, ন. [জ্যোতিস্+বীজ] জ্যোতি-রিঙ্গণ।

জ্যোতির্ব্বেত্তা, পুং. [জ্যোতিস্+বেত্তা] জ্যোতিষশাস্ত্র।

জ্যোতির্ম্মণ্ডল, ন. [জ্যোতিস্+মণ্ডল] নক্ষত্র-মণ্ডল, খগোল, ভচক্র।

জ্যোতির্ম্ময়, ত্রি. [জ্যোতিস্+ময়] তারাময়, নক্ষত্রব্যাপ্ত।

জ্যোতির্হস্তা, স্ত্রী. [জ্যোতিস্+হস্তা] দুর্গা।

জ্যোতিশ্চক্র, ন. [জ্যোতিস্+চক্র] চন্দ্র সূর্য্যাদির গ্রহনক্ষত্রমণ্ডল, রাশিচক্র, ভমণ্ডল, ভাগন, রাশিমণ্ডল, রিক্ষ

জ্যোতিষ, ন. [জ্যোতিস্+অ] বেদাঙ্গশাস্ত্র-বিশেষ; (পুং.) গণক; (ত্রি.) নাক্ষত্রিক, জ্যোতিঃশাস্ত্র বিষয়।

জ্যোতিষিক, পুং. [জ্যোতিস্+ইক] জ্যৌতি-ষিক, গণক।

জ্যোতিষী, স্ত্রী. [জ্যোতিস্+ঈ] তারা; (ত্রি.) জ্যোতিষশাস্ত্রজ্ঞ, গণক।

জ্যোতিষ্ক, পুং. [জ্যোতিস্+ক] চিত্রকবৃক্ষ; মেথিকাবীজ; গণিকারিকাবৃক্ষ।

জ্যোতিষ্কা, পুং. [জ্যোতিষ্ক+আ] চন্দ্রার্ক গ্রহনক্ষত্র তারকা; (স্ত্রী.) জ্যোতিষ্মতী লতা।

জ্যোতিষ্কল্প, ত্রি. [জ্যোতিস্+কল্প] জাজ্বল্য-মান, উচ্ছিখ, প্রদীপ্ত।

জ্যোতিষ্টোম, ন. [জ্যোতিস্+স্তোম] ষোড়শ ঋত্বিক্ সাধ্যযজ্ঞবিশেষ।

জ্যোতিষ্মতী, স্ত্রী. জ্যোতিস্+মতী] লতা-বিশেষ, লতাকটকরী, নয়াকট্কী; তৎ-পর্য্যায়।—পারাবতাঙ্ঘ্রি, কটভী, পিণ্যা, পারাবতপদী, নগণা, স্ফুটবন্ধনী, পুতি-তৈলা, ইঙ্গুদী, স্বর্ণলতা অনলপ্রভা, জ্যোতির্লতা, সুপিঙ্গলা, দীপ্তা, মেধ্যা, মতিদা, দুর্জ্জরা, সরস্বতী, অমৃতা; রাত্রি; (পুং.) সূর্য্য।

জ্যোতিস্সাৎ, ব্য. [জ্যোতিস্+সাৎ] জ্বলন্।

জ্যোতীরথ, পুং. [জ্যোতিস্+রথ] ধ্রুব।

জ্যোৎপত্তি, স্ত্রী. [জ্যা+উৎপত্তি] রজ্জু-পরিমাণ।

জ্যোৎস্না, স্ত্রী. [জ্যোতিস্‌+না] চন্দ্রজ্যোতিঃ, তৎপর্য্যায়।—চন্দ্রিকা, কৌমুদী, চান্দ্রী, কামবল্লভা, চান্দ্রাতপ, চন্দ্রকান্তা, শীতা, অমৃততরঙ্গিণী, চন্দ্রপ্রভা, শশীপ্রভা, চন্দ্রপ্রকাশ, চন্দ্রিমা, চন্দ্রদ্যুতি, চন্দ্রাতপ, চন্দ্রগোলিকা, চন্দ্রশালা, দীপিকা, মালতী, তুহিন, কৈরবী, হরিচন্দন, মুদী, চন্দক, চাঁদনী; জ্যোৎস্নাযুক্তরাত্রি; পটোলিকা; শ্বেতঘোষা; দুর্গা।

জ্যোৎস্নাপ্রিয়, পুং. [জ্যোৎস্না+প্রিয়] চকোর পক্ষী; (ত্রি) চন্দ্রগানুরক্ত, কৌমুদীপ্রিয়।

জ্যোৎস্নাবৃক্ষ, পুং. [জ্যোৎস্না+বৃক্ষ] দীপাধার, পিলসুজ।

জ্যোৎস্নী, স্ত্রী. [জ্যোৎস্ন+ঈ] পটোলিকা, ঝিঙ্গা; চন্দ্রিকাযুক্তারাত্রি; জ্যোৎস্নারাত্রি; রেণুকানাম গন্ধদ্রব্য।

জ্যৌতিষিক, পুং. [জ্যোতিস্‌+ইক] দৈবজ্ঞ।

জ্যৌৎস্ন, ত্রি. [জ্যোৎস্না+অ] দীপ্ত, জ্যোৎস্নাযুক্ত।

জ্যৌৎস্নিকা, স্ত্রী. [জ্যোৎস্না+ইকা] জ্যোৎস্নান্বিতানিশা।

জ্যৌৎস্নী, স্ত্রী. [জ্যোৎস্না+ঈ] পূর্ণিমাযুক্তরাত্রি; জ্যোৎস্নী।

জ্রীণ, ত্রি. [জ্রী+ন] জীর্ণ।

জ্বর, পুং. [জ্বর্‌+অ] জ্বরণ, স্বনামখ্যাত রোগ, তৎপর্য্যায়।—জূর্ত্তি, জ্বরি, আতঙ্ক, রোগপৃষ্ঠ, মহাগদ, সঞ্জ্বর, তাপ, শরীরতাপ, শরীরদাহ, দেহদাহ, অন্তর্দাহ, মহাগদ, ব্যাধি, আময়, পীড়া, রুক্‌, রুজা, রুগ্নতা, গদ, উপতাপ, আর্ত্তি, কষ্ট, আস্বাস্থ্য, দুঃখ, বিকারবিকৃতি, বিকর, অন, অমস, মৃত্যুভৃত্য, ক্লেশ, তাপক, সন্তাপ। [জনক।

জ্বরকর, ত্রি. [জ্বর+কর] জ্বরোৎপাদক, রোগ-

জ্বরগ্রস্ত, ত্রি. [জ্বর+গ্রস্ত] সজ্বর, সংজ্বারী।

জ্বরঘ্ন, পুং. [জ্বর+ঘ্ন] গুড়চী; বাস্তুক; (ত্রি) জ্বরনাশক।

জ্বরজ, ত্রি. [জ্বর+জ] জ্বরী, জ্বরিত।

জ্বরজনক, ত্রি. [জ্বর+জনক] জ্বরোৎপাদক।

জ্বরত্যাগ, পুং. [জ্বর+ত্যাগ] রোগশান্তি।

জ্বরৎ, ত্রি. [জ্বর্‌+অৎ] জ্বরবিশিষ্ট।

জ্বরধ্বংসক-জ্বরধ্বংসা, ত্রি. [জ্বর+ধ্বংসক] জ্বরনাশক।

জ্বরনাশ, পুং. [জ্বর+নাশ] রোগশান্তি, রোগোপচার, উপশম।

জ্বরনাশক, ত্রি. [জ্বর+নাশক] জ্বরান্তক।

জ্বরপীড়িত, ত্রি. [জ্বর+পীড়িত] জ্বরগ্রস্ত, সংজ্বরাতুর। [গ্রস্ততা।

জ্বরভাব, পুং. [জ্বর+ভাব] সজ্বরত্ব, ঈষজ্জ্বর-

জ্বরহন্ত্রী, স্ত্রী. [জ্বর+হন্ত্রী] মঞ্জিষ্ঠা, (ত্রি.) জ্বরঘ্ন জ্বরনিবারক।

জ্বরা, স্ত্রী. [জ্বর+আ] রোগিতা, আময়, রোগগ্রস্ততা।

জ্বরাক্রমণ, ন. [জ্বর+আক্রমণ] জ্বরাবতরণ, আতপলঙ্ঘন। [মন্যব।

জ্বরাগ্নি, পুং. [জ্বর+অগ্নি] জ্বররূপাগ্নি, আধি-

জ্বরাঙ্কুশ, (প্রা) লতাবিশেষ।

জ্বরাঙ্গী, স্ত্রী. [জ্বর+অঙ্গী] ভদ্রদন্তিকা।

জ্বরাতিসার, পুং. [জ্বর+অতিসার] অতিসারযুক্তজ্বর।

জ্বরাতুর, ত্রি. [জ্বর+আতুর] সজ্বর, জ্বরিত।

জ্বরান্তক, পুং. [জ্বর+অন্তক] নেপালনিম্ব; আরগ্বধ; ঔষধভেদ; (ত্রি) জ্বরনাশক।

জ্বরান্বিত, ত্রি. [জ্বর+অন্বিত] জ্বরগ্রস্ত, জ্বরপীড়িত।

জ্বরাপহা, স্ত্রী, [জ্বর+অপহা] বিল্বপত্রী, বেলশুঁঠা; (ত্রি) জ্বরনাশক।

জ্বরাবতরণ, ন. [জ্বর+অবতরণ] আতপলঙ্ঘন, জ্বরাক্রমণ।

জ্বরারি, পুং. [জ্বর+অরি] জ্বরঘ্নৌষধবিশেষ।

জ্বরাশনি, পুং. [জ্বর+অশনি] জ্বরনাশকৌষধবিশেষ।

জ্বরিত, ত্রি. [জ্বর+ইত] জ্বরী, জ্বরজ, জ্বরযুক্ত।

জ্বরিত্ব, ন. [জ্বর+ইত্ব] জ্বরভাব, সজ্বরত্ব।

জ্বরী, ত্রি. [জ্বর+ইন্‌] জ্বরযুক্ত, সজ্বর।

জ্বল, পুং. [জ্বল্‌+অ] জ্বাল, দীপ্তি; (ত্রি.) দীপ্তিবিশিষ্ট। [উল্কা।

জ্বলকা, স্ত্রী. [জ্বল+কা] অগ্নিশিখা; জ্বাল,

জ্বলৎ, ত্রি. [জ্বল্‌+অৎ] প্রজ্বলিত, তৎপর্য্যায়। জ্বাল, জ্বালন, জ্বালী, উজ্জ্বল, জাজ্বল্য-

মান, জ্বলিত, প্রজ্বলিত, উচ্ছিখ, প্রদীপ্ত; প্রভাবান, তৎপর্য্যায়।— দীপ্তিমান, দীপ্ত, দেদীপ্যমান, কান্তিমান, রোচিষ্ণু, তেজস্বী, তেজোময়, দ্যোতমান, প্রকাশমান, দীপ্র, সুপ্রভ, বর্চ্চসী, দ্যোতন, তৈজস, প্রতিভামান

জ্বলদগ্নি, পুং. [জ্বলৎ+অগ্নি] জ্বলিতানল, জ্বালাগ্নি।

জ্বলন্, বা. [জ্বল্+অৎ] জ্যোতিস্সাৎ।

জ্বলন, পুং. [জ্বল্+অন] অগ্নি; চিত্রকবৃক্ষ; (ন.) দাহন, দাহ, দীপন, প্লোষ, ওষ, তাপ। [কাষ্ঠ, উল্মুখ।

জ্বলনকাষ্ঠ, ন. [জ্বলন+কাষ্ঠ] অলাত, অগ্নি-

জ্বলনার্হ, ত্রি. [জ্বলন+অর্হ] দগ্ধব্য, জ্বলনীয়, দাহাত্মক। [মণি।

জ্বলনাশ্মা, পুং. [জ্বলন+অশ্মন্] সূর্য্যকান্ত-

জ্বলন্মণি, ত্রি. [জ্বলৎ+মণি] সুদীপ্তমণি; (পুং.) চারুশিলা।

জ্বলনী, ত্রি. [জ্বলন+ঈ] অতিব্যথাকার।

জ্বলনীয়, ত্রি.] জ্বল্+অনীয়] দাহ্য, দহনীয়, পুড়িবারযোগ্য, জ্বলনার্হ, দগ্ধব্য, দীপনীয়, তাপনীয়।

জ্বলন্ত, (প্রা) প্রজ্বলিত, ব্যগ্র, ব্যথাকর, উষ্মান্বিত।

জ্বলয়ন্, ত্রি. [জ্বল্+ই-অৎ] জ্বলিত, উজ্জ্বল, প্রদীপ্ত।

জ্বলা, (প্রা) দাহ, তাপ, পীড়া, উষ্মা, ব্যগ্রতা।

জ্বলাওন, (প্রা) ক্লান্ত, ক্লিষ্ট, বিরক্ত।

জ্বলাতন, (প্রা) ক্লেশদেওন, পীড়ন, কোপান, দাহন, পোড়ান; অগ্নিফুঁয়ান, ধরান।

জ্বলানন, ত্রি. [জ্বল্+আনন] দগ্ধাস্য।

জ্বলানি, (প্রা) জ্বলনীয়, দাহ্য।

জ্বলানিয়া, (প্রা) গৃহদাহক; দাহক; ক্রোধজনক।

জ্বলানী, (প্রা) দাহ্য।

জ্বলিত, ত্রি. [জ্বল+ইত] দগ্ধ, উত্তপ্ত; উজ্জ্বল, প্লুষ্ট, খেদিত; দীপ্ত।

জ্বলিতাস্য, ত্রি. [জ্বলিত+আস্য] দগ্ধানন।

জ্বলিতনয়ন, ত্রি. [জ্বলিত+নয়ন] দীপ্তচক্ষু।

জ্বলিনী, স্ত্রী. [জ্বলিন্+ঈ] মূর্ব্বালতা।

জ্বলী, ত্রি. [জ্বল্+ইন্] জ্বলিত, অর্চ্চিষ্মান্।

জ্বাল, পুং. স্ত্রী. [জ্বল্+অ] অগ্নিশিখা; (ত্রি) দীপ্তিবিশিষ্ট। [দাহ।

জ্বালা, স্ত্রী. [জ্বাল+আ] দগ্ধান্ন; অগ্নিশিখা;

জ্বালাগর্দ্দভক, পুং. [জ্বালা+গর্দ্দভক] রোগবিশেষ, তৎপর্য্যায়।—জ্বালারাসভকাময়, জ্বালাখরগদ, গর্দ্দভগদ।

জ্বালাজিহ্ব, পুং [জ্বালা+জিহ্বা] অগ্নি।

জ্বালাগ্নি, পুং. [জ্বালা+অগ্নি] অগ্নিশিখা, অগ্নিজিহ্বা, শিখিশিখা, অগ্নিজ্বালা।

জ্বালাতন, (প্রা) সন্তাপিতকরণ, পোড়ান, নিপীড়ন।

জ্বালান, (প্রা) জ্বলান।

জ্বালামুখী, স্ত্রী. [জ্বালা+মুখী] পীঠস্থানবিশেষ; মহাবিদ্যাবিশেষ, অম্বিকাদেবী; দেশবিশেষ। [দিত।

জ্বালিত, ত্রি. [জ্বাল্+ইত] উত্তপ্ত, দগ্ধ; খে-

জ্বালী, ত্রি. [জ্বাল্+ইন্] প্রজ্বলিত, প্রদীপ্ত, জ্বলিত।

ঝ

ঝকার। ব্যঞ্জন বর্ণের নবমবর্ণ। চবর্গের চতুর্থ বর্ণ। ইহার উচ্চারণ তালু হইতে হয়। অস্য নামানি যথা। ঝো; ঝঙ্কারী; গুহো; ঝঞ্ঝাবায়ু; সত্য; ষড়ুন্নতঃ; অজেশ; দ্রাবিণী; নাদ; পাশী; জিহ্বা; জল; স্থিতি; বিরাজেন্দ্র; ধনুর্হস্ত; কর্কশ; নাদজ্ঞ; কুঞ্জ; দীর্ঘবাহু; বল; রূপ; আকন্দিত; সুচঞ্চল; দুর্মুখ; নষ্ট; আত্মবান্; বিকটা; কুচমণ্ডল; কলহংসপ্রিয়া; বামা; অঙ্গুলীমধ্যপর্ব্ব; দক্ষহাসাট্টহাস; পাথাত্মা; ব্যঞ্জন; স্বর।

ঝ, পুং. ঝঞ্ঝাবাত; নষ্ট; অম্বুবর্ষণ; ঝণ্টীশ; সুরগুরু; দৈত্যরাজ; ধ্বনি; তারবায়ু; (ত্রি.) নিদ্রিত; নষ্ট।

ঝক্, (প্রা) শীঘ্র, হঠাৎ, ঝটিতি; বৃথাকথা।

ঝকড়ন, (প্রা) বিবাদন।

ঝকড়া, (প্রা) কলহ, বিবাদ, বিতণ্ডা, দ্বন্দ্ব।

ঝকড়াউ, (প্রা) অন্যোন্য কলহ।

ঝকৃড়াঝকড়ি, (প্রা) অন্যোন্য কলহ।
ঝকৃড়াটিয়া-ঝকৃড়ালু, (প্রা) কলহকারী, কলিকারক, বিবাদশীল, কঁদুলিয়া।
ঝকার, পুং. [ঝ+কার] ঝ অক্ষর।
ঝকারাদি, ত্রি. [ঝকার+আদি] ঝ আদি বর্ণ।
ঝকারান্ত, ত্রি. [ঝকার + অন্ত] ঝ শেষাক্ষর।
ঝকিক্, (প্রা) নিন্দা, পরিভাষণ; প্রতিঘাত; প্রাবল্য; ক্রোধাবেশ।
ঝকৃঝক্-ঝকৃঝকিয়া (প্রা) চকৃমক্, উজ্জ্বলতা, দীপ্তি।
ঝকৃমক্-ঝকৃমকানি, (প্রা) উজ্জ্বলতা, শোভা, জ্যোতিঃ, চকৃচকানি।
ঝকৃমারণ, (প্রা) বকৃবকানি, বকুনি, অপরঙ্গতা
ঝকৃমারী, (প্রা) বৃথাবাদী, অনুতাপ, কুকর্ম্ম।
ঝঙ্কার, পুং. [ঝং+কার] ভ্রমরাদি শব্দ, গুঞ্জন, গুঞ্জিত, কল, কলকল, মর্ম্মর, রণৎকার, কলরব, কলস্বর।
ঝঙ্কিল, (প্রা) কঙ্কপক্ষীভেদ।
ঝঞ্ঝন, ন. [ঝং+ঝন] অব্যক্তশব্দ, অস্ফুটধ্বনি; শিঞ্জিত, ক্বণিত।
ঝঞ্ঝনা, (প্রা) বজ্র; বিদ্যুৎ; অব্যক্তধ্বনি।
ঝঞ্ঝনিয়া, (প্রা) ধ্বনিত, স্বনিত, শব্দিত।
ঝঞ্ঝনী, (প্রা) লতাবৃক্ষবিশেষ।
ঝঞ্ঝা, স্ত্রী. [ঝং+ঝা] ধ্বনিবিশেষ; জলকণবর্ষণ; প্রবলবায়ু; দ্রব্যাপচয়।
ঝঞ্ঝাট, (প্রা) ক্লেশ, দুঃখ, উৎপাত, ঘবরাণী, লটখট্; ব্যস্ততা।
ঝঞ্ঝাটিয়া, (প্রা) ক্লেশক, ক্লেশী, ব্যথাকর, দুঃখকর, উদ্বেজক।
ঝঞ্ঝানিল-ঝঞ্ঝাবাত, পুং. [ঝঞ্ঝা + অনিল] প্রাবৃষিজ বায়ু, জবানিল, প্রচণ্ডবাত।
ঝট্, (প্রা) ঝটিতি, দ্রুত।
ঝট্পট, (প্রা) অবিলম্বে, তাড়াতাড়ি।
ঝট্করিয়া, (প্রা) শীঘ্ররূপে, দ্রুতরূপে, তাগাদা। [দেওন।
ঝটক্, (প্রা) বৃক্ষ বা গাছের ডাল কাটিয়া
ঝট্কন-ঝট্কান-ঝট্কানি, (ঝা) কাটন শিরোচ্ছেদন।
ঝট্কা, (হি) প্রচণ্ডবায়ু, ঝঞ্ঝ, ঝড়, ঝড়ী।
ঝট্ঝট্, (প্রা) ঝটিতি।
ঝটা, স্ত্রী. [ঝট্+আ] লতাবৃক্ষবিশেষ।
ঝটাপটি, (প্রা) ক্রীড়ামৌষ্টা, ক্রীড়যুদ্ধ, পাছড়াপাছড়ি।
ঝটি, পুং. [ঝট্+ই] ক্ষুদ্রবৃক্ষ।
ঝটিতি, ব্য. [ঝটি+তি] দ্রুত, শীঘ্র, স্রাক্, অঞ্জসা, অহ্নায়, সপদি, দ্রাক্, মংক্ষু, ত্বরায়, হঠাৎ, চট্পট।
ঝড, (প্রা) প্রবলানিল, প্রচণ্ডবায়ু, ঝঞ্ঝা।
ঝড়কন, (প্র) ভর্ৎসন, তিরস্করণ, ধম্কান।
ঝড়ঝাটা, (প্রা) ঝঞ্ঝাবাত, নির্ঘাত, চক্রবাত। [লপাড়।
ঝড়তুফান-ঝড়বাতাস, (প্রা) অতিবাত, তো-
ঝড়বৃষ্টি, (প্রা) ঝঞ্ঝাবাত বিশিষ্ট, বর্ষণ, দুর্দিন।
ঝড়ি, (প্রা) প্রচণ্ডবায়ু, তুফান।
ঝড়ুয়া, (প্রা) ঝঞ্ঝাময়, বাতাঙ্গ।
ঝণ্ডা, (প্রা) পতাকা, ধ্বজা, বৈজয়ন্তী।
ঝন্-ঝনৎ, (প্রা) ধাতুময় দ্রব্যাদির ধ্বনি।
ঝন্কাট, (প্রা) দ্বারের কপালি, দ্বারাগ্র উর্দ্ধ কাষ্ঠ, চৌকাঠ।
ঝনৎ-ঝনৎকার, পুং. [ঝন্+অং] অনুকরণ শব্দ, কঙ্কণাদিধ্বনি।
ঝন্তি, ব্য. [ঝট্+তি] ঝটিতি।
ঝপ্-ঝপ্ঝপ্, (প্রা) ঝটিতি। [ঝনশব্দ।
ঝমর্-ঝমর্ঝমর্, (প্রা) কিঙ্কিণীপ্রভৃতি ঝন-
ঝম্প, পুং. [ঝম্+প] সম্পাতপতন, লম্ফ, উৎক্রম, লাফ, ঝাঁপ, কুঁদন।
ঝম্পমোর, (প্রা) শ্যেনপক্ষী বিশেষ।
ঝম্পক-ঝম্পারু, পু. [ঝম্প+অক] বানর।
ঝম্পাশী, পুং. [ঝম্প+অশিন্] মৎস্যরঙ্গপক্ষী, মাছরাঙ্গাপাখী।
ঝম্পী, পু. [ঝম্প+ইন্] বানর।
ঝর, পুং. [ঝৃ + অ] নির্ঝর, পর্ব্বতাবতীর্ণ জলপ্রবাহ।
ঝরকা, (প্রা) গবাক্ষ, বাতায়ন।
ঝরণ, (প্রা) ক্ষরণ, চ্যুতহওন, গলন, পড়ন।
ঝরণা, (প্রা) পর্ব্বতহইতে চ্যুতজল প্রবাহ, শৈলনিঃসৃত জল, নির্ঝর; চালনী, ক্ষরণী, ঝাঁঝুরী
ঝরণী, (প্রা) রক্তক্ষরণী; ছাঁকনি।

ঝরা, স্ত্রী. [ঝর+আ] ঝর।
ঝরাণ, (প্রা) ক্ষরিতকরান, রসাকর্ষণ, নীরস করণ, চোঁয়ান
ঝরাণি, (প্রা) নির্গলিত, সম্পৃষ্ট।
ঝরী, স্ত্রী. [ঝর+ঈ] ঝর; নদী।
ঝর্ঝর, পুং. [ঝর্ঝা+র] বাদ্যবিশেষ; চর্ম্মপুটাচ্ছাদিত কাষ্ঠস্থান; ঝল্লকী, ঝল্লী, ঝলরী, ঝর্ঝরী, কবড়বাদ্য; কলিযুগ; নদভেদ।
ঝর্ঝর, (প্রা) জলাদির অজস্রপতন; ছিদ্রময়।
ঝর্ঝরক, পুং. [ঝর্ঝর+ক] চতুর্থযুগ, কলিযুগ।
ঝর্ঝরা, স্ত্রী. [ঝর্ঝর+আ] বেশ্যা।
ঝর্ঝরী, স্ত্রী. [ঝর্ঝর+ঈ] ঝর্ঝরবাদ্য, মন্দিরা।
ঝর্ঝরী, (প্রা) জালী, ব্যবধান।
ঝর্ঝরীক, পুং. [ঝর্ঝর+ঈক] শরীর; দেশ; চিত্র। [অগ্নিজিহ্বা।
ঝলক, (প্রা) তরঙ্গলোলা, হিল্লোল, লোলক;
ঝলঞ্ঝলা, স্ত্রী. [ঝলং+ঝলা] হস্তিরকর্ণাস্ফালন; পক্ষস্ফালন।
ঝলরী, স্ত্রী. [ঝল+রী] হুড়ুক্ক, ঝর্ঝরবাদ্য; বালচক্র, কেশবক্র।
ঝলা, স্ত্রী. [ঝল+আ] কন্যা; কিরণ; আতপোর্ম্মী; ঝিল্লিকা।
ঝলাবর, (প্রা) সুন্দর, উত্তম, (যাং) চৌপাল।
ঝলি, স্ত্রী. [ঝল+ই] গুবাকভেদ।
ঝল্ক, (প্রা) তরঙ্গপাত; অগ্নির তেজঃ।
ঝল্কন, (প্রা) নল্লন; গইড়পাড়ন।
ঝলঝল-ঝলমল, (প্রা) আন্দোলন, ঝোলন, লড়ন।
ঝল্‌মলিয়া, (প্রা) আস্ফালিত, চালিত।
ঝলসন-ঝলসান, (প্রা) অর্দ্ধদগ্ধকরণ, ভাজন, আধ পোড়ান।
ঝলসা, (প্রা) পরিদগ্ধ, অভিতপ্ত।
ঝলসাকাণা, (প্রা) অস্পষ্টদৃক্, ঈষদন্ধ।
ঝল্ল, পুং. [ঝল্+ল] বর্ণসঙ্কর জাতিবিশেষ, প্রহাসক, ভাঁড়; মল্লযোদ্ধা; গদাযোধী, যাষ্টীক; ভ্রষ্টব্যক্তি, পদচ্যুতব্যক্তি।
ঝল্লক, ন. [ঝল্ল+ক] কাংস্যনির্ম্মিত করতালকাদি।
ঝল্লকণ্ঠ, পুং. [ঝল্ল+কণ্ঠ] পারাবত, কপোত।
ঝল্লরী, স্ত্রী. [ঝল্ল+রী] হুড়ুক্ক, ঝর্ঝরবাদ্য; বালচক্র, বালড়ি; শুদ্ধ; ক্লেদ।
ঝল্লিকা, স্ত্রী. [ঝল্ল+ইকা] উদ্বর্ত্তনপট; দোত; উদ্বর্ত্তনমল।
ঝল্লী, স্ত্রী. [ঝল্ল+ঈ] ঝর্ঝর বাদ্য।
ঝল্লোল, পুং. [ঝল্ল+ওল] তর্কুতাসক, টেকুয়ার বাঁটুল।
ঝষ, ন. [ঝষ্+অ] খিল; (পুং.) মৎস্য; তাপ; বন; মীনরাশি।
ঝষকেতন, পুং. [ঝষ+কেতন] কন্দর্প।
ঝষা, স্ত্রী. [ঝষ+আ] নাগবলা।
ঝষাঙ্ক, পুং. [ঝষ+অঙ্ক] অনিরুদ্ধ।
ঝষাশন, পুং. [ঝষ+অশন] শিশুমার।
ঝষোদরী, স্ত্রী. [ঝষ+উদরী] ব্যাসমাতা, মৎস্যগন্ধা।
ঝা, (প্রা) নির্ঝরবারিপ্রবাহ।
ঝাইল, (প্রা) পুষ্করিণীর পঙ্কোদ্ধারাদি; পাইন।
ঝাউ, (প্রা) ঝাবুকবৃক্ষ।
ঝাঁ, (প্রা) কাংস্যবাদ্যধ্বনি।
ঝাঁই, (প্রা) অত্যন্তদগ্ধ, খরপোড়া, চোঁয়া।
ঝাঁক, (প্রা) সমূহ, দল; পাল, গোট, ঝুঁড।
ঝাঁকন, (প্রা) আক্রমণ, অনুযোগকরণ; লড়ান, হেলান।
ঝাঁকনি, (প্রা) আস্ফালন, বিকম্প।
ঝাঁকবাঁধা, (প্রা) যূথ, গণ, সমূহ।
ঝাঁকা, (প্রা) পরিমাণানুভব; স্পন্দিত; কৃতানুযোগ।
ঝাঁঝ, (প্রা) উত্তাপ, সন্তপ্ত; ঝর্ঝরী।
ঝাঁঝরা (প্রা) চালনী; জলসেবনপাত্র।
ঝাঁঝরী, (প্রা) বহুছিদ্রযুক্তদর্ব্বী; জলসেচনপাত্র; ঝর্ঝরীবাদ্য; জাল
ঝাঁঝলী, (প্রা) জ্বলন্ত; রাগাল; দগ্ধ।
ঝাঁট, (প্রা) অন্তর্লোম।
ঝাঁটন, (প্রা) সম্মার্জ্জন, পরিষ্করণ, ঝাড়ন।
ঝাঁটা, (প্রা) সম্মার্জ্জনী, খেংরা।
ঝাঁটি, (প্রা) আবর্জ্জনা, জঞ্জাল, ওঁচলা।
ঝাঁটী, (প্র) পুষ্পবিশেষ।
ঝাঁটো, (প্রা) ঝটিতি। [ঝম্প।
ঝাঁপ, (প্রা) তৃণাদিনির্ম্মিত আবরণ, আগড়;

ঝাঁপন, (প্রা) আচ্ছাদন, আবরণ, ব্যাপন, ঢাকন; লম্ফপ্রদান, ঝম্পন।

ঝাঁপা, (প্রা) শিথিল সূত্রময় প্রলম্বকাভরণ।

ঝাঁপান, (প্রা) লম্ফ, উল্লম্ফ, ঝম্প; সর্পক্রীড়ার্থ মন্ত্রের চাতুরী।

ঝাপানিয়া, (প্রা) সর্পক্রীড়া, সাপখেলা।

ঝাঁপাল, (প্রা) নিবিড়, ঘন, ঝাড়াল।

ঝাঁপী, (প্রা) বেত্রাদিনির্ম্মিত আধার, পেটক, পেঁটরা, ঝাইল।

ঝাঙ্কিত, ন. [ঝাং+কিত] পাদালঙ্কার ভেদ।

ঝাট, পুং. [ঝট+অ] নিকুঞ্জ; কান্তার; ব্রণাদির মার্জ্জন।

ঝাটল, পুং. [ঝাট+ল] ঘণ্টপাটলি।

ঝাটা, স্ত্রী. [ঝাট+আ] ভূম্যামলকী; যূথীবৃক্ষ।

ঝাটাস্ত্বক্, পুং. [ঝাটা+স্ত্বক্] তরমুজ, বৃহদ্দোল, তরমুজ।

ঝাটিকা, স্ত্রী. [ঝাট+ইকা] ভূম্যামলকী।

ঝাড়, (প্রা) স্ফটিকাদি নির্ম্মিত আলোকাধার; গুচ্ছ, গুল্ম, স্তবক; বংশ গোত্র।

ঝাড়ন, (প্রা) সংমার্জ্জন; মলন; খসান; পাছড়ান; ওঝারবিষহরণ; মানান; কোপনিবারণ; ভারছাড়ন।

ঝাড়া, (প্রা) গু, বিষ্ঠা; বাহ্যস্থান; পরিষ্কার; ধান্যবিশেষ।

ঝাড়াল, (প্রা) গুল্মযুক্ত, গুচ্ছাল, তেজাল।

ঝাড়ী, (প্রা) ক্ষুদ্রবন, গুল্ম, ঝোপ, জঙ্গল।

ঝাড়ী পথ, (প্রা) বনপথ।

ঝাড়ু, (প্রা) সংমার্জ্জনী।

ঝাপ্পা, (প্রা) থোপ, ঝাঁপা।

ঝাপ্সা, (প্রা) চক্ষুরোগবিশেষ, জালী, ছানী।

ঝাবু-ঝাবুক, পুং. [ঝাব+উ] বৃক্ষবিশেষ, পিচুল, ঝাবূ, ঝাউগাছ।

ঝাব্বা, (প্রা) স্তবক, থোবা, প্রলম্ব।

ঝামক, ন. [ঝম+অক] দগ্ধেষ্টক, ঝামা।

ঝামর, পুং. [ঝম+অর] তকুশাণ, টেকুয়ার শাণ।

ঝামরণ, (প্রা) কম্পন, কাঁপন।

ঝামরাণ, (প্রা) ক্ষরণ, আওরান, স্রবণ, চোঁওন।

ঝামা, (প্রা) ঝামক, অত্যন্ত দগ্ধ ইষ্টক।

ঝায়, (প্রা) কার্পাসী।

ঝারা, (প্রা) সচ্ছিদ্র পাত্র।

ঝারী, (প্রা) জলপাত্রবিশেষ, গাড়ু।

ঝার্ঝর, পুং. স্ত্রী. [ঝর্ঝর+অ] ঝার্ঝরিক, ঝর্ঝরবাদ্যকর্ত্তা।

ঝার্ঝরিক, পুং. [ঝর্ঝর+ইক] ঝর্ঝরবাদ্য[কর্ত্তা।

ঝাল, (প্রা) তীব্র, তিগ্ম, তীক্ষ্ণ, খর, প্রখর, কটু, উগ্র, চণ্ড, উষ্ণ, বিদাহী, দাহী।

ঝালঝস্, (প্রা) উষ্ণকাল; কটু।

ঝালন, (প্রা) ধাতুময় পাত্র সারণ; জ্বালন।

ঝালর, (প্রা) জালী, বস্ত্রের প্রান্তভাগ; মশারি।

ঝালরী, স্ত্রী. [ঝলরী+অ] ঝর্ঝরবাদ্য, ভেরী; [মৃদঙ্গ, পটহ

ঝালা, স্ত্রী. [ঝাল্+অ] ঝালা: ধাতুপাত্রের ফুটা সারান।

ঝালাপালা, (প্রা) কর্ণকটু, কলোত্তাল, কর্ণবেধী, কর্কশস্বর।

ঝালি, (প্রা) ব্যঞ্জনবিশেষ; ঝারী।

ঝালুয়া, (প্রা) তীব্র, তীক্ষ্ণ, ঝাল।

ঝালুয়ামো, (প্রা) ঝালের লড্ডু।

ঝিঁক, (প্রা) মৃণ্ময়ত্রিশৃঙ্গ।

ঝিঁকর-ঝিঁকুর, (প্রা) কঠিন, দৃঢ়। [হেঁচ্কা।

ঝিঁকা, (প্রা) বাহুবেগস্তম্ভনপূর্ব্বক পেক্ষ,

ঝিঁঝী, (প্রা) ঝিল্লী; অঙ্গাবশাবস্থাভেদ, ঝিন্‌ঝিন্‌খাত।

ঝিঁটকী, (প্রা) লিখনকালীন বালকের গ্রীবাস্থিতমৃল্লোষ্টাদি।

ঝিকৃমিকৃ (যাং) দ্যোতমান; সূর্য্যাস্তকালীন রৌদ্রের অল্পরেখাভাগ।

ঝিঙ্গাক, ন. [ঝিঙ্গ+অক] ফলবিশেষ, ঝিঙ্গা।

ঝিঙ্গিনী, স্ত্রী. [ঝিঙ্গ+ইনী] জিঙ্গিণীবৃক্ষ; উল্কা।

ঝিঙ্গী, স্ত্রী. [ঝিঙ্গ+ঈ] ঝিঙ্গিনীবৃক্ষ।

ঝিজ্ঝী, স্ত্রী. [ঝিচ্-জ+ঈ] ঝিল্লিকা।

ঝিঞ্জিগ, পুং. [ঝিন্‌জ+অ] দাবাগ্নি, বনাগ্নি, দাব, মঞ্জিল, মুখাগ্নি।

ঝিঞ্জিরিষ্টা, স্ত্রী. [ঝিঞ্জির্+ইষ্ট-আ] ক্ষুপবিশেষ, ঝিঞ্জরীটা, তৎপর্য্যায়। ঝিঞ্জিরা ফলা, পীতপুষ্পা, রামাশ্রয়ফলা, বৃত্তা।

ঝিঞ্ঝী, স্ত্রী. ঝিল্লী।

ঝিণ্টী, স্ত্রী. [ঝি+রট-ঈ] পুষ্পবৃক্ষবিশেষ, ঝাঁটীফুল, তৎপর্য্যায়।—সৈরীয়ক, কণ্টকুরণ্ট, সৈরেয়ক, ঝিণ্টিকা; নীলঝিণ্ট্যা পর্য্যায়।—বাণা, দাসী, অর্ত্তগল, বাণ, আর্ত্তগল, সহচর, নীলকুরণ্টক; অরুণ ঝিণ্ট্যা পর্য্যায়।—কুরবক; পীতঝিণ্ট্যা পর্য্যায়।—কুরুণ্টক, সহচর, সহচারু, বীর, পীতপুষ্প, দাসী কুরণ্টক; কুন্দরতৃণ।

ঝিনুক, (প্রা) শম্বুকভেদ, শুক্তি, সিতালিকা।

ঝিমন, (প্রা) তন্দ্রা, নিদ্রাকর্ষণ, নিদ্রাবেশে ঢুলন।

ঝিমা, (প্রা) সুষুপ্সু, নৈদ্র, নিদ্রালস।

ঝিম্‌কিনি-ঝিম্‌ঝিম্, (প্রা) তন্দ্রিকা, স্বাপ, সুষুপ্সুত্ব, শয়ালুতা; সূক্ষ্মবিন্দুবর্ষণ, শীকরবর্ষ।

ঝিরিকা, স্ত্রী. [ঝির্ + ইক-আ] ঝিল্লী।

ঝিরী, স্ত্রী. [ঝির্ + ঈ] ঝিল্লী।

ঝিরুকা স্ত্রী. [ঝিরুক + আ] ঝিল্লী।

ঝিল, (প্রা) সরোবর, হ্রদ, জলাশয়, জলগণ্ড।

ঝিলিমিলি, (প্রা) সূক্ষ্মাংশুক, স্বচ্ছবস্ত্রবিশেষ।

ঝিল্‌মিল্, (প্রা) জালকাবরোধ।

ঝিল্লি, স্ত্রী. [ঝিল্ল+ই] বাদ্যবিশেষ; ঝিল্লী।

ঝিল্লিকা, স্ত্রী. [ঝিল্লি+কা] ঝিল্লী; আতপেররুচি; বিলেপন; ঝিল্লিকারব; উদ্বর্ত্তন বস্ত্ররুচি।

ঝিল্লী, স্ত্রী. [ঝিল্ল+ঈ] কীটবিশেষ, তৎপর্য্যায়।—ঝিল্লীকা, ঝিল্লিকা, ঝীরিকা, ঝিরিকা, ঝীরুকা, ঝিরী, চীলিকা, চিল্লী, চীল্লিকা, চীল্লকা, ভৃঙ্গারী, চীরী, চীরুকা, ঝিঁঝিপোকা; আতপরুচি; বর্ত্তী; উদ্বর্ত্তনাংশুক; স্থালীলগ্নদগ্ধান্ন।

ঝিল্লীকণ্ঠ, পুং. [ঝিল্লী+কণ্ঠ] গৃহকপোত।

ঝিল্লীকা, স্ত্রী. [ঝিল্লীক + আ] ঝিল্লিকা।

ঝী, (প্রা) কন্যা, দুহিতা, পুত্রিকা।

ঝীপুত, (প্রা) সন্তানসন্ততি, পুত্রপুত্রী।

ঝীরুকা, স্ত্রী. [ঝীরুক + আ] ঝিল্লী।

ঝুঁকনি, (প্রা) ঝুঁকি।

ঝুঁকি, (প্রা) অনুযোগাধীনতা, দায়।

ঝুঁজকাবেলা, (প্রা) অরুণোদয়, অহর্মুখ।

ঝুঁজর, (প্রা) অতিরিক্ত পরিমাণ।

ঝুঁজি, (প্রা) বন্যধান।

ঝুঁট-ঝুঁটী, (প্রা) ককুৎ, পক্ষীরশিখা, চূড়া।

ঝুঁটা, (প্রা) উচ্ছিষ্ট।

ঝুঁটাঝুঁটি, (প্রা) কেশাকেশী, চুলাচুলী।

ঝুঁটমুট্, (হি) মিথ্যাকথন, প্রবঞ্চনাবাক্য।

ঝুড়ন, (প্রা) কর্ত্তন, কাটন, ছাটন, ঝোড়ন, ডালন।

ঝুড়ী, (প্রা) করণ্ড, বংশাদিনির্ম্মিতাধার, চুপড়ী। [পাল।

ঝুণ্ড, (প্রা) যূথ, সমূহ, ব্যূহ, দল, ঝাঁক,

ঝুণ্ট, পুং. [ঝুট+অ] স্তম্ব, অপ্রকাণ্ডবৃক্ষ।

ঝুন-ঝুনা, (প্রা) পরিপক্ক নারিকেল।

ঝুপ্-ঝুপৎ, (প্রা) নিমজ্জন, প্লবন।

ঝুপড়ী, (প্রা) ক্ষুদ্রগৃহ, কুটীর, কুঁড়িয়া, ঝোপড়ী।

ঝুম্‌কো-ঝুম্‌কি, (প্রা) কর্ণালঙ্কারবিশেষ, কুণ্ডল, কর্ণিকার বৃক্ষবিশেষ।

ঝুমঝুমী, (প্রা) ঝনৎকার, ঝন্‌ঝন্‌শব্দ; খেলনাবিশেষ, লাটিম।

ঝুম্‌রা, (প্রা) লোমশ, স্থূললোমা।

ঝুমেরি, স্ত্রী. রাগিণীবিশেষ।

ঝুরী, (প্রা) ঘৃতপক্কমিষ্টান্নবিশেষ; কুচাদ্রব্য।

ঝুরণ, (প্রা) ক্ষরণ, গলন, স্রবণ।

ঝুরা, (প্রা) ক্ষরণ; ক্ষুদ্র, খণ্ড।

ঝুল, (প্রা) দীপধ্বজ, ধূমযোনিতকালী।

ঝুলন, (প্রা) ঝোলন, দোলন, লট্‌কন।

ঝুলনযাত্রা, (প্রা) হিন্দোলযাত্রা।

ঝুলনী, (প্রা) দোলায়মান, দোদুল্যমান।

ঝুলাঝুলি, (প্রা) ইতস্ততঃ পরস্পর বিচলন।

ঝুলী, (প্রা) থলী, থৈলী, বগলী, ঝোলা আধার।

ঝূঁঠ, (প্রা) মিথ্যা, কল্পিত।

ঝূঁঠা, (প্রা) মিথ্যাবাদী।

ঝূণি, পুং. [ঝুণ্ + ই] ক্রমুকভেদ, গুবাকবিশেষ; দুষ্টদৈবশ্রুতি।

ঝেঁটা, (প্রা) সংমার্জ্জনী।

ঝেঁতলা, (প্রা) কট, মাদুরভেদ।

ঝোঁক, (প্রা) ঝুঁক।

ঝোটন, (প্রা) ককুৎ, চূড়া।
ঝোড়, পুং. গুবাকবৃক্ষ।
ঝোড়-ঝোপ, (প্রা) গুল্মীবৃক্ষ, গুল্ম।
ঝোপড়া-ঝোপড়ী, (প্রা) কুটীর, কুঁড়েঘর।
ঝোর, (প্রা) পর্ব্বতের জলপ্রবাহ, ঝরণা।
ঝোরণা, (প্রা) জলপ্রপতন, জলমার্গ।
ঝোল, (প্রা) যূষ, ব্যঞ্জনাদির রস।
ঝোলা-ঝোলি, (প্রা) দোলা, দল্‌দেলিয়া।

ঞ ঞকার; ব্যঞ্জনের দশম বর্ণ। চবর্গের পঞ্চম বর্ণ। ইহার উচ্চারণ তালু হইতে হয়। অস্য নামানি যথা ঞকার; বোধনী; বিশ্বা; কুণ্ডলী; নখদ; বিয়ৎ; কৌমারী; নাগবিজ্ঞানী; সব্যাঙ্গুলনখরোবক; সর্ব্বেশ; চূর্ণিতা; বুদ্ধি; স্বর্গাত্মা; ঘর্ঘরধ্বনি; ধর্ম্মৈকপাদ; সুমুখ; বিরজা; চন্দনেশ্বরী; গায়ন; পুষ্পধন্বা; রাগাত্মা; বরাক্ষিণী।

ঞ, পুং. গায়ন; ঘর্ঘরধ্বনি; বলিবর্দ্দ; শুক্র; বামমতি।
ঞি, পুং. প্রত্যয়বিশেষ, প্রেরণার্থ; ধাতুর অনুবন্ধবিশেষ।
ঞকার, পুং. [ঞ+কার] ঞবর্ণ।
ঞকারাদি, ত্রি. [ঞকার+আদি] ঞ আদিবর্ণ।
ঞকারান্ত, ত্রি. [ঞকার+অন্ত] ঞ শেষাক্ষর।
ঞ্যন্ত, পুং. [ঞি+অন্ত] ঞি প্রত্যয়ান্ত; মুগ্ধবোধ ব্যাকরণের পংক্তিচ্ছেদ বিশেষ।

ট টকার। ব্যঞ্জনের একাদশ বর্ণ। টবর্গের প্রথমাক্ষর। ইহার উচ্চারণ মূর্দ্ধ হইতে হয়। অস্য নামানি যথা।-- ট; টঙ্কার; কপালী; সোমবা; খেচরী; ধ্বনি; মুকুন্দ; বিনদা; পৃথ্বী; বৈষ্ণবী; বারুণী; নব; দক্ষাঙ্গকার্দ্ধচন্দ্র; জরা; ভূমি; পুনর্ভব; বৃহস্পতিধনু; চিত্রা; প্রমোদা; বিমলা; কটি; রাজা; গিরি; মহাধনুঃ; প্রাণাত্মা; সুমুখ; মরুৎ।

ট, ন. করঙ্ক, নারিকেলের খোল; (পুং.) বামন; পাদ; নিঃস্বন।
টইয়া, (প্রা) চক্কার উপরিস্থ পক্ষচামরাদি ভূষণ।
টক, (প্রা) অম্লরস, অম্লতা।
টকার, পুং. [ট+কার] টবর্গের আদিবর্ণ।
টকারাদি, ত্রি. [টকার+আদি] ট আদিবর্ণ।
টকারান্ত, ত্রি. [টকার+অন্ত] ট বর্ণ অন্তে।
টকুয়া, (প্রা) অম্লস্বভাব, টকো।
টক্‌টক্, (প্রা) রক্তবর্ণ, লোহিতবর্ণ, লাল রং।
টক্‌টকিয়া, (প্রা) লোহিতবর্ণ, শোণিতবর্ণ।
টঙ্কদেশীয়, পুং. [টঙ্ক+দেশীয়] বাস্তুকশাক
টক্কর, (প্রা) আঘাত, ঠোকর, চোট, ঘা; জিগীষা।
টগর, (প্রা) পুষ্পবিশেষ
টগর, পুং. টঙ্কণক্ষার; হেলাবিভ্রম গোচর; (ত্রি.) কেকরাক্ষ।
টগরিয়া, (প্রা) বাচাল, বহুভাষী, ফড়্‌ফড়া, বড়্‌বড়া।
টঙ্ক, পুং. [টন্‌ক্+অ] কোপ; কোষ; খড়্গ; গ্রাবদারণ; পরিমাণবিশেষ, চারিমাসা কিম্বা চব্বিশ রত্তিকা পরিমাণ; জঙ্ঘা; দর্প; মুদ্রা; (পুং.ন.) নীলকপিত্থ; খনিত্র; টঙ্কণ; দর্প।
টঙ্কক, পুং. [টঙ্ক+ক] রজতমুদ্রা, টাকা।
টঙ্ককপতি, পুং. [টঙ্কক+পতি] রূপাধ্যক্ষ, টঙ্ককশালানিযুক্ত, টাঁকশালের অধ্যক্ষ, নৈষ্কিক।
টঙ্ককশালা, স্ত্রী. [টঙ্কক+শালা] মুদ্রানির্ম্মাণ গৃহ, টাঁকশাল।
টঙ্কটীক, পুং. [টঙ্ক+টীক] শিব।
টঙ্কণ, পুং. [টঙ্ক+অন] ক্ষারবিশেষ, তৎপর্য্যায়।—পাচনক, মালতীতীরজ, লোহশ্লেষণ, রসসোধন, টঙ্কণক্ষার, রঙ্গক্ষার, রসাধিক, লোহদ্রাবী, রসঘ্ন, সুভগ, রঙ্গদ, বর্ত্তুল, কনক, ক্ষার, মলিন, ধাতুবল্লভ, মালতীতীরসম্ভব, দ্রাবী, দ্রাবক, লোহশুদ্ধিকারক, স্বর্ণপাচক; টঙ্কন; সোহাগা; রঙ্গন।

টঙ্কপতি, পুং. [টঙ্ক+পতি] রূপাধ্যক্ষ, টাঁকশালাধ্যক্ষ।

টঙ্কশালা, স্ত্রী. [টঙ্ক+শালা টঙ্কনির্ম্মাণাগার, টাকশাল।

টঙ্কা, স্ত্রী. [টঙ্ক+আ] জঙ্ঘা; পর্ব্বত পার্শ্ব।

টঙ্কা, (প্রা) রজতমুদ্রা, টাকা।

টঙ্কাঙ্কয়িতা, পুং. [টঙ্ক+অঙ্কয়িতা] মুদ্রাকর, মুদ্রাঙ্কক।

টঙ্কানক, পুং. [টঙ্কা+অনক] ব্রহ্মদারুবৃক্ষ।

টঙ্কার, পুং; [টক+আর] বিস্ময়; প্রসিদ্ধ; শিঞ্জিতধ্বনি।

টঙ্কারিয়া, (প্রা) অঙ্গগ্রহ, আকর্ষণী।

টঙ্কারী, স্ত্রী. [টঙ্কার+ঈ] ক্ষুপবিশেষ, টেকারী।

টঙ্কিত, (প্রা) নিরূপিত মূল্য, বিগণিত, যাচা, অগ্রসূচা; শব্দিত।

টঙ্গ, পুং.ন. [টঙ্গ+অ] খনিত্র; খড়্গভেদ; জঙ্ঘা; (পুং.) টঙ্কণ, সোহাগা; চতুর্মাসকপরিমাণ।

টঙ্গন, পুং, [টঙ্গ+অন] টঙ্কণ, সোহাগা।

টঙ্গিনী, স্ত্রী. [টঙ্গিন্+ঈ] বৃক্ষবিশেষ, আকনাদি।

টটুনী, স্ত্রী. [টটুন্+ঈ] জ্যেষ্ঠী, টিকটিকী।

টটুরী, স্ত্রী. [টটুর+ঈ] মৃষাবাদ; লম্পাবাদ্য; পটহবাদ্য।

টটুর, পুং. [টটু+উর] ভেরীশব্দ, ঢেঁড়ারা-ধ্বনি।

টণ্ডা-টণ্ডাঈ, (হি) বিবাদ, কলহ, ঝকড়া

টনক, (প্রা) হটাৎ স্মরণ, জ্ঞাপকবিষয়।

টনকনড়া, (প্রা) স্মৃতিগোচর।

টন্‌ক্‌, (প্রা) কঠিন, শক্ত, দৃঢ়।

টন্‌টনানি, (প্রা) তীক্ষ্ণবেদনা, তীব্রবেদনা।

টন্‌টনিয়া, (প্রা) বেদনাজনক, পীড়াকর; দৃঢ়; সম্পূর্ণ; রাশিকৃত।

টপ্‌কান, (প্রা) উল্লঙ্ঘন, লম্ফন, ডিঙ্গন; অনবরত ধারা স্রবণ।

টপ্পা, (প্রা) চুম্বকগান, গীতবিশেষ।

টয়ে, (প্রা) ঢক্কালঙ্কার বিশেষ।

টলন, ন. [টল+অন] বিক্লব, বৈক্লব্য, ক্ষোভ, ব্যামোহ, টলা।

টলন, (প্রা) হেলন, দোলন, লড়ন, অস্থির হওন, চঞ্চলহওন; স্খলন।

টলনীয়, ত্রি. [টল+অনীয়] টলনার্হ।

টলটলায়মান, (প্রা) দোদুল্যমান, টলমল।

টলনিয়া-টলা, (প্রা) চঞ্চল, আন্দোলিত, অস্থির।

টলাবাঘ, (প্রা) বিড়ালাকৃতি ব্যাঘ্রবিশেষ।

টলটল, (প্রা) বিচলন, চলন।

টলটলিয়া, (প্রা) চঞ্চল, চপল, তরলিত।

টলদা, (প্রা) লতাবিশেষ।

টলমল, (প্রা) উদ্ভ্রমণ; অস্থিরগতি।

টলমলিয়া, (প্রা) অধোর্দ্ধগতি, লোল, চপল।

টলিত, [টল+ইত] চঞ্চল

টল্ল্বা, (প্রা) অস্থির, অধীর, অনবস্থিত, চলস্বভাব।

টস্‌-টস্‌টস্‌, (প্রা) বৃষ্টির জলবিন্দুপতিতশব্দ।

টস্কা, (প্রা) আশুভেদ্য, মড়কা, টুস্কা, টুস্‌কুক।

টহল, (প্রা) ভিক্ষার্থ গানপূর্ব্বক পর্য্যটন; কোন উৎসব কার্য্যার্থ দ্রব্যাদি আহরণকরণ।

টহলন, (প্রা) গাইতে২ পর্য্যটন, ভিক্ষাকরণ।

টহলনী, (প্রা) ইতস্ততঃ ভ্রমণ।

টহলা, (প্রা) ভ্রমণ, ইতস্ততঃগমনাগমন।

টহলান, (প্রা) ছলপূর্ব্বক কালক্ষেপণ, টালন।

টহলানিয়া, (প্রা) ইতস্ততঃ সঞ্চালিত।

টা, স্ত্রী. পৃথিবী; শপথ।

টাউরাণ, (প্রা) শীতে শঙ্কুচিতহওন, শীতদ্বারা রোমাঞ্চিত হওন।

টাঁফন, (প্রা) অগ্রসূচন, যাচন; সিঁয়ান।

টাকা, (প্রা) সিঁয়ানি, সেলাই; যাচিত; অগ্রসূচন

টাক, (প্রা) ইন্দ্রলুপ্ত, কেশধ্বংস, খল্লিট।

টাকপড়া, (প্রা) কেশহীন, ইন্দ্রলুপ্ত, খল্লিট।

টাকশাল, (প্রা) রজতমুদ্রা গৃহ, টঙ্কালয়।

টাকা, (প্রা) রৌপ্যমুদ্রা, তঙ্কা।

টাকুয়া, (প্রা) তর্কু, কার্পাসনাসিকা, সম্পাট, মেরুযন্ত্র।

টাকুর, (প্রা) তাঁতির চরকী, নাটাই।

টাকুরাই, (প্রা) অঙ্গগ্রহ, ধনুষ্টঙ্কার, বাত-[রোগ।

টাকুরা, (প্রা) মুখের তালু, তালুকা, কাকুদ।

টাঙ্কর, পুং [টাং+কর] নাগবীট, অধমাচার, লম্পট।

টাঙ্গ, (প্রা) কুদ্দাল; চরণ; সোহাগা।

টাঙ্গন, (প্রা) ঝুলন; পর্ব্বতীয় অশ্ববিশেষ।

টাঙ্গা, (প্রা) প্রলম্ব, লম্বমান্।

টাঙ্গান, (প্রা) লম্বিতকরণ, দোলন।

টাঙ্গী, (প্রা) কুঠার, পরশু, যুদ্ধাস্ত্র, কুড়াল।

টাট, (প্রা) পূজার্থ তাম্রময় পাত্র; চট।

টাটান, (প্রা) ব্যথাকর, শুষ্ক।

টাটি, (প্রা) বংশাদিনির্ম্মিত আচ্ছাদন, আবরক, আগড়, বেড়া, ঝাঁপ।

টাটী, (প্রা) পানপাত্র, কটোরা, খুরি, বাটী।

টাটু, (প্রা) ক্ষুদ্রাশ্ব, পশ্চিমদেশজাত ঘোটক বিশেষ।

টাটুয়া, (প্রা) সূর্য্যাদগ্ধ, রৌদ্রপোড়া।

টাটকা, (প্রা) সদ্যস্কালীন, সদ্যস্ক, অশুষ্ক, বিম্লান।

টান, (প্রা) আকর্ষণ, খেঁচা; নদীরস্রোত; অপ্রাপ্তি, দুর্ম্মূল্য; কঠিন।

টানন, (প্রা) আকর্ষণ, খেঁচন, লট্‌কান; ডাঁড় মারণ।

টানা, (প্রা) আকৃষ্ট; বস্ত্রেরদীর্ঘসূত্র; দূর; কুস্বর; বিলম্বিত।

টানাটানি, (প্রা) জিগীষা; স্পর্দ্ধা; অপ্রতুল

টানিত, (প্রা) আকৃষ্ট, কৃতাকর্ষণ।

টাপর, (প্রা) ঈষৎপ্রহার, লঘ্বাঘাত, লঘুপ্রহার।

টাপু, (প্রা) দ্বীপ, পুলিন, চড়া; ক্ষুদ্রস্থান।

টামটুম, (প্রা) ক্ষুদ্রকর্ম্ম, নীচব্যবসা

টায়টায়, (প্রা) সমানেসমান, অলভ্য, আসলাসল।

টার, পুং. [টার্+অ] বাটী; লঙ্গ; তুরঙ্গ।

টাল, (প্রা) ছলদ্বারা কালহরণ, ব্যাজ, বিলম্ব, ছল, চক্রমক্র, ওজর।

টালন, (প্রা) ছলদ্বারাকালহরণ, বিলম্বন, কালযাপন; ছলন, মিথ্যাহেতু কহন, ওজরকরণ।

টালমটাল, (প্রা) অপদেশ, ব্যপদেশ, মিথ্যাহেতু, ব্যাজ

টিকন, (প্রা) বহন, রহন, থাকন, বাঁচন।

টিকর, (প্রা) উন্নত, মধ্যোন্নত।

টিকরা, (প্রা) পক্ষীভেদ।

টিকা, (প্রা) গুল, অঙ্গারাদিদ্বারা নির্ম্মিত অগ্নিজ্বালনদ্রব্য; কপালভূষা; বসন্তাবাহন।

টিকারা, (প্রা) বাদ্যবিশেষ, ধামসা, ডঙ্কা।

টিকী, (প্রা) চূড়া, শিখা, মস্তকের কেশগুচ্ছ, ঝুঁটি।

টিকটিক্, (প্রা) প্রতিষেধ, প্রতিষেধোক্তি, নিষেধোক্তি, বারণ।

টিকটিকন, (প্রা) কালমাপক যন্ত্রধ্বনি।

টিকটিকী, (প্রা) গৃহগোধিকা, জ্যেষ্ঠী।

টিকলী, (প্রা) চাক্তি, টুকরা, ফালি।

টিটারি, (প্র) টিট্টিভ পক্ষী।

টিটিভক, পু. [টিটি+ভক] টিট্টিভপক্ষী।

টিট্‌কার, (প্রা) অবজ্ঞা, নিন্দা, ধিক্কার।

টিটির, (প্রা) টিট্টিভপক্ষী।

টিট্টিভ-টিট্টিভক, পুং. [টিট্টি+ভ-ক] পক্ষী বিশেষ, টীঠি, টীঠিভক, টিটিভক; ত্রয়োদশমন্বন্তরীয় ইন্দ্রশত্রু দানববিশেষ।

টিণ্টিনিকা, স্ত্রী. [টিং+টিনিকা] অম্বুশিরীষিকা।

টিণ্ডিশ, পুং. [টিন্+ডিশ] বৃক্ষবিশেষ, ডিণ্ডিশা, ঢেঁড়শী, তৎপর্য্যায়।—রোমশফল, তিন্দিশ, মুনিনির্ম্মিত, ডিণ্ডিশ।

টিপন, (প্রা) টীপন, দৃঢ়রূপেধরণ, সম্পীড়ন, চাপন। [চাপা।

টিপনী, (প্রা) সূক্ষ্মবৃষ্টিপাত; টিপ্পনী; টীকা;

টিপা, (প্রা) অবচ্ছেদ, চাপাচিহ্ন, খাঁজ, টেপা

টিপ্পনী, স্ত্রী. [টিপ্+পনী] টীকা।

টিম্‌টিম, (প্রা) প্রদীপনিমীলন; ক্ষুদ্রডিণ্ডিমধ্বনি।

টিয়া, (প্রা) পক্ষীবিশেষ।

টীকা, স্ত্রী. [টীক+আ] বিবরণগ্রন্থ, ভাষ্য, ভাষ্য, টিপ্পনী, ব্যাখ্যা, নিবন্ধ, বার্ত্তিক, সূত্রব্যাখ্যা, অর্থের বিবরণ; সঙ্কেত; খুঁট।

টীকাকার, পুং, [টীকা+কার] ভাষ্যকৃৎ, ভাষ্যকার, চূর্ণিকৃৎ, নিবন্ধা, প্রকাশক, ব্যাখ্যাত

টীপ, (প্রা) কপালচিহ্ন, ফোঁটা; অর্থসম্বলিত পত্র; হুণ্ডী।

টুঁটী, (প্রা) কণ্ঠ, গলা, গলারনলী।

টুক-টুকি, (প্রা) টুকুরা, খণ্ড, লেশ, কুটি; ভগ্নাংশ, গুঁড়া।

টুকুরী, (প্রা) ঝুঁড়ী, চুপড়ী, চেঙ্গারী।

টুকটুক, (প্রা) রক্ততা, রক্তিমা, অরুণিমা।

টুকটুকিয়া, রক্তবর্ণ, অরুণ, অরুণবর্ণ।

টুঙ্কার, (প্রা) ধ্বনি, শব্দ।

টুঙ্কি, (প্রা) বিটঙ্ক, কপোতাগার।

টুট, (প্রা) ন্যূনতা, ত্রুটি, মূল্যহ্রাস।

টুটন, (প্রা) অল্পীভূতহওন, ঘাটন; শ্রমছাড়ন; ভাঙ্গন।

টুণ্টুক, পুং. [টুণ্টু+ক] শ্যোণাকবৃক্ষ; কৃষ্ণখদিরবৃক্ষ; পক্ষীবিশেষ, টুণ্টুনি; শ্যোণাকপ্রভেদ; (ত্রি.) নীচ; ক্রূর।

টুণ্টুকা, স্ত্রী. [টুণ্টুক+আ] টঙ্গিনীবৃক্ষ।

টুনটুন, (প্রা) ক্ষুদ্রঘণ্টাধ্বনি।

টুনটুনি, (প্রা) স্বনামখ্যাত পক্ষী।

টুনাকা, স্ত্রী. [টুনাক+আ] তালমূলীবৃক্ষ।

টুপী, (প্রা) মস্তকাবরণবস্ত্র, মস্তকাভরণ, টোপ, তাজ।

টুপোকুল, (প্রা) সুপক্কবদরীফল।

টুম-টুমটাম, (প্রা) সামান্যব্যাপার, ক্ষুদ্রকর্ম্ম, অধমক্রিয়া।

টুসা-টুস্‌সুক, (প্রা) ভঙ্গুর, সুখভেদ্য, সুভেদ্য, মড়্‌কা, ঠুনকা।

টেক, (প্রা) বক্রীভাব; নদীর বাঁক।

টেঁকন, (প্রা) বহুকালবাঁচন, বহন, থাকন,।

টেটা (প্রা) তিমিবেধনার্থশূল, ধীবরী, মকর বেধনী, তিমিবেধনী, তেকালা বস্ত্র।

টেটারী, (প্রা) কংসবণিক্, কাঁসারি।

টেপা, (প্রা) মৎস্যভেদ; বাতফুল্ল, ধ্মাত, শ্বাসপূরিত, স্ফীত, বায়ুপূর্ণ।

টেপাগোঁজা, (প্রা) অধম, নীচ পামর।

টেপাল, (প্রা) স্ফীত, প্রস্ফুরিত, উচ্ছুন, শোথযুক্ত।

টেকাও, (প্রা) সংস্থিতি, নিত্যতা।

টেকুয়া-টেকো, (প্রা) সূত্রকাটনের যন্ত্র, তর্কু, কার্পাসনাসিকা।

টেঙ্গরা, (প্রা) ত্রিকণ্টক; মৎস্যভেদ।

টেঙ্গাছাতী, (প্রা) গোময়ছত্র, অতিচ্ছত্র।

টেড়ন, (প্রা) বক্রহওন, বাঁকন, আড়ন, ঢলন। [তির্য্যক্।

টেড়া, (প্রা) বক্র, বাঁকা, হেলা, কুটিল,

টেড়াদৃষ্টি-টেরাদৃষ্টি, (প্রা) কুটিলাক্ষি, বক্রদৃষ্টি, ঈষদ্দৃষ্টি, কেকর, টেরক।

টেনা, (প্রা) চীরবস্ত্র, কানি, টেনি।

টেনাপোঁদা, (প্রা) চীরবস্ত্রী।

টেপ, (প্রা) অঙ্গুলির দ্বারা অঙ্গ পেষণ, চাপা, দাবা, ঠেসা।

টেপন, ন. [টিপ+অন] ক্ষেপণ।

টের-টেরক, ত্রি. [টের+অ-ক] বক্রচক্ষু, বলির, কেকর, কেদর, টগর, জিহ্মদৃষ্টি, টেরা। [বক্রতা।

টের, (প্রা) প্রান্ত; ঈষদুপলব্ধি; প্রমাণ;

টেরা-টেরচা, (প্রা) বক্র, আড়।

টেরে, (প্রা) বক্ররূপে; দূরে।

টোকা, (প্রা) শোধন, ধান্যচালন, মথন, ধান্য প্রস্ফোটন।

টোকক, (প্রা) কুচ্ছাবাদী, নিন্দক, বিবাদী।

টোকর, (প্রা) আঘাত, চোট, উচট, টক্কর; ঈষদঙ্গুলাঘাত

টোকরপাড়া, (প্রা) সংরুদ্ধচেষ্ট, প্রতিবন্ধ।

টোকুরা, (প্রা) ঝুঁড়ী, বেত্রনির্ম্মিতাধার, চুপড়ী।

টোকা, (প্রা) অঙ্গুলিঘাত, ঠোকা; ছত্রবিশেষ; ক্রমিখাদিত, কাটা; সুচিরদ্বারা সেলাইকরা; প্রতিকথার উত্তর; অল্প সংকেত।

টোঙ্গর, (প্রা) মুসলমানের প্রতি ভর্ৎসিত বাক্যপ্রয়োগ।

টোটা, (প্রা) ভগ্ন; খণ্ড; আগ্নেয় চূর্ণকোষ, চূর্ণগুলিকাকোষ।

টোটো, (প্রা) ইতস্ততঃভ্রমণ, পর্য্যটন।

টোন, (প্রা) তূণ।

টোনা, (প্রা) ইতরলোকের সামান্য মশারি।

টোপ, (প্রা) মৎস্যেরআহার, চার; শিরোস্ত্র; বিন্দু; টোল।

টোপবৎ, (প্রা) বিম্বাকার; গণ্ডাকার; স্ফীত।

টোপর, (প্রা) শিরস্ত্র, মুকুট, টোপী।
টোপান, (প্রা) স্তোকেং পতন, ক্ষরণ!
টোপী, (প্রা) শিরচ্ছাদন, ঢাকনা।
টোবান, (প্রা) প্রেরণকরণ, পাঠান, চলান।
টোল, (প্রা) চতুষ্পাটী, চৌবাড়ী; কুটীর; ক্ষত; অসমান।
টোলা-টোলী, (প্রা) পল্লী, পাড়া, মহাল্লা।
ট্যা-ট্যাঁট্যাঁ, (প্রা) নববালকের ক্রন্দনধ্বনি।
ট্যাঁস, (প্রা) পরুষধ্বনি
ট্যামট্যাম্, (প্রা) ক্ষুদ্র পটহধ্বনি
ট্যামট্যামী, (প্রা) ক্ষুদ্রপটহ।

ঠ ঠকার; টবর্গের দ্বিতীয়বর্ণ; ব্যঞ্জনের দ্বাদশ বর্ণ; ইহার উচ্চারণ মূর্দ্ধা হইতে হয়; অস্য নামানি যথা;—শূন্য; মঞ্জরী; বীজ; পাণিনী; লাঙ্গলী; ক্ষয়া; বনজ; নন্দন; জিহ্বা; সুনঞ্জ; ঘূর্ণক; সুধা; বর্ত্তুল; কুণ্ডল; বহ্নি; অমৃত; চন্দ্রমণ্ডল; দক্ষজানুরু-ভাব; দেবভক্ষ; বৃহদ্ধ্বনি; একপাদ; বিভূতি; ললাট; সর্ব্বমিত্রক; বৃষঘ্ন; নলিনী; বিষ্ণু; মহেশ; গ্রামণী; শশী।
ঠ, পুং. শিব; মহাধ্বনি; চন্দ্রমণ্ডল; মণ্ডল; শূন্য; লোকগোচর; প্রতিমা; দেবতা।
ঠক, (প্রা) খল, দুষ্ট, কর্ণেজপ, প্রতারক, ছলী।
ঠকঠকি, (প্রা) পরস্পর প্রবঞ্চনা করণ।
ঠকান, (প্রা) প্রবঞ্চনাকরণ, প্রতারণ, হারান।
ঠকামি, (প্রা) ভেদকরা, প্রতারণা।
ঠকার, পুং. [ঠ+কার] ঠ বর্ণ।
ঠকারাদি, ত্রি. [ঠকার+আদি] ঠ আদিবর্ণ।
ঠকারান্ত, ত্রি. [ঠকার+অন্ত] ঠ অন্ত্যবর্ণ।
ঠক্কুর, পুং. দেবতা, ঠাকুর) [রাণী।
ঠকৃঠকী, (প্রা) দায়, ঝঞ্ঝাট, উৎপাত, ঘব-
ঠগ, (প্রা) খল, দুষ্ট, ছলী।
ঠগামি, ([illegible]) ভেদকরা, প্রতারণা, প্রবঞ্চনা।
ঠটিয়া, (প্রা) কর্কশ, অপ্রীতিজনক।
ঠট্টা, (প্রা) ব্যঙ্গ, উপহাস, অবক্ষেপ, বিদ্রূপ, গদ্দি।

ঠট্টাবাজ, (হি) বিদ্রূপী, উপহাসকারক
ঠঠং-ঠঠঠং, ব্য. অনুকরণশব্দ, ঠন্‌ঠন্‌শব্দ।
ঠঠন্, (প্রা) ঘণ্টাদিরশব্দ, বাজন।
ঠঠনান, (প্রা) ঝঞ্ঝনান, বাজান।
ঠণ্ডা, (হি) শীত, শীতল, হিমকর, স্নিগ্ধ।
ঠণ্ডী, (হি) স্নিগ্ধ; কফ।
ঠনমনিয়া, (প্রা) বিক্লবগতি, চলবিচল।
ঠমক, (প্রা) প্রাগল্‌ভ্য, সমারোহ, আড়ম্বর
ঠসা, (প্রা) বধীর, কল্ল, কালা
ঠস্‌ঠসিয়া, (প্রা) শিথিল, স্রস্ত, শ্লথ
ঠাওরণ, (প্রা) ঠহরণ, কল্পন, বিবেচনাকরণ, চিন্তন, স্থিরকরণ, চাহন।
ঠাঁই, (প্রা) নিকট, স্থান, সঙ্গে, পরিবর্ত্তে।
ঠাকুর, (প্রা) দেবতা; গুরু; মান্যব্যক্তি; ব্রাহ্মণ।
ঠাকুরকোঠা—ঠাকুরঘর-ঠাকুরবাড়ী, (প্রা) দেবালয়, দেবগৃহ, দেবমন্দির; প্রাসাদ।
ঠাকুরঝী, (প্রা) শ্বশুরকন্যা; গুরুকন্যা।
ঠাকুরণ-ঠাকুরাণী, (প্রা) দেবী; গুরুমাতা; মান্যা স্ত্রী।
ঠাকুরদাদা, (প্রা) পিতামহ, পিতৃপিতা; মাতামহ, মাতৃপিতা।
ঠাকুরদীদী, (প্রা) পিতামহী; মাতামহী।
ঠাকুরপো, (প্রা) শ্যালক; ভগ্নিপতি; দেবর।
ঠাকুরবাপ, (প্রা) পিতামহ।
ঠাকুরমা, (প্রা) পিতামহী।
ঠাকুরাণীদীদী, (প্রা) পিতামহী।
ঠাকুরালী, (প্রা) কর্ত্তৃত্ব, মান্যতা।
ঠাট, (প্রা) ছলনা, ভঙ্গি; ঘটা; ভিড়; পাণ্ডুলেখ্য; ছাঁচ; কাটাম।
ঠাটর, (প্রা) পাণ্ডুলেখ্য; কৃত্রিম অনিত্যরূপ!
ঠাট্টা, (প্রা) বিদ্রূপ, উপহাস, ব্যাঙ্গোক্তি, অবপেক্ষ
ঠাঠমক, (প্রা) জমক, প্রাগল্‌ভ্য; তুমুতড়াক; জাঁকজমক, ডিল্‌ডালী, বড়্‌ফট্টাই।
ঠাঠমকী, (প্রা) আড়ম্বরী, সটোপ; তুমুতড়াকী, জাঁকজমকী।
ঠাড়, (প্রা) উন্নত, উচ্চ, দণ্ডায়মান।
ঠাণ্ডা, (হি) শীতল; কুশলী।
ঠাণ্ডাই, (হি) শীতলতা; কুশলতা।

ঠাণ্ডী, (হি) শ্লেষ্ম, কফ।
ঠাপ্, (প্রা) অঙ্গসঙ্গ, মৈথুনক্রিয়াঘাত।
ঠাম, (প্রা) চারু, সুন্দর, সুরূপ, মনোহর।
ঠায়, (প্রা) নিতান্ত, অবশ্য, নিঃসন্দেহে।
ঠার, (প্রা) ইঙ্গিত, সঙ্কেত, ইশারা, খাবরা।
ঠারণ, (প্রা) সঙ্কেতে জানান, ইঙ্গিতকরণ।
ঠারাঠারি, (প্রা) পরস্পর ইঙ্গিত।
ঠাসন, (প্রা) মর্দ্দন, ছানন, গাদন, দলন সঙ্কীর্ণতাকরণ।
ঠাহর, (প্রা) অনুমান, চিন্তা, বিবেচনা, বিতর্ক, অনুভব।
ঠাহরাণ, (প্রা) বিবেচনাকরণ, চিন্তাকরণ।
ঠিক, (প্রা) নিশ্চিত, প্রকৃত, শুদ্ধ, পূরা, যথার্থ, নিশ্চয়; সংযত।
ঠিক্‌ঠাক্, (প্রা) যথার্থ, সত্য, প্রকৃত।
ঠিকরণ, (প্রা) উৎপতন, উৎপ্লুত, বিসর্পণ।
ঠিকরী, (প্রা) খোলা, খাপরা।
ঠিকা, (প্রা) দিবসিকবেতনগ্রাহী, ভৃতক, বৈতনিক।
ঠিকানা, (প্রা) নৈশ্চিতস্থান, বসতিরনিদর্শন, শিরোনামা
ঠিলি-ঠিলিয়া, (প্রা) ক্ষুদ্রকলসী, কলস।
ঠুঁটা, (প্রা) বিকলাঙ্গ, বিহস্তীকৃত, হস্তহীন, নুলা; ছিন্নবৃক্ষ।
ঠুকন-ঠোকন, (প্রা) প্রহরণ, আঘাতকরণ, মারণ, থাবড়ান, চড়ান।
ঠুকরণ-ঠোকরণ, (প্রা) চঞ্চুদ্বারা আঘাত।
ঠুন্‌ঠুন্, (প্রা) ক্ষুদ্রঘণ্টাধ্বনি।
ঠুন্‌কা, (প্রা) সুখভেদ্য, খণ্ডনীয়, ভঙ্গুর; স্ত্রীলোকদিগের স্তনব্রণবিশেষ।
ঠুলী, (প্রা) চক্ষুরোধকদ্রব্য, আবরণ; গুলিবাঁট পত্র।
ঠেঁটা, (প্রা) দুষ্ট, অবাধ্য, একগুঁয়া।
ঠেঁটামি, (প্রা) দুষ্টতা, অবাধ্যতা
ঠেঁটী, (প্রা) বিধবার পরিধেয় বস্ত্র।
ঠেক, (প্রা) অবলম্বন; আটক; ব্যাঘাত. প্রতিবন্ধক, শস্যের আধার বড় থলিয়া।
ঠেকন-ঠেকান, (প্রা) স্পর্শন, লাগন; ঘা মারণ; আট্‌কান; দায়েপড়ন।
ঠেকনা-ঠেকুয়া, (প্রা) অবলম্বন, ঠেস।
ঠেকার, (প্রা) অহঙ্কার, দর্প, গর্ব্ব, দম্ভ।
ঠেকারিয়া-ঠেকারী, (প্রা) দাম্ভিক, অহঙ্কারী
ঠেকাল, (প্রা) দুষ্কর. ঝঞ্ঝাটিয়া, কঠি
ঠেকু, (প্রা) আটক, ব্যাঘাত, বাধা, বিঘ্ন।
ঠেকুয়া, (প্রা) অবলম্বন, ঠেকো।
ঠেঙ, (প্রা) চরণ, অঙ্ঘ্রি।
ঠেঙ্গা, (প্রা) দণ্ড, যষ্টি, লাঠী, মুগুর, গদা
ঠেঙ্গাঠেঙ্গি, (প্রা) পরস্পর যষ্টিপ্রহারণ
ঠেঙ্গাড়িয়া, (প্রা) লাঠাল।
ঠেঙ্গান, (প্রা) যষ্টিদ্বারা প্রহারকরণ
ঠেঙ্গুয়া, (প্রা) চিঙ্গট মৎস্যাদির পাদাদি।
ঠের, ত্রি. [ঠা-ইর] বৃদ্ধ।
ঠেলন. (প্রা) হেলন; অমান্যকরণ; নিঃসারণ; দূরীকরণ; চালান; খেদান
ঠেলা, (প্রা) ঠেস, ধাক্কা, ঢুসা
ঠেলাঠেলি-ঠেসাঠেসি, (প্রা) ভীড়, কষাকষি; লোক সমারোহ।
ঠেস, (প্রা) অবলম্বন, আশ্রয়, নির্ভর।
ঠেসন, (প্রা) হেলন, ঠেলন, গোঁজন; দুষ্টকে বিবর্জন।
ঠেসান, (প্রা) অবলম্বন, ভোজন; ঠেকান।
ঠোঁকন, (প্রা) গুঁড়ীকরণ, চূর্ণকরণ।
ঠোঁট, (প্রা) চঞ্চু, ওষ্ঠ, নখর; সেতু, কাঁধা।
ঠোঁটকাটা, (প্রা) ধূর্ত্ত; প্রগল্‌ভ; দুষ্ট।
ঠোকন, (প্রা) প্রহারকরণ।
ঠোকর, (প্রা) উচোট, স্খলন, গুঁতা।
ঠোকরান, (প্রা) চঞ্চুদ্বারা আঘাত করণ, ঠোঁটমারণ; কুঠারাদির দ্বারা আঘাত।
ঠোনা, (প্রা) ঠোকর, অঙ্গুলির দ্বারা প্রহার।
ঠোস-ঠোসা, (প্রা) বিস্ফোটক, ফোস্কা; ফোটা; ঘুণ্টী, বটী।
ঠোসেঠাসে, (প্রা) সংক্ষেপতঃ, সমাসতঃ, অল্পেতে. ইঙ্গিতে।
ঠৌর, (প্রা) ধৈর্য্য, ধীরতা, নিশ্চয়; চৈতন্য।
ঠ্যাঙসঠ্যাস, (প্রা) পঙ্গুব্যক্তির গতি সদৃশ।

ড ডকার; ব্যঞ্জনের ত্রয়োদশ বর্ণ; টবর্গের তৃতীয় বর্ণ; ইহার উচ্চারণ মূর্দ্ধা হইতে হয়; অস্য নামানি যথা।— স্মৃতি; দারুক; নন্দিরূপিণী; যোগিনীপ্রিয়; কৌমারী; শঙ্কর; ত্রাস; ত্রিবক্র; নদক; ধ্বনি; দুরূহ; জটিলী; ভীমা; দ্বিজিহ্ব; পৃথিবী; সতী; কোর; গিরি; ক্ষমা; কান্তি; নাভি; স্বাতী; লোচন।

ড, পুং. শিব; শব্দ; ত্রাস; বাড়বাগ্নি।

ডকার, পুং. [ড+কার] ড বর্ণ।

ডকারাদি, পুং. [ডকার+আদি] ড আদি অক্ষর।

ডকারান্ত, ত্রি. [ডকার+অন্ত] ড অন্ত্যবর্ণ।

ডগর, (প্র) ডমরু, ঢক্কাবিশেষ; দ্রগড়।

ডগরমগর, (প্রা) ছিন্নঢক্কার ধ্বনি। [ছল।

ডগা, (প্রা) বৃক্ষাগ্র, আগা, অগ্রভাগ, শিখা,

ডগাকড়ি, (প্রা) বৃহদাকার বিশিষ্ট কড়ি।

ডগাল, (প্রা) সূচ্যগ্রাকার, আগাল, শাখা-যুক্ত।

ডগি, (প্রা) বংশাদির অগ্রভাগ; কোমল।

ডগিরা, (প্রা) উচ্চ, বৃহৎ, বড়, ডাগর।

ডগিরাকলা, (প্রা) কদলীভেদ।

ডগ্‌ডগ্, (প্রা) অত্যন্ত রক্তবর্ণ।

ডগ্‌ডগিয়া, (প্রা) রক্তিমাবর্ণ, অরুণিমা।

ডঙ্কা, (প্রা) বৃহৎঢক্কাবিশেষ, ধামসা,টিকারা।

ডঙ্কোণি, (প্রা) লতাবিশেষ।

ডঙ্গর, (প্রা) বৃক্ষবিশেষ।

ডঙ্গরী-ডঙ্গারী, স্ত্রী. [ডঙ্গর+ঈ] ফলবিশেষ, তৎপর্য্যায়।—ডাঙ্গরী, দীর্ঘের্ব্বারু, নাম শুণ্ডী, দণ্ডরী, গজদন্তফলা।

ডণ্ড, (প্রা) দণ্ড, যষ্টি, লাঠি, ছড়ি, ঠেঙ্গা।

ডণ্ডা, (প্রা) বৃক্ষের শাখা; পক্ষির দাঁড়বি-শেষ, প্রদীপাধার, পিলসুজ; ঠেকুয়া।

ডণ্ডী, (প্রা) দণ্ডী, দণ্ডযোগ্য, দণ্ডার্হ।

ডন্, (প্রা) বলনিমিত্ত শরীরাবৃত্তি।

ডবিত্থ, পুং. [ড+বিত্থ] কাষ্ঠময় মৃগ।

ডব্‌ডবিয়া, (প্রা) আর্দ্র, শ্লথ, ভিজা; ঢক্কা-ধ্বনিভেদ।

ডম, পুং. বর্ণসঙ্কর নীচজাতি, ডোম, চাণ্ডাল ঔরসে লেটজাতি স্ত্রীর গর্ভে জাত; অব-স্করক, মার্গসম্মার্জ্জক।

ডমর, ন. [ডম্+অর] ভয়ে পলায়ন, ভয়প্র-যুক্ত প্রস্থান, শৃগালিকা, বিদ্রব, ডিম্ব; (পুং.) পরচক্রাদিভয়; অস্ত্রকলহ, স্বামী; ডিম্ব, বিপ্লব, বিম্ব, ডামর।

ডমরু, পুং. [ডমর্+উ] বাদ্যবিশেষ, কপালী যোগিদিগের বাদ্য; দ্রগড়বাদ্য; ক্ষীণ-মধ্য গুটিকাদ্বয় লম্বিত; চমৎকার।

ডমরুমধ্য, পুং. [ডমরু+মধ্য] দুই দ্বীপের মধ্যস্থ সুঁড়িপথ, যোজক; দ্বীপকল্প।

ডম্ফ, (যাং) খঞ্জরীবিশেষ।

ডয়ন, ন. [ডা+অন] কর্ণীরথ; নভোগতি।

ডর, (প্রা) ভয়, ত্রাস, শঙ্কা।

ডরকর, (প্রা) দারুকরঞ্জ।

ডরণ-ডরাণ, (প্রা) ত্রাসিত হওন, ভয়পাওন, শঙ্কাকরণ।

ডরাণিয়া, (প্রা) ত্রাসান্বিত, ভীত।

ডরালু-ডরুক, (প্রা) ভয়ান্বিত, ত্রস্ত।

ডলক, পুং. [ডল+ক] বংশাদি নির্ম্মিত পাত্র, ডালা।

ডলন, (প্রা) মর্দ্দন; শাণন; পেষণ; ঘর্ষণ।

ডলনা, (প্রা) পেষণী, বেলুন, লোড়া।

ডল্লক, ন. বংশাদি নির্ম্মিতপাত্র, ডালা।

ডহর-ডহরা, (প্রা) সরোবর, হ্রদ; গভীর জল; অতিনিম্নস্থান, গভীর; নৌকার খোল।

ডহু-ডহূ, পুং. [দহ+উ] বৃক্ষবিশেষ,ডেহুয়া, মাঁদার, লকুচ, লিকুচ।

ডহুয়া, (প্রা) বৃক্ষবিশেষ।

ডা, স্ত্রী. [ড+আ] ডাকিনী।

ডাইন, (প্রা) দক্ষিণ, অপসব্য; ডাকিনী, খুসনী।

ডাইনী, (প্রা) পূতনা, মায়িনী, ডাকিনী।

ডাইনপনা, (প্রা) জাদু, অভিচার, মায়া, পূতনাত্ব।

ডাং, (প্রা) দণ্ড।

ডাঁট, (প্রা) অপক্ক, কঠিন।

ডাঁটন, (প্রা) ভয়প্রদর্শন।

ডাঁটা, (প্রা) কাণ্ড, বৃন্ত; দণ্ড; বোঁটা।
ডাঁটাল, (প্রা) কাণ্ডান্বিত, বৃন্তাল, বহুনাড়িক
ডাঁড়, (প্রা) দন্ত।
ডাঁড়, (প্রা) বটিয়া, দণ্ড, নৌকাবাহনদণ্ড; পক্ষির দাঁড়। [কাক।
ডাঁড়কাক, (প্রা) শবভুক্, দগ্ধকাক; দ্রোণ-
ডাঁড়ন, (প্রা) দণ্ডায়মান থাকন, রহন।
ডাঁড়া, (প্রা) রীতি চরিত্র; মেরুদণ্ড; দণ্ডায়মান।
ডাঁড়ান, (প্রা) দণ্ডায়মান হওন।
ডাঁড়াশ, (প্রা) অহিংস্রক সর্পভেদ।
ডাঁড়ী, (প্রা) নাবিক, নৌকাদণ্ডবাহক; তুলাদণ্ড; লিপির বিচ্ছেদচিহ্ন (।)।
ডাঁড়ুকা, (প্রা) নিগড়, বেড়ী।
ডাঁপ, (প্রা) কাঠগড়া, গরাদি, বেড়া।
ডাঁশ, (প্রা) দংশকমক্ষিকা। [নালডাঁড়া।
ডাঁশা, অপূর্ণপক্ব; চক্রবাড় দিগ্বর্ত্তী; নাগদন্ত;
ডাঁশাল, (প্রা) পক্বোন্মুখ।
ডাক, (প্রা) আহ্বান, হাঁক, শব্দ, চিৎকার; পত্রবাহক।
ডাকঘর, (প্রা) পত্রাগার, পত্রস্থান, পত্রাদি প্রেরণের দপ্তরখানা।
ডাকন, (প্রা) আহ্বানকরণ, হাঁকন, ধ্বনিকরণ, ফুকরণ, শব্দকরণ, চেচান
ডাকা-ডাকাইত, (প্রা) দস্যু, বাটপাড়, অপহর্ত্তা; চৌর্য্যবৃত্তিকারী।
ডাকাইতি-ডাকাতি, (প্রা) দস্যুবৃত্তি, বাটপাড়ি, বলপূর্ব্বক তস্করতা।
ডাকাবুকা, (প্রা) নির্ভয়, দুঃসাহসী, নির্লজ্জ, ঠেঁটা।
ডাকিনী, স্ত্রী. [ডাক্+ইন্-ঈ] কালীয়গণবিশেষ, কুহকিনী, ভুতিনী, ডাইনী, খুসনী।
ডাকু, (প্রা) দস্যু, বাটপাড়।
ডাগর, (প্রা) বৃহৎ, প্রকাণ্ড, উচ্চ, বড়।
ডাণ্ড, (প্রা) দণ্ড।
ডাঙ্গপিটা, (প্রা) দুরন্ত, দুষ্ট, অবাধ্য, উচণ্ড
ডাঙ্গরী, স্ত্রী, [ডাঙ্গর+ঈ] ডঙ্গরীফল।
ডাঙ্গশ, (প্রা) অঙ্কুশ, তোদন, হস্তীচালনদণ্ড।
ডাঙ্গা, (প্রা) নির্জ্জলস্থান, উচ্চস্থল।
ডাঙ্গাপথ, (প্রা) স্থলমার্গ। [দাঁত।
ডাড়, (প্রা) দন্ত; নখ; থাবা; হুল; চাবির-
ডাড়াল, (প্রা) করাতবদ্দন্তবিশিষ্ট।
ডাণ্ডা, (প্রা) ক্রীড়ার্থ দণ্ডবিশেষ; ভিত্তির উপর প্রোথিত ক্ষুদ্রদণ্ড; স্তম্ভ।
ডাণ্ডী, (প্রা) স্তম্ভ; নৌকার পালিদণ্ড; যষ্টি; খুঁটি। [পাখা।
ডানা, (প্রা) পক্ষ, গরুৎ, পতত্র, বাহুমূখ;
ডাব, (প্রা) জলপূর্ণ অপক্ক নারিকেল, কোমলনারীকেল।
ডাবর, (প্রা) হস্তাদি ক্ষালনপাত্র, বহুগুণা।
ডাবরী, (প্রা) ক্ষুদ্রকদলী; চিলমচি; ছোটচিলি। [মেচলা।
ডাবা, (প্রা) মৃণ্ময় পাত্রবিশেষ, গামলা,
ডাবু, (প্রা) ডাবরী।
ডামর, পুং. [ডমর+অ] শিবোক্ত শাস্ত্রবিশেষ, তৎ ষড়্বিধ যথা।—যোগডামর, শিবডামর, দুর্গাডামর, সারস্বতডামর, ব্রহ্মডামর, গন্ধর্ব্বডামর; ভুতডামর, চমৎকার।
ডামর, (হি) সর্জ্জরস, ধুনা; উল্কা, মশাল।
ডামাডোল, (প্রা) কোলাহল, চমৎকার, ডিম্বাবহ, আহব; বিপ্লব।
ডাল, (প্রা) শাখা, বৃক্ষাবয়ব।
ডালকচু, (প্রা) লতাবিশেষ।
ডালচিনী, (প্রা) দারুচিনী, গুড়ত্বক্, গন্ধবল্কল, সুগন্ধত্বক্, দারুগন্ধ, তিক্তবল্কল। [ফেলন।
ডালন, (প্রা) কর্ত্তন, ছাঁটন, তুলিয়া-
ডালনা, (প্রা) ব্যঞ্জনবিশেষ।
ডালা, (প্রা) ডল্লক, ঢাকনা; বংশনির্ম্মিত পাত্রবিশেষ।
ডালি, (প্রা) উপঢৌকন, উপায়ন, ভেটী; কলায়বিশেষ। [ফল।
ডালিম, পুং. [দল+ইম] দালিম, দাড়িম-
ডাহল, পুং. [দহ+অল] ত্রিপুরদেশ।
ডাহুক, পুং. [দহ+উক] দাত্যুহপক্ষী, ডাকপাখী; পানকৌড়ী; হৃষ্টপুষ্টাঙ্গ; ভৃত্য; ছল, কপট

ডিকরী, স্ত্রী. [ডিকু+অর-ঈ] যুবতিস্ত্রীলোক।
ডিঙ্গন, (প্রা) উল্লংঘন, উৎক্রমণ, অতিক্রমণ; লম্ফন, কুঁদন।
ডিঙ্গর, পুং. ভঙ্গর; ক্ষেপ; খল, ধূর্ত্ত; সেবক।
ডিঙ্গরামি, (প্রা) কদর্য্যতা, বৈগুণ্য।
ডিঙ্গা, (প্রা) নৌকাভেদ, পোত, তরণী।
ডিঙ্গাচকা, (প্রা) চক্রবাকভেদ।
ডিঙ্গাচালক, (প্রা) নাবিক, কর্ণধার, পোতবাহক।
ডিঙ্গাধিপতি, (প্রা) পোতাধ্যক্ষ।
ডিঙ্গান, (প্রা) উল্লংঘন, লম্ফন।
ডিঙ্গী, (প্রা) ক্ষুদ্রনৌকা, দ্রোণী, ডুঙ্গী।
ডিডিম্‌ডিম, (প্রা) খঞ্জরীবাদ্য।
ডিণ্ডিম, পুং. [ডিণ্ডি+ম] বাদ্যপ্রভেদ, ডেঙ্গরী; মৃদঙ্গ; মাহেশ্বর দণ্ডী; কৃষ্ণপাকফল, পানিআমলা, পেনালা।
ডিণ্ডির, পুং. [ডিণ্ডি+র] সমুদ্রফেণ।
ডিণ্ডিরমোদক, ন. [ডিণ্ডির+মোদক] গৃঞ্জন, গাজর।
ডিণ্ডিশ, পুং. [ডিণ্ডি+শ] টিণ্ডিশ।
ডিত্থ, পুং. কাষ্ঠময়হস্তী; বিশেষলক্ষণযুক্তপুরুষ। [রাখিবারপাত্র।
ডিবা, (প্রা) পাত্রবিশেষ, কৌটা, ঔষধাদি-
ডিম, (প্রা) ডিম্ব।
ডিম, পুং. [ডিম্‌+অ] নাটকের রূপকবিশেষ।
ডিম্ব, ন. [ডিম্‌+ব] ভয়; কলল; ফুস্‌ফুস; ডমর; (পুং.) ভয়ধ্বনি; প্লীহা; বিপ্লব; ডিম্ভ, অণ্ড, কোশ, কোষ, পেশি, পেশী।
ডিম্বকারী, ত্রি. [ডিম্ব+কারিন্‌] তুমুলকারী।
ডিম্বজ, ত্রি. [ডিম্ব+জ] ডিম্ভজ, অণ্ডজ।
ডিম্বসাঁচ, (প্রা) অণ্ডমধ্যভাগ, অণ্ডহৃদয়, অণ্ডমধ্যস্থপীতভাগ।
ডিম্বাহব, পুং. [ডিম্ব+আহব] নৃপতিরহিতযুদ্ধ, সেনামুখযুদ্ধ।
ডিম্বযুদ্ধ, ন. [ডিম্ব+যুদ্ধ] ডিম্বাহব; ডমর।
ডিম্বিকা, স্ত্রী. [ডিম্ব+ইকা] কামুকী; জলবিম্ব; শোণকবৃক্ষ।
ডিম্ভ, পুং. [ডিভ্‌+অ] শিশু; মূর্খ; ডিম্ব, অণ্ড; পশুশাবক।
ডিম্ভক, ত্রি. [ডিম্ভ+ক] বালক।
ডিম্ভচক্র, ন. [ডিম্ভ+চক্র] মনুষ্যেরশুভাশুভনির্ণায়কচক্রবিশেষ।
ডিম্ভজ, ত্রি. [ডিম্ভ+জ] অণ্ডজ, দ্বিজন্মা, অযোনিজ, দ্বিজ।
ডিম্ভা, স্ত্রী. [ডিম্ভ+আ] অতিশিশু।
ডিম্ভোৎপাদক, ত্রি. [ডিম্ভ+উৎপাদক] অণ্ডজনক ডিম্ভজ।
ডিহী, (যাং) ক্ষুদ্র গ্রাম।
ডীত, ত্রি. [ডী+ত] আকাশগামী।
ডীন, ন. [ডী+অন] পক্ষিরগতি, উড়ন, তৎপতনভেদে ষড়্‌বিংশতি যথা।—১উড্ডীন—ঊর্দ্ধগমন, ২ অবডীন—অধঃপতন, ৩ প্রডীন—পতনবেগবত্তা, ৪ ডীন—পতনমাত্র, ৫ নিডীন—নীচৈঃপতন, ৬ সংডীন—সম্যক্‌পতন, ৭ তির্য্যগ্‌ডীন—তির্য্যক্‌ পতন, ৮ বিডীন—বিচিত্রপতন, ৯ পরিডীন—সর্ব্বতঃপতন, ১০ পরাডীন—পরাবৃত্য গমন, ১১ সুডীন—সুকুমার পাত, ১২ অভিডীন—আভিমুখ্যে পুনঃপুনঃ পতন, ১৩ মহাডীন—ক্ষুদ্রপতনক্রমে প্রত্যাবৃত্তি, ১৪ নিডীন—ভক্ষ্যদ্রব্য আহরণার্থ পতন, ১৫ অতি ডীন—দীর্ঘ পতন, ১৬ অবডীন—অধঃ পতন, ১৭ প্রডীন—অধঃপতনে বেগবত্তা, ১৮ অবসংডীন—অধঃ পতনে শোভনবত্তা, ১৯ ডীনডীনক—নির্ব্বিশেষণ ও কুৎসিত পতন, ২০ সংডীনোড্ডীন—শোভন পূর্ব্বক ঊর্দ্ধে গমন, ২১ সংডীনডীন—শোভন গমন মাত্র, ২২ পুনর্ডীন—সামান্যগমন, ২৩ ডীনাবডীনক—কুৎসিত অধঃপতন, ২৪ সম্পাত—অনেকের সহিত গমন, ২৫ সমুদীষণ—পরস্পর স্পর্দ্ধাপূর্ব্বক গমন, ২৬ ততোন্যং ব্যতিরিক্তক—স্পর্দ্ধাপূর্ব্বক আগমন করিয়া স্নেহকৃত পতন। আগম শাস্ত্র বিশেষ।
ডীনডীনক, ন. [ডীন+ডীনক] পক্ষিদিগের গতিক্রিয়া বিশেষ। [বিশেষ।
ডীনাবডীন, ন. [ডীন+অবডীন] পক্ষিরগতি-

ডীরমান, ত্রি. [ডীর+মৎ] খবিসর্পী, নভোগতি।

ডুকরণ-ডুকরণী, (প্রা) মনস্তাপপূর্ব্বকক্রন্দন, হায়ছাড়ান, ক্রন্দন, ধকুধকান, গদ্‌গদ, শব্দ সহিত ক্রন্দন, ফুৎকরণ

ডুগুডুগু, (প্রা) আরক্ত বর্ণ

ডুগডুগী, (প্রা সাপুড়োর সর্পক্রীড়ন বাদ্য।

ডুঙ্গী, (প্রা) দ্রোণী, ক্ষুদ্রনৌকা

ডণ্ডু-ডুণ্ডুভ, পুং. [ডুণ্ডু+ভ] সর্পবিশেষ, রাজিল, ডুণ্ডুভ, নাগভৃৎ, ঢোঁড়া।

ডুণ্ডুল, পুং. [ডুণ্ডু+ল] ক্ষুদ্রপেচক, ক্ষুদ্রোলূক, শাকুনেয়, পিঙ্গল, বৃক্ষাশ্রয়ী, বৃহদ্রাবী, বিশালাক্ষ, ভয়ঙ্কর, ছোটপেঁচা; কুঠুরে পেঁচা।

ডুন্ডুক, পুং. দাত্যূহ পক্ষী।

ডুব, (প্রা) অবগাহন, স্নান করা, নিমজ্জন।

ডুবক, (প্রা) নিমজ্জনকারী, অবগাহক; জলসংস্কারী।

ডুবড়িয়া-ডুবরী, (প্রা) মজ্জনকারী, যে অধিকক্ষণ জলে নিমগ্ন হইয়া থাকিতে পারে, অবগাহিতা, গাহিতা, নিমংক্তা, মংক্তা, জলেবাহ। [বুড়ন।

ডুবন-ডোবন, (প্রা) মজ্জন, অবগাহন,

ডুবান, (প্রা) জলনিমগ্নকরণ, বুড়ান।

ডুবানিয়া, (প্রা) জলনিমগ্নকারী, বুড়ন।

ডুবারা-ডুবারী (প্রা) নিমজ্জনকারী; পক্ষীবিশেষ।

ডুবারু-ডুবু, (প্রা) নিমজ্জনকারীপক্ষীবিশেষ।

ডুবিত. (প্রা) অবগাহিত, মগ্ন, মজ্জিত।

ডুবুডুবু, (প্রা) মগ্নোন্মুখ, প্রায় মগ্ন।

ডুমা, (প্রা) ক্ষুদ্রখণ্ড, টুকুর।

ডুমুর-ডুম্বর, (প্রা) উডুম্বরবৃক্ষ।

ডুরিয়া, (প্রা) নানাবর্ণরেখাঙ্কিত, চিত্রিত, চিত্রাঙ্গ, রেখাঙ্কিত; শ্বপোষক, কুক্কুররক্ষক।

ডুরী, (প্রা) রজ্জু, দড়ী, পাশ, ডোর, গুণ।

ডুরীপড়া, (প্রা) চিত্রিত।

ডুলি, স্ত্রী. [ডুল+ই] কমঠী, ডুলি

ডুলিকা, স্ত্রী. [ডুলিক+আ] খঞ্জনাকার পক্ষীবিশেষ।

ডুলী, স্ত্রী. [ডুল+ঈ] চিল্লীশাক

ডুলী, (প্রা) শিবিকা, পাল্কী।

ডুলীডুলী, (প্রা) সভয়কম্প।

ডেউআ, (প্রা) ডহু।

ডেউআপিপীড়া, (প্রা) বৃহৎকৃষ্ণবর্ণ পিপীলিকা ভেদ। [দণ্ডিত।

ডেঁড়ে, (প্রা) সূচিকর্ম্মদ্বারা ভগ্নবস্ত্র সেলাই;

ডেঁপ, (প্রা) চোষক।

ডেঁফল, (প্রা) ডহুফল, ডেপল

ডেকরা, (প্রা) অসৎ, অধম, পাজি, বিটলিয়া।

ডেকরামি, (প্রা) দুষ্টপনা, বিটলামি।

ডেকরী, (প্রা) দুষ্টাস্ত্রী।

ডেগ্, (যাং) পাত্রবিশেষ।

ডেঙ্গর, (প্রা) মৎকুণ, উকুন, কেশকীট।

ডেঙ্গুয়া, (প্রা) মৃতদার, মৃতভার্য্য, মৃতপত্নিক, বিধুর, অযোগ, যে ব্যক্তির স্ত্রী মরিয়াছে; শাকবিশেষ

ডেঙ্গুয়াশাক, (প্রা) শাকবিশেষ।

ডেড়-ডেড়া, (প্রা) সার্দ্ধৈক, অর্দ্ধাধিকএক।

ডেড়ী, (প্রা) দরিদ্রতা; অস্বাস্থ্য, পীড়া।

ডেনা, (প্রা) পক্ষ, পাখা, বাহুপাশ্।

ডেবরা, (প্রা) স্ফীত, উচ্চ, কূর্ম্মপৃষ্ঠাকার;

ডেবরাচক্ষুয়া, (প্রা) বৃহৎ অক্ষিযুক্ত।

ডেরা, (প্রা) রজ্জু; বস্ত্রগৃহ, তাঁবু।

ডেলা, (প্রা) লোষ্ট্র, শুষ্কমৎপিণ্ড, ঢিল।

ডেলাভাঙ্গামুদ্গার, (প্রা) কোটিশ, লোষ্টভেদন

ডেহুয়া, (প্রা) ডহু।

ডোগ, (প্রা) মৎস্যবিশেষ।

ডোঙ্গা, (প্রা) তালবৃক্ষনির্ম্মিত ক্ষুদ্রতরি, দ্রোণী, ডিঙ্গী, শাল্তী।

ডোড়ী, স্ত্রী. [ডোড়+ঈ] ক্ষুপ বিশেষ, তৎপর্য্যায়।—জীবন্তী, শাকশ্রেষ্ঠা, বহুবল্লী, সুখালুকা, দীর্ঘপত্রা, সূক্ষ্মপত্রা, জীবনী।

ডোবা, (প্রা) জলনিমগ্ন; গর্ত্ত; ক্ষুদ্রজলাশয়, পল্লল। [জাতি।

ডোম, পুং. [ড+উম] স্বনামখ্যাত অস্পৃশ্য-

ডোম, (প্রা) বর্ণসঙ্কর বেদ ব্রাহ্মণবর্জ্জিত নীচ জাতিশেষ, পেত্যাদি নির্ম্মায়ক, মুচী।

ডোমচালু, (প্রা) চাউলবিশেষ।

ডোমচিল, (প্রা) পক্ষীবিশেষ।

ডোমনী, (প্রা) ডোমের স্ত্রী, ডোমভার্য্যা।
ডোর, ন. হস্তাদির বন্ধন সূত্র; সূতা, রজ্জু, দড়ী, গুণ। [বন্ধনসূত্র।
ডোরক, ন. [ডোর+ক] ডোর, ব্রতাদ্যর্থ হস্ত
ডোরড়ী, স্ত্রী. বৃহতীবৃক্ষ, ব্যাকুলগাছ।
ডোরা, (প্রা) রেখা, চিহ্ন, দীর্ঘাকৃতি রেখা, লেখা, ছেদ, রাজী
ডোরী, (প্রা) রজ্জু, দড়ী, রশি, গুণ।
ডোল, (প্রা) ভাণ্ডার, ধান্যাদির রক্ষণপাত্র; নলাদি নির্ম্মিতপাত্র বিশেষ; বালতী; জাহাজের মাস্তুল; মৎস্যাদিগের অণ্ড রাখিবার স্থান
ডোলী, (প্রা) শিবিকা, পাল্কী, যানবিশেষ, ডুলী।
ডৌল, (হি) প্রকার, রূপ; ধার; ঢপ; মূর্ত্তি।
ড্যাং-ড্যাংড্যাং (প্রা) ঢক্কাদির বাদ্যবিশেষ।

ঢ

ঢকার, ব্যঞ্জনের চতুর্দ্দশ বর্ণ। টবর্গের চতুর্থ বর্ণ। ইহার উচ্চারণ মূর্দ্ধা হইতে হয়। অস্য নামানি যথা।—ঢো; ঢক্কা; নির্ণয়; পূর্ব্ব; যজ্ঞেশাদনদেশ্বর; অর্দ্ধনারীশ্বর; তোয়; ঈশ্বরী; ত্রিশিখী; নব; দক্ষপাদাঙ্গুলের্ম্মূল; সিদ্ধিদণ্ডা; বিনায়ক; প্রহাসা; ত্রিবেরা; ঋদ্ধি; নির্গুণ; নিধন; ধ্বনি; বিঘ্নেশ; পালিনী; স্কন্ধধারিণী; ক্রোড়পুচ্ছক; এলাপুর; ত্বগাত্মা; বিশাখা; শ্রীমনোরতি।
ঢ, পুং. ঢক্কা; কুক্কুর; শ্বলাঙ্গুল; নির্গুণ; ধ্বনি; সর্প।
ঢং, (প্রা) কাংস্যধ্বনি।
ঢক, (প্রা) পরিমাপকদ্রব্য, ভারপরিমাণ, তোল, বাট্খারা; বস্তু।
ঢক্, (প্রা) অপসারণ, সঞ্চালন; আঘাত।
ঢকাৎ, (প্রা) গিরণধ্বনি, গিলনশব্দ।
ঢকার, পুং. [ঢ+কার] ঢ অক্ষর।
ঢকারাদি, [ঢকার+আদি] ত্রি. আদিবর্ণ ঢকার.
ঢকারান্ত, ত্রি, [ঢকার+অন্ত] ঢ বর্ণান্ত।
ঢক্ক, পুং. [ঢক্+ক] দেশবিশেষ, ঢাকা; আবরণ।
ঢক্কা, স্ত্রী. [ঢক্ক+আ] বাদ্যবিশেষ, যশঃপটহ, বিজয়মর্দ্দল, আড়ম্বর, মদ্গু, অবনদ্ধ, বৃহৎঢোল, ঢাক, কাড়া।
ঢক্কারী, স্ত্রী. [ঢক্কা+রী] তারিণী, দুর্গা।
ঢঙ্গ, (প্রা) খল, শঠ, প্রতারক, প্রবঞ্চক, ছল, ঢণ্টী, স্ত্রী বাক্যবিশেষ।
ঢনা, (প্রা) ম্লান, শুষ্ক, ক্ষীণ, কৃশ, তনু।
ঢনুমনিয়া, (প্রা) অতিকৃশ, দুর্ব্বল।
ঢণ্টী, স্ত্রী. বাক্যবিশেষ।
ঢপ, (প্রা) মূর্ত্তি, ধারা, প্রকার; চালি; গানবিশেষ।
ঢপ্ঢপ্, (প্রা) জলসিক্ত চর্ম্মপটিকার বাদ্য, ঢব্ঢবে শব্দ।
ঢভাব, পুং. [ঢ+ভাব] কর্ম্মণিবাচ্য।
ঢল, (প্রা) পর্ব্বতাদি হইতে নির্গত জল: শিথিল।
ঢলন, (প্রা) অবসাদ, ম্লানহওন; গড়ান, হেলন, ঝুঁকন, ঠেসন।
ঢলনাবা, (প্রা) পর্ব্বতীয় জলাগমন।
ঢলাঢলি, (প্রা) ঘৃণাস্পদক্রিয়া।
ঢলান, (প্রা) নিন্দিতকর্ম্ম প্রকাশ করণ, কুকর্ম্মপ্রচারণ, লোচ্চাম।
ঢলানী, (প্র) লম্পটী, কামুকী, কুলটা।
ঢল্ক, (প্রা) শিথিল, অদৃঢ়, অশক্ত, আল্গা, ঢিলা।
ঢল্কন, (প্রা) অস্তগমন, শিথিলহওন; গড়াওন, হেলন, ঝোঁকন; ঘূরণ, গলন, নাশন, ভাঙ্গন।
ঢল্ঢলিয়া, (প্রা) দীপ্যমান, উজ্জ্বল; দ্রুত; কোমল; চঞ্চল।
ঢল্ঢল্, (প্রা) শিথিল, অদৃঢ়।
ঢসন, (প্রা) নিঃসরণ ভগ্নহওন, গলন, পতন; ভাঙ্গিয়া পড়ন।
ঢসা, (প্রা) পতিত, অধঃপতন।
ঢাক, (প্রা) ঢক্কা।
ঢাকঢেকী, (প্রা) বৃক্ষবিশেষ। [গোপন।
ঢাকন, (প্রা) আচ্ছাদন, ব্যাপন, আবরণ

ঢাকনা, (প্রা) আচ্ছাদক, আবরক।
ঢাকনী, (প্রা) আচ্ছাদনপাত্র, আবরণ।
ঢাকা, (প্রা) আচ্ছাদিত, আবৃত; পূর্ব্বাঞ্চলীয় দেশবিশেষ।
ঢাকাঢোড়া-ঢাকাঢোকা, (প্রা) আবৃত, আ-ড়াল, আচ্ছাদিত।
ঢাকী, (প্রা) ঢক্কাবাদক, ঢাকবাজানীয়া।
ঢাকনী, (প্রা) আবরণপাত্র, আচ্ছাদন, সরপোষ।
ঢাগুা, (প্রা) লোকসমূহ, জনতা, সংঘট্ট।
ঢাপা, (প্রা) আচ্ছাদন আবরণ।
ঢামরা, স্ত্রী. [ঢামর+আ] হংসী।
ঢাল, ন. [ঢ+অল] ফলক, ফল, চর্ম্ম আবরণ, চর্ম্মাবরণ, আবরক, স্ফুর. খড়্গরাটি, খেটিকা, অম্বল।
ঢাল, (প্রা) গড়ান, নিম্নস্থান; ফলক।
ঢালন, (প্রা) জলাদি অধঃক্ষেপণ, ঝরান।
ঢালাউবরা, (প্রা) ইতস্ততঃনিঃক্ষেপণ।
ঢালী, পুং. [ঢাল+ইন্] ঢালবিশিষ্ট, চর্ম্মী, ফলকপাণি ফলকভৃৎ।
ঢালু, (প্রা) নিম্নস্থান, গড়ানিয়া।
ঢিপন-ঢিপনী, (প্রা) প্রহারকরণ, আঘাত-করণ, মারণ, কীলান, মুষ্ট্যাঘাত।
ঢিপান-ঢিপানী, (প্রা) প্রহারকরণ, মারণ।
ঢিপি, (প্রা) উচ্চস্থান; রাশি, স্তূপ, সঞ্চয়।
ঢিপল্যা, (প্রা) ত্রুটি, কোন বিষয় পুরণার্থ কোমলদ্রব্য।
ঢিবী, (প্রা) স্তূপ, রাশি.কাঁড়ি, গাদি উচ্চ-স্থান।
ঢিমা, (প্রা) মৃদু, নম্র, ক্ষীণ, কৃশ; ঢেলা।
ঢিল, (প্রা) লোষ্ট্র, ঢিলা, ডেলা; শিথিলতা।
ঢিলা-ঢীলা, (প্রা) দীর্ঘসূত্রী; অশক্ত, অদৃঢ়, আলগা; লোষ্ট্র; ডেলা।
ঢিলান, (প্রা) লোষ্ট্রাদিক্ষেপণ, ডেলামারণ।
ঢিল্‌মিলিয়া, (প্রা) লোলিত, অশক্ত, কোমল, আল্‌গা, ফস্কা।
ঢিলামি, (প্রা) শিথিলতা, দীর্ঘসূত্রতা, আ-লস্য, কুড়্যামি, জড়তা।
ঢ, (প্রা) মেষাদি পশুদিগের পরস্পর মস্তকা-ঘাত, ঢষ।

ঢুঁড়, (প্রা) অন্বেষণ, অনুসন্ধান, জিজ্ঞাসা।
ঢুকন, (প্রা) প্রবেশন, অন্তর্গতকরণ,ঘুষকরণ।
ঢুকান, (প্রা) প্রবেশকরান, অন্তর্গতকরণ, সাঁধাইয়া দেওন।
ঢুকুৎ, (প্রা) শব্দবিশেষ, গলাধঃকরণ শব্দ।
ঢুণ্ঢন, ন. [ঢুণ্ঢ্+অন] অন্বেষণ, অনুসন্ধান, খোঁজন, মার্গণ।
ঢুণ্ঢি, পুং. [ঢুণ্ঢ্+ই] গণেশ।
ঢুণ্ঢিত, ত্রি. [ঢুণ্ঢ্+ইত] অন্বেষিত, অন্বিষ্ট, মার্গিত।
ঢুণ্ডুভ, (প্রা) ঢোঁড়াসাপ।
ঢুপ্, (প্রা) শূন্যতা, রিক্ততা, অভাব।
ঢুলঢুলু, (প্রা) নিদ্রালু, তন্দ্রাযুক্ত, সুষুপ্তা-বস্থা আসননিদ্রাবস্থা।
ঢুলন, (প্রা) নিদ্রাবসন্নতাদ্বারা পতন,ঝিমন।
ঢুলান, (প্রা) দোলান, কম্পিতকরণ, নড়ান, হেলান, বহন।
ঢুষ, (প্রা) মেষাদির পরস্পর মস্তাকাঘাত, মস্তকে মস্তকে আঘাত।
ঢুষণ, (প্রা) শৃঙ্গাদিদ্বারা আঘাতকরণ, মস্তক দ্বারা আঘাতকরণ।
ঢুষণা-ঢুষণী, (প্রা) অকর্ম্মঠ, কার্য্যাক্ষম, আ-লস্যা, অলস, অকর্ম্মণ্য।
ঢেউ, (প্রা) তরঙ্গ, বীচি, হিল্লোল, উর্ম্মি, ভঙ্গ, ভঙ্গী, কল্লোল, জললতা, পয়ো-রাশি, উল্লোল, অর্গল; অকস্মাদ্বাসনা।
ঢেঁকী, (প্রা) পাদিক, তণ্ডুলাদি কণ্ডনের যন্ত্র, চাউল কাঁড়িবার কারণ বৃহৎ কাষ্ঠময় যন্ত্র; অবোধ।
ঢেঁকীশালা, (প্রা) যে স্থলে তণ্ডুলাদি কণ্ডন করা হয়, ঢেঁকশেল।
ঢেঁটা, (প্রা) শঠ, দুষ্ট, খল, অবাধ্য, অশিষ্ট।
ঢেঁটামি, (প্রা) খলতা, শঠতা, দুষ্টপণা।
ঢেঁড়রা-ঢেঁড়া, (প্রা) ঢক্কাবাদনপূর্ব্বক ঘোষ-ণাকরণ।
ঢেঁড়ি, (প্রা) ঘোষক, ঢেঁড়রাপেটক।
ঢেঁড়ী, (প্র) কর্ণালঙ্কারবিশেষ।
ঢেঁশা, (প্রা) আঘাত; ধাক্কা; বিদ্রূপ, দোষ-সূচক দৃষ্টান্ত।
ঢেকচালুয়া, (প্রা) অপরিপক্কতণ্ডুল।

ঢেকা, (প্রা) ধাক্কা, ঠেলা।

ঢেকান, (প্রা) ধাক্কামারণ, ঠেলন, নির্গতকরণ, ঠেসান।

ঢেকুর, (প্রা) হিক্কা, উদ্গার, উদ্গিরণ, উদ্বমন।

ঢেঙ্গা, (প্রা) দীর্ঘ, লম্বা, উচ্চ।

ঢেগন, (প্রা) জারজ, অসতীপুত্র; ভ্রষ্ট; দুষ্ট, ধূর্ত্ত।

ঢেমনা, (প্রা) উপপতি, জার; ভ্রষ্ট; বিজন্মা, অনভিজাত।

ঢেমনী, (প্রা) ভোগ্যা স্ত্রী, উপপত্নী, নায়িকা।

ঢের, (প্রা) যথেষ্ট, প্রচুর, অনেক।

ঢেরা, (প্রা) শণসূত্রাদি কাটনের যন্ত্র; নিরক্ষরের দস্তখতের চিহ্নবিশেষ (×)।

ঢেরি-ঢেরী, (প্রা) স্তূপ, রাশি।

ঢেলা, (প্রা) লোষ্ট্র, ডেলা।

ঢোওন, (প্রা) ভারবহন; যানবাহন, যানপ্রচালক।

ঢোঁড়ন, (প্রা) অন্বেষণকরণ, অনুসন্ধান, তত্ত্বকরণ।

ঢোঁড়া, (প্রা) সর্পবিশেষ, ডুণ্ডুভ, জলসর্প।

ঢোক, (প্রা) গলাধঃকরণ, গিলন, গলদেশের নীচেনয়ন।

ঢোকন-ঢোকান, (প্রা) অন্তর্গতকরণ, প্রবেশন, ঘুষ্কান; অবলম্বন; ঠেসিয়া রাখন।

ঢোল, পুং. [ঢ+ওল] স্বনামখ্যাত বাদ্যযন্ত্রবিশেষ; উপাধিবিশেষ।

ঢোলক, (প্রা) বাদ্যযন্ত্রবিশেষ।

ঢোলকলমী, (প্রা) জলীয় লতাশাকবিশেষ।

ঢোলন, (প্রা) দোদুল্যমান, দোলান, ঝুলান, হেলান।

ঢোলসমুদ্রিকা, স্ত্রী. [ঢোল+সমুদ্র-ইকা] লতাবিশেষ।

ঢোলী, (প্রা) ঢোলবাদ্য বাদক।

ঢোষা, (প্রা) শৃঙ্গাঘাত; অকর্ম্মণ্য।

ঢৌকন, পুং. [ঢৌ+কন] উৎকোচ, ঘুষ।

ণ

ণকার, ব্যঞ্জনের পঞ্চদশ বর্ণ, টবর্গের পঞ্চমবর্ণ, ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা। তস্য নামানি, যথা—নির্গুণ; রতি জ্ঞান; জম্ভন; পক্ষিবাহন; জয়া; শম্ভো; নরকজিৎ; নিষ্কলা; যোগিনীপ্রিয়; দ্বিমুখ; কোটবী; শ্রোত্র; সমৃদ্ধি; বোধনী; মতা; ত্রিনেত্র; মানুষী; ব্যোম; দক্ষপাদাঙ্গুলের্ম্মুখ; মাধব; শঙ্খিনী; বীর; নারায়ণ; নির্ণয়।

ণ, পুং. জ্ঞান; নিশ্চয়; বিন্দুদেব; বুদ্ধদেবতাবিশেষ; ভূষণ; গুণবর্জ্জিত; পানীয়নিলয়; শিব; দান; অপহ্নব শব্দ; ধর্ম্ম; আত্মা।

ণকার, পুং. [ণ+কার] ণ বর্ণ।

ণকারাদি, ত্রি. [ণকার+আদি] ণ আদি বর্ণ।

ণকারান্ত, ত্রি. [ণকার+অন্ত] ণবর্ণান্ত।

ণত্ব, ন. [ণ+ত্ব] ণকারভাব; অথ ণত্ববিধান।—ঋ ৠ র এবং মূর্দ্ধন্য ষ, এই চারি বর্ণের পর দন্ত্য ন থাকিলে মূর্দ্ধন্য হয়। যথা নৃণাম্, ভ্রাতৄণাম, চতুর্ণাম্, দোষ্ণা ইত্যাদি। যদি স্বরবর্ণ, কবর্গ, পবর্গ, য, ব, হ ও অনুস্বার মধ্যে ব্যবধান থাকে তাহা হইলেও দন্ত্য ন মূর্দ্ধন্য হয়। যথা করাণাম, করিণা, গুরুণা, দর্পেণ, রেফেণ, গর্ব্বেণ ইত্যাদি। যদি পদের অন্তে দন্ত্য ন থাকে এবং পূর্ব্বোক্ত স্বরবর্ণ কবর্গ ও পবর্গাদি ব্যতিরিক্ত বর্ণ ব্যবধান থাকে, অথবা তবর্গ, প ও ত যুক্ত দন্ত্য ন হয় তাহা হইলে ঋ, ৠ, র, ষ, এই সকল বর্ণ পূর্ব্বে থাকিলেও মূর্দ্ধন্য হইবেক না, যথা নরান্, হরীন্, গুরূন্, অর্চ্চনা, অর্থেন, গ্রন্থন, বৃন্দ ইত্যাদি। যদি এক পদে ঋ ৠ র ষ ও অন্য পদে ন থাকে তাহা হইলে মূর্দ্ধন্য হয় না। যথা গিরিনন্দিনী, রঘুনন্দন, ত্রিনয়ন, নরবাহন ইত্যাদি। যদি অন্য

পদস্থিত দন্ত্য ন বিভক্তিস্থানে জাত অথবা বিভক্তিযুক্ত হয়, কিম্বা স্ত্রীলিঙ্গ বিহিত ঈ প্রত্যয়ের সহিত মিলিত থাকে তাহা হইলে বিকল্পে মূর্দ্ধন্য হয়। যথা (বিভক্তি স্থানে জাত ন) প্রভাবেণ, প্রভাবেন, (বিভক্তিযুক্ত ন) নগরযায়িণা, নগরযায়িনা, বিষপায়িণা, বিষপায়িনা; (ঈ প্রত্যয় মিলিত ন) নগরযায়িণী, নগরযায়িনী; বিষপায়িণী, বিষপায়িনী ইত্যাদি। যুবন্ শব্দ এবং ভগিনী, কামিনী প্রভৃতি কতিপয় শব্দের ন মূর্দ্ধন্য হয় না। যথা নৃযুবানৌ, ক্ষত্রিয়যূনা, শূদ্রযূনাম্, পিতৃভগিনী, হরকামিনী, হরিভাবিনী, ঘোর যামিনী, ক্ষত্রিরযূনী ইত্যাদি। যদি পর পদ এক স্বর বিশিষ্ট অথবা কবর্গযুক্ত থাকে তাহা হইলে দন্ত্য ন নিত্য মূর্দ্ধন্য হয়। যথা (এক স্বরবিশিষ্ট) প্রভুণা বৃত্রহণ; (কবর্গযুক্ত) শ্রীকামেণ, নগরগামিণী ইত্যাদি। রম্যযূনা, রম্যাহ্না, রম্যপক্কেন, পরিপক্কানি এই সকলশব্দের নকার মূর্দ্ধন্য হইবেক না। ওষধি বাচক ও বৃক্ষবাচক শব্দের পরস্থিত বন শব্দের ন বিকল্পে মূর্দ্ধন্য হয়। যথা (ওষধিবাচক) ব্রীহিবণ, ব্রীহিবন; দূর্ব্বাবণ, দূর্ব্বাবন; রম্ভাবণ, রম্ভাবন ইত্যাদি। (বৃক্ষবাচক) লোধ্রবণ, লোধ্রবন; দ্রাক্ষাবণ, দ্রাক্ষাবন; মালূরবণ, মালূরবন ইত্যাদি। দেবদারুবন, উদুম্বরবন, নাগরঙ্গবন, সহকারবন ইত্যাদি শব্দের বহুস্বর প্রযুক্ত মূর্দ্ধন্য হইবেক না। শর, ইক্ষু, প্লক্ষ, আম্র, খদির এই কয়েক শব্দের পরস্থিত বন শব্দের ন নিত্য মূর্দ্ধন্য হয়। যথ. শরবণ, ইক্ষুবণ, প্লক্ষবণ, আম্রবণ, খদিরবণ। প্র, নির্, অন্তর্, অগ্রে এই কয় শব্দের পরস্থিত বন শব্দের ন মূর্দ্ধন্য হয়। যথা প্রবণ, নির্বণ, অন্তর্বণ, অগ্রেবণ। অন্য পদস্থিত র প্রভৃতি পরবর্ত্তী পান শব্দের ন বিকল্পে মূর্দ্ধন্য হয়। যথা ক্ষীরপাণ, ক্ষীরপান; নীরপান, নীরপাণ; বিষপাণ, বিষপান ইত্যাদি। ত্রি ও চতুর্ শব্দের পরবর্ত্তী হায়ন শব্দের ন মূর্দ্ধন্য হয় বয়সার্থে। যথা ত্রিহায়ণো বৎসঃ, চতুর্হায়ণী গৌঃ। প্র, পূর্ব্ব, অপর প্রভৃতি শব্দের পরবর্ত্তী অহ্নশব্দের ন মূর্দ্ধন্য হয়। যথা প্রাহ্ণ, পূর্ব্বাহ্ণ, অপরাহ্ণ। পর, পার, উত্তর, রাম, চান্দ্র ও নারা শব্দের পরবর্ত্তী অয়ন শব্দের ন মূর্দ্ধন্য হয়। যথা পরায়ণ, পারায়ণ, উত্তরায়ণ, রামায়ণ, চান্দ্রায়ণ, নারায়ণ। অগ্র ও গ্রাম শব্দের পরবর্ত্তী নী শব্দের ন মূর্দ্ধন্য হয়। যথা অগ্রণী, গ্রামণী। শূর্পের পরস্থিত নখের ন, এবং প্র, দ্রু, খর ও বার্দ্ধ্রী শব্দের পরস্থিত নসের ন মূর্দ্ধন্য হয়। যথা শূর্পণখা; প্রণস, দ্রুণস, খরণস, বার্দ্ধ্রীণস। গিরিনদী প্রভৃতি কতিপয় শব্দের ন বিকল্পে মূর্দ্ধন্য হয়। যথা গিরিণদী, গিরিনদী; স্বর্ণদী, স্বর্নদী; গিরিণিতম্ব, গিরিনিতম্ব; গিরিণখ, গিরিনখ; চক্রণদী, চক্রনদী; চক্রণিতম্ব, চক্রনিতম্ব; তূর্য্যমাণ, তূর্য্যমান; ইত্যাদি। পূর্ব্বপদের অন্তে মূর্দ্ধন্য ষ থাকিলে পর পদের ন মূর্দ্ধন্য হয় না। যথা নিষ্পান, হবিষ্পান, দুষ্পানইত্যাদি। প্র, পরা, পরি, নির্ এই চারি উপসর্গের ও অন্তর্ শব্দের পর যদি নদাদিগণ ধাতু থাকে তাহা হইলে উহাদের ন মূর্দ্ধন্য হয়। যথা প্রণদতি, প্রণমতি, প্রণশ্যতি, প্রণদ্যতে, প্রণয়তি, প্রণোতি, প্রণুদতি, প্রাণিতি, প্রহণ্যতে, পরাণদতি, পরিণদতি, নির্ণদতি, অন্তর্ণদতি ইত্যাদি। নশ ধাতুর শ মূর্দ্ধন্য হইলে ন মূর্দ্ধন্য হয় না। যথা প্রনষ্ট, পরিনষ্ট, নির্নষ্ট অন্তর্নষ্ট। হন ধাতুর হ স্থানে ঘ হইলে ন মূর্দ্ধন্য হয় না। যথা প্রঘ্নন্তি, পরিঘ্নন্তি, শত্রুঘ্ন ইত্যাদি। গদপ্রভৃতি কতকগুলিন ধাতুর পূর্ব্ববর্ত্তী নি উপসর্গের ন মূর্দ্ধন্য হয়। যথা প্রণিগদতি, প্রণিপতভি, প্রণিদদাতি, প্রণিধান, প্রণিহিতইত্যাদি।

ত তকার, ব্যঞ্জনের ষোড়শবর্ণ। এই ত বর্ণের উচ্চারণ দন্ত হইতে হয়। তস্য নামানি যথা।—পূতনা; হরি; শুদ্ধি; শক্তী; শান্তি; জটী; ধ্বজা; বামন্ধিক; বামকটি; কামিনী; মধ্যকর্ণ; আষাঢ়ী; তণ্ডভূস্ম; কামিকা; পৃষ্ঠপুচ্ছ; রত্নক; শ্যামমুখী; বারাহী; মকর; অরুণ; সুগভ; অৰ্দ্ধমুখী; বুদ্ধজানু; ক্রোড়পুচ্ছক; গন্ধ; বিশ্বামরুচ্ছত্র; চাম্বরাধা; সৌরক; জয়ন্তি পুলকো; ভ্রান্তি; অনঙ্গ; মদনাতুরা।

ত, ন.স্ত্রী. তরণ; পুণ্য; (পুং.) চৌর; অমৃত; পুচ্ছ; ক্রোড; ম্লেচ্ছ; গর্ভ; শঠ; রত্ন; সুগত; যোধ; গৌরবিবর্জ্জিতপুচ্ছ; ক্রোষ্টপুচ্ছ; বৃক্ষ; খান্ত।

তঅজ্জব্, (যাং) বিস্ময়, চমৎকার।

তঅল্লক্, (যাং) সম্বন্ধ; চিন্তা; লোকসংসর্গ; আধিপত্য।

তঈনাৎ, (যাং) নিয়োগ; কর্ম্ম।

তউ, (প্রা) পিত্তলাদি ধাতু পাত্রবিশেষ।

তংখা, (যাং) বেতন, মাহিনা।

তক, ত্রি. [তৎ+ক] তৎসম্বন্ধীয়।

তক্, (হি) পর্য্যন্ত, অবধি; অল্প।

তকল্লবী, (যাং) ক্লেশিত; উত্তাপিত।

তকাবী, (যাং) অগ্রে মূল্যদেওন।

তকার, পুং. [ত+কার] তবর্ণ

তকারাদি, ত্রি. [তকার+আদি] ত আদিবর্ণ।

তকারান্ত, ত্রি. [তকার+অন্ত] ত বর্ণান্ত।

তকিৎ, (যাং) নির্ণয়, নিদ্ধারণ।

তকিল, ত্রি. [তক+ইল] ধূর্ত্ত।

তকিলা, স্ত্রী. [তকিল+আ] ঔষধ।

তক্য, ত্রি. [তক+য] হাস্য; সহনীয়।

তক্ত্, (যাং) সিংহাসন।

তক্তা, (যাং) কাষ্ঠফলক।

তকরার, (যাং) বাক্ কলহ।

তক্লীফ্, (যাং) দুঃখ, ক্লেশ।

তক্‌সীর, (যাং) দোষ।

তক্‌সীরদার, (যাং) অপরাধী।

তক্র, ন. [তক্+র] পাদাম্বু সংযুক্ত দধি, তৎপর্য্যায়।—গোরসজ, ঘোল, কালসেয়, বিলোড়িত, দণ্ডাহত, অরিষ্ট, অম্ল, উদশ্বিৎ, মথিত, দ্রব; উদ্ধৃতসারদধি।

তক্রকূর্চ্চিকা, স্ত্রী. [তক্র+কূর্চ্চিকা] উষ্ণদুগ্ধে তক্র যোগজাত, ছানা।

তক্রমাংস, ন. [তক্র+মাংস] ব্যঞ্জনবিশেষ।

তক্রাট, পুং. [তক্র+অট] মন্থান দণ্ড।

তখন-তখনি, (প্রা) সেইকালে, তৎকালে, তৎক্ষণে, সেই সময়ে।

তগর, পুং. [তগ্+অর] পুষ্পবৃক্ষবিশেষ, টগরফুল, তৎপর্য্যায়।—সিতপুষ্প, কালপর্ণ, কটুচ্ছদ; মদনবৃক্ষ; (ন.) নদীবৃক্ষ, গন্ধদ্রব্যবিশেষ, পিণ্ডতগর, তগরমূল, কৈতিখাজ, তৎপর্য্যায়।—কালানুসারিবা, বক্র, কুটিল, শঠ, মহোরগ, নত, জিহ্ম, দীপন, তগরপাদিক, বিনম্র, কুঞ্চিত, যণ্ট, নহুষাখ্য, দণ্ডহস্ত, বর্হণ, পিণ্ডীতগরক, পার্থিব, রাজহর্ষণ, কালানুসারক, ক্ষত্র, দীন।

তগরপাদিক, স্ত্রী. [তগর+পাদিক] তগর।

তগরপাদুকা,(প্রা) ওষধিলতাবিশেষ; তামাকু।

তগল্লুব্, (যাং) প্রতারণ, কপট।

তঙ্ক, পুং. ন. [তন্‌ক+অ] পাষাণদারণ; কুঠার; প্রিয়বিরহজ তাপ; ভয়।

তঙ্কন, ন. [তক্+অন] দুঃখ; ক্লেশ।

তঙ্কা, (প্রা) মুদ্রা, টঙ্ক; রূপামুদ্রা, টাকা।

তঙ্কী, (প্রা) অনুসন্ধান, তত্ত্ব, অন্বেষণ।

তচ্চরণ, ন. [তৎ+চরণ] তৎপদ, সেই চরণ।

তচ্ছম, (প্রা) শান্তি, নিবৃত্তি, উপশম।

তচ্ছমকরণ, (প্রা) শান্তিকরণ, উপশমকরণ, থামান

তজ্জ, ত্রি; [তৎ+জ] তদুদ্ভব, তাহাহইতে জাত

তজ্জন্য, ত্রি. [তৎ+জন্য] তৎকারণ।

তজবীজ্, (যাং) নিরূপণ; অন্বেষণ, অনুসন্ধান।

তঞ্চী, ত্রি. [তচ্+উ-ঈ] হিঙ্গুপত্রী

তঞ্চ, (প্রা) গণত, প্রবঞ্চনা, প্রতারণা।

তঞ্চক, (প্রা) প্রবঞ্চক, প্রতারক, ছলনিয়া

তঞ্চকতা, (প্রা) কাপট্য, প্রবঞ্চনা, ছল।
তট, ন. [তট্+অ] ক্ষেত্র; (ত্রি) নদ্যাদিরতীর।
তটস্থ, ন. [তট+স্থ] লক্ষণস্বরূপ, স্বরূপলক্ষণাতিরিক্ত লক্ষণা; পারমার্থিকতা; অপক্ষপাতী, অগণাক্রান্ত; (ত্রি.) তীরস্থ; চমৎকৃত; ব্যস্ত; সঙ্কুচিত।
তটাক, পুং. [তট + অক] তড়াগ, পদ্মাদিযুক্ত সর, বৃহজ্জলাশয়।
তটিনী, স্ত্রী. [তট + ইনী] নদী।
তটী, স্ত্রী. [তট+ঈ] নদীর তীর।
তড়, (প্রা) তট; নদ্যাদির সলিলাল্পতা।
তড়গ, পুং. [তড্+অগ] তড়াগ।
তড়তড়, (প্রা) অব্যক্তশব্দ; বৃষ্টিপতনশব্দ।
তড়পথ, (প্রা) স্থলপথ।
তড়পন, (প্রা) আস্ফালন, উল্লম্ফন।
তড়তড়িয়া-তড়বড়িয়া, (প্রা) অধৈর্য্য, ব্যস্ত।
তড়া, (প্রা) তট, কূল
তড়াক, পুং. [তড়+আক] তড়াগ, নদী।
তড়াকৃতড়াকৃ, (প্রা) পুনঃ পুনঃ উল্লম্ফন।
তড়াকা, স্ত্রী. [তড়াক+আ] নদী এবং সমুদ্রের তটভাগ; আঘাত।
তড়াগ, পুং. ন. [তড়+আগ] যন্ত্রকূটক; পদ্মাদিযুক্ত সর, পদ্মাকর, তড়াক,তটাক, তড়গ; পঞ্চশত ধনুপরিমাণ জলাশয়।
তড়াঘাত, পুং. [তড়া+আঘাত] ঊর্দ্ধীকৃত্য হস্তী শুণ্ডাঘাত।
তড়িৎ, স্ত্রী. [তড়+ইৎ] বিদ্যুৎ, সৌদামিনী।
তড়িত্বান, পুং. [তড়িৎ+বৎ] মেঘ; মুস্তক।
তড়িল্লতা, স্ত্রী. [তড়িৎ+লতা] বিদ্যুল্লতা, দ্যোত্র।
তণ্ডক, পুং. [তড্+ক] খঞ্জনপক্ষী; ফেণ; সমাস প্রায় বাক্; গৃহদারু; তরুস্কন্ধ; (ত্রি.) মায়াবহুল; (পুং.ন.) পরিস্কার, নির্ম্মল। [শিক্ষক।
তণ্ড, পুং. [তড্+উ] শিবদ্বারপাল; অনুকর্ম্ম-
তণ্ডুরীণ, পুং. [তণ্ডুর+ঈণ] কীটমাত্র; তণ্ডুলোদক; (ত্রি.) বর্ব্বর।
তণ্ডুল, পুং. [তড্+উল] বিড়ঙ্গ; তণ্ডুলীয়পাক; ধান্যাদি নিকর, ধান্যাস্থি, ধান্যসার, শালিসার, চাউল
তণ্ডুলকণ, পুং. [তণ্ডুল+কণ] ধান্যসারকণ, ধান্যসারাংশ; (প্রা) খুদ
তণ্ডুলপরীক্ষা, স্ত্রী. [তণ্ডুল+পরীক্ষা] নববিধ দিব্যান্তর্গত দিব্যবিশেষ, চালুপড়া।
তণ্ডুলা, স্ত্রী. [তণ্ডুল+আ] মহাসমঙ্গা; বিড়ঙ্গ।
তণ্ডুলাম্বু, ন. [তণ্ডুল+অম্বু] তণ্ডুলোদক, জ্যোষ্ঠাম্বু, তণ্ডুলোথ, চেলুনি।
তণ্ডুলী, স্ত্রী. [তণ্ডুল + ঈ] যবতিক্তালতা; শশাণ্ডুলী, কর্কটী; তণ্ডুলীয়শাক,নটেশাক
তণ্ডুলীক, পুং. [তণ্ডুলী+ক] তণ্ডুলীয় শাক।
তণ্ডুলীয়,পুং. [তণ্ডুল+ঈয়] পত্রশাকবিশেষ, চাঁপানটে, ক্ষুদ্র নটিয়া; তৎপর্য্যায়।— অল্পমারিষ. তণ্ডুলীক, তণ্ডুল, তণ্ডীর, তণ্ডুলী, তণ্ডুলীয়ক, তণ্ডুলের, গ্রন্থিল, বহুবীর্য্য, মেঘনাদ, ঘনস্বন, সুশাক, পথ্যশাক, স্ফূর্জথু, স্বনিতাহ্বয়, বীর, তণ্ডুলনামা; বিড়ঙ্গ; তাপ্য।
তণ্ডুলীয়ক, পুং.[তণ্ডুলীয়+ক] তণ্ডুলীয়শাক।
তণ্ডুলীয়িকা, স্ত্রী. [তণ্ডুলীয়+ইকা] বিড়ঙ্গ।
তণ্ডুলু, স্ত্রী. [তড্+উলু] বিড়ঙ্গ।
তণ্ডুলের, পুং. [তণ্ডুল+এর] তণ্ডুলীয় শাক।
তণ্ডুলোত্থ-তণ্ডুলোদক, ন. [তণ্ডুল+উত্থ] তণ্ডুলাম্বু।
তণ্ডুলৌঘ, পুং. [তণ্ডুল+ওঘ] বেষ্টবংশ, বেউড়বাঁশ; তণ্ডুলসমূহ, ধান্যাচল, ধান্যধেনু।
তৎ, ব্য. [তন্+অ] হেতু; তস্য, তথায়, তস্মিন্, তেন, তস্মাৎ; (ত্রি.) বুদ্ধিস্থ পরামর্শ, সেই; সর্ব্বনামশব্দ; (ন.) ব্রহ্মের বিশেষণ যথা।—ওঁ তৎ সৎ।
তত, ন, [তন্+ত] বীণাদিবাদ্য; (ত্রি.) বিস্তৃত, ব্যাপ্ত; (পুং.) বায়ু; (ব্য.) হেতু; আদি; পরিপ্রশ্ন; পঞ্চম্যর্থ; কথান্তর; আনন্তর্য্য।
ততঃপ্রভৃতি, ব্য. [ততস্+প্রভৃতি] তদাপ্রভৃতি, তদবধি, তৎকালাদারভ্য, তৎকালাবধি; তদারভ্য।
ততচিহ্ন, ত্রি. [তত+চিহ্ন] ব্যক্তরূপেচিহ্নিত।
ততত, পুং. [তত+তত] পিতৃপিতা; আদিপুরুষ

ততদিন, (প্রা) তাবদ্দিবস, তৎপরিমিত দিন, সেই পর্য্যন্ত।

ততপত্রী, স্ত্রী. [তত+পত্রী] কদলীবৃক্ষ।

ততম, ত্রি. [তদ্+তম] অনেকের মধ্যে সেই।

ততর, ত্রি. [তদ্+তর] দুয়ের মধ্যে সেই।

ততস্ত্য, ত্রি. [ততস্+য] তৎসম্বন্ধীয়, তার।

ততস্তস্, ব্য. [ততস্+তস্] ততঃপ্রভৃতি।

ততস্ত্যা, ত্রি. [ততস্+ত-য] তৎসম্বন্ধীয়, তার।

ততি, ত্রি. [তন্+তি] তৎপরিমাণ, ততগুলি; বিস্তার; (স্ত্রী.) শ্রেণী। [পর।

তৎকর, ত্রি. [তৎ+কর] আজ্ঞাকর, আজ্ঞা-

তৎকরণক, ত্রি. [তৎ+করণক] তদ্দ্বারা, তাহাতে।

তৎকর্ত্তৃক, ত্রি. [তৎ+কর্ত্তৃক] তিনিই কর্ত্তা, তাহা কর্ত্তৃক।

তৎকর্ম্ম-তৎকার্য্য, পুং. [তৎ+কর্ম্ম-কার্য্য] সেইকর্ম্ম, সেইকার্য্য। [মিত্ত।

তৎকারণ, ন. [তৎ+কারণ] সেইহেতু, তন্নি-

তৎকাল. পুং. [তৎ+কাল] বর্ত্তমানকাল, তদাত্ব; সাম্প্রতকাল, ইহকাল, সদাস্কাল, তৎক্ষণ, তদানীং।

তৎকালধী, পুং. [তৎকাল+ধী] প্রত্যুৎপন্নমতি, উপস্থিত বুদ্ধি।

তৎকালে, ব্য. [তৎ+কালে] সেই কালে সেইসময়ে।

তৎকালীক, ব্য. [তৎ+কালীক] সেই সময়ের, তদানীন্তন।

তৎকালীন, ব্য. [তৎ+কালীন] সেইকালীন, সেই সময়ের! [সময়জাত।

তৎকালোৎপন্ন, ত্রি. [তৎ+কালোৎপন্ন] সেই

তৎকৃত, ত্রি. [তৎ+কৃত] তাহা হইতে রচিত।

তৎক্রমে, ব্য, [তৎ+ক্রমে] তদনুসারে, সেই ক্রমে।

তৎক্রিয়, ত্রি. [তৎ+ক্রিয়] কর্ম্মকার, বেতন বিনা ভারবহনাদি কর্ত্তা।

তত্তুল্য, ত্রি. [তৎ+তুল্য] তুল্যগুণ, সমগুণ, সদৃশ, সধর্ম্মা।

তত্ত্ব, ন. [তৎ+ত্ব] স্বরূপ; পরমাত্মা; বিলম্বিত নৃত্য; বাদ্যপ্রভেদ; বস্তু; চেতঃ; চতুর্ব্বিংশতি তত্ত্ব যথা।—ক্ষিতি, আপ, তেজ, মরুৎ, ব্যোম, গন্ধ, রস, রূপ, স্পর্শ, শব্দ, নেত্র, নাসিকা, জিহ্বা, কর্ণ, ত্বক্, হস্ত, পাদ, মুখ, পায়ু, লিঙ্গ, প্রকৃতি, মনঃ, বুদ্ধি, অহঙ্কার।

তত্ত্ব, ন. (প্রা) তত্ত্ব, অন্বেষণ, অনুসন্ধান।

তত্ত্বকারক, পুং. [তত্ত্ব+কারক] যথার্থ বিচারক, ন্যায়কারী; পণ্ডিত; অন্বেষ্ট, সন্ধানকারক।

তত্ত্বজিজ্ঞাসু, ত্রি. [তত্ত্ব+জিজ্ঞাসু] তত্ত্বজ্ঞানেচ্ছু।

তত্ত্বজ্ঞান, ন. [তত্ত্ব+জ্ঞান] বুদ্ধিগুণবিশেষ, ব্রহ্মজ্ঞান, পরমার্থজ্ঞান, অধ্যাত্মবিদ্যা, আত্মবিদ্যা, ব্রহ্মবিদ্যা, পরমার্থ।

তত্ত্বজ্ঞানী, ত্রি. [তত্ত্ব+জ্ঞানিন্] ব্রহ্মজ্ঞানী।

তত্ত্বতস্, ব্য. [তত্ত্ব+তস্] যথার্থ, সম্যক্, ঋত, সসৌক্ষ্ম্য; তত্ত্ব হইতে।

তত্ত্বন্যাস, পুং. [তত্ত্ব+ন্যাস] বিষ্ণুপূজাবিষয়ক ন্যাসবিশেষ।

তত্ত্ববাদী, ত্রি. [তত্ত্ব+বাদিন্] যথার্থবক্তা. সত্যভাষী; ব্রহ্মবাদী; অভেদকথন।

তত্ত্ববার্ত্তা, স্ত্রী. [তত্ত্ব+বার্ত্তা] অনুসন্ধান; বিতর্ক।

তত্ত্ববিৎ, ত্রি. [তত্ত্ব+বিৎ] সত্যবিৎ; ব্রহ্মজ্ঞ।

তত্ত্ববিজ্ঞান, ন. [তত্ত্ব+বিজ্ঞান] তত্ত্বজ্ঞান।

তত্ত্ববিবিৎসা, স্ত্রী. [তত্ত্ব+বিবিৎসা] ব্রহ্মজ্ঞানেচ্ছা, তত্ত্বজ্ঞানেচ্ছা।

তত্ত্ববেত্তা, পুং. [তত্ত্ব+বেত্তৃ] ব্রহ্মজ্ঞানী।

তত্ত্বানুসন্ধান, ন. [তত্ত্ব+অনুসন্ধান] যথার্থ অন্বেষণ, বিশেষবৃত্তান্তানুসন্ধান।

তত্ত্বাবধারক, পুং. [তত্ত্ব+অবধারক] রক্ষণাবেক্ষণকর্ত্তা, অভিভাবক, অধ্যক্ষ।

তত্ত্বাবধারণ, ন. [তত্ত্ব+অবধারণ] রক্ষণাবেক্ষণ, অধ্যক্ষতা; মনোনিবেশ।

তত্ত্বাববোধ, পুং. [তত্ত্ব+অববোধ] পরমার্থবোধ, আত্মবোধ, ব্রহ্মোপদেশ।

তত্ত্বার্থবিদ্, ত্রি. [তত্ত্ব+অর্থ-বিদ্]তত্ত্বজ্ঞানী।

তত্ত্বাভিযোগ, পুং. [তত্ত্ব+অভিযোগ] লতাবৃক্ষবিশেষ।

তৎপর, ত্রি. [তৎ+পর] নিপুণ, দক্ষ, পটু, পারক; প্রয়াসী, শ্রমী, আসক্ত।

তৎপরায়ণ, ত্রি. [তৎ+পরায়ণ] তদাসক্ত, তদনুরক্ত। [ততঃপর।
তৎপরে, ব্য. [তৎ+পরে] তদনন্তর, অনন্তর,
তৎপশ্চাৎ, ব্য. [তৎ+পশ্চাৎ] তদনন্তরে, তস্মাৎপর।
তৎপার্শ্বে, ব্য. [তৎ+পার্শ্বে] তাহার নিকটে, তাহার পাশে।
তৎপুরুষ, পুং. [তৎ+পুরুষ] সমাসবিশেষ; শিবমূর্ত্তিবিশেষ।
তৎপূর্ব্ব, ত্রি. [তৎ+পূর্ব্ব] প্রাকৃতাম, পূর্ব্বকাল, পৌর্ব্বিক, পূর্ব্বতন।
তৎপৃষ্ঠে, ব্য. [তৎ+পৃষ্ঠে] তদুপরে।
তৎপোষণ, ন. [তৎ+পোষণ] তৎপ্রতিপালন।
তৎপ্রকারক, ত্রি. [তৎ+প্রকারক] তদ্রূপ, সেইপ্রকার।
তৎফল, ত্রি. [তৎ+ফল] প্রত্যুৎপন্ন ফল, (পুং.) সিতোৎপল; দেবজক্ষ, সৌগন্ধিক।
তত্র, ব্য. [তদ্+ত্র] তথায়, তৎস্থানে, তস্মিন্‌স্থানে, সেস্থানে, সেখানে।
তত্রত্য-তত্রস্থ, ত্রি. [তত্র+ত্য-স্থ] তৎস্থানীয়, সেখানকার।
তত্রজাত, ন; [তত্র+জাত] তদতিসমস্ক।
তত্রভবান্, ত্রি. [তত্র+ভবৎ] পূজ্য, মান্য, শ্লাঘ্য।
তত্রাপি, ব্য. [তত্র+অপি] তথাপি, অন্যথাসূচকশব্দ, তথাচ, তবু, তাহা হইলেও, সেখানেও।
তত্রোপরি, ব্য. [তত্র+উপরি] তদুপরি।
তৎক্ষণ, ন. [তৎ+ক্ষণ] বর্ত্তমানকাল, তৎকাল, তদাত্ব, সাম্প্রতকাল, ইহকাল, সদ্য, সদ্যস্কাল, ইহসময়, তখন।
তৎক্ষণে, ব্য. [তৎ+ক্ষণে] সম্প্রতি, অধুনাকালে, সাম্প্রত, এতর্হি, অধুনু, তখনই, অবিলম্বে।
তৎক্ষণাৎ, ব্য; [তৎ+ক্ষণাৎ] অবিলম্বে, তখনই, সেই অবধি, সেইক্ষণে।
তথা, ব্য. [তদ্+থা] সাম্য; অভ্যুপগম; পৃষ্টপ্রতিবাক্য, সমুচ্চয়, নিশ্চয়; পূর্ব্বাবৎ, সেইরূপ, সেইপ্রকার, তেমনি।
তথাকৃত, ত্রি. [তথা+কৃত] তদবস্থ।
তথাগত, পুং. [তথা+গত] বুদ্ধ; (ত্রি.) পূর্ব্বোক্তপ্রকার আগত।
তথাচ, ব্য. [তথা+চ] পূর্ব্বোক্তার্থ দৃঢ়ীকরণ, তথাপি, তত্রাপি, তবু।
তথাতে, (গ্রা) তদ্রূপে, তৎপ্রকারে।
তথাত্ব, ন. [তথা+ত্ব] তাদৃগ্‌ভাব, তৎপ্রকারতা।
তথাপি, ব্য. [তথা+অপি] তত্রাপি, পরন্তু, অপি, কিন্তু, তবু, তথাচ।
তথাবিধ, ত্রি. [তথা+বিধ] ঈদৃশ ঈদৃক্ষ, ঈদৃক্, অমূদৃশ, অমূদৃক্ষ; এবম্ভূত, এবম্বিধ, এতদৃক্ষ, এতাদৃক্, এতাদৃশ, তাদৃক্ষ, তাদৃক্, তাদৃশ।
তথায়, (গ্রা) তত্র, তথা, সেখানে, সেইস্থানে।
তথারাজ, পুং. [তথা+রাজ] বৌদ্ধবিশেষ।
তথাস্তু, ব্য. [তথা+অস্তু] এবমস্তু, এমনি হউক, তাহাই হউক।
তথেতি, ব্য. [তথা+ইতি] এতাদৃশ, তথাহি, তথা।
তথৈব, ব্য. [তথা+এব] তদ্বদেব, তেমনি, সেইপ্রকার, যৎসামান্যবোধক, যেমন তেমন।
তথ্য, ন. [তথা+য] সত্য, ঋত, তত্ত্বার্থ, যথার্থ বচন, যাথার্থ্য; (ত্রি.) যথার্থ, সত্য।
তথ্যজ্ঞান, ন. [তথ্য+জ্ঞান] সত্যজ্ঞান।
তথ্যবোধ, পুং. [তথ্য+বোধ] নিশ্চয়বোধ, পরিজ্ঞান, সুনিশ্চয়।
তথ্যানুসন্ধান, ন. [তথ্য+অনুসন্ধান] সত্যসন্ধান, তত্ত্বান্বেষণ।
তদ্, ত্রি. [তন্+অদ] তৎ। [অংশ।
তদংশ, পুং. [তদ্+অংশ] তদ্বিভাগ, তাহার
তদকরণ, ন. [তদ্+অকরণ] তদননুষ্ঠান, তদবিধান, তাহা না করণ।
তদঙ্গ, ন. [তদ্+অঙ্গ] তদ্দেহ, তচ্ছরীর।
তদতিপাত, ত্রি. [তদ্+অতিপাত] অতিক্রম, উপতাপ।
তদধিক, ত্রি. [তদ্+অধিক] তদতিরিক্ত, অন্যোধিক।

তদনন্তর, ব্য. [অদ্+অনন্তর] অনন্তর, তৎপশ্চাৎ, তাহারপরে।

অদনুগ-তদনুগত, ত্রি. [তদ্+অনুগ] তৎপশ্চাদ্গামী, তাহার অনুগত, তাহার পশ্চাৎ গমনকারী।

তদনুযায়ী, ত্রি. [তদ্+অনুযায়িন্] তদনুরূপ, সেইমত

তদনুরূপ, ত্রি. [তদ্+অনুরূপ] তাদৃশ, তত্তুল্য, সেইরূপ, সেইপ্রকার।

তদনুসরণক্রমেণ, ব্য.[তদ্+অনুসরণ+ক্রমেণ] অতঃপর, তদনন্তর, তৎপশ্চাৎ।

তদনুসার, ব্য. [তদ্+অনুসার] তদনুরূপ।

তদনুসারতা, স্ত্রী. [তদনুসার+তা] যোগ্যতা, যুক্ততা, ঔচিত্য, সদৃশতা।

তদনুসারী, ত্রি. [তদ্+অনুসারিন্]তৎপশ্চাৎ, তদনুপথ, তদনুপদ। [তদ্রূপে।

তদনুসারে, ব্য. [তদ্+অনুসারে] সেইমতে,

তদন্ত, ব্য. [তদ্+অন্ত] তচ্ছেষ, শেষ, সীমা; নির্যাস; তন্মধ্য, তদভ্যন্তর; (পুং.) উদ্দেশ, অভিপ্রায়, বিষয়।

তদন্তর, ব্য, [তদ্+অন্তর] তদ্ভিন্ন, তাহা ব্যতিরেক।

তদন্তঃপাতী, ত্রি. [তদ্+অন্তর+পাতিন্] তন্মধ্যবর্ত্তী, তাহার অভ্যন্তরে পতিত।

তদন্ন, ন. [তদ্+অন্ন] তাহার অন্ন, সেইঅন্ন।

তদন্বক্ষ, ত্রি. [তদ্+অন্বক্ষ] তদনুগ, তদনুয়ায়ী।

তদপি, ব্য. [তদ্+অপি] তথাপি।

তদবধি, ব্য. [তদ্অবধি] সেই অবধি, সেই পর্য্যন্ত, তখন হইতে।

তদবস্থ, ত্রি. [তদ্+অবস্থা] একদশাপন্ন, সেইপ্রকার অবস্থাপন্ন।

তদভ্যন্তর, ব্য. [তদ্+অভ্যন্তর] তন্মধ্যে।

তদভ্যাস, পুং. [তদ্+অভ্যাস] সেইসংস্কার।

তদভ্যাসী. ত্রি. [তদ্+অভ্যাসিন্] সেই সংস্কারাপন্ন।

তদর্থ, ব্য. [তদ্+অর্থ] তন্নিমিত্ত, তদ্ধেতু, (ত্রি.) তদভিপ্রায়; তন্মত, তদ্ভাব।

তদর্পণ, ন [তদ্+অর্পণ] প্রত্যর্পণ, প্রতিদান

তদা, ব্য. [তদ্+আ] তস্মিন্কালে, সেই সময়ে, সেই কালে।

তদাত্ব, ন. [তদা+ত্ব] তৎকাল, বর্ত্তমানকাল।

তদাদি, ব্য. [তদ্+আদি] তদবধি; তৎপ্রভৃতি, আদিকালাবধি।

তদাদিতদন্ত, ত্রি. [তদাদি+তদন্ত] আদ্যোপান্ত, পূর্ব্বাপর।

তদানীং, ব্য. [তদ্+আনীম্] তস্মিন্কালে, সেইকালে, তখন, তদা। [সম্বন্ধী।

তদানীন্তন, ত্রি. [তদানীং+তন] তৎকাল-

তদাপ্রভৃতি, ব্য. [তদা+প্রভৃতি] তদবধি. ততঃপ্রভৃতি।

তদামুখ, ন. [তদা+মুখ] আরম্ভ, উদ্যোগ, প্রারব্ধি, আদি, উপক্রম, অভ্যাদান।

তদারভ্য, ব্য. [তদ্+আরভ্য] তৎকালাদারভ্য, তদাপ্রভৃতি, তদবধি।

তদিতর, ত্রি. [তদ্+ইতর] তদ্ভিন্ন।

তদীয়, ত্রি. [তদ্+ঈয়] তৎসম্বন্ধীয়।

তদুক্তি, স্ত্রী. [তদ্উক্তি] তদ্ভাষা, তদ্বচন; তল্লপিত।

তদুচিত, ত্রি. [তদ্+উচিত] যথার্হ, তদোপযুক্ত, তদ্যোগ্য।

তদুত্তম, ত্রি. [তদ্+উত্তম] তদপেক্ষা উত্তম।

তদুত্তর, ন. [তদ্+উত্তর] প্রতিবচন, প্রত্যুক্তি, প্রত্যুত্তর।

তদুপকার, পুং. [তদ্+উপকার] তাহার অনুগ্রহ।

তদুপরি, ব্য. [তদ্+উপরি] তাহার উপরি, তত্রোপরি, অত্রান্তরে।

তদেকচিত্ত, ত্রি. [তদ্+একচিত্ত] সমস্বভাব, সমানশীল।

তদেব, ব্য. [তদ্+এব] অনন্য, সেই, তাহাই. অভিন্ন, সমান, পৃথক্।

তদ্গত, ত্রি. [তদ্+গত] তদনুরক্ত, তৎপরায়ণ। [অবিলম্বে।

তদ্দণ্ডে, ব্য. [তদ্+দণ্ডে] তৎক্ষণাৎ,

তদ্দিন, ব্য. [তদ্+দিন] প্রতিদিন,অহন্যহনি; (ন.) পূর্ব্বোক্তদিন।

তদ্দিবসে, ব্য. [তদ্+দিবসে] সেইদিবসে।

তদ্দেশ, পুং. [তদ্+দেশ] সেইদেশ, তদ্রাষ্ট্র।

তদ্ধন, ত্রি. [তদ্+ধন] কৃপণ, ব্যয়কুণ্ঠ, তন্মাত্রধন।

তদ্ধনজীবন, ন. [তদ্ধন+জীবন] তাহাই প্রাণতুল্য। [বিহিত।

তদ্ধিত, পুং. [তদ্+হিত] ব্যাকরণের প্রত্যয়

তদ্বৎ, ব্য. [তদ্+বৎ] তদ্রূপ, তৎসদৃশ, সেইরূপ, তাদৃশ, তাদৃক্, তাদৃক্ষ।

তদ্বৎপ্রায়, ব্য. [তদ্বৎ+প্রায়] তদ্ভূয়িষ্ঠ, প্রায়, সেইরূপ।

তদ্বলা, স্ত্রী. [তদ্+বলা] বাণবিশেষ।

তদ্বাচক, ত্রি. [তদ্+বাচক] তদ্ভাষিত, তদবিধান, তদাখ্যান, তদর্থসূচক।

তদ্বিধ, ত্রি. [তদ্+বিধ] তদ্রূপ।

তদ্বিষয়, ন. [তদ্+বিষয়] তদ্ব্যাপার, সেই কর্ম্ম। [স্বীয়।

তদ্বিষয়ক, ত্রি. [তদ্+বিষয়ক] তদ্বিষয় সম্ব-

তদ্ভিন্ন, ত্রি. [তদ্+ভিন্ন] তদন্যতর, তদেতর, তদ্ব্যতিরিক্ত।

তদ্যুক্ত, ত্রি. [তদ্+যুক্ত] তৎসংযুক্ত, তদন্বিত

তদ্রূপ, ত্রি. [তদ্+রূপ] তৎপ্রকার, সেইরূপ; তন্মূর্ত্তি।

তধী, (প্রা) তদা, তৎক্ষণাৎ, সেইক্ষণ।

তনয়, পুং. [তন্+অয়] পুত্র।

তনয়া, স্ত্রী. [তনয়+আ]কন্যা; চক্রকুল্যালতা।

তনাদি, পুং. [তন্+আদি] দশবিধ ধাত্বন্তর্গত অষ্টমধাতুবিশেষ।

তনিকা, স্ত্রী. [তন্+ইকা] রজ্জু, দাম, পাশ।

তনিষ্ঠ, ত্রি. [তন্+ইষ্ঠ] ক্ষুদ্র, অত্যল্প, ন্যূন; অতিসূক্ষ্ম।

তনীয়ান্, ত্রি. [তনু+ঈয়স্] সূক্ষ্মতর, অল্পতর, ক্ষুদ্র, কনীয়ান্।

তনু, ন. স্ত্রী. [তন্+উ] শরীর; ত্বক্; স্ত্রী; (ত্রি.) অল্প; বিরল; কৃশ।

তনুকূপ-তনূকূপ, পুং. [তনু+কূপ] লোমকূপ, রোমকূপ, রোমরন্ধ্র, স্বেদদ্বার, স্বেদমার্গ।

তনুচ্ছৎ, ত্রি. [তনু+ছৎ] বর্ম্ম, কবচ, সন্নাহ; পরিচ্ছদাদি।

তনুচ্ছায়, পুং. [তনু+ছদ্] জালবর্ব্বরক বৃক্ষ; (ন.স্ত্রী.) শরীরচ্ছায়া।

তনুজ, পুং. [তনু+জ] পুত্র; (ত্রি) শরীরজ

তনুজা, স্ত্রী. [তনুজ+আ] কন্যা

তনুতা-তনুত্ব, স্ত্রী.ন. [তনু+তা-ত্ব] সূক্ষ্মতা, ক্ষীণতা।

তনুত্র, ন. [তনু+ত্র] বর্ম্ম, কবচ।

তনুত্রবান্, ত্রি. [তনুত্র+বৎ] কৃতাস্ত্র, বর্ম্মিত,

তনুত্রাণ, ন. [তনু+ত্রাণ] তনুত্র; শরীররক্ষণ।

তনুত্যাগ, পুং. [তনু+ত্যাগ] মৃত্যু, দেহত্যাগ; (ত্রি.) মৎসর, ত্যাগ পরাঙ্মুখ।

তনুত্বচা, স্ত্রী. [তনু+ত্বচা] ক্ষুদ্রাগ্নিমন্থলতা।

তনুপত্র, পুং. [তনু+পত্র] ইঙ্গুদীবৃক্ষ।

তনুবত-তনুবাত, পুং. [তনু+বত-বাত] নরকবিশেষ।

তনুবার, ন. [তনু+ বৃ+অ] বর্ম্ম, কবচ।

তনুবারভস, পুং. [তনুবার+ভস] যোদ্ধা, যুযুধান।

তনুবীজ, পুং. [তনু+বীজ] রাজবদর।

তনুব্রণ, পুং. [তনু+ব্রণ] বল্মীকরোগ, রক্তস্ফোটক, ক্ষুদ্রস্ফোটক, ক্ষুদ্রব্রণ।

তনুভস্ত্রা, স্ত্রী. [তনু+ভস্ত্রা] নাসিকা।

তনুমধ্যা, স্ত্রী. [তনু+মধ্যা] সুমধ্যমা, নন্দোদরী, ক্ষীণমধ্যাস্ত্রী।

তনুমান, ত্রি. [তনু+মৎ] দেহবান্, বপুষ্মান্; সশরীর।

তনুরস, পুং. [তনু+রস] ঘর্ম্ম, স্বেদ।

তনুরুট্-তনুরুহ, ন.[তনু+রুহ] রোম, লোম; তনূরুহ।

তনুল, ত্রি. [তনু+ল] বিস্তৃত, বিবৃত, বিস্তীর্ণ।

তনুস্, ন. [তন্+উস্] দেহ, শরীর।

তনুসঞ্চারিণী, স্ত্রী. [তনু+সঞ্চারিণী] বালিকাস্ত্রী, দশবর্ষীয়াস্ত্রী।

তনুক্ষীর, পুং. [তনু+ক্ষীর] আম্রাতক।

তনূ, স্ত্রী. [তন্+ঊ] শরীর।

তনূকৃত, ত্রি. [তনূ+কৃত] ত্বষ্ট, অল্পীকৃত, তষ্ট; সূক্ষ্ম।

তনূজ, পুং. [তনূ+জ] পুত্র।

তনূজনি, পুং. [তনূ+জনি] পুত্র।

তনূজা, স্ত্রী. [তনূজ+আ] কন্যা।

তনূন, পুং. [তনূ+ ঊন] বায়, পবন।

তনূনপ, ন. [তনূন+প] ঘৃত। [বৃক্ষ।
তনূনপাৎ, পুং. [তনূনপ+অদ্] অগ্নি; চিত্রক-
তনূভৃৎ, পুং. [তনূ+ভৃৎ] মনুষ্য, দেহী।
তনূরুহ, ন. [তনূ+রুহ] রোম; পতত্র, পক্ষীরডানা; (পুং) পুত্র; গরুৎ; লোম।
তনূহ্রদ, পুং. [তনূ+হ্রদ] পায়ু, গুহ্য।
তন্তি, পুং. [তন্+তি] তন্তুবায়, তাঁতী।
তন্তু, পুং. [তন্+তু] সূত্র; গ্রাহ, হাঙ্গর; সন্ততি।
তন্তুক, পুং. [তন্তু+ক] তন্তুভ, সর্ষপ।
তন্তুকাষ্ঠ, ন. [তন্তু+কাষ্ঠ] তুলি, তাঁতেরকাঠ।
তন্তুকী, স্ত্রী. [তন্তু+কী] নাড়ী।
তন্তুকীট, পুং. [তন্তু+কীট] ত্বোষকার, তন্তুক্রিমি, পুণ্ডরীক, পট্টকুল, গুটিপোকা।
তন্তুণ, পুং. [তন্+তুণ] গ্রাহ, হাঙ্গর।
তন্তুনাগ, পুং. [তন্তু+নাগ] গ্রাহ।
তন্তুনির্যাস, পুং. [তন্তু+নির্যাস] তালবৃক্ষ।
তন্তুপর্ব্ব, ন. [তন্তু+পর্ব্ব] শ্রাবণীপূর্ণিমা, পরমেশ্বরোপবীতি দান তিথি।
তন্তুবাপ, পুং. [তন্তু+বাপ] তন্ত্রবায়, তাঁতী; তন্ত্র, তাঁত।
তন্তুবায়, পুং. [তন্তু+বায়] লূতা; তন্ত্রবায়; তন্ত্র, তাঁত।
তন্তুবিগ্রহা, স্ত্রী. [তন্তু+বিগ্রহা] কদলী।
তন্তুভ, পুং. [তন্তু+ভ] সর্ষপ; বৎস।
তন্তুর-তন্তুল, ন. [তন্তু+র] মৃণাল, পদ্মমৃণাল।
তন্তুশালা, ত্রি. [তন্তু+শালা] তন্তুবপনগৃহ, গর্ত্তিকা, তাঁতঘর।
তন্তুসন্তত, ত্রি. [তন্তু+সন্তত] সূত্রবিস্তৃত বস্ত্রাদি, উত, উত, স্যূত, সিয়ান কাপড়, তান্তববস্ত্র। [সূত্র।
তন্তুসন্তান, ত্রি. [তন্তু+সন্তান] অতিসূক্ষ্ম বহু-
তন্তুসার, পুং. [তন্তু+সার] গুবাকবৃক্ষ; কৃশলোক।
তন্ত্র, ন. [তন্+ত্র] কুটুম্বকৃত্য; সিদ্ধান্ত; ওষধি; প্রধান; তন্ত্রবায়; পরিচ্ছদ; শ্রুতি শাখাবিশেষ; হেতু; উভয়ার্থপ্রযোজক; ইতিকর্ত্তব্যতা; রাষ্ট্র; পরচ্ছন্দ; করণ; অর্থসাধক; তন্তু; সৈন্য স্বরাষ্ট্র-চিন্তা; প্রবন্ধ; শপথ; ধন; গৃহ; বপন সাধন; কুল; শিবোক্তশাস্ত্র, আগম; (ত্রি.) অধীন, বশ।
তন্ত্রক, ন. [তন্ত্র+ক] নূতনবস্ত্র।
তন্ত্রকাষ্ঠ, ন. [তন্ত্র+কাষ্ঠ] তন্ত্রবায়ের তুরী, তন্ত্রযন্ত্র
তন্ত্রতা, স্ত্রী. [তন্ত্র+তা] অনেকক্রিয়ার সংক্ষেপে একত্র অনুষ্ঠান; ছলনা, গণতা, অল্পতা।
তন্ত্রবাপ, পুং. [তন্ত্র+বাপ] তন্ত্রবায়; (পুং. ন.) তন্ত্র।
তন্ত্রবায়, পুং. [তন্ত্র+বায়] বর্ণসঙ্কর জাতিবিশেষ, কুবিন্দ, তন্ত্রবাপ, তন্তুবাপ, তন্তুবায়, কুপিন্দ, পটকার, তাঁতী; লূতা।
তন্ত্রসার, পুং. [তন্ত্র+সার] তন্ত্রেরপঞ্চমকার।
তন্ত্রাবাপ, পুং. [তন্ত্র+আবাপ] স্বগতি এবং বিপক্ষাভিপ্রায়।
তন্ত্রাবাপবিদ্, ত্রি. [তন্ত্রাবাপ+বিৎ] স্বগতি এবং বিপক্ষাভিপ্রায়জ্ঞ।
তন্ত্রিকা, স্ত্রী. [তন্ত্র+ইকা] গুড়ূচী।
তন্ত্রিপালক, পুং. [তন্ত্রি+পালক] জয়দ্রথরাজ; সেনাপতি।
তন্ত্রী, স্ত্রী. [তন্ত্র+ইন্] বীণাগুণ; গুড়ূচী; দেহশিরা; নদীবিশেষ; যুবতীভেদ; রজ্জু; (পুং.) বাদ্যকর; তন্ত্রশাস্ত্রবেত্তা; (ত্রি.) তার্কিব; তন্তুনির্ম্মিত।
তন্দ্রবায়, পুং. [তন্দ্র+বায়] তন্ত্রবায়।
তন্দ্রা, স্ত্রী. [তন্দ্র+আ] ঈষন্নিদ্রা; আলস্য, নিদ্রা, গ্লানি। [সুষুপ্সু।
তন্দ্রাবৃত, ত্রি. [তন্দ্র+আবৃত] নিদ্রালস,
তন্দ্রালু, ত্রি. [তন্দ্র+আলু] নিদ্রালু, নৈদ্র্য।
তন্দ্রি, স্ত্রী. [তন্দ্র+ই] নিদ্রা; আলস্য; ক্লান্তি, গ্লানি।
তন্দ্রিকা, স্ত্রী. [তন্দ্র+ইকা] আলস্য।
তন্দ্রী, স্ত্রী. [তন্দ্র+ইন্] অত্যন্ত শ্রমাদিতে সর্ব্বাঙ্গেন্দ্রিয় অপ্রভুত্ব, প্রমীলা, তন্দ্রা, তন্দ্রি, তন্দ্রিকা, বিষয়াজ্ঞান, পরাসুতা, শিশৈষণ, শয়ালুতা, শাপ, সুষুপ্সুপ্ত, আলস্য; নিদ্রা।
তন্ন, বা. [তদ্+ন] তাহা নয়, সে নয়।

তন্নতন্ন, স্ত্রী. [তন্ন+তন্ন] তাহা নয় তাহা নয়।
তন্নি, স্ত্রী. [তদ্+নি] তন্বি, চক্রকুল্যা গাছ।
তন্নিমিত্তক, ত্রি. [তদ্+নিমিত্তক] তদ্ধেতুক, তদর্থক।
তন্নিমিত্তে, ব্য. [তদ্+নিমিত্তে] তদর্থে, তদ্ধেতু, সেইজন্যে। [কাগ্র।
তন্নিষ্ঠ, ত্রি. [তদ্নিষ্ঠ] তত্রস্থ, তদ্বর্ত্তী, তদে-
তন্বৎ, ত্রি. [তন্+বৎ] বিসর্পী, প্রতানী, প্রসর।
তন্বী, স্ত্রী. [তন্ব+ঈ] কৃশাঙ্গী, সুমধ্যমা; ক্ষীণমধ্যা; শালপর্ণী; ছন্দোবিশেষ।
তন্মতভা, স্ত্রী. [তদ্+মতভা] তুল্যত্ব, অনুরূপ, আনুগুণ্য। [মধ্য।
তন্মধ্য, ন. [তদ্+মধ্য] তদভ্যন্তর, তাহার
তন্মধ্যস্থ, ত্রি. [তন্মধ্য+স্থ] তদভ্যন্তরস্থ, তন্মধ্যবর্ত্তী। [তাহাতে।
তন্মধ্যে, ব্য. [তদ্+মধ্যে] তাহার মধ্যে,
তন্ময়তা, স্ত্রী. [তদ্+ময়তা] ভগবদানুধর্ম্ম্য
তন্মাত্র, ন. [তদ্+মাত্র] পদার্থের আদর্শ; রূপ রস গন্ধ স্পর্শ শব্দের সংজ্ঞা; (ব্য.) তাহাই কেবল। [সৃষ্টি।
তন্মাত্রসর্গ, পুং. [তদ্+মাত্র+সর্গ] আদি
তপঃ, ন. [তপ্+অস্] বৈধক্লেশজনককর্ম্ম, তপস্যা, কৃচ্ছ্র, কায়ক্লেশ, ব্রত, যম, প্রগাঢ়, দেহদণ্ড, কায়তর্পণ; চান্দ্রায়ণাদিব্রত; ধর্ম্ম; সপ্তলোকান্তর্গত চতুর্থলোক; মাঘমাস; (পুং.) গ্রীষ্ম; উত্তাপ।
তপঃকর, পুং. [তপস্+কর] তপস্বীমৎস্য, তপস্যামৎস্য; (ত্রি.) তপস্যাকারক।
তপঃকাষ্ঠাপর, ত্রি. [তপস্+কাষ্ঠাপর] তপস্যাপর।
তপঃকৃশ, ত্রি. [তপস্+কৃশ] ব্রতদ্বারা শীর্ণ দেহ, তপস্যাকরণক শুষ্কাঙ্গ।
তপঃক্লেশ, পুং. [তপস্+ক্লেশ] তপস্যার কষ্ট।
তপঃক্লেশসহ, ত্রি. [তপঃক্লেশ+সহ] দান্ত, শান্ত, সহিষ্ণু। [ণসী।
তপঃস্থলী, স্ত্রী. [তপস্+স্থলী] কাশী, বারা-
তপতী, স্ত্রী. [তপ্+অত-ঈ] ছায়ানামক সূর্য্যপত্নী; সূর্য্যকন্যা, কুরুবংশীয় ঋক্ষরাজপুত্র সম্বরণ ভার্য্যা।

তপন, পুং. [তপ+অন] সূর্য্য; ভল্লাতকবৃক্ষ; অগ্ন্যাদি দাহাত্মক নরক; গ্রীষ্ম; তাপ; অর্কবৃক্ষ; ক্ষুদ্রাগ্নিমন্থ বৃক্ষ; সূর্য্যকান্ত মণি।
তপনকর, পুং. [তপন+কর] সূর্য্যরশ্মি।
তপনচ্ছদ, পুং. [তপন+ছদ] আদিত্য পত্র বৃক্ষ। [মন্ন।
তপনতনয়, পুং. [তপন+তনয়] কর্ণ; যম;
তপনতনয়া, স্ত্রী. [তপন+তনয়া] শমীবৃক্ষ; যমুনা।
তপনমণি, পুং. [তপন+মণি] সূর্য্যকান্তমণি।
তপনাংশু, পুং. [তপন+অংশু] তপনকর।
তপনাত্মজা, স্ত্রী. [তপন+আত্মজা] গোদাবরীনদী; যমুনা; সম্বরণভার্য্যা।
তপনী, স্ত্রী. [তপন+ঈ] গোদাবরী।
তপনীয়, ন. [তপ+অনীয়] স্বর্ণ; উত্তাপনীয়।
তপনীয়ক, ন. [তপ+অনীয়-ক] সুবর্ণ।
তপনেষ্ট, ন. [তপন+ইষ্ট] ধাতুবিশেষ, তাম্র, তাঁমা।
তপম, পুং. [তপ+ম] নিশাকর, চন্দ্র, পক্ষী।
তপস, পুং. [তপ+অস] চন্দ্র; পক্ষী।
তপস্ক, পুং. [তপস্+ক] তাপস, যোগী।
তপস্তক্ষ, পুং. [তপস্+তক্ষ] ইন্দ্র, দেবরাজ।
তপস্য, ন. [তপস্+য] কুন্দপুষ্প; (পুং.) ফাল্গুনমাস; মধ্যমপাণ্ডব, অর্জুন।
তপস্যা, স্ত্রী. [তপস্য+আ] তপ, তৎপর্য্যায়।—ব্রতাদান, পরিব্রজ্যা, নিয়মস্থিতি, ব্রতচর্য্যা, (ন.) পুণ্যোদ্দেশে ক্লেশ জনক কর্ম্ম, ঈশ্বরারাধনা, ব্রতধারণ, ব্রতানুষ্ঠান।
তপস্বিনী, স্ত্রী. [তপস্+বিন্-ঈ] জটামাংসী; কটুরোহিণী; মহাশ্রাবণিকা; তপোযুক্তাস্ত্রী, তপস্যাকারিণী, ধর্ম্মনিষ্ঠা।
তপস্বিপত্র, ত্রি. [তপস্বি+পত্র] দমনকবৃক্ষ।
তপস্বী, ত্রি. [তপস্+বিন্] তপোযুক্ত, তৎপর্য্যায়।—তাপস, পারিকাঙ্ক্ষী, পারকাঙ্ক্ষী, পারিকাঙ্ক্ষক, তপোধন, অনুকম্প্য; তপস্যাকারী, ঋষি, মুনি। (পুং) নারদ; মৎস্য বিশেষ, তপস্যামাছ,

তৎপর্য্যায়।—তপঃকর, চেষ্টক, চেষ্ট; ঘৃতকরঞ্জ।

তপস্যাগত, পুং. [তপস্যা+আগত] ঈশ্বরারাধনায় প্রবিষ্ট, তপস্যান্বিত।

তপস্যামৎস্য, পুং. [তপস্যা+মৎস্য] একপ্রকারমীন, মৎস্যবিশেষ, তপ্স্যামাছ।

তপাঃ, পুং. [তপ+অস] মাঘমাস; শিশিরকাল; গ্রীষ্মকাল।

তপাত্যয়, পুং. [তপ+অত্যয়] বর্ষাকাল, প্রাবৃট্‌কাল।

তপাস, (প্রা) অন্বেষণ, অনুসন্ধান।

তপিত, ত্রি. [তপ+ইত] তপ্ত, উষ্ণ, উত্তাপান্বিত।

তপুঃ, পুং. [তপ+উস] অগ্নি, অনল; সূর্য্য, দিবাকর।

তপু, (প্রা) তৎপূর্ব্ব, তাহার পূর্ব্ব।

তপোধন, পুং. [তপস্+ধন] তপস্বী, মুনি, ঋষি; দমনকবৃক্ষ।

তপোধনা, স্ত্রী. [তপস্+ধন-আ] মুণ্ডিরী।

তপোনুভাব, পুং. [তপস্+অনুভাব] তপস্যার ক্ষমতা।

তপোনিষ্ঠ, ত্রি. [তপস্+নিষ্ঠ] তপস্যায় অনুরক্ত।

তপোবট, পুং. [তপস্+বট] ব্রহ্মাবর্ত্তদেশ।

তপোবন, ন. [তপস্+বন] তাপসদিগের আশ্রম।

তপোমূর্ত্তি, ত্রি. [তপস্+মূর্ত্তি] তপস্বী।

তপোরাশি, পুং. [তপস্+রাশি] তপস্বী।

তপ্ত, ত্রি. [তপ্+ত] তাপযুক্ত, সন্তাপিত, দূন, ধূপায়িত, ধূপিত, উষ্ণ; সন্তাপযুক্ত, খেদান্বিত।

তপ্তকুম্ভ, পুং. [তপ্ত+কুম্ভ] নরকবিশেষ; উত্তপ্তকলস।

তপ্তকৃচ্ছ্র, পুং. [তপ্ত+কৃচ্ছ্র] ব্রতবিশেষ, প্রায়শ্চিত্ত বিশেষ।

তপ্তপাষাণকুণ্ড, ন. [তপ্ত+পাষাণ+কুণ্ড] নরকবিশেষ।

তপ্তবালুক, পুং. [তপ্ত+বালুক] নরকবিশেষ; উত্তপ্তবালুক।

তপ্তমাষক, ন. [তপ্ত+মাষক] পরীক্ষা বিশেষ।

তপ্তমুদ্রা, স্ত্রী. [তপ্ত+মুদ্রা] শরীরে ধার্য্য অগ্নিতপ্ত ধাতুময় ভগবদায়ুধচিহ্ন।

তপ্তরূপক, ন. [তপ্ত+রূপক] রৌপ্য, রজত, রূপা।

তপ্তশূর্ম্মিকুণ্ড, ন. [তপ্ত+শূর্ম্মি+কুণ্ড] নরকবিশেষ।

তপ্তসুরাকুণ্ড, ন; [তপ্ত+সুরা+কুণ্ড] নরকবিশেষ।

তফাৎ, (যাং) প্রভেদ, পৃথক্, দূর।

তফ্‌রীক্, (যাং) বিভিন্ন, প্রভেদ।

তফ্‌সীল, (যাং) বিয়োগ, বিভাগ; বিস্তার, বিবরণ।

তবক, ত্রি. [তব+ক] তোমার; বস্ত্রাস্ত্রবিশেষ

তবলা, (প্রা) বাদ্য যন্ত্র বিশেষ।

তবক্, (যাং) থাক; আস্তরণ; শ্রেণী; নাগদন্ত।

তবক্ক, (যাং) বিশ্বাস, প্রত্যয়।

তবল্, (যাং) পটহ, ঢক্কা।

তব, (প্রা) তোমার।

তবরাজ, পুং. [তব+রাজ] যবাসশর্করা।

তবরাজোদ্ভবখণ্ড, পুং. [তবরাজ+উদ্ভব+খণ্ড] যবাসশর্করাভব খণ্ড, সুধামোমোদক, খণ্ডজোদ্ভবজ, সিদ্ধমোদক, অমৃতসারজ, সিদ্ধখণ্ড।

তবক্ষীর, ন. [তব+ক্ষীর] তোযাক্ষীর, গব্যক্ষীর, যবজ, যবজোদ্ভব।

তবক্ষীরী, স্ত্রী. [তব+ক্ষীরী] গন্ধপত্রা।

তবা, (যাং) কদ্রুপকার্থ লৌহময় পাত্রবিশেষ, তাওয়া।

তবাকা, (যাং) সন্ধি, উপাশ্রয়।

তবাজা, (যাং) বিনয়, নম্রতা।

তবাস্, (যাং) অনুসন্ধান।

তবাহী, (যাং) দুঃখ, আপদ্; দৌর্ভাগ্য।

তবিষ, পুং. [তব+ইষ] স্বর্গ, সুরপুরী; সমুদ্র, সাগর।

তবিষী, স্ত্রী. [তব+ইষ-ঈ] ইন্দ্রকন্যা; নদী; শক্তি।

তবীল, (যাং) গুপ্তি, রক্ষণ।

তবীষ, পুং. [তব+ঈষ] স্বর্গ; সমুদ্র; স্বর্ণ।

তবীষী, স্ত্রী. [তবীষ+ঈ] ইন্দ্রকন্যা।

তবু, (প্রা) তথাপি, তদ্রূপ হইলেও, এবম্পি।

তবে, (প্রা) সেই জন্যে, তদা, পরে।

তম, পুং. [তম্+অ] অহঙ্কার; তমালবৃক্ষ; (ন.) উৎকৃষ্টবাচক; পাদাগ্র; বিশেষণ

শব্দের পরে অনেকের মধ্যে একের উৎকর্ষার্থক।

তমঃ, ন. [তম+অস্] প্রকৃতেগুর্ণবিশেষ, আবরক, মোহহেতু, অস্য কার্য্যসংহার, তস্য ধর্ম্ম যথা।—প্রমাদ, মোহ, ভয়, ক্লান্তি, বিষাদ, শোক, অরতি, অনার্য্যতা, শ্রম, তন্দ্রা; অন্ধকার, তৎপর্য্যায়।—তমস, নিশাচর্ম্ম, নীলপঙ্ক, রজোবল, দিবান্তক, বিয়দ্ভূতি, খলূকৃ, বৃত্র, রজোরস. দিনান্তর, অন্ধক; শোক; পাপ; অহঙ্কার; (পুং.) রাহু।

তমত, পুং. [তম্+অত] তৃষিত, পিপাসিত, বাঞ্ছিত। [মণ্ডুক।

তমঙ্গক, পুং. [তম্+অঙ্গক] ইন্দ্রকোষ,

তমপ্রভ, পু. [তম+প্রভ] নরকভেদ।

তমর, ন. [তম্+অর] বঙ্গ।

তমরাজ, পুং. [তম+রাজ] শর্করাবিশেষ, নবাৎ, শালক।

তমস্, ন. [তম্+অস্] অন্ধকার; নগর, (পুং) কূপ, কুয়া, (স্ত্রী.) নদীবিশেষ।

তমস্সুক, (যাং) কর্জপত্র, খত।

তমস্ততি, স্ত্রী. [তমস্+ততি] অন্ধকার সমূহ, ঘোর অন্ধকার। [নিশা; হরিদ্রা।]

তমস্বিনী, স্ত্রী. [তমস্+বিন্-ঈ]রাত্রি, রজনী,

তমা, স্ত্রী. [তম+আ] রাত্রি, রজনী; তমালবৃক্ষ, নদীবিশেষ।

তমাঃ, পুং. [তম+অস্] রাহু।

তমাক, (যাং) তামাকু, তাম্রকূট, কলঞ্জ; ধূম পানযোগ্য পত্রবিশেষ।

তমাচা, (যাং) চপেটাঘাত।

তমাম, (যাং) সকল, সমুদয়, সম্পূর্ণ।

তমাল, ন. [তম+আল] পত্রক, (পুং.) বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—কালস্কন্ধ, তাপিঞ্জ, তাপিঞ্জ, নীলতাল, তমালক, নীলধ্বজ, কালতাল, মহাবল; তিলক; খড়্গ; বরুণবৃক্ষ; কৃষ্ণখদির; (ন.পুং.) বৃক্ষভেদে বংশত্বচ অর্থাৎ বাঁশের ছাল।

তমালক, পুং. ন. [তমাল+ক] তমালবৃক্ষ; বংশত্বকৃ; (ন.) পত্রক; তেজপাত; সুনিষণ্ণশাক, সুশুনিশাক।

তমালপত্র, ন. [তমাল+পত্র] তমালবৃক্ষ; তিলক; পত্রক।

তমালিকা, স্ত্রী. [তমাল+ইক-আ] তামলিপ্ত দেশ, তমলুক, তাম্রবল্লী; ভূম্যামলকী।

তমালিনী, স্ত্রী. [তমাল+ইন-ঈ] ভুমি আমলকী; তামলিপ্ত দেশ। [বৃক্ষ

তমালী, স্ত্রী. [তমাল+ঈ] তাম্রবল্লী; বরুণ

তমাশা, (যাং) আশ্চর্য্যদ্রব্যাদিদর্শন।

তমি, স্ত্রী. [তম+ই] রাত্রি, নিশা, বিভাবরী।

তমিস্র, ন. [তমিস্+র] অন্ধকার; ক্রোধ, (স্ত্রী.) অন্ধকাররাত্রি; কৃষ্ণপক্ষনিশা; দর্শরাত্রি; তমোযুক্ত রাত্রিমাত্র; তমস্ততি।

তমিস্রপক্ষ, পুং. [তমিস্র+পক্ষ] কৃষ্ণপক্ষ. অসিত পক্ষ। [হরিদ্রা।

তমী, স্ত্রী. [তম+ইন্] রাত্রি, নিশা, রজ;

তমোগুণ, ন. [তমস্+গুণ] মোহক্রোধাদির কারণ গুণ।

তমোগুণী স্ত্রী. [তমস্+গুণ-ইন] অহঙ্কারান্বিত, দর্পী।

তমোঘ্ন, পুং. [তমস্+ঘ্ন] অগ্নি; সূর্য্য; চন্দ্র; বুদ্ধ; কেশব; শম্ভু, (ন.) জ্ঞান।

তমোজ্যোতিঃ, পুং. [তমস্+জ্যোতিস্] জ্যোতিরিঙ্গণ; জোনাকপোকা।

তমোনুৎ, পুং. [তমস্+নুদ্] অগ্নি, সূর্য্য, চন্দ্র; দীপ।

তমোনুদ, পুং. [তামস্+নুদ] সূর্য্য; রবি; দিনকর; চন্দ্র; বুদ্ধ; অগ্নি।

তমোপহ, পুং. [তমস্+অপহ] সূর্য্য; চন্দ্র; বুদ্ধ; অগ্নি; অন্ধকার নাশক, দীপ।

তমোবিকার, পুং. [তমস্+বিকার] রোগ, পীড়া।

তমোভিৎ, পুং. [তমস্+ভিদ্] খদ্যোত।

তমোমণি, পুং. [তমস্+মণি] খদ্যোত, জনাকিপোকা, জ্যোতিরিঙ্গণ; গোমেদক মণি।

তমোলিপ্তী, স্ত্রী. [তমস্+লিপ্তী] দেশবিশেষ, তৎপর্য্যায়।—তমোলুক্, তামলিপ্তি, বেলাকুল, তমালিকা, তামলিপ্তী, তামলিপ্ত, তমালিনী, স্তম্বপ, বিষ্ণুগৃহ

তমোহর, পুং. [তমস্+হর] চন্দ্র, নিশাকর; সূর্য্য।
তম্পা, স্ত্রী. [তম্+পা] গো, গরু।
তম্বা, স্ত্রী. [তম্+বা] গো, গাভি।
তম্বু, (হি) অম্বর, বস্ত্রগৃহ, শিবির, কানাৎ, তাঁবু।
তম্বুর্, (যাং) বাদ্য যন্ত্রবিশেষ, তানপুরা, ত্রিগুণযুক্ত বীণা।
তম্বুলী, (প্রা) জাতিবিশেষ।
তয়ফা, (যাং) নর্ত্তকীর সম্প্রদা।
তর, পুং. [তৃ+অ] তরণ; পারহওন; কৃশানু; বৃক্ষ; বিশেষণশব্দের পরে প্রযুক্তহইলে দুয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝায়; (ন.) বল, বেগ, তীর, প্লবগ।
তর্কশ্, (যাং) তূণ।
তরকারী, (হি) তৃপ্তিকারী ব্যঞ্জনের যোগ্য ফল মূলাদি, (হি) আনাজ।
তরজা, (হি) দ্রুত।
তরঙ্গ, পুং. [তৃ+অঙ্গ] বায়ুর আধিক্য প্রযুক্ত নদ্যাদির জল তির্য্যগূর্দ্ধ প্লবন, ঢেউ, তৎপর্য্যায়।—ভঙ্গ, উর্ম্মী, উর্ম্মি, বীচী, বীচি, বিচি, হল্লী, বিলি, লহরি, লহরী, জললতা; ভূগুি; বস্ত্র; অশ্বাদির সমুৎফাল।
তরঙ্গিণী, স্ত্রী. [তরঙ্গ+ইন-ঈ] নদী, হ্রদিনী, ধুনী।
তরজমা, (যাং) ভাষান্তকরণ।
তরঙ্গিত, ত্রি. [তরঙ্গ+ইত] উর্ম্মিমান।
তরণ, ন. [তৃ+অন] প্লবনপূর্ব্বক দেশান্তর গমন, পারগমন, সন্তরণ, উদ্ধরণ; (পুং.) ভেলক; স্বর্গ, সুরপুর।
তরণি, স্ত্রী. [তৃ+অণি] নৌকা; ঘৃতকুমারী, (পুং.) সূর্য্য; অর্কবৃক্ষ; ভেলক; কিরণ; তরি।
তরণিপেটক, পুং. [তরণি+পেটক] কাষ্ঠাম্বু বাহিনী, জলতোলা কেঠো।
তরণিরত্ন, ন. [তরণি+রত্ন] মাণিক্য, মণি, সূর্য্যকান্তমণি।
তরণী, স্ত্রী. [তরণ+ঈ] নৌকা; পদ্মচারিণী; ঘৃতকুমারী।

তরণ্ড, পুং. [তৃ+অণ্ড] বড়িশী সূত্রবদ্ধ-কাষ্ঠাদি, ফাতনা; প্লব; নৌকা; কুম্ভতুম্বী রম্ভাদি সঞ্চর; (পুং.) দেশবিশেষ।
তরণ্ডপাদা, স্ত্রী. [তরণ্ড+পাদা] নৌকা,তরণি, ভেলা।
তরণ্ডী, স্ত্রী. [তরণ্ড+ঈ] নৌকা, তরণি।
তরৎ, স্ত্রী. [তৃ+অৎ] প্লব; কারণ্ডবপক্ষী।
তরদী, স্ত্রী. [তরৎ+ঈ] কণ্টকী বৃক্ষভেদ, তারদী, তীব্রা, খর্ব্বরা, রক্তবীজকা।
তরন্ত, পুং. [তৃ+অন্ত] ভেক;আসার; সমুদ্র।
তরন্তী, স্ত্রী. [তরন্ত+ঈ] তরি, নৌকা, তরণী। [কর্ণ; মুনি।
তরণিসুত, পুং. [তরণি+সুত] যম; শনি;
তরণিসুতা, স্ত্রী. [তরণি+সুতা] যমুনা, কালিন্দীনদী; তপতী সম্বরণ স্ত্রী।
তরপণ্য, ন. [তর+পণ্য] আতর, পারহইবার মূল্য, পারানিকড়ী।
তরফ্, (যাং) পার্শ্ব, দিগ, ধার, পক্ষ।
তরফদার, (যাং) পক্ষপাতী।
তরবার, পুং. [তর+বার] খড়্গ, তরবাল, করবাল, তলোয়ার, অসি।
তরবারি, পুং. [তর+বারি] করবাল, তলোয়ার, খড়্গ, খাঁড়া, অসি, তরবার।
তরম্বুজ, ন. [তৃ+অম্বুজ] ফলবিশেষ, আম্রবার, তরমুজ।
তরমুজ, (যাং) ফলবিশেষ, তরমুজ ফল।
তরল, পুং. [তৃ+অল] হার, হারমধ্য মণি; তল; চঞ্চল, দ্রবীভূত, পাতলা, দীপ্তিযুক্ত; উপপতি; (ত্রি.) চল, ষিড্গ; ভাস্বর; মধ্যশূন্যদ্রব্য; দ্রবীভূত।
তরলতা, স্ত্রী. [তরল+তা] পাতলাপনা, চঞ্চলতা।
তরললোচনা, স্ত্রী. [তরল+লোচনা] চঞ্চল নয়নানারী।
তরলা, স্ত্রী. [তরল+আ] যবাগূ, যাউ; সুরা, মদিরা; মধুমক্ষিকা, মৌমাছি।
তরলায়িত, ত্রি. [তরল+আয়িত] জাততারল্য, (পুং.) উচ্চতরঙ্গ।
তরলিত, ত্রি. [তরল+ইত] জাততারল্য, তৎপর্য্যায়।—প্রেঙ্খোলিত, প্রেঙ্খিত,

ঘুলিত, ধুত, বেল্লিত, আন্দোলিত, চাঞ্চল্যান্বিত, চলিত, দ্রবীভূত।

তরশ্ব, পুং. [তর+শ্ব] উত্তরশ্ব, গত অথবা আগামি দিনের পূর্ব্বদিন।

তরস, ন. [তৃ+অস] মাংস, পল।

তরস্, ন. [তৃ+অস্] বেগ, শীঘ্রগতি; বল।

তরস্ত, (প্রা) ত্রস্ত, ব্যস্ত, চঞ্চল; দ্রুতগামী।

তরস্থান, ন. [তর+স্থান] ঘট্ট, ঘাট।

তরস্বান্, পুং. [তরস্+বৎ] শূর, মহাবলবন্ত; বেগী, বেগান্বিত।

তরস্বিতা, স্ত্রী. [তরস্বৎ+আ] বেগবত্তা, বেগ, বল।

তরস্বী, ত্রি. [তরস+বিন্] শূর, বলবান্, সম; বেগী, বেগযুক্ত; (পুং.) গরুড়; বায়ু।

তরক্ষ, পুং. [তর+ক্ষ] তরক্ষু।

তরক্ষু, পুং. [তর+ক্ষু] ব্যাঘ্রবিশেষ, নেকড়ে বাঘ, তর্ক্ষু, মৃগাদন, তরক্ষুক।

তরক্ষুক, পুং. [তরক্ষ+উক] নেকড়ে বাঘ।

তরাজু, (যাং) দাঁড়ি, পাল্লা, নিক্তি।

তরাণ, (প্রা) উদ্ধারণ, বাঁচান, পারকরণ।

তরান্ধু, পুং. [তর+অন্ধু] নৌকাবিশেষ, ভড়, হোড়, বহন, বার্ব্বট, বহিত্র

তরালু, পুং. [তর+আলু] নৌকাবিশেষ

তরাস, (প্রা) ত্রাস, শঙ্কা, ভয়।

তরাসচামর, (প্রা) মক্ষিকানিবারণার্থ চামর।

তরি, স্ত্রী. [তৃ+ই] নৌকা, তরী, তরণি, তরণী; দশা, বস্ত্রাদি পেটক।

তরিক, পুং. [তৃ+ইক] প্লব। [তরি।

তরিকা, স্ত্রী. [তরিক+আ] নৌকা, তরণী,

তরিণী, স্ত্রী. [তরিন্+ঈ] নৌকা।

তরিত, ত্রি. [তৃ+ইত] পারগত, উত্তীর্ণ।

তরিতা, স্ত্রী. [তরিত+আ] তর্জ্জনী; গাঁজা অহিফেণ; আসব; তাড়ি।

তরিত্রী, স্ত্রী. [তৃ+ঈ] নৌকা, তরণী।

তরিবৎ, (যাং) শিক্ষা, উপদেশ, প্রতিপালনা।

তরিরথ, পুং. [তরি+রথ] অরিত্র

তরী, স্ত্রী. [তৃ+ঈ] নৌকা; দ্রোণী, ডোঙ্গা; গদা; বস্ত্রাদি পেটক; দশা।

তরীক, (যাং) পন্থা, পথ; আচারব্যবহার।

তরীষ, পুং. [তৃ+ঈষ] শোভনাকার; ভেলা, ব্যবসায়; সমুদ্র; সমর্থ; স্বর্গ।

তরীষী, স্ত্রী. [তরীষ+ঈ] ইন্দ্রকন্যা।

তরু, পুং. [তৃ+উ] বৃক্ষ, দ্রুম, গাছ। [ঝিঙ্গা।

তরুই, (প্রা) কোশাতকী, ফলবিশেষ, তরই,

তরুকুণি, পুং. [তরু+কুণি] বাগ্‌গুদপক্ষী।

তরুজ, ত্রি. [তরু+জ] বৃক্ষজাত।

তরুজীবন, ন. [তরু+জীবন] বৃক্ষমূল, গাছের সিকড়।

তরুণ, ন. [তৃ+উন] কুব্জপুষ্প, (পুং.) স্থুলজীরক; এরণ্ড, (ত্রি.) যুবা; নূতন।

তরুণজ্বর, পুং. [তরুণ+জ্বর] সপ্তাহাবধিজ্বর, নবজ্বর।

তরুণদধি, ন. [তরুণ+দধি] পঞ্চদিনাতীতদধি, পাঁচদিনের বাসিদধি; সদ্যোজাত দধি। [সন্ধিবন্ধন।

তরুণাস্থি, ন. [তরুণ+অস্থি] কোমলাস্থি,

তরুণী, স্ত্রী. [তরুণ+ঈ] দ্বিতীয়বয়াঃ স্ত্রী; ভূয়োভূয় প্রবর্ত্তমান রজাঃস্ত্রী, তৎপর্য্যায় —যুবতী, তলুনী, যুবতি, যূনী, দিক্করী, ধনিকা, ধনীকা, নবযৌবনা; গৃহকন্যা; দন্তীবৃক্ষ; চীড়ানাম গন্ধদ্রব্য; পুষ্পবিশেষ, সেউতী, তৎপর্য্যায়।—সহা. কুমারী, গন্ধাঢ্যা, চারুকেশরা, ভৃঙ্গেষ্টা, রামতরুণী, সুদলা, বহুপত্রিকা, ভৃঙ্গবল্লভা, সেবতী; ষোড়শবর্ষীয়াস্ত্রী।

তরুণীগণ, পুং. [তরুণী+গণ] যুবতীসমূহ।

তরুণীজন, পুং. [তরুণী+জন] যুবতী, যূনী।

তরুণীবণাক্ষমাল, পুং. [তরুণী+বনাক্ষমাল] তিলকবৃক্ষ।

তরুতল, পুং. [তরু+তল] বৃক্ষমূল।

তরুতুলিকা, স্ত্রী. [তরু+তুলিকা] বাতুলি, বাদুড়; বাতুলীপক্ষী

তরুদূলিকা, স্ত্রী. [তরু+দূলিকা] বাদুড়।

তরুনখ, পুং. [তরু+নখ] কণ্টক, কাঁটা।

তরুবল্লী, স্ত্রী. [তরু+বল্লী] জতুকালতা

তরুবিটপ, পুং. [তরু+বিটপ] কাণ্ড, শাখা।

তরুভুক্, পুং. [তরু+ভুজ্] বন্দাক।

তরুমূল, ন. [তরু+মূল] বৃক্ষমূল, সিকড়, গাছেরগোড়া।

তরুমৃগ, পুং. [তরু+মৃগ] বানর, শাখামৃগ, মর্কট।

তরুরাগ,ন.[তরু+রাগ] কিশলয়, নূতনপল্লব, নবীনপত্র, কচিপাতা। [গাছ।

তরুরাজ, পুং. [তরু+রাজ] তালবৃক্ষ, তাল-

তরুরুহা, স্ত্রী. [তরু+রুহা] বন্দাক; পরগাছা।

তরুরোহিণী, স্ত্রী. [তরু+রোহিণী] বন্দাক।

তরুশায়ী, পুং.[তরু+শায়িন্] পক্ষী,বিহঙ্গম।

তরুসার, পুং. [তরু+সার] কর্পূর, সুগন্ধি-দ্রব্যবিশেষ।

তরুস্থা, স্ত্রী. [তরু+স্থা] বন্দাক।

তরূট, পুং. [তরু+উট] উৎপলকন্দ, হেলা নামক পুষ্পের গেঁড়ো, সুঁদী; শালূক।

তরে, (প্রা) জন্য নিমিত্ত।

তরোতাজা, (যাং) হরিত।

তর্ক, পুং. [তর্ক+অ] আকাঙ্ক্ষা; বিতর্ক, ব্যভিচার শঙ্কানিবর্ত্তক, (ইহা পঞ্চবিধ) যথা—আত্মাশ্রয়, অন্যোন্যাশ্রয়, চক্রক, অনবস্থা, প্রমাণবাধিতার্থক; উহ; হেতু শাস্ত্র, বুদ্ধিদ্বারা বিবেচনা, ন্যায়শাস্ত্র।

তর্কক, পুং. [তর্ক+অক] যাচক, তর্ককারক, আকাঙ্ক্ষী।

তর্কবিদ্যা, স্ত্রী. [তর্ক+বিদ্যা] ন্যায়বিদ্যা, আন্বীক্ষিকী। [ন্যায়শাস্ত্র।

তর্কশাস্ত্র, ন. [তর্ক+শাস্ত্র] দর্শনশাস্ত্রবিশেষ,

তর্কাভাস, পুং. [তর্ক+আভাস] মিথ্যাহেতু প্রদর্শনপূর্ব্বক কোন বিষয় নির্ণয়করণ।

তর্কারী, স্ত্রী. [তর্ক+অরী] জয়ন্তীবৃক্ষ।

তর্কিণ, পুং. [তর্ক+ইন] চক্রমর্দ্দবৃক্ষ, তকিল।

তর্কিত, পুং. [তর্ক+ইত] বিবেচিত, আলোচিত; শঙ্কিত। [তর্কিণ।

তর্কিল, পুং. [তর্ক+ইল] চক্রমর্দ্দবৃক্ষ,

তর্কী, ত্রি. [তর্ক+ইন্] তর্কবিশিষ্ট, মীমাংসক, তর্ককারক, নৈয়ায়িক, ন্যায়বেত্তা; বিবেচক।

তর্কু, স্ত্রী. [তর্ক+উ] সূত্রনির্ম্মাণযন্ত্র,টেকো, টাকুর; কপালনালিকা, তর্কুটী, সূত্রল।

তর্কুট, ন. [তর্ক+উট] সূত্রবর্ত্তন, কাটনা-কাটা; টাকুর।

তর্কুটী, স্ত্রী. [তর্কুট+ঈ] তর্কু, টেকো, সূত্র-নির্ম্মাণ যন্ত্র, টাকুর।

তর্কুপিণ্ড, পুং. [তর্কু+পিণ্ড] তর্কুস্থিতমৃৎ-পিণ্ড, টেকোর বাঁটুল, বর্ত্তিণী, তর্কু-পিঠী, বর্ত্তুলা।

তর্কুপিঠী, স্ত্রী. [তর্কু+পিঠী] তর্কুপিণ্ড।

তর্কুলাসক, পুং. [তর্কু+লাসক] ঝল্লোল, খরসা। [শাণ।

তর্কুশাণ, পুং. [তর্কু+শাণ] সামক, টেকোর

তর্জ, পুং. [তর্জ+অ] ভৎর্সন, তর্জন।

তর্জন, ন. [তর্জ+অন] ভৎর্সন,তাড়ন,গর্জ্জন, ক্রোধে ঝঙ্কার শব্দকরণ।

তর্জনী, স্ত্রী. [তর্জ++নী] অঙ্গুষ্ঠ সমীপাঙ্গুলি, প্রদেশিনী। [তায়িক।

তর্জিক, পুং. [তর্জ+ইক] দেশবিশেষ,

তর্জিত, ত্রি. [তর্জ+ইত] ভৎর্সিত, তাড়িত।

তর্ণ, পুং. [তৄ+ন] বৎস, বাছুর,শাবক,শিশু।

তর্ণক, পুং. [তর্ণ+ক] সদ্যোজাত বৎস, কোমল বাছুর।

তর্ণি, পুং. [তৄ+নি] সূর্য্য, প্লব; রবি, ভানু।

তর্ত্তরিয়া, (প্রা) চঞ্চল, অস্থির, অধীর।

তর্ত্তরীক, ন. [তর্ত্তর+ঈক] নৌকা, (ত্রি.) পারগ, পারগামী।

তর্দ্দূ, স্ত্রী. [তৃ+উ] দারুহস্তক,কাঠেরহাতা।

তর্পণ, ন. [তৃপ+অন] তৃপ্তি, প্রীণন; যজ্ঞ-কাষ্ঠ; মহাযজ্ঞবিশেষ, পিতৃযজ্ঞ; দেব ঋষি পিতৃমনুষ্যাদিগের জলাঞ্জলি দ্বারায় তৃপ্তিসম্পাদন, তোষণ, পুত্রাদিকর্ত্তৃক পিতুরুদ্দেশে জলদান।

তর্পণী, স্ত্রী. [তর্পণ+ঈ] গুরুস্কন্ধবৃক্ষ, শ্লেষ্মণাবৃক্ষ।

তর্পণেচ্ছু, পুং. [তর্পণ+ইচ্ছু] তর্পণাকাঙ্ক্ষা; ভীষ্ম, শান্তনব।

তর্পিণী, স্ত্রী. [তর্পিন্+ঈ] পদ্মচারিণী।

তর্ব্বট, পুং. [তর্ব্ব+অট] বৎসর, বর্ষ, হায়ন; চক্রমর্দ্দ।

তর্ব্বরা, স্ত্রী. [তর্ব্বর+আ] তীব্র, তীক্ষ্ণস্বর, উচ্চস্বর, জিল।

তর্ব্বুজ, (যাং) তরমুজ।

তর্ম্ম, ন. [ত+মন্] যপাগ্র।

তর্ষ, পুং. [তৃষ+অ] অভিলাস; তৃষ্ণা; সমুদ্র; প্লব, তরণী; সূর্য্য।
তর্ষণ, ন. [তৃষ+অন] তৃষা, পিপাসা, তৃষ্ণা।
তর্ষিত, ত্রি. [তৃষ+ইত] তৃষিত, পিপাসিত, তৃষ্ণান্বিত।
তর্সা, (প্রা) ফাক; দূরে, অন্তরে।
তর্হি, ব্য. [ত+র্হি] তন্নিমিত্ত।
তর্ক্ষু, পুং. [তর্ক্ষ+উ] তরক্ষু, নেকিড়িয়াবাঘ, ভেড়িয়া।
তর্ক্ষ্য, পুং. [তর্ক্ষ+য] যবক্ষার।
তল, ন.পুং. [তল্+অ] স্বরূপ, মহীতল; অম্মূর্দ্ধ; অধোভাগ, নিম্ন, তলা, নীচ; গর্ত্ত; কানন; (পুং.) তালবৃক্ষ; ত্সরু, খড়্গমুষ্টি; মুল; গোড়া; চপেট, হস্ততল, থাবড়া; (ন.)জ্যাঘাতবারণা; কার্য্যবীজ।
তলক, ন. [তল+ক] পুষ্করিণী, দীর্ঘিকা, তালাও পর্য্যন্ত।
তলপ, (যাং) বাঞ্ছা; বেতন।
তলপেট, (প্রা) নাভির অধোভাগ, উদরের নিম্নদেশ।
তলপ্রহার, পুং, [তল+প্রহার] চপেট, চাপড়, চপেটাঘাত, চর্ব্বা, তলাঘাত।
তলফোর, (প্রা) তলস্ফোট,উমুই, জলাকার।
তলব, (প্রা) আহ্বানপত্র, বেতন।
তল্‌বার, (হি)তরবারি,তরবাল, খড়্গ, অসি।
তলবারণ, ন. [তল+বারণ] তরবারি, অসি।
তলসারক, পুং. [তল+সারক] ঘোটকের ভোজনপাত্র; ঘোড়ার বক্ষঃস্থল বন্ধনের রজ্জু, বক্রপট্ট, তলিকা। [চটাল।
তলস্পর্শ, পুং. [তল+স্পর্শ] অগভীর,
তলহৃদয়, ন. [তল+হৃদয়] পদতলের মধ্যস্থল, পায়ের চেটো।
তলা, ন. [তল+আ] অধোভাগ, নিম্নস্থল; (স্ত্রী.) গোধা, গোসাপ; জ্যাঘাতবারণা।
তলাগুছি, (প্রা) তলগুছি, সাহায্য, উপকার, আনুকূল্য, সপক্ষতা।
তলাচী, স্ত্রী. [তল+আচী] তলনির্ম্মিত কট, নলের মাদুর।
তলাতল, ন. [তল+অতল] রসাতল; পাতালবিশেষ।
তলান, (প্রা) তলস্পর্শকরণ; নিমজ্জন; ডুবন, বুড়ন। [খাত।
তলাব, (যাং) তালাও, পুষ্করিণী, সরোবর,
তলাবাঁধা, (প্রা) গোড়াবাধাঁন, আলবাল, বৃক্ষমুলে জলদিবারনিমিত্ত বাঁধানস্থল।
তলায়, (প্রা) নিম্নে, নীচে, তলে।
তলাস, (যাং) অনুসন্ধান, অন্বেষণ।
তলিকা, স্ত্রী. [তল+ইকা] তলসারক।
তলিত, ন. [তল+ইত] ভৃষ্টমাংস, দগ্ধমাংস।
তলিন, ন. [তল+ইন] শয্যা; (ত্রি.) বিরল, দুর্ব্বল; স্তোক; স্বচ্ছ; অল্প; নির্ম্মল।
তলিম, ন. [তল+ইম] কুট্টিম, সৌধময়গৃহ; তল্প; চন্দ্রহাস; শয্যা,বিতানক, চাঁদোয়া।
তলী, পুং. [তল+ইন্] অধঃস্থ, নিম্নস্থ।
তলুন, পুং. [তল+উন] বায়ু, পবন; যুবা, তরুণ।
তলুনী, স্ত্রী. [তলুন+ঈ] তরুণী, যুবতী।
তলুবা, (প্রা) স্থালী, বৃহৎস্থালী, বড়হাঁড়ি, তলো।
তলে, (প্রা) অধোভাগে, নীচে, নিম্নে।
তলেক্ষণ, পুং. [তল+ঈক্ষণ] শূকর, বরাহ।
তলোদরী, স্ত্রী. [তল+উদরী] ভার্য্যা, স্ত্রী।
তলোদ, স্ত্রী. [তল+উদ] নদী; জলাশয়।
তলোয়ার, (হি) তরবারি, করবাল, অসি।
তল্ক, ন. [তল+ক] অরণ্য, বন, বিপিন, কানন।
তল্প, পুং. ন. [তল্প+অ] শয্যা; অট্টালিকা; (স্ত্রী.) স্ত্রী, দারা।
তল্পকীট, পুং. [তল্প+কীট] কীটবিশেষ, ছারপোকা।
তল্পন, ন. [তল্প+অন] হস্তির পৃষ্ঠদেশ; পৃষ্ঠ বংশস্থ মাংস।
তল্পী, (প্রা) মোট, গাঁঠরি, পুলিন্দা, বস্তা।
তল্ল, পুং. [তল্+ল] জলাধারবিশেষ, পুষ্করিণী, তালাও; (ন.) বিল, গর্ত্ত; বেদ প্রয়োগ ঈশ্বরে লয়।
তল্লজ, পুং. [তল্ল+জ] প্রশস্ত, উৎকৃষ্ট, উত্তম, সরোজ। [কাটী।
তল্লিকা, স্ত্রী. [তল্ল+ইকা] কুঞ্চিকা, চাবি,
তল, ন. মর্দ্দনোত্থিত গন্ধবিশেষ।

তল্লিপি, স্ত্রী. [তদ্+লিপি] সেইলিপি, সেই লেখ্য।
তল্লী, স্ত্রী. [তল্ল+ঈ] তরুণী, যুবতী, তরণী।
তলশোষ, পুং. [তল+শোষ] তলশুষি; উনুই, জলাকর।
তশলা, (হি) হুড়কা; বহুগুণা।
তষ্ট, ত্রি. [তক্ষ্+ত] তনূকৃত।
তষ্টা, পুং. [তক্ষ্+তৃ] ত্বষ্টা, সূত্রধর, ছুতার, বিশ্বকর্ম্মা; আদিত্যবিশেষ।
তষ্টি, (প্রা) আগ্রহাতিশয়; ঠেঁটামি; কঠিনতা।
তষ্টিয়া, (প্রা) ঠেঁটা; কঠিন; আগ্রহকারী।
তসর, পুং. [তন+সর] ত্রসর, সূত্রবেষ্টন, পট্টবস্ত্রবিশেষ, সূতায় ঘেরা।
তসিল, (প্রা) ঢেঁকীইত্যাদির গোঁজ; যন্ত্রণা; রাজস্ব আদায়।
তস্কর, পুং. [তস্+কর]- চৌর; পৃক্কাশাক; মদনবৃক্ষ; কর্ণ; অপহর্ত্তা, পরদ্রব্যাপহারী। [লতা।
তস্করস্নায়ু, পুং. [তস্কর+স্নায়ু] কাকনাসা-
তস্করী, স্ত্রী. [তস্কর+ঈ] কোপনানারী, ক্রোধযুক্তাস্ত্রী; চৌর্য্য, অপহার।
তস্য, পুং. [তদ্+স্-য] তাহার, তৎসম্বন্ধীয়।
তস্‌সি, (যাং.) দুঃখ, ক্লেশ।
তস্‌বী, (যাং) অক্ষমালা,।
তস্‌রি, (যাং) মহাম্মদের ধর্ম্মবিধি।
তহ্, (যাং) স্তর।
তহকীক্, (যাং) নির্ণয়, পরীক্ষা।
তহখানা, (যাং) নিচের গৃহ; পাতালঘর।
তহবীল, (যাং) কোষ, অর্থসংস্থান, ভাণ্ডার।
তহবীলদার, (যাং) কোষাধ্যক্ষ, ধনাধ্যক্ষ।
তহমৎ, (যাং) নালিশ, অপবাদ, মিথ্যাদোষ কথন।
তহসীল (যাং) খাজানা আদায়।
তক্ষক, পুং. [তক্ষ্+ক] পাতালস্থ অষ্টনাগান্তর্গত নাগবিশেষ, ইন্দ্রসখ; ত্বষ্টা; বিশ্বকর্ম্মা; ক্রমভেদ; সূত্রধার, ছুতার।
তক্ষণ, ন. [তক্ষ্+অন] কৃশকরণ, পরিষ্কারকরণ, চাঁচন, পাতালাকরণ।
তক্ষণি, (প্রা) তৎক্ষণাৎ, সেই সময়ে।
তক্ষণী, স্ত্রী. [তক্ষ+অন-ঈ] কুঠারবিশেষ, বাসীঅস্ত্র।
তক্ষশিলা, স্ত্রী. [তক্ষ+শিলা] দেশবিশেষ।
তক্ষা, পুং. [তক্ষ+অন্] ত্বষ্টা, সূত্রধর, ছুতার; বিশ্বকর্ম্মা।
তা, (প্রা) ডিম্বহইতে বাচ্ছাতোলা; অণ্ডের উষ্ণতাকরণ; একখানি কাগজ।
তাই, (প্রা) করতালী; সেই, তদ্বস্তু।
তাউত, (প্রা) শুশ্রূষা; প্রতীকারচেষ্টা, চিকিৎসা।
তাও, (প্রা) কোপ; কাপড়ের ভাঁজ।
তাওন, (প্রা) উত্তাপন, উদ্দীপ্তকরণ; কোপাল, রাগান।
তাওআন, (প্রা) উত্তাপন, উদ্দীপ্তকরণ।
তাওয়া, (প্রা) পাত্রবিশেষ, বহুগুণা; ভস্ত্রা, স্বর্ণকারাদির জাঁতা।
তাঁইত, (প্রা) চর্ম্মরজ্জু, চর্ম্মবন্ধনী, তন্ত্রী।
তাঁইশ্, (যাং) উত্তেজনাকরণ; বিরক্তকরণ।
তাঁত, (প্রা) বস্ত্রবপন যন্ত্র, তন্ত্র, কাপড়বুনানের কল; বীণাদির তন্ত্র। [নির্ম্মাতা।
তাঁতি, (প্রা) জাতিবিশেষ, তন্তুবায়, বস্ত্র-
তাঁবা, (প্রা) ধাতুবিশেষ, তাম্র, রক্তবর্ণধাতু।
তাক, (প্রা) লক্ষ্য; দৃষ্টিপাত; অবলোকন।
তাকন, (প্রা) অবলোকন,দর্শন, সন্ধানকরণ।
তাকান, (প্রা) অবলোকন,দর্শন,লক্ষ্যকরণ।
তাক্, (যাং) মঞ্চ, মাচা, ভারা; কোলঙ্গা।
তাগা, (প্রা) হস্তবন্ধন সূত্রবিশেষ।
তাগাদা, (যাং) দ্রুত, শীঘ্র।
তাচ্ছল্য ন. [তৎ+ছল-য] হেলা, তাচ্ছিল্য, অবজ্ঞা, অশ্রদ্ধা।
তাজ্, (যাং) মস্তকাবরণ বিশেষ।
তাজগী (যাং)নবীনতা, সরসভাব।
তাজা, (যাং)টাট্‌কা,অম্লান; রসাল; জীবৎ।
তাজী, (যাং)ক্ষুদ্র অশ্ববিশেষ; জাতীবিশেষ; পুরুষঘোড়া।
তাটঙ্ক, পুং. [তাট+অঙ্ক] তাড়ঙ্ক, কানতড়কা, অলঙ্কারবিশেষ।
তাটস্থ্য, ন. [তটস্থ+য] উদাসীনত্ব, নিকটস্থ, উদাসীনতা; তাচ্ছল্য;নিকটস্থিতা,নৈকট্য।
তাড়, পুং. [তড়+অ] তাড়ন; শব্দ; মুষ্টি

য়ের তৃণাদি; পর্ব্বত; হস্তালঙ্কারবিশেষ, মুষ্টি, মুঠা, আটি।
তাড়কা, স্ত্রী. [তাড়+ক-আ] রাক্ষসীবিশেষ।
তাড়কাফল, পুং. [তাড়কা+ফল] বৃহদেলা।
তাড়ঙ্ক, পুং. [তাড়+অঙ্ক] কর্ণভূষণ, কান্‌-তড়কা, কর্ণদর্পণ, তাটঙ্ক; কর্ণিকা, তাল-পত্র; তাড়পত্র, কর্ণমুকুর, অলঙ্কার বিশেষ।
তাড়ন, ন. [তড়+অন] আঘাত, প্রহার, মারণ, ধমকান, খেদান, আঘাতকরণ, ভর্ৎসন।
তাড়না, স্ত্রী. [তাড়ন+আ] আঘাত।
তাড়নী, স্ত্রী. [তাড়ন+ঈ] অশ্বতাড়নযষ্টি, চর্ম্মযষ্টি, কশা, ভীমা, চর্ম্মনালিকা, ঘোড়ার চাবুক।
তাড়পত্র, ন. [তাড়+পত্র] তাড়ঙ্ক, কর্ণভূষণ, কানতড়কা, কর্ণালঙ্কারবিশেষ।
তাড়স, (প্রা) স্ফোটকাদির বেদনা, ব্যথা, জ্বালা।
তাড়স্ত, (প্রা) জ্বলনী; পীড়া; যাতনা।
তাড়া, (প্রা) অনুযোগ, নিগ্রহ; ভয়প্রদর্শন, ধমক; রাশি, বাণ্ডিলবাঁধা।
তাড়ান, (প্রা) দূরীকরণ, অপসারণ
তাড়ি, স্ত্রী. [তাড়+ই] বৃক্ষবিশেষ, তাড়িয়াৎ-গাছ।
তাড়ী, স্ত্রী. [তাড়+ঈ] পত্রদ্রুম, তাড়িয়াৎ-গাছ, তাড়ি, তালী, তালি; আভরণবি-শেষ, (প্রা) মাদকদ্রব্যবিশেষ; তালরস।
তাড়ু, পুং. [তাড়+উ] কাষ্ঠনির্ম্মিত হাতা; উখড়ি।
তাড়ুল, পুং. [তাড়ু+ল] তাড়য়িতা।
তাড্যমান, পুং. [তাড্য+মান] পটহাদি, বাদ্যবাজান,(ত্রি.)তাড়নযুক্ত; পীড্যমান; দূরীকৃত; আহতহওয়া পটহাদি।
তাণ্ডব, ন. পুং. [তণ্ডি+অব] নৃত্য, উদ্ধত-নৃত্য, নটন, নাচ; তৃণবিশেষ।
তাণ্ডবতালিক, পুং. [তাণ্ডব+তালিক] নন্দী, শিবদ্বারী, শিবদূতবিশেষ।
তাণ্ডবপ্রিয়, পুং. [তাণ্ডব+প্রিয়] শিব, মহাদেব।
তাণ্ডি, স্ত্রী. [তণ্ডু+ই] নৃত্যশাস্ত্র, নাট্যবিদ্যা।
তাত, পুং. [তন+ত] পিতা, অনুকম্প্য, (ত্রি) পূজ্য, জনক, আর্য্য, মান্য, অনুগ্রাহ্য, (ন.) উষ্ণতা।
তাতগু, পুং. [তাত+গু] ক্ষুদ্রতাত, খুল্ল-তাত, পিতৃব্য, খুড়া; (ত্রি) জনকস্থিত।
তাতজনয়িত্রৌ, স্ত্রী. [তাত+জনয়িত্রী-ঔ] মাতা পিতরৌ।
তাততুল্য, ত্রি. [তাত+তুল্য] পিতৃসম, মনোজবস, মনোজব, পিতৃসন্নিভ, তাতল, জ্যেষ্ঠভ্রাতাদি।
তাতন, পুং. [তাত+অন] খঞ্জনপক্ষী; উত্তাপন।
তাতরস, (প্রা) উষ্ণরস, উত্তপ্ত খর্জ্জুরাদিররস
তাতল, পুং. [তাত+ল] রোগ; পাক; লৌহ-কুট; মনোজব, (ত্রি.) তপ্তমাত্র।
তাতান, (প্রা) উত্তপ্তকরণ, উষ্ণকরণ।
তাতাল, (প্রা) উত্তপ্ত, উষ্ণ; রাগী; পাক।
তাতালিয়া, (প্রা) রাগান্বিত, রাগাল, রাগী, খিট্‌খিটিয়া।
তাতি, পুং. [তন+তি] পুত্র, সুত, আত্মজ।
তাৎ, (প্রা) তাত, উত্তাপ, তাপ।
তাৎকালিক, ত্রি. [তাৎকাল+ইক] তৎকাল-ভব, তৎকালোৎপন্ন, তৎকালীন।
তাৎপর্য্য, ন. [তাৎপরি+য] অভিপ্রায়; ব্যঞ্জ-বিচ্ছা, অর্থ, মর্ম্ম।
তাদবস্থ্য, ন. [তৎ+অবস্থ্য] তদ্রূপতা, সেই প্রকারে স্থিতি, সেই ভাব।
তাদর্থ, ন. [তৎ+অর্থ] সমানাভিপ্রায়; তৎ-প্রয়োজন
তাদাত্ম্য, ন. [তৎ+আত্ম-য] তৎস্বরূপ; অভেদ সম্বন্ধ।
তাদৃক্‌, ত্রি. [তদ্‌+দৃশ] তাহারমত, তাদৃশ, সেইপ্রকার, তদ্রূপ।
তাদৃশ, ত্রি. [তদ্‌+দৃশ্‌] তাদৃক্‌, তদ্রূপ, সেইপ্রকার, তেমন।
তাদৃশী, স্ত্রী. [তদ্‌+দৃশ-ঈ] তদ্রূপ, সেই প্রকার, তেমন।
তাদৃক্ষ, ত্রি. [তাদৃশ+ক] তাদৃক্‌, তেমন, সেইপ্রকার

তান, পুং. [তন+অ] গানাঙ্গবিশেষ; (ন.) বিস্তার; জ্ঞানবিশেষ; রাগ, স্বর।
তানপুরা, স্ত্রী. [তান+পুরা] বীণাকারবাদ্য-যন্ত্রবিশেষ।
তানব, ন. [তনু+অ] গাত্রেতনুতা, তনুতা, ক্ষীণতা, কৃশতা।
তানা, (প্রা) টানাসূত্র, বুনাটের তন্ত্র।
তানূর, পুং. [তন+ঊর] জলেরভ্রম, আবর্ত্ত, জলের ঘূর্ণা।
তান্ত, ত্রি. [তন্+ত] শ্রান্ত, ক্লান্ত।
তান্ত্রিক, ত্রি. [তন্ত্র+ইক] জ্ঞাতসিদ্ধান্ত; শাস্ত্রতত্ত্বজ্ঞ; তন্ত্রশাস্ত্রবেত্তা, তন্ত্রসম্বন্ধীয়, সুপণ্ডিত।
তান্দন, পুং. বায়ু, বাতাস।
তাপ, পুং. [তপ+অ] সন্তাপ, কৃচ্ছ্র, উষ্ণতা; জ্বালা; মনঃপীড়া। [কর্ত্তা।
তাপক, পুং. [তপ্+অক] জ্বর; (ত্রি.) তাপ-
তাপজনক, পুং. [তাপ+জনক] উষ্ণজনক; ক্লেশকর। [ধনঞ্জয়।
তাপত্য, পুং. [তাপতী+য] অর্জুন, পাণ্ডব,
তাপন, পুং. [তপ+অন] সূর্য্য, কামবাণ; সূর্য্যকান্তমণি, (ত্রি.) তপ্তকরণ, জ্বালাতন; তাতান, শোকযুক্ত হওন; পীড়ন।
তাপস, ন. [তপস্+অ] তমালপত্র, তেজপাত, (ত্রি.) তপস্বী, যোগী; দমনকবৃক্ষ; বকপক্ষী।
তাপসক, পুং. [তাপস+ক] ক্ষীণতপস্বী, নূতন যোগী।
তাপসতরু, পুং. [তাপস+তরু] ইঙ্গুদীবৃক্ষ।
তাপসদ্রুম, পুং. [তাপস+দ্রুম] ইঙ্গুদীবৃক্ষ।
তাপসদ্রুমসন্নিভা, স্ত্রীং. [তাপসদ্রুম+সন্নিভা] গর্ভদাত্রীক্ষুপ।
তাপসপ্রিয়, পুং. [তাপস+প্রিয়] প্রিয়ালবৃক্ষ, পিয়ালগাছ।
তাপসপ্রিয়া, স্ত্রী. [তাপস+প্রিয়া] দ্রাক্ষা, আঙ্গুর, কিস্‌মিস্।
তাপহরী, স্ত্রী. [তাপ+হরী] ব্যঞ্জনবিশেষ, তাহরী, (ত্রি.) তাপহারিণীস্ত্রী; ভক্ষ্য-দ্রব্যবিশেষ। [ক্লেশরহিত।
তাপহীন, ন. [তাপ... উষ্ণরহিত;
তাপান, (প্রা) উত্তপ্তকরণ, তাতান; জ্বালান, পীড়ন; রাগান, কোপান।
তাপিচ্ছ, পুং. [তপ+ইচ্ছ] বৃক্ষবিশেষ, তমালগাছ। [ধাতুমাক্ষি।
তাপিঞ্জ, পুং. [তপ+ইঞ্জ] তাপিঞ্জ; (ন.)
তাপী, ত্রি. [তপ+ইন্] তাপিনীনদী, পশ্চিম বাহিনী বিন্ধ্যাচলে প্রসিদ্ধা নদী; যমুনা; (পুং.) বুদ্ধ, (ত্রি.) তাপযুক্ত।
তাপ্য, ন. পুং. [তাপী+য] ধাতুমাক্ষিক।
তাপ্যক, ন. [তাপ্য+ক] মাক্ষিক।
তাপ্যুত্থসংজ্ঞক, ন. [তাপী+উত্থসংজ্ঞক] মাক্ষিক ধাতু।
তাবক, ত্রি. [তবক+অ] ত্বদীয়, তোমার।
তাবক, পুং.[তব+ক]তবযোধিপুরুষ,তবকী।
তাবকীন, ন. [তবক+ঈন] তব ইদং, ত্বদীয়, তোমার, তৎসম্বন্ধীয়।
তাবৎ, ব্য. [তদ্+বৎ] সাকল্য, সকল; অবধি; মান্য অবধারণ; প্রশংসা; পক্ষান্তর।
তাবর, ন. [তাব+র] ধনুগুর্ণ, ধনুকেরছিলা।
তাবা, (যাং) তাম্রের পাত্রবিশেষ।
তাবানেবু, (প্রা) জম্বীরবিশেষ।
তাবিষ, পুং. [তব+ইষ] স্বর্গ, সুরলোক; সমুদ্র, সাগর। [পৃথিবী।
তাবিষী, স্ত্রী. [তাবিষ+ঈ] ইন্দ্রকন্যা; নদী;
তাবীজ, (যাং) অলঙ্কার বিশেষ; কবজ।
তাবীষ, পুং.[তব+ঈষ] স্বর্গ; সমুদ্র; কাঞ্চন।
তাবীষী, স্ত্রী. [তাবীষ+ঈ] ইন্দ্রকন্যা।
তাবুরি, পুং. [তাব্+উরি] দ্বিতীয়রাশি, বৃষরাশি।
তাবেদার, (যাং) অধীন, বশতাপন্ন।
তাম, পুং. [তম+অ] ভীষণ,ভয়ানক; দোষ।
তামকুড়ীঘুঘু, (প্রা) পক্ষীবিশেষ, তাম্রকুট, ঘুঘু।
তামর, ন. [তাম+র] জল, তোয়; ঘৃত, আজ্য। [তাম্র।
তামরস, ন. [তাম+রস] পদ্ম; সারস; স্বর্ণ;
তামলকী, স্ত্রী.[তম+আমলকী]ভুম্যামলকী।
তামলিপ্ত, ন. [তাম+লিপ্ত] দেশবিশেষ, ...ক।

তামলিপ্তী, স্ত্রী. [তামলিপ্ত+ঈ] দেশবিশেষ, তমোলুক,তৎপর্য্যায়।—দামলিপ্ত, তামলিপ্ত, তমালিনী, স্তম্বপূ, বিষ্ণুগৃহ, তমোলিপ্তী, বেলাকূল, তমালিকা।

তামলী, (প্রা) বর্ণসঙ্কর জাতিবিশেষ।

তামস, পুং. [তমস্+অ] সর্প; খল; উলূক; চতুর্থমনু, (ত্রি.) তমোগুণযুক্ত; প্রকৃতির-গুণবিশেষ, তামসিক; সর্প।

তামসিক, ত্রি. [তমস+ইক] তামস, তমোগুণকার্য্য, ধর্ম্মের অনুদ্দেশেকৃত।

তামসী, স্ত্রী. [তমস+ঈ] নিশা; দুর্গা; জটামাংসী; তমোগুণকৃতা।

তামা, (প্রা) ধাতুবিশেষ, তাম্র।

তামাক, (প্রা) তাম্রকুট, ধূমপানযোগ্য পত্রবিশেষ।

তামাকু, (প্রা) তাম্রকুট, ধূমপান যোগ্য পত্রবিশেষ।

তামাম্, (যাং) সকল, সমুদয়, সম্পূর্ণ।

তামাশা, (যাং) রহস্য, কৌতুক।

তামিস্র, পুং. [তমিস্র+অ] ভোগেচ্ছার প্রতিঘাত বিষয়ে ক্রোধ, (ন.) অন্ধকারময় নরক।

তাম্বলী, (প্রা) মূঢ়; জড়; দুষ্ট, খল।

তাম্বু, (হি) শিবির, বস্ত্রগৃহ, তাঁবু, কানাৎ।

তাম্বূল, ন. [তম+উল] পর্ণ, পাণ, তাম্বুল, তাম্বুলবল্লী।

তাম্বুলকরঙ্ক, পুং. [তাম্বুল+করঙ্ক] তাম্বুলপাত্র, পানেরবাটা, স্থগী।

তাম্বুলদ, পুং. [তাম্বুল+দ] তাম্বুল দাতা, বাগগুলিকা।

তাম্বুলপত্র, পুং. [তাম্বুল+পত্র] পিণ্ডালু।

তাম্বুলপাত্র, ন. [তাম্বুল+পাত্র] পানেরবাটা, তাম্বুলকরঙ্ক।

তাম্বুলপেটিকা, স্ত্রী. [তাম্বুল+পেটিকা] তাম্বুলপত্র, পাণেরডিপে।

তাম্বুলবল্লিকা, স্ত্রী. [তাম্বুল+বল্লিকা]তাম্বুলী।

তাম্বুলবল্লী, স্ত্রী. [তাম্বুল+বল্লী] তাম্বুলতা, পাণের গাছ, তৎপর্য্যায়।—তাম্বুলী, নাগবল্লী, পর্ণলতা, সপ্তশিরা, সর্পলতা, ফণিবল্লী, ভুজগলতা, ভুজগ[illegible]ল-বল্লিকা, পর্ণবল্লী, তাম্বুলি, নাগিনী, নাগবল্লরী।

তাম্বুলরাগ, পুং, [তাম্বুল+রাগ] মসূর, মসুরিকলাই; তাম্বুলের রঙ্গ।

তাম্বুলি, স্ত্রী. [তাম্বুল+ই] তাম্বুলবল্লী।

তম্বুলিক, পুং. স্ত্রী. [তাম্বুল+ইক] তাম্বুলব্যবসায়ী।

তাম্বুলী, ত্রি. [তাম্বুল+ইন্] তাম্বুলসম্বন্ধীয়; (পুং.) তাম্বুল প্রস্তুতকারক; বারুই।

তাম্র, ন. [তম+র] তৈজস ধাতুবিশেষ, তামা, তাঁবা,তৎপর্য্যায়।—তাম্রক, শুল্ব, ম্লেচ্ছমুখ, দ্ব্যষ্ট, বরিষ্ঠ, উডুম্বর, দ্বিষ্ঠ, উদম্বর, ঔদুম্বর, উদুম্বর, ঔডুম্বর, তপনেষ্ট, অম্বক, অরবিন্দ, রবিলোহ, রবিপ্রিয়, রক্ত, নৈপালিক, রক্তধাতু, মুনিপিত্তল, অর্ক, সূর্য্যাঙ্গ, লোহিতায়স, (পুং.) কুষ্ঠরোগবিশেষ।

তাম্রক, ন. [তাম্র+ক] তাম্র, তামা।

তাম্রকর্ণী, স্ত্রী. [তাম্র+কর্ণী] অঞ্জননাম পশ্চিমদিক্‌হস্তিপত্নী, পশ্চিম দিগের হস্তিনী।

তাম্রকার, পুং. [তাম্র+কার] বর্ণসঙ্কর জাতি বিশেষ, কাঁসারী, তাম্রিক, শৌল্বিক তাম্রকুট্টক, কাংস্যবণিক।

তাম্রকিলি, পুং. [তাম্র+কিলি] রক্তবর্ণ কীট বিশেষ। [তমাক।

তাম্রকুট, পুং. ন. [তাম্র+কুট] ক্ষুপবিশেষ,

তাম্রকুট্টক, পুং. [তাম্র+কুট্টক] তাম্রকার; তমাক, ধূমপানযোগ্য পত্রবিশেষ।

তাম্রক্রিমি, পুং. [তাম্র+ক্রিমি] ইন্দ্রগোপকীট, টাকপোকা

তাম্রগর্ভ, ন. [তাম্র+গর্ভ] তুথ।

তাম্রচূড়, পুং.স্ত্রী. [তাম্র+চূড়] কুক্কুট,কুঁকড়া, কুক্কুরদ্রু। [বর্ণবিশিষ্ট।

তাম্রতনু, ত্রি. [তাম্র+তনু] তাম্রের ন্যায়

তাম্রদুগ্ধা, স্ত্রী. [তাম্র+দুগ্ধা] গোরক্ষদুগ্ধা।

তাম্রপট্ট, ন. [তাম্র+পট্ট] তাম্র নির্ম্মিত লেখনপত্র, তাঁবারচাদোর।

তাম্রপত্র, পুং. [তাম্র+পত্র] জীবশাক, (ন.) তাম্রনির্ম্মি[illegible]

তাম্রপর্ণী, স্ত্রী. [তাম্র+পর্ণী] দীর্ঘিকাভেদ নদীবিশেষ।

তাম্রপল্লব, পুং. [তাম্র+পল্লব] অশোকবৃক্ষ

তাম্রপাকী, পুং. [তাম্র+পাকিন্] গর্দ্দভাণ্ড-বৃক্ষ।

তাম্রপাদী, স্ত্রীং. [তাম্র+পাদী] হংসপদী

তাম্রপুষ্প, পুং. [তাম্র+পুষ্প] রক্তকাঞ্চন; ভূমিচম্পক। [ত্রিবৃৎ।

তাম্রপুষ্পিকা, স্ত্রীং. [তাম্র+পুষ্পিকা] রক্ত

তাম্রপুষ্পী, স্ত্রী. [তাম্র+পুষ্পী] ধাতকী, পাটলাবৃক্ষ।

তাম্রফল, পুং. [তাম্র+ফল] অঙ্কোটবৃক্ষ।

তাম্রফলক, পুং. [তাম্র+ফলক] তাম্রনির্ম্মিত পট্ট, তাঁমারচাঁদর।

তাম্রবর্ণ, ন. [তাম্র+বর্ণ] তাম্রেরতুল্য রঙ্গ; পল্লিচাহতৃণ।

তাম্রবর্ণা, স্ত্রী. [তাম্র+বর্ণা] ওড্রপুষ্পবৃক্ষ।

তাম্রবল্লী, স্ত্রীং. [তাম্র+বল্লী] লতাবিশেষ, মঞ্জিষ্ঠালতা, চিত্রকুটদেশে প্রসিদ্ধালতা, তৎপর্য্যায়।—তাম্রা, কালী, তগালিকা, সূক্ষ্মবল্লী, সুলোনা, শোধনী, তামিকা।

তাম্রবীজ, পুং. [তাম্র+বীজ] কুলত্থ।

তাম্রবৃক্ষ, ন. [তাম্র+বৃক্ষ] রক্তচন্দন, কুলত্থ।

তাম্রবৃন্ত, পুং. [তাম্র+বৃন্ত] কুলত্থ।

তাম্রবৃন্তা, স্ত্রী. [তাম্র+বৃন্তা] কুলত্থিকা।

তাম্রমুখ, ত্রি. [তাম্র+মুখ] তাম্রেরন্যায় বর্ণ-বিশিষ্ট, (পুং.) ইংরাজ।

তাম্রমূলা, স্ত্রী. [তাম্র+মূলা] দুরালভা, লজ্জালু; কচুচুরা, খিরাই।

তাম্রশিখী, পুং. স্ত্রী. [তাম্র+শিখিন্] কুক্কুট, কুঁকুড়া।

তাম্রসার. ন. [তাম্র+সার] রক্তচন্দন।

তাম্রসারক, ন. [তাম্র+সারক] রক্তচন্দন; (পু.) রক্ত খদির, রাঙ্গাখয়ের।

তাম্রা, স্ত্রী. [তাম্র+আ] সৈংহলী।

তাম্রাকু, পুং. [তাম্র+আকু] উপদ্বীপভেদ।

তাম্রাভ, ন. [তাম্র+আভ] রক্তচন্দন।

তাম্রার্দ্ধ, ন. [তাম্র+অর্দ্ধ] কাংস্য, কাঁসা।

তাম্রাক্ষ, পুং. [তাম্র+অক্ষ] [illegible] পিক।

তাম্রিক, পুং. [তাম্র+ইক] কংসকার, (ত্রি.) তাম্রনির্ম্মিত, তাম্রনির্ম্মিতপয়সা; কাংস্য-কার, কাঁসারী। [রন্ধ্রাবাদ্য

তাম্রিকা, স্ত্রী. [তাম্র+ইকা] গুঞ্জা; কুঁচমান-

তাম্রী, স্ত্রী. [তাম্র+ঈ] বাদ্যবিশেষ, মান-রন্ধ্রা, বিকারিকা

তায়িক, পুং; [তায়+ইক] দেশবিশেষ, তার্জ্জিকাভিধ দেশ।

তার, ন. [তৄ+অ] রূপ্য; মুক্তা; (পুং.) বানরবিশেষ; মুক্তাবিশুদ্ধি; শুদ্ধমৌ-ক্তিক; প্রণব; তরণ; কূর্চ্চবীজ, (ত্রি.) অত্যুচ্চশব্দ; স্ফুরিত কিরণ; নির্ম্মল; স্বর; বীণাদির তাঁত; স্বর্ণাদিরগুণা।

তারক, ন. [তৄ+অক] চক্ষু, (ন. স্ত্রী.) চক্ষুর তারা; নক্ষত্র (পুং.) দৈত্যবিশেষ, দ্বাদশমন্বন্তরাধিপতি ইন্দ্রশত্রু; কর্ণধার; ভেলক; (ত্রি.) ত্রাণকর্ত্তা, চক্ষুরপুত্তলিকা।

তারকজিৎ, পুং. [তারক+জিৎ] কার্ত্তিকেয়, মহাসেন, কুমার।

তারকনাথ, পুং. [তারক+নাথ] মহাদেবের পীঠবিশেষ।

তারকব্রহ্ম, ন. [তারক+ব্রহ্ম] ষড়ক্ষর মন্ত্র-বিশেষ; (পুং.) ত্রাণকর্ত্তা।

তারকষ, (যাং) গুণানির্ম্মায়ক।

তারকা, স্ত্রী. ন. [তারক+আ] কণীনিকা; (স্ত্রী.) ইন্দ্রবারুণী; তারা।

তারকারি, পুং. [তারক+অরি] কার্ত্তিকেয়, ষড়ানন।

তারকিত, ত্রি. [তারক+ইত] তারকাযুক্ত।

তারকিণী, স্ত্রী. [তারকিন্+ঈ] রাত্রি,রজনী।

তারকী, ত্রি. [তারক+ইন্] তারকাযুক্ত।

তারণ, পুং. [তৄ+অন] ভেলক, (ত্রি.) তরণ-কর্ত্তা, উদ্ধারণ, পারকরণ; পারকারক; ভেলা।

তারণি, স্ত্রী. [তৄ+অনি] নৌকা; তরি,তরণী।

তারতণ্ডুল,পুং. [তার+তণ্ডুল]ধবলযাবনাল।

তারতম্য, ন. [তার+তম+য] তরতময়োর্ভাব, ন্যুনাধিক্য; ইতরবিশেষ।

তারনাদ, পুং. [তার+নাদ] উচ্চশব্দ, (ন.) প্রণবধ্বনি।

তারদী, স্ত্রী. [তারদ+ঈ] তরদীবৃক্ষ।
তারপুষ্প, পুং. [তার+পুষ্প] কুন্দবৃক্ষ; কুঁদফুলের গাছ।
তারবিমলা, স্ত্রী. [তার+বিমলা] ধাতুবিশেষ
তারল, ত্রি. [তরল+অ] বিট।
তারল্য, ন. [তরল+য] তরলতা, অগাঢ়তা; চাঞ্চল্য।
তারশুদ্ধিকর, ন. [তার+শুদ্ধিকর] সীসক, সীসা।
তারা, পুং. স্ত্রী. [তৄ+আ] নক্ষত্র; অক্ষিমধ্য, তৎপর্য্যায়।—বিম্বিনী, কনীনিকা, তারকা, নেত্রেরমণি; (স্ত্রী.) বৃহস্পতি ভার্য্যা; বালিরভার্য্যা,সুষেণবানর কন্যা; বুদ্ধদেবতাবিশেষ; চৌড়া; মুক্তা; দ্বিতীয়াশক্তি, দ্বিতীয়া মহাবিদ্যা।
তারাপতি, পুং. [তারা+পতি] শিব; চন্দ্র; বৃহস্পতি; বালী; সুগ্রীব।
তারাপথ, পুং. [তারা+পথ] আকাশ, গগণ; নভোমণ্ডল।
তারাপীড়, পুং. [তারা+আপীড়] চন্দ্র; বিধু, নিশাকর; রাজাবিশেষ। [নিশা।
তারাভূষা, স্ত্রী. [তারা+ভূষা] রাত্রি, রজনী,
তারাভ্র, পুং. [তারা+অভ্র] কর্পূর
তারাবতী, স্ত্রী. [তারাবৎ+ঈ] করবীরপুরাধ্যক্ষ চন্দ্রশেখর রাজপত্নী।
তারামণ্ডল, পুং. [তারা+মণ্ডল] ঈশ্বরগৃহবিশেষ, দেবগৃহবিশেষ; নক্ষত্রমণ্ডল।
তারারি, পুং. [তারা+অরি] বিটমাক্ষি।
তারিক, ন. [তর+ইক] তরমূল্য, আতর।
তারিকা, স্ত্রী. [তারক+আ] তালরস, তাড়ী
তারিখ্, (যাং) দিবস, রোজ।
তারিণী, স্ত্রী. [তারিন্+ঈ] বুদ্ধদেবতাবিশেষ, তৎপর্য্যায়।—তারা, মহাশ্রী, ওঁকারা, স্বাহা, শ্রী, মনোরমা, জয়া, অনন্তা, শিবা, লোকেশ্বরাত্মজা, খদুরবাসিনী, ভদ্রা, বৈশ্যা, নীলসরস্বতী, শঙ্খিনী, মহাতারা, বসুধারা, ধনন্দদা, ত্রিলোচনা, লোচনা; দ্বিতীয়াশক্তি; উদ্ধারকর্ত্রী।
তারিফ্, (যাং) প্রশংসা; স্তব, স্তুতি।
তারী, (যাং) তারময়, তারেনির্ম্মিত।

তারুণ্য, ন. [তরুণ+য] যৌবন, যুবত্ব, যৌবনাবস্থা।
তার্‌কষ, (যাং) লৌহতারোদ্বর্ত্তন কারক।
তারেয়, পুং. [তারা+এয়] বালিপুত্র, অঙ্গদ; কচ।
তার্কিক, ত্রি. [তর্ক+ইক] তর্কশাস্ত্রবেত্তা, তর্কাধ্যয়নকর্ত্তা, (ইহা ষড়্বিধ) যথা।—বৈশেষিক, ঔলুক্য, বার্হস্পত্য, নাস্তিক, লৌকায়তিক, চার্ব্বাক; ন্যায়শাস্ত্রবেত্তা, নৈয়ায়িক।
তার্ক্ষ, পুং. [তর্ক্ষ+অ] কশ্যপ, মুনি।
তার্ক্ষী, স্ত্রী. [তার্ক্ষ+ঈ] পাতালগরুড়ীলতা।
তার্ক্ষ্য, ন. [তার্ক্ষ+য] রসাঞ্জন, (পুং.) অশ্ব; সর্প; গরুড়াগ্রজ; গরুড়; শালবৃক্ষ; স্বর্ণ; অশ্বকর্ণবৃক্ষ; স্যন্দন।
তার্ক্ষ্যজ, ন. [তার্ক্ষ্য+জ] রসাঞ্জন। [য়ণ
তার্ক্ষ্যধ্বজ, পুং. [তার্ক্ষ+ধ্বজ] বিষ্ণু, নারা-
তার্ক্ষ্যনায়ক, পুং. [তার্ক্ষ্য+নায়ক] গরুড়পক্ষী। [বৃক্ষ।
তার্ক্ষ্যপ্রসব, পুং. [তার্ক্ষ্য+প্রসব] অশ্বকর্ণ
তার্ক্ষ্যশৈল, ন. [তার্ক্ষ+শৈল] রসাঞ্জন।
তার্ক্ষ্যী, স্ত্রী. [তার্ক্ষ্য+ঈ] বনলতাবিশেষ।
তাল, ন. [তল+অ] হরিতাল; তালীশপত্র; দুর্গাসিংহাসন; তালফল; গানের পরিমাণ; করদ্বয়ের শব্দ; বিস্তৃত করতল; করাস্ফাল; কাংস্য নির্ম্মিত বাদ্যভাণ্ড; ত্সরু, (পুং.) বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—তালদ্রুম, পত্রী, দীর্ঘস্কন্ধ, ধ্বজদ্রুম, তৃণরাজ, মধুরস, মদাঢ্য, দীর্ঘপাদপ, চিরায়ু, তরুরাজ, দীর্ঘপত্র, গুচ্ছপত্র, আসবদ্রু, লেখ্যপত্র, মহোন্নত।
তালক, ন. [তাল+ক] হরিতাল; দ্বারযন্ত্র, তালা; তুবলিকা, হুড়কা; দ্বাররোধক যন্ত্র।
তালকাভ, পুং. [তালক+আভ] হরিতবর্ণ; (ত্রি.) হরিতবর্ণ বিশিষ্ট।
তালকী, স্ত্রী. [তালক+ঈ] তালসুরা; তাড়ী।
তালধ্বজ, পুং. [তাল+ধ্বজ] বলদেব, হলধর; ভীষ্ম।
তালধ্বজা, স্ত্রী. [তাল+ধ্বজা] পুরীবিশেষ।

তালনবমী, স্ত্রী. [তাল+নবমী] ভাদ্রশুক্লা নবমী ব্রতবিশেষ।

তালপত্র, ন. [তাল+পত্র] তাড়ঙ্ক; কর্ণভূষা, কাণতড়কা, অলঙ্কারবিশেষ; তালবৃক্ষের পত্র।

তালপত্রিকা, স্ত্রী. [তাল+পত্রিকা] মুষলী, তালমূলী, লতাবিশেষ।

তালপত্রী, স্ত্রী. [তাল+পত্রী] মুষিকপর্ণী।

তালপর্ণ, ন. [তাল+পর্ণ] মুরানাম গন্ধদ্রব্য।

তালপর্ণী, স্ত্রী. [তাল+পর্ণী] মধুরিকা; মুরা।

তালপুষ্পক, ন. [তাল+পুষ্পক] প্রপৌণ্ডরীকা।

তালপ্রলম্ব, পুং. [তাল+প্রলম্ব] তালজটা।

তালবৃন্ত, ন. [তাল+বৃন্ত] তালপত্র নির্ম্মিত ব্যজন, তালপাতার পাখা।

তালবৃন্তক, ন. [তাল+বৃন্তক] ব্যজন, পাখা।

তালবেচনক, পুং. [তাল+বেচনক] নট, নর্ত্তক, তালরেচনক।

তালব্য, ন. [তালু+য] তালুসংযোগে উচ্চারিত, তালুজাত।

তালভৃৎ, পুং. [তাল+ভৃৎ] বলদেব, বলরাম। [মুলী।

তালমুলিকা, স্ত্রী. [তাল+মুলিকা] তাল-

তালমুলী, স্ত্রী [তাল+মুলী] স্বনাম খ্যাতবৃক্ষ, তৎপর্য্যায়।—অর্শোঘ্নী, মুষলী, তালী, খলিনী, সুবহা, তালপত্রিকা, গোধাপদী, হেমপুষ্পী, ভূতালী, দীর্ঘকন্দিকা। [বলরাম।

তাললক্ষ্মা, পুং. [তাল+লক্ষ্মন্] বলদেব,

তালরেচনক, পুং. [তাল+রেচনক] নট, নর্ত্তক।

তালশাঁস, (প্রা) অপক্ক তালফলের শস্য

তালক্ষীরক, ন. [তাল+ক্ষীরক] তালসম্ভূত তালক্ষীর।

তালা, (প্রা) দ্বারাদিরোধেরযন্ত্র; কক্ষা, অট্টালিকার থাক্; শব্দগ্রহণে অসামর্থ্য

-তালাখ্যা, স্ত্রী. [তাল+আখ্যা] মুরানামা গন্ধদ্রব্যবিশেষ।

তালাঙ্ক, পুং. [তাল+অঙ্ক] বলদেব; করপত্র; শাকবিশেষ; মহালক্ষণ সম্পূর্ণ পুরুষ; পুস্তক; হর। [শেষ

তালান্ত, ন. [তাল+অন্ত] গানেরছেদ, স্বরের

তালাবচর. পুং. [তালা+অবচর] নর্ত্তক, নট।

তালি, স্ত্রী. [তাল+ই] ভূম্যামলকী; তালী, করতলের ধ্বনি, করশব্দ; (প্রা) পুরাতন বস্ত্রাদিতে নূতনব স্ত্রযোগে সেলাই।

তালিক, পুং. [তাল+ইক] প্রসারিতাঙ্গুলি হস্ত, তৎপর্য্যায়।—চপেট, প্রতল, তল, প্রহস্ত, তাল; লিখিতের নিবন্ধন, তৎপর্য্যায়।—কাচনী, কাচনকী; করতল।

তালিকা, স্ত্রী. [তাল+ইকা] চপেট; তালমুলী; তাম্রবল্লী; চাপড়; লতাবিশেষ; (যাং) নির্ঘণ্টপত্র; ফর্দ্দ।

তালিত, ন. [তাল+ইত] তুলিতপট; বাদ্যভাণ্ড; গুণ।

তালিম, (যাং) উপদেশ, শিক্ষা।

তালিশ, পুং. [তাল+ইশ] পর্ব্বত, গিরি, শৈল।

তালী, স্ত্রী. [তাল+ঈ] তাড়ী, তাড়িঘাৎ; তামলকী, ভুঁইআমলা; তুবরিকা; তুবরিকা; তালমুলী; প্রতিতালী; কুঞ্চিকাবিশেষ; করদ্বয়ের শব্দ, তালা, তাম্রবল্লী; সুরাভেদ, তাড়ী।

তালীপত্র, ন. [তালী+পত্র] তালীশপত্র।

তালীশ, ন. [তাল+ঈশ] তালীশপত্র।

তালীশপত্র, ন. [তালীশ+পত্র] বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—তালীশ, পত্রাখ্য, শূকোদর, ধাত্রীপত্র, অর্কবেধ, করিপত্র, করিচ্ছদ, নীল, নীলাম্বর, তাল, তালীপত্র, তমাহ্বয়, তালীশপত্রক; ভূম্যামলকী, ভুঁইআমলা।

তালু, ন. [তাল+উ] জিহ্বেন্দ্রিয়াধিষ্ঠান; তেলুয়া, টাকুরা, কাকুদ, তালুক।

তালুক, ন. [তালু+ক] তেলুয়া, টাকরা। (যাং) ভূম্যধিকার, গ্রামেশ্বরভূমি।

তালুজিহ্ব, পুং. [তালু+জিহ্ব] কুম্ভীর, নক্র, কুমীর; অলিজিহ্বা, আলজীব।

তালুয়া, (প্রা) টাকরা, ব্রহ্মতালু; করতল; পদতল

তাল্লুর, পুং. [তাল+উর] আবর্ত্ত, জলের-ঘূর্ণা।
তালেবর, (যাং) ধনাঢ্য, ধনবান, মান্যমান।
তাস্, (হি) ক্রীড়ানিমিত্ত চিত্রিত ক্ষুদ্রপট।
তাসন, (প্রা) মার্জ্জন, ঝাড়ন।
তাসা, (যাং) বাদ্যযন্ত্রবিশেষ।
তাহা, (প্রা) তৎ, সেই।
তাহুৎ, (যাং) সংবিদ্; খাজনা; শুশ্রূষা।
তাহুৎখানা, (যাং) চিকিৎসালয়।
তিউঁড়ী, (প্রা) চুল্লী, আঁখা; উনান।
তিক্ত, ন. [তিক্+ত] পর্পটিকৌষধি, (পুং.) রসবিশেষ, তিত; সুগন্ধ, কুটজবৃক্ষ; বরুণবৃক্ষ; (ত্রি.) তিক্তরসযুক্ত।
তিক্তক, পুং. [তিক্ত+ক] পটোল; চিরতিক্ত; চিরতা; কালখদির; ইঙ্গুদীবৃক্ষ।
তিক্তকন্দিকা, স্ত্রী. [তিক্ত+কন্দিকা] গন্দ-পত্রা।
তিক্তকা, স্ত্রী. [তিক্ত+কা] কটুতুম্বী
তিক্তগন্ধিকা, স্ত্রী. [তিক্ত+গন্ধিকা] বরাহ-ক্রান্তা।
তিক্তগুঞ্জা, স্ত্রী. [তিক্ত+ গুঞ্জা] করঞ্জ, ক্ষুদ্র-রসা, রসঘা, বিদ্ধপর্কটী। [পিঁপুল।
তিক্ততণ্ডুলা, স্ত্রী. [তিক্ত+তণ্ডুলা] পিপ্পলী,
তিক্ততুণ্ডী, স্ত্রী. [তিক্ত+তুণ্ডী, কটুতুণ্ডী-লতা। [তিতলাউ।
তিক্ততুম্বী, স্ত্রী. [তিক্ত+তুম্বী] ক
তিক্তদুগ্ধা, স্ত্রী. [তিক্ত+দুগ্ধা] ক্ষিরিণী; জলশৃঙ্গী। [বিশেষ।
তিক্তধাতু, পুং. [তিক্ত+ধাতু] পিত্ত, ধাতু-
তিক্তপত্র, পুং. [তিক্ত+পত্র] কর্কোটক, কাকরোল।
তিক্তপর্ব্বা, পুং. [তিক্ত+পর্ব্বন্] হিলমোচী, হেলেঞ্চা, গুড়ূচী; যষ্টিমধু।
তিক্তপুষ্পা, স্ত্রী. [তিক্ত+পুষ্পা] পাঠা।
তিক্তফল, ন. [তিক্ত+ফল] কতকবৃক্ষ, নির্ম্মল ফল।
তিক্তফলা, স্ত্রী. [তিক্ত+ফলা] যবতিক্তা-লতা; বার্ত্তাকী; ষড়্ভুজা
তিক্তভদ্রক, পুং. [তিক্ত+ভদ্রক] পটোল।
তিক্তমরিচ, পুং. [তিক্ত+মরীচ] কতকবৃক্ষ।
তিক্তরোহিণিকা, স্ত্রী. [তিক্ত+রোহিণিকা] কটুকা।
তিক্তরোহিণী, স্ত্রী. [তিক্ত+রোহিণী] কটুকা।
তিক্তবল্লী, স্ত্রী. [তিক্ত+বল্লী] মুর্ব্বালতা।
তিক্তবীজা, স্ত্রী. [তিক্ত+বীজা] কটুতুম্বী।
তিক্তশাক, পুং. [তিক্ত+শাক] খদিরবৃক্ষ; নালশাক; বরুণবৃক্ষ; পত্রসুন্দর বৃক্ষ; নালতে।
তিক্তসার, ন. [তিক্তসার] দীর্ঘরোহিষকতৃণ, (পুং.) খদিরবৃক্ষ।
তিক্তা, স্ত্রী. [তিক্ত+আ] কটুরোহিণী; পাঠা; যবতিক্তালতা; ষড়্ভুজা; ছিকনী
তিক্তাখ্যা, স্ত্রী. [তিক্ত+আখ্যা] কটুতুম্বী।
তিক্তাঙ্গা, স্ত্রী. [তিক্ত+অঙ্গা] পাতালগ-রুড়ীলতা। [লাউ।
তিক্তিকা, স্ত্রী. [তিক্ত+ইকা] কটুতুম্বী, তিত-
তিগ্ম, ন. [তিজ+ম] তীক্ষ্ণ, খর; উগ্র, কটু, সুধার, ধারাল; আগাল; কালরস, (ত্রি) তীক্ষ্ণবিশিষ্ট। [ভানু।
তিগ্মাংশু, পুং. [তিগ্ম+অংশু] সূর্য্য, রবি,
তিঙ্গুদ, পুং. ইঙ্গুদবৃক্ষ।
তিজিল, পুং. [তিজ+ইল] চন্দ্র; রাক্ষস।
তিজারৎ, (যাং) বাণিজ্য, ব্যবসায়।
তিজেল, (প্রা) ক্ষুদ্রস্থালী বিশেষ, ব্যঞ্জন পাকার্থ হাঁড়ি।
তিণ্টী, স্ত্রী. [তিন্+টি] ত্রিবৃৎ।
তিত, (প্রা) কটু, তীব্ররস।
তিতউ, পুং. [তন+উ] চালনী, চালুনী।
তিতধুঁদুল, (প্রা) ধুন্দুলবিশেষ, তিতপল্লা।
তিতন, (প্রা) আর্দ্রকরণ, ভিজান; চিড়ান।
তিতপুঠী, (প্রা) মৎস্যবিশেষ।
তিতলাউ, (প্রা) কটুতুম্বী।
তিতান, (প্রা) ভিজান, আর্দ্রকরণ; চিড়ান।
তিতিভ. পুং. [তিত+ইভ] ইন্দ্রগোপকীট, টাকপোকা।
তিতিল, ন. [তিত+ইল] নন্দক, নাদা; তৈতিলকরণ; তিলপিচ্চট।
তিতিক্ষা, স্ত্রী. [তিজ্+অঙ্-আ] ক্ষান্তি; শীতোষ্ণাদিদ্বন্দ্বসহিষ্ণুতা; ক্ষমা, বি-বেক; খেদ।

তিতিক্ষিত, ত্রি. [তিজ্+ইত] ক্ষান্ত, সহিষ্ণু।
তিতিক্ষু, ত্রি. [তিজ্+উ] ক্ষমাশীল, ক্ষান্ত, সহিষ্ণু।
তিত্তির, পুং. [তিত্তি+র] তিত্তিরি পক্ষী, টিটিরপাখী।
তিত্তিরি, পুং. [তিত্তি+রি] পক্ষীবিশেষ, টিটিরপাখী, তৎপর্য্যায়।—তিত্তির, তৈতির, তিতিরি, যাজুষোদর; মুনিবিশেষ; তৈত্তিরীশাখা।
তিথ, পুং. [তিথ্+অ] অগ্নি; কাম; কাল; প্রাবৃট্‌কাল।
তিথি, স্ত্রী. পুং. [অত+ইথিন্] চন্দ্রকলাক্রিয়ারূপা,চন্দ্রকলাক্রিয়োপলক্ষিত কাল, প্রতিপদাদিপঞ্চদশ চন্দ্র কলাক্রিয়া।
তিথিপ্রণী, পুং. [তিথি+প্রণী] চন্দ্র, নিশাকর, শশধর।
তিথিক্ষয়, পুং. [তিথি+ক্ষয়] অমাবস্যা, কুহূ; দিনক্ষয়, ত্র্যহস্পর্শ।
তিথী, স্ত্রী. [তিথি+ঈ] চন্দ্রকলার ক্রিয়াকাল, প্রতিপদাদি পঞ্চদশ তিথি।
তিন, (প্রা) ত্রিসংখ্যা।
তিনাশক, পুং. [তিন+আশক] তিনিশবৃক্ষ।
তিনি, (প্রা) বুদ্ধিস্থ ব্যক্তি; পরোক্ষব্যক্তি, সে।
তিনিশ, পুং. [তিনি+শ] বৃক্ষবিশেষ, তিনিশ, তিনাশ, সাদন ইতিখ্যাত, তৎপর্য্যায়।—স্যন্দন, নেমী, রথদ্রু, অতিমুক্তক, ব্যঞ্জুল, চিত্রকৃৎ, চক্রী, শতাঙ্গ, শকট, রথ, রথিক, ভস্মগর্ভ, মেষী, জলধর।
তিন্তিড়, পুং. [তিম্+তিড়] চিঞ্চা; বৃক্ষাম্ল; দৈত্য বিশেষ
তিন্তিড়িকা, স্ত্রী. [তিন্তিড়+ইকা] তিন্তিড়ী; তেঁতুল, চিঞ্চা, বৃক্ষাম্ল।
তিন্তিড়ী, স্ত্রী. [তিন্তিড়+ঈ] বৃক্ষবিশেষ, তেঁতুল, তৎপর্য্যায়।—চিঞ্চা, অম্লিকা, তিন্তিড়ীক, তিন্তিড়ীকা, তিন্তিলী, তিন্তিলীকা, তিন্তিড়িক, তিন্তিড়িকা, আম্লিকা, আম্লীকা, চুক্র, চুক্রা, চুক্রিকা, অম্লা, অত্যম্লা, ভুক্তা, ভুক্তিকা, চারিত্রা, গুরুপত্রা, পিচ্ছিলা, যমদূতিকা, শাকচুক্রিকা, সুচুক্রিকা, সুতিন্তিডা; বৃক্ষাম্ল; (ত্রি.) অম্লরস।
তিন্তিড়ীক, ন. [তিন্তিড়ী+ক] বৃক্ষাম্ল, (ত্রি.) তিন্তিড়ী।
তিন্তিড়ীদ্যূত, ন. [তিন্তিড়ী+দ্যূত] চুঞ্চুরী, কাঁইবিচির খেলা, ক্রীড়াবিশেষ
তিন্তিলিকা, স্ত্রী. [তিন্তিল+ইকা] তিন্তিড়ী।
তিন্তিলী, স্ত্রী. [তিন্তিল+ঈ] তিন্তিড়ী, তেঁতুল।
তিন্তিলীকা, স্ত্রী. [তিন্তিলী+কা] তিন্তিড়ী।
তিন্দিশ, পুং. [তিন্দি+শ] টিণ্ডিশবৃক্ষ।
তিন্দু, পুং. [তিন্দ্+উ] তিন্দুকবৃক্ষ, বৃক্ষবিশেষ, গাবগাছ।
তিন্দুক, ন. [তিন্দু+ক] কর্ষপরিমাণ; (পুং. স্ত্রী) বৃক্ষবিশেষ, গাবগাছ, কেন্দুকবৃক্ষ, তেঁদু, তৎপর্য্যায়।—স্ফূর্জক, কালস্কন্দ, শিতিসারক, স্ফূর্জক, কেন্দু, তিন্দু, তিন্দুল, তেন্দুকি, তিন্দুকী, নীলসার, অতিমুক্তক, স্বর্য্যাক, রামণ, স্ফূর্জন, স্পন্দনাহ্বয়, কালসার।
তিন্দুকি, স্ত্রী. [তিন্দুক+ই] তিন্দুক।
তিন্দুকিনী, স্ত্রী.[তিন্দুক+ইন্-ঈ]আবর্ত্তকী।
তিন্দুকী স্ত্রী. [তিন্দুক+ঈ] তিন্দুক।
তিন্দুল, পুং. [তিন্দু+ল] তিন্দুকবৃক্ষ
তিমি, পুং. [তিম+ই] মৎস্যবিশেষ; মহাকায় মৎস্য, শতযোজন বিস্তৃত মৎস্য, বৃহৎ মৎস্য; সমুদ্র। [জলধি।
তিমিকোষ, পুং. [তিমি+কোষ] সমুদ্র,
তিমিঙ্গিল, পুং. [তিমিং+গিল] মৎস্যবিশেষ, অতিবৃহৎমৎস্য
তিমিঙ্গিলগিল, [পুং. তিমিঙ্গিল+গিল] মহামৎস্যবিশেষ। [ভিজা।
তিমিত, ত্রি. [তিমি+ত] নিশ্চল; ক্লিন্ন, আর্দ্র,
তিমির, ন. [তিমি+র] অন্ধকার নেত্ররোগবিশেষ; অজ্ঞান। [দিবাকর।
তিমিররিপু, পুং. তিমির+রিপু] সূর্য্য,ভানু,
তিমিষ, পুং.[তিমি+ষ] গ্রাম্যকর্ক টী;নাটাম্র।
তিমী, ত্রি. [তিম+ঈ] মৎস্য, বৃহদাকার মৎস্য। [তিরস্কার।
তিরঃ, ব্য. [তির+অস্] অন্তর্দ্ধান; তির্য্যগর্থ;

তিয়র, (প্রা) বর্ণশঙ্কর তিয়রজাতিবিশেষ।
তিয়াত্তর, (প্রা) ত্রিসপ্ততি,সংখ্যাবিশেষ, ৭৩।
তিরশ্চী, (প্রা) পশুপক্ষীর স্ত্রী, মাদাপশু, তির্য্যক্‌জাতি।
তিরস্করিণী, স্ত্রী. [তিরস্‌+করিণী] ব্যবধায়ক পট, কানাৎ; যবনিকা, পর্দ্দা।
তিরস্কার, পুং. [তিরস্‌+কার] অনাদর,ভৎর্সন, গ্লানি, নিন্দা, অপমান।
তিরস্কারিণী, স্ত্রী. [তিরস্‌+কারিণী] তিরস্করিণী।
তিরস্কৃত, ত্রি. [তিরস+কৃত] অনাদৃত, কৃততিরস্কার, অনাহত প্রাপ্ত তিরস্কার, ভৎর্সিত।
তিরস্ক্রিয়া, স্ত্রী. [তিরস্‌+ক্রিয়া] অনাদর, তিরস্কার, ভৎর্সনা।
তিরানব্বই, (প্রা) ত্রিনবতি সংখ্যাবিশেষ, ৯৩।
তিরাশী, (প্রা) ত্র্যশীতি সংখ্যাবিশেষ, ৮৩।
তিরিট, পুং. [তির+ইট] ইক্ষুগ্রন্থি, আকুরগাঁইট।
তিরিটি, পুং. [তির+ইটি] ইক্ষুগ্রন্থি।
তিরিম, পুং. [তির+ইম] শালিভেদ।
তিরিয়, পুং. শালিবিশেষ।
তিরীট, ন. [তৄ+ঈট] কিরীট, (পুং.) লোধ্র
তিরোধান, ন. [তিরস্‌+ধান] অন্তর্দ্ধান, লুকান, আচ্ছাদন, ঢাকন, ব্যবধান।
তিরোহিত, ত্রি. [তিরস্‌+হিত] অন্তর্হিত, আচ্ছাদিত, লুক্কায়িত।
তির্য্যক, ব্য. [তিরস্‌+অচ] বক্র, সাচি, তির; তিরোঽর্থ; নিরুদ্ধার্থ; কুটিল; পক্ষী।
তির্য্যকস্রোতা, পুং. [তির্য্যচ্‌+স্রোতস্‌] পশুপক্ষ্যাদি, ব্রহ্মার অষ্টম স্বর্গ, অষ্টাবিংশদ্বিধ। [কাঁকড়া।
তির্য্যগ্‌যান, পুং. [তির্য্যচ্‌+যান] কুলীর,
তির্য্যঞ্চ, ত্রি. [তির্য্য+অঞ্চ] বিহঙ্গাদি; পশু; বক্রগামী। [পক্ষ্যাদি।
তির্য্যগ্‌যোনি, পুং. [তির্য্যক্‌+যোনি] পশু-
তির্য্যঞ্চী, স্ত্রী. [তির্য্যঞ্চ+ঈ] তিরশ্চী, স্ত্রী. পশুপক্ষ্যাদি।
তিল, পুং. [তিল্‌+অ] স্বনাম-খ্যাত শস্য, তৎপর্য্যায়।—হোমধান্য, পবিত্র, পিতৃতর্পণ, পাপঘ্ন, পূতধান্য, স্নেহফল, স্নেহফলপুরফল; তিলকালক, গাত্র চিহ্ন; অত্যল্পক্ষণ, নিমেষ।
তিলক, ন. [তিল+ক] ক্লোম; কৃষ্ণবর্ণ সৌবর্চ্চল; সৌবর্চ্চল; (পুং) পুষ্পবৃক্ষ বিশেষ, তৎপর্য্যায়।—বিশেষক, মুখমণ্ডনক, পুণ্ড্রক, পুণ্ড্র, স্থিরপুষ্পী, ছিন্নরুহ, দগ্ধরুহ, মৃতজীব, তরুণীকটাক্ষকাম, বাসন্তসুন্দর, দুগ্ধরুহ, ভালবিভূষণসংজ্ঞ, পুন্নাগ, রেঠক, ক্ষুরক, শ্রীমান্‌, পুরুষ, ছত্রপুষ্পক; শরীরস্থতিল, তৎপর্য্যায়।—তিলকালক, কালক, পিপ্লু, জড়ুল; মরুবক; অশ্বভেদ; রোগভেদ; (ত্রি.) প্রধান, শ্রেষ্ঠ, (পুং.ন.) চন্দনাদি দ্বারা ললাটাদি দ্বাদশাঙ্গে কৃতচিহ্নবিশেষ, তৎপর্য্যায়।—তমালপত্র, চিত্রক, বিশেষক, (পুং.) ধ্রুবকভেদ।
তিলকট, পুং. [তিল+কট] তিলেরজঃ, তিলচূর্ণ, তিলেরগুঁড়া।
তিলকা, স্ত্রী. [তিল+কা] হরিবিশেষ।
তিলকালক, পুং. [তিল+কালক] শরীরস্থ তিল; তিলযুক্ত
তিলকাশ্রয়, পুং. [তিলক+আশ্রয়] ললাট, কপাল।
তিলকিট্ট, ন. [তিল+কিট্ট] তিলমল,পিণ্যাক, তিলখলি, তিলেরমল, তিলের অসার ভাগ, খলি।
তিলকী, ত্রি. [তিলক+ইন্‌] তিলকযুক্ত, তিলকান্বিত।
তিলকুটা, (প্রা) তিলচূর্ণ মিশ্রিত মিষ্টান্নবিশেষ। [তৈলকন্দ।
তিলচিত্রপত্রক, পুং. [তিল+চিত্রপত্রক]
তিলচূর্ণ, ন. [তিল+চূর্ণ] চূর্ণীকৃততিল, তিলকল্ক, পলল, পিষ্টক।
তিলতণ্ডুলক, ন. [তিল+তণ্ডুলক] আলিঙ্গন, তিলমিশ্রিত তণ্ডুল, তিলচাউল।
তিলতৈল, ন. [তিল+তৈল] তিলস্নেহ, তিলোৎপন্নস্নেহ, তিলেরতৈল।
তিলধেনু, স্ত্রী. [তিল+ধেনু] তিলনির্ম্মিতা ধেনু, তিলেরগাভী।

তিলপর্ণ ন, [তিল+পর্ণ] চন্দন; তিলবৃক্ষপত্র, তিলগাছের পাতা, (পুং.) শ্রীবেষ্ট।
তিলপর্ণিকা, স্ত্রী. [তিল+পর্ণিকা] চন্দনবিশেষ; রক্ত চন্দন
তিলপর্ণী, স্ত্রী. [তিল+পর্ণী] রক্তচন্দন।
তিলপিচ্চট, ন. [তিল+পিচ্চট] তিলপিষ্টক, তিলকুটা।
তিলপিঞ্জ, পুং.[তিল+পিঞ্জ] নিষ্ফলতিলবৃক্ষ।
তিলপেজ, পুং. [তিল+পেজ] নিষ্ফলতিলবৃক্ষ। [গুরুণ্টক।
তিলময়ূর, পুং. [তিল+ময়ূর] ময়ূরবিশেষ,
তিলরস, পুং. [তিল+রস] তিলতৈল, তিল জন্য স্নেহ।
তিলস্নেহ, পুং. [তিল+স্নেহ] তৈল, তিলের-তৈল। [কন্দ।
তিলাঙ্কিতদল, পুং. [তিলাঙ্কিত+দল] তৈল-
তিলাখাজা, (প্রা) মিষ্টান্নবিশেষ।
তিলাপত্যা, স্ত্রী. [তিল+অপত্যা] কৃষ্ণজীরক, কেলেজীরা। [কলু।
তিলি, (প্রা) বর্ণসঙ্কর জাতিবিশেষ, তৈলকার,
তিলিৎস, পুং. [তিলিৎ+স] সর্পবিশেষ, গোনস সর্প।
তিলিয়া, (প্রা) তিলযুক্ত, তিলেপড়া।
তিলিয়াঘুঘু, (প্রা) ঘুঘুবিশেষ।
তিলিয়াবায়া, (প্রা) পক্ষীবিশেষ।
তিলেতাল, (প্রা) অল্পবিষয়ে বহুসাধন, বহ্বারম্ভ, লঘুকার্য্যের নিমিত্ত গুরুতর আড়ম্বর। [বিশেষ।
তিলোত্তমা, স্ত্রী. [তিল+উত্তমা] স্বর্বেশ্যা
তিলোদক, ন.[তিল+উদক] তিলেজলেতর্পণ।
তিলৌদন, ন. [তিল+ওদন] কৃশর, তিলদুগ্ধ যুক্তঅন্ন, তিলমিশ্রিতান্ন, তিলচাউল।
তিল্য, ন. [তিল+য] তিলক্ষেত্র তৈলীন।
তিল্ব, পুং. [তিল্+ব] লোধ্র; শ্বেতলোধ্র; রক্তলোধ্র।
তিল্বক, পুং. [তিল্ব+ক] লোধ্র।
তিষ্ঠদ্গু, পুং. [স্থা + গো] সন্ধ্যাকাল, সায়ংকাল।
তিষ্ঠন, পুং. [স্থা+অৎ] স্থিতিকরণ, থাকন, রহন, টেকন, থামন; বাসকরণ।
তিষ্ঠা, স্ত্রী. [স্থা+আ] স্থায়িত্ব, স্থিরতা
তিষ্য, পুং. [তিষ+য] পুষ্যানক্ষত্র; পৌষমাস; কলিযুগ
তিষ্যক, পুং. [তিষ্য+ক] পৌষমাস
তিষ্যপুষ্পা, স্ত্রী. [তিষ্য+পুষ্পা] আমলকী, ধাত্রী।
তিষ্যফলা, স্ত্রী. [তিষ্য+ফলা] আমলকী।
তিষ্যা, স্ত্রী. [তিষ্য+আ] আমলকী।
তিহ্ন, পুং.[তিহ+অন] ব্রীহি; ধনুঃ; সদ্ভাব; ব্যাধি; ধান্য।
তীবর, পুং. [তৃ+বর] সমুদ্র; ব্যাধ; বর্ণসঙ্কর জাতিবিশেষ, তীয়র, কৈবর্ত্ত।
তীবরী, স্ত্রী. [তীবর+ঈ] ব্যাধপত্নী; কৈবর্ত্তী, তীয়রের স্ত্রী।
তীব্র, ন. [তীব্+র] অতিশয়; তীর; তীক্ষ্ণ; ত্রপু; কোষ; লোহ; (ত্রি.) অত্যুষ্ণ নিতান্ত; কটু; (পুং.) শিব।
তীব্রকণ্ঠ, পুং. [তীব্র+কণ্ঠ] শূরণ।
তীব্রগন্ধা, স্ত্রী. [তীব্র+গন্ধা] যবানী, যোয়ান।
তীব্রজ্বালা, স্ত্রী. [তীব্র+জ্বালা] ধাতকী।
তীব্রবেদনা, স্ত্রী. [তীব্র+বেদনা] মহাযাতনা, অতিশয়বেদনা।
তীব্রা, স্ত্রী. [তীব্র+আ] তুলসী; নদীবিশেষ; গণ্ডদূর্ব্বা, গেঁটেদূর্ব্বা; কটুরোহিণী; রাজিকা; মহাজ্যোতিষ্মতী; তরদীবৃক্ষ।
তীয়র, (প্রা) বর্ণসঙ্কর জাতিবিশেষ, ধীবর, কৈবর্ত্ত।
তীর ন. [তীর+অ] নদীকূল; গঙ্গাতীর; তট; শর, (পুং.) ত্রপু, সীসক; রঙ্গ।
তীরগত, পুং. [তীর+গত] শীঘ্রগামী; তটস্থিত।
তীরতরু, পুং. [তীর+তরু] তীরস্থবৃক্ষ, তটস্থিত বৃক্ষ।
তীরন্দাজ, (যাং) বাণক্ষেপক, শরক্ষেপক।
তীরভুক্তি, স্ত্রী. [তীর+ভুক্তি] দেশবিশেষ, তীরহোৎ, লিচ্ছবি, বিদেহ।
তীরস্থ, পুং. [তীর+স্থ] তীরস্থিত, তটস্থিত।
তীরিত, ন. [তীর+ইত] কর্ম্মের সমাপ্তি, সিদ্ধ।

তীর্ণ, ত্রি. [তৄ+ন] উত্তীর্ণ; অভিভূত; প্লুত।
তীর্ণপদী, স্ত্রী. [তীর্ণ+পদী] তালমূলী।
তীর্থ, ন. [তৄ+থ] শাস্ত্র; অধ্বর; ক্ষেত্র; উপায়; নারীরজ; অবতার; ঋষিজুষ্টাম্বু; পাত্র; উপাধ্যায়; মন্ত্রী; যোনি; দর্শন; ঘট্ট; বিপ্র; আগম; নিদান; অগ্নি; পুণ্যস্থানাদি; জলসমীপস্থারত্নিমাত্রস্থান; সন্ন্যাসীদিগের উপাধিবিশেষ; বিপ্রচরণ; বিপ্রদক্ষিণকর্ণ; (তীর্থ-ত্রিবিধ) যথা—জঙ্গম, মানস, স্থাবর।
তীর্থকর, পুং. [তীর্থ+কর] জিন।
তীর্থকৃৎ, পুং. [তীর্থ+কৃৎ] জিন।
তীর্থঙ্কর, পুং. [তীর্থং+কর] জিন।
তীর্থকারী, পুং. [তীর্থকার+ইন্] তীর্থগামী, পুণ্যস্থানে ভ্রমণ কর্ত্তা।
তীর্থগমন, স্ত্রী. [তীর্থ+গমন] তীর্থযাত্রা।
তীর্থধ্বাঙ্ক্ষ, পুং. [তীর্থ+ধ্বাঙ্ক্ষ] তীর্থকাক, মিথ্যাযাত্রিক।
তীর্থপর্য্যটন, ন. [তীর্থ+পর্য্যটন] পুণ্যস্থানে ভ্রমণ করণ।
তীর্থবাক, পুং. [তীর্থ+বচ] কেশ, কচ, চুল।
তীর্থযাত্রা, স্ত্রী. [তীর্থ+যাত্রা] তীর্থগমন।
তীর্থরাজী, স্ত্রী. [তীর্থ+রাজী] কাশী, বারাণসী।
তীর্থসেবী, পুং. [তীর্থ+সেবিন্] বকপক্ষী, (ত্রি.) তীর্থবাস কারক।
তীক্ষ্ণ, ন. [তজ+কন] খর; বিষ; লৌহ; যুদ্ধ; মরণ; শস্ত্র; শীঘ্র; সামুদ্রলবণ; মুষ্কক; চব্যক; মরক; উগ্র; উষ্ণ; প্রজ্ঞ, নিপুণ; ব্যগ্র; রাগ; আত্মঘাতী; ত্বরা; তীক্ষ্ণবস্তুমাত্র, যথা।—প্রতিভা, হীরক, কটাক্ষ, দুর্ব্বাক্য, নখ, লবণ, রবিকর; (পুং.) যবক্ষার; শ্বেতকুশ; কুন্দুরুক; তীক্ষ্ণগণ, যথা।—অশ্লেষা, আর্দ্রা, জ্যেষ্ঠা, মূলা, (ত্রি.) তিগ্ম; আত্মত্যাগী; নিরালস্য; সুবুদ্ধি; যোগী।
তীক্ষ্ণক, পুং. [তীক্ষ্ণ+ক] মুষ্কক; গৌরসর্ষপ।
তীক্ষ্ণকণ্টক, পুং. [তীক্ষ্ণ+কণ্টক] ধুস্তুর, ধুস্তরা; বর্ব্বুর, ইঙ্গুদী; করীর। [বৃক্ষ।
তীক্ষ্ণকণ্টকা, স্ত্রী. [তীক্ষ্ণ+কণ্টকা] কন্থারী-
তীক্ষ্ণকন্দ, পুং. [তীক্ষ্ণ+কন্দ] পলাণ্ডু পেঁয়াজ।
তীক্ষ্ণকর্ম্মা, পুং. [তীক্ষ্ণ+কর্ম্মন্] তীব্রকর্ম্মা, আয়ঃ, শূলিক, সূক্ষ্মকর্ম্মা, নিপুণ।
তীক্ষ্ণকল্ক, পুং. [তীক্ষ্ণ+কল্ক] তুম্বুরুবৃক্ষ।
তীক্ষ্ণকান্তা, স্ত্রী. [তীক্ষ্ণ+কান্তা] মঙ্গলচণ্ডিকার রূপ ভেদ।
তীক্ষ্ণগন্ধ, পুং. [তীক্ষ্ণ+গন্ধ] শোভাঞ্জন; রক্ততুলসী; কুন্দুরুনাম গন্ধদ্রব্য।
তীক্ষ্ণগন্ধক, পুং. [তীক্ষ্ণ+গন্ধক] শোভাঞ্জন বৃক্ষ।
তীক্ষ্ণগন্ধা, স্ত্রী. [তীক্ষ্ণ+গন্ধা] শ্বেতবচা; কন্থারী; রাজিকা; বচা; জীবন্তী; সূক্ষ্মৈলা।
তীক্ষ্ণতণ্ডুলা, স্ত্রী. [তীক্ষ্ণ+তণ্ডুলা] পিপ্পলী, পিঁপুল।
তীক্ষ্ণতা, স্ত্রী. [তীক্ষ্ণ+তা] তেজঃ, ঔল্বণ্য, প্রাখর্য্য।
তীক্ষ্ণতৈল, ন. [তীক্ষ্ণ+তৈল] সর্জরস, মনসাসিজের রস; স্নুহীক্ষীর; সুরা, মদ্য।
তীক্ষ্ণত্ব, নী. [তীক্ষ্ণ+ত্ব] কটুতা, প্রাখর্য্য।
তীক্ষ্ণদংষ্ট্র, পুং. [তীক্ষ্ণ+দংষ্ট্র] ব্যাঘ্র; শার্দ্দূল, বাঘ।
তীক্ষ্ণপত্র; ন. [তীক্ষ্ণ+পত্র] তুম্বুরুবৃক্ষ।
তীক্ষ্ণপুষ্প, ন. [তীক্ষ্ণ+পুষ্প] লবঙ্গ।
তীক্ষ্ণপুষ্পা, স্ত্রী. [তীক্ষ্ণ+পুষ্পা] কেতকী।
তীক্ষ্ণফল, পুং. [তীক্ষ্ণ+ফল] তুম্বুরুবৃক্ষ
তীক্ষ্ণমূল, পুং. [তীক্ষ্ণ+মূল] শিগ্রু; কুলঞ্জন।
তীক্ষ্ণরস, পুং. [তীক্ষ্ণ+রস] যবক্ষার।
তীক্ষ্ণশূক, পুং. [তীক্ষ্ণ+শূক] যব।
তীক্ষ্ণসারা, স্ত্রী. [তীক্ষ্ণ+সারা] শিংশপা।
তীক্ষ্ণা স্ত্রী. [তীক্ষ্ণ+আ] বচা; উগ্রা; লতাবিশেষ; সর্পকঙ্কালিকা বৃক্ষ; কপিকচ্ছু; মহাজ্যোতিষ্মতী; অত্যম্লপর্ণী।
তীক্ষ্ণাগ্র, পুং. [তীক্ষ্ণ+অগ্র] সুচল, ধারাল।
তীক্ষ্ণাগ্নি, পুং. [তীক্ষ্ণ+অগ্নি] উগ্রানল; শীঘ্রপাচক।
তীক্ষ্ণায়স, ন. [তীক্ষ্ণ+অয়স] লৌহবিশেষ, ভিখা, ইস্পাত, তৎপর্য্যায়।—লোহ, শস্ত্রায়স, শস্ত্র, পিণ্ড, পিণ্ডায়স, শঠ,

আয়স, নিশিত, তীব্র, খড়্গ, মুণ্ডিত, অয়ঃ, চিত্রায়স, চীনজ।

তু, ব্য. পাদপূরণ, ভেদ; অবধারণ; সমুচ্চয়; পক্ষান্তর; নিয়োগ; প্রশংসা; বিনিগ্রহ; ভেদার্থ।

তুই, (প্রা) তুমিশব্দের নীচোক্তি।

তুঁদ, (প্রা) তুন্নবৃক্ষ।

তুক্, পুং. [তু+জ] অপত্য; (প্রা) পরের অনিষ্ট সাধন নিমিত্ত মন্ত্রৌষধ করণ, পরহিংসার্থ মন্ত্রপাঠ।

তুক্ক, (প্রা) বাণবিশেষ; কবিতার শেষভাগ।

তুকাক্ষীরী, স্ত্রী. [তুকা+ক্ষীরী] তুসাক্ষীরী, বংশলোচন।

তুখড়, (প্রা) দক্ষ; পরাগ; বলবান।

তুগা, স্ত্রী. [তু+গা] বংশলোচনা।

তুগাক্ষীরী, স্ত্রী.[তুগা+ক্ষীরী] বংশলোচনা।

তুঙ্গ, পুং. [তুজি+অ] পুন্নাগবৃক্ষ; পর্ব্বত; বুধগ্রহ; নারিকেল; গণ্ডক; যোগভেদ; গ্রহদিগের উচ্চরাশি (ত্রি.) উগ্র; প্রধান; উন্নত; (ন.) কিঞ্জল্ক।

তুঙ্গক, পুং. [তুঙ্গ+ক] পুন্নাগবৃক্ষ।

তুঙ্গভদ্র, পুং. [তুঙ্গ+ভদ্র] মদোৎকটহস্তী, মত্তহস্তী।

তুঙ্গভদ্রা, স্ত্রীং. [তুঙ্গ+ভদ্রা] নদীবিশেষ, দক্ষিণদেশেপ্রসিদ্ধ নদীবিশেষ।

তুঙ্গশেখর, পুং. [তুঙ্গ+শেখর] পর্ব্বত, শৈল।

তুঙ্গা, স্ত্রী. [তুঙ্গ+আ] বংশলোচন; শমী।

তুঙ্গিনী, স্ত্রী. [তুঙ্গিন্+ঈ] মহাশতাবরী।

তুঙ্গী, স্ত্রী. [তুঙ্গ+ঈ] হলুদ, হরিদ্রা, বর্ব্বরা; রজনী; (পুং.) তুঙ্গস্থানস্থিত, উচ্চস্থগ্রহ।

তুঙ্গীপতি, পুং, [তুঙ্গী+পতি] চন্দ্র, বিধু।

তুঙ্গীশ, পুং. [তুঙ্গ+ঈশ] শিব; কৃষ্ণ; সূর্য্য।

তুচ্ছ, ন. [তুচ্ছ+অ] পুলাকজ, শস্যরহিত ধান্য, আগড়া, ভুষি, (ত্রি.) শূন্য; হীন, অল্প; অবজ্ঞাত, হেয়; নীচ, হীন, অধম, অমান্যতা, ক্ষুদ্র।

তুচ্ছজ্ঞান, ন. [তুচ্ছ+জ্ঞান] তুচ্ছতাচ্ছল্য, হেয়জ্ঞান, অনাদর, অমান্যতাকরণ।

তুচ্ছতা, স্ত্রীং. [তুচ্ছ+তা] অবজ্ঞা; হেয়তা; নীচত্ব।

তুচ্ছতাচ্ছল্য, (প্রা) তুচ্ছজ্ঞান, তুচ্ছ।

তুচ্ছদ্রু, পুং. [তুচ্ছ+দ্রু] এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।

তুচ্ছধান্যক, ন. [তুচ্ছ+ধান্যক.] পুলাক, আগড়া, ভূষী।

তুচ্ছা, স্ত্রী. [তুচ্ছ+আ] তুত্থা, নীলীবৃক্ষ।

তুজ্জর, (যাং) বণিক্। [পারগ।

তুড়কী (প্রা) ঝম্প; উল্লম্ফ; অনাচার; দক্ষ,

তুড়ন (প্রা) ভৎর্সন, দোষ দেওন, তিরস্কার করণ; খণ্ডন।

তুড়ী, (প্রা) অঙ্গুলিরধ্বনি, অঙ্গুলিস্ফোটন।

তুণি, পুং. [তুণ+ই] কুণি, তুন্নবৃক্ষ।

তুণ্ড-ক, পুং. [তুণ্ড+ক] মুখ, বদন আস্য; ওষ্ঠাধর। [বিম্বিকা।

তুণ্ডকেরিকা, স্ত্রী.[তুণ্ডকা+ঋ-ইকা]কার্পাসী,

তুণ্ডকেরী, স্ত্রী. [তুণ্ডক+ইরী] বিম্বিকা, তেলাকুচা। [নাভি।

তুণ্ডি, পুং. [তুণ্ড+ই] মুখ; চঞ্চু; (স্ত্রী.)

তুণ্ডিকা, স্ত্রী. [তুণ্ড+ইকা] নাভি; বিম্বিকা।

তুণ্ডিকেরি, স্ত্রী. [তুণ্ডিকা+ঋ-ই] কার্পাসী, বিম্বিকা।

তুণ্ডিকেরিকা, স্ত্রী. [তুণ্ডিকা+ইরিকা] বিম্বিকা, কার্পাসী।

তুণ্ডিকেরী, স্ত্রী. [তুণ্ডিকা+ইরী] কার্পাসী, বিম্বিকা, তুণ্ডিকেরিকা, তুণ্ডিকেরি, তুণ্ডকেরী, তুণ্ডিকেশী।

তুণ্ডিকেশী, স্ত্রী. [তুণ্ডিকা+ইশী] বিম্বিকা।

তুণ্ডিভ, ত্রি. [তুণ্ড+ইভ] বৃদ্ধনাভি, বৃহন্নাভিযুক্ত, বড়নাভি।

তুণ্ডিল, স্ত্রী. [তুণ্ডি+ল] বৃদ্ধনাভি; মুখর।

তুতন, (প্রা) স্তবন; ঝুলোন, ভুলান।

তুতপোকা, (প্রা) কীট বিশেষ, গুটিপোকা।

তুতিয়া, (প্রা) তুত্থক, আম্রেয়, বণিকদ্রব্য বিশেষ।

তুতী, (বাং) পক্ষীবিশেষ।

তুৎ, (প্রা) বৃক্ষবিশেষ, তুঁৎগাছ।

তুত্থ, ন. (তুদ্+থ) খর্পরী তুত্থ; অঞ্জনভেদ, তুতিয়া, তৎপর্য্যায়।—নীলাঞ্জন, হরি-

তাশ্ম, তুত্থক, ময়ূরগ্রীবক, তাম্রগর্ভ, অমৃতোদ্ভব, ময়ূরতুথ, শিখীকণ্ঠ, নীল, তুত্থাঞ্জন, শিখীগ্রীব, বিতুন্নক, ময়ূরক, তুতক, মৃষাতুথ, মৃতামদ; রসাঞ্জন; গ্রাবা; অগ্নি; (পুং.) অগ্নি; উপধাতু-বিশেষ।

তুত্থক, ন. [তুত্থ+ক] অঞ্জনবিশেষ, তুত্থ, খনিক দ্রব্যবিশেষ, তুতিয়া।

তুত্থা, স্ত্রী. [তুত্থ+আ] নীলীবৃক্ষ; ক্ষুদ্রৈলা; মহানীলী।

তুত্থাঞ্জন, ন. [তুত্থ+অঞ্জন] উপধাতুবিশেষ, তুত্থ, তুতিয়া।

তুৎপোকা, (প্রা) কীটবিশেষ, গুটিপোকা।

তুন, পুং. [তু+ন] নন্দীবৃক্ষ, তুঁদগাছ।

তুন্দ, ন. [তুন্দ+অ] উদর, জঠর, পেট।

তুন্দকূপিকা, স্ত্রী. [তুন্দ+কূপিকা] নাভি।

তুন্দকূপী, স্ত্রী. [তুন্দ+কূপী] নাভি, নাভি-কূপ।

তুন্দপরিমার্জ্জ, ত্রি. [তুন্দ+পরিমার্জ্জ] তুন্দ পরিমৃজ, অলস্য, আলস্য, অকর্ম্মা।

তুন্দপরিমৃজ, ত্রি. [তুন্দ+পরিমৃজ] অলস; আলস্য, অকর্ম্মা

তুন্দি, ন. [তুন্দ+ই] উদর; (পুং.) গন্ধর্ব্ব-বিশেষ, (স্ত্রী.) নাভি।

তুন্দিক, ত্রি. [তুন্দ+ইক] বিশালজঠর যুক্তব্যক্তি, স্থূলোদর, পেটাল, ভুঁড়ি-ওয়ালা।

তুন্দিকা, স্ত্রী. [তুন্দ+ইকা] নাভি।

তুন্দিত, ত্রি. [তুন্দ+ইত] তুণ্ডিল।

তুন্দিভ, ত্রি. [তুন্দ+ইভ] তুন্দিল।

তুন্দিল, ত্রি. [তুন্দ+ইল] বিশালজঠরযুক্ত ব্যক্তি, ভুঁড়ে, তৎপর্য্যায়।—পিচিণ্ডিল, বৃহৎকুক্ষি, তুন্দিক, তুন্দিভ, তুন্দী, স্থূলোদর, পেটাল, ভুঁড়িওয়ালা।

তুন্দিলফলা, স্ত্রী. [তুন্দিল+ফলা] ত্রপুষী।

তুন্দী, স্ত্রী. [তুন্দ+ঈ] নাভি; (ত্রি.) তুন্দিল।

তুন্ন, পুং. [তুদ+ন] নন্দীবৃক্ষ, তুঁদ (ত্রি.) ব্যথিত।

তুন্নবায়, পুং. [তুন্ন+বায়] সৌচিক, দরজী, সূচীকর্ম্মকারী।

তুফান, (যাং) ঝড়ঝাঁটি, জোরবাতাস।

তুবড়ন, (প্রা) শুষ্কহওন, কোঁকড়ন।

তুবড়ী, (প্রা) অগ্নিক্রীড়াসাধন; বারুদপূর্ণ-গোলা; বংশীবিশেষ।

তুবর, পুং. [তু+বর] কষায়রস, (ত্রি.) কষায়-রসযুক্ত; শ্মশ্রুহীন।

তুবরযাবনাল, পুং. [তুবর+যাবনাল] ধান্য-বিশেষ, তৎপর্য্যায়।—তুবর, কষায়যাব-নাল, রক্তযাবনাল, লোহিতকস্তুম্বুরুধান্য।

তুবরিকা, স্ত্রী. [তুবর+ইকা] সুরাষ্ট্রজ-মৃত্তিকা; আঢ়কী।

তুবরী, স্ত্রী. [তুবর+ঈ] আঢ়কী; সৌরাষ্ট্রজ-মৃত্তিকা, তৎপর্য্যায়।—মৃৎ, সৌরাষ্ট্রী, মৃৎস্না, আসঙ্গ, মসী, সুরাষ্ট্রজা, মৃত্তা-লক, কালী, মৃত্তিকা, সুরমৃত্তিকা, স্তুতা, কাক্ষী, সুজাতা। [বৃক্ষ।

তুবরীশিম্ব, পুং. [তুবরী+শিম্ব] চক্রমর্দ্দক

তুবি, স্ত্রী. [তুব+ই] তুম্বী।

তুমড়ী, (প্রা) সাপুড়িয়ার বাঁশী।

তুমার, (যাং) রাশি; পরিগণনা; (হি) তোমার।

তুমি, (প্রা) ত্বং শব্দের অপভ্রংশ।

তুমুর, পুং. ন. [তু+মুর] তুমুল।

তুমুল, পুং. [তু+মুল] রণসঙ্কুল; সঙ্কীর্ণ-যুদ্ধ, পরস্পরসম্বাধরণসজ্জট, (পুং.) কলি-বৃক্ষ; ব্যাকুলিতরণ, অতিশয় রণ, ঘোর-তর রণ; গণ্ডগোল।

তুমুলযুদ্ধ, ন. [তুমুল+যুদ্ধ] ঘোররণ।

তুমতড়াক্, (যাং) আড়ম্বর, জাঁকজমক।

তুম্ব, পুং. স্ত্রী. [তুবি+অ] অলাবু, লাউ।

তুম্বক, পুং. [তুম্ব+ক] অলাবু, লাউ।

তুম্বকী, (প্রা) বাদ্য বিশেষ, ঢক্কাবিশেষ।

তুম্বা, স্ত্রী. [তুম্ব+আ] অলাবু; গবী।

তুম্বি, স্ত্রী. [তুম্ব+ই] অলাবু।

তুম্বিকা, স্ত্রী. [তুম্ব+ইকা] অলাবু, লাউ; কটুতুম্বী। [লাউ।

তুম্বিনী, স্ত্রী. [তুম্ব+ইন্-ঈ] কটুতুম্বী, তিত-

তুম্বী, স্ত্রী. [তুম্ব+ঈ] অলাবু; কুলিকবৃক্ষ।

তুম্বীপুষ্প, নং. [তুম্বী+পুষ্প] লতাম্বুজ, অলাবুপুষ্প।

তুম্বুক, নং. [তুম্বু+ক] অলাবুফল, (পুং.) অলাবু, লাউ
তুম্বুরী, স্ত্রী. [তুম্বুর+ঈ.] কুক্কুরী, স্ত্রীকুক্কুর, ধন্যাক।
তুম্বুরু, ন. [তুম্ব+উরু] কুস্তুম্বুরু, (পুং.) গন্ধর্ব্ববিশেষ, স্বর্গগায়ক; অর্হদুপাসক বিশেষ; বৃক্ষভেদ, তৎপর্য্যায়।—শূলঘ্ন, সৌরভ, সৌর, বনজ, সানুজ, দ্বিজ, তীক্ষ্ণকল্ক, তীক্ষ্ণফল, তীক্ষ্ণপত্র, মহামুনি, স্ফুটল, সুগন্ধি; (পুং. ন.) ফলবৃক্ষবিশেষ। [গমন।
তুর, ত্রি. [তুর+অ] বেগবান বেগ, শীঘ্র-
তুরগ, পুং. [তুর+গ] চিত্ত; মনঃ, অন্তকরণ; ঘোটক, তুরঙ্গ, অশ্ব।
তুরগগন্ধা, স্ত্রী. [তুরগ+গন্ধা] অশ্বগন্ধাবৃক্ষ।
তুরগব্রহ্মচর্য্যক, নং. [তুরগ+ব্রহ্মচর্য্যক] অভাবহেতুক অঙ্গনাত্যাগ।
তুরগারোহী, পুং. [তুরগ+আরোহিন্] অশ্বারোহী, ঘোড়সওয়ার।
তুরগী, ত্রি. [তুরগ+ইন্] অশ্বারোহ, (স্ত্রী.) অশ্বগন্ধা; অশ্বস্ত্রী, ঘোটকী; ঘোড়াচড়া।
তুরঙ্গ, পুং. স্ত্রী. [তুরম্+গ] ঘোটক, অশ্ব, ঘোড়া; চিত্ত, অন্তঃকরণ।
তুরঙ্গক, পুং. [তুরঙ্গ+ক] ঘোটকাকৃতি, হস্তিঘোষা।
তুরঙ্গদ্বিষণী, স্ত্রী. [তুরঙ্গ+দ্বিষণী] মহিষী, লুলাপী।
তুরঙ্গপ্রিয়, পুং. [তুরঙ্গ+প্রিয়] যব।
তুরঙ্গবক্ত্র, পুং. [তুরঙ্গ+বক্ত্র] কিন্নর; গন্ধর্ব্ববিশেষ।
তুরঙ্গবদন, পুং. [তুরঙ্গ+বদন] কিন্নর; গন্ধর্ব্ববিশেষ।
তুরঙ্গম, পুং. [তুরম্+গম] ঘোটক, অশ্ব, বাজী, হয়।
তুরঙ্গসাদী, পুং. [তুরঙ্গ+সাদী] তুরঙ্গারূঢ়, অশ্বারোহী।
তুরঙ্গারি, পুং. [তুরঙ্গ+অরি] করবীর
তুরঙ্গিকা, স্ত্রী. [তুরঙ্গ+ইকা] দেবদালীলতা
তুরঙ্গী, স্ত্রী. [তুরঙ্গ+ঈ] অশ্বগন্ধাবৃক্ষ; ঘোটিকাবৃক্ষ; ঘোটকী, মাদাঘোড়া

তুরঙ্গবীন্, (যাং) বংশলোচনা।
তুরপন, (প্রা) ঘুমা, ভমরী, কাষ্ঠাদিছিদ্র করণার্থ অস্ত্র।
তুরপান, (প্রা) বিঁধন, ছিদ্রকরণ।
তুরায়ণ, ত্রি. [তুর+অয়ন] পরায়ণ, তদ্গত, নিবিষ্ট।
তুরাষাট্, পুং. [তুরা+সহ] ইন্দ্র, দেবরাজ।
তুরাষাড্, পুং. [তুরা+সহ] ইন্দ্র, দেবরাজ।
তুরাষাহ, পুং. [তুরা+সহ] ইন্দ্র, সুরপতি।
তুরি, স্ত্রী. [তুর+ই] তুরী, মাকু।
তুরী, স্ত্রী. [তুর+ঈ] তন্ত্রবায়ের কাষ্ঠ নির্ম্মিত উপকারণবিশেষ, তন্ত্রকাষ্ঠ, তুলি, তুলী, তুরি, মাকু।
তুরীয়, ন. [তুর+ঈয়] ব্রহ্ম; অজ্ঞানতঃ উপহিত চৈতন্যের আধার ভূত অনুপহিত চৈতন্য; (ত্রি.) চতুর্থ, চতুঃসংখ্যারপূরণ।
তুরীয়বর্ণ, পুং. [তুরীয়+বর্ণ] শূদ্র, অবরবর্ণ।
তুরুক্, (যাং) তুরুষ্ক।
তুরুক্সয়ার, (যাং) অশ্বারোহী।
তুরুম, (প্রা) পাদবন্ধনী, নিগড়, বেড়ী।
তুরুষ্ক, পুং. [তুরু+উস্-ক] গন্ধদ্রব্যভেদ, শিলারস, তৎপর্য্যায়।—যবন, ধূম্র, ধূম্রবর্ণ, সুগন্ধিক, সিহ্লক, সিহ্লসার, পীতসার, কপি, পিণ্যাক, কপিজ, কল্ক, পিণ্ডিত, পিণ্ডিতৈলক, করেবর, কৃত্রিমক, লেপন, সিহ্ল, কপিচঞ্চল, যাবল, তৈলাখ্য, পিণ্ডিক, জাব, যাবত; ম্লেচ্ছজাতিবিশেষ, পৃষধ্রাজবংশীয় অভিসপ্ত পুরুষ, তুরুক্জাতি; দেশবিশেষ, তুরুকস্তান্, তুরকীদেশ, শাখী; শ্রীবাসকবৃক্ষ।
তুর্ব্বসু, পুং. [তুর্ব্ব+সু] যযাতি রাজপুত্র।
তুর্য্য পুং. [চতুর+য] চতুর্থ।
তুল, ন. [তুল+অ] পরিমাণদণ্ড, দাঁড়ীপালা; তৌলকরা; বড়গোল
তুলৎ, ন. [তুল+অৎ] হরিতালাক্ত কাগজ, বর্ণিত, লিখনাধার।
তুলন, (প্রা) পরিমাণকরণ; সাদৃশ্যকরণ; উন্নয়ন, উঠান। [উপমা।
তুলনা, স্ত্রী. [তুল+অন-আ] দৃষ্টান্ত, সাদৃশ্য,

তুলসী, স্ত্রী. [তুল+অস-ঈ] স্বনামখ্যাতবৃক্ষ, তৎপর্য্যায়।—সুভগা, তীব্রা, পাবনী, বিষ্ণুবল্লভা, সুরেজ্যা, সুরসা, কায়স্থা, সুরদুন্দুভি, সুরভি, বহুপত্রী, মঞ্জরী, হরিপ্রিয়া, অপেতরাক্ষসী, শ্যামা, গৌরী, ত্রিদশমঞ্জরী, ভূতঘ্নী, ভূতপত্রী, পর্ণাস, বৃন্দা, কঠিঞ্জর, কুঠেরক, বৈষ্ণবী, পুণ্যা, পবিত্রা, মাধবী, অমৃতা, পত্রপুষ্পা, সুগন্ধা, গন্ধহারিণী, সুরবল্লী, প্রেতরাক্ষসী, সুবহা, গ্রাম্যা, সুলভা, বহুমঞ্জরী, দেবদুন্দুভি; ক্ষুদ্রপত্র তুলসী পর্য্যায়।—খরপত্র, জম্বীর, পত্রপুষ্প, ফণিজ্ঝক, অল্পপত্র, সমীরণ, মরুবক, প্রস্থপুষ্প; গন্ধতুলসী পর্য্যায়।— সুগন্ধক, গন্ধনামা, তীক্ষ্ণগন্ধ, কণিজ্ঝক, গন্ধফণিজ্ঝ, সুগন্ধ, দেবদুন্দুভি; রক্ত তুলসী; বিল্ব গন্ধতুলসী পর্য্যায়।— বৈকুণ্ঠক, বিল্বগন্ধ, অল্পমানক; শ্বেত তুলসী পর্য্যায়।— অর্জ্জক, শ্বেতপর্ণাস, গন্ধপত্র, কুঠেরক, অস্রার্জ্জক, তীক্ষ্ণ, তীক্ষ্ণ গন্ধ, সিতার্জ্জক; কৃষ্ণতুলসী পর্য্যায়।—কৃষ্ণার্জ্জক, কৃষ্ণপর্ণী, কালমান, করালক, কালপর্ণী, সুরভি, মানক, কালমানক; বর্ব্বরী-তুলসী পর্য্যায়।—সুরভি, তুলসীদ্বেষ, সুরসা, অপেতরাক্ষসী, বর্ব্বরী, কবরী, তুঙ্গী, খরপুষ্পা, অজগন্ধিকা।

তুলসীদ্বেষা, স্ত্রী. [তুলসী+দ্বেষা] বর্ব্বরী, বাবুইতুলসী।

তুলা, স্ত্রী. [তুল+আ] সাদৃশ্য; মান, নিক্তি; গৃহের দারুবন্ধের নিমিত্ত পীঠ; পলশত; ভাণ্ড; মেষাদি দ্বাদশ রাশ্যন্তর্গত সপ্তমরাশি, তৎপর্য্যায়।—যুক, যুক্, ধট, তৌলী, তুলাভৃৎ; পরীক্ষাবিশেষ; কার্পাস।

তুলাকোটি, স্ত্রী. [তুলা+কোটি] নূপুর, নেপুর; মানভেদ, পরিমাণ দণ্ডের অগ্রভাগ; অর্ব্বুদ।

তুলাকোটী, স্ত্রী. [তুলা+কোটী] তুলাকোটি।

তুলাকোষ, পুং. [তুলা+কোষ] তুলাপরীক্ষা।

তুলাধর, পুং. [তুলা+ধর] তুলারাশি; সূর্য্য; (ত্রি.) বণিক; তুলাগুণ।

তুলাধার, ত্রি. [তুলা+আধার] বণিক্; তুলাগুণ; ধর্ম্মব্যাধ।

তুলাপুরুষদান, ন. [তুলাপুরুষ+দান] ষোড়শ মহাদানান্তর্গত দান বিশেষ, আপন দেহ পরিমাণে তৈজসাদিদান।

তুলাবীজ, ন. [তুলা+বীজ] গুঞ্জা; কুঁচ; কার্পাস বীজ।

তুলি, স্ত্রী. [তুল+ই] তুরী, তুলিকা; বর্ত্তি, চিত্রকরেরউপকরণবিশেষ; মাকু।

তুলিকা, স্ত্রী. [তুল+ইক] খঞ্জনিকা।

তুলিনী, স্ত্রী. [তুল+ইন-ঈ] শাল্মলিবৃক্ষ, শিমুলগাছ।

তুলিফলা, স্ত্রী. [তুলি+ফলা] শাল্মলি, শিমুলগাছ।

তুলী, স্ত্রী. [তুল+ঈ] তুরী।

তুল্য, ত্রি. [তুল+য] সাদৃশ্যযুক্ত, তৎপর্য্যায়। সম, সদৃক্ষ, সদৃশ, সদৃক্, সাধারণ, সমান, সধর্ম্ম, সম্মিত, স্বরূপ, নিভ, সঙ্কাশ, নীকাশ; প্রতীকাশ, উপমা, ভূত, রূপ, কল্প, প্রভ, অভেদ, একার্থ।

তুল্যজ্ঞান, ন. [তুল্য+জ্ঞান] সমানবোধ, অভেদজ্ঞান।

তুল্যতন্ত্র ন. [তুল্য+তন্ত্র] একপ্রকার, এক ধর্ম্ম, ঐক্য।

তুল্যপান, ন. [তুল্য+পান] আত্মীয়জনের সহিত মিলিত হইয়া এককালে পানকরা, সপীতি।

তুল্যবল, ত্রি. [তুল্য+বল] সমতুল্য ক্ষমতা।

তুল্যবৃত্তি, ত্রি. [তুল্য+বৃত্তি] একব্যবসায়ী।

তুল্যভাবন, ন. [তুল্য+ভাবন] এক পরিমাণে গণনা।

তুল্যরূপ, ত্রি. তুল্য+রূপ] তুল্য অবয়ব।

তুল্যানুতুল্য, পুং. [তুল্য+অনুতুল্য] অবিকল, সদৃশ, অনুরূপ, একপ্রকার, অভেদ।

তুল্যানুমান, ন. [তুল্য+অনুমান] সমানবোধ, অনুরূপজ্ঞান; এক প্রকার অনুভব।

তুশক্, (বাং) আস্তরণবিশেষ।

তুষ, পুং. [তুষ্+অ] ধান্যত্বক্, খোসা; বিভীতকবৃক্ষ।

তুষগ্রহ, পুং. [তুষ+গ্রহ] অগ্নি, অনল, বহ্নি।

তুষণ, ন. [তুষ+অন] হর্ষণ, তুষ্টকরণ।
তুষসার, পুং. [তুষ+সার] অগ্নি, অনল,বহ্নি।
তুষানল, পুং. [তুষ+অনল] তুষাগ্নি, কুকুল, তুষযুক্ত বহ্নি, তুঁষেরআগুন; প্রাণান্তিক প্রায়শ্চিত্ত।
তুষার, পুং. [তুষ+আর] হিম; দেশবিশেষ; শীকর; হিমভেদ; (ত্রি.) শীতল; কর্পূরাভেদ; নীহার, বরফ।
তুষারকণ, পুং. [তুষার+কণ] হিমবিন্দু, হিমকণিকা।
তুষারকাল, পুং, [তুষার+কাল] হেমন্তকাল।
তুষারপাত, পুং. [তুষার+পাত] হিমপাত।
তুষারাদ্রি, পুং. [তুষার+অদ্রি] হিমালয় পর্ব্বত।
তুষিত, পুং. [তুষ+ইত] দেবগণবিশেষ।
তুষোত্থ, ন. [তুষ+উত্থ] তুষোদক। [ভেদ।
তুষোদক. ন. [তুষ+উদক] কাঞ্জিক; কাঞ্জিক
তুষ্ট, ত্রি. [তুষ+ত] সন্তোষপ্রাপ্ত, আহ্লাদিত, আপ্যায়িত; হর্ষযুক্ত, তোষপ্রাপ্ত।
তুষ্টি, স্ত্রী. [তুষ+তি] তোষ,সন্তোষ,আহ্লাদ, তৃপ্তি; মাতৃকাবিশেষ।
তুষ্টিকর, পুং. [তুষ্টি+কর] সন্তোষজনক, তৃপ্তিকর।
তুষ্টিজনন, ত্রি. [তুষ্টি+জনন] তুষ্টিকর।
তুষ্টিমান্, পুং. [তুষ্টি+মৎ] তৃপ্ত, সন্তোষান্বিত, আপ্যায়িত, হর্ষিত, আহ্লাদিত।
তুষ্টু, পুং. [তুষ্ট+উ] কর্ণমণি।
তুষ্ণীক, ন. [তুষ্ণ+ঈক] মৌনী, নিঃশব্দ।
তুস, পুং. [তুষ্+অ] তুষ, ধানেরখোসা।
তুস্ত, ন. [তুস+ত] ধুলি, রজঃ, ধুলা।
তুহিন, নং. [তুহ+ইন] হিম, তুষার; চন্দ্রতেজ, শীতল, জ্যোৎস্না।
তুহিনাংশু, পুং. [তুহিন+অংশু]চন্দ্র, নিশাকর; কর্পূর।
তুহিনাংশুতৈল, ন. [তুহিনাংশু+তৈল] কর্পূরতৈল। [পর্ব্বত।
তুহিনাদ্রি, পুং. [তুহিন+অদ্রি] হিমালয়
তুণ, পুং. [তুণ+অ] বাণ রাখিবার পাত্র, বাণাধার, তৎপর্য্যায়।—উপাসঙ্গ, তুণীর, নিষঙ্গ, ইষুধি, তুণী।

তুণক, স্ত্রী. [তুণ+ক] ছন্দোবিশেষ।
তূণৎ, [তুণ+অৎ] সঙ্কুচিত, কুণ্ঠিত।
তুণী, স্ত্রী. [তুণ+ইন্] তুণ;(পুং.)নন্দীবৃক্ষ; (ত্রি.) তুণযুক্ত।
তুণীক, পুং. [তুণী+ক] নন্দীবৃক্ষ।
তুণীর, পুং. [তুণ+ঈর] তুণ, বাণাধার, বাণ রাখিবার পাত্র।
তুতক, ন. [তুত+ক] তুত্থ, তুতিয়া।
তুতপোকা, (প্রা) কীটবিশেষ, গুটিপোকা।
তুঃ-তুর্, স্ত্রী. [ত্বর+উ] সত্বরতা; (পুং) বার্ত্তাহর।
তুর, ন. [ত্বর+অ] বাদ্য, বাজনা।
তূদ, পুং. তুলবৃক্ষ।
তুরী, স্ত্রী. [তুর+ঈ] ধুস্তুরবৃক্ষ, ধুতুরাগাছ; (হি) ক্ষুদ্রভেরী।
তুর্ণ, ন. [ত্বর+ত] শীঘ্র, (ত্রি.) দ্রুতগামী, দ্রুত, ত্বরিত। [বেগ।
তুর্ণি, পুং. [ত্বর+নি] মল; ত্বরা; শ্লোক; মনঃ
তুবর, পুং. [তু+বর] কালেঅজাতশৃঙ্গগাভি, নেড়াগরু; শ্মশ্রুহীনপুরুষ, মাকুন্দিয়া; পুরুষবাঞ্জনত্যক্ত, কষায় রস।
তুবরিকা, স্ত্রী. [তুবর+ইক] তুবরিকা।
তুবরী, স্ত্রী. [তুবর+ঈ] সৌরাষ্ট্রমৃত্তিকা।
তুর্য্য, ন. [চতুর্+য] বাদ্য, ভোড়ঙ্গ; চতুর্থ।
তুর্য্যখণ্ড, [তুর্য্য+খণ্ড] দ্রগড় বাদ্য, দগড়া।
তুর্য্যাংশ, পুং. [তুর্য্য+অংশ] চতুর্থাংশ, সিকিভাগ।
তুল, ন. [তুল+অ] আকাশ; অশ্বত্থাকারবৃক্ষ বিশেষ, পলাশ পিপল, ভুত, তৎপর্য্যায়।—তুদ, ব্রহ্মকাষ্ঠ, ব্রাহ্মণেষ্ট, পুষক, ব্রহ্মদারু, সুপুষ্প, সুরূপ, নীলবৃন্তক, ক্রমুক, বিপ্রকাষ্ঠ, মদসার, পুগ; (পুং.) কার্পাসাদিরতুল, তৎপর্য্যায়।—পিচু; পিচুল, পিচুতুল, তুলপিচু, পিচুতুল; পলাশগাছ; আকাশ; হিস্তী।
তুলক, স্ত্রী. [তুল+ক] তুল, কার্পাসাদির তুলা; (পুং.) পলাশগাছ।
তুলকার্ম্মুক, ন. [তুল+কার্ম্মুক] তুলস্ফোটনার্থ ধনুঃ, ধুনখরা, পিঞ্জল, তুলকোঁড়া ধনুঃ।

তুলচাপ, পুং. [তুল+চাপ] তুলকার্ম্মুক।
তুলনালিকা, স্ত্রী. [তুল+নালিকা] পিঞ্জিকা তুলার পাঁইজ।
তুলনালী, স্ত্রী. [তুল+নালী] তুলনালিকা, পিঞ্জিকা, তুলার পাঁইজ।
তুলপিচু, পুং. [তুল+পিচু] তুল।
তুলবৃক্ষ, পুং. [তুল+বৃক্ষ] শাল্মলীবৃক্ষ, শিমুলগাছ
তুলশর্করা, স্ত্রী. [তুল+শর্করা] কার্পাসবীজ, কাপাস বীচি।
তুলসেচন, ন. [তুল + সেচন] সূত্রকর্ত্তন, কাটনাকাটা।
তুলা, স্ত্রী. [তুল+আ] কার্পাসী; বর্ত্তি; বীজোদ্ধৃত কার্পাস।
তুলি, স্ত্রী. [তুল+ই] স্বনামখ্যাত চিত্রকরোপকরণ, তুলী।
তুলিকা, স্ত্রী. [তুল+ইকা] চিত্রকরোপকরণ, তুলী, তৎপর্য্যায়।—ঈষিকা, তুলি, তুলী, ঈষীকা; ইষীকা; বীরণাদিশলাকা; শর্য্যোপকরণ, তোষক, বর্ত্তি।
তুলিনী, স্ত্রী. [তুল+ইন-ঈ] লক্ষ্মণাকন্দ; শাল্মলিবৃক্ষ।
তুলিফলা, স্ত্রী. [তুলী+ফলা] শাল্মলিবৃক্ষ, শিমুলগাছ।
তুলী, স্ত্রী. [তুল+ঈ] নীলী; বর্ত্তি; তুলিকা, চিত্রকরেরউপকরণ।
তুষ, ন. [তুষ+অ] তুষ্টি, হর্ষ; আনন্দ।
তূষ্ণীং, ব্য.[তুষ্+নীম্] মৌন, নীরব,নিঃশব্দ
তূষ্ণীংশীল, ত্রি. [তূষ্ণীম্+শীল] মৌনী, তূষ্ণীক, নীরব, নিঃশব্দ। [মৌনী।
তূষ্ণীক, ত্রি. [তূষ্ণী+ক] তূষ্ণীংশীল নীরব,
তূষ্ণীকাং, ব্য. [তূষ্ণীম্+কাম্] মৌন।
তূষ্ণীম্ভূত, ব্য. [তূষ্ণীম্+ভূত] নীরব, নিঃশব্দ, মৌনী। [সূক্ষ্ম।
তুস্ত, ন. [তুস্+ত] ধূলী, ধূলি; জটা; পাপ;
তূষ, ন. ফলবিশেষ, জাতীফল।
তূষ্টি, স্ত্রী.[তুষ্+অ] ইচ্ছা; তৃষ্ণা; কামকন্যা।
তৃণ, ন. [তৃণ+অ] নড়াদি, চিনাখড়; তৎপর্য্যায়।—অর্জ্জুন, তৃণ, খট, খেট, হরিত, তাণ্ডব, ঘাস, খড়, পত্রাদি।
তৃণকুঙ্কুম, ন. [তৃণ+কুঙ্কুম] সুগন্ধদ্রব্যভেদ, তৎপর্য্যায়।—তৃণাসৃক্, গন্ধি, তৃণশোণিত, তৃণপুষ্প, গন্ধাধিক, তৃণোত্থ, তৃণগৌর, লোহিত।
তৃণকুটী, স্ত্রী. [তৃণ+কুটী] তৃণাচ্ছাদিত গৃহ, কায়মান, তৃণৌক, খড়োঘর।
তৃণকূর্ম্ম, পুং. [তৃণ+কূর্ম্ম] তুম্বী।
তৃণকেতু, পুং. [তৃণ+কেতু] বংশ, বাঁশ।
তৃণকেতুক, পুং. [তৃণ+কেতুক] বংশ, বাঁশ।
তৃণগোধা, স্ত্রী. [তৃণ+গোধা] চিত্রকোল; কৃকলাস, কাঁকলাস, তৃণজলৌকা, ছিনেজোঁক।
তৃণগ্রন্থি, স্ত্রী. [তৃণ+গ্রন্থি] স্বর্ণজীবন্তী।
তৃণগ্রাহী, পুং. [তৃণ+গ্রাহিন্] নীলমণি; মণিবিশেষ, কাফুরদানা; শুকাপউ, তৃণমণি, তৃণগ্রাহক।
তৃণজম্ভ, ত্রি. [তৃণ+জম্ভ] তৃণভক্ষক; তৃণবর্ণ দন্তযুক্ত।
তৃণজাতি, পুং. [তৃণ+জাতি] উদ্ভিজ্জ।
তৃণতা, স্ত্রী. [তৃণ+তা] ধনুঃ; তৃণত্ব, তৃণের ভাব।
তৃণদ্রুম, পুং. [তৃণ+দ্রুম] তৃণধ্বজ, তাল; গুবাক; তালী; কেতকী; খর্জ্জূর, খর্জ্জূরী, নারিকেল; হিন্তাল।
তৃণধান্য, ন. [তৃণ+ধান্য] ধান্যবিশেষ,উড়িধান, নীবার।
তৃণধ্বজ, পুং [তৃণ+ধ্বজ] বংশ, বাঁশ।
তৃণনিম্ব, পুং. [তৃণ+নিম্ব] নেপালনিম্ব।
তৃণপত্রিকা, স্ত্রী. [তৃণ+পত্রিকা] ইক্ষুদর্ভা।
তৃণপত্রী, স্ত্রী. [তৃণ+পত্রী] গুণ্ডাশিনী।
তৃণপুষ্প, ন. [তৃণ+পুষ্প] তৃণকুঙ্কুম।
তৃণপুষ্পী, স্ত্রী. [তৃণ+পুষ্পী] সিন্দুরপুষ্পী-
তৃণপূলী, স্ত্রী. [তৃণ+পূলী] চঞ্চা, চাঁচ।
তৃণবল্বজা, স্ত্রী. [তৃণ+বল্বজা] বল্বজা।
তৃণবীজ, ন. [তৃণ+বীজ] শ্যামাকদূর্ব্বা; শ্যামাঘাস
তৃণবীজোত্তম, পুং. [তৃণ+বীজ+উত্তম] শ্যামাক।
তৃণমণি, [তৃণ+মণি] তৃণগ্রাহী।

তৃণমৎকুণ, পুং. [তৃণ+মৎকুণ] লগ্নক, জামিন, প্রতিভূ। [কেলাদি।
তৃণরাজ, পুং. [তৃণ+রাজন] তালবৃক্ষ; নারি-
তৃণশীত, ন. [তৃণ+শীত] কতৃণ, গন্ধতৃণ।
তৃণশীতা, স্ত্রী. [তৃণ+শীতা] জলপিপ্পলী।
তৃণশূন্য, পুং. [তৃণ+শূন্য] মল্লিকা; কেতকীফল, (ত্রি.) তৃণরহিত।
তৃণষট্পদ, পুং. [তৃণ+ষট্পদ] বরোল, বোলতা।
তৃণসারা, স্ত্রী. [তৃণ+সারা] কদলী, রম্ভা।
তৃণসিংহ, পুং. [তৃণ+সিংহ] কুঠার, পরশু, কুড়ালি।
তৃণহর্ম্ম্য, পুং. [তৃণ+হর্ম্ম্য] তৃণযুক্তাট্টালিকা, অট্টালিকোপরি তৃণ নির্ম্মিত গৃহ, ময়ট। [তৃণ।
তৃণাংত্রিক, পুং. [তৃণ+অংত্রিক] মন্থানক-
তৃণাগ্নি, পুং. [তৃণ+অগ্নি] তৃণজাতাগ্নি, বৎসল, খড়ের আগুন।
তৃণাঞ্জন, পুং. [তৃণ+অঞ্জন] কৃকলাস।
তৃণাঢ্য, ন. [তৃণ+আঢ্য] পর্ব্বতভৃণ; তৃণযুক্ত।
তৃণাম্ল, ন. [তৃণ+অম্ল] লবণ তৃণ।
তৃণাসৃক, পুং. [তৃণ+অসৃক] তৃণ কুঙ্কুম।
তৃণেক্ষু, পুং. [তৃণ+ইক্ষু] বল্বজা।
তৃণোল্কা, স্ত্রী. [তৃণ+উল্কা] খড়ের নুড়া।
তৃণোত্তম, পুং. [তৃণ+উত্তম] উখরঙ্গ তৃণ।
তৃণোদ্ভব, পুং. [তৃণ+উদ্ভব] নীবার; উড়িধান।
তৃণৌকা, ন. [তৃণ+ওকস্] কায়মান, তৃণ নির্ম্মিত গৃহ, খড়ুয়াঘর।
তৃণৌষধ, ন. [তৃণ+ঔষধ] এলবালুকাখ্য-গন্ধদ্রব্য।
তৃণ্যা, স্ত্রী. [তৃণ+য-আ] তৃণসমূহ।
তৃতীয়, ত্রি. [ত্রি+তীয়] তিনেরপূরণ, তেসরা।
তৃতীয়ক, পুং. [তৃতীয়+ক] তৃতীয়ক জ্বর।
তৃতীয়প্রকৃতি, স্ত্রী. [তৃতীয়+প্রকৃতি] তৃতীয়াপ্রকৃতি, নপুংসক।
তৃতীয়া, স্ত্রী. [তৃতীয়+আ] তিথিবিশেষ, চন্দ্রমণ্ডলের তৃতীয়কলা ক্রিয়ারূপ, চন্দ্রকলারক্রিয়োপলক্ষিতা কাল।
তৃতীয়াকৃত, ত্রি. [তৃতীয়+আকৃত] বারত্রয়কৃষ্ট ক্ষেত্র, তিনবার চাসদেওয়া ক্ষেত।
তৃতীয়াপ্রকৃতি, স্ত্রী. [তৃতীয়া+প্রকৃতি] নপুংসক, ক্লীব, হিজ্ড়া।
তৃপৎ, পুং. [তৃপ+অৎ] চন্দ্র; ছত্র; জাতি।
তৃপলা, স্ত্রী. [তৃপ+লা] লতা; ত্রিফলাবিশেষ।
তৃপ্ত, ত্রি. [তৃপ+ত] তৃপ্তিযুক্ত, পরিতোষান্বিত, সন্তুষ্ট; হর্ষিত, আপ্যায়িত।
তৃপ্তি, স্ত্রী. [তৃপ+তি] ভক্ষণাদিদ্বারা আকাঙ্ক্ষা নিবৃত্তি, সৌহিত্য, তর্পণ; প্রীণন, আসিতম্ভব, পরিতোষ; ক্ষুন্নিবৃত্তি; আহ্লাদ।
তৃপ্তিকর, পুং. [তৃপ্তি+কর] আহ্লাদকর, সন্তোষজনক।
তৃপ্তিজনক, পুং. [তৃপ্তি+জনক] তৃপ্তিকর, আহ্লাদজনক। [হবিঃ।
তৃপ্র, পুং. [তৃপ+র] ঘৃত, পুরোডাশ, আজ্য,
তৃফলা, স্ত্রী. [তৃ+ফলা] ত্রিফলা।
তৃফূ, পুং. [তৃফ+ঊ] সর্পজাতি, বিষধর।
তৃষা, স্ত্রী. [তৃষ+আ] তৃষ্ণা, পিপাসা; ইচ্ছা, বাঞ্ছা; কামকন্যা, লাঙ্গলিকীবৃক্ষ।
তৃষার্ত্ত, পুং. [তৃষ+আর্ত্ত] তৃষ্ণাতুর, পিপাসু।
তৃষাভূ, স্ত্রী. [তৃষা+ভূ] ক্লোম।
তৃষাহ, ন. [তৃষা+হন] জল, পয়ঃ, সলিল।
তৃষাহা, স্ত্রী. [তৃষাহ+আ] মধুরিকা।
তৃষিত, ত্রি. [তৃষ+ইত] তৃষ্ণাযুক্ত, তর্ষিত, সতৃট্, (ন.) তৃষ্ণা, পিপাসা। [পর্ণী।
তৃষিতোত্তরা, স্ত্রী. [তৃষিত+উত্তরা] অশন-
তৃষ্ণক্, পুং. [তৃষ+নজ্] পিপাসুক, ইচ্ছুক; কামুক, (ত্রি.) লুব্ধ।
তৃষ্ণা, স্ত্রী. [তৃষ+ন-আ] অনাত্মীয় স্বীকারেচ্ছা; লিপ্সা; পানেচ্ছা, তৎপর্য্যায়।— উদন্যা, পিপাসা, তৃট, তর্ষ, তৃষা, তর্পণ; অত্যন্ত অভিলাষ; রোগবিশেষ।
তৃষ্ণারি, পুং. [তৃষ্ণা+অরি] পর্পট।
তৃষ্ণাক্ষয়, পুং. [তৃষ্ণা+ক্ষয়] শান্তি; তৃষ্ণাশান্তি; পিপাসা, নিবৃত্তি, তৃপ্তি, পিপাসানাশ।

তে, বা. যুষ্মদশব্দের তৃতীয়ার চতুর্থীর ষষ্ঠীর একবচন, ত্বয়া।
তেঁওড়ন, (প্রা) বাঁকন, বক্রহওন।
তেওড়া, (প্রা) বাঁকা; কলাইবিশেষ
তেঁই, (প্রা) সেইনিত্তে, তজ্জন্যে।
তেঁহ, (প্রা) তিনি।
তেঁতুল, (প্রা) তিন্তিড়ী, বৃক্ষাম্ল।
তেঁতুলিয়াবিছা, (প্রা) বৃশ্চিকভেদ
তেকাটা, (প্রা) ত্রিকাষ্ঠ।　　[বৃক্ষবিশেষ
তেকাটাসিজ্, (প্রা) ত্রিশ্রেণী কণ্টকাকীর্ণ
তেকালা, (প্রা) অস্ত্রবিশেষ, টেটা, ত্রিশূল; মৎস্যধারণ যন্ত্র।
তেকোণা, (প্রা) তিনকোন যুক্ত।
তেকোঁচা, (প্রা) ত্রিভাঁজকোচা, বামুণেকোঁচা।
তেজঃ, ন. [তিজ+অস] দীপ্তি; প্রভাব; পরাক্রম; রেত; ত্বিট্; নবনীত; অগ্নি; সুবর্ণ; মজ্জা; পিত্ত; অসহন।
তেজঃফল, পুং. [তেজস্+ফল] বৃক্ষবিশেষ, তেজফল, তৎপর্য্যায়।—বহুফল, শাল্মলীফল, স্তবকফল, স্তেয়ফল, গন্ধফল, কণ্টকবৃক্ষ।
তেজন, পুং. [তিজ+অন] বংশ; মুঞ্জ; ভদ্রমুঞ্জ; তীক্ষ্ণকরণ; ঘর্ষণ
তেজনক, পুং. [তেজন+ক] শর, ইষু, বাণ।
তেজনী, স্ত্রী. [তেজন+ঈ] মূর্ব্বাজ্যোতিঃ ষ্মতী।
তেজপত্র, ন. [তেজ+পত্র] স্বনামখ্যাত বৃক্ষবিশেষ, তেজপাতা, তৎপর্য্যায়।—গন্ধজাত, পত্র, পত্রক।
তেজস্কর, পুং. [তেজস+কর] তেজোবৃদ্ধিকারক দ্রব্য; তেজল।
তেজস্বিনী, স্ত্রী. [তেজস্বিন+ঈ] জ্যোতিষ্মতী, মহাজ্যোতিষ্মতী।
তেজস্বী, পুং. [তেজস+বিন্] প্রতাপান্বিত, প্রভাবশালী, লঘুতার অসহিষ্ণু; বলবান; তেজাল, দীপ্তিমন্ত।
তেজল, পুং. [তেজ+ল] কপিঞ্জলপক্ষী।
তেজারৎ, (বাং) বাণিজ্য।
তেজাল, (প্রা) তেজস্বী, তেজস্কর, দীপ্তিমান; লঘুতারঅসহিষ্ণু; তীব্র।
তেজিত, ত্রি. [তিজ+ত] তিক্ষ্ণীকৃত, শাণান, তৎপর্য্যায়।—নিশিত, ক্ষুত, শাণিত, শান্ত, শানা দ মার্জ্জিত, ক্ষুত, নিশাত, শিত, শাত।
তেজী, পুং. [তিজ+ইন] তেজস্বী, তেজোযুক্ত, তেজাল।
তেজীয়ান, ত্রি. [তেজস্+ঈয়স] তেজোযুক্ত।
তেজোবতী, স্ত্রী. [তেজস্+বৎ+ঈ] গজপিপ্পলী, গজপিপুল; চবিকা; মহাজ্যোতিষ্মতী।
তেজোমন্থ, পুং. [তেজস্+মন্থ] গণিকারিকা।
তেজোরূপ, ন. [তেজস্+রূপ] ব্রহ্ম, তেজের তুল্যাকার।　　[মন্থ।
তেজোবৃক্ষ, পুং. [তেজস্+বৃক্ষ] ক্ষুদ্রাগ্নিতেড়া, (প্রা) টেড়া, বক্র, কুটিল, টেরচা।
তেতাল, (প্রা) আর্দ্রকরণ, ভিজান।
তেতালা, (প্রা) উপর্য্যুপরিনির্ম্মিত ত্রিশ্রেণী গৃহ, তিনতালা ঘর।
তেতাল্লিশ, (প্রা) ত্রিচত্বারিংশৎ,।
তেত্রিশ, (প্রা) ত্রয়ত্রিংশৎ,সংখ্যাবিশেষ, ৩৩।
তেথর, (প্রা) তিনথর, তিন থাক।
তেপান্তর, (প্রা) অতিপ্রান্তর, দুর্গম মাঠ; বিস্তীর্ণ ক্ষেত্র; জলশূন্য বিস্তৃত স্থান।
তেপান্তরে, (প্রা) প্রান্তর, ত্র্যবান্তর, বিস্তীর্ণক্ষেত্র, জলশূন্যবিস্তীর্ণস্থান, দুর্গমমাঠ, প্রশস্তমাঠ।
তেপায়া, (প্রা) ত্রিপদ, টিপাইখ্যাত।
তেফড়েঙ্গা, (প্রা) ত্রিকণ্টকাকৃতি।
তেবন, ন. [তেব+অন] কেলিকানন, উদ্যান; ক্রীড়া, খেলা।
তেম, পুং. [তিম+অ] আর্দ্রীভাব।
তেমত-তেমন, (প্রা) সেইপ্রকার, তদ্রূপ।
তেমন, ন. [তিম+অন] আর্দ্রীকরণ, ব্যঞ্জন।
তেমনি, (প্রা) সেইরূপ; তাদৃশ, তদনুরূপ, সেইপ্রকার, তদবস্থা।　　[কুণ্ড।
তেমনী, স্ত্রী. [তেমন+ঈ] চুল্লীভেদ, অগ্নিতেমনে, (প্রা) তথৈব, তথা, তদ্বৎ, তথাহি, এবং, এবমেব।
তেমা, (প্রা) সিন্দুরবৃক্ষ
তেমাত্রাপথ, (প্রা) একত্রেমিলিত ত্রিমার্গ।

তেমাথা-তেমুখা, (প্রা) ত্রিমস্তক।
তেমুহানা, (প্রা) মিলিতত্রিস্রোতানদী।
তেয়াত্তর, (প্রা) ত্রিসপ্ততি, ৭৩ সংখ্যা।
তেরেণা-তেলানা, (প্রা) তালবিশেষ।
তেল, (প্রা) তৈল।
তেলাকুচা, (প্রা) বিম্ব, বিম্বিকাফল।
তেলগাগরা, (প্রা) মৎস্যবিশেষ।
তেলচাটা, (প্রা) পরোষ্ণী, খলাধারা, তৈলপা, তেলাপোকা, আরসুলা।
তেলচুকচুকিয়া, (প্রা) তৈলাক্ত, তৈলাভ্যক্ত, স্নেহাক্ত, তৈললিপ্ত।
তেলসার, (প্রা) কেন্দু, আবলুসকাষ্ঠবিশেষ।
তেলা, (প্রা) তৈলবিশিষ্ট, চিক্কণ, স্নিগ্ধ, মসৃণ।
তেলাঙ্গা, (প্রা) সৈন্য, যোদ্ধা; পিপীলিকাবিশেষ; তৈলঙ্গদেশজাত।
তেলাঙ্গাচীনা, (প্রা) পুষ্পলতা বৃক্ষবিশেষ।
তেলাটিয়া, (প্রা) তৈলাক্ত, স্নেহাক্ত তৈলমিশ্রিত।
তেলানী, (প্রা) তৈলাভ্যক্ত।
তেলাপোকা, (প্রা) তৈলপা।
তেলী, (প্রা) বর্ণসঙ্করজাতিবিশেষ।
তেশিরা, (প্রা) ত্রিশিরা।
তেশূল, (প্রা) ত্রিশূল, ত্রিফলা।
তেস্‌রা, (প্রা) তৃতীয়।
তেসুতী, (প্রা) ত্রিসূত্রনির্ম্মিতবস্ত্র।
তেহাই, (প্রা) তৃতীয়াংশের একাংশ।
তেহাতা, (প্রা) ত্রিহস্তপ্রশস্ত।
তৈগ্ম্য, ন. [তিগ্ম+য] তীক্ষ্ণতা, প্রাখর্য্য; নিদাঘ, চণ্ডতা,।
তৈজস, ত্রি. [তেজস্+অ] তীক্ষ্ণ, প্রচণ্ড; বলবান্; বল; (পুং.) সূক্ষ্মশরীরব্যষ্ট্যুপহিত চৈতন্য; (ন.) ঘৃত; ধাতুদ্রব্য।
তৈজসাবর্ত্তিনী, স্ত্রী. [তৈজস্+আবর্ত্তিনী] মূষা, তৈজসগলানমুচী, মুচীভাঁড়খ্যাত।
তৈতিল, ন. [তিতিল+অ] ববাদ্যেকাদশকরণান্তর্গত চতুর্থকরণ; (পুং.) গণ্ডক।
তৈত্তির. ন. [তিত্তির+অ]তিত্তিরিগণ; (পুং.) তিত্তিরি পক্ষী; গণ্ডক।
তৈত্তিরীয়, ত্রি. [তিত্তিরি+ঈয়] যজুর্বেদ সম্বন্ধীয় শাখাবিশেষ।
তৈত্তিরীয়ক, পুং.[তিত্তিরীয়+ক] তৈত্তিরীয়ী, যজুর্বেদীয় শাখাবিশেষ বেত্তা।
তৈত্তিরীয়া, স্ত্রী. [তিত্তিরীয়+আ] যজুর্বেদীয় শাখাবিশেষ।
তৈত্তিরীয়োপনিষদ্, স্ত্রী. [তৈত্তিরীয়া+উপনিষদ্] উপনিষদ্‌ভেদ।
তৈয়ার, (হি) প্রস্তুত।
তৈরণী, স্ত্রী. ক্ষুপবিশেষ, তৎপর্য্যায়।—তৈরণ, তৈর, কুনীলী, রাগদ।
তৈল, ন. [তিল+অ] সিহ্লক; তিলাদিজাতস্নেহ, ম্রক্ষণ, স্নেহ, অভ্যঞ্জন, তিলরস, তেলখ্যাত।
তৈলক, ন. [তৈল+ক] অল্পপরিমাণ তৈল; (পুং.) তৈলকার।
তৈলকন্দ, পুং. [তৈল+কন্দ] কন্দবিশেষ, তৎপর্য্যায়।—দ্রাবককন্দ, তিলাঙ্কিতদল, করবীরকন্দসংজ্ঞ; তিলচিত্রপত্রক।
তৈলকল্কজ, পুং. [তৈল+কল্ক+জ] তৈলমল।
তৈলকার, পুং. [তৈল+কার] বর্ণসঙ্কর জাতিবিশেষ, কলু, কোটকস্ত্রীগর্ব্ভে কুম্ভকার ঔরসে জাত, তৎপর্য্যায়।—ধূসর, চাক্রিক, তৈলী, তৈলক, তৈলিক, স্নেহকার।
তৈলকিট্ট, ন. [তৈল+কিট্ট] তৈলমল, তেলেরকাইট,তৎপর্য্যায় —পিণ্যাক,খলি, তৈলকল্কজ, পিষ্টক, তৈলপিষ্টক,।
তৈলঙ্গ, পুং. [তৈলং+গ] দেশবিশেষ।
তৈলচৌরিকা, স্ত্রী. [তৈল+চৌরিকা] তৈলপায়িকা, তেলাপোকা।
তৈলদ্রোণী, স্ত্রী. [তৈল+দ্রোণী] কণ্ঠপর্য্যন্ত মজ্জনার্থ তৈলপূর্ণকাষ্ঠাদিনির্ম্মিত পাত্রবিশেষ।
তৈলপক, পুং. [তৈলপ+ক] তৈলপায়িকা।
তৈলপর্ণক, ন. [তৈল+পর্ণক] গ্রন্থিপর্ণবৃক্ষ।
তৈলপর্ণিক, ন. [তৈল+পর্ণিক] চন্দনবিশেষ; হরিচন্দন।
তৈলপর্ণী, স্ত্রী. [তৈল+পর্ণী] চন্দন; শ্রীবাস; সিহ্লক।
তৈলপা, স্ত্রী. [তৈল+পা] তৈলপায়িকা।

তৈলপায়িকা-তৈলপায়ী, স্ত্রী. [তৈল+পায়িকা] কীটবিশেষ, তেলাপোকা, আরসুলা, তৎপর্য্যায়।—পয়োষ্ণী, তৈলচৌরিকা, তৈলপা, তৈলাম্বুকা, খলাধারা, তেলচাটা।

তৈলপিপীলিকা, ত্রি. [তৈল+পিপীলিকা] পিপীলিকাভেদ, রক্তবর্ণ পিপীড়া, উদদ্যা, কপিজাজ্বিকা।

তৈলপট, পুং. [তৈল+পট] তৈলাক্ত আস্তরণবস্ত্র। [খলি।

তৈলপিষ্টক, পুং. [তৈল+পিষ্টক] তৈলকিট্ট,

তৈলফল, পুং. [তৈল+ফল] ইঙ্গুদী; বিভীতক।

তৈলবান্, ত্রি. [তৈল+বৎ] সতৈল।

তৈলভাবিনী, স্ত্রী. [তৈল+ভাবিনী, জাতীপুষ্পবৃক্ষ। [তাখ্যাতা।

তৈলমালী, স্ত্রী. [তৈল+মালী] বর্ত্তী, পলি-

তৈলম্পাত, ত্রি. [তৈলম্+পাত] তৈলমিশ্রিত।

তৈলম্পাতা, স্ত্রী. [তৈলম্পাত+আ] স্বধা।

তৈললিপ্ত, ত্রি. [তৈল+লিপ্ত] তৈলাক্ত, অভ্যক্ত।

তৈলপ্রাচুর্য্য, ন. [তৈল+প্রাচুর্য্য] সতৈলতা, স্নিগ্ধতা। [স্নিগ্ধ।

তৈলময়-তৈলযুক্ত, ত্রি. [তৈল+ময়] সতৈল,

তৈলসাধন, ন. [তৈল+সাধন] গন্ধদ্রব্যবিশেষ, কাকলাখ্যাত, তৎপর্য্যায়।—কাকোল, কোলক, গন্ধব্যাকুল, কক্কোলক, কোষফল।

তৈলস্ফটিক, পুং. [তৈল+স্ফটিক] তৃণমণি, তৃণগ্রাহী।

তৈলাকর, (প্রা) তিলসর্ষপাদি।

তৈলাগুরু, ন. [তৈল+অগুরু] দাহাগুরু।

তৈলাক্ত, ত্রি. [তৈল+অক্ত] তৈললিপ্ত, স্নেহাক্ত।

তৈলাত্ব, ন. [তৈল+অত্ব] স্নিগ্ধতা, চিক্কণতা।

তৈলাটী, স্ত্রী. [তৈল+আটী] বরটা, তৃণষট্পদ, বরলা, বোলতা।

তৈলাভ্যক্ত, ত্রি. [তৈল+অভ্যক্ত] স্নেহাক্ত, তৈলাক্ত। [ব্যঞ্জন।

তৈলাভ্যঙ্গ, পুং. [তৈল+অভ্যঙ্গ] তৈলা-

তৈলাম্বুকা, স্ত্রী. [তৈল+অম্বুকা] তৈলপায়িকা, তেলাপোকা।

তৈলিক, পুং. [তৈল+ইক] তৈলকার, কলু।

তৈলিকচক্র-তৈলিকযন্ত্র, ন. [তৈলিক+চক্র] তিলাদি বীজ পেষণার্থ চক্র, ঘানী।

তৈলিনী, স্ত্রী. [তৈলিন্+ঈ] কীটভেদ, তৎপর্য্যায়।—তৈলকীট, ষড়্বিন্দু, দদ্রুনাশিনী; দশাবর্ত্তি।

তৈলিশালা, স্ত্রী. [তৈলি+শালা] যন্ত্রগৃহ, কলুরঘর; তৈলিকযন্ত্র।

তৈলী, পুং. স্ত্রী. [তৈল+ইন্] তৈলকার; (ত্রি.) তৈলসম্বন্ধী, তৈলময়।

তৈলীন, ন. [তিল+ঈন] তিলক্ষেত্র।

তৈষ, পুং. [তিষ্য+অ] পৌষমাস।

তৈষী, স্ত্রী. [তৈষ+ঈ] পুষ্যানক্ষত্রযুক্তা পৌর্ণমাসী। [ঊষ্মা।

তৈক্ষ্ণ্য, ন. [তীক্ষ্ণ+য] তীক্ষ্ণতা; নিদাঘ,

তোক, ন. [তু+ক] অপত্য, পুত্রকন্যা।

তোকক, পুং. [তোক+ক] পক্ষীভেদ।

তোক্ম, ন. [তোক্+ম] কর্ণমল; মেঘ; (পুং.) হরিদ্যব, অপক্ব যব; হরিদ্বর্ণ; পল্লবাদ্যঙ্কুর।

তোখম্, (যাং) বীজ, রোহি।

তোখমেকতান্, (যাং) অতসীবীজ, সুবর্চ্চলা।

তোখমেকাহু, (যাং) শিগ্রুবীজ।

তোটক, ন. দ্বাদশাক্ষরপাদচ্ছন্দঃ।

তোড়, (প্রা) অতিশয়জলবেগ, জলেরতেজ, প্রবাহেরপ্রবলতা। [নিন্দন।

তোড়ন, (প্রা) খণ্ডন, ভাঙ্গন; তিরস্করণ,

তোড়নী, (প্রা) নদীর ভগ্ন তীর, ভৃগু।

তোড়ল, (প্রা) বলয়, বালা, অভরণবিশেষ।

তোড়া, (প্রা) থৈলি; পরছতী; মৎস্যবিশেষ; জলবেগ; ভঙ্গ।

তোড়ানী, (প্রা) কাঞ্জী, আমানী; টাকাবদলাই।

তোড়ী, স্ত্রী. স্বরভেদ।

তোত, (প্রা) মিষ্টান্নবিশেষ।

তোৎলা, (প্রা) অস্পষ্টবাক্, জড়বক্তা, বাক্স্খলন, অব্যক্তবাদ।

তোতা, (যাং) শুকপক্ষী; আগ্নেয় যন্ত্রাদি সূক্ষ্মমুদ্গারবিশেষ; পর্য্যাণবন্ধ।

তোত্র, ন. [তুদ+ত্র] গবাদিতাড়নদণ্ড, তৎপর্য্যায়।—প্রাজন, তোদন, ত্রোত্র,পাঁচনীখ্যাত; হস্তীতাড়নদণ্ড, তৎপর্য্যায়।—বৈণুক, বেণুক, ডাঙ্গশখ্যাত।

তোত্রবেত্র, ন. [তোত্র+বেত্র] বেত্রযষ্টি, দণ্ড।

তোদ, পুং. [তুদ+অ] ব্যথা, বেদনা।

তোদন, ন. [তুদ্+অন] তোত্র; ব্যথা।

তোপড়া, (প্রা) পুলিন্দা, পুঁটলি, গাঁটরী।

তোপ্, (যাং) গুলিকা প্রক্ষেপণার্থ লৌহ নাড়িবিশেষ।

তোপ্‌চী, (যাং) আগ্নেয়াস্ত্র প্রক্ষেপক, তোপদার।

তোফা, (যাং) উত্তম, উৎকৃষ্ট।

তোবড়ন, (প্রা) সঙ্কুচন, কোঁকড়ন, শুকন।

তোমর, পুং. ন. [তু+ম্র-অ] অস্ত্রবিশেষ, শার্ব্বলা, শাবলীখ্যাত; হস্তক্ষেপ্যসশল্যদণ্ড, রায়বাঁশ।

তোমরগ্রহ, পুং. [তোমর+গ্রহ] যোদ্ধা।

তোমরধর, পুং. [তোমর+ধর] অগ্নি; গদাধারী।

তোমরিকা, স্ত্রী. [তোমর+ইকা] তুবরিকা।

তোমা, (প্রা) ত্বং, তুমি।

তোমার, (প্রা) ত্বদীয়

তোয়, ন. [তু+অ] জল।

তোয়কাম, পুং. [তোয়+কাম] পরিব্যাধ; জলবেতস; (ত্রি.) জলাভিলাষী।

তোয়কৃচ্ছ্র, ন. [তোয়+কৃচ্ছ্র] জলমাত্রপানরূপ ব্রতবিশেষ। [বর্ষোপল।

তোয়ডিম্ব, পুং. [তোয়+ডিম্ব] ঘনোপল

তোয়দ, পুং. [তোয়+দ] মেঘ; মুস্তক; (ন.) ঘৃত; (ত্রি.) জলদানকর্ত্তা।

তোয়ধর, পুং. [তোয়+ধর] মেঘ; মুস্তা; সুনিষণ্ণক শাক।

তোয়ধি, পুং. [তোয়+ধি] সমুদ্র।

তোয়ধিপ্রিয়, ন. [তোয়ধি+প্রিয়] লবঙ্গ।

তোয়নিধি, পুং. [তোয়+নিধি] সমুদ্র।

তোয়পানেচ্ছু, ত্রি. [তোয়+পানেচ্ছু] পিপাসু।

তোয়পিপ্পলী, স্ত্রী. [তোয়+পিপ্পলী] কাঁচড়া, জলজশাকভেদ, লাঙ্গলী, শারদী, শকুলাদনী। [বৃক্ষ।

তোয়পুষ্পী, স্ত্রী. [তোয়+পুষ্পী] পাটলা-

তোয়প্রসাদন, ন. [তোয়+প্রসাদন] কতক।

তোয়প্রসাদনফল, ন. [তোয়প্রসাদন+ফল] কতকফল, নির্ম্মলীফল।

তোয়প্রষ্ঠা, স্ত্রী. [তোয়+প্রষ্ঠা] পাটলীপুষ্প।

তোয়ফলা, স্ত্রী. [তোয়+ফলা] ইর্ব্বারু।

তোয়বল্লী, স্ত্রী. [তোয়+বল্লী] কারবেল্ল, উচ্ছেখ্যাত।

তোয়শুক্তিকা, স্ত্রী. [তোয়+শুক্তিকা] জলশুক্তি, ঝিনুক্, মুক্তাপ্রসূ।

তোয়সূচক, পুং. [তোয়+সূচক] ভেক।

তোয়াধিবাসিনী, স্ত্রী. [তোয়+অধিবাসিনী] পাটলাবৃক্ষ।

তোরণ, ন. [তুর+অন] কন্ধরা,কণ্ঠী; (পুং. ন.) বহির্দ্বার; মুলদ্বার হইতে বহির্দ্বার বিশেষ; বারাণ্ডা।

তোল, ন. পুং. [তুল+অ] তোলকপরিমাণবিশেষ।

তোলক, ন. পুং. [তোল+ক] শাণদ্বয়মান, অশীতিরক্তিপরিমাণ, যোড়শমাসক, ষণ্ণবতিরক্তিপরিমাণ, তোলাখ্যাত, তৎপর্য্যায়।—কোল, দ্রঙ্ক্ষণ, বটক, কর্ষার্দ্ধ, কর্ষ।

তোলন, ন. [তুল+অন] তুলাধারণ

তোলন, (প্রা) উত্থাপন, উত্থান, উৎপাতন; উদ্গীরণ।

তোলনকারী, পুং. [তোলন+কারী] তুলাধারণবিদ্, তৌলদার; কয়াল

তোলপাল, (প্রা) বৃষ্টিবাতময়; অতিকলহ।

তোলা, (প্রা) পরিমাণ।

তোলাকাপড়, (প্রা) দুর্ম্মূল্যবস্ত্র।

তোলাপাড়া, (প্রা) অস্থির মন, চিত্তবিকার।

তোশক্, (যাং) শয্যার আস্তরণ বিশেষ।

তোষ, পুং. [তুষ+অ] তুষ্টি, তৃপ্তি, হর্ষ, আনন্দ, আহ্লাদ

তোষক, ত্রি. [তুষ্+অক] আনন্দময়, হর্ষজনক, পরিতোষক, আনন্দক।

তোষণ, ন. [তুষ্+অন] তুষ্টিকরণ, তর্পণ, সন্তোষণ।
তোষণীয়, ত্রি. [তুষ্+অনীয়] তোষয়িতব্য।
তোষয়িতব্য, ত্রি. [তোষ্+ইতব্য] সন্তোষার্হ, তুষ্টিযোগ্য।
তোষদান, (যাং) আগ্নেয় চূর্ণকোষ।
তোষাখানা, (যাং) তোষাগার, কোষ্ঠ।
তোষামোদ, পুং. [তোষ+আমোদ] খোসামোদ, মনযোগান।
তোষিত, ত্রি. [তুষ্+ইত] আহ্লাদিত,সন্তোষিত, তৃপ্ত। [গর্হা।
তৌচ্ছ, ন. [তুচ্ছ+অ] অবজ্ঞা, ঘৃণা, ন্যক্কার,
তৌতাতিক, ন. [তুতাত+ইক] তুতাতভট্টকৃত দর্শনশাস্ত্র বিশেষ।
তৌতিক, ন. [তুত+ইক] মুক্তা; (পুং.) শুক্তি। [শব্দ।
তৌর্য্য, ন. [তুর্য্য+অ] তুর্য্যমুরজাদি বাদ্য-
তৌর্য্যত্রিক, ন. [তৌর্য্য+ত্রিক] নৃত্যগীতবাদ্য এতত্রয়, সংগীত।
তৌল, ন. [তুলা+অ] তুলা, পরিমাণক্রিয়া, তৌলদণ্ড,মাপনদণ্ড; (পুং.) তুলারাশি।
তৌলকর, (প্রা) পরিমাপক, তৌলদার।
তৌলদণ্ড, ন. [তৌল+দণ্ড] তৌল।
তৌলিক-তৌলিকিক, পুং. [তুলিকা+অণ্] চিত্রকার, রঙ্গাজীব, চিত্রকৃৎ।
তৌষার, ন. [তুষার+অ] তুষারজল;শীততা।
তৌক্ষিক, পুং. [তৌক্ষ+ইক] ধনুরাশি।
ত্যক্ত, ত্রি. [ত্যজ্+ত] কৃতত্যাগ, তৎপর্য্যায়।—হীন, বিধুত,সমুজ্ঝিত, ধুত, উৎসৃষ্ট, বিনাকৃত, বিরহিত, নির্ব্যূঢ়, বিসর্জ্জিত, উজ্ঝিত, প্রোজ্ঝিত, রহিত, পরিত্যক্ত, বর্জ্জিত, উত্ত্যক্ত, পরিহীন, শূন্য, অপবিদ্ধ, লুপ্ত, প্রোৎসারিত; বিরক্ত, ক্লিষ্ট।
ত্যক্তজীবন-ত্যক্তজীবিত, ত্রি. [ত্যক্ত+জীবন] গতপ্রাণ, প্রহীন জীবিত; প্রাণপণ্ডিত; অপগত।
ত্যক্তপিপ্পল, ত্রি. [ত্যক্ত+পিপ্পল] জীবনসুখ নিরস্ত।
ত্যক্তবান্, ত্রি. [ত্যক্ত+বৎ] উজ্ঝিত।
ত্যক্তব্য, ত্রি. [ত্যজ্+তব্য] ত্যাগার্হ, ত্যাজ্য
ত্যক্তলজ্জ, ত্রি. [ত্যক্ত+লজ্জা] নিস্ত্রপ, নির্লজ্জ।
ত্যক্তাগ্নি, পুং. [ত্যক্ত+অগ্নি] নিরগ্নিব্রাহ্মণ।
ত্যক্তুকাম, স্ত্রী. [ত্যক্তু+কাম] ত্যাগেচ্ছু, নিষ্কাম।
ত্যজন, ন. [ত্যজ্+অন] ত্যাগ, বর্জ্জন, পরিহার, ছাড়ন।
ত্যজনীয়, ত্রি. [ত্যজ্+অনীয়] ত্যাগার্হ, পরিহর্ত্তব্য, পরিত্যজ্য, বিবর্জ্জনীয়।
ত্যৎ-ত্যদ্, ত্রি. তৎ, সেই, স, এষ, এতৎ; (ন.) আকাশ; বায়ু; সত্যব্রত।
ত্যাগ, পুং. [ত্যজ্+অ] দান; বর্জ্জন, প্রোজ্ঝন, বিরহ, বিসর্জ্জন, ত্যজন, উৎসর্গ বিসর্গ, বিমোচন, পরিহার, পরিহরণ, উত্ত্যাগ, প্রত্যাদেশ; বিবেকী পুরুষ; সর্ব্বকর্ম্ম ফল বিসর্জ্জন।
ত্যাগপত্র, পুং. [ত্যাগ+পত্র] ফারখৎনামা।
ত্যাগশীল, ত্রি. [ত্যাগ+শীল] দানশীল, বদান্য, বহুত্যাগী, ব্যয়শীল।
ত্যাগশীলতা-ত্যাগিতা, স্ত্রী. [ত্যাগশীল+তা] উদারত্বা, ঔদার্য্য, দানশীলতা,বদান্যতা।
ত্যাগিম, ত্রি. [ত্যাগ+ইম] ত্যক্ত।
ত্যাগী, ত্রি. [ত্যাগ+ইন্] দাতা; শূর; বর্জ্জনশীল; কর্ম্মফলত্যাগবান্।
ত্যাজ্য, ত্রি. [ত্যজ+য] ত্যাগযোগ্য, বর্জ্জনীয়, পরিহার্য্য, বিবর্জ্জনীয়; (ন.) তারাশুদ্ধি।
ত্রঙ্গ, পুং. স্ত্রী. [ত্রৈ+গ] রাজাহরিশ্চন্দ্রের পুরীবিশেষ।
ত্রপ, পুং. [ত্রপ+অ] লজ্জা, ত্রপা, ব্রীড়া।
ত্রপমাণ, ত্রি. [ত্রপ+মান] লজ্জমান, লজ্জাবান্, ত্রপিত, ত্রপান্বিত।
ত্রপা, স্ত্রী. [ত্রপ+আ] লজ্জা; কুল[illegible]কুল; কীর্ত্তি।
ত্রপাক, পুং. [ত্রপা+ক] ম্লেচ্ছবিশেষ।
ত্রপাকর, ত্রি. [ত্রপা+কর] লজ্জাকর, ব্রীড়াশীল।
ত্রপাজনক, ত্রি. [ত্রপা+জনক] ব্রীড়াজনক।
ত্রপাদায়ক, ত্রি. [ত্রপা+দায়ক] লজ্জাদায়ক।

ত্রপানিরস্ত, ত্রি. [ত্রপা+নিরস্ত] নির্লজ্জ, নিস্ত্রপ, ত্রপাহীন, নিরপত্রপ।

ত্রপান্বিত, ত্রি. [ত্রপা+অন্বিত] লজ্জান্বিত, সলজ্জ, ব্রীড়ান্বিত। [ন্বিত।

ত্রপাবান্, ত্রি. [ত্রপা+বৎ] ত্রপাযুক্ত, ত্রপা-

ত্রপাবিশিষ্ট, ত্রি. [ত্রপা+বিশিষ্ট] ত্রপাবান্, ত্রপাযুক্ত, ত্রপান্বিত।

ত্রপাভর, ত্রি. [ত্রপা+ভর] পূর্ণলজ্জা, সত্রপ।

ত্রপাযুক্ত, ত্রি. [ত্রপা+যুক্ত] হ্রীমান, অপত্রপিষ্ণু।

ত্রপারণ্ডা, স্ত্রী. [ত্রপা+রণ্ডা] বেশ্যা।

ত্রপার্হ, ত্রি. [ত্রপা+অর্হ] লজ্জার্হ, হ্রীযোগ্য।

ত্রপাশীল, ত্রি. [ত্রপা+শীল] ত্রপাযুক্ত, লজ্জাকর, গর্হ্য।

ত্রপাশূন্য, ত্রি. [ত্রপা+শূন্য] নিস্ত্রপ, নিরপত্রপ, ত্যক্তলজ্জ।

ত্রপাহীন, ত্রি. [ত্রপা+হীন] নির্লজ্জ, লজ্জাহীন, অলজ্জ, অত্রপ।

ত্রপিত, ত্রি. [ত্রপ্+ইত] ত্রপান্বিত, লজ্জিত, ব্রীড়িত। [সন্তোষিত।

ত্রপিষ্ঠ, ত্রি. [ত্রপা+ইষ্ঠ] অতিলজ্জিত;

ত্রপীয়ান্, ত্রি. [ত্রপ+ঈয়স] ত্রপিষ্ঠ।

ত্রপু, ন. [ত্রপ+উ] সীসক, রঙ্গ।

ত্রপুকর্কটী, স্ত্রী. [ত্রপু+কর্কটী] ত্রপুষী।

ত্রপুটী, স্ত্রী. [ত্রপু+টী] সূক্ষ্মেলা।

ত্রপুল, ন. [ত্রপু+ল] রঙ্গ, রাং।

ত্রপুষ, ন. [ত্রপ্+উষ] রঙ্গ; ত্রপুষীফল, সসা, তৎপর্য্যায়।—কণ্টকীফল, সুধাবাস, সুশীতল।

ত্রপুষী, স্ত্রী. [ত্রপুষ+ঈ] কর্কটী।

ত্রপুস, ন. [ত্রপ্+উস্] রঙ্গ, রাং।

ত্রপুসী, স্ত্রী. [ত্রপুস্+ঈ] মহেন্দ্রবারুণী; কর্কটী; লতাবিশেষ, সসা, ক্ষীরাখ্যাত, তৎপর্য্যায়।—পীতপুষ্পা, কাণ্ডালু, ত্রপুকর্কটী, বহুফলা, তুন্দিলফলা, কোষফলা, কণ্টকীলতা, সুধাবাসা, কণ্টালু।

ত্রপ্সা, ন. [তৃপ+স্য] দ্রপ্স্য, ঘনেতরদধি, পাতলদই।

ত্রয়, ন. [ত্রি+অয়] ত্র্যবয়ব, তিন, তৃতীয়াংশ; (পুং) ত্রিসংখ্যা, তিনখ্যাত; তদ্বাচক যথা কাল, অগ্নি, ভুবন, গঙ্গামার্গ, শিবচক্ষু, গুণ, গ্রীবারেখা, কালীদাসকাব্য, বলি, সন্ধ্যা, পুর, পুষ্কর, রাম, বিষ্ণু, জ্বরপাদ, (ত্রি.) ত্রিসংখ্যাবিশিষ্ট।

ত্রয়ী, স্ত্রী. [ত্রয়+ঈ] ঋক্ সাম যজুর্বেদ এতত্রয়; পুরন্ধ্রী; সুমতি; সোমরাজীবৃক্ষ; দুর্গা।

ত্রয়ীতনু, পুং. [ত্রয়ী+তনু] সূর্য্য।

ত্রয়ীধর্ম্ম, পুং. [ত্রয়ী+ধর্ম্ম] ঋক্ যজু সামবেদ বিধান, ত্রিবেদোক্তকর্ম্ম।

ত্রয়ীময়, ত্রি. [ত্রয়ী+ময়] ঈশ্বরীয়, ঐশ্বর।

ত্রয়ীমুখ, পুং. [ত্রয়ী+মুখ] ব্রাহ্মণ।

ত্রয়ৈকত্য, ন. [ত্রয়+একত্য] ঈশ্বরের ত্রিত্বভাব।

ত্রয়ৈকত্যবাদী, পু. [ত্রয়ৈকত্য+বাদিন্] ব্যক্তিত্রয়াত্মক দেবতাত্রয়ী।

ত্রয়োদশ, ত্রি. [ত্রয়স্+দশন্] সংখ্যাবিশেষ, তের ১৩; তৎসংখ্যাযুক্ত, তদ্বাচক যথা। তাম্বূলগুণ, ত্রয়োদশের পুরণ, তেঁরক্রি।

ত্রয়োদশী, স্ত্রী. [ত্রয়োদশ+ঈ] তিথিবিশেষ, চন্দ্রের ত্রয়োদশ কলার ক্রিয়াকাল, কিম্বা ত্রিয়োদশ কলার ক্রিয়াবচ্ছিন্নকাল।

ত্রস, ন. [ত্রস্+অ] বন; (ত্রি.) জঙ্গম, অস্থাবর।

ত্রসর, পুং. [ত্রস্+অর] তন্ত্রবায়োপকরণবিশেষ, সূত্রবেষ্টন, তসর, তাসনীখ্যাত।

ত্রসরেণু, স্ত্রী. [ত্রস+রেণু] সূর্য্যভার্য্যাবিশেষ; (পুং.স্ত্রী.) ত্রিংশৎ পরমাণু পরিমাণ; গবাক্ষান্তর্গত সূর্য্যকিরণে লক্ষ্য সূক্ষ্মধূলিকণা. ধ্বংসী,।

ত্রসুর, পুং. [ত্রস্+উর] ভীরুক, অসাহসিক, অপ্রগলভ।

ত্রস্কার, (প্রা) তিরস্কার, ভর্ৎসনা।

ত্রস্ত, ত্রি. [ত্রস্+ত] ভীত; (ন.) শীঘ্র।

ত্রস্তরূপ, ত্রি. [ত্রস্ত+রূপ] ভয়ার্ত্ত, শঙ্কিত, চকিত। [ভীরু।

ত্রস্নু, ত্রি. [ত্রস্+নু] ত্রাসশীল, হরিণহৃদয়,

ত্রাণ, ন. [ত্রৈ+ন] রক্ষণ; ত্রায়মাণালতা; (ত্রি.) রক্ষিত।

ত্রাণকর্ত্তা, পুং. [ত্রাণ+কর্ত্তৃ] রক্ষাকর্ত্তা, সংরক্ষক, গোপক, গোপ্তা, গোপায়ক।

ত্রাণা, স্ত্রী. [ত্রাণ+আ] ত্রায়মাণালতা।
ত্রাত, ত্রি. [ত্রৈ+ত] রক্ষিত; (ন.) রক্ষণ।
ত্রাতা, পুং. [ত্রৈ+তৃ] রক্ষক, পালক।
ত্রাপুষ, ত্রি. [ত্রপুস্+অ] ত্রপুষানির্ম্মিত।
ত্রায়ন্তী, স্ত্রী. [ত্রৈ+শতৃ-ঈ] ত্রায়মাণালতা; ত্রাণকর্ত্রী।
ত্রায়মাণ, ত্রি. [ত্রৈ+মান] রক্ষ্যমাণ।
ত্রায়মাণা, স্ত্রী. [ত্রায়মাণ+আ] বলাবহুলানামে প্রসিদ্ধলতা, তৎপর্য্যায়।—বার্ষিক, ত্রায়ন্তী, বলভদ্রিকা, কৃতত্রা, ত্রায়মাণিকা, বলভদ্রা, সুকামা, বার্ষিকী, গিরিজা, অনুজা, মাঙ্গল্যার্হা, দেববলা, পালিনী, ভয়নাশিনী, অবনী, ত্রাণা, সুভদ্রাণী, রক্ষণী, ভদ্রনামিকা।
ত্রাস, পুং. [ত্রস্+অ] ভয়, ভীতি, শঙ্কা, আশঙ্কা, সাধ্বস; মণিরদোষ।
ত্রাসকর, ত্রি. [ত্রাস+কর] ভয়ঙ্কর, ভয়ানক।
ত্রাসজনক, ত্রি. [ত্রাস+জনক] ভয়দ।
ত্রাসদায়ী, ত্রি. [ত্রাস+দায়িন্] ভয়দাতা,

ত্রাসান্বিত-ত্রাসিত, ত্রি. [ত্রাস+অন্বিত] ভয়ার্ত্ত, ভীষিত, শঙ্কিত।
ত্রাসী, ত্রি. [ত্রাস+ইন্] ভীত, ভয়ার্ত্ত।
ত্রাহি, ব্য. [ত্রৈ+হি] রক্ষাকরহ, বাঁচাও।
ত্রি, ত্রি. ত্রয়, সংখ্যাত্রয়, তিন, ৩।
ত্রিংশ, ত্রি. [ত্রিংশৎ+অ] ত্রিংশত পূরণ, ত্রিশ, ৩০।
ত্রিংশক, ত্রি. [ত্রিংশ+ক] ত্রিংশৎসমূহ।
ত্রিংশৎ, স্ত্রী. [ত্রিং+শৎ] সংখ্যাবিশেষ, ত্রিশ।
ত্রিংশৎপত্র. ন. [ত্রিংশৎ+পত্র] কুমুদ।
ত্রিক, ন. [ত্রি+ক] পৃষ্ঠবংশাধর; ত্রয়; ত্রিপথ সংস্থান; ত্রিফলা; ত্রিকটু; ত্রিমদ।
ত্রিককুৎ-ত্রিককুদ্, পুং. [ত্রি+ককুদ্] ত্রিকূট পর্ব্বত। [সম্বন্ধী।
ত্রিককুদ, ত্রি. [ত্রিককুদ্+অ] ত্রিকূট পর্ব্বত-
ত্রিকচ্ছ, (প্রা) পণ্ডিতের বস্ত্রধারণবিশেষ।
ত্রিকট, পুং. [ত্রি+কট] গোক্ষুরক।
ত্রিকটু, পুং. [ত্রি+কটু] মিশ্রিত শুণ্ঠী মরিচ পিপ্পল, ত্র্যূষণ, ব্যোষ, কটুত্রয়, কটুত্রিক

ত্রিকণ্ট, ন. [ত্রি+কণ্ট] মিলিত বৃহত্যগ্নিদমনী দুস্পর্শা ত্রয়রূপ, কণ্টকারীত্রয়, কণ্টকত্রয়, (পুং.) পত্রগুপ্তকবৃক্ষ, তে-কাঁটাসিজ; গোক্ষুরক; মৎস্যভেদ, টেঙ্গরামাছ।
ত্রিকণ্টক, পুং. [ত্রি+কণ্টক] লঘুগর্গমৎস্য; গোক্ষুরকবৃক্ষ।
ত্রিকর্ণিক, (প্রা) পুষ্পবৃক্ষবিশেষ।
ত্রিকা, স্ত্রী. [ত্রি+কা] কূপোপরিস্থ পট্টপ্রান্তভাগ; ভূমিষ্ঠ কূপপট্ট; কূপের সমীপে রজ্জুধারণার্থ ত্রিস্ত্রি দারুযন্ত্র
ত্রিকানা, (প্রা) ত্রিকোণ।
ত্রিকায়, পুং. [ত্রি+কায়] বুদ্ধ।
ত্রিকার্ষিক, ন. [ত্রি+কার্ষিক] মিলিত নাগরাতিবিষা মুস্তাত্রয়রূপ।
ত্রিকাল, ন. [ত্রি+কাল] ভূত ভবিষ্যৎ বর্ত্তমান কাল।
ত্রিকালজ্ঞ, পুং. [ত্রিকাল+জ্ঞ] বুদ্ধ; (ত্রি.) সর্ব্বজ্ঞ; সর্ব্বকালজ্ঞ।
ত্রিকালদর্শী, পুং. [ত্রিকাল+দর্শিন্] ঋষি; বুদ্ধ; (ত্রি) ভূত ভবিষ্যৎ বর্ত্তমান কালবেত্তা।
ত্রিকালবিৎ, পুং. [ত্রিকাল+বিদ্] বুদ্ধ; (ত্রি.) ত্রিকালজ্ঞ, কৃৎস্নজ্ঞ, সর্ব্ববেদী, সর্ব্বজ্ঞ, অনন্তজ্ঞান। [বংশ।
ত্রিকুল, ন. [ত্রি+কুল] পিতৃ মাতৃ এবং শ্বশুর
ত্রিকূট, পুং. [ত্রি+কূট] পর্ব্বতবিশেষ, ত্রিককুৎ, সুবেল, ত্রিমুকুট, ত্রিশৃঙ্গ, চিত্রকূটক; ক্ষীরোদসমুদ্র তীরস্থপর্ব্বত; (ন.) সিন্ধুলবণ, সামুদ্রলবণ।
ত্রিকূটলবণ, ন. [ত্রিকূট+লবণ] দ্রোণীলবণ।
ত্রিকূর্চ্চক, ন. [ত্রি+কূর্চ্চক] ত্রিধারাস্ত্র।
ত্রিকোণ, ন. [ত্রি+কোণ] যোনি; লগ্ন হইতে নবম পঞ্চম লগ্ন; (ত্রি.) ত্র্যস্র; ত্রিকোণবিশিষ্ট স্থান; ত্রিকোণবস্তু, যথা—হল, শিবচক্ষু, কামাখ্যা, বহ্নিমণ্ডল, একার, বজ্র, শৃঙ্গাট, শকটাদি, যোনি।
ত্রিকোণফল, ন. [ত্রিকোণ+ফল] শৃঙ্গাটক।
ত্রিকোণমিতি, স্ত্রী. [ত্রিকোণ+মিতি] ত্রিকোণ বস্তুর পরিমাপক বিদ্যা।

ত্রিখ, ন. [ত্রি+খ] ত্রপুষ, কর্কটীফল।

ত্রিখট্ট, ন. [ত্রি+খট্ট] খট্টাত্রয়, তিন খানা খাট। [খাট।

ত্রিখট্টী, স্ত্রী. [ত্রি+খট্টী] ত্রিখট, তিনখানা

ত্রিখণ্ড, ত্রি. [ত্রি+খণ্ড] ত্রিভাগ, ত্র্যংশ।

ত্রিগণ, পুং. [ত্রি+গণ] ত্রিবর্গ, ধর্ম্মার্থ কাম।

ত্রিগত, ত্রি. [ত্রি+গত] ত্রিবিধ; ত্রয়জ্ঞানবিশিষ্ট; ত্রিপথ গত।

ত্রিগর্ত্ত-ত্রিগর্ত্তক, পুং. [ত্রি+গর্ত্ত-ক] দেশবিশেষ, জালন্ধর, লাহোরাখ্য দেশৈকভাগ; তদ্দেশস্থ; গণিতান্তর।

ত্রিগর্ত্তা, স্ত্রী. [ত্রিগর্ত্ত+আ] ঘুর্ঘরিকা; কামুকাঙ্গনা; মুক্তা।

ত্রিগর্ত্তিক, পুং. [ত্রিগর্ত্ত+ইক] ত্রিগর্ত্তদেশ।

ত্রিগুণ, ন. [ত্রি+গুণ] সত্ত্বরজস্তম গুণ; (ত্রি.) ত্রিসংখ্যা দ্বারা গুণিত ত্রিবার।

ত্রিগুণা, স্ত্রী. [ত্রিগুণ+আ] দুর্গা।

ত্রিগুণাকৃত, ত্রি. [ত্রিগুণা+কৃত] বারত্রয়-কৃষ্ট ক্ষেত্র, ত্রিহল্য, ত্রিসীত্য

ত্রিগুণাতীত, ন. [ত্রিগুণ+অতীত] ব্রহ্ম; (ত্রি.) নির্গুণ।

ত্রিগুণাত্মক, ত্রি. [ত্রিগুণ+আত্মক] ত্রিগুণবিশিষ্ট, যাহার তিন গুণ আছে।

ত্রিগুণিত, ত্রি. [ত্রিগুণ+ইত] ত্রিরাবৃত্ত, তিন বার গুণিত।

ত্রিগূঢ়, ন. [ত্রি+গূঢ়] ছদ্মবেশ।

ত্রিচতুর, ত্রি. [ত্রি+চতুর] তিন কিম্বা চারি, অনিশ্চিত।

ত্রিজগৎ, ন. [ত্রি+জগৎ] ত্রিভুবন, ত্রৈলোক্য, স্বর্গ মর্ত্য পাতাল।

ত্রিজগৎকর্ত্তা, পুং. [ত্রিজগৎ+কর্ত্তৃ] পরমেশ্বর, ভগবান্।

ত্রিজাতক, ন. [ত্রি+জাতক] মিলিত তুলা ত্বগেলা পত্রাদি।

ত্রিজটা, স্ত্রী. [ত্রি+জটা] রাক্ষসীবিশেষ।

ত্রিজ্যা, স্ত্রী. [ত্রি+জ্যা] ব্যাসার্দ্ধরেখা।

ত্রিণ, ন. [ত্রি+ণ] তৃণ।

ত্রিণতাঃ, স্ত্রী. [ত্রিণ+তা] ধনু; ত্রিণত্ব।

ত্রিণাচিকেত, ন. যজুর্ব্বেদৈকদেশোগ্রন্থ; (পুং.) যজুর্ব্বেদাধ্যায়ী।

ত্রিতয়, [ত্রি+তয়] তৃতীয়, তিনের পূরণ

ত্রিতক্ষ-ত্রিতক্ষি, পুং. স্ত্রী. [ত্রি+তক্ষ] তক্ষত্রয়, সূত্রধারগণ।

ত্রিদণ্ড, ন, [ত্রি+দণ্ড] সন্ন্যাসাশ্রম, যত্যাশ্রম।

ত্রিদণ্ডধারণ, ন. [ত্রিদণ্ড+ধারণ] সন্ন্যাসীর দণ্ডগ্রহণবিশেষ।

ত্রিদণ্ডী. পুং. [ত্রি+দণ্ডিন্] ত্রিদণ্ডধারী যতি, কায় বাঙ্মনোদণ্ডযুক্ত; যজ্ঞোপবীত।

ত্রিদল, ত্রি. [ত্রি+দল] ত্রিপত্র।

ত্রিদলা, স্ত্র. [ত্রিদল+আ] গোধাপদীলতা।

ত্রিদলিকা, স্ত্রী. [ত্রিদল+ইকা] চর্ম্মকষা।

ত্রিদশ, পুং. [ত্রি+দশ] দেব, দেবতা; (ত্রি.) ত্রয়োদশের পূরণ।

ত্রিদশদীর্ঘিকা, স্ত্রী. [ত্রিদশ+দীর্ঘিকা] স্বর্গঙ্গা।

ত্রিদশনদী, স্ত্রী. [ত্রিদশ+নদী] স্বর্ণদী

ত্রিদশপতি, পুং. [ত্রিদশ+পতি] ইন্দ্র।

ত্রিদশবধূ-ত্রিদশবনিতা, স্ত্রী. [ত্রিদশ+বধূ] দেবস্ত্রী; বিদ্যাধরী।

ত্রিদশমঞ্জরী, স্ত্রী. [ত্রিদশ+মঞ্জরী] তুলসী।

ত্রিদশাঙ্কুশ, ন. [ত্রিদশ+অঙ্কুশ] বজ্র।

ত্রিদশাচার্য্য, পুং. [ত্রিদশ+আচার্য্য] বৃহস্পতি, সুরাচার্য্য।

ত্রিদশাবাস, পুং. [ত্রিদশ+আবাস] স্বর্গ; সুমেরু পর্ব্বত।

ত্রিদশায়ুধ, ন. [ত্রিদশ+আয়ুধ] বজ্র।

ত্রিদশারি, পুং. [ত্রিদশ+অরি] অসুর।

ত্রিদশালয়, পুং. [ত্রিদশ+আলয়] স্বর্গ; সুমেরুপর্ব্বত। [সুধা।

ত্রিদশাহার, পুং. [ত্রিদশ+আহার] অমৃত

ত্রিদশেশ্বরী, স্ত্রী. [ত্রিদশ+ঈশ্বরী] দুর্গা।

ত্রিদালিকা, স্ত্রী. [ত্রি+দালিকা] লতাবিশেষ।

ত্রিদিন, ন. [ত্রি+দিন] ত্র্যহ, তিনদিবস।

ত্রিদিনস্পৃক্, পুং. [ত্রিদিন+স্পৃশ্] ত্র্যহস্পর্শ, একদিনে তিন তিথি স্পর্শ।

ত্রিদিব, পুং. ন. [ত্রি+দিব] স্বর্গ; আকাশ।

ত্রিদিবা, স্ত্রী. [ত্রি+দিবা] নদীভেদ।

ত্রিদিবেশ, পুং. [ত্রিদিব+ঈশ] দেবতা, অমর, ইন্দ্র।

ত্রিদিবোদ্ভবা, স্ত্রী. [ত্রিদিব+উদ্ভবা] স্থূলৈলা।

ত্রিদিবৌকা, পুং. [ত্রিদিব+ওকস্] দেবতা।

ত্রিদৃক্‌, পুং. [ত্রি+দৃশ্‌] শিব; ত্রিনেত্র।

ত্রিদেববাদ, পুং. [ত্রিদেব+বাদ] দেবত্রয়মত।

ত্রিদোষ, ন. [ত্রি+দোষ] দোষত্রয়, বাত পিত্ত কফরূপ। [শ্লেষ্মঘ্ন।

ত্রিদোষঘ্ন, ত্রি. [ত্রিদোষ+ঘ্ন] বাতপিত্ত-

ত্রিদোষজ, ত্রি. [ত্রিদোষ+জ] ত্রিদোষজনিত, সন্নিপাতরোগ।

ত্রিধা, ব্য. [ত্রি+ধা] ত্রিপ্রকার।

ত্রিধাতু, পুং. [ত্রি+ধাতু] গণেশ; (ন.) ধাতুত্রয়।

ত্রিধামা, পুং. [ত্রি+ধামন্‌] বিষ্ণু; শিব; অগ্নি; মৃত্যু; (ন. স্ত্রী.) ধামত্রয়।

ত্রিধার, ত্রি. [ত্রি+ধার] ধারত্রয়।

ত্রিধারক, পুং. [ত্রিধার+ক] গুণ্ডতৃণ। (ন.) ধারকত্রয়।

ত্রিধারস্নুহী, স্ত্রী. [ত্রিধার+স্নুহী] স্নুহীবিশেষ; ত্র্যস্র; ধারাস্নুহী; ত্রিকাটাশিজ্‌।

ত্রিধারা, স্ত্রী. [ত্রি+ধারা] স্রোতত্রয়; নিয়মত্রয়।

ত্রিনয়ন, পুং. [ত্রি+নয়ন] শিব; (ত্রি.) নয়নত্রয়।

ত্রিনয়না, স্ত্রী. [ত্রি+নয়না] দুর্গা। [ত্রয়।

ত্রিনেত্র, পুং. [ত্রি+নেত্র] শিব; (ত্রি.) নেত্র-

ত্রিনেত্রচূড়ামণি, পুং. [ত্রিনেত্র+চূড়ামণি] চন্দ্র, নিশাকর।

ত্রিনেত্রা, স্ত্রী. [ত্রিনেত্র+আ] বারাহীকন্দ; নেত্রত্রয়যুক্তা। [ক্ষিত ভাল।

ত্রিপতাক, পুং. [ত্রি+পতাক] রেখা ত্রয়া-

ত্রিপত্র, পুং. [ত্রি+পত্র] বিল্ব; (ন.) দলত্রয়-যুক্ত বিল্বপত্র; (ত্রি.) ত্রিদল, ত্রিপর্ণ।

ত্রিপত্রক, পুং. [ত্রিপত্র+ক] পলাশবৃক্ষ।

ত্রিপথ, ন. [ত্রি+পথ] ত্রিমার্গ, ত্রিক, তেমাথাপথ।

ত্রিপথগা, স্ত্রী. [ত্রিপথ+গা] গঙ্গা।

ত্রিপদ, ত্রি. [ত্রি+পদ] পদত্রয়; ত্রিরেখাযুক্ত।

ত্রিপদা, স্ত্রী. [ত্রিপদ+আ] হংসপদীবৃক্ষ।

ত্রিপদিকা, স্ত্রী. [ত্রিপদ+ইকা] অর্ঘ্যার্থ ধাতু-নির্ম্মিত ত্রিপাদযুক্ত শঙ্খাধার।

ত্রিপদী, স্ত্রী. [ত্রিপদ+ঈ] গোধাপদী; হস্তি-গাত্রবন্ধ; ত্রিপাদযুক্ত; পদত্রয়; কবিতার ছন্দোবিশেষ।

ত্রিপন, (প্রা) বর্ম্মা, কাষ্ঠ ছিদ্রকরণীয় অস্ত্র, - ভুরপণ।

ত্রিপর্ণ, পুং. [ত্রি+পর্ণ] পলাশ; (ত্রি.) ত্রিপত্র।

ত্রিপর্ণিকা, স্ত্রী. [ত্রি+পর্ণিকা] কন্দবিশেষ, তৎপর্য্যায়।—বৃহৎপত্রা, ছিন্নগ্রন্থিনিকা, কন্দালু, কন্দবহুলা, আম্লবল্লী, বিনারুহা, ত্রিপর্ণী।

ত্রিপর্ণী, স্ত্রী. [ত্রি+পর্ণী] শালপর্ণী; বনকার্পাসী; পৃশ্নিপর্ণীভেদ।

ত্রিপাট, পুং. [ত্রি+পাট] ক্ষেত্রবিদ্যাভেদ।

ত্রিপাৎ, পুং. [ত্রি+পাদ] বিষ্ণু; জ্বর। [লতা।

ত্রিপাদিকা, স্ত্রী. [ত্রিপাদ+ইকা] হংসপদী-

ত্রিপিব, পুং. [ত্রি+পিব] লম্বকর্ণযুক্ত ছগল।

ত্রিপিষ্টপ, ন. [ত্রি+পিষ্টপ] স্বর্গ; আকাশ।

ত্রিপিষ্টপসৎ, পুং. [ত্রিপিষ্টপ+সদ্‌] দেবতা।

ত্রিপুট, পুং. [ত্রি+পুট] সতীলক; তীর; হস্তভেদ; তালক; গোক্ষুরবৃক্ষ।

ত্রিপুটক, পুং, [ত্রিপুট+ক] ত্রিকোণক্ষেত্র।

ত্রিপুটা স্ত্রী. [ত্রি+পুটা] মল্লিকা; সূক্ষ্মেলা; ত্রিবৃৎ; কর্ণস্ফোটা; স্থূলৈলা; রক্ত-ত্রিবৃৎ; দেবীবিশেষ।

ত্রিপুটী, পুং. [ত্রিপুট+ইন্‌] এরণ্ডবৃক্ষ; (স্ত্রী.) ত্রিবৃতা।

ত্রিপুটীফল, পুং. [ত্রিপুটী+ফল] এরণ্ড।

ত্রিপুণ, (প্রা) কাষ্ঠ ছিদ্রকরণার্থ অস্ত্রবিশেষ।

ত্রিপুণ্ড্র-ত্রিপুণ্ড্রক, ন. [ত্রি+পুণ্ড্র-ক] ভস্মাদিকৃত কপালস্থ তির্য্যগ্রেখাত্রয়; (পুং.) দৈত্যবিশেষ।

ত্রিপুরদহন, পুং. [ত্রিপুর+দহন] শিব।

ত্রিপুরভৈরবী, স্ত্রী. [ত্রিপুর+ভৈরবী] দেবী-বিশেষ।

ত্রিপুরমল্লিকা, স্ত্রী. [ত্রিপুর+মল্লিকা] পুষ্প-বৃক্ষবিশেষ, শ্লেষ্মঘ্নী, ত্রিপুরমালিকা-খ্যাত।

ত্রিপুরা, স্ত্রী. [ত্রিপুর+আ] দেবীবিশেষ।

ত্রিপুরান্তক, পুং. [ত্রিপুর+অন্তক] শিব।

ত্রিপুরী, স্ত্রী. [ত্রি+পুরী] দেশবিশেষ, চেদি-নগরী, ত্রিপুরাখ্যাত।

ত্রিপুরুষ, ন. [ত্রি+পুরুষ] পিতামহ-পুত্র-পৌত্র এতত্রয় ব্যক্তি।

ত্রিপুরাষাগত, ত্রি. [ত্রিপুরুষ+আগত] পূর্ব্বোক্ত পুরুষত্রয়ানুযায়ী।

ত্রিপুষা, স্ত্রী. [ত্রি+পুষা] কৃষ্ণত্রিবৃৎ।

ত্রিপুষ্ট, পুং. [ত্রি+পুষ্ট] রাজভেদ, প্রাজাপত্য।

ত্রিপৌরুষ, ত্রি. [ত্রি+পৌরুষ] ত্রিপুরুষসম্বন্ধ।

ত্রিফলা, স্ত্রী. [ত্রি+ফলা] মিলিত সমভাগ হরীতকী বিভীতক্যামলকী ফল, ত্রিফলী, ফলত্রয়, ফলত্রিক।

ত্রিফলী, স্ত্রী. [ত্রি+ফলী] ত্রিফলা।

ত্রিবর্গ, পুং. [ত্রি+বর্গ] ধর্ম্মকামার্থ; ত্রিফলা; ত্রিকটু; বৃদ্ধিস্থানক্ষয়া; ত্রিগুণ, সত্ত্বরজস্তম; সুনীতি। [ত্রয়গত।

ত্রিবর্গপারীণ, ত্রি. [ত্রিবর্গ+পারীণ] অবস্থা-

ত্রিবর্ণক, ন. [ত্রি+বর্ণক] গোক্ষুরক; ত্রিফলা; ত্রিকটু। [তিনসনী।

ত্রিবর্ষাত্মক, ত্রি. [ত্রি+বর্ষাত্মক] ত্রৈবার্ষিক,

ত্রিবর্ষিকা, স্ত্রী. [ত্রিবর্ষ+ইকা] ত্রিহায়ণী, ত্রিবর্ষাগৌ।

ত্রিবলী, স্ত্রী. [ত্রি+বলী] জঠরাবয়ববিশেষ।

ত্রিবলীক, ন. [ত্রিবলী+ক] পায়ু।

ত্রিবিক্রম, পুং. [ত্রি+বিক্রম] বিষ্ণু।

ত্রিবিদ্যা, স্ত্রী. [ত্রি+বিদ্যা] শাখাত্রয়শাস্ত্র।

ত্রিবিধ, ত্রি. [ত্রি+বিধ] ত্রিধা, তিনপ্রকার, তিনধারা।

ত্রিবিষ্টপ, ন. [ত্রি+বিষ্টপ] ত্রিপিষ্টপ, স্বর্গ; ত্রিভুবন। [সৎ।

ত্রিবিষ্টপসৎ, পুং. [ত্রিবিষ্টপ+সদ্] ত্রিপিষ্টপ

ত্রিবীজ, পুং. [ত্রি+বীজ] শ্যামাক।

ত্রিবুলীক, ন. [ত্রি+বুলীক] পায়ু।

ত্রিবৃৎ, স্ত্রী. [ত্রি+বৃৎ] লতাবিশেষ, তেউড়ী খ্যাত, তৎপর্য্যায়।—সর্ব্বানুভূতি, সুবহা, ত্রিপুটা, ত্রিবৃতা, ত্রিভণ্ডী, রেচনী, সবহা, সরণা, সরসা, ত্রিপুটী, রোচনী, মালবিকা, মসুরী, শ্যামা, অর্দ্ধচন্দ্রা, বিদলা, সুষেণী, কালিঙ্গিক, কালমেষী, কালী, ত্রিবেলা, ত্রিবৃত্তিকা, শ্বেতা, সারা; কৃষ্ণত্রিৎ পর্য্যায়।—শ্যামা, পালিন্দী, সুষেণিকা, কালা, মসুরবিদলা, অর্দ্ধচন্দ্রা, কালমেষিকা, পালিন্ধী, কালকেশিকা, শ্বেত ত্রিবৃৎ পর্য্যায়।—ত্রিবৃৎ, বৃকাক্ষী, সুবহা, ত্রিভণ্ডী, ত্রিপুটা; অরুণত্রিবৃৎপর্য্যায়।—ব্যাঘ্রাদনী, কুটরুণা, নিঃসৃতা, ত্রিবৃতা, অরুণা।

ত্রিবৃৎকরণ, ন. [ত্রিবৃৎ+করণ] পৃথিবী জল তেজঃ এই তিনভূতকে ভাগদ্বয়ে বিভক্ত করিয়া প্রত্যেকের এক এক অর্দ্ধকে পুনর্ব্বার দুইভাগে বিভক্ত করিয়া স্বীয় অর্দ্ধ ব্যতীত অন্য দুই অর্দ্ধে একখণ্ড যোজিত করা।

ত্রিবৃৎপর্ণী, স্ত্রী. [ত্রবৃৎ+পর্ণী] হিলমোচিকা।

ত্রিবৃতা, স্ত্রী. [ত্রি+বৃতা] ত্রিবৃৎ।

দুগ্ধপাচন, ন. [দুগ্ধ+পাচন] দুগ্ধপাকপাত্র, বক্ত্রক, কেঁড়ে।
দুগ্ধপাত্র, ন. [দুগ্ধ+পাত্র] দোহনপাত্র, গোদোহনী, দুগ্ধভাণ্ড, ক্ষীরভাণ্ড, দুগ্ধ ভাজন।
দুগ্ধপায়ী, ত্রি. [দুগ্ধ+পায়িন্] ক্ষীরপায়ী।
দুগ্ধপাষাণ-দুগ্ধপাষাণক, পুং. [দুগ্ধ+পাষাণ] বৃক্ষবিশেষ, শিরগোলাখ্যাত, তৎপর্য্যায়।—দুগ্ধাশ্মা, ক্ষীরী, গোমেদ সন্নিভ, বজ্রাণ্ড, দীপ্তিক, দুগ্ধী, ক্ষীরক্ষব।
দুগ্ধপুচ্ছী, স্ত্রী. [দুগ্ধ+পুচ্ছী] বৃক্ষবিশেষ, দুগ্ধপেয়াখ্যাত।
দুগ্ধপোষ্য, পুং. [দুগ্ধ+পোষ্য] অতিশিশু, ক্ষীরকণ্ঠ বালক, স্তন্যপায়ী, দুধিয়া।
দুগ্ধপ্রদ, ত্রি. [দুগ্ধ+প্রদ] ক্ষীরদ, বহুদুগ্ধ।
দুগ্ধফেণ, পুং. [দুগ্ধ+ফেণ] ক্ষীরহিণ্ডীর, শার্কর।
দুগ্ধফেণী, স্ত্রী. [দুগ্ধ+ফেনী] ক্ষুদ্রক্ষুপবিশেষ, পয়ঃফেনী, ফেনদুগ্ধা, পয়স্বিনী, লূতারি, ব্রণকেতুঘ্নী, গোজাপর্ণী।
দুগ্ধবতী, স্ত্রী. [দুগ্ধ+বতী] পীবরস্তনী, ক্ষীরিণী, দোগ্ধ্রী।

দুগ্ধবত্ব, ন. [দুগ্ধ+বত্ব] দুগ্ধতা, ক্ষীরজনকতা।
দুগ্ধবীজা, স্ত্রী. [দুগ্ধ+বীজা] যাবনালাদ্যাকৃতা তপ্ত তণ্ডুল চিপিট।
দুগ্ধভাজন-দুগ্ধভাণ্ড, ন. [দুগ্ধ+ভাজন] দোহনপাত্র। [যন্ত্র।
দুগ্ধমাপনী, স্ত্রী. [দুগ্ধ+মাপনী] ক্ষীরমাপন-
দুগ্ধমুখ, পুং. [দুগ্ধ+মুখ] দুগ্ধপোষ্য।
দুগ্ধসবর্ণ, ত্রি. [দুগ্ধ+সবর্ণ] ক্ষীরবচ্ছুক্ল, ক্ষীরবর্ণ।
দুগ্ধাব্ধি, পুং. [দুগ্ধ+অব্ধি] ক্ষীরসমুদ্র।
দুগ্ধাব্ধিতনয়া, স্ত্রী. [দুগ্ধাব্ধি+তনয়া] লক্ষ্মী।
দুগ্ধাশ্মা, পুং. [দুগ্ধ+অশ্মন্] দুগ্ধপাষাণ।
দুগ্ধাহার, পুং. [দুগ্ধ+আহার] পয়ঃপান।
দুগ্ধাক্ষ, পুং. [দুগ্ধ+অক্ষ] উপলবিশেষ, বজ্রাত, ক্ষীরস্ফটিক।
দুগ্ধিকা, স্ত্রী. [দুগ্ধ+ইকা] বৃক্ষবিশেষ, দুধী, দুধা, ক্ষীরই, তৎপর্য্যায়।—স্বাদুপর্ণী, ক্ষীরাবী, ক্ষীরণী, দুগ্ধী, ক্ষীরী, ক্ষীরাম্বিকা, বৃক্ষভেদ, গন্ধিকাখ্যাত।
দুগ্ধিতা, স্ত্রী. [দুগ্ধ+ইতা] সদুগ্ধতা।
দুগ্ধিনিকা, স্ত্রী. [দুগ্ধ+ইনিকা] বৃক্ষবিশেষ, রক্তাপামার্গ।
দুগ্ধী, স্ত্রী. [দুগ্ধ+ইন্] ক্ষীরাবী; দুগ্ধপাষাণ; (ত্রি.) পয়স্বী, দুগ্ধময়, ক্ষৈর্য্য, পয়স্ক, পায়স, ক্ষীরী, ক্ষীরিণী।
দুঘ, ত্রি. [দু+হ] দুগ্ধপ্রদ, বহুদুগ্ধ।
দুঘেয়া, (প্রা) দিনবৃত্ত।
দুচ্ছক, পুং. [দু+ছক] মুরানাম গন্ধদ্রব্য; বিহারাদ্যবকাশক।
দুটপ্পা, (প্রা) সংক্ষেপ, সাংক্ষেপিক, চুম্বক।
দুটা, (প্রা) দ্বি, দ্বয়, দুই।
দুড়ি, স্ত্রী. [দুল+ই] দুলি, কচ্ছপী।
দুণ-দুণা, (প্রা) দ্বিগুণ; দোহারা।
দুণ্ডুক, ত্রি. দুষ্টচিত্ত, প্রবঞ্চক, ধূর্ত্ত।
দুণ্ডুভ, ত্রি. [দুণ্ড্+উভ] ডুণ্ডুভ সর্প।
দুত, ত্রি. [দু+ত] তিতিক্ষিত, সোঢ়।
(প্রা) উভয় সম্ভব, দ্বার্থ, সন্দেহ, দ্বিধা। [মনস্তাপ।
দুর্ভিক্ষ, স্ত্রী. [দু+ত] তিরস্কৃত, চিন্তা,

দুদ-দুদ্ধ-দুধ, (প্রা) (দুগ্ধ শব্দের অপভ্রংশ) পয়ঃ, দুগ্ধ।

দুদমারী, (প্রা) বৃক্ষবিশেষ।

দুদলিয়া, (প্রা) দুর্বৃত্ত, অধর্ম্মনিষ্ঠ, দুইপক্ষ সম্বন্ধীয়; সপক্ষত্যাগী, স্বধর্ম্মভ্রষ্ট।

দুদিক্, (প্রা) উভয়দিক্, দিগদ্বয়।

দুদিয়া, (প্রা) দুগ্ধবিশিষ্ট, পয়স্বিনী, দুগ্ধপোষ্যবালক।

দুদ্দ, ত্রি. [দুদ+দ] পীড়াকর, কষ্টদায়ক, দুঃখদায়ক। [কেচ্ছু।

দুদ্যূষু, ত্রি. [দিব+উ] ক্রীড়নেচ্ছু; কৌতু-

দুদ্রুম, পুং. [দু+দ্রুম] হরিৎপলাণ্ডু।

দুধকলমা, (প্রা) হৈমন্তিক ধান্যবিশেষ।

দুদকলমী, (প্রা) লতাবিশেষ।

দুধকুশী, (প্রা) বৃক্ষভেদ।

দুধচাঁপা, (প্রা) চম্পকভেদ।

দুধতোলা, (প্রা) শিশুদিগের অজীর্ণহেতু দুগ্ধ উদ্গারকরণ।

দুধপিটলী, (প্রা) বৃক্ষভেদ।

দুধলতা, (প্রা) বৃক্ষলতাবিশেষ।

দুধুষন্, ত্রি. [ধু+অৎ] কম্পনচেষ্টা।

দুন, (প্রা) দ্বয়, দুই।

দুনা, (প্রা) দ্বিগুণ।

দুনিয়া (বাং) পৃথিবী।

দুনী, (প্রা) দ্রোণী, ডোঙ্গা; বায়ু প্রচালিত শস্য পেষণ যন্ত্র, বাতচক্র।

দুনুগী, (প্রা) দিত্ব, দিগুণ।

দুন্দম, পুং. [দুন্+দম] দুন্দুভি।

দুন্দিয়া, (প্রা) কলহকারী, রাজবিরুদ্ধকারী, গোঁয়ার, দুর্দ্দান্ত।

দুন্দু, পুং. [দু+দমু] বসুদেব; দুন্দুভিবাদ্য।

দুন্দুভি, পুং. [দুন্দু+ভি] বৃহৎঢক্কা, ভেরী, আনক; বরুণ; দৈত্যভেদ; রক্ষোভেদ; বাদ্যভেদ; বিষ; (স্ত্রী.) অক্ষ, পাশক; অক্ষবিন্দুত্রিকদ্বয়, চতুষ্পার্শ্বে বিন্দু অঙ্কিত স্বর্ণশুক্লাদিময় দ্যূতোপকরণ পা-

দুন্দুমার, পুং. [দুন্দু+মার] ধুন্ধুমার; ধুমভেদ; বিড়াল।

দুন্ন, ত্রি. [দু+অৎ] পীড়িত, আতুর।

দুপট্টী, (প্রা) শ্রেণীদ্বয়।

দুপরিয়ামণি, (প্রা) পুষ্পবৃক্ষবিশেষ, অর্থাৎ যে পুষ্প মধ্যাহ্নকালে প্রস্ফুটিত হয়।

দুপহর, (প্রা) মধ্যাহ্নকাল, দুইপ্রহর।

দুপাটী, (প্রা) পুষ্পবৃক্ষবিশেষ।

দুফাক, (প্রা) ছিদ্র, ভঙ্গ; বিদারণ।

দুবলা, (প্রা) (দুর্ব্বলের অপভ্রংশ) কৃশ।

দুবার, (প্রা) দুইবার।

দুভাষিয়া-দুভাষী, (প্রা) দ্বিভাষাবাদী, দ্বিজিহ্ব।

দুমড়ন, (প্রা) ভাঁজন, মোড়ন, সঙ্কোচন।

দুমুখ, (প্রা) সর্পবিশেষ; বদনদ্বয়।

দুমুড়ি, (প্রা) উভয়পার্শ্ব, পার্শ্বদ্বয়।

দুমেটিয়া, (প্রা) কর্দ্দম দ্বারা দ্বিতীয়বার প্রতিমাদি লেপিত করণ।

দুম্বা, (বাং) স্থূল; দীর্ঘলাঙ্গুলবিশেষ।

দুম্বাভেড়া, (প্রা) ভেড়াবিশেষ।

দুয়ার, (প্রা) দ্বার।

দুর্, বা. [দো+উর] নিষেধ; দুঃখ; অবক্ষেপণ; দুঃখভাবন; কোপ।

দুরঙ্গ, (প্রা) দুইপ্রকার রঙ্গ।

দুরতিক্রম, ত্রি. [দুর্+অতিক্রম] অনতিক্রম্য, অলঙ্ঘ্য, দুঃসাধ্য, দুর্দ্ধর।

দুরত্যয়, ত্রি. [দুর্+অত্যয়] দুরুত্তর, দুর্গ, অগম্য, দুর্গম, সঙ্কট, দুস্তর।

দুরত্যয়ানুক্রমণ, ত্রি. [দুর্+অত্যয়+অনুক্রমণ] দুর্গানুক্রমণ।

দুরদৃষ্ট, ন. [দুর্+অদৃষ্ট] দুর্ভাগ্য, তৎপর্য্যায়।—দুর্দ্দৈব, দৌর্ভাগ্য, দুর্গতি, দৌর্গত্য, অশুভ, দুর্জ্জাত, অশ্রীক, অনয়, অনর্থ, নির্ঋতি, আলক্ষণ্য, অভদ্র, অমঙ্গল, মন্দকপাল।

দুরধিগ-দুরধিগম-দুরধিগম্য, ত্রি. [দুর্+অধিগ] দুষ্প্রাপ্য, দুর্লভ, দুরাসদ।

দুরধীত, ত্রি. [দুর্+অধীত] ক্লেশাভ্যস্ত।

দুরধ্যয়, ত্রি. [দুর্+অধ্যয়] দুষ্প্রাপ্য; কষ্টাভ্যাস। [য়ন

দুরধ্যয়ন, ন. [দুর্+অধ্যয়ন] ক্লেশে অধ্য-

দুরধ্ব, পুং. [দুর্+অধ্বন্] কুপথ, অসন্মার্গ, কাপথ, মন্দবর্ত্ম।

দুরন্ত, ত্রি. [দুর্+অন্ত] দুষ্ট, অবাধ্য, উপদ্রবী, ঠেঁটা।

দুরন্তবীর্য্য, ত্রি. [দুরন্ত+বীর্য্য] দারুণবীর্য্য।

দুরন্তমোহ, ত্রি. [দুরন্ত+মোহ] সম্মোহিত, দুর্ম্মদান্ধ।

দুরন্তশক্তি, ত্রি. [দুরন্ত+শক্তি] সর্ব্বশক্তিমান্, অপারশক্তিক, অনন্তশক্তি। [যুক্ত।

দুরন্বয়, ত্রি. [দুর্+অন্বয়] দুষ্প্রাপ্য, অসং-

দুরপচার, ত্রি. [দুর্+অপচার] দুরপ্রসন্ন

দুরবগ্রহ, ত্রি. [দুর্+অবগ্রহ] দুর্লভ, দুষ্প্রাপ্য।

দুরবস্থ, ত্রি. [দুর্+অবস্থা] দুর্ভাগ্য, হতভাগ্য, মন্দভাগ্য।

দুরবস্থা, স্ত্রী. [দুর্+অবস্থা] দুর্দ্দশা, মন্দাবস্থা, আপদ।

দুরবাপ, ত্রি. [দুর্+অবাপ] দুর্লভ, দুষ্প্রাপ্য।

দুরভিগ্রহ, পুং. [দুর্+অভিগ্রহ] অপামার্গ; (ত্রি.) দুঃখগ্রাহ্য।

দুরভিগ্রহা, স্ত্রী. [দুরভিগ্রহ+আ] কপিকচ্ছু; দুরালভা।

দুরক্ষ, ন. [দুর্+অক্ষ] কৃত্রিম পাশক।

দুরাক, পুং. [দুর্+আক] ম্লেচ্ছভেদ।

দুরাক্রম, ত্রি. [দুর্+আক্রম] দুরতিক্রম।

দুরাক্রমণ, ত্রি. [দুর্+আক্রমণ] অন্যায়াক্রমণ। [ক্রান্ত।

দুরাক্রান্ত, ত্রি. [দুর্+আক্রান্ত] অন্যায়া-

দুরাগত, ত্রি. [দুর্+আগত] অসুগমোপস্থিত-কষ্টাগত

দুরাগ্রহ, পুং. [দুর্+আগ্রহ] নির্ব্বন্ধ, অভিনিবেশ। [দুর্ণেতৃত্ব।

দুরাচরণ, ন. [দুর্+আচরণ] অসৎক্রিয়া,

দুরাচার পুং. [দুর্+আচার] বিরুদ্ধাচরণ, কুব্যবহার, কদাচার; (ত্রি.) নিন্দিতাচারবান্, কুব্যবহারী।

দুরাচারিত, ত্রি. [দুরাচার+ইত] দুর্নীর্ব্বাহিত, অসম্যগ্রীত, দুর্ঘটিত। [নিঃস্ব।

দুরাঢ্য, ত্রি. [দুর্+আঢ্য] দরিদ্র, নির্ধনী,

দুরাঢ্যকর, ত্রি. [দুরাঢ্য+কর] দরিদ্রকর, নিঃস্বজনক।

দুরাঢ্যম্ভব, ত্রি. [দুরাঢ্য+ভব] দরিদ্রসম্বন্ধীয়।

দুরাত্মা, ত্রি. [দুর্+আত্মন্] পাপাত্মা, নির্দ্দয়, দুষ্ট, উপদ্রবী, ক্রূর, পাপী।

দুরাধর্ষ, পুং. [দুর্+আধর্ষ] গৌরসর্ষপ; (ত্রি.) অধর্ষণীয়, প্রগল্ভ, অহঙ্কারী।

দুরাধর্ষা, স্ত্রী. [দুরাধর্ষ+আ] কুটুম্বিনীবৃক্ষ।

দুরাধি, ত্রি. [দুর্+আধি] দুঃখজনক, পীড়াকর।

দুরাপ, ত্রি. [দুর্+আপ] দুষ্প্রাপ, দুর্লভ।

দুরারুহ, পুং. [দুর্+আরুহ] বিল্ব; নারিকেল।

দুরারুহা, স্ত্রী. [দুরারুহ+আ] খর্জ্জুরী।

দুরারূঢ়, ত্রি. [দুর্+আরূঢ়] কষ্টারূঢ়, কৃচ্ছ্রাধিরূঢ়।

দুরারোহ, পুং. [দুর্+আরোহ] শরট, কাঁকলাশ; (ত্রি.) দুঃখারোহণীয়।

দুরারোহণীয়, ত্রি. [দুর্+আরোহণীয়] দুরারোহ।

দুরারোহা, স্ত্রী. [দুরারোহ+আ] শাল্মলিবৃক্ষ; শ্রীবল্লী।

দুরালভ, ত্রি. [দুর্+আলভ] অস্পৃষ্ট, কষ্টপরামৃষ্ট।

দুরালভা, স্ত্রী. [দুরালভ+আ] স্বনামখ্যাত কণ্টকযুক্ত ক্ষুদ্র বৃক্ষবিশেষ; ইহা যবাস প্রভেদ, হিঙ্গুয়া, তৎপর্য্যায়।—দুরালম্ভা, ধন্বযাস, তাম্রমূলা, কচ্ছুরা, দুস্পর্শা, ধন্বী, ধন্বযবাসক, প্রবোধনী, সূক্ষ্মদলা, বিরূপা, দুরভিগ্রহা, দুর্লভা, দুঃপ্রধর্ষা, যাস, যবাস, দুষ্পর্শা, কুনাশক, রোদনী, অনন্তা, সমুদ্রান্তা, গান্ধারী, কষায়া, ধনুর্যাস, যুবস, কচ্ছরা, বিকণ্টক; (ত্রি.) দুরালভনীয়।

দুরালম্ভা, স্ত্রী. [দুর্+আলম্ভা] দুরালভা।

দুরালাপ, পুং. [দুর্+আলাপ] মন্দালাপ, কটুবাক্য, গালি, কুৎসিতকথোপকথন।

দুরালোক, ত্রি. [দুর্+আলোক] দুর্নিরীক্ষ্য, দুর্দ্দর্শ, নয়নোপঘাতী; (পুং.) অতিদীপ্তি, বৃহদ্দ্যুতি।

দুরাশয়, ত্রি. [দুর্+আশয়] ক্রূর, দুষ্টমানস, কঠিনাশয়।

দুরাশ্রয়, ত্রি. [দুর্+আশ্রয়] কঠিনাশ্রয়, কষ্টাশ্রয়।

দুরাস, ত্রি. [দুর্+আস] দুর্দান্ত।

দুরাসদ, ত্রি. [দুর্+আসদ] দুষ্প্রাপ্য, দুর্লভ, দুর্ব্বিষহ।

দুরিত, ন. [দুর্+ইত] পাপ; (ত্রি.) পাপী।

দুরিতদমনী, স্ত্রী. [দুরিত+দমনী] শমীবৃক্ষ; (ত্রি.) পাপনাশিনী। [কর্ত্তা।

দুরিষ্টকৃৎ, পুং. [দুরিষ্ট+কৃৎ] অভিচার-

দুরিষ্ঠ, ত্রি. [দুর্+ইষ্ঠন্] অতিমন্দ, অতিশয় নিন্দিত; (ন.) ক্রুরতা, খলতা।

দুরীষণা, স্ত্রী. [দুর্+ঈষণা] শাপ; কুদৃষ্টি; কদক্ষ।

দুরুক্ত, ত্রি. [দুর্+উক্ত] কটূক্ত, মন্দোক্ত; (ন.) দুর্ব্বাক্য, ধিক্কিয়া। [ষোক্তি।

দুরুক্তি, স্ত্রী. [দুর্+উক্তি] কটূক্তি, পরু-

দুরুত্তর, ত্রি. [দুর্+উত্তর] দুরত্যয়, অগমনীয়, দুর্গম; অনুত্তর, অখণ্ডনীয়।

দুরুদাহর, ত্রি. [দুর্+উদাহর] কঠিনোচ্চারিত। [নীয়।

দুরুদ্বহ, ত্রি. [দুর্+উদ্বহ] অসহ্য, অসহ-

দুরুপক্রম, ত্রি. [দুর্+উপক্রম] কষ্টাগত।

দুরুপচার, ত্রি. [দুর্+উপচার] অসাধ্য; অচিকিৎস্য।

দুরুপসর্পী, স্ত্রী. [দুর্+উপসর্পী] আশঙ্কাপ্রযুক্ত উপস্থিত।

দুরুপস্থান, ত্রি. [দুর্+উপস্থান] দুর্গম, অভিগমনীয়, দুর্দ্ধর্ষ, অপ্রাপ, দুষ্প্রাপ।

দুরুপায়, পুং. [দুর্+উপায়] নিরুপায় দুর্গতি।

দুরূপ, (প্রা) দ্বিধা, দ্বিপ্রকার।

দুরূহ, ত্রি. [দুর্+ঊহ] কঠিন, কষ্টসাধ্য দুর্ব্বিজ্ঞেয়।

দুরোদর, ন. [দুর্+উদর] দ্যূতপ্রভেদ, পাশকক্রীড়া; (পুং.) দ্যূতকর, অক্ষক্রীড়ক; পণ।

দুর্গ, ন. [দুর্+গম] পর্ব্বতাদির দুর্গম পুর; গড়, কেল্লা, কোট; স্কন্ধাবার, রাজধানী, রাজস্থানক, পুর অধিষ্ঠান, (পুং.) অসুর বিশেষ; গুগ্গুলু; (ত্রি.) দুর্গম।

দুর্গকর্ম্ম, পুং.ন. [দুর্গ+কর্ম্ম] মহোৎসাহ, অদ্ভুতকর্ম্ম।

দুর্গকারক, ন. [দুর্গ+কৃ-অক] বৃক্ষবিশেষ; (ত্রি.) দুর্গকর্ত্তা; গড়নির্ম্মাতা।

দুর্গত, ত্রি. [দুর্গম+ত] দরিদ্র, বিপন্ন; দুরবস্থ; দুঃখী।

দুর্গতি, স্ত্রী. [দুর্গম+তি] নারক্য, দারিদ্র্য, ক্লেশ, দুরবস্থা, দরিদ্রতা।

দুর্গতিনাশিনী, স্ত্রী. [দুর্গতি+নাশিনী] দুর্গা; দুঃখনাশিনী।

দুর্গন্ধ, ন. [দুর্+গন্ধ] সৌবর্চ্চল লবণ,(পুং.) দুষ্টগন্ধ, পূতিগন্ধি; আম্রবৃক্ষ; পলাণ্ডু, পেঁয়াজ, (ত্রি.) দুষ্টগন্ধ যুক্ত, মন্দগন্ধ; কুবাস।

দুর্গন্ধী, ত্রি. [দুর্গন্ধ+ইন্] দুর্গন্ধযুক্ত।

দুর্গপুর, ন. [দুর্গ+পুর] গড়বেষ্টিত নগর।

দুর্গপুষ্পী, স্ত্রী. [দুর্গ+পুষ্পী] বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—কেশপুষ্টা, মানসী, বালাক্ষী, কেশধারিণী, কেনাপুষ্ট গাছ।

দুর্গম, ত্রি. [দুর্ + গম] দুর্গ, দুঃখদ্বারা গমনীয়স্থানাদি, কষ্টগম্য, কঠিন।

দুর্গমার্গ, পু. [দুর্গ+মার্গ] সঙ্কটপথ, সঞ্চর।

দুর্গলঙ্ঘন, ত্রি. [দুর্গ+লঙ্ঘন] কষ্টসহ্যকরণ, (পুং.) উষ্ট্র।

দুর্গসঞ্চর, পুং. [দুর্গ+সঞ্চর] সংক্রম, সাঁকো, সেতু।

দুর্গসঞ্চার, পুং. [দুর্গ+সঞ্চার] দুর্গসঞ্চর।

দুর্গসম্পদ্, স্ত্রী. [দুর্গ+সম্পৎ] দুর্গের প্রধান স্থান।

দুর্গা, স্ত্রী. [দুর্+গম-আ] নীলী; অপরাজিতা; শ্যামাপক্ষী; হিমালয়কন্যা, শিবভার্য্যা, গণেশ এবং কার্ত্তিকের মাতা, তৎপর্য্যায়।—অংশকা, অক্রূরা, অচিন্ত্যা, অতুলা, অনন্তা, অন্নপূর্ণা, অট্টালবাসিনী, অট্টাট্টহাসিনী, অদ্রিতনয়া, অপরাজিতা, অপর্ণা, অভয়া, অম্বা, অম্বিকা, অযোধ্যারূপিণী, অক্ষরবাসিনী, আদ্যা, আনন্দা, আচণ্ডা, ঈশা, ঈশানী, ঈশ্বরা, ঈশ্বরী, উগ্রচণ্ডা, উগ্রতারা, উমা, কজ্জিলা, কপালিনী, কমলা, কল্যাণী,

কর্ম্মদা, কাত্যায়নী, কান্তা, কামনা, কামরূপা, কামিনী, কামেশ্বরী, কালিকা, কালী, কার্ত্তিকেয়প্রসূ, কিরাতী, কুমারসূ, কুব্জিকা, কুলা, কীর্ত্তিদা, কৃত্তিবসনা, কৃষ্ণা, কৃষ্ণপিঙ্গলা, কৃষ্ণরূপা কৃষ্ণজায়া, কৈটভী, কোটবী, কৌশিকী, খঞ্জনা, গণ্ডকী, গণনায়িকা, গিরিজা, গিরিভূ, গিরিসুতা, গিরীশা, গীতবাদ্যপ্রিয়া, গীতি, গৌতমী, গৌরী, ঘোরা, চক্রেশ্বরী, চণ্ডনায়িকা, চণ্ডবতী, চণ্ডা, চণ্ডিকা, চণ্ডী, চর্চ্চা, চর্চ্চিকা, চতুর্ভুজা, চর্ম্মযুক্তা, চামুণ্ডা, চার্ব্বঙ্গী, চিদানন্দস্বরূপিণী, চিত্রা, জগতী, জগদম্বা, জগন্মাতা, জগন্নাথস্বরূপিণী, জত্রিকা, জয়ন্তী, জমলার্জ্জুনী, জাহ্নবী, জ্বালামুখী, জানকী, জীমূতবসনা, জৃম্ভনী, তপা, তাপিনী, তামসী, তারা, তীব্রা, তীক্ষ্ণা, তুমুলা, তুলসী, ত্রিনেত্রা, ত্রিপুরাসুন্দরী, ত্রিপুরা, ত্রিযামা, ত্রিলোচনী, ত্রিশূলা, ত্বরিতা, দর্দুরা, দক্ষকন্যা, দক্ষজা, দক্ষযজ্ঞবিনাশিনী, দিগম্বরী, দেবী, দূতী, ধনদা, ধবলা, ধরিত্রিণী, ধর্ম্মেশ্বরী, ধ্যেয়া, নন্দা, নন্দিনী, নারসিংহী নারায়ণী, নিত্যা, নিদ্রারূপা, নির্গুণা, নীলসরস্বতী, পঞ্চমা, পবিত্রিকা, পাটলা, পার্ব্বতী, পর্ব্বতরাজতনয়া, পৃথুকা, প্রজ্ঞা, ফাল্গুনী, বগলামুখী, বন্দ্যা, বরালিকা, বভ্রবী, বলিপ্রিয়া, বলেশী, বহ্নিধ্বজা, বহুরূপা, বাগীশ্বরী, বাণী, বাভ্রবী, বিকারা, বিদগ্ধা, বিদ্যা, বিন্ধ্যবাসিনী, বিধাত্রী, বিষ্ণুমায়া, বিষ্ণুচক্রধরা, বিশালাক্ষী, বুদ্ধিদা, বৃন্দাবনস্বরূপিণী, বৃহদ্ভট্টারিকা, বেদমাতা, বৈষ্ণবী, ব্রহ্মময়ী, ব্রহ্মিষ্ঠা, ব্রাহ্মী, ভদ্রা, ভবানিকা, ভবানী, ভয়নাশিনী, ভদ্রকালী, ভাবিনী, ভার্গবী, ভীমা, ভীমাদেবী, ভুবনেশী, ভূতনায়িকা, ভূষ্যা, ভৈরবী, ভৌমী, ভ্রমরী, ভ্রামরী, মঙ্গলগৌরী, মঙ্গল্যা, মদালসা, মনস্বিনী, মহাকালী, মহাদেবী, মহাপ্রকৃতি, মহামাত্রা, মহামায়া, মহামায়ী, মহামুদ্রা, মহাশ্বেতা, মহালক্ষ্মী, মহেশ্বরবনিতা, মাকর, মাতৃকা, মাধবী, মানদাত্রী, মায়া, মায়াবতী, মানিনী, মাহেশী, মাহেশ্বরী, মৃড়া, মৃড়ানী, মৃড়ী, মেনকাত্মজা, যতী, যাদবী, যামিনী, যোগমায়া, যোগেশ্বরী, যশোদা, যাদবী, রম্ভা, রাকা, রাজরাজেশ্বরী, রাজসী, রাজীবলোচনা, রাসেশী, রুদ্রপত্নী, রুদ্রাণী, রুদ্রপ্রিয়া, লম্বা, লক্ষণা, শরণ্যা, শর্ব্বাণী, শাকম্ভরী, শাক্রী, শান্তা, শাম্ভবী, শারদা, শিবা, শিখরবাসিনী, শিবসুন্দরী, শিবানী, শুভঙ্করী, শুভগা, শুম্ভঘাতিনী, শুম্ভমর্দ্দিনী, শূলধরা, শূলধারিণী, শূলধৃক্, শূলিনী, শৈলজা, শৈলরাজসুতা, শৈলসুতা, শৈলেয়ী, শ্যামা, ষষ্ঠী, সগুণা, সতী, সত্যভামা, সত্যা, সনাতনী, সন্ধ্যা, সর্ব্বজ্ঞা, সর্ব্বমঙ্গলা, সর্ব্বার্থসাধিকা, সর্ব্বার্থানুসাধিনী, সর্ব্বাণী, সম্বৎসরা, সাত্ত্বিকী, সাধ্বী, সাবিত্রী, সিংহযানা, সিংহরথা, সিদ্ধি, সিদ্ধবিদ্যা, সুনন্দা, সুন্দরী, সুরসা, সুভদ্রিকা, সুলেখা, সৌম্যা, হরবল্লভা, হিণ্ডী, হিমজা, হিমবৎসুতা, হিমশৈলজা, হিমাদ্রিজা, হিমালয়সুতা, হিমাদ্রিতনয়া, হেরম্বজননী, হৈমবতী, হ্রী।

দুর্গাধিকারী, ত্রি. [দুর্গ+অধিকারিন্] দুর্গাধ্যক্ষ।

দুর্গাধ্যক্ষ, পুং. [দুর্গ+অধ্যক্ষ] দুর্গরক্ষক, গড়রক্ষক।

দুর্গানবমী, স্ত্রী. [দুর্গা+নবমী] কার্ত্তিকীশুক্লা নবমী, ত্রেতাযুগাদ্যা।

দুর্গাশ্রয়ণ, ন. [দুর্গ+আশ্রয়ণ] দুর্গে আশ্রয় গ্রহণ।

দুর্গাহ্ব, পুং' [দুর্গা+আহ্ব] ভূমিজগুগ্গুলু।

দুর্ঘট, পুং. [দুর+ঘট] কষ্টসাধ্য, দুঃসাধ্য কঠিন।

দুর্ঘটন, ন. [দুর্ঘট+অন] মন্দঘটনা, বিপদপতন।

দুর্ঘটনা, স্ত্রী' [দুর্ঘটন+আ] মন্দঘটনা, বিপদপতন

দুর্ঘোষ, পুং. [দুর+ঘোষ] ভল্লুক, নিন্দিত-রব, (ত্রি.) নিন্দিতরবযুক্ত, নিন্দিতধ্বনি কুঘোষণা; মন্দরব

দুর্জন, ত্রি. [দুর+জন] খল, ক্রুর, দুষ্ট কদাচার।

দুর্জয়, পুং. [দুর+জয়] কার্ত্তবীর্য্য রাজবংশোদ্ভব অনন্ত পুত্র, দুর্জ্জেয়, (ত্রি.) দুঃখে জয়নীয়, দুর্দম্য; গুরুতর; অপরিহার্য্য।

দুর্জরা, স্ত্রী. [দুর+জরা] জ্যোতিষ্মতীলতা, (ত্রি.) দুর্জ্জর।

দুর্জাত, ন. [দুর+জাত] ব্যসন, (ত্রি.) অসম্যগ্‌জাত, অসমঞ্জস, বিপদ।

দুর্জাতি, ত্রি. [দুর+জাতি] দষ্ট, দুরাত্মা; নীচ; অধম।

দুর্জ্জেয়, ন. [দুর+জ্ঞেয়] যাহা বহু কষ্টে জ্ঞাত হওয়া যায়, দুর্ব্বোধ্য।

দুর্ণয়, পুং. [দুর্‌+নয়] অযুক্তি; অমর্য্যাদা।

দুর্ণীত, ত্রি. [দুর্‌+নীত] কদাচারবান; অনীতিজ্ঞ, অবিনীত; (ন.) কুব্যবহার।

দুর্ণীতি, স্ত্রী. [দুর্‌+নীতি] দুশ্চরিত্র; কুনীতি।

দুর্দ্দম, ত্রি. [দুর্‌+দম] অশাসনীয়, অবশীভূত।

দুর্দ্দর, ত্রি. [দুর্‌+দর] বিদারিত, (ন.) ঋষভ নাম ঔষধবিশেষ।

দুর্দ্দর্শ, ত্রি. [দুর+দর্শ] অতিতেজস্বী, উজ্জ্বল; অদর্শনীয়।

দুর্দ্দৃষ্ট, ত্রি. [দুর্‌+দৃষ্ট] মন্দদৃষ্ট; কুচক্ষে দৃষ্ট।

দুর্দ্দৈব, ন. [দুর্‌+দৈব] দুর্ভাগ্য, কুভাগ্য।

দুর্দ্দশা, স্ত্রী. [দুর+দশা] দুরবস্থা, মন্দাবস্থা, বিপত্তি।

দুর্দ্দান্ত, পুং. [দুর+দান্ত] কলহ; বৎসতর, (ত্রি.) অশান্ত, দুরন্ত, প্রবল, কষ্টে দমনীয়।

দুর্দৃশ্য, পুং. [দুর+দৃশ্য] অস্পষ্ট; কুদৃশ্য, বিশ্রী।

দুর্দ্দিন, ন. [দুর+দিন] মেঘাচ্ছন্ন দিন, বৃষ্টি, বিপৎকাল; মন্দদিন; ঝড়বাদল।

দুর্দুরূট, পুং. [দুর দুর্‌+উ-রুট] নাস্তিক; অনীশ্বরবাদী।

দুর্দ্রিতা, স্ত্রী. [দুর+দ্রিতা] লতাবিশেষ।

দুর্দ্দ্রুম, পুং. [দুর+দ্রুম] হরিৎপলাণ্ডু, হরিদ্রাপেঁয়াজ

দুর্ধর, পুং. [দুর+ধৃ] নরকবিশেষ, ঋষভৌষধি, পারদ; ভল্লাতক, মহিষাসুরের সেনাপতি বিশেষ; (ত্রি.) দুঃখেধারণীয়,

দুর্দ্ধর্ষ, পুং. [দুর্‌+ধৃষ] নির্লজ্জ, অনপত্রপ; ।

দুর্দ্ধর্ষা, স্ত্রী. [দুর+ধৃষ+আ] নাগদমনী. কান্থারীবৃক্ষ, (ত্রি.) দুঃখধর্ষনীয়।

দুর্ধুরাণ, (প্রা) কম্পন, গুরগুরান।

দুর্ধুরূট, পুং. [দুর্ধুরুহ] যুক্তি ব্যতিরেকে গুরুবাক্যে অমান্যমান।

দুর্নাম, ন. [দুর+নামন্‌] অর্শোরোগ; অখ্যাতি, নিন্দা, কুৎসা, অপ্রশংসা, অযশ।

দুর্নামক, ন. [দুর+নামক] রোগ বিশেষ, অর্শোরোগ।

দুর্নামা, পুং. [দুর+নামন্‌] দীর্ঘকোষিকা, ঝিনুক।

দুর্নামারি, পুং. [দুর্নাম+অরি] শূরণ, মূলবিশেষ, ওল।

দুর্নাম্নী, স্ত্রী. [দুর+নাম্নী] দুর্নামা, ঝিনুক, কুৎসিত নামা স্ত্রী।

দুর্নিগ্রহ, [দুর্‌+নিগ্রহ] দুর্দম, অশাসিত।

দুর্নিরীক্ষ, ত্রি. [দুর্‌+নিরীক্ষ] অতিকষ্টে দর্শনীয়

দুর্নিবার, পুং. [দুর+নিবার] যাহা বহু কষ্টে নিবারণ করা যায়।

দুর্নীত, পুং. [দুর+নীত] কুনীত, কুব্যবহার, অসচ্চরিত্র। [কুকথা।

দুর্ব্বচঃ, স্ত্রী. [দুর+বচস্‌] দুর্ব্বাক্য, মন্দবাক্য

দুর্ব্বর্ণ, পুং. [দুর+বর্ণ] রজত, রৌপ্য, রূপা; এলবালুক; মন্দবর্ণ, বদরং।

দুর্ব্বর্ণক, ন. [দুর্‌+বর্ণক] রজত, রৌপ্য।

[দুর্ব্বর্ত্ম], পুং. [দুর+বর্ত্মন্‌] কুপথ, অসমার্গ; কদাচার. দুষ্ট।

দুর্ব্বল, ত্রি. [দুর+বল] কৃশ, অমাংস, ছাত, ক্ষান্ত, শাত, শিত, অবল, অশক্ত, অসমর্থ, ক্ষীণ, বলহীন।

দুর্ব্বলা, স্ত্রী. [দুর+বল+আ] অম্বুশিরীষিকা।

দুর্ব্বহ, ত্রি. [দুর্‌+বহ] বহনের অনুপযুক্ত।
[দুর্ব্বা]ক্‌, স্ত্রী. [দুর+বাচ] কদর্য; অসংকথক; (ন.) দুষ্টবাক্য।
দুর্ব্বাক্য, ন. [দুর+বাক্য] মন্দবাক্য, কুকথা, কদর্য্য, গালাগালি।
দুর্ব্বাচ্য, ন; [দুর্‌+বাচ্য] দুর্ব্বাক্য,গালাগালি
দুর্ব্বাদ, পুং. [দুর+বাদ] দুর্ব্বাক্যবক্তা; নিন্দিতবচন। [বার্য্য।
দুর্ব্বার ত্রি. [দুর্‌+বার] অপ্রতিকার্য্য, অনি-
দুর্ব্বাসনা, স্ত্রী. [দুর্‌+বাসনা] মন্দইচ্ছা।
দুর্ব্বাসাঃ, পুং. [দুর+বাসস্‌] মুনি বিশেষ অত্রিমুনির পুত্র, কুশাবলি; (ত্রি.) মন্দ-বস্ত্রযুক্ত; শঙ্করের অংশে জাত।
দুর্ব্বিধ, পুং. [দুর+বিধ] দরিদ্র; খল; মূর্খ; দুষ্ট।
দুর্ব্বিনীত, পুং. [দুর+বিনীত] অবিনীতাশ্ব, শূকর, (ত্রি.) অবিনীত, দুষ্ট, অশিষ্ট, অশিক্ষিত।
দুর্ব্বিভাব্য, ত্রি. [দুর্‌+বিভাব্য] অবোধগম্য, অবিভাব্য। [বিবাহ।
দুর্ব্বিবাহ, পুং. [দুর্‌+বিবাহ] কুপ্রথায়
দুর্ব্বিষহ, ত্রি. [দুর্‌+বি+সহ] অসহ্য।
দুর্ব্বুদ্ধি, স্ত্রী. [দুর+বুদ্ধি] মন্দবুদ্ধি; কুমতি; অবোধ, মূঢ়; দুষ্ট।
দুর্ব্বোধ, পুং. [দুর+বোধ] কুমতি, অবোধ, মূঢ়।
দুর্ব্বৃত্ত, পুং. [দুর+বৃত্ত] দুর্জ্জন, দুরাত্মা, উপদ্রবী; অবাধ্য।
দুর্ব্ব্যাপার, পুং. [দুর+ব্যাপার] কদাচার, অসাধ্যব্যাপার, দুঃসাধ্যকর্ম্ম; কুব্যবহার।
দুর্ভগা, স্ত্রী. [দুর+ভগ+আ] পতিস্নেহ রহিতা, দুর, বিরক্তা, বিবৃক্তা, নিঃস্ব, দুরা, সৌভাগ্যরহিতা; ভাগ্যহীনা স্ত্রী, অপ্রিয় ভার্য্যা।
দুর্ভক্ষ্য, ন. [দুর+ভক্ষ্য, অকাল, ভক্ষাভাব; অখাদ্য।
দুর্ভাগ্য, ন. [দুর+ভাগ্য] দুরদৃষ্ট, মন্দকপাল। [ভাবনা।
দুর্ভাবনা, স্ত্রী. [দুর+ভাবনা] দুশ্চিন্তা, মন্দ
দুর্ভিক্ষ, ন. [দুর+ভিক্ষ] ভিক্ষার অপ্রাপ্তি কাল, অকাল; অন্নত, মহার্ঘতার সময়।
দুর্ভেদ্য, ত্রি. [দুর্‌+ভেদ্য] দৃঢ়, কঠিন; দুশ্ছেদ্য।
দুর্ম্মতি, স্ত্রী. [দুর+মতি] দুর্ব্বুদ্ধি মন্দবুদ্ধি; দুষ্ট, খল। [অহংকৃত।
দুর্ম্মদ, পুং. [দুর+মদ] মত্ত; তমোগুণযুক্ত,
দুর্ম্মনা, ত্রি. [দুর+মনস্‌] চিন্তাদিতেব্যাকুল চিত্ত, বিমনা, অন্তর্ম্মনা, উদ্বিগ্নচিত্ত, অনামনস্ক, চিন্তিত, ভাবিত, (স্ত্রী.) শতাবরী।
দুর্ম্মর, ত্রি. [দুর্‌+মর] অতিকষ্টে মৃত্যু।
দুর্ম্মরা, স্ত্রী. [দুর+মৃ+আ] তৃণবিশেষ, দুর্ব্বা; শ্বেতদূর্ব্বা। [মর্শ।
দুর্ম্মন্ত্রণা, স্ত্রী. [দুর+মন্ত্রণা] কুমন্ত্রণা, কুপরা-
দুর্ম্মল্লিকা, স্ত্রী. [দুর+মল্লিকা] নাটক,প্রহসন।
দুর্ম্মা, (গ্রা) অর্দ্ধপক্ক নারিকেল, দোমালা নারিকেল।
দুর্ম্মুখ, পুং. [দুর+মুখ] বানরবিশেষ; নাগভেদ; অশ্ব; মহিসাসুরসেনাপতি বিশেষ; (ত্রি.) অপ্রিয়বাদী, মুখর, অবদ্ধমুখ, নিষ্ঠুরভাষী।
দুর্ম্মূল্য, ন. [দুর+মূল্য] মহার্ঘ, অক্রেয়, আক্রা।
দুর্ম্মেধাঃ, ত্রি. [দুর+মেধস্‌] মন্দমেধা, কুবুদ্ধি, মেধাহীন, অবুদ্ধি, নির্ব্বোধ।
দুর্ম্মোহ, পুং. [দুর+মোহ] কাকতুণ্ডী।
দুর্য্যোগ, পুং. [দুর+যুজ] মন্দসময়, মেঘাচ্ছন্ন দিন, অনেক বাধকের মিলন।
দুর্য্যোধন, পুং. [দুর+যুধ+অন] স্বনামখ্যাত কুরুবংশোদ্ভব রাজাবিশেষ, ধৃতরাষ্ট্র জ্যেষ্ঠ পুত্র, কুরুরাট, গান্ধারেয়, সুযোধন।
দুর্যোনি, ত্রি. [দুর্‌+যোনি] নীচবংশোদ্ভব।
দুর্লঙ্ঘন, ন. [দুর+লঙ্ঘন] অলঙ্ঘ্য, অসাধ্যলঙ্ঘন, (পুং.) উষ্ট্র, উট।
দুর্লভ, ত্রি. [দুর+লভ] দুষ্প্রাপ্য, অতিপ্রশস্ত; প্রিয়; (পুং) কচ্চুর, কর্চ্চুর।
দুর্লভা, স্ত্রী. [দুর্লভ+আ] শ্বেতকণ্টকারী, দুরালভা, দুষ্প্রাপ্যা

দুর্লভা, ন. [দুর্‌+লভা] অপ্রাপ্য, কষ্টে-লভ্য।
দুর্লক্ষণ, ন. [দুর্‌+লক্ষণ] অশুভসূচক চিহ্ন, অলক্ষণ, কুলক্ষণ। [দুর্লালসা।
দুর্লোভ, পুং. [দুর+লোভ] মন্দবাঞ্ছা,
দুর্হৃৎ, ত্রি. [দুর+হৃদ্‌] শত্রু, দুষ্টচিত্ত, রিপু; ঃকরণ। [চিত্ত।
দুর্হৃদয়, ত্রি. [দুর+হৃদয়] দুষ্টান্তঃকরণ, ক্রুর-
দুলাল, (প্রা) প্রেম, অনুরাগ, প্রিয় মনোজ্ঞ।
দুলাল্য, (প্রা) প্রিয়, স্নিগ্ধ, স্নেহপাত্র।
দুলি পুং. [দুল+ই] মুনিবিশেষ; (স্ত্রী. কমঠী, কচ্ছপী।
দুলিয়া (প্রা) জাতিবিশেষ, প্রত্যন্তবাসী, নীচজাতি, যানবাহক।
দুলিচা, (প্রা) আসনবিশেষ।
দুলী, স্ত্রী. [দুল+ঈ] দুলি।
দুশমন, (প্রা) শত্রু, বিপক্ষ। [ভালুক।
দুশ্চর, পুং. [দুর+চর] শম্বুক, শামুক; ভল্লুক,
দুশ্চরিত্র, [ন. [দুর+চরিত্র] মন্দপ্রকৃতি; কু-রীতি. বিটল।
দুশ্চর্ম্মা, পুং. [দুর+চর্ম্মন্‌] অপ্রাবৃতমেঢ্র, দ্বিলগ্নক, চণ্ড, শিপিবিষ্ট, কোঠরোগ।
দুশ্চিক্য, ন, [দুর+চিক্য] লগ্ন হইতে তৃতীয় লগ্ন।
দুশ্চ্যবন, পুং. [দুর+চ্যবন] ইন্দ্র, সুরপতি, দেবরাজ। [চিন্ত।
দুশ্চিন্তা, স্ত্রী. [দুর+চিন্তা] মন্দচিন্তা, কু-
দুষ্কর, ন. [দুর্‌+কর] আকাশ, দুঃখদ্বারায় করণ; (ত্রি.) দুঃখকরণক ক্রিয়মাণ ক্লেশকর।
দুষ্কর্ম্ম, ন. [দুর্‌+কর্ম্মন্‌] পাপ; দুষ্ক্রিয়া, কুক্রিয়া, কুকর্ম্ম, ব্যভিচার।
দুষ্কর্ম্মা, ন. [দুর্‌+কর্ম্মন্‌] দুষ্কৃতকারী, দুষ্ক্রিয়ান্বিত, পাপী, ভ্রষ্ট।
দুষ্কুলীন, পুং. [দুর্‌+কুলীন] চোরনাম, গন্ধদ্রব্য; (ত্রি.) দুষ্কুলোদ্ভব, কুবংশ-জাত।
দুষ্কৃত, ন. [দুর্‌+কৃত] পাপ; কুক্রিয়া।
দুষ্কৃতকর্ম্মা, ত্রি. [দুষ্কৃত+কর্ম্মন্‌] কুকর্ম্মা; (ন.) দুষ্ট।
দুষ্কৃতবহিষ্কৃত, ত্রি. [দুষ্কৃত+বহিষ্কৃত] নিষ্পাপ, দুষ্কর্ম্ম হইতে বিরত।
দুষ্কৃতী, ত্রি. [দুষ্কৃত+ইন্‌] পাপাচারী।
দুষ্ক্রম, ত্রি. [দুর্‌+ক্রম] দুর্গম; বিশৃঙ্খল।
দুষ্ক্রীত, ত্রি. [দুর্‌+ক্রীত] মহার্ঘ, দুর্মূল্য।
দুষ্‌খ, ন. [দুর+খ] দুঃখ, পীড়া, ক্লেশ, যন্ত্রণা।
দুষ্‌খী, (প্রা) ক্লেশ বিশিষ্ট, ক্লেশিত, কাতর্য্যান্বিত; দরিদ্র, নিঃস্ব।
দুষ্‌খদির, পুং. [দুর+খদির] খদিরবৃক্ষ, ভেদ, তৎপর্য্যায়।—কাম্বোজী, কালস্কন্ধ গোরট, অমরজ, পত্রতরু, বহুসার, সার-খদির, মহাসার, ক্ষুদ্রখদির।
দুষ্ট, ন. [দুষ+ত] কুষ্ঠ, কুড়; (ত্রি.) দুর্ব্বল; অধম, ভ্রষ্ট, পাপিষ্ঠ, অনপত্রপ, দিরুদ্ধান্তঃকরণ।
দুষ্টচারী, ত্রি. [দুষ্ট+চারিন্‌] অধার্ম্মিক, খল।
দুষ্টচেতা, ত্রি. [দুষ্ট+চেতস্‌] দুষ্টবুদ্ধি, দুষ্ট-মতি।
দুষ্টতা, স্ত্রী. [দুষ্ট+তা] দৌরাত্ম্য, দুষ্টামি, খলতা।
দুষ্টবৃষ, পুং. [দুষ্ট+বৃষ] পারক হইয়া ভারবহনে দুষ্টতাকারক, গড়্যাগরু, গলি।
দুষ্টব্রণ, পুং. [দুষ্ট+ব্রণ] নালীব্রণ, নালীঘা।
দুষ্টভাব, ত্রি. [দুষ্ট+ভাব] দুষ্টবুদ্ধি, দুরাত্মা।
দুষ্টমতি, ত্রি. [দুষ্ট+মতি] দুষ্টচেতা।
দুষ্টামি, (প্রা) দুষ্টতা, দৌরাত্ম্য, খলতা।
দুষ্টা, স্ত্রী. [দুষ+তা] পুংশ্চলী, অসতী।
দুষ্টু, ত্রি. [দু+স্থা+উ] অবিনীত, (ব্য.) নিন্দা, গ্লানি, কুৎসা। [জীর্ণ।
দুষ্পচ, ত্রি. [দুর+পচ] গুরুপাক, ক্লেশে-
দুষ্পত্র, পুং. [দুর+পত্র] চোরনাম গন্ধদ্রব্য।
দুষ্পর্শ, পুং. [দুর্‌+পৃশ] দুরালভা; (ত্রি.) দুঃখস্পৃর্শ্য।
দুষ্পান, ত্রি. [দুর+পান] অতি কষ্টপান, কষ্টেগিলন।
দুষ্পার, পুং. [দুর্‌+পার] দুস্তর, অতরণীয়, অসাধ্যপার

দুষ্পূর, ত্রি. [দুর্+পুর] অতোষণীয়; অপরিপূর্য্য।

দুষ্প্রকৃতি, ত্রি. [দুর+প্রকৃতি] দুষ্টস্বভাব।

দুষ্প্রধর্ষ, পুং. [দুর্+প্রধর্ষ] দুর্গম; দুরালভা।

দুষ্প্রধর্ষণী, স্ত্রী. [দুষ্প্রধর্ষণ+ঈ] বার্ত্তাকী; বেগুণ; কণ্টকারী; বৃহতী।

দুষ্প্রধর্ষা, স্ত্রী. [দুষ্প্রধর্ষ+আ] দুরালভা; খর্জ্জূরী।

দুষ্প্রধর্ষিণী, স্ত্রী [দুষ্প্রধর্ষণ+ইন্-ঈ] দুষ্প্রধর্ষণী, কণ্টকারী, বৃহতী; বেগুণ।

দুষ্প্রধৃষ্য, ত্রি. [দুষ্প্র+ধৃষ্য] প্রগল্ভ, দুরতিগম্য, তীক্ষ্ণ।

দুষ্প্রবেশা, স্ত্রী. [দুর+প্রবেশা] কন্থারীবৃক্ষ।

দুষ্প্রময়, ত্রি. [দুর্+প্রময়] অপ্রমেয়, অপরিমিত।

দুষ্প্রলম্ভ, ত্রি. [দুর্+প্রলম্ভ] অপ্রাপ্ত।

দুষ্প্রাপ্য, ত্রি. [দুর+প্রাপ্য] দুর্লভ।

দুষ্প্রাপ, ত্রি. [দুর্+প্রাপ] দুষ্প্রাপ্য।

দুষ্মন্ত-দুষ্যন্ত, পুং. [দুষ+মন+ত] চন্দ্রবংশীয় রাজাবিশেষ, ঐতি পুত্র।

দুসুতি, (প্রা) স্থূলপত্র বিশেষ; একপ্রকার মোটাকাপড়।

দুস্তর, ত্রি. [দুর্+তর] দুষ্পার, অতরণীয়, দুস্তরণীয়।

দুস্ত্যজ, ত্রি. [দুর্+ত্যজ] অপরিত্যক্ত।

দুস্থ, ত্রি. [দুর+স্থা] দুরবস্থান্বিত; দুঃখী; দরিদ্র, ক্লিষ্ট।

দুস্থতা, স্ত্রী. [দুস্থ+তা] দারিদ্র, দৈন্য, দৌর্ভাগ্য, ক্লেশ, দুর্গতি।

দুস্স্থ, পুং. [দুর+স্থ] কুক্কুর; কুক্কুট।

দুহন্, ত্রি. [দুহ+অৎ] পরিত্যক্ত; দুহন।

দুহাকার, (প্রা) দুই জনের, উভয়ের, উভয়সম্বন্ধীয়

দুহাতিয়া, (প্রা) দুই হস্তে সমান কারক; সব্যসাচী

দুহিতা, স্ত্রী. [দুহ+তৃ] কন্যা, পুত্রী, কুমারী।

দুহিতুঃপতি, পুং. [দুহিতৃ+পতি] জামাতা, জামাই।

দুহ্য, ন. [দুহ+য] দোহন দোগ্ধ্য, দোহ্য,

দুহ্যমান, পুং. [দুহ্+মান] যাহা হইতে দোহন করাযায়, দোহন বিশিষ্ট।

দূড়ভ, ত্রি. [দুর্+ভস্ত] ব্যসনপ্রাপ্ত, বিপদযুক্ত।

দূড়াশ, ত্রি. [দুর্+দশি] পীড়াযুক্ত, রুগ্ন।

দূডাস. পুং. [দুর্+দসি] পীড়াযুক্ত, রুগ্ন।

দূঢ্য, ত্রি. [দুর্+ধ্যৈ] অধম, নীচ, পামর।

দূণাশ, ত্রি. [দুর্+ণশ] দুঃখদ্বারা নষ্ট, দুঃখেহত।

দূত, পুং. [দু+ত] বার্ত্তাহর, তৎপর্য্যায়। সন্দেশহর, সন্দিষ্টকথক; নিজপ্রভুর তেজঃ শ্রী বিক্রম ঔন্নত্যকর বাক্যকথক; শত্রু ক্ষোভকর চেষ্টা; অধর্ষণীয়তা; দক্ষতা, নির্ভয়ত্ব, চর, সম্বাদদাতা।

দূতঘ্নী, স্ত্রী. [দূত+ঘ্নী] কদম্বপুষ্পী।

দূতি, স্ত্রী. [দু+তি] দূতী, সমাচার হারিণী।

দূতিকা, স্ত্রী. [দূত+ইকা] দূতী, দৌত্যকর্ম্মে নিযুক্তা স্ত্রী, কুট্টনী।

দূতী, স্ত্রী. [দূত+ঈ] সারিকা; দৌত্যকর্ম্মে নিযুক্তা স্ত্রী, স্ত্রীপুরুষের সন্দেশ প্রাপিকা, তৎপর্য্যায়।—সঞ্চারিকা, দূতি; দূতীকা, দূতিকা, দৌত্যব্যাপার পারঙ্গমা, পতিবিরহবেদনাদিকর্ম্ম সঙ্ঘটন কারিণী, কুট্টনী।

দূতীকা স্ত্রী. [দূতী+কা] দূতী।

দূত্য, ন. [দূত+য] দূতকর্ম্ম, দূত স্বভাব।

দূদ, ত্রি. [দু+দ] দুঃখিত, ক্লিষ্ট

দূন, ত্রি. [দু+ত] অধ্বাদিতে শ্রান্ত, উপতপ্ত, পথশ্রান্ত, পথক্লিষ্ট; আন্দোলিত।

দূনবান, ত্রি. [দূন+বৎ] উপতপ্ত; গত।

দূপ্র, ত্রি. [দুপ+র] বলবান্, শক্তিমান্।

দূর, ত্রি. [দু+র] অনিকট, অসন্নিকৃষ্ট, তৎপর্য্যায়।—বিপ্রকৃষ্ট, অনাসন্ন, অন্তর; আকে, অরাকে, পরাচৈ, আরে, পরাবত।

দূরগ, ত্রি. [দূর+গ] দূরগতি; দূরস্থ

দূরগামী, ত্রি. [দূর+গামিন্] দূরগমনকারী, (পুং.) তীর।

দূরতঃ, ব্য. [দূর+তস] দূরে, আরাৎ।

দূরতর, পুং. [দূর+তর] বহুদূর, অনেক

দূরতা, স্ত্রী. [দূর+তা] দূরত্ব।
দূরদর্শন, ন. [দূর+দর্শন] দূরদৃষ্টি, অগ্রদৃষ্টি; যন্ত্রবিশেষ, (পুং) গৃধ্র।
দূরদর্শী, ত্রি. [দূর+দর্শিন্] দূর হইতে দর্শনকারী; (পুং) দীর্ঘদর্শী, বহুদর্শী, পণ্ডিত; ভবিষ্যদ্বক্তা; গৃধ্র।
দূরদৃক্, পুং. [দূর+দৃশ্] দীর্ঘদর্শী, বহুদর্শী, পণ্ডিত; গৃধ্র।
দূরদৃষ্টি, স্ত্রী. [দূর+দৃষ্টি] অনেকদূর পর্য্যন্ত দর্শন; অগ্রদৃষ্টি।
দূরপাতী, ত্রি. [দূর+পাতিন্] দূরগ, দূরে বাণাদি সন্ধানকর্ত্তা।
দূরবস্ত্রক, ত্রি. [দূর+বস্ত্রক] উপেন্দ্র।
দূরসংস্থ, ত্রি. [দূর+সংস্থ] দূরভাক্, দূরস্থ।
দূরবর্ত্তী, পুং. [দূর+বর্ত্তিন্] অসন্নিকৃষ্ট, অন্তর।
দূরবীন্,(যাং) দূরবীক্ষণ; উপচক্ষুঃ দূরদর্শন
দূরবেধী, পুং. [দূর+বেধিন্] দূরনিঃক্ষিপ্য-অস্ত্র, বাণাদি, দূরপাতী।
দূরভাক্, ত্রি. [দূর+ভাজ্] দূরস্থ।
দূরভিন্ন, ত্রি. [দূর+ভিন্ন] পরিক্ষত।
দূরবাসী, ত্রি. [দূর+বাসিন্] দূরগামী।
দূরমূল, পুং. [দূর+মূল] মুঞ্জতৃণ।
দূরসংস্থান, ন. [দূর+সংস্থান] দূরেস্থিতি।
দূরস্থ, ত্রি. [দূর+স্থা] দূরবর্ত্তী, দূরস্থিত।
দূরাদূর, ন. [দূর+অদূর] অত্যন্তান্তর, নিকটানিকট।
দূরীকরণ, ন. [দূরী+করণ] অন্তর করিয়া দেওন, তাড়িতকরণ, খেদাইয়া দেওন।
দূরীকৃত, ত্রি. [দূরী+কৃত] দূরীভূত, তাড়িত, স্থানান্তরীকৃত।
দূরীভূত, পুং. [দূরী+ভূত] অন্তর করণ, তাড়িত।
দূরেত্য, ত্রি. [দূর+ইত্য] দূরবর্ত্তী।
দূরেরিতেক্ষণ, ত্রি. [দূরে+ঈরিত+ঈক্ষণ] কেকর, বক্রদৃষ্টি, তির্য্যগদৃষ্টি।
দূর্ব্বা, স্ত্রী. [দূর+আ] স্বনামখ্যাতঘাস, তৎপর্য্যায়।— শতপর্ব্বিকা, সহস্রবীর্য্যা, ভার্গবী, রুহা, অনন্তা, তিক্তপর্ব্বা, দুর্ম্মরা, বহুবীর্য্যা, হরিতা, হরিতালী, কচ্ছরুহা. শুক্লপর্য্যায়।—শতবীর্য্যা, গণ্ডালী, শকুলাক্ষক, গোলোমী, শতপর্ব্বা, সিতদূর্ব্বা, সিতা, নন্দা, মহাবরা।
দূর্ব্বাবন, পুং. [দূর্ব্বা+বন] দূর্ব্বাপরিবেষ্টিত স্থান।
দূর্ব্বাষ্টমী, স্ত্রী. [দূর্ব্বা+অষ্টমী] ভাদ্রশুক্লাষ্টমী।
দূর্য্য, ন. [দূর+য] বিষ্ঠা, শটী, মল, শকৃৎ।
দূলাস, পুং. [দূল+আস] ধনুঃ।
দূলিকা, স্ত্রী. [দূল+ইক] বৃক্ষবিশেষ নীলী।
দূলী, স্ত্রী. [দূল+ঈ] নীলী।
দূশ্য, ন. [দূশ+য] দুষ্য, বস্ত্রগৃহ, কাপড়ের ঘর; শিবির, তাম্বু।
দূষক, ত্রি. [দূষ+ক]দোষোৎপাদক, পাংসন, নিন্দাকর।
দূষণ, পুং. [দূষ+অন] রাবণভ্রাতা, খরসেনাপতি, (ন.) দোষ।
দূষণাবহ, পুং. [দূষণ+আবহ] নিন্দনীয় কুৎসিত।
দূষণারি, পুং. [দূষণ+অরি] শ্রীরাম, রাঘব।
দূষায়ণ. ত্রি. [দূষ+শানচ্] নিন্দিত; অপকৃষ্ট।
দূষি, স্ত্রী. [দূষ+ই] দূষিকা, চক্ষুর মল, পিচুটি।
দূষিকা, স্ত্রী. [দূষ+ইকা] নেত্রমল, পিচুটি. তৎপর্য্যায়।—পিঞ্জোড়ক, দূষি. দূষীকা, পিঞ্জেট, পিজ্জট, তূলিকা
দূষিত, ত্রি [দূষ+ইত] প্রাপ্তদোষ; অভিশস্ত, বাচ্য, ক্ষারিত, জঘন্য, নিন্দিত।
দূষিতা, স্ত্রী. [দূষ+ইতা] দূষণপ্রাপ্তা কন্যা, সন্দেহা, ধর্ষণকারিণী, প্রমাদিকা।
দূষী, স্ত্রী. [দূষ+ঈ] দূষিকা।
দূষীকা, স্ত্রী. [দূষ+ঈকা] দূষিকা।
দূষীবিষ, ন. [দূষী+বিষ] ঔষধাদিভি, অবীর্য্য বিষ।
দূষ্য, ন. [দূষ+য] বস্ত্র; বস্ত্রগৃহ; পূয, (ত্রি.) দূষণীয়, (স্ত্রী.) হস্তিকক্ষ রজ্জু, কাচদড়ি, কক্ষা, বরত্রা, চুষা।
দৃংহিত, ত্রি. [দৃংহি+ত] বর্দ্ধিত।
দৃক্, স্ত্রী. [দৃ+শ] চক্ষু, দর্শন; বুদ্ধি; (ত্রি.)
[illegible]

দৃক্কর্ণ, পুং. [দৃশ+কর্ণ] সর্প, ভুজগ, অহি
দৃক্প্রসাদা, স্ত্রী. [দৃশ+প্রসাদা] কুলথা, কুলথাঞ্জন।
দৃক্পাত, ন. [দৃশ+পাত] অবলোকন, দৃষ্টিপাত, নেত্রপাত।
দৃক্প্রিয়া, স্ত্রী. [দৃশ+প্রিয়া] শোভা, সৌন্দর্য্য। [অহি।
দৃক্শ্রুতি, পুং. [দৃশ+শ্রুতি] সর্প, ভুজঙ্গম
দৃকাণ, পুং. [দৃশ+আন] দ্রেক্কাণ।
দৃক্কাণ, পুং. [দৃশ+কান] দ্রেক্কাণ
দৃগধ্যক্ষ, পুং. [দৃশ্+অধ্যক্ষ] সূর্য্য, রবি।
দৃগ্গোল, পুং. [দৃশ্+গোল] খগোলান্তর্গত গোল বিশেষ।
দৃগ্বিষ, পুং. [দৃশ+বিষ] নাগ, সর্প, বিষধর।
দৃড়ক, পুং. [দৃট্+অক] চুল্লী, চলা।
দৃঢ়, ন. [দৃহ+ত] লৌহ; অতিশয়, অচল, অটল; স্থির, (ত্রি.) স্থূল, অতিশয়, প্রগাঢ়,বলবান, কঠিন; (পুং) রূপকভেদ।
দৃঢ়কণ্টক, পুং. [দৃঢ়+কণ্টক] ক্ষুদ্রফলকবৃক্ষ, ধল আঁকড়া।
দৃঢ়কাণ্ড, ন. [দৃঢ়+কাণ্ড] দীর্ঘরোহিষক, (পুং.) বংশ, (স্ত্রী.) পাতালগরুড়ীলতা।
দৃঢ়কুট্টক, পুং. [দৃঢ়+কুট্টক] অঙ্কবিশেষ।
দৃঢ়গাত্রিকা, স্ত্রী. [দৃঢ়+গাত্রিকা] মৎস্যণ্ডী
দৃঢ়গ্রন্থি, পুং. [দৃঢ়+গ্রন্থি] বংশ, বাঁশ।
দৃঢ়চ্ছদ, ন [দৃঢ়+ছদ] দীর্ঘরোহিষক।
দৃঢ়তম, পুং. [দৃঢ়+তম] অত্যন্তশক্ত, অত্যন্ত কঠিন।
দৃঢ়তরু, পুং. [দৃঢ়+তরু] ধববৃক্ষ
দৃঢ়তা, স্ত্রী. [দৃঢ়+তা] কাঠিন্য, দার্ঢ, স্থিরতা
দৃঢ়তৃণ, পুং. [দৃঢ়+তৃণ] মুঞ্জতৃণ, (স্ত্রী.) বল্বজা।
দৃঢ়ত্বক্, পুং. [দৃঢ়+ত্বচ] নাবনাল শর।
দৃঢ়দংশক, পুং. [দৃঢ়+দংশক] জলজন্তু বিশেষ, হাঙ্গর।
দৃঢ়ধন্বা, পুং. [দৃঢ়+ধন্বন্] সক্ষম ধনুর্দ্ধারী।
দৃঢ়ধুর, ত্রি. [দৃঢ়+ধুর] শক্তিমান্, সক্ষম।
দৃঢ়নীর, পুং. [দৃঢ়+নীর] নারিকেল বৃক্ষ।
দৃঢ়পত্র, পুং. [দৃঢ়+পত্র] বংশ, বাঁশ, (স্ত্রী) বল্বজা।
দৃঢ়পাদা, স্ত্রী. [দৃঢ়+পাদা] যবতিক্তা
দৃঢ়পাদী, স্ত্রী. [দৃঢ়+পাদী] ভুম্যামলকী
দৃঢ়প্রতিজ্ঞ, ত্রি. [দৃঢ়+প্রতিজ্ঞ] সত্যপ্রতিজ্ঞ, স্থিরপ্রতিজ্ঞ।
দৃঢ়প্রত্যয়, পুং. [দৃঢ়+প্রত্যয়] দৃঢ়বিশ্বাস, দৃঢ়ভক্তি।
দৃঢ়প্ররোহ, পুং. [দৃঢ়+প্ররোহ] প্লক্ষবৃক্ষ।
দৃঢ়ফল, পুং. [দৃঢ়+ফল] নারিকেলবৃক্ষ।
দৃঢ়বন্ধিনী, স্ত্রী.[দৃঢ়+বন্ধিন্+ঈ] শ্যামালতা।
দৃঢ়বল্কল, পুং. [দৃঢ়+বল্কল] লকুচ; পুগ।
দৃঢ়বল্কা, স্ত্রী. [দৃঢ়+বল্কা] অম্বষ্ঠা।
দৃঢ়বীজ, পুং. [দৃঢ়+বীজ] চক্রমর্দ্দ; বদর; বর্ব্বূর। [বাকৃ।
দৃঢ়বাদী, পুং. [দৃঢ়+বাদিন] সত্যবাদী, স্থির
দৃঢ়বোধ, পুং. [দৃঢ়+বোধ] দৃঢ়জ্ঞান, নিশ্চয় অনুভব, দৃঢ়প্রত্যয়, সম্পূর্ণ বিশ্বাস
দৃঢ়ব্রত, ত্রি. [দৃঢ়+ব্রত] ধর্ম্মকর্ম্মে একাগ্রচিত্ত।
দৃঢ়মাংস, ন.[দৃঢ়+মাংস] কঠিনমাংস।
দৃঢ়মুষ্টি, পুং. [দৃঢ়+মুষ্টি] খড়্গাদি; (ত্রি.) কৃপাণ, কঠিন মুষ্টি।
দৃঢ়মূল, পুং. [দৃঢ়+মূল] মুঞ্জতৃণ, মন্থানক তৃণ; ফল বিশেষ, নারিকেল
দৃঢ়রঙ্গা, স্ত্রী. [দৃঢ়+রঙ্গা] স্ফটী।
দৃঢ়লতা, স্ত্রী. [দৃঢ়+লতা] পাতালগরুড়ী।
দৃঢ়লোমা, পুং. স্ত্রী. [দৃঢ়+লোমন্] শূকর, বরাহ, (ত্রি.) কঠিন লোমযুক্ত।
দৃঢ়সন্ধি ন. [দৃঢ়+সন্ধি] নিশ্ছিদ্র, ছিদ্রহীন; সংহত।
দৃঢ়সূত্রিকা, স্ত্রী. [দৃঢ়+সূত্রিক] মূর্ব্বা।
দৃঢ়সৌহৃদ, ত্রি. [দৃঢ়+সৌহৃদ] দৃঢ়ভক্তি।
দৃঢ়স্কন্ধ, পুং. [দৃঢ়+স্কন্ধ] ক্ষীরিকা বৃক্ষ।
দৃঢ়ক্ষুরা, স্ত্রী. [দৃঢ়+ক্ষুরা] বল্বজা।
দৃঢ়াঙ্গ, ন. [দৃঢ়+অঙ্গ] হীরক; (ত্রি) কঠিন অঙ্গবিশিষ্ট; গণ্ডার।
দৃঢ়ার্ত্তি, স্ত্রী. [দৃঢ়+অর্ত্তি] ধনুকের অগ্রভাগ; অতিশয় ক্লেশ।
দৃঢ়াভক্তি, স্ত্রী. [দৃঢ়া+ভক্তি] সাধ্বী, পতিব্রতা স্ত্রী; অচ্যুতাভক্তি।
দৃঢ়ায়ুধ, পুং. [দৃঢ়+আয়ুধ] যুদ্ধে কুশলব্যক্তি।
দৃত, ত্রি. [দৃ+ত] আদৃত, আদর, বাৎসল্য।

দৃতা, স্ত্রী. [দৃত+আ] জীরক, জীরা।
দৃতি, পুং. [দৃ+তি] চর্ম্মপুটক, স্বল্ল; মৎস্য, মীন, চর্ম্ম।
দৃতিধারক, পুং. [দৃতি+ধারক] বৃক্ষবিশেষ, আকনপাতা, আনন্দী, মুষিকারাবৃ, বামন
দৃতিহরি, পুং. [দৃতি+হরি] কুকুর।
দৃতিহার, পুং. [দৃতি+হার] বারিবাহক, ভিস্তি।
দৃন্, ব্য. হিংসা।
দৃন্ফ, পুং. [দৃন্ফ+অ] ক্লেশ, কষ্ট, দুঃখ।
দৃন্ভু, স্ত্রী. [দৃন+ভু]সর্প; চক্র; (পুং.) বজ্র; সূর্য্য; রাজমন; রাজা; অন্তক।
দৃপ্ত, ত্রি. [দৃপ+ত] গর্ব্বিত, অহঙ্কৃত।
দৃপ্যং, ত্রি. [দৃপ+অং] আপ্তগর্ব্বিত।
দৃপ্র, ত্রি. [দৃপ+র] দৃপ্ত।
দৃব্ধ, ত্রি. [দৃভ+ত] গ্রথিত, ভীত।
দৃম্প, পুং. [দৃম্প+অ] সংঘাত, সমূহ, রাশী করণ।
দৃম্ফূ, স্ত্রী. [দৃম্ফ+উ] সর্প, অহি, বিষধর।
দৃম্ভু, স্ত্রী. [দৃনভ+উ] দৃন্ভু।
দৃশৎ-দৃশদ্, স্ত্রী. [দৃশ+অদ] পাষাণ, নিষ্পেষণ শিলাপট্ট, প্রস্তর, পাতর।
দৃশদ্বতী, স্ত্রী. [দৃশৎ+বৎ+ঈ] নদীবিশেষ, আর্য্যাবর্ত্তের পূর্ব্বসীমা, কাত্যায়নী।
দৃশা, স্ত্রী. [দৃশ+আ] চক্ষু, নেত্র, নয়ন।
দৃশাকাঙ্ক্ষ্য, ন. [দৃশ্+আকাঙ্ক্ষ্য] পদ্ম, নলিনীপুষ্প।
দৃশান, ন. [দৃশ+আন] জ্যোতিঃ, (পুং.) বিরোচন, আচার্য্য, লোকপাল; ব্রাহ্মণ; উপাধ্যায়, দীপ্তি, রশ্মি।
দৃশি, স্ত্রী. [দৃশ+ই] চক্ষুঃ।
দৃশী, স্ত্রী. [দৃশ+ঈ] চক্ষুঃ।
দৃশোপম, ন. [দৃশ+উপম] শ্বেতপদ্ম।
দৃশ্য, ত্রি. [দৃশ+য] দর্শনীয়; দ্রষ্টব্য, চক্ষুগোচর; সুন্দর।
দৃশ্যজাতি, স্ত্রী. [দৃশ্য+জাতি] অঙ্কপ্রভেদ।
দৃষৎ-দৃষদ্, স্ত্রী. [দৃষ+অদ] পাষাণ, নিষ্পেষণশিলা, প্রস্তর, পাতর।
দৃষৎসার, ন. [দৃষৎ+সার] মুণ্ডায়স।
দৃষদ্বতী, স্ত্রী. [দৃষদ্‌বৎ+ঈ] নদীবিশেষ।
দৃষ্ট, ন. [দৃশ্+ত] স্বপরচক্রজভয়, (ত্রি.) ঈক্ষিত, আলোকিত।
দৃষ্টকূট, ন. [দৃষ্ট+কূট] কূটপ্রশ্ন, প্রহেলিকা।
দৃষ্টতঃ, ব্য. [দৃষ্ট+তস্] প্রত্যক্ষতঃ।
দৃষ্টদোষ, ত্রি. [দৃষ্ট+দোষ] প্রকাশ্যদোষ।
দৃষ্টরজাঃ, স্ত্রী. [দৃষ্ট+রজস্] প্রাপ্তরজস্কা, মধ্যমা, প্রৌঢ়া, বয়ঃপ্রবিষ্টা; যুবতী।
দৃষ্টান্ত, পুং. [দৃষ্ট+অন্ত] উদাহরণ, উপমা; শাস্ত্র, মরণ।
দৃষ্টি, স্ত্রী. [দৃশ্+তি] চক্ষু; বুদ্ধি; দর্শন, আলোকন, নিরীক্ষণ। [কারী।
দৃষ্টিকৃৎ, ন. [দৃষ্টি+কৃৎ] স্থলপদ্ম; দর্শন-
দৃষ্টিগুণ, পুং. [দৃষ্টি+গুণ] বাণাদিলক্ষ্য।
দৃষ্টিগোচর, পুং. [দৃষ্টি+গোচর] নয়নগোচর, সাক্ষাৎ, প্রত্যক্ষ।
দৃষ্টিঘরা, (প্রা) চক্ষুরতারা, নেত্রমণি।
দৃষ্টিনিপাত, পুং. [দৃষ্টি+নিপাত] দৃষ্টিপাত।
দৃষ্টিপূত, ত্রি. [দৃষ্টি+পূত] দৃষ্টিদ্বারা পবিত্র।
দৃষ্টিবন্ধু, পুং. [দৃষ্টি+বন্ধু] খদ্যোত, জ্যোতিরিঙ্গণ, জোনাকীপোকা।
দৃষ্টিবিষ, পুং. [দৃষ্টি+বিষ] ভুজঙ্গ, সর্প।
দৃষ্টিবিক্ষেপ, পুং. [দৃষ্টি+বিক্ষেপ] কটাক্ষ, নেত্রপাত। [দৃশ্যে।
দৃষ্টে, ত্রি. [দৃশ্+ত-ই] অনুমানে; দর্শনে;
দৃংহিত, ত্রি. [দৃহ+ইত] বৃদ্ধিপ্রাপ্ত।
দেআনৎ, (বাং) সরলতা।
দেআনদার, (বাং) সরল, অকুটিল।
দেআল, (বাং) ভিত্তি।
দেউজী, (প্রা) জ্ঞাত, সগোত্র।
দেউড়ী, (প্রা) দৌবারিক স্থান, বহির্দ্বার, দ্বারস্থান।
দেউল, (প্রা) দেবালয়, মঞ্চবিশেষ, মঠ, চরক, পূজাকর্ত্তা।
দেউলিয়া, (প্রা) গত সর্ব্বস্ব, নিঃস্ব, নির্ধন।
দেউলী, (প্রা) দীপাবলী।
দেওন, (প্রা) দানকরণ, বিতরণ, নিবেদন।
দেওবারি, (প্রা) রাগিণীবিশেষ।
দেওয়ালী, (প্রা) রাগিণীবিশেষ; দেউলী।

দেওয়ান্, (যাং) কর্ম্মসচিব।

দেওর, (প্রা) দেবর।

দেক্য (প্রা) বিরক্ত, অসন্তুষ্ট।

দেখন, (প্রা) দর্শন, অবলোকন।

দেখা, (প্রা) দৃষ্টিপাত, সাক্ষাৎ দৃষ্ট।

দেখাদৃষ্টে, (প্রা) প্রত্যক্ষতঃ, সাক্ষাতে

দেখাদেখী, (প্রা) দৃষ্টানুসরণ; সাংদৃষ্টক্রমে অনুকরণ।

দেখান, (প্রা) দেখান, দর্শান; প্রকাশন।

দেখারু, (প্রা) প্রদর্শক, যে দৃষ্টি করায়।

দেখাশুনা, (প্রা) সাক্ষাৎ সন্দর্শন

দেড়, (প্রা) সার্দ্ধৈক, অর্দ্ধাধিকৈক।

দেতাড়া, (প্রা) তৃণবিশেষ।

দেদীপ্যমান, পুং. [দেদীপ্য+মান] জাজ্বল্যমান; অতিশয় দীপ্তি বিশিষ্ট।

দেধান্য, (প্রা) শুষ্কবীজবিশেষ।

দেনদার, (যাং) দেনাদার, খাতক।

দেনা, (যাং) ধার, ঋণ; দেয়, শোধনীয়।

দেনাদার, (যাং) ঋণী, খাতক, অধমর্ণ।

দেমুয়া, (প্র.) দত্ত; ত্যক্ত; নিবেদিত।

দেব, পুং. ত্রি. [দিব+অ] দাতব্য, দানীয়, (ন.) ইন্দ্রিয়, (পুং.) দেবতা, নাট্যোক্তিতে রাজা, মেঘ; পারদ; ব্রাহ্মণেরউপাধিভেদ; অমর, প্রকাশবন্ত; দেবর।

দেবক, পুং. [দেব+ক] যদুবংশীয় রাজবিশেষ, শ্রীকৃষ্ণের মাতামহ (ত্রি) স্বর্গীয়; ক্রীড়াকারক।

দেবকন্যা, স্ত্রী. [দেব+কন্যা] দিব্যাঙ্গনা।

দেবকর্দ্দম, পুং. [দেব+কর্দ্দম] সুগন্ধিদ্রব্যবিশেষ, শ্রীখণ্ডাগুরু কর্পূর কুঙ্কুমমিশ্রিত।

দেবকলী, (প্রা) রাগিণীবিশেষ।

দেবকাত্মজা, স্ত্রী. [দেবক+আত্মজা] দেবকী, শ্রীকৃষ্ণেরমাতা।

দেবকাষ্ঠ, ন. [দেব+কাষ্ঠ] দেবদারু, দেবদারু প্রভেদ, তৎপর্য্যায়।—পূতিকাষ্ঠ, ভদ্রকাষ্ঠ, সুকাষ্ঠক, স্নিগ্ধদারুক, কাষ্ঠদারু, দেবদারু কাষ্ঠ।

দেবকিরী, স্ত্রী. [দেব+কৃ-ঈ] মেঘরাগের —

দেবকী, স্ত্রী. [দেবক+ঈ] দেবক রাজকন্যা বসুদেব পত্নী, শ্রীকৃষ্ণ মাতা, তৎপর্য্যায়।—দৈবকী, কৃষ্ণজননী, দেবকাত্মজা

দেবকীনন্দন, পুং. [দেবকী+নন্দন] শ্রীকৃষ্ণ, ভগবান্।

দেবকীয়, ত্রি. [দেবক+ঈয়] দিব্য; ঈশ্বরীয়।

দেবকীসূনু, পুং. [দেবকী+সূনু] শ্রীকৃষ্ণ, নারায়ণ।

দেবকুল, পুং. [দেব+কুল] বিনামুখ, দেউল; দেবোদ্দেশে দত্ত বৃহৎ অট্টালিকাবিশেষ।

দেবকুণ্ড, ন. [দেব+কুণ্ড] দেবখাত।

দেবকুরম্বা, স্ত্রী. [দেব+কুরম্বা] মহাদ্রোণা।

দেবকুসুম, ন. [দেব+কুসুম] লবঙ্গ।

দেবখাটা, (প্রা) মৎস্যবিশেষ।

দেবখাত, ন. [দেব+খাত] দেবখাতক, অকৃত্রিম জলাশয়; কন্দর; বিল; গহ্বর।

দেবখাতক, ন. পুং. [দেব+খাতক] অকৃত্রিম জলাশয়, অপৌরুষেয় দেবকুণ্ড, অকৃত্রিম নাগাদি কুণ্ড, আখাত, অখাত, দৈববিনির্ম্মিত গুহা।

দেবখাতবিল, ন. [দেবখাত+বিল] গুহা, গহ্বর।

দেবগর্জ্জন, ন. [দেব+গর্জ্জন] মেঘের শব্দ, বজ্রনিঃস্বন।

দেবগন্ধা, স্ত্রী. [দেব+গন্ধা] মহামেদা।

দেবগায়ন, পুং. [দেব+গায়ৎ] গন্ধর্ব্ব।

দেবগান্ধারী, স্ত্রী. [দেব+গান্ধারী] রাগিণী বিশেষ, শ্রীরাগের ভার্য্যা।

দেবগায়ন, পুং. [দেব+গায়ন] গন্ধর্ব্ব।

দেবগিরী, স্ত্রী. [দেব+গিরী] রাগিণীবিশেষ, বসন্তরাগের ভার্য্যা, (পুং.) হিমালয় পর্ব্বত।

দেবগুরু, পুং. [দেব+গুরু] বৃহস্পতি, সুরাচার্য্য।

দেবগৃহ, ন. [দেব+গৃহ] সূর্য্যচন্দ্রাদির জ্যোতির্ম্মণ্ডল; দেবালয়, ঠাকুরবাটী।

দেবচিকিৎসক, পুং. [দেব+চিকিৎসক] অশ্বিনীকুমার।

দেবচ্ছন্দ, পুং. [দেব+ছন্দ] হারবিশেষ, শতযষ্টিকা, অষ্টোত্তর শত যষ্টিক

দেবজগ্ধ, ন. [দেব+জগ্ধ] সুগন্ধিতৃণবিশেষ, দেবজগ্ধক।

দেবজগ্ধক, ন. [দেব+জগ্ধক] কর্তৃণ।

দেবট, ত্রি. [দিব+অটন্] শিল্পী।

দেবটী, স্ত্রী. [দিব+অটী] গঙ্গাচিল্ল, গাঙ্গ- [চিল।

দেবতরু, পুং. [দেব+তরু] মন্দার; পারিজাত; সন্তানক; কল্পবৃক্ষ; হরিচন্দন; চৈত্যবৃক্ষ।

দেবতা, স্ত্রী. [দেব+তা] দেববিস্তারক, দ্যুতি বিস্তারক, ক্রীড়াবিস্তারক তৎপর্য্যায়।—অমর, নির্জ্জর, দেব, ত্রিদশ, বিবুধ, সুর, সুপর্ব্বা, সুমনাঃ, ত্রিদিবেশ, দিবৌকা, আদিতেয়, দিবিষৎ, লেখ, অদিতিনন্দন, আদিত্য, ঋভু, অস্বপ্ন, অমর্ত্ত্য, অমৃতান্ধাঃ, বর্হির্মুখ, ক্রতুভুক্, গীর্ব্বাণ, দানবারি, অসুরারি, বৃন্দারক, দৈবত, স্বাহাভুক্, দনুজদ্বিট্, অসুরদ্বিট্, দ্যুষৎ, দ্যোষৎ, স্বর্গী, শৌভ, নিলিম্প, সুচিরায়ু, স্থির।

দেবতাগার, পুং. [দেবতা+আগার] দেবগৃহ, দেবমন্দির।

দেবতাড়, পুং. [দেব+তাড়] বৃক্ষবিশেষ, দেতাড়া, তৎপর্য্যায়।—বেণী, খরা, গরী, জীমূত, অগরী, খরাগরী, গরাগরী, দেবতাড়ী, আখুবিষহা, আখু, বিষজিহ্ব, মহাচ্ছদ, কদম্ব, খুজ্জাক, দেবতাড়ক; রাহু; অগ্নি; ঘোষকলতা।

দেবতাড়ক, পুং. [দেবতাড়+ক] দেবতাড়।

দেবতাধিপ, পুং. [দেবতা+অধিপ] ইন্দ্র, দেবরাজ, সুরপতি।

দেবতায়তন, ন. [দেবতা+আয়তন] দেবগৃহ।

দেবতীর্থ, ন. [দেব+তীর্থ] অঙ্গুলির অগ্রভাগ। [ঠাকুরবাটী

দেবতালয়, ন. [দেবতা+আলয়] দেবালয়,

দেবতুল্য, ত্রি. [দেব+তুল্য] অমরতুল্য, সুরসদৃশ।

দেবত্ব, ন. [দেব+ত্ব] দেবভূয়, দেবসাযুজ্য, দেবতার ভাব, কিম্বা কর্ম্ম, দেবনিষ্ঠ ধর্ম্ম; অমরপদ; দেবতার আবির্ভাব।

দেবত্র, (প্রা) দেবস্ব, দেবোদ্দেশে দত্ত-ভূম্যাদি

দেবদণ্ডা, স্ত্রী. [দেব+দণ্ডা] নাগবলা।

দেবদত্ত, পুং. [দেব+দত্ত] বুদ্ধানুজ; অর্জ্জুন শঙ্খ; শরীর বাহ্য পঞ্চ বায়ন্তর্গত বায়ুবিশেষ, বিজৃম্ভন; শুদ্ধ স্ফটিকসন্নিভ, সংজ্ঞাবিশেষ।

দেবদত্তাগ্রজ, পুং. [দেবদত্ত+অগ্রজ] বুদ্ধ।

দেবদানী, স্ত্রী. [দেব+দানী] ঘোষকাকৃতি, হস্তিঘোষা।

দেবদারু, ন. [দেব+দারু] বৃক্ষবিশেষ তৎপর্য্যায়।—শক্রপাদপ, পারিভদ্রক, ভদ্রদারু, দ্রুকিলিম, পীতদারু, দারু, পূতিকাষ্ঠ, সুরদারু, দারুক, স্নিগ্ধদারু, অমরদারু, শিবদারু, শাম্ভব, ভূতহারি, ভবদারু, ভদ্রবৎ, ইন্দ্রদারু, মস্তদারু, সুরভুরুহ, সুরাহ্ব, দেবকাষ্ঠ।

দেবদালিকা, স্ত্রী. [দেব+দালিকা] মহাকাল।

দেবদালী, স্ত্রী. [দেব+দালী] লতাবিশেষ, ঘঘরবেল, তৎপর্য্যায়।—জীমূতক, কণ্টেফলা, গরা, গরী, বেণী, মহাকোষফলা, কটফলা, ঘোরা, কদম্বী, বিষহা, কর্কটী, সারমূষিকা, বৃন্তকোশা, আখুবিষহা, দালী, রোমশপত্রিকা, তুরঙ্গিকা, সুতর্কারী, দেবতাড়, (হি.) সোনৈয়া।

দেবদাসী, স্ত্রী. [দেব+দাসী] বনবীজপূরক; বেশ্যা; অপ্সরা, স্বর্গবেশ্যা।

দেবদীপ, পুং. [দেব+দীপ] লোচন, চক্ষুঃ।

দেবদুন্দুভি, পুং. [দেব+দুন্দুভি] গন্ধপর্ণাস, রক্ত তুলসী; দেবতাদিগের দুন্দুভিবাদ্য।

দেবদূত, পুং. [দেব+দূত] দেবপ্রেরিত ভূতাদি; পবন।

দেবদূতী, স্ত্রী. [দেব+দূতী] বনবীজপূরক।

দেবদেব, পুং. [দেব+দেব] শিব; ব্রহ্মা।

দেবদ্বেষ্টা, পুং. [দেব+দ্বেষ্টৃ] দেবহিংসক, দেবনিন্দক; নাস্তিক, পাষণ্ড।

দেবদ্রোণী, স্ত্রী. [দেব+দ্রোণী] দেবযাত্রা।

দেবদ্র্যঙ্, ত্রি. [দেব+দৃচ] দেবপূজক; দেবসমীপগন্তা, দেবনিকটে গমনকারক।

দেবধান্য, ন. [দেব+ধান্য] ধান্যবিশেষ।

দেধান, জোয়ার, তৎপর্য্যায়।—যবনাল, যোনাল, জূর্ণাহ্বয়, জোন্তালা, বীজপুষ্পিকা।
দেবধূপ, পুং. [দেব+ধূপ] গুগ্গুলু।
দেবন, ন. [দিব+অন] ব্যবহার; জিগীষা; ক্রীড়া; লীলোদ্যান; পদ্ম; পরিদেবন; দ্যুতি; স্তুতি; কান্তি; গতি; শোক; দ্যূত; (পুং.) পাশক, পাশা; নিন্দা; দীপ্তি।
দেবনন্দী, পুং. [দেব+নন্দিন্] ইন্দ্রদ্বারপাল।
দেবনল, পুং. [দেব+নল] নলভেদ, তৎপর্য্যায়।—দবনাল, মহানল, বনা, নলোত্তম, স্থূলনাল, স্থূলদণ্ড, সুরনাল, সুরক্রম।
দেবনা, স্ত্রী. [দেবন+আ] ক্রীড়া; সেবা।
দেবনাগরী, স্ত্রী. [দেব+নগর+ঈ] দেবনগরোদ্ভব অক্ষর।
দেবনাল, পুং. [দেব+নাল] দেবনল।
দেবনারক, পুং. [দেব+নারক] স্বর্গীয় পুরুষ।
দেবনিকায়, পুং. [দেব+নিকায়] স্বর্গ।
দেবনিন্দক, পুং. [দেব+নিন্দক] ঈশ্বরনিন্দাকারী; নাস্তিক, পাষণ্ড।
দেবনির্ম্মিত, ত্রি. [দেব+নির্ম্মিত] স্বাভাবিক দেবতাকর্ত্তৃক গঠিত।
দেবনিষ্ঠ, পুং. [দেব+নিষ্ঠ] ঈশ্বরবাদী, ঈশ্বরভক্ত। [দেবভক্তি।
দেবনিষ্ঠা, স্ত্রী. [দেব+নিষ্ঠ] ঈশ্বরে শ্রদ্ধা,
দেবপতি, পুং. [দেব+পতি] ইন্দ্র, সুরপতি।
দেবপত্নী, স্ত্রী. [দেব+পত্নী] মধ্বালুক, শকরকন্দ আলু; দেবতাদিগের ভার্য্যা, দেবস্ত্রী।
দেবপথ, পুং. [দেব+পথ] দেবতাদেরপথ, ছায়াপথ, সোমধারা, নভঃ; সরিৎ।
দেবপদ, ন. [দেব+পদ] রাজসাক্ষাৎ।
দেবপর, ত্রি. [দেব+পর] দৈবকরণ; ক্রীড়ান্বিত।
দেবপর্ণ, ন. [দেব+পর্ণ] সুরপর্ণ।
দেবপুত্রিকা, স্ত্রী. [দেব+পুত্রিকা] পৃক্কা।
দেবপুত্রী, [দেব+পুত্রী] পৃক্কা।
দেবপুরী, স্ত্রী. [দেব+পুরী] অমরাবতী, ইন্দ্র-
দেবপুঃ, স্ত্রী. [দেব+পুর্] অমরাবতী, ইন্দ্র-
দেবপূজক, পুং. [দেব+পূজক] দেবোপাসক, দেবার্চ্চক।
দেবপূজা, স্ত্রী. [দেব+পূজা] দেবার্চ্চনা, উপাসনা। [মূর্ত্তি
দেবপ্রতিমা, স্ত্রী. [দেব+প্রতিমা] দেবপ্রতি-
দেবপ্রশ্ন, পুং. [দেব+প্রশ্ন] গ্রহনক্ষত্রাদি ঘটিত জিজ্ঞাসা, উপশ্রুতি।
দেবপ্রিয়, পুং. [দেব+প্রিয়] পীতভৃঙ্গরাজ; বকপুষ্প, বকফুল। [মাণালতা।
দেববলা, স্ত্রী. [দেব+বলা] সহদেবী; ত্রায়-
দেববক্ত্র, পুং. [দেব+বক্ত্র] অগ্নি; দেবমুখ, ব্রাহ্মণমুখ।
দেববর্দ্ধকি, পুং. [দেব+বর্দ্ধকি] বিশ্বকর্ম্মা।
দেববল্লভ, পুং. [দেব+বল্লভ] পুন্নাগবৃক্ষ।
দেববাণী, স্ত্রী. [দেব+বাণী] দেববাক্য; ঈশ্বরোক্তি।
দেবব্রহ্মা, পুং. [দেব+ব্রহ্মন্] নারদমুনি, দেবঋষি। [ব্রাহ্মণ।
দেবব্রাহ্মণ, পুং. [দেব+ব্রাহ্মণ] দেবপূজিত
দেববৃক্ষ, পুং. [দেব+বৃক্ষ] মন্দারবৃক্ষ; সপ্তপর্ণবৃক্ষ; গুলগুলু; পারিজাত।
দেবব্রত, পুং. [দেব+ব্রত] ভীষ্ম, গঙ্গাপুত্র; দেবতাদিগের ব্রত।
দেবভবন, ন. [দেব+ভবন] অশ্বত্থ; স্বর্গ।
দেবভাক্, ত্রি. [দেব+ভাজ্] দেবসম্বন্ধী
দেবভূ, পুং. [দেব+ভূ] দেব, স্বর্গ দেবতা।
দেবভূতি, স্ত্রী. [দেব+ভূতি] মন্দাকিনী। স্বর্গগঙ্গা।
দেবভূয়, ন. [দেব+ভূয়] দেবত্ব, দেবসাযুজ্য।
দেবমঞ্জর, ন. [দেব+মঞ্জর] কৌস্তুভমণি।
দেবমণি, পুং. [দেব+মণি] ভর্গ; কৌস্তুভ; অশ্বরোমাবর্ত্ত, মহামেদা।
দেবমাতা, স্ত্রী. [দেব+মাতৃ] অদিতি, কশ্যপ পত্নী
দেবমাতৃক, ত্রি. [দেব+মাতৃক] বৃষ্ট্যম্বুসম্পন্ন ব্রীহিপালিত দেশ অর্থাৎ বৃষ্টিজলে পরিপালিত দেশ

দেবমাস, পুং. [দেব+মাস] গর্ভস্থাষ্টমমাস, গর্ভাষ্টম, দেবতাদের মাস, মনুষ্য পরিমাণে ত্রিংশদ্বর্ষাত্মক।

দেবযকৃ, পুং. [দেব+যজ] দেবপূজক।

দেবযজি, পুং. [দেব+যজি] দেবপূজক, মুনি।

দেবযজ্ঞ, পুং. [দেব+যজ্ঞ] হোম, মন্ত্রপূর্ব্বক অগ্নিতে ঘৃত প্রক্ষেপ।

দেবযাত্রা, স্ত্রী. দেব+যাত্রা] দেবগমন, দেবদ্রোণী, দেবোৎসব, পর্ব্বাহ। [পথ।

দেবযান, ন. [দেব+যান] দেববিমান; দেব-

দেবযানী, স্ত্রী. [দেব+যানী] শুক্রাচার্য্যকন্যা, যযাতিরাজার পত্নী।

দেবয়িতা, ত্রি. [দেব+শতৃ] ক্রীড়ান্বিত।

দেবযু, ত্রি. [দেব+যু] ধার্ম্মিক; লোকযাত্রিক, (পুং.) দেব।

দেবযোনি, পুং. [দেব+যোনি] দেবতার উৎপত্তিস্থান, তদ্যথা।—বিদ্যাধর, অপ্সরস, যক্ষ, রাক্ষস, গন্ধর্ব্ব, কিন্নর, পিশাচ, গুহ্যক, সিদ্ধ, ভূতগণ, উপদেবতা, ভূত প্রেত পিশাচাদি।

দেবর, পুং. [দিব+অর] পতির কনিষ্ঠভ্রাতা, দেওর, তৎপর্য্যায়:—দেবা,দেবৃ, দেবার, দেবান, তুরাগাব, দেবল্লী; জ্যেষ্ঠ হইলে শ্বশুর।

দেবরথ, পুং. [দেব+রথ] দেবতাদিগের বিমান; পুষ্পকাদি, দেবযান, পুষ্পকরথ।

দেবরাজ, পুং. [দেব+রাজ] ইন্দ্র, তস্য নামানি যথা—সুরপতি, শক্র, দিতিজ, পবনাগ্রজ, সহস্রাক্ষ,ভগাঙ্গ,কশ্যপাঙ্গজ, বিড়োজা, সুনাসীর, মরুত্বান্, পাকশাসন, জয়ন্তজনক, শ্রীমান্, শচীশ, দৈত্যসূদন, বজ্রহস্ত, কামসখা, গৌতমীব্রত নাশন, বৃত্রহা, বাসব, দধীচিদেহভিক্ষুক, জিষ্ণু, বামনভ্রাতা, পুরুহূত, পুরন্দর,দিবস্পতি, শতমখ, সুত্রামা, গোত্রভিৎ,বিভু, লেখর্ষভ, বলারাতি, জম্ভভেদী, সুরাশ্রয়, সংক্রন্দন, দুশ্চ্যবন, তুরাষাট্, মেঘবাহন, আখণ্ডল, হরিহয়, নমুচিপ্রাণনাশন, বৃদ্ধশ্রবা, বৃষ, দৈত্যদর্পনিসূদন।

দেবরাত, পুং. [দেব+রাত] পরীক্ষিৎরাজা; সারসপক্ষীবিশেষ।

দেবর্ষি, পুং. [দেব+ঋষি] সুরর্ষি, তদ্যথা।—নারদ, অত্রি, মরীচি, ভরদ্বাজ, পুলস্ত্য, পুলহ, ক্রতু, ভৃগু, বশিষ্ঠ, প্রচেতাঃ; তুম্বুরু, ভরতাদি; কণাদাদি; পর্ব্বতাদি।

দেবল, পুং. [দেব+ল] দেবাজীব, জীবিকার্থ দেবতাগৃহীতব্যক্তি, পুজারিবামন্, দেবোপজীবজীবী; ধার্ম্মিক; নারদমুনি; দেবর; ধর্ম্মশাস্ত্রবক্তামুনিবিশেষ, অসিত মুনিপুত্র, রম্ভাশাপে অষ্টাবক্র নাম; দেবপুষ্পোপজীবী।

দেবলক, পুং. [দেবল+ক] দেবল।

দেবলতা, স্ত্রী. [দেব+লতা] নবমল্লিকালতা।

দেবলাঙ্গুলিকা, স্ত্রী. [দেব+অঙ্গুলিকা] বৃশ্চিকালি, বিছুটি

দেবলোক, পুং. [দেব+লোক] স্বর্গ; ভূর্লোক, ভুবর্লোক, স্বর্লোক, মহর্লোক, জনলোক, তপোলোক, সত্যলোক, ইতি সপ্তলোক।

দেবশেখর, পুং. [দেব+শেখর] দমনক, দেবতাদিগের মস্তক। [নারদ।

দেবশ্রুত, পুং. [দেব+শ্রুত] ঈশ্বর; শাস্ত্র;

দেবশ্রেণী, স্ত্রী. [দেব+শ্রেণী] মূর্ব্বা।

দেবসন্ধ, ত্রি, [দেব+সন্ধ] দেবসম্বন্ধীয়, দৈব।

দেবসভা, স্ত্রী. [দেব+সভা] দেবতাদিগের সমাজ, সুধর্ম্মা, শুভা, সধর্ম্মন্, সুধর্ম্মী।

দেবসভ্য, ত্রি. [দেব+সভ্য] ক্রীড়াসভাস্থ, সভিক; দেবসামাজিক।

দেবসর্প, পুং. [দেব+সর্প] বৃক্ষভেদ,অশ্মাক্ষ, বদর, রক্তমূলক, সুরসর্ষপক, সূক্ষ্মদল, নির্জ্জরসর্ষপ, কুরাজিহ্ন।

দেবসর্ষপ, পুং. [দেব+সর্ষপ] বৃক্ষপ্রভেদ, তৎপর্য্যায়।—অশ্মাক্ষ, বদর, রক্তমূলক, সুরসর্ষপক, সূক্ষ্মদল, নির্জ্জর সর্ষপ, কুরাজিহ্ন। [ভিক্ষাসূত্র।

দেবসহা, স্ত্রী. [দেব+সহা] দণ্ডোৎপলৌষধি;

দেবসাৎ, বা. [দেব+সাৎ] দেবতাবাশ্রয় জন সকল; দেবাধীন; দেবদেয়; দেবা-

দেবসাযুজ্য, স্ত্রী. [দেব+সাযুজ্য] দেবত্ব, দেবভূয়।
দেবসৃষ্টা, স্ত্রী. [দেব+সৃষ্ট-আ] মদ্য, সুরা।
দেবসেনা, স্ত্রী. [দেব+সেনা] ইন্দ্রকন্যা, ষষ্ঠী; দেবতাদের সৈন্য
দেবসেনাপতি, পুং. [দেব+সেনাপতি] কার্ত্তিকেয়, কুমার।
দেবসেবা, স্ত্রী. [দেব+সেবা] দেবতারসেবা, ঈশ্বরারাধনা।
দেবস্থল, পুং. [দেব+স্থল] দেবস্থান, দেবালয়। [মন্দির।
দেবস্থলী, স্ত্রী. [দেব+স্থলী] দেবালয়, দেব-
দেবস্ব, ন. [দেব+স্ব] দেবস্বত্তাস্পদধন, দেবতারদ্রব্য, দেব পূজার্থ সংস্থাপিত ধন।
দেবহিংসক, পুং. [দেব+হিংসক] অসুর, দৈত্য, সুরারি।
দেবা, পুং. [দিব+অনৃশ্ব] দেবর; রণ্ডাপতি; (স্ত্রী.) পদ্মচারিণী; অশনপর্ণী।
দেবাজীব, পুং. [দেব+আজীব] দেবল, পূজারী, পূজারিব্রাহ্মণ।
দেবাজীবী, পুং. [দেব+আজীবিন্] দেবল ব্রাহ্মণ।
দেবাট, পুং. [দেব+অট] হরিহরক্ষেত্র।
দেবাত্মা, পুং. [দেব+আত্মন্] অশ্বত্থবৃক্ষ, (ত্রি.) দেবস্বরূপ।
দেবানাম্প্রিয়, পুং. স্ত্রী. [দেবানাম্+প্রিয়] ছাগ; জাল্ম; উদাসীন।
দেবান্ন, ন. [দেব+অন্ন] দেবতাদিগের প্রথম প্রদত্ত অন্ন। [পুত্র।
দেবাপি, পুং. [দেব+অপি] প্রতীপরাজার
দেবাভীষ্ট, ত্রি, [দেব+অভীষ্ট] পবিত্র; দেবদত্ত।
দেবাভীষ্টা, স্ত্রী. [দেব+অভীষ্টা] তাম্বুলী।
দেবায়তন, ন. [দেব+আয়তন] দেবালয়, দেব গৃহ।
দেবায়ুধ, ন. [দেব+আয়ুধ] শক্রধনুঃ, ইন্দ্রধনুঃ; দেবাস্ত্র।
দেবাহু, পুং. [দেব+আহু] বামকর্ণ।
দেবার্হা, স্ত্রী. [দেবার্হ+আ] সহদেবী লতা।
দেবারাধক, পুং. [দেব+আরাধক] দেবপূজক, ঈশ্বরোপাসক।
দেবালয়, ন. [দেব+আলয়] স্বর্গ; দেবগৃহ. মঠ, মন্দির।
দেবালা, স্ত্রী. [দেবাল+আ] রাগিণীবিশেষ।
দেবাবাস, পুং. [দেব+আবাস] অশ্বত্থবৃক্ষ; দেবগৃহ।
দেবাশ্ব, পুং. [দেব+অশ্ব] ইন্দ্রঘোটক, উচ্চৈঃশ্রবাঃ।
দেবিকা, স্ত্রী. [দেব+ইকা] নদীবিশেষ; ইহার পরিমাণ অর্দ্ধযোজন বিস্তার, পঞ্চযোজন আয়ত; ধুস্তুর, (ত্রি.) দেব সম্বন্ধিনী।
দেবিল, ত্রি. [দেব+ইল] ধার্ম্মিক, ধর্ম্মপরায়ণ।
দেবী, স্ত্রী. [দেব+ঈ] দুর্গা, নাট্যোক্তিবিষয়ে কৃতাভিষেকা রাজপত্নী; মূর্ব্বা; পৃক্কা; সামান্য দেবপত্নী; ব্রাহ্মণী; আদিত্যভক্তা; লিঙ্গিনী; বন্ধ্যাকর্কোটকী; শালপর্ণী; মহাদ্রোণী; পাঠা; নাগর মুস্তা; মৃগের্ব্বারু; হরীতকী; অতসী; শ্যামানাম পক্ষিজাতি; দেবজাতীয়া স্ত্রী; দেবশক্তি।
দেবীকোট্ট, পুং. [দেবী+কোট্ট] বাণপুর।
দেবেজ্য, পুং. [দেব+ইজ্য] বৃহস্পতি, সুরাচার্য্য
দেবেষ্ট, পুং. [দেব+ইষ্ট] মহামেদা; গুগ্গুলু, (ত্রি.) দেববাঞ্ছিত, (স্ত্রী.) বনবীজ পূরক।
দেবোদ্যান, ন. [দেব+উদ্যান] দেবতাদিগের বন; বৈভ্রাজ; মিশ্রক; শিধ্রুকারণ; চৈত্ররথ; দেবোপবন। [রাধনা।
দেবোপাসনা, স্ত্রী. [দেব+উপাসনা] দেবা-
দেয়, ত্রি. [দা+ইয়] দানযোগ্য, পরিশোধ্য।
দেয়াল, (বাং) প্রাচীর।
দেরী, (প্রা) বিলম্ব, গৌণ।
দেরুকা, (প্রা) কাষ্ঠনির্ম্মিত দীপাধার।
দেরকা, স্ত্রী. [দেরু+কা] দীপাধার, দীপ-

দেশ, পুং. [দিশ+অ] ভূগোল ভাগবিশেষ, জনপদে কিম্বা জনপদ সমুদায়ে অথবা জনপদৈকদেশে সজল নির্জ্জল স্থানমাত্র, (ইহা ত্রিবিধ) যথা।—জাঙ্গল, অনুপ, সাধারণ, তৎপর্য্যায়।—জনপদ, নীবৃৎ, বিষয়, উপবর্ত্তন,প্রদেশ, রাষ্ট্র; পৃথিবীর খণ্ড; চাকলা; স্থানবিশেষ।

দেশক, ত্রি. [দেশ+ক] দর্শনকারক ; (পুং) শাস্তা, শাসনকর্ত্তা ; শিক্ষাচার্য্য।

দেশকা, স্ত্রী. [দেশক+আ] রাগিণীবিশেষ।

দেশকারী, স্ত্রী. [দেশ+কারী] রাগিণীবিশেষ, মেঘরাগের ভার্য্যা।

দেশকালবিদ্, ত্রি. [দেশ+কাল+বিদ্] দেশ এবং সময়ের অনুযায়ী।

দেশব্যবহার, পুং. [দেশ+ব্যবহার] দেশাচার, লৌকিকব্যবহার

দেশময়, ত্রি. [দেশ+ময়] দেশাবচ্ছিন্ন, ব্যাপ্ত, সর্ব্বত্রবিস্তৃত। [যোগ্য।

দেশরূপ, ন. [দেশ+রূপ] উচিত, ন্যায়;

দেশলা, (প্রা.) জ্বলন শলাকা।

দেশাক্ষী, স্ত্রী. [দেশ+অক্ষী] রাগিণীবিশেষ, হিন্দোল রাগের দ্বিতীয়াভার্য্যা।

দেশাচার, পুং. [দেশ+আচার] দেশের আচার ব্যবহার।

দেশাধিপ, পুং. [দেশ+অধিপ] অধিরাজ, দেশাধিপতি; রাজ্যাধিকারী।

দেশান্ত, ন. [দেশ+অন্ত] দেশের সীমা।

দেশান্তর. ন. [দেশ+অন্তর] সুমেরু এবং লঙ্কার মধ্যবর্ত্তি রেখাস্বরূপ দেশ, কুরুক্ষেত্রাদি; স্বদেশের যোজনান্তর দেশ, চাকলা।

দেশাপেক্ষ, ত্রি. [দেশ+অপেক্ষ] দেশঅনুসন্ধানকারী।

দেশিক, পুং. [দেশ্+ইক] পথিক ; গুরু, আচার্য্য। [আদিষ্ট।

দেশিত, ত্রি. [দিশ+ইত] প্রদর্শিত ; শিক্ষিত ;

দেশিনী, স্ত্রী. [দেশ+ইন+ঈ] তর্জ্জনী, বৃদ্ধাঙ্গুষ্ঠের পর অঙ্গুলী।

দেশী, স্ত্রী. [দেশ+ইন্] রাগিণীবিশেষ, দেশকারী দেশিকাচ মেঘরাগস্য ভাবিনী।

দেশীয়, ত্রি. [দেশ্+ঈয়] দেশজাত; দেশ

দেশ্য, ন. [দিশ+য] পূর্ব্বপক্ষ, (ত্রি.) দেশযোগ্য, দেশের উপযুক্ত।

দেষ্ণু, ত্রি. [দা+ইষ্ণু] দাতা; দুর্দ্দম, রজকজাতি।

দেহ, পুং. [দিহ+অ] শরীর, তনু, কায়।

দেহদুর্গন্ধতা, স্ত্রী. [দেহ+দুর্গন্ধতা] শরীরের দৌর্গন্ধ্য। [স্খলিত।

দেহচ্যুত, ত্রি. [দেহ+চ্যুত] দেহ হইতে

দেহকোষ, পুং. [দেহ+কোষ] পক্ষ, পাখা ; চর্ম্ম। [পদ্ম।

দেহজ, পুং. [দেহ+জন] দেহজাত,দেহোৎ-

দেহত্যাগ, পুং. [দেহ+ত্যাগ] মৃত্যু।

দেহদ, পুং. [দেহ+দা] পারদ, পারা।

দেহধারক, ন. স্ত্রী. [দেহ+ধারক] অস্থি, হাড়।

দেহধি, পুং. [দেহ+ধা] পক্ষ, পাখা, ডানা।

দেহধ্রুক্, পুং. [দেহ+ধ্রুজ্] বায়ু, বাত, বাতাস; আত্মা।

দেহপাত, ন. [দেহ+পত] মরণ, শরীরপতন। [আত্মা।

দেহভৃৎ, পুং. [দেহ+ভৃৎ] জীব, প্রাণ,

দেহযাত্রা, স্ত্রী. [দেহ+যাত্রা] যমপুরী গমন, মরণ; ভোজন, শরীরধারণ, সংসারনির্ব্বাহ।

দেহলা, স্ত্রী. [দেহল+আ] মদ্য, সুরা, মদ।

দেহলি, পুং. [দেহল+ই] দেহলী, (স্ত্রী.) গৃহাবগ্রহণী, দ্বারপিণ্ডিকা, দ্বারাগ্রস্থান, হাতিনা; অধঃউডুম্বর,দ্বারের গোবরাট।

দেহসার, পুং. [দেহ+সার] মজ্জা, মস্তিষ্ক।

দেহহীন, ন. [দেহ+হীন] দেহরহিত, অশরীর।

দেহক্ষয়, পুং. [দেহ+ক্ষয়] রোগ, পীড়া; দেহনাশ।

দেহাত্মবাদী, পুং. [দেহ+আত্মবাদিন্] চার্ব্বাক, নাস্তিকবিশেষ, যাহারা দেহকে আত্মা বলে।

দেহাবরণ, ন. [দেহ+আবরণ] সন্নাহ,

দেহিকা, স্ত্রী. [দেহ+ইকা] কীটবিশেষ, তৎ-পর্য্যায়।—বটি, উপাদিক, উপজিহ্বিকা, উৎপাদিকা, উদ্দেহিকা, দিবী।

দেহী, ত্রি. [দেহ+ইন্] শরীরী, প্রাণী, শরীরযুক্ত, জীব।

দেহোদ্ভূত, পুং. [দেহ+উদ্ভূত] শরীরজ, দেহজাত।

দৈ, (গ্রা) দুগ্ধবিকারবিশেষ।　　[দানব।

দৈতেয়, পুং. [দিতি+এয়] দৈত্য, অসুর,

দৈত্য, পুং. [দিতি+য] দিতিরপুত্র, অসুর, (ত্রি.) দিতিসম্বন্ধীয়।

দৈত্যগুরু, পুং. [দৈত্য+গুরু] শুক্রাচার্য্য, ভার্গব।

দৈত্যদেব, পুং. [দৈত্য+দেব] বরুণ; বায়ু।

দৈত্যনিসূদন, পুং. [দৈত্য+নিসূদন] বিষ্ণু, নারায়ণ।

দৈত্যপুরোধাঃ, পুং. [দৈত্য+পুরোধস্] শুক্রাচার্য্য।

দৈত্যমাতা, স্ত্রী. [দৈত্য+মাতৃ] দিতি, কশ্যপ-পত্নী, (ত্রি.) দৈত্য পরিমাণ কর্ত্তা।

দৈত্যমেদজ, পুং. [দৈত্য+মেদজ] ভূমিজ-গুগ্‌গুলু; (স্ত্রী.) পৃথিবী, ধরণী, মহী।

দৈত্যযুগ, ন. [দৈত্য+যুগ] দৈত্যদিগের যুগবিশেষ; দ্বাদশ সহস্রবর্ষ পরিমাণ।

দৈত্যা, স্ত্রী. [দৈত্য+আ] মুরানামক গন্ধদ্রব্য, চণ্ডৌষধি; মদ্য; দৈত্যভার্য্যা।

দৈত্যারি, পুং. [দৈত্য+অরি] বিষ্ণু; দেবতা।

দৈত্যাহোরাত্র, পুং. [দৈত্য+অহোরাত্র] দৈত্যদিগের দিবা রাত্রি, ইহা মনুষ্যদিগের একবর্ষ।　　[দিনজাত।

দৈন, ন. [দিন+অ] দীনতা, দারিদ্র, দুঃখ;

দৈনন্দিন, ন. [দিন+দিন+অ] প্রাত্যহিক, প্রতিবাসরীয়, যাহা প্রতিদিন হয়।

দৈনন্দিনপ্রলয়, পুং. [দৈনন্দিন+প্রলয়] ব্রহ্মার দৈনিক প্রলয়বিশেষ।

দৈনার, (ত্রি.) [দীনার+অ] দিনেরপরিমিত, স্বর্ণজাত বস্তু।　　[ভব।

দৈনিক, ন. [দিন+ইক] প্রাত্যহিক, দিন-

দৈনিকী স্ত্রী. [দৈনিক+ঈ] দিনভৃতি, এক-দিনের বেতন।

দৈন্য, ন. [দিন+য] দরিদ্রতা, দীনতা, কার্পণ্য, কৃপণতা; ম্লানভাব, কাতর্য্য।

দৈন্যান্বিত, পুং. [দৈন্য+অন্বিত] দুঃখী; নিঃস্ব, কৃপণ।　　[দুঃখেরসময়।

দৈন্যাবস্থা, স্ত্রী. [দৈন্য+অবস্থা] দুঃখাবস্থা,

দৈন্যী, ত্রি. [দৈন্য+ইন্] দরিদ্র, নির্ধন।

দৈপ, ত্রি. [দীপ+অ] দীপসম্বন্ধীয়।

দৈব, ন. পুং. [দেব+অ] ভাগ্য, অদৃষ্ট, (পুং.) বিধাতা; (ত্রি) ঐশ্বরিক, দেবাধীন; (ন) অঙ্গুলীর অগ্রভাগ; বিবাহ প্রভেদ।

দৈবকর্ম্ম, ন. [দৈব+কর্ম্মন্] যজ্ঞাদি দেবোদ্দিশ্যকর্ম্ম।

দৈবকী, স্ত্রী. [দেবক+ঈ] শ্রীকৃষ্ণমাতা, বসুদেবপত্নী; দেবরাজকন্যা।

দৈবকীনন্দন, পুং. [দৈবকী+নন্দন] শ্রীকৃষ্ণ বাসুদেব।

দৈবকোবিদ, পুংস্ত্রী. [দৈব+কোবিদ] দৈবজ্ঞ; (ত্রি.) দৈবপণ্ডিত।

দৈবচিন্তক, পুং. [দৈব+চিন্তক] দৈবপর, দৈবপরায়ণ।　　[দৈবাধীনতা।

দৈবচিন্তা, স্ত্রী. [দৈব+চিন্তা] দৈবায়ত্ততা,

দৈবজ্ঞ, পুং. [দৈব+জ্ঞা] গণক, গ্রহবিপ্র।

দৈবজ্ঞা, স্ত্রী. [দৈবজ্ঞ+আ] দৈবজ্ঞভার্য্যা, প্রশ্নাদি শুভাশুভজ্ঞা, লক্ষণাদি শুভাশুভ নিরূপিণী, বিপ্রশ্নিকা, ঈক্ষণিকা।

দৈবত, পুং. ন. [দেবতা+অ] দেবতা, (ন.) দেবতাসমূহ; (ত্রি.) দেবসম্বন্ধীয়

দৈবদীপ, পুং. [দৈব+দীপ] চক্ষু, লোচন; দেবসম্বন্ধীয় প্রদীপ।

দৈবদুর্ব্বিপাক, পুং. [দৈব+দুর্ব্বিপাক] দুরদৃষ্ট; দৈবদুর্ঘটনা।　　[চিন্তক।

দৈবপর, পুং. [দৈব+পর] দৈবনিষ্ঠ, দৈব-

দৈবপ্রশ্ন, পুং. [দৈব+প্রশ্ন] প্রাক্তন শুভাশুভ কর্ম্ম জিজ্ঞাসা, উপশ্রুতি।

দৈববাণী, স্ত্রী. [দৈব+বাণী] আকাশবাণী, অমানুষীবাক্, তৎপর্য্যায়।—চিন্তোক্তি, পুষ্পশকটী, দৈবপ্রশ্ন; উপশ্রুতি; সংস্কৃতবাক্য।

দৈবযোগ, পুং. [দৈব+যোগ] দৈবাৎ, হঠাৎ, অকস্মাৎ।
নিতিনিতি, (প্রা) নিত্য২, প্রত্যহ, নিয়ত; সর্ব্বদা।

নিত্য, ন. [নি+ত্য] নিরন্তর ক্রিয়াবচন, তৎপর্য্যায়।—সতত, অনবরত, অনারত, অশ্রান্ত, সন্তত, অবিরত, অনিশ, অজস্র; প্রসক্ত, আসক্ত, অলব্ধ; (ত্রি.) তদ্বিশিষ্ট; কাল ত্রয়ব্যাপী, যথা।—শাশ্বত, ধ্রুব, সনাতন; (পুং.) সমুদ্র; স্থির, নিশ্চিত; জন্মমৃত্যু রহিত; সদাতন; প্রতিদিন।

নিত্যকর্ম্ম, ন. [নিত্য+কর্ম্মন্] প্রত্যবায় জনকাভাব প্রতিযোগিকার্য্য, অহরহ কর্ত্তব্যকর্ম্ম, আবশ্যকক্রিয়া।

নিত্যকার্য্য, ন. [নিত্য+কার্য্য] প্রতিদিনের কর্ত্তব্যকার্য্য, প্রাত্যহিকব্যাপার, আবশ্যককর্ম্ম।

নিত্যক্রিয়া, স্ত্রী. [নিত্য+ক্রিয়া] প্রতিদিনের কর্ত্তব্যকর্ম্ম; প্রাত্যহিকব্যাপার।

নিত্যকৃত্য, ন. [নিত্য+কৃত্য] নিত্যকর্ম্ম।

নিত্যগতি, পুং. [নিত্য+গতি] বায়ু, অনিল, বাতাস। [নিত্যত্ব।

নিত্যতা, স্ত্রী. [নিত্য+তা] চিরকালীনত্ব,

নিত্যদা, স্ত্রী. [নিত্য+দা] সর্ব্বদা, সদা, প্রত্যহ। [দান।

নিত্যদান, ন. [নিত্য+দান] প্রতিদিনকর্ত্তব্য

নিত্যপ্রলয়, পুং. [নিত্য+প্রলয়] চতুর্ব্বিধপ্রলয়ান্তর্গত প্রলয়বিশেষ; জীবের অহরহনাশ।

নিত্যযৌবনা, স্ত্রী. [নিত্য+যৌবনা] দ্রৌপদী; (ত্রি.) স্থিরযৌবনা, চিরযৌবনা।

নিত্যবৈকুণ্ঠ, পুং. [নিত্য+বৈকুণ্ঠ] বিষ্ণুর-স্থানবিশেষ।

নিত্যশঃ, ব্য. [নিত্য+শস্] অনবরত, সর্ব্বদা, প্রত্যহ।

নিত্যসম, পুং. [নিত্য+সম] অপ্রশস্ত উত্তর।

নিত্যক্ষৌর, ন. [নিত্য+ক্ষৌর] বৈধেতর, ক্ষৌর, রাগপ্রাপ্ত কেশচ্ছেদন।

নিত্যা, স্ত্রী. [নিত্য+আ] পার্ব্বতী; মনসাদেবী; শক্তি বিশেষ।

নিত্যানন্দ, পুং. [নিত্য+আনন্দ] যাহার সর্ব্বদা আনন্দবর্ত্তমান; আধুনিক গোস্বামি বংশের আদিপুরুষ।

নিত্যানধ্যায়, পুং. [নিত্য+অনধ্যায়] সর্ব্বদা বর্জ্জনীয়বেদপাঠকালাদি।

নিত্যানিত্যবস্তুবিবেক, পুং. [নিত্য+অনিত্য+বস্তু+বিবেক] ব্রহ্মই নিত্যবস্তু ইহা-হইতে অন্য অখিলবস্তু অনিত্য এই প্রকার বিবেচনা। [বিশেষ।

নিত্যাভৈরবী, স্ত্রী. [নিত্যা+ভৈরবী] ভৈরবী-

নিথর, (প্রা) নিঃশব্দ; নিস্পন্দ; স্থির, ধীর।

নিদ, ন. [নি+দো] বিষ; (প্রা) নিদ্রা।

নিদক্রু, পুং. [নিদৎ+রু] মনুষ্য, মনুষজ, মানব।

নিদম্, (বাং) দমশূন্য, নিঃশ্বাস রহিত।
নিদয়, ত্রি. [নি+দয়] নির্দয়, নিষ্ঠুর, অকরুণ।
নিদর্শন, ন. [নি+দর্শন] দৃষ্টান্ত, উদাহরণ; চিহ্ন। [বিশেষ।
নিদর্শনা, স্ত্রী. [নি+দর্শনা] কাব্যালঙ্কার-
নিদর্শনী, স্ত্রী. [নি+দর্শন-ঈ] প্রকাশিকা; (ন.) পরিজ্ঞানচিহ্ন।
নিদাঘ, পুং. [নি+দহ-অ] গ্রীষ্মকাল; উষ্ণ; ঘর্ম্ম; নিদাঘবর্ণন যথা।—পাটলপুষ্প; মল্লিকাপুষ্প; তাপ; সর; পথিকশোষ; বায়ু; সেক; শক্তু; প্রপা; স্ত্রী; মৃগ-তৃষ্ণা; আম্রাদিফলপাক।
নিদাঘকর, পুং. [নিদাঘ+কর] সূর্য্য, দিবাকর; গ্রীষ্মকারক।
নিদাঘকাল, পুং. [নিদাঘ+কাল] গ্রীষ্ম-ঋতু, জ্যৈষ্ঠ আষাঢ় মাস।
নিদান, ন. [নি+দা-অন] আদিকারণ, মূলকারণ; কারণ; বৎসদামাদি; কারণ ক্ষয়; শুদ্ধি; তপঃফলযাচক; রোগ-নির্ণয়, বৈদ্যগ্রন্থবিশেষ, তৎপর্য্যায়।—রোগলক্ষণ, আদান, রোগহেতু; রোগের মূলানুসন্ধান; অন্ত, অবসান।
নিদানীভূত, ত্রি. [নিদানী+ভূত] কারণীভূত, মূলীভূত।
নিদারুণ, ন. [নি+দারুণ] কঠিন; অসহ্য; দুঃসহ; ভয়ানক; নির্দ্দয়।
নিদালী, (প্রা) নিদ্রাকর্ষক যন্ত্রবিশেষ।
নিদিগ্ধ, ত্রি. [নি+দিহ-ত] লেপাদিদ্বারা বর্দ্ধিত, লেপা, মোচা, তৎপর্য্যায়।—উপচিত। [সুগন্ধি মসলাবিশেষ।
নিদিগ্ধা, স্ত্রী. [নি+দিহ-ত-আ] এলাইচ,
নিদিগ্ধিকা, স্ত্রী. [নিদিগ্ধি+ক-আ] কণ্টকারিকা; এলাইচ।
নিদিধ্যাসন, ন. [নি+দিধ্যাসন] পুনঃ পুনঃ স্মরণ; পরমার্থ চিন্তাবিশেষ।
নিদিষ্ট, ত্রি. [নি+দিশ-ত] আস্থাপিত; কথিত।
নিদেশ, পুং. [নি+দিশ-অ] আজ্ঞা, আদেশ, অনুমতি, নিয়োগ; কথন, কথা; উপান্ত; ভাজন, পাত্র, আধার।
নিদেশকারক, পুং. [নিদেশ+কারক] নিদেশ কারী, আদেশকারক, নিয়োগকারক, অনুমতিদায়ক। [দিশা।
নিদেশিনী, স্ত্রী. [নিদেশ+ইন্-ঈ] দিক্,
নিদেষ্টা, ত্রি. [নি+দিশ-তৃ-অ] নিদেশকর্ত্তা, আজ্ঞাকারক, আদেশকর্ত্তা।
নিদ্রা, স্ত্রী. [নি+দ্রা] মেধ্যানাড়ীতে মনঃ সংযোগ, সুষুপ্ত্যবস্থা, ঘুম, তৎপর্য্যায়।—শয়ন, স্বাপ, স্বপ্ন, সম্বেশ, সুপ্তি, স্বপন।
নিদ্রাকর্ষণ, ন. [নিদ্রা+কর্ষণ] নিদ্রাগম, নিদ্রার আবির্ভাব, ঝিমনি, ঢুলন।
নিদ্রাগার, ন. [নিদ্রা+আগার] শয়নাগার, শয়ন মন্দির। [শীল।
নিদ্রাটিয়া, (প্রা) নিদ্রালু; ঘুমানিয়া, নিদ্রা-
নিদ্রাণ, ত্রি. [নিদ্রা+আন] নিদ্রাগত, নিদ্রান্বিত, শয়িত। [তন্দ্রাযুক্ত।
নিদ্রান্বিত, ন. [নিদ্রা+অন্বিত] নিদ্রাকৃষ্ট,
নিদ্রাবৃক্ষ, ন. [নিদ্রা+বৃক্ষ] অন্ধকার, তিমির, তমঃ।
নিদ্রাবেশ, পুং. [নিদ্রা+আবেশ] নিদ্রা উপক্রম, নিদ্রারম্ভ।
নিদ্রাভঙ্গ, ন. [নিদ্রা+ভঙ্গ] প্রবোধন, জাগরণ; নিদ্রাত্যাগ, ঘুমভাঙ্গন।
নিদ্রালু, স্ত্রী. [নিদ্রা+আলু] বার্ত্তাকী; বনবর্ব্বরিকা; নলীনাম গন্ধদ্রব্য, (ত্রি.) নিদ্রাশীল, নিদ্রাযুক্ত, তন্দ্রালু, স্বপ্নক, শয়ালু
নিদ্রাসংজনন, ন. [নিদ্রা+সংজনন] শ্লেষ্মা, কফ; নিদ্রাকারক। [সুপ্ত।
নিদ্রিত, ত্রি. [নি+দ্রা-ত] নিদ্রান্বিত, শয়িত,
নিদ্রোত্থিত, ত্রি. [নিদ্রা+উত্থিত] নিদ্রা-হইতে উত্থিত, ঘুমেথেকে উঠা।
নিধন, ন. [নি+ধন] নাশ, আদর্শন, মরণ, ধ্বংস, অন্তর্দ্ধান, (পুং.) মরণ; বধতারা, ধনহীন।
নিধনকারী, ত্রি. [নিধন+কারিন্-অ] হত্যাকারী।
নিধান, ন. [নি+ধা-অন] নিধি; আধার, পাত্র; স্থাপন। [অঙ্গার।
নিধাপক, পুং. [নি+ধাপক] অস্ত্রবিশেষ;

নিধার, (গ্রা) অশ্বণী; প্রাখর্য্যরহিত, নিস্তেজঃ, অতীক্ষ্ণ, ভোঁতা।

নিধি, পুং. [নি+ধা-ই] নলিকানাম গন্ধদ্রব্য; সমুদ্র; জীবকৌষধি; আধার, পাত্র, যথা।—গুণনিধি, জলনিধি, চিরপ্রণষ্ট স্বামিকভূয়াতধনবিশেষ, অস্বামিকধন; কুবেরের নবধারত্নবিশেষ, যথা।—শেবধি, সেবধি, তৎভেদযথা—পদ্ম, মহাপদ্ম, শঙ্খ, মকর, কচ্ছপ, মুকুন্দ, কুন্দ, নীল, বর্চ্চঃ; ভাণ্ডার

নিধিনাথ, পুং. [নিধি+নাথ] কুবের, ধনাধিপ; নিধীশ, নিধীশ্বর, নিধিপ্রভু।

নিধীশ, পুং. [নিধি+ঈশ] কুবের, ধনাধিপ।

নিধু, ত্রি. [নি+ধু] অপকারী, নাশক,ধ্বংসক, বিনাশক। [ভিন্ন।

নিধুত, ত্রি. [নি+ধৃত] বিনষ্ট, উৎসন্ন, ছিন্ন-

নিধুবন, ন. [নিধু+বন] মৈথুন, রতি, স্ত্রীসংসর্গ; নর্ম্ম; কেলি, ক্রীড়া; কল্প।

নিধ্যান, ন. [নি+ধ্যান] দর্শন, অবলোকন, দেখন।

নিধ্বান, পুং. [নি+ধ্বান] শব্দ, ধ্বনি, রব।

নিন, (গ্রা) বাটালি, অস্ত্রবিশেষ।

নিনদ, পুং. [নি+নদ] শব্দ, রব, ধ্বনি।

নিনঙ্ক্ষু, ত্রি. [নি+নশ] হননেচ্ছু

নিনাদ, পুং. [নি+নাদ] শব্দ, রব, গর্জ্জন

নিনীষা, স্ত্রী. [নী+আ] গ্রহণেচ্ছা।

নিনীষু, ত্রি. [নী+উ] গ্রহণেচ্ছা

নিন্দক, ত্রি. [নিন্দ+ক] নিন্দাকারক, পরদোষানুসন্ধান কর্ত্তা।

নিন্দতল, ত্রি. [নিন্দ+তল] নিন্দিতহস্ত, কুৎসিতহস্ত।

নিন্দন, ন. [নিন্দ+অন] নিন্দা, জুগুপ্সাকরণ, কুৎসন; দোষানুসন্ধান; গর্হাকরণ।

নিন্দা, স্ত্রী. [ণিদ+আ] অপবাদ; দুষ্কৃতি; নিন্দন, তৎপর্য্যায়।—অবর্ণ, আক্ষেপ, নির্ব্বাদ, পরীবাদ, অপবাদ, উপক্রোশ, জুগুপ্সা; কুৎসা, গর্হণ, গর্হা, কুৎসন, পরিবাদ, জুগুপ্সন, অপক্রোশ, ভৎসন, অববাদ, গর্হণা, ধিক্কৃক্রিয়া; দুর্নাম।

নিন্দাস্তুতি, স্ত্রী. [নিন্দা+স্তুতি] ব্যাজস্তুতি, চলস্তব

নিন্দিত, ত্রি. [নিন্দ+ইত] নিন্দাযুক্ত, অবক্ষিত, জুগুপ্সিত, গর্হিত, কুৎসিত, তৎপর্য্যায়।—ধিক্কৃত, অপধ্বস্ত, নির্ভৎসিত।

নিন্দু, স্ত্রী. [ণিদি+উ] মৃতবৎসা, মড়াঞ্চে, নন্দু

নিন্দুক, পুং. [নিন্দ+উক] নিন্দক, নিন্দাকারী, পরদোষানুসন্ধানকারী।

নিন্দ্য, ত্রি. [নিন্দা+য] নিন্দনীয়, হেয়, তুচ্ছনীয়। [বৃক্ষ।

নিপ, পুং. ন.[নি+পা] কলস; (পুং.) কদম্ব-

নিপট, (গ্রা) সম্যক্প্রকার; বস্তুত, কেবল; যথার্থ। [ধ্যয়ন।

নিপঠ, পুং [নি+পঠ-অ] পাঠ, পড়া, অ-

নিপতন, ন. [নি+পত-অন]. অধঃপতন; মরণ, নষ্টহওন, নিহতহওন

নিপত্যা, স্ত্রী. [নি+পত্য-আ] যুদ্ধভূমি, রণক্ষেত্র। [পড়ন।

নিপাঠ, পুং. [নি+পঠ-অ] পঠন, অধ্যয়ন,

নিপাক, পুং. [নি+পচ-অ] পাক, পক্ক।

নিপাত, পুং. [নি+পত-অ] মৃত্যু, নাশ, নিধন, অধঃপতন, পতন।

নিপাতন, ন. [নি+পাত-অন] খলীকার; অধোনয়ন, তৎপর্য্যায়।—অবনায়, নিঘাতন; ব্যাকরণমতে সূত্রে পদসিদ্ধকরণ; ধ্বংসকরণ। [বিনাশিত

নিপাতিত, ত্রি. [নি+পাতি-ত] অধঃক্ষিপ্ত;

নিপান, ন. [নি+পা-অন] কূপ, পুষ্করিণী ইত্যাদির নিকটে গবাদির জলপানার্থ বিরচিত জলাধার, তৎপর্য্যায়।—আহার, নিপানক; গোদোহনপাত্র।

নিপীড়ন, ন. [নি+পীড়ন] মর্দ্দন; ব্যথা।

নিপীড়িত, ত্রি. [নি+পীড়িত] সম্মর্দ্দিত; ব্যথিত।

নিপীড়া, ব্য. [নি+পীড়া] মর্দ্দিতকরণ।

নিপীত, ত্রি. [নি+পীত] কৃতপান।

নিপুণ, ত্রি. [নি+পু-ণ] কার্য্যক্ষম, অভিজ্ঞ, পটু, যোগ্য, প্রবীণ, পারগ, তৎপর্য্যায়।—প্রবীণ, অভিজ্ঞ, বিজ্ঞ, নিষ্ণাত

শিক্ষিত, বৈজ্ঞানিক, কৃতমুখ, কৃতী, কুশল, সংখ্যাবান, মতিমান, কুশাগ্রীয় মতি, কৃষ্টি, বিদুর, বুধ, দক্ষ, নেদিষ্ঠ, কৃতধী, সুধী, বিদ্বান্, কৃতকর্ম্মা, বিচক্ষণ, বিদগ্ধ, চতুর, প্রৌঢ়, বোদ্ধা, বিশারদ, সুমেধা, সুমতি, তীক্ষ্ণ, প্রেক্ষাবান, বিবুধ, বিদন, বিজ্ঞানক, কুশলী।

নিপুণতা, স্ত্রী. [নিপুণ+ত-আ] কার্য্যদক্ষতা, অভিজ্ঞতা, যোগ্যতা।

নিপুণত্ব, ন. [নিপুণ+ত্ব] নৈপুণ্য, পারগতা, ক্ষমতা।

নিফলা, স্ত্রী. [নি+ফল-আ] জ্যোতিষ্মতী।

নিফালন, ন. [নি+ফালন] দৃশ্য, দর্শন।

নিফেন, ন. [নি+ফেনা]অফেণ,ফেণারহিত।

নিবড়, (প্রা) সম্পূর্ণ, সমাপ্ত ; ঘন।

নিবড়ন, (প্রা) সমাপ্তকরণ, সম্পূর্ণকরণ।

নিবডান, (প্রা) সমাপন, নিষ্পাদন, শেষকরণ।

নিবদ্ধ, ত্রি. [নি+বধ-ত] প্রণীত, রচিত; স্থিরীকৃত, নিয়মিত। [নয়ন।

নিবন, (প্র) নির্ব্বাপণ, নির্ব্বাণকরণ; অপ-

নিবন্ধ, ন. [নি+বন্ধ] গীত; (পুং.) রোগবিশেষ,আনাহরোগ; গ্রন্থেপ্রবৃত্তি, গ্রন্থসন্দর্ভ, স্থিরবৃত্তি; নিম্ববৃক্ষ, নিমগাছ; বন্ধন; নিশ্চয়।

নিবন্ধন, ন. [নি+বন্ধ-অন] হেতু, কারণ, নিমিত্ত; উপনাহ, বীণাপ্রভৃতির ঊর্দ্ধভাগ; রচনাকরণ।

নিবন্ধৃতা, পুং. [নি+বন্ধ-তৃ]নিবন্ধকর্ত্তা,গ্রন্থকার, রচনাকর্ত্তা, সংগ্রহকারক।

নিবন্ধিত, ত্রি. [নিবন্ধ+ইত] বদ্ধ, সংগৃহীত।

নিবপন, ন. [নি+বপন] মৃতপিত্রাদির উদ্দেশে দান; শ্রাদ্ধ। [হিতা।

নিবরা, স্ত্রী. [নি+বরা] কুমারী; অবিবা-

নিবর্ত্ত, পুং. [নি+বৃত-অ] বিরত, ক্ষান্ত; নিষেধ, বারণ।

নিবর্ত্তন, ন. [নি+বৃত-অন] বিরাম, ক্ষান্তকরণ, আটকান; দমন; অবসর হওন।

নিবর্ত্তয়িতব্য, ত্রি. [নি+বৃত-তব্য] বিরামোপযুক্ত।

নিবর্হণ, ন. [নি+বৃহ-অন] মারণ, হনন,বধকরণ।

নিবসথ, পুং. [নিবস+থ] গ্রাম, বাসস্থান।

নিবসতি, স্ত্রী. [নি+বসতি] গৃহ, আলয়

নিবসন, ন. [নি+বস-অন] গৃহ; বাসকরণ; বস্ত্র।

নিবস্ত্রী, ত্রি. [নি+বস্ত্র-ইন] বিবস্ত্র; উলঙ্গ।

নিবহ, পুং. [নি+বহ] সমূহ, সকল, বায়ুর অন্তর্গত বায়ুবিশেষ।

নিবাড়ন, (প্রা) নিষ্পত্তিকরণ, সমাপন, শেষকরণ।

নিবাত, ত্রি. [নি+বা-ত] আশ্রয়, নিবাস; অবাত, বাতশূন্য; শস্ত্রদ্বারা অভেদ্য বর্ম্ম।

নিবাতকবচ, পুং. [নিবাত+কবচ] দৈত্যবিশেষ, হিরণ্যকশিপুর পৌত্র, সংহ্রাদপুত্র। [মিটান।

নিবান, (প্রা) নির্ব্বাণ, তেজোহ্রাসকরণ,

নিবানিয়া, (প্রা) নির্ব্বাণকারক, নাশক।

নিবাপ, পুং. [নি+বপ-অ] মৃত পিত্রাদির উদ্দেশেদান, শ্রাদ্ধ, পিণ্ডদান, তৎপর্য্যায়।—পিতৃদান, পিতৃতর্পণ; দানমাত্র, নিবাপন, পিতৃদানক।

নিবার, পুং. [নি+বৃ-অ] নিবারণ।

নিবারক, পুং. [নি+বৃ-অক] নিবারণকারী, নিষেধকারক। [মানা।

নিবারণ, ন. [নি+বারণ] নিষেধ, বারণ,

নিবারণীয়, ত্রি. [নি+বৃ+অনীয়] নিবারণের যোগ্য, নিষেধ্য।

নিবারিত, ত্রি. [নি+বৃ+ইত] কৃতনিবারণ, নিষিদ্ধ, আটকান, মানাকরা, বারণকরা।

নিবার্য্য, ত্রি. [নি+বৃ-য] নিষেধকরিবারযোগ্য, নিবারণীয়।

নিবার্য্যমাণ, ত্রি. [নিবার্য্য+মৎ]নিবারণোপযুক্ত, নিবারণীয়।

নিবাস, পুং. [নি+বস-অ] গৃহ, বাসস্থান; আধার।

নিবাসভূয়, ন. [নিবাস+ভূয়] বাসস্থান, নিবসি।

নিবাসী, ত্রি. [নি+বাসিন্] নিবাসবিশিষ্ট, নিবাসকর্ত্তা, বসতিকারী, বাসিন্দা।

নিবিড়, ত্রি. [নি+বিড়] নিরবকাশ, তৎপর্য্যায়।—নিরন্তর, নিবিরীষ, ঘন, সান্দ্র, নীরন্ধ্র, বহুল, দৃঢ়, গাঢ়, অবিরল, পুরু, দুর্গম্য; বক্রনাশ

নিবিড়ীষ, ত্রি. নি+বিড়ীষ] নিবিড়, ঘন; বক্রনাস।

নিবিবৃৎসন, ত্রি. [নি+বৃত+অৎ] বিরামেচ্ছু।

নিবিশেষ, ত্রি. [নি+বিশেষ] সদৃশ, সমান।

নিবিরীষ, ত্রি. [নিবির+ঈশ] নিবিড়, ঘন, নিরবকাশ।

নিবিষ্ট, ত্রি. [নি+বিশ-ত] নিবেশযুক্ত, আবিষ্ট, প্রবিষ্ট, সংলগ্ন, মনঃ সংযোগান্বিত, নিয়তপ্রবৃত্ত; প্রাপ্ত, লব্ধ।

নিবীত, ত্রি. [নি+বীত] আচ্ছাদনবস্ত্র, প্রাবার, উড়নী, প্রাবৃত; ঢাকা; (ন.) কণ্ঠলম্বিত যজ্ঞসূত্র।

নিবীতী, পুং. [নিবীত+ইন্] নিবীতযুক্ত, কণ্ঠলম্বিত যজ্ঞসূত্রবিশিষ্ট, যাহার কণ্ঠে বস্ত্র বা উপবীতলম্বিত আছে।

নিবৃত, ত্রি. [নি+বৃ-ত] নিবীত, আচ্ছাদন বস্ত্র, উড়ানি, পরিবেষ্টিত, ঘেরিত, আচ্ছাদিত।

নিবৃতি, স্ত্রী. [নি+বৃতি] আচ্ছাদন বস্ত্র।

নিবৃত্ত, ত্রি. [নিবৃৎ+ত] নিবৃত্তিবিশিষ্ট, বিরত, ক্ষান্ত, প্রত্যাবৃত্ত।

নিবৃত্তকর্ম্মা, ত্রি. [নিবৃত্ত+কর্ম্মন্] কর্ম্ম বা কার্য্য হইতে নিবৃত্তি। [সনা রহিত

নিবৃত্তরাগ, ত্রি. [নিবৃত্ত+রাগ]রাগশূন্য, বা-

নিবৃতাত্মা, পুং. [নিবৃত্ত+আত্মন্] বিষ্ণু, নারায়ণ; বিরতস্বভাব; নিষেধ।

নিবৃত্তি, স্ত্রী. [নি+বৃত-তি] নির্বৃত্তি, অপ্রবৃত্তি; প্রবৃত্তি প্রাগভাব, ক্ষান্তি, তৎপর্য্যায়।—উপরম, বিরতি, অপরতি, উপরতি, আরতি; বিশ্রাম।

নিবেদন, ন. [নি+বিদ-অন] আবেদন, বিজ্ঞাপন, সমর্পণ, অর্পণ।

নিবেদনকারক, পুং. [নিবেদন+কারক] আবেদনকারী, প্রার্থনাকারক, বিজ্ঞাপক।

নিবেদয়িতব্য, ত্রি. [নিবেদয়ি+তব্য] আবেদনোপযুক্ত, বিজ্ঞাপনীয়, প্রকাশযোগ্য।

নিবেদিতব্য, ন. [নিবেদি+তব্য] নিবেদনীয়।

নিবেদিত, ত্রি. [নি+বিদ+ইত] কৃতনিবেদন, আবেদিত, জ্ঞাপিত, সমর্পিত; দত্ত, সূচিত। [দনীয়

নিবেদ্য, ন. [নি+বিদ-য] নিবেদনার্হ, নিবে-

নিবেশ, পুং. [নি+বিশ-অ] বিন্যাস, সৈন্যবিন্যাস; শিবির; উদ্বাহ, বিবাহ; নিবেশন; অর্পণ, মনোযোগ; গৃহ; যুদ্ধ; স্থান।

নিবেশন, ন. [নি+বিশ-অন] গৃহ; নগর; প্রবেশ; স্থাপন; নিধান; সংক্রমণ।

নিবেশনীয়, ত্রি. [নি+বিশ-অনীয়] নিবেশনার্হ; যোজনীয়।

নিবেশিত, ত্রি. [নি+বিশ-ত] স্থাপিত, বিন্যস্ত, রক্ষিত; প্রবেশিত। [নিবেশনার্হ।

নিবেশ্য, ত্রি. [নি+বিশ-য] নিবেশনীয়,

নিব্যূঢ়, ন. [নি+ব্যূঢ়] দৃঢ়প্রতিজ্ঞা।

নিভা, ত্রি. [নি+ভা-অ] সদৃশ, তুল্য, সমান; প্রকাশ; (পুং.) ব্যাজ, ছল।

নিভাঁজ, (প্রা) অমিশ্রিত্র, অকৃত্রিম, খাঁটী।

নিভালন, ন. [নি+ভাল-অন] দর্শন, অবলোকন, ঈক্ষণ।

নির্ভূত, ত্রি. [নি+ভূত] অতীত, ভূতকাল।

নিভৃত, ত্রি. [নি+ভৃ-ত] বিনীত; নির্জন, বিরল, গুপ্ত, প্রচ্ছন্ন, লুক্কায়িত, অস্তমিত; নিশ্চল

নিম, পুং. [নি+মা-অ] বৃক্ষবিশেষ, নিম্ব

নিমক্, (যাং) লবণ, লোণ।

নিমক্হালাল, (যাং) কৃতজ্ঞ; বিশ্বাসী।

নিমকহারাম, (যাং) অবিশ্বস্ত, বিশ্বাসঘাতক; প্রভুভক্তি বিহীন।

নিম্‌কাজী, (যাং) অপকৃষ্ট কর্ম্মচারী।

নিম্‌খাসা, (যাং) মধ্যম।

নিমগ্ন, ত্রি. [নি+মস্‌জ-ত] জলমধ্যগত, ডুবা, কৃতমজ্জন, যে ডুবিয়া গিয়াছে।

নিমচা, (যাং) ক্ষুদ্র অসি।

নিমজ্জথু, পুং. [নি+মস্‌জ-অথু] শয়ন, স্বপ্ন; অবগাহন, মগ্ন।

নিমজ্জন, ন. [নি+মস্‌জ+অন] স্নান, অবগাহন, জলমধ্যে প্রবেশকরণ, ডুবন, ডোবা।

নিমদাবা, (প্রা) চতুরঙ্গের শারিকাবিশেষ, অর্থাৎ গজ।

নিমন্ত্রণ, ন. [নি+মন্ত্রণ] নিয়োজনবিশেষ, যাহা অকরণে প্রত্যবায় আছে; আমন্ত্রণ, আহ্বান, ভোজনাদি করাইবার জন্য আনীত।

নিমন্ত্রণপত্র, ন. [নিমন্ত্রণ + পত্র] নিমন্ত্রণ করিবার লিপি।

নিমন্ত্রিত, ত্রি. [নি+মন্ত্র+ইত] আমন্ত্রিত, আহূত। [বর্ত্তন।

নিময়, পুং. [নি+মি-অ] বিনিময়, পরি-

নিমরাজী, (যাং) অর্দ্ধ সম্মত।

নিমি, পুং. [নিম+ই] ইক্ষ্বাকুরাজপুত্র,জনক রাজার পূর্ব্বপুরুষ।

নিমিত, ত্রি. [নি+মা-ইত] ক্ষিপ্ত, উৎক্ষিপ্ত।

নিমিত্ত, ন. [নি+মি+ত্ত] হেতু, কারণ; উৎপাত চিহ্ন লক্ষণ; শুভাশুভচিহ্ন; শকুন; প্রয়োজন, লক্ষ্য।

নিমিত্তক, ন. [নিমিত্ত+ক] চুম্বন; নিমিত্ত, হেতু, কারণ।

নিমিত্তকারণ, ন. [নিমিত্ত+কারণ] সমবায়ি কারণ। সমবায়িকারণ দ্বারা ভিন্ন-তৃতীয় কারণ, যথা।—ঘটের প্রতি কুলালদণ্ড চক্র সলিল সূত্রাদি।

নিমিত্তকৃৎ, পুং. [নিমিত্ত+কৃৎ] কাক, বায়স।

নিমিত্তজ্ঞ, ত্রি. [নিমিত্ত+জ্ঞ-অ] কারণজ্ঞাতা, হেতুজ্ঞ; (পুং.) দৈবজ্ঞ

নিমিত্তবিৎ, পুং. [নিমিত্ত+বিদ]দৈবজ্ঞ,গণক; গ্রহবিপ্র; ঔৎপাতিক লক্ষণজ্ঞাতা।

নিমিষ, পুং. [নি+মিষ-অ] বিষ্ণু; কালবিশেষ; চক্ষুর্নিমীলন কাল, নিমেষ, পক্ষ্মপাত, অতিসূক্ষ্ম সময়, চক্ষুর পলক; স্পন্দন।

নিমীলন, ন. নি+মীল+অন] মরণ; নিমেষ; মুদ্রিতকরণ, মুদন।

নিমীলিকা, স্ত্রী. [নি+মীলিকা] কপট, ব্যাজ; নিমিষ।

নিমীলিত, ত্রি. [নিমীল+ইত] ব্যাজ, কপট, ছল; নিমীলন, মুদ্রিতকরণ, মুদন।

নিমুড়িয়া, (প্রা) অনাথ, অভিভাবক হীন।

নিমেয়, পুং. [নি+মি-য়] নৈমেয়, পরিবর্ত্ত।

নিমেষ, পুং. [নি+মিষ-অ] পক্ষ্ম স্পন্দনকাল, পলক্, তৎপর্য্যায়।—নিমিষ, দৃষ্টি নিমীলন; অতি সূক্ষ্মকাল; মুদ্রিত করণ।

নিমেষক, পুং. [নিমেষ+ক] নিমেষ; জোনাকিপোকা।

নিমেষকৃৎ, স্ত্রী. [নিমেষ+কৃৎ] বিদ্যুৎ, চপলা; বুজানিয়া, মুদ্রিতকারক।

নিমেষরুক্‌, পুং. [নিমেষ+রুচ্‌] খদ্যোত, জোনাকিপোকা।

নিম্ন, ত্রি. [নি+ম্ন-অ] নিকৃষ্টাভ্যাসশীল, নিচু, নত, অধঃ; নাবাল, তৎপর্য্যায় গভীর, গম্ভীর, গভীরক।

নিম্নগ, ত্রি. [নিম্ন+গ] অধোগামী, নীচগামী।

নিম্নগা, স্ত্রী. [নিম্নগ+আ] নদী, নীচগামিনী, হ্রদিনী, অধোগামিনী।

নিম্নোন্নত, ত্রি. [নিম্ন+উন্নত]উচ্চ এবং নিম্ন, নিচুউচু।

নিম্ব, পুং. [নিবি+অ] বৃক্ষবিশেষ, নিমগাছ, তৎপর্য্যায়।—অরিষ্ট, সর্ব্বতোভদ্র, হিঙ্গুনির্য্যাস, মালক, পিচুমর্দ্দ, অর্কপাদপ, কৈটর্য্য, বরত্বচ, ছর্দ্দিঘ্ন, প্রভদ্র, পারিভদ্রক, কাকফল, কীরেষ্ট, নেতা, সুমনাঃ, বিশীর্ণপর্ণ, যবনেষ্ট, পীতসারক, শীত, তিক্তক, কীটক, শূলমালক, পিচুমন্দ।

নিম্বক, পুং. [নিম্ব+ক] নিম্ববৃক্ষ, নিমগাছ।

নিম্বতরু, পুং. [নিম্ব+তরু] মন্দারবৃক্ষ, পারিভদ্র, পারিজাতক।

নিম্ববীজ, পুং. [নিম্ব+বীজ] রাজাদনীবৃক্ষ।

নিম্বু,(প্রা) বৃক্ষবিশেষ,জম্বীর, নারাঙ্গী নেবু।

নিম্বুক, পুং. [নিম্ব+উক] বৃক্ষবিশেষ, কাগজীনেবুর গাছ, তৎপর্য্যায়।—অম্লজম্বীর, বহ্নি, দীপ্ত, বহ্নিবীজ, অম্লসার,

দন্তাঘাত, শোধন, জন্তুমারী, নিম্বু, রোচন।

নিয়ত, ত্রি. [নি+যম-ত] সংযত, নিত্য, অবিশ্রান্ত, নিয়মবিশিষ্ট; সর্ব্বদা; নির্ণীত, নির্দ্দিষ্ট, স্থিরীকৃত; দমিত; বদ্ধ; শাসিত, বশীকৃত।

নিয়তমানস, ত্রি. [নিয়ত+মানস] জিতেন্দ্রিয়, প্রশান্তচিত্ত।

নিয়তাত্মা, ত্রি. [নিয়ত+আত্মন্] আত্মবশীভূত। [মিতভুক্।

নিয়তাহার, ত্রি. [নিয়ত+আহার] অল্পাহারী,

নিয়তি, স্ত্রী. [নি+যম তি] ভাগ্য, দৈব, অদৃষ্ট, বিধি; নিয়ম; বিধাতা

নিয়তী, স্ত্রী. [নি+যম-তি-ঈ] দুর্গা, ভগবতী।

নিয়তেন্দ্রিয়, ত্রি. [নিয়ম+ইন্দ্রিয়] সংযতেন্দ্রিয়, ইন্দ্রিয় দমনশীল; সংযত শরীর; প্রশান্তচিত্ত।

নিয়ন্তা, ত্রি. [নি+যম-তৃ] সারথি; শাস্তা, শাসনকর্ত্তা; প্রভু, নিয়ামক।

নিয়ন্তৃতা, স্ত্রী. [নিয়ন্তৃ+ত-আ] নিয়ন্তৃত্ব।

নিয়ন্ত্রিত, ত্রি. [নিয়ন্তৃ+ইত] অবাধ, অনর্গল; বদ্ধ, আটক, বাঁধা, আবদ্ধ; দমিত; নিবারিত।

নিয়ম, পুং. [নি+যম] শৌচসন্তোষ তপঃ স্বাধ্যায় ঈশ্বর প্রণিধান; প্রতিজ্ঞা, অঙ্গীকার, স্বীকার; ব্রত, উপবাসাদি; কর্ত্তব্য কর্ম্ম, অনুক্রম; মন্ত্রণা; নিশ্চয়; অবধারণ, নির্ণয়, নিরূপণ; প্রকার, ধারা; দমন; নিরোধ।

নিয়মন, ন. [নি+যম-অন] নিয়ম; বন্ধন; দমন; বারণ।

নিয়মশালী, ত্রি. [নিয়ম+শালিন্] নিয়মযুক্ত, রীত্যনুযায়ী, ধারান্বিত।

নিয়মসেবা, স্ত্রী. [নিয়ম+সেবা] কার্ত্তিকমাসে নিয়মপূর্ব্বক ভগবদারাধনা।

নিয়মাতিক্রম, পুং. [নিয়ম+অতিক্রম] নিয়ম লঙ্ঘন, নিয়ম না করা।

নিয়মান্বিত, ত্রি. [নিয়ম+অন্বিত] নিয়ম বিশিষ্ট, ধারান্বিত, নিয়মিত।

নিয়মিত, ত্রি. [নিয়ম+ইত] কৃত নিয়ম, নিয়ম বদ্ধ; দমিত, নিরূপিত, ধারা বাঁধা; নিবারিত।

নিয়াতন, ন. [নি+যত-অন] নিপাতন, অধঃপতন। [অনুক্রম।

নিয়াম, পুং. [নি+যম-অ] নিয়ম, কর্ত্তব্যকর্ম্ম,

নিয়ামক, পুং. [নি+যম্-অক] পোতবাহ, কর্ণধার, নাবিক; নিয়ন্তা, নিয়মকর্ত্তা; নিশ্চায়ক।

নিয়ম্য, ত্রি. [নি+যম-য] শিক্ষনীয়, নিয়মযোগ্য।

নিযুক্ত, ত্রি. [নি+যুজ-ত] নিয়োগ বিশিষ্ট, নিযোজিত, যাহাকে নিয়োগ করা যায়; আজ্ঞাপ্রাপ্ত; অবধারিত; ব্যাপৃত; অধিকৃত।

নিযুজ্যমান, ত্রি. [নি+যুজ+মান] নিযুক্ত; অধিকৃত।

নিযুজ্য, বা. [নি+যুজ্+য] নিযুক্ত।

নিযুত, পুং. ন. [নি+যু-ত] লক্ষ; দশলক্ষ সংখ্যা, যথা।—শতং সহস্র মযুতং নিযুতং প্রযুতং মতং। স্ত্রী কোটির্র্ব্বুদ মিতি ক্রমাদ্দশগুণোত্তর। একংদশ শতঞ্চৈব সহস্র মযুতন্তথা, লক্ষঞ্চ নিযুতঞ্চৈব কোটি রর্ব্বুদ এবচ, বৃন্দঃ খর্ব্বোনিখর্ব্বশ্চ শঙ্খপদ্মৌচ সাগরঃ, অন্ত্যং মধ্যং পরার্দ্ধঞ্চ দশবৃদ্ধ্যা যথোত্তরং।

নিযুদ্ধ, ন. [নি+যুদ্ধ] বাহুযুদ্ধ; মল্লযুদ্ধ।

নিযোক্তা, পুং. [নি+যুজ-তৃ] নিয়োগকর্ত্তা, প্রভু, নিয়োজক, আজ্ঞাদায়ক, প্রেরক।

নিয়োগ, পুং. [নি+যুজ-অ] অবধারণ; আজ্ঞা, নিয়োজন; অনুমতি; শাসন; প্রেষণ; ভারার্পণ, মনোযোগ; প্রবৃত্তি; নিশ্চয়; অধিকার

নিয়োগকর্ত্তা, পুং. [নিয়োগ+কর্তৃ] নিযুক্তকর্ত্তা, নিয়োগকারী।

নিয়োগধর্ম্ম, পুং. [নিযোগ+ধর্ম্ম] দেবরাদি দ্বারা পুত্রোৎপাদন বিধি।

নিয়োগী, ত্রি. [নিয়োগ+ইন্] নিয়োগবিশিষ্ট, নিযুক্ত, আজ্ঞাপ্রাপ্ত, তৎপর্য্যায়।—কর্ম্মসচিব, আয়ুক্ত, ব্যাপৃত।

নিযোগ্য, ত্রি. [নি+যুজ-য] নিয়োগার্হ, প্রভু, কর্ত্তা; নিয়োগকারক।

নিযোজন, ন. [নি+যুজ-অন] নিয়োগ, প্রেরণ, নিযুক্তকরণ, আদেশ।

নিয়োজক, ত্রি. [নি+যুজ-অক] নিযোজ্য।

নিযোজ্য, ত্রি. [নি+যুজ+য] নিযোজিত; (পুং.) প্রেষ্য, কিঙ্কর, দাস।

নিযোদ্ধা, পুং. [নি + যুধ-তৃ] কুক্কুট; বাহু-যুদ্ধকারী, মল্ল।

নির্, ব্য. [নৄ + ইর] নিশ্চয়; নিষেধ; নিঃশেষ।

নিরগ্নি, ত্রি. [নির্+অগ্নি] যজ্ঞাগ্নিরক্ষণের অনবধানতা।

নিরংশ, ত্রি. [নির্+অংশ] অংশরহিত, ভাগশূন্য, অনধিকারী।

নিরঙ্কুশ, ত্রি. [নির্+অঙ্কুশ] অনিবার্য্য, বাধাশূন্য, স্বতন্ত্র, স্বেচ্ছাচারী।

নিরঞ্জন, ত্রি. [নির্+অঞ্জন] নির্ম্মল, নিষ্কলঙ্ক, অঞ্জনরহিত; তেজোময়; (ন.) বিসর্জ্জন, ত্যাগ।

নিরঞ্জনা, স্ত্রী. [নির্+অঞ্জন-আ] পূর্ণিমা; (ত্রি.) অঞ্জন-শূন্য, নির্ম্মল।

নিরত, ত্রি. [নি+রম-ত] আসক্ত, অনুরক্ত, ব্যাপৃত, নিযুক্ত।

নিরনুনাসিক, ত্রি. [নির্+অনুনাসিক] অনুনাসিক রহিত।

নিরত্যয়, ত্রি. [নির্+অত্যয়] নির্দ্দোষী।

নিরনুক্রোশ, ত্রি. [নির্+অনুক্রোশ] কঠিন অন্তঃকরণ, নির্দ্দয়াত্মা।

নিরনুরোধ, ত্রি. [নির্+অনুরোধ] নির্দ্দয়, নিষ্ঠুর।

নিরন্তর ত্রি. [নির্+অন্তর] নিবিড়, ঘন; অনবকাশ, অবিচ্ছেদ, সর্ব্বদা; অনবধি, অসীম; অপরিধান; অনন্তর্ধান, আগমন; অভেদ, সদৃশ, সমান; অতাদর্থ্য, তদর্থভিন্ন; অচ্ছিদ্র, ছিদ্ররহিত, নির্দ্দোষ; অনাত্মীয়, আত্মীয়ভিন্ন, অবিনা, অবাহ্য; অবহিঃ, বাহ্যশূন্য; অনবসর, অনবকাশ; অমধ্য, মধ্যভিন্ন; অনন্তরাত্মা, অন্তররহিত আত্মা।

নিরন্তরাভ্যাস, পুং. [নিরন্তর + অভ্যাস] স্বাধ্যায়, বেদাধ্যয়ন; সততাবৃত্তি, সর্ব্বদা আবৃত্তিকরণ।

নিরন্তরাল, ত্রি. [নির্+অন্তরাল] অবিচ্ছেদ, নিরবকাশ; নিরেট।

নিরন্বয়, ত্রি. [নির্+অন্বয়] সন্ততিশূন্য; অপ্রমাণ; অর্থহীন; অসম্বন্ধ।

নিরপ, ত্রি. [নির্+অপ] জলশূন্য।

নিরপত্য, ত্রি. [নির্+অপত্য] নিঃসন্তান, পুত্রকন্যা বিহীন।

নিরপত্রপ, ত্রি. [নির্+অপত্রপ] ধৃষ্ট, নির্লজ্জ, লজ্জাহীন, ত্রপাশূন্য।

নিরপবর্ত্ত, পুং. [নির্+অপবর্ত্ত] প্রত্যাগমনরহিত; অশ্ববিশেষ।

নিরপরাধ, ত্রি. [নির+অপরাধ] অপরাধশূন্য, দোষরহিত।

নিরপায়, পুং. [নির+অপায়] রক্ষা; নির্ব্বিঘ্ন, নিরুদ্বেগ। [নির্ব্বিঘ্ন।

নিরপায়ী, পুং.ত্রি. [নর+অপায়িন্] নিত্য;

নিরপেক্ষ, ত্রি. [নির+অক্ষেপ] অনপেক্ষ, স্বাধিন, অপেক্ষারহিত।

নিরব, পুং. [নি+রব] নীরব, রবাভাব; অপানন; মৌনী, অবাক।

নিরবগ্রহ, পুং. [নির্+অবগ্রহ] স্বতন্ত্র, স্বাধীন; বৃষ্টিপ্রতিবন্ধকাভাব।

নিরবচ্ছিন্ন, ত্রি. [নির + অবচ্ছিন্ন] অনবচ্ছিন্ন, নিরন্তর; শুদ্ধ, কেবল, তন্মাত্র, অন্যসম্বন্ধহীন।

নিরবদ্য, ত্রি. [নির+অবদ্য] অতুচ্ছ, অনিন্দনীয়, উৎকৃষ্ট, উত্তম; নির্দ্দোষ।

নিরবধি, ত্রি. [নির+অবধি] নিরন্তর, সর্ব্বদা;

নিরবয়ব, ত্রি. [নির + অবয়ব] অবয়বহীন, আকৃতিরহিত, নিরঙ্গ, নিরাকার।

নিরবলম্বন, ন. [নির্+অবলম্বন] নিরাশ্রয়; (ত্রি.) অসহায়, সহায়হীন।

নিরবসর, ত্রি. [নির্+অসবর] অনবকাশ; ব্যস্ত, ব্যাপৃত।

নিরবসাদ, ত্রি. [নির্+অবসাদ] উৎসাহ সাম্বিত, উদ্যোগী।

নিরবহালিকা, স্ত্রী. [নির্+অবহালিকা] প্রাচীর ভিত্তি, ভিৎ, দেওয়াল।

নিরব্যয়, ত্রি. [নির্+অব্যয়] ক্ষয়রহিত, চির-স্থায়ী।

নিরম্বু, ত্রি. [নির্+অম্বু] জলশূন্য।

নিরয়, পুং. [নির্+অয়] নরক, দুঃখভোগ-স্থান।

নিরয়ণ, ন. [নির্+অয়ন] বহির্গমন

নিরর্গল, ত্রি. [নির+অর্গল] অবাধ, অপ্রতি-বন্ধক, অনর্গল। [ধৃষ্ট।

নিরর্গলা, স্ত্রী. [নির্+অর্গল+আ] নির্লজ্জ,

নিরর্থক, ত্রি. [নির্+অর্থক] নিষ্ফল, বিফল, ব্যর্থ, মোঘ, অপ্রয়োজন, অনর্থক।

নিরলস, ত্রি. [নির্+অলস] আলস্যরহিত।

নিরশন, ন. [নির্+অশন] ভোজনাভাব, অনশন, অনাহার।

নিরস, পুং. [নি+রস] নীরস, রসাভাব, রস-হীন, শুষ্ক।

নিরসন, ন. [নির্+অসন] প্রত্যাখ্যান, নিরাকরণ, খণ্ডন; বধ; নিষ্ঠীবন, থুথু; নিঃক্ষেপ, বিসর্জ্জন।

নিরসা, স্ত্রী. [নি+রস+আ] নিশ্রেণিকাতৃণ।

নিরস্ত, ত্রি. [নির্+অস-ত] প্রহিতবাণ, ত্যক্তশর; ত্বরিতোদিত, শীঘ্রোচ্চারিত বচ; নিরাকরণ বিশিষ্ট, তৎপর্য্যায়।— প্রত্যাদিষ্ট, প্রত্যাখ্যাত, নিরাকৃত, নিকৃত, বিপ্রকৃত, প্রতিক্ষিপ্ত, অপবিদ্ধ; নিষ্ঠ্যূত, থুথু; প্রেষিত; সংত্যক্ত; প্রতি-হত, ক্ষান্ত, নিবৃত্ত।

নিরস্তকারী, ত্রি. [নিরস্ত+কারিন্] ক্ষান্ত-কারক, নিবর্ত্তক।

নিরস্ত্র, ত্রি. [নির্+অস্ত্র] অস্ত্রশূন্য।

নিরহ, (প্রা) নিরীহ, শান্ত, অবিবাদী, ধীর।

নিরহঙ্কার, ত্রি. [নির্+অহঙ্কার] অহঙ্কার শূন্য, শরল।

নিরস্য, ব্য. [নির+অস্য] প্রত্যাখ্যান।

নিরস্যমান, ত্রি. [নির্+অস্য-মান] অন্যা-খ্যাত বহিষ্কৃত, ত্যক্ত।

নিরক্ষদেশ, পুং. [নিরক্ষ+দেশ] বক্ষাদেশ, পলতাশূন্যস্থান, পূর্ব্বদিকে ভদ্রাশ্ববর্ষে যমকোটি, দক্ষিণে ভারতবর্ষে-লঙ্কা, পশ্চিমে কেতুমাল বর্ষে রোমক, উত্তরে কুরুবর্ষে সিদ্ধপুরী।

নিরাকরণ, ন. [নির+আ+কৃ+অন] নিরা-রণ, নিরসন, দূরীকরণ, প্রত্যাখ্যান, খণ্ডন; বহিষ্করণ।

নিরাকরিষ্ণু, ত্রি. [নিরাকৃ+ইষ্ণু] নিরাকরণ-শীল, দূরীকরণ সমর্থ, দূরীকর্ত্তা, প্রত্যা-খ্যাতা, ক্ষিপ্নু; খণ্ডনকর্ত্তা।

নিরাকার, পুং. [নির্+আকার] পরমেশ্বর, ব্রহ্মা; শিব, বিষ্ণু; আকারহিত, অশরীর, আকাশ; তিরস্কান।

নিরাকাঙ্ক্ষ, ত্রি. [নির্+আকাঙ্ক্ষা] নিস্পৃহ, সন্তুষ্ট, শান্ত।

নিরাকৃত, ত্রি. [নির্+আকৃত] প্রত্যাখ্যাত, নিরস্ত।নিবারিত, দূরীকৃত, নিঃসারিত।

নিরাকৃতি, স্ত্রী. [নির্+আকৃতি] নিরসন, নিরাকরণ, বহিষ্করণ; (ত্রি.) অনাকার, আকৃতিশূন্য, অমূর্ত্তি; অস্বাধ্যায়।

নিরাক্রোশ, ত্রি. [নির্+আক্রোশ] অনি-ন্দিত। [ষ্পাপী।

নিরাগঃ, ত্রি. [নির্+রাগস্] নিষ্কলঙ্ক, নি-

নিরাগম, ত্রি. [নির্+আগম] গমনরহিত।

নিরাদিষ্ট, ত্রি. [নির্+আদিষ্ট] প্রদত্ত।

নিরাদেশ, পুং. [নির্+আদেশ] অপনয়ন; সমর্পণ।

নিরাচার, ত্রি. [নির্+আচার] অনাচার, আচারশূন্য, আচারভ্রষ্ট।

নিরাট, (প্রা) দৃঢ়, শক্ত; অচ্ছিদ্র, অস্ফীত।

নিরাতঙ্ক, ত্রি. [নির্+আতঙ্ক] নিঃশঙ্ক, নি-র্ভাবনা, নির্ভয়।

নিরাতপা, স্ত্রী. [নির্+আতপ+আ] রাত্রি, নিশা, রজনী; (ত্রি.) আতপশূন্য।

নিরাধার. ত্রি. [নির্+আধার] আধারশূন্য; অনাশ্রয়; শূন্যস্থিত।

নিরাধারা, স্ত্রী. [নির্+আধার+আ] অন-বরত; (ত্রি.) আধারশূন্য।

নিরানই, (প্রা) সংখ্যাবিশেষ, নিরানব্বই ৯৯।

নিরানন্দ, ত্রি. [নির্+আনন্দ] আহ্লাদরহিত, দুঃখসূচক।

নিরাপত্তি, ত্রি. [নির্+আপদ+ত্তি] দোষ-শূন্য, বাধকতা রহিত, প্রতিবন্ধকতা-ভাব।

নিরাপদ, পুং. [নির্+আপদ] অনাপদ, নির্ব্বিঘ্ন।

নিরাপদীয়, ত্রি. [নির্+আপদ+ঈয়] নির্ব্বিঘ্ন, আপদশূন্য।

নিরাবাধ, ত্রি. [নির্+আ-বাধ] পক্ষাভাস বিশেষ; বাধাহীন, যাহার বাধ হইতে পারে না।

নিরাবৃত, ত্রি. [নির্+আবৃত]অনাবৃত, আবরণ রহিত, খোলা।

নিরাময়, ত্রি. [নির্+আময়] রোগরহিত, তৎপর্য্যায়।—বার্ত্ত, কল্য, নীরুজ, পটু, উল্লাঘ, লঘু, অগদ, নিরাতঙ্ক, অনাতঙ্ক; নীরোগ; (পুং.) ইড়িক্ক, বনচ্ছগল; শূকর।

নিরামালু, পুং. [নিরাম+আলু] কপিত্থ, কতবেল।

নিরামিষ, ত্রি. [নির্+আমিষ] আমিষশূন্য, মাংসরহিত; ব্রতবিশেষ।

নিরায়, ত্রি. [নির্+আয়] আয়শূন্য।

নিরায়ুধ, ত্রি. [নির্+আয়ুধ] নিরস্ত্র।

নিরালম্ব, ত্রি. [নির্+আলম্ব] অবলম্বনশূন্য, অনাশ্রয়। [মাংসী।

নিরালম্বা, স্ত্রী. [নির্+আলম্ব+আ] আকাশ-

নিরালয়, ত্রি. [নির্+আলয়] উদাসীন; আলয়রহিত। [কর্ম্মিষ্ঠ।

নিরালস্য, ত্রি. [নির্+আলস্য] আলস্যশূন্য

নিরালা, (প্রা) নিভৃত, নির্জ্জন, বিরল, রহ।

নিরাশ, ত্রি. [নির্+আশা] আশাশূন্য, হতাশ, নিস্পৃহ।

নিরাশয়, ত্রি. [নির্+আশয়] আশয়শূন্য, নিরাশা। [শূন্য।

নিরাশিঃ, ত্রি. [নির্+আশিস্] আশীর্ব্বাদ-

নিরাশ্রয়, ত্রি. [নির্+আশ্রয়] আশ্রয়শূন্য।

নিরাস, পুং. [নির্+অস] নিরাকরণ, দূরীকরণ; খণ্ডন; নিঃক্ষেপ, ত্যাগ।

নিরাসক, পুং. [নির্+অস-ক] প্রত্যাখ্যান বহিষ্কারক, খেদানিয়া।

নিরাসন, ন. [নির্+আ-অস-অন] নিরসন আসনাভাব, আসনশূন্য; উপবেশনস্থান হীন; খণ্ডন।

নিরাস্পদ, ত্রি, [নির্+আস্পদ] আস্পদ-শূন্য, স্থানভ্রষ্ট, অস্থির।

নিরাহার, ত্রি. [নির্+আহার]আহাররহিত, অভোজন, অনশন, ভোজনাভাব।

নিরিঙ্গিণী, স্ত্রী. [নির্+ইঙ্গিন-ঈ] তিরস্করিণী, তৎপর্য্যায়।—অবগুণ্ঠিকা, পটী,যবনিকা; পর্দ্দা। [অন্ধ পঙ্গু প্রভৃতি।

নিরিন্দ্রিয়, ত্রি. [নির্+ইন্দ্রিয়] ইন্দ্রিয়শূন্য,

নিরীখ্, (বাং) দ্রব্যের মূল্য; বাজারভাও।

নিরীশ, ন. [নির্+ঈশ] ফাল, (ত্রি.) ঈশশূন্য, লাঙ্গলের ফালহীন; নাস্তিক, অনীশ্বরবাদী। [বাদী, নাস্তিক।

নিরীশ্বর, পুং. [নির্+ঈশ্বর] ঈশ্বরাভাব

নিরীশ্বরবাদ, পুং. [নিরীশ্বর+বাদ] পরমেশ্বরের সত্তা অস্বীকারকরণ, নাস্তিক।

নিরীষ, ন. [নির্+ঈষ] নিরীশ, ঈশশূন্য; ফাল।

নিরীহ, পুং. [নির্+ঈহা] বিষ্ণু; (ত্রি.) ঈহাশূন্য; স্থির; শান্ত, ধীর, শিষ্ট; নিশ্চেষ্ট, নিস্পৃহ।

নিরীক্ষণ, ন. [নির্+ঈক্ষণ] দর্শন, অবলোকন, দেখন, ঈক্ষণ।

নিরীক্ষদেশ, (প্রা) নিরক্ষদেশ। [আশ।

নিরীক্ষা, স্ত্রী. [নির্+ঈক্ষা] নিরীক্ষণ;

নিরীক্ষিত, ত্রি. [নির্+ঈক্ষিত] অবলোকিত, দৃষ্ট, দেখা।

নিরুক্ত, ন. [নির্+উক্ত] বেদাঙ্গশাস্ত্রবিশেষ; পদভঞ্জনব্যাকরণ; (ত্রি.) কথিত।

নিরুক্তি, স্ত্রী. [নির্+উক্তি] বেদাঙ্গগ্রন্থ-বিশেষ, বেদব্যাখ্যান গ্রন্থ।

নিরুচ্ছাস, ত্রি. [নির্+উচ্ছাস] নিঃশ্বাস-রহিত; অপ্রশস্ত।

নিরুত্তর, ত্রি. [নির্+উত্তর] প্রতিবাক্যে, অসমর্থ, প্রত্যুত্তর রহিত, অবাক্, (ন.) তন্ত্রবিশেষ।

নিরুত্তাপ, ত্রি. [নির্+উত্তাপ] উত্তাপশূন্য, সন্তাপরহিত, স্নিগ্ধ, শীতল।

নিরুৎপাত, ত্রি. [নির্+উৎপাত] উৎপাত রহিত, নিরুপদ্রব, উপদ্রবশূন্য; দুঃখশূন্য।

নিরুৎসাহ, ত্রি. [নির্+উৎসাহ] উৎসাহ শূন্য, নিশ্চেষ্ট। [নিরুদ্বেগ।

নিরুৎসুক, ত্রি. [নির্+উৎসুক] অকুণ্ঠিত,

নিরুদ্ধ, ত্রি. [নি+রুদ্ধ] সংরুদ্ধ, রোধবিশিষ্ট, আটক, কৃতাবরোধ, রুদ্ধ; প্রতিবদ্ধ; নিবারিত। [রোধ।

নিরুদ্ধপ্রকশ, পুং. [নিরুদ্ধ+প্রকশ] প্রস্রাব-

নিরুদ্ধশমবৃত্তি, ত্রি. [নিরুদ্ধ+শমবৃত্তি] ক্লিষ্ট, শ্রান্ত।

নিরুদ্রাব, ত্রি. [নির্+উদ্রাব] অক্ষর, অব্যয়।

নিরুদ্বিগ্ন, ত্রি. [নির্+উদ্বিগ্ন] উদ্বেগশূন্য, নিরুৎকণ্ঠিত।

নিরুদ্যোগ, ত্রি. [নির্+উদ্যোগ] নিরুদ্যম, উদ্যোগাভাববিশিষ্ট, উদ্যমহীন, নিশ্চেষ্ট।

নিরুধ্যমান, ত্রি. [নিরুধ+মান] রোধন।

নিরুপদ্রব, ত্রি. [নির্+উপদ্রব] উৎপাতরহিত, দৌরাত্ম্যহীন।

নিরুপধি, ত্রি. [নির্+উপধি] সাহসী, নিরাপদ।

নিরুপপ্লব, ত্রি. [নির্+উপপ্লব] নিঃশঙ্কা, নিরুপদ্রব। [পাত।

নিরুপরোধ, পুং. [নির্+উপরোধ] অপক্ষ

নিরুপরোধী. ত্রি. [নির্+উপরোধিন্] অপক্ষপাতী।

নিরুপম, ত্রি. [নির্+উপমা] উপমারহিত, অনুপম।

নিরুপাধি, ত্রি. [নির্+উপাধি] উপাধিহীন, অব্যাজ, অচ্ছল, অকপট; নির্ম্মল, শুদ্ধ।

নিরুপায়, ত্রি. [নির্+উপায়] উপায়রহিত; নিরাশ্রয়।

নিরুপেক্ষ, ত্রি. [নির্+উপেক্ষ] অনুপেক্ষ, উপেক্ষাশূন্য, যাহার উপেক্ষা নাই।

নিরূঢ়, পুং. [নি+রূঢ়] নিরূঢ়লক্ষণা শব্দ।

নিরূঢ়লক্ষণা. স্ত্রী. [নিরূঢ়+লক্ষণা] শক্তিতুল্যলক্ষণা।

নিরূঢ়া, স্ত্রী. [নি+রূঢ়-আ] লক্ষণাবিশেষ।

নিরূপ, (প্রা) অবয়বহীন; কাল্পনিক।

নিরূপক, পুং. [নি+রূপক] নিয়ামক, নিশ্চায়ক, নির্ণয়ের কারণ।

নিরূপণ, ন. [নি+রূপ-অন] আলোক; বিচার; দর্শন; নির্ণয়করণ, বিতর্কণ, স্থিরকরণ, অবধারণ।

নিরূপণীয়, ত্রি. [নিরূপ+অনীয়] নিরূপ্য, নির্দ্ধার্য্য, নিশ্চয় যোগ্য।

নিরূপিত, ত্রি. [নিরূপ+ত] কৃত নিরূপণ; নিযুক্ত, নির্ণীত, স্থিরীকৃত।

নিরূপ্য, ত্রি. [নি+রূপ-য] নিরূপণীয়, নিশ্চয় করণোপযুক্ত।

নিরূহ, পুং. [নির্+উহ], বস্তিবিশেষ; উহশূন্য; নিশ্চিত; নিগ্রহ; তর্ক।

নিরূহণ, ন. [নির+উহ-অন] নিষ্কারণ; ভেষজ প্রয়োগ।

নিরেট, (প্রা) ছিদ্রশূন্য; দৃঢ়, শক্ত।

নিরেত, ত্রি. [নি+রেত] নিঃশব্দ।

নিরোধ, পুং. [নি+রোধ] নাশ, নিগ্রহ; রোধ, বেষ্টন, অবরোধ; নিগ্রহ।

নিরোদ্ধব্য, ত্রি. [নি+রুধ-তব্য] রক্ষণীয়. পালনীয়; রোধ করিবার যোগ্য।

নিরোদ্ধা, পুং. [নি+রুধ+তৃ] রোধকারক, আটকানিয়া।

নির্ঋতি, স্ত্রী. [নির্+ঋতি] অলক্ষ্মী, (পুং.) দিকপালবিশেষ, দক্ষিণ পশ্চিমকোণের শাসনকর্ত্তা; (ত্রি.) নিরুপদ্রব।

নির্ঋথ, পুং. [নির্+ঋথ] সামবেদ।

নির্গ, পুং. [নির্+গম] দেশ, জনপদ।

নির্গত, ত্রি. [নির্+গম-ত] নিঃশেষ দ্বারা গত, নিঃসৃত, বহিঃপ্রাপ্ত, নিষ্ক্রান্ত, অপগত।

নির্গন্ধ, ত্রি. [নির্+গন্ধ] গন্ধশূন্য, গন্ধহীন।

নির্গন্ধন, ন. [নির্+গন্ধ-অন] নিগ্রন্থন, মারণ। [লিবুক।

নির্গন্ধপুষ্পী, স্ত্রী. [নির্গন্ধ+পুষ্প-ঈ] শাল্ম-

নির্গম, পুং. [নির্+গম] অপগত; বহির্গমন, নিঃসরণ, বহির্গত।

নির্গমন, ন. [নির্+গমন] বহির্গমন, নিঃসরণ; প্রস্থানকরণ, পলায়ন।

নির্গলন, ন. [নির্+গলন] দ্রবকরণ, গলান।

নির্গুণ, পুং. [নির্+গুণ] সত্ত্ব রজ স্তমো-গুণাতীত, পরমেশ্বর, বিদ্যাদি শূন্য।

নির্গুণ্ঠী, স্ত্রী. [নির্+গুণ্ঠ-ঈ] নির্গুণ্ডী, নীলশেফালিকা।

নির্গুণ্ডী, স্ত্রী. [নির্+গুণ্ড-ঈ] নীলশেফা-লিকা, তৎপর্য্যায়।—শেফালিকা, শে-ফালী, নীলিকা, মলিকা, সুবহা, রজনী-হাসা, নিশিপুষ্পিকা; বৃক্ষবিশেষ, নি-সিন্দা, তৎপর্য্যায়।—সিন্দুক, সিন্দুবার, ইন্দ্রসুরিষ, ইন্দ্রাণিকা, সিন্ধুক, সিন্ধু-বার, ইন্দ্রসুরস, নির্গুণ্ঠী, ইন্দ্রাণী, পৌলোমী, শক্রাণী, কাসনাশিনী, বিসু-ন্ধক, সিন্ধুক, সুরস, সিন্ধুবারিত, সুরসা, সিন্ধুবারক; করহাট।

নির্গূঢ়, পুং. [নির্+গুহ্-ত] বৃক্ষকোটর, গাছের খোঁড়ন।

নির্গ্রন্থ, পুং. [নির্+গ্রন্থ] নগ্নক, দরিদ্র; নিঃস্ব; বালিশ, মূর্খ; মুনি; গ্রন্থি হইতে নির্গত; দ্যূতকার; নিবৃত্ত হৃদয় গ্রন্থি।

নির্গ্রন্থক, পুং. [নির্+গ্রন্থক] ক্ষপণ, সন্ন্যাসীবিশেষ; (ত্রি.) নিপুণ, নিষ্ফল; অপরিচ্ছন্ন।

নির্গ্রন্থন, ন. [নির্+গ্রন্থন] মারণ, হনন, বধকরণ।

নির্গ্রন্থিক, পুং. [নির্+গ্রন্থিক] ক্ষপণক; নীচ, জঘন্য; (ত্রি.) নিপুণ, পটু; হীন।

নির্ঘট, ন. [নির্+ঘট] বহুমনুষ্য সঙ্কীর্ণহট্ট; করশূন্যহাট; ঘটশূন্য।

নির্ঘণ্ট, পুং. [নির্+ঘণ্ট] নির্ঘণ্টন, নির্ঘণ্টু, গণসংগ্রহ, গ্রন্থের সূচীপত্র।

নির্ঘর্ষণ, ন. [নির্+ঘর্ষণ] অভিঘর্ষণ, মার্জন।

নির্ঘাত, পুং. [নির্+হন-ত] বায়ুভিহত বায়ু প্রপতন জন্য শব্দবিশেষ, বাতাসে অভিহত হইয়া যে শব্দ হয়; মহাশব্দ, বজ্রাঘাত।

নির্ঘুরিণী, স্ত্রী. [নির্+ঘুরিণী] নদী, স্রোতস্বতী।

নির্ঘৃণ, ত্রি. [নির্+ঘৃণা] ঘৃণারহিত; নির্লজ্জ।

নির্ঘোষ, পুং. [নির্+ঘোষ] শব্দমাত্র, শব্দ, ধ্বনি, কোলাহল।

নির্জন, ত্রি. [নির্+জন] জনশূন্য স্থানাদি; বিজন, নিভৃত, রহঃ।

নির্জয়, পুং. [নির্+জয়] অজয়, সর্ব্বাঙ্গজয়।

নির্জর, পুং. [নির্+জরা] দেব, অমর, (ত্রি.) অজর, জরারহিত। [বৃক্ষ।

নির্জরসর্ষপ, পুং. [নির্জর+সর্ষপ] দেবসর্ষপ-

নির্জরা, স্ত্রী. [নির্+জরা] গুড়ূচী, তালপর্ণী।

নির্জল, ত্রি. [নির্+জল] জলশূন্য দেশাদি, মরুভূমি।

নির্জলৈকাদশী, স্ত্রী. [নির্জল+একাদশী] জ্যৈষ্ঠমাসীয় শুক্লৈকাদশী।

নির্জিত, ত্রি. [নির্+জিত] প্রাপ্তপরাজয়, তৎপর্য্যায়।—পরাজিত, পরাভূত, বিজিত, জিত, বশীকৃত।

নির্জিতেন্দ্রিয়. পুং. [নির্জিত+ইন্দ্রিয়] যতি, সর্ব্বপ্রকারে ইন্দ্রিয় দমনকারী।

নির্জিতেন্দ্রিয়গ্রাম, ত্রি. [নির্জিত+ইন্দ্রিয়গ্রাম] যতি, সর্ব্বপ্রকারে ইন্দ্রিয় দমনকারী।

নির্জীব, ত্রি. [নির্+জীব] জীবাত্মারহিত; প্রাণশূন্য।

নির্জ্যা, ন. [নির্+জ্যা] জ্যারহিত ধনু।

নির্ঝর, পুং. [নির্+ঝর] পর্ব্বতাবতীর্ণ পতিত জল, পর্ব্বত হইতে বেগে পতিতজল, ঝোরা, তৎপর্য্যায়।—ঝর, নির্ঝরী; সূর্য্যঘোটক; তুষানল।

নির্ঝরিণী, স্ত্রী. [নির্ঝর+ইন+ঈ] নদী, স্রোতস্বতী।

নির্ঝরী, স্ত্রী. [নির্ঝর+ঈ] নির্ঝর, ঝোরণা; নদী; পর্ব্বত; জলাকরযুক্ত স্থান।

নির্ণয়, পুং. [নির্+নয়] অবধারণ, তৎপ-র্য্যায়।—নিশ্চয়, নির্ণয়ন, নিচয়, স্থিরকরণ, বিচার, তৎপর্য্যায়।—তর্ক, গুঞ্জা, চর্চ্চা; বিরোধপরিহার; অধিকরণ বিশেষ, যথা।—বিষয়, পূর্ব্বপক্ষ, উত্তর, নির্ণয় এই পাঁচপ্রকার; চতুষ্পাদ ব্যবহারান্ত-র্গত শেষ পাদ, ফয়সলা, ডিক্রী।

নির্ণয়কর্ত্তা, পুং, [নির্ণয়+কর্ত্তৃ] নিশ্চয়কর্ত্তা, নির্ণয়কারক, অবধাবক।

নির্ণয়ন, ন. [নির্ণয়+অন] নির্ণয়, নিশ্চয়করণ, স্থিরকরণ।

নির্ণয়পাদ, পুং. [নির্ণয়+পাদ] চতুষ্পাদ ব্যবহারান্তর্গত ব্যবহারবিশেষ, মিলিত সভাসদের মধ্যে এই ব্যক্তি পরাজিত।

নির্ণয়, পুং. [নির্+নয়] সূর্য্যের ঘোটকবিশেষ।

নির্ণায়ক, পুং. [নির্+নায়ক] নিশ্চয়কারক, নিষ্পাদক, নিষ্পত্তিকারক।

নির্ণায়ন, ন. [নির্+নী-অন] মাতঙ্গাপাঙ্গ দেশ, তৎপর্য্যায়।—নির্য্যাণ।

নির্ণিক্ত, ত্রি. [নির্+নিজ-ত] অপনীত মল, শোধিত, পরিষ্কৃত, ক্ষালিত।

নির্ণীত, ত্রি. [নির্+ণী-ত] কৃতনির্ণয়, নিশ্চয়ীকৃত, স্থিরীকৃত, নিশ্চয়বিষয়ীভূত, তদ্বৈদিক পর্য্যায়—নিণ্য সস্ব, সমুত, হিরুক্, প্রতীচ্য, অপীচ্য।

নির্ণেক, পুং. [নির্+নিজ-ক] প্রক্ষালন, নির্ণেজন।

নির্ণেজক, পুং. [নির্+নিজ-অক] রজক, বস্ত্রমলাপকারক।

নির্ণেত্য, ত্রি. [নির্+নেতব্য] নিধার্য্য,নিশ্চয় করণোপযুক্ত, নির্ণয় যোগ্য।

নির্ণেতা, পুং. [নির্+নী-তৃ] নিশ্চয়কারক, অবধারণ কর্ত্তা।

নির্ণেয়, ত্রি· [নির্+নেয়] অবধারিত, নিশ্চিত।

নির্দ্দগ্ধ, ত্রি. [নির্+দগ্ধ] অগ্নিদগ্ধ; দগ্ধরহিত।

নির্দ্দট, ত্রি. [নির্+দো-অট] পরাপবাদরক্ত; দয়াশূন্য; তীব্র; মত্ত; নিষ্প্রয়োজন।

নির্দ্দয়, ত্রি, [নির্+দয়া] দয়াশূন্য, নিষ্ঠুর, কঠিন।

নির্দ্দয়তা, স্ত্রী. [নির্দ্দয়+তা] নিষ্ঠুরতা, দয়াশূন্যতা।

নির্দ্দর, ন. [নির্+দৃ-অ] নির্ভয়; সার; (ত্রি.) কঠিন; অপত্রপ, লজ্জাশূন্য।

নির্দ্দরি, পুং. [নির্+দৃ-ই] পর্ব্বতগুহা।

নির্দ্দরিবাসী, ত্রি. [নির্দ্দরি+বাসিন্] গহ্বরবাসী।

[নাশিত।

নির্দ্দশৎ, ত্রি. [নির্+দশৎ] পীড়াকর;

নির্দ্দশন, ত্রি. [নির্+দশন] নির্দ্দন্ত, দশন রহিত।

নির্দ্দহন, পুং. [নির্+দহন] ভল্লাতক, ভেলা; অগ্নিশূন্য স্থান; পোড়া।

নির্দ্দহনী, স্ত্রী. [নির্দ্দহন+ঈ] মূর্ব্বা লতাবিশেষ।

নির্দ্দাতা, পুং. [নির্+দাতৃ] কৃষক, ক্ষেত্রকর্ষক্।

নির্দ্দারিত, ত্রি. [নির্+দারিত] বিদারিত; বিদীর্ণ; বিস্ফারিত।

নির্দ্দায়, ত্রি. [নির্+দায়] দায় রহিত; অনাপদ, আপদরহিত।

নির্দ্দিগ্ধ, ত্রি. [নির্+দিহ-ত] বলী, মাংসল, বলবান।

নির্দ্দিষ্ট, ত্রি. [নির্+দিশ-ত] নিশ্চিত, নিরূপিত, স্থিরীকৃত, কথিত।

নির্দ্দেশ, পুং. [নির্+দিশ-অ] আজ্ঞা, আদেশ; কথন; উপান্ত; নিরূপণ; প্রস্তাব; নির্ণয়।

নির্দ্দেশন, ন. [নির +দিশ-অন] নির্ণয়করণ; প্রমাণ সাধন; কথন।

নির্দ্দেশনীয়, ত্রি. [নির্+দিশ-অনীয়]নির্দ্দেশ্য, নিরূপিত, নির্ণীত।

নির্দ্দেশ্য, ত্রি. [নির্+দিশ-য] নির্দ্দেশনীয়, নির্ণীত, নিরূপিত।

[কর্ত্তা।

নির্দ্দেষ্টা, ত্রি. [নির্+দিশ্+তৃ] নির্দ্দেশ-

নির্দ্দোষ, ত্রি. [নির্+দুষ-অ] দোষ রহিত, অপরাধ শূন্য।

নির্দ্দোষতা, স্ত্রী. [নির্দ্দোষ+ত-আ] দোষাভাব, অনপরাধ।

নির্দ্দোষী, ত্রি. [নির্+দোষী] দোষরহিত।

নির্দ্বন্দ্ব, ত্রি. [নির্+দ্বন্দ্ব] দ্বন্দ্বরহিত।

নির্ধন, পুং. [নির্+ধন] জরদ্গব, (ত্রি.) ধনশূন্য, দরিদ্র।

[র্ম্মিক।

নির্ধর্ম্ম, ত্রি. [নির্+ধর্ম্ম] ধর্ম্মরহিত, অধা-

নির্ধার, পুং. [নির্+ধৃ-য] নিশ্চয়; জাতি-গুণ ক্রিয়ার উৎকর্ষ বা অপকর্ষ দ্বারা

সজাতীয়হইতে পৃথক্‌করণ, যথা।—মনুষ্যের মধ্যে ব্রাহ্মণ শ্রেষ্ঠ, গবাদির মধ্যে কৃষ্ণা গো ক্ষীরবতী, পথগমন কারকের মধ্যে ধাবমান শীঘ্রগামী ইত্যাদি; ধার রহিত, ভোঁতা; শুদ্ধ ঋণমুক্ত,।

নির্ধারণ, ন. [নির্+ধারণ] নিশ্চয়, নির্ণয়-করণ, স্থিরকরণ; নির্ধার।

নির্ধারিত, ত্রি. [নির্+ধারিত] কৃত নিশ্চয়, নির্ণীত, নিরূপিত, স্থির করা।

নির্ধার্য্য, ত্রি. [নির্+ধৃ-য] নির্ধারণীয়, নির্ধারিতব্য, নিশ্চিত, স্থির করিবার যোগ্য; নির্ভয় কর্ম্মকর্ত্তা।

নির্ধূত, ত্রি. [নির্+ধূত] খণ্ডিত, পরিত্যক্ত, বিবর্জ্জিত; বহিষ্কৃত।

নির্ধূম, ত্রি. [নির্+ধূম] ধূমরহিত, নির্ম্মল, পরিষ্কার।

নির্নমস্কার, ত্রি. [নির্+নমস্কার] নমস্কার-রহিত।

নির্নাথ, ত্রি. [নির্+নাথ] নাথরহিত।

নির্ধৌত, ত্রি. [নির্+ধৌত] প্রক্ষালিত, ধোয়া। [লিত।

নির্ণিক্ত, ত্রি. [নির্+নিজ-ক্ত] ধৌত, প্রক্ষা-

নির্নিমিত্ত, ত্রি. [নির্+নিমিত্ত] কারণরহিত, নিষ্কারণ।

নির্নিষ্ঠ, ত্রি. [নির্+নিষ্ঠা] অস্থির, চঞ্চল।

নির্ব্বংশ, ত্রি. [নির্+বংশ] নিঃসন্তান, বংশ-হীন।

নির্ব্বচন, ন. [নির্+বচন] নিরুক্তি, নিশ্চয়-কথন; বর্ণন।

নির্ব্বদ, ত্রি. [নির্+বদ] অনাবৃত।

নির্ব্বন্ধ, পুং. [নির্+বন্ধ] অভিনিবেশ, নিবন্ধ; অভিলসিত প্রাপ্তি বিষয়ে পুনঃ২ যত্ন, যথা।—শিশুদিগের আগ্রহ, শিশুদিগের স্বেচ্ছাবিশেষ, আখটি, জেদ।

নির্ব্বন্ধী, পুং. [নির্+বন্ধিন্] অতিশয়অভিলাষকারী, অত্যন্ত চেষ্টক, আগ্রহ-কারী।।

নির্ব্বপণ, ন. [নির্+বপন] দান, পিত্রাদির উদ্দেশে শ্রাদ্ধাদিদান; ত্যাগ; বুনন, বীজ পোতন।

নির্ব্বর্ণন, ন. [নির্+বর্ণন] দর্শন, অব-লোকন।

নির্ব্বর্ত্তন, ন. [নির্+বর্ত্তন] উপশম, নির্ব্বৃত্তি; সমাপন।

নির্ব্বল, ত্রি. [নির্+বল] শক্তিহীন, দুর্ব্বল, ক্ষীণ; সহায়রহিত।

নির্ব্বহ, ত্রি. [নির্+বহ] বদ্ধজল, অপ্র-বাহ।

নির্ব্বহণ, ন. স্ত্রী. [নির্+বহন] নিষ্ঠা, প্রক্রান্তাভিনয় নির্ব্বাহ, কিম্বা নাটকের পঞ্চ প্রকার সন্ধি, যথা।—মুখ, প্রতিমুখ, গর্ভ, বিমর্ষ, ক্ষেপণ; যাপন।

নির্ব্বর্হণ, ন. [নির্+বর্হণ] নিবর্হণ, মারণ।

নির্ব্বাচন, ন. [নির্+বাচন] বাচন, চুনন, নির্দ্দিষ্টকরণ।

নির্ব্বাচ্য, পুং. [নির্+বাচ্য] নিষ্কলঙ্ক।

নির্ব্বাণ, ন. [নির্+বাণ] অস্তগমন; নির্বৃতি, নিবৃত্তি; গজমজ্জন, হস্তির অবগাহন; সঙ্গম; অপবর্গ, মোক্ষ; বিশ্রান্তি, বিশ্রাম; নিশ্চল, নিবৃত্তি; শূন্য; বিদ্যোপদেশন; নাভিদেশে জপ্যপ্রণব পুটিত মাতৃকা পুটিত মূলমন্ত্র; (ত্রি.) মুক্ত; নিমগ্ন; প্রাণশূন্য; অন্তর্দ্ধান; লয়; মৃত্যু; নিঃশ্রেয়; (পুং.) গতবায়ু।

নির্ব্বাণমস্তক, পুং. [নির্ব্বাণ+মস্তক] পরি-ত্রাণ, মোক্ষ।

নির্ব্বাত, ত্রি. [নির্+বাত] বায়ুরহিত স্থান, নিঝুম; (পুং.) গতবায়ু।

নির্ব্বাদ, পুং. [নির্+বাদ] পরীবাদ, জন-বাদ, অপবাদ; অবজ্ঞা; নিশ্চিত বাদ; বাদাভাব।

নির্ব্বাপ, পুং. [নির্+বপ+অ] নিবাপ, প্রেত ভিন্ন মৃত পিত্রাদ্যুদ্দেশ্যক দান।

নির্ব্বাপণ, ন. [নির্+বাপন] বধ; দান; ত্যাগ।

নির্ব্বাপিত, ত্রি. [নির্+বাপিত] শান্তাগ্নি; শমিত; নাশিত; প্রদত্ত।

নির্ব্বার্য্য, ত্রি. [নির্+বার্য্য] দ্রব্য সম্পদ দ্বারা নিঃশঙ্ক হইয়া যিনি কর্ম্ম করেন, অবারণীয়, দুর্ব্বৃত্ত, দুঃসাহস।

নির্ব্বাস, পুং. [নির্+বাস] বহিষ্করণ, দূরীকরণ।

নির্ব্বাসন, ন. [নির্+বাসন] বধ; নগরাদি হইতে বহিষ্করণ, দূরীকরণ।

নির্ব্বাসিত, ত্রি. [নির্+বাসিত] বহিষ্কৃত, দূরীকৃত।

নির্ব্বাহ, পুং. [নির্+বাহ] নিষ্পত্তি, সমাপ্তি; জীবিকা; কার্য্যসাধন।

নির্ব্বাহক, পুং. [নির্ব্বাহ+ক] নিষ্পত্তিকারক; প্রতিকারক; সম্পাদক।

নির্ব্বাহচল, পুং. [নির্ব্বাহ+চল] বৃত্তিব্যাঘাত, অনির্বৃত্তি।

নির্ব্বাহণ, ন. [নির্ব্বাহ+অন] নির্ব্বহণ, নাট্যোক্তির প্রস্তুত কথা সমাপ্তি।

নির্ব্বিকল্পক, ন. [নির্+বিকল্পক] প্রকারতাবিশেষ্যতানাপন্ন সম্বন্ধানবগাহি নির্ব্বিকল্পাখ্য জ্ঞান।

নির্ব্বিকল্পকসমাধি, পুং. [নির্ব্বিকল্পক+সমাধি] জ্ঞাতৃজ্ঞানাদি ভেদলয়ে অদ্বিতীয় বস্তুতে তদাকারা কারিত দ্বারা অতিশয় এক ভাবেতে অবস্থান।

নির্ব্বিকার, ত্রি. [নির্+বিকার] বিকার শূন্য; ঘৃণাহীন।

নির্ব্বিঘ্ন, ত্রি. [নির্+বিঘ্ন] অবাধ; অক্লেশ, অনুদ্বেগ।

নির্ব্বিণ্ণ, ত্রি. [নির্+বিদ-ত] নির্ব্বিত্তিবিশিষ্ট, নির্ব্বেদযুক্ত, কাতর; দুঃখী; নির্ব্বিণ্ন ইতিপাঠ

নির্ব্বিণ্ণচেতাঃ, ত্রি. [নির্ব্বিণ্ণ+চেতস্] নিরভিমান, অনহঙ্কৃত, বিনীত।

নির্ব্বিন্ধ্যা, স্ত্রী. [নির্+বিন্ধ্য-আ] বিন্ধ্যপর্ব্বত নিঃসৃতা নদীবিশেষ।

নির্ব্বিন্ধ্যা, স্ত্রী. [নির্+বিন্ধ্যা] নদীবিশেষ।

নির্ব্বিবর, ত্রি. [নির্+বিবর] সন্নিকৃষ্ট, • নিকট। [বিচাররহিত।

নির্ব্বিবেক, ত্রি. [নির্+বিবেক] নির্ব্বোধ,

নির্ব্বিবাদ, ত্রি. [নির্+বিবাদ] বিবাদশূন্য, আপত্তি হীন।

নির্ব্বিরোধ, ত্রি. [নির্+বিরোধ] নির্ব্বিবাদ, বিরোধ শূন্য; শান্ত, সুস্থির।

নির্ব্বিষা, স্ত্রী. [নির্+বিষ-আ] তৃণবিশেষ, নির্ব্বিষীলতা, তৎপর্য্যায়।—অপবিষা, নির্ব্বিষী, বিষহা, বিষাপহা, বিষহন্ত্রী, বিষাভাবা, অবিষা, বিষবৈরিণী।

নির্ব্বিশঙ্ক, ত্রি. [নির্+বিশঙ্ক] নির্ভয়, সাহসী।

নির্ব্বিশন্, ত্রি. [নির্+বিশৎ] প্রবিষ্ট; উপার্জ্জিত; বিবাহিত।

নির্ব্বিশেষ, ত্রি. [নির্+বিশেষ] প্রভেদরহিত, বৈলক্ষ শূন্য।

নির্ব্বিষ্ট, ত্রি. [নির্+বিশ-ত] কৃতনির্ব্বেশ; প্রাপ্ত; স্থিত; বিবাহিত; কৃতাগ্নিহোত্র, দীক্ষিত

নির্ব্বীজ, ত্রি. [নির্+বীজ] বীজরহিত; নির্ব্বোধ।

নির্ব্বীজা, স্ত্রী. [নির্+বীজা] কাকালীদ্রাক্ষা।

নির্ব্বীর, ত্রি. [নির্+বীর] বীরশূন্য, শূরহীন।

নির্ব্বীরা, স্ত্রী. [নির্+বীর-আ] অবীরা, পতিপুত্র বিহীনা।

নির্ব্বুদ্ধি, ত্রি. [নির্+বুদ্ধি] বুদ্ধিরহিত; নির্ব্বোধ।

নির্ব্বৃতি, স্ত্রী. [নির্+বৃতি] সুস্থিতি; অস্তগমন; সুখ, শান্তি; মোক্ষ, মুক্তি; মৃত্যু; কর্ম্মসিদ্ধি; কুশল। [সিদ্ধ।

নির্ব্বৃত্ত, ত্রি. [নির্+বৃত্ত] নিষ্পন্ন, সমাপ্ত,

নির্বৃত্তি, স্ত্রী. [নির্+বৃৎ-তি] নিষ্পাদ, নিষ্পত্তি; সিদ্ধি; (ত্রি.) বৃত্তিরহিত।

নির্ব্বেদ, পুং. [নির্+বেদ] স্বাবমানন, আপনার অবজ্ঞা; ইহাত্রয়স্ত্রিংশদ্ব্যভিচারি ভাবের আদি, যথা।—নির্ব্বেদস্থায়ী ভাবোস্তি শান্তোপি নবমোরসঃ; পর বৈরাগ্য; বৈরাগ্য।

নির্ব্বেদন, ন. [নির্+বেদনা] বেদনারহিত; অচেতন, অজ্ঞান।

নির্ব্বেশ, পুং. [নির্+বিশ-অ] ভৃতি, বেতন; ভোগ, সুখ, পালন, অভ্যবহার; মূর্চ্ছন; বিবাহার্থ।

নির্ব্বেষ্টন, ন. [নির্+বেষ্টন] নাড়িচীর; (ত্রি.) বেষ্টনরহিত, অঘেরা।

নির্বৈর, ত্রি. [নির্+বৈর] শত্রুরহিত।

নির্ব্বোধ, ত্রি. [নির্+ব্বোধ] অজ্ঞান, অবোধ, বুদ্ধিহীন।

নির্ব্যথন, ন. [নির্+ব্যথ-অন] ছিদ্র; ব্যথাভাব; নিশ্চয়ব্যথন, অতিশয় পীড়ন।

নির্ব্যপেক্ষ, ত্রি. [নির্+ব্যপেক্ষ] নিরুৎসুক, নিরপেক্ষ। [সত্য।

নির্ব্যলোক, ত্রি. [নির্+ব্যলোক] অকল্পিত,

নির্ব্যূঢ়, ত্রি. [নির্+ব্যূঢ়] ত্যক্ত, বিবর্জ্জিত; সমাপ্ত, শেষ, সম্পূর্ণ।

নির্ভগ্ন, ত্রি. [নির্+ভগ্ন] খণ্ডিত।

নির্ভট, ত্রি. [নির্+ভট] দৃঢ়, কঠিন, শক্ত।

নির্ভয়, ত্রি. [নির্+ভয়] ভয়রহিত, তৎপর্য্যায়।—অজ্ঞানের, নিঃশঙ্ক, সাহস, ভরসা।

নির্ভর, ন. [নির্+ভৃ-অ] অতিশয়; (ত্রি.) আত্যন্তিক; অবলম্বন, তন্মাত্রাশ্রয়; ভার; আশ্বাস, আসা, ভরসা।

নির্ভরসা, (প্রা) ভরসা রহিত, সাহসহীন।

নির্ভর্ৎসন, ন. [নির্+ভর্ৎসন] খলীকার; অলক্তক; ভর্ৎসন, নিন্দা, তিরস্কার, কুৎসন।

নির্ভর্ৎসিত, ত্রি. [নির্+ভর্ৎসিত] কৃতনির্ভর্ৎসন, তৎপর্য্যায়।—নিন্দিত, ধিক্কৃত, অপধ্বস্ত, তিরস্কৃত।

নির্ভাগ্য, ত্রি. [নির্+ভাগ্য] ভাগ্যরহিত, দুরদৃষ্ট, মন্দভাগ্য।

নির্ভাজন, ত্রি. [নির্+ভাজন] অধিকারচ্যুত, পদচ্যুত; অপাত্র।

নির্ভাবনা, স্ত্রী. [নির্+ভাবনা] ভাবনারাহিত্য, চিন্তাশূন্য, নিরুদ্বেগ, স্বচ্ছন্দ।

নির্ভিদ্য, ব্য. [নির্+ভিদ্য] অপবিদ্ধ, ছিদ্রিত।

নির্ভিন্ন, ত্রি. [নির্+ভিন্ন] ভিন্নরহিত, সমতুল্য।

নির্ভুগ্ন, ত্রি. [নির্+ভুগ্ন] সরল, ঋজুক।

নির্ভুল, (প্রা) শুদ্ধ, অশুদ্ধহীন; ভ্রমরহিত।

নির্মৎসর, ত্রি. [নির্+মৎসর] নির্ম্মমত্ব; মাৎসর্য্যরহিত।

নির্মদ, পুং. [নির্+মদ] কালবশহেতু নির্গলিত মত্তহস্তী, উদ্ভ্রান্ত; (ত্রি.) মদশূন্য, গর্ব্বহীন।

নির্ম্মধ্যা, স্ত্রী. [নির্+মধ্য-আ] নলিকানাড়ী।

নির্ম্মনুষ্য, ত্রি. [নির্+মনুষ্য] মনুষ্যরহিত, বিলোক।

নির্ম্মন্থন, ন. [নির্+মন্থন] আলোড়ন; পৃথক্‌করণ।

নির্ম্মন্থ্যদারু, স্ত্রী. [নির্ম্মন্থ্য+দারু] অরণি, যজ্ঞের নিমিত্ত অগ্ন্যুত্থাপনার্থ ঘর্ষণীয় কাষ্ঠ।

নির্ম্মম, ত্রি. [নির্+মম] মমতাহীন, নিঃস্নেহ, নির্দ্দয়, কৃপাহীন।

নির্ম্মমত্ব, ন. [নির্ম্মম+ত্ব] স্নেহরাহিত্য, দয়াশূন্যতা, নিঃস্নেহতা।

নির্ম্মর্য্যাদ, ত্রি. [নির্+মর্য্যাদা] মান্যতাহীন; অনাদরকারী; মর্য্যাদাশূন্য; অসম্ভ্রমকারী।

নির্ম্মল, ন. [নির্+মলা] নির্ম্মাল্য; অভ্রক; (ত্রি.) মলরহিত, স্বচ্ছ, পরিষ্কৃত, শুদ্ধ।

নির্ম্মলতা, স্ত্রী. [নির্+মল-তা] শুদ্ধতা, পরিচ্ছন্নতা।

নির্ম্মলী, (প্রা) ফলবিশেষ, কতকফল।

নির্ম্মলোপম, পুং. [নির্ম্মল+উপমা] স্ফটিক।

নির্ম্মাণ, ন. [নির্+মান] নির্ম্মিতি, গঠন, রচন, গাথন; সার; সৃষ্টিকরণ; সমঞ্জস।

নির্ম্মাতা, পুং. [নির্+মা-তৃ] নির্ম্মাণকারক, শিল্পকারী; গঠক; নির্ম্মাপক; রচক।

নির্ম্মাপক, পুং. [নির্+মাপক] নির্ম্মাণকর্ত্তা; রচক; গাঁথক।

নির্ম্মাপণ. ন. [নির্+মাপন] নির্ম্মাণ করান, গাঁথন, গঠন, নিষ্পাদন।

নির্ম্মায়ক, পুং. [নির্+মায়ক] নির্ম্মাণকর্ত্তা, নির্ম্মাপক।

নির্ম্মাল্য, ন. [নির্+মাল্য] দেবোচ্ছিষ্ট দ্রব্য, নিবেদিত পুষ্পাদি, দেবস্বত্ব নিবৃত্তি বিশিষ্ট, দেবদত্ত বস্তু; (ত্রি.) মাল্যরহিত; পর্য্যুষিত পুষ্পাদি।

নির্ম্মাল্যা, স্ত্রী. [নির্+মাল্য+আ] পৃক্কা, মধুরসা। [রচিত।

নির্ম্মিত, ত্রি. [নির্+মা-ত] কৃতনির্ম্মাণ, গঠিত,

নির্ম্মিতি, স্ত্রী. [নির্ম্মিত-ই] নির্ম্মাণ, গঠন, রচন।

নির্ম্মুক্ত, পুং. [নির্ + মুক্ত] মুক্তকঞ্চুক, শীঘ্রত্যক্তত্বক্ সর্প, খোলসছাড়া সাপ; (ত্রি.) ত্যক্তসংযোগ ।

নির্ম্মুট, ন. [নির্ + মুট] করশূন্যহট্ট, তৎপর্য্যায় ।—পণ্যাজির, কচঙ্গন; (পুং.) বনস্পতি, অপুষ্পবৃক্ষ; সূর্য্য; খর্পর ।

নির্ম্মূল, ত্রি. [নির্ + মূল] মূলরহিত; (পুং.) ধ্বংস, নাশ ।

নির্ম্মেধ, ত্রি. [নির্ + মেধা] অমেধ, দুর্ম্মেধ; মূঢ়, অজ্ঞান, স্মারকতা শক্তিহীন ।

নির্ম্মোক, পুং. [নির্ + মোক] সর্পত্বক্, সাপেরখোলস,তৎপর্য্যায় ।—অহিকোষ, নির্ল্বয়নী, কঞ্চুক; মোচন; আকাশ; সন্নাহ ।

নির্ম্মোক্ষ, পুং. [নির্ + মোক্ষ] ত্যাগ ।

নির্যন্ত্রণ, ত্রি. [নির্ + যন্ত্রণা] অবাধন, নির্গল, উচ্ছৃঙ্খল; বাধারহিত ।

নির্যাণ, ন. [নির্ + যান] গজাপাঙ্গদেশ; মোক্ষ, বহির্গমন, প্রস্থান, অধ্বনির্গম ।

নির্যাতন, ন. [নির্ + যাতন] বৈরশুদ্ধি, শত্রুপ্রতীকার; দান, ত্যাগ; ন্যাসার্পণ, ন্যস্তদ্রব্যের সমর্পণ; ঋণাদিশুদ্ধি; মারণ ।

নির্যাম, পুং. [নির্ + যাম] পোতবাহ, নাবিক, মাঝী ।

নির্যাস, পুং. [নির্ + যাস] কষায়, ক্বাথ, বৃক্ষেররস, আটা, তৎপর্য্যায় ।—বেষ্টক; মীমাংসা, স্থির, নিশ্চয়; (প্রা) আরক ।

নির্যুক্তি, স্ত্রী. [নির্ + যুক্তি] যুক্তিরহিত, অনুপযুক্ত ।

নির্যুক্তিক, ত্রি. [নির্ + যুক্তিক] যুক্তিরহিত, অযৌক্তিক ।

নির্যূষ, পুং. [নির্ + যূষ] নির্যাস, ক্বাথরস, বৃক্ষের রস; আরক ।

নির্যূহ, পুং. [নির্ + যূহ] শেখর, আপীড় মুকুট; দ্বার; নির্যাস, ক্বাথরস, বৃক্ষরস; নাগদন্ত, অবলম্বনার্থ গেহাদির ভিত্তিগত কাষ্ঠদ্বয়; লালদাঁড়া ।

নির্যোগক্ষেম, ত্রি. [নির্যোগ + ক্ষেম] চিন্তারহিত ।

নির্লজ্জ, ত্রি. [নির্ + লজ্জা] লজ্জাহীন, অনপত্রপ । [পাণ্ডুরপৃষ্ঠ ।

নির্লক্ষণ, ত্রি. [নির্ + লক্ষণ] লক্ষণহীন,

নির্লিপ্ত, পুং. [নির্ + লিপ্ত] শ্রীকৃষ্ণ, বিষ্ণু; (ত্রি.) লেপরহিত, নির্লেপ ।

নির্লেপ, ত্রি. [নির্ + লেপ] লেপশূন্য, আসঙ্গরহিত; পাপশূন্য; স্বতন্ত্র ।

নির্ল্বয়নী, স্ত্রী. [নির্ + ল্বয়ন-ঈ] কঞ্চুক, সর্পত্বক্ ।

নির্হরণ, ন. [নির্ + হরণ] শবদাহ; শববহিষ্করণ; নিঃশেষেহরণ ।

নির্হার, পুং. [নির্ + হৃ-অ] শল্যাদির উৎপাটন, অভ্যাবকর্ষণ; মলমূত্রাদি ত্যাগ; দাহ; যথেষ্টবিনিয়োগ; বহিষ্করণ, নিঃসারণ, নির্গমন ।

নির্হারী, ত্রি. [নির্ + হারিন্] দূরগামীগন্ধ; গন্ধকারক ।

নির্হৃত, ত্রি. [নির্ + কৃত] নীত, বিষ্কর্ষিত ।

নির্হেতি, ত্রি. [নির্ + হেতি] শস্ত্রহীন, নিরায়ুধ ।

নির্হেতুক, ত্রি. [নির্ + হেতুক] প্রয়োজনশূন্য, অহেতুক, অকারণ ।

নির্হ্রাদ, পুং. [নির্ + হ্রাদ] ধ্বনি, শব্দ, রব ।

নিলয়, পুং. [নি + লয়] গৃহ, নিবাস, আলয় ।

নিলয়ন, পুং. [নি + লয়ন] লয়, মোক্ষ; নাশ, বাসকরণ ।

নিলাজ, (প্রা) লজ্জাহীন, অনপত্রপ, নির্লজ্জ, বেহায়া ।

নিলাম, (প্রা) বিক্রয়করণ বিশেষ ।

নিলায়িতা, স্ত্রী. [নিলায়িন্ + তা] নিলয়ন ।

নিলিম্প, পুং. [নিলি + ম্প] দেব, অমর, সুর; ত্রিস্বর্গ । [গঙ্গা ।

নিলিম্পনির্ঝরী, স্ত্রী. [নিলিম্প + নির্ঝরী]

নিলিম্পা, স্ত্রী. [নি + লিম্প + আ] স্ত্রীগবী ।

নিলিম্পিকা, স্ত্রী. [নি + লিম্পিক + আ] সৌরভেয়ী; গাভী ।

নিলিম্পী, স্ত্রী. [নি + লিম্প + ঈ] সৌরভেয়ী, স্ত্রীগবী ।

নিলীন, ত্রি. নি + লীন] নিঃশেষরূপেলীন, সংলগ্ন; গুপ্ত, শ্লিষ্ট ।

নিশঠ, পুং. [নি+শঠ] বলদেবপুত্র।

নিশমন, পুং. [নি+শমন] দর্শন; শ্রবণ।

নিশা, স্ত্রী. [নি+শী+আ] রাত্রি, রজনী, শর্ব্বরী, তৎপর্য্যায়।—যামিনী, রক্ষোজননী, শম্বরী, চক্রভেদিনী, ঘোরা, শ্যামা, যামা, দোষা, তুঙ্গী, ভৌতী, শতাক্ষী, বাস্তবা, ঊষা, বাসতেয়ী, তমা, নিট,(অবশিষ্টরাত্রিশব্দে দ্রষ্টব্য) হরিদ্রা; দারুহরিদ্রা; মেষ, বৃষ, মিথুন, কর্কট, ধনুঃ, মকরলগ্ন।

নিশাকর, পুং. [নিশা+কর] চন্দ্র, বিধু, ইন্দু, কুক্কুট।

নিশাগণ, পুং. [নিশা+গণ] রাত্রিসমূহ, অনেকরাত্রি, গণরাত্র।

নিশাচর, পুং. [নিশা+চর] রাক্ষস; শৃগাল; পেচক; সর্প; চক্রবাক; ভূত; চৌরক; (ত্রি.) রাত্রিচরমাত্র, পেচকাদি, গ্রহ; প্রহরী।

নিশাচরী, স্ত্রী. [নিশা+চর+ঈ] কুলটা, বেশ্যা; কেশিনীনাম গন্ধদ্রব্য; রাক্ষসী।

নিশাচর্ম্ম, ন. [নিশা+চর্ম্ম] অন্ধকার, ধ্বান্ত, তমঃ।

নিশাজল, ন. [নিশা+জল] হিম, শিশির।

নিশাট, পুং. [নিশা+অট] পেচক, পেঁচা; নিশাকর, চন্দ্র; রাক্ষসাদি।

নিশাটক, পুং. [নিশা+অটক] গুগ্‌গুলু।

নিশাটন, পুং. [নিশা+টন] পেচক, পেঁচা; নিশাকর; রাক্ষসাদি।

নিশাত, ত্রি. [নি+শো-ত] শাণিত, তীক্ষ্ণীকৃত, শাণদেওয়া।

নিশাদ, পুং. [নিশা+অদ] নিষাদ, চাণ্ডাল, ব্যাধ, জীবহিংসক; নিশাভুক্, রাত্রিভোজী।

নিশাদর্শী, পুং. [নিশা+দর্শিন্] পেচক, [পেঁচা।

নিশাদি, স্ত্রী. [নিশা+আদি] সন্ধ্যা, সায়ংকাল।

নিশাণ, ন. [নিশো+অন] তীক্ষ্ণকরণ, শাণদেওন; (যাং) ধ্বজা, চিহ্ন।

নিশান্ত, ন. [নিশা+অন্ত] গৃহ, প্রান্ত; ঊষা, রাত্রিশেষ; (ত্রি.) শান্ত।

নিশান্তনারী, স্ত্রী. [নিশান্ত+নারী]গৃহিণীস্ত্রী।

নিশান্ধ, ত্রি. [নিশা+অন্ধ] রাত্র্যন্ধ, রাতকাণা।

নিশান্ধা, স্ত্রী. [নিশা+অন্ধ+আ] জতুকালতা; (ত্রি.) রাত্র্যন্ধ, রাতকাণা।

নিশাপতি, পুং. [নিশা+পতি] চন্দ্র, বিধু, শশধর; কর্পূর।

নিশাপাল, পুং. [নিশা+পাল] প্রহরী, চৌকীদার।

নিশাপুষ্প, ন. [নিশা+পুষ্প] উৎপল, কুমুদ, কহ্লার।

নিশাবন, পুং. [নিশা+বন] শণ।

নিশাবল, পুং. [নিশা+বল] মেষ, বৃষ, মিথুন, কর্কট, ধনুঃ, মকররাশি।

নিশাবসান, ন. [নিশা+অবসান] রাত্রিশেষ, প্রভাত, ঊষা।

নিশাবৃন্দ, ন. [নিশা+বৃন্দ] রাত্রিগণ, বহুনিশা, রাত্রিসমূহ।

নিশাবেদী, পুং. [নিশা+বেদিন্] কুক্কুট, [কুঁকুড়া।

নিশাভঙ্গা, স্ত্রী. [নিশা+ভঙ্গ+আ] দুগ্ধপুচ্ছী, দুগ্ধপেয়া।

নিশামণি, পুং. [নিশা+মণি] চন্দ্র, বিধু, [ইন্দু।

নিশামন, ন. [নি+শা+মন] দর্শন; আলোচন; শ্রবণ।

নিশামৃগ, পুং. [নিশা+মৃগ] শৃগাল, শিয়াল।

নিশারণ, ন. [নিশা+রণ] মারণ; রাত্রিযুদ্ধ; (পুং.) রাত্রিশব্দ।

নিশারত্ন, পুং. [নিশা+রত্ন] চন্দ্র, বিধু,শশী।

নিশারুক, পুং. [নি+শারুক] রূপকভেদ, যথা।—দৃঢ়, প্রৌঢ়, খচর, বিভব, চতুরক্রম, প্রতিতাল; তালবিশেষ।

নিশাহস, পুং. [নিশা+হস] কুমুদ,উৎপল।

নিশাহ্বা, স্ত্রী [নশা+আহ্বা] হরিদ্রা, হলুদ।

নিশি, স্ত্রী. [নি+শি] রাত্রি, রজনী।

নিশিত, ন. [নি+শিত] লৌহ; (ত্রি.) শাণিত, তীক্ষ্ণীকৃত।

নিশিপুষ্পা, স্ত্রী. [নিশি+পুষ্প+আ] শেফালিকা, শিউলী।

নিশিপুষ্পিকা, স্ত্রী. [নিশি+পুষ্পিকা] শেফালিকা, শিউলী।

নিশিপুষ্পী, স্ত্রী. [নিশি+পুষ্প+ঈ] শেফালিকা, শিউলী।

নিশীথ, পুং. [নিশী+থ] অর্দ্ধরাত্র; রাত্রি, নিশা, রজনী।

নিশীথিনী, স্ত্রী. [নিশীথ+ইন্-ঈ] রাত্রি, রজনী, যামিনী।

নিশীথিনীনাথ, পুং. [নিশীথিনী+নাথ] চন্দ্র, নিশাপতি। [নিশা।

নিশীথী, স্ত্রী. [নিশীথ+ঈ] রাত্রি, বিভাবরী,

নিশীথ্যা, স্ত্রী. [নিশীথ্য+আ] রাত্রি, রজনী।

নিশুতি, (প্রা) নিদ্রাযুক্ত; নিস্তব্ধ, নিঃশব্দ।

নিশুম্ভ, পুং. [নি+শুম্ভ] বধ; দানববিশেষ।

নিশুম্ভন্, ন. [নি+শুম্ভন্] মারণ, বধ, হনন।

নিশুম্ভমর্দ্দিনী, স্ত্রী. [নিশুম্ভ+মর্দ্দিন্+ঈ] দুর্গা, ভগবতী; মহাসরস্বতী।

নিশুম্ভশুম্ভমথনী, স্ত্রী. [নিশুম্ভ+শুম্ভ+মথন+ঈ] দুর্গা, ভগবতী; মহাসরস্বতী।

নিশুম্ভী, পুং. [নিশুম্ভ+ইন্] বুদ্ধবিশেষ, তৎপর্য্যায়।—হেরম্ব, হেরুক, চক্রসম্বর, দেব, বজ্রকপালী, শশিশেখর, বজ্রটীক।

নিশৈত, পুং. [নিশা+এত] বক, ক্রৌঞ্চপক্ষী।

নিশ্চঞ্চল, ত্রি. [নির্+চঞ্চল] অচল, স্থির, অলড়।

নিশ্চয়, পুং. [নির্+চয়] নিঃসংশয় জ্ঞান, স্থির, অসংশয়, তৎপর্য্যায়।—নির্ণয়, নির্ণয়ন, নিচয়, সিদ্ধান্ত, অবধারণ; বিশ্বাস; প্রতিজ্ঞা; স্পষ্ট; অবশ্য।

নিশ্চয়কথা, স্ত্রী. [নিশ্চয়+কথা] নিষ্ঠাবাদ, স্থিরবাক্য; (প্রা) বিশ্বাসজনক কথা।

নিশ্চয়জ্ঞান, ন. [নিশ্চয়+জ্ঞান] দৃঢ়প্রত্যয়; শ্রদ্ধা।

নিশ্চয়ত্ব, ন. [নিশ্চয়+ত্ব] সত্যতা, যথার্থ, প্রকৃতত্ব।

নিশ্চল, পুং. [নির্+চল] অচল, স্থির পর্ব্বত; বৃক্ষ; স্থাবর, জঙ্গমবস্তু।

নিশ্চলা, স্ত্রী. [নির্+চল+আ] শালপর্ণী; পৃথিবী; (ত্রি.) অচলা, স্থিরা।

নিশ্চলাঙ্গ, পুং. [নিশ্চল+অঙ্গ] বকপক্ষী; (ত্রি.) পর্ব্বত; বৃক্ষ; স্পন্দরহিত, স্থিরীভূত।

নিশ্চায়ক, ত্রি. [নির্+চ+অক] নিশ্চয়কর্ত্তা, নির্ণায়ক।

নিশ্চার, পুং. [নির্+চর+অ] বায়ু, অনিল, বাতাস, স্বাচ্ছন্দ্য।

নিশ্চারক, পুং. [নির্+চর+অ] পুরীষক্ষয়; বায়ু, স্বচ্ছন্দ।

নিশ্চিত, ত্রি. [নির্+চিত] নির্ণীত, স্থিরীকৃত।

নিশ্চিতকর্ম্মা, ত্রি. [নিশ্চিত+কর্ম্মন্] স্থিরকর্ম্মা, দৃঢ়কর্ম্মা।

নিশ্চিন্ত, ত্রি. [নির্+চিন্তা] চিন্তারহিত, উদ্বেগ শূন্য, সুস্থির।

নিশ্চীয়মান, ত্রি. [নিশ্চীয়+মান] নিশ্চয় বিষয়, স্থির করা বস্তু।

নিশ্চুক্কণ, ন. [নির্+চুক্কণ] দন্তশাণ, মিসী।

নিশ্চেষ্ট, ত্রি. [নির্+চেষ্টা] চেষ্টারহিত, নিশ্চেষ্টিত, অনুদ্যোগ।

নিশ্ছিদ্র, ত্রি. [নির্+ছিদ্র] ছিদ্ররহিত, দোষ হীন।

নিশ্ছেদ, ত্রি. [নির্+ছিদ-অ] অবিচ্ছেদ, ছেদশূন্য।

নিঃশ্বাস, পুং. [নির্+শ্বাস-অ] বহির্ম্মুখশ্বাস, প্রাণবায়ু, তৎপর্য্যায়।—পান, এতন।

নিঃশ্বাসসংহিতা, স্ত্রী. [নিঃশ্বাস+সংহিতা] শিবপ্রণীত শাস্ত্রবিশেষ।

নিঃশ্রেয়স, ন. [নির্+শ্রেয়স] নিঃশ্রেয়স।

নিষঙ্গ, পুং. [নি+সঙ্গ] তূণীর, বাণাধার; (ত্রি.) সঙ্গরহিত।

নিষঙ্গথি, পুং. [নি+সঙ্গথি] সমালিঙ্গ, আলিঙ্গন; ধন্বী, ধনুর্ধারী; রথ; স্কন্ধ; তৃণ; সারথি।

নিষঙ্গী, পুং. [নিষঙ্গ+ইন] তূণধারী, বাণাধার বিশিষ্ট। [ধানুষ্ক।

নিষঙ্গীন, পুং. [নিষঙ্গ+ঈন্] ধনুর্দ্ধারী,

নিষণ্ণ, ত্রি. [নি+সদ-ত] উপবিষ্ট; ক্ষুণ্ণ, বিষণ্ণ, খেদিত, বিমর্ষ

নিষণ্ণ, ন, [নি+সদ-ত] সুনিষণ্ণক।

নিষদ, পুং. [নি+সদ] নিষাদস্বর, স্বরবিশেষ।

নিষদ্যা, স্ত্রী. [নি+সদ-আ] পণ্যবিক্রয়শালা; হট্ট, হাট; ক্ষুদ্র খট্টা।

নিষদ্বর, পুং. [নি+সদ-বর] কর্দ্দম, পঙ্ক, কাদা। [নিশা।

নিষদ্বরী, স্ত্রী. [নি+সদ-বর-ঈ] রাত্রি, রজনী,

নিষধ, পুং. [নি+সধ] পর্ব্বতবিশেষ, ইহা ইলাবৃতের দক্ষিণহরিবর্ষের সীমাপর্ব্বত, প্রাগায়ত, অযুতযোজন দীর্ঘ, ও দ্বিসহস্র যোজন বিস্তীর্ণ; দেশবিশেষ; তদ্দেশীয় রাজা; কঠিন; নিষাদস্বর।

নিষাদ, পুং. [নি+সদ-অ] চণ্ডাল, চাঁড়াল; বেণরাজশরীরোদ্ভব ভিল্লাদিজাতিবিশেষ; ধীবরবিশেষ; সপ্তস্বরান্তর্গত শেষ স্বর।

নিষাদরাজ পুং. [নিষাদ+রাজ] শৃঙ্গবেরাধিপতি গুহঃ রামসখা।

নিষাদী, পুং. [নিষদ+ইন্] হস্ত্যারোহ, মাহুত; (স্ত্রী.) নিষদপত্নী।

নিষিদ্ধ, ত্রি. [নি+সিদ্ধ] নিষেধ্য বিষয়, বারিত, প্রতিষেধিত, নিবারিত, মানাকরা।

নিষিদ্ধাচরণ, ন. [নিষিদ্ধ+আচরণ] প্রতিষিদ্ধাচরণ, অকর্ম্ম করণ।

নিষীদন, ত্রি. [নি+ষীদৎ] উপবেশন।

নিষূদন, ন. [নি+ষূদন] ধ্বংস, নাশ হত্যা।

নিষেক, পুং. [নি+সিচ-অ] গর্ভাধান, রেতঃসেক। [ধানাদিকর্ত্তা।

নিষেকাদিকৃৎ, পুং. [নিষেকাদি+কৃৎ] গর্ভা-

নিষেদ্ধা, পুং. [নি+সিধ-তৃ] নিষেধকর্ত্তা, নিবারক।

নিষেধ, পুং. [নি+সিধ-অ] প্রতিষেধ, নিবৃত্তি, বিধি বিপরীত; নিবারণ, বারণ, মানাকরণ।

নিষেধক, পুং. [নি+সিধ-অক] নিষেধকর্ত্তা, বারণকারক।

নিষেধকারী, পুং. [নিষেধ+কারিন্] নিবারণকারী, নিষেধকর্ত্তা।

নিষেবণ, ন. [নি+সেব-অন] সেবা, শুশ্রূষা; ঔষধাদি পানকরণ। [যোগ্য।

নিষেব্য, ত্রি. [নি+সেব-য] সেবনীয়, সেবার

নিষ্ক, পুং. ন. [নিষ্ক+অ] অষ্টশত সুবর্ণ; হেম; বক্ষের ভূষণ, ধুকধুকী; পল, শাস্ত্রীয় পরিমাণবিশেষ; দানার, দ্বাত্রিংশৎরত্তিকা পরিমিত কাঞ্চন; স্বর্ণকর্ষ; স্বর্ণপল; কণ্ঠভূষা; মাষক চতুষ্টয়, চারিমাষা; ষোড়শদ্রম্য, ষোলকাহন; চতুঃসুবর্ণ, চারিমোহর।

নিষ্কণ্টক, ত্রি. [নির্+কণ্টক] অকণ্টক, কণ্টকশূন্য; নিরুদ্বেগ।

নিষ্কণ্ঠ, পুং. [নির্+কণ্ঠ] বরুণ বৃক্ষ।

নিষ্কর, ত্রি. [নির্+কর] করহীন, রাজস্বরহিত, (বাং) লাখেরাজ।

নিষ্কর্ম্মা, ত্রি. [নির্+কর্ম্মন্] অকর্ম্মা, অব্যবসায়ী।

নিষ্কর্ম্মী, পুং. [নির্+কর্ম্মিন্] অকর্ম্মা, কর্ম্মরহিত, অলস।

নিষ্কর্ষ, পুং. [নির্+কৃষ-অ] নিশ্চয়; নিষ্পত্তি; স্থিরীকৃত ব্যবস্থা; তাৎপর্য্য; মত্য।

নিষ্কর্ষণ, ন. [নির্+কর্ষণ] স্থিরকরণ, নিশ্চয়করণ; মিটান।

নিষ্করুণ, ত্রি. [নির্+করুণ] করুণারহিত, নির্দ্দয়।

নিষ্কল, ত্রি. [নির্+কলা] কলাশূন্য; নষ্টবীর্য্য; (পুং.) আধার; ব্রহ্ম; নিরংশ; অসংশয়।

নিষ্কলা, স্ত্রী. [নির্+কলা] বিগতার্ত্তবা, নিবৃত্ত রজস্কা স্ত্রী, যেস্ত্রীর ঋতুরনিবৃত্তি হইয়াছে; বৃদ্ধা।

নিষ্কলী, স্ত্রী. [নির্+কল-ঈ] ঋতুহীনা, নিবৃত্ত রজস্কা, নষ্টরজাঃ।

নিষ্কালক, পুং. [নির্+কালক] মুণ্ডিতলোমা ঘৃতাভ্যক্ত প্রায়শ্চিত্তার্থী।

নিষ্কাম, ত্রি. [নির্+কাম] কামনাশূন্য, ইচ্ছারহিত।

নিষ্কারণ, ত্রি. [নির্+কারণ] কারণহীন, হেতুশূন্য।

নিষ্কাশ, পুং. [নির্+কাশ] প্রাসাদ্যুপস্থান, সাজা, বারাণ্ডা।

নিষ্কাশন, ন. [নির্+কাশ-অন] বহিষ্করণ, দূরীকরণ, তাড়ন।

নিষ্কাশিত, ত্রি. [নির্+কাশিত] নিষ্কাসিত, বহিষ্করণ; দূরীকৃত।

নিষ্কাসিত, ত্রি. [নির্+কাসিত] বহিষ্কৃত, দূরীকৃত, তৎপর্য্যায়।—অবকৃষ্ট, নিঃসারিত; নির্গমিত; আহিত, অধিকৃত।

নিষ্কুট, পুং. [নির্+কুট] গৃহসমীপস্থ উপবন, ক্ষেত্র, ক্ষুদ্র উদ্যান; কবাট;পত্ন্যাট, (বাং) যানানামহল; ক্ষেত।

নিষ্কুটি, স্ত্রী. [নির্+কুট-ই] এলা,এলাইচ।

নিষ্কুটী, স্ত্রী. [নির্+কুট-ঈ] নিষ্কুটি, এলা এলাইচ। [শূন্য।

নিষ্কুম্ভ, পুং. [নির্+কুম্ভ]দন্তীবৃক্ষ,(ত্রি.) কুম্ভ

নিষ্কুল, ত্রি. [নির্+কুল] কুলরহিত, অকুলীন।

নিষ্কুশিত, ত্রি. [নির্+কুশিত] নিষ্কাসিত; খণ্ডে কৃত।

নিষ্কুহ, পুং. [নির্+কুহ] বৃক্ষকোটর, গাছের খোঁড়ল।

নিষ্কৃতি, ত্রি. [নির্+কৃতি] নির্ম্মুক্তি, নিস্তার, উদ্ধার, রক্ষা, মুক্তি, মোচন।

নিষ্কৃত্রিম, ত্রি. [নির্+কৃত্রিম] কৃত্রিমতা শূন্য, অকৃত্রিম, অকল্পিত, প্রকৃত।

নিষ্কৃষ্ট, ত্রি. [নির্+কৃষ্ট] নিশ্চিত; সারার্থ; (পুং.) তাৎপর্য্য।

নিষ্ক্রম, পুং. [নির্+ক্রম] ধীশক্তি; নির্গম; দুষ্কুল, নিষ্ক্রমণসংস্কার।

নিষ্ক্রমণ, ন. [নির্+ক্রমণ] দশসংস্কারান্তর্গত সংস্কারবিশেষ; বহির্গমন, নিঃসারণ।

নিষ্ক্রয়, পুং. [নির্+ক্রয়] ভৃতি, বেতন; বুদ্ধিযোগ; সামর্থ্য; নির্গতি; প্রত্যুপকার; বিনিময়।

নিষ্ক্রান্ত, ত্রি. [নির্+ক্রান্ত] নির্গত, প্রস্থিত, বহির্গত, নিঃসৃত।

নিষ্ক্রামক, ত্রি. [নির্+ক্রামক] বহিষ্কারক, নিঃসারক, নির্গত কারক

নিষ্ক্রিয়, ন. [নির্+ক্রিয়া] ব্রহ্ম, নিরঞ্জন; (ত্রি.) ক্রিয়াশূন্য।

নিষ্ক্রিয়া, ত্রি. [নির্+ক্রিয়া] নিষ্কর্ম্মা; ক্রিয়াশূন্য; জড়।

নিষ্ক্রোধ, ত্রি. [নির্+ক্রোধ] ক্রোধরহিত, ক্রোধশূন্য।

নিষ্কাথ, পুং. [নির্+ক্বাথ] মাংসাদিক্বাথ, ঝোল, যুস, তৎপর্য্যায়।—রসক; (ত্রি.) ক্বাথশূন্য, শুষ্ক, নীরস।

নিষ্টপ্ত, ত্রি. [নির্+তপ্ত] উত্তমরূপে পরিপাচিত; উজ্জ্বল।

নিষ্ট্য, পুং. [নিষ্টি+য] ম্লেচ্ছ জাতিবিশেষ।

নিষ্ঠ, ত্রি. [নি+স্থা-অ] স্থিত, স্থির; তৎপর; অভিনিবিষ্ট

নিষ্ঠা, স্ত্রী. [নি+স্থা] নিষ্পত্তি; নাশ; অন্তঃ; নির্ব্বহণ; যাচ্ঞা; ধর্ম্মাদিতে শ্রদ্ধা, দৃঢ়ভক্তি; বিশ্বাস,স্থিরতা; প্রাপ্য।

নিষ্ঠান, ন. [নি+স্থা-অন] ব্যঞ্জন, উপস্কর, উপকরণ।

নিষ্ঠিত, ত্রি. [নি+স্থা-ত] নিতরাংস্থিত, সুতরাং স্থিত; নিষ্ঠাবিশিষ্ট; নিশ্চয়ে স্থিত।

নিষ্ঠীব, পুং. [নি+ষ্ঠীব] নিষ্ঠীবন, থুথু, শ্লেষ্মাদি, পিক্।

নিষ্ঠীবন, ন. [নি+ষ্ঠীবন] মুখ হইতে শ্লেষ্মাদিবমন, ছেপ, থুথু, তৎপর্য্যায়।—নিষ্ঠেব, নিষ্ঠ্যুতি, নিষ্ঠেবন, নিষ্ঠেবা, নিষ্ঠেব।

নিষ্ঠীবনপাত্র, ন. [নিষ্ঠীবন+পাত্র] পিক্দান, থুথু ফেলাপাত্র।

নিষ্ঠুর, ত্রি. [নি+স্থা-উর] পরুষ, কঠিন; নির্দ্দয়, কঠিন, ক্রূর, দুরন্ত।

নিষ্ঠুরতা, স্ত্রী. [নিষ্ঠুর+ত-আ] নির্দ্দয়তা, ক্রূরতা, কঠোরতা।

নিষ্ঠ্যূত, ত্রি. [নিষ্ঠিব+ত] ক্ষিপ্ত, উন্মত্ত।

নিষ্ঠ্যূতি, স্ত্রী. [নিষ্ঠ্যূত+ই] নিষ্ঠীবন, থুথু, ছেপ। [ছেপ।

নিষ্ঠেব, ত্রি. [নি+ষ্ঠিব-অ] নিষ্ঠীবন, থুথু,

নিষ্ঠেবন, ন. [নি+ষ্ঠিব-অন] নিষ্ঠীবন, থুথুত্যাগ, থুথু ফেলন।

নিষ্ণ, ত্রি. [নি+স্না-অ] নিষ্ণাত, নিপুণ।

নিষ্ণাত, ত্রি. [ন+স্না-ত] বিজ্ঞ, নিপুণ; প্রবীণ, পণ্ডিত; পারগ।

নিষ্পক্ক, ত্রি. [নির্+পক্ক] অতিপক্কব্যঞ্জন দশমূলাদি, তৎপর্য্যায়।-ক্বথিত; পক্কতাশূন্য।

নিষ্পঙ্ক, ত্রি. [নির্+পঙ্ক] পঙ্করহিত, নির্ম্মল।

নিষ্পতাকাধ্বজ, পুং. স্ত্রী. [নিষ্পতাকা+ধ্বজ] রাজাদিগের পতাকা শূন্য দণ্ডবিশেষ।

নিষ্পত্তি, স্ত্রী. [নির্+পত-তি] সমাপ্তি,শেষ; সিদ্ধি; অবধারণ, নিশ্চয়।

নিষ্পত্তিকর, পুং. [নিষ্পত্তি+কর] মধ্যস্থ; সিদ্ধান্তকারক, সমাপন কর্ত্তা।

নিষ্পত্তিকারক, পুং. [নিষ্পত্তি+কারক] মধ্যস্থ, সমাপ্তিকারক।

নিষ্পত্রাকৃতি, স্ত্রী. [নিষ্পত্র+আকৃতি] সপত্রাকৃতি, অত্যন্তপীড়া, অতিশয় ক্লেশ।

নিষ্পত্রিকা, স্ত্রী. [নিষ্পত্র+ইক-আ] করীর বৃক্ষ বিশেষ।

নিষ্পদযান, ন. [নিষ্পদ+যান] পদরহিত বাহন, নৌকাদি।

নিষ্পন্দ, ত্রি. [নির্+পন্দ] স্পন্দরহিত, অচলন।

নিষ্পন্ন, ত্রি. [নির্+পদ-ত] নিষ্পত্তিবিশিষ্ট, সম্পন্ন,সমাপ্ত, শেষ, তৎপর্য্যায়।-সিদ্ধ, নিবৃত্ত।

নিষ্পরাক্রম, ত্রি. [নির্+পরাক্রম]

নিষ্পরিগ্রহ, পুং. [নির্+পরিগ্রহ] যোগী, তপস্বী।

নিষ্পাদন, ন. [নির্+পাদ-অন] নিষ্পত্তিকরণ, শেষকরণ, সিদ্ধান্তকরণ, সমাধাকরণ, প্রতিজ্ঞাপূরণ; নিষ্পত্তি,নিযুক্তি।

নিষ্পাদনা, স্ত্রী. [নিষ্পাদন+আ] নিষ্পত্তি প্রেরণ। [সমাপ্য।

নিষ্পাদনীয়, ত্রি.[নির্+পদ-অনীয়]নিষ্পাদ্য,

নিষ্পাদিত, ত্রি. [নির্+পাদ-ত] কৃতনিষ্পাদন, সম্পন্নকরা, সমাপিত।

নিষ্পাদ্য, ত্রি. [নির্+পাদ-য] নিষ্পাদনীয়, সাধ্য; সমাপ্য।

নিষ্পান, ন. [নির্+পান] পান, নীতি।

নিষ্পাপী, পুং. [নির্+পাপিন্], পাপহীন, নির্দ্দোষী, নিরপরাধী।

নিষ্পাব, পুং. [নির্+পাব] ধান্যাদির নির্ব্বীকরণ, বহুলীকরণ, তৎপর্য্যায়।-পবন, পব, পূতীকরণ; সূর্পবায়ু; রাজমাষ; কড়ঙ্গর; সমীরণ; শিম্বিকা; (ত্রি.) নির্ব্বিকল্প; শ্বেতশিম্বী; রাজশিম্বীবীজ; (হিং.) ভটবাসু, ভূন্টবাংশ।

নিষ্পাবক, পুং. [নিষ্পাব+ক] শ্বেতশিম্বী, শ্বেতসীম।

নিষ্পাবী, স্ত্রী. [নিষ্পাব+ঈ] শিম্বীবিশেষ, বোড়া, যথা।—হরিতবর্ণ ও পীতবর্ণ, হরিতবর্ণ, পর্য্যায়।—গ্রামজা, ফলিনী, নখপূর্ব্বিকা, মণ্ডপী, ফলিকা, শিম্বী, গুচ্ছফলা, বিশালফলিকা, নিষ্পাবি, চিপিটা, শুক্লশিম্বী পর্য্যায়।—অঙ্গুলিফলা, নখনিষ্পাবিকা, বৃন্তনিষ্পাবিকা, গ্রাম্যা, নখপুঞ্জফলা, অশনা।

নিষ্পিষ্ট, ত্রি. [নির্+পিষ্ট] চূর্ণিত, খণ্ডিত।

নিষ্পীড়ন, ন. [নির্+পীড়ন] নিঙড়ান; কর্ষণ; রগড়ান।

নিষ্পুত্র, পুং. [নির্+পুত্র] নিঃসন্তান, অনপত্য।

নিষ্পুরুষ, ত্রি. [নির্+পুরুষ] পুরুষশূন্য; পুরুষত্ব রহিত, (পুং.) খোজা, ক্লীব।

নিষ্পেষণ, ন. [নির্+পেষণ] মর্দ্দন, বাটন, ঘর্ষণ। [মূর্খ।

নিষ্প্রতিভ, ত্রি. [নির্+প্রতিভ] নির্ব্বোধ,

নিষ্প্রতিভ, ত্রি. [নির্+প্রতিভ] অজ্ঞ, জড়, মূর্খ।

নিষ্প্রত্যূহ, ত্রি. [নির্+প্রত্যূহ] নির্ব্বিঘ্ন, বাধাহীন, নিরাপদ।

নিষ্প্রবাণি, ত্রি. [নির্+প্রবাণি] নূতনবস্ত্র, তৎপর্য্যায়।—অনাহত, তন্ত্রক, নবাম্বর, আহত, অহত, নববস্ত্র।

নিষ্প্রবাণ, ত্রি. [নির্+প্রবাণ] তন্ত্রোবিমুক্তবাস, নূতনবস্ত্র।

নিষ্প্রভ, ত্রি. [নির্+প্রভা] প্রভাশূন্য, দীপ্তিরহিত, তৎপর্য্যায়।—বিগত, অরোক, অস্বস্থ।

নিষ্প্রয়োজন, ত্রি. [নির্+প্রয়োজন] প্রয়োজনরহিত, অপ্রয়োজন, নিরর্থক, অহেতুক, অকারণ।

নিষ্পৃহ, ত্রি. [নির্+পৃহা] স্পৃহারহিত, অনেচ্ছু।

নিষ্ফল, ত্রি. [নির্+ফল] ফলশূন্য, বিফল, নিরর্থক, ব্যর্থ।

নিষ্ফলা, স্ত্রী. [নির্+ফল-আ] পঞ্চপঞ্চাশৎ বৎসরের উর্দ্ধগত রজস্কা, তৎপর্য্যায়।—নিষ্ফলী, নিষ্কলী, নিষ্কলা, বিকলী, বিকলা, ঋতুহীনা; বিরজাঃ, বিগতার্ত্তবা।

নিষ্ফলী, স্ত্রী. [নির+ফল-ঈ] নিষ্ফলা, ঋতুহীনা স্ত্রী।

নিসম্পাত, পুং. [নি+সম্পাত] নিঃসম্পাত, নিশীথ, অর্দ্ধরাত্র।

নিসর্গ, পুং. [নি+সর্গ] স্বভাব,প্রকৃতি; রূপ; সর্গ; স্বাভাবিক।

নিসাড়, (প্রা) স্পর্শজ্ঞানরহিত; অচেতন, সংজ্ঞাহীন।

নিসিন্ধ্যা, (প্র.) নিসিন্ধনামে বৃক্ষ বিশেষ।

নিসিন্ধু, পুং. [নি+সিন্ধু] বৃক্ষবিশেষ, নিসিন্ধাগাছ, তৎপর্য্যায়।—সিন্ধুক, সিন্ধু, তাপিঞ্জ,শুক্লপৃষ্ঠক, সিন্ধুবার, ইন্দ্রসুরিষ, নির্গুণ্ডী, ইন্দ্রাণিকা।

নিসূদন, ন. [নি+সূদন] নিহিংসন, বধ, হনন, নাশন।

নিসৃভা, স্ত্রী. [নি+সৃভ-আ] ত্রিবৃতা,তেউড়ি, তেহারা। [মধ্যস্থ।

নিসৃষ্ট, ত্রি. [নি+সৃষ্ট] ন্যস্ত, অর্পিত;

নিসৃষ্টার্থ, পুং. [নিসৃষ্ট+অর্থ] দূতবিশেষ; ধনের আয়ব্যয় পালনাদিবিষয়ে নিযুক্ত; পুরুষবিশেষ।

নিস্তনী, স্ত্রী. [নি+স্তন-ঈ] বটিকা, বড়ি; স্তনহীনা স্ত্রী।

নিস্তরণ, ন. [নির্+তরণ] উপায়; নিস্তার, মুক্তহওন; তরণ, পারহওন, উদ্ধরণ; নির্গম।

নিস্তর্হণ, ন. [নির্+তর্হণ] মারণ,বধ, হনন।

নিস্তল, ত্রি. [নির্+তল] বর্ত্তুল, বাটুল, গোলাকার; চল; তল

নিস্তার, পুং. [নির্+তার] নিস্তরণ, উদ্ধার, রক্ষা, ত্রাণ, মুক্তি।

নিস্তারক, পুং. [নির্+তারক] ত্রাণকর্ত্তা, উদ্ধারকর্ত্তা। [রক্ষণ।

নিস্তারণ, ন. [নির্+তারণ] উদ্ধরণ, মুক্তকরণ

নিস্তারবীজ, ন. [নিস্তার+বীজ] সংসারতরণ কারণ। [মুক্ত।

নিস্তীর্ণ, ত্রি. [নির্+তীর্ণ] রক্ষিত, উদ্ধৃত,

নিস্তিতীর্ষৎ, ত্রি.[নির্+তিতীর্ষৎ]নিস্তরণেচ্ছু

নিস্তুল, ত্রি. [নির্+তুল] অসম, অসদৃশ, অনুপম, অতুল, তুলনারহিত।

নিস্তুষ, ত্রি. [নির্+তুষ] ত্বক্‌রহিত, ছালতোলা। [গম।

নিস্তুষক্ষীর, পুং. [নিস্তুষ+ক্ষীর] গোধুম,

নিস্তুষরত্ন, ন. [নিস্তুষ+রত্ন]স্ফটিক; বেল্লোর।

নিস্তুষিত, ত্রি. [নির্+তুষিত] ত্যক্ত; ত্বখিহীন; লঘূকৃত; নিস্তুষকরা।

নিস্তেজাঃ, ত্রি. [নির্+তেজস্] তেজোরহিত, প্রতাপশূন্য, দুর্ব্বল।

নিস্ত্রপ, ত্রি. [নির্+ত্রপা] নির্লজ্জ; অশিষ্ট।

নিস্ত্রপা, স্ত্রী. [নির্+ত্রপা] লজ্জাভাব।

নিস্ত্রিংশ, পুং. [নির+ত্রিংশ] খড়্গ, অসি; (ত্রি.) নির্দ্দয়, নিষ্ঠুর; ত্রিংশৎশূন্য!

নিস্ত্রিংশধারী, [নিস্ত্রিংশ+ধারিন্] খড়্গধারী, অসিধারী।

নিস্ত্রিংশপত্রিকা, স্ত্রী. [নিস্ত্রিংশ+পত্রিকা] স্নুহীবৃক্ষ, সিজগাছ।

নিস্ত্বক্, ত্রি. [নির্+ত্বক্] ত্বচহীন, ছালরহিত।

নিস্ত্রৈণপুষ্পিক, পুং. [নিস্ত্রৈণ+পুষ্পিক] রাজধুস্তূরক। [কারী।

নিস্নেহফলা, স্ত্রী. [নিস্নেহ+ফলা] শ্বেতকণ্ট-

নিস্পন্দ, পুং. [নি+স্পন্দ] স্পন্দন; (ত্রি.) স্পন্দনরহিত, ঈষৎকম্পন শূন্য]

নিস্পন্দতর, ত্রি. [নি+স্পন্দতর]একান্তস্পন্দরহিত

নিস্পৃহ, ত্রি. [নি+স্পৃহা] স্পৃহাশূন্য, বাঞ্ছাহীন, অনাকাঙ্ক্ষী।

নিস্পৃহা স্ত্রী. [নি+স্পৃহা] অগ্নিশিখাবৃক্ষ; স্পৃহাভাব, ইচ্ছারঅভাব, অনিচ্ছা

নিস্যন্দ, পুং. [নি+স্যন্দ] স্যন্দন, ক্ষরণ, চুয়ান, গলিয়াপড়ন।

নিস্রাব, পুং. [নি+স্রাব] ভক্তসমুদ্ভবমণ্ড, ভাতেরমণ্ড, অন্নরস, ফেন, মাড়, তৎপর্য্যায়।—মাসর, আচাম।

নিস্ব, ত্রি. [নি+স্ব] নিঃস্ব; নির্ধন, দুঃখী, অর্থহীন। [নিনাদ।

নিস্বন, পুং. [নি+স্বন] নিঃস্বন, শব্দ, ধ্বনি,

নিস্বান, পুং. [নি+স্বান] নিঃস্বান, শব্দ, নিঃশব্দ।

নিহনন, ন. [নি+হনন] মারণ, নাশন, বধকরণ।

নিহন্তা, ত্রি. [নি+হন্তৃ] হননকর্ত্তা নাশক, ঘাতক, সংহারক, বধকর্ত্তা।

নিহব, পুং. [নি+হ্বে+অ] আহ্বান

নিহাকা, স্ত্রী. [নি+হাক-আ] গোধিকা,গোসাপ।

নিহানী (প্রা) অয়োঘন,নিহালী, নেহাই।

নিহায়ৎ, (প্রা) অত্যন্ত,অতিশয়, অপরিমিত।

নিহার, পুং. [নি+হৃ-অ] নীহার, শিশির, হিম। [ঠাহরণ।

নিহারণ, (প্রা) অবলোকন; অনুমানকরণ,

নিহালী, (প্রা) অয়োঘন, নেহাই।

নিহিংসন, ন. [নি+হিংসন] মারণ, হনন, বধকরণ। [গচ্ছিত।

নিহিত, ন. [নি+হিত] স্থাপিত, অর্পিত,

নিহীন, ত্রি. [নি+হীন] নীচ, পামর।

নিহ্নব, পুং. [নি+হ্নু-অ] অপলাপ, তৎপর্য্যায়।—নিহ্নুতি, অপহ্নুতি, অপহ্নব; গুপ্ত,গোপন,লুকান; নিকৃতি; অবিশ্বাস, অস্বীকার, নামানা।

নিহ্নুত ত্রি. [নি+হ্নু-ত] অপলাপিত, অস্বীকৃত; গুপ্ত, অপ্রকাশিত।

নিহ্নুতি, স্ত্রী. [নি+হ্নু-তি] নিহ্নব; অপ্রত্যয়; প্রবঞ্চন, প্রতারণ; গোপন, লুকান।

নিহ্নোতা, পুং. [নি+হ্নু-তৃ] অপলাপী, অপ্রত্যয়ী, প্রতারক। [রব।

নিহ্রাদ, পুং. [নি+হ্রাদ] শব্দ, ধ্বনি, নাদ,

নিক্ষণ, ন. [নিক্ষ+অন] চুম্বন।

নিক্ষা, স্ত্রী. [নিক্ষ+আ] লিখ্যা, যূক, নিকী, কেশকীট, উকুন।

নিক্ষিপ্ত, ত্রি. [নি+ক্ষিপ্ত] ত্যক্ত,তৎপর্য্যায়।-পরিক্ষিপ্ত, নিবৃত, পরীত, পরিবেষ্টিত, ন্যস্ত, নিসৃষ্ট; স্থাপিত, ধনাদি, গচ্ছিত, অর্পিত ইত্যাদি।

নিক্ষেপ, পুং. [নি+ক্ষেপ] ক্ষেপণ, ত্যাগ; সমর্পিতবস্তু, গচ্ছিতদ্রব্য, তৎপর্য্যায়।—উপনিধি, ন্যাস, সমর্পণ, স্থাপন।

নিক্ষেপক, পুং. [নি+ক্ষেপক] স্থাপনকর্ত্তা, সমর্পক।

নিক্ষেপণ, ন. [নি+ক্ষেপণ] স্থাপন; সমর্পণ; ত্যাগকরণ, ফেলন, দূরীকৃতকরণ।

নীক, পুং. [নী+ক] বৃক্ষবিশেষ।

নীকার, পুং. [নী+কার] ন্যাক্কার, ঘৃণা; ধিক্কার।

নীকাশ, ত্রি. [নী+কাশ]তুল্য,উপমা; (পুং.) নিশ্চয়; (প্রা) হিসাব; সমাপন, শেষ।

নীচ, ত্রি. [নী+অনচ] হীনজাতি; অপকর্ম্মা, বর্ব্বর,অপকৃষ্ট,অধম,জঘন্য,তৎপর্য্যায়।-বিবর্ণ, পামর, প্রাকৃত, পৃথক্জন, নিহীন, অপসদ, জাল্ম, ক্ষুল্লক, ইতর, অপশদ, খুল্লক, হীন, ক্ষুল্ল, ক্ষুণ্ণ,বেতক; অমুচ্চ, তৎপর্য্যায়।—বামন, নাঙ্, খর্ব্ব, হ্রস্ব; নিম্ন, অধ; (পুং.) চোরকনাম গন্ধদ্রব্য। [ক্ষুদ্র, খাঁট।

নীচক, ত্রি. [নীচ+ক] বামন, খর্ব্ব, হ্রস্ব,

নীচকা,স্ত্রী. [নীচ+ক-আ]নৈচকী,উত্তমগবী।

নীচকী, পুং. [নীচক+ইন্] উচ্চ,উপরিভাগ; উত্তম গবীমান।

নীচৈকঃ বা. [নীচৈক+অস্] নীচৈঃ, নিম্নে।

নীচগ, ন. [নীচ+গম-অ] জল; (ত্রি.) পামর; নীচগামী।

নীচগা, স্ত্রী. [নীচ+গম-আ] নিম্নগা, নদী, হ্রদিনী।

নীচতা, স্ত্রী. [নীচ+ত-আ] অধমতা, অপকৃষ্টতা, জঘন্যতা।

নীচব্রজ, পুং. [নীচ+ব্রজ] মণিবিশেষ, বৈক্রান্তমণি।

নীচভাষা, স্ত্রী. [নীর+ভাষা] অবভাষা।

নীচভোজ্য, পুং. [নীচ+ভোজ্য] পলাণ্ডু, প্যাঁজ; (ত্রি.) পামরভক্ষ্য, অন্ত্যজ ব্যক্তির ভক্ষণীয়।

নীচাশয়, ত্রি. [নীচ+আশয়] ক্ষুদ্রাশয়, ক্ষুদ্রান্তঃকরণ, লঘুস্পৃহা।

নীচিকী, স্ত্রী. [নীচ+ইক-ঈ] নৈচিকী।

নিচু, (প্রা) কেবল; অধস্তল; বৃক্ষবিশেষ।
নীচে, (প্রা) নিম্নে, অধোভাগে।
নীচৈঃ, বা. [নিচৈ+স] অল্প; অনুচ্চ।
নীড়, পুং. ন. [নি+ঈড়] পক্ষির বাসস্থান, পাখির বাসা, কুলায়; স্থান।
নীড়জ, পুং. [নীড়+জন-অ] পক্ষী, বিহঙ্গ, পাখী।
নীড়জেন্দ্র, পুং. [নীড়জ+ইন্দ্র] গরুড়, বৈনতেয়। [ঙ্গম, পাখী।
নীড়োদ্ভব, পুং. [নীড়+উদ্ভব] পক্ষী, বিহ-
নীত, ত্রি. [নী+ত] প্রাপ্ত, গৃহীত, নেওয়া, লওয়া।
নীতি, স্ত্রী. [নী+তি] নয়; প্রাপণ; ন্যায্য-ব্যবহার; শাস্ত্রবিশেষ।
নীতিকথা, স্ত্রী. [নীতি+কথা] নীতিকথন, হিতোপদেশ, ক্ষুদ্র উপাখ্যান।
নীতিঘোষ, পুং. [নীতি+ঘোষ] বৃহস্পতির রথ; নূতনশব্দ। [রাজমন্ত্রী।
নীতিজ্ঞ, ত্রি. [নীতি+জ্ঞ] নীতিশাস্ত্র বিশারদ;
নীতিবিৎ, [নীতি+বিদ] নীতিবেদী, নীতিশাস্ত্রবেত্তা, হিতোপদেশজ্ঞ।
নীতিবিদ্যা, স্ত্রী. [নীতি+বিদ্যা] নীতিশাস্ত্র, হিতোপদেশশাস্ত্র।
নীতিমান, পুং. [নীতি+মৎ] নীতিজ্ঞ, ন্যায়যুক্ত
নীতিসার, পুং. [নীতি+সার] ইন্দ্রেরপ্রতি বৃহস্পত্যুক্ত নীতিশাস্ত্রবিশেষ।
নীথ, পুং. [নী+থ] নিয়ন্তা, প্রাপয়িতা; (ন.) জল।
নীধ্র, ন. [নী+ইধ্র] বলীক; বন, অরণ্য; নেমি, রথচক্র; চন্দ্র; রেবতীনক্ষত্র; নীব্র
নীপ, পুং. [নী+প] কদম্ববৃক্ষ; ধারাকদম্ব. কেলিকদম্ব; বন্ধুকবৃক্ষ; নীলাশোকবৃক্ষ।
নীবর, পুং. [নী+বর] বণিজক; বাস্তব্য; ভিক্ষুক; পরিব্রাট্, পরিব্রাজক; পঙ্ক, পাঁক; (ন.) জল।
নীবাক, পুং. [নীব+অক] মহার্ঘহেতুধান্যাদিতে মনুষ্যদিগের আদরাতিশয়; তুলাধরণাধিক্য; ক্রমাক্রমাদর; মূল্যাধিক্য হেতু নিশ্চয়দ্বারাপরিচ্ছেদন, প্রয়াম।
নীবার, পুং. [নী+বার] তৃণধান্যবিশেষ, উড়ীধান, তৎপর্য্যায়।—অরণ্যধান্য, মুনিধান্য, তৃণোদ্ভব, অরণ্যশালি।
নীবি, স্ত্রী. [নীব+ই] পরিপণ, বণিকদিগের মূলধন; রাজপুত্রাদিরবন্ধক; স্ত্রীলোকের কটীবন্ধবস্ত্র, কোঁড়চী; পুরুষের কটী বন্ধবস্ত্র; শূদ্রদিগের পিত্রাদিশ্রাদ্ধে মোটক বন্ধন।
নীবী, স্ত্রী. [নীব+ঈ] নীবি।
নীবৃৎ. পুং. [নী+বৃৎ] জনপদ, দেশ, যথা।—অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, পঞ্চাল, মগধ, কোশলাদি।
নীব্র, ন. [নীব্+র] ছদিঃপ্রান্তভাগ, গৃহের ছাদেরপ্রান্তভাগ, আলিসা, ছাইচ, তৎপর্য্যায়।—বলীক, পটলপ্রান্ত; নীধ্র, নেমি, রথচক্র; চন্দ্র; রেবতীনক্ষত্র; বন, কানন। [মান, লওয়া।
নীয়মান, ত্রি. [নীয়+আন] প্রাপ্যমান, গৃহ্য-
নীর, ন. [নী+র] জল, সলিল, পয়ঃ; রস।
নীরক্ত, ত্রি. [নির্+রক্ত] রক্তহীন, রক্তশূন্য
নীরজ, ন. [নীর্+জন-অ] কুষ্ঠৌষধি, কুড়; পদ্ম; মুক্তা; (ত্রি.) জলজাতবস্তু (পুং.) উদ্রজন্তু, উশিরী; (ত্রি.) অরেণু,নির্ধূলি; (স্ত্রী.) অরজস্বলা; রজোগুণহীনা।
নীরত, ত্রি. [নির্+রত] বিরত,রমণাভাববান্, ক্ষান্ত, নিবৃত্ত।
নীরদ, পুং. [নীর+দা] মেঘ, জলদ; মুস্তক, মুথা; (ত্রি.) রদশূন্য, দন্তহীন।
নীরধি, পুং. [নীর+ধা] সমুদ্র, পয়োনিধি।
নীরনিধি, পুং. [নীর+নিধি] সমুদ্র, সাগর, জলধি। [নিবিড়
নীরন্ধ্র, ত্রি. [নির্+রন্ধ্র] ঘন; ছিদ্ররহিত;
নীরব, ত্রি. [নির্+রব] নিঃশব্দ, বাক্যরহিত, অবাক্।
নীরময়, ন. [নীর+ময়] জলময়, জলবেষ্টিত, জলুয়া।
নীরস, পুং. [নির্+রস] দাড়িম; (ত্রি.) রসশূন্য, রসহীন, শুষ্ক; বিস্বাদ।
নীরসতা, স্ত্রী. [নির্+রসতা] রসাভাব, রসশূন্যত্ব; শুষ্কতা।

নীরসবাক, ন. [নীরস+বাক] অরসবাক্য, রসবিহীন কথা।

নীরাখু, পুং. [নীর্+আখু] উদ্র, ভোঁদড়, উদ্বিড়াল, তৎপর্য্যায়।—জলনকুল,জল-বিড়াল, জলপ্লব, উর্দ্র, জলাখু,নীরঙ্কঃ ; নকুল।

নীরাগ, (প্রা) রাগরহিত, ক্রোধশূন্য, শান্ত।

নীরাজনা, স্ত্রী. [নীর+অজন-আ] বিসর্জন; নির্ম্মঞ্জন, আরত্রিক, আরতি।

নীরিন্দু, পুং. [নীর+ইন্দু] অশ্বশাখোটবৃক্ষ, আশ্বেওড়াগাছ।

[illegible] পুং. স্ত্রী, [নির্+রুজ্] রোগাভাব, তৎপর্য্যায়।—স্বাস্থ্য, বার্ত্ত, অনাময়, আরোগ্য ; (ত্রি.) রোগশূন্য, তৎপর্য্যায়। পটু, উল্লাঘ, বার্ত্ত, কল্য।

নীরুজ, ন. [নির্+রুজ] কুষ্ঠৌষধি; (ত্রি.) রোগের, অভাব।

নীরূপ, ত্রি. [নির্+রূপ] রূপাভাববিশিষ্ট, কুৎসিত।

নীরেণুক, ত্রি. [নিঃ+রেণুক]ধূলিশূন্যভূম্যাদি।

নীরোগী, ত্রি. [নির্+রোগিন্] রোগশূন্য, পীড়ারহিত, সুস্থ।

নীল, ন. [নী+ল] নীলী, কৃষ্ণবর্ণ; নীলরস-যুক্তবৃক্ষ; কাচলবণ; তালীশপত্র; বিষ, গরল; সৌবীরাঞ্জন, তুত্থ; নৃত্যাঙ্গ ১০৮ করণমধ্যে করণবিশেষ; (পুং.) পর্ব্বতবিশেষ, ইহা ইলাবর্ষের উত্তর, রম্যকবর্ষের সীমাপর্ব্বত; মণিবিশেষ, নিলম্, তৎপর্য্যায়।-সৌরিরত্ন, নীলাশ্ম, নীলোৎপল, তৃণগ্রাহী, মহানীল, সুনী-লক; বানরবিশেষ; অজমীঢ়রাজার রাজ্ঞী নীলিনীর গর্ভজাতপুত্র; নীলবর্ণ; নীলৌ-ষধি; নিধিবিশেষ, লাঞ্ছন; মঞ্জুঘোষ; বটবৃক্ষ; (ত্রি.) নীলবর্ণযুক্ত, যথা।—শুক, শৈবাল, দূর্ব্বা, বালতৃণ, বুধ, বংশাঙ্কুর, মরকত, ইন্দ্রনীলমণি, সূর্য্যাশ্বাদি।

নীলক, ন. [নীল+ক] কাচলবণ ; বর্ত্তলৌহ; (পুং.) বৃক্ষবিশেষ, অশনবৃক্ষ।

নীলকণ্ঠ, পুং. [নীল+কণ্ঠ] শিব, মহাদেব; ময়ূর; পীতসার; দাত্যূহ; গ্রামচটক; খঞ্জরীট,খঞ্জন; স্বনামখ্যাত পক্ষীবিশেষ (ন.) মূলক।

নীলকণ্ঠাক্ষ, ন. [নীলকণ্ঠ+অক্ষ] রুদ্রাক্ষ; (ত্রি.) খঞ্জনাক্ষ, খঞ্জনেরচক্ষুঃ

নীলকন্দ, পুং. [নীল+কন্দ] মহিষকন্দবিশেষ, তৎপর্য্যায়।—সর্পাখ্য, বনবাসী, বিষ-কন্দ, মহিষীকন্দ; নীলবর্ণমূল।

নীলকমল, ন. [নীল+কমল] নীলবর্ণপদ্ম, তৎপর্য্যায়।—উৎপল, নীলপঙ্কজ, নী-লপদ্ম, নীলাব্জ; নীলবর্ণজল

নীলকান্ত, পুং. [নীল+কান্ত] নীলম্, মণি-বিশেষ।   [দির সখীবিশেষ।

নীলকুন্তলা, স্ত্রী. [নীল+কুন্তল-আ] গৌর্য্যা-

নীলকুরণ্টক,পুং.[নীল+কুরণ্টক] নীলঝিণ্টী, নীলবর্ণঝাটিফুল।

নীলক্রান্তা, স্ত্রী. [নীল+ক্রান্তা] বিষ্ণুক্রান্তা; ভারতবর্ষের তিনখণ্ডেরমধ্যে একখণ্ডভূমি যথা।-অশেচনকখণ্ড,যাহাকেআসিয়াবলে।

নীলক্রৌঞ্চ, পুং. [নীল+ক্রৌঞ্চ] নীলবক, তৎপর্য্যায়।—নীলাঙ্গ, দীর্ঘগ্রীব, অতি জাগর।   [পতি।

নীলগণেশ, পুং. [নীল+গণেশ] নীলবর্ণগণ-

নীলগ্রীব, পুং. [নীল+গ্রীবা] মহাদেব, শিব; (ত্রি.) নীলবর্ণগ্রীবাযুক্ত।

নীলঙ্গু, পুং. [নীল+গম-উ] অতিশয়ক্ষুদ্রজন্তু, ক্রমিবিশেষ; শৃগাল।

নীলচর্ম্ম, ন. [নীল+চর্ম্মন্] পরূষক; নীল-বর্ণ; নীলবর্ণ ব্যাঘ্রচর্ম্ম।

নীলজ, ন. [নীল+জন-অ] বর্ত্তলোহ;ইস্পাত (ত্রি.) নীলজাত।

নীলঝিণ্টী, স্ত্রী. [নীল+ঝিণ্টী] নীলবর্ণ ঝিণ্টীপুষ্পবৃক্ষ, তৎপর্য্যায়।—নীল-কুরণ্ট, নীলকুসুমা, বালা, বাণা, দাসী, কণ্টার্ত্তগলা।

নীলতরু, পুং. [নীল+তরু] নারিকেলবৃক্ষ।

নীলতাল, পুং. [নীল+তাল] হিন্তাল, হেঁ-তাল; তমাল।

নীলদূর্ব্বা, স্ত্রী. [নীল+দূর্ব্বা] হরিতদূর্ব্বা, তৎপর্য্যায়।—হরিতা, শাম্ভবী, শ্যামা, শীতা, শতপর্ব্বিকা, অমৃতা, পূতা, শত-

গ্রন্থি, অম্লকবল্লিকা, শিবা, শিবেষ্টা, মঙ্গলা, জয়া, সুভগা, ভূতহন্ত্রী, শতমূলা, মহৌষধি, বিজয়া, গৌরী, শান্তা।

নীলধ্বজ, পুং. [নীল+ধ্বজ] রাজাবিশেষ; তমালবৃক্ষ; (ত্রি.) নীলধ্বজা বিশিষ্ট, নীলপতাকা।

নীলনিগুণ্ডী, স্ত্রী. [নীল+নিগুণ্ডী] নীলসিন্ধুবার।

নীলনির্যাসক, পুং. [নীল+নির্যাসক] নীলাসন বৃক্ষ; কৃষ্ণবর্ণ নির্যাস।

নীলপঙ্ক, ন. [নীল+পঙ্ক] অন্ধকার, ধ্বান্ত, তমঃ; কৃষ্ণবর্ণ কর্দ্দম

নীলপত্র, ন. [নীল+পত্র] ইন্দীবর, (ত্রি.) নীলবর্ণপত্র, (পুং.) গুণ্ডতৃণ; অশ্মন্তক বৃক্ষ; নীলাসন বৃক্ষ; দাড়িম।

নীলপদ্ম, ন. [নীল+পদ্ম] নীলকমল, উৎপল। [বিশেষ।

নীলপিঙ্গলা, স্ত্রী. [নীল+পিঙ্গলা] গো জাতি-

নীলপিচ্ছ, পুং. [নীল+পিচ্ছ] শ্যেনপক্ষী, শিকরা, শয়চান

নীলপুনর্ণবা, স্ত্রী. [নীল+পুনর্ণবা] কৃষ্ণবর্ণ পুনর্ণবাশাক, (হিং) নীলগদহপড়োআ, তৎপর্য্যায়।—নীলা, শ্যামা, কৃষ্ণাখ্যা, নীলবর্ষাভূ।

নীলপুষ্প, ন. [নীল+পুষ্প] গ্রন্থিপর্ণ; নীলবর্ণ কুসুম; (পুং.) নীল ভৃঙ্গরাজ; নীলাম্লান। [অপরাজিতা।

নীলপুষ্পা, স্ত্রী. [নীল+পুষ্পা] বিষ্ণুক্রান্তা;

নীলপুষ্পিকা, স্ত্রী. [নীল+পুষ্পিকা] অতসী, নীলী।

নীলপুষ্পী, স্ত্রী. [নীল+পুষ্প-ঈ] নীলবুহ্না।

নীলপৃষ্ঠ, পুং. [নীল+পৃষ্ঠ] মৎস্যবিশেষ, রোহিতমৎস্য।

নীলফলা, স্ত্রী. [নীল+ফল-আ] জম্বু।

নীলবল্লী, স্ত্রী. [নীল+বল্লী] বন্দা।

নীলবর্ষাভূ, স্ত্রী. [নীল+বর্ষাভূ] নীলপুনর্ণবা; (পুং.) কৃষ্ণবর্ণ ভেক।

নীলবসন, পুং. [নীল+বসন] শনৈশ্চর, শনিগ্রহ; (ত্রি.) নীলবস্ত্র, নীলাম্বর, নীলবর্ণ কাপড়; বলরাম।

নীলবস্ত্র, পুং. [নীল+বস্ত্র] বলরাম; (ন.) নীলবর্ণ বসন।

নীলবাসাঃ, পুং. [নীল+বাসস্] শনিগ্রহ।

নীলবুহ্না, স্ত্রী. [নীল+বুহ্না] নীলবৃহ্না, নীলবর্ণ বোনা, তৎপর্য্যায়।—অজান্ত্রী, নীলপুষ্পী, অতি লোমশা।

নীলবৃন্তক, ন. [নীল+বৃন্তক] তূল, কাবাস।

নীলবৃষ, পুং. [নীল+বৃষ] কৃষ্ণবর্ণ বৃষ; বৃষবিশেষ। [বেগুণ।

নীলবৃষা, স্ত্রী. [নীল+বৃষ-আ] বার্ত্তাকী,

নীলবৃক্ষ, পুং. [নীল+বৃক্ষ] বৃক্ষপ্রভেদ, তৎপর্য্যায়।—নীল, বাতারি, শোফনাশন, নরনামা, নখবৃক্ষ, নখালু, নরপ্রিয়।

নীলব্রত, ন. [নীল+ব্রত] ব্রতবিশেষ; নীললোহিত ব্রত।

নীলভৃঙ্গরাজ, পুং. [নীল+ভৃঙ্গরাজ] নীলবর্ণ ভৃঙ্গরাজ, নীলকেশরিআ, নীলভেগরিআ, তৎপর্য্যায়।—মহাভৃঙ্গ, মহানীল, সুনীলক, নীলপুষ্প, শ্যামল।

নীলম, (প্রা) রত্নবিশেষ, নীলকান্ত মণি।

নীলমণি, পুং. [নীল+মণি] স্বনামখ্যাত মণি, নীলম্, নীলকান্ত মণি, রত্নবিশেষ, মসার।

নীলমাধব, পুং. [নীল+মাধব] বিষ্ণু, নারায়ণ, কৃষ্ণ; জগন্নাথদেব।

নীলমাণিক, (প্রা) খদ্যোত, জোনাকিপোকা।

নীলমাস, পুং. [নীল+মাস] রাজমাষ।

নীলমীলিক, পুং. [নীল+মীলিক] খদ্যোত, জোনাকীপোকা।

নীলমৃত্তিকা, স্ত্রী. [নীল+মৃত্তিকা] পুষ্পকাসীস; কৃষ্ণবর্ণ মৃত্তিকা।

নীললোহ, ন. [নীল+লোহ] বর্ত্তলোহ।

নীললোহিত, পুং. [নীল+লোহিত] শিব; নীলরক্ত মিশ্রিত বর্ণ, বেগুণে রঙ্।

নীললোহিতা, স্ত্রী. [নীল+লোহিতা] ভূমিজম্বু।

নীলশিগ্রু, পুং. [নীল+শিগ্রু] নীলশোভাঞ্জন, সজিনাগাছ।

নীলসার, পুং. [নীল+সার] তিন্দুকবৃক্ষ।

নীলসিন্দুবার, পুং. [নীল+সিন্দুবার] কৃষ্ণবর্ণ সিন্দুবার বৃক্ষ, নীলসিঁদুয়ার, তৎপর্য্যায়।—শীতসহা, নিগুণ্ডী, নীলসিন্দুক, সিন্দুক, কপিকা, ভূতকেশী, ইন্দ্রাণী, নীলিকা, নীলনিগুণ্ডী।

নীলা, স্ত্রী. [নীল+আ] নীলবর্ণ মক্ষিকা, নীলবর্ণ মাছি; নীলপুনর্ণবা, নীলী; মল্লাররাগের স্ত্রী।

নীলাঙ্গ, পুং. [নীল+অঙ্গ] সারসপক্ষী; চাসপক্ষী।

নীলাঙ্গু, পুং. [নীল+অঙ্গ-উ] ক্রিমি, কীট, পোকা; (স্ত্রী.) ভম্বরালী, ভ্রমরী; শুষির, বিবর, ছিদ্র।

নীলাঞ্জন, ন. [নীল+অঞ্জন] সৌবীরাঞ্জন, উপধাতুবিশেষ; তুথ, তুতে।

নীলাঞ্জনা, স্ত্রী. [নীল+অঞ্জন-আ] বিদ্যুৎ, সৌদামিনী। [ঞ্জনী ক্ষুপ।

নীলাঞ্জনী, স্ত্রী. [নীল+অঞ্জন-ঈ] কালা-

নীলাঞ্জসা, স্ত্রী. [নীল+অঞ্জস-আ] অপ্সরাবিশেষ; নদীবিশেষ; বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী।

নীলাপরাজিতা, স্ত্রী. [নীল+অপরাজিতা] নীলবর্ণ অপরাজিতা লতা, তৎপর্য্যায়।—নীলপুষ্পী, মহানীলী, নীলগিরি কর্ণিকা, গবাদনী, ব্যক্তগন্ধা, নীলসন্ধ্যা, নীলাদ্রি কর্ণী।

নীলাভ্র, পুং. [নীল+অভ্র] নীলবর্ণ মেঘ।

নীলাব্জ, ন. [নীল+অব্জ] নীলোৎপল, নীলপদ্ম।

নীলাম্বর, ন. [নীল+অম্বর] তালীশপত্র; নীলবস্ত্র; (পুং.) বলদেব; রাক্ষস; শনিগ্রহ; নীলবর্ণ বস্ত্রধারী; নীলবসন।

নীলাম্বুজ, ন. [নীল+অম্বুজ] নীলোৎপল, নীলপদ্ম।

নীলাম্বুজন্ম, ন. [নীল+অম্বুজন্মন্] নীলোৎপল, নীলপদ্ম।

নীলাম্লান, পুং. [নীল+অম্লান] পুষ্প বৃক্ষবিশেষ, (হিং) কালাকোরাঠা, তৎপর্য্যায়।—দাসী, ছাদন, বালা, আর্ত্তগলা, নীলপুষ্প।

নীলাম্লী, স্ত্রী. [নীল+আম্লী] ক্ষুপবিশেষ, (হিং) নল্লবুলগুড়, তৎপর্য্যায়।—নীলপিষ্টোড়ী, শ্যামাম্লী, দীর্ঘশাখিকা।

নীলালু, পুং. [নীল+আলু] কন্দবিশেষ, তৎপর্য্যায়।—অসিতালু, শ্যামলালুক।

নীলাশ্মা, পুং. [নীল+অশ্মন্] নীলমণি, নীলকান্তমণি।

নীলাসন, পুং. [নীল+অসন] অসন বৃক্ষবিশেষ, পিয়াশালপ্রভেদ, তৎপর্য্যায়।—নীলবীজ, নীলপত্র, সুনীলক, নীলদ্রুম, নীলসার, নীলনির্য্যাসক; রতিবন্ধবিশেষ।

নীলিকা, স্ত্রী. [নীল+ইক-আ] নীলসিন্দুবার; নালিনী, শেফালিকা, শিউলী; নেত্ররোগবিশেষ; ক্ষুদ্র রোগবিশেষ; জলেরজ্বর, নীলগাছ।

নীলিনী, স্ত্রী. [নীল+ইন-ঈ] নীলীবৃক্ষ, নীলগাছ; শ্যামত্রিপুটা; অজমীঢ়রাজার পত্নী।

নীলী, স্ত্রী. [নীল+ঈ] বৃক্ষভেদ, নীলের-গাছ, তৎপর্য্যায়।—কালা, ক্লীতকিকা, গ্রামীণা, মধুপর্ণিকা, রঞ্জনী, শ্রীফলী, তুথা, তূণী, দোলা, নালিনী, নীলা, তূলী, দ্রোণী, মেলা, নীলপত্রী, রাঞ্জী, নীলিকা, নীলপুষ্পী, কালী, শ্যামা, শোধনী, শ্রীফলা, গ্রাম্যা, ভদ্রা, ভারবাহী, মোচা, কৃষ্ণা, ব্যঞ্জনকেশী, মহাফলা, অসিতা, ক্লীতনী, কেশী, চারটিকা, গন্ধপুষ্পা, শ্যামলিকা, রঙ্গপত্রী, মহাবলা, স্থিররঙ্গা, রঙ্গপুষ্পী, দূলী, দূলিকা, দ্রোণিকা; নীলিকা রোগ

নীলীরাগ, পুং. [নীলী+রাগ] স্থিরপ্রেম পুরুষ, তৎপর্য্যায়।—স্থিরসৌহৃদ্য; নীল বর্ণ; নায়ক নায়িকার পূর্ব্বরাগবিশেষ।

নীলোৎপল, ন. [নীল+উৎপল] নীলবর্ণ উৎপল, নীলশাঁপলা, তৎপর্য্যায়।—উৎপলক, কুবলয়, ইন্দীবর, কন্দোত্থ, সৌগন্ধিক, সুগন্ধ, কুড্মলক, অসিতোৎপল, নীলপদ্ম।

নীলোৎপলী, পুং. [নীল+উৎপল-ইন্] মঞ্জুঘোষ; শিবরূপবিশেষ।

নীশার, পুং. [নী+শার] হিম ও বায়ু নিবারক আচরণ, কাণ্ডার; কাণ্ডপট; মসারি; কানাৎ

নীহার, পুং. [নী+হার] ঘনীভূত শিশির, বরফ, তৎপর্য্যায়।—অবশ্যায়, তুষার, তুহিন, হিম, প্রালেয়, মহিকা, খজল, নিশাজল, নিহার, মিহিকা।

নীহারস্ফোট, পুং. [নীহার+স্ফোট] বৃহদাকার নীহারপিণ্ড, বরফের বড় চাঙ্গড়।

নীহারিকা, স্ত্রী. [নীহার+ইক-আ] যে সকল নক্ষত্র চক্ষুর গোচর না কিন্তু দূরবীক্ষণ দিয়া দেখিলে কুজ্ঝটিকাবৎ প্রতীয়মান হয়।

নুয়ন, (প্রা) নম্র হওন, বক্রহওন, নয়; বাঁকন।

নু, ব্য বিতর্ক; অপমান; বিকল্প; অনুনয়; অতীত; প্রশ্ন; হেতু; অপদেশ; সম্বোধন; সংশয়; ভেদ; ছল; সম্মান; (পুং.) অনুস্বার।

নুটী, (প্রা) আঁটি, পুলিন্দা, গোছা বেশা।

নুর, (প্রা) গুচ্ছ, গোছা, (বাং) দড়ি।

নুড়ী, (প্রা) ক্ষুদ্র প্রস্তর, কঙ্কর, কাঁকর, শিলাপুত্র।

নুণ, (প্রা) লবণ, লোণ।

নুণিয়া, (প্রা) সলবণ, লোণা, লবণাক্ত।

নুণী, (প্রা) নুণীশাক।

নুত, ত্রি. [নু+ত] স্তুত, কৃতস্তব, প্রশংসিত; পূজিত।

নুতি, স্ত্রী. [নু+তি] স্তুতি, স্তব; পূজা।

নুত্ত, ত্রি. [নুদ্+ত] ক্ষিপ্ত, প্রেরিত, পাঠান।

নুদি, (প্রা) স্থূলোদর, ভুঁড়ি, মোটাপেট।

নুন্ন, ত্রি. [নুদ্+ন] নুত্ত; প্রেরিত, পাঠান; ক্ষিপ্ত, পরিত্যক্ত, ছিন্ন। [ক্লিব।

নুনুড়ী, (প্রা) ঘণ্টার জিহ্বা, ঘুন্টী; আল-

নুয়ান, (প্রা) নতকরণ, বাঁকান, বক্রকরণ।

নুরী, (প্রা) পক্ষীবিশেষ, তোতাপাখী।

নুলো, (প্রা) ক্ষুদ্রহস্তবিশিষ্ট, ভগ্নহস্ত

নূত, ত্রি. [নু+ত] স্তুত, কৃতস্তব, প্রশংসিত।

নূতন, ত্রি. [নু+তন] অপুরাতন, নয়া, তৎপর্য্যায়।—প্রত্যগ্র, অভিনব, নব্য, নবীন, নব, নূত্ন, সদ্যস্ক, অজীর্ণ, অভ্যগ্র, প্রতিনব।

নূত্ন, ত্রি. [নু+ত্ন] নূতন, নবীন, অভিনব।

নূদ, পুং. [নূদ্+অ] ব্রহ্মদারুবৃক্ষ।

নূনং, ব্য, [নূ+নম্] তর্ক, উহ, অর্থ নিশ্চয়, সত্য, অবধারণ; স্মরণ, বাক্যপূরণ।

নূপুর, পুং. ন. [নূ+পুর] স্বনামখ্যাত পাদ ভূষণ, (প্রা) নপুর, তৎপর্য্যায়।—পাদাঙ্গদ, তুলাকোটি, মঞ্জীর, হংসক, পদাঙ্গদ, পাদকটক। [শব্দ।

নৃ, পুং নর, মনুষ্য, পুরুষ; পুংলিঙ্গ বাচক

নৃকপাল, পুং.ন. [নৃ+কপাল] মনুষ্যের মাথার খুলি।

নৃকেশরী, পুং. [নৃ+কেশরী] নরসিংহাবতার নরশ্রেষ্ঠ। [তনয়।

নৃগ, পুং. [নৃ+গম] রাজাবিশেষ, ইক্ষ্বাকু-

নৃঘ্ন, পুং. [নৃ+হন] মনুষ্যঘাতক, মানব হিংসক। [নিশাচর।

নৃচক্ষাঃ, পুং. [নৃ+চক্ষুস্] রাক্ষস, কৌণপ,

নৃচক্ষুঃ, পুং. [নৃ+চক্ষুস্] সুনীথরাজপুত্র।

নৃতি, স্ত্রী. [নৃত+ই] নর্ত্তন, নৃত্য, নাচ; অভিনয়।

নৃতু, পুং. [নৃত+উ] নর্ত্তক; ভূমি; দীর্ঘ; ক্রিমি। [অভিনয়।

নৃত্ত, ন. [নৃত+ত] নৃত্য, নর্ত্তন, নাচ,

নৃত্য, ন. [নৃত+য] তালমানরসাশ্রয়বিলাসযুক্ত অঙ্গের বিক্ষেপ, নাচ, তৎপর্য্যায়।—তাণ্ডব, নটন, নাট্য, লাস্য, নর্ত্তন, নৃত্ত, নাট, লাস, নাস্যক, নৃতি।

নৃদেব, পুং. [নৃ+দেব] রাজা, নরপতি, পার্থিব, ভূপতি; ব্রাহ্মণ।

নৃধর্ম্মা, পুং. [নৃ+ধর্ম্মন্] কুবের, ধনাধিপতি; মনুষ্যধর্ম্মাক্রান্ত।

নৃপ, পুং. [নৃ+পা+অ] নরপতি, রাজা, ভূপাল, ভূপ।

নৃপকন্দ, পুং. [নৃপ+কন্দ] রাজপলাণ্ড।

নৃপতি, পুং. [নৃ+পতি] কুবের; রাজা, ভূপতি, ভূপাল।

নৃপতিবল্লভ, পুং.. [নৃপতি+বল্লভ] ঔষধ বিশেষ, নৃপবল্লভ

নৃপত্ব, ন. [নৃপ+ত্ব] রাজত্ব, প্রভুত্ব, কর্ত্তৃত্ব,

নৃপদ্রুম, ঐং; [নৃপ+দ্রুম] আরগ্বধবৃক্ষ, রাজাদনীবৃক্ষ, শোদালীগাছ।

নৃপনীতি, স্ত্রী. [নৃপ+নীতি] রাজনীতি।

নৃপপ্রিয়, পুং. [নৃপ+প্রিয়] বেষ্টবংশ। বেউড়বাঁশ; রাজপলাণ্ডু; রামবাণ; শালিধান্য; আম্র।

নৃপপ্রিয়ফলা, স্ত্রী. [নৃপ+প্রিয়ফলা] বার্ত্তাকী, বেগুণ।

নৃপপ্রিয়া, পুং. [নৃপ+প্রিয়া] বেগুকী; রাজখর্জ্জূরী

নৃপবদর, পুং. [নৃপ+বদর] রাজবদরবৃক্ষ; (ন.) তৎফল।

নৃপবর, পুং. [নৃপ+বর] নৃপতিশ্রেষ্ঠ, রাজাধিরাজ। [রাজপ্রিয়।

নৃপবল্লভ, পুং. [নৃপ+বল্লভ] রাজাম্র; (ত্রি.)

নৃপবল্লভা, স্ত্রী. [নৃপ+বল্লভা] কেবিকাপুষ্প, ভৃঙ্গমারী, কেবের; রাজমহিষী, রাজ্ঞী।

নৃপমন্দির, ন. [নৃপ+মন্দির] রাজসদন, তৎপর্য্যায়।—সৌধ, রাজগৃহ; প্রাসদ।

নৃপমাঙ্গল্যক, ন. [নৃপ+মাঙ্গল্যক] আহুল্যবৃক্ষ, তরবট, তগর।

নৃপলক্ষ্ম, ন. [নৃপ+লক্ষ্মন্] রাজচ্ছত্র; রাজচিহ্ন। [ধারী।

নৃপলিঙ্গধর, পুং, [নৃপ+লিঙ্গধর] রাজবেশ

নৃপসভ, ন. [নৃপ+সভা] রাজার গৃহ; নৃপসমূহ; রাজসভা।

নৃপাত্মজ, পুং. [নৃপ+আত্মজ] রাজকুমার রাজপুত্র।

নৃপাত্মজা, স্ত্রী. [নৃপ+আত্মজা] কটুতুম্বী, তিতলাউ, রাজকন্যা, রাজপুত্রী।

নৃপাধ্বর, পুং. [পনৃ+অধ্বর] রাজসূয়যজ্ঞ।

নৃপান্ন, ন. [নৃপ+অন্ন] রাজান্ননাম ধান্য; রাজার ওদন।

নৃপাভীর, ন. [নৃপ+আভীর] [illegible], রাজার ভোজন কালীন বাদ/[illegible]।

নৃপাবর্ত্ত, ন. [নৃপ+আবর্ত্ত] রাজ[illegible]

নৃপাময়, পুং. [নৃপ+আময়] রাজযক্ষ্মা, ক্ষয়রোগ, রাজার রোগ।

নৃপাল, পুং. [নৃ+পাল] রাজা, ভূপতি, ভূপ।

নৃপাসন, ন. [নৃপ+আসন] রাজাসন, সিংহাসন, ভদ্রাসন।

নৃপাহ্বয়, পুং. [নৃপ+আহ্বয়] রাজ পলাণ্ডু; নৃপনামা।

নৃপোচিত, পুং. [নৃপ+উচিত] রাজমাষ; (ত্রি.) রাজযোগ্য

নৃবরাহ, পুং. [নৃ+বরাহ] বরাহরূপধৃগভগবদবতার। [করণ।

নৃযজ্ঞ, পুং. [নৃ+যজ্ঞ] অতিথিসেবা, আতিথ্য-

নৃশংস, পুং. [নৃ+শনৃস] ক্রূর, পরদ্রোহী, নিষ্ঠুর, পরমদ্বেষী।

নৃসিংহ, পুং. [নৃ+সিংহ] বিষ্ণু, বিষ্ণুর দশাবতারের মধ্যে চতুর্থ পূর্ণাবতার, মহাবিষ্ণু; ষোড়শ রতিবন্ধান্তর্গত নবমবন্ধ; নরশ্রেষ্ঠ, প্রধান মনুষ্য।

নৃসিংহচতুর্দ্দশী, স্ত্রী. [নৃসিংহ+চতুর্দ্দশী] বৈশাখ মাসের শুক্লা চতুর্দ্দশী।

নৃসেনা, ন. স্ত্রী. [নৃ+সেনা] মনুষ্যাদিগের সেনা।

নৃসোম, পুং. [নৃ+সোম] নরশ্রেষ্ঠ, প্রধানমনুষ্য, নরচন্দ্রমা।

নৃহরি, পুং. [নৃ+হরি] নৃসিংহাবতার, নরসিংহ।

নেউট, (প্রা) পোষাজন্তু, বশীভূত।

নেউটন, (প্রা) ফিরণ; যাতায়াত করণ।

নেউটপাড়া, (প্রা) যাতায়াতকরণ, যাওয়া আসাকরণ।

নেউল, (প্রা) বেজী, নকুল।

নেং, (প্রা) পাদ, অঙ্ঘ্রি, জঙ্ঘা।

নেংচান, (প্রা) নেংড়ান, খোড়ান

নেংট, (প্র.) উলঙ্গ, নগ্ন, বিবস্ত্র; কাছ।

নেংটিয়া, (প্রা) ক্ষুদ্রমুষিক, ছোট উন্দুর।

[illegible] (প্র.) ন্যাটা, বামহস্তে কর্ম্মকারা।

নেকড়া, (প্রা) ছিন্নবস্ত্র, জীর্ণ বসনখণ্ড, চীর, কানি।

নেকড়িয়া, (প্রা) বৃক, ব্যাঘ্রবিশেষ, ভেড়িয়া বাঘ, গোবাঘা।

নেকা, (প্রা) অস্পষ্ট বাক, অবোধ; ঠোঁটা।

নেকার, (প্রা) বমন, বমি।
নেঙ্গ, (প্রা) দীর্ঘ করিয়া পাদক্ষেপণ, লম্ফ, লাফ।
নেঙ্গড়া, (প্রা) পাদবিকল, খঞ্জ, খোঁড়া।
নেঙ্গা, (প্রা) বামহস্তে বলাধিক্য; অনাবৃত।
নেঙ্গুল, (প্রা) লাঙ্গুল, লেজ, পুচ্ছ।
নেঙ্গলেজ, (প্রা) লাঙ্গুল, লেঙ্গুড়, পুচ্ছ।
নেজক, পুং. স্ত্রী. [নিজ+অক] নির্নেজক, রজক, বর্ণসঙ্কর জাতিবিশেষ, ধোপা, প্রক্ষালক। [ধিক্য।
নেটা, (প্রা) ন্যাঙঃ, যাহার বামহস্তে বলা-
নেটুয়া, (প্রা) নট, নর্ত্তক, ভণ্ড।
নেড়া, (প্রা) মুণ্ডিকেশ, মুণ্ড; ছদ্ম, বৈষ্ণব বেশধারী, ভিক্ষুক বিশেষ। [সিজ।
নেড়াসিজ, (প্রা) বৃক্ষবিশেষ, তেকাঁটা-
নেড়ী, (প্রা) ছদ্মবৈষ্ণবী; গায়কী বিশেষ
নেড্যা, (প্রা) যবন, ম্লেচ্ছজাতি।
নেত, (প্রা) বস্ত্রবিশেষ, ছিন্নবস্ত্র।
নেতা, ত্রি. [নী+তৃ] প্রভু, স্বামী, নায়ক; নিম্ববৃক্ষ; প্রাপয়িতা, গ্রহীতা, অ' গামী; গৃহমার্জ্জনোপযোগিখণ্ড ব-পুঞ্জ।
নেতাড়ী, (প্রা) অর্দ্ধশ্লোক; অর্দ্ধ সংশ্রব।
নেত্র, ন. [নী+ত্র] চক্ষুঃ, নয়ন, অক্ষি; জটা; অংশুক; মন্থগুণ; বৃক্ষমূল; রথ; (ত্রি.) নেতা, নায়ক; নাড়ী; বস্তিশলাকা।
নেত্রচ্ছদ, পুং. [নেত্র+ছদ] নেত্রপিধায়ক চর্ম্মপুট, চক্ষুরপাতা
নেত্রপর্য্যন্ত, পুং. [নেত্র+পর্য্যন্ত] অপাঙ্গ, কটাক্ষ; (ত্রি.) নয়নাবধি, নয়নপর্য্যন্ত।
নেত্রপিণ্ড, পুং. [নেত্র+পিণ্ড] বিড়াল, মার্জ্জার; চক্ষুর্গোলক।
নেত্রপুষ্করা, স্ত্রী. [নেত্র+পুষ্করা] রুদ্রজটা।
নেত্রমণি, পুং. [নেত্র+মণি] চক্ষুরতারা, নেত্রস্থজ্যোতিরূপ।
নেত্রমল, ন. [নেত্র+মলা] চক্ষুরমল বা পিচুটী। [লতা।
নেত্রমীনা, স্ত্রী. [নেত্র+মীনা] যবতিক্তা-
নেত্রযোনি, পুং [নেত্র+যোনি] ইন্দ্র, শক্র, দেবরাজ; চন্দ্র; শশধর, বিধু।
নেত্ররঞ্জন, ন. [নেত্র+রঞ্জন] কজ্জল, অঞ্জন, কাজল। [ক্ষিপীড়া।
নেত্ররোগ, পুং. [নেত্র+রোগ] চক্ষুরোগ, অ-
নেত্ররোগহা, পুং. [নেত্র+রোগহন্] বৃশ্চিকালীবৃক্ষ, বিচাটীগাছ; (ত্রি.) চক্ষুরোগ নাশক। [অক্ষিপীড়া।
নেত্রাময়, পুং. [নেত্র+আময়] চক্ষুরোগ,
নেত্রাম্বু, ন. [নেত্র+অম্বু] অশ্রু, চক্ষুরজল।
নেত্রারি, পুং. [নেত্র+অরি] সেহুণ্ডবৃক্ষ, স্নূহী, মনসাগাছ
নেত্রী, স্ত্রী. [নেত্র+ঈ] লক্ষ্মী; নাড়ী; নদী; প্রাপণকর্ত্রী।
নেত্রোপমফল, পুং. [নেত্র+উপম-ফল] বাতাদ, বাদাম্।
নেত্রৌষধ, ন. [নেত্র+ঔষধ] পুষ্পকাসীস চক্ষুরোগের ঔষধিমাত্র, মলীমস।
নেত্রৌষধী, স্ত্রী. [নেত্র+ঔষধী] অজশৃঙ্গী, কোঁগা।
নেদি, (প্রা) গোময়পিণ্ড, ঘুঁটে
নেদিষ্ঠ, ত্রি. [অন্তিক+ইষ্ঠ] অন্তিকতম, সমীপ, অতিনিকট; নিপুণ; (পুং.) বৃক্ষবিশেষ, অঙ্কোঠবৃক্ষ।
নেদীয়ান্, ত্রি. [অন্তিক+ইয়স্] নেদিষ্ঠ, অত্যন্ত সমীপ, অতিশয়নিকট।
নেন্য, ত্রি. [নী+অ] সর্ব্বদা পরিগৃহীত।
নেপ, পুং. [নী+প] পুরোহিত; জল, উদক; (প্রা) শীতনিবারক আচ্ছাদনবিশেষ। [রঙ্গভূমি।
নেপথ্য, ন. [নে+পথ্য] বেশ; অলঙ্কার;
নেপা, (প্রা) ত্বক্, চর্ম্ম, ছাল।
নেপাল, পুং. [নে+পাল] স্বনাম প্রসিদ্ধ-দেশবিশেষ।
নেপালনিম্ব, পুং. [নেপাল+নিম্ব] নেপাল-দেশোদ্ভব নিম্ববৃক্ষ, তৎপর্য্যায় '।—নৈপাল, তৃণনিম্ব, জ্বরান্তক, নাড়ীতিক্ত, নিদ্রারি, সন্নিপাতরিপু।
নেপুর, (প্রা) নুপুর। [শিলা।
নেপালিকা, স্ত্রী. [নেপাল+ইক-আ] মনঃ
নেবা, (প্রা) রোগবিশেষ, পাণ্ডুবর্ণচক্ষুরোগ।
নেবু, (প্রা) লেবু, জম্বীর

নেম, পুং. [নী+ম] কাল; অবধি; খণ্ড; প্রাকার; কৈতব; অর্দ্ধ; গর্ত্ত; নাট্যাদি; অন্য, সায়ংকাল; কীল; মূল্য; ঊর্দ্ধ।

নেমি, স্ত্রী. [নী+মি] চক্রপরিধি, রথচক্রের ভূমিস্পর্শি ভাগ, তৎপর্য্যায়।—প্রধি, নেমী; কূপোপরিস্থ পট্টপ্রান্তভাগ; ভূমিস্থ কূপপট্ট; কূপের নিকট সমান-স্থান; (ত্রি.) কূপেরসমীপে রজ্জুধারণের নিমিত্ত ত্রিদারুযন্ত্র, ত্রিকা. (পুং.) জিন-বিশেষ; তিনিশবৃক্ষ, তিনাশ।

নেমিচক্র, পুং. [নেমি+চক্র] পরীক্ষিদ্বংশ-জাত অসীমকৃষ্ণের পুত্র।

নেমী, পুং. [নেমি+ইন] তিনিশবৃক্ষ, তিনাশ; (স্ত্রী.) নেমি, রথচক্রেরশেষ ভাগ।

নেয়ে, (প্রা) নাবিক, কর্ণধার, মাঝি।

নেলান, (প্রা) চেতান; প্রেরণ; দর্শান।

নেশা, (যাং) মত্ততা, মাতলামি।

নেশাখুরী, (যাং) উন্মত্ততা, নেশাবাজী।

নেষ্টা, পুং. [নিস+তৃ] ঋত্বিক্, পুরোহিত।

নেশাখোর, (যাং) মদ্যপানাসক্ত, নেশাবদ্ধ।

নেহাই, (হি) শূর্ম্মি, লোহপ্রতিমা, নিহানী।

নেহারণ, (প্রা) দর্শন, অবলোকন, দেখন।

নৈ, (প্রা) মৃত্তিকাদিরপিণ্ড, নবীনস্ত্রী গোবৎস

নৈকটিক, ত্রি. [নিকট+ইক] নিকটবর্ত্তী, সমীপবর্ত্তী।

নৈকট্য, ন. [নিকট+য] নিকটত্ব, সামীপ্য।

নৈকভেদ, ত্রি, [নৈক+ভেদ] উচ্চাবচ, নানাবিধ, অনেক প্রকার।

নৈকষেয়, পুং. [নিকষা+এয়] নিকষাপুত্র, রাক্ষস, রাবণ প্রভৃতি।

নৈকৃতিক, ত্রি. [নিকৃতি+অক] নিষ্ঠুর, অপ-কৃষ্ট।

নৈগম, পুং. [নিগম+অ] উপনিষৎ; বণিক; নাগর, নগরবাসী; নয়; নায়ক; শ্রুতি; পথ; (ত্রি.) নিগম সম্বন্ধীয়।

নৈচিক, ন. [নিচিক+অ] গো শিরোভাগ, গরুর মাথা।

নৈচিকী, স্ত্রী. [নৈচিক+ঈ] উত্তমাগাভি।

নৈজ, ত্রি. [নিজ+অ] নিজসম্বন্ধীয়, স্বীয়, আপন সম্বন্ধীয়।

নৈত্য, ন. [নিত্য+অ] নিত্যত্ব, নিত্য সম্বন্ধ, স্থায়িত্ব।

নৈধান, ত্রি. [নিধান+অ] নিধান সম্বন্ধীয়।

নৈধানী, স্ত্রী. [নিধান+অ+ঈ] অনশ্বর; ভূমিচিহ্ন।

নৈপাল, পুং. [নেপাল+অ] নেপালনিম্ব; (ত্রি.) নেপাল দেশ সম্বন্ধীয়।

নৈপালিক, ন. [নেপাল+ইক] তাম্র, তাঁমা, তাঁবা; নেপাল দেশোদ্ভব।

নৈপালী, স্ত্রী. [নেপাল+অ+ঈ] নবমল্লিকা; শেফালিকা; মনঃশিলা; নিলী।

নৈপুণ, ন. [নিপুণ+অ] নৈপুণ্য, নিপুণতা, দক্ষতা, পটুতা। [পটুতা।

নৈপুণ্য, ন. [নিপুণ+য] নিপুণতা, দক্ষতা,

নৈবিড্য, ন. [নিবিড়+য] বংশফুৎকার গুণ বিশেষ; নিবিড়তা।

নৈবেদ্য, ত্রি. [নিবেদ+য] দেবতাদিগের নিবেদনীয় দ্রব্য, তৎপঞ্চবিধ, যথা।—ভক্ষ্য, ভোজ্য, লেহ্য, পেয়, চোষ্য; ত্যক্তদ্রব্য।

নৈবেশিক, ন. [নিবেশ+ইক] নিবেশনের নিমিত্ত গার্হস্থ্যকে কন্যাদান, (ত্রি.) নি-বেশ সম্বন্ধীয়।

নৈমিত্তিক, ত্রি. [নিমিত্ত+ইক] নিমিত্ত,জন্য, হেতু, কারণ সম্ভূত।

নৈমিত্তিকক্রিয়া, স্ত্রী. [নৈমিত্তিক+ক্রিয়া] নিমিত্ত নিশ্চয়ের ন্যায় অধিকারি কর্ত্তব্য কর্ম্ম।

নৈমিত্তিকদান, ন. [নৈমিত্তিক+দান] নিমিত্ত নিশ্চয়বদধিকারি কর্ত্তব্য দান।

নৈমিত্তিকলয়, পুং. [নৈমিত্তিক+লয়] প্রলয় বিশেষ, ব্রহ্মার দিনাবসান নিমিত্ত ত্রৈ-লোক্যের লয়।

নৈমিত্তিকস্নান, ন. [নৈমিত্তিক+স্নান] নিমিত্ত নিশ্চয়বদধিকারি কর্ত্তব্য স্নান।

নৈমিষ, ন. [নিমিষ+অ] নৈমিষারণ্য; (ত্রি.) ক্ষণিক।

নৈমিষারণ্য, ন. [নৈমিষ+অরণ্য] অরণ্য বিশেষ; শৌনকাশ্রম। [ময়, বদল।

নৈমেয়, পুং. [নি+মায়] পরিবর্ত্ত, বিনি-

নৈয়গ্রোধ, ন. [ন্যাগ্রোধ+অ] ন্যগ্রোধফল, বটফল; ন্যগ্রোধজাত চমসাদি।

নৈয়ঙ্কব, ত্রিং: [ন্যঙ্কু+অ] ন্যঙ্কুমৃগজাত বস্ত্র চর্ম্মাদি।

[নির্দ্দেশ।

নৈয়ত্য, ন. [নিয়ত+য] নিয়তত্ব, নিশ্চয়,

নৈয়ায়িক, পুং. [ন্যায়+ইক] ন্যায়বেত্তা, ন্যায়াধ্যাপক, তৎপর্য্যায়।—অক্ষপাদ, সাম্বাদিক, আর্হিত, তার্কিক।

নৈযুক্ত, ন. [নিযুক্ত+অ] নিয়োগ; (ত্রি.) নিযুক্ত সম্বন্ধীয়।

[সর্ব্বদা।

নৈরন্তর্য্য, ন. [নিরন্তর+য] নিরন্তরত্ব,

নৈরাশ্য, ন. [নিরাশ+য]আশাভাব, নিরাশ, হওয়া, হতাশ হওয়া, বাঞ্ছারহিত।

নৈরুক্ত, ত্রি. [নিরুক্ত+অ] নিরুক্ত সম্বন্ধীয়।

নৈর্ঋত, পুং, [নির্ঋতি+অ] রাক্ষস; নাভির পশ্চিম দক্ষিণকোণের অধিপতি; (স্ত্রী.) নৈর্ঋতকোণ।

নৈর্ঋতী, স্ত্রী. [নির্ঋত+অ-ঈ] পশ্চিম দক্ষিণের মধ্যদিক্, নৈর্ঋতকোণ।

নৈর্গুণ্য, ন. [নির্গুণ+য] নির্গুণত্ব, মূর্খত্ব।

নৈর্ধন্য, ন. [নির্ধন+য] নির্ধনতা, দরিদ্রতা।

নৈর্ম্মল্য, ন. [নির্ম্মল+য] নির্ম্মলত্ব, পরিষ্কার, নির্ম্মল; বিষয়ে বৈরাগ্য।

নৈল্য, ন. [নীল+য] নীলত্ব, নীলের ভাব, নীলিমা।

নৈশ, ত্রি. [নিশা+অ] নিশাসম্বন্ধীয়, নিশাভব, রাত্রিকালীন।

নৈশক, ত্রি. [নিশা+অক] নিশাসম্বন্ধীয়, নিশাভব, রাত্রিকালীন।

নৈশ্চিত্য, ন. [নিশ্চিত+য়] নিশ্চিতত্ব, নিশ্চয়, স্থিরতা।

নৈষধ, পুং. [নিষধ+অ] নলরাজা; (ত্রি.) নিষধ সম্বন্ধীয়।

নৈষ্কর্ম্ম্য, ন. [নিষ্কর্ম্মন্+অ] কর্ম্মরহিত, নিষ্কারণ।

নৈষ্কশতিক, ত্রি. [নিষ্ক+শতিক] শতনিষ্কমূল্যের উপযুক্ত।

[ত্রক।

নৈষ্কৃতিক, ত্রি. [নিষ্কৃতি+ক] অপকৃষ্ট, হিং-

নৈষ্কিক, পুং. [নিষ্ক+ইক] রূপ্যাধ্যক্ষ,রৌপ্য বিষয়ে নিযুক্ত; টঙ্ককপতি, টাকশালের অধ্যক্ষ; রৌপ্যনির্ম্মিত পুরুষাশ্বাদি।

নৈষ্ঠিক, পুং. [নিষ্ঠা+ইক] ব্রহ্মচর্য্যা, যাবজ্জীবন গুরুগৃহে যিনি বাস করেন; (ত্রি.) অন্তিম, চরমকালীন।

নৈষ্ঠুর্য্য, ন. [নিষ্ঠুর+য] নিষ্ঠুরতা।

নৈষ্ঠ্য, ন. [নিষ্ঠা+য[নিষ্ঠতা, দৃঢ়বিশ্বাস।

নৈসর্গিক, ত্রি. [নিসর্গ+ইক] স্বভাবিক, স্বভাবত।

নৈসর্গিকবিধান. ন. [নৈসর্গিক+বিধান] মানবজাতির ঐষ্ঠিক নিয়মানুসারী পরস্পর ব্যবহার ব্যবস্থাপক শাস্ত্র, যথা—কেহ কাহাকেও হিংসা করিবে না।

নৈস্ত্রিংশিক, ত্রি. [নিস্ত্রিংশ+ইক] খড়্গধারী অসি বিশিষ্ট, খড়্গদ্বারায় যিনি প্রহার করেন, তৎপর্য্যায়।—অসিহেতি, অসিহেতিক।

নৈহারিকনক্ষত্র, ন. [নৈহারিক+নক্ষত্র] সকল নীহারিকা নক্ষত্রের লক্ষণাক্রান্ত বোধ হয়।

নো, ব্য. নহি, অভাব; নিষেধ, না।

নোয়ান, (প্রা) বাঁকান, বক্রীকৃত, নতকরা।

নোকসান, (যাং) ক্ষতি, হানি, অপচয়।

নোঙ্গর, (যাং) বৃহৎ নৌকা বদ্ধকরণের যন্ত্র বিশেষ।

[ষ্কৃত।

নোঙ্গরা, (প্রা) অপবিত্র, অশুদ্ধ, অপরি-

নোড, (প্রা) ভাঁজ, খাইদ, মরা; কৃত্রিমমুদ্রা; ফলবিশেষ।

নোড়া, (প্রা) বাটনী, পেষণী, ক্ষুদ্রশিলা।

নোণা, (প্রা) সলবণ, লবণাক্ত; ফলবিশেষ।

নোণাটেঙ্গরা, (প্রা) মৎস্যবিশেষ।

নোণাভাঁটী, (প্রা) বৃক্ষবিশেষ।

নোদন, ন. [নুদ+অন] প্রেরণ, নিঃসারণ; অপসারণ; ছেদন।

নোধাঃ, পুং. [নোধ+অস্] ঋষিবিশেষ।

নোনা, (প্রা) ফলবিশেষ।

নোপস্থাতা, ত্রি.[ন+উপ-স্থা-তৃ]দুরস্থ, অসমীপস্থ; অনুপস্থিত, হীনার্থী বিশেষ।

নোয়া, (প্রা) নম্র, বক্রী, ভুত; লৌহ।

নৌ, স্ত্রী. নৌকা, তরী, তরণী, জলযান।

নৌকা, স্ত্রী; [নৌ+ক+আ] নদ্যাদি সন্তরণ নিমিত্ত কাষ্ঠাদি নির্ম্মিত যানবিশেষ, বারিরথ, তৎপর্য্যায়।—নৌ, তরিকা, তরণি, তরণী, তরি, তরী, তরণ্ডী, তরণ্ড, পাদালিন্দা, উৎপ্লবা, হোড়, বাধু, বার্দ্ধট, বহিত্র, পোত, বহন।

নৌকাদণ্ড, পুং. [নৌকা+দণ্ড] ক্ষেপণী, চাইড়, ধ্বজী, নগী; দাঁড়।

নৌতার্য্য, ত্রি. [নৌ+তার্য্য] নাব্য, নৌকাগম্য দেশাদি।

নৌবিদ্যা, স্ত্রী. [নৌ+বিদ্যা] নাবিকবিদ্যা।

নৌযায়ী, ত্রি. [নৌ+যায়িন] নৌকায় গমনকারী।

ন্যক্কার, পুং. [ন্যক্+কার] ন্যক্করণ, ঘৃণা, তৎপর্য্যায়।—অবজ্ঞা, পরীহার, পরিহার, পরাভব, অপমান, পরিভব, তিরস্কার, তিরস্ক্রিয়া, অবহেলা, হেলা, অবহেলন, হেলন, অনাদর, অভিভব, সুক্ষণ, সুর্ক্ষণ, রীঢ়া, অভিভূতি, নিকৃতি, অসুক্ষণ, অসুর্ক্ষণ, নীকার, অবহেল, অমানন, ক্ষেপ, নিকার, ধিক্কার; বিমাননা।

ন্যক্কারুকা, স্ত্রী. [ন্যক্কার+উকা] কীটবিশেষ, বিষ্ঠাক্রিমি।

ন্যক্কার্য্য, ত্রি. [ন্যক্+কার্য্য] ঘৃণার্হ; বমনোৎপাদক। [বিশেষ।

ন্যগ্জাতি, ত্রি. [ন্যক্+জাতি] নীচজাতি-

ন্যগ্রোধ, পুং. [নক্+রোধ] বটবৃক্ষ, বটগাছ; ব্যাম পরিমাণ; শমীবৃক্ষ, শাঁইগাছ; বিষপর্ণী; মোহনাখ্যৌষধি।

ন্যগ্রোধপরিমণ্ডল, পুং. [ন্যগ্রোধ+পরিমণ্ডল] তির্য্যক্, বাহু প্রসারিত পুরুষ।

ন্যগ্রোধপরিমণ্ডলা, স্ত্রী. [ন্যগ্রোধ+পরিমণ্ডল-আ] অঙ্গনাবিশেষ, যে স্ত্রীলোকের গ্রীষ্মে শীতল; শীতে উষ্ণদেহ; সুকঠিন স্তন ও বিশাল নিতম্ব এবং মধ্যক্ষীণা সেই স্ত্রীকে ন্যগ্রোধ পরিমণ্ডলা কহে, যথা।—স্তনৌ সুকঠিনৌ যস্যা নিতম্বে চ বিশালতা। মধ্যে ক্ষীণা ভবেদ্যা সা ন্যগ্রোধ পরিমণ্ডলা।

ন্যগ্রোধা, স্ত্রী. [ন্যগ্রোধ+আ] ন্যগ্রোধী, ইন্দুরকাণী

ন্যগ্রোধী, স্ত্রী. [ন্যগ্রোধ+ঈ] উপচিত্রা, ইন্দুরকাণী, খুলকুড়ী।

ন্যঙ্, ত্রি; [নি+অঞ্চ] নীচ, খর্ব্ব; নিম্ন; কাৎর্স্ন্য।

ন্যঙ্কু, পুং; [নি+অঞ্চ+উ] মৃগবিশেষ; মণিবিশেষ। [বৃক্ষ

ন্যঙ্কুভূরুহ, পুং. [ন্যঙ্কু+ভূরুহ] শোণক-

ন্যঙ্চা, (প্রা) মেঙ্গড়া, খঞ্জ, খোঁড়া।

ন্যঞ্চিত, ত্রি. [নি+অঞ্চিত] অধঃক্ষিপ্ত, নিচে ফেলা। [মেচেতা।

ন্যচ্ছ, ন. [ন+যচ্ছ] ক্ষুদ্র রোগবিশেষ,

ন্যয়, পুং. [নি+অয়] অপচয়।

ন্যর্দ্দ, ত্রি. [নি+অর্দ্দ-অ] জিজ্ঞাসিত।

ন্যসন, ন. [নি+অসন] অর্পণ।

ন্যস্ত, ত্রি. [নি+অস-ত] নিহিত, স্থাপিত; অর্পিত, নিসৃষ্ট, নিঃক্ষিপ্ত; ত্যক্ত।

ন্যস্তশস্ত্র, পুং; [ন্যস্ত+শস্ত্র] পিতৃলোক; (ত্রি.) ত্যক্তশস্ত্র, যে অস্ত্র পরিত্যাগ করিয়াছে।

ন্যক্ষ, ন. [নি+অক্ষ] কাৎর্স্ন্য, সাকল্য; তৃণ; (পুং.) মহিষ; জামদগ্ন্য, পরশুরাম; (ত্রি.) নিকৃষ্ট।

ন্যাক্য, ন. [ন্যঅক+য] ভৃষ্টতণ্ডুল, মুড়ী, ভাজাচাউল, তৎপর্য্যায়।—ভৃষ্টান্ন, কুহব।

ন্যাকা, (প্রা) অস্পষ্টবাক্, অবোধ।

ন্যাকামী, (প্রা) মূর্খতা, অবোধতা, উন্মত্ততা, পাগলামীকরা।

ন্যাকার, (প্রা) ন্যক্কার, বমন, বমি।

ন্যাটা, (প্রা) বামহস্ত প্রবল।

ন্যাড়া, (প্রা) কেশহীন, চুলরহিত।

ন্যাদ, পুং. [নি+আ-অদ] আহার, ভোজন।

ন্যায়, পুং. [নি+আয়] বিষ্ণু; উচিত, তৎপর্য্যায়।—অভ্রেষ, কল্প, দেশরূপ, সমঞ্জস; প্রতিজ্ঞা হেতু উদাহরণ উপনয় নিগমন এই পঞ্চাবয়বযুক্ত, ন্যায় বাক্য; ষড়্দর্শনান্তর্গত দর্শন বিশেষ, তৎপর্য্যায়।—তর্কবিদ্যা, আন্বিক্ষিকী;

উদাত্ত, অনুদাত্তস্বর, এই বিবিধ স্বর; যাথার্থ্য, উপযুক্ততা, উপচিত, বিচার; বিতর্ক, বিবেচনা; সদৃশ, যুক্তিমূলক দৃষ্টান্ত বিশেষ,ইহা বহুবিধ,তাহার মধ্যে প্রসিদ্ধ নামাদিলক্ষণ যথা।-অন্ধগোলাঙ্গুল, অন্ধপঙ্গু, অন্ধহস্তী, অশোকবনিকা, উষ্ট্রকণ্টকভোজন, কদম্বগোলক, করকঙ্কণ, কাকাক্ষি গোলক, কূর্ম্মাঙ্গ, কৈমুতিক, খলেকপোত, গুড়জিহ্বিকা, গোবলীবর্দ্দ, চালণী, তৃণারণিমণি, দগ্ধপত্র, দণ্ডচক্রাদি, দণ্ডাপূপ, পঙ্কপ্রক্ষালন, মণিমন্ত্রাদি, রাজপুরপ্রবেশ, লূতাতন্তু, বিশেষ্য বিশেষণ, বীচীতরঙ্গ, বীজাঙ্কুর, শঙ্খবেলা, শতপত্রভেদ, শৃঙ্গগ্রাহিতা, সন্দংশপ্রাপিত, সর্ব্বাপেক্ষা, সূচীকটাহ, স্থবিরলগুড়, ইত্যাদিন্যায়।

ন্যায়কর্ত্তা, পুং. [ন্যায়+কর্ত্তা] বিচারক, তর্কশাস্ত্রবেত্তা; গৌতম।

ন্যায়তঃ, ত্রি. [ন্যায়+তস্] যাথার্থতঃ, বিচারতঃ, যুক্তিসিদ্ধ।

ন্যায়পথ, পুং. [ন্যায়+পথ] যথার্থবর্ত্ম, ধর্ম্মপথ।

ন্যায়পরতা, স্ত্রী. [ন্যায়+পরতা] যে বৃত্তি দ্বারা যাথার্থের নিরূপণ হয়।

ন্যায়সারিণী, স্ত্রী. [ন্যায়+সারিন্-ঈ] যুক্তিপূর্ব্বক কর্ম্মকারিণী, লুণ্ঠী।

ন্যায়ী, পুং. [ন্যায়+ইন্] ন্যায়বান্ বিচারক, ন্যায়পর; উচিতবক্তা; যুক্তিকারক।

ন্যায্য, ত্রি. [ন্যায়+য] ন্যায় হইতে অনপেত, ন্যায়াগত ধনাদি, তৎপর্য্যায়।— যুক্ত, ঔপয়িক, লভ্য, ভজমান, অভিনীত, ক্রমোচিত, যথার্থ, উচিত, উপযুক্ত, যুক্তিসিদ্ধ।

ন্যাল, (প্রা) সূত্রাদি নির্ম্মিত রজ্জুবিশেষ; যথেষ্ট; অদেনা।

ন্যাস, পুং. [নি+আস] উপনিধি, স্থাপ্যদ্রব্য; নিক্ষেপ, গচ্ছিতকরণ, বিন্যাস, অর্পণ; ত্যাগ; কাশিকাখ্য পাণিনিসূত্র ব্যাখ্যান গ্রন্থবিশেষ; সন্ন্যাস; নাসিকা গ্রহণপূর্ব্বক বায়ুর পূরক কুম্ভক রেচকাদিরূপ প্রণায়াম বিশেষ।

ন্যুঙ্খ, পুং. [নি+উঙ্খ] সামবেদীয় নিযত ষট্ প্রণব; সম্যক্; মনোজ্ঞ; সুন্দর।

ন্যুব্জ, ন. [নি+উব্জ] কর্ম্মরঙ্গফল; শ্রাদ্ধাদিপাত্রবিশেষ; (পুং.) কুশময়স্রুক্; কুশ; স্রুক্; (ত্রি.) কুব্জ, কুঁজো, অধোমুখ, বক্র, উপুড়; রোগেরদ্বারা ক্লিষ্ট; রোগদ্বারা বক্রীকৃতপৃষ্ঠাধোমুখ পুরুষাদি; হাতা: গোলবস্তুর বাহিরেরদিক্।

ন্যুব্জখড়্গ, পুং. [ন্যুব্জ+খড়্গ] কুব্জখড়্গ, বাঁকাতরবার তৎপর্য্যায়।—কটীতল।

ন্যূন, ত্রি. [নি+উন] গর্হ্য, নিন্দনীয়; নিচু, ক্ষুদ্র; উন, অসম্পূর্ণ, অল্প।

ন্যূনতা স্ত্রী. [ন্যূন+ত-আ] জঘন্যতা; অল্পতা, অসম্পূর্ণতা।

ন্যূনত্ব, ন. [ন্যূন+ত্ব] অল্পতা; কমি; হীনতা।

ন্যূনপঞ্চাশদ্ভাব, পুং. [ন্যূন+পঞ্চাশদ্ভাব] ঊনপঞ্চাশদ্ভাব, পাগল।

ন্যূনাতিরেক, ত্রি. [ন্যূন+অতিরেক] অল্পাধিক, কমবেশ।

ন্যূনাধিক, ত্রি. [ন্যূন+অধিক] অল্পাধিক, কমবেশ। [কমবেশ।

ন্যূনাধিক্য, ন. [ন্যূন+আধিক্য] অল্পাধিক্য,

নৃস্থিমালী, পুং. [নৃ+অস্থি-মালিন্] শিব, মহাদেব; (ত্রি.) নরাস্থিমালাধারী।

প

পকার, পঞ্চমবর্গের প্রথমঅক্ষর, ব্যঞ্জনের একবিংশবর্ণ, ওষ্ঠ হইতে ইহার উচ্চারণহয়, তৎপর্য্যায়।—লোহিত, পার্শ্ব, শূর অষ্টনামানি যথা।—পুরপ্রিয়তা; তীক্ষ্ণা; লোহিত; পঞ্চম; রমা; গুহ্যকর্ত্তা; নিধি; শেষ; কালরাত্রি; সুবাহিতা; তপন; পালন; পাতা; পদ্মরেণু; নিরঞ্জন; সাবিত্রী; পাতিনী; পান; বীরতন্ত্ব; ধনুর্দ্ধর; দক্ষপার্শ্ব; সেনানী; মরীচি; পবন;

নোয়ান, (প্রা) নামান, নতকরণ, নম্রকরণ।

শনি; উড্ডীশ; জয়িনী; কুম্ভ; অলস; রেখা; মোহক; মূলা; দ্বিতীয; ইন্দ্রাণী; লোকাক্ষী; মন; আত্মন।

প, পুং. পবন, বায়ু; পর্ণ, পত্র; পান; পাতা, পালনকর্ত্তা।

পইঠা, (প্রা) সিঁড়ি, সোপান, ধাপ।

পংক্তি, স্ত্রী. [পচ+ক্তি] শ্রেণী, সারী; দশাক্ষরচ্ছন্দঃ।

পঁইছা, (প্রা) স্ত্রীলোকের হস্তাভরণবিশেষ।

পঁইত্রিশ, (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চত্রিংশৎ, ৩৫

পঁহুছন, (প্রা) আগমন, উত্তরণ, আইসন।

পঁচাত্তর, (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চসপ্ততি, ৭৫

পঁচানব্বই, (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চনবতি, পঁচানই ৯৫।

পঁচাশী, (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চাশীতি, ৮৫।

পঁচিশ, (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চবিংশতি, ২৫।

পঁয়চাল্লিশ, (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চচত্বারিংশৎ, ৪৫।

পঁয়ষট্টি, (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চষষ্টি, ৬৫।

পকার, পুং. [প+কার] পবর্ণ।

পকুর, (প্রা) পুষ্করিণী। [গৃহ।

পক্কণ, পুং. ন. [পচ+কণ] শবরালয়, ব্যাধের-

পক্তপৌড়, পুং. [পক্ত+পৌড়] বৃক্ষবিশেষ, পখৌড়া, তৎপর্য্যায়।—পঞ্চকৃতা, বর্দ্ধন, পঞ্চরক্ষক।

পক্তা, ত্রি. [পচ+তৃ] পাককর্ত্তা, পাচক, রসুইয়া; (পুং.) অগ্নি।

পক্তি, স্ত্রী. [পচ+তি] গৌরব; পাক, রন্ধন; পাকা।

পক্তিশূল, ন. [পক্তি+শূল] পরিণামশূল, তৎপর্য্যায়।—পাকজ, পরিণামজ।

পক্তু, ন. [পচ+ত্র] গার্হপত্যাগ্নি, গার্হপত্যাগমের অগ্নি।

পক্ত্রিম, ত্রি. [পচ+ত্রিম] পাকিম, পাকহইতে জাত; পাকদ্বারানিষ্পন্ন, পাকজন্য।

পক্ব, ত্রি. [পচ্+ব] পরিণত, পাকা; নিষ্ঠাপ্রাপ্ত, সুদৃঢ়; নিপুণ; বিনাশের উন্মুখ; নৈকট্যবিনাশ।

পক্বকৃৎ, পুং. [পক্ব+কৃৎ] নিম্ববৃক্ষ, নিমগাছ; (ত্রি.) পাককর্ত্তা, পাককারী, রন্ধনকারী।

পক্বতা, স্ত্রী. [পক্ব+ত-আ] পরিণতাবস্থা; নৈপুণ্য, দৃঢ়তা।

পক্ববারি, ন. [পক্ব+বারি] কাঞ্জিক, কাঁজী, আমানী; পক্ববারি।

পক্বরস, পুং. [পচ+রস] মদ্য, মদিরা, মদ, সুরা, সরাপ

পক্বান্ন, ত্রি. [পক্ব+অন্ন] কৃতপাকতণ্ডুলাদি, পাককরাতণ্ডুলাদি; রাঁধাভাত; মিঠাইবিশেষ।

পক্বাশয়, পুং. [পক্ব+আশয়] নাভিরঅধোভাগ, তলপেট।

পগার, (প্রা) সেতু, আলি, বাঁধ। [পাপ।

পঙ্ক, পুং. ন. [পচ+ক] কর্দ্দম, কাদা, পাঁক;

পঙ্ককর্ব্বট, পুং. [পঙ্ক+কর্ব্বট] জলযুক্তপঙ্ক।

পঙ্ককীর, পুং. [পঙ্ক+কীর] কোষষ্টিপক্ষী, কাদাখোঁচাপাখী।

পঙ্কক্রীড়, পুং. [পঙ্ক+ক্রীড়া] শূকর; কর্দ্দমদ্বারা যে খেলা করে।

পঙ্কগড়ক, পুং. [পঙ্ক+গড়ক] মৎস্যবিশেষ, পাকালমাচ, তৎপর্য্যায়।—ব্রহ্মী।

পঙ্কগতি, স্ত্রী. [পঙ্ক+গতি] পঙ্কগড়কমৎস্য, পাকালমাছ।

পঙ্কগ্রাহ, পুং. [পঙ্ক+গ্রাহ] মকর; কচ্ছপ জলজন্তুবিশেষ।

পঙ্কজ, ন. [পঙ্ক+জন] পদ্ম, কমল, সরোরুহ।

পঙ্কজন্ম, ন. [পঙ্ক+জন্মন্] পদ্ম, কমল, বারিজ। [পদ্মকর, পদ্মলতা।

পঙ্কজিনী, স্ত্রী. [পঙ্কজ+ইন্-ঈ] পদ্মসমূহ;

পঙ্কণ, পুং. [পচ+কণ] পক্কণ, শবরালয়, ব্যাধেরগৃহ।

পঙ্কধূম, পুং. [পঙ্ক+ধূম] নরকবিশেষ।

পঙ্কপ্রভা, স্ত্রী. [পঙ্ক+প্রভা] কর্দ্দমযুক্তনরকবিশেষ।

পঙ্কবাস, পুং. [পঙ্ক+বাস] কর্কট, কাকড়।

পঙ্কমণ্ডুক, পুং. [পঙ্ক+মণ্ডুক] শম্বুক, শামুক।

পঙ্করুট্, ন. [পঙ্ক+রুহ] পদ্ম, কমল, সরোজ।

পঙ্করুহ, ন. [পঙ্ক+রুহ] পদ্ম, কমল, সরোজ।

পঙ্কশুক্তি, স্ত্রী. [পঙ্ক+শুক্তি] দুর্নামা, ঝিনুক্। [লশুনেরমূল।

পঙ্কশূরণ, পুং. [পঙ্ক+শূরণ] শালুক, উৎপ-

পঙ্কার, পুং. [পঙ্ক+আর] শৈবল, শৈবাল, শেওলা; সেতু, আলি, পগার; সোপান, সিঁড়ি, পৈঠা জলকুব্জক।

পঙ্কিল, ত্রি. [পঙ্ক+ল] সকর্দ্দম, পঙ্কময়, তৎপর্য্যায়।—সম্বাল, পঙ্কযুক্ত, কর্দ্দমান্বিত। [রুহ।

পঙ্কেজ, ন. [পঙ্কে+জন] পদ্ম, কমল, সরো-

পঙ্কেরুহ, ন. [পঙ্কে+রুহ] পদ্ম, কমল, সরোজ; (পুং.) শারসপক্ষী।

পঙ্কোদ্ধার, ন. [পঙ্ক+উদ্ধার] পুষ্করিণী বা জলাশয় হইতে পঙ্ক উত্তোলনকরণ।

পঙ্‌ক্তি, স্ত্রী. [পচ+ক্তি] সজাতীয়স্থানবিশেষ, শারি, পাঁতি, তৎপর্য্যায়।—বীথী, আলি, আবলি, শ্রেণী, বীথি, আলী, আবলী, পংক্তী, শ্রেণি, শরণি, সন্ততি, বিস্তোলী, পালি, পালী, বীথিকা; পঞ্চাক্ষরপাদছন্দোবিশেষ; দশাক্ষরপাদচ্ছন্দঃ; দশসংখ্যা; পৃথিবী; গৌরব; পাক।

পঙ্‌ক্তিগ্রীব, পুং. [পঙ্‌ক্তি+গ্রীবা] রাবণ, দশানন। [সরালি।

পঙ্‌ক্তিচর, পুং. [পঙ্‌ক্তি+চর] কুররপক্ষী:

পঙ্‌ক্তিদূষক, পুং. [পঙ্‌ক্তি+দূষক] অপাঙ্‌ক্তেয়, শ্রাদ্ধভোজনানর্হ ব্রাহ্মণ, একপঙ্‌ক্তিতে ভোজনের অযোগ্য, পতিত।

পংক্তিপাবন, পুং. [পঙ্‌ক্তি+পাবন] শ্রেণীপবিত্রকর্ত্তা, শ্রাদ্ধভোজনার্হ ব্রাহ্মণ।

পঙ্‌ক্তিবীজ, পুং. [পঙ্‌ক্তি+বীজ] বর্ব্বূরবৃক্ষ

পঙ্‌ক্তিরথ, পুং. [পঙ্‌ক্তি+রথ] দশরথরাজা।

পঙ্গ, পুং. [পদ্+গম] পতঙ্গ, ফড়িঙ্গ।

পঙ্গপাল, পুং. [পঙ্গ+পাল] পতঙ্গবিশেষ; ফড়িঙ্গসমূহ।

পঙ্গু, পুং. [পঙ্গ+উ] শনৈশ্চর; (ত্রি.) পাদবিকল, জঙ্ঘাবৈকল্যজন্য চলনে অক্ষম, খঞ্জ, খোঁড়া, তৎপর্য্যায়।—শ্রোণ, জঙ্ঘাহীন।

পঙ্গুত্ব, ন. [পঙ্গু+ত্ব] খঞ্জত্ব, পদবিকলতা।

পঙ্গুল, পুং. [পঙ্গু+ল] শুক্লকাঁচেরন্যায়ঘোটক।

পঙ্গুলহরিণী, স্ত্রী. [পঙ্গুল+হরিণ-ঈ] শিমূড়ীক্ষুপ।]

পচ, ত্রি. [পচ+অ] পাককর্ত্তা, পাক, পাচক।

পচত, পুং. [পচ+ত] সূর্য্য; অগ্নি; ইন্দ্র।

পচতিকল্প, ন. [পচতি+কল্প] ঈষৎ উনপাকের কর্ত্তা।

পচৎপুট, পুং. [পচৎ+পুট] সূর্য্যমণিবৃক্ষ।

পচন্, ত্রি. [পচ+অৎ] পাককর্ত্তা, পাচক।

পচন, ন. [পচ+অন] পাক, গলন, জরণ; (পুং.) অগ্নি; পাককর্ত্তা।

পচনী, স্ত্রী. [পচ+অন-ঈ] বনবীজপূরক।

পচন্তী, স্ত্রী. [পচ+অৎ-ঈ] পাককর্ত্রী, পাচিকা।

পচমান, ত্রি. [পচ+মান] পাককর্ত্তা, পাচক।

পচম্পচা, স্ত্রী. [পচম্+পচ-আ] দারুহরিদ্রা।

পচা, স্ত্রী. [পচ+অ-আ] পাক; (প্রা) দুরিত, নষ্ট, বিকৃত।

পচাকাল, (প্রা) সরসসময়, বর্ষাকাল।

পচান, (প্রা) পাককরণ; বিকৃতকরণ, নষ্টকরণ; জরাণ।

পচাপাচকুয়া, (প্রা) ছিন্ন, নষ্ট, জীর্ণ, গলিত; বিকৃত, দুরিত।

পচাল, (প্রা) অকথ্যবাক্য, কটুবাক্য, দুর্ব্বাক্য।

পচালিয়া, (প্রা) কটুবাদী, কুৎসিত জল্পক।

পচি, পুং. [পচ+ই] অগ্নি, অনল, বহ্নি; পচন।

পচেলিম, পুং. [পচ+এলিম] সূর্য্য; অগ্নি; (ত্রি.) কর্ত্তার অনায়াস দ্বারা স্বয়ংপক্ক।

পচেলুক, পুং. [পচ+এলুক] সূদ, পাচক, রন্ধনকর্ত্তা, পাককর্ত্তা।

পচ্ছঃ, ব্য. [পদ্+শস্] একপাদং, ক্রমেং।

পচ্য, ত্রি. [পচ+য] পাকযোগ্য, পাককরণের উপযুক্ত, রন্ধনোপযুক্ত।

পচ্যমান, ত্রি. [পচ্য+মান] বর্ত্তমান পচনকর্ম্মতাশ্রয়, বর্ত্তমান পাকবিশিষ্ট তণ্ডুলাদি পাক হওয়া, পাক করা।

পজ্জ, পুং. [পদ্+জন] শূদ্র, অধমজাতি।

পজ্ঝটিকা, স্ত্রী. [পজ্+ঝটিকা] ছন্দোবিশেষ; ক্ষুদ্র ঘণ্টিকা।

পঞ্চ, ত্রি. [পঞ্চ+অন্] সংখ্যাবিশেষ, পাঁচ, ৫; বহুবচনান্ত, তদ্বাচক, যথা

পাণ্ডব, শিবাস্য, ইন্দ্রিয়, স্বর্গ, ব্রতাগ্নি, মহাপাতক, মহাভূত, মহাকাব্য, মহাযজ্ঞ, পুরাণলক্ষণ, অঙ্গ, প্রাণ, বর্গ, ইন্দ্রিয়ার্থ, বাণ।

পঞ্চক, ত্রি. [পঞ্চন্+ক] পঞ্চ, পাঁচ সংখ্যা; পঞ্চম সম্বন্ধীয়।

পঞ্চকপাল, পুং. [পঞ্চ+কপাল] পঞ্চকপালের মধ্যে সংস্কৃত পুরোডাঃ, যজ্ঞবিশেষ, (ন.) কপালপঞ্চক।

পঞ্চকর্ম্ম, ন. [পঞ্চ+কর্ম্মন্] পঞ্চপ্রকার শারীরিক চিকিৎসাবিশেষ, যথা।—বমন, রেচন, নস্য, নিরূহ, অনুবাসন।

পঞ্চকষায়, পুং, [পঞ্চ+কষায়] মহাস্নানীয় পঞ্চপ্রকার কষায় দ্রব্য, যথা।—জম্বু, শাল্মলি, বাট্যাল, বকুল, বদর।

পঞ্চকৃত্য, পুং. [পঞ্চ+কৃত্য]পক্ষপৌড়বৃক্ষ।

পঞ্চকোল, ন. [পঞ্চ+কোল] পাচনবিশেষ যথা।—পদ্মকেলি বাণামূলং কৃষ্ণা চব্যাগ্নি নাগরৈ। অপরঞ্চ। পিপ্পলী পিপ্পলীমূলং চব্যচিত্রক নাগরং।। অস্যভাষা। সুঁট্, পিপুল, চিতা, চই, মরিচ, অপর। পিপুল, পিপুলমূল, চই, চিতা, সুঁট।

পঞ্চকোষা, স্ত্রী. [পঞ্চ+ কোষা] কোষের ন্যায় আত্মার আচ্ছাদক ইহা পঞ্চবিধ যথা।—অন্নময় কোষ, প্রাণময় কোষ, মনোময়কোষ, বিজ্ঞানময় কোষ,আনন্দময় কোষ। [খট্ব।

পঞ্চখট্বি, ন. স্ত্রী. [পঞ্চ+খট্ব] সমাহৃত পঞ্চ-

পঞ্চগণযোগ, পুং. [পঞ্চগণ+যোগ] বিদারী গন্ধা, বৃহতী, পৃশ্নিপর্ণী, নিদিগ্ধিকা, স্বদংষ্ট্রা এই পাঁচটী মিলিত হইয়া পঞ্চগণ যোগ হয়। [মিলিত।

পঞ্চগব, ন. স্ত্রী. [পঞ্চন্+গো-অ] পঞ্চগাভি

পঞ্চগবধন, ত্রি. [পঞ্চগব+ধন] যাহার পাঁচটী গোধন আছে।

পঞ্চগব্য, ন. [পঞ্চন+গব্য] গো সম্বন্ধীয় পঞ্চপ্রকার দ্রব্য, তদ্যথা।—গোময়, গোমূত্র, দুগ্ধ, দধি, ঘৃত। [কৃত।

পঞ্চগু, ত্রি. [পঞ্চন্+গো] পাঁচটী গো দ্বারা

পঞ্চগুপ্ত, ত্রি. [পঞ্চ+গুপ্ত] চার্ব্বাক্, দর্শন; কচ্ছপ; কূর্ম্ম, জেগল

পঞ্চগুপ্তিসরা, স্ত্রী. [পঞ্চন্+গুপ্তিসরা]স্পৃক্কা।

পঞ্চচামর, ন. [পঞ্চন+চামর] ষোড়শাক্ষর ছন্দোবিশেষ।

পঞ্চচীর, পুং. [পঞ্চন্+চীর] মঞ্জুঘোষ।

পঞ্চচূড়া, স্ত্রী. [পঞ্চ+চূড়া] অপ্সরাবিশেষ।

পঞ্চজন, পুং. [পঞ্চ+জন] পুরুষ; দৈত্যবিশেষ, যাহার অস্থিতে শ্রীকৃষ্ণের পাঞ্চজন্য শঙ্খ নির্ম্মিত হইয়াছে।

পঞ্চজনী, স্ত্রী. [পঞ্চন+জন-ঈ] পঞ্চজনার একত্র।

পঞ্চজনীন, পুং. [পঞ্চজন+ঈন্] ভণ্ড; (ত্রি.) পঞ্চজন সম্বন্ধীয়; পঞ্চজনের প্রভু।

পঞ্চজ্ঞান, পুং. [পঞ্চ+জ্ঞান] বুদ্ধাবতারবিশেষ।

পঞ্চতত্ত্ব, ন. [পঞ্চন+তত্ত্ব] মদ্য মাংস মৎস্য মুদ্রা মৈথুন, পঞ্চমকার, পঞ্চভুত, পৃথিবী জল তেজঃ বায়ু আকাশ এই পাঁচ। [সূক্ষ্ম পঞ্চভূত।

পঞ্চতন্মাত্র, ন. [পঞ্চন্+তন্মাত্র] পৃথিব্যাদি

পঞ্চতপাঃ ত্রি. [পঞ্চন+তপস্] অগ্নি চতুষ্টয় সূর্য্য এতৎপঞ্চ সাধ্য তপোবিশিষ্ট, পঞ্চতাপ বিশিষ্ট

পঞ্চতয়, ত্রি. [পঞ্চন্+তয়] পঞ্চাবয়ব।

পঞ্চতক্ষ, ন. স্ত্রী. [পঞ্চ+তক্ষ] একত্রিত পাঁচজন সূত্রধার।

পঞ্চতা, স্ত্রী. [পঞ্চন্+ত-আ] মৃত্যু, মরণ, নিধন, কাল ধর্ম্ম; দেহারম্ভক পৃথিব্যাদি পঞ্চমহাভুতের স্বকীয়াংশ সংযোগ হইতে পৃথক্ করণ; পঞ্চভাব।

পঞ্চতিক্ত, ন. [পঞ্চন+তিক্ত] তিক্তদ্রব্য পঞ্চক, যথা।—নিম্ব, অমৃতা, বৃষ, পটোল, নিদিগ্ধিকা।

পঞ্চতীর্থী, স্ত্রী. [পঞ্চন্+তীর্থ-ঈ] তীর্থপঞ্চক, যথা।—মার্কণ্ডেয়সরোবর, বটে, কৃষ্ণে, রৌহিণেয়, মহোদধি, ইন্দ্রদ্যুম্ন সঃ (ত্রি.) পঞ্চপ্রকার তীর্থ সেবী

পঞ্চত্ব, ন. [পঞ্চন্+ত্ব] মরণ, মৃত্যু, নিধন পাঁচের ধর্ম্ম।

পঞ্চদশ, ত্রি. [পঞ্চন+দশন্] পঞ্চদশ সংখ্যার পূরণ, পোনেরঞ্চি (বহুবচনান্ত) তদ্বাচক শব্দ যথা।—তিথি।

পঞ্চদশী, স্ত্রী. [পঞ্চন্+দশন্-ঈ] পূর্ণিমা; অমাবাস্যা; বেদান্ত গ্রন্থবিশেষ।

পঞ্চদীর্ঘ, ন. [পঞ্চন+দীর্ঘ] শরীরের পঞ্চাবয়ব লক্ষণবিশেষ, যথা।—বাহুদ্বয়, নেত্রদ্বয়, কুক্ষিদ্বয়, নাসিকাদ্বয়, স্তনদ্বয়। [বার।

পঞ্চধা, ব্য. [পঞ্চন্+ধা] পঞ্চপ্রকার, পাঁচ-

পঞ্চনখ, পুং. [পঞ্চ+নখ] মনুষ্য; বানর, হস্তী; কূর্ম্ম; ব্যাঘ্র; ভক্ষণীয় শশকাদি পঞ্চ, যথা।—শশক, শল্লকী, গোধা গণ্ডার, কূর্ম্ম

পঞ্চন্+নদ] পঞ্চনদীযুক্ত দেশবিশেষ, পঞ্জাব, তন্নামান্তর যথা।—বাহ্লীকাদি দেশ; পঞ্চ নদী যথা।-শতদ্রু, বিপাশা, ইরাবতী, চন্দ্রভাগা, বিতস্তা; (ন.) একত্রিত পঞ্চনদী।

পঞ্চনিম্ব, ন. [পঞ্চ+নিম্ব] নিম্ববৃক্ষের পত্র ত্বক্ পুষ্প ফল মূল। [বিশেষ।

পঞ্চনী, স্ত্রী. [পঞ্চন্+ঈ] শারিশৃঙ্খলা, পাশক

পঞ্চনীরাজন, ন. [পঞ্চ+নীরাজন] পঞ্চপ্রকার আরতি; পঞ্চপ্রদীপ।

পঞ্চপর্ণিকা, স্ত্রী. [পঞ্চন্+পর্ণিকা] গোরক্ষী ক্ষুপ, মালবদেশীয় ক্ষুদ্র ক্ষুপবিশেষ।

পঞ্চপল্লব, ন. [পঞ্চন্+পল্লব] আম্রাদিপল্লব পঞ্চক, যথা তন্ত্রে।—আম্র, জম্বু, কপিত্থ, বীজপূরক, বিল্ব; বৈদিকমতে পঞ্চপল্লব, আম্র, অশ্বত্থ, বট, পাকুড়, যজ্ঞডুম্বুর তন্ত্রান্তরেকার্য্যবিশেষ, যথা।—কাঁটাল আম্র, অশ্বত্থ, বট, বকুল।

পঞ্চপক্ষী, পুং. [পঞ্চন্+পক্ষিন্] পারিভাষিক পঞ্চকদার ত্রিকাল জ্ঞানার্থ শিবপ্রণীতপ্রশ্ন গণনার্থ গ্রন্থবিশেষ, পক্ষিণাং পরিচয়। যথা, শ্যেন, কুক্কুট, ময়ূর, কাক, ইত্যাদি।

পঞ্চপাণ্ডব, পুং. [পঞ্চ+পাণ্ডব] পাণ্ডুরাজার পঞ্চপুত্র, যথা।—যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব।

পঞ্চপাত্র, ন. [পঞ্চন্+পাত্র] পঞ্চপাত্রের একত্রে মিলন, পঞ্চপাত্র করণক পার্ব্বণ শ্রাদ্ধ, অষ্টকাশ্রাদ্ধ, অমাবস্যামৃত প্রেত পক্ষ মৃতসাম্বৎসরিক সপিণ্ডীকরণ।

পঞ্চপিত্ত, ন. [পঞ্চন্+পিত্ত] পিত্তপঞ্চক, যথা।—বরাহ ছাগ, মহিষ, মৎস্য, ময়ূরের পিত্ত। [যুক্ত আরতি।

পঞ্চপ্রদীপ, পুং. [পঞ্চন্+প্রদীপ] পঞ্চদীপ

পঞ্চপ্রাণ, পুং. [পঞ্চন্+প্রাণ] প্রাণাদি পঞ্চ বায়ু, যথা।—প্রাণ, অপান, সমান, উদান, ব্যান।

পঞ্চপ্রাসাদ, পুং. [পঞ্চন্+প্রাসাদ] দেব গৃহবিশেষ, পঞ্চরত্ন।

পঞ্চবক্ত্র, পুং, [পঞ্চন্+বক্ত্র] মহাদেব, শিব, পঞ্চমুখ রুদ্রাখ্য।

পঞ্চবট, পুং. [পঞ্চন্+বট] উরস্কট, বুক্বাছাড়, তৎপর্য্যায়।—জ্যোটিঙ্গ, মহাব্রতী, বালযজ্ঞোপবীতক।

পঞ্চবটী, স্ত্রী. [পঞ্চন্+বট-ঈ] পঞ্চপ্রকার বৃক্ষবিশেষ, যথা।—অশ্বত্থ, বিল্ববৃক্ষ, বট, ধাত্রী, অশোক।

পঞ্চবন্ধ, পুং. [পঞ্চন্+বন্ধ] নষ্ট দ্রব্যের পঞ্চমাংশ দণ্ড।

পঞ্চবল্কল, ন. [পঞ্চন্+বল্কল] বল্কলপঞ্চক, যথা।—বট, যজ্ঞোডুম্বুর, অশ্বত্থ, পাকুড়, বেতস, এই সকল বৃক্ষের ছাল।

পঞ্চবাণ, পুং. [পঞ্চন্+বাণ] কামদেব, মদন; (ন.) একত্রিত পঞ্চবাণ; (ত্রি.) পঞ্চবাণ বিশিষ্ট। যথা বাণপরিচয়। মারণ, স্তম্ভন, হর্ষণ, শোষণ, উন্মাদন।

পঞ্চভদ্র, পুং. [পঞ্চন+ভদ্র] পঞ্চস্থানস্থিত পুষ্পবিশিষ্ট অশ্ববিশেষ, পাঁচনবিশেষ, যথা।—গুড়ুচী, ক্ষেতপাপড়া, মুস্তক, কট্কী, চিরতা।

পঞ্চভূত, ন. [পঞ্চন্+ভূত] পৃথিবী, জল, তেজঃ, বায়ু, আকাশ এইপঞ্চ।

পঞ্চভূতাত্মা, পুং. [পঞ্চভূত+আত্মন্] প্রাণী, জীব।

পঞ্চম, ন. [পঞ্চন+ম] মৈথুন, ভগলিঙ্গ

পাঁচফেঁক্রে; রুচির; দক্ষ; (পুং.) অতিউচ্চস্বর; রাগবিশেষ; ষট্‌রাগিণী, যথা।—ত্রিবেণী, স্তম্ভতীর্থা, আভীরী, কুকুভ, বরারী, সাবীরী, সোমেশ্বরমতে বিভাসা, ভূপালী, কর্ণাটী, বড়হংসিকা, মালশ্রী, পটমঞ্জরী।

পঞ্চমকার, ন. [পঞ্চন্+মকার] মকারপঞ্চক, পঞ্চতত্ত্ব, মুদ্রা মৈথুন মদ্য মাংস মৎস্য।

পঞ্চম্নার, পুং. [পঞ্চন্+নার] শিবের পঞ্চবক্ত্রবিনির্গত তন্ত্রশাস্ত্র বিশেষ।

পঞ্চমহাযজ্ঞ, পুং. [পঞ্চন্+মহাযজ্ঞ] গৃহস্থের কর্ত্তব্য পঞ্চপ্রকার নিত্য কর্ম্ম, যথা।—পাঠ, হোম, অতিথিসেবা, তর্পণ, পূজা।

পঞ্চমার, পুং. [পঞ্চন্+মার] বলদেব পুত্র।

পঞ্চমাস্য, পুং. [পঞ্চম+আস্য] কোকিল, পিক।

পঞ্চমী, স্ত্রী. [পঞ্চম+ঈ] পাণ্ডবপত্নী, দ্রৌপদী; শারিশৃঙ্খলা, পাশার ছক; তিথিবিশেষ, চন্দ্রের পঞ্চমকলা ক্রিয়ারূপা, তদুপলক্ষিত কাল, শুক্লপক্ষে ৫, কৃষ্ণপক্ষে ২০, ইহা পঞ্জিকাকারের সঙ্কেত; বিদ্যাবিশেষ, রাগিণীবিশেষ, বসন্ত রাগের স্ত্রী।

পঞ্চমীব্রত, ন. [পঞ্চমী+ব্রত] মাঘ শুক্ল পঞ্চমীতে আরম্ভ করিয়া ষড়বর্ষ পর্য্যন্ত প্রতিমাসের শুক্লাপঞ্চমীতে স্ত্রীর কর্ত্তব্য নিয়মবিশেষ।

পঞ্চমুখ, পুং. [পঞ্চন্+মুখ] সিংহ, কেশরী, শিব, মহাদেব, পঞ্চানন।

পঞ্চমুখী, স্ত্রী. [পঞ্চন্+মুখ-ঈ] বাসক, বাকস্‌বৃক্ষ; জবাপুষ্পবিশেষ

পঞ্চমুদ্রা, স্ত্রী. [পঞ্চন্+মুদ্রা] পূজাবিষয়ে কর্ত্তব্য পঞ্চ প্রকার মুদ্রা, যথা।—আবাহনী, স্থাপনী, সন্নিধাপনী, সম্বোধনী,

পঞ্চমূত্র, ন. [পঞ্চন+মূত্র] গো, ছাগ, মেষ, মহিষ, গর্দ্দভ, এই পঞ্চজীবের মূত্র।

পঞ্চমূল, ন. [পঞ্চন্+মূল] স্বনাম খ্যাত পাচনবিশেষ, তত্ত্রিবিধ যথা।—বৃহৎ, স্বল্প, তৃণাখ্য, বৃহৎপঞ্চমূল যথা।—বিল্ব, শ্যোণাক, গাম্ভারী, পাটলা গোণিকারিকা; স্বল্পপঞ্চমূল যথা।—শালপর্ণী, পৃশ্নিপর্ণী, বৃহতী, কণ্টিকারিকা, গোক্ষুরি; তৃণাখ্য পঞ্চমূল যথা।—কুশ, কাশ, শর, দর্ভ, ইক্ষু, ইত্যাদি।

পঞ্চমূলী, স্ত্রী. [পঞ্চন্+মূল-ঈ] স্বল্পপঞ্চমূল পাচন, যথা।—শালপর্ণী, পৃশ্নিপর্ণী, বৃহতী, কণ্টিকারিকা, গোক্ষুরক।

পঞ্চযজ্ঞ, পুং. [পঞ্চন্+যজ্ঞ] গৃহস্থ কর্ত্তব্য পঞ্চ প্রকার যজ্ঞবিশেষ, যথা।—ব্রহ্মযজ্ঞ, নৃযজ্ঞ, দেবযজ্ঞ, পিতৃযজ্ঞ, ভূতযজ্ঞ।

পঞ্চরঙ্গী, (প্রা) বিচিত্রবর্ণ, বহু প্রকার রঙ্গ।

পঞ্চরত্ন, ন. [পঞ্চন্+রত্ন] স্বর্ণাদি পঞ্চ প্রকার রত্ন, তদ্‌যথা।—কনক, হীরক, নীলমণি, পদ্মরাগ, মুক্তা; বিক্রমাদিত্য রাজসভাস্থ পঞ্চজন পণ্ডিত।

পঞ্চরসা, স্ত্রী. [পঞ্চন্+রস-আ] আমলকী।

পঞ্চরক্ষক, পুং. [পঞ্চন্+রক্ষক] পঞ্চপৌড়বৃক্ষবিশেষ।

পঞ্চরাত্র, ন. [পঞ্চন্+রাত্র] পঞ্চনিশা, গ্রন্থবিশেষ, যথা।—নারদপঞ্চরাত্র, কপিলপঞ্চরাত্র, শিবপঞ্চরাত্র ইত্যাদি।

পঞ্চরাশিকা, স্ত্রী. [পঞ্চন্+রাশিকা] গণিতাঙ্কবিশেষ।

পঞ্চলক্ষণ, ন. [পঞ্চন্+লক্ষণ] পুরাণশাস্ত্র, যথা।—সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বন্তর, বংশানুচরিত এইপঞ্চপ্রকার পুরাণের লক্ষণ; পঞ্চপ্রকারচিহ্ন।

পঞ্চলবণ, ন. [পঞ্চ+লবণ] একত্রিত পঞ্চলবণ, তদ্‌যথা।—কাচ, সৈন্ধব, সামুদ্র, বিড়, সৌবর্চ্চল।

পঞ্চলাঙ্গলক, ন. [পঞ্চ+লাঙ্গলক] মহাদান বিশেষ। [লোহ।

পঞ্চলোহ, ন. [পঞ্চন্+লোহ] সৌরাষ্ট্রক-

পঞ্চলোহক, ন. [পঞ্চন্+লোহক] পঞ্চধাতু, যথা।—সুবর্ণ, রজত, তাম্র, রঙ্গ, সীসক।

পঞ্চশর, পুং. [পঞ্চন্+শর] কন্দর্প, কাম, মদন; পঞ্চশর যথা।—মতান্তরে সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন, স্তম্ভন।

পঞ্চশস্য, ন. [পঞ্চন্+শস্য] শস্যপঞ্চক, তদ্যথা।—ধান্য, মুদ্গ, তিল, যব, শ্বেতসর্ষপ, শ্বেত সর্ষপাভাবে মাষকলাই।

পঞ্চশাখ, পুং. [পঞ্চন্+শাখা] হস্ত, কর; (ন.) একত্রিত পঞ্চশাখা; (ত্রি.) পঞ্চশাখাবিশিষ্ট।

পঞ্চশিখ, পুং. [পঞ্চন্+শিখা] সিংহ, কেশরী; ধর্ম্মের হিংসাভার্য্যাতেজাতমুনিবিশেষ।

পঞ্চশিখীকরণ, ন. [পঞ্চন্+শিখীকরণ] পাঁচ চুলাকরা।

পঞ্চশূরণ, পুং. [পঞ্চন্+শূরণ] পঞ্চপ্রকার শূরণ, তদ্যথা।—অত্যম্লপর্ণী, কাণ্ডীর, মালাকন্দ, শূরণ, শ্বেতশূরণ।

পঞ্চশৈরীষক, ন. [পঞ্চশিরীষ+অক] শিরীষবৃক্ষের কুসুম, মূল, ফল, পত্র, ত্বচ।

পঞ্চষাঃ, ত্রি. [পঞ্চন্ + ষস্] পাঁচ বা ছয়ের পরিমাণ।

পঞ্চসিদ্ধৌষধি, পুং. [পঞ্চন্+সিদ্ধৌষধি] পঞ্চপ্রকার ঔষধিবিশেষ, যথা।—তৈলকন্দ, সুধাকন্দ, ক্রোড়কন্দ, রুদন্তিক, সর্পনেত্র।

পঞ্চসুগন্ধক, ন. [পঞ্চন্+সুগন্ধক] পঞ্চপ্রকারসুগন্ধিদ্রব্য, তদ্যথা।—লবঙ্গকুসুম, কটফল, অগুরু, জাতীফল, কর্পূর।

পঞ্চসূনা, স্ত্রী. [পঞ্চন্ + সূনা] পঞ্চপ্রকার প্রাণিবধস্থান, তদ্যথা।—চুলা, শিলা, লোড়া, ঝাঁটা, উদূখল।

পঞ্চস্বরা, স্ত্রী. [পঞ্চন্+স্বর-আ] জ্যোতির্গ্রন্থবিশেষ, প্রজাপতি দাস বৈদ্যকৃত শিশুরিষ্ট পিতৃরিষ্ট স্ত্রীপুং নপুংসক জ্ঞান সুখ দুঃখারিষ্ট ছেদাদি যোগ ও মৃত্যুজ্ঞান নির্ণয়। [শাস্ত্রবিশেষ।

পঞ্চস্বরোদয়, পুং. [পঞ্চন্+স্বরোদয়] জ্যোতিষ

পঞ্চক্ষারগণ, পুং. [পঞ্চন্+ক্ষারগণ] ক্ষারপঞ্চক, পঞ্চলবণ, তদ্যথা।—কাচ, সৈন্ধব, সামুদ্র, বিট্, সৌবর্চ্চল।

পঞ্চাগ্নি, ন. [পঞ্চন্+অগ্নি] পঞ্চপ্রকারঅগ্নি। যথা, মাতা, পিতা, অতিথি, ভিক্ষু, গুরু।

পঞ্চাঙ্গ, ন. [পঞ্চন্+অঙ্গ] একবৃক্ষের ত্বক্-বার, তিথি, নক্ষত্র, যোগ, করণাত্মক পঞ্জিকা; (পুং.) কমঠ, কচ্ছপ; অশ্ববিশেষ, তৎপর্য্যায়।—পঞ্চভদ্র, পুষ্পিততুরঙ্গম; প্রণামবিশেষ।

পঞ্চাঙ্গগুপ্ত, পুং. [পঞ্চাঙ্গ+গুপ্ত] কচ্ছপ, কূর্ম্ম, কাছিম।

পঞ্চাঙ্গুল, পুং. [পঞ্চন্+অঙ্গুল] এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডাগাছ; (ত্রি.) পঞ্চাঙ্গুল পরিমাণ যুক্ত।

পঞ্চাঙ্গুলি, ত্রি. [পঞ্চন্+অঙ্গুলি] পঞ্চাঙ্গুলবিশিষ্ট, যাহারপরিমাণ পাঁচআঙ্গুল

পঞ্চাঙ্গুলী, স্ত্রী. [পঞ্চন্+আঙ্গুল-ঈ] তক্রাহ্বাক্ষুপ।

পঞ্চাত, (প্রা) পঞ্চজনেরসমাজ; স্বজাতীয়শ্রেণীর বিচার সভা

পঞ্চাতপা, স্ত্রী. [পঞ্চন্+আতপ-আ] তপস্যাবিশেষ।

পঞ্চাতী, (প্র) মিলিতবহুজনের কর্ত্তব্যকর্ম্ম।

পঞ্চানন, পুং. [পঞ্চন্+আনন] শিব, মহাদেব; সিংহ, কেশরী; অত্যুগ্র।

পঞ্চান্ন, (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চপঞ্চাশৎ, ৫৫

পঞ্চাবট, ন. [পঞ্চন্+আবট] উরস্কট, বালোপবীত; পঞ্চবট

পঞ্চাবস্থ, পুং. [পঞ্চন্+অবস্থা] শব, মৃতদেহ, মরা; (ত্রি.) পঞ্চাবস্থাযুক্ত।

পঞ্চামরা, স্ত্রী. [পঞ্চন্ + অমর-আ] পঞ্চপ্রকারঅমরলতা, তদ্যথা।—দূর্ব্বা, বিজয়া, বিল্বপত্রস্থা, নির্গুণ্ডী, কালতুলসী।

পঞ্চামৃত, ন. [পঞ্চন্+অমৃত] একত্রমিশ্রিত, চিনি দধি দুগ্ধ ঘৃত মধু।

পঞ্চামৃতযোগ, পুং. [পঞ্চন্+অমৃতযোগ] গুড়চ্যাদিসংযোগ, তদ্যথা।—গুড়চী, গোক্ষুর, মুষলী, মুণ্ডিকা, শতাবরী।

পঞ্চাম্নায়, পুং. [পঞ্চন্+আম্নায়] শিবেরপঞ্চমুখহইতে বিনির্গত পাঁচপ্রকার শৈব শাস্ত্রবিশেষ।

পঞ্চাম্র, ন. [পঞ্চন্+আম্র] বৃক্ষবিশেষের মিলন, তদ্যথা।—অশ্বত্থ, নিম্ব, বট, জাতিপুষ্প, দাড়িম।

অক্ষোঠক, দাড়িম, বৃক্ষাম্ল, অম্লবেতস, মাতুলঙ্গ।

পঞ্চারিত,(প্রা) স্বজাতীয় বহুব্যক্তির বিচার।

পঞ্চারী, স্ত্রী. [পঞ্চন্+আর-ঈ]শারিশৃঙ্খলা, পাশার ছক।

পঞ্চার্চ্চিঃ, পুং. [পঞ্চন্+অর্চ্চিস্] বুধগ্রহ।

পঞ্চাল, পুং. [পঞ্চন্+অল] দেশবিশেষ।

পঞ্চালাঃ পুং. [পঞ্চ+অলাঃ] নীবৃদ্বিশেষ; ইহা বহুবচনান্ত শব্দ।

পঞ্চালিকা, স্ত্রী. [পঞ্চাল+ইক-আ] পুত্তলী, পুতুল; গীতবিশেষ, পাঁচালী; পাশার-ছক।

পঞ্চালী, স্ত্রী. [পঞ্চাল+ঈ] বস্ত্রাদিকৃত পুত্রিকা, কানিরপুতুল; গীতবিশেষ, পাঁচালী; শারিশৃঙ্খলা, পাশারছক।

পঞ্চাশ, (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চাশৎ, ৫০।

পঞ্চাশৎ ত্রি. [পঞ্চ+আ-শৎ] সংখ্যাবিশেষ, পঞ্চাশ ৫০।

পঞ্চাস্য, পুং. [পঞ্চন্+আস্য] শিব,মহাদেব, সিংহ, মৃগেন্দ্র, কেশরী।

পঞ্চীকরণ, ন. [পঞ্চন্+করণ] পঞ্চভূতের ভাগবিশেষে মিশ্রিতকরণ।

পঞ্চেন্দ্রিয়, ন. [পঞ্চন্+ইন্দ্রিয়] পঞ্চজ্ঞানেন্দ্রিয়ের একত্র মিলন, যথা।—শ্রোত্র, ত্বক্, নেত্র, জিহ্বা, নাসিকা; পঞ্চকর্ম্মেন্দ্রিয়, তদ্যথা।—বাক্, পাণি, পাদ, মলদ্বার, উপস্থ।

পঞ্চেষু, পুং. [পঞ্চন্+ইষু] কামদেব, মদন, কন্দর্প।

পঞ্চোপবিশ, ন. [পঞ্চন+উপবিশ] উপবিষপঞ্চক, মনসাগাছ, আকন্দবৃক্ষ, করবীর, কাঁচড়া, বিষদোড়ি।

পঞ্চোষ্মাণ, পুং. [পঞ্চন্+উষ্মন্] আহারপাচক শরীরস্থ পঞ্চাগ্নি।

পঞ্জর, ন. [পঞ্জি+অর] দেহাস্থিসমূহ, শরীরাস্থি পঞ্জর, পাঁজরা; পক্ষ্যাদিবন্ধগৃহ, পিঁজরা, খাঁচা, শালার; (পুং.) শরীর; দেহাস্থিসমূহ, তৎপর্য্যায়।—কঙ্কাল, দেহবন্ধাস্থি; কলিযুগ; গোদিগের আরতিবিধি।

পঞ্জরাখেট, পুং. [পঞ্জর+আখেট] মৎস্যমারণোপায়, মৎস্যধারণযন্ত্র, পোলো, তৎপর্য্যায়।—প্লব, পলব।

পঞ্জল, পুং. [পঞ্জ+ল] কোলকন্দ।

পঞ্জি, স্ত্রী. [পঞ্জি+ই] সূত্রনালিকা, পাঁইজ; পঞ্জিকা, তিথিনক্ষত্রাদি সময়নিরূপকগ্রন্থ, পাঁজী

পঞ্জিকা, স্ত্রী. [পঞ্জি+ইক-আ] তুলনালিকা পাঁইজ; টীকাবিশেষ; অগ্রসন্ধানী; পঞ্চাঙ্গ,পাঁজি; (ত্রি.) নিঃশেষপদব্যাখ্যা; তিথিবারাদিজ্ঞাপিকা;আয়ব্যয়লিখনার্থা।

পঞ্জিকাকার, পুং. [পঞ্জিকা+কার] পঞ্জিকা প্রস্তুতকারক,তিথিবারাদি নির্ণায়কপুস্তক কর্ত্তা।

পঞ্জিকারক, পুং. [পঞ্জি+কারক] কায়স্থ, জাতি; পঞ্জিকাকার।

পঞ্জী, স্ত্রী. [পঞ্জ+ঈ] পঞ্জি,নালিকা; পঞ্জিকা, পাঁজী, তিথিবারাদিজ্ঞাপক পুস্তক; গ্রন্থবিশেষ।

পঞ্জীকর, পুং. [পঞ্জী+কর] কায়স্থজাতি।

পট, ন.[পট্+অ] ছদি,চাল; (পুংন.)শোভন বস্ত্র, তৎপর্য্যায়।—সুচেলক, চিত্রপট বস্ত্র, বসন; (পুং.) পিয়ালবৃক্ষ; পুরস্কৃত; যবনিকা, পর্দ্দা।

পটক, পুং. [পট+ক] শিবির, তাম্বু, বস্ত্রগৃহ, ছাউনি।

পটকা, (প্রা) অগ্নিখেলার টোটা।

পটকার, পুং. [পট+কার] তন্ত্রবায়, বস্ত্রনির্ম্মাতা, তাঁতি; চিত্রকর, পটুয়া।

পটকুটী, স্ত্রী. [পট+কুটী] বস্ত্রবেশ্ম, তাঁবু, কানাৎ, তৎপর্য্যায়।—কেণিকা, গুণালয়নিকা।

পটচ্চর, ন. [পটৎ+চর] জীর্ণবস্ত্র, পচাকাপড়; (পুং.) চৌর; দেশবিশেষ।

পটবাপ, পুং. [পট+বপ] বস্ত্রগৃহ, তাঁবু; বস্ত্রনির্ম্মাতা।

পটবাস, পুং. [পট+বাস] বস্ত্রগৃহ; শাটী; সুগন্ধিচূর্ণ; পিটালি।

পটবাসক, পুং. [পট+বাসক] পটবাসচূর্ণ, সুগন্ধিচূর্ণ, তৎপর্য্যায়।—পিষ্টাত।

পটবেশ্ম, ন. [পট+বেশ্মন্] তাম্বু,কানাৎ।

পটমঞ্জরী, স্ত্রী. [পট+মঞ্জরী]রাগিণীবিশেষ।

পটমণ্ডপ, পুং. [পট+মণ্ডপ] পটকুটী, বস্ত্রগৃহ, কানাৎ।

পটময়, ন. [পট+ময়] বস্ত্রগৃহ, তাঁবু, শাটী।

পটরক, পুং. [পটর+ক] গুন্দ্রবৃক্ষ,শরতৃণ, শরগাছ।

পটল, ন. [পট+ল] ছদি, চাল, ছাদ; নেত্ররোগ; পিটক; পরিচ্ছদ; তিলক; ফলবিশেষ, (ন.স্ত্রী.) সমূহ; দৃষ্টির আবরণ, চক্ষুরপরদা; বেদাংশ; পেটারা; (পুং.) গ্রন্থ; বৃক্ষ; বৃন্ত, বোঁটা; পলতা

পটলপ্রান্ত, ন. [পটল+প্রান্ত] গৃহচালিকান্ত ভাগ, ছাঁচি, তৎপর্য্যায়।—বলীক, নীব্র।

পটলী, স্ত্রী. [পটল+ঈ] ছদি, ঘরেরছাদ, চাল।

পটহ, ন.পুং. [পট+হ] আনকবাদ্য; (পুং.) যুদ্ধেবাদ্যমানঢক্কা,নাগরা,তৎপর্য্যায়।— আড়ম্বর; সমারম্ভ; হিংসন।

পটাক, পুং. [পট+আক] পক্ষীবিশেষ।

পটাকা, স্ত্রী. [পট+আক-আ]ধ্বজা,পতাকা।

পটান, (প্রা) অনুকুলাচরণ; বশীকরণ; ফলান।

পটাপট, (প্রা) চপেটাঘাতাদির অব্যক্তশব্দ।

পটালুকা, স্ত্রী. [পট+আলুক-আ] জলৌকা, জোঁক।

পটি, স্ত্রী. [পট+ই] পটবিশেষ, পটী; বাগুলি, তাম্বুলী, রাজাদিগের তাম্বুলদাতা; কুম্ভিকাদ্রুম. একজাতীয় ব্যবসায়ীদের শ্রেণীবদ্ধ বিপণি।

পটিকা, স্ত্রী.[পট+ইক-আ] পটি, বস্ত্র, বসন, কাপড়।

পটিষ্ঠ, পুং. [পটু+ইষ্ঠ] অতিশয়পটু, সুনিপুণ।

পটী, স্ত্রী. [পট+ঈ] বস্ত্রবিশেষ; পর্দ্দা, যবনিকা,তিরস্করিণী; পট্টী; পাড়া,পল্লী।

পটীয়ান্, পুং. [পটু+ঈয়স্] অতিশয়পটু, সুনিপুণ, অতিদক্ষ।

পটীর, ন. [পট+ঈর] তিতউ; চালনী; তুঙ্গ, উচ্চতা; মুলক; কেদার, ক্ষেত্র; বারিদ, মেঘ; বেণুসার, বংশলোচন; বাতিক, বাতরোগ; চন্দন; খদির; উদর; কন্দর্প; হরণীয়

পটু, পুং. [পট+উ] পটোল; পটোলপত্র; কাণ্ডীরলতা; কারবেল্ল; চোরক; (ন.) ছত্রা; লবণ; পাংশুলবণ; (ত্রি.) দক্ষ, নিপুণ; নীরোগ; চতুর; তীক্ষ্ণ; স্ফুট. নিষ্ঠুর, দয়াহীন; ধূর্ত্ত, শঠ।

পটুক, পুং. [পটু+ক] পটোল, তিক্তক।

পটুকল্প, ত্রি. [পটু+কল্প] ঈষন্ন্যূনপটু, প্রায়নিপুণ।

পটুকা, স্ত্রী. [পটু+ক-আ] কটিবন্ধনবস্ত্র।

পটুজাতীয়, ত্রি. [পটু+জাতীয়] পটুপ্রকার।

পটুতা, স্ত্রী. [পটু+ত-আ] নৈপুণ্য, দক্ষতা, পারগতা।

পটুতৃণক, ন. [পটু+তৃণক] লবণ তৃণ।

পটুপত্রিকা, স্ত্রী. [পটু+পত্রিকা] ক্ষুদ্রচঞ্চুক্ষুপ।

পটুপর্ণিকা, স্ত্রী. [পটু+পর্ণিকা]ক্ষীরিণীবৃক্ষ।

পটুপর্ণী, স্ত্রী. [পটু+পর্ণী] স্বর্ণক্ষীরী।

পটুয়া, (প্রা) চিত্রকর, পটনির্ম্মাণ কারক।

পটুরূপ, ত্রি. [পটু+রূপ] অতিশয়পটু, বড়নিপুণ।

পটোটজ, ন. [পট+উটজ] ছত্রাক, কোঁড়ক [ছাতা।

পটোল, ন. [পট+ওল] বস্ত্রবিশেষ, গুজ্জরদেশীয়বিচিত্র পট্টবস্ত্র; (পুং.) স্বনাম প্রসিদ্ধলতাফল, (হিং.) পলবল্, তৎপর্য্যায়।—কুলক, তিক্তক, পটু,কর্কশদল, কুলজ, বাজিমান্, লতাফল, রাজফল, বরতিক্ত, অমৃতাফল, কটুফল, কটুক, কর্কশচ্ছদ, রাজনামা, অমৃতফল, পাণ্ডু, পাণ্ডুফল, বীজগর্ভ, নাগফল, কুষ্ঠারি, কাসমর্দ্দন, পঞ্জর, আজীফল, জ্যোৎস্নী, কচ্ছুঘ্নী।

পটোলক, পুং. [পটোল+ক] শুক্তি,ঝিনুক।

পটোলপত্র, ন. পটোল+পত্র] পলতা, পটলেরশাক।

পটোলিকা, স্ত্রী. [পটোল+ইক-আ] ফলবিশেষ, ঝিঙ্গা পোরলি, তৎপর্য্যায়।— জ্যোৎস্নী, জালী, জ্যোৎস্না

পটোলী, স্ত্রী. [পটোল+ঈ] জ্যোৎস্নী,জালী
পট্‌কন, (প্রা) যুদ্ধেপরাস্ত হওন; ভগ্নহওন।
পট্ট, ন. [পট+ত] নগর; (পুং.) পেষণ-পাষাণ, চূর্ণ করিবার প্রস্তর, শিল; ব্রণাদিরবন্ধন, পটী; চতুষ্পথ, চৌমাথা রাস্তা; রাজাদির শাসনানন্তর, রাজকীয় সনন্দ, পাট্টা; পীঠ, পিড়ি; ফলক, ঢাল; উষ্ণীষাদি, পাগড়ী; উত্তরীয়াদি, এক-পাট্টা; কৌষেয়, পাট্, রেশম; লোহিত কৌষেয়োষ্ণীষাদি, রাঙ্গারেশমের পা-গড়ী।
পট্টক, পুং. [পট্ট+ক] পট্ট, বস্ত্রাদি।
পট্টজ, ন. [পট্ট+জন] বস্ত্রবিশেষ, পট্টবস্ত্র, রেশমীকাপড়।
পট্টদেবী, স্ত্রী. [পট্ট + দেবী] মহাদেবী, পাটরাণী, প্রধানামহিষী।
পট্টন, ন. [পট্ট+অন] পত্তন, চত্বর, উঠান্।
পট্টনী, স্ত্রী. [পট্টন+ঈ] পত্তন।
পট্টমহিষী, স্ত্রী. [পট্ট + মহিষী] প্রধানা-মাহিষী, পাটরাণী।
পট্টরঙ্গ, ন. [পট্ট+রঙ্গ] পত্তরঙ্গ, বকম্।
পট্টরঞ্জন, ন. [পট্ট+রঞ্জন] পট্টরঙ্গ, বকম্ গাছ।
পট্টরঞ্জনক, ন. [পট্ট+রঞ্জনক] পট্টরঙ্গ, রঙ্গবৃক্ষ, বকম্‌গাছ।
পট্টরাণী স্ত্রী. [পট্ট+রাণী] মহাদেবী,প্রধানা মহিষী, পাটরাণী।
পট্টশাক, ন. [পট্ট + শাক] নালিতাশাক, পাটশাক। [রাণী
পট্টার্হা, স্ত্রী. [পট্ট+অর্হ] মহাদেবী, পাট-
পট্টারোহা, স্ত্রী. [পট্ট+আরোহ-আ] প্রধান রাজ্ঞী, পাটরাণী।
পট্টিকা,স্ত্রী.[পট্ট+ইক-আ]পট্টিকাখ্যলোধ্র।
পট্টিকাখ্য, পুং. [পট্টিকা+আখ্যা] রক্ত-লোধ্র, পাটিয়ালোধ, তৎপর্য্যায় ।— ক্রমুক, পট্টী, লাক্ষাপ্রসাদন।
পট্টিকালোধ্র, পুং. [পট্টিকা+লোধ্র] রক্ত-লোধ্র, পাটিয়ালোধ, তৎপর্য্যায় ।— ক্রমুক, বল্কলোধ্র, বৃহদ্দল, জীর্ণবুধ্ন, বৃহদ্বল্ক, শীর্ণপত্র, অক্ষিভেষজ, শাবর, শ্বেতলোধ্র, গালব, বৃহত্ত্বচ, পট্টী, স্থূল-বল্কল, লাক্ষাপ্রসাদ, বল্ক, জীর্ণপত্র, বৃহৎপত্র।
পট্টিল, পুং. [পট্টি+ল] পূতিকরজ।
পট্টিলোধ্র, পুং. [পট্টি+ লোধ্র] পট্টিকা-লোধ্র, রক্তলোধ্র, পাটিয়ালোধ।
পট্টিলোধ্রক, পুং. [পট্টি+লোধ্রক]পট্টিকা-লোধ্র, রক্তলোধ্র, পাটিয়ালোধ
পট্টিশ, পুং. [পট্ট+ইশ] অস্ত্রবিশেষ, পরশু, কুঠার, কুড়ুল।
পট্টিস, পুং. [পট্ট+ইস] অস্ত্রবিশেষ, পরশু, কুঠার, টাঙ্গী, কুড়ল।
পট্টী, স্ত্রী. [পট্ট+ঈ] পট্টিকালোধ্র, পাটিয়া-লোধ; ললাটেরভূষা,শিঁথী; তলসারক, অশ্বের বক্ষঃস্থলবন্ধন রজ্জু।
পট্টী, পুং. [পট্ট+ইন্] রক্তলোধ্র, পাটিয়া-লোধ।
পট্টোলিকা, স্ত্রী. [পট্টোলি+ক-আ] কুপ্ত-কীলা, ব্যবস্থাপত্র; পাট্টা
পট্‌পটী, (প্রা) লতাবিশেষ।
পঠদ্দশা, স্ত্রী. [পঠৎ+দশা] পাঠেরঅবস্থা, পড়িবারকাল।
পঠন, ন. [পঠ+অন] বাচন, অধ্যয়ন, পাঠ-করণ, পড়ন্।
পঠনীয়, ত্রি. [পঠ+অনীয়] পাঠ্য, পাঠ-করিবার যোগ্য।
পঠমঞ্জরী, স্ত্রী. [পঠ+মঞ্জরী] শ্রীরাগের চতুর্থ রাগিণী।
পঠসমঞ্জরী, স্ত্রী. [পঠ+ সমঞ্জরী] রাগিণী-বিশেষ।
পঠি, স্ত্রী. [পঠ+ই] পঠন, পাঠ, অধ্যয়ন, পড়া।
পঠিত, ত্রি. [পঠ+ত] বাচিত, কৃতপাঠ, অধিত, উচ্চারিত।
পঠিতব্য, ত্রি. [পঠ+ইতব্য] পঠনীয়, পাঠ্য, পাঠযোগ্য, পাঠোপযুক্ত।
পঠ্যমান, ত্রি. [পঠ+য-মান] অধীয়মান, যাহা পাঠ করা যাইতেছে।
পড়ন, (প্র) পঠন; পতন; আক্রমণ।
পড়সী, (প্রা) প্রতিবাসী।

পড়া, (প্রা) পাঠ, অধ্যয়ন; পতন; বিস্তৃত পতিতভূমি।

পড়ান, (প্রা) অধ্যাপন, পাঠকরান।

পড়িয়ান, (প্রা) বস্ত্রেরবুননি সূত্র।

পড়ুয়া, (প্রা) ছাত্র, বিদ্যার্থী, শিষ্য।

পড়ুয়াবিশ্বাস, (প্রা) শিক্ষক, অধ্যাপক।

পণ, পুং. [পণ+অ] কার্ষিকতাম্রিক, অশীতিকপর্দ্দক, কুড়িগণ্ডা; নির্দ্দেশ; ভৃতি; দ্যূত; গ্লহ, আড়, হোড়, বাজি; মূল্য; ধন; কার্ষাপণ; ক্রয্যশাকাট্টিকা, বিক্রেয় দ্রব্য, ব্যবহার; শৌণ্ডিক; গৃহ; বেতন; প্রতিজ্ঞা, নিয়ম। [প্রভৃতি।

পণগ্রন্থি, পুং. [পণ+গ্রন্থি] হট্ট, হাট, বাজার

পণন, ন. [পণ+অন] বিক্রয়, বেচা।

পণকর, ন. [পণ+কর] লগ্নহইতে দ্বিতীয় পঞ্চম অষ্টম একাদশ লগ্ন।

পণব, পুং. [পণ+ব] বাদ্যযন্ত্রবিশেষ, গায়নপটহ; প্রণব ওঁকার।

পণবন্ধ পুং. [পণ+বন্ধ] সন্ধি; প্রতিজ্ঞাবন্ধ; ফলসিদ্ধি। [প্রণব, ওঁকার।

পণবা, স্ত্রী. [পণ+ব-আ] পণব, গায়নপটহ;

পণস, পুং. [পণ+অস] পণ্যদ্রব্য, বিক্রেয়সামগ্রী।

পণাঙ্গনা, স্ত্রী. [পণ+অঙ্গনা] বেশ্যা, বারাঙ্গনা, খানকী।

পণাপণ, (প্রা) মূল্যনির্দ্ধারণ।

পণায়া, স্ত্রী. [পণ+আয়-আ] ক্রয়বিক্রয় ব্যবহার, কেনা বেচা।

পণায়িত, ত্রি. [পণ+ইত] স্তুত, প্রণিত, স্তবকরা; প্রসংশিত; ব্যবহৃত।

পণাস্থি, ন. [পণ+অস্থি] কপর্দ্দক, বরাটক, কড়ি।

পণাস্থিক, ন. [পণ+অস্থিক] বরাটক, কপর্দ্দক, কড়ি। [করা।

পণিত, ত্রি. [পণ+ইত] স্তুত, ব্যবহৃত; পণ

পণিতব্য, ত্রি. [পণ+ইতব্য] বিক্রেয়দ্রব্য, বেচিবারযোগ্য সামগ্রী; স্তোতব্য; ব্যবহার্য্য।

পণ্ড, ন. [পণ+ড] ক্লীব, নপুংসক; নিরর্থক, বৃথা, নিষ্ফল।

পণ্ডতা, স্ত্রী. [পণ্ড+তা] বিফলতা, নিরর্থকতা

পণ্ডশ্রম, পুং. [পণ্ড+শ্রম] অনর্থক আয়াস, বিফলেযত্ন, বৃথাকর্ম্মভোগ।

পণ্ডা, স্ত্রী. [পণ্ড+আ] বুদ্ধি; বেদোজ্জ্বলাবুদ্ধি; (পুং.) জগন্নাথের পূজারি বামন।

পণ্ডাপূর্ব্ব, ন. [পণ্ড+অপূর্ব্ব] ফলের অজনক অদৃষ্ট; (ত্রি.) ফলাজনকঅদৃষ্ট যুক্ত

পণ্ডিত, পুং. [পণ্ডা+ইত] পণ্ডাবুদ্ধি, শাস্ত্রজ্ঞ, তৎপর্য্যায়।—বিদ্বান্, বিপশ্চিৎ, দোষজ্ঞ, সন্, সুধী, কোবিদ, বুধ, ধীর, মনীষী, জ্ঞ, প্রাজ্ঞ, সংখ্যাবান, কবি, ধীমান্, সূরি, কৃতী, কৃষ্টি, লব্ধবর্ণ, বিচক্ষণ, দূরদর্শী, দীর্ঘদর্শী, বিশারদ, কবী, সূরী, বিদগ্ধ, দূরদৃক্, বেদী, বৃদ্ধ, বুদ্ধ, বিধানগ, প্রজ্ঞিল, কৃষ্ণি, বিজ্ঞ, মেধাবী; সিহ্লক; দক্ষ, নিপুণ।

পণ্ডিতম্মন্য, পুং. [পণ্ডিতম্+মন্য] পণ্ডিতাভিমানী, যে আপনাকে পণ্ডিত বলিয়া অভিমান করে।

পণ্ডিতমানী, পুং. [পণ্ডিত+মানিন্] পণ্ডিতাভিমানী।

পণ্ডিতাভিমানী, পুং. [পণ্ডিত+অভিমানিন্] পণ্ডিতম্মন্য, যে আপনাকে পণ্ডিত বলিয়া অভিমান করে।

পণ্ডিতমূর্খ, পুং. [পণ্ডিতম্+মূর্খ] যে ব্যক্তি পণ্ডিত হইয়াও মূর্খের ন্যায় আচরণ করে।

পণ্য, ত্রি. [পণ+য] পণিতব্য, বিক্রেয়দ্রব্য; ব্যবহার্য্য; স্তোতব্য।

পণ্যজীবক, ন. [পণ্য+জীবক] হট্ট, হাট, বাজার, বিক্রয়ের স্থান।

পণ্যবীথিকা, স্ত্রী. [পণ্য+বীথিকা] বিপণি, পণ্যবিক্রয়শালা; হট্ট, হাট; বিক্রয়ের নিমিত্ত প্রসারিত নানাবিধ দ্রব্যের দোকান, বাণিয়া বিহী, বাজার; হট্টমণ্ডপ; হট্ট মধ্যস্থিত ক্রয়বিক্রয়ের দ্রব্যাদি।

পণ্যবীথী, স্ত্রী. [পণ্য+বীথ-ঈ] ক্রয়বিক্রয় স্থান, হাট, বাজার।

পণ্যশালা, স্ত্রী. [পণ্য+শালা] হট্ট, হাট; বিক্রয় দোকান।

পণ্যস্ত্রী, স্ত্রী. [পণ্য+স্ত্রী] বেশ্যা, পণ্যাঙ্গনা, বারাঙ্গনা।

পণ্যা, স্ত্রী. [পণ্য+আ] পণ্যা স্ত্রী।

পণ্যাঙ্গনা, স্ত্রী. [পণ্য + অঙ্গনা] বেশ্যা, কুলটা, বারাঙ্গনা।

পণ্যাঙ্গনাপ্রিয়, পুং. [পণ্যাঙ্গনা + প্রিয়] বেশ্যাপ্রিয়, লম্পট।

পণ্যাজীব, পুং. [পণ্য+আজীব] ক্রয়বিক্রয়িক, বণিক্, বেণিয়া, সওদাগর।

পণ্যাজীবক, ন. [পণ্য+আজীবক] হট্ট, হাট, বাজার।

পণ্যান্ধা, স্ত্রী. [পণ্য+অন্ধ-আ] তৃণবিশেষ, তৎপর্য্যায়।—কম্বনীপত্র, পণ্যধা, পণধা।

পৎ, পুং. [পদ+অ] পাদ, চরণ, অঙ্ঘ্রি।

পত, ত্রি. [পত+অ] পুষ্ট, স্থূল।

পতগ, পুং. [পত+গম] পক্ষী, বিহঙ্গ, পাখী।

পতঙ্গ, পুং. [পত+অঙ্গ] সূর্য্য, দিবাকর; পক্ষী; শলভ, ফড়িঙ্গ, খদ্যোত; ধান্যবিশেষ; জলমধুকবৃক্ষ; (ন.) সূত,পারদ; চন্দনবিশেষ; অগ্নি; বাণ।

পতঙ্গম, পুং. [পতং + গম] পক্ষী, বিহঙ্গ, পাখী। [অতিলঘু।

পতঙ্গসম, পুং, [পতঙ্গ+সম] পতঙ্গতুল্য;

পতঙ্গিকা, স্ত্রী. [পতঙ্গ+ইক-আ] মধুমক্ষিকা বিশেষ, এক প্রকার মৌমাছী, তৎপর্য্যায়।—পুত্তিকা।

পতঞ্চিকা, স্ত্রী. [পত+অন্চ-আ] ধনুর্জ্যা, ধনুকেরছিলা।

পতঞ্জলি, পুং. [পত+অঞ্জলি] মুনিবিশেষ, পাতঞ্জল দর্শন পাণিনীটীকা মহাভাষ্যাদি গ্রন্থকর্ত্তা. তৎপর্য্যায়।—গোনর্দীয়, চূর্ণিকৃৎ, ভাষ্যকার, বররুচি।

পতৎ, পুং. [পত+অৎ] পক্ষী; (ত্রি.) পতনশীল, পতনবিশিষ্ট।

পতত্র, ন. [পত+অত্র] পক্ষ, পাখা, ডানা।

পতত্রি, ন. [পতত্র+ই] পক্ষী, বিহগ,পাখী।

পতত্রী, পুং. [পতত্র+ইন্] পক্ষী, বিহগ, পাখী।

পতদ্গ্রহ, পুং. [পতৎ+গ্রহ] প্রতিগ্রাহ, নিষ্ঠীবনপাত্র, পিক্‌দানী

পতদ্ভীরু, পুং. [পতৎ+ভীরু] শ্যেনপক্ষী, শয়চান, শিকরা।

পতন্, পুং. [পত+অৎ] পক্ষী, বিহগ,পাখী; (ত্রি.) পতনশীল।

পতন, ন. [পত+অন] পাত, পতিত হওন, পড়ন; পাপ।

পতম, পুং. [পত+ম] চন্দ্র; পক্ষী; পতঙ্গ।

পতয়ালু, ত্রি. [পতয়+আলু]পতনশীল, তৎপর্য্যায়।—পাতুক, পতনযুক্ত।

পতর, (প্রা) লৌহাদিরপত্র।

পতস, পুং. [পত+অস]পক্ষী; চন্দ্র; পতঙ্গ, ফড়িঙ্গ।

পতাকা, স্ত্রী. [পত + অক-আ] যাহারদ্বারা যুদ্ধবিশেষ জানা যায়, নিশান্, তৎপর্য্যায়।-বৈজয়ন্তী, কেতন,ধ্বজ, পটাকা, জয়ন্তী, বৈজয়ন্তিকা, কদলী, কন্দুলী, কেতু, কদলিকা, ব্যোমমণ্ডল, চিহ্ন; পতাকাদণ্ড; সৌভাগ্য; নাটকাঙ্গ; অঙ্ক; কেতু।

পতাকী, ত্রি. [পতাক + ইন্] বৈজয়ন্তিক, পতাকাধারী, ধ্বজাযুক্ত; রিষ্টারিষ্টবোধক চক্রবিশেষ; শুভাশুভদণ্ড জ্ঞান।

পতি, পুং. [পত+ই] মূল; গতি, পাণিগ্রহীতা, ভাতার, তৎপর্য্যায়।—ধব, প্রিয়, ভর্ত্তা, কান্ত, প্রাণনাথ, গুরু, হৃদয়েশ, জীবিতেশ, জামাতা, সুখোৎসব, নর্ম্মকীল, রতগুরু, স্বামী, রমণ, বর, পরিণেতা, গৃহী, (ত্রি.) অধিপতি, তৎপর্য্যায়।-স্বামী, ঈশ্বর, ঈশিতা, অধিভূ, নায়ক, নেতা, প্রভু, পরিবৃঢ়, অধিপ।

পতিঘাতিনী, স্ত্রী. [পতি+ঘাতিন্-ঈ]স্বামীহত্যাকারিণী, পতিবিনাশিনী।

পতিঘ্নী, স্ত্রী. [পতি+হন-ঈ] পতিনাশক হস্তরেখা বিশেষ; স্বামিহন্ত্রী, পতি বিনাশিনী।

পতিত, ত্রি. [পত+ইত] চলিত,গলিত, পতনাশ্রয়,পড়া, তৎপর্য্যায়।—প্রস্কন্ন, ভ্রষ্ট, ত্যাজ্য, অব্যবহার্য্য,শ্রেণীচ্যুত, পাতিত্য

বিশিষ্ট, স্বধর্ম্মচ্যুত, প্রায়শ্চিত্ত ভিন্ন বৈদিককর্ম্মের অনধিকারী, দ্বাদশবার্ষিক ব্রতনাশ্য পাপযুক্ত।

পতিতসাবিত্রীক, পুং. [পতিত+সাবিত্রীক] ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি উপনয়নের ব্যতিক্রম।

পতিপ্রাণা, স্ত্রী. পতি+প্রাণ+আ] পতিব্রতা, সতী।

পতিবত্নী, স্ত্রী.[পতি+বত্নী] সভর্ত্তৃকা, সধবা।

পতিব্রতা, স্ত্রী. [পতি+ব্রতা] স্বামানুরক্তা, ব্রতেরন্যায় যিনি পতিকে উপাসনা করেন, তৎপর্য্যায়।—সুচরিত্রা, সতী, সাধ্বী, একপত্নী; তন্নামযথা—সুবর্চ্চলা, শচী, অরুন্ধতী, রোহিণী, লোপামুদ্রা, সুকলা, সাবিত্রী, শ্রীমতী, মদয়ন্তী, কেশিনী, দময়ন্তী, সীতা, সতী, লক্ষ্মী, সাবিত্রী, মন্দোদরী

পতিম্বরা, স্ত্রী. [পতিং+বৃ-আ] স্বয়ম্বরা, স্বেচ্ছাধীনপত্যন্বেষিণী; কৃষ্ণজীরক, কালোজিরা।

পতিহীনা, স্ত্রী. [পতি+হীনা] পতিরহিতা, স্বামিহীনা, বিধবা।

পতের, পুং. স্ত্রী. [পত+এর] আঢ়ক,আঁঢ়ি; গর্ত্ত, বিবর, পক্ষী; (ত্রি.) গমনকর্ত্তা।

পত্তঙ্গ, ন. [পত্ত+গম]রক্তচন্দন; বৃক্ষবিশেষ, বকনগাছ, তৎপর্য্যায়।—পত্রাঙ্গ, রক্তকাষ্ঠ, সুরঙ্গদ, পত্রাণা, পট্টরঙ্গ, ভার্য্যাবৃক্ষ, রক্তক, লোহিত, রঙ্গকাষ্ঠ, রোগকাষ্ঠ, কুচন্দন, পট্টরঞ্জনক, সুরঙ্গ

পত্তন, ন. [পত+তন] নগর; মহতীপুরী; মৃদঙ্গ; উপক্রম, আরম্ভ।

পত্তনবণিক্, পুং.[পত্তন+বণিজ্] নগরবণিক্ স্বাধ্যায়ী।

পত্তি, পুং. [পদ্+তি] পদাতিক, সৈন্য; বীর; (স্ত্রী.) পত্তি, সেনাবিশেষ।

পত্তিসংহতি, স্ত্রী. [পত্তি+সংহতি] পদাতিসমূহ, সৈন্য সমূহ, পাদাত

পত্তুর, পুং. [পত্ত+উর] শালিঞ্চশাক; (ন.) পত্তঙ্গ; রক্তচন্দন।

পত্নী, স্ত্রী.[পতন+ঈ] বেদবিধান দ্বারা বিবাহিতা, তৎপর্য্যায়।—পাণিগৃহীতী, দ্বিতীয়া, সহধর্ম্মিণী, ভার্য্যা, জায়া, দারা, সধর্ম্মিণী, ধর্ম্মচারিণী, দার, গৃহিণী, সহচরী, গৃহ, ক্ষেত্র, বধূ, জনী, পরিগ্রহ, ঊঢ়া, কলত্র। [ঘর।

পত্ন্যাট, পুং. [পত্নী+আট] পত্নীগৃহ, স্ত্রীর

পত্র, ন. [পৎ+ত্র] বৃক্ষের অবয়ব বিশেষ, পাতা, তৎপর্য্যায়।—পলাশ, ছদন, দল, পর্ণ, ছদ, পাত্র, ছাদন, বর্হ, বর্হণ, পত্রক; পালক; শর; লিপি; লিখনাধার; পাৎ, কাগজ; বাহন; ধাতুময় পত্রাকৃতিদ্রব্য, পত্তর, তবক্, তেজপত্র, তৎপর্য্যায়।—তমালপত্র, পত্রক, ছদন, দল, পালাশ, অংশুক, বাস, তাপস, সুকুমারক, বস্ত্র, তমালক, রাম, গোপান, বসন, তমাল, সুরনির্গন্ধ।

পত্রক, ন. [পত্র+ক] বৃক্ষেরপত্র, শরপক্ষ; পক্ষীপক্ষ; পত্রী, তেজপাত; তেজপত্র, অঙ্গ শোভার্থরচিত পত্রাবলী; (পুং.) শালিঞ্চশাক।

পত্রকাহলা, স্ত্রী. [পত্রক+আহল-আ] পিঞ্জোলা, পত্রশব্দ।

পত্রকুটীর, ন. [পত্র+কুটীর] পত্ররচিতগৃহ, কুঁড়েঘর।

পত্রকৃচ্ছ্র, পুং. [পত্র+কৃচ্ছ্র] পর্ণ কৃচ্ছ্রব্রত।

পত্রগুপ্ত, পুং. [পত্র+গুপ্ত] ত্রিকণ্ট, তেঁকাটা সিজ।

পত্রঘনা, স্ত্রী. [পত্র+ঘনা] সাতলাবৃক্ষ।

পত্রঙ্গ, ন. [পত্র+অঙ্গ] পত্রাঙ্গ, রক্তচন্দন।

পত্রঝঙ্কার, পুং. [পত্র+ঝঙ্কার] পুরোটি, রায়ভাটি।

পত্রণা, স্ত্রী. [পত্র+অন্-আ] শরপত্র রচনা।

পত্রতণ্ডুলী, স্ত্রী. [পত্র+তণ্ডুলী] যবতিক্তা, শঙ্খিণী, যবেটী

পত্রতরু, পুং. [পত্র+তরু] দুষ্খদির।

পত্রদারক, পুং. [পত্র+দারক] ক্রকচ,করাৎ।

পত্রনাড়িকা, স্ত্রী. [পত্র+নাড়িকা] পত্র, শিরা, পাতারশির।

পত্রপরশু, পুং. [পত্র+পরশু] স্বর্ণকারদিগের স্বর্ণাদিচ্ছেদক অস্ত্রবিশেষ, ছেনী, তৎপর্য্যায়।—ব্রশ্চন, পত্রপর্শু।

পত্রপা, স্ত্রী. [পত্রপ+আ] অপত্রপা, লজ্জা।
পত্রপাল, পুং. [পত্র+পাল] আয়তা ছুরিকা, দীর্ঘছুরী।
পত্রপালী, স্ত্রী. [পত্র+পাল-ঈ] কর্ত্তনী, কাঁচী।
পত্রপাশ্যা, স্ত্রী. [পত্রপ+অশ্য-আ] স্বর্ণাদিরচিত ললাটাভরণ, টীকা, সিঁতি।
পত্রপিশাচিকা, স্ত্রী. [পত্র+পিশাচিকা] জলত্রা, টোকা, তৎপর্য্যায়।—খর্পর, বারিত্রা, মূর্দ্ধখোল।
পত্রপুষ্প, পুং. [পত্র+পুষ্প] রক্তুতুলসী।
পত্রপুষ্পক, পুং. [পত্র+পুষ্পক] ভূর্জ্জপত্র।
পত্রপুষ্পা, স্ত্রী. [পত্র+পুষ্পা] তুলসী; ক্ষুদ্রপত্র তুলসী।
পত্রবন্ধ, পুং. [পত্র+বন্ধ] পুষ্পরচনা।
পত্রবল্লী, স্ত্রী. [পত্র+বল্লী] পত্রভঙ্গ; রুদ্রজটা; পলাশীলতা; পর্ণলতা, পানগাছ।
পত্রবাল, পুং. [পত্র+বাল] তুলাধট, দাঁড়।
পত্রবাহ, পুং. [পত্র+বাহ] বাণ, শর, (ত্রি.) লিপিবাহক।
পত্রবাহক, পুং. [পত্র+বাহক] লিপিবাহক, যে লিপি লইয়া যায়।
পত্রভঙ্গ, পুং. [পত্র+ভঙ্গ] স্ত্রীলোকের স্তনও কপোল দেশাদিতে রচিত পত্রাবলী, তৎপর্য্যায়।—পত্রলেখা, পত্রবল্লী, পত্রলতা, পত্রাঙ্গুলী, পত্রাঙ্গুলি, পত্রভঙ্গী, পত্রক, পত্রভঙ্গি, পত্রাবলী।
পত্রভঙ্গী, স্ত্রী. [পত্র+ভঙ্গী] পত্রভঙ্গ, স্তন কপোলাদিতে রচিত পত্রাবলী।
পত্রযৌবন, ন [পত্র+যৌবন] পল্লব, নূতন পত্র, নবীনপাতা।
পত্ররথ, পুং. স্ত্রী. [পত্র+রথ] পক্ষী, বিহঙ্গ, পাখী।
পত্ররঞ্জন, ন. [পত্র+রঞ্জন] পত্রাদিতে স্বর্ণের দ্বারা বিচিত্রকরণ।
পত্রল, ন. [পত্র+ল] দ্রপ্স, অঘনদধি, পাতলা দই।
পত্রলেখা, স্ত্রী. [পত্র+লেখা] পত্রভঙ্গ, পত্রাবলী রচনা; তিলককরণ।
পত্রশাক, পুং. [পত্র+শাক] ষড়্বিধশাকের মধ্যে পত্ররূপশাক। [পর্ণনাড়ী।
পত্রশিরা, স্ত্রী. [পত্র+শিরা] পত্রভঙ্গ, মাড়ি;
পত্রশ্রেণী, স্ত্রী. [পত্র+শ্রেণী] দ্রবন্তী, নদী, পর্ণপংক্তি, পর্ণশ্রেণী
পত্রশ্রেষ্ঠ, পুং. [পত্র+শ্রেষ্ঠ] বিল্বপত্র, শ্রীফলপত্র। [প্রবাহ।
পত্রসংস্কার, পুং. [পত্র+সংস্কার] স্রোত,
পত্রসূচি, পুং. [পত্র+সূচি] কণ্টক, কাঁটা।
পত্রহিম, ন. [পত্র+হিম] হিমদুর্দ্দিন।
পত্রাখ্য, ন. [পত্র+আখ্য] তেজপত্র, তেজপাত; তালীশপত্র।
পত্রাঙ্ক, ন. [পত্র+অঙ্ক] পুস্তকাদির পত্রচিহ্ন, পৃষ্ঠা নির্ণায়ক অঙ্ক
পত্রাঙ্গ, ন. [পত্র+অঙ্গ] রক্তচন্দন; রক্তচন্দন সদৃশ কাষ্ঠবিশেষ, বকম্; ভূর্জপত্র; পদ্মক।
পত্রাঙ্গুল, স্ত্রী. [পত্র+অঙ্গুলি] পত্রভঙ্গ, স্তন ও কপোলাদিতে কস্তূরিকাদিরচিত পত্রাবলী।
পত্রাঞ্জন, ন. [পত্র+অঞ্জন] মসী, কালী।
পত্রাঢ্য, ন. [পত্র+আঢ্য] পিপ্পলীমূল; পর্ব্বত তৃণ।
পত্রাণ্য, ন. [পত্র+অন্য] পত্তঙ্গ।
পত্রাবলি, পুং. [পত্র+আবলি] গৈরিক; পত্রশ্রেণী, তিলক।
পত্রাবলী, স্ত্রী. [পত্র+আবলী] পত্রভঙ্গ, স্তন ও কপোলাদিতে রচিত পত্রাবলী; নবদুর্গা সম্প্রদানক মধুমিশ্রিত যবচূর্ণ যুক্ত নবাশ্বত্থপত্র; দেবাদি সন্নিধানেতে সন্দিগ্ধবস্তুর একেরনিশ্চয় নিমিত্ত ব্রাহ্মণ বালক হইতে উত্তোলিত সন্দেহ কোটি লিখিত পত্রসমূহ।
পত্রালু, পুং. [পত্র+আলু] কাসালু, ইক্ষুদর্ভা।
পত্রারূঢ়ক, ত্রি. [পত্র+আরূঢ়] পত্রমধ্যে লিখিত; পত্রে প্রবিষ্ট।
পত্রিকা, স্ত্রী. [পত্রিক+আ] পত্রী, লিপি, পত্র।
পত্রিকাখ্য, পুং. [পত্রিক+আখ্য] কর্পূরবিশেষ; (ত্রি.) পত্রিকানামক।

পত্রিণী, স্ত্রী. [পত্র+ইন্] পল্লব, পাতা।

পত্রী, পুং. [পত্র+ঈ] বাণ, শর; পক্ষী; শ্যেনপক্ষী; বৃক্ষ; রথী; পর্ব্বত; তাল-বৃক্ষ; শ্বেতকিণিহী; গঙ্গাপত্রী; পাচী; (ত্রি.) পত্রবিশিষ্ট, (স্ত্রী.) লিপি, পত্র।

পত্রোপস্কর, পুং. [পত্র+উপস্কর] কাসমর্দ্দ, কাসুন্দী।

পত্রোর্ণ, ন. [পত্র+উর্ণা] ধৌতকৌষেয়, (পুং.) শ্যোণাকবৃক্ষ।

পত্রোল্লাস, পুং. [পত্র+উল্লাস] মুকুল,বউল; কলিকা, কুঁড়ি। [বর্ত্ম।

পৎসল, ন. [পৎ+সল] পন্থা, পথ, মার্গ,

পথ, পুং. [পথিন্+অ] পন্থা, বর্ত্ম, মার্গ।

পথদর্শক, পুং. [পথ+দর্শক] যে পথ দেখায়; উপদেশক।

পথন্, পুং. [পথ+অন্] পথ, বর্ত্ম, মার্গ।

পথান্তর, পুং. [পথ+অন্তর] ভিন্ন পন্থা, অন্যপথ, অন্যমার্গ

পথ্যাদিগুগ্গুলু, পুং. [পথ্যাদি+গুগ্গুলু] ঔষধ বিশেষ।

পথিক, ত্রি. [পথিন্+ইক]পথে গমনকারক, তৎপর্য্যায়।—অধ্বনীন, অধ্বগ, অধ্বন্য, পান্থ, গন্তু, যাতু, পথক, যাত্রিক, যাতৃক, পথিল।

পথিকশালা, স্ত্রী. [পথিক+শালা] পান্থগৃহ, সরাই, উতরখানা।

পথিকসন্ততি, স্ত্রী. [পথিক+সন্ততি] পথিক সমূহ, পান্থশ্রেণী, পথিকদল, তৎপর্য্যায় —হারি, পথিক সংহতি, পথিকসজ্ঞ।

পথিকা, স্ত্রী. [পথিক+আ] কপিলদ্রাক্ষা, কপিলফলা।

পথিকাবাস, পুং. [পথিক+আবাস] পান্থ-শালা, সরাই, আড্ডা, উতরখানা।

পথিকাশ্রম, পুং. [পথিক+আশ্রম] পান্থ-লোকের আশ্রম স্থান, পথিকশালা।

পথিকদ্রুম, পুং. [পথিক+দ্রুম] খদিরবৃক্ষ; শ্বেতখদির, সাদাখয়ের; পথস্থিতবৃক্ষ।

পথিবাহক, ত্রি. [পথিন্+বাহক] শাকুনিক নিষ্ঠুর; ভারবাহক। [পথিস্থ।

পথিল, পুং. [পথিন্+ল] পান্থ, পথিক,

পথী, পুং. [পথ+ইন্] পথাবলম্বী, পথিক, পান্থ।

পথ্য, ত্রি. [পথ+য] চিকিৎসাদিতে হিত-কারক, তৎপর্য্যায়।—করণ, হিত, আ-ত্মীয়, আয়ুষ্য; (ন.) সৈন্ধব; রোগবিহিত আহার; (পুং.) হরীতকীবৃক্ষ।

পথ্যভোক্তা, ত্রি. [পথ্য+ভোক্তৃ] পথ্যাশী, পথ্যভোজী।

পথ্যশাক, পুং. [পথ্য+শাক] তণ্ডুলীয়শাক।

পথ্যা, স্ত্রী. [পথ্য+আ] হরীতকী; মৃগের্ব্বারু, শ্বেতেন্দ্রবারুণী, সেঁধিনী; চির্ভিটা, চি-ড়িভা; বন্ধ্যাকর্কোটকী।

পথ্যাপথ্য, ন. [পথ্য+অপথ্য] রোগির হিতাহিতকারক খাদ্যদ্রব্য।

পদ, ন. [পদ+অ] ব্যবসায়; ত্রাণ; স্থান; চিহ্ন; পাদ, চরণ; বস্তু; শব্দ; বাক্য; প্রদেশ; পাদচিহ্ন; শ্লোকপাদ; (পুং.) কিরণ; মহিমা।

পদক, পুং. [পদ+ক] পদজ্ঞাতা; স্বনামখ্যাত কণ্ঠভূষণ।

পদকার, পুং. [পদ+কার] পদবিভাগকারী।

পদগ, পুং. [পদ+গম] পদাতিক; (ত্রি.) পদদ্বারা গমনকারী

পদচ্যুত, ত্রি. [পদ+চ্যুত] মহিমা ভ্রষ্ট, স্থান ত্যক্ত।

পদতল, ন. [পদ+তল] চরণের অধোভাগ, পায়ের তালুয়া।

পদন্যাস, পুং. [পদ+ন্যাস] গোক্ষুর; পদ-বিক্ষেপ; পদরচনা।

পদবি, স্ত্রী. [পদ+বি] পদ্ধতি, উপাধি; পন্থা।

পদবিক্ষেপ, পুং. [পদ+বিক্ষেপ] পদন্যাস, পদক্রম। [পথ।

পদবী, স্ত্রী. [পদ+বী] পদ্ধতি, উপাধি; পন্থা,

পদব্রজ, পুং. [পদ+ব্রজ] পদদ্বারা গমন, পায়েচলন।

পদভঞ্জন, ন. [পদ+ভঞ্জন] নিরুক্ত, গূঢ়ার্থ শব্দ ব্যাখ্যাকরণ, পদভঙ্গ করণ।

পদভঞ্জিকা, স্ত্রী. [পদ+ভঞ্জিকা] পঞ্জিকা; টিপ্পনী, টীকাবিবৃতি।

পদভ্রষ্ট, ত্রি. [পদ+ভ্রষ্ট] পদচ্যুত, পদভ্রংশ, স্থানত্যক্ত।

পদমালা, স্ত্রী. [পদ+মালা] মোহনশীল, বিদ্যা পদশ্রেণী, পদসমূহ, ।

পদরথী, স্ত্রী. [পদ+রথ-ঈ] পরিধেয়বস্ত্র; পাদাবরণ, মোজা।

পদষ্ঠীব, ন. [পদ্+অষ্ঠীব] যুগপদুপস্থিত চরণ জানুনী, এককালীন উপস্থিত চরণ ও জানু।

পদস্থ, ত্রি, [পদ+স্থ] কর্ম্মেনিযুক্ত; মহিমা প্রাপ্ত; ভারপ্রাপ্ত।

পদসঙ্ঘাত, পুং. [পদ+সঙ্ঘাত] লেখক, টীকাকার। [হানি।

পদহর, পুং. [পদ+হর] শব্দচোর; পদ-

পদাঘাত, পুং. [পদ+আঘাত] পদদ্বারা প্রহার। [পায়েরদাগ।

পদাঙ্ক, পুং. [পদ+অঙ্ক] ক্রমাঙ্ক, পাদচিহ্ন,

পদাঙ্গী, স্ত্রী. [পদ+অঙ্গ-ঈ] হংসপদী।

পদাঙ্গুলি, স্ত্রী.[পদ+অঙ্গুলি] পায়ের অঙ্গুল।

পদাঙ্গুষ্ঠ, পুং. [পদ+অঙ্গুষ্ঠ] পায়ের বৃদ্ধাঙ্গুলি, পায়ের বুড়া আঙ্গুল।

পদাজি, পুং. [পদ+অজি] পদাতিক, পদব্রজে যুদ্ধকারীসেনা

পদাত, পুং. [পদ+অত] পদাতিক, পদদ্বারা গমনকারী সেনা।

পদাতি, পুং. [পদ+অত-ই] পদদ্বারা গমনকারীসেনা, পেয়াদা. তৎপর্য্যায়।—পত্তি, পতগ, পদাতিক, পদাজি, পদগ, পদিক, পদাতিক, পাদাৎ, পাদাবিক, পদাৎ, পদায়িক, শবরালি।

পদাতিক, পুং. [পদাতি+ক] পদাতি, পদদ্বারা গমনকারীসেনা, পেয়াদা।

পদান, (প্রা) সংকীর্ত্তন, স্তবকরণ, প্রশংসাকরণ; পদসঙ্কেত।

পদানত, ত্রি. [পদ+আনত] পদতলে পতিত; নিতান্ত বশীভূত।

পদাবলী, স্ত্রী. [পদ+আবলী] পদশ্রেণী, পদ সমূহ; ছন্দঃ।

পদার, পুং. [পদ+আর]পাদধূলি, চরণরজঃ, পাদরেণু; পদাবলিচ্ছন্দঃ।

পদারবিন্দ, ন. [পদ+অরবিন্দ] পাদপদ্ম, কমলতুল্য চরণ।

পদার্থ, পুং. [পদ+অর্থ] ঘটপটাদির অভিধেয়, তৎপর্য্যায়।—ভাব, ধর্ম্ম, তত্ত্ব, সত্ত্ব, বস্তু; পৃথিব্যাদিনয়; পদের তাৎপর্য্য; শব্দের প্রতিপাদ্য।

পদার্পণ, ন. [পদ+অর্পণ] চরণন্যাস, পদক্ষেপ।

পদাসন, ন. [পদ+আসন] পদপীঠ, ফুটষ্টুল ইতি ইংরাজী।

পদিক, পুং. [পদ+ইক] পদাতি, পদব্রজে গমনকারী সেনা।

পদগ, পুং. [পদ+গম] পদাতিক, পদব্রজে গমনকারী সেনা।

পদী, পুং. [পদ+ইন্] পদবিশিষ্ট; (প্রা) নৌকার পরিমাণ।

পদীন, (প্রা) দীপ, আলোকাধার, প্রদীপ।

পদুয়া, (প্রা) পদসাধক, পদজ্ঞ।

পদুয়াবিক্রয়, (প্রা) থোকেবিক্রয়, একেবারে বেচা। [সর্ব্বত্র।

পদেপদে, ব্য. প্রত্যেকস্থানে; প্রতিশব্দে;

পদো, (প্রা) সদসাধক, পদজ্ঞ।

পদ্দী, (প্রা) পদ্ধতি, উপাধি, পদবী।

পদ্ধতি, স্ত্রী. [পদ+হন-তি] পংক্তি, শ্রেণী; বর্ত্ম, পথ; গ্রন্থার্থবোধক গ্রন্থ; পদবী, উপাধি, ঘোষ বসু মিত্রাদি রূপা।

পদ্ধতী, স্ত্রী. [পদ+হন-ঈ] পদবী, উপাধি, ঘোষ বসু মিত্রাদিরূপা; পংক্তি, শ্রেণী; বর্ত্ম, পথ; গ্রন্থবিশেষ।

পদ্ধিম, ন. [পদ+হিম] পদের শীতলতা, চরণ শীতল হওয়া।

পদ্ম, ন. পুং. [পদ+ম] স্বনামখ্যাত পুষ্পবিশেষ, তৎপর্য্যায়।—অম্বুজ, অম্ভোজ, অম্ভোরুহ, অম্লান, অরবিন্দ, অব্জ, ইন্দিরালয়, কঞ্জ, কমল, কুটপ, কুশেশয়, জলেজাত, তামরস, নল, নলিন, নালিক, নালীক, পঙ্কজ, পঙ্কেরুহ, পুটক, পুষ্কর, বায়ুসম্ভব, বনজ, বিসপ্রসূন, মহোৎপল, রমাপ্রিয়, রাজীব, শতপত্র, শ্রীকর, শ্রীপর্ণ, শ্রীবাস, সরসিজ, সরসীরুহ,

সরোজ, সরোরুহ, সহস্রপত্র, সারস; (উৎপলের নাম) কুবলয়, কুবল, কুব; (নীলোৎপল) নীলাম্বুজন্মা, ইন্দীবর; (শুক্লোৎপল) কুমুদ, কুমুদ্, কৈরব; (শ্বেতশুঁদির নাম) সৌগন্ধিক, কহ্লার; (রক্তশুঁদি) হল্লক, রক্তসন্ধ্যক; (রক্তপদ্মের নাম) রক্তসরোরুহ, রক্তোৎপল, কোকনদ; (শুক্লপদ্ম) পুণ্ডরীক, সিতাম্ভোজ; গজের মুখাদি স্থিত বিন্দুসমূহ; ব্যূহবিশেষ; নিধিভেদ; সংখ্যান্তর, দশ অর্ব্বুদ, দশশঙ্খ; পদ্ম কাষ্ঠৌষধি; পুষ্করমূল; সীসক, সীসা; শরীরস্থ ষট্পদ্ম যথা।—মূলাধার,স্বাধিষ্ঠান, মণিপুর, অনাহত, বিশুদ্ধ, আজ্ঞা; (পুং.) দাশরথি, শ্রীরাম; নাগবিশেষ; পদ্মোত্তররাজজ, পদ্মোত্তররাজপুত্র; ইহা দ্বাদশজিন চক্রবর্ত্তান্তর্গত চক্রবর্ত্তি বিশেষ; বলদেব; ষোড়শ রতিবন্ধের মধ্যে প্রথম বন্ধ।

পদ্মক, ন. [পদ্ম+ক] বিন্দুজালক, গজের মুখাদিস্থ বিন্দুসমূহ; পদ্মকাষ্ঠ; কুষ্ঠ।

পদ্মকন্দ, পুং. [পদ্ম+কন্দ] কমলকন্দ, তৎপর্য্যায়।—শালুক, পদ্মমূল, কটাহ্বয়, শালুক, জলালুক। [বিশেষ।

পদ্মকরবীর, পুং. [পদ্ম+করবীর] পুষ্প-

পদ্মকলিকা, স্ত্রী. [পদ্ম+কলিকা] পদ্মমুকুল, অপ্রস্ফুটিত কমল।

পদ্মকাষ্ঠ, ন. [পদ্ম+কাষ্ঠ] ঔষধিবিশেষ, তৎপর্য্যায়।—পদ্মক, পীতক, পীত, মালয়, শীতল, হিম, শুভ, কেদারজ, রক্ত, পাটলাপুষ্প সন্নিভ, পদ্মবৃক্ষ।

পদ্মকী, পুং. [পদ্মক+ইন] ভূর্জ্জবৃক্ষ।

পদ্মকেশর, পুং. ন. [পদ্ম+কেশর] কিঞ্জল্ক, পদ্মের পাবড়ী।

পদ্মগন্ধ, ত্রি. [পদ্ম+গন্ধ] পদ্মপুষ্পের তুল্য সুগন্ধি। [সুগন্ধি।

পদ্মগন্ধি, ত্রি. [পদ্ম+গন্ধি] পদ্মপুষ্পেরতুল্য

পদ্মগর্ভ, পুং. [পদ্ম+গর্ভ] ব্রহ্মা, প্রজাপতি।

পদ্মচারিণী, স্ত্রী. [পদ্ম+চারিন্-ঈ] উত্তরা পর্য্যায়।—অব্যথা, অতিচরা, পদ্মা, চারটী

পদ্মজন্মা, পুং. [পদ্ম+জন্মা] ব্রহ্মা, প্রজাপতি; পদ্ম হইতে উৎপন্ন।

পদ্মতন্তু, পুং. [পদ্ম+তন্তু] মৃণাল, পদ্মের ডাঁটা। [লোবান্।

পদ্মদর্শন, পুং. [পদ্ম+দর্শন] শ্রীবাস,

পদ্মনাভ, পুং. [পদ্ম+নাভি] বিষ্ণু, নারায়ণ; ভাবি জিনবিশেষ।

পদ্মনাভি, পুং. [পদ্ম+নাভি] পদ্মনাভ বিষ্ণু, নারায়ণ।

পদ্মনাল, ন. [পদ্ম+নাল] মৃণাল, পদ্মের-ডাঁটা।

পদ্মনেত্র, ত্রি. [পদ্ম+নেত্র] পদ্মপুষ্পেরদল সদৃশ চক্ষুবিশিষ্ট।

পদ্মপত্র, ন. [পদ্ম+পত্র] পুষ্করমূল; কমলদল, পদ্মের পাতা।

পদ্মপর্ণ, ন. [পদ্ম+পর্ণ] পদ্মপত্র, পদ্মের-পাতা; পুষ্করমূল।

পদ্মপলাশলোচন, পুং. [পদ্ম+পলাশ+লোচন] বিষ্ণু; পদ্মপত্রের সদৃশ আয়ত লোচন।

পদ্মপাণি, পুং. [পদ্ম+পাণি] ব্রহ্মা, বিষ্ণু; বুদ্ধ; সূর্য্য; পদ্মহস্ত।

পদ্মপুষ্প, পুং. [পদ্ম+পুষ্প] কর্ণিকারবৃক্ষ; পিকাঙ্গপক্ষী, কোকিলের অঙ্গতুল্য পক্ষী।

পদ্মপ্রভ, পুং. [পদ্ম+প্রভ] চতুর্ব্বিংশতি বৃত্তার্হ মধ্যগত ষষ্ঠার্হ (ত্রি.) পদ্মতুল্য প্রভাযুক্ত।

পদ্মপ্রিয়া, স্ত্রী. [পদ্ম+প্রিয়া] জরৎকারু মুনিরপত্নী, আস্তিক মুনিরমাতা, মনসাদেবী।

পদ্মবন্ধ, পুং. [পদ্ম+বন্ধ] চিত্রকাব্যবিশেষ, শব্দের অলঙ্কারবিশেষ।

পদ্মবন্ধু, পুং. [পদ্ম+বন্ধু] সূর্য্য, দিবাকর; অলি, ভ্রমর।

পদ্মবর্ণক, ন. [পদ্ম+বর্ণক] পুষ্করমূল; (ত্রি.) পদ্মতুল্য বর্ণযুক্ত।

পদ্মবীজ, ন. [পদ্ম+বীজ] কমলবীজ, পদ্মের দানা, তৎপর্য্যায়।—পদ্মাক্ষ, গাল্লোড়া, কন্দলী, ভেণ্ডা, ক্রৌঞ্চাদনী, ক্রৌঞ্চা, শ্যামা, পদ্মকর্কটী।

পদ্মবীজাভ, ন. [পদ্ম+বীজ-আভ,] মখান্ন, মাখানা

পদ্মভূ, পুং. [পদ্ম+ভূ] ব্রহ্মা, বিধাতা, প্রজাপতি।

পদ্মমুখী, স্ত্রী. [পদ্ম+মুখ-ঈ] দুরালভা; (ত্রি.) পদ্মসদৃশ মুখবিশিষ্টা

পদ্মযোনি, পুং. [পদ্ম+যোনি] ব্রহ্মা,প্রজাপতি, হিরণ্যগর্ভ।

পদ্মরাগ, পুং. [পদ্ম+রাগ] রক্তবর্ণ মণিবিশেষ, মাণিক্, শোণরত্ন, লোহিতক, লোহিত, কুরুবিন্ধক; চুণী

পদ্মরেখা, স্ত্রী. [পদ্ম+রেখা] কররেখাবিশেষ।

পদ্মলাঞ্ছন, পুং. [পদ্ম+লাঞ্ছন] ব্রহ্মা; সূর্য্য; কুবের, ধনাধিপ; রাজা।

পদ্মলাঞ্ছনা, স্ত্রী. [পদ্ম+লাঞ্ছন-আ] তারা; লক্ষ্মী; সরস্বতী।

পদ্মলোচন, ত্রি. [পদ্ম+লোচন] পদ্মেরন্যায় চক্ষুবিশিষ্ট।

পদ্মা, স্ত্রী. [পদ্ম+আ] লক্ষ্মী, কমলা; লবঙ্গ; পদ্মচারিণী; পন্নগা,মনসাদেবী; ফঞ্জিকা; বৃত্তার্হন্মাতা; কুসুম্ভপুষ্প; বৃহদ্রথ রাজার কন্যা, কল্কিদেবের বিবাহিতা স্ত্রী; পূর্ব্বদেশীয় প্রধানানদী বিশেষ।

পদ্মাকর, পুং. [পদ্ম+আকর] জলাশয় বিশেষ, পদ্মজনক জলাশয়,তৎপর্য্যায়। তড়াগ, কাসার, সরসী, সরঃ, সরোজনী, সরোবর, তড়াক, তটাক, সরস, সর, সমক।

পদ্মাট, পুং. [পদ্ম+অট] চক্রমর্দ্দবৃক্ষ, চাকুন্দিয়াগাছ।

পদ্মাবতী, স্ত্রী. [পদ্মা+বৎ-ঈ] মনসাদেবী; নদীবিশেষ, পদ্মানদী; পদ্মচারিণী, জয়দেবের পত্নী।

পদ্মাবতীপ্রিয়, পুং.[পদ্মাবতী+প্রিয়] জরৎকারুমুনি; জয়দেব। [লবঙ্গ।

পদ্মালয়া, স্ত্রী. [পদ্ম+আলয়া] লক্ষ্মী,কমলা;

পদ্মাসন, ন. [পদ্ম+আসন] যোগাসনবিশেষ; পূজার নিমিত্ত ধাতুময় পদ্মের আকার আসন; রতিবিষয়ক পদ্মের সদৃশ আসন; (পুং.) ব্রহ্মা,কমলাসন, প্রজাপতি।

পদ্মাহ্বা, স্ত্রী. [পদ্ম+আহ্বা] পদ্মচারিণী।

পদ্মাক্ষ, ন. [পদ্ম+অক্ষ] পদ্মবীজ, পদ্মের বীচি; (ত্রি.) পদ্মতুল্যচক্ষু

পদ্মিনী, স্ত্রী. [পদ্ম+ইন্-ঈ] পদ্মযুক্ত দেশ; পদ্মসমূহ; পদ্মলতা, তৎপর্য্যায়।— নলিনী, বিসিনী; মৃণালিণী, কমলিনী, পুটকিনী, পঙ্কজিনী, সরোজিনী, নালিকিনী, নালীকিনী, অরবিন্দিনী, অম্ভোজিনী, পুষ্করিণী, জম্বালিনী, অব্জিনী; চতুর্ব্বিধ স্ত্রীর মধ্যে শোভনা স্ত্রীবিশেষ; সরোবর; পদ্ম; মৃণাল; হস্তিনী।

পদ্মিনীকণ্টক, পুং. [পদ্মিনী+কণ্টক] ক্ষুদ্র রোগবিশেষ, পদ্মকাঁটা

পদ্মিনীকান্ত, পুং. [পদ্মিনী+কান্ত] সূর্য্য; ভ্রমর।

পদ্মিনীখণ্ড, ন. [পদ্মিনী+খণ্ড] পদ্মসমূহ দেশ।

পদ্মিনীবল্লভ, পুং. [পদ্মিনী+বল্লভ] সূর্য্য, ভানু; ভ্রমর।

পদ্মী, ন. [পদ্ম+ইন্] হস্তী, করী, গজ।

পদ্মেশয়, পুং. [পদ্মে+শয়] বিষ্ণু, নারায়ণ।

পদ্মোত্তর, পুং. [পদ্ম+উত্তর] কুসুম্ভপুষ্প, কুসুমফুল।

পদ্মোত্তরাত্মজ, পুং. [পদ্মোত্তর+আত্মজ] জিনচক্রবর্ত্তিবিশেষ।

পদ্মোদ্ভব, পুং. [পদ্ম+উদ্ভব] ব্রহ্মা, অব্জযোনি।

পদ্মোদ্ভবা, স্ত্রী. [পদ্ম+উদ্ভব-আ] মনসাদেবী।

পদ্য, ন. [পদ+য] কবিকৃতি, শ্লোক, ছন্দ, কাব্য; শাঠ্য, শঠতা; (পুং.) শূদ্র, অবর বর্ণ।

পদ্যপাড়ন, (প্রা) আচরণ, ব্যবহারকরণ।

পদ্যরচনা, স্ত্রী. [পদ্য+রচনা] কবিতাকরণ, শ্লোকগাঁথন। [অচ্ছন্দ।

পদ্যহীন, ত্রি. [পদ্য+হীন] রীতিভঙ্গ;

পদ্যা, স্ত্রী. [পদ+য-আ] স্তুতি, স্তব; পন্থা, পথ, রাস্তা।

পদ্র, পুং. [পদ্+র] গ্রাম, বহুজন বসতি স্থান; গ্রামপথ, গ্রামেররাস্তা; ভূর্লোক; দেশবিশেষ

পদ্ব, পু. [পদ্+ব] ভূর্লোক; রথ; পন্থা,পথ, বর্ত্ম, মার্গ। [রথ।

পদ্বা, পুং. [পদ্+বন্] পন্থা, বর্ত্ম, মার্গ,পথ;

পনস, পুং. [পন্+অস] ফল বৃক্ষবিশেষ, কাঁটাল, তৎপর্য্যায়।—কন্টকিফল, মহাসর্জ, ফলিন, ফলবৃক্ষক, স্থূল, কন্টফল, মূলফলদ, অপুষ্পফলদ, পূতফল, চম্পকোষ, চম্পালু, কন্টকীফল, রসাল, মৃদঙ্গফল, পানস।

পনসতালিকা, স্ত্রী. [পনস+তালিকা] কন্টকিফল, কাঁটাল।

পনসিকা, স্ত্রী. [পনস+ইক-আ] ক্ষুদ্ররোগ বিশেষ, কর্ণমধ্যজাত ব্রণ। [বিশেষ।

পনীর, (যাং) সলবণদুগ্ধবিকার, খাদ্যদ্রব্য-

পন্থা, পুং. [পথ+ইন্] লোকের গমনাগমন স্থান, রাস্তা, তৎপর্য্যায়।—অয়ন, বর্ত্ম, মার্গ, অধ্বা, পদবী, সৃতি, সরণি, পদ্ধতি, পদ্যা, বর্ত্তনী, একপদী, পথ, পদবি, পদবী, সরণী, শরণি, পদ্ধতী, বর্ত্তনি, শরণী, বাট, ধর্ম্মবর্ত্তন, মাথ, বিবধ, বীবধ; উপায়; নরকবিশেষ।

পন্থী, (প্রা) পথিক; মতাবলম্বী

পন্ন, ত্রি. [পদ্+ন] চ্যুত, গলিত, ক্ষরিত; (পুং.) অধোগমন।

পন্নগ, পুং. [পদ্+ন-গম] সর্প, উরগ, অহি; ওষধিবিশেষ; পদ্মকাষ্ঠ।

পন্নগকেশর, পুং. [পন্নগ+কেশর] নাগকেশর পুষ্প। [গারি।

পন্নগাশন, পুং. [পন্নগ+অশন] গরুড়, পন্ন-

পন্নগী, স্ত্রী. [পন্নগ+ঈ] পন্নগপত্নী; মনসাদেবী; সর্পিণী ক্ষুপ।

পন্নদ্ধা, স্ত্রী. [পন্ন+নহ-আ] চর্ম্মপাদুকা, বিনামা, যুতা।

পন্নদ্ধী, স্ত্রী. [পদ+নহ-ঈ] চর্ম্মপাদুকা, বিনামা, যুতা।

পপি, পুং. [পা+ই] চন্দ্র, শশধর, নিশাকর; (ত্রি.) পানকর্ত্তা।

পপীঃ, পুং. [পা+ঈস্] সূর্য্য, দিবাকর; চন্দ্র, নিশাকর।

পপু, পুং. [পা+উ] পালক; (স্ত্রী.) ধাত্রী, ধাঈ।

পব, ন. [পূ+অ] গোময়, গোবর; (পুং.) নিষ্পাব, ধান্যাদির নির্ব্বুষীকরণ, ধান্যাদির শোধন, ; বায়ু।

পবন, ন. [পূ+অন] কুম্ভকারের আম ঘটাদির পাকস্থান, পোয়ান্, পয়ন; জল; (ত্রি.) প্রযত, সংযত; পবিত্রীকরণ; (পুং.) নিষ্পাব, ধান্যাদির শোধন; বায়ু, বাতাস, সপ্তবায়ু, যথা।—আবহ, প্রবহ, সম্বহ, নিবহ, উদ্বহ, বিবহ, বায়ু।

পবননন্দন, পুং. [পবন+নন্দন] পবনের পুত্র, হনুমান; ভীম।

পবনপুত্র, পুং. [পবন+পুত্র] পবনেরপুত্র, হনুমান; ভীম।

পবনব্যাধি, পুং. [পবন+ব্যাধি] উদ্ধব, শ্রীকৃষ্ণের সখা; বায়ুরোগ।

পবনবিজয়, পুং. [পবন+বিজয়] শুভাশুভ সূচক শ্বাসবায়ু জয়ের উপায়ক গ্রন্থবিশেষ।

পবনাত্মজ, পুং. [পবন+আত্মজ] হনুমান; হব্যবাহন।

পবনাল, পুং. [পব+নাল] ধান্যবিশেষ, দেধান, পোনরী, তৎপর্য্যায়।—দেবধান্য, চূর্ণাহ্ব, জুলল, জুলুল, বীজপুষ্প, পুষ্পগন্ধ।

পবনাশ, পুং. [পবন+অশ] সর্প, ভুজঙ্গ, অহি। [অহি।

পবনাশন, পুং. [পবন+অশন] সর্প, ভুজঙ্গ,

পবননাশনাশ, পুং. [পবনাশন+অশন] গরুড়; ময়ূর, সর্পভুক।

পবনেষ্ট, পুং. [পবন+ইষ্ট] মহানিম্ব।

পবনোম্বুজ, ন. [পবন+অম্বুজ] পরুষ, নিষ্ঠুরবাক্য।

পবমান, পুং. [পু+আন] বায়ু, বাতাস; নির্ম্মথ্যাগ্নি, গার্হপত্যাগ্নি।

পবমানাত্মজ, পুং. [পবনমান+আত্মজ] হব্যবাহন, অগ্নি।

পবাকা, স্ত্রী. [পূ+আক-আ] বাত্যা, চক্রবাত, ঝড়।

পবি, পুং. [পূ+ই] বজ্র, অশনি, কুলিশ।

পবিত, ত্রি. [পূ+ইত] পূত, শুদ্ধ, পবিত্র; (ন.) মরীচ।

পবিতা, ত্রি. [পূ+তৃ] পবিত্রতাকারক, সংশোধক।

পবিত্র, ন.[পূ+ইত্র] বর্ষণ; কুশ; তাম্র; পয়ঃ ঘর্ষণ; অর্ঘের উপকরণ; যজ্ঞোপবীত; ঘৃত; মধু; পার্ব্বণ শ্রাদ্ধাদিতে অর্ঘের নিমিত্ত হোমাদিতে ঘৃতসংস্কারেরনিমিত্ত সাগ্র কুশান্তর বেষ্টিত প্রাদেশ প্রমাণ কুশপত্রদ্বয়; (ত্রি.) ব্রতদ্বারা শুদ্ধ, তৎপর্য্যায়।—প্রযত, পূত, শুচি, শুদ্ধ, পবিত্রিত, পুণ্য, পাবন; শুদ্ধি জনক, তৎপর্য্যায়।—পূত, মেধ্য, শুদ্ধ, শুচি, পুণ্য, পুভিবৎ; (পুং.) তিলবৃক্ষ; পুত্রজীববৃক্ষ।

পবিত্রক, পুং. [পবিত্র+ক] জাল, শোণের সুতার জাল; ক্ষত্রিয়ের যজ্ঞোপবীত; (পুং.) কুশ; দমনকবৃক্ষ; অশ্বত্থ; উডুম্বর।

পবিত্রধান্য, ন. [পবিত্র + ধান্য] যব।

পবিত্রা, স্ত্রী. [পবিত্র+আ] তুলসী; নদীবিশেষ; হরিদ্রা; অশ্বত্থীবৃক্ষ।

পবিত্রারোপণ, ন. [পবিত্র + আরোপণ] শ্রীকৃষ্ণের উদ্দিশ্য যজ্ঞোপবীত দানরূপ উৎসববিশেষ।

পবিত্রারোহণ, ন. [পবিত্র+আরোহণ] পবিত্রারোপণ।

পবিত্রিত, ত্রি. [পবিত্র+ইত] পবিত্র, পূত, শুচি, শুদ্ধ, প্রযত।

পমরা, স্ত্রী. [পম+র-আ] গন্ধদ্রব্যবিশেষ, সল্লকী। [বিশেষ।

পম্পা, স্ত্রী. [পম্+পা] দক্ষিণদেশস্থ নদী-

পয়, (প্রা) বরকুত, শুভচিহ্ন, মঙ্গল।

পয়ঃ, ন. [পয়+অস্] জল; দুগ্ধ, ক্ষীর।

পয়ঃকন্দা, স্ত্রী. [পয়স্+কন্দ-আ] ক্ষীরবিদারী।

পয়ঃফেনী, স্ত্রী. [পয়স্+ফেন-ঈ] দুগ্ধফেক্ষুপ।

পয়গাম্, (যাং) সমাচার, খবর।

পয়গাম্বর, (যাং) আচার্য্য; দূত।

পয়জার্, (যাং) বিনামা, জুতা।

পয়দা (যাং) উৎপন্ন; প্রকাশ।

পয়নালা, (প্রা) জলের প্রণালী, নর্দ্দমা।

পয়মন্ত, (প্রা) ভাগ্যবান্; শুভদ।

পয়মাল্, (যাং) ধ্বংস, নষ্ট।

পয়শ্চয়, পুং. [পয়স্+চয়] জলসমূহ, তৎপর্য্যায়।—পূর, বেণি, জলরাশি।

পয়সা, (হি) তাম্রমুদ্রা।

পয়স্য, ত্রি. [পয়স্+য] পয়োবিকার, ঘৃ দধ্যাদি; (পুং.) বিড়াল, মার্জ্জার।

পয়স্যা, স্ত্রী. [পয়স্+য-আ] দুগ্ধিকা; ক্ষী কাকোলী; স্বর্ণক্ষীরী; অর্কপুষ্পিকা কুটুম্বিনীক্ষুপ; আমিক্ষা, শীতোষ্ণ দুগ্ধে দধি সংযোগ।

পয়স্বল, পুং. [পয়স্+বল] ছাগ, ছাগল।

পয়স্বিনী, স্ত্রী. [পয়স্+বিন্-ঈ] নদী, ধেনু রাত্রি; কাকোলী; ক্ষীরকাকোলী; দুগ্ধফেনী; ক্ষীরবিদারী; ছাগী; জীবন্তী।

পয়ান্, (প্রা) গতি, প্রস্থান।

পয়ার, (প্রা) চতুর্দ্দশাক্ষরী ভাষাকবিতা ব শ্লোক।

পয়োগড়, পুং. [পয়স্+গড়] ঘনোপল (ন.) দ্বীপ।

পয়োঘন, পুং. [পয়স্+ঘন] ঘন উপল।

পয়োজন্মা, পুং. [পয়স্+জন্মন্] মেঘ, জলধর, বারিদ।

পয়োধর, পুং. [পয়স্+ধর] স্ত্রীলোকেরস্তন; মেঘ; কোষকার; নারিকেলফল; কশেরু; নদী।

পয়োধাঃ, পুং. [পয়স্+অধস্] সমুদ্র, সাগর, বারিধি; জলাধার।

পয়োধি, পুং. [পয়স্+ধি] সমুদ্র, সাগর, বারিধি।

পয়োধিক, ন. [পয়স্+অধিক] সমুদ্রফেণ।

পয়োনিধি, পুং. [পয়স্+নিধি] সমুদ্র, সাগর।

পয়োব্রত, ন. [পয়স্+ব্রত] পয়োমাত্র পানরূপ ব্রতবিশেষ, দ্বাদশাহ সাধ্য বিষ্ণু ব্রতবিশেষ।

পয়োরঃ, পুং. [পয়স্+রস্] খদির, খএর।

পয়োলতা, স্ত্রী. [পয়স্+লতা] ক্ষীরবিদারী।

পয়োষ্ণীজাতা, স্ত্রী. [পয়োষ্ণী+জাত-আ] সরস্বতী নদী।

পয়োষ্ণী, স্ত্রী. [পয়স্+উষ্ণ-ঈ] নদীবিশেষ, বিন্ধ্যাচল পর্ব্বতের দক্ষিণে প্রসিদ্ধা।

পর, ন. [পৃ+অ] কেবল; মোক্ষ; (বা.) নিয়োগ; ক্ষেপ; (পুং.) শত্রু; ব্রহ্মার আয়ুঃ, (ত্রি.) অন্য; ইতর; ভিন্ন; দূর; উত্তর, অনাত্মীয়; অরি; প্রধান, উৎকৃষ্ট, শ্রেষ্ঠ; অধিক; পশ্চাৎ।

পরঃশত, ত্রি. [পরস্+শত] একশতের পর, শতাধিক সংখ্যা, শতোত্তীর্ণ।

পরঃশ্বঃ, ব্য.[পরঃ+শ্বস্] শ্বঃপরাহ, শ্বঃপরদিন, পরশু।

পরঃসহস্র, ত্রি. [পরঃ+সহস্র] সহস্রাধিক সংখ্যা।

পরকলা, (প্রা) স্বচ্ছ মৃত্তিকাবিশেষ।

পরকাল, পুং. [পর+কাল] উত্তরকাল, শেষকাল; পরত্র, পরলোক।

পরকীয়, ত্রি. [পরক+ঈয়] অন্য সম্বন্ধীয়; ভিন্ন বিষয়।

পরকীয়া, স্ত্রী. [পরক+ঈয়-আ] নায়িকাবিশেষ, অপ্রকাশে পরপুরুষানুরাগা, ইহা দুই প্রকার, যথা।—পরোঢা, কন্যকা। [খাই।

পরখ, (প্রা) পর্য্যালোচনা, পরীক্ষা, পর-

পরখাই, (প্রা) পরীক্ষাকরণ;বিবেচনাকরণ।

পরগণা, (ষাং) প্রদেশ, চাকলা।

পরগাছ, (প্রা) বৃক্ষবিশেষ।

পরগ্রন্থি, পুং. [পর+গ্রন্থি] পর্ব্বাবধি, অঙ্গুলিপর্ব্ব, আঙ্গুলের পাব।

পরগ্লানি, স্ত্রী. [পর+গ্লানি] পরনিন্দা; শত্রুবশীকরণ।

পরচাল, (প্রা) ভিন্নচাল; ভিন্নকেশ, কৃত্রিমকেশ, শনাদি নির্ম্মিত চুল।

পরচুল, (প্রা) অন্য মস্তকের চুল।

পরচ্ছন্দ, ত্রি. [পর+ছন্দ] পরাধীন, পরায়ত্ত।

পরচ্ছায়া, স্ত্রী. [পর+ছায়া] ভিন্নচ্ছায়া; অপদেবতা, ভূতযোনি, আলায়া।

পরচ্ছিদ্র, ন. [পর+ছিদ্র] পরদোষ, পরের গ্লানি।

পরছত্তী, (প্রা) চালের শেষভাগ, পরচালা।

পরজ, ত্রি. [পর+জন] অন্যদ্বারা উৎপন্ন; (প্রা) রাগিনীবিশেষ।

পরজাত, ত্রি. [পর+জাত] পরকর্ত্তৃকবর্দ্ধিত, উদাসীনকর্ত্তৃক পোষিত; পরহইতে জাত, অন্যদ্বারা উৎপন্ন।

পরজিত, ত্রি.[পর+জিত] পরপুষ্ট, অন্যদ্বারা পালিত; শত্রুকর্ত্তৃক পরাজিত।

পরঞ্জ, পুং. [পরং+জি] তৈলযন্ত্র, ঘানি; ছুরিকাফল; ফেন।

পরঞ্জন,পুং.[পরং+জন] বরুণ,জলাধিপতি।

পরঞ্জয়, পুং. [পরং+জি] বরুণ, জলাধিপতি; শত্রুজয় কর্ত্তা।

পরণ, (প্রা) বস্ত্রাদি পরিধান করণ।

পরতঃ, পুং. [পর+তস্] অন্যতঃ, অন্যহইতে; ভিন্ন বিষয়।

পরতন্ত্র, ত্রি. [পর+তন্ত্র] পরাধীন, পরবশ।

পরতম, ত্রি. [পর+তম] অত্যন্ত।

পরতর, ত্রি. [পর+তর] অধিক।

পরতল, (প্রা) বস্ত্রেরতালী, কাপড়ের থাক।

পরত্র, ত্রি. [পর+ত্র] অন্যত্র, পরকাল।

পরত্রভীরু, ত্রি. [পরত্র+ভীরু] ধার্ম্মিক, পরকালের ভয়শীল।

পরত্ব, ন. [পর+ত্ব] পরতা, পরের ভাব, ন্যায়মতে তদ্বিবিধ, যথা।—দৈশিক, কালিক।

পরদার, পুং. [পর+দার] পরভার্য্যা, পরস্ত্রী; (প্রা) মৈথুন।

পরদারগমন, ন. [পরদার+গমন] পরস্ত্রী গমন।

পরদারগামী, পুং. [পরদার+গামিন্] পরস্ত্রী গমনকারী, ব্যভিচারী।

পরদারাভিমর্ষ, পুং, [পরদার+অভিমর্ষ] পরস্ত্রী অভিগমন।

পরদারী, পুং. [পরদার+ইন্] ব্যভিচারী, কামুক, লম্পট।

পরদারোপসেবন, পুং.[পরদার+উপসেবন] পরদার গমন।

পরদুঃখ, ন. [পর+দুঃখ] অন্য জনের পীড়া, অন্যের ক্লেশ। [প্রবাস।

পরদেশ, পুং. [পর+দেশ] ভিন্নদেশ; (প্রা)

পরদেশী, ত্রি. [পর+দেশিন্] বিদেশীয়, বৈদেশিক; (পুং) বৈদেশষ।

পরদেশসেবী, ত্রি. [পরদেশ+সেবিন্] পরদেশগামী; বিদেশীয়।

পরদোষকীর্ত্তন, ন. [পরদোষ+কীর্ত্তন] অপবাদ, পরিবাদ, নিন্দা।

পরদ্বেষী, ত্রি. [পর+দ্বেষিন্] বিদূষক, পরদ্বেষ্টা।

পরদ্বেষ্টা, পুং. [পর+দ্বেষ্টৃ] পরহিংসক, পরানিষ্টকারক, বিদূষক।

পরদ্রোহ, পুং. [পর+দ্রোহ] পরানিষ্ট, পরপীড়ন, পরের মন্দকরণ।

পরদ্রোহী, ত্রি. [পর+দ্রোহিন্] পরের অনিষ্টকারী। [দ্রব্য।

পরধন, ন. [পর+ধন] অন্যেরবিষয়; পর-

পরধ্যান, ন. [পর+ধ্যান] ধ্যানবিশেষ।

পরন্তপ, ত্রি. [পরং+তাপ] পরতাপী, পরপীড়ক, শ্রেষ্ঠতপস্বী; (পুং) বিজয়ী।

পরন্তু, বা. [পরং+তু] অধিকন্তু, অপর।

পরপত্রগ, পুং, [পরপত্র+গম] সঙ্কেতবাক্য, কপটবাক্য।

পরপদ, ন. [পর+পদ] শ্রেষ্ঠপদ, শ্রেষ্ঠস্থান; মুক্তি; ভিন্নপদ।

পরপর, (প্রা) উত্তরোত্তর; ভিন্ন২; ক্রমে২।

পরপাঁউ, (যাং) কপোতবিশেষ।

পরপরিগ্রন্থ, পুং. [পর+পরিগ্রন্থ] পরাধীন।

পরপাকনিবৃত্ত, পুং. [পরপাক+নিবৃত্ত] পরোদ্দেশ্যক পাকরহিত, পঞ্চযজ্ঞকর্ত্তা; পরান্নত্যাগী।

পরপাকরত, পুং. [পরপাক+রত] পরপাকেতে যাহার রুচি, প্রাতঃকালীন পঞ্চযজ্ঞ হইতেনিবৃত্ত পরান্নভোজী, পরান্নে প্রবৃত্তি শালী।

পরপিণ্ডাদ, ত্রি. [পরপিণ্ড+অদ] পরান্নোপজীবী, পরান্নভোজী।

পরপুরপ্রবেশক, পুং. [পরপুর+প্রবেশক] কুহক, ভেল্কী; পরগৃহে গমনকারী।

পরপুরুষ, ত্রি. [পর+পুরুষ] বিষ্ণু; অন্যপুমান্, উপনায়ক।

পরপুষ্ট, পুং. [পর+পুষ্ট] কোকিল, পিক; (ত্রি.) পরকর্ত্তৃক পোষিত।

পরপুষ্টমহোৎসব, পুং. [পরপুষ্ট+মহোৎসব] আম্র, সহকার, আম্।

পরপুষ্টা, স্ত্রী. [পর+পুষ্ট-আ] বেশ্যা, গণিকা; পরাশ্রয়া, পরগাছা।

পরপূর্ব্বা, স্ত্রী. [পর+পূর্ব্ব-আ] যে স্ত্রীর পূর্ব্বে অন্য এক জন স্বামী ছিল, অন্যপূর্ব্বা, দ্বিরূঢ়া।

পরপ্রতিনপ্তা, পুং. [পর+প্রতি-নপ্তৃ] বৃদ্ধপ্রপৌত্র, প্রপৌত্রের পুত্র।

পরপ্রপৌত্র, পুং. [পর+প্রপৌত্র] বৃদ্ধপ্রপৌত্র, প্রপৌত্রের পুত্র।

পরব, (প্রা) উৎসব, আহ্লাদ জনক ক্রিয়া।

পরবঞ্চক, পুং. [পর+বঞ্চক] পরপ্রতারক, পরপ্রবঞ্চক, শঠ, ধূর্ত্ত।

পরবশ, ত্রি. [পর+বশ] অন্যের বশীভূত, পরতন্ত্র, তৎপর্য্যায়।—পরায়ত্ত, পরাধীন, পরচ্ছন্দ, পরবান্। [দোষ।

পরবাচ্য, ত্রি. [পর+বাচ্য] নিন্দনীয়, (ন.)

পরবাণি, পুং. [পর+বাণি] ধর্ম্মাধ্যক্ষ; বৎসর; কার্ত্তিকেয়বাহন, ময়ূর।

পরবাঞ্ছিত, ত্রি. [পর+বাঞ্ছিত] অন্যের ঈপ্সিত, পরের ইচ্ছিত। [অস্বতন্ত্র।

পরবান্ ত্রি. [পর+বৎ] পরাধীন, পরাশ্রিত,

পরব্রত, পুং. [পর+ব্রত] ধৃতরাষ্ট্ররাজা, দুর্য্যোধনের পিতা।

পরব্রহ্ম, ন. [পর+ব্রহ্মন্] শিব; পরমাত্মা; বিষ্ণু; ব্রহ্মা; পরমপুরুষ।

পরভাগ, পুং. [পর+ভাগ] গুণোৎকর্ষ; সুসম্পত্তি; ভাগ্য শেষাংশ।

পরভুক্তা, স্ত্রী. [পর+ভুক্ত-আ] অন্যপুরুষ সম্ভোগবিশিষ্টা, অন্য পুরুষরতা; (ত্রি.) অন্য কর্ত্তৃক ভক্ষিত।

পরভাগ্য, ন. [পর+ভাগ্য] পরসম্পদ।
পরভূমি, স্ত্রী. [পর+ভূমি] বিদেশ;শত্রুভূমি।
পরভূমিষ্ঠ, ত্রি. [পরভূমি+স্থা]পরদেশস্থিত।
পরভূষণ, ন. [পর+ভূষণ] অন্যের অলঙ্কার; (পুং.) ভূমির উপসত্ত্বাদি ত্যাগপূর্ব্বক সমন্বয়করণ।
পরভৃৎ, পুং. [পর+ভৃৎ] কাক, বায়স।
পরভৃত, পুং. [পর+ভৃত] কোকিল; (ত্রি.) পরপোষিত, অন্যপুষ্ট।
পরম্, ব্য. [পর+অম্] নিয়োগ; ক্ষেপ; পশ্চাৎ।
পরম, ব্য. [পর+ম] অনুজ্ঞা, হাঁ; প্রকার; (ত্রি.) পর, উৎকৃষ্ট; প্রধান; আদ্য; ওঙ্কার; অগ্রেসর, অগ্রগ।
পরমগতি, স্ত্রী. [পরম+গতি] মুক্তি, মোক্ষ; উৎকৃষ্টাগতি; (ত্রি.) মোক্ষের হেতু।
পরমগব,পুং.স্ত্রী. [পরম+গো-অ] শ্রেষ্ঠগৌ, উত্তমাগাভী।
পরমপদ, পুং. ন. [পরম+পদ] শ্রেষ্ঠস্থান; উত্তমপদ; মুক্তিপদ; পরদেবতাচরণ।
পরমপুরুষ, পুং. [পরম+পুরুষ] পরমাত্মা। বিষ্ণু।
পরমব্রহ্ম, ন. [পরম+ব্রহ্মন্] পরমেশ্বর, নারায়ণ, পরমাত্মা।
পরমর্ষি, পুং. [পরম+ঋষি] ভেলাদি ঋষিবিশেষ; পরমাত্মা।
পরমলাভ, পুং. [পরম+লাভ] মুক্তিলাভ; উত্তমলাভ।
পরমস্বধর্ম্মা, ত্রি. [পরম+স্বধর্ম্মন্] যাহার উৎকৃষ্ট স্বধর্ম্ম।
পরমহংস, পুং. [পরম+হংস] সন্ন্যাসিবিশেষ, যোগী।
পরমাণু, পুং. [পরম+অণু] পৃথিব্যাদি ভূতচতুষ্টয়ের দ্ব্যণুকার অবয়ব, অতিসূক্ষ্মবস্তু, কণামাত্র; কালবিশেষ।
পরমাণ্বঙ্গক, পুং. [পরমাণু+অঙ্গক] বিষ্ণু, জনার্দ্দন।
পরমাত্মা, পুং. [পরম+আত্মন্] পরমব্রহ্ম, পরদেবতা,তৎপর্য্যায়।—আপোজ্যোতিঃ, চিদাত্মা।
পরমাদ্বৈত, পুং. [পরম+অদ্বৈত] বিষ্ণু, পরমব্রহ্ম, নারায়ণ।
পরমান্ন, ন. [পরম+অন্ন] দেবতা এবং পিতৃ অন্ন জন্য পরম উৎকৃষ্টান্ন, তৎপর্য্যায়।—পায়স, ক্ষীরিকা, দুগ্ধ পক্কান্ন।
পরমায়ুঃ, ন. [পরম+আয়ুস্] জীবিতকাল, আয়ুঃ।
পরমায়ুষ, ন. [পরম+আয়ুষ] অসনবৃক্ষ।
পরমার্থ, ন. [পরম+অর্থ] উৎকৃষ্ট বস্তু; যথার্থ; তত্ত্ববিষয়।
পরমার্হত, পুং. [পরম+অর্হত] জৈনরাজর্ষি বিশেষ।
পরমৃত্যু, পুং. [পর+মৃত্যু] কাক, বায়স।
পরমেশ্বর, পুং. [পরম+ঈশ্বর] শিব; বিষ্ণু; পরমব্রহ্ম।
পরমেশ্বরী, স্ত্রী. [পরম+ঈশ্বর-ঈ] পরমেশ্বরের শক্তি, পরদেবতা, ব্রহ্মরূপিণী।
পরমেষ্ঠিনী, স্ত্রী. [পরমে+স্থা-ইন্ ঈ] ব্রাহ্মী, বামনহাটী; ব্রহ্মারশক্তি।
পরমেষ্ঠী, পুং. [পরমে+স্থা-ইন্] ব্রহ্মা, পিতামহ; জিন; শালগ্রামবিশেষ; গুরুবিশেষ।
পরম্পর, পুং. [পরম্+পর] প্রপৌত্রাদি; মৃগবিশেষ; (ত্রি.) প্রপৌত্র তনয়।
পরম্পরা, স্ত্রী,[পরম্+পর-আ] অন্বয়,সন্তান, বংশ; বধ, হিংসা; পরিপাটী, অনুক্রম, ক্রমেং, আনুপূর্ব্বী।
পরম্পরাক, ন. [পরম্পর+অক] যজ্ঞার্থপশুহনন, তৎপর্য্যায়।—শমন, প্রোক্ষণ, ঘাতন, বধ।
পরম্পরাগত, ত্রি. [পরম্পর+আগত] ক্রমাগত, ক্রমেং প্রাপ্ত।
পরম্পরায়, (প্রা) ক্রমেং, আনুপূর্ব্বী, অনুসারে, অন্যান্যদ্বারা।
পরম্পরায়াত, ত্রি. [পরম্পর+আয়াত] পরম্পরাগত, ক্রমাগত, ক্রমেং প্রাপ্ত।
পরম্পরীণ, ত্রি. [পরম্পর+ঈণ] পরম্পরা প্রাপ্ত।
পরম্পরীয়, পুং. [পরম্পর+ঈয়] পরম্পরা প্রাপ্ত, ক্রমাগত।

পররু, পুং. [পর+রু] কেশরাজ।

পরলোক, পুং. [পর+লোক] লোকান্তর, স্বর্গাদি; অন্য লোক।

পরলোকগম, পুং. [পরলোক+গম] মৃত্যু, মরণ, নিধন, লোকান্তর গমন।

পরশ, ন. [পর+শী] রত্নবিশেষ, পরশমণি, পরশপাতর; স্পর্শ।

পরশপাথর, (প্রা) স্পর্শপ্রস্তর।

পরশব্য, ত্রি. [পরশু+য] পরশু সম্বন্ধীয়।

পরশাড়া, (প্রা) লতাবিশেষ; স্তাবক।

পরশু, পুং. [পর+শু] অস্ত্রবিশেষ, টাঙ্গী, কুড়ালি, তৎপর্য্যায়।—পর্শু, পরশ্বধ, পর্শ্বধ, স্বধিতি, কুঠার।

পরশুধর, পুং. [পরশু+ধর] গণেশ; কুঠার ধারী।

পরশুরাম, পুং. [পরশু+রাম] ভগবানের অবতারবিশেষ, ষোড়শাবতার, তৎপর্য্যায়।—জামদগ্ন্য, পর্শুরাম, পরশুরামক, ভার্গব, ভৃগুপতি, ভৃগুনাংপতি।

পরশোঁয়া, (প্রা) লতাবিশেষ।

পরশ্বঃ, ব্য.[পর+শ্বস্]শ্বঃ পরদিন, আগামী তৃতীয় দিবস, আগামিদিনের পর দিন; গত দিনের পূর্ব্ব দিন, পর্শু।

পরশ্বধ, পুং. [পরশ্ব+ধ] কুঠার, কুড়ালি।

পরসংজ্ঞক, পুং. [পর+সংজ্ঞক] আত্মা, জীব। [সম্বন্ধ।

পরসম্বন্ধ, পুং. [পর+সম্বন্ধ] অন্যের সহিত

পরস্তাৎ, ব্য. [পর+অস্তাৎ] পরে দূরতর।

পরস্ত, (প্রা) ছন্দোবিশেষ।

পরস্ব, ন. [পর+স্ব] পরধন।

পরস্বধ, পুং. [পরস্ব+ধ] পরশ্বধ, কুঠার, কুড়ালি।

পরস্পর, ত্রি. [পরস্+পর] অন্যোন্য, ইতরেতর।

পরস্পরজ্ঞ, পুং. [পরস্পর+জ্ঞ] স্বজন, বন্ধু।

পরস্পরাম্, ব্য. [পরস্পর+আম্] পরস্পরে।

পরস্পরোপকার, পুং. [পরস্পর+উপকার] পরস্পরে উপকার।

পরস্মৈপদ, ন. [পরস্মৈ+পদ] ব্যাকরণের বিভক্তির চিহ্নবিশেষ।

পরক্ষেত্র, ন. [পর+ক্ষেত্র] পরপত্নী; পরশরীর; পরভূমি।

পরা, ব্য. [পর+আ] বিমোক্ষ; প্রাধান্য; প্রাতিলোম্য; ধর্ষণ; আভিমুখ্য; ভৃশার্থ; বিক্রম; গতি; বধ, উপসর্গবিশেষ; অস্থার্থঃ, ভঙ্গ; অনাদর; প্রত্যাবৃত্তি; ন্যাগভাব; (স্ত্রী) বন্ধ্যাকর্কোটকী; নাভিরূপ মূলাধার হইতে প্রথমোদিত নাদস্বরূপ বর্ণ।

পরাক, পুং. [পরা+ক] ব্রতবিশেষ; খড়্গ; ক্ষুদ্র; রোগবিশেষ; জন্তুবিশেষ।

পরাক্, ব্য. [পরা+অচ্] পরাঅঞ্চতি, প্রতিলোমগমনাশ্রয়। [হেলন।

পরাকরণ, ন. [পরা+করণ] অবজ্ঞান, অব-

পরাক্পুষ্পী, স্ত্রী. [পরাক্+পুষ্প-ঈ] অপামার্গ, আপাংগাছ।

পরাক্রম, পুং. [পর+আক্রম] প্রতাপ, তৎপর্য্যায়।—দ্রবিণ, তর, সহ, বল,শৌর্য্য, বীর্য্য, স্থাম, শুষ্ম, শক্তি, প্রাণ, সহঃ শুষ্ম, সামর্থ্য; বিক্রম; উদ্যোগ; নিষ্ক্রমণ।

পরাক্রমশূন্য, ত্রি. [পরাক্রম+শূন্য] শক্তিহীন, নির্ব্বীর্য্য, প্রতাপরহিত, দুর্ব্বল।

পরাক্রমী, ত্রি. [পরাক্রম+ইন্] বীর্য্যবান্, বিক্রমী, প্রতাপান্বিত, বলবান্।

পরাক্রান্ত, ত্রি. [পর+আক্রান্ত] বীর্য্যমান্, শক্তিমান্, বিক্রমশালী।

পরাগ, পুং. [পরা+গ] পুষ্পধুলি, তৎপর্য্যায়।—সুমনোরজঃ, কৌসুমরেণু; পুষ্পরেণু; ধুলি, ধুলা, স্নানীয়দ্রব্য; গিরিবিশেষ; বিখ্যাতি; উপরাগ; চন্দন; স্বচ্ছন্দ গমন। [মহাদেব।

পরাঙ্গদ, পুং. [পর+অঙ্গদ] শিব, মহেশ,

পরাঙ্গব, পুং. [পর+অঙ্গব] সমুদ্র, সাগর, পয়োনিধি, জলধি।

পরাঙ্মুখ, ত্রি. [পরাং+মুখ] বিমুখ, তৎপর্য্যায়।—পরাচীন, বহির্ম্মুখ।

পরাচিত, ত্রি. [পর+আচিত] পরপুষ্ট, পরদ্বারা প্রতিপালিত, তৎপর্য্যায়।—পরিস্কন্দ, পরজাত, পরৈধিত, [illegible]।

পরাচীন, ত্রি. [পরা+চীন] পরাঙ্মুখ, বিমুখ।

পরাজয়, পুং. [পরা+জয়] রণ হইতে ভঙ্গ হওন, তৎপর্য্যায়।—ভঙ্গ, হারী, হারি, পরাভব।

পরাজয়ী, ত্রি. [পরা+জয়-ইন্] পরাজিত, পরাস্ত, হারা।

পরাজিত, ত্রি. [পরা+জিত] কৃতপরাজয়, হারিত, তৎপর্য্যায়।—পরাভূত, বিজিত, জিত।

পরাজেয়, ত্রি. [পরা+জেয়] পরাজিত, পরাজয়করণোপযুক্ত।

পরাঞ্জ, পুং. [পরা+অঞ্জ] তৈলযন্ত্র, ঘানি; ফেন; ছুরিকাদল।

পরাণ, (প্রা) বস্ত্রাদি পরিধান কারণ; প্রাণ, জীবন।

পরাৎপর, পুং. [পরাৎ+পর] শ্রেষ্ঠ হইতে শ্রেষ্ঠ, শ্রীকৃষ্ণ; পরমাত্মা; পরমেশ্বর।

পরাৎপ্রিয়, পুং. [পরাৎ+প্রিয়] তৃণবিশেষ, উলুখড়। [ঘোটক।

পরাদন, পুং. [পর+অদন] পারসীকদেশীয়

পরাধি, স্ত্রী. [পরা+ধি] মৃগয়া, শিকার।

পরাধিকার, পুং. [পর+অধিকার] অন্যের অধিকার।

পরাধীন, ত্রি. [পর+অধীন] পরবশ, তৎপর্য্যায়।—পরতন্ত্র, পরবান্, নাথবান্।

পরানসা, স্ত্রী. [পরান+সা] চিকিৎসা, রোগপ্রতিকার।

পরান্ন, ন. [পর+অন্ন] অন্যস্বামিক ভক্ত পিষ্টকাদি; পরকর্ত্তৃক শস্যপাকজ দ্রব্যমাত্র; পরস্পৃষ্টান্ন; (ত্রি.) পরান্নোপজীবী, তৎপর্য্যায়।—পরপিণ্ডাদ।

পরান্নভোক্তা, পুং. [পরান্ন+ভোক্তা] অন্যের অন্নে উপজীবী।

পরান্নভোজী, ত্রি. [পরান্ন+ভোজিন্] পরপোষিত, পরপালিত, পরান্নে প্রতিপালিত, পরপিণ্ডাদ।

পরান্নোপজীবী, পুং. [পরান্ন+উপজীবিন্] পরপিণ্ডাদ, পরান্নভোক্তা, পরের অন্নে জীবিত।

পরাপ, ত্রি. [পর+অপ] পরেপ।

পরাপবাদ, পুং. [পর+অপবাদ] পরনিন্দা, অন্যেরকুৎসা, পরগ্লানি।

পরাপর, ন. [পর+অপর] পরূষক; পর এবং অপর।

পরাপরগুরু, পুং. [পরাপর+গুরু] [illegible] বিশেষ, ভগবতী।

পরাবজ্ঞ, পুং. [পর+অবজ্ঞা] পরতুচ্ছকারক, ঘৃণাকারী, অবহেলক, অবজ্ঞাতা।

পরাবজ্ঞা, স্ত্রী. [পর+অবজ্ঞা] ঘৃণা, অতিশয় তুচ্ছতা।

পরাবত, ন. [পর+অবত] পরূষক।

পরাবর, ত্রি. [পর+অবর] অগ্রপশ্চাৎ।

পরাবর্ত্ত, পুং. [পর+আবর্ত্ত] পরিবর্ত্ত, বিনিময়।

পরাবর্ত্তন, ন. [পর+আবর্ত্তন] প্রত্যাগমন, পুনরাগমনকরণ।

পরাবর্ত্তনীয়, ত্রি. [পরাবৃত+অনীয়] পরাবর্ত্ত্য, প্রত্যাগমন যোগ্য।

পরাবর্ত্তব্যবহার, পুং. [পরাবর্ত্ত+ব্যবহার] পুনর্ব্বিচারপ্রার্থনা, আপিল ইতি ইংরাজী।

পরাবহ, পুং. [পর+আবহ] সপ্তবায়ুর অন্তর্গত বায়ু, পরিবহ বায়ুর ঊর্দ্ধস্থিত বায়ু। [পতি।

পরাবিদ্ধ, পুং. [পর+আবিদ্ধ] কুবের, ধন-

পরাবৃত্ত, ন. [পরা+আবৃত্ত] পুনরাগত, প্রত্যাগত।

পরাবৃত্তি, স্ত্রী. [পরা+আবৃত্তি] প্রত্যাগমন, পুনরাগমন।

পরাবেদী, স্ত্রী. [পর+আবেদ-ঈ] বৃহতী, কণ্টকারী।

পরাভব, পুং. [পরা+ভব] তিরস্কার, তৎপর্য্যায়।—ন্যক্কার, তিরস্ক্রিয়া, পরিভাব, বিপ্রকার, পরিভব, অভিভব, অত্যাকার, নিকার; বিনাশ; হারি।

পরাভূত, ত্রি. [পরা+ভূত] পরাজিত, পরাস্ত, নির্জ্জিত, হারা।

পরামনন, ন. [পরা+মনন] চিন্তন, অনুতাপ; অধর্ম্ম করিয়া পশ্চাত্তাপ।

পরামর্শ, পুং. [পরা+মৃশ-অ] যুক্তি, বিবেচনা, তৎপর্য্যায়।—বিতর্ক, উন্নয়ন, বিমর্ষণ, অধ্যাহার, তর্ক, উহ; ব্যাপ্তি-বিশিষ্ট পক্ষ ধর্ম্মতাজ্ঞান।

পরামর্শী, পুং. [পরা+মৃশ-ইন্] মন্ত্রী, পরামর্শদাতা, যুক্তিদায়ক।

পরামর্ষ, পুং. [পরা+মৃষ-অ] নিবৃত্তি, তিতিক্ষা।

পরামাণিক, (প্রা) প্রামাণিক, স্বং জাতির কর্ত্তা; নাপিত।

পরামৃত, ন. [পরা+মৃত] বর্ষণ, বৃষ্টি।

পরামৃষ্ট, ত্রি. [পরা+মৃষ্ট] সম্বন্ধ, সম্বন্ধযুক্ত বিবেচিত, পরামর্শকরা।

পরায়ণ, ত্রি. [পর+অয়ন] আসঙ্গবচন; আশ্রয়, নিপুণ, তৎপর; অভীষ্ট।

পরায়ত্ত, ত্রি. [পর+আয়ত্ত] পরাধীন, পরবশ

পরারি, ব্য. [পর+অরি] পূর্ব্বতর বৎসর, গত তৃতীয় বর্ষ; (ত্রি.) পরশত্রু

পরারিত্ন, ত্রি. [পরারি+ত্ন] পূর্ব্বতর বৎসর।

পরারু, পুং. [পৃ+আরু] কারবেল্ল,করলা।

পরারুক, পুং. [পরারু+ক] প্রস্তর, শিলা, পাষাণ, পাতর। [ভিন্ন।

পরার্থ, ন. [পর+অর্থ] পরের নিমিত্ত, স্বার্থ-

পরার্থবাদী, ত্রি. [পরার্থ+বাদিন্] যে অন্যের নিমিত্ত কথা কহে।

পরার্দ্ধ, ন. [পর+অর্দ্ধ] দশমধ্য সংখ্যা, লক্ষ লক্ষ কোটি, চরমসংখ্যা, শেষসংখ্যা।

পরার্দ্ধ্য, ত্রি. [পরার্দ্ধ+য] প্রধান, শ্রেষ্ঠ, সর্ব্বোৎকৃষ্ট। [শক্তিমুনি পুত্র।

পরাশর, পুং. [পরা+শর] ব্যাসদেবের পিতা,

পরাশরী, পুং. [পরাশর+ইন্] পারাশরী, চতুর্থাশ্রমী, ভিক্ষুক।

পরাশ্রয়, পুং. [পর+আশ্রয়] পরাবলম্বন, পরাধীনতা গ্রহণ।

পরাশ্রয়া, স্ত্রী. [পর+আশ্রয়-আ] বৃক্ষোপরিজাত লতাবিশেষ, পরগাছা, তৎপর্য্যায়।—বন্দা, বৃক্ষাদনী, বৃক্ষরুহা, জীবন্তিকা, বশিনী, পুত্রিণী, বন্ধ্যা,পরপুষ্টা।

পরাশ্রিত, ত্রি. [পর+আশ্রিত] অন্যের আশ্রয়ে স্থিত, পরাধীন, পরবশ।

পরাসন, ন. [পর+আসন] মারণ, বধ, হনন।

পরাসু, ত্রি. [পর+অসু] মৃত,মরা,গতপ্রাণ।

পরাসুতা, স্ত্রী. [পর+অসুতা] মৃতত্ব, মরণ; নিদ্রাপরবশতা।

পরাসিসিষু, ত্রি. [পর+অস-উ] ক্ষেপণেচ্ছু।

পরাসেধ, ত্রি. [পর+আসেধ] অন্যকর্ত্তৃক আসেধিত, অন্যদ্বারা বন্দীকৃত।

পরাস্কন্দী, পুং. [পর+আস্কন্দিন্] চৌর, তস্কর, অপহারক।

পরাস্ত, ত্রি. [পরা+অস-ত] নিরস্ত,পরাজিত, পরাভূত, হারা।

পরাস্তুতা, স্ত্রী. [পরাসু+তা] মৃত্যু; নিদ্রা।

পরাহ, পুং. [পর+অহন্] পরদিন, পরদিবস।

পরাহত, ত্রি. [পর+আহত] আক্রমিত।

পরাহ্ন, পুং.[পর+অহন] অপরাহ্ন,বিকাল।

পরি, ব্য. [পৃ+ই] সর্ব্বতোভাব; বর্জন; ব্যাধি; শেষ; ইত্থম্ভূত, এই প্রকার; আখ্যান; ভাগ; বীপ্সা; আলিঙ্গন; লক্ষণ; দোষাখ্যান; নিরসন; পূজা; ব্যাপ্তি; ভূষণ; উপরম; শোক; সন্তোষ ভাষণ; উপসর্গ বিশেষ, তদর্থ যথা।—সর্ব্বতোভাব; অতিশয়; বীপ্সা; ইত্থম্ভাব; চিহ্ন; ভাগ; ত্যাগ; নিয়ম।

পরিকথা, স্ত্রী. [পরি+কথা] বাক্যবিশেষ।

পরিকম্প, পুং. [পরি+কম্প] ভয়; কম্পন, কাঁপা।

পরিকর, পুং. [পরি+কর] পর্য্যঙ্ক; পরিবার; সমারম্ভ; বৃন্দ, সমূহ; কটিবন্ধন, কোমর বাঁধা; বিবেক; সহকারী

পরিকর্ত্তা, পুং. [পরি+কর্তৃ] অবিবাহিত জ্যেষ্ঠ ভ্রাতার কনিষ্ঠ ভ্রাতৃ বিবাহের মন্ত্র পাঠক ব্রাহ্মণ।

পরিকর্ত্তিকা, স্ত্রী. [পরি+কর্ত্তিকা] যাতনাবিশেষ।

পরিকর্ম্ম, ন. [পরি+কর্ম্মন্] কুঙ্কুমাদি দ্বারা অঙ্গসংস্কার; স্নানোদ্বর্ত্তনাদি; শরীর

সংস্কারমাত্র, তৎপর্য্যায়।—অঙ্গসংস্কার, প্রতিকর্ম্ম। [সেবক।

পরিকর্ম্মা, পুং. [পরি+কর্ম্মন্] পরিচারক,

পরিকর্ম্মী, ত্রি. [পরি+কর্ম্মিন্] পরিকর্ম্মা, পরিচারক, সেবক। [চেষ্টা।

পরিকল্পনা, স্ত্রী. [পরি+কল্পনা] উপায়চিন্তা;

পরিকল্পিত, ত্রি. [পরি+কল্পিত] নির্দ্ধারিত, স্থিরীকৃত।

পরিকাঙ্ক্ষিত, ত্রি. [পরি+কাঙ্ক্ষিত] তপস্বী, যোগী; মুনি।

পরিকীর্ণ, ত্রি. [পরি+কীর্ণ] বিকীর্ণ, বিস্তৃত।

পরিকীর্ত্তন, ন. [পরি+কীর্ত্তন] প্রস্তাব; গল্প; প্রতিষ্ঠাকরণ, সর্ব্ব প্রকারে প্রশংসন।

পরিকীর্ত্তিত, ত্রি. [পরি+কীর্ত্তিত] প্রকাশিত, কথিত, প্রস্তাবিত, প্রতিষ্ঠিত।

পরিকূট, ন. [পরি+কূট] পুরদ্বারকূটক, পুরদ্বারসমূহ, তৎপর্য্যায়।—হস্তিনখ, নগরদ্বারকূটক।

পরিকৃশ, ত্রি. [পরি+কৃশ] অতিশয় দুর্ব্বল।

পরিক্রম, পুং. [পরি+ক্রম] ক্রীড়ার্থপদ দ্বারাগমন, তৎপর্য্যায়।—বিহার; প্রদক্ষিণ।

পরিক্রমসহ, পুং. [পরিক্রম+সহ] অজ, ছাগ, ছাগল।

পরিক্রিয়া, স্ত্রী. [পরি+ক্রিয়া] পরিখার জলাদি দ্বারা বেষ্টন, পরিসর্প।

পরিক্লিশ, পুং. [পরি+ক্লিশ] ক্লেশ, ব্যথা।

পরিক্লিষ্ট, ত্রি. [পরি+ক্লিষ্ট] দুঃখিত।

পরিখা, স্ত্রী. [পরি+খন–আ] রাজধান্যাদি বেষ্টন খাত, গড়খাই, খানা, তৎপর্য্যায়।—খেয়।

পরিখ্যাত, ত্রি. [পরি+খ্যাত] বিখ্যাত, সর্ব্বতোভাবে খ্যাত, প্রথিত, প্রসিদ্ধ।

পরিখ্যাতি, স্ত্রী. [পরি+খ্যাতি] যশঃ, প্রতিষ্ঠা।

পরিগণিত, ত্রি. [পরি+গণিত] সর্ব্বতোভাবে গণনা করা, সংখ্যাকরা, গণা।

পরিগত, ত্রি. [পরি+গত] প্রাপ্ত; বিস্মৃত; জ্ঞাত; চেষ্টিত; গত; বেষ্টিত।

পরিগম, পুং. [পরি+গম] অনুসন্ধান; পরিবেষ্টন।

পরিগমিত, ত্রি.[পরিগম+ইত] পরিচালিত।

পরিগৃহীত, ত্রি. [পরি+গৃহীত] স্বীকৃত, গ্রহণকরা।

পরিগৃহ্যা, স্ত্রী. [পরি+গৃহ+আ] নারী, স্ত্রী, বনিতা।

পরিগ্রহ, পুং. [পরি+গ্রহ] প্রতিগ্রহ, সৈন্যের পশ্চাৎভাগ; পত্নী; ভার্য্যা, পরিজন, পরিবার; আদান, গ্রহণ, স্বীকার; মূল, কন্দ; শাপ, শপথ, দিব্য, রাহুর বক্ত্রেস্থিত সূর্য্য।

পরিগ্রাহ, পুং. [পরি+গ্রাহ] যজ্ঞবেদি বিশেষ।

পরিঘ, পুং. [পরি+হন] লৌহবদ্ধ লগুড়; লৌহময় যষ্টি, গদা; লৌহ মুখ লগুড়, তৎপর্য্যায়।—পরিঘাতন, পরিঘাতক, পরিঘাত, পরিতোহনন; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত ঊনবিংশতিযোগ; অর্গল, হুড়কা; মুদ্গর; শূল; কলস, কলসি; কাঁচেরঘট; গোপুর; সদ্ম, গৃহ।

পরিঘট্টিত, ত্রি. [পরি+ঘট্টিত] পরিঘর্ষিত।

পরিঘাত, পুং. [পরি+ঘাত] অস্ত্র; হনন, আঘাত।

পরিঘাতন, পুং. [পরি+ঘাতন] পরিখাস্ত্র; (ন.) সর্ব্বতোভাবে হনন; অস্ত্র দ্বারা প্রহারকরণ।

পরিঘোষ, পুং. [পরি+ঘোষ] শব্দ; মেঘ শব্দ; অবাচ্য।

পরিচয়, পুং. [পরি+চয়] সর্ব্বতোভাবে চয়ন, বিশেষরূপে জ্ঞান, চেনা, তৎপর্য্যায়।—সংস্তব, প্রণয়।

পরিচর, পুং. [পরি+চর] যুদ্ধ কালীন শক্র প্রহার হইতে রথ রক্ষক, সৈন্যসামন্ত ব্যবস্থাপনকারী; সেনা বিষয়ে রাজার দণ্ড নায়ক, তৎপর্য্যায়।—পরিধিস্থ, সহায়।

পরিচরণকর্ম্ম, ন. [পরিচরণ+কর্ম্ম] পরিচর্য্যা, তদ্বৈদিক পর্য্যায়।—ইরজ্যতি, বিধেম,

সপর্য্যতি, নমস্ততি, দুরস্ততি, ঋণ্ণোতি, ঋণদ্ধি, ঋচ্ছতি, সপতি, বিবাসতি।
পরিচর্য্যা, স্ত্রী. [পরি+চর্য্যা] সেবা, তৎপর্য্যায়।—পরিবস্যা, শুশ্রূষা, উপাসন, পরিসর্য্যা, উপাসনা, উপাস্তি,শুশ্রূষণা।
পরিচায়ক, ত্রি. [পরি+চায়ক] জ্ঞাপক, বোধক, আলাপক, যাহার দ্বারা পরিচয় পাওয়া যায়।
পরিচায্য, পুং. [পরি+চায্য] যজ্ঞীয় অগ্নি বিশেষ, তৎপর্য্যায়।—সমূহ্য, উপচায্য।
পরিচারক, ত্রি. [পরি+চারক] সেবক, চাকর, তৎপর্য্যায়।—ভৃত্য, দাসের, দাসেয়, দাস, গোপ্যক, চেটক, নিযোজ্য, কিঙ্কর, প্রেষ্য, ভুজিষ্য, ডিঙ্গর, চেট, গোপ্য, পরাচিত, পরিস্কন্দ, পরিকর্ম্মী।
পরিচারিকা, স্ত্রী. [পরিচারক+আ] দাসী।
পরিচার্য্য, ত্রি. [পরি+চার্য্য] সেব্য, সেবনীয়, শুশ্রূষা করিবার যোগ্য।
পরিচিত, ত্রি. [পরি+চিত] পরিচয় বিশিষ্ট, জ্ঞাত, চেনা।
পরিচেয়, ত্রি. [পরি+চেয়] পরিচয় যোগ্য, পরিচয়নীয়, পরিচেতব্য, চিনিবার যোগ্য।
পরিচ্যুত, পুং. [পরি+চ্যুত] প্রণষ্ট, হারিত।
পরিচ্ছদ, পুং. [পরি+চ্ছদ] পরিবার; হস্তী; অশ্ব; বস্ত্র কম্বল; আচ্ছাদন; বেশ, ভূষণ; পরিধান, পোষাক।
পরিচ্ছন্দ, পুং. [পরি+চ্ছন্দ] পরিচ্ছদ, হস্তী অশ্ব রথ কম্বলাদি।
পরিচ্ছন্ন, ত্রি. [পরি+ছন্ন] পরিচ্ছদ বিশিষ্ট; সর্ব্বতোভাবে আচ্ছাদিত, সংবৃত, পরিহিত, পরিস্কৃত, পরিশুদ্ধ।
পরিচ্ছিত্তি, স্ত্রী. [পরি+চ্ছিত্তি] ব্যবধান; বিচ্ছেদ; নিষ্পত্তি।
পরিচ্ছিন্ন, ত্রি. [পরি+ছিন্ন] পরিচ্ছেদ বিশিষ্ট, অবধি প্রাপ্ত; সীমাবদ্ধ, পরিমিত।
পরিচ্ছেদ, পুং. [পরি+ছেদ] গ্রন্থ বিচ্ছেদ; সীমা, অবধি; বিভাগ; প্রকরণ; ব্যবধান।
পরিজন, পুং. [পরি+জন] পরিবার, পোষ্য বর্গ, পুত্রকলত্রাদি; নিয়ত নিকটবর্ত্তি পরিচারক।
পরিজন্মা, পুং. [পরি+জন্মন্] চন্দ্র, নিশাকর; অগ্নি, অনল, বহ্নি।
পরিজবা, পুং. [পরি+জবন্] ইন্দ্র, দেবরাজ; অগ্নি, অনল।
পরিজল্পিত, ন. [পরি+জল্পিত] দশাঙ্গ চিত্র জল্পনার মধ্যে দ্বিতীয় জল্পন।
পরিজ্ঞাত, ত্রি. [পরি+জ্ঞাত] জানিত, বিদিত, অবগত, বিশেষরূপ জ্ঞাত।
পরিজ্ঞান, ন. [পরি+জ্ঞান] নিশ্চয়বোধ, সর্ব্বতোভাবে অবগত, বিশেষরূপে জানা।
পরিজ্ঞাপন, ন. [পরি+জ্ঞাপন] জ্ঞাত করান, জানান; প্রত্যয় করান, বিশ্বাস জন্মান।
পরিডীনক, ন. [পরি+ডীনক] পক্ষীর গতি বিশেষ, যথা।—ডীন, প্রডীন, উড্ডীন, সংডীন।
পরিণত, ন. [পরি+নত] পক্ক, পরিণাম প্রাপ্ত, পাকা; বক্রগামী গজ; সর্ব্বতোভাবে নত।
পরিণতি, স্ত্রী. [পরি+নতি] পরিণাম, পাকন, শেষ হওন।
পরিণয়, পুং. [পরি+নয়] বিবাহ, দার পরিগ্রহ।
পরিণয়ন, ন. [পরি+নয়ন] বিবাহ করণ, পাণিগ্রহণ।
পরিণাম, পুং. [পরি+নম+অ] বিকার, প্রকৃতির অন্যথাভাব, অবস্থান্তর প্রাপ্তি, ভাবান্তর প্রাপণ; চরম, শেষ; উত্তরকাল।
পরিণামদর্শক, পুং. [পরিণাম+দর্শক] বিজ্ঞ; দুরদর্শক, পরকালদর্শী।
পরিণামদর্শী, ত্রি. [পরিণাম+দর্শিন্] চরমকাল প্রেক্ষী, পশ্চাৎদর্শী, বিষয়াদি শেষদর্শক।
পরিণামনিরোধ, পুং. [পরিণাম+নিরোধ] জীবনের আবৃত্তি অর্থাৎ জন্ম, বৃদ্ধি, মৃত্যু।

পরিণামপথ্য, ত্রি. [পরিণাম+পথ্য] পরিণামকুশল।

পরিণামবিরুদ্ধ, ত্রি. [পরিণাম+বিরুদ্ধ] অস্বাভাবক; শেষ বিরুদ্ধ।

পরিণামশূল, পুং. [পরিণাম+শূল] রোগ বিশেষ। [ময়ন।

পরিণায়, পুং. [পরি+নায়] শারির সমন্তা-

পরিণাহ, পুং. [পরি+নাহ+অ] বিস্তার, ওসার, চৌড়া, তৎপর্য্যায়।—বিশালতা, পরিসর।

পরিণীতা, স্ত্রী. [পরি+নীত+আ] বিবাহিতা, উঢ়া, পাণিগৃহীতা।

পরিণেতা, পুং. [পরি+নেতৃ] ভর্ত্তা, পতি, বিবাহকর্ত্তা। [দিকে ব্যাপ্ত।

পরিতঃ, ব্য. [পরি+তস্] সর্ব্বতঃ, চতু-

পরিতপ্ত, ত্রি. [পরি+তপ্ত] সন্তাপিত, দুঃখিত, মনস্তাপিত।

পরিতাপ, পুং. [পরি+তাপ] দুঃখ, মনস্তাপ, সন্তাপ, ক্লেশ; নরকান্তর; শোক; ভয়; কম্প; অত্যুষ্ণতা, অতিশয় উষ্ণ।

পরিতুষ্ট, ত্রি. [পরি+তুষ্ট] পরিতোষযুক্ত, সন্তুষ্ট, আহ্লাদিত, আনন্দিত।

পরিতুষ্টি, স্ত্রী. [পরি+তুষ্টি] সন্তোষ, তৃপ্তি, আহ্লাদ।

পরিতোষ, পুং. [পরি+তোষ] সর্ব্বতোভাবে তুষ্টি, সন্তোষ, তৃপ্তি, আহ্লাদ, হর্ষ।

পরিতোষকজনক, ত্রি. [পরিতোষক+জনক] সন্তোষজনক, তৃপ্তিকর, হর্ষজনক।

পরিত্যক্ত, ত্রি. [পরি+ত্যক্ত) পরিত্যাজ্য।

পরিত্যজন, ন. [পরি+ত্যজন] পরিত্যাগ।

পরিত্যজ্য, ব্য. [পরি+ত্যজ্য]পরিত্যাগকরণ।

পরিত্যাগ, পুং. [পরি+ত্যাগ] সর্ব্বতোভাবেবর্জ্জন, তৎপর্য্যায় ।—ছোরণ, ত্যাগ॥

পরিত্যাগী, পুং. [পরি+ত্যাগী] পরিত্যাগকর্ত্তা, বিবর্জ্জক।

পরিত্রস্ত, ত্রি. [পরি+ত্রস্ত] ভীত।

পরিত্রাণ, ন. [পরি+ত্রাণ] মারণোদ্যত হইতে রক্ষা করা, তৎপর্য্যায় ।—পর্য্যাপ্তি, হস্ত বারণ; রক্ষণ; মোচন; নিষ্কৃতি।

পরিত্রাতা, পুং. [পরি+ত্রাতা] নিস্তারক, রক্ষক, মোচনকর্ত্তা।

পরিত্রায়ক, ত্রি. [পরি+ত্রায়ক] নিস্তারক, পরিত্রাণকর্ত্তা, রক্ষক। [ময়, বদল।

পরিদান, ন. [পরি+দান] পরিবর্ত্ত, বিনি-

পরিদায়ী, পুং. [পরি+দায়িন্] অবিবাহিত জ্যেষ্ঠ ভ্রাতৃ বর্ত্তমানে কনিষ্ঠকে কন্যাদানকারক।

পরিদাহী, ত্রি. [পরি+দাহিন্] উত্তপ্ত।

পরিদেবক, ত্রি. [পরি+দেবক] দুঃখকারক।

পরিদেবন, ন. [পরি+দেবন] অনুশোচনোক্তি, বিলাপ, অনুশোচন, অনুতাপ, পশ্তান।

পরিদেবনা, স্ত্রী. [পরি+দেবন+আ] শোক নির্মিত্ত বিলাপ; পশ্চাত্তাপ; বিবেচনা; পরিণামে চিন্তা, পশ্চাদ্ভাবনা।

পরিধান, ন. [পরি+ধান] পরিধেয় বস্ত্র, তৎপর্য্যায়।—অন্তরীয়, উপসংব্যান, অধোংশুব; বস্ত্রাদি ধারণ।

পরিধাপন, ন. [পরি+ধাপন] পরিধান করান, পরান।

পরিধাবন, ন. [পরি+ধাবন] পশ্চাতে দ্রুত গমন; ধাবন, দৌড়ান; বিবেচন, চিন্তন।

পরিধায়, পুং. [পরি+ধায়] জলস্থান; পরিচ্ছেদ; নিতম্ব, পাছা।

পরিধি, পুং. [পরি+ধা+ঈ] পরিবেশ, চন্দ্র সূর্য্যের সমীপ মণ্ডল; যজ্ঞীয় বৃক্ষের শাখা, যজ্ঞীয়তরু পলাশাদি; যজ্ঞপশু বন্ধনার্থ যে শাখা; ভূগোলাদির বেষ্টন।

পরিধিস্থ, পুং. [পরিধি+স্থা+অ] পরিচর; যুদ্ধকালীন পর প্রহার হইতে রথরক্ষাকারক, প্রজা সামন্ত স্থাপন কারী; সৈন্য বিষয়ে রাজার দণ্ডপ্রাপক।

পরিধূপিত, ত্রি. [পরি+ধূপিত] ধূপদ্বারা সুগন্ধিত।

পরিধেয়, ত্রি. [পরি+ধা-য়] পরিধানীয়, পরিধাতব্য, পরিধানোপযুক্ত বস্ত্রাদি ধারণযোগ্য।

পরিধ্বংস, পুং. [পরি+ধ্বংস] অপচয়, নষ্ট; বর্ণসঙ্কর জাতিবিশেষ।

পরিনির্ব্বপন, ন. [পরি+নির্ব্বপন] বিভক্তি, বাটন।

পরিনির্ব্বিপ্সা, স্ত্রী. [পরি+নির্ব্বিপ্সা] বদান্যতা, দানশীলতা।

পরিনির্ব্বিপ্সু, ত্রি. [পরি+নির্ব্বিপ্সু] দানেচ্ছু।

পরিনিষ্ঠিত, ত্রি. [পরি+নিষ্ঠিত] পরিজ্ঞাত, জ্ঞানী।

পরিপক্ব, ত্রি. [পরি+পক্ব] সুপক্ব, পাকা; পটু, নিপুণ, উপযুক্ত, যোগ্য, দক্ষ, কুশল।

পরিপক্বতা, স্ত্রী. [পরি+পক্বতা] নৈপুণ্য, পটুতা। [জমা।

পরিপণ, ন. [পরি+পণ] মূলধন, পুঁজি;

পরিপন্দী, পুং. [পরি+পন্দিন্] শত্রু, বৈরি।

পরিপন্থক, পুং. [পরি+পন্থক] শত্রু, বৈরী। [অরি।

পরিপন্থী, পুং. [পরি+পন্থিন্] শত্রু, বৈরী,

পরিপাক, পুং. [পরি+পাক] পরিপক্বতা, নৈপুণ্য; জীর্ণতা, পরিণাম।

পরিপাকিনী, স্ত্রী. [পরি+পাকিন্-ঈ] ত্রিবৃতা, তেউড়ী, কলাই।

পরিপাটি, স্ত্রী. [পরি+পাটি] পারিপাট্য বিশিষ্ট, তৎপর্য্যায়।—আনুপূর্ব্বী, আবৃৎ, অনুক্রম, পর্য্যায়, আনুপূর্ব্ব্যা, পরিপাটী, আনুপূর্ব্ব, আনুপূর্ব্বক, ক্রম; অঙ্কবিদ্যা।

পরিপাটী, স্ত্রী. [পরি+পাটি+ঈ] অনুক্রম, আনুপূর্ব্বিক, যথাক্রম; পরিষ্কার; উত্তম; অঙ্কবিদ্যা।

পরিপালন, ন. [পরি+পালন] প্রতিপালন, পোষণ, রক্ষণ, রক্ষাকরণ

পরিপালক, পুং. [পরি+পালক] প্রতিপালক, রক্ষাকর্ত্তা, রক্ষক।

পরিপালিত, ত্রি. [পরি+পালিত] রক্ষিত, প্রতিপালিত, আশ্রিত।

পরিপিষ্টক, ন. [পরি+পিষ্টক] সীসক, সিসা।

পরিপুটন, ন. [পরি+পুটন] ত্বক্‌পরিপুটন, নিস্তুচীকরণ।

পরিপুষ্করা স্ত্রী. [পরি+পুষ্করা] গোডুম্বা, রাজগোমক্।

পরিপূত, ন. [পরি+পূত] অপাস্ত ধান্য; নিস্তুষধান্য; সর্ব্বতোভাবে শুদ্ধ।

পরিপূর্ণ, ত্রি. [পরি+পূর্ণ] সম্পূর্ণ; পূরিত, ভরা; প্রচুর, যথেষ্ট।

পরিপূর্ণতা, স্ত্রী. [পরি+পূর্ণতা] পরিপূর্ণত্ব, সম্পূর্ণতা, তৎপর্য্যায়।—অভোগ; নাঙ্গতা।

পরিপূর্ণত্ব, ন. [পরিপূর্ণত্ব] পরিপূর্ণতা, সম্পূর্ণতা।

পরিপেল-পরিপেলব, ন. [পরি+পেলব] কৈবর্ত্তীমুস্তক, মুথাবিশেষ; কোমল, নরম; তুচ্ছ। [চপল।

পরিপ্লব, ত্রি. [পরি+প্লব] চঞ্চল, অস্থির,

পরিপ্লুত, ত্রি. [পরি+প্লুত] জলপ্লাবিত, জলময়।

পরিপ্লুতা, স্ত্রী. [পরি+প্লুত-আ] মদিরা, সুরা, মদ্য; রতিবিষয়ে বেদনাযুক্তাযোনি; (ত্রি.) আপ্লুত।

পরিবৎসর, পুং. [পরি+বৎসর] বৎসর, সম্বৎসর।

পরিবর্জ্জন, ন. [পরি+বর্জ্জন] মারণ; পরিত্যাগ, পরিহার, ত্যাগ, ছাড়া; রহিতকরণ, নিবারণ।

পরিবর্ত্ত, পুং. [পরি+বর্ত্ত+অ] বিনিময়, বদল; কূর্ম্মরাজ; অপবর্ত্তন; যুগান্ত; গ্রন্থবিচ্ছেদ; মৃত্যুপুত্র দুঃসহের ঔরসজাতা কলির কন্যা নির্ম্মাষ্টি তাহার গর্ভজাত অষ্টম পুত্রের মধ্যে তৃতীয়পুত্র।

পরিবর্ত্তন, ন. [পরি+বর্ত্তন] পরিবর্ত্ত, তৎপর্য্যায়।—পরিদান, বিনিময়, নৈমেয়, ব্যতিহার, পরাবর্ত্ত, বৈমেয়, বিময়।

পরিবর্ত্তিকা, স্ত্রী. [পরি+বর্ত্তিকা] মেঢ্রজাত ক্ষুদ্ররোগ বিশেষ।

পরিবর্ত্তী, ত্রি. [পরি+বর্ত্তিন্] বিনিময়কারী, বদলকারী।

পরিবর্ত্তে, (প্রা) বিনিময়ে, বদলে।

পরিবর্হ, পুং. [পরি+বর্হ] পরিচ্ছদ, হস্তী অশ্ব বস্ত্র কম্বলাদি,আচ্ছাদন; পোষাক. নৃপার্হোর্থ, রাজারযোগ্যদ্রব্যসিত-চ্ছত্রাদি; নৃপার্হ, সিতাচ্ছত্রাদি অর্থ ধন।

পরিবসথ, পুং.[পরি+বসথ] গ্রাম,জনস্থান।

পরিবহ, পুং. [পরি+বহ] সপ্তবায়ুরমধ্যে ষষ্ঠবায়ু, সুবহবায়ুর উপরিস্থিত।

পরিবাদ, পুং. [পরি+বাদ] অপবাদ, পরি-বাদ, নিন্দা; বীণাবাদন যন্ত্র।

পরিবাদক, ত্রি. [পরি+বাদক] পরিবাদকর্ত্তা, নিন্দক।

পরিবাদিনী, স্ত্রী. [পরি+বাদিন্-ঈ] সপ্ততন্ত্রী যুক্ত বীণা; পরিবাদকারিণী স্ত্রী

পরিবাদী, ত্রি. [পরি+বাদিন্] পরিবাদকর্ত্তা, নিন্দক; পরিবাদবিশিষ্ট, নিন্দিত, দুর্না-মগ্রস্ত।

পরিবাপ, পুং. [পরি+বপ-অ] পর্য্যুপ্তি, বপন, মুণ্ডন; জলস্থান; পরিচ্ছদ।

পরিবাপন, ন. [পরি+বপ-অন] মুণ্ডন,বপন, মুড়ান।

পরিবাপিত, ত্রি. [পরি+বাপিত] মুণ্ডিত, কৃতমুণ্ডন, নেড়া।

পরিবার, পুং. [পরি+বার] পরিজন, স্বজন; খড়্গকোষ, তলবারের খাপ; পরিচ্ছদ।

পরিবারতা, স্ত্রী. [পরিবার+তা] উপাশ্রয়, পরাধীনতা।

পরিবারিত, ত্রি. [পরি+বারিত] বেষ্টিত।

পরিবাস, পুং. [পরি+বাস] বাসস্থান, গৃহ।

পরিবাহ, পুং. [পরি+বহ-অ] পরীবাহ, জলোচ্ছ্বাস।

পরিবাহবান, পুং. [পরিবাহ+বৎ] ক্ষুদ্রজলা-শয়, পুষ্করিণী।

পরিবিন্ন, পুং. [পরি+বিদ্-ত] পরিবিত্তি, আপনি অকৃত বিবাহ থাকিতে যাহার কনিষ্ঠ বিবাহ করে।

পরিবিত্তি, পুং. [পরি+বিদ্-তি] পরিবেত্তৃ-জ্যেষ্ঠ,কৃতবিবাহ কনিষ্ঠের জ্যেষ্ঠভ্রাতা।

পরিবিন্দক, পুং. [পরি+বিদ-অক] অবিবা-হিত জ্যেষ্ঠভ্রাতা বর্ত্তমানে যে বিবাহিত কনিষ্ঠভ্রাতা।

পরিবিন্দন, পুং. [পরি+বিন্দৎ] পরিবেদন কর্ত্তা।

পরিবিষ্ট, ত্রি. [পরি+বিষ-ত] পরিবেষ্টিত।

পরিবিষ্ণু, ব্য. [পরি+বিষ্ণু] সর্ব্বতোবিষ্ণু, বিষ্ণুময়।

পরিবিহ্বল, ত্রি. [পরি+বিহ্বল] আকুলিত, বিমূঢ়।

পরিবীত, ত্রি. [পরি+বীত] পরিবিষ্ট।

পরিবৃংহণ, ত্রি. [পরি+বৃংহণ] বৃদ্ধি; (পুং.) পরিশিষ্ট।

পরিবৃংহিত, ত্রি. [পরি+বৃংহিত] সর্ব্বতো-ভাবে দীপ্তিবিশিষ্ট; সর্ব্বতোভাবে হস্তি গর্জ্জিত; সর্ব্বতোভাবে বৃদ্ধিবিশিষ্ট; সর্ব্বতোভাবে ধ্বনিবিশিষ্ট। স্বামী।

পরিবৃঢ়, ত্রি. [পরি+বৃহ-ত] অধিপ, প্রভু,

পরিবৃত, ত্রি. [পরি+বৃত] আবৃত, বেষ্টিত, ঘেরা; অন্বিত, মিলিত, যুক্ত।

পরিবৃত্ত, ত্রি. [পরি+বৃৎ-ত] পরিবৃত; কৃত-পরিবর্ত্তন; পরাবৃত্ত; সমাপ্ত

পরিবৃত্তি, পুং. [পরি+বৃত্তি] পরিবিত্তি, আপনি অকৃত বিবাহ থাকিতে যাহার কনিষ্ঠ বিবাহ করে।

পরিবৃত্য, ব্য. [পরি+বৃত্য] পরাবৃতহওন কৃতপলায়ন।

পরিবৃত্তি, পুং. [পরি+বৃত্তি] পরিবিত্তি।

পরিবৃংহিত, ত্রি. [পরি+বৃংহিত] সর্ব্বতোভাবে বৃদ্ধিবিশিষ্ট; সর্ব্বতোভাবে উদ্যমবি-শিষ্ট।

পরিবেত্তা, পুং. [পরি+ বেত্তৃ] অকৃতবিবাহ জ্যেষ্ঠ বর্ত্তমানে কৃত বিবাহ কনিষ্ঠ।

পরিবেদন, ন, [পরি+বেদন] বিবাহ, পাণি-গ্রহণ; অগ্ন্যাধান; সর্ব্বতোভাবে জ্ঞান; সর্ব্বতোভাবে বিচারণ; সর্ব্বতোভাবে বিদ্যমানতা; সর্ব্বতোভাবে লাভ; জ্যেষ্ঠের বিবাহ না হইতে কনিষ্ঠের বিবাহ বা অগ্ন্যাধান।

পরিবেদনা, স্ত্রী. [পরি+বেদনা] অতিশয়-ব্যথা, অনুতাপ; বিবেচনা,জ্ঞানালোচনা

পরিবেদিনী, স্ত্রী. [পরি+বেদিন্-ঈ] পরি-বেত্তার স্ত্রী।

পরিবেশ, পুং. [পরি+বেশ] বেষ্টন, বেড়া; পরিধি, সীমা।

পরিবেশক, পুং. [পরি+বেশ্-অক] যে ব্যক্তি আহারীয় দ্রব্যাদি বণ্টন করিয়া দেয়।

পরিবেষ, পুং. [পরি+বিষ-অ] পরিবৃতি; পরিধি; পরিবেষণ।

পরিবেষণ, ন. [পরি+বিষ-অন] বেষ্টন; ভোজনের নিমিত্ত ভোজনপাত্রে অন্নাদির দান, আহারীয়দ্রব্য বণ্টন, খাদ্যদ্রব্য যোগাইয়া দেওন।

পরিবেষিকা, স্ত্রী. [পরিবেষ+ইক-আ] পরিবেষণকর্ত্রী।

পরিবেষ্টন, ন. [পরি+বেষ্টন] সর্ব্বতোভাবে বেষ্টন, চতুর্দ্দিকে ঘেরণ, বেড়ন।

পরিবেষ্টা, পুং. [পরি+বেষ্টৃ] পরিবেষণকর্ত্তা, বণ্টক, ভাগ কারক।

পরিবেষ্টিত, ত্রি. [পরি+বেষ্টিত] সর্ব্বতোভাবে বেষ্টিত, চারিদিকে আবৃত, তৎপর্য্যায়।—পরিক্ষিপ্ত, বলয়িত, নিবৃত, পরিষ্কৃত, পরীত।

পরিব্যাধ, পুং. [পরি+ব্যধ-অ] অম্বুবেতস, জলবেতস; দ্রুমোৎপল, স্থলপদ্ম।

পরিব্রজ্যা, স্ত্রী. [পরি+ব্রজ্য-আ] তপস্যা, সন্ন্যাস, যোগ।

পরিব্রাজ, পুং. [পরি+ব্রজ-অ] পরিব্রাট্ চতুর্থাশ্রমী, সন্ন্যাসী, মুনি, যতি।

পরিব্রাজক, পুং. [পরি+ব্রাজক] পরিব্রাট্, চতুর্থাশ্রমী, সন্ন্যাসী, যতি, মুনি।

পরিব্রাজি, স্ত্রী. [পরি+ব্রাজ-ই] শ্রাবণী, থুলকুড়ী।

পরিব্রাজ্য, ন. [পরি+ব্রাজ+য] পরিব্রাজকের ধর্ম্ম।

পরিব্রাট্, পুং. [পরি+ব্রাজ্] চতুর্থাশ্রমী, তৎপর্য্যায়।—ভিক্ষু, কর্ম্মন্দী, পারাসরী, মস্করী, সন্ন্যাসী, শ্রমণ, পরিব্রাজক, পরাশরী, ব্রজক।

পরিব্রাড্, পুং. [পরি+ব্রাজ্] চতুর্থাশ্রমী, যতি, মুনি, তৎপর্য্যায়।—ভিক্ষু, কর্ম্মন্দী, পারাসরী, মস্করী, সন্ন্যাসী, শ্রমণ, পরিব্রাজক, পরাশরী, ব্রজক।

পরিভঙ্গ, পুং. [পরি+ভঙ্গ] সম্যক্‌রূপেভঙ্গ, চূর্ণিত।

পরিভব, পুং. [পরি+ভব] অনাদর, অবজ্ঞা, হেয়; পরাজয়, পরাভব, পরাস্ত।

পরিভবপদ, ন. [পরিভব+পদ] দুর্নাম, দুষ্কৃতি।

পরিভবাস্পদ, ন. [পরিভব+আস্পদ] পরিভবপদ, নিন্দনীয় পদ।

পরিভাব, পুং. [পরি+ভাব] পরিভব, অনাদর, অবজ্ঞা, হেয়; পরাভব, পরাস্ত।

পরিভাবী, ত্রি. [পরি+ভাবিন্] কুব্যাহারিত, জুগুপ্সিত।

পরিভাষণ, ন. [পরি+ভাষণ] নিন্দাপূর্ব্বক কথন, পরিভাষকরণ; নিয়ম; আলাপ।

পরিভাষা, স্ত্রী. [পরি+ভাষা] পরিষ্কৃত ভাষণ, পদার্থবিবেচক পণ্ডিতদিগের যুক্তি যুক্ত বাক্য, তৎপর্য্যায়।—প্রজ্ঞপ্তি, শৈলী, সঙ্কেত, সময়কার; প্রজ্ঞাপ্তি; শাস্ত্রের সঙ্কেত বিশেষ।

পরিভাষিত, ত্রি. [পরি+ভাষিত] কথিত।

পরিভুক্ত, ত্রি. [পরি+ভুক্ত] কৃতোপভোগ।

পরিভূত, ত্রি. [পরি+ভূত] অনাদৃত, তৎপর্য্যায়।—অবগণিত, অবমত, অবজ্ঞাত, অবমানিত, অভিভূত, অপ্রস্তুত; পরাস্ত, পরাজিত।

পরিভূয়, ব্য. [পরি+ভূয়] সাপমান, অকীর্ত্তিকর।

পরিভোক্তা, ত্রি. [পরি+ভোক্তৃ] অন্যের বিষয় অধিকারী, ভোগকারী

পরিভোগ, পুং. [পরি+ভোগ] উপভোগ, আস্বাদন।

পরিভ্রম, পুং. [পরি+ভ্রম] সর্ব্বতোভ্রমণ; ভ্রান্তি, ভুল, মিথ্যাজ্ঞান।

পরিভ্রমণ, ন. [পরি+ভ্রমণ] পর্য্যটন, অনবরত ভ্রমণ।

পরিভ্রষ্ট, ত্রি. [পরি+ভ্রষ্ট] নষ্ট, ধ্বস্ত, চ্যুত।

পরিভ্রামক, পুং. [পরি+ভ্রামক] ভ্রমণকর্ত্তা, পর্য্যাটক; ভিক্ষুক; সন্ন্যাসী।

পরিমণ্ডল, ত্রি. [পরি+মণ্ডল] বর্ত্তুল,বাঁটুল, গোল

পরিমণ্ডলচক্র, পুং. [পরিমণ্ডল+চক্র] গ্রহাদির পথ, গ্রহচক্র।

পরিমন্দ, ত্রি. [পরি+মন্দ] অত্যল্প।

পরিমর্দ্দন, ন. [পরি+মর্দ্দন] ঘর্ষণ; অতিপ্রার্থক।

পরিমল, পুং. [পরি+মল] বিমর্দ্দন, কুঙ্কুমাদি মর্দ্দন, চন্দনাদিচূর্ণ; মর্দ্দনোত্থিত মনোহর গন্ধ; সুরতাদি দ্বারা বিমর্দ্দনোত্থিত বিলেপন; কুঙ্কুমাদির গন্ধ; সুগন্ধিমাল্য গন্ধাদি ধারণদ্বারা উৎপন্ন হৃদ্যগন্ধ, তৎপর্য্যায় ।—আমোদ, গন্ধ, সৌরভ্য, সৌরভ; পণ্ডিত সমূহ।

পরিমর্শ. পুং. [পরি+মৃশ-অ] সংস্পর্শ; ঘর্ষণ।

পরিমর্ষ, পুং. [পরি+মৃষ-অ] দ্বেষ, হিংসা।

পরিমাণ, ন. [পরি+মান] প্রমাণ,যাহাদ্বারা পরিমাণ হয়, মাপ, ওজন,তুলা; সমতা; পরিসর।

পরিমাণীয়, ত্রি. [পরিমাণ+অনীয়] পরিমাতব্য, পরিমেয়।

পরিমাতা, পুং. [পরি+মাতৃ] পরিমাণকারক, মাপকর্ত্তা।

পরিমাপক, পুং. [পরি+মাপক] পরিমাণকারক, ওজনকর্ত্তা।

পরিমাপণ, ন. [পরি+মাপণ] পরিমাণকরাণ, মাপকরাণ, ওজনকরাণ।

পরিমার্গ, পুং. [পরি+মার্গ] ঘর্ষণ; স্পর্শ; প্রক্ষালন।

পরিমার্গ্য, ত্রি. [পরি+মার্গ্য] পরিমৃজ্য, পরিশোধনীয়, শোধনেরযোগ্য; অন্বেষণীয়।

পরিমার্জ্জন, ন. [পরি+মার্জ্জন] খাদ্যবিশেষ, মধুমস্তক; পরিশোধন

পরিমিত, ত্রি. [পরি+মিত] যুক্ত; পরিমাণবিশিষ্ট, মাপা,পরিচ্ছিন্ন। [স্বল্পব্যয়।

পরিমিতব্যয়, পুং. [পরিমিত+ব্যয়] মিতব্যয়,

পরিমৃজ্য, ত্রি. [পরি+মৃজ্য] পরিমার্গ্য, শোধনীয়, শোধনের যোগ্য।

পরিমৃষ্ট, ত্রি. [পরি+মৃষ-ত] ঘর্ষিত; আলিঙ্গিত; বেষ্টিত; বিস্তৃত।

পরিমেয়, ত্রি. [পরি+মেয়-]পরিমাণবিশিষ্ট, পরিমাতব্য, পরিমাণীয়, পরিমাণের যোগ্য।

পরিমোষণ, ন. [পরি+মোষণ] অপহরণ, চুরিকরণ; অন্যায়পূর্ব্বক হরণ।

পরিমোষী, ত্রি. [পরি+মোষিন্] পরিমোষণশীল, চৌর, তস্কর, মলিম্লুচ।

পরিম্লান, ত্রি. [পরি+ম্লান] কলঙ্কিত; দূষিত; অপক্ষীণ; বিস্তীর্ণ; (ন.) লজ্জাদিহেতু বিবর্ণ হওন।

পরিরটন, ন, [পরি+রটন] ঘোষণ।

পরিরব্ধ, ত্রি. [পরি+রভ-ত] আলিঙ্গিত; পরিবেষ্টিত।

পরিরভমাণ, ত্রি. [পরি+রভ+মান]আলিঙ্গন।

পরিরম্ভ, পুং. [পরি+রম্ভ] আলিঙ্গন,আশ্লেষ, কোলাকুলি।

পরিরম্ভন, ন. [পরি+রম্ভন] আলিঙ্গন।

পরিরক্ষণ, ন. [পরি+রক্ষণ] ত্রাণকরণ, উদ্ধার; রক্ষণ।

পরিরাটী, ত্রি. [পরি+রাটিন্] চীৎকারকরণ; ঘোষণা।

পরিরিপ্সমান, ত্রি. [পরিরভি+মান] আলিঙ্গনেচ্ছু।

পরিশঙ্কনীয়, ত্রি. [পরি+শঙ্কনীয়] সর্ব্বতোভাবে শঙ্কারবিষয়, ভয় করিবার যোগ্য।

পরিশিষ্ট, ন. [পরি+শিষ্ট] পরিশেষবিশিষ্ট, অবশিষ্টার্থ প্রকাশক গ্রন্থবিশেষ।

পরিশুদ্ধ, ত্রি. [পরি+শুদ্ধ] পরিশোধিত, পরিষ্কৃত।

পরিশুষ্ক, ন. [পরি+শুষ্ক] মাংসব্যঞ্জনবিশেষ; (ত্রি.) অতিশয়শুষ্ক, অতিকৃষ, শুকনা, সর্ব্বতোভাবে নীরস।

পরিশুষ্যৎ, ত্রি. [পরি+শুষ্যৎ]শুষ্ক, নীরস।

পরিশেষ, পুং. [পরি+শেষ] অন্ত, সীমা; বিচ্ছেদ।

পরিশোধ, পুং. [পরি+শোধ] পরিশোধন, সর্ব্বতোভাবেশুদ্ধি; ঋণাপনয়ন; নীকাশ; প্রতিকার; প্রতিদান।

পরিশোষ, পুং. [পরি+শোষ] সর্ব্বপ্রকারে শুষ্কতা।

পরিশ্রম, পুং. [পরি+শ্রম] পরিশ্রান্তি, ক্লান্তি, তৎপর্য্যায়।—শ্রম, ক্লম, ক্লেশ, প্রয়াস, আয়াস, ব্যায়াম, উদ্যোগ, চেষ্টা।

পরিশ্রমী, পুং. [পরি+শ্রমিন্] উদ্যোগী, শ্রমকর্ত্তা; চেষ্টান্বিত।

পরিশ্রয়, পুং. [পরি+শ্রয়] সভা; আশ্রয়, অবলম্বন।

পরিশ্রান্ত, ত্রি. [পরি+শ্রান্ত] সর্ব্বপ্রকারে শ্রান্তিযুক্ত, পরিশ্রমযুক্ত, ক্লান্ত, অবসন্ন।

পরিশ্রান্তি, স্ত্রী. [পরি+শ্রান্তি] ক্লান্তি, শ্রম, শ্রান্তি।

পরিশ্রুত, ত্রি. [পরি+শ্রুত] সর্ব্বতোভাবে শ্রবণ বিশিষ্ট, শ্রবণ করা।

পরিশ্লিষ্ট, ত্রি. [পরি+শ্লিষ্ট] আলিঙ্গিত।

পরিশ্লেষ, পুং. [পরি+শ্লেষ] আশ্লেষ, আলিঙ্গন, কোলাকুলি।

পরিষদ, পুং. [পরি+ষদ] পারিষদ, অনুচর, সভাসদ, সভা; ভৃত্য।

পরিষৎ, স্ত্রী. [পরি+ষদ্] সভা, সংসদ্, বহুজন সমাগম স্থান।

পরিষদ্য, পুং. [পরি+ষদ্য] পরিষদ্বল, সভাসদ, সভা, সভাস্থ।

পরিষদ্বল, পুং. [পরিষদ্+বল] সভাসদ, পারিষদ, সভাস্থ। [পুষ্ট।

পরিষ্কন্দ, ত্রি. [পরি+স্কন্দ] পরিস্কন্দ, পর-

পরিষ্কন্ন, ত্রি, [পরি+স্কন্ন] পরিস্কন্দ, পরিষ্কন্ন, পরপুষ্ট, অন্য দ্বারা পালিত।

পরিষ্কার, পুং. [পরি+কৃ-আ] অলঙ্কার, সংস্কার, শুদ্ধি, নির্ম্মল, স্বচ্ছ।

পরিষ্কারী, পুং. [পরি+কারিন্] নির্ম্মলকারী, শুদ্ধকারক।

পরিষ্কার্য্য, ত্রি. [পরি+কার্য্য] পরিষ্কার যোগ্য, নির্ম্মল করণোপযুক্ত।

পরিষ্কৃত, ত্রি. [পরি+কৃত] ভূষিত, অলঙ্কৃত, ভূষণযুক্ত; নির্ম্মল, শুদ্ধ, স্বচ্ছ; বেষ্টিত; আহিত সংস্কার।

পরিষ্কৃতভূমি, স্ত্রী. [পরিষ্কৃত+ভূমি] বেদি, যজ্ঞভূমি; শুদ্ধস্থল।

পরিষ্কৃতি, স্ত্রী. [পরি+কৃতি] পরিষ্কার।

পরিষ্টোম, পুং. [পরি+স্তোম] পরিস্তোম।

পরিষ্ঠল, ন. [পরি+স্থল] পরিবেষ্টিতস্থান।

পরিষ্বঙ্গ, পুং. [পরি+স্বঞ্জ্] আলিঙ্গন; রমণ।

পরিসংখ্যা, স্ত্রী. [পরি+সংখ্যা] গণনা; সীমা।

পরিসভ্য, পুং. [পরি+সভ্য] পরিষদ, সভাসদ, পারিষদ, সভ্য, সামাজিক।

পরিসমাপ্ত, পুং. [পরি+সমাপ্ত] সমাপন প্রাপ্ত।

পরিসর, পুং. [পরি+সর] পর্য্যন্তভূ, নদী নগর পর্ব্বতাদির নিকটস্থ ভূমি; মৃত্যু; বিধি; প্রস্থ পরিমাণ; আয়তন।

পরিসর্প, পুং. [পরি+সর্প] পরিক্রিয়া, পরিজন কর্ত্তৃক বেষ্টন; চতুর্দ্দিকে ভ্রমণ।

পরিসর্য্যা, স্ত্রী. [পরি+সর্য্যা] পরীসার, সর্ব্বতোগমন, পৃথিবীতে সর্ব্বপ্রকারে ভ্রমণ; অন্ত সরণ, শেষ গমন।

পরিসাধন, ন. [পরি+সাধন] সমাপন; নির্ধার্য্য করণ।

পরিসার, পুং. [পরি+সার] পর্য্যটন, ভ্রমণ।

পরিসীমা, পুং. [পরি+সীমন্] অন্ত, শেষ, ইয়ত্তা, পরিচ্ছেদ।

পরিসেধন, ত্রি. [পরি+সেধৎ] নিরুদ্ধ।

পরিসেচনিচা, স্ত্রী. [পরি+সিচ-আ] পুনঃ২ বারিসেচন। [ব্যবহার; গ্রহণ।

পরিসেবন, ন. [পরি+সেবন] সেবাকরণ,

পরিস্কন্দ, পুং. [পরি+স্কন্দ] পরিপুষ্ট, পর কর্ত্তৃক প্রতিপালিত।

পরিস্কন্ন, পুং. [পরি+স্কন্ন] পরিস্কন্দ, পরপুষ্ট, পরদ্বারা প্রতিপালিত।

পরিস্তোম, পুং. [পরি+স্তোম] গজপৃষ্ঠস্থ চিত্র কম্বল, হাতির পিঠের ঝুল।

পরিস্থান, ন. [পরি+স্থান] স্থিরতা; ধৈর্য্য।

পরিস্পন্দ, পুং. [পরি+স্পন্দ] পুষ্পাদি রচনা; পত্রাবলী রচনা; পরিকর, পরিজন, পরিবার; সর্ব্বতোভাবে স্পন্দন

পরিস্পন্দন, ন. [পরি+স্পন্দন] সর্ব্বতোভাবে কম্পন; আন্দোলন, নর্ত্তন, নড়ন।

পরিস্পন্দমান, ত্রি. [পরি+স্পন্দমান] সর্ব্বতোভাবে কম্পমান, সর্ব্বদা কম্পন বিশিষ্ট।

পরিস্ফুরণ, ন. [পরি+স্ফুরণ] প্ররোহ; পরিলসন

পরিস্যন্দ, পুং. [পরি+স্যন্দ] পরিস্পন্দ, পুষ্পাদিরচনা। [মদিরা

পরিস্রুৎ, স্ত্রী. [পরি+স্রুৎ] বরুণের কন্যা,

পরিস্রুত, ত্রি. [পরি+স্রুত] স্রবযুক্ত, সর্ব্বতোভাবে ক্ষরিত।

পরিস্রুতা, স্ত্রী. [পরি+স্রুত-আ] বারুণী, মদিরা, সুরা; ক্ষরিতা।

পরিহরণ, ন. [পরি+হরণ] ত্যাগ; খণ্ডন; তাচ্ছল্যকরণ।

পরিহরণীয়, ত্রি. [পরি+হরণীয়] পরিহার্য্য।

পরিহর্ত্তব্য, ত্রি. [পরি+হর্ত্তব্য] খণ্ডনীয়, পরিহার্য্য, ত্যাগোপযুক্ত।

পরিহসনীয়, ত্রি. [পরি+হস্-অনীয়] পরিহাসের উপযুক্ত

পরিহসিত, ত্রি. [পরি+হসিত] পরিহাস প্রাপ্ত, অবজ্ঞাত। [নতা।

পরিহান, ন. [পরি+হান] ন্যূনীকরণ, ন্যূ-

পরিহার, পুং. [পরি+হার] অবজ্ঞা, অনাদর; মোচন, ছাড়ন, পরিত্যাগ; পরাভব স্বীকার।

পরিহার্য্য, পুং. [পরি+হার্য্য] পরিহর্ত্তব্য; বলয়, বালা; (ত্রি.) পরিহরণীয়, পরিত্যাগের উপযুক্ত, ত্যাজ্য।

পরিহাস, পুং. [পরি+হাস] পরীহাস, পরিহসন, ব্যঙ্গ, উপহাস, ঠাট্টা, তৎপর্য্যায়।—ক্রীড়, দেবনা, বর্করা

পরিহাসক, পুং. [পরি+হাসক] বিদ্রূপকারী, কৌতুককারক, উপহাস কর্ত্তা।

পরিহাসজনক, ত্রি. [পরিহাস+জনক] উপহাসজনক, কৌতুককর, বিদ্রূপজনক

পরিহাস্য, ত্রি. [পরি+হাস্য] উপহাসাস্পদ, কৌতুক করণের যোগ্য।

পরিহিত, ত্রি. [পরি+হিত] পরিধান করা; আচ্ছাদিত, বৃত। [ধ্বংস।

পরিক্ষয়, পুং. [পরি+ক্ষয়] বিনাশ, লয়,

পরিক্ষিৎ, পুং. [পরি+ক্ষিৎ] অভিমন্যু পুত্র, তৎপর্য্যায়।—পরীক্ষিৎ, পারীক্ষিত, পরিক্ষিত।

পরিক্ষিপ্ত, ত্রি. [পরি+ক্ষিপ্ত] পরিখা দ্বারা বেষ্টিত, তৎপর্য্যায়।—নিবৃত; সর্ব্বতোভাবে ক্ষেপণ করা।

পরিক্ষীণ, ত্রি. [পরি+ক্ষীণ] সর্ব্বতোভাবে বিনষ্ট; অতি কৃশ।

পরিক্ষীব, ত্রি. [পরি+ক্ষীব] মত্ত।

পরী, (বাং.) দেবযোনিবিশেষ।

পরীণায়, পুং. [পরি+নী-অ] পরিণায়, শারিকা পরিচালনবিশেষ।

পরীত, ত্রি. [পরি+ইত] পরিবেষ্টিত, আবৃত, ঘেরা।

পরীতৎ, ত্রি. [পরী+তন্] সর্ব্বত্র প্রসারিত, বিস্তৃত, বিস্তারিত।

পরীবর্ত্ত, পুং. [পরী+বৃত-অ] পরিবর্ত্তন, বদল, তৎপর্য্যায়।—প্রতিদান, নৈমেয়, নিময়, পরিবর্ত্ত, বৈমেয়, বিনিময়, পরিদান; কূর্ম্মরাজ।

পরীবাদ, পুং. [পরী+বাদ] দোষোল্লাস, তৎপর্য্যায়।—কুৎসা, নিন্দা, জুগুপ্সা, গর্হা, গর্হণ, নিন্দন, কুৎসন, পরিবাদ, জুগুপ্সন, আক্ষেপ, অবর্ণ, নির্ব্বাদ, অপক্রোশ, ভৎর্সন, উপক্রোশ, অপবাদ, অববাদ; বীণাদির বাদ্য।

পরীবার পুং. [পরী+বার] খড়্গকোষ, অসিকোষ, তলবারের খাপ; জঙ্গম, পরিজন; পরিচ্ছদ, শোভাজনক উপকরণ ছত্র চামরাদি, সভাজন।

পরীবাহ, পুং. [পরী+বাহ] জলোচ্ছ্বাস, জলের স্ফীততা; রাজযোগ্য বস্তু; খড়্গকোষ।

পরীভাব, পুং. [পরী+ভাব] পরিভাব, অনাদর, অবজ্ঞা, তুচ্ছ।

পরীর, ন. [পৃ+ইর-অ] ফল; বীজ।

পরীরম্ভ, পুং. [পরী+রম্ভ] পরিরম্ভ, আলিঙ্গন, আশ্লেষ।

পরীষ্টি, স্ত্রী. [পরি+ইষ্টি] অন্বেষণা, গবেষণা, ঢুঁড়ন; পরিচর্য্যা, শুশ্রূষা, সেবা; প্রাকাম্য।

পরীসার, পুং. [পরী+সার] পরিসর্য্যা, সর্ব্বতোগমন।

পরীহার, পুং. [পরী+হার] অবজ্ঞা, অনাদর; ত্যাগ, বর্জ্জন।

পরীহাস, পুং. [পরী+হাস] পরিহসন, তামসা,ঠাট্টা, তৎপর্য্যায়।—দ্রব, কেলি, ক্রীড়া, লীলা, নর্ম্ম, পরিহাস, কেলিমুখ, দেবন, ক্রীড়, দেবনা, বর্ব্বরা।

পরীক্ষক, ত্রি. [পরি+ঈক্ষক] নিরূপক, কারুণিক, গুণাদি বিবেচক, প্রমাণ দ্বারা নির্ণয়কর্ত্তা।

পরীক্ষণ, ন. [পরি+ঈক্ষণ] পরীক্ষা; অমাত্যাদির দ্বারা রাজাকর্ত্তৃক ধর্ম্মার্থকাম, অর্থভয় হেতু যে ভাবতত্ত্বাদি নিরূপিত হয়।

পরীক্ষা, স্ত্রী. [পরি+ঈক্ষা] দিব্য, শপথ; গুণাদির প্রত্যক্ষ প্রমাণ দর্শন পূর্ব্বক নির্ণয় করণ।

পরীক্ষিৎ, পুং. [পরি+ক্ষি-ৎ] অভিমন্যুপুত্র।

পরীক্ষিত, পুং. [পরি+ঈক্ষিত] অভিমন্যুপুত্র; যাহার গুণাদি বিবেচিত হইয়াছে।

পরুঃ, পুং. [পৃ+উস্] সমুদ্র; স্বর্গলোক; গ্রন্থি; পর্ব্বত; বৃক্ষবিশেষ।

পরু. ন. [পৃ+উ] গ্রন্থি।

পরুৎ, ব্য. [পর+উৎ] গতবৎসর,অতীতবর্ষ।

পরুত্ন, ত্রি. [পরুৎ+ত্ন] পরুদ্ভব, পূর্ব্বাব্দভব।

পরুদ্বার, পুং. [পরুৎ+বার] ঘোটক, অশ্ব, ঘোড়া।

পরুষ, ন. [পৃ+উস] নিষ্ঠুরবাক্য; নীলঝিণ্টা, পরুষফল; (ত্রি.) কর্ব্বুর; রুক্ষ; নিষ্ঠুরোক্তি, রক্ত, কঠোর, শক্ত; নির্দ্দয়।

পরুষভাষী, ত্রি. [পরুষ+ভাষিন্] কঠোরবক্তা, নীরসভাষক।

পরুষোক্তি, স্ত্রী. [পরুষ+উক্তি] কঠোরবাক্য, নীরসকথা।

পরুষোক্তিক, ত্রি. [পরুষ+উক্তিক] নিষ্ঠুরবক্তা, কটুভাষী।

পরূষ, ন. [পৃ+উষ] ফলবিশেষ, পরূষাফল, (হি.) পরুসা, ফল্‌সে, তৎপর্য্যায়। পরুষক, নাগদল, পম, পরুষ, অল্পাস্থি, পরাপর, নীলচর্ম্ম, গিরিপীলু, পারাবত, নীলমণ্ডল, পরু।

পরূষক, ন. [পরূষ+ক] পরুষফল।

পরে, (প্রা.) অন্তর, পশ্চাতে, শেষে।

পরেত, ত্রি. [পর+ইত] মৃত, পরলোক প্রাপ্ত, (পুং.) ভূতান্তর।

পরেতরাট্, পুং. [পরেত+রাজ্] প্রেতরাজ, যম।

পরেদ্যবি, ব্য. [পর+এদ্যবি] পরদিন, পরেদ্যুঃ, আগামি দিবস।

পরেদ্যুঃ, ব্য. [পর+এদ্যুস্] পরদিন, আগামি দিবস।

পরেপ, ত্রি. [পরা+আপ] গতাপ, জলশূন্য।

পরেপ্সিত, ত্রি. [পর+ঈপ্সিত] অন্যের ঈপ্সিত, পরেরবাঞ্ছিত।

পরেষ্টি, পুং. [পর+ইষ্টি] ব্রহ্মা।

পরেশপিপুল, (প্রা.) বৃক্ষবিশেষ।

পরেশপাথর, (প্রা.) স্পর্শমণি।

পরেষ্টুকা, স্ত্রী. [পর+ইষ্টুক-আ] বহুসূতি; বহুপ্রসূতা গো।

পরৈধিত, ত্রি. [পর+এধিত] পরপুষ্ট, পরদ্বারা সম্বর্দ্ধিত, তৎপর্য্যায়—পরাচিত, পরিস্কন্দ, পরজাত; (পুং.) কোকিল, পিক।

পরোপকার, পুং. [পর+উপকার] পরের-উপকার, পরেরভাল, অন্যের হিত।

পরোপকারক, পুং. [পর+উপকারক] অন্যেরহিতকারী, পরহিতৈষী।

পরোপকারী, পুং. [পর+উপকারিন্] অন্যেরহিতকারী, পরেরহিতকর্ত্তা।

পরোপকৃত, ত্রি. [পর+উপকৃত] অন্যের দ্বারা সাহায্য প্রাপ্ত।

পরোবরীণ, ত্রি. [পর+অবর-ঈণ] শ্রেষ্ঠাশ্রেষ্ঠ যুক্ত।

পরোয়ানা, (যাং) আজ্ঞাপত্র, তলবচিঠী।

পরোষ্ণী, স্ত্রী. [পর+উষ্ণ-ঈ] তৈলপায়িকা, তেলাপোকা।

পরোক্ষ, ন. [পর+উক্ষ] অপ্রত্যক্ষ, অদৃশ্য, অগোচর, অসাক্ষাৎ; (ত্রি.) অপ্রত্যক্ষ বস্তু; (পুং.) তপস্বী।

পর্কট, ন. দুঃখ, ক্লেশ, (পুং.) ক্রৌঞ্চ।
পর্কটি, স্ত্রী. [পৃচ+টি] বৃক্ষবিশেষ, পর্কটী, প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।
পর্কটী, পুং. [পর্কট+ইন্] বৃক্ষবিশেষ, পাকুড়, তৎপর্য্যায়।—প্লক্ষ, জটী, কমণ্ডলুতরু, কপীতন, ক্ষীরী, সুপার্শ্ব, কমণ্ডলু, শৃঙ্গী, অবরোহ, শাখী, গর্দ্দভাণ্ড, পীড়ন, দৃঢ়প্ররোহ, প্লক্ষক, প্লবঙ্গ, মহাবল।
পর্কলা, (প্রা) কাচ, স্বচ্ছ মৃত্তিকাবিশেষ।
পর্জনী, স্ত্রী. [পৃ+জন-ঈ] দারুহরিদ্রা।
পর্জন্য, পুং. [পৃ+জন্য] ইন্দ্র; শব্দায়মান মেঘ, মেঘশব্দ; মেঘ, জলধর।
পর্জন্যা, স্ত্রী. [পৃ+জন্য-আ] দারুহরিদ্রা; কাষ্ঠবিশেষ।
পর্ণ, ন. [পর্ণ+অ] পত্র, দল, পাতা; তাম্বুল, পাণ; (পুং.) পলাশবৃক্ষ।
পর্ণকার, পুং. [পর্ণ+কার] বারজীবী, বারুই।
পর্ণকৃচ্ছ্র, পুং. [পর্ণ+কৃচ্ছ্র] পত্রকৃচ্ছ্র ব্রত বিশেষ।
পর্ণখণ্ড, পুং. [পর্ণ+খণ্ড[বনস্পতি; তাম্বুলের একাংশ।
পর্ণচোরক, পুং. [পর্ণ+চোরক] চোরকনামে গন্ধদ্রব্যবিশেষ।
পর্ণধ্বৎ, ত্রি. [পর্ণ+ধ্বং] পত্রধ্বংস কর্ত্তা।
পর্ণনর, পুং, [পর্ণ+নর] শব অস্থি অলাভে দাহার্থ তৎপ্রতিনিধীভূত শরপলাশপত্র রচিত উর্ণাতন্তু বেষ্টিত যব পিষ্টলিপ্ত মনুষ্যাকার পুত্তল।
পর্ণবল্লী, স্ত্রী. [পর্ণ+বল্লী] পলাশীলতা।
পর্ণভেদিনী, স্ত্রী. [পর্ণ+ভেদিন্-ঈ] প্রিয়ঙ্গু, স্বনাম খ্যাত সুগন্ধিবৃক্ষ।
পর্ণভোজন, পুং. [পর্ণ+ভোজন] ছাগল, ছাগ; (ত্রি.) পত্রভক্ষক; (ন.) পত্র ভক্ষণ।
পর্ণমাচাল, পুং. [পর্ণ+মাচাল] কর্ম্মরঙ্গ বৃক্ষ, কামরাঙ্গা গাছ।
পর্ণমৃগ, পুং. [পর্ণ+মৃগ] মৃগগণবিশেষ, যথা।—বানর; বৃক্ষবিড়াল অর্থাৎ কাটবিড়াল; রুষা ইত্যাদি।
পর্ণলতা, স্ত্রী. [পর্ণ+লতা] নাগবল্লী, তাম্বুলী।
পর্ণশালা, স্ত্রী. [পর্ণ+শালা] মুনিদিগের পত্র রচিত গৃহ, তৎপর্য্যায়।—উটজ, পর্ণাটজ; পত্রবিশিষ্ট গৃহ বা পত্রশ্রেষ্ঠ গৃহ
পর্ণসি, পুং. [পর্ণ+সি] পদ্ম; জল মধ্যস্থিত গৃহ, জলটুঙ্গী; শাক; আভরণক্রিয়া।
পর্ণাশন, পুং. [পর্ণ+অশন] মেঘ, বারিদ, জলধর; (ত্রি.) পত্রভোজী
পর্ণাস, পুং. [পর্ণ+আস] তুলসীবৃক্ষ।
পর্ণিনী, স্ত্রী. [পর্ণ+ইন্-ঈ] মাষপর্ণী।
পর্ণী, পুং. [পর্ণ+ইন্] বৃক্ষ, দ্রুম, তরু, গাছ। [গৃহ।
পর্ণোটজ, ন. [পর্ণ+উটজ] পর্ণশালা, পত্র-
পর্দ্দ, পুং. [পর্দ্দ+অ] কেশসমূহ; অপান বায়ুত্যাগ, বাতকর্ম্ম।
পর্দ্দন, ন. [পর্দ্দ+অন] অপান বায়ুত্যাগ, পাদ্, বাতকর্ম্মকরণ, বায়ুনিঃসারণ।
পর্দ্দা, (যাং) যবনিকা, ব্যবধান, বেড়া।
পর্প, ন. [পৃ+প] নবতৃণ, নূতনঘাস; গৃহ; খঞ্জবাহ্য শটক, খোড়ার বহনীয় গাড়ী।
পর্পট, পুং. [পর্প+অট] বৃক্ষবিশেষ, ক্ষেতপাপড়া, (হিং) দবনপাপর, তৎপর্য্যায়। ত্রিযষ্টি, তিক্ত, চরক, রেণু, তৃষ্ণারি, বরক, অরক, শীত, শীতপ্রিয়, পাংশু, কল্পাঙ্গ, কর্ম্মকণ্টক, কৃশশাখ, প্রগন্ধ, সুতিক্ত, রক্তপুষ্পক, পিত্তারি, কটুপত্র, বক্র; পিষ্টকবিশেষ, পাপর।
পর্পটদ্রুম, পুং. [পর্পট+দ্রুম] কুম্ভীবৃক্ষ।
পর্পটী, স্ত্রী. [পর্পট+ঈ] সৌরাষ্ট্রমৃত্তিকা; পিষ্টকবিশেষ, উত্তরদেশভব সুগন্ধিদ্রব্য, পপরী, পদ্মাবতী, তৎপর্য্যায়।—রঞ্জনী, কৃষ্ণা, জতুকা, জননী, জনী, জতুকৃষ্ণা, সংস্পর্শা, জতুকৃৎ, চক্রবর্ত্তিনী
পর্পরীক, পুং. [পর্পর+ঈক] সূর্য্য; বহ্নি; জলাশয়।
পর্পিক, পুং. স্ত্রী. [পর্প+ইক] খঞ্জ, পঙ্গু, খোঁড়া।
পর্ব্ব, ন. [পৃ+বন্] মহঃ, দীপ্তি; গ্রন্থি, গাইট, পাব্; প্রস্তাব; লক্ষণান্তর; অমাবস্যা প্রতিপদের সন্ধি; বিষুব সংক্রান্তি

প্রভৃতি; গ্রন্থবিচ্ছেদ; ক্ষণিককাল; উৎসব।

পর্ব্বক, ন. [পর্ব্ব+ক] উরুপর্ব্ব, আঁটু, হাটু।

পর্ব্বকারী, পুং. [পর্ব্ব+কারিন্] ধনাদিলোভ হেতুক পর্ব্বেতে অমাবস্যা ক্রিয়া প্রবর্ত্তক।

পর্ব্বকামী, পুং. [পর্ব্ব+কামিন্] পর্ব্বাদিতে স্ত্রীসম্ভোগকারী

পর্ব্বগামী, পুং. [পর্ব্ব+গামিন্] পর্ব্বাদিতে স্ত্রী সম্ভোগকারী।

র্ব্বত, পুং. [পর্ব্ব+অত] পর্ব্বেতে যাহার ভাগ আছে, পাহাড়, তৎপর্য্যায়।—মহীধ্র, শিখরী, ক্ষ্মাভৃৎ, অহার্য্য, ধর, অদ্রি, গোত্র, গিরি, গ্রাবা, অচল, শৈল, শিলোচ্চয়, স্থাবর, সানুমান্, পৃথুশেখর, ধরণীকীলক, কুট্টার, জীমূত, ধাতুভৃৎ, ভূধর, স্থির, কুলীর, কটকী, শৃঙ্গী, নির্ঝরী, অগ, নগ, দন্তী, ধরণীধর, ভূভৃৎ, ক্ষিতিভৃৎ, অবনীধর, কুধর, কুধ্র, ধরাধর, প্রস্থবান্, মহীধর, বসুধাধর, জগতীধর, ভূধ্র, ক্ষিতিধর, উর্ব্বীধর, তুঙ্গশেখর, ককুদ্মান, ককুদ্মী, গোত্র, বলাহক, পৃথুনিতম্ব, বৃক্ষবান্; (পশ্চিমপর্ব্বতের নাম) অস্তগিরি, চরমাচল, চরমাদ্রি, চরমক্ষ্মাভৃৎ, (পূর্ব্বপর্ব্বতের নাম) উদয়গিরি, উদয়াচল, উদয়াদ্রি; (প্রধান সপ্তকুলপর্ব্বতের নাম) মহেন্দ্র, মলয়, সহ্য, শুক্তিমান, ঋক্ষ, বিন্ধ্য, পারিপাত্র; (পর্ব্বতবিশেষের নাম) হিমালয়, হেমকূট, আম্রকূট, মাল্যবান, মৈনাক, হিরণ্যনাম, গন্ধমাদন, চিত্রকূট, ক্রৌঞ্চ ইত্যাদি; (পুং.) দেবর্ষিবিশেষ; মৎস্যবিশেষ, পাবৃদা; বৃক্ষ, শাকবিশেষ।

পর্ব্বতকাক, পুং. [পর্ব্বত+কাক] দ্রোণকাক, দাঁড়কাক।

পর্ব্বতজ, ত্রি. [পর্ব্বত+জন্] পর্ব্বতজাত, পর্ব্বতোৎপন্ন।

পর্ব্বতজা, স্ত্রী. [পর্ব্বত+জন-আ] দুর্গা; নদী, স্রোতস্বতী; (ত্রি.) গিরিভববস্তু।

পর্ব্বততৃণ, ন. [পর্ব্বত+তৃণ] তৃণবিশেষ, সগু, তৎপর্য্যায়।—তৃণাঢ্য, পত্রাঢ্য, মৃগপ্রিয়।

পর্ব্বতবাসিনী, স্ত্রী. [পর্ব্বত+বাসিন্-ঈ] আকাশমাংসী; গায়ত্রী; কালী।

পর্ব্বতমোচা, স্ত্রী. [পর্ব্বত+মোচা] গিরিকদলী, পাহাড়িয়া কলা।

পর্ব্বতরাজ, পুং. [পর্ব্বত+রাজ] হিমালয় গিরি।

পর্ব্বতরাজপুত্রী, স্ত্রী. [পর্ব্বতরাজ+পুত্রী] [দুর্গা।

পর্ব্বতাধারা, স্ত্রী. [পর্ব্বত+আধার-আ] পৃথিবী, মহী, ধরণী।

পর্ব্বতারি, পুং. [পর্ব্বত+অরি] ইন্দ্র, শক্র, সুরপতি।

পর্ব্বতাশয়, পুং. [পর্ব্বত+আশয়] মেঘ, বারিদ, জলধর।

পর্ব্বতাশ্রয়, পুং. [পর্ব্বত+আশ্রয়] শরভ, (ত্রি.) পর্ব্বতবাসী, পাহাড়িয়া।

পর্ব্বতীয়, ত্রি. [পর্ব্বত+ঈয়] পর্ব্বত সম্বন্ধীয়, পর্ব্বতজাত, পাহাড়িয়া।

পর্ব্বতোর্ম্মি, পুং. [পর্ব্বত+উর্ম্মি] মৎস্যবিশেষ।

পর্ব্বতোবর্ম্মি, পুং. [পর্ব্বত+বর্ম্মি] মৎস্য, বিশেষ।

পর্ব্বধি, পুং. [পৃ+বন] চন্দ্র, বিধু, শশাঙ্ক।

পর্ব্বন, ন. [পর্ব্ব+অন] গ্রন্থি, গাইট, পাব; উৎসব।

পর্ব্বপুষ্পী, স্ত্রী. [পর্ব্ব+পুষ্প-ঈ] রামদূতী বৃক্ষ, নাগদন্তী।

পর্ব্বপূর্ণতা, স্ত্রী. [পর্ব্ব+পূর্ণতা] সম্ভার, আয়োজন, উদ্যোগ; পর্ব্বণ; পূর্ণত্ব।

পর্ব্ববল্লী, স্ত্রী. [পর্ব্ব+বল্লী] মালাদূর্ব্বা।

পর্ব্ববাণ, পুং. [পর্ব্ব+বাণ] পর্ব্ব, পরব; পবন, বায়ু; পাতার শির।

পর্ব্বমূলা, স্ত্রী. [পর্ব্ব+মূল-আ] শ্বেতা, বরাটিকা।

পর্ব্বযোনি, পুং. [পর্ব্ব+যোনি] ইক্ষ্বাদি।

পর্ব্বরীণ, ন. [পর্ব্ব+রীণ] পর্ব্ব, পরব; (পুং.) পত্র ও বোঁটার রস; গর্ব্ব; মারুত; পর্ণশিরা; মৃতক; দ্যূত কম্বল; পত্রচূর্ণরস।

পর্ব্বরুট্, পুং. [পর্ব্ব+রুহ] দাড়িম্ব, ডালিম।

পর্ব্বসন্ধি, পুং. [পর্ব্ব+সন্ধি] প্রতিপদের সহিত অমাবস্যা বা পূর্ণিমার সংযোগ; গ্রন্থি, গ্লাইট্।

পর্ব্বাহ, পুং. [পর্ব্ব+অহন্] উৎসব দিবস, পর্ব্বদিন।

পর্ব্বিত, পুং. [পর্ব্ব+ইত] পর্ব্বত মৎস্য, পাবদামাছ।

পর্য্যঙ্ক, পুং. [পরি+অঙ্ক] খট্টা, খাট,পালঙ্গ, তৎপর্য্যায়। পর্য্যস্তিকা, পরিকর, অবসকৃথিকা।

পর্য্যঙ্কপাদিকা, স্ত্রী. [পর্য্যঙ্ক+পাদিকা] কোলসিম্বী।

পর্য্যঙ্কবন্ধন, ন. [পর্য্যঙ্ক+বন্ধন] বস্ত্রাদিদ্বারা পৃষ্ঠজানু জঙ্ঘাবন্ধন, ফাঁড়্‌বাঁধা।

পর্য্যটক, পুং. [পরি+অটক] ভ্রমণকারী, ভ্রামক।

পর্য্যটন, ন. [পরি+অটন] সর্ব্বতোভাবে ভ্রমণ, পুনঃ২ গমন, ভ্রমণ; তৎপর্য্যায়।—ব্রজ্যা, অটাট্যা।

পর্য্যন্য, পুং. [পরি+অন্য] ইন্দ্র; শব্দায়মান মেঘ, ঘন, বারিদ; মেঘ শব্দ।

পর্য্যনুযোগ, পুং. [পরি+অনুযোগ] জিজ্ঞাসা, প্রশ্ন।

পর্য্যন্ত, পুং. [পরি+অন্ত] শেষ সীমা, অন্তসীমা; (ত্রি.) চরম, শেষ।

পর্য্যন্তভূ, স্ত্রী. [পরি+অন্তভূ] নদীনগর পর্ব্বতাদিরনিকটস্থ ভূমি, পরিসর ভূমি।

পর্য্যন্তিকা, স্ত্রী. [পর্য্যন্ত+ইক-আ] গুণভ্রংশ।

পর্য্যবসান, ন. [পরি+অবসান] সমাপ্তি, শেষ, পরিণাম।

পর্য্যবস্থা, স্ত্রী. [পরি+অবস্থা] বিরোধন, বিবাদ; শেষাবস্থা, শেষকাল।

পর্য্যবস্থাতা, পুং. [পরি+অবস্থাতৃ] পর্য্যাবস্থাকর্ত্তা, বিরোধী, বিবাদী; শেষ পর্য্যন্ত স্থায়ী।

পর্য্যবষ্টব্দ, ত্রি. [পরি+অবষ্টব্দ]পরিবেষ্টিত।

পর্য্যবস্থান, ন. [পরি+অবস্থান] বিরোধ, বিবাদ, কলহ, দ্বন্দ্ব; সর্ব্বতোভাবে অবস্থিতি।

পর্য্যায়, পুং. [পরি+অয়] ক্রমোল্লঙ্ঘন, ব্যতিক্রম, শাস্ত্রতো ও লোকতো ব্যবহার হইতে প্রাপ্তার্থের পরিত্যাগ, তৎপর্য্যায়।—অতিপাত, উপাত্যয়, বিপর্য্যয়, অত্যয়, অতিপতন, ব্যত্যয়, অতিক্রম।

পর্য্যয়ণ, ন. [পরি+অয়ন] অশ্বসজ্জা, ঘোটকের সাজ, জিন্; অবসর; ক্রম, পালা।

পর্য্যস্ত, ত্রি. [পরি+অস্ত] পতিত; হত; ক্ষিপ্ত।

পর্য্যস্তিকা, স্ত্রী. [পর্য্যস্ত+ইক-আ] খট্টা, পর্য্যঙ্ক, খাট, পল্যঙ্ক, পালঙ্ক

পর্য্যাণ, ন. [পরি+আন] অশ্ব পল্যায়ন, অশ্বসজ্জা, জিন্।

পর্য্যাপ্ত, ন. [পরি+আপ্ত] যথেষ্ট, বিস্তর; তৃপ্তি; শক্তি; নিবারণ; (ত্রি.) প্রাপ্তি; সমাপ্ত।

পর্য্যাপ্তি, স্ত্রী. [পরি+আপ্‌-তি] পরিত্রাণ, মারণোদ্যতের নিবারণ; প্রকাশ; প্রাপ্তি; স্বরূপ সম্বন্ধবিশেষ; সমাপ্তি; তৃপ্তি; নিবারণ।

পর্য্যায়, পুং. [পরি+আয়] পর্য্যয়ণ, ক্রম, তৎপর্য্যায়।—আনুপূর্ব্বী, আবৃৎ, পরিপাটী, অনুক্রম, আনুপূর্ব্ব্য, আনুপূর্ব্ব, আনুপূর্ব্বক, পরিপাটি; প্রকার; অবসর; নির্ম্মাণ; দ্রব্য ধর্ম্ম; ক্রমেতে একার্থবাচক শব্দপর্য্যায়; সম্পর্কবিশেষ।

পর্য্যায়শয়ন, ন. [পর্য্যায়+শয়ন] প্রহরিদিগের পর্য্যায় ক্রমে শয্যাগ্রহণ, তৎপর্য্যায়।—উপশায়, বিশায়

পর্য্যালোচনা, স্ত্রী. [পরি+আলোচনা] বিশেষরূপে অবলোকন, বিচারপূর্ব্বক দর্শন।

পর্য্যাস, পুং. [পরি+আস্] পতন; হনন, বিনাশন।

পর্য্যাহার, ন. [পরি+হৃ-অ] চালন; ধুরা; যুগ, প্রাসঙ্গ; উদপাত্র।

পর্য্যুদঞ্চন, ন. [পরি+উদঞ্চন] ঋণ, ধার, কর্জ্জ।

পর্য্যুদস্ত, ত্রি. [পরি+উদস্ত] পর্য্যুদাস বিশিষ্ট, নঞর্থযুক্ত, একেবারে নিষিদ্ধ।

পর্য্যুদাস, পুং. [পরি+উদাস] নিষেধ, নিবারণ।
পর্য্যুষিত, ত্রি. [পরি+উষিত] বাস্ট, পূর্ব্বদিবস জাতবস্তু, বাসি।
পর্য্যুষিতভোজী, পুং. [পর্য্যুষিত+ভোজিন্] বাস্টদ্রব্য ভোক্তা, বাসি বস্তু ভক্ষক।
পর্য্যুষিতান্ন, ন. [পর্য্যুষিত+অন্ন] পূর্ব্বদিবস জাত অন্ন, বাসিঅন্ন, পান্তাভাত।
পর্য্যেষণা, স্ত্রী. [পরি+এষণা] অন্বেষণা, গবেষণা, অনুসন্ধান। [কুড়ালি।
পর্শু, পুং. [পৃ+শু] পরশু, কুঠার,
পর্শুকা, স্ত্রী. [পর্শু+ক-আ] পার্শ্বের অস্থি, পঞ্জর, পাঁজরা।
পর্শুপাণি, পুং. [পর্শু+পাণি] গণেশ; পরশুরাম।
পর্শুরাম, পুং. [পর্শু+রাম] জমদগ্নি মুনিপুত্র, ভগবানের অবতারবিশেষ, পরশুরাম। [কুড়াল।
পর্শ্বধ, পুং. [পর্শু+অধ] কুঠার, পরশু,
পর্ষৎ, স্ত্রী. [পৃষ+অদ্] সভা, পরিষদ্, সমাজ।
পর্ষদ্বল, ত্রি. [পর্ষদ্+বল] পারিষদ, সভাস্থ, সভ্য, সামাজিক।
পল, ন. [পল+অ] আমিষ; কর্ষ চতুষ্টয়, তোলক চতুষ্টয়, অষ্টতোলক, আটরত্তি দ্বিমাসক তোলক ত্রিতয়, তৎপর্য্যায়।—মুষ্টি, প্রকুঞ্চ, চতুর্থিকা, বিল্ব, ষোড়শিকাম্র; বিঘটিকা, ঘটিক ষষ্টিভাগের একভাগ, ষষ্টি বিপলকাল; (পুং.) পলাল, মাংস; তৃণ, খড়।
পলক, (প্রা) নিমেষ, সূক্ষ্মক্ষণ।
পলক্যা, স্ত্রী. [পলক+য-আ] পলঙ্ক্যাশাক, পালং শাক।
পলগণ্ড, পুং. [পল+গণ্ড] লেপক, রাজ, ইষ্টকময় গৃহনির্ম্মাতা, রাজমিস্ত্রি
পলঙ্কট, ত্রি. [পলং+কট] ভয়শীল, ভীরু, শঙ্কিত। [বিশেষ।
পলঙ্কর, পুং. [পলং+কর] পিত্ত; ধাতু-
পলঙ্কষ, পুং. [পলং+কষ] রাক্ষস, কৌণপ, রক্ষ; কণগুগ্গুলু, গুগ্গুলুবিশেষ।

পলঙ্কষা, স্ত্রী. [পলং+কষা] গোক্ষুরক, গোক্ষুরালতা; রাস্না, রাসন; গুগ্গুলু; কিংশুক; মুণ্ডীরী; লাক্ষা, পলাশবৃক্ষ; ক্ষুদ্র গোক্ষুরলতা; মহাশ্রাবণী, বড় থুলকড়ী; মক্ষিকা, মাচি।
পলপ্রিয়, পুং. [পল+প্রিয়] দ্রোণকাক, দাঁড়কাক; (ত্রি.) মাংসভোজী।
পলব, পুং. [পল+বা-অ] মৎস্য ধারণ যন্ত্রবিশেষ, পোলো, তৎপর্য্যায়।—প্লব, পঞ্জরাখেট।
পলভা, স্ত্রী. [পল+ভা] মেষ সংক্রমণাদর্ব্বাক্ সপাদাষ্টদিনে মধ্যাহ্ন দ্বাদশাঙ্গুল শঙ্কুজাচ্ছায়া, তৎপর্য্যায়।—পলবিভা, বিষুবৎ প্রভা।
পলল, ন. [পল+ল] মাংস; পঙ্ক; তিলচূর্ণ; পিষ্টক; গুড়যুক্ততিলচূর্ণ, তিলকুটা; (পুং.) রাক্ষস।
পললজ্বর, পুং. [পলল+জ্বর] পিত্ত।
পললপ্রিয়, পুং. [পলল+প্রিয়] দ্রোণকাক, দাঁড়কাক। [গাঁড়, ফোঁড়া।
পললাশয়, পুং. [পলল+আশয়] গণ্ডরোগ,
পলা, (প্রা) প্রবাল; রত্নবিশেষ; তৈলাদি গ্রহণার্থ দর্ব্বীবিশেষ; প্রস্থানকর।
পলাকাঁঠি, (প্রা) শোণালি, অলঙ্কারবিশেষ।
পলাগ্নি, পুং. [পল+অগ্নি] ধাতুবিশেষ, পিত্ত।
পলাঙ্গ, পুং. [পল+অঙ্গ] শিশুমার, শুশুক।
পলাণ্ডু, পুং. [পল+অণ্ডু] মূলবিশেষ, পেঁয়াজ, তৎপর্য্যায়।—সুকন্দক, লোহিতকন্দ, তীক্ষ্ণকন্দ, উষ্ণ, মুখদূষণ, শূদ্রপ্রিয়, কৃমিঘ্ন, দীপন, মুখ গন্ধক, বহুপত্র, বিশ্বগন্ধ, রোচন, পলাণ্ড, সুকুন্দক।
পলাতক, (প্রা) পলায়িত, প্রস্থিত।
পলাদ, পুং. স্ত্রী. [পল+অদ] রাক্ষস, রক্ষঃ, ক্রব্যাদ, (ত্রি.) মাংসভুক্।
পলাদন, পুং. স্ত্রী. [পল+অদন] রাক্ষস, রক্ষঃ, ক্রব্যাদ; (ত্রি.) মাংসভক্ষণ শীল।
পলান, (প্রা) পলান, ভয়াদিহেতুক স্থানান্তরে দ্রুত গমন।

পলান্ন, ন. [পল+অন্ন] মাংসাদিযুক্ত সিদ্ধ-ভক্ত, পোলাও, মাংস পক্ক অন্ন।
পলাপ, পুং. [পলা+পা-অ] কণ্ঠপাশক, হস্তিকপোল।
পলায়ন, ন. [পলা+অয়ন] ভয় প্রযুক্ত স্থানান্তর গমন, পালান, পিঠদেওন, তৎপর্য্যায়।—অপযান, সংদাব, দ্রব, বিদ্রব, উপক্রম, সংদ্রাব, উদ্দ্রাব, প্রদ্রাব, নিদ্রাব, উদ্রব, সন্ত্রাপ, দ্রাব, শৃগালিকা, অপক্রম, চংক্রম।
পলায়নপর, ত্রি. [পলায়ন+পর] দ্রুতগমনোন্মুখ, পলায়িত।
পলায়মান, ত্রি. [পলায়+মান] প্রস্থানকারক, ভয়াদিহেতুক স্থানান্তরে গমনকারী।
পলায়িত, ত্রি. [পলায়+ইত] পলায়ন বিশিষ্ট, প্রস্থিত, পলাতক, তৎপর্য্যায়।—নষ্ট, গৃহীতদিক্, তিরোহিত।
পলায়িতা, পুং. [পলায়+তৃ] পলায়ন কর্ত্তা, প্রস্থানকারী।
পলাল, পুং. ন. [পল+আল] নিষ্ফলকাণ্ড, শস্যশূন্য ধান্যনাল, পোয়াল।
পলালদোহদ, পুং. [পলাল+দোহদ] আম্রবৃক্ষ, চূতদ্রুম, আঁমগাছ।
পলাশ, ন. [পল+অশ] পত্র; (পুং.) স্বনাম খ্যাত বৃক্ষবিশেষ, ব্রহ্ম স্বরূপ, তৎপর্য্যায়।—কিংশুক, পর্ণ, বাতপোথ, যাজ্ঞিক, ত্রিপর্ণ, বক্রপুষ্প, পূতদ্রু, ব্রহ্ম বৃক্ষক, ব্রহ্মোপনেতা, কাষ্ঠদ্রু; শঠী; রাক্ষস; হরিত্বর্ণ, মগধদেশ; (ত্রি.) হরিদ্বর্ণ বিশিষ্ট; নির্দ্দয়; শ্যামবর্ণ; মাংসখাদক, রাক্ষস।
পলাশক, পুং. [পলাশ+ক] শঠী, ওষধি বিশেষ; পলাশবৃক্ষ। [গন্ধাবৃক্ষ।
পলাশপর্ণী, স্ত্রী. [পলাশ+পর্ণ-ঈ] অশ্ব-
পলাশাখ্য, পুং. [পলাশ+আখ্য] নাড়ী হিঙ্গু; (হিং.) কলঃপতি হিঙ্গু।
পলাশান্তা, স্ত্রী. [পলাশ+অন্ত-আ] গন্ধপত্রা
পলাশী, পুং. [পলাশ+ইন্] বৃক্ষ, তরু; রাক্ষস; ক্ষীরিবৃক্ষ; (স্ত্রী.) লাক্ষা; লতাবিশেষ, তৎপর্য্যায়।—পত্রবল্লী, পর্ণবল্লী, পলাশিকা, স্রুবপর্ণী, সুপর্ণী, দীর্ঘবল্লী, বিষাদনী, অম্লপত্রী, দীর্ঘপত্রী, রসাম্লা, অম্লিকা, অম্লাতকী, কাঞ্জিকা।
পলি, (প্রা) নদীরজল প্রবাহেপতিতমৃত্তিকা।
পলিক্নী, স্ত্রী. [পলি+ক্নু-ঈ] বৃদ্ধা; বালগর্ভিনী গো।
পলিঘ্ন, পুং. [পলি+হন] কাচকলস; ঘট, গর্গরী; প্রাকার, অট্টালিকা; গোপুর।
পলিত, ন. [পল+ইত] জ্বরাদিনিমিত্ত কেশের শুক্লতা, কেশপাক; কেশশুক্লতা জনক-রোগ; শৈলজ; তাপ; কর্দ্দম; কেশপাশ; (পুং.) বৃদ্ধত্ব, প্রাচীনতা।
পলিতা, স্ত্রী. [পলিত+আ] বৃদ্ধা, প্রাচীনা, জরাগ্রস্তা। [শলিতা।
পলিতা, (প্রা) বর্ত্তিকা, বাতী; বর্ত্তি, দশী,
পলুকীট, (প্রা) গুটিপোকা, তুঁতপোকা।
পল্কান, (প্রা) অসার; জীর্ণ, ভগ্নপ্রায়।
পল্কানিয়া, (প্রা) জীর্ণ, পুরাতন, ভগ্নবৎ।
পল্টন, (যাং) সৈন্যদল, যোদ্ধাশ্রেণী।
পল্যঙ্ক, পুং. [পলি+অঙ্ক] পর্য্যঙ্ক, খাট্, খাট। [ঘোড়ারজিন্।
পল্যয়ন ন. [পলি+অয়ন] পর্য্যাণ, অশ্বসজ্জা,
পল্ল, পুং. [পল্ল+অ] স্থূলকুশূলক, ধান্যরক্ষণ স্থান, গোলা, পলুই, মরাই।
পল্লব, পুং. ন. [পদ্+লূ-অ] নবপত্রাদিযুক্ত শাখাগ্রপর্ব্ব, পালা; পত্র; শাখা; অঙ্কুর; নবপত্রস্তবক, তৎপর্য্যায়।—কিসলয়, প্রবাল, নবপত্র, বল, কিসল, কিশল, কিশলয়, বিটপ, পত্রযৌবন; বিটপ; বিস্তর; শৃঙ্গার; অলক্তরাগ; বন; বলয়; চাপল।
পল্লবক, পুং. [পল্লব+ক] বেশ্যাপতি; মৎস্যবিশেষ।
পল্লবগ্রাহিপাণ্ডিত্য, ন. [পল্লবগ্রাহিন্+পাণ্ডিত্য] যে বিদ্যায় ফল দর্শন হয় না, নিষ্ফল বিদ্যা; আলত পালত বাচালতা।
পল্লবগ্রাহী, পুং. [পল্লব+গ্রাহিন্] ফল না লইয়া পত্রগ্রহণকারী, অসম্যকরূপে গ্রহণকর্ত্তা; অল্পজ্ঞানী, খুঁটআকুরে।

পল্লবদ্রু, পুং. [পল্লব+দ্রু] অশোকবৃক্ষ।

পল্লবাধার, পুং. [পল্লব+আধার] শাখা, ডাল।

পল্লবাস্ত্র, পুং. [পল্লব+অস্ত্র] কামদেব।

পল্লবিক, ত্রি. [পল্লব+ইক] কামুক, লম্পট; অভিলাষী।

পল্লবিত, ন. [পল্লব+ইত] লাক্ষারক্ত; (ত্রি.) সপল্লব, পল্লবযুক্ত; তত, বিস্তৃত, বহুলীকৃত।

পল্লবী, পুং. [পল্লব+ইন্] বৃক্ষ, দ্রুম, তরু।

পল্লি, স্ত্রী. [পল্ল+ই] গ্রামক, ক্ষুদ্রগ্রাম; কুটী; কুটীসমুদায়; স্থান।

পল্লিকা, স্ত্রী. [পল্ল+ইক-আ] গৃহগোধিকা, জ্যেষ্ঠী, টিকৃটিকী।

পল্লিগ্রাম, পুং. [পল্লি+গ্রাম] ক্ষুদ্রগ্রাম, পাড়াগাঁ।

পল্লিবাহ, পুং. [পল্লি+বাহ] তৃণবিশেষ।

পল্লী, স্ত্রী. [পল্লি+ঈ] স্বল্পগ্রাম, ক্ষুদ্রগ্রাম, পাড়া; কুটী; নগরবিশেষ, দক্ষিণ দেশ প্রসিদ্ধ ত্রিচনাপল্ল্যাদি; ক্ষুদ্র জন্তু বিশেষ, টিকৃটিকী, তৎপর্য্যায়।—মুষলী, গৃহগোধিকা, বিশম্বরা, জ্যেষ্ঠা, কুড্যমৎস্য, পল্লিকা, গৃহগোধা, গৃহগোধিকা, মাণিকা, ভিত্তিকা, গৃহোলিকা, মুষলী, মুসলী, কুড্যমৎস্যা, মুলী, টুটটুকী, শকুনজ্ঞা, গৃহাপিকা।

পল্লীগ্রাম, পুং. [পল্লী+গ্রাম] নগরভিন্ন বসতিস্থান, সামান্যগ্রাম, পাড়াগাঁ।

পল্বল, ন. [পল্+বল] ক্ষুদ্র জলাশয়, ডোবা।

পল্বলাবাস, পুং. [পল্বল+আবাস] কূর্ম্ম, কচ্ছপ, কাছিম।

পশন, (প্রা) প্রবেশকরণ, ঢুকন, সেঁধন।

পশব্য, ত্রি. [পশু+য] পশুসম্বন্ধীয়, খাদ্যাদি পশুবিষয়ক।

পশম, (ফাং) ঊর্ণা, লোম।

পশমী, (ফাং) ঊর্ণানির্ম্মিত, লোমরচিত।

পশু, পুং. [পশ+উ] জন্তুবিশেষ, শৃঙ্গলাঙ্গুলবন্তপ্রাণী, চতুষ্পাদ, তদ্ভেদ যথা।—সিংহ; ব্যাঘ্র; তরক্ষু; বরাহ; কপি; ভল্লুক; খড়্গী; মহিষ; শৃগাল; বিড়াল; গোধা; শ্বাবিৎ; হরিণ; কৃষ্ণসার; রুরু; ন্যঙ্কু; রঙ্কু; শম্বর; রৌহিষ; গোকর্ণ; পৃষত; এণ; ঋষ্য; রোহিত; চমর; গন্ধর্ব্ব; শরভ; রাম; সৃমর; গবয়; শশ; খট্টাশ; গো; উষ্ট্র; ছাগ; মেষ; খর; হস্তী; অশ্ব ইত্যাদি; প্রমথ; দেব; প্রাণিমাত্র; ছগল; যজ্ঞ; সংসারিদিগের আত্মা; যজ্ঞডুম্বুর; সাধকদিগের ভাবত্রয়েরমধ্যে প্রথম ভাব; (ব্য.) দর্শন।

পশুক্রিয়া, স্ত্রী. [পশু+ক্রিয়া] মৈথুন, শৃঙ্গার, জন্তুন, (ত্রি.) পশুবৎকার্য্য।

পশুগায়ত্রী, স্ত্রী. [পশু+গায়ত্রী] বলিদানকালে পশুরকর্ণে জপনীয় মন্ত্র বিশেষ।

পশুতা, স্ত্রী. [পশু+ত-আ] পশুত্ব, পশুভাব; মূঢ়ত্ব।

পশুতুল্য, ত্রি. [পশু+তুল্য] পশুসদৃশ; অবোধ, নির্ব্বোধ। [স্বভাব।

পশুত্ব, ন. [পশু+ত্ব] পশুরধর্ম্ম, পশুর

পশুপতি, পুং. [পশু+পতি] শিব, মহাদেব, ত্রিলোচন, যজমান মূর্ত্তি; আত্মা।

পশুপল্বল, ন. [পশু+পল্বল] মুথাবিশেষ, কৈবর্ত্তীমুস্তক।

পশুপাল, পুং. [পশু+পাল] পশুপালনকর্ত্তা, পশুরক্ষক; পশুসমূহ।

পশুপালক, পুং. [পশু+পালক] পালনকর্ত্তা, পশুরক্ষক; পশুসমূহ।

পশুপাশক, পুং. [পশু+পাশক] রতিবন্ধ বিশেষ; পশুবন্ধন রজ্জু।

পশুপ্রেরণ, ন. [পশু+প্রেরণ] গবাদিরচালন, তৎপর্য্যায়।—উদজ।

পশুমোহনিকা, স্ত্রী. [পশু+মোহনিকা] কটুলতা বিশেষ।

পশুরজ্জু, স্ত্রী. [পশু+রজ্জু] অশ্ব গবাদির বন্ধনদড়ি, তৎপর্য্যায়।—দামনী, বন্ধনী।

পশুরাজ, পুং. [পশু+রাজ] সিংহ, মৃগেন্দ্র, কেশরী। [তক ফল।

পশুহরীতকী, স্ত্রী. [পশু+হরীতকী] আম্রা-

পশ্চাৎ, ব্য. [পশ্চ+আৎ] প্রতীচী পশ্চিম দিক্; চরম, শেষ; অধিকার; পৃষ্ঠে।

পাছে

পশ্চাত্তাপ, পুং. [পশ্চাৎ+তাপ] অনুশোচন, কর্ম্মানন্তরসন্তাপ, পশ্চাৎশোক, পস্তান, তৎপর্য্যায়।—অনুতাপ, বিপ্রতীসার।

পশ্চাদাগমন, ন. [পশ্চাৎ+আগমন] পশ্চাৎ পশ্চাৎ আইসন।

পশ্চাদ্বর্ত্তী, ত্রি. [পশ্চাৎ+বর্ত্তিন্] অনুবর্ত্তী, পশ্চাদ্গামী; পশ্চাতে অবস্থিত।

পশ্চাদ্ভাবনা, স্ত্রী. [পশ্চাৎ+ভাবনা] গতানুশোচনা, পরে চিন্তাকরণ, শেষ ভাবনা।

পশ্চাদর্দ্ধ, ত্রি. [পশ্চাৎ+অর্দ্ধ] অপরার্দ্ধ, শরীরের অপরভাগ; শেষার্দ্ধ।

পশ্চিম, ত্রি. [পশ্চাৎ+ইম] পশ্চাদ্ভব, চরম, শেষ; প্রতীচীদিক্।

পশ্চিমা, স্ত্রী. [পশ্চিম+আ] অস্তাচলাবচ্ছিন্ন দিক্, তৎপর্য্যায়।—প্রতীচী, বারুণী, প্রত্যক্; রোগবিশেষ, দাঁতকপাটী।

পশ্চিমাস্য, ত্রি. [পশ্চিম+আস্য] প্রতীচী দিঙ্মুখ, পশ্চিমদিকে যাহার মুখ।

পশ্য, ব্য. [দৃশ্+য] প্রশংসা; বিস্ময়; দেখ।

পশ্যতিকর্ম্মা, পুং. [পশ্যতি+কর্ম্মন্] দর্শন কর্ম্মা, তদ্বৈদিক পর্য্যায়।—চিক্যাৎ, চাকনৎ, আচক্ষ্ম, আচষ্টে, চষ্টে, বিচষ্টে, বিচর্ষণি; বিশ্বচর্ষণি, অবচাকষৎ।

পশ্যতোহর, ত্রি. [পশ্যতস্+হর] তস্কর, চৌর; স্বর্ণকার।

পশ্যন্, ত্রি. [পশ্য+অৎ] ঈক্ষণকর্ত্তা, দর্শন কর্ত্তা, দর্শক, যিনি দর্শন করেন।

পশ্যন্তী, স্ত্রী. [দৃশ+অৎ-ঈ] মূলাধারোত্থিত হৃদয়গত নাদরূপ বর্ণ।

পশ্ববদান, ন. [পশু+অবদান] পশুযাগ, যজ্ঞে পশুহনন।

পশ্বাচার, পুং. [পশু+আচার] আচারবিশেষ, বৈদকাচার; (ত্রি.) পশুর ন্যায় আচার।

পশরা, (প্রা) বিক্রেয় দ্রব্য ভার, পণ্যসমূহ।

পসন্দ, (যাং) ইচ্ছা; মনন। [বর্ষণ।

পসলা, (প্রা) ক্ষণিক বৃষ্টি পতন; বারম্বার

পসার, (প্রা) খ্যাতি, প্রতিপত্তি, নাম লব্ধতা।

পসারী, (প্রা) দোকানী, বিক্রয়কারী।

পসুরী, (প্রা) পাঁচসের; পরিমাণবিশেষ।

পস্তান, (প্রা) সন্তাপ, আক্ষেপ, অনুশোচন, খেদ, আপশোস্।

পস্ত্য, ন. [স্ত্যৈ+অ] গৃহ, ভবন, বাসস্থান।

পহর, (প্রা) প্রহর, দিবসের অষ্টমভাগ।

পহিলা, (হি) প্রথম, আদ্য, অগ্রে, আগে।

পহ্লব, পুং. [পহ্ন+অ] শ্মশ্রুধারী ম্লেচ্ছ জাতিবিশেষ।

পহ্লিকা, স্ত্রী. [পহ্ল+ইক-আ] বারি প্রশ্নী।

পক্ষ, পুং. [পচ+ষ] পঞ্চদশাহ রাত্র, তদ্দ্বিবিধ যথা।—শুক্লপক্ষ, কৃষ্ণপক্ষ; পক্ষিদিগের অবয়ববিশেষ, পাখা, তৎপর্য্যায়। —গরুৎ, ছদ, পত্র, পতত্র, তনুরুহ, শরপক্ষ, তীরের পাখা, তৎপর্য্যায়।—বাজ, সহায়; (কেশের পর সমূহার্থ) যথা। কেশপক্ষ; পার্শ্ব; গৃহ; সাধ্য; বিরোধ; বল; সখা; চুল্লীরন্ধ্র; রাজকুঞ্জর; বিহগ, পক্ষী; বলয়, শুদ্ধ; বর্গ; পিচ্ছ; দেহাঙ্গ; (ন.) গরুৎ, ছদ, পত্র।

পক্ষক, পুং. [পক্ষ+ক] পক্ষদ্বার, পার্শ্বদ্বার, খিড়কীদ্বার; পার্শ্বমাত্র; সহায়

পক্ষঘাত, পুং. [পক্ষ+ঘাত] স্বনাম খ্যাত বাতরোগবিশেষ।

পক্ষচর, পুং. [পক্ষ+চর] চন্দ্র, শশধর, বিধু; পৃথক্ চারণকারী গজ।

পক্ষজ, পুং. [পক্ষ+জন] চন্দ্র, বিধু, শশাঙ্ক।

পক্ষজন্মা, পুং. [পক্ষ+জন্মন্] চন্দ্র, বিধু, মৃগাঙ্ক; (ত্রি.) পক্ষজাত, পক্ষে২ উৎপত্তিশীল।

পক্ষতা, স্ত্রী. [পক্ষ+ত-আ] অনুমিৎসা বিরহ বিশিষ্ট সিদ্ধির অভাব।

পক্ষতি, স্ত্রী. [পক্ষ+তি] প্রতিপত্তিথি; পক্ষমূল; ডানক, ডানা।

পক্ষদ্বার, ন. [পক্ষ+দ্বার] পার্শ্বদ্বার, খিড়কী দ্বার।

পক্ষধর, পুং. [পক্ষ+ধর] চন্দ্র, শশধর; (ত্রি.) পক্ষধারণকর্ত্তা।

পক্ষপাত, পুং. [পক্ষ+পাত] অন্যায্য, সাহায্য করণ, গুণতাকরণ; পক্ষিদিগের জ্বর।

পক্ষপাতকারক, পুং. [পক্ষপাত+কারক] পক্ষপাতকারী, গণতাকারী, পাক্ষিক; অন্যায়ত সাহার্য্যকারক।

পক্ষপাতিতা, স্ত্রী. [পক্ষ+পতিত-আ] অন্যায্য সহায়তা, গণতা, পক্ষপাতকরণ।

পক্ষপাতী, পুং. [পক্ষ+পাতিন্] গণতাকারী, পক্ষপাতকর্ত্তা, অন্যায়ত একপক্ষের সাহায্যকারক।

পক্ষপালি, পুং. [পক্ষ+পালি] খড়্ক্কিক, খড়্কীদ্বার, পার্শ্বদ্বার, খিড়্কীদ্বার।

পক্ষবান্, পুং. [পক্ষ+বৎ] পক্ষবিশিষ্ট পক্ষী। [পাখী

পক্ষবাহন, পুং. [পক্ষ+বাহন] পক্ষী, বিহঙ্গ,

পক্ষবিন্দ, পুং. [পক্ষ+বিন্দ] পক্ষীসমূহ।

পক্ষব্যাপী, ত্রি. [পক্ষ+ব্যাপিন্] পক্ষপর্য্যন্ত ব্যাপক; একাঙ্গে বিস্তীর্ণ।

পক্ষভাগ, পুং. [পক্ষ+ভাগ] হস্তিরপার্শ্ব-ভাগ; একপার্শ্ব। [ডানা।

পক্ষমূল, ন. [পক্ষ+মূল] পক্ষতি, ডানক্,

পক্ষলক্ষণ, ন. [পক্ষ+লক্ষণ] অভিযোগ পত্রেরস্বরূপ, আবেদন বিষয়, আদ্দাশ, নালিশের আর্জী।

পক্ষসুন্দর, পুং. [পক্ষ+সুন্দর] লোধ্র,লোধ-কাষ্ঠ।

পক্ষাঘাত, পুং. [পক্ষ+আঘাত] স্বনামখ্যাত বাতরোগবিশেষ, বিশেষ২ অঙ্গের অব-শতা।

পক্ষান্ত, পুং. [পক্ষ+অন্ত] অমাবস্যা; পূর্ণিমা, তৎপর্য্যায়।—পঞ্চদশী, অ-র্কেন্দু বিশ্লেষ, পর্ব্ব, পক্ষাবসর।

পক্ষান্তরে, ব্য. [পক্ষ+অন্তরে] ভিন্নপক্ষে; নতুবা, কিম্বা; বিষয়ান্ত।

পক্ষাবসর, পুং. [পক্ষ+অবসর] পূর্ণিমা; অমাবস্যা।

পক্ষাভাস, পুং [পক্ষ+আভাস] ছল, মিথ্যা আপত্তি। [পাখী।

পক্ষালু, পুং. [পক্ষ+আলু] পক্ষী, বিহঙ্গ,

পক্ষিণী, স্ত্রী. [পক্ষিন্+ঈ] আগামি ও বর্ত্ত-মান দিনযুক্ত রাত্রি; পূর্ণিমা; বিহগী, পাখির স্ত্রী; শকিনীবিশেষ।

পক্ষিপানীয়শালিকা, স্ত্রী. [পক্ষিপানীয়+শালিকা] চুণ্টীবৃতালবাল, পক্ষীর জল-পান স্থান।

পক্ষিরাজ, পুং. [পক্ষিন্+রাজ] গরুড়; ময়ূর; ঘোটকবিশেষ।

পক্ষিল, পুং [পক্ষিন্+ল] বাৎস্যায়নমুনি।

পক্ষিশাবক, পুং. [পক্ষিন্+শাবক] পক্ষীর সন্তান, পাখীর ছাঁ।

পক্ষিশালা, স্ত্রী. [পক্ষিন্+শালা] নীড়, পক্ষিরবাসা, তৎপর্য্যায়।—কুলায়িকা।

পক্ষিসিংহ, পুং. [পক্ষিন্+সিংহ] গরুড়; পক্ষীন্দ্র।

পক্ষিস্বামী, পুং. [পক্ষিন্+স্বামিন্] গরুড়, পক্ষীরাজ

পক্ষী, পুং. [পক্ষ+ইন্] পক্ষবিশিষ্ট,পাখী, চিড়িয়া, তৎপর্য্যায়।—খগ, বিহঙ্গ, বিহগ, বিহঙ্গম, বিহায়াঃ,শকুন্তি, শকুনি, শকুন্ত, শকুল, দ্বিজ, পতত্রী, পত্রী, পতন্, পাতা, পত্ররথ, অণ্ডজ, নগৌকা, বাজী, বিকির, বি, বিষ্কির, পতত্রী, নীড়োদ্ভব, নীড়জ, গরুত্মান্, পিচ্ছন্, নভসঙ্গম, নাড়ীচরণ, কণ্ঠাগ্নি, পতঙ্গ, পত্যা, অগৌকা, চঞ্চুভৃৎ, ছুরণ্ড, সরণ্ড, পিপতিষু, পত্রবাহ, দ্যুগ, পক্ষবাহন, (ন.) ইষু, বাণ।

পক্তৃ, ত্রি. [পচ+তৃ] পাককর্ত্তা, পাচক, রন্ধন কারক।

পক্ষ্ম, ন. [পক্ষ+মন্] অক্ষিলোম, নেত্রচ্ছদ রোম; কিঞ্জল্ক, কেশর; তন্তাদির অনী-য়ান্, সূত্রাদির অত্যাল্পভাগ; গরুৎ, পক্ষ, ছদ, পালক, পাখা।

পা, ত্রি [প+আ] পানকর্ত্তা; রক্ষণকর্ত্তা; (বাং) পদ, চরণ; পদচিহ্ন।

পাই, (প্রা) একআনার চতুর্থাংশ, এক-পয়সা।

পাইক, (বাং) গ্রামরক্ষক, চৌকিদার; পদা-তিক, পেয়াদা।

পাইকার, (বাং) পাইকের, ফিরিওয়ালা।

পাইড়, (প্রা) গৃহের কাষ্ঠবিশেষ; বস্ত্রের প্রান্তভাগ।

পাইন, (প্রা) ধাতুদ্রব্য সংযোগ করিবার বস্তু, ঝালন।
পাওন, (প্রা) প্রাপণ; লাভ; মিলন, যোগ।
পাওনা, (প্রা) প্রাপ্য; লভ্য; আদেয়।
পাওনিয়া, (প্রা) অধিকারী; যাহার প্রাপ্য।
পাওয়ান, (প্রা) প্রাপণ, প্রাপ্তকরাণ, মিলাইয়া দেওন।
পাংক্তেয়, ত্রি. [পংক্তি+এয়] পংক্তি সম্বন্ধীয়; শ্রেণীনিবেশ্য, সভাগ্রাহ্য।
পাংশব, পুং. [পাংশু+অ] লবণবিশেষ, পাঙ্গালোন, তৎপর্য্যায়।—রোমক, ঔদ্ভিজ্জ, বস্তুক, বসুপাংশু, ঊষরজ, ঔষধ, অরিণ, ঔর্ব্ব, সহ, (ত্রি)ধুলাসমূহ।
পাংশু, পুং. [পশি+উ] ধূলি, ধুলা; শস্যবৃদ্ধ্যর্থ অনেক দিনের সঞ্চিত গোবর, সার; পর্পট; কর্পূরবিশেষ।
পাংশুকাসীস, ন. [পাংশু+কাসীস] কাসীস।
পাংশুকুলী, স্ত্রী. [পাংশু+কুলী] রাজমার্গ, রাজপথ; ধুলিযুক্তপথ। [লিকা।
পাংশুকুল, ন. [পাংশু+কুল] অনাম পট্টো-
পাংশুচত্বর, পুং. [পাংশু+চত্বর] ঘনোপল, করকা, শিল।
পাংশুচন্দন, পুং. [পাংশু + চন্দন] শিব, ভস্মবিভূতীধারী, মহাদেব,(ত্রি)বিভূতি।
পাংশুচামর, পুং. [পাংশু+চামর] পটবাস, তাঁবু; দূর্ব্বাযুক্ত তটভূমি; বর্দ্ধাপক, নাড়ীচ্ছেদন; প্রশংসা; পুরোটি, রায়ভাটি; ধুলিসমূহ।
পাংশুজ, নং. [পাংশু+জন্] পাংশুলবণ, পাঙ্গালোণ, তৎপর্য্যায়।—ঊষ, ঔদ্ভিদ, পাক্য, লবণ, পটু, (ত্রি.) ধুলিজাত।
পাংশুপত্র, ন. [পাংশু+পত্র] বাস্তুক, বেতো শাক। [ক্ষেত্র।
পাংশুমর্দ্দন, পুং. [পাংশু+মর্দ্দন] কেদার,
পাংশুর, পুং. [পাংশু+র] দংশক, ডাঁশ; পীঠসর্পী; খঞ্জ, খোঁড়া।
পাংশুরাগিণী, স্ত্রী. [পাংশু+রাগিণী] মহামেদা; অষ্টবর্গে প্রসিদ্ধ ঔষধবিশেষ।
পাংশুল, পুং. [পাংশু+ল] হর, মহাদেব; পাপী; পুংশ্চল, ব্যভিচারী; শিবের খট্বাঙ্গ; পূতিক, কাঁটাকরঞ্জ; (ত্রি.) পাংশুযুক্ত।
পাংশুলা, স্ত্রী. [পাংশুল+আ] কুলটা,বেশ্যা; ভূমি; কেতকী,কেঁয়াফুল; রজস্বলাস্ত্রী।
পাংসন, ত্রি. [পাংস+অন] দূষক, দোষোৎপাদক।
পাংসু, পুং. [পসি+উ] ধূলি; অনেকদিনের সঞ্চিত গোময়, সার।
পাইজ, (প্রা) চরকায় কাটিবার নিমিত্ত তুলার স্থূল সলিতা।
পাইত, (প্রা) শ্রেণী, পংক্তি, পাতি।
পাইশ, (প্রা) ভষ্ম, ছাই।
পাঁওরুটী, (যাং) পিষ্টকবিশেষ, ফুলারুটি; অপূপ্য বাট্টাল।
পাঁক, (প্রা) পঙ্ক, কাদা, কর্দ্দম।
পাঁকাটী, (প্রা) শুষ্ক পাটকাটি, পাটগাছের শুক্‌না ডাঁটা; তুলাবীজ।
পাঁকাল, (প্রা) মৎস্যবিশেষ, পঙ্কস্থিত মাছ।
পাঁকুই, (প্রা) পদাঙ্গুলির মধ্যে পঙ্ক সংযোগিত ঘা; সর্ব্বদা জল সংযোগে উৎপন্ন ক্ষতবিশেষ।
পাঁখাটী, (প্রা) পাটকাঠী, শুক্‌না পাটগাছের ডাঁটা; তুলারবীজ। [চতুষ্টয়।
পাঁচ (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চ একাধিক
পাঁচটী, (প্রা) প্রসবাবধি পঞ্চমদিবস।
পাঁচড়া, (প্রা) খোস, কচ্ছরোগ।
পাঁচন, (প্রা) ঔষধবিশেষ।
পাঁচনবাড়ি, (প্রা) প্রতোদ,গোতাড়ানযষ্টি।
পাঁচনী, (প্রা) গোতাড়ন দণ্ড, প্রতোদ।
পাঁচমিশালী, (প্রা) পঞ্চ প্রকার দ্রব্যাদিমিশ্রিত। [বাক্য প্রবন্ধ।
পাঁচালী, (প্রা) গীতবিশেষ; পরস্পর মিলিত
পাঁচীল, (প্রা) ভিত্তি, দেওয়াল, প্রাচীর।
পাঁজ, (প্রা) পদাঙ্ক, চরণচিহ্ন, পাএর দাগ।
পাঁজর, (প্রা) পঞ্জর, পদাভরণবিশেষ।
পাঁজরা, (প্রা) উদরের পার্শ্বভাগ; শরীরের পার্শ্বাস্থি।
পাঁজা, (প্রা) ইষ্টকরাশি; তৃণ সহিত-বাঁধা সমূহ। [পুস্তক।
পাঁজী, (প্রা) বার তিথি প্রভৃতি জ্ঞাপক

পাঁটা, (প্রা) ছাগ, ছাগল।
পাঁঠা, (হিং) ছাগ, ছাগল।
পাঁঠী, (হিং) ছাগী, অজা, স্ত্রী ছাগ।
পাঁঠীবেচা, (প্রা) যে পণ লইয়া আপন কন্যার বিবাহ দেয়।
পাঁতার, (প্রা) নদীর পরিসর বা ওসার।
পাঁতি, (প্রা) শ্রেণী, তালিকা; ব্যবস্থাপত্র; ওষধিপত্র।
পাঁদাড়, (প্রা) গৃহের পশ্চাদ্ভাগ।
পাঁশ, (প্রা) ছাই, ভস্ম।
পাক, পুং. [পচ+অ] পচন, ক্লেদন, রন্ধন, তৎপর্য্যায়।—পচা, তৎসপ্তপ্রকার যথা— ভর্জ্জন, গলন, স্বেদ, পচন, ক্বথন, তান্দুর, পুটপাকইত্যাদি; পরিণত; শিশু; জরাদিদ্বারা কেশের শুক্লতা; স্থাল্যাদি; পেচক; রাষ্ট্রাদি; ভঙ্গ; ভীতি; দৈত্য; (ত্রি.) পানকর্ত্তা; জীর্ণ; ঘুরণ; উৎপাত; ছল।
পাককর্ত্তা, ত্রি. [পাক+কর্ত্তৃ] পাচক, সূপকার, রন্ধনকারী।
পাককৃষ্ণ, পুং. [পাক+কৃষ্ণ] কৃষ্ণ ফলপাক, পানী আমলা। [কৃষ্ণ।
পাককৃষ্ণফল, পুং. [পাক+কৃষ্ণফল] পাক-
পাকখোলা, (প্রা) পেঁচ কুলিবার যন্ত্র।
পাকগৃহ, ন. [পাক+গৃহ] রন্ধনশালা, রান্নাঘর।
পাকচক্র, (প্রা) কৌশল; গণতা; শঠতা।
পাকজ, ন. [পাক+জন্] কাচলবণ; পরিণাম শূল; পরিপাক দ্বারা উৎপন্ন বস্তু মাত্র।
পাকড়ন, (হিং) ধারণ; গ্রহণ।
পাকড়ী, (প্রা) উষ্ণীষ, শিরোবেষ্টন বস্ত্র; পুষ্পাদির দল। [ক্রমে।
পাকতঃ (প্রা) অনিচ্ছাপূর্ব্বক; কার্য্যগতি
পাকন, (প্রা) পরিপক্কহওন, পরিণতহওন।
পাকনা, (প্রা) পক্ষ, ডানা; আবর্ত্ত, ঘুরণ
পাকপড়া, (প্রা) অস্পষ্ট; পেঁচাল।
পাকপাড়া, (প্রা) শঠ, খল, ধূর্ত্ত, কুটিল; পেঁচপাড়ান।
পাকপাত্র, ন. [পাক+পাত্র] স্থালী, হাঁড়ী।
পাকপুটী, স্ত্রী. [পাক+পুটী] পয়ন, কুম্ভশালা, কুম্ভকারের পোয়ান্। [আমলা।
পাকফল, পুং. [পাক+ফল] ফলপাক, পানী
পাকভাণ্ড, ন. [পাক+ভাণ্ড] পাকপাত্র, স্থালী, হাঁড়ী। [মৎস্যজল।
পাকমৎস্য, পুং. [পাক+মৎস্য] মৎস্যব্যঞ্জন
পাকযজ্ঞ, পুং [পাক+যজ্ঞ] বৃষোৎসর্গ; গৃহ প্রতিষ্ঠাদির হোম, চরু হোমাঙ্গক কর্ম্ম।
পাকযাজ্ঞিক, পুং. [পাক+যাজ্ঞিক] পাকযজ্ঞ কর্ত্তা। [পাত।
পাকরঞ্জন, ন. [পাক+রঞ্জন] তেজপত্র, তেজ-
পাকল, ন. [পাক+ল] কুষ্ঠৌষধি; (পুং.) কুঞ্জরজ্বর; বোধনদ্রব্য; অনিল, বায়ু; অনল, বহ্নি; (ত্রি.) ব্রণাদি পাককারক, পক্কতাবস্থাপন্ন বস্তু, (প্রা) ফুল্‌টিষ্।
পাকলা, (প্রা) পক্কতাবিশিষ্ট বস্তুর ধৌতকরণ; প্রক্ষালন।
পাকলি, স্ত্রী. [পাকল+ই] বৃক্ষবিশেষ; রোহিণী। [ফল।
পাকলী, স্ত্রী. [পাকল+ঈ] কর্কটী, শাল্মলী-
পাকশালা, স্ত্রী. [পাক+শালা] রন্ধনগৃহ, তৎপর্য্যায়।—রসবতী, পাকস্থান, মহানস।
পাকশাসন, পুং. [পাক+শাসন] ইন্দ্র, শক্র, দেবরাজ। [জয়ন্ত।
পাকশাসনি, পুং. [পাকশাসন+ই] ইন্দ্রপুত্র,
পাকশুক্লা, স্ত্রী. [পাক+শুক্ল-আ] খড়ী, শিলাধাতু, কঠিনী, কক্কখটী।
পাকসাঁড়াশী, (প্রা) কর্ম্মকারের যন্ত্রবিশেষ।
পাকস্থান, ন. [পাক+স্থান] মহানস, উনান, চুল্লী; রন্ধনালয়।
পাকস্থালী, স্ত্রী. [পাক+স্থালী] হাঁড়ি, তিজেল; পাকপাত্র বিশেষ
পাকা, স্ত্রী. [পচ+অ-আ] বালিকা; ফল, পরিণতি অবস্থাপন্ন।
পাকাকেশ, (প্রা) পক্ককেশ, পাকাচুল।
পাকাটী, (প্রা) পাটবাসন গাছের কাঠী, পাখাটী।
পাকান, (প্রা) পক্ককরণ, রন্ধন, পাচন।
পাকাপাকি, (প্রা) পরস্পর কর্ত্তব্য বিষয় নির্দ্ধার্য্যকরা, স্থিরকরা; স্বীকৃত।

পাকামি, (প্রা) পক্তিম, পাকদ্বারা নিষ্পন্ন।

পাকারি, পুং. [পাক+অরি] শ্বেতকাঞ্চন; ইন্দ্র।

পাকিম, ত্রি. [পাক+ইম] পক্তিম, পাকদ্বারা নিষ্পন্ন। [পাককর্ত্তা।

পাকুক, পুং. [পাক+উক] সূপকার, পাচক,

পাকুড়, (প্রা) বৃক্ষবিশেষ, প্লক্ষ

পাকে, (প্রা) জন্যে, নিমিত্তে, কারণে।

পাক্য, ন. [পাক+য] বিড়লবণ; পাংশুলবণ; (পুং.) যবক্ষার।

পাখ, (প্রা) পালক, পক্ষ, পাখনা, ডানা।

পাখণ্ড, পুং. [পা+খণ্ড] পাষণ্ড; পাপী; পামর।

পাখনা, (প্রা) পাখা, ডানা; বাহু।

পাখলান, (প্রা) ধৌতকরণ, প্রক্ষালন। [বৃন্ত।

পাখা, (প্রা) পালক, ডানা; ব্যজন, তাল-

পাখী, (প্রা) বিহগ, বিহঙ্গম, পক্ষী।

পাখীমারা, (প্রা) ব্যাধ, পক্ষিবধকারী।

পাখুরা, (প্রা) বাহুর ঊর্দ্ধভাগ; অস্ত্রবিশেষ।

পাখ্না, (প্রা) পক্ষ, পালক, ডানা, পাখনা।

পাগ, (প্রা) উষ্ণীষ, শিরোবেষ্টন বস্ত্রবিশেষ, পাকড়ী।

পাগড়ী, (প্রা) উষ্ণীষ, পাগ, পাকড়ী।

পাগল, (প্রা) উন্মত্ত, বাতুল, ক্ষিপ্ত, বিকৃতচিত্ত। [লতা।

পাগলামি, (প্রা) উন্মত্ততা, ক্ষিপ্ততা, বাতু-

পাঙাশ, (প্রা) মৎস্যবিশেষ।

পাঙ্গন, (প্রা) আয়ত্তকরণ, বশীভূতকরণ, জানান; অনুমান।

পাঙ্গা, (প্রা) লবণবিশেষ,।

পাঙ্গাশ, (প্রা) পাংশুবর্ণ, ক্ফিকারঙ্গ।

পাঙ্গাশিয়া, (প্রা) পিঙ্গলবর্ণ, পাণ্ডুবর্ণ।

পাচক, ন. [পচ+অক] পিত্তবিশেষ; (পুং.) অগ্নি; সূপকার, রন্ধনকর্ত্তা, পাককর্ত্তা, (ত্রি.) অন্নাদি পাক কারক ঔষধবিশেষ।

পাচকতা, স্ত্রী. [পাচক+ত-আ] রন্ধনকর্ম্ম; জীর্ণকরিবার গুণ বা শক্তি।

পাচন, ন. [পচ+অন] প্রায়শ্চিত্ত; ঔষধিবিশেষ; (ত্রি.) পাককর্ত্তা; (পুং.) অগ্নি; অম্লরস; রক্তএরণ্ড।

পাচনক, পুং. [পাচন+ক] টঙ্কণ, সোহাগা।

পাচনী, স্ত্রী. [পাচন+ঈ] হরীতকী; প্রতোদ, গোতাড়ন দণ্ড, পাঁচনী বাড়ী।

পাচল, ন. [পাচ+ল] পাচন; (পুং.) পাচক; অগ্নি; বায়ু; রাঁধন দ্রব্য।

পাচা, স্ত্রী. [পাচ+আ] পাচল, পাক।

পাচি, স্ত্রী. [পাচ+ই] পাচল।

পাচী, স্ত্রী. [পাচ+অ-ঈ] লতাবিশেষ, পাচি, পচ্চে, তৎপর্য্যায়।—মরকতপত্রী, হরিত লতা, হরিতপত্রিকা, পত্রী, সুরভি, মালারিষ্টা, গারুত্মত পত্রিকা।

পাচীর, (প্রা) দেয়াল, ভিত্তি, প্রাচীর।

পাছড়ান, (প্রা) শস্যঝাড়ন, অসারভাগত্যাগ করণার্থ সঞ্চালন।

পাছা, (প্রা) পশ্চাৎভাগ, নিতম্ব।

পাছাড়, (প্রা) মল্লযুদ্ধ, মল্লক্রীড়া, কুস্তী।

পাছু, (প্রা) পশ্চাৎ, পিছে।

পাছুড়ী, (প্রা) দোপাট্টা, গাত্রবস্ত্র বিশেষ।

পাজঃ, ন. [পা+জস্] বল, সামর্থ্য, শক্তি।

পাজান, (প্রা) তীক্ষ্ণীকরণ, ধার দেওন, শাণান।

পাজি, (প্রা) অধম, পামর, নীচ।

পাঞ্চকপাল, ত্রি. [পঞ্চকপাল+অ] পঞ্চকপালযাগ সম্বন্ধীয়।

পাঞ্চজন্য, পুং. [পঞ্চজন+অ] বিষ্ণুশঙ্খ; অগ্নি।

পাঞ্চজন্যধর, পুং. [পাঞ্চজন্য+ধর] বিষ্ণু, নারায়ণ।

পাঞ্চভৌতিক, পুং. [পঞ্চ+ভূত-ইক] পঞ্চভূতদ্বারা নির্ম্মিত, ভূতপঞ্চময়; পঞ্চভূতের বিকার।

পাঞ্চলিকা, স্ত্রী. [পাঞ্চাল+ইক-আ] পঞ্চালিকা, দ্রুপদ রাজকন্যা, দ্রৌপদী

পাঞ্চশব্দিক, ন. [পঞ্চ+শব্দ-ইক] পঞ্চপ্রকার বাদ্য, যথা।—অঙ্গজ, কর্ম্মজ, তন্ত্রজ, কাংস্যজ, ফুৎকৃত।

পাঞ্চার্থিক, পুং. [পঞ্চার্থ+ইক] পাশুপত ধর্ম্ম।

পাঞ্চাল, ত্রি. [পঞ্চাল+অ] পঞ্চালদেশোদ্ভব; (পুং.) দেশবিশেষ, দ্রুপদ রাজনগর,

করঙ্কাবাদ; (ন.) শাস্ত্র, প্রবৃত্তি, নিবৃত্তি রূপ।

পাঞ্চালিকা, স্ত্রী. [পঞ্চাল+ইক-আ] বস্ত্র দণ্ডাদিকৃত পুত্তলিকা, তৎপর্য্যায়।—পুত্রিকা, পঞ্চালিকা, শালভঞ্জী, পাঞ্চালী, শালভঞ্জিকা; পাণ্ডবপত্নী, দ্রৌপদী।

পাঞ্চালী, স্ত্রী. [পঞ্চাল+অ-ঈ] পাঞ্চালিকা, পাণ্ডবপত্নী, তৎপর্য্যায়।—কৃষ্ণা, পাণ্ড-শর্ম্মিলা, পার্ব্বতী, দ্রৌপদী, যাজ্ঞসেনী, বেদিজা, সৈরিন্ধ্রী, নিত্যযৌবনা।

পাট্, ব্য. [পট+অ] সম্বোধন; (পুং.) পট্ট; বৃক্ষবিশেষ; আসন; বেদী; সিংহাসন; কূপ; প্রাচীর; ধান্যাদির থলিয়া

পাটক, পুং. [পাট+ক] মহাকিষ্কু, অতিশয় হস্তের বিস্তার; কটকান্তর; গ্রামের এক দেশ; বাদ্য; অক্ষাদিচালন, পাশাখেলা; মূলদ্রব্যাপচয়; রোধ। [তস্কর।

পাটচ্চর, পুং. [পটচ্চর+অ] চৌর, মলিম্লুচ,

পাটন, ন. [পাট+অন] ছেদন, দ্বিধাকরণ; সহর; নগর; গঞ্জ।

পাটনী, (গ্রা) পারাবারের নাবিক।

পাটব, ন. [পটু+অ] পটুতা, বিজ্ঞতা, নৈপুণ্য; আরোগ্য, স্বাস্থ্য, সুস্থতা।

পাটবিক, ত্রি. [পাটব+ইক] পটু, ধূর্ত্ত, শঠ।

পাটভাঙ্গা, (গ্রা) গাজনের সময় সন্ন্যাসি-দিগের কর্ত্তৃক ছুরিকার উপর ঝম্প দেওয়া।

পাটরাণী, (গ্রা) রাজার প্রধানা স্ত্রী, রাজ-মহিষী।

পাটল, ন. [পাট+ল] পাটলীপুষ্প; গোলা-বাখ্যপুষ্প; (পুং.) শ্বেতরক্তবর্ণ, গোলা-বিরঙ্গ; আশুধান্য; (ত্রি.) শ্বেতরক্তবর্ণ যুক্ত।

পাটলদ্রুম, পুং. [পাটল+দ্রুম] পুন্নাগবৃক্ষ; গোলাপগাছ এবং পারুলগাছ।

পাটলা, স্ত্রী. [পাটল+আ] দুর্গা, পার্ব্বতী, ভগবতী; পুষ্পবৃক্ষবিশেষ, পারুল, তৎ-পর্য্যায়।—পাটলি, অমোঘা, কাচস্থালী, ফলেরুহা, কৃষ্ণবৃন্তা, কুবেরাক্ষী, তাম্র পুষ্পী, কুম্ভিকা, সুপুষ্পিকা, বসন্তদূতী, স্থালী, স্থিরগন্ধা, অম্বুবাসী, কালবৃন্তী, মধুদূতী, কালাস্থলী, অলিবল্লভা, কাম-দূতা, কুম্ভী, তোয়াধিবাসিনী; রক্তলোধ্র।

পাটলাপুষ্পসন্নিভ, ন. [পাটলাপুষ্প+সন্নিভ] পদ্মকাষ্ঠ।

পাটলি, পুং. স্ত্রী. [পাটল+ই] পাটলাপুষ্প-বৃক্ষ।

পাটলিপুত্র, ন. [পাটলী+পুত্র] নগরবিশেষ, পাটনা, তৎপর্য্যায়।—কুসুমপুর, পুষ্প-পুর, পাটলি পুত্রক।

পাটলী, স্ত্রী. [পাটল+ঈ] কটভীবৃক্ষ, পারুল গাছ; মুষ্ককবৃক্ষ; নৌকাবিশেষ।

পাটহিকা, স্ত্রী. [পাটহ+ইক-আ] গুঞ্জা, কুঁচ।

পাটা, (গ্রা) পাট্টা, ভূমি সম্বন্ধীয় সনন্দপত্র; বিস্তৃতকাষ্ঠ, তক্তা; গাজনেরসময় সন্ন্যাসি দের উপবীত বা উত্তরী।

পাটারি, (গ্রা) গ্রামসম্বন্ধীয় করগ্রাহক; গোমস্তা, গ্রন্থনাদি শিল্প কর্ম্মকারক।

পাটিকেল, (গ্রা) ইষ্টক্, ইট; বর্ণবিশেষ।

পাটিত, ত্রি. [পাট+ইত] কৃত পাটন, তৎ-পর্য্যায়।—দারিত, ভিন্ন।

পাটী, স্ত্রী. [পাট+ঈ] বলাক্লুপ; পরিপাটী, অনুক্রম, গণিত বিদ্যা; আস্তরবিশেষ।

পাটীর, পুং. [পাটী+র] পটীর।

পাটুলী, (গ্রা) নৌকাবিশেষ।

পাট্টা, (গ্রা) সনন্দপত্র, দলীল।

পাট্য, ন. [পাট+য] পট্টশাক, পাটশাক্।

পাঠ, পুং. [পঠ+অ] বিধিপূর্ব্বক, বেদা-ভ্যাস, শিষ্যদিগের অধ্যাপন, তৎপ-র্য্যায়।—মহাযজ্ঞ, ব্রহ্মযজ্ঞ, পঠন, পা-ঠনা, পাঠন, অধ্যয়ন, অধ্যাপন, অধ্যা-পনা, অভ্যাসন, নিপাঠ, নিপঠ, পড়া।

পাঠক, ত্রি. [পঠ+ক] উপাধ্যায়, অধ্যাপক; ধর্ম্মভাণক, কথক; আবৃত্তিকারক, পাঠ-কর্ত্তা।

পাঠক্রম, পুং. [পাঠ+ক্রম] ক্রমান্বিত অধ্য-য়ন; পড়িবার অনুক্রম।

পাঠগুরু, পুং. [পাঠ+গুরু] অধ্যাপক, শিক্ষক।

পাঠভূ, স্ত্রী. [পাঠ+ভূ] ব্রহ্মারণ্য, বেদাদি-পাঠ স্থান।
পাঠমঞ্জরী, স্ত্রী. [পাঠ+মঞ্জরী] শারীপক্ষিণী।
পাঠযোগ্য, ত্রি. [পাঠ+যোগ্য] পাঠ্য, পাঠনীয়, পঠনোপযুক্ত।
পাঠশালা, স্ত্রী. [পাঠ+শালা] অধ্যয়ন-গৃহ, বিদ্যালয়, চতুষ্পাঠী, বিদ্যাগার, টোল। [পক্ষিণী।
পাঠশালিনী, স্ত্রী. [পাঠ+শালিন্-ঈ] শারী
পাঠা, স্ত্রী. [পাঠ+আ] লতাবিশেষ, আকনাদি লতানিমুখী, তৎপর্য্যায়।—অম্বষ্ঠা, অম্বষ্ঠিকা, প্রাচীনা, পাপচেলিকা, যূথিকা, স্থাপনী, শ্রেয়সী, বিদ্ধকর্ণিকা, একাষ্ঠীলা, কুচেলী, দীপনী, বনতিক্তিকা, তিক্তপুষ্পা, বৃহত্তিক্তা, শিশিরা, বৃকী, মালতী, বরা, বৃন্তপর্ণী।
পাঠান, ন. [পাঠ+আন] মৎস্যবিশেষ।
পাঠান, (প্রা) প্রেরণ, প্রেষণ; চালান, (বাং) জাতিবিশেষ।
পাঠাপাঠ, পুং. [পাঠ+অপাঠ] অধ্যয়ন ও অনধ্যয়ন; লিখিবারধারা, যুক্তাযুক্ত পাঠ।
পাঠার্থী, পুং. [পাঠ+অর্থিন্] পাঠাভিলাসী, পাঠেচ্ছুক। [নাদি লতা।
পাঠিকা, স্ত্রী. [পঠ+ইক-আ] পাঠা, আক-
পাঠিত, ত্রি. [পঠ+ইত] অধ্যাপিত, পড়ান।
পাঠী, পুং. [পাঠ+ইন্] চিত্রকবৃক্ষ; পাঠবিশিষ্ট, পাঠশীল।
পাঠীকুঠ, পুং. [পাঠী+কুঠ] চিত্রকবৃক্ষ।
পাঠীন, পুং. [পাঠ+ঈন] মৎস্যবিশেষ, বোয়ালিমাছ, তৎপর্য্যায়।—সহস্রদংষ্ট্র, সহস্রদংষ্ট্রী, বোদাল, বদালক; পাঠক; গুগ্গুলুবৃক্ষ।
পাঠ্য, ত্রি. [পঠ+য] পঠনীয়, পঠিতব্য, পাঠযোগ্য, পঠনোপযুক্ত।
পাড়, (প্রা) তট, কূল, আড়া, তীর; পুষ্করণীর চতুষ্পার্শ্বের স্তূপীকৃত মৃত্তিকারাশি।
পাড়ন, (প্রা) অধঃপাতন, নীচেক্ষেপকরণ, বিস্তারকরণ, বিছান। [মহল্লা।
পাড়া, (প্রা) নির্দ্দিষ্টবসতি স্থান, (হিং)
পাড়াগাঁ, (প্রা) অল্পসংখ্যক লোকের বসতি স্থান, পল্লীগ্রাম। [বাসী।
পাড়াপড়সী, (প্রা) প্রতিবাসী, একপল্লী
পাড়িনী, স্ত্রী. [পাট্+ইন্-ঈ] মৃৎপাত্রবিশেষ।
পাড়ী, (প্রা) গৃহেরকাষ্ঠ; বস্ত্রেরপ্রান্তভাগ; পরতীর।
পাড়ীদেওন, (প্রা) নৌকালইয়া পরপারে যাওন।
পাণ, পুং. [পা+অন] পাণি, হস্ত, কর; (ত্রি.) পত্রবিশেষ, তাম্বূল, পর্ণ।
পাণপত্র, (প্রা) কন্যাদানার্থ লিপিবিশেষ।
পাণবাটা, (প্রা) তাম্বূলকরঙ্ক, পাণেরবাটা।
পাণা, (প্র.) জলোপরিভাসমান শৈবাল বিশেষ, কুম্ভী।
পাণি, পুং. [পণ+ই] যাহার দ্বারা গৃহীত হয়, অর্থাৎ মণিবন্ধ অবধি অঙ্গুলিপর্য্যন্ত ভাগ, তৎপর্য্যায়।—পঞ্চশাখ, শয়, সম, হস্ত, কর, ভুজ, কুলি, ভুজদল; কুলিক বৃক্ষ, কুলিয়াকড়া; (প্রা) পণ্যবীথী, হট্ট, হাট।
পাণিকচ্ছপিকা, স্ত্রী. [পাণি+কচ্ছপিকা] কূর্ম্মমুদ্রা। [চাম্চা।
পাণিকা, স্ত্রী. [পাণি+ইকা] দর্ব্বীবিশেষ,
পাণিগৃহীতী, স্ত্রী. [পাণি+গৃহীতী] বিধিপূর্ব্বক বিবাহিতা স্ত্রী, ঊঢ়, পরিণতা।
পাণিগ্রহণ, ন. [পাণি+গ্রহণ] বিবাহ, দারকর্ম্ম, পরিণয়।
পাণিগ্রহণিক, ত্রি. [পাণিগ্রহণ+ইক] বৈবাহিক, ঔদ্বাহিক কর্ম্ম।
পাণিগ্রাহক, পুং. [পাণি+গ্রাহক] বিবাহকর্ত্তা, ভর্ত্তা, পতি।
পাণিগ্রাহী, পুং. [পাণি+গ্রাহিন্] ভর্ত্তা, পতি, স্বামী।
পাণিঘ, পুং. [পাণি+হন] পাণিবাদ্য, হস্তদ্বারা মৃদঙ্গাদি বাদ্য।
পাণিঘাত, পুং. [পাণি+ঘাত] হস্তদ্বারা হনন, করাঘাত, চপেটাঘাত, চাপড়, কিল, ইত্যাদির প্রহার।
পাণিজ, পুং. [পাণি+জন] নখ, নখর, কররুহ।

পাণিতল, ন. [পাণি+তল] কর্ষপরিমাণ, তোলকদ্বয়; করতল, হস্ততল, হস্তের অধোভাগ।

পাণিন, পুং. [পাণিন+অ] পাণিনিমুনি।

পাণিনি, পুং. [পাণিন+ই] মুনিবিশেষ, তৎপর্য্যায়।—আহিক, দাক্ষীপুত্র, শালঙ্কী, পাণিন, শালোত্তরীয়, ব্যাকরণ কর্ত্তা।

পাণিনীয়, ত্রি. [পাণিনি+ঈয়] পাণিনিমুনির কৃত গ্রন্থাদি।

পাণিন্ধম, ত্রি. [পাণিন্+ধম] হস্তেতেঅগ্নিসংযোগকর্ত্তা; হস্তদ্বারা শব্দকারক।

পাণিন্ধয়, ত্রি. [পাণিন্+ধে-অ] পাণিদ্বারা পানকর্ত্তা। [সমূহ।

পাণিপাদ, ন. [পাণি+পাদ] হস্ত ও চরণ-

পাণিপীড়ন, ন. [পাণি+পীড়ন] পাণিগ্রহণ, বিবাহ; হাতমোচড়ান।

পাণিবাদ, ত্রি. [পাণি+বাদ] পাণীয়,হস্তদ্বারা মৃদঙ্গাদি বাদ্য।

পাণিবাদক, ত্রি. [পাণি+বাদক] পাণিবাদ, মৃদঙ্গাদিবাদক, হস্তদ্বারা মৃদঙ্গাদিবাদ্যকারী।

পাণিভুক্, পুং. [পাণি+ভুজ্] উডুম্বরবৃক্ষ, ডুম্বুরগাছ; (ত্রি.) হস্তদ্বারা ভোজনকর্ত্তা।

পাণিমর্দ্দ, পুং. [পাণি+মর্দ্দ] করমর্দ্দক, পেনেলা।

পাণিমুক্ত, ন. [পাণি+মুক্ত] অস্ত্র; বাণাদি।

পাণিরুহ, পুং. [পাণি+রুহ] নখ, নখর, করজ। [ক্ষুদ্রশঙ্খ।

পাণিশঙ্খ, পুং. ন. [পাণি+শঙ্খ] জলশঙ্খ,

পাণিসর্য্যা, স্ত্রী. [পাণি+সৃজ-অ] রজ্জু, দড়ী, রসি।

পাণিস্থ, ত্রি. [পাণি+স্থ] করস্থিত।

পাণিহোম, পুং. [পাণি+হোম] যজ্ঞবিশেষ; হাতে হোমকরা।

পাণীতল, ন. [পাণী+তল] তোলকদ্বয়।

পাণৌকরণ, ন. [পাণৌ+করণ] বিবাহ, পাণিগ্রহণ। [পুত্র।

পাণ্ডব, পুং. [পাণ্ডু+অ] পাণ্ডুনন্দন, পাণ্ডু-

পাণ্ডবাভীল, পুং. [পাণ্ডব+আভীল] শ্রীকৃষ্ণ,

পাণ্ডবায়ন, পুং. [পাণ্ডব+অয়ন] বিষ্ণু, শ্রীকৃষ্ণ। [ষ্ঠিরাদি।

পাণ্ডবেয়, ত্রি. [পাণ্ডু+এয়] পাণ্ডুপুত্র, যুধি-

পাণ্ডর, ন. [পড়ি+র] কুন্দপুষ্প; গৈরিক, ধাতুবিশেষ; (পুং) মরুবক বৃক্ষ; শ্বেতবর্ণ; (ত্রি.) শ্বেতবর্ণবিশিষ্ট।

পাণ্ডরপুষ্পিকা, স্ত্রী. [পাণ্ডর+পুষ্পিকা] শীতলাবৃক্ষ।

পাণ্ডরবর্ণ, ন. [পাণ্ডর+বর্ণ] শ্বেতবর্ণ, শুভ্রবর্ণ, শাদা।

পাণ্ডা, (প্রা) দেবালয়ের পুরোহিত, পূজারী।

পাণ্ডিত্য, ন. [পণ্ডিত+য] পণ্ডিতের ধর্ম্ম বা কর্ম্ম; নৈপুণ্য, দক্ষতা; বিদ্যা।

পাণ্ডু, পুং. [পাণ্ড+উ] পাণ্ডুরফলীক্ষুপ; পটোল; শুক্লপীত মিশ্রিত বর্ণ, তৎপর্য্যায়।—হরিণ, পাণ্ডুর, পাণ্ডর; রক্ত পীতমিশ্রিত বর্ণ; (ত্রি.) তদ্বিশিষ্ট; নৃপতিবিশেষ, বিচিত্রবীর্য্যক্ষেত্রে ব্যাসদেবের ঔরসজাত কুরুবংশীয় রাজাবিশেষ, পাণ্ডবপিতা; নাগবিশেষ; শ্বেতহস্তী; সিতবর্ণ; রোগবিশেষ; (স্ত্রী.) মাষপর্ণী, মাষাণী; পাণ্ডুবর্ণা স্ত্রী।

পাণ্ডুক, পুং. [পাণ্ডু+ক] রোগবিশেষ; পাণ্ডুরাজ; পাণ্ডুবর্ণ, শুক্ল পীতমিশ্রিত বর্ণ।

পাণ্ডুকণ্টক, পুং. [পাণ্ডু+কণ্টক] অপামার্গ বৃক্ষ, আপাং।

পাণ্ডুকম্বল, পুং. [পাণ্ডু+কম্বল] শ্বেতপ্রাবার; প্রস্তরবিশেষ; পাণ্ডুবর্ণ কম্বল।

পাণ্ডুকম্বলী, পুং. [পাণ্ডু+কম্বলিন্] পাণ্ডুর কম্বলাবৃত রথ; (ত্রি.) পাণ্ডুকম্বল যুক্ত।

পাণ্ডুতরু, পুং. [পাণ্ডু+তরু] ধববৃক্ষ।

পাণ্ডুনন্দন, পুং. [পাণ্ডু+নন্দন] পাণ্ডুপুত্র।

পাণ্ডুনাগ, পুং. [পাণ্ডু+নাগ] পুন্নাগবৃক্ষ; শ্বেতবর্ণ হস্তী; শ্বেতবর্ণ সর্প।

পাণ্ডুপত্রী, স্ত্রী. [পাণ্ডু+পত্রী] রেণুকা।

পাণ্ডুপুত্র, পুং. [পাণ্ডু+পুত্র] পাণ্ডুনন্দন।

পাণ্ডুপৃষ্ঠ, ত্রি. [পাণ্ডু+পৃষ্ঠ] পাণ্ডুবর্ণ পৃষ্ঠযুক্ত; অলক্ষণ।

পাণ্ডুফল, পুং. [পাণ্ডু+ফল] পটোল।

পাণ্ডুবর্ণ, ন. [পাণ্ডু+বর্ণ] শুক্ল পীতমিশ্রিত বর্ণ।

পাণ্ডুভূম, ত্রি. [পাণ্ডু+ভূমি] পাণ্ডুবর্ণ ভূমিযুক্ত দেশ।

পাণ্ডুমৃৎ, স্ত্রী. [পাণ্ডু+মৃৎ] পাণ্ডুভূমি, খটীমৃত্তিকা, খড়ী।

পাণ্ডুমৃত্তিকা, স্ত্রী. [পাণ্ডু+মৃত্তিকা] শিবধাতু, ক্ষীরস্ফটিক।

পাণ্ডুর, পুং. [পাণ্ডু+র] শ্বেতপীত মিশ্রিত বর্ণ; (ত্রি.) তদ্বিশিষ্ট; কামলারোগ; (ন.) শ্বিত্ররোগ।

পাণ্ডুরপৃষ্ঠ, ত্রি. [পাণ্ডুর+পৃষ্ঠ] লক্ষণহীন; পাণ্ডুরবর্ণ পৃষ্ঠযুক্ত।

পাণ্ডুরফলী, স্ত্রী. [পাণ্ডুর+ফল-ঈ] ক্ষুদ্র ক্ষুপবিশেষ,তৎপর্য্যায়।—পাণ্ডু, ধূসরা, বৃত্তবীজকা, ভূরিপলিতদা, পাণ্ডুফলী।

পাণ্ডুরদ্রুম, পুং. [পাণ্ডুর+দ্রুম] কুটজবৃক্ষ কুরচি ফুলের গাছ

পাণ্ডুরঙ্গ, পুং. [পাণ্ডু+রঙ্গ] কন্দ শাকবিশেষ, পাটরাঙ্গা শাক।

পাণ্ডুরা, স্ত্রী. [পাণ্ডুর+আ] মাষপর্ণী লতাবিশেষ; পাণ্ডুবর্ণা স্ত্রী।

পাণ্ডুরাগ, পুং. [পাণ্ডু+রাগ] দমনকবৃক্ষ; (ত্রি.) পাণ্ডুবর্ণ যুক্ত।

পাণ্ডুরেক্ষু, পুং. [পাণ্ডুর+ইক্ষু] শ্বেত ইক্ষু, শাদা আউক।

পাণ্ডুলেখ, পুং. [পাণ্ডু+লিখ] পাণ্ডুলিপি, মুসাবিদা, খসড়া লেখা।

পাণ্ডুলোমশা, স্ত্রী. [পাণ্ডু+লোমশ-আ] মাষপর্ণী; পাণ্ডুবর্ণ লোমযুক্তা।

পাণ্ডুলোমা, স্ত্রী. [পাণ্ডু+লোম-আ] মাষপর্ণী; (ত্রি.) পাণ্ডুবর্ণ লোমযুক্ত।

পাণ্ডুশর্করা, স্ত্রী. [পাণ্ডু+শর্কর-আ] রোগবিশেষ।

পাণ্ডুশর্ম্মিলা, স্ত্রী. [পাণ্ডু+শর্ম্মিল-আ] দ্রৌপদী, পাণ্ডব পত্নী।

পাণ্ডুসোপাক, পুং. [পাণ্ডু+সোপাক] বর্ণ সঙ্কর জাতিবিশেষ, ইহা চাণ্ডালিনীগর্ব্ভে বৈদেহি ঔরসজাত জাতি।

পাণ্য,ত্রি. [পণ+ত] স্তুত্য, স্তবনীয়।

পাত, পুং. [পত+অ] পতন, পড়া; (ত্রি.) ত্রাত, ত্রাণ; রাহু; পুস্তকের পত্র; বৃক্ষাদির পাত।

পাতক, ন. [পত+অক] নরক সাধন, তৎপর্য্যায়।—অশুভ, দুষ্কৃত, দুরিত, পাপ, এণ, পাপ্মা, কিল্বিষ, কলুষ, কিণ্ব, কল্মষ, বৃজিন, তমঃ, অংহঃ, কল্ক, অঘ, পঙ্ক; ইহা নববিধ নরক যথা।—অতিপাতক, মহাপাতক, অনুপাতক, উপপাতক, সঙ্করীকরণ, অপাত্রীকরণ, জাতিভ্রংশকর, মহাবল, প্রকীর্ণক।

পাতকী, ত্রি. [পাতক+ইন্] পাপী; পাতক বিশিষ্ট, অঘবান্।

পাতকুয়া,(প্রা)ক্ষুদ্রকুপ,জলযুক্ত গর্ত্তবিশেষ।

পাতখোলা, (প্রা) পাতখাপরা, মৃত্তিকা নির্ম্মিত ছোট কটোরা।

পাতঙ্গি, পুং. [পতঙ্গ+ই] শনৈশ্চর, শনিগ্রহ।

পাতঞ্চি, (প্রা) আস্তর; শয্যা আসনাদি।

পাতঞ্জল, ন. [পতঞ্জলি+অ] পতঞ্জলি মুনি প্রণীত পাদচতুষ্টয়াত্মক যোগকাণ্ড নিরূপক দর্শনশাস্ত্র বিশেষ।

পাতড়া, (প্রা) খাদ্যদ্রব্যের অংশ; খসড়া, নানাবিষয়ক লিপি; পুস্তকের, উপপত্র।

পাতন, ন. [পত+অন] অধোনয়ন, অধঃক্ষেপণ, পতিত করাণ।

পাতনামা, (প্রা) উপক্রম, আরম্ভ; কল্পনা।

পাতর, (প্রা) প্রস্তর, শিলা, পাষাণ।

পাতল, (প্রা) তরল; ক্ষণ, হাল্কা।

পাতলা, (প্রা) হাল্কা, তরল, ক্ষীণ; অসঙ্কীর্ণ, পৃথক্‌হ।

পাতা, ত্রি. [পা+তৃ] রক্ষিতা, ত্রাণকর্ত্তা, রক্ষক; গন্ধপত্র, বাবুই।

পাতালা, (প্রা) হংসের চরণের ন্যায় লিপ্ত পদ।

পাতাল, ন. [পত+ল] লগ্ন হইতে চতুর্থ স্থান; স্বনামখ্যাত গর্ত্ত, তৎপর্য্যায়।—অধোভুবন, বলিসদ্ম, রসাতল, নাগলোক, অধঃ উরগস্থান; সপ্তপাতাল

যথা।—অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল, পাতাল; (ন.) বিবর; বড়বানল; (পুং.) ঔষধ পাকার্থ যন্ত্রবিশেষ।

পাতালগরুড়ী, স্ত্রী. [পাতাল+গরুড়-ঈ] লতাবিশেষ, ছেউড়রা, তৎপর্য্যায়।—বৎসাদনী, সোমবল্লী, তিক্তাঙ্গা, মেচকাভিধা, তার্ক্ষী, সৌপর্ণী, গারুড়ী, দীর্ঘকাণ্ডা, দৃঢ়কাণ্ডা, মহাবলা, দীর্ঘবল্লী, দৃঢ়লতা।

পাতালনিলয়, পুং. [পতাল+নিলয়] দৈত্য; সর্প।

পাতালভেদী, ত্রি. [পাতাল+ভেদিন্] পাতাল পর্য্যন্ত গমন শীল; (পুং.) জলাকর, উঁদুই।

পাতালৌকাঃ, পুং. [পাতাল+ওকস্] দৈত্য; সর্প; (ত্রি.) পাতালবাসী।

পাতি, পুং. [পা+অতি] প্রভু, স্বামী; ক্ষুদ্র; ব্যবস্থাপত্র।

পাতিক, পুং. [পাত+ইক] শিশুমার, শুশুক, জলজন্তুবিশেষ।

পাতিত, ত্রি. [পত+ইত] অধঃক্ষিপ্ত; পতিত করান; বিস্তৃতকরা, বিছান।

পাতিত্য, ত্রি. [পতিত+য] পাতক, পাপ, দুষ্কৃত; জাতিভ্রষ্টাবস্থা।

পাতিনেবু, (প্রা) জম্বীরবিশেষ; অগ্ন্যুদ্দীপক নেবু।

পাতিপাতি, (প্রা) বিশেষরূপে অনুসন্ধান।

পাতিব্রত্য, ন. [পতি+ব্রতা-য] সাধ্বী ধর্ম্ম, সতীত্ব; পতিব্রতার লক্ষণ।

পাতিব্রত্যাচরণ, ন. [পাতিব্রত্য+আচরণ] পতিব্রতা ধর্ম্ম পালন, সতীত্বাচরণ।

পাতিমৌড়, (প্রা) নব বিবাহিতাস্ত্রীর মুকুট, সিঁতিমৌড়।

পাতিলী, স্ত্রী. [পাতিল+ঈ] বাগুরা, ফাঁদ; নারী; মৃত্তিকা পাত্রবিশেষ, পাতিল্।

পাতিশিয়াল, (প্রা) শিবা, জম্বুকী, গোমায়ু।

পাতিহাঁস, (প্রা) ক্ষুদ্রহংস, দেশীহাঁস।

পাতী, ত্রি. [পত+ইন্] পতন শীল; পতনকর্ত্তা; পত্রলিপি; ব্যবস্থাপত্র।

পাতুক, ত্রি. [পত+উক] পতয়ালু, পতন শীল; (পুং) জলহস্তী; বৃহৎ জলজন্তু; ভৃগু, উচ্চ, ঢাল। [গর্ত্ত।

পাৎকুয়া, (প্রা) ক্ষুদ্রকূপ, ইন্দারা, জলাধার

পাত্র, ত্রি. [পত+ত্র] যাহার দ্বারা পানকরা যায়, তৎপর্য্যায়।—অমত্র, ভাজন, ভাণ্ড, কোশ, কোষ, পাত্রী, কোশী কোষী, কোশিকা কোষিকা; (ন.) যোগ্য; স্রুবাদি; রাজমন্ত্রী; তীরদ্বয়ের অন্তর, পাতার; পর্ণ, পত্র; নাট্যানুকর্ত্তা; আঢ়ক পরিমাণ; বর, কন্যা সম্প্রদানীয় ব্যক্তি, বিদ্যাদি গুণ সম্পন্ন, যোগ্য।

পাত্রট, পুং. [পাত্র+ট] কর্পটক, নেকড়া; (ত্রি.) কৃশ, ক্ষীণ, দুর্ব্বল।

পাত্রটীর, পুং. [পাত্রট+ঈর] যুক্ত ব্যাপার মন্ত্রী; লৌহপাত্র; কাংস্য পাত্র; রজতপাত্র; সিংহাণ, লৌহমল; পাবক, বহ্নি; পিঙ্গাস; বায়স, কাক; কঙ্ক, কাঁক্।

পাত্রতা, স্ত্রী. [পাত্র+ত-আ] উপযুক্ততা; যোগ্যতা; পাত্রের ধর্ম্ম।

পাত্রত্ব, ন. [পাত্র+ত্ব] উপযুক্ততা, পাত্রতা, পাত্রের ধর্ম্ম

পাত্রপাল, পুং. [পাত্র+পাল] তুলা, ধট; পাতওয়ার; পরিমাণ দণ্ড, তরাজু।

পাত্রসংস্কার, পুং. [পাত্র+সংস্কার] পুরোটি, রায়ভাটি; ভাজন শুদ্ধি, পাত্র শোধনকরণ।

পাত্রস্থ, ত্রি. [পাত্র+স্থা-অ] পাত্রস্থিত, আধারস্থ।

পাত্রী, স্ত্রী. [পাত্র+ঈ] পাত্র, আধার; যোগ্য, উপযুক্ত।

পাত্রীয়, ন. [পাত্র+ঈয়] যজ্ঞপাত্র, (ত্রি.) পাত্র সম্বন্ধীয়। [সামগ্রী।

পাত্রীর, পুং. [পাত্র+ঈর] যজ্ঞদ্রব্য, যাগের

পাত্রেসমিত, ত্রি. [পাত্রে+সমিত] যে ভোজন ব্যতীত অন্য কর্ম্মে মিলিত হয় না; ভোজন দক্ষ, উদর পরায়ণ, পেটুক; পাপীবিশেষ।

পাত্রোপকরণ, ন. [পাত্র+উপকরণ] উপভূষণ, অন্য প্রকার আভরণ।

পাত্র, ন. [পাৎ+ত্র] পাপিত্রাতা, পাপত্রাণকর্ত্তা।

পাত্রতা, স্ত্রী. [পাৎ+ত্রতা] পাত্রত্ব, মন্ত্রিভাব, বিদ্যা এবং তপস্যাচারযুক্ত।

পাথ, ন. [পা+অথস্] জল; (পুং.) সূর্য্য; অগ্নি।

পাথর, (প্রা) পাষাণ, প্রস্তর, শিলা।

পাথরচর, (প্রা) বৃক্ষবিশেষ, পাথরকুঁচিগাছ।

পাথরী, (প্রা) রোগবিশেষ, অশ্মরী রোগ।

পাথরীয়া, (প্রা) প্রস্তর কর্ত্তৃক, প্রস্তর নির্ম্মিতা, পাথর গড়া।

পাথস্, ন. [পা+অথস্] জল, শলিল, নীর

পাথিস্, পুং. [পাথ+ইস্] সমুদ্র; চক্ষুঃ; (ন.) কীলাল, জল।

পাথেয়, ন. [পথিন্+এয়] পথিকের ব্যয়িতব্য দ্রব্য, পথের সম্বল, পথখরচ, তৎপর্য্যায়। শম্বল, সম্বল; কন্যারাশি। [পঙ্কজ।

পাথোজ, ন. [পাথস্+জন] কমল, পদ্ম,

পাথোদ, পুং. [পাথস্+দা-অ] মেঘ, ঘন, বারিদ; সমুদ্র। [পয়োধর।

পাথোধর, পুং. [পাথস্+ধর] মেঘ, জলদ,

পাথোধি, পুং. [পাথস্+ধা-ই] সমুদ্র, সাগর, জলধি, অর্ণব।

পাথোনিধি, পুং. [পাথস্+নিধি] সমুদ্র, সাগর, জলধি, অর্ণব।

পাদ্, পুং. [পাদ+ই] পাদ, চরণ, পা।

পাদ, পুং. [পদ+অ] যাহার দ্বারা গমন করা যায়, পা, তৎপর্য্যায়।—পৎ, অঙ্ঘ্রি, চরণ, অংহ্রি; ঋগ্বেদীয় মন্ত্রের চতুর্থাংশ; শ্লোকের চতুর্থাংশ; বুধ্ন, বৃক্ষমূল; তুরীয়াংশ, চতুর্থভাগ, একপোয়া; শৈলপ্রত্যন্তপর্ব্বত, বৃহৎপর্ব্বতের নিকট ক্ষুদ্রপর্ব্বত; ময়ূখ, কিরণ; (প্রা) মরুৎক্রিয়া, বাতকর্ম্ম।

পাদকটক, পুং. [পাদ+কটক] নূপুর; পাদভূষণবিশেষ, রবশূন্য হংসাকৃতি চরণভূষণ, বেঁকমল, তৎপর্য্যায়।—হংসক

পাদকনিষ্ঠাপকর্ষক, পুং. [পাদকনিষ্ঠ+অপকর্ষক] শিরাবিশেষ, যে শিরা দ্বারা পায়ের কনিষ্ঠাঙ্গুলী চালিত হয়।

পাদকৃচ্ছ্র, পুং. [পাদ+কৃচ্ছ্র] ব্রতবিশেষ; প্রায়শ্চিত্তবিশেষ।

পাদগণ্ডির, পুং. [পাদ+গণ্ডির] শ্লীপদ রোগ, গোদ।

পাদগ্রহণ, ন. [পাদ+গ্রহণ] অভিবাদন, পাদ স্পর্শনপূর্ব্বক প্রণাম।

পাদগ্রাহী, পুং. [পাদ+গ্রাহিন্] চরণসেবক, অভিবাদন কর্ত্তা।

পাদচত্বর, পুং. [পাদ+চত্বর] ছাগ, ছাগল; সৈকত, বালুকা; পিপ্পল; করক, করকা; পরদোষৈক বক্তা, পরের দোষ মাত্র কথক, পিশুন।

পাদচারী, পুং. [পাদ+চারিন্] পদাতি, পিয়াদা; (ত্রি.) পদব্রজে গমনকারী।

পাদজ, পুং. [পাদ+জন] শূদ্র, অবরবর্ণ।

পাদত্রাণ, ন. [পাদ+ত্রাণ] পাদুকা, বিনামা, উপানৎ, যুতা, খড়ম। [করণ।

পাদন, (প্রা) বায়ু নিঃসরণ, মরুৎ ক্রিয়া-

পাদনিঃক্ষেপ, পুং. [পাদ+নিঃক্ষেপ] পাদক্ষেপণ; ধাপ, সিঁড়ি, পৈঠা।

পাদদারী, স্ত্রী. [পাদ+দারী] পাদস্ফোট, শিশিরজাত ক্ষত।

পাদপ, পুং. [পাদ+প] বৃক্ষ, দ্রুম, তরু, গাছ; পাদ পীঠ।

পাদপদ্ম, ন. [পাদ+পদ্ম] পদ্মসদৃশচরণ, কমলচরণ। [সারা।

পাদপরুহা, স্ত্রী. [পাদপ+রুহা] বন্দাক, পর-

পাদপা, স্ত্রী. [পাদ+পা] পাদুকা, বিনামা, যুতা।

পাদপাশ, পুং. [পাদ+পাশ] অশ্বপাদরজ্জু, ঘোড়ার পায়েরদড়ি, তৎপর্য্যায়।—দামাঞ্চন।

পাদপাশী, স্ত্রী. [পাদ+পাশ-ঈ] খড্ডুকা, খেড়ুয়া, শৃঙ্খলা, শিকলী।

পাদপীঠ, ন. [পাদ+পীঠ] পাদ স্থাপনাসন, পারাখাটুল, তৎপর্য্যায়।—পদাসন।

পাদপীঠিকা, স্ত্রী. [পাদ+পীঠিকা] নাপিতাদির শিল্প।

পাদপ্রধারণ, ন. [পাদ+প্রধারণ] পাদুকা, বিনামা, যুতা।

পাদপ্রসারণ, ন. [পাদ+প্রসারণ] পদবিস্তীর্ণ-করণ, পাছড়ান। [নাতি।

পাদপ্রহার, পুং. [পাদ+প্রহার] পদাঘাত,

পাদপ্রক্ষালন, ন. [পাদ+প্রক্ষালন] চরণ ধৌত, পাধোয়া।

পাদপ্রাবরণ, ন. [পাদ+প্রাবরণ] পাদুকা বিনামা, যুতা।

পাদবন্দন, ন. [পাদ+বন্দন] চরণসেবন, পদে প্রণতিকরণ।

পাদবন্ধন, ন. [পাদ+বন্ধন] গো মহিষাদি-ধন; গবাদির চরণবন্ধন।

পাদবল্মীক, ন. [পাদ+বল্মীক] শ্লীপদরোগ বিশেষ, গোদ।

পাদবিক, পুং. [পদবী+ইক] পথিক, পান্থ, পথিস্থব্যক্তি।

পাদবিরজা, স্ত্রী. [পাদ+বিরজস্] পাদুকা, বিনামা, যুতা।

পাদবিহরণ, ন.[পাদ+বিহরণ]চরণনিঃক্ষেপ, পদচালন; চালৈঃ২ জলন।

পাদবিহীন, ত্রি. [পাদ+বিহীন] চরণরহিত, পদশূন্য, পঙ্গু।

পাদমূল, ন. [পাদ+মূল] চরণের অধো-ভাগ, পায়েরতলা।

পাদরজঃ, ন. পুং. [পাদ+রজস্] চরণধূলি, পায়েরধূলা।

পাদরজ্জু, স্ত্রী. [পাদ+রজ্জু] হস্তির পাদবন্ধন রজ্জু, পারী; চরণবন্ধন রজ্জু।

পাদরথ, পুং. [পাদ+রথ] পাদুকা, যুতা।

পাদরথী, স্ত্রী. [পাদ+রথী] পাদুকা, বিনামা, যুতা।

পাদরক্ষণ, ন. [পাদ+রক্ষণ] উপানৎ, পা-দুকা, যুতা। [বটগাছ।

পাদরোহণ, পুং. [পাদ+রোহণ] বটবৃক্ষ,

পাদশঃ, ব্য. [পাদ+শস্] পাদে২; পাদ-সকল; বহুপাদ।

পাদশৈল, পুং. [পাদ+শৈল] প্রত্যন্তপর্ব্বত, ক্ষুদ্র২ পাহাড়। [শোফ।

পাদশোথ, পুং. [পাদ+শোথ] পাদগত

পাদসেবন, ন. [পাদ+সেবন] চরণসেবা, চরণবন্দন।

পাদস্ফোট, পুং. [পাদ+স্ফোট] রোগ-বিশেষ, তৎপর্য্যায়।—বিপাদিকা, স্ফুটী স্ফুটি, পাদস্ফোটি, একাদশ ক্ষুদ্রকুষ্ঠান্ত-র্গত তৃতীয়কুষ্ঠ। [হরণকর্ত্তা।

পাদহারক, ত্রি. [পাদ+হারক] চরণদ্বারা

পাদাগ্র, ন. [পাদ+অগ্র] চরণাগ্রভাগ, তৎ-পর্য্যায়।—প্রপদ।

পাদাঘাত, পুং. [পাদ+আঘাত] চরণদ্বারা তাড়ন, পদদ্বারা প্রহার, নাতী।

পাদাঙ্ক, পুং. [পাদ+অঙ্ক] পদচিহ্ন, পাএর দাগ। [ভূষণ

পাদাঙ্গদ, ন. [পাদ+অঙ্গদ] নূপুর, চরণ

পাদাঙ্গুলী, স্ত্রী. [পাদ+অঙ্গুলী] পায়ের আঙ্গুল। [বৃদ্ধাঙ্গুলী।

পাদাঙ্গুষ্ঠ, পুং. [পাদ+অঙ্গুষ্ঠ] পায়ের

পাদাঙ্গুষ্ঠিকা, স্ত্রী. [পাদ+অঙ্গুষ্ঠিকা] পাদা-ভরণ বিশেষ।

পাদাৎ, পুং. [পাদ+অদ্] পাদাতি, পদ-ব্রজে গমনকারী সেনা।

পাদাত, ন. [পাদ+অত] পত্তিসংহতি, পদাতি সমূহ, সৈন্য সংঘ; (পুং.) পাদাতি, পদাতি, পত্তি, পাদাতিক, পদাজয়।

পাদাতি, পুং. [পাদ+অত-ই] পদাতি, পদব্রজে গমনকারী সৈন্য।

পাদাতিক, পুং. [পাদাতি+ক] পদাতি, পদ ব্রজে গমনকারী সৈন্য, যোদ্ধা; পাইক।

পাদানত, ত্রি. [পাদ+আনত] চরণেপতিত, চরণে প্রণত, পাদাবনত।

পাদাবন, ন. [পাদ+অবন] পামারণ, পদ-দ্বারা মর্দ্দন।

পাদাবর্ত্ত, পুং. [পাদ+আবর্ত্ত] অরঘট্টক, রহট্, মহাকূপ; কুয়া।

পাদাবিক, পুং [পাদ+অবিক] পদাতিক, পেয়াদা, পদব্রজে গমনকারী সেনা।

পাদারক, পুং. [পাদ+আরক] পোলিন্দ, নৌকার অবয়ব বিশেষ।

পাদালিন্দ, পুং. [পাদ+অলিন্দ] নৌকা, তরি, তরণী।

পাদী, পুং. [পাদ+ইন্] পাদবিশিষ্ট জল-জন্তু সমূহ, চতুর্থাংশভাগী।

(প্রা) পাদুকা, উপানৎ, যুতা।
পাদুক, ত্রি. [পদ+উক] গমন শীল, গমনবিশিষ্ট।
পাদুকা, স্ত্রী. [পাদুক+আ] চর্ম্মাদি নির্ম্মিত পাদাচ্ছাদনী যুতা, তৎপর্য্যায়।—পাদু, উপানৎ, পন্নদ্ধা, পাদরক্ষিকা, প্রাণিহিতা- পন্নদ্ধ্রী, পাদরথী, কৌষী; খড়ম।
পাদুকাকার, পুং. [পাদুকা+কার] চর্ম্মকার, চামার, মুচী।
পাদুকাকৃৎ, পুং. [পাদুকা+কৃৎ] চর্ম্মকার, চামার, মুচী।
পাদূ, স্ত্রী. [পদ+ঊ] পাদুকা, বিনামা, উপানৎ, যুতা। [মুচী।
পাদূকৃৎ, পুং. [পাদূ+কৃৎ] চর্ম্মকার, চামার,
পাদোদক, ন. [পাদ+উদক] চরণধৌত জল, চরণামৃত।
পাদ্য, ন. [পদ+য] পাদবারি, পাদপ্রক্ষালনার্থ জল।
পাদ্যপাত্র, ন. [পাদ্য+পাত্র] পাদধৌতকরণ পাত্রবিশেষ।
পান, ন. [পা+ত] পীতি, দ্রবীভূতদ্রব্যের গলাধঃকরণ; ভাজন; রক্ষণ; (পুং.) শৌণ্ডিক; নিঃশ্বাস
পানক, ন. [পান+ক] পান দ্রব্যবিশেষ।
পানগোষ্ঠিকা, স্ত্রী. [পান+গোষ্ঠিকা] মদ্যপানচক্র, ভৈরবীচক্র, যে স্থানে অনেকে একত্র হইয়া মদ্যপান করে, আপান।
পানপত্র, (প্রা) বিবাহের সম্বন্ধ নির্ণায়ক লিপি।
পানপাত্র, ন. [পান+পাত্র] মদ্যপানপাত্র, তৎপর্য্যায়।—চষক, সরক, অনুতর্ষণ, অনুতর্ষ, পারী, পারীক
পানবণিক্, পুং. [পান+বণিজ্] শৌণ্ডিক, সুরাব্যবসায়ী, শুঁড়ী।
পানভাজন, ন. [পান+ভাজন] পানপাত্র, তৎপর্য্যায়।—কংস, কাংস্য।
পানমগ্ন, ত্রি. [পান+মগ্ন] সুরাপানেআসক্ত, মদ্যপানে রত।
পানশৌণ্ড, ত্রি. [পান+শৌণ্ড] অতিশয় মদ্য পায়ী, মাতাল।
পানস, ন. [পানস্+অ] পনসভবমদ্য, কাটালের আরকের মদ্য; (ত্রি.) পানসম্বন্ধীয়।
পানসী, (প্রা) নৌকাবিশেষ, ক্ষুদ্রতরি।
পানা, (প্রা) জলমিশ্রিত শর্করাদি; প্রাচীরের পরিসর; পুষ্করিণ্যাদির জলোপরি ভাসমাণ শৈবালবিশেষ, কুম্ভী।
পানাত্যয়, পুং. [পান+অত্যয়] মদাত্যয়রোগ।
পানাসক্ত, ত্রি. [পান+আসক্ত] মদ্যপ্রিয়, মদ্যপানে রত।
পানিল, ন. [পান+ইল] পানপাত্র, চষক, পিয়ালা।
পানী, (প্রা) জল, সলিল; শলিলতরলদ্রব্য।
পানীফল, (প্রা) সিঙ্গাড়া, জলজ ফলবিশেষ।
পানীকৌড়ী, (প্রা) জলচর পক্ষীবিশেষ।
পানীবসন্ত, (প্রা) রোগবিশেষ, ক্ষুদ্রবসন্ত।
পানীয়, ন. [পান+অনীয়] জল, তৎপর্য্যায়। জীবন, বন, অমৃত, পুষ্কর, অম্ভঃ, পাথঃ, অম্বু, শম্বর, পয়, শলিল, সলিল, উদক, আপ, ক, বারুণ, কবন্ধ, জল, নীর, কীলাল,বারি, কমল, বিষ, অর্ণসি, ভুবন, দহনারাতি, বার্, তোয়, সর্ব্বতোমুখ, ক্ষীর, ঘনরস, নিম্নগ, মেঘপ্রসব, রস; পানার্হ দ্রব্যবিশেষ, পানা, পানযোগ্য, পেয়, সরবৎ; (ত্রি.) পাতব্য রক্ষণীয়।
পানীয়নকুল, পুং. [পানীয়+নকুল] উদ্র, উদ্বিড়াল; জলমার্জ্জার। [পানা।
পানীয়পৃষ্ঠজ, পুং. [পানীয়+পৃষ্ঠজ] কুম্ভী,
পানীয়ফল, ন. [পানীয়+ফল] মখান্ন, মাখানা; ফলবিশেষ, পানীফল।
পানীয়বর্ণিকা, স্ত্রী. [পানীয়+বর্ণিকা] বালুকা, বালি।
পানীয়মূলক, ন. [পানীয়+মূলক] সোমরাজী, সাঁইরাজ।
পানীয়শালিকা, স্ত্রী. [পানীয়+শালিকা] জলাবস্থান গৃহ, জলের ঘর, পানিশালা, জলছত্র, তৎপর্য্যায়।—প্রপা।
পানীয়ামলক, ন. [পানীয়+আমলক] প্রাচীনামলক, পানিআমলা।

পানীয়ালু, পুং. [পানীয়+আলু] কন্দবিশেষ, পনিআলু, তৎপর্য্যায়।—জলালু, ক্ষুপালু, সালুক

পানীয়াম্লা, স্ত্রী. [পানীয়+অম্ল-আ] বল্বজা।

পানীসা, (প্রা) বিরস, বিস্বাদ, জলবৎ।

পানে, (প্রা) দিকে, প্রতি।

পান্থ, ত্রি. [পথিন্+অ] পথিক, পথিস্থ, রাহী। [স্বরবিশেষ।

পান্না, (প্রা) হীরকবিশেষ, বহুমূল্যবান্ প্রস্তর।

পাপ, ন. [পাপ+অ] অধর্ম্ম, দুরদৃষ্ট, তৎপর্য্যায়।—পঙ্ক, পাপ্মা, পাপ, কিল্বিষ, কল্মষ, কলুষ, বৃজিন, এন; অঘ, অজ্ঞ, দুরিত, দুষ্কৃত, পাতক, তুস্ত, কল্ক, শল্য, পাপক; তদ্দশবিধ যথা।—প্রাণীহনন, স্তৈন্য, পরদার গমন, অসৎ প্রলাপ, পারুষ্য, পৈশুন্য, মিথ্যাকথন, পরদ্রব্যে অভিরুচি, সকলদ্রব্যে সৌহৃত্য, মনদ্বারা কর্ম্মের ফল চিন্তন। [দৃষ্ট।

পাপক, ন, [পাপ+ক] পাপ, অধর্ম্ম, দুর-

পাপকৃৎ, ত্রি. [পাপ+কৃৎ] পাপকর্ত্তা; অধর্ম্ম কারক গ্রহ।

পাপগ্রহ, পুং. [পাপ+গ্রহ] অর্দ্ধোনচন্দ্র, অর্দ্ধচন্দ্র; কুজ, মঙ্গল; রাহু; শনি; বুধ; রবি; মন্দগ্রহ, অনিষ্টকারক গ্রহ।

পাপচক, ত্রি. [পাপ+চক] অতিশয় পরিপাচক।

পাপচর্য্যা, পুং. [পাপ+চর্য্যা] পলী।

পাপচেতা, ত্রি. [পাপ+চেতস্] পাপাত্মা।

পাপঘ্ন, পুং. [পাপ+হন] তিল; (ত্রি.) পাপনাশক, পাপহারী।

পাপচেলিকা, স্ত্রী. [পাপ+চেলিকা] পাঠা, আকনাদিগাছ।

পাপচেলী, স্ত্রী. [পাপ+চেলী] পাঠা, আকনাদিগাছ।

পাপনাপিত, পুং. [পাপ+নাপিত] ধূর্ত্তনাপিত।

পাপপতি, পুং. [পাপ+পতি] উপপতি, জার: ভুজঙ্গ।

পাপপুরুষ, পুং. [পাপ+পুরুষ] পাপময়াঙ্গ নর, পাপস্বরূপ পুরুষ।

পাপভাক্, ত্রি. [পাপ+ভাজ] পাপভাগী অধর্ম্মাংশী।

পাপমুক্ত, ত্রি. [পাপ+মুক্ত] নিষ্পাপ, পাপ হইতে পরিত্রাণ প্রাপ্ত।

পাপরোগ, পুং. [পাপ+রোগ] মসূরীরোগ, বসন্তরোগ।

পাপর্দ্ধি, স্ত্রী. [পাপ+ঋদ্ধি] মৃগয়া, পশুহিংসা, শীকার

পাপল, ন. [পাপ+ল] পরিমাণবিশেষ; পাপী; (ত্রি.) পাপগ্রাহক; অধর্ম্ম বিশিষ্ট।

পাপশমনী, স্ত্রী. [পাপ+শমনী] শমীবৃক্ষ, শাঁইগাছ; পাতকনাশিনী।

পাপহা, ত্রি. [পাপ+হা] পাপঘ্ন, পাপনাশক।

পাপাচার, পুং. [পাপ+আচার] দুরাচার, মন্দ ব্যবহার, অধমাচার।

পাপাত্মা, পুং. [পাপ+আত্মন্] পাপী, অধর্ম্মশীল, পাপবিশিষ্ট।

পাপান্ত, ন. [পাপ+অন্ত] তীর্থবিশেষ, তন্নামান্তর যথা।—পৃথুদক, অম্বুকীর্ণ।

পাপিষ্ঠ, ত্রি. [পাপ+ইষ্ঠ] অতিশয় পাপী, অতি দুরাত্মা।

পাপী, পুং. [পাপ+ইন্] পাপিষ্ঠ, পাতকী, দুরাত্মা।

পাপীয়সী, স্ত্রী [পাপ+ঈয়স্ ঈ] অতিশয় পাপযুক্তা স্ত্রী, পাপিষ্ঠা।

পাপীয়ান্, ত্রি. [পাপ+ঈয়স্] অতিশয়পাপী, অত্যন্ত অধর্ম্মী।

পাপ্মা, পুং. [পাপ+মন্] পাপ, অধর্ম্ম, দুরিত, দুষ্কৃত।

পাব, (প্রা) গ্রন্থি, পর্ব্ব।

পাবক, পুং. [পূ+অক] অগ্নি, অনল, বহ্নি; বিদ্যুতাগ্নি, বজ্রাগ্নি, সদাচার; বহ্নিমন্থ; চিত্রক; ভল্লাতক; বিড়ঙ্গ; শোধনকারক মনুষ্য; রক্তচিত্রক; কুসুম্ভ, কুসুমফুল।

পাবকারণি, পুং. [পাবক+অরণি] অগ্নিমন্থ

পাবকি, পুং. [পাবক+ই] কার্ত্তিকেয় কুমার, অগ্নিজ।

পাবদা, (প্রা) মৎস্যবিশেষ।

পাবন, ন. [পূ+অন্] জল; কৃচ্ছ্র; গোময়; রুদ্রাক্ষ; কুষ্ঠ; চিত্রক; অধ্যাস; প্রায়শ্চিত্ত; (পুং.) ব্যাসদেব; পাবক, বহ্নি; সিহ্লক; পীতভৃঙ্গরাজ; সিদ্ধ; (ত্রি.) পবিত্রকারক; পালনকর্ত্তা।

পাবনধ্বনি, পুং. [পাবন+ধ্বনি] শঙ্খ; পবিত্র শব্দ।

পাবনী, পুং. [পাবন+ঈ] হরীতকী, পবিত্রকারিণী; তুলসী; গো; গঙ্গা।

পামা, ন. [পৈ+মন্] বিচর্চ্চিকা, কণ্ডূরোগ, কচ্ছু, পাঁচড়া।

পামঘ্ন, পুং. [পামন্+ঘ্ন] গন্ধক; কণ্ডূরোগ নাশক।

পামঘ্নী, স্ত্রী. [পামঘ্ন+ঈ] কটুকা, কট্কী।

পামন, ত্রি. [পামন্+অ] পামরোগবিশিষ্ট, তৎপর্য্যায়।—কচ্ছুর।

পামর, ত্রি. [পান+র] খল; নীচ, অধম; মূর্খ, নির্ব্বোধ। [গুড়ূচী।

পামরোদ্ধারা, স্ত্রী. [পামর+উদ্ধার–আ]

পামা, স্ত্রী. [পাম+আ] কচ্ছু, পাঁচড়া।

পামারি, পুং. [পাম+অরি] গন্ধক।

পায়চারী, (প্রা) পদবিহার, পদদ্বারা গমন।

পায়জামা, (যাং) বস্ত্রাচ্ছাদনবিশেষ।

পায়পড়া, (প্রা) চরণসেবক; পদানত।

পায়রা, (প্রা) কপোত, পারাবত।

পায়রাচাঁদা, (প্রা) মৎস্যবিশেষ, বৃহৎ চাঁদামৎস্য।

পায়স, পুং. ন. [পয়+অস] শ্রীবাস, টারপিন্; পরমান্ন, দুগ্ধদ্বারা সংস্কৃতান্ন; (ত্রি.) পয়োবিকার।

পায়া, (যাং) পদ; কর্ম্ম; খট্বাদিধারক।

পায়িক, পুং. [পায়+ইক] পদাতিক, পদব্রজে গমনকারী সৈন্য

পায়ু, পুং. [পা+য়ু] মলদ্বার, গুহ্যদ্বার, তৎপর্য্যায়।—অপান, গুদ, চ্যুতি, অধোমর্ম্ম, শকৃদ্দ্বার, ত্রিবলীক, বলি।

পায্য, ন. [পা+য্য] পরিমাণ; পান; জল; (ত্রি.) নিন্দনীয়

পার, ন. [পৃ+অ] পরতীর, নদীলঙ্ঘনহেতুগমনীয় তীর; (পুং.) পারদ, পারা; (পুং. ন.) প্রান্তভাগ, শেষ; লঙ্ঘন, তরণ, উদ্ধরণ; মোচন।

পারক, ত্রি. [পৃ+অক] পূর্ত্তিকারক; পালনকারক; প্রীতিকারক; ব্যায়ামকারক; সমর্থ; পারগ।

পারক্, পুং. [পৃ+অজ্] সুবর্ণ, সোণা।

পারক্য, ন. [পারক+য] পরলোকহিতকর্ম্ম, পরকালের প্রয়োজনকবিশেষ; (ত্রি.) শত্রুসম্বন্ধীয়; পরকীয়।

পারগ, ত্রি. [পার+গ] পারগামী, বার্ত্তরীক; সমর্থ, নিপুণ, কর্ম্মদক্ষ, কর্ত্তরীক; নদ্যাদিরপারগামী।

পারগত, পুং. [পার+গত] জিন; (ত্রি.) পারগ, নিস্তীর্ণ, উত্তীর্ণ; পার প্রাপ্ত।

পারগ্রামিক, ত্রি. [পার+গ্রামিক] অহিতকারী, বিপক্ষ; ভিন্নগ্রামবাসী।

পারজ, পুং. [পার+জন] স্বর্ণ, সুবর্ণ, কাঞ্চন।

পারজায়িক, পুং. [পর+জায়+ইক] পারদারিক, পরস্ত্রীগামী।

পারটীট, পুং. [পার+টীট] প্রস্তর, পাষাণ, শিলা, পাতর।

পারণ, পুং. [পৃ+অন] মেঘ; (ন.) ব্রতাদিতে উপবাসের পরদিন বিহিত প্রথম ভোজন; সমর্থ হওন।

পারণা, স্ত্রী. [পারণ+আ] উপবাসের পরদিন বিহিত প্রথম ভোজন।

পারত, পুং. [পৃ+অত] সাধ্যানুসারে, সামর্থ্যানুক্রমে; পারদ, পারা।

পারতন্ত্র্য, ন. [পার+তন্ত্র্য] পরতন্ত্রতা, পরাধীনতা, অস্বাধীনতা, পরবশ্য।

পারৎপক্ষ, (প্রা) কুতিসাধ্য, পারগতানুক্রমে।

পারত্রিক, ত্রি. [পরত্র+ইক] পারলৌকিক, পরলোক সম্বন্ধীয়, পরকালের বিষয়।

পারদ, পুং. ন. [পার+দা–অ] ধাতুবিশেষ, পারা, তৎপর্য্যায়।—রসরাজ, রসনাথ, মহারস, রস, মহাতেজ, রসলেহ, রসোত্তম, সূতরাট্, চপল, জৈত্র, শিববীজ, শিব, অমৃত, রসেন্দ্র, লোকশ, দুর্দ্ধর, প্রভু, রুদ্রজ, হরতেজ, রসধাতু, অচি-

স্বাজ, খেচর, অমর, দেহদ, মৃত্যুনাশক, সূত, স্কন্দ, স্কন্দাংশক, দেব, দিব্যরস, রসায়নশ্রেষ্ঠ, যশোদ, সূতক, সিদ্ধধাতু, পারত, হরবীজ, রজস্বল, শিববীর্য্য, শিবাহ্বয়; সগর রাজকৃত মুক্তকেশ ম্লেচ্ছজাতিবিশেষ, চীনজাতি।

পারদণ্ডক, পুং. [পার+দণ্ডক] দেশবিশেষ, উড়িশ্যাদেশের একভাগ।

পারদর্শী, পুং. [পার + দর্শিন] পারগামী, নিপুণ, দক্ষ।

পারদারিক, পুং. [পরদার+ইক] পারযায়িক, পরদাররত, কামুক, অন্যাস্ত্রীতে আসক্ত।

পারদার্য্য, ন. [পরদার+য] পরদারগমন, পরস্ত্রী হরণ।

পারদেশিক, ত্রি. [পরদেশ+ইক] পারদেশ্য।

পারদেশ্য, ত্রি. [পরদেশ+য] প্রোষিত,পারদেশিক, পথিক, পরদেশগত, বিদেশী।

পারধেনু-ক, পুং. [পার+ধেনু-ক] বর্ণসঙ্কর জাতিবিশেষ।

পারমহংস্য, ত্রি. [পরমহংস+য] পরমহংস সম্বন্ধীয়; পরমহংসপ্রাপ্ত।

পারমার্থিক, ত্রি. [পরমার্থ+ইক] পরমার্থযুক্ত, পরকালবিষয়ক, মোক্ষপ্রাপক; মুখ্য, প্রধান।

পারমিক, ত্রি. [পরম+ইক] শ্রেষ্ঠ। [ত্তম।

পারমিত, ত্রি. [পারম+ইত] পারগত; অত্যু-.

পারম্পর্য্য, ন. [পরম্পরা+য] আম্নায়, কুলক্রম, পরম্পরাগত; পরম্পরার ভাব।

পারম্পর্য্যোপদেশ,পুং.[পারম্পর্য্য+উপদেশ] উপদেশ পরম্পরা, ধারাবাহিক উপদেশ, তৎপর্য্যায়।—ঐতিহ্য, ইতিহ।

পারবত, পুং. [পার+বত] পারাবত,কপোত পায়রা; তদ্ভেদ ঘুঘু

পারলৌকিক, ত্রি. [পরলোক+ইক] পরলোক সম্বন্ধীয়, পরকালের বিষয়।

পারশব, পুং. [পরশব+অ] শূদ্রাগর্ভে ব্রাহ্মণের ঔরসজাত সন্তান, নিষাদজাতি; পরস্ত্রী তনয়; শস্ত্র, লৌহাস্ত্র; (ত্রি.) পরশুজাত।

পারশীক, পুং. [পারশ+ঈক] পারসীক, পারস্য দেশীয়,পারস্যদেশভব বিদ্যাদি।

পারশ্বধ, পুং. [পরশ্বধ+অ] পরশ্বধধারী, পারশ্বধিক, কুঠারধারী; কুঠার, কুড়ালী।

পারশ্বধিক, পুং. [পরশ্বধ+ইক] পরশু হেতিক, পরশুধারী; কুঠারধারী, কুঠারক, তৎপর্য্যায়।—পারশ্বধ, পরশ্বধায়ুধ।

পারসিক, পুং. [পারস+ইক] পারসীক, পারস্যদেশীয়, পারস্যদেশ জাতবস্তু বা জন্তু।

পারসী, স্ত্রী. [পারস+ঈ] পারস্যভাষা, পারস্য দেশ ভব বিদ্যাদি; ম্লেচ্ছভাষা বিশেষ।

পারসীক, পুং. [পারস+ঈক] পারশীক দেশোদ্ভব ঘোটক, তৎপর্য্যায়।—বানায়ুজ, পরাদন, আবট্টজ; দেশবিশেষ, তৎপর্য্যায়।—পারসিক; (ত্রি.) তদ্দেশোদ্ভব।

পারস্ত্রৈণেয়, ত্রি. [পরস্ত্রী+ঐণেয়] ক্ষেত্রজ পুত্র, পরস্ত্রীজাত সন্তান

পারা, স্ত্রী. [পার+আ] নদীবিশেষ, পারিপাত্র সর্ব্বতোদ্ভবা; পারদ, রসধাতু

পারাণী, (প্রা) পার হওনের বেতন, আতর, তরপণ্য।

পারাপত, পুং. [পর+আপত] পারাবত, কপোত, পায়রা।

পারাপার, পুং. [পার+অপার] পারাবার, সমুদ্র, সাগর; পারহওন।

পারাবত, পুং. [পরাবত+অ] পারাবতিদেশ জাত পক্ষীবিশেষ,পায়রা, তৎপর্য্যায়।—ছেদ্যকণ্ঠ, কপোত, রক্তলোচন, পারাপত, কলরব, অরুণলোচন, মদনকাঙ্ক্ষ রব, কামী, রক্তেক্ষণ, মদনমোহনবাথিলাসী, কণ্ঠীরব, গৃহকপোতক; তদ্ভেদ তথা।—পারাপত, বগেশী, কামুক,ঘুলঘুলারব, পারাবতাঙ্ঘ্রিপিচ্ছ, গুল্লরব; মর্কট, বানর; তিন্দুক, গাবগাছ; গিরি, পর্ব্বত

পারাবতপদী, স্ত্রী. [পারাবত+পদ-ঈ] পারাবতাঙ্ঘ্রি, নয়াফট্‌কী; কাকজঙ্ঘা ।

পারাবতাঙ্ঘ্রি, পুং. [পারাবত+অঙ্ঘ্রি] জ্যোতিষ্মতী কামককুনী, লতাফট্‌কী, নয়াফট্‌কী ।

পারাবতাঙ্ঘ্রিপিচ্ছ, পুং. [পারাবত+অঙ্ঘ্রি পিচ্ছ] বঙ্গদেশীয় পারাবত, কামুক, গলরব ।

পারাবতী, স্ত্রী. [পারাবত + ঈ] গোপগীত, গোপজাতির গান; নদীবিশেষ; লবনীফল, লউড় ।

পারাবার, ন. [পার + আবার] তটদ্বয়; (পুং.) সমুদ্র, সাগর ।

পারাবারীণ, ত্রি. [পারাবার+ঈণ] পারাবার গামী, পারাবার গমনকর্ত্তা ।

পারায়ণ, ন. [পার+অয়ন] সাকল্য বচন, সমাপ্তিবাক্য; পুরাণ পাঠবিশেষ, সপ্তাহ নিয়ম করিয়া শ্রীমদ্ভাগবত পঠন বা পাঠন ।

পারায়ণিক, পুং. [পারায়ণ+ইক] পাঠক, ছাত্র ।

পারারুক, পুং. [পার+আরুক] প্রস্তর, পাষাণ, পাতর ।

পারাশর, ন. [পরাশর+অ] ... সূত্র; (পুং.) ব্যাস...; (ত্রি.) পরাশর সম্বন্ধীয় ।

পারাশরকল্পিক, পুং. [পরাশরকল্প+ইক] পারাশর কল্পাধ্যায়ী... বেত্তা ।

পারাশরি, পুং. [পরাশর + ই] ... পরাশর মুনির পুত্র ।

পারাশরী, পুং. [পরাশর+ইন্] ... চতুর্থাশ্রমী, পরাশরের উক্ত ভিক্ষু ...

পারাশর্য্য, পুং. [পরাশর+য] বেদ... পরাশর পুত্র ।

পারিকাঙ্ক্ষী, পুং. [পরিকাঙ্ক্ষা+ইন্] তপস্বী, মুনি, ঋষি; মস্করী, ... পরাশরের উক্ত ভিক্ষুসূত্র ।

পারিজাত, পুং. [পারি + জাত] পারিভদ্র বৃক্ষ; সুরতরু; পুষ্পবিশেষ ।

পারিজাতক, পুং. [পারিজাত+ক] ...

তৎপর্য্যায় ।—মন্দার; পারিভদ্র বৃক্ষ, পালিতামাদার ।

পারিণায্য, ত্রি. [পরিণয়+য] পরিণয়লব্ধধন, যৌতুকদ্রব্য, বৈবাহিকধন; (ন.) গৃহোপকরণ ।

পারিণাহ্য, ত্রি. [পরিণহ+য] গৃহোপকরণ, শয্যাসন কুণ্ড কটাহাদি ।

পারিতথ্যা স্ত্রী. [পরিতথা + য-আ] সীমন্তিকাস্থিত স্বর্ণাদি রচিত পট্টিকা, সীমন্তিকাধার্য্য ভূষণ বিশেষ, ললাটালঙ্কার, সিঁথী, তৎপর্য্যায় ।—বালপাশ্যা ।

পারিতোষিক, ত্রি. [পরিতোষ+ইক] আনন্দিকর, পরিতোষজনকদ্রব্য, তুষ্টিজনক, দান, পুরস্কার । [কেশরী ।

পারীন্দ্র, পুং. [পরিন্দ্র + অ] সিংহ, মৃগেন্দ্র,

পারিপন্থিক, পুং. [পরিপন্থা+ইক] চৌর, মলিম্লুচ, তস্কর ।

পারিপাট্য, ন. [পরিপাটী+য] পরিপাটীর ভাব, উত্তমতা ।

পারিপাত্র, পুং. [পরিপত্র+অ] পর্ব্বতবিশেষ, তৎপর্য্যায় ।—পারিযাত্র, বিন্ধ্যপর্ব্বতের পশ্চিমে মালব দেশের সীমাপর্ব্বত ।

পারিপাত্রক, পুং. [পারি + পাত্রক] পারিপাত্র পর্ব্বতবিশেষ ।

পারিপার্শ্বিক, পুং. [পরিপার্শ্ব+ইক] নটীর পার্শ্বস্থ; পার্শ্ববর্ত্তী । [আকুল ।

পারিপ্লব, পুং. [পরিপ্লব+অ] চঞ্চল, অস্থির;

পারিভদ্র, পুং. [পরিভদ্র+অ] বৃক্ষ বিশেষ, পালিতামাদার, তৎপর্য্যায় ।—নিম্বতরু, মন্দার, পারিজাতক, রক্ত কুসুম, কৃমিঘ্ন, ...পুষ্প, রক্তকেশর; নিম্ববৃক্ষ; দেবদারু বৃক্ষ; সরল বৃক্ষ ।

পারিভদ্রক, পুং. [পারিভদ্র+ক] দেবদারু বৃক্ষ; নিম্ববৃক্ষ; (ন.) কুষ্ঠরোগের ঔষধি ।

পারিভাব্য, ন. [পরিভব+য] কুষ্ঠৌষধ; পারিভবোভাব, জামিনী, প্রতিভূত্ব, ...কত্ব ।

পারিভাষিক, ন. [পরিভাষা+ইক] পরিভাষা দ্বারা অর্থ বোধকপদ, সাঙ্কেতিকশব্দ; শিল্পবিদ্যাদি সম্বন্ধীয় কল্পিত কথা ।

পারিমাণ্ডল্য, ন. [পরিমণ্ডল+য] পরমাণু পরিমাণ; অতিসূক্ষ্মবস্তু।

পারিমুখিক, ত্রি. [পরিমুখ+ইক] সম্মুখবর্ত্তী, সম্মুখস্থিত। [পর্ব্বত।

পারিযাত্র, পুং. [পরিযাত্র+অ] পারিপাত্র

পারিযাত্রিক, পুং. [পরিযাত্র+ইক] পারিযাত্র, পর্ব্বত বিশেষ, পারিপাত্র পর্ব্বত।

পারিযানিক, পুং. [পরিযান+ইক]অধ্বরথ, পথস্থিত রথ; পারিযাতিকোপি পাঠ।

পারিরক্ষক, পুং. [পরিরক্ষ+ইক] মস্করী, তাপস, যোগী

পারিশ, পুং. [পারি+শী-অ] বৃক্ষবিশেষ, পলাশ পিঁপুল, গজহণ্ড, তৎপর্য্যায়।—কলীশ, কপিচুত, কমণ্ডলু, গর্দ্দভাণ্ড, কন্দরাল, কপীতন, সুপার্শ্বক; দেশনামবিশেষ।

পারিশা, (প্রা) মৎস্যবিশেষ, পার্শ্বেমাছ।

পারিষদ, পুং· [পরিষদ+অ] সভাস্থ, তৎপর্য্যায়।—সভ্য, সভাস্তার, সভাসৎ, পরিষদ্বল, পর্ষদ্বল, পারিষদ্য, পার্শ্বদ, (ত্রি.) পরিষৎ সম্বন্ধীয়।

পারিষদ্য, পুং. [পরিষদ্+য]পারিষদ,সভাস্থ, সভ্য, সভাষদ।

পারিহারিক, ত্রি. [পরিহার+ইক] পরিহার কর্ত্তা; বিনতিকরা।

পারিহার্য্য, পুং. [পরিহার+য] বলয়, বালা, (ন.) পরিহারতা। [দ্বারা কৃত।

পারিহাস্য, ন. [পরিহাস+য] পরিহাস

পারী, স্ত্রী. [পার+ঈ] পূর,জলসমূহ; কর্করী, ঝারী; হস্তিপাদরজ্জু; পাত্রী; পরাগ, কুসুমরজ; পানপাত্র; দোহনপাত্র।

পারীণ, ত্রি. [পার+ইন্] পারগমন কর্ত্তা, পারগামী। [সর্প, অজাগর।

পারীন্দ্র, পুং. [পর+ইন্দ্র] সিংহ; অজগর

পারীরণ, পুং. [পার+ঈরণ] কমঠ, কচ্ছপ; দণ্ড; পটশাটক, পাটশাক

পারীক্ষিত, পুং. [পরীক্ষিত+অ] পরীক্ষিত রাজ; জনমেজয়, পরীক্ষিত রাজপুত্র।

পারু, পুং. [পা+রু] বহ্নি, অনল; সূর্য্য, দিবাকর।

পারুল, (প্রা) বৃক্ষবিশেষ।

পারুষ্য, ন. [পরুষ+য] অপ্রিয় ভাষণ, অপ্রিয় সত্যবাক্য, তৎপর্য্যায়।—অভিবাদ; চতুর্ব্বিধ বাঙ্ময় পাপান্তর্গত পাপ বিশেষ; কঠোরতা, পরুষত্ব; দুর্ব্বাক্য; ইন্দ্রেরবন; অগুরু চন্দন; পরনিন্দা; পরদ্রোহ, পরানিষ্ট; (পুং.) বৃহস্পতি।

পারেরক, পুং. [পার+ইরক] খড়্গ, অসি; তলবার।

পার্ঘট, ন. [পর্ঘট+অ] পাংশু; উচ্চ, উন্নত।

পার্থ, পুং. [পৃথা+অ] পৃথিবী পাল; পৃথাপুত্র, অর্জ্জুন; অর্জ্জুন বৃক্ষ।

পার্থক্য, ন. [পৃথক+য] পৃথক্ হওন, ভিন্নতা, প্রভেদ, পৃথক্।

পার্থব, ন. [পৃথু+অ] পৃথুতা, স্থূলতা।

পার্থিব, ন. [পৃথিবী+অ] তগরপুষ্প; (পুং) রাজা; শরাব; (ত্রি.) পৃথিবীসম্বন্ধীয়; পৃথিবীজাত, মৃণ্ময়।

পার্থিবী, স্ত্রী.[পৃথিবী+অ-ঈ] সীতা,জানকী।

পার্প্পর, পুং. [পৃপর+অ] যম, রবিসুত, অন্তক।

পার্ব্বণ, পুং. [পর্ব্ব+অন] মৃগবিশেষ; অমাবস্যা পর্ব্বে কর্ত্তব্য শ্রাদ্ধ; উৎসব; পর্ব্ব।

পার্ব্বণী, (প্রা) উৎসবকালীন পুরস্কার।

পার্ব্বত, পুং. [পর্ব্বত+অ] মহানিম্ব, ঘোড়ানিম্; (ত্রি.) পর্ব্বতজাত; পর্ব্বত সম্বন্ধীয়।

পার্ব্বতী, স্ত্রী. [পর্ব্বত+অ-ঈ] দুর্গা, ভগবতী; শল্লকী, শজারু; গোপালপুত্রিকা; দ্রৌপদী; জীবনী, জীবন্তী; সৌরাষ্ট্র মৃত্তিকা; ক্ষুদ্র পাষাণভেদা; ধাতকী, আমলকী; সৈংহলী, সিংহপিপ্পলী।

পার্ব্বতীনন্দন, পুং. [পার্ব্বতী+নন্দন] কার্ত্তিকেয়, কুমার।

পার্ব্বতীয়কুমার, পুং. [পার্ব্বতীয়+কুমার] পার্ব্বতীপুত্র, গণেশ বা কার্ত্তিক।

পার্ব্বতেয়, ন. [পর্ব্বত+এয়] সৌবীরাঞ্জন, অঞ্জন প্রভেদ; (পুং.) সূর্য্যাবর্ত্তবৃক্ষ, হুলটিয়া; (ত্রি.) পর্ব্বতজাত বস্তু

পার্য্যমাণ, (প্রা) কৃতিসাধ্য; সক্ষমহওয়া।
পার্শব, পুং. [পর্শু+অ] পরশুধারিযোদ্ধা।
পার্শ্ব, ন. পুং. [পৃশ্+অ] কক্ষেরঅধোভাগ, পাশ; (ন.) চক্রের সমীপ; পশুগণ; পার্শ্বের অস্থিসমূহ; (পুং.) জিন; (ত্রি.) সমীপ, নিকট।
পার্শ্বক, ত্রি. [পার্শ্ব+ক] শঠতা দ্বারা বিভবান্বেষণ কর্ত্তা; কক্ষের অধোভাগ, পাশ।
পার্শ্বতঃ [পার্শ্ব+তস্] পার্শ্ব হইতে,পার্শ্বে তে ইত্যাদি সকল বিভক্ত্যর্থে হইবেক।
পার্শ্বতীয়, ত্রি. [পার্শ্বত+ঈয়] পার্শ্বসম্বন্ধীয়; পার্শ্বতোভব।
পার্শ্বপরিবর্ত্তন, ন. [পার্শ্ব+পরিবর্ত্তন] কটিদান, কর্ণিকাপরিবৃত্তি, পাশফেরাণ, পাশবদলান।
পার্শ্বপিপ্পল, ন. [পার্শ্ব+পিপ্পল] হরীতকী বিশেষ, (হিং) গজহড়্।
পার্শ্বব, পুং. [পর্শু+অ] পরশুধারিযোদ্ধা।
পার্শ্ববর্ত্তী, ত্রি. [পার্শ্ব+বর্ত্তিন্] পার্শ্বস্থ, সহচর।
পার্শ্বভাগ, পু. [পার্শ্ব+ভাগ] পক্ষভাগ, হস্ত্যাদির পার্শ্বদেশ।
পর্শ্বশূল, পুং. ন. [পার্শ্ব+শূল] শূলরোগ বিশেষ।
পার্শ্বস্থ, পুং. [পার্শ্ব+স্থা-অ] পার্শ্বস্থিতনট; (ত্রি.) সমীপস্থিত, নিকটস্থ।
পার্শ্বস্থিত, ত্রি. [পার্শ্ব+স্থিত] নিকটস্থ, সমীপবর্ত্তী।
পার্শ্বাস্থি, ন. [পার্শ্ব+অস্থি] শরীরপার্শ্বস্থিতাস্থি, পঞ্জর, পাঁজরা, পশুকা
পার্শ্বিক, ত্রি. [পার্শ্ব+ইক] পার্শ্বভব, পার্শ্বজাত।
পার্শ্বৈকাদশী, স্ত্রী. [পার্শ্ব+একাদশী] ভাদ্র মাসের শুক্ল একাদশী।
পার্শ্বোদরপ্রিয়, পুং. [পর্শ্ব+উদর-প্রিয়] কর্কট, কাঁকড়া।
পার্ষতী, স্ত্রী. [পার্ষত+ঈ] দ্রৌপদী, পাণ্ডব পত্নী।
পার্ষদ, ত্রি. [পর্ষদ+অ] পারিষদ, সভাস্থ, অনুচর।
পার্ষদ্য, ত্রি. [পর্ষদ+য] পার্ষদ, পারিষদ, সভাস্থ, অনুচর।
পার্ষ্ণি, পুং. স্ত্রী. [পৃষ+নি] গুল্ফের অধোভাগ, পাদগ্রন্থাধর, গোড়মুড়া, গোড়ারি; সৈন্যপৃষ্ঠ; পৃষ্ঠ; জিগীষা; পশ্চাদ্ভাগস্থ, (স্ত্রী.) উন্মত্তা স্ত্রী; পাণ্ডুরাজার স্ত্রী, কুন্তী।
পার্ষ্ণিগ্রাহ, পুং. [পার্ষ্ণি+গ্রাহ] পৃষ্ঠদেশে বর্ত্তমান শত্রু। [সৈন্য।
পার্ষ্ণিত্র, ন. [পার্ষ্ণি+ত্র] পশ্চাৎ রক্ষক-
পাল, পুং. [পাল+অ] পতদ্গ্রহ, পিকৃদান; সমূহদল; (ত্রি.) পালক। [রাশি।
পালই, (প্রা) ধান্যের স্তূপ, সতৃণ ধান্যের
পালক, পুং. [পাল+ক] ঘোটকরক্ষক, তৎপর্য্যায়।—অশ্বরক্ষ, বল্লভ; চিত্রকবৃক্ষ; শাসনকর্ত্তা, (ত্রি.) পালনকর্ত্তা, রক্ষক, পোষক।
পালকপুত্র, পুং. [পালক+পুত্র] পোষ্যপুত্র, দত্তকপুত্র।
পালকাপ্য, পুং. [পালক+আপ্য] মুনিবিশেষ, তৎপর্য্যায়।—করেণুভূ; ধন্বন্তরি; অবতার।
পালকী, (প্রা) শিবিকা, নরযান, মনুষ্যবাহ্য যান বিশেষ।
পালখ, (প্রা) পক্ষ, পাখা, ডানা।
পালঘ্ন, পুং. [পাল+হন] ছত্রা, মৌরি।
পালঙ্ক, পুং. [পাল+অঙ্ক] শল্লকী, শল্লারু; শাকবিশেষ, পালঙ; প্রাজিপক্ষী, বাজপক্ষী।
পালঙ্কী, স্ত্রী. [পালঙ্ক+ঈ] কুন্দুরুনাম গন্ধ দ্রব্য; শাকবিশেষ, পালঙ্শাক্।
পালঙ্ক্য, ন. [পালঙ্ক+য] শাকবিশেষ, পালঙ্শাক্, তৎপর্য্যায়।—পলক্যা, মধুরা, ক্ষুরপত্রিকা, সুপত্রা, স্নিগ্ধপত্রা, গ্রামীণা, গ্রাম্যবল্লভা।
পালঙ্ক্যা, স্ত্রী. [পালঙ্ক্য+আ] কুন্দুরু, কুন্দুরু খোটী; পালঙ্কশাক, তৎপর্য্যায়।—বস্তকাকারা, ছুরিকা, চীরিতচ্ছদা।
পালঙ্গ, (প্রা) শাকবিশেষ, পালঙশাক; খট্টা, খাট, পল্যঙ্ক।

পালটি, (প্রা) পরিবর্ত্ত, বদল, বিনিময়।
পালন, ন. [পাল+অন] সদ্য প্রসূতা গাভীর দুগ্ধ; রক্ষণ; ভরণপোষণ; প্রতিপালন; মান্যকরণ; অঙ্গীকার পূরণ।
পালনীয়, ত্রি. [পাল+অনীয়] প্রতিপাল্য, পালনযোগ্য।
পালা, (প্রা) রক্ষিত, পোষা; পল্লব; নীহার; হিম; বার, পর্য্যায়; কাল নিরূপণ।
পালাঙ্গা, (প্রা) প্রাচীরাবস্থিত তৃণাদি নির্ম্মিত চাল, ক্ষুদ্রচালা।
পালাতক, (প্রা) পলায়িত, কৃতপলায়ন, প্রস্থিত।
পালান, (বাং) পলায়ন, প্রস্থান; গোস্তন।
পালাশ, ন. [পলাশ+অ] তমালপত্র, তেজপাত; (পুং.) হরিদ্বর্ণ, সবুজ রং; (ত্রি.) সবুজবর্ণ বিশিষ্ট; পলাশবৃক্ষ সম্বন্ধীয়।
পালাশখণ্ড, পুং. [পালাশ+খণ্ড] মগধদেশ; পলাশ সমূহ।
পালি, স্ত্রী. [পাল+ই] কর্ণলতাগ্র, কানেরপাতা; অশ্রি, কোণ; পঙ্‌ক্তি, শ্রেণী; অঙ্কবিশেষ; ছত্রাদিদেয়; যূকা, কেশকীট, উকুন; জাতশ্মশ্রু স্ত্রী; প্রান্তভাগ; সেতু, আইল; কল্পিত ভোজন; প্রশংসা; উৎসঙ্গ, ক্রোড়দেশ; প্রস্থ, পরিমাণ; চারিরেক; কোণ।
পালিকা, স্ত্রী. [পাল+ইক-আ] অশ্রি, কোণপত্র, দধ্যাদিচ্ছেদনী, কন্দুলিকা।
পালিত, ত্রি. [পাল+ইত] রক্ষিত, স্থাপিত, পোষিত; কায়স্থজাতির পদ্ধতিবিশেষ।
পালিন্দ, পুং. [পাল+ইন্দ] কুন্দরুক, গন্ধদ্রব্য বিশেষ।
পালিন্দী, স্ত্রী. [পালিন্দ+ঈ] শ্যামালতা; পালিন্দি, ত্রিবৃতা। [বৃতা।
পালিন্ধী, স্ত্রী. [পাল+ইন্ধ-ঈ] কৃষ্ণত্রি-
পালী, স্ত্রী. [পাল+ইন্] যূকা, কোণ; শ্মশ্রু যুক্তা স্ত্রী; শ্রেণী, পংক্তি; স্থালী, হাঁড়ী।
পালো, (প্রা) ঔষধবিশেষ; চূর্ণ, গুঁড়া।
পালটন, (প্রা) বদল, পরিবর্ত্তন; ফিরাণ।
পালটা, (প্রা) বদলা, বিনিময়, পরিবর্ত্ত, পরিশোধ।
পাল্য, ত্রি. [পাল+য] পালনীয়, পালনোপযুক্ত
পাল্লা, (বাং) তৌলকরণের পাত্র, তরাজু।
পাশ, পুং. [পশ+অ] পক্ষ্যাদি বন্ধন রজ্জু রজ্জু, গুণ, সূত্র, দড়ি; অস্ত্রবিশেষ পার্শ্ব।
পাশক, পুং. [পাশ+ক] দ্যূতবিশেষ, পাশা তৎপর্য্যায়।—অক্ষ, দেবন, সারি, শারি সার, শার, পাশ; ঘৃতবিশেষ।
পাশকথা, (প্রা) ইতরবাক্য, প্রাসঙ্গিক কথা
পাশপাণি, পুং. [পাশ+পাণি] বরুণ, জলাধিপতি।
পাশবপালন, ন.[পাশব+পালন]ঘাস, তৃণ
পাশলী, (প্রা) পাদাঙ্গুলির ভূষণ বিশেষ।
পাশা, (প্রা) অক্ষ, পার্ষ্টি; কর্ণভূষণ বিশেষ।
পাশাপাশী, (প্রা) পরস্পর পার্শ্বেস্থিত, নিকটানিকট, কাছাকাছি।
পাশিত, ত্রি. [পাশ+ইত] পাশযুক্ত, বদ্ধ, বাঁধা।
পাশী, পুং. [পাশ+ইন্] বরুণ; ব্যাধ; যম; (ত্রি.) পাশধর, পাশবিশিষ্ট।
পাশীকৃত, ত্রি. [পাশ+কৃত] পাশবদ্ধ, দড়ীবাঁধা।
পাশুপত, পুং. [পশুপতি+অ] বকপুষ্প; পশুপতি মন্ত্রে উপাশক, শৈব।
পাশুপতব্রত, ন. [পাশুপত+ব্রত] পশুপতি ব্রত বিশেষ। [বিশেষ।
পাশুপতাস্ত্র, ন. [পাশুপত+অস্ত্র] শূলাস্ত্র
পাশুপাল্য, ন. [পশুপাল+য] বৈশ্যবৃত্তি, গোমহিষ্যাদি পালন।
পাশুলী (প্রা) পাষক, পদাঙ্গুল্যাভরণ।
পাশে, (প্রা) পার্শ্বে; কাছে, নিকটে।
পাশ্চাত্য, ত্রি. [পশ্চাত+য]পশ্চাদ্ভব,পশ্চিম দেশ জাত।
পাশ্চাত্যাকরসম্ভব, ন, [পাশ্চাত্য+আকর+সম্ভব] সাম্বরীলবণ, তৎপর্য্যায়।—রোমক, রামলবণ।
পাশ্যা, স্ত্রী. [পাশ+য-আ] পাশ সমূহ।
পাষক, পুং. [পাষ+অক] পাদাভরণবিশেষ, পাসুলী।

পাষণ্ড, পুং. [পা+ষণ্ড] বেদবিরুদ্ধাচারী, সর্ব্ববর্ণ চিহ্নধারী; বৌদ্ধক্ষপণকাদি. তৎপর্য্যায়।—সর্ব্বলিঙ্গী, কৌলিক,পাষণ্ডিক; পামর, পাপী, নাস্তিক।

পাষণ্ডক, পুং. [পাষণ্ড+ক] পাষণ্ড, বেদবিরুদ্ধাচারী।

পাষণ্ডী, পুং. [পাষণ্ড+ইন্] পাষণ্ড, বেদবিরুদ্ধাচারী, পামর, নীচ, নাস্তিক।

পাষাণ, পুং. [পাষ+অন] প্রস্তর, পাতর, তৎপর্য্যায়।—গ্রাব,উপল,অশ্মন্, শিলা, দৃষৎ, দৃশৎ, প্রস্তর, পারাবুক, পারটীট, মৃন্মরু, কাচক।

পাষাণগর্দ্দভ, পুং. [পাষাণ+গর্দ্দভ] হনুসন্ধিজ ক্ষুদ্ররোগ বিশেষ।

পাষাণচতুর্দ্দশী, স্ত্রী. [পাষাণ+চতুর্দ্দশী] অগ্রহায়ণ মাসের শুক্লপক্ষীয় চতুর্দ্দশী।

পাষাণদারক, পুং. [পাষাণ+দারক] টঙ্ক, গ্রাবদারণ, পর্ব্বত বিদারক।

পাষাণদারণ, পুং. [পাষাণ+দারণ] টঙ্ক, গ্রাবদারণ, পর্ব্বত।

পাষাণভেদন, পুং. [পাষাণ+ভেদন] বৃক্ষ বিশেষ,হাথাজুড়ী,তৎপর্য্যায়।—অশ্মঘ্ন, শিলাভেদ, অশ্মভেদক, শ্বেতা, উপলভেদী, পলভিৎ, শিলগর্ভজ।

পাষাণভেদী, পুং. [পাষাণ+ভেদিন্] বৃক্ষ বিশেষ, পাথরচুর, তৎপর্য্যায়।—অশ্মভেদ, শিলাভেদ, অশ্মভিৎ।

পাষাণী, স্ত্রী. [পাষাণ+ই] ক্ষুদ্রপাষাণ, পরিমাপক বিশেষ, বাটখারা, তৎপর্য্যায়।—পৃষাকরা।

পাষ্টি, (প্রা) অক্ষ, পাশক।

পাসরণ, (প্রা) বিস্মরণ, ভ্রম, ভুলন।

পাসরাণ, (প্রা) চলন, পদক্ষেপণ।

পাসোরা, (প্রা) বিস্মৃতি, ভ্রম, ভুল।

পাহাড়, (প্রা) শৈল, পর্ব্বত, গিরি।

পাহাড়িয়া, (প্রা) পর্ব্বতীয়, গিরি সম্বন্ধীয়।

পাহাত, পুং. [পহত+অ] ব্রহ্মদারু বৃক্ষ।

পাক্ষায়ণ, ত্রি. [পক্ষ+অয়ন] পক্ষ স পক্ষভব।

পাক্ষিক, ত্রি. [পক্ষ+ইক] পক্ষপাতী; ভাবি পক্ষ ঘাতক, পাখিমারা; পক্ষি সম্বন্ধীয়।

পিঁউড়ি, (প্রা) পিঙ্গল।

পিঁঞ্জরা, (প্রা) পিঞ্জর, খাঁচা।

পিঁপীড়া, (প্রা) পিপীলিকা, পিপীড়া, কীট বিশেষ।

পিঁপুল, (প্রা) ফল বিশেষ, পিপুল।

পিওন, (প্রা) দ্রব দ্রব্যের গলাধঃকরণ, পান করণ।

পিক, পুং. [পি+ক] কোকিল, পরভৃৎ; (প্রা) নিষ্ঠীবনপাত্র, পিক্‌দানী

পিক্‌দান, (প্রা) নিষ্ঠীবনপাত্র, পিক্‌দানী।

পিকপ্রিয়া স্ত্রী. [পিক+প্রিয়া] মহাজম্বু, বৃহজ্জম্বু। [আঁমগাছ।

পিকবন্ধু, পুং. [পিক+বন্ধু] আম্রবৃক্ষ,

পিকবল্লভ, পুং. [পিক+বল্লভ] আম্রবৃক্ষ, আঁবগাছ।

পিকরাগ, পুং. [পিক+রাগ] আম্রবৃক্ষ, আঁবগাছ। [চাতক।

পিকাঙ্গ, পুং. [পিক+অঙ্গ] পক্ষীবিশেষ,

পিকানন্দ, পুং. [পিক+আনন্দ] বসন্তকাল।

পিকাক্ষ, পুং. [পিক+অক্ষ] রোচনী।

পিকী, স্ত্রী. [পিক+ঈ] কোকিলা, কোকিলবধূ।

পিকেক্ষণা, স্ত্রী. [পিক+ঈক্ষণ-আ] কোকিলাক্ষ; কোকিল চক্ষুর ন্যায় চক্ষু যুক্তা। [হস্তিশিশু।

পিক্ক, পুং. [পিক্+ক] হস্তি শাবক, করভ,

পিঙ্গ, ন. [পিন্‌জ+অ] বালক; হরিতাল; (পুং.) পিঙ্গলবর্ণ; (ত্রি.) পিঙ্গলবর্ণ বিশিষ্ট, মূষক, উন্দুর

পিঙ্গকপিশা, স্ত্রী. [পিঙ্গ+কপিশা] তৈল পায়িকা, তেলাপোকা, আরসুলা।

পিঙ্গচক্ষুঃ, পুং. [পিঙ্গ+চক্ষুস্] কুম্ভীর, নক্র, কুমীর।

পিঙ্গজট, পুং. [পিঙ্গ+জটা]শিব, মহাদেব।

পিঙ্গল, ন. [পিঙ্গ+ল] রীতি; পিত্তল; হরিতাল; (পুং.) নীলপীতমিশ্রিত বর্ণ, কপিশ রং তৎপর্য্যায়।—কড়ার, কপিল, পিঙ্গ, পিশঙ্গ, রুদ্র; সূর্য্য;

(ত্রি.) নীলপীতবর্ণ বিশিষ্ট; নীলপীত, রোচনাভ, কনকপিঙ্গল, দীপশিখাভ, পদ্মধূলিবৎ, নীলপীত হরিদ্রক্ত, তৃণবহ্নিবৎ; উদ্রিক্ত, পীতাঙ্গ; নাগবিশেষ; রুদ্র; চণ্ডাংশুপারিপার্শ্বিক; নিধিবিশেষ; কপি, বানর; অগ্নি; মুনিবিশেষ, নকুল, বেজি, নেউল; স্থাবরবিষবিশেষ; ক্ষুদ্রপেচক; প্রভবাদি ষষ্টি বর্ষান্তর্গত এক পঞ্চাশত্তম বর্ষ; পিঙ্গলাচার্য্য কৃত ছন্দো গ্রন্থ বিশেষ। [পিতল।

পিঙ্গললৌহ. ন. [পিঙ্গল+লৌহ] পিত্তল,

পিঙ্গলা, স্ত্রী. [পিঙ্গল+আ] বামনাখ্য দক্ষিণ দিগ্‌গজের পত্নী; কুমুদের করিণী; বিদেহদেশস্থ বেশ্যাবিশেষ; কর্ণিকা; নাড়ী বিশেষ; পক্ষীবিশেষ; রাজার রীতি; শিংশপাবৃক্ষ; রাজা ভর্ত্তৃহরির পত্নী; পিঙ্গলবর্ণাস্ত্রী।

পিঙ্গলিকা, স্ত্রী. [পিঙ্গল+ইক-আ] বলাকা, বকশ্রেণী।

পিঙ্গসার, পুং. [পিঙ্গ+সার] হরিতাল।

পিঙ্গলস্ফটিক, পুং. [পিঙ্গল+স্ফটিক] রত্নবিশেষ, গোমেদমণি।

পিঙ্গা, স্ত্রী. [পিঙ্গ+আ] গোরোচনা; হিঙ্গু; নালিকা; চণ্ডিকা; হরিদ্রা; বংশরোচনা।

পিঙ্গাশ, পুং. [পিঙ্গ+অশ] পল্লীপতি; মৎস্যবিশেষ, পাঙ্গাশ; (ন.) জাত্যস্বর্ণ।

পিঙ্গাশী, স্ত্রী. [পিঙ্গ+অ+-ঈ] নীলিকা।

পিঙ্গাস্য, পুং. [পিঙ্গ+আস্য] পিঙ্গাশমৎস্য।

পিঙ্গাক্ষ, পুং. [পিঙ্গ+আক্ষ] শিব, মহাদেব, মহেশ; (ত্রি.) পিঙ্গলবর্ণ চক্ষু; কটাচোক্। [গাছ।

পিঙ্গী, স্ত্রী. [পিঙ্গ+ঈ] শমীবৃক্ষ, শাঁই-

পিঙ্গেক্ষণ, পুং. [পিঙ্গ+ঈক্ষণ] শিব, মহাদেব, পশুপতি; পিঙ্গলবর্ণ চক্ষু।

পিচ, (প্রা.) বৃক্ষবিশেষ; ফলবিশেষ।

পিচটী, (প্রা.) চক্ষুর মল, নেত্রবিট্, দূষিকা।

পিচণ্ড, পুং. [পিচ+অণ্ড] পশুর অবয়ব; উদর, পেট

পিচণ্ডিল, ত্রি. [পিচণ্ডি+ল] তুন্দিল, বিশাল জঠর, ভুঁড়ে।

পিচব্য; পুং. [পিচু+ষ] কার্পাস, তূলা।

পিচিণ্ড, পুং. [পিচ+ণ্ড] উদর, জঠর, পেট, পশুর অবয়ব বিশেষ।

পিচিণ্ডিকা, স্ত্রী. [পিচিণ্ড+ইক-আ] পিণ্ডিকা, পারডিম্।

পিচিণ্ডল, পুং. [পিচিণ্ড+ইল] বৃহদুদরযুক্ত, বড় পেটাল, তৎপর্য্যায়।—পিচণ্ডিল, বৃহৎকুক্ষি, তুন্দী, তুন্দিক, তুন্দিল, উদরী, উদরিল।

পিচু; পুং. [পিচ+উ] কার্পাস, তূলা; বৃক্ষবিশেষ, কুষ্ঠবিশেষ; কর্ষ, পরিমাণ; অসুরবিশেষ; ভৈরব; শস্য বিশেষ।

পিচুক, পুং. [পিচু+ক] মদনবৃক্ষ, ময়নাগাছ।

পিচুটি, (প্রা) নেত্রমল, চক্ষুর ক্লেদ, দূষিকা।

পিচুতুল, ন. [পিচু+তুল] তূল, কার্পাস, তুলা।

পিচুমন্দ, পুং. [পিচু+মন্দ] নিম্ববৃক্ষ, নিমগাছ।

পিচুমর্দ্দ, পুং. [পিচু+মর্দ্দ] নিম্ববৃক্ষ, নিমগাছ।

পিচুল, পুং. [পিচু+ল] ঝাবুক, ঝাউগাছ; ইজ্জল; জলবায়স; তূলা।

পিচ্‌কারী, (হিং) বেগে জল নিঃসারক ক্ষুদ্রযন্ত্র।

পিচ্চট, ন. [পিচ্+চট] সীসক, সীসা; রঙ্গ, রাং, (পুং.) নেত্ররোগ বিশেষ।

পিচ্ছ, ন. [পিচ্ছ+অ] পুচ্ছ, তৎপর্য্যায়।—শিখণ্ড, বর্হ, শিখিপুচ্ছ, শিখণ্ডক, চূড়া; (পুং.) লাঙ্গুল, লেজ

পিচ্ছবাণ, পুং. [পিচ্ছ+বাণ] শ্যেনপক্ষী, শিকরাপাখী

পিচ্ছলদলা, স্ত্রী. [পিচ্ছল+দল-আ] বদরীবৃক্ষ, কুলগাছ।

পিচ্ছা, স্ত্রী. [পিচ্ছ+আ] শাল্মলী বেষ্ট; পুগ, গুবাক, গুয়া; ছটা, দীপ্তি; কোষ; মোচা; ভক্তসম্ভূত মণ্ড, ভাতেরমাড়; পংক্তি, শ্রেণী; অশ্বপদানয়; চোলিকা; কণিমালা; শিংশপাবৃক্ষ; শেওড়াগাছ।

পিচ্ছিকা, স্ত্রী. [পিচ্ছ+ইকা] চামরবিশেষ।

পিচ্ছিতিকা, স্ত্রী. [পিচ্ছতি+ক-আ] শিংশপা; শেওড়াগাছ।

পিচ্ছিল, ত্রি. [পিচ্ছ+ল] ভক্তমণ্ডযুক্ত, ভাতের মণ্ডবিশিষ্ট; সরসব্যঞ্জনাদি; সূপাদি; স্নিগ্ধ সূপাদি; মণ্ডযুক্ত ভক্ত, জলযুক্ত ব্যঞ্জন, তৎপর্য্যায় ।—বিজিল, বিজয়িন, বিজিন, বিজ্জল, ইজ্জল, লালসীক; পিচ্ছযুক্ত; (পুং.) শ্লেষ্মান্তক বৃক্ষ।

পুষ্পন্ধয়, পুং. [পুষ্পং+ধে-অ] ভ্রমর, অলি, ষট্‌পদ; (ত্রি.) পুষ্পরস পানকর্ত্তা।

পুষ্পপথ, পুং. [পুষ্প+পথ] যোনি, ভগ।

পুষ্পপুর, ন. [পুষ্প+পুর] পাটলিপুত্র নগর, পাটনা।

পুষ্পফল, পুং. [পুষ্প+ফল] কপিত্থ, কত-বেল; কুষ্মাণ্ড।

পুষ্পবতী, স্ত্রী. [পুষ্প+বৎ-ঈ] রজস্বলা, ঋতুমতী; (ত্রি.) পুষ্পবিশিষ্টালতা।

পুষ্পবন্তৌ, পু. [পুষ্পবৎ+ঔ] চন্দ্র ও সূর্য্য; এতৎশব্দদ্বিবচনান্ত।

পুষ্পবর্ষ, পুং. [পুষ্প+বর্ষ] পুষ্পবৃষ্টি।

পুষ্পবাটী, স্ত্রী. [পুষ্প+বাটী] পুষ্পোদ্যান, ফুলবাগান্।

পুষ্পবাহন, পুং. [পুষ্প+বাহন] পুষ্করাজ।

পুষ্পবৃষ্টি, স্ত্রী. [পুষ্প+বৃষ্টি] পুষ্পবর্ষণ, উপর হইতে পুষ্পপতন।

পুষ্পমাস, পুং. [পুষ্প+মাস] বসন্তকাল।

পুষ্পরক্ত, পুং. [পুষ্প+রক্ত] সূর্য্যমণিবৃক্ষ।

পুষ্পরস, পুং. [পুষ্প+রস] মকরন্দ, মধু, আসব।

পুষ্পরসাহ্বয়, পুং. [পুষ্পরস+আহ্বয়] মধু।

পুষ্পরাগ, পুং. [পুষ্প+রাগ] মণিবিশেষ, পুখরাজ, তৎপর্য্যায়।—মঞ্জুমণি, বাচ-স্পতি বল্লভ, পীত, পীত স্ফটিক পীতরক্ত, পীতাশ্ম, গুরুরত্ন, পীতমণি পুষ্পরাজ।

পুষ্পরেণু, পুং. [পুষ্প+রেণু] পরাগ, পুষ্প রজ, পুষ্পধূলি। [পুষ্প

পুষ্পরোচন, পুং. [পুষ্প+রোচন] নাগকেশর

পুষ্পলাব, পুং. [পুষ্প+লাব] মালাকার মালী। [মালী

পুষ্পলাবী, পুং [পুষ্প+লাবিন্] মালাকার

পুষ্পলিট, পুং. [পুষ্প+লিহ] ভ্রমর, মধুকর।

পুষ্পলিক্ষ, পুং. [পুষ্প+লিক্ষ] ভ্রমর।

পুষ্পশকটী, স্ত্রী. [পুষ্প+শকটী] আকাশবাণী, দৈববাণী, চিত্রোক্তি, দৈবপ্রশ্ন, উপ-শ্রুতি। [কামদেব।

পুষ্পশর, পুং. [পুষ্প+শর] কন্দর্প, কুসুমেষু-

পুষ্পশরাসন, পুং. [পুষ্প+শরাসন] কন্দর্প, পুষ্পধন্বা, মদন, কামদেব।

পুষ্পশয্যা, স্ত্রী. [পুষ্প+শয্যা] ফুলশয্যা, ফুলের বিছানা।

পুষ্পশূন্য, পুং. [পুষ্প+শূন্য] উডুম্বর, ডুম্বুর; (ত্রি.) পুষ্পরহিত।

পুষ্পসময়, পুং. [পুষ্প+সময়] বসন্তকাল।

পুষ্পসাধারণ, পুং. [পুষ্প+সাধারণ] বসন্ত-কাল। [রস।

পুষ্পসার, পুং. [পুষ্প+সার] পুষ্পদ্রব, পুষ্প-

পুষ্পসৌরভা, স্ত্রী. [পুষ্প+সৌরভ-আ] কলি-কারীবৃক্ষ। [পুষ্পরস।

পুষ্পস্বেদ, পুং. [পুষ্প+স্বেদ] পুষ্পদ্রব,

পুষ্পহাসা, স্ত্রী. [পুষ্প+হাস-আ] রজস্বলা, ঋতুমতী।

পুষ্পহীনা, স্ত্রী. [পুষ্প+হীনা] উডুম্বরবৃক্ষ; নিষ্ফলা, রজঃশূন্যা।

পুষ্পা, স্ত্রী. [পুষ্প+আ] কর্ণপুরী, ভাগল পুর, তৎপর্য্যায়।—চম্পা, মালিনী।

পুষ্পাজীব, পুং. [পুষ্প+আজীব] মালাকার, মালী। [কার, মালী।

পুষ্পাজীবী, পুং. [পুষ্প+আজীবিন্] মালা-

পুষ্পাঞ্জন, ন. [পুষ্প+অঞ্জন] অঞ্জনভেদ তৎপর্য্যায়।—পুষ্পকেতু, কৌসুম্ভ, কুসুম-মাঞ্জন, রীতিক, রীতিপুষ্প, পৌষ্পক।

পুষ্পাঞ্জলি, পুং. [পুষ্প+অঞ্জলি] কুসুমাঞ্জলি, প্রসূনাঞ্জলি, পুষ্পপূর্ণ করদ্বয়, ফুলের আঁজলা।

পুষ্পাবচয়ন, ন. [পুষ্প+অবচয়ন] ফুল-তোলন, কুসুমাহরণ।

পুষ্পাবচায়ী, পুং. [পুষ্প+অবচায়িন্]মালাকার, মালী। [পুষ্পরস।

পুষ্পাসব, ন. [পুষ্প+আসব] মধু, মকরন্দ,

পুষ্পাস্ত্র, পুং. [পুষ্প+অস্ত্র] কন্দর্প, কামদেব, পুষ্পধন্বা।

পুষ্পাহ্বা, স্ত্রী. [পুষ্প+আহ্বা] শতপুষ্পা।

পুষ্পিকা, স্ত্রী. [পুষ্প+ইক-আ] দন্তমল; লিঙ্গমল; প্রকরণার্থ সংক্ষেপ।

পুষ্পিত, ত্রি. [পুষ্প+ইত] জাতপুষ্প, পুষ্পবিশিষ্ট, কুসুমিত।

পুষ্পিতা, স্ত্রী. [পুষ্পিত+আ] রজঃস্বলা, ঋতুমতী। [বিশেষ।

পুষ্পিতাগ্রা, স্ত্রী. [পুষ্পিত+অগ্র-আ] ছন্দো

পুষ্পেষু, পুং. [পুষ্প+ইষু] কামদেব, পুষ্পধন্বা, মদন।

পুষ্পোৎসব, পুং. [পুষ্প+উৎসব] স্ত্রীলোকের প্রথমরজোদর্শনের উৎসববিশেষ।

পুষ্য, পুং. [পুষ+য] অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত অষ্টম নক্ষত্র, বাণাকার একতারাত্মক, তৎপর্য্যায়।—সিধ্য, তিষ্য, পুষ্যা: পৌষমাস; কলিযুগ।

পুষ্যরথ, পুং. [পুষ্য+রথ] যাত্রা বা উৎসবাদি দর্শনার্থ রথবিশেষ, তৎপর্য্যায়।—চক্রযান।

পুষ্যলক, পুং. [পুষ্যল+ক] গন্ধমৃগ; ক্ষপণক; কীল।

পুষ্যস্নান, ন. [পুষ্য+স্নান] পুষ্যাভিষেক।

পুষ্যা, স্ত্রী. [পুষ্য+আ] পুষ্যনক্ষত্র, সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত অষ্টম নক্ষত্র।

পুস্ত, ন. [পুস্ত+অ] লেপ্যাদি শিল্পকর্ম্ম, প্রথম কাষ্ঠপুত্তলিকা খনিত্র খননাদি কর্ম্ম; (ন.স্ত্রী.) পুস্তক, গ্রন্থ।

পুস্তক, ন.স্ত্রী. [পুস্ত+ক] পুস্ত, পুস্তী, পুতি।

পুস্তকর্ম্মা, ত্রি. [পুস্ত+কর্ম্মন্] লিপ্যাদি শিল্প কর্ম্মকর্ত্তা।

পুস্ত, (প্রা) অবলম্বন, বাঁধ, জাঙ্গাল, পুলবন্দী, ভেড়ীবন্দী।

পুস্তী. স্ত্রী. [পুস্ত+ঈ] পুস্তক, গ্রন্থ, পুতি।

পুঁইশাক, (প্রা) পূতিকা শাকবিশেষ।

পুঁজ, (প্রা) ক্লেদ, দুর্গন্ধ বিকৃত শোণিত।

পূগ, পুং. [পূ+গন অ] গুবাক, সুপারি; সমূহ; ছন্দঃ, ভাব; কণ্টকিবৃক্ষ; (ন.) গুবাকফল।

পূগপাত্র, ন. [পূগ+পাত্র] পূগপীঠ, পিক্‌দানী, তৎপর্য্যায়।—মরুবক।

পূগপীঠ, ন. [পূগ+পীঠ] পূগপাত্র, তৎপর্য্যায়।—কটকোল, পতদ্গ্রহ।

পূগপুষ্পিকা, স্ত্রী. [পূগ+পুষ্পিকা] বিবাহ সম্বন্ধীয় পুষ্প তাম্বুল, তৎপর্য্যায়।—কুহলি।

পূগফল, ন. [পূগ+ফল] গুবাকফল, সুপারি, তৎপর্য্যায়।—পূগ, চিক্কণী, চিক্কা, চিক্কণ, সোঞ্চক, উদ্বেগ, ক্রমুক ফল।

পূগরোট, পুং. [পূগ+রোট] হিন্তালবৃক্ষ, হেঁতাল গাছ।

পূজক, ত্রি. [পূজ+অক] পূজাকর্ত্তা, উপাসক, সেবক, অর্চ্চক।

পূজন, ন. [পূজ+অন] পূজা, অর্চ্চন, যজন, সেবন।

পূজনী, স্ত্রী. [পূজন+ঈ] চটকা।

পূজনীয়, ত্রি. [পূজ+অনীয়] পূজ্য, মান্য, সৎকার্য্য। [উপাসক।

পূজয়িতা, ত্রি. [পূজয়+তৃ] যাজক, অর্চ্চক,

পূজা, স্ত্রী. [পূজ+আ] পূজন, তৎপর্য্যায়।—নমস্যা, অপচিতি, সপর্য্যা, অর্চ্চা, অর্হণা, স্তুতি।

পূজানর্হ, ত্রি. [পূজা+অনর্হ] অর্চ্চনার অযোগ্য, যাজকের অনুপযুক্ত।

পূজারী, (প্রা) দেবল ব্রাহ্মণ, পূজাজীবী।

পূজার্হ, ত্রি. [পূজা+অর্হ] পূজারযোগ্য, মান্য, পূজ্য, পূজনীয়, পূজাপাত্র।

পূজিত, ত্রি. [পূজ+ইত] প্রাপ্তপূজ, অর্চ্চিত, তৎপর্য্যায়।—অঞ্চিত।

পূজিতব্য, ত্রি. [পূজি+তব্য] পূজনীয়, পূজ্য, মান্য।

পূজিল, পুং. [পূজ+ইল] দেবতা; (ত্রি.) পূজ্য, পূজনীয়, মান্য।
পূজ্য, পুং. [পূজ+য] শ্বশুর; (ত্রি.) পূজনীয়, উপাস্য, সেব্য, তৎপর্য্যায়।—প্রতীক্ষ্য।
পূট, (প্রা) দ্রাবক, দ্রবকারক, গলানিয়া।
পূত, ন. [পূ+ত] অপনীত বুষধান্য,বগুলান ধান, তৎপর্য্যায়।—বহুলীকৃত; (ত্রি.) ব্রতাদিদ্বারাশুদ্ধ, তৎপর্য্যায়।—পবিত্র, প্রযত; শুদ্ধ, যথা।—দধি গোময়াদি, তৎপর্য্যায়।—পবিত্র,মেধ্য; সত্য; (পুং.) শঙ্খ; শ্বেতকুশ; বিকঙ্কতবৃক্ষ; শুদ্ধিবিশিষ্ট।
পূতক্রতায়ী, স্ত্রী. [পূতক্রতু+আয়-ঈ] ইন্দ্রপত্নী, শচী, পুলোমজা।
পূতক্রতু, পুং. [পূত+ক্রতু] ইন্দ্র, শচীপতি, দেবরাজ।
পূতগন্ধ, পুং. [পূত+গন্ধ] বর্ব্বর।
পূততা, স্ত্রী. [পূত+তা] শুদ্ধতা, পবিত্রতা, নির্ম্মলত্ব।
পূততৃণ, পুং. [পূত+তৃণ] শ্বেতকুশ।
পূতদ্রু, পুং. [পূত+দ্রু] পলাশবৃক্ষ, কিংশুক।
পূতধান্য, ন. [পূত+ধান্য] তিল; যব।
পূতনা, স্ত্রী. [পূত+অন-আ] হরিতকী; গন্ধমাংসী; দানবীবিশেষ, বকাসুরভগিনী; রোগবিশেষ; অহিপূতনা নামক বালকরোগ; বালমাতৃকাবিশেষ।
পূতনারি, পুং. [পূতনা+অরি] শ্রীকৃষ্ণ,নারায়ণ, পূতনার বধকারী। [বিষ্ণু।
পূতনাসূদন, পুং. [পূতনা+সূদন] শ্রীকৃষ্ণ,
পূতনাহা, পুং. [পূতনা+হন্] শ্রীকৃষ্ণ,বিষ্ণু।
পূতফল, পুং. [পূত+ফল] পনস, কণ্টকিফল, কাঁটাল।
পূতা, স্ত্রী. [পূত+আ] দূর্ব্বা; পবিত্রা, শুদ্ধা।
পূতাত্মা, পুং. [পূত+আত্মন্] পবিত্রস্বভাব; শুদ্ধদেহ, নিষ্পাপ শরীর।
পূতি, স্ত্রী. [পূ+তি] পবিত্রতা; দুর্গন্ধ; খট্টাশের অণ্ডকোষ, খাটাশী; (ন.) রোহিষ তৃণ।
পূতিক, ন. [পূতি+ক] বিষ্ঠা, মল, পুরীষ; (পুং.) পূতিকরঞ্জ বৃক্ষ; রোগবিশেষ।
পূতিকরজ, পুং. [পূতি+করজ] পূতিকরঞ্জ বৃক্ষ।
পূতিকরঞ্জ, পুং. [পূতি+করঞ্জ] করঞ্জবিশেষ, নাটাকরঞ্জ, (হিং) কঠকরেজ, তৎপর্য্যায়।—প্রকীর্য্য, পূতিকরজ, পূতীকরজ, পূতিক, পূতীক, কলিকারক, কলিমালক, ফলহনাশন, প্রকীর্ণ, রজনীপুষ্প, সুমনা; পূতিকর্ণিক, কৈডর্য্য, কলিমাল্য।
পূতিকর্ণ, পুং. [পূতি+কর্ণ] কর্ণরোগবিশেষ।
পূতিকর্ণক, পুং. [পূতি+কর্ণক] কর্ণরোগ বিশেষ, কাণপাকা।
পূতিকা, স্ত্রী. [পূতিক+আ] মার্জারী,বিড়ালী; লতাশাকবিশেষ,পুঁইশাক,তৎপর্য্যায়।—কলম্বা, পিচ্ছিলা, পিচ্ছিলদা, মোহনী, মদশাম, বিশালা, বল্লিপোদকী।
পূতিকামুখ, পুং. [পূতিকা+মুখ] শম্বুক, শামুক।
পূতিকাষ্ঠ, ন. [পূতি+কাষ্ঠ] দেবদারু; সরল বৃক্ষ; পবিত্রদারু।
পূতিকাষ্ঠক, পুং. [পূতি+কাষ্ঠক] সরলবৃক্ষ।
পূতিগন্ধ, ন. [পূতি+গন্ধ] রঙ্গ, রাং; (পুং.) গন্ধক; ইঙ্গুদীবৃক্ষ; (ত্রি.) দুর্গন্ধ।
পূতিগন্ধি, ত্রি. [পূতি+গন্ধ-ই] দুর্গন্ধ।
পূতিগন্ধিক, ত্রি. [পূতি+গন্ধিক] দুর্গন্ধ।
পূতিগন্ধিকা, স্ত্রী. [পূতি+গন্ধিকা] বাকুচী, ঔষধবিশেষ, হাকুচ্।
পূতিতৈলা, স্ত্রী. [পূতি+তৈলা] জ্যোতিষ্মতী, নয়াফট্কী।
পূতিনস্য, পুং. [পূতি+নস্য] নাসারোগভেদ, পিনাস। [প্রভেদ।
পূতিপত্র, পুং. [পূতি+পত্র] শ্যোনাক
পূতিপুষ্পিকা, স্ত্রী. [পূতি+পুষ্পিকা] মাতুলঙ্গ, মধুরনেবু, মৌটাবা।
পূতিফলা, স্ত্রী. [পূতি+ফলা] সোমরাজী।
পূতিফলী, স্ত্রী. [পূতি+ফল-ঈ]সোমরাজী।
পূতিবাত, পুং. [পূতি+বাত] বিল্ববৃক্ষ; দুর্গন্ধবায়ু।

পূতিবৃক্ষ, পুং. [পূতি+বৃক্ষ] শ্যোনাকবৃক্ষ; পবিত্রবৃক্ষ; দুর্গন্ধবৃক্ষ। [গন্ধা।

পূতিময়ূরিকা, স্ত্রী. [পূতি+ময়ূরিকা] অজ-

পূতিমেদ, পুং. [পূতি+মেদ] অরিমেদ।

পূতিশারিজা, স্ত্রী. [পূতি+শারিজা] খট্টাসি।

পূতীক, পুং. [পূতী+ক] পূতিকরঞ্জ; গন্ধ-মার্জ্জার, খট্টাশ, গন্ধনকুল।

পূতীকরজ, পুং. [পূতী+করজ] পূতীকরঞ্জ।

পূতীকৃত, ত্রি. [পূতী+কৃত] সঞ্চিত, সমবেত

পূতীকরঞ্জ, পুং. [পূতী+করঞ্জ] পূতিকরঞ্জ, নাটা। [শাক।

পূতীকা, স্ত্রী. [পূতীক+আ] পূতিকা, পুঁই-

পূত্যাণ্ড, পুং. [পূতি+অণ্ড] গন্ধকীট, গঁদো পোকা; জন্তুবিশেষ, মৃগনাভী, কস্তুরী।

পূত্য, পুং. [পূতি+অ] গন্ধকীট, গঁদো-পোকা, কাষ্ঠবিশেষ।

পূন, ত্রি. [পূ+ত] নষ্ট, নাশপ্রাপ্ত।

পূপ, পুং. [পূ+প] পিষ্টক, পিটা।

পূপলা, স্ত্রী. [পূপ+ল-আ] পোলিকা, (হিং) পাত্‌লারোটী।

পূপালী, স্ত্রী. [পূপ+আলী] পিষ্টকবিশেষ, পোলী।

পূপাষ্টকা, স্ত্রী. [পূপ+অষ্টকা] অগ্রহায়ণী পূর্ণিমারপর কৃষ্ণাষ্টমী।

পূপিকা, স্ত্রী. [পূপ+ইক-আ] পুলিকা।

পূয, ন. [পূ+য়] পক্কব্রণাদি সম্ভব ঘনীভূত শুক্লবর্ণ বিকৃতরক্ত, দুর্গন্ধরক্ত, ক্লেদ, পুঁজ, তৎপর্য্যায়।—ক্ষতজ, মলজ, পূয়ন, প্রসিত।

পূযন, ন. [পূয+অন] পূয়, পক্কব্রণাদি সম্ভব ঘনীভূত শুক্লবর্ণ বিকৃতরক্ত

পূযরক্ত, পুং. [পূয+রক্ত] নাসারোগবিশেষ পিনাস; দুর্গন্ধরক্ত, বিকৃতরক্ত।

পূযারি, পুং. [পূয+অরি] নিম্ববৃক্ষ, নিম-গাছ।

পূযালস, পুং. [পূয+অলস] সন্ধিগত রোগ-বিশেষ।

পূর, ন. [পূর্+অ] দাহাগুরু; (পুং.) জল-সমূহ; জলপ্রবাহ; ব্রণসংশুদ্ধি; খাদ্য-বিশেষ; পিষ্টকবিশেষ।

পূরক, পুং. [পূর+ক] বীজপূর; গুণকাঙ্ক, পূরণকারক; নিঃশ্বাসাকর্ষণ; ষোড়শ চতুরন্যতর সংখ্যক প্রণব বীজান্যতর জপেনৈক নাসাপুট করণক প্রাণায়ামাঙ্গ বায়ুপূরণ ধ্যাতৃনাসিকাগতোচ্ছ্বাস, ব্রহ্ম-ধ্যানপূর্ব্বকপ্রাণায়ামাঙ্গ তত্তন্মন্ত্রং জপন্ বামনাসিকা বায়ুদ্বা দেহপূরণ; প্রেত-দেহ নিষ্পাদক অশৌচকালে দেয় দশ-পিণ্ড; (ত্রি.) পূরণকর্ত্তা।

পূরট, ত্রি. [পূর+অট] মুদ্রিতা স্বর্ণ; পূর্ণ; সমূহ।

পূরণ, ন. [পূর+অন] পিণ্ডপ্রভেদ; বৃষ্টি; কুটন্নট; অঙ্কেরগুণন; বাপতন্তু; (পুং.) বিষ্ণুতৈল; সেতু; সমুদ্র; (ত্রি.) পূরক; শেষ।

পূরণী, স্ত্রী. [পূরণ+ঈ] শাল্মলীবৃক্ষ,শিমুল-গাছ; পূরণকারিণী।

পূরণীয়, ত্রি. [পূর+অনীয়] পূর্য্য, পূর্ণকর-ণোপযুক্ত, শেষ হওনযোগ্য।

পূরা, (প্রা) সম্পূর্ণ, পরিপূর্ণ, পরিপূর্ণতা প্রাপ্ত।

পূরাণ, (প্র.) পূর্ণকরণ; ভরাণ।

পূরাম্ল, ন. [পূর+অম্ল] বৃক্ষাম্ল।

পূরাহত, (প্রা) রাগিণীবিশেষ।

পূরিকা, স্ত্রী. [পূর+ইক-আ] পিষ্টকবিশেষ, পূরী, কচুরী।

পূরিত, ত্রি. [পূর+ইত] কৃতপূরণ, পূর্ণ; গুণিত।

পূরু, (প্রা) স্থূল, বেধ, মোটা।

পূরুষ, পুং. [পূরু+ষ] পুরুষ, পুমান্, নর, পুমজাতীয় মানব

পূর্খা, (প্রা) চতুর, চালাক; প্রখর।

পূর্ণ, ত্রি. [পৃ+ত] পূরিত; সকল; শক্ত; স্বীয় সুখেচ্ছাহেতুক বহুপ্রদ।

পূর্ণক, পুং. [পূর্ণ+ক] স্বর্ণচূড়পক্ষী।

পূর্ণকুম্ভ, পুং. [পূর্ণ+কুম্ভ] জলপূরিত ঘট, ভদ্রকুম্ভ; পূর্ণকলসাদি।

পূর্ণকোষ্ঠা, স্ত্রী. [পূর্ণ+কোষ্ঠা] নাগরমুস্তা।

পূর্ণতা, স্ত্রী. [পূর্ণ+ত-আ] পূর্ত্তি, পূরণ, ভরা; সম্পূর্ণের ভাব।

পূর্ণপাত্র, ন. [পূর্ণ+পাত্র] বস্ত্রপূর্ণপাত্র, হোমকালীন দেয় তণ্ডুলাদি পূর্ণপাত্র; বর্দ্ধাপক, নাড়ীচ্ছেদন; উৎসবকালীন হর্ষহেতুক গৃহীত বস্ত্রালঙ্কারাদি, তৎপর্য্যায়।—পূর্ণালক।

পূর্ণবীজ, পুং. [পূর্ণ+বীজ] বীজপূর।

পূর্ণমা, স্ত্রী. [পূর্ণ+মা] পূর্ণিমা।

পূর্ণমাস, পুং. [পূর্ণ+মাস] পৌর্ণমাস যাগ।

পূর্ণমাসী, স্ত্রী. [পূর্ণ+মাস-ঈ] পূর্ণিমা,শুক্লপক্ষের পঞ্চদশী তিথি।

পূর্ণা, স্ত্রী. [পূর্ণ+আ] পঞ্চমী; দশমী; পূর্ণিমা অমাবস্যা। [রাম; কৃষ্ণ।

পূর্ণাবতার, পুং. [পূর্ণ+অবতার] নৃসিংহ;

পূর্ণালক, ন. [পূর্ণ+অলক] বার্দ্ধায়নাপ্ত, পূর্ণপাত্র, পূর্ণানক।

পূর্ণিকা, স্ত্রী. [পূর্ণ+ইক-আ] নাসাচ্ছিন্নীনামক পক্ষী।

পূর্ণিমা, স্ত্রী. [পূর্ণ+ই-মা] শুক্লপক্ষের পঞ্চদশ তিথী, তৎপর্য্যায়।—পৌর্ণমাসী, নিশাকরে কলাহীন অনুমতি, পূর্ণ নিশাকরে রাকা, পিত্র্যা, চান্দ্রী, পূর্ণমাসী, অনন্তা, চন্দ্রমাতা, নিরঞ্জনা, পূর্ণমা, জ্যোৎস্নী, ইন্দুমতী, সিতা; চন্দ্রের তিথি।

পূর্ত্ত, ন. [পৄ+ত] পালন; খাতাদিকর্ম্ম, দেবকুল্যাদিক্রিয়া, পুষ্করিণী খননাদিকর্ম্ম; (ত্রি.) পূরিত; ছন্ন।

পূর্ত্তি, স্ত্রী. [পৄ+তি] পূরণ, ভরণ; পালন।

পূর্ব্ব, ত্রি. [পূর্ব্ব+অ] প্রথম, আদি; প্রাক্; দিক্‌দেশ কাল; সমগ্র; অগ্র।

পূর্ব্বকাষ্ঠা, স্ত্রী. [পূর্ব্ব+কাষ্ঠা] পূর্ব্বদিক্।

পূর্ব্বগ, ত্রি. [পূর্ব্ব+গম-অ] অগ্রগামী,পূর্ব্ববর্ত্তী

পূর্ব্বগঙ্গা, স্ত্রী. [পূর্ব্ব+গঙ্গা] নর্ম্মদানদী।

পূর্ব্বজ, পুং. [পূর্ব্ব+জন-অ] জ্যেষ্ঠভ্রাতা,

পূর্ব্বজন্মা, পুং. [পূর্ব্ব+জন্মন্] অগ্রজ, জ্যেষ্ঠ, প্রথমে উৎপন্ন।

পূর্ব্বজাঃ, পুং. [পূর্ব্ব+জন-অ] দেবগণ; পিতৃগণ, তৎপর্য্যায়।—পিতর, চন্দ্রগোলস্থ, ন্যস্তশাস্ত্রা, স্বধাভুজ, কব্যবাহাদি; বহুবচনান্ত এই শব্দ।

পূর্ব্বজা, স্ত্রী, [পূর্ব্ব+জন-আ] অগ্রজা, জ্যেষ্ঠাভগিনী।

পূর্ব্বজাত, ত্রি. [পূর্ব্ব+জাত] অগ্রে উৎপন্ন, প্রথমে হওয়া।

পূর্ব্বজিন, পুং. [পূর্ব্ব+জিন] অতীতজিন বিশেষ, তৎপর্য্যায়।—মঞ্জুশ্রী, জ্ঞানদর্পণ, মঞ্জুভদ্র, মঞ্জুঘোষ, কুমার, অষ্টার চক্রবান্, স্থিরচক্র, বজ্রধর, প্রজ্ঞাকায়, আদিরাট্, নীলোৎপলী, মহারাজ, নীল, শার্দ্দূলবাহন, ধিয়াম্পতি, খড়্গী, দণ্ডী, বিভূষণ, বালব্রত, পঞ্চচীর, সিংহকেলি, শিখাধর, বাগীশ্বর।

পূর্ব্বদিক্, স্ত্রী. [পূর্ব্ব+দিশ্] প্রাচীদিক্, যে দিকে সূর্য্যউদয় হন; ইন্দ্রদিক, তৎপর্য্যায়।—প্রাচী, পুরা, মাঘোণী. ঐন্দ্রী, মাঘবতী।

পূর্ব্বদিক্‌পতি, পুং. [পূর্ব্বদিক্+পতি] ইন্দ্র, সুরপতি, দেবরাজ।

পূর্ব্বদিন, (গ্রা) গতদিবস, গতকল্য।

পূর্ব্বদেব, পুং. [পূর্ব্ব+দেব] অসুর; দানব; দৈত্য।

পূর্ব্বদেশ, পুং. [পূর্ব্ব+দেশ] প্রাচীদিগবস্থিত জন বাসস্থান, তৎপর্য্যায়।—বর্ত্তনি।

পূর্ব্বনিবন্ধ, ত্রি. [পূর্ব্ব+নিবন্ধ] পূর্ব্বেকৃত নিশ্চয়, অগ্রেকৃত সম্বন্ধ; স্থিরীকৃত।

পূর্ব্বপদ, ন. [পূর্ব্ব+পদ] পরপদ প্রাগ্বর্ত্তি বিভক্ত্যন্ত প্রকৃতি।

পূর্ব্বপর্ব্বত, পুং. [পূর্ব্ব+পর্ব্বত] উদয়াচল, উদয়গিরি।

পূর্ব্বপক্ষ, পুং. [পূর্ব্ব+পক্ষ] শুক্লপক্ষ; শাস্ত্রীয়প্রশ্ন, সিদ্ধান্তের বিরুদ্ধকোটি; তৎপর্য্যায়।—চোদ্য, দেশ্য, ফক্কিকা, ফাকি।

পূর্ব্বপক্ষপাদ, পুং. [পূর্ব্বপক্ষ+পাদ] চতুষ্পাদ ব্যবহারান্তর্গত প্রথম পাদ, তন্নামানি যথা।—ভাষা, প্রতিজ্ঞা, পক্ষ।

পূর্ব্বপুরুষ, পুং. [পূর্ব্ব+পুরুষ] পিতৃপিতামহাদি।

পূর্ব্বফল্গুনী, স্ত্রী. [পূর্ব্ব+ফল্গুনী] সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত নক্ষত্রবিশেষ।

পূর্ব্বফল্গুনীভব, পুং. [পূর্ব্বফল্গুনী+ভব] বৃহস্পতি, সুরাচার্য্য।

পূর্ব্ববৎ, ব্য. [পূর্ব্ব+বৎ] প্রাথৎ, পূর্ব্বের ন্যায়।

পূর্ব্ববর্ত্তী, ত্রি. [পূর্ব্ব+বর্ত্তিন্] অগ্রসর, অগ্রবর্ত্তী।

পূর্ব্ববাদ, পুং. [পূর্ব্ব+বাদ] রাজাদিসমীপে প্রথমাবেদন।

পূর্ব্ববাদী, পুং. [পূর্ব্ব+বাদিন্] প্রথম অভিযোগকর্ত্তা, প্রথম বিবাদী,পূর্ব্বফরিয়াদী।

পূর্ব্বভদ্রপদ, পুং. [পূর্ব্বভদ্র+পদ] অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত পঞ্চবিংশতি নক্ষত্র,তৎপর্য্যায়।—প্রোষ্ঠপদ

পূর্ব্বভদ্রপদা, স্ত্রী. [পূর্ব্বভদ্র+পদ-আ] অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত পঞ্চবিংশতিনক্ষত্র, তৎপর্য্যায় —প্রোষ্ঠপদ।

পূর্ব্বভাদ্রপদা, স্ত্রী. [পূর্ব্বভাদ্র+পদা] অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত পঞ্চবিংশতি নক্ষত্র, প্রোষ্ঠপদ, প্রামাদিক্।

পূর্ব্বযক্ষ, পুং. [পূর্ব্ব+যক্ষ] জিনবিশেষ, তৎপর্য্যায়।—মণিভদ্র, জম্ভল, জলেন্দ্র।

পূর্ব্বরঙ্গ, পুং. [পূর্ব্ব+রঙ্গ] নাট্যোপক্রম, তৎপর্য্যায়।—প্রাক্, সংগীত, গুণনিকা।

পূর্ব্বরাগ, পুং. [পূর্ব্ব+রাগ] নায়কনায়িকার অবস্থাবিশেষ; মিলনের পূর্ব্বভাব।

পূর্ব্বরাত্র, পুং. [পূর্ব্ব+রাত্র] রাত্রির পূর্ব্বভাগ; বিগতদিবসের রাত্রি।

পূর্ব্বরূপ, ন. [পূর্ব্ব+রূপ] পূর্ব্বলক্ষণ; ভাবিব্যাধি বোধকচিহ্ন; পূর্ব্বের ন্যায়।

পূর্ব্বশৈল, পুং. [পূর্ব্ব+শৈল] উদয়পর্ব্বত, উদয়গিরি।

পূর্ব্বসর, ত্রি. [পূর্ব্ব+সর] অগ্রগামী, অগ্রবর্ত্তী। [কাল।

পূর্ব্বসন্ধ্যা, স্ত্রী. [পূর্ব্ব+সন্ধ্যা] সন্ধ্যার প্রাক্-

পূর্ব্বসার, ত্রি. [পূর্ব্ব+সার] পূর্ব্বসর, অগ্রগামী, অগ্রবর্ত্তী

পূর্ব্বা, স্ত্রী. [পূর্ব্ব+আ] পূর্ব্বদিক্, তৎপর্য্যায়।—প্রাচী, পুরা, মাঘোণী, ঐন্দ্রী, মাঘবতী; (পুং.) পূর্ব্বজ, প্রথমজাত; পূর্ব্বপুরুষ। [(ন.) নিষ্পত্তি।

পূর্ব্বাপর, ত্রি. [পূর্ব্ব+অপর] অগ্রপশ্চাৎ;

পূর্ব্বাবধি, ত্রি. [পূর্ব্ব+অবধি] পূর্ব্বকালাবধি, চিরকালপর্য্যন্ত।

পূর্ব্বাবস্থা,স্ত্রী. [পূর্ব্ব+অবস্থা] প্রথমাবস্থা, পূর্ব্ব আহোয়াল।

পূর্ব্বাদ্রি, পুং. [পূর্ব্ব+অদ্রি] উদয়াচল,উদয়গিরি, তৎপর্য্যায়।—দিনমূর্দ্ধা।

পূর্ব্বাষাঢ়া, স্ত্রী. [পূর্ব্ব+আষাঢ়া] অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত বিংশতিনক্ষত্র।

পূর্ব্বাহ্ণ, পুং. [পূর্ব্ব+অহন্] ত্রিধাবিভক্ত দিবসের প্রথমাংশ, ত্রিংশদ্দণ্ড দিনমানের সূর্য্যউদয়াবধি দশদণ্ডকাল।

পূর্ব্বাহ্ণেতন, ত্রি. [পূর্ব্বাহ্ণে+তন] পূর্ব্বদিবস জাত।

পূর্ব্বে, (প্রা) অগ্রে, প্রথমে; পূর্ব্বদিকে।

পূর্ব্বেদ্যুঃ, ব্য. [পূর্ব্ব+এদ্যুস্] পূর্ব্বদিন; প্রাতঃকাল; ধর্ম্মবাসর।

পূর্ব্বোক্ত, ত্রি. [পূর্ব্ব+উক্ত] অগ্রেকথিত।

পূর্য্য, ত্রি. [পূর্+য] পূরণীয়, পূর্ণহওনোপযুক্ত।

পূষ, পুং. [পূষ+অ] ব্রহ্মদারুবৃক্ষ, তুত।

পূষক, পুং. [পূষ+ক] ব্রহ্মদারুবৃক্ষ, (হিং.) পলাশপিপল, অস্য পর্য্যায়।—তুলশব্দে দ্রষ্টব্য।

পূষভাষা, স্ত্রী. [পূষ+ভাষা] ইন্দ্রনগরী, তৎপর্য্যায়।—সুরপুরী, অমরাবতী।

পূষসুহৃৎ, পুং. [পূষ+সুহৃৎ] শিব, মহাদেব

পূষা, পুং. [পূষ+অন] সূর্য্য, রবি, ভাস্কর, দিবাকর।

পৃক্কা, স্ত্রী.[পৃশ+ক-আ] শাকবিশেষ,পিড়িংশাক, তৎপর্য্যায়।—মরুন্মালা, পিশুনা, দেবী, লতা, লঘু, সমুদ্রান্তা, বধূ, কোটিবর্ষা, লঙ্কায়িকা, মরুৎ, মালা, স্পৃক্কা, কোটী, বর্ষা, লঙ্কাপিকা, বর্ষালঙ্কায়িকা, তস্কর, চোরক, চণ্ড।

পৃক্ত, ন. [পৃচ+ত] ধন; (ত্রি.) সম্পর্কযুক্ত, মিশ্রিত, সংলগ্ন।

পৃক্তি, স্ত্রী. [পৃচ+তি] সম্পর্ক, স্পর্শ, সম্বন্ধ, সম্পৃক্তি।

পৃচ্ছা, স্ত্রী. [প্রচ্ছ+অ-আ] প্রশ্ন জিজ্ঞাসা।

পৃতনা, স্ত্রী. [পৃ+তন-আ] সেনা; সেনাবিশেষ; বাহিনীত্রয়, গজত্রিচত্বারিংশদধিক শতদ্বয় ২৪৩, রথ ত্রিচত্বারিংশদধিক শতদ্বয় ২৪৩, অশ্ব উনত্রিংশ দধিক সপ্তশত ৭২৯ পদাতিক, পঞ্চদশাধিক শত দ্বয়াধিক সহস্র ১২১৫,সমুদায়ত্রিংশদধিক চতুশতাধিক সহস্রদ্বয় ২৪৩০।

পৃতনাষট, পুং. [পৃতনা+ষাহ] ইন্দ্র, শচীপতি।

পৃথক্, ব্য. [পৃথ+ক] ভিন্ন, তৎপর্য্যায়।—বিনা, অন্তরেণ, ঋতে, হিরুক্, নানা, বর্জন; বিচ্ছেদ।

পৃথক্ত্ব, ন. [পৃথক্+ত্ব] চতুর্ব্বিংশতি গুণান্তর্গত সপ্তম গুণ; ভিন্নতা, প্রভিন্ন, অনৈক্যতা।

পৃথক্ত্বচা, স্ত্রী. [পৃথক্+ত্বচ-আ] মূর্ব্বা।

পৃথক্পর্ণী, স্ত্রী. [পৃথক্+পর্ণী] ক্ষুদ্রবৃক্ষ বিশেষ, চাকুলিয়াগাছ, তৎপর্য্যায়।—পৃশ্নিপর্ণী, চিত্রপর্ণী, অঙ্ঘ্রিবল্লিকা।

পৃথক্ক্ষেত্র, পুং. [পৃথক্+ক্ষেত্র] এক হইতে নানা বর্ণ স্ত্রীর গর্ভজাত পুত্র।

পৃথগাত্মতা, স্ত্রী. [পৃথক্+আত্মতা] বিবেক, বিরক্ততা, বিবেক।

পৃথগাত্মিকা, স্ত্রী. [পৃথক্+আত্মিকা] ব্যক্তি।

পৃথগ্জন, পুং. [পৃথক্+জন] মূর্খ; নীচ; পাপী; ভিন্নলোক।

পৃথগ্বিধ, ত্রি. [পৃথক্+বিধ] নানারূপ, বিবিধ, বহুরূপ। [ভেলা।

পৃথগ্বীজ, পুং. [পৃথক্+বীজ] ভল্লাতক,

পৃথবী, স্ত্রী. [পৃথ+ইব-ঈ] পৃথিবী, পৃথ্বী, ধরা, সর্ব্বংসহা, রসা।

পৃথা, স্ত্রী. [পৃথ+আ] কুন্তী, পাণ্ডব মাতা।

পৃথাজ, পুং. [পৃথা+জন-অ] অর্জুনবৃক্ষ; কুন্তীপুত্র পাণ্ডব।

পৃথাপতি, পুং. [পৃথা+পতি] পাণ্ডুরাজ।

পৃথিকা, স্ত্রী. [পৃথ+ইক-আ] শতপদী।

পৃথিবি, স্ত্রী. [প্রথ+ইবি] পৃথিবী, ধরণী।

পৃথিবী, স্ত্রী. [প্রথ+ইব-ঈ] বিস্তারপ্রাপ্তা, তৎপর্য্যায়।—অচলকীলা, অদ্রিকীলা, অচলা, অনন্তা, অদিতি, অবনি, অবনী, অব্ধিমেখলা, অব্ধিদ্বীপ, আদিমা, আদ্যা, ইড়া, ইড়িকা, ইরা, ইলা, ইলিকা, ঈলা, উর্ব্বী, কাশ্যপী, কু, ক্রোড়কান্তা, খগবতী, খণ্ডনী, খন্তনী, গন্ধবতী, গন্ধমাতা, গিরিকর্ণিকা, গো, গোত্রা, জগতী, জগদ্যোনি, জগদ্বহ, ইজ্যা, তাবিষী, দক্ষা, দেহিনী, দৈত্যমেদজা, দ্বিরা, ধরা, ধরিত্রী, ধরণি, ধরণী, ধাত্রী, ধারিণী, ধারয়িত্রী, নিশ্চলা, বল্লি, বিপুলা, বিশ্বগন্ধা, পৃথু, পৃথ্বী, পারা, বিশ্বধারিণী, বিশ্বম্ভরা, বরা, বসুমতী, বসুধা, বসুন্ধরা, বিষ্টপ, বীজপ্রসূ, বেদমণ্ডলী, ভুবনমাতা, ভূ, ভূগোল, ভূতধাত্রী, ভূমি, ভূমী, ভূরিক্, ধারিণী, মধুজা, মধ্যম লোক, মধ্যলোক, মর্ত্ত্য, মহাকাণ্ড, মহি, মহী, মেদিনী, রত্নগর্ভা রত্নসূ, রসা, শরণি, শ্যামা, সংসার, সপ্তদ্বীপ, সমুদ্র মেখলা, সহুরি, সমুদ্ররমণা, সমুদ্রাম্বরা, সহা, সাগরনেমি, সাগরমেখলা, সাগরাম্বরা, স্থিরা, হিরণ্যদা, ক্ষমা, ক্ষণি, ক্ষোণি, ক্ষোণী, ক্ষৌণি, ক্ষৌণী, ক্ষ্মা, ক্ষিতি, সর্ব্বংসহা, সহা; তদ্বৈদিকপর্য্যায়।—গো, গ্মা, জ্মা, ক্ষ্মা, ক্ষা, ক্ষামা, ক্ষোণী, ক্ষিতি, অবনি, উর্ব্বী, পৃথ্বি, মহী, রিপ, অদিতি, ইলা, নির্ঋতি, ভূ, ভূমি, পূষা, গাতু, গোত্রা; অস্যা গুণ যথা।—স্পর্শ, সংখ্যা, পরিমিতি, পৃথক্ত্ব, সংযোগ, বিভাগ, পরত্ব, অপরত্ব, বেগ, দ্রবত্ব, গুরুত্ব, রূপ, রস, গন্ধ।

পৃথিবীগীতা, স্ত্রী. [পৃথিবী+গীতা] পৃথিবী কথা, পৃথ্বীবাক্য।

পৃথিবীপতি, পুং. [পৃথিবী+পতি] রাজা, ভূপতি; ঋষভনাম ঔষধি; যম; বরাহ।

পৃথিবীপাল, পুং. [পৃথিবী+পাল] রাজা, ভূপতি, ভূমীশ্বর।

পৃথিবীপালক, পুং. [পৃথিবী+পালক] রাজা, ভূপতি, দণ্ডধর।

পৃথিবীশক্র, পুং. [পৃথিবী+শক্র] রাজা, ভূপতি, ভূমীশ্বর

পৃথু, পুং. [পৃথ+উ] ত্রেতাযুগে মনুবংশীয় পঞ্চম নৃপ, আদিরাজা; অবেণাভূরাজ্ঞ পুত্র; অগ্নি; (স্ত্রী.) কৃষ্ণজীরক; ত্বক্‌-পর্ণী; হিঙ্গুপত্রী; অহিফেণ, আফিং; (ত্রি.) মহৎ; নিপুণ

পৃথুক, পুং. [পৃথু+ক] চিপিটক, চিড়া; (ত্রি.) বালক, শিশু; খুদ।

পৃথুকা, স্ত্রী. [পৃথুক+আ] হিঙ্গুপত্রী; বালিকা।

পৃথুকোল, পুং. [পৃথু+কোল] রাজবদর।

পৃথুচ্ছদ, পুং. [পৃথু+চ্ছদ] হরিদর্ভ; (ত্রি.) বৃহৎপত্র।

পৃথুপত্র, পুং. [পৃথু+পত্র] রক্তলশুন, রাঙ্গা পেঁয়াইজ।

পৃথুপলাশিকা, স্ত্রী. [পৃথু+পলাশিকা] শটী।

পৃথুরোমা, পুং. [পৃথু+রোমন] মৎস্য; (ত্রি.) বৃহল্লোম যুক্ত। [বিস্তৃত।

পৃথুল, ত্রি. [পৃথু+ল] মহৎ, বড়; অতি

পৃথুলা, স্ত্রী. [পৃথুল+আ] হিঙ্গুপত্রী।

পৃথুলোমা, পুং. [পৃথু+লোমন্‌] মৎস্যবিশেষ; (ত্রি.) বৃহৎলোম যুক্ত।

পৃথুশেখর, পুং. [পৃথু+শেখর] পর্ব্বত, শৈল, গিরি

পৃথুশিম্ব, পুং. [পৃথু+শিম্ব] শোনাকপ্রভেদ।

পৃথুস্কন্ধ, পুং. [পৃথু+স্কন্ধ] শূকর, বরাহ।

পৃথূদক, ন. [পৃথু+উদক] তীর্থবিশেষ।

পৃথূদর, পুং. [পৃথু+উদর] মেষ; (ত্রি.) বৃহৎ-কুক্ষি যুক্ত

পৃথ্বী, স্ত্রী. [প্রথু+ঈ] পৃথিবী, ধরণী, ধরিত্রী; হিঙ্গুপত্রী; কৃষ্ণজীরক; বৃত্তাই স্মাতা; পুনর্নবা; স্থূলৈলা বড়এলাইচ।

পৃথ্বীকা, স্ত্রী. [পৃথ্বী+ক-আ] বৃহদেলা, বড়-এলাইচ; সূক্ষ্মৈলা, ছোটএলাইচ; কৃষ্ণজীরক; হিঙ্গুপত্রী।

পৃথ্বীকুরুবক, পুং. [পৃথ্বী+কুরুবক] শ্বেত-মন্দারক, শুক্লপারিজাত।

পৃথ্বীজ, পুং. [পৃথ্বী+জন-অ] খড়্লবণ; মঙ্গল গ্রহ; নরকরাজা।

পৃথ্বীপতি, পুং [পৃথ্বী+পতি] রাজা, ভূমী-শ্বর।

পৃথ্বীপাল, পুং. [পৃথ্বী+পাল] রাজা, ভূমী- [শ্বর।

পৃদাকু, পুং. [পৃৎ+আকু] সর্প; বৃশ্চিক, বিছা; ব্যাঘ্র; চিত্রক; কুঞ্জর, হস্তী; বৃক্ষ।

পৃশ্নি, ত্রি. [পৃশ+নি] অল্পতনু, অল্পশরীর; খর্ব্বাস্থি; দুর্ব্বলাস্থি; অল্পাস্থি; (স্ত্রী.) রশ্মি; সুতপারাজার পত্নী, জন্মান্তরে দেবকী।

পৃশ্নিকা, স্ত্রী. [পৃশ্নি+ক-আ] কুম্ভিকা, পানা।

পৃশ্নিগর্ভ, পুং. [পৃশ্নি+গর্ভ] শ্রীকৃষ্ণ, বিষ্ণু, নারায়ণ।

পৃশ্নিপর্ণী, স্ত্রী. [পৃশ্নি+পর্ণী] লতাবিশেষ, চাকুলিয়া, (হিং) চকরৌৎ, তৎপর্য্যায়।—পৃথক্‌পর্ণী, চিত্রপর্ণী, অঙ্ঘ্রিবল্লিকা, ক্রোষ্টুবিন্না, সিংহপুচ্ছী, কলশি, ধাবনি, গুহা, পিষ্টপর্ণী, লাঙ্গলী, ক্রোষ্টুপুচ্ছিকা, পূর্ণপর্ণী, কলশী, ক্রোষ্টুকমেখলা, দীর্ঘা, শৃগালবৃন্তা, ত্রিপর্ণী, সিংহপুচ্ছিকা, দীর্ঘপত্রা, অতিগুহা, ঘৃষ্টিলা, চিত্রপর্ণিকা, গুহা, শৃগালবিন্না, ধমনী, মেখলা, লাঙ্গুলিক, পৃষ্টিপর্ণী, দীর্ঘপর্ণী, অঙ্ঘ্রি-পর্ণী, ধাবনী।

পৃশ্নিভদ্র, পুং. [পৃশ্নি+ভদ্র] শ্রীকৃষ্ণ, নারায়ণ।

পৃশ্নিশৃঙ্গ, পুং. [পৃশ্নি+শৃঙ্গ] বিষ্ণু; গণেশ লম্বোদর। [পানা।

পৃশ্নী, স্ত্রী. [পৃশ+নি-ঈ] বারিপর্ণী, কুম্ভিকা,

পৃষত, পুং. [পৃষ+ত] বিন্দু, কণা; শ্বেত-বিন্দুযুক্ত মৃগ, তৎপর্য্যায়।—রঙ্কু, শবল-পৃষ্ঠক; রাজাবিশেষ।

পৃষতাম্পতি, পুং. [পৃষতাম্‌+পতি] বায়ু, অনিল, বাতাস।

পৃষতাশ্ব, পুং. [পৃষত+অশ্ব]. বায়ু, বাত, অনিল।

পৃষতী, স্ত্রী. [পৃষৎ+ঈ] শ্বেতবিন্দুযুক্তামৃগী।

পৃষৎ, ন. [পৃষ+অৎ] বিন্দু, কণা।

পৃষৎক, পুং. [পৃষৎ+ক] বাণ, ইষু, শর।

পৃষদশ্ব, পুং. [পৃষৎ+অশ্ব] বায়ু, বাতাস, অনিল; রাজাবিশেষ।

পৃষদাজ্য, ন. [পৃষৎ+আজ্য] সদধ্যাজ্য, দধিমিশ্রিত ঘৃত।
পৃষদ্বল, পুং. [পৃষৎ+বল] বায়ু; অশ্ব।
পৃষন্তি, পুং. [পৃষ+অন্তি] বিন্দু, কণা, ক্ষুদ্র-অবয়ব।
পৃষভাষা, স্ত্রী. [পৃষ+ভাষা] অমরাবতী।
পৃষাকরা, স্ত্রী. [পৃশ+আকর-আ] ক্ষুদ্রশিলা, বাটখারা।
পৃষাতক, ন. [পৃষ+অতক] দধিযুক্ত ঘৃত।
পৃষোদর, ত্রি. [পৃষ+উদর] অল্পোদর, ক্ষুদ্র-পেট।
পৃষোদ্যান, ন. [পৃষ+উদ্যান] ক্ষুদ্রোপবন, ছোট বাগিচা।
পৃষ্ট, ত্রি. [প্রচ্ছ+ত] জিজ্ঞাসিত, কৃতপ্রশ্ন।
পৃষ্টি, পুং. [পৃষ্+তি] সূর্য্যের রশ্মি।
পৃষ্ঠ, ন. [পৃষ্+থ] শরীরের পশ্চাদ্ভাগ, পিঠ; চরম গাত্র। [কুঁজ।
পৃষ্ঠগ্রন্থি, পুং. [পৃষ্ঠ+গ্রন্থি] গড়ু, কুব্জ,
পৃষ্ঠচক্ষু, পুং. [পৃষ্ঠ+চক্ষুস্] কর্কট, কাঁকড়া।
পৃষ্ঠতঃ, বা. [পৃষ্ঠ+তস্] পশ্চাৎ, পৃষ্ঠদেশে পাছে। [দাঁড়া।
পৃষ্ঠদণ্ড, ন. [পৃষ্ঠ+দণ্ড] মেরুদণ্ড, পৃষ্ঠেরশির-
পৃষ্ঠদৃষ্টি, পুং. [পৃষ্ঠ+দৃষ্টি] ভল্লুক; পশ্চাদ্ভাগে যাহার দৃষ্টি থাকে।
পৃষ্ঠবংশ, পুং. [পৃষ্ঠ+বংশ] পৃষ্ঠাস্থি, পিঠের দাঁড়া, তৎপর্য্যায়।—রীঢ়ক, মেরুদণ্ড।
পৃষ্ঠবাট্, পুং. [পৃষ্ঠ+বাহ] যুগপার্শ্ব গবৃষ, পিঠেবাঁধা গরু।
পৃষ্ঠবাড়, পুং. [পৃষ্ঠ+বাহ] যুগপার্শ্ববৃষ, পিঠেবাঁধা গরু।
পৃষ্ঠবাহ্য, পুং. [পৃষ্ঠ+বাহ] ভারবাহকবৃষ, বলদ, তৎপর্য্যায়।—স্থৌরী, পৃষ্ঠ্য।
পৃষ্ঠব্রণ, ন. [পৃষ্ঠ+ব্রণ] পৃষ্ঠদেশে উৎপন্ন স্ফোটক বিশেষ।
পৃষ্ঠমাংসাদ, ত্রি. [পৃষ্ঠমাংস+অদ] বাক্যাভিধায়ী, পরোক্ষে অপবাদক, পরিবাদক, নিন্দক, (যাং) চোলোলখোর।
পৃষ্ঠমাংসাদন, ন. [পৃষ্ঠমাংস+অদন] পরোক্ষে দোষ কীর্ত্তন; (ত্রি.) অপ্রত্যক্ষে দোষ কীর্ত্তন বিশিষ্ট।
পৃষ্ঠশৃঙ্গ, পুং. [পৃষ্ঠ+শৃঙ্গ] বনছাগ, বন ছাগল।
পৃষ্ঠশৃঙ্গী, পুং. [পৃষ্ঠ+শৃঙ্গিন্] ভীমসেন; নপুংসক; মহিষ।
পৃষ্ঠোদয়, পুং. [পৃষ্ঠ+উদয়] মেষ বৃষ কর্কট ধনুঃ মকর মীন লগ্ন।
পৃষ্ঠ্য, ন. [পৃষ্ঠ+য] পৃষ্ঠসমূহ; (পুং.) পৃষ্ঠদ্বারা ভারবাহক অশ্ব, তৎপর্য্যায়।—স্থৌরী।
পৃশ্নি, ত্রি. [পৃষ+নি] প্রশ্নি; (স্ত্রী.) পার্ষ্ণি।
পাঁক, (প্রা) কর্দ্দম, কাদা।
পাঁকাল (প্রা) মৎস্যবিশেষ; পর্য্যুষিতান্ন।
পেঁচ, (প্রা) ঘূর্ণিতকল, পাক।
পেঁচা, (প্রা) উলুক, দিবান্ধ।
পেঁচাও, (প্রা) ঘূর্ণন; ছল; প্রতারণা।
পেঁচান, (প্রা) পাক দেওন; শঠতাচরণ; ছেদন, কাটন। [শক্ত।
পেঁচাপেঁচি (প্রা) উভয়তঃ কঠিন, দুষ্কর,
পেঁচাল, (প্রা) চক্রাকার; বিদগ্ধ।
পেঁজন, (প্রা) তুলা পরিষ্কার করণ।
পেঁটরা, (প্রা) পেটিকা, পেটেরা।
পেঁপিয়া, (প্র.) ফল বৃক্ষবিশেষ।
পেওন, (প্রা) পানকরণ, দ্রবদ্রব্যের গলাধঃকরণ।
পেচক, পুং. [পেচ+ক] পক্ষীবিশেষ, পেঁচা, তৎপর্য্যায়।—উলূক, বায়সারাতি, শক্রাখ্য, দিবান্ধ, বক্রনাসিক, হরিনেত্র, দিবাভীত, নখাশী, পীযু, ঘর্ঘর, কাকভীরু, নক্তচারী, নিশাচর, কৌশিক, রূপনাশন, পেচ, রক্তনাসিক, ভীরুক, হস্তীর লাঙ্গুলের শেষাংশ; গুদাচ্ছাদক মাংসপিণ্ডবিশেষ; পর্য্যঙ্ক; বৃক; মেঘ।
পেচকী, পুং. [পেচক+ইন্] হস্তী, করী, গজ।
পেচিল, পুং. [পেচ+ইল] হস্তী, করী, গজ।
পেচু, ন. [পিচ+উ] পেচুলী, শাকবিশেষ, কচুশাক। [কচুশাক।
পেচুলী, স্ত্রী. [পেচুল+ঈ] শাকবিশেষ,
পেট, পুং. [পিট+অ] প্রহস্ত, অঙ্গুলি ও পাণির বিস্তার, চপেট, (ত্রি.) পেটক, পুস্তকাদির মঞ্জুষা, পেটরা; উদর।

পেটক, পুং. [পিট+ক] বংশবেত্রাদিময় সমুদ্গাক প্রায়, পেটারী; ঝাঁপি, পেটী, পেড়া, তৎপর্য্যায়।—পিটক, পেড়া, মঞ্জূষা; (ন.) ক্ষুদ্রপেটিরার, মহাপেটিরার; পুস্তকাদির মঞ্জূষা, পেটরা; কদম্বক, সমূহ।

পেটখসা, (প্রা) গর্ভস্রাব।

পেটচলা, (প্রা) উদরভঙ্গ, অতিসার; ভেদ।

পেটজ্বালা, (প্রা) জঠরানল; বুভুক্ষা, ক্ষুধা।

পেটধরা, (প্রা) অতিসারাদি নিবৃত্তি।

পেটন, (প্রা) মারণ, তাড়ন, আঘাতকরণ।

পেটফেলন, (প্রা) গর্ভস্রাব, পেটখসান।

পেটরা, (প্রা) ঝাঁপী; পেঁড়া।

পেটসর্ব্বস্ব, (প্রা) উদরম্ভরি, পেটার্থী।

পেটা, (প্রা) ঝাঁপি; মর্দ্দিত, পিস্ট।

পেটাক, পুং. [পেটা+ক] পেটক, পুস্তকাদির মঞ্জূষা, পেট্‌রা।

পেটারা, (প্রা) পেটিকা, মঞ্জূষা, পেঁড়া।

পেটার্থী, (প্রা) পেটসর্ব্বস্ব, পেটুক।

পেটাল, (প্রা) তুন্দিল, বৃহদুদরযুক্ত, ভুঁড়ি, পেটমোটা।

পেটিকা, স্ত্রী. [পেটিক+আ] বৃক্ষবিশেষ, পেটারিগাছ, তৎপর্য্যায়।—কুবেরাক্ষী, কুলিঙ্গাক্ষী, কৃষ্ণবৃন্তিকা; ঝাপা।

পেটী, স্ত্রী. [পেট+ঈ] পেটক, পুস্তকাদির মঞ্জূষা, পেটরা, পেঁড়া।

পেটুক, (প্রা) অবক্ষুধিত, উদরসর্ব্বস্ব, উদরম্ভরি। [বড়পেঁড়া।

পেড়া, স্ত্রী. [পিড়+আ] মঞ্জূষা, মহাপেটিকা,

পেড়াপেড়ি, (প্রা) উত্তেজনা, ক্লেশ, যন্ত্রণা।

পেতনী, (প্রা) ভূতযোনি, পরচ্ছায়া, অপদেবতা, পিশাচী।

পেতী, (প্রা) অপরিষ্কৃতলোক, জঘন্য, প্রেত।

পেত্ব, ন. [পা+ইত্ব] অমৃত; ঘৃত।

পেনেট, (প্রা) শিব লিঙ্গের আধার।

পেয়, ন. [পা+য়] জল; দুগ্ধ; অষ্টবিধ অন্নের মধ্যে অন্নবিশেষ; (ত্রি.) পাতব্য, পানীয়, পানের যোগ্য।

পেয়া, স্ত্রী. [পা+য-আ] সিকৃথ সমন্বিত পেয়দ্রব্য; মিশ্রেয়া; প্রাণা; অন্নমণ্ড।

পেয়াজ, (যাং) পলাণ্ডু।

পেয়াদা, (যাং) পদাতিক, (যাং) বরকন্দাজ।

পেয়ারা, (প্রা) ফলবিশেষ, আঁজি।

পেয়ালা, (যাং) পাত্রবিশেষ, বাটী; মদ্যাদি পানপাত্র।

পেয়ূষ, পুং. ন. [পীয়+উষ] অভিনব পয়ঃ; নবপ্রসূতা গাভির সপ্তাহের পূর্ব্বে দুগ্ধ; অমৃত; অভিনব ঘৃত। [বিশেষ।

পেরু, পুং. [পা+রু] বহ্নি; সমুদ্র; পক্ষী-

পেরেক, (প্রা) লৌহ শলাকা, ক্ষুদ্রগজাল।

পেরোজ, ন. [পেরো+জন-অ] উপরত্ন বিশেষ, (যাং) পীরোজা, তৎপর্য্যায়।—হরিতাশ্ম, পেরজ, তদ্দ্বিবিধ যথা।—ভস্মাঙ্গ, হরিত। [লিঙ্গ।

পেল, ন. [পেল+অ] অণ্ডকোষ; উপস্থ,

পেলব, পুং. [পিশ্‌+অ] মনোহর, স্নিগ্ধ।

পেলব, ত্রি. [পেল+ব] বিরল; কৃশ, কোমল।

পেশকবজ, (যাং) অস্ত্রবিশেষ, ছোরা।

পেশ্‌কার, (যাং) কর্ম্মচারী বিশেষ।

পেশল, ত্রি. [পিশ্‌+অল] চারু, সুন্দর; দক্ষ, চতুর; কোমল; শঠ, ধূর্ত্ত।

পেশস্কৃৎ, পুং. [পেশস্‌+কৃৎ] কীটবিশেষ, কুমিরকে।

পেশি, পুং. [পিশ+ই] শতকোটি; (স্ত্রী.) অণ্ড, মাষবিদল।

পেশী, স্ত্রী. [পিশ+ঈ] অণ্ড; সুপক্ককলিকা; মাংসী; খড়্গাপিধানক, অসিকোষ, খাপ; মাংসপিণ্ডী; নদীবিশেষ; পিশাচীবিশেষ; রাক্ষসীবিশেষ।

পেশ্বর, ত্রি. [পিশ্‌+বর] মর্দ্দনকারী।

পেষণ, ন. [পিষ+অন] চূর্ণন, মর্দ্দন, পিষ্টকরণ, বাটন।

পেষণি, স্ত্রী. [পিষ্‌+অনি] পেষণশিলা, শিল, তৎপর্য্যায়।—পেষণী, পট্ট, গৃহাশ্মা, গৃহকচ্ছপ।

পেষণী, স্ত্রী. [পিষ্‌+অনি-ঈ] পেষণশিলা, শিল, তৎপর্য্যায়।—পট্ট, গৃহাশ্ম, গৃহকচ্ছপ।

পেষল, ত্রি. [পিষ্‌+অল] পেশল, কোমল, নরম; চারু, মনোহর।

পেষাক, পুং. [পিষ+আক] পেষণি।
পেসল, ত্রি. [পিশ্+অল] পেশল, কোমল, নরম; চারু, মনোহর, সুন্দর।
পৈঙ্গুষ, পুং. [পিজি+উষ] কর্ণ, শ্রোত্র, কাণ।
পৈঠর, ত্রি. [পিঠর+অ] স্থালীপক্ক মাংসাদি।
পৈঠা, (প্রা) সোপান, সিঁড়ী।
পৈঠীনসি, পুং. [পিঠীনস+অ] মুনিবিশেষ, স্মৃতি ও গোত্রকারক।
পৈণ্ডিন্য, ন. [পিণ্ডিন+য] ভৈক্ষজীবিকা, যাচ্ঞাবৃত্তি।
পৈতা, (প্রা) উপবীত, যজ্ঞোপবীত।
পৈতামহ, ত্রি. [পিতামহ+অ] পিতামহ সম্বন্ধি ধনাদি। [বিভবাদি।
পৈতৃক, ত্রি. [পিতৃ+ক] পিতৃ সম্বন্ধীয়, পিতৃ
পৈতৃকধন, ন. [পৈতৃক+ধন] পিতৃসম্বন্ধীয় বিভব, পিতার ধন।
পৈতৃকবাটী, (প্রা) পিতৃ পিতামহাদির বাস স্থান।
পৈতৃকভূমি, স্ত্রী. [পৈতৃক+ভূমি] পিতৃ সম্বন্ধীয় স্থান।
পৈতৃষ্বসেয়, পুং. স্ত্রী. [পিতৃষ্বসা+এয়] পিতৃ ভগিনী পুত্র, পিসতুত ভাই।
পৈতৃষ্বস্রীয়, পুং. স্ত্রী. [পিতৃষ্বসা+ঈয়] পিতৃ ভগিনী পুত্র, পিসতুত ভাই।
পৈতৃষ্বস্রেয়, পুং. স্ত্রী. [পিতৃষ্বসা+এয়] পিতার ভাগিনেয়, পিসতুতভাই।
পৈত্ত, ত্রি. [পিত্ত+অ] পিত্তজব্যাধি, পিত্তজাত রোগ।
পৈত্তিক, ত্রি. [পিত্ত+ইক] পিত্তজন্য ব্যাধি, পিত্তজাত রোগ।
পৈত্র, ন. [পিতৃ+অ] পিতৃতীর্থ, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যস্থান; (ত্রি.) পিতৃসম্বন্ধীয়।
পৈত্রাহোরাত্র, পুং. [পৈত্র+অহোরাত্র] পিতৃ লোকের দিবারাত্রি, মনুষ্যমানে একমাস।
পৈল, পুং. [পিল+অ] মুনিবিশেষ, ঋগ্বেদী দ্বিজ।
পৈশাচ, পুং. [পিশাচ+অ] অষ্টপ্রকার বিবাহান্তর্গত অষ্টম বিবাহ; (ত্রি.) পিশাচ সম্বন্ধীয়।
পৈশুন্য, ন. [পিশুন+য] পিশুনতা, খলতা, দশবিধ পাপান্তর্গত, বাঙ্ময় পাপবিশেষ; পরগ্লানি কথন, পরনিন্দা।
পৈষ্ট, ত্রি. [পিষ্ট+অ] পিষ্টসম্বন্ধীয়, পিষ্টবস্তুতে প্রস্তুত
পৈষ্টিক, ন. [পিষ্ট+ইক] পিষ্টসমূহ; মদ্যবিশেষ।
পৈষ্টী, স্ত্রী. [পিষ্ট+ঈ] বিবিধধান্যবিকার জাত মদিরা।
পো, (প্রা) পুত্র; পরিমাণবিশেষ, শেরের চতুর্থ ভাগৈকভাগ।
পোআ, (প্রা) শেরের চতুর্থভাগের একভাগ।
পোআতি, (প্রা) নবপ্রসূতাস্ত্রী, প্রসূতি, অন্তঃসত্ত্বা, গর্ব্বিণী।
পোঁচ, (প্রা) লেপন; মোছন; বালিচুন।
পোঁচন, (প্রা) লেপন; মোছন; খণ্ডন, নিরাকরণ।
পোঁচা, (প্রা) হাতেরকজা; পাঞ্জা; লেপিত; মার্জ্জিত
পোঁটা, (প্রা) নাড়ী, অন্ত্র, আঁত।
পোঁদ, (প্রা) গুহ্যদেশ, পায়ু; নিতম্ব, পাছা।
পোকা, (প্রা) কীট, কৃমি।
পোক্ত, (প্রা) পরিপক্ক, পাকা; সম্পূর্ণ।
পোখরাজ, (বাং) পীতসার, পীতমণি।
পোগণ্ড, পুং. [অপি+গড়-অ] দশবর্ষীয়বালক, শ্মশ্রুহীনযুবক; (ত্রি.) অপোগণ্ড, স্বভাবতঃ ন্যূনাধিকাঙ্গ, ঊনবিংশতি অঙ্গুলী অবধি একবিংশতি অঙ্গুলী পর্য্যন্ত পরিমিত মনুষ্য; বক্র; বিকলাঙ্গ।
পোঙ্গা, (প্রা) গুহ্যদেশ, পায়ু; নিতম্ব, পাছা।
পোট, পুং. [পুট+অ] বেশ্মভূমি; সংশ্লেষ; অগ্র, গোড়া; তলা; নীচ।
পোটগল, পুং. [পোট+গল] নল; তৃণবিশেষ, কাশ, কেশে; মৎস্য।
পোটলিকা, স্ত্রী. [পোটল+ইক-আ] সংশ্লিষ্ট বস্ত্রাদি, পুঁটলি, গাঁঠরি।
পোটা, স্ত্রী. [পোট+আ] পুরুষ লক্ষণযুক্তা স্ত্রী, দাড়ি গোঁপবিশিষ্টা স্ত্রী।
পোটিক, পুং. [পোট+ইক] বিস্ফোটক, ফোড়া।

পোট্টলিকা, স্ত্রী. [পোট্টল+ইক-আ] বস্ত্র বদ্ধদ্রব্য, পুটলি, গাঁঠরি।

পোট্টলী, স্ত্রী. [পোট্টল+ঈ] পোট্টলিকা, বস্ত্রবদ্ধদ্রব্য, পুঁটলি, গাঁঠরি।

পোড়ন, (প্রা) দহন, জ্বলন, ভস্ম হওন।

পোড়া, (প্রা) দগ্ধ, কৃতদাহ; জ্বলিত, ভস্মীভূত।

পোড়াকপালিয়া, (প্রা) দুর্ভাগ্য, মন্দকপাল যুক্ত।

পোড়ান, (প্রা) দাহন, দগ্ধকরণ, জ্বলান।

পোড়ানিয়া, (প্রা) দাহক, জ্বালানিয়া।

পোড়ু, পুং. [পুড়+উ] কপালের অস্থিতল।

পোত, পুং. স্ত্রী. [পু+ত] শিশু, শাবক, বৎস; (পুং.) বহিত্র, দাঁড়; তরণী, নৌকা; গৃহস্থান, পোত, বস্ত্র; দশবর্ষীয় হস্তী; সমুদ্রযান, জাহাজ।

পোতকী, স্ত্রী. [পূত+ক-ঈ] পূতিকা, পুঁইশাক; শ্যামাপক্ষী।

পোতজ, পুং. [পোত+জন-অ] হস্তী অশ্ব ইত্যাদি।

পোতদার, (যাং) পোদ্দার, বণিক, বেণে।

পোতন, (প্রা) মৃত্তিকায়, প্রবেশন, গাড়ন, প্রোথন।

পোতবণিক্, পুং. [পোত+বণিজ্] নৌকাদি দ্বারা বাণিজ্য কারক,বহিত্রদ্বারা বাণিজ্য কর্ত্তা, তৎপর্য্যায়।—সাংযাত্রিক, সমুদ্রযানচারী, নৌবাণিজ্য কর; সামুদ্রবাণিজক।

পোতবাহ, পুং. [পোত+বাহ] বহিত্রবাহক, দাঁড়ি, তৎপর্য্যায়।—নিয়ামক, নৌকাবাহক; নাবিক।

পোতবাহক, পুং. [পোত+বাহক] নৌকাবাহক, নাবিক, দাঁড়ী।

পোতরক্ষ, পুং. [পোত+রক্ষ] কেনিপাতক, হালি; মাজী। [বিশেষ।

পোতলকপ্রিয়, পুং. [পোতলক+প্রিয়] বুদ্ধ-

পোতা, পুং, [পু+তৃ] বিষ্ণু; ঋত্বিক, পুরোহিত; পৌত্র; মৃত্তিকায় প্রোথিত।

পোতাচ্ছাদন, ন. [পোত+আচ্ছাদন] বস্ত্র কুট্টিম।

পোতাধান, ন. [পোত+আধান] ক্ষুদ্রাণ্ড মৎস্যসমূহ, পোনা।

পোতিকা, স্ত্রী. [পোতিক+আ] পূতিকা, পুঁইশাক; শতপুষ্পা; মূলপোতী।

পোতাস, পুং. [পোত+অস] কর্পূরবিশেষ।

পোত্র, ন. [পু+ত্র] বস্ত্র; শূকর মুখাগ্র; লাঙ্গল মুখাগ্র; বহিত্র, জাহাজ; তরণী, নৌকা। [বরাহ।

পোত্রায়ুধ, পুং. [পোত্র+আয়ুধ] শূকর,

পোত্রিরথা, স্ত্রী. [পোত্রি+রথ-আ] জিন শক্তি বিশেষ।

পোত্রী, পুং. [পোত্র+ইন্] শূকর, বরাহ; (ত্রি.) পোত্রবিশিষ্ট।

পোদ, (প্রা) বর্ণসঙ্কর নীচজাতিবিশেষ।

পোদ্দার, (যাং) পোতদার, বণিক, বেণে।

পোনা, (প্রা) পোতাধান,ক্ষুদ্রং মৎস্যশাবক।

পোয়া, (প্রা) একপাদ, চতুর্থাংশ, শেরের চতুর্থভাগের একভাগ।

পোয়াতি, (প্রা) প্রসূতি, নবপ্রসূতা, অন্তঃসত্ত্বা। [করণ।

পোয়ান, (প্রা) ঘটাদি দাহস্থান; প্রভাত

পোয়াল, (প্রা) বিচিলি মর্দ্দিত খড়, পলখড়;

পোরাণ, (প্রা) পূর্ণকরণ, ভরণ।

পোলা, (প্রা) পুত্র; মৎস্যধারণ যন্ত্রবিশেষ।

পোলাত, (যাং) ইস্পাত, পরিষ্কার লৌহ।

পোলিকা, স্ত্রী. [পোল+ইক-আ] পিষ্টকবিশেষ, পাতলারোটী, তৎপর্য্যায়।—পুলিকা, পোলি, পুপিকা, পু-পলা।

পোলিন্দ, পুং. [পোল+ইন্দ] নৌকাবয়ববিশেষ, তরির এক অঙ্গ, তৎপর্য্যায়।—পাদারক।

পোলী, স্ত্রী. [পোল+ঈ] পিষ্টকবিশেষ, তৎপর্য্যায়।—পুপালী, চর্পটী।

পোলো, (প্রা) বৃহৎ মৎস্যধারণার্থ টৈটা।

পোশাক্, (যাং) উত্তম পরিচ্ছদবিশেষ।

পোষ, পুং. [পুষ+অ] পোষণ, প্রতিপালন।

পোষক, পুং. [পুষ+অক] পালক, ভরণকর্ত্তা; বাক্যের সাহায্যকারী।

পোষণ, ন. [পুষ+অন] পুষ্টি, প্রতিপালন, ভরণ; ধৃতি, ধৈর্য্য।

পোষয়িত্নু, পুং. [পুষ+ইত্নু] কোকিল; ভর্ত্তা, পতি; (ত্রি.) পোষণকর্ত্তা।

পোষা, (প্রা) পালিত, পোষিত, পালনকরা।

পোষাণ, (প্রা) রক্ষণ, পালন; পূরণ; সামলান।

পোষিত, ত্রি. [পুষ+ত] পালিত, রক্ষিত, প্রতিপালন করা।

পোষ্টা, পুং. [পুষ+তৃ] পূতীক, কাঁটা-করঞ্জ; (ত্রি.) পোষণকর্ত্তা।

পোষ্টৃবর, ত্রি. [পোষ্টৃ+বর] পোষকশ্রেষ্ঠ, প্রতিপালক প্রধান; পোষণকর্ত্তা।

পোষ্য, ত্রি. [পুষ+অ] পোষণীয়, পোষিতব্য, পাল্য প্রতিপালিতব্য।

পোষ্যপুত্র, পুং. [পোষ্য+পুত্র] পালনাদি-দ্বারা পুত্রত্বপ্রাপ্ত; দত্তকপুত্র।

পোষ্যবর্গ, পুং. [পোষ্য+বর্গ] প্রতিপাল-নীয়গণ, মাত্রাদি, যথা।—মাতা, পিতা, গুরু, পত্নী, অপত্য, সমাশ্রিত, অভ্যাগত, অতিথি, অগ্নি, অনাথ। ভগ্নীকন্যা ইত্যাদি।

পোস্ত, (বাং) অহিফেণবৃক্ষ; আফিমেরবীজ।

পোস্তা, (বাং) দুর্গ, গড়, পুলবন্দি।

পোহান, (প্রা) প্রভাতকরণ, প্রত্যূষহওন।

পৌংসবন, ন. [পুংসবন+অ] পুংসবন সংস্কার।

পৌংস্ন, ন. [পুংস্ন+অ] পুংস্ত্ব, পুংচিহ্ন, উপস্থ, লিঙ্গ, মেঢ্র, মেহন।

পৌগণ্ড, ন. [পোগণ্ড+অ] অবস্থাবিশেষ, দশমবর্ষ বয়স্ক।

পৌঁছন, (প্রা) উত্তরণ; প্রাপণ; উপস্থিত [হওন।

পৌঁছান, (প্রা) প্রেরণ, পাঠাইয়া দেওন।

পৌঢ়ি, (প্রা) সামর্থ্য; প্রগল্‌ভতা; বাদানুবাদ; অধ্যবসায়।

পৌণ্ডরীক, ন. [পুণ্ডরীক+অ] প্রপৌণ্ডরীক, শালপর্ণী পত্রের ন্যায় পত্র।

পৌণ্ডর্য্য, ন. [পুণ্ডর্য্য+অ] পুণ্ডর্য্য, শাল-পর্ণী পত্র তুল্যপত্র, পুণ্ডরিয়া।

পৌণ্ড্র, পুং. [পুণ্ড্র+অ] দেশবিশেষ, চন্দেল দেশ; ভীমসেনের শঙ্খ; ইক্ষুবিশেষ, পুঁড়িআক।

পৌণ্ড্রক, পুং. [পুণ্ড্র+ক] ইক্ষুবিশেষ, পুঁড়ি আকু; জাতিবিশেষ, পুঁড়ো ইহা শৌণ্ডি বার গর্ভে বৈশ্য ঔরসে জাত।

পৌণ্ড্রবর্দ্ধন, পুং. [পৌণ্ড্র+বর্দ্ধন] দেশ-বিশেষ, বেহার।

পৌণ্ড্রিক, পুং. [পুণ্ড্র+ইক] ইক্ষুবিশেষ, পুঁড়িআকু, তৎপর্য্যায়।—পুণ্ড্রেক্ষু, পুণ্ড্র, সেব্য, অতিরস, মধু।

পৌতন, ন. [পুতন্+অ] পরিমাণবিশেষ, মাপ, ওজন।

পৌতিনাসিক্য, ন. [পুতিনাসিকা+অ] দুর্গন্ধনাসিকা।

পৌত্তিক, ন. [পুত্তিকা+অ] পিঙ্গলবর্ণ পুত্তি-কাখ্য বৃহন্মক্ষিকাহৃত ঘৃতবর্ণ মধু।

পৌত্তলিক, ত্রি. [পুত্তল+ইক] প্রতিমাপূজক, সাকারোপাসক।

পৌত্র, পুং. [পুত্র+অ] পুত্রের পুত্র, নাতি, তৎপর্য্যায়।—নপ্তা।

পৌত্রিক, ত্রি. [পুত্র+ইক] পুত্র কিম্বা পৌত্র সম্বন্ধীয়।

পৌত্রিকেয়, পুং. [পুত্রিক+এয়] কন্যারপুত্র।

পৌত্রী, স্ত্রী. [পুত্র+ঈ] পুত্রাত্মজা, নাতিনী, তৎপর্য্যায়।—নপ্ত্রী।

পৌনঃপুন্য, ব্য. [পুনঃ+পুনঃ-য] পুনর্ব্বার, তৎপর্য্যায়।—বারম্বার, মুহুঃ, শশ্বৎ, অসকৃৎ, পুনঃ পুনঃ, বারম্বার, অভীক্ষ্ণ, প্রভীক্ষ্ণ।

পৌনঃপুনিক, ত্রি. [পুনঃ+পুনঃ-ইক] পুনঃ পুনর্ভব, বারংবার হওয়া।

পৌনরুক্ত, ন. [পুনঃ+উক্ত-অ] পুনরুক্তিতা, দ্বিরুক্তিতা, এক বাক্যের দুইবার কথন।

পৌনর্ভব, পুং. [পুনর্ভব+অ] দ্বাদশবিধ পুত্রের অন্তর্গত পুত্রবিশেষ, দ্বিরূঢ়ার সন্তান, পুনর্ভূ পুত্র।

পৌর, ন. [পুর+অ] রৌহিষ তৃণ, রামকর্পূর; (ত্রি.) নগর সম্বন্ধীয়।

পৌরক, পুং. [পৌর+ক] গৃহের বাহ্যোপ-বন, তৎপর্য্যায়।—নিষ্কুট, গৃহারাম, বাহ্যারাম।

পৌরস্ত্য, ত্রি. [পুরস্+ত্য] প্রথম, আদ্য।
পৌরাণিক, পুং. [পুরাণ+ইক] পুরাণবেত্তা; পুরাণমতাবলম্বী।
পৌরুষ, ন. [পুরুষ+অ] পুরুষত্ব, পুরুষের কর্ম্ম; পুরুষের তেজঃ, পুরুষ পরিমাণ।
পৌরুষেয়, পুং. [পুরুষ+এয়] সমূহ; বধ; পুরুষের পদান্তর; (ত্রি.) পুরুষ কৃত; পুরুষ বিকার।
পৌরোগব, পুং. স্ত্রী. [পুরস্+গো] পাকশালাধ্যক্ষ; পাচক, পাককর্ত্তা।
পৌরোডাশ, পুং, [পুরোডাশ+অ] পুরোডাশ সহচরিত মন্ত্র।
পৌরোডাশক, পুং. [পুরোডাশ+ইক] পুরোডাশ ব্যাখ্যাত।
পৌরোহিত্য, ন. [পুরোহিত+য] পুরোহিতের কর্ম্ম, যাজকতা, যাজন ক্রিয়া।
পৌর্ণমাস, পুং. [পূর্ণমাস+অ] যাগবিশেষ।
পৌর্ণমাসী, স্ত্রী. [পৌর্ণমাস+ঈ] পূর্ণিমা, শুক্লপক্ষের পঞ্চদশ তিথি; বৃন্দাবনের অধিষ্ঠাত্রী।
পৌর্ব্বাহ্নিক, ত্রি. [পূর্ব্বাহ্ণ+ইক] পূর্ব্বাহ্ণ ভব: পূর্ব্বাহ্ণ সম্বন্ধীয়।
পৌলস্ত্য, পুং. [পুলস্ত+য] কুবের: রাবণ; কুম্ভকর্ণ, বিভীষণ। [পৌলস্ত্য পুত্র।
পৌলস্তী, স্ত্রী. [পুলস্ত+ঈ] সূর্পণখা রাক্ষসা;
পৌলি, পুং. [পুল+ই] পাকাবস্থাগত কলায়াদি; আরক্তপাক যব সর্ষপাদি; বহ্নি দ্বারা ঈষদ্দগ্ধ চুট্‌চুট্‌ শব্দ বিশিষ্ট, দরদগ্ধ, তৎপর্য্যায়।—আপক্ক, অভ্যূষ, অভ্যুস, অভ্যোষ।
পৌলোমী, স্ত্রী. [পুলোম+ঈ] শচী, ইন্দ্রাণী।
পৌষ, পুং. [পুষ+অ] বৈশাখাদি দ্বাদশ মাসান্তর্গত নবম মাস, যে মাসেতে পুষ্যানক্ষত্রযুক্তা পৌর্ণমাসী হয়, তৎপর্য্যায়।—তৈষ, সহস্য, পৌষিক, হৈমন, তিষ্য, তিষ্যক
পৌষী, স্ত্রী. [পৌষ+ঈ] পুষ্যানক্ষত্রযুক্তা পূর্ণিমা, পৌষমাসীয় পূর্ণিমা; পুষ্যানক্ষত্রযুক্তা রাত্রি।
পৌষ্কর, ন. [পুষ্কর+অ] পুষ্কর মূল।
পৌষ্করমূল, ন. [পুষ্কর+মূল] পুষ্করমূল।
পৌষ্করিণী, স্ত্রী. [পুষ্কর+ইন-ঈ] পুষ্করিণী।
পৌষ্টিক, ন. [পুষ্ট+ইক] ক্ষৌর সময়ে গাত্রাচ্ছাদন বস্ত্র বিশেষ, কাবাই; পুষ্টিবর্দ্ধক, কর্ম্ম।
পৌষ্প, ত্রি. [পুষ্প+অ] পুষ্পনির্ম্মিত; পুষ্প সম্বন্ধীয়
পৌষ্পক, ন. [পুষ্প+ক] কুসুমাঞ্জন।
পৌষ্পী, স্ত্রী. [পৌষ্প+ঈ] দেশবিশেষ; (ত্রি.) পুষ্প সম্বন্ধীয়।
পৌষ্য, পুং. [পুষ+য] পূষপুত্র, করবীর পুরের রাজা চন্দ্রশেখরের পিতা।
প্যাঁচ, (প্র) ঘূর্ণিত কল, পাক।
প্যাট, ব্য. হে; ভো।
প্র, ব্য. উপসর্গ, বিংশতি উপসর্গান্তর্গত প্রথমোপসর্গ, অগ্রার্থগতি; আরম্ভ; উৎকর্ষ; সর্ব্বতোভাব; প্রাথম্য; খ্যাতি; উৎপত্তি; ব্যবহার।
প্রকট, ত্রি. [প্র+কট] স্পষ্ট, তৎপর্য্যায়।—দ্যোত, আতপ।
প্রকটিত, ত্রি. [প্রকট+ইত] প্রকাশিত, ব্যক্ত, স্পষ্ট।
প্রকম্পন, পুং. [প্র+কম্পন] বায়ু; নরকবিশেষ; (ন.) অতিশয় কম্পন।
প্রকর, ন. [প্র+কর] অগুরু; (পুং.) সমূহ; বিকীর্ণ কুসুমাদি
প্রকরণ, ন. [প্র+করণ] প্রস্তাব; অভিনেয় প্রকার; রূপকভেদ; গ্রন্থের সন্ধি; পাদ, একার্থাবচ্ছিন্ন সূত্র সমূহ; প্রসঙ্গ; কাণ্ড, বিষয়; অধ্যায়, পরিচ্ছেদ।
প্রকরী, স্ত্রী. [প্রকর+ঈ] নাট্যাঙ্গ; চত্বরভূমি, অঙ্গিনা, উঠান।
প্রকর্ষ, পুং. [প্র+কর্ষ] উৎকর্ষ, উত্তমতা; প্রশস্ত।
প্রকর্ষিত, ত্রি. [প্র+কর্ষিত] আকর্ষিত, স্থাপিত; উত্তমাবস্থা প্রাপিত।
প্রকাণ্ড, পুং.ন. [প্র+কাণ্ড] মূল হইতে শাখা অবধি বৃক্ষেরভাগ, গুঁড়ী, গাছের-গোড়া, তৎপর্য্যায়।—স্কন্ধ, কাণ্ড, দণ্ড; বিটপ; শস্ত।

প্রকাণ্ডকায়, ত্রি. [প্রকাণ্ড+কায়] প্রকাণ্ড শরীর, বৃহদ্দেহযুক্ত।

প্রকাণ্ডর, পুং. [প্রকাণ্ড+র] বৃক্ষ, দ্রুম, তরু।

প্রকাম, ত্রি. [প্র+কাম] যথেপ্সিত, যথেষ্ট।

প্রকার, পুং. [প্র+কার] ভেদ; সাদৃশ্য; বিশেষ; ধারা।

প্রকারান্তর, ত্রি. [প্রকার+অন্তর] অন্যবিধ, অন্যপ্রকার। [সময়।

প্রকাল, পুং. [প্র+কাল] বহুকাল; প্রসিদ্ধ

প্রকাশ, ন. [প্র+কাশ] কাংশ্য, কাঁসা; (পুং.) রৌদ্র, তৎপর্য্যায়।—দ্যোত, আতপ, দীপ্তি, রোচিস্, ত্বিষ্, ওজস্, ভাস্, রুচিঃ, বিভা, আলোক, তেজঃ, রুক্; প্রদীপ্ত, তৎপর্য্যায়।—স্ফুট, স্পষ্ট, প্রকট, উল্বণ, ব্যক্ত, প্রব্যক্ত, উদ্রিক্ত; প্রহাস; অতি প্রসিদ্ধ; পরিস্কার; বিকাস; উদয়ত্বিষ।

প্রকাশক, ত্রি. [প্রকাশ+অক] প্রকাশকর্ত্তা, দীপ্তিকারক।

প্রকাশকজ্ঞাতা, পুং. [প্রকাশক+জ্ঞাতৃ] কুক্কুট; (ত্রি.) প্রকাশক জ্ঞান কর্ত্তা।

প্রকাশন, ন. [প্রকাশ+অন] প্রচারকরণ, ব্যক্তকরণ।

প্রকাশনীয়, ত্রি. [প্রকাশ+অনীয়] প্রকাশ্য, প্রকাশের যোগ্য।

প্রকাশাত্মা, পুং. [প্রকাশ+আত্মন্] সূর্য্য, দিবাকর; (ত্রি.) ব্যক্ত স্বভাব।

প্রকাশার্হ, ত্রি. [প্রকাশ+অর্হ] প্রকাশযোগ্য, ব্যক্তকরণোপযুক্ত।

প্রকাশিত, ত্রি. [প্রকাশ+ত] প্রকাশবিশিষ্ট, তৎপর্য্যায়।—দর্শিত, আবিষ্কৃত, প্রকটিত; উদিত, ব্যক্তীভূত।

প্রকাশ্য, ত্রি. [প্রকাশ+য] প্রকাশ করণের যোগ্য প্রকটনীয়।

প্রকীর্ণ, ন. [প্র+কীর্ণ] গ্রন্থবিচ্ছেদ; চামর; (পুং.) পূতিকরঞ্জ; (ত্রি.) বিক্ষিপ্ত; বিস্তৃত, ছড়ান; নানাপ্রকার মিশ্রিত।

প্রকীর্ণক, ন. [প্র+কীর্ণক] চামর; বিস্তার; গ্রন্থবিচ্ছেদ; পাপবিশেষ; (পুং.) তুরঙ্গম, ঘোটক।

প্রকীর্ত্তন, ন. [প্র+কীর্ত্তন] প্রস্তাবন; বর্ণন, কথন। [ভাষিত, উক্ত।

প্রকীর্ত্তিত, ত্রি. [প্র+কীর্ত্তিত] কথিত,

প্রকীর্য্য, পুং. [প্র+কীর্য্য] করঞ্জভেদ, নাটাকরঞ্জ; রীঠাকরঞ্জ, ঘৃতকরঞ্জ।

প্রকুপিত, ত্রি. [প্র+কুপিত] ক্রোধান্বিত।

প্রকুল, ন. [প্র+কুল] প্রশস্তবপুঃ, বিস্তৃতদেহ

প্রকৃত, ত্রি. [প্র+কৃত] প্রকরণপ্রাপ্ত; প্রকর্ষে কৃত; অবিকৃত; যথার্থ, সত্য, বাস্তবিক।

প্রকৃততা, [প্রকৃত+ত-আ] প্রকৃতত্ব, যথার্থতা; উপযুক্ততা

প্রকৃতার্থিক, ত্রি. [প্রকৃত+অর্থিক] যাথার্থিক; ধার্ম্মিক; সরল।

প্রকৃতি, স্ত্রী. [প্র+কৃতি] স্বভাব; যোনি; লিঙ্গ; স্বামী; অমাত্য; সুহৃৎ; কোষ; রাষ্ট্র; দুর্গ; বল; পুরবাসিসমূহ; শিল্পী; শক্তি; যোষিৎ, স্ত্রী; পরমাত্মা; পঞ্চভূত, যথা।—ক্ষিতি, অপ, তেজঃ, বায়ু, আকাশ; করণ; গুহ; জন্তু; এক বিংশত্যক্ষর পাদছন্দোবিশেষ; মাতা; প্রত্যয়ের প্রথম; সত্ত্বরজস্তম গুণের সাম্যাবস্থা, তৎপর্য্যায়।—প্রধান, মায়া, শক্তি, চৈতন্য; ভগবানের মায়ানাম শক্তি।

প্রকৃতিসিদ্ধ, ত্রি. [প্রকৃতি+সিদ্ধ] স্বভাবজাত, স্বাভাবিক।

প্রকৃষ্ট, ত্রি. [প্র+কৃষ্ট] প্রকর্ষযুক্ত, শ্রেষ্ঠ, তৎপর্য্যায়।—মুখ্য, প্রমুখ, প্রবর্হ, বর্য্য, বরেণ্য, প্রবর, পুরোগ, অনুত্তর, প্রাগ্রহর, প্রবেক, প্রধান, অগ্রেসর, উত্তম, অগ্র, গ্রামণী, অগ্রণী, অগ্রিম, জাতা, অগ্র্য, অনুত্তম, অনবরার্দ্ধ্য, শ্রেষ্ঠ, পরার্দ্ধ্য, পর।

প্রকোপ, পুং. [প্র+কোপ] ক্রোধকরণ।

প্রকোষ্ঠ, পুং. [প্র+কোষ্ঠ] কফোণির অধো মণিবন্ধ পর্য্যন্ত হস্তভাগ, বাহুর অধোভাগ; গৃহদ্বার পিণ্ডক, বীথী, বৃহদ্দ্ব।

প্রকৃথর, পুং. [প্র+কৃথর] অশ্বেরকবচ; প্রখর, প্রক্ষর পাঠ।

প্রক্রন্তা, ত্রি. [প্র+ক্রন্ত] উপক্রমকর্ত্তা, আরম্ভ কর্ত্তা।

প্রক্রম, পুং. [প্র+ক্রম] ক্রম; অবসর; প্রথমারম্ভ, উপক্রম, উদ্যোগ, অনুষ্ঠান।

প্রক্রান্ত, ত্রি. [প্র+ক্রান্ত] প্রকরণস্থ; আরব্ধ; অনুষ্ঠিত।

প্রক্রিয়া, স্ত্রী. [প্র+ক্রিয়া] রাজাদিগের চামর বাজন ও ছত্র ধারণাদি ব্যাপার, তৎপর্য্যায়।—অধিকার, অধীকার, নিয়ত বিধি; প্রকৃষ্টকার্য্য, দৈবচেষ্টা; দৈবকর্ম্ম।

প্রক্লিন্ন, ত্রি. [প্র+ক্লিন্ন] তৃপ্ত, তুষ্ট; অতিশয় ক্লেদযুক্ত।

প্রক্বণ, পুং. [প্র+ক্বণ] বীণার কণিত; বীণাশব্দ, তৎপর্য্যায়।—প্রক্বাণ, সুক্বাণ, সুক্বণ, উপক্বাণ, উপক্বণ। [শব্দ।

প্রক্বাণ, পুং. [প্র+ক্বাণ] প্রক্বণ, বীণাদির

প্রখর, পুং. [প্র+খর] হয় সন্নাহ; কুক্কুর; অশ্বতর; (ত্রি.) অত্যন্ত খর।

প্রখরজ্যোতিঃ, পুং. [প্রখর+জ্যোতিস্] উগ্ররশ্মি; সূর্য্য।

প্রখরবুদ্ধি, স্ত্রী. [প্রখর+বুদ্ধি] তীক্ষ্ণবুদ্ধি, সূক্ষ্মবুদ্ধি ব্যক্তি।

প্রখ্য, ত্রি. [প্র+খ্য] তুল্যার্থবাচক, সদৃশ।

প্রখ্যাত, ত্রি. [প্র+খ্যাত] প্রকৃষ্ট খ্যাতিযুক্ত, বিখ্যাত ব্যক্তি।

প্রখ্যাতবপ্তৃক, পুং. [প্রখ্যাত+বপ্তৃক] বিখ্যাতপিতৃক। [বিখ্যাতি।

প্রখ্যাতি, স্ত্রী. [প্র+খ্যাতি] প্রকৃষ্টকীর্ত্তি,

প্রগণ্ড, পুং. [প্র+গণ্ড] বাহুর উপরিভাগ, কনুইঅবধি বগলপর্য্যন্ত।

প্রগণ্ডী, স্ত্রী. [প্র+গণ্ড+ঈ] বহিঃপ্রাকার; দুর্গ প্রাকার ভিত্তিতে বলীদিগের উপবেশন স্থান।

প্রগত, ত্রি. [প্র+গত] বিস্তৃত; বৃদ্ধি প্রাপ্ত।

প্রগতজানু, ত্রি. [প্রগত+জানু] প্রগত জানুক, বক্রপদ, খঞ্জবিশেষ; (ত্রি.) যাহার জানুর মধ্যে নিত্য মহদন্তরাল, পাকারাকৃ ব্যক্তি, তৎপর্য্যায়।—প্রজ্ঞ, প্রগতজানু।

প্রগন্ধ, পুং. [প্র+গন্ধ] পর্প্পট।

প্রগল্ভ, ত্রি. [প্র+গল্ভ] প্রত্যুৎপন্ন মতি, তৎপর্য্যায়।—প্রতিভান্বিত; দাম্ভিক; ব্যাপক।

প্রগল্ভতা, স্ত্রী. [প্রগল্ভ+ত-আ] প্রগল্ভের স্বভাব, প্রাগল্ভ্য, তৎপর্য্যায়।—উৎসাহ, অভিযোগ, উদ্যম, প্রৌঢ়ি, উদ্যোগ, কিয়দেতিকা, অধ্যবসায়, উর্জ্জ; ব্যাপকতা; দাম্ভিকতা।

প্রগল্ভা, স্ত্রী. [প্রগল্ভ+আ] নায়িকাবিশেষ; ব্যাপিকা; দাম্ভিকা।

প্রগাঢ়, ত্রি. [প্র+গাঢ়] ভৃশ; কৃচ্ছ্র; দৃঢ়, শক্ত।

প্রগাঢ়তা, স্ত্রী. [প্র+গাঢ়তা] দৃঢ়তা; গভীরতা।

প্রগাতা, ত্রি. [প্র+গাতৃ] উত্তমগায়ক, উৎকৃষ্ট গীতকারী, সুগায়ক।

প্রগুণ, ত্রি. [প্র+গুণ] ঋজু, সরল; (ন.) উত্তম স্বভাব।

প্রগৃহ্য, ত্রি. [প্র+গৃহ্য] সন্ধিরহিত পদ।

প্রগে, ব্য. প্রাতঃকালে, প্রত্যুষে।

প্রগেতন, ত্রি. [প্রগে+তন] প্রগেভব, প্রাতর্ভব, প্রাতঃকালীন, শ্বস্তন।

প্রগ্রহ, পুং. [প্র+গ্রহ] তুলাসূত্র; অশ্বাদির রশ্মি, লাগাম, রজ্জু; বন্দী, স্তুতিপাঠক. নিয়মন; ভুজ; রশ্মি; সুবর্ণালু মহীরুহ; কর্ণিকার বৃক্ষ।

প্রগ্রাহ, পুং. [প্র+গ্রাহ] প্রগ্রহ, অশ্বাদির রশ্মি, লাগাম, রজ্জু।

প্রগ্রীব, পুং. ম, [প্র+গ্রীব] গৃহাদির প্রান্তে ধারণ দারুপংক্তি; বাতায়ন, গবাক্ষদ্বার, ঝরকা; সুখশালা; অশ্বশালা, মন্দুরা, আস্তাবল; ক্রমশীর্ষকর।

প্রঘটাবিৎ, ত্রি. [প্র+ঘটা-বিদ্] শাস্ত্রগণ্ড।

প্রঘণ, পুং. [প্র+ঘণ] বহির্দ্বার প্রকোষ্ঠক, বাহিরের বারাণ্ডা, তৎপর্য্যায়।—প্রঘাণ, অলিন্দ, আলিন্দ; তাম্রকুণ্ড; লৌহ মুদ্গর।

প্রঘন, পুং. [প্র+ঘন] প্রঘণ; অলিন্দ, বাহিরের বারাণ্ডা; তাম্রকুণ্ড; লৌহ মুদ্গর।

প্রঘস, পুং. [প্র+ঘস] অসুর, দৈত্য।

প্রঘাণ, পুং. [প্র+ঘাণ] প্রঘণ, অলিন্দ, বাহিরের বারাণ্ডা; তাম্রকুণ্ড; লৌহ মুদ্গার। [প্রকৃষ্ট আঘাত।

প্রঘাত, পুং. [প্র+ঘাত] যুদ্ধ, সংগ্রাম, রণ;

প্রঘান, পুং. [প্র+ঘান] প্রঘণ, অলিন্দ, বাহিরের বারাণ্ডা; তাম্রকুণ্ড; লৌহ মুদ্গার।

প্রঘূর্ণ, পুং. [প্র+ঘূর্ণ] অতিথি; (ত্রি.) অতিশয় ঘূর্ণনিযুক্ত।

প্রঘোষক, পুং. [প্র+ঘোষক] ধ্বনি, শব্দ, নাদ; ঘোষণাকারী ব্যক্তি।

প্রঘোষবান্, পুং. [প্রঘোষ+বৎ] ঘোষণাকারী ব্যক্তি। [সেনা।

প্রচক্র, ন. [প্র+চক্র] চলিত সৈন্য, প্রস্থিত

প্রচণ্ড, পুং. [প্র+চণ্ড] শ্বেতকরবীর; (ত্রি.) দুর্ব্বহ, দুর্দ্ধর্ষ; অত্যুগ্র; প্রগল্ভ, প্রতাপী।

প্রচণ্ডমূর্ত্তি, স্ত্রী. [প্রচণ্ড+মূর্ত্তি] বরুণবৃক্ষ; প্রতাপযুক্ত শরীর, উগ্রমূর্ত্তি, ভয়ানক আকার।

প্রচণ্ডা, স্ত্রী. [প্র+চণ্ড-আ] ভগবতীর নায়িকা বিশেষ; শ্বেতদূর্ব্বা; ভয়ঙ্করমূর্ত্তিবিশিষ্টাস্ত্রী

প্রচয়, পুং. [প্র+চয়] সমূহ, রাশি, সকল; শিথিলাখ্য সংযোগ, পরিমাণে অনেক।

প্রচর, পুং. [প্র+চর] পন্থা, পথ; প্রকর্ষে গমন।

প্রচরদ্রূপ, ত্রি. [প্রচরৎ+রূপ] ব্যক্তরূপ, প্রচারবিশিষ্ট; সর্ব্বত্র চলিত, প্রচলিত।

প্রচলন, ন. [প্র+চলন] প্রচার, সর্ব্বগ্রাহ্যতা।

প্রচলাক, পুং. [প্র+চলাক] শরাঘাত; শিখণ্ড, ময়ূর; ভুজঙ্গম, সর্প।

প্রচলাকী, পুং. [প্রচল+অকিন্] ময়ূর, শিখী, কলাপী। [ঘূর্ণিত।

প্রচলায়িত, ত্রি. [প্র+চলায়িত] নিদ্রাদিদ্বারা

প্রচলিত, ত্রি. [প্র+চলিত] প্রসিদ্ধ; সর্ব্বত্র গৃহীত; চঞ্চল। [গুরু।

প্রচক্ষ্, পুং. [প্র+চক্ষস] বৃহস্পতি, দেব-

প্রচার, পুং. [প্র+চার] প্রচরণ, ব্যক্ত, প্রকাশ; ঘোষণা; গবাদি পালন।

প্রচারক, ত্রি. [প্র+চারক] প্রকাশক; ব্যক্ত কারক। [প্রকাশক।

প্রচারণ, ন. [প্র+চারণ] ব্যক্তকরণ, প্রকাশ করণ; চরাওন।

প্রচুর, ত্রি. [প্র+চুর] অনেক, তৎপর্য্যায়।—প্রভূত, প্রাজ্য, অদভ্র, বহুল, বহু, পুরুহ, পুরু, ভূয়িষ্ঠ, স্ফির, ভূয়, ভূরি।

প্রচুরতা, স্ত্রী. [প্রচুর+ত-আ] বাহুল্য, আধিক্য। [আধিক্য।

প্রচুরত্ব, ন. [প্রচুর+ত্ব] যথেষ্টতা, বাহুল্য

প্রচুরপুরুষ, পুং. [প্রচুর+পুরুষ] চৌর, তস্কর; ব্যক্তিসমূহ।

প্রচেতসী, স্ত্রী. [প্রচেতস্+ঈ] কট্ফল; প্রচেতামুনির কন্যা।

প্রচেতাঃ, পুং. [প্র+চেতস্] বরুণ; মুনিব্রহ্মপুত্রবিশেষ; প্রকৃষ্টচিত্ত; প্রাচীন বর্হিরাজার পুত্র; প্রজাপতি।

প্রচেতা, পুং. [প্র+চেতৃ] রথবাহক সারথি

প্রচেল, ন. [প্র+চেল] সুগন্ধিকাষ্ঠবিশেষ, পীতকাষ্ঠ; প্রকৃষ্টবস্ত্র। [উত্তমবস্ত্র।

প্রচেলক, পুং. [প্র+চেলক] ঘোটক, অশ্ব;

প্রচোদন, ন. [প্র+চোদন] বাক্প্রয়োগ, কথন। [বৃক্ষ।

প্রচোদনী, স্ত্রী. [প্র+চোদনী] কণ্টকারী

প্রচোদিত, ত্রি. [প্র+চোদিত] প্রেরিত নিয়োজিত, গমনানুমতি প্রাপ্ত; সম্যক্ কথিত।

প্রচ্যুত, ত্রি. [প্র+চ্যুত] পতিত; ক্ষরিত।

প্রচ্ছক, ত্রি. [প্রচ্ছ+অক] প্রশ্নকর্ত্তা, জিজ্ঞাসক। [বস্ত্র।

প্রচ্ছদ, পুং. [প্র+ছদ] আচ্ছাদন, উত্তরীয়-

প্রচ্ছদপট, পুং. [প্রচ্ছদ+পট] উত্তরীয়বসন; পাছুড়ি, তৎপর্য্যায়।—নিচোল, নিচুল, নিচোলী।

প্রচ্ছনা, স্ত্রী. [প্রচ্ছ+অন-আ] আমন্ত্রণ, নিমন্ত্রণ।

প্রচ্ছন্ন, [প্র+ছন্ন] অন্তর্দ্বার; (ত্রি) আচ্ছাদিত, আচ্ছন্ন; গুপ্ত।

প্রচ্ছন্নরূপে, বা. [প্রচ্ছন্ন+রূপে] গুপ্তরূপে, গোপনভাবে।

প্রচ্ছর্দ্দিকা, স্ত্রী. [প্র+ছর্দ্দিকা] বমি, বমন,

প্রচ্ছাদন, ন [প্র+চ্ছাদন] উত্তরীয়বস্ত্র, তৎ-পর্য্যায়।—প্রাবরণ, সংব্যান, উত্তরীয়ক।

প্রচ্ছাদিত, ত্রি. [প্র+চ্ছাদিত] আচ্ছাদিত, আবৃত। [প্রজাবান্‌পুরুষ।

প্রজ, পুং. [প্র+জন-অ] পতি, স্বামী, ভর্ত্তা।

প্রজন, পুং. [প্র+জন] উপসর; স্ত্রী গবাদিতে পুঙ্গবাদির প্রথম গর্ভাধানের নিমিত্ত মৈথুনাভিযোগ; (ন.) পশুদিগের গর্ভগ্রহণকাল; গাভীদিগের প্রথম গর্ভগ্রহণাভিযোগ; স্ত্রীগবীতে পুঙ্গবাদির প্রথম গমন; যোনি; জন্ম, উৎপত্তি।

প্রজনন, ন. [প্র+জনন] যোনি; জন্ম, উৎপত্তি, প্রগম।

প্রজনিকা, স্ত্রী. [প্র+জনিকা] মাতা, জননী।

প্রজনিষ্ণু, ত্রি. [প্রজন+ইষ্ণু] উৎপত্তি; উৎপত্তিমৎ।

প্রজব, পুং. [প্র+জব] প্রকৃষ্টবেগ; অতিশয় বেগ।

প্রজবী, ত্রি. [প্র+জবিন্‌] প্রকৃষ্ট বেগযুক্ত, অতিশয় বেগ বিশিষ্ট।

প্রজল্প, পুং. [প্র+জল্প] বাক্যবিশেষ; গল্প।

প্রজা, স্ত্রী. [প্র+জন-আ] সন্ততি, সন্তান; অধিকারস্থিত, জন; রাষ্ট্রকৃত

প্রজাগর, পুং. [প্র+জাগর] অতিশয় জাগরণ; অতিশয় চিন্তা।

প্রজাতা, স্ত্রী. [প্র+জাত-আ] জাতাপত্যা, প্রসূতা; কন্যাপ্রজা।

প্রজাদা, স্ত্রী. [প্রজা+দা] গর্ভদাত্রী ক্ষুপ; (ত্রি.) প্রজা দাতৃ।

প্রজাদান, ন. [প্রজা+দান] রজত, রৌপ্য, রূপা। [কর্ম্ম।

প্রজাধর্ম্ম, পুং. [প্রজা+ধর্ম্ম] প্রজারকর্ত্তব্য

প্রজানত, ত্রি. [প্র+জানত্‌] বিজ্ঞ, জ্ঞানী।

প্রজানন্তী, স্ত্রী. [প্র+জানন্তী] পণ্ডিতা, প্রাজ্ঞী, বিজ্ঞা।

প্রজাপ, পুং. [প্রজা+পা-অ] রাজা, নৃপ, ভূপতি; পিতা।

প্রজাপতি, পুং. [প্রজা+পতি] ব্রহ্মা; দক্ষকশ্যপাদি; মহীপাল; জামাতা; দিবাকর, বহ্নি, ত্বষ্টা, দশপ্রজাপতি, যথা।—মরীচি, অত্রি, অঙ্গিরাঃ, পুলস্ত্য, পুলহ, ক্রতু, প্রচেতাঃ, বশিষ্ঠ, ভৃগু, নারদ; একবিংশতি প্রজাপতি, যথা।—ব্রহ্মা, স্থাণু, মনু, দক্ষ, ভৃগু, ধর্ম্ম, যম, মরীচিঃ, অঙ্গিরা, অত্রি, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ, পরমেষ্ঠী, বিবস্বান্‌, সোম, কর্দ্দম, ক্রোধ, অর্ব্বাক্‌, ক্রীত; পিতা; স্বনামখ্যাত কীটবিশেষ।

প্রজাবতী, স্ত্রী. [প্রজা+বৎ-ঈ] ভ্রাতৃজায়া; জ্যেষ্ঠভ্রাতৃপত্নী; পুত্রবতী, সন্তানবিশিষ্টা।

প্রজাবর্গ, পুং. [প্রজা+বর্গ] প্রজাসমূহ, অধিকারস্থিত জনসমূহ।

প্রজাবিতা, পুং. [প্রজা+বিতৃ] প্রজাপালনকর্ত্তা।

প্রজাবৃদ্ধি, স্ত্রী. [প্রজা+বৃদ্ধি] বংশবৃদ্ধি; প্রজাসম্বর্দ্ধন।

প্রজাসেয়মন, ত্রি. [প্রজা+সেয়মন] প্রজাধ্বংসকরণ; (পুং.) প্রজাপীড়ক।

প্রজাহিত, ন. [প্রজা+হিত] জল; (ত্রি.) প্রজোপকার।

প্রজিন, পুং. [প্র+জিন] বায়ু, অনিল বাতাস।

প্রজীন, পুং. [প্র+জীন] বায়ু, অনিল, বাতাস।

প্রজীবন, ন. [প্র+জীবন] জীবনোপায়।

প্রজুট, ত্রি. [প্র+জুষ্‌+ত] আসক্ত; ভক্তিমান। ।নৃপতি।

প্রজেশ্বর, পুং. [প্রজা+ঈশ্বর] রাজা, ভূপতি,

প্রজ্ঞ, ত্রি. [প্র+জ্ঞা-অ] পণ্ডিত, বুদ্ধিমান্‌, বিজ্ঞ, প্রবীণ; প্রগতজ্ঞানুক।

প্রজ্ঞপ্তি, স্ত্রী. [প্র+জ্ঞপ্তি] সঙ্কেত; জ্ঞাতকরণ, বিজ্ঞাপন।

প্রজ্ঞপ্তী, স্ত্রী. [প্র+জ্ঞপ্তি-ঈ] জিনবিদ্যা দেবীবিশেষ।

প্রজ্ঞা, স্ত্রী. [প্র+জ্ঞা] বুদ্ধি, তদ্বৈদিক পর্য্যায়।—কেতু, কেত, চেতঃ, চিত্ত, ক্রতু, অসু, ধী, শচী, মায়া, বয়ুন, অভিখ্যা; প্রাজ্ঞী; সরস্বতী।

প্রজ্ঞাকায়, পুং. [প্রজ্ঞা+কায়] মঞ্জুঘোষ।

প্রজ্ঞাচক্ষুঃ, পুং. [প্রজ্ঞা+চক্ষুস্] ধৃতরাষ্ট্র, দুর্য্যোধনের পিতা, (ত্রি.) বুদ্ধিমান, যে জ্ঞানদৃষ্টিদ্বারা অবলোকন করে।

প্রজ্ঞাত, ত্রি. [প্র+জ্ঞাত] বিখ্যাত, জানিত।

প্রজ্ঞান, ন. [প্র+জ্ঞান] বুদ্ধি; চিহ্ন; (ত্রি.) পণ্ডিত।

প্রজ্ঞাবৎ, ত্রি. [প্রজ্ঞা + বৎ] প্রজ্ঞাবিশিষ্ট, বুদ্ধিমান।

প্রজ্ঞাহীন, ত্রি. [প্রজ্ঞা+হীন] প্রজ্ঞাশূন্য, বুদ্ধিহীন, ধী শক্তিরহিত।

প্রজ্ঞী, ত্রি. [প্রজ্ঞা+ইন্] পণ্ডিত, বিদ্বান্, জ্ঞানী।

প্রজ্ঞু, পুং. [প্র+জ্ঞু] প্রগতজান্বুক।

প্রজ্বলন, ন. [প্র+জ্বলন] উদ্দীপন; দহন।

প্রজ্বলিত, ত্রি. [প্র+জ্বলিত] প্রকৃষ্ট জ্বলনবিশিষ্ট, জ্বলন্ত।

প্রজ্বাল, পুং. [প্র + জ্বাল] মহাক্রোধী; উদ্দীপ্তবহ্নি।

প্রডীন, ন. [প্র+ডীন] পক্ষীদিগের গতিবিশেষ; প্রথমডীন, তির্য্যগ্গমন।

প্রণ, পুং. [প্র+ণ] পুরাণ, পুরাতন, বহুকালীন।

প্রণত, ত্রি. [প্র+নত] প্রকর্ষেণনত, প্রণতিবিশিষ্ট, কৃতপ্রণাম, চরণেপতিত; নম্র।

প্রণতি, স্ত্রী. [প্র+নতি] প্রণামী, তৎপর্য্যায়। প্রণিপাত, অনুনয়; নম্রভাব; নমস্কার।

প্রণদিত, ত্রি. [প্র+নদিত] শব্দকরণ।

প্রণব, পুং. [প্র+নব] ওঁকার, তৎপর্য্যায়।— তার, বেদাদি, বেদাদ্য, বর্ত্তুল, ধ্রুব, ত্রৈগুণ্য, ত্রিগুণ, ব্রহ্ম, সত্য, মন্ত্রাদি, অব্যয়, ব্রহ্মবীজ, ত্রিতত্ত্ব, পঞ্চরশ্মি, ত্রিদৈবত; মন্ত্রসেতু।

প্রণয়, পুং. [প্র+নয়] প্রীতিযুক্ত প্রার্থনা, তৎপর্য্যায়।—প্রশ্রয়, প্রসর, প্রসব, যাচ্ঞা; বিশ্রম্ভ; নির্ব্বাণ; প্রেম, প্রীতি, অনুরাগ, আনুরক্তি, ভালবাসা।

প্রণয়ন, ন. [প্র+নয়ন] রচন, প্রস্তুতকরণ; সংস্কার করণ।

প্রণয়মান, পুং. [প্রণয়+মান] প্রচালিত।

প্রণয়ান, পুং. [প্র+নয়ান] প্রণয়ের বিবাদ, পিরিতের ঝকড়া।

প্রণয়িনী, স্ত্রী. [প্রণয়িন্+ঈ] ভার্য্যা, প্রেমাস্পদ বনিতা, অঙ্গনা, স্ত্রী।

প্রণয়ী, পুং. [প্রণয়+ইন্] স্বামী; (ত্রি.) প্রণয়যুক্ত, কৃতপ্রেমা, অনুরাগী অনুরক্ত।

প্রণষ্ট, ত্রি. [প্র+নষ্ট] অতিশয় নাশযুক্ত, বিনষ্ট; অপচিত, অপহৃত।

প্রণাদ, পুং. [প্র+নাদ] অনুরাগ জন্য মুখ কণ্ঠাদির শব্দ; গুণানুরক্ত লোকপ্রভব শব্দ; তার শব্দ; শ্রবণাময়; কর্ণনাদ।

প্রণাম, পুং. [প্র+ণম-অ] প্রণতি, প্রণিপাত, ভক্তি শ্রদ্ধাতিশয়যুক্ত নমস্কার, স্বাপকর্ষবোধক ব্যাপারবিশেষ, তাহা চারিপ্রকার, যথা।—অভিবাদন, অষ্টাঙ্গ, পঞ্চাঙ্গ, করশিরঃ সংযোগ।

প্রণামী, পুং. [প্র + নামিন্] নমস্কারী; প্রণামার্থ দেয় বস্তু।

প্রণায্য, ত্রি. [প্র+নায্য] অসম্মত; অভিলাষবিবর্জ্জিত; সাধু; প্রিয়।

প্রণাল, পুং. [প্র+নাল] জলনিঃসরণমার্গ; পয়নালা।

প্রণালী, স্ত্রী. [প্র+নাল-ঈ] জলনিঃসরণ পথ, পয়নালা, নর্দ্দমা; ধারা, রীতি।

প্রণাশ, পুং. [প্র + নাশ] ধ্বংস; উৎখাত; ক্ষতি।

প্রণিধান, ন. [প্র + নিধান] প্রযত্ন, সমাধি; প্রবেশন; অবগতি, ধ্যান।

প্রণিধি, পুং. [প্র+নিধি] চর, দূত; প্রার্থনা; অবধান; অনুচর; মনোযোগ।

প্রণিপাত, পুং. [প্র + নিপাত] প্রণতি, প্রণাম, নমস্কার।

প্রণিহিত, ত্রি. [প্র+নিহিত] স্থাপিত; প্রাপ্ত; সমাহিত, মনোযোগকৃত; রক্ষিত।

প্রণীত, ত্রি. [প্র+নীত] উপসম্পন্ন, পাকদ্বারা রূপরসসম্পন্ন ব্যঞ্জনাদি; ক্ষিপ্ত; বিহিত; প্রবেশিত; কৃত; (পুং) সংস্কৃতানল, যজ্ঞে মন্ত্রাদিদ্বারা প্রজ্বালিত অগ্নি।

প্রণীতা, স্ত্রী. [প্র + নীত-আ] যজ্ঞেরপাত্র

বিশেষ; বেদমন্ত্রে বিধানে জলভাণ্ডী।

প্রণুত, ত্রি. [প্র+নুত] স্তুত, কৃতস্তব, স্তব-করা।

প্রণেয়, ত্রি. [প্র+নেয়] বশ্য, বশতাপন্ন প্রণয়পাত্র; প্রশস্ত দানগ্রহণ।

প্রণোদ, পুং. [প্র+নোদ] প্রেরণ.

প্রণোদিৎ, ত্রি. [প্রণোদ+ইত] প্রেরিত।

প্রততি, স্ত্রী. [প্র+ততি] বিস্তৃতি, বিস্তার; সমূহ; বল্লী।

প্রততী, স্ত্রী. [প্র+ততি-ঈ] ব্রততী।

প্রতন, ত্রি. [প্র+তন] পুরাতন, চিরকালীন, পুরাণ।

প্রতনু, ত্রি. [প্র+তনু] অতিশয় সূক্ষ্ম।

প্রতপ্ত, ত্রি. [প্র+তপ্ত] উত্তপ্ত; খ্যাতাপন্ন, সন্ত্রাস্ত; প্রভাবান্বিত।

প্রতর্কণ, ন. [প্র+তর্কণ] বিতর্ক, বাদানুবাদ, তৎপর্য্যায়।—তর্ক, বিতর্ক, ব্যূহ বহ, উহ, বিতর্কণ, অধ্যাহার,অধ্যাহরণ উহন।

প্রতল, ন. [প্র+তল] পাতালভেদ; (পুং.) বিস্তৃতাঙ্গুলিপাণি, চপেট, চাপড়।

প্রতান, পুং. [প্র+তান] বিস্তৃত, বিস্তার; চৌড়া, ওসার; বায়ুরোগবিশেষ, অপতানক, অবতানক।

প্রতানিনী, স্ত্রী. [প্রতান+ইন্-ঈ]প্রতানবতী, বিস্তৃতালতাদি।

প্রতাপ, পুং. [প্র+তাপ] কোষদণ্ডজ তেজ অর্থাৎ ধন দন; সৈন্যজনিততেজঃ তৎপর্য্যায়।—প্রভাব; তাপ; তেজঃ; অর্কবৃক্ষ; প্রাখর্য্য, শৌর্য্য।

প্রতাপন, ন. [প্র+তাপন] পীড়ন; তাপদেওন; সন্তাপকরণ; (পুং.) কুম্ভীপাক নামে নরকবিশেষ।

প্রতাপস, পুং. [প্র+তাপস] শুক্ল অর্কবৃক্ষ; প্রকৃষ্টতপোযুক্ত।

প্রতাপান্বিত, ত্রি. [প্রতাপ+অন্বিত] প্রতাপযুক্ত, প্রভাবান্বিত, উত্তপ্ত, তেজস্কর; সন্ত্রান্ত। [শঠ।

প্রতারক, ত্রি. [প্র+তারক] বঞ্চক, ধূর্ত্ত,খল,

প্রতারণ, ন. [প্র+তারণ] প্রতারণা, তৎপর্য্যায়।—বঞ্চন, ব্যলীক, অভিসন্ধান।

প্রতারণা, স্ত্রী. [প্র+তারণা] বঞ্চনা; মিথ্যা ছলনা..

প্রতারণীয়, ত্রি. [প্র+তারণীয়] প্রতারণা যোগ্য, বঞ্চনাকরণোপযুক্ত।

প্রতারিত, ত্রি. [প্র+তারিত] কৃতপ্রতারণ, প্রবঞ্চিত, ছলিত, মিথ্যাকথিত, বাংসিত; উদ্ধৃত।

প্রতালিনী, স্ত্রী. [প্রতালিন্+ঈ] বিস্তৃতালতা

প্রতি, ব্য. উপসর্গবিশেষ; প্রতিনিধি, মুখ্যসদৃশ; বীপ্সা, ব্যাপ্তুমিচ্ছা; লক্ষণ,চিহ্ন; ইত্থম্ভূতাখ্যান, কথঞ্চিৎ প্রকারাপন্ন; ভাগ, স্বীক্রিয়মাণ অংশ; প্রতিদান; স্তোক, অল্প; ক্ষেপ; নিশ্চয়; ব্যাবৃত্তি; প্রশস্তি; বিরোধ; সমাধি; আভিমুখ্য; স্বভাব; উপর; লক্ষ্য.

প্রতিক, ত্রি. [প্রতি+ক] কার্ষাপণিক, কার্ষাপণ দ্বারা ক্রীত; প্রতিবিম্ব।

প্রতিকর্ম্ম, ন. [প্রতি+কর্ম্ম] প্রসাধন, বেশভূষা; অপকর্ম্ম, কর্ম্মের উত্তরকর্ম্ম।

প্রতিকায়, পুং. [প্রতি+কায়] শরব্য; প্রতিরূপক, অনুরূপ; আকৃতির প্রতিনিধি; প্রত্যেক দেহ; প্রতিবিম্বরূপ।

প্রতিকার, পুং. [প্রতি+কার] প্রতীকার, উপায়; নিবারণ; শোধন; উপশম; উপকার।

প্রতিকার্য্য, ত্রি. [প্রতি+কার্য্য] উপায়যোগ্য; প্রতিফল দেওনোপযুক্ত।

প্রতিকাশ, ত্রি. [প্রতি+কাশ] প্রতীকাশ; প্রতিকাস, দীপ্তি। [দীপ্তি।

প্রতিকাস, ত্রি. [প্রতি+কাস] প্রতীকাশ:

প্রতিকূপ,পুং.[প্রতি+কূপ] পরিখা, গড়খাই.

প্রতিকূল, ত্রি. [প্রতি+কূল]অননুকূল,বিপক্ষ, তৎপর্য্যায়।—প্রসব্য, অপসব্য, অপষ্ঠু, প্রতীপ, বিরুদ্ধ।.

প্রতিকূলতা, স্ত্রী. [প্রতি+কূলতা] বিপক্ষতা, প্রতিপক্ষতা, বিরোধ, প্রতিপতা।

প্রতিকৃতি, স্ত্রী. [প্রতি+কৃতি] প্রতিমা, প্রতিমূর্ত্তি; প্রতিনিধি; প্রতিকার, প্রতিক্রিয়া, উপায়, নিবারণ। [চরিতক্ষেত্র।

প্রতিকৃষ্ট, ত্রি. [প্রতি+কৃষ্ট] গর্হ্য; দ্বিবার

প্রতিক্রিয়া, স্ত্রী. [প্রতি + ক্রিয়া] প্রতিকার, প্রতিবিধান, উপায়।

প্রতিগত, ন. [প্রতি+গত] পক্ষিদিগেরগতিবিশেষ, (ত্রি.) প্রাপ্ত, লব্ধ।

প্রতিগিরি. স্ত্রী. [প্রতি + গিরি] ক্ষুদ্রপর্ব্বত।

প্রতিগ্রহ, পুং. [প্রতি+গ্রহ] স্বীকরণ, স্বীকার; গ্রহণ, দানলওন; সৈন্যপৃষ্ঠ; পতদ্গ্রহ; ব্রাহ্মণকে বিধিবদ্দান; তদ্গ্রহ; গ্রহবিশেষ; ব্রাহ্মণের অর্থ প্রতিগ্রহার্জ্জিত।

প্রতিগ্রহণ, ন. [প্রতি+গ্রহণ] আদান, গ্রহণ, স্বীকারকরণ, দানলওন।

প্রতিগ্রাহ, পুং. [প্রতি + গ্রাহ] পতদ্গ্রহ; প্রতিগ্রহণ, আদান।

প্রতিঘ, পুং. [প্রতি+হন] ক্রোধ; প্রতিঘাত;

প্রতিঘাত, পুং. [প্রতি+ঘাত] প্রতীঘাত, মারণ; আঘাত; প্রহারেরপরিবর্ত্তে প্রহার।

প্রতিঘাতন, ন. [প্রতি+ঘাতন] মারণ, হনন, বধ করণ।

প্রতিঘ্ন, ন. [প্রতি+ঘ্ন] অঙ্গ, অবয়ব, একদেশ, (পুং.) প্রতিহননকর্ত্তা।

প্রতিচী, স্ত্রী. [প্রতি + অন্‌চ-ঈ] পশ্চিমদিক্।

প্রতিচ্ছন্দঃ, ন. [প্রতি+ছন্দস্] প্রতিরূপ, প্রতিবিম্ব, প্রতিচ্ছায়া, প্রতিমা।

প্রতিচ্ছায়া, স্ত্রী. [প্রতি+ছায়া] প্রতিকৃতি, প্রতিমূর্ত্তি, মূর্ত্তিসদৃশ মৃৎছলাদি নির্ম্মিত প্রতিরূপ, প্রতিমা।

প্রতিচ্ছেদ, পুং. [প্রতি+ছেদ] বৈপরীত্য; প্রতিযোগ। [জানু।

প্রতিজঙ্ঘা, স্ত্রী. [প্রতি+জঙ্ঘা] অগ্রজঙ্ঘা,

প্রতিজল্প, পুং. [প্রতি+জল্প] বাক্যবিশেষ।

প্রতিজাগর, পুং. [প্রতি+জাগর] প্রত্যবেক্ষণ, তৎপর্য্যায়।—অবেক্ষা; বিশেষরূপ দর্শন।

প্রতিজিহ্বা, স্ত্রী. [প্রতি+জিহ্বা] তালুমূলস্থিত ক্ষুদ্রজিহ্বা, আলজিব, তৎপর্য্যায়।—প্রতিজিহ্বিকা, মাঞ্ঝী, রসনকাজ, অলিজিহ্বিকা।

প্রতিজিহ্বিকা, স্ত্রী. [প্রতি+জিহ্বিকা] প্রতিজিহ্বা, আলজিব।

প্রতিজ্ঞা, স্ত্রী. [প্রতি+জ্ঞা] কর্ত্তব্যরূপে অবধারণ; সাধ্য নির্দ্দেশ; সাধ্যাভিধায়িকা বাক্, তৎপর্য্যায়।—আ, প্রতিজ্ঞান, অঙ্গীকার, প্রতিশ্রব, ওঁ, সমাধি, সম্বিৎ আগূ, আশ্রব, সংশ্রব, নিয়ম, অভ্যুপগম, বাঢ়, আস্থা, সন্ধা, সঙ্গর, সংশ্রাব, উররীকার, শ্রব; শপথ, দিব্য; পণ।

প্রতিজ্ঞাত, ত্রি. [প্রতি+জ্ঞাত] অঙ্গীকৃত স্বীকৃত, কর্ত্তব্যরূপে স্বয়ং কথিত।

প্রতিজ্ঞান, ন. [প্রতি + জ্ঞান] প্রতিজ্ঞা, কর্ত্তব্যরূপে অবধারণ, অঙ্গীকার, পণ।

প্রতিজ্ঞাপত্র, ন. [প্রতিজ্ঞা + পত্র] নিয়ম লিপি; অঙ্গীকার লিপি, নির্ব্বন্ধপত্র।

প্রতিজ্ঞাপন, ন. [প্রতি+জ্ঞাপন] বিজ্ঞাপন, জ্ঞাতকরণ, জানান।

প্রতিজ্ঞাপনীয়, ত্রি. [প্রতি + জ্ঞাপনীয়] প্রতিজ্ঞাপিত, বিজ্ঞাপনীয়, জ্ঞাতকরণোপযুক্ত।

প্রতিজ্ঞেয়, পুং. [প্রতি+জ্ঞেয়] স্তুতিপাঠক; (ত্রি.) প্রতিজ্ঞাতব্য, প্রতিজ্ঞার বিষয়।

প্রতিতাল, পুং. [প্রতি+তাল] তালবিশেষ, প্রতিতান্; কুঞ্চী, চাবিকাটী, তালারকাটী।

প্রতিতালী, স্ত্রী. [প্রতি+তাল-ঈ] তালকোদ্ঘাটন যন্ত্রবিশেষ, চাবি, কুঞ্চী।

প্রতিদশন, ন. [প্রতি+দশন] ক্ষুদ্রদশন; শ্যাবদন্ত, প্রধানদন্তদ্বয়ের মধ্যগত ক্ষুদ্রদন্ত।

প্রতিদর্শন, ন. [প্রতি+দর্শন] দর্শনানন্তর দর্শন, দৃষ্টির পর দৃষ্টিকরণ।

প্রতিদান, ন. [প্রতি+দান] বিনিময়, দানের পরিবর্ত্তে দান, বদল; ন্যস্তদ্রব্য পুনরর্পণ। [সংগ্রাম

প্রতিদারণ, ন. [প্রতি + দারণ] যুদ্ধ, রণ,

প্রতিদিন, ন. [প্রতি + দিন] প্রত্যহ, দিন২ অহরহ, নিত্য।

প্রতিদিবা, পুং. [প্রতি+দিবন্] সূর্য্য; প্রতিদিন, প্রত্যহ।

প্রতিদীবা, পুং. [প্রতি+দীবন্] সূর্য্য, দিবাকর।

প্রতিদেয়, ত্রি. [প্রতি+দেয়] ক্রীতদ্রব্যের ছুক্কৃত বুদ্ধিদ্বারা পরাবৃত্য দান; পুনর্দাতব্য, ফিরিয়া দেওয়ার যোগ্য।

প্রতিদেশ, পুং. [প্রতি+দেশ] প্রত্যেক্ দিক্, সকল দিক্ (ত্রি.) আদেশ।

প্রতিধ্বনি, পুং. [প্রতি+ধ্বনি] প্রতিনাদ, গুমরন্, তৎপর্য্যায়।—প্রতিশব্দ, প্রতিশ্রুৎ, প্রতিধ্বান।

প্রতিধ্বান, ন. [প্রতি+ধ্বান] প্রতিধ্বনি, প্রতিনাদ, শব্দের শব্দ, গুমরন্।

প্রতিনপ্তা, পুং. [প্রতি+নপ্তৃ] প্রপৌত্র, পৌত্রের পুত্র। [অভিনব।

প্রতিনব, ত্রি. [প্রতি+নব] নূতন, নবীন,

প্রতিনাদ, পুং. [প্রতি+নাদ] প্রতিধ্বনি।

প্রতিনিধি, পুং. [প্রতি+নিধি] প্রতিমা; মুখ্যের সদৃশ, তৎস্বরূপ, তৎস্থানীয়, বদলি; প্রতিভূ, জামীন।

প্রতিনিনদ, পুং. [প্রতি+নিনদ] প্রতিনাদ, প্রতিশব্দ।

প্রতিনিবর্ত্তন, ন. [প্রতি+নিবর্ত্তন] প্রত্যাবর্ত্তন, ফিরেআসন।

প্রতিনিবৃত্ত, ত্রি. [প্রতি+নিবৃত্ত] প্রত্যাগত।

প্রতিনিশ, ব্য. [প্রতি+নিশ] প্রতিরাত্রি।

প্রতিপ, পুং. [প্রতি+পা-অ] প্রতীপ রাজা শান্তনুরাজারপিতা।

প্রতিপৎ, স্ত্রী. [প্রতি+পদ্] দ্রগডবাদ্য; বুদ্ধি; তিথিবিশেষ, তৎপর্য্যায়।—পক্ষতি, ইহা চন্দ্রের প্রথম কলার ক্রিয়াকাল অর্থাৎ বৃদ্ধিরূপা জন্য শুক্লা ১ হ্রাসরূপ জন্য কৃষ্ণা ১৭।

প্রতিপত্তি, স্ত্রী. [প্রতি+পত্তি] প্রবৃত্তি, প্রাগল্ভ্য, গৌরব, সুখ্যাতি, সম্মান, সম্ভ্রম; সংপ্রাপ্তি; প্রবোধ; পদপ্রাপ্তি; মীমাংসকমতে ফলশূন্য কর্ম্মাঙ্গ, যথা।—দেবতাদিগের উদ্দেশে যাগাদি ত্যক্ত হবিরাদির অগ্নিতে নিঃক্ষেপ, শ্রাদ্ধাদির সর্ব্বশেষাঙ্গ কর্ম্ম, পুজিত প্রতিমাদির জলে বিসর্জ্জন; নিষ্পত্তি; দান।

প্রতিপত্তিপটহ, পুং. [প্রতিপত্তি+পটহ] বাদ্যবিশেষ, নাগরা, তৎপর্য্যায়।—লম্পাপটহ, জয়সূচক ঢক্কাবাদ্য।

প্রতিপত্তূর্য্য, ন. [প্রতিপৎ+তূর্য্য] দ্রগড়বাদ্য, টিকারা।

প্রতিপত্রফলা, স্ত্রী. [প্রতি+পত্র+ফল-আ] ক্ষুদ্রকারবেল্লী, ছোটকরলা, উচ্ছা।

প্রতিপন্ন, ত্রি. [প্রতি+পন্ন] অবগত; অঙ্গীকৃত; বিক্রান্ত; সম্মান প্রাপ্ত; প্রস্তুত; সম্ভ্রান্ত, মান্য।

প্রতিপন্নতা, স্ত্রী. [প্রতি+পন্ন+ত-আ] কৃতকার্য্যতা; নিশ্চয়, পদবৃদ্ধি।

প্রতিপর্ণশিফা, স্ত্রী. [প্রতি+পর্ণ+শিফা] দ্রবন্তীলতা; অর্থাৎ বৃক্ষাদির স্কন্দশাখা হইতে লম্বিত আল অভূনিস্পর্শিত

প্রতিপক্ষ, পুং [প্রতি+পক্ষ] শত্রু; সাদৃশ্য; প্রতিবন্ধি, প্রতিনিধি, বিড়ম্বক, প্রতিবাদী; প্রতিকূল।

প্রতিপাদক, ত্রি. [প্রতি+পাদক] প্রতিপত্তিজনক, বোধক, জ্ঞাপক; সংস্থাপক; প্রকাশক।

প্রতিপাদন, ন. [প্রতি+পাদন] দান; প্রতিপত্তি; বোধন, জ্ঞাপন।

প্রতিপাদয়িতব্য, ত্রি. [প্রতি+পাদয়ি-তব্য] সমুবনীয়, নিশ্চয় বা প্রমাণযোগ্য।

প্রতিপাদ্য, ত্রি. [প্রতি+পাদ্য] বোধনীয়, জ্ঞাপনীয়।

প্রতিপালক. ত্রি. [প্রতি+পালক] পালনকর্ত্তা, রক্ষক, পোষ্টা, পোষণকর্ত্তা।

প্রতিপালন, ন. [প্রতি+পালন] রক্ষণ; পোষণ।

প্রতিপালনীয়, ত্রি. [প্রতি+পালনীয়] রক্ষনীয়, পোষণীয়, প্রতিপাল্য, পোষ্য।

প্রতিপালিতব্য, ত্রি. [প্রতি+পালিতব্য] প্রতিপালনীয়, পোষ্য।

প্রতিপাল্য, ত্রি. [প্রতি+পাল্য] প্রতিপালনীয়, প্রতিপালিতব্য, রক্ষণীয়, পোষণীয়, পোষ্য।

প্রতিপুরুষ, পুং. [প্রতি+পুরুষ] প্রতিনিধি; প্রত্যেক মনুষ্য।

প্রতিপূজক, পুং. [প্রতি+পূজক] অর্চ্চক, পূজাকারী ; সমাদৃত হইয়া সমাদরকরণ।

প্রতিপূজন, ন. [প্রতি+পূজন] অর্চ্চনা, পরস্পর আলিঙ্গন ; কৃতসমাদরে সমাদর করণ। [পুনর্ব্বিধান।

প্রতিপ্রসব, পুং. [প্রতি+প্রসব] নিষিদ্ধের

প্রতিপ্রসূত, ত্রি. [প্রতি+প্রসূত] প্রতিপ্রসব বিশিষ্ট ; পুনসম্ভাবিত।

প্রতিফণ, ন. [প্রতি+ফণ] প্রত্যেকফণায়।

প্রতিফল, ন. [প্রতি+ফল] প্রতিবিম্ব ; তুল্যফল, সমুচিতফল ; কৃতপ্রতীকার।

প্রতিফলন, ন. [প্রতি+ফলন] প্রতিবিম্ব, প্রতিচ্ছায়া ; সমুচিত ফলোৎপত্তি।

প্রতিফলিত, ত্রি. [প্রতি+ফলিত] প্রতিবিম্বিত, প্রতিচ্ছায়া প্রাপ্ত ; কৃতকর্ম্মের ফলসিদ্ধ।

প্রতিফুল্লক, ত্রি. [প্রতি+ফুল্লক] প্রফুল্ল, বিকসিত ; হৃষ্ট।

প্রতিবচঃ, ন. [প্রতি+বচস্] প্রতিবাক্য, উত্তর, প্রত্যুক্তি।

প্রতিবচন, ন. [প্রতি+বচন] প্রতিবাক্য,উত্তর, প্রত্যুক্তি। [সবাধক।

প্রতিবদ্ধ, ত্রি. [প্রতি+বদ্ধ] প্রতিবন্ধবিশিষ্ট,

প্রতিবধক, পুং. [প্রতি+বধক] শত্রু, বিরোধী।

প্রতিবধ্য, ত্রি. [প্রতি+বধ্য] প্রতিবন্ধনীয়, প্রতিবন্ধার্হ, প্রতিবন্ধের যোগ্য।

প্রতিবন্ধ, পুং. [প্রতি+বন্ধ] কার্য্যপ্রতিঘাত, তৎপর্য্যায়।—প্রতিষ্টম্ভ, বিঘ্ন, বাধা।

প্রতিবন্ধক, পুং. [প্রতি+বন্ধক] বিটপ ;(ত্রি.) প্রতিরোধক, নিবারক, ব্যাঘাতকারক।

প্রতিবন্ধন, ন. [প্রতি+বন্ধন] নিবারণ, বিঘ্নকরণ, ব্যাঘাত, বাধাদেওন ; প্রত্যেকে পৃথকবন্ধন।

প্রতিবন্ধি, পুং. [প্রতি+বন্ধি] অনিষ্টান্তর প্রসঞ্জক বাক্য, প্রতিবন্ধ, ব্যাঘাত, বাধা, প্রতিবন্ধক, নিষেধ, বিঘ্ন।

প্রতিবল, ত্রি. [প্রতি+বল] সমর্থ, শক্ত; তুল্যবল, সমানবিক্রম, সম সামর্থ ; অনুবল।

প্রতিবসথ, পুং. [প্রতি+বসথ] গ্রাম ; পল্লী।

প্রতিবস্ত্র, ন. [প্রতি+বস্ত্র] প্রত্যেকবস্ত্র।

প্রতিবাক্, স্ত্রী. [প্রতি+বাচ্] উত্তর, প্রতিবাক্য, প্রত্যুক্তি।

প্রতিবাক্য, ন. [প্রতি+বাক্য] উত্তর, প্রতিবচন, প্রত্যুক্তি।

প্রতিবাণি, স্ত্রী. [প্রতি+বাণি] প্রতিবাণী, প্রত্যুক্তি, প্রত্যুত্তর।

প্রতিবাণী, স্ত্রী. [প্রতি+বাণী] প্রতিবাণি, প্রত্যুক্তি, প্রত্যুত্তর।

প্রতিবাত, ব্য. [প্রতি+বাত] বায়ুবিপক্ষ।

প্রতিবাদ, পুং. [প্রতি+বাদ] বিরোধ ; আপত্তি ; প্রতিপক্ষীয় বাক্য।

প্রতিবাদী, ত্রি. [প্রতি+বাদিন্] প্রতিপক্ষ, বিপক্ষ, বিরোধী ; আসামী।

প্রতিবাধক, ত্রি. [প্রতি+বাধক] নিবারক, প্রতিবন্ধক, বাধাজনক।

প্রতিবাসর, পুং. [প্রতি+বাসর] প্রতিদিন, প্রত্যহ।

প্রতিবাসী, ত্রি. [প্রতি+বাসিন্] আসন্নগৃহী, নিকটস্থায়ী, পড়সি।

প্রতিবিধান, ন. [প্রতি+বিধান] প্রতিকার, প্রতিক্রিয়া ; উপায় ; শ্রেণি।

প্রতিবিম্ব, ন. [প্রতি+বিম্ব] প্রতিমা,প্রতিচ্ছায়া, প্রতিমূর্ত্তি, অনুরূপ।

প্রতিবিম্বিত, ত্রি. [প্রতি+বিম্বিত] প্রতিবিম্বগত, প্রতিচ্ছায়া প্রাপ্ত।

প্রতিবিষা, স্ত্রী. [প্রতি+বিষা] অতিবিষা, আতইস।

প্রতিবিষ্ণু, পুং. [প্রতি+বিষ্ণু] বিষ্ণু বিষ্ণুর প্রতি ; মুচুকুন্দবৃক্ষ। [বৃক্ষ।

প্রতিবিষ্ণুক, পুং. [প্রতি+বিষ্ণুক] মুচুকুন্দ

প্রতিবিহিত, ত্রি. [প্রতি+বিহিত] শ্রেণীবদ্ধ।

প্রতিবীক্ষণ, ন. [প্রতি+বীক্ষণ] প্রতিদর্শন, ফিরিয়া দেখন। [ছিদ্র।

প্রতিবেধ, ন. [প্রতি+বেধন্] ছিদ্রের পর

প্রতিবুদ্ধ, ত্রি. [প্রতি+বুদ্ধ] জাগরিত ; উৎসাহান্বিত।

প্রতিবেশ, পুং. [প্রতি+বেশ] প্রতিবাসিগৃহ, নিকটস্থ গৃহির গৃহ ; গৃহের নিকটস্থায়ি গৃহ।

প্রতিবেশবাসী, পুং. [প্রতি+বেশ+বাসিন্] প্রতিবাসী, একত্রবাসকারী, পড়সী।
প্রতিবেশী, ত্রি. [প্রতি+বেশিন্] প্রতিবাসী, নিকটস্থায়ী, পড়সী।
প্রতিবেশ্ম, ন. [প্রতি+বেশ্মন্] গৃহে গৃহে প্রত্যেকগৃহে, ঘরেঘরে।
প্রতিবেশ্মবাসী, পুং. [প্রতিবেশ্মন্+বাসী] প্রত্যেকগৃহবাসী।
প্রতিবৈর, ন. [প্রতি+বৈর] বৈরেরপ্রতি বৈরতাকরণ।　[শত্রুতাকারী।
প্রতিবৈরী, পুং. [প্রতি+বৈরিন্] শত্রুরপ্রতি
প্রতিবোধ, পুং. [প্রতি+বোধ] অনুভব; প্রবোধ, জাগরণ; অনুমান।
প্রতিবোধন, ন. [প্রতি+বোধন] বিপরীত-বোধ; অনাথা জ্ঞান; জাগরণ, সচেতন করণ।
প্রতিবোধী, ত্রি. [প্রতি+বোধিন্] প্রতি-বোধক; অনুমানকারী; বিপরীত বোধ কর্ত্তা।　[দূতেরপ্রতিদূত।
প্রতিভট, পুং. [প্রতি+ভট] শত্রু, বৈরী;
প্রতিভণিত, ত্রি. [প্রতি+ভণিত] কথিত।
প্রতিভয়, ত্রি. [প্রতি+ভয়] ভয়ঙ্কর; (ন.) ভয়, ত্রাস।
প্রতিভা, স্ত্রী. [প্রতি+ভা] বুদ্ধি, জ্ঞান; প্রত্যুৎপন্নমতিত্ব, নবনবোন্মেষশালিনী প্রজ্ঞা; দীপ্তি; প্রাগল্ভ্য।
প্রতিভাগ, পুং. [প্রতি+ভাগ] রাজারঅংশ; প্রত্যেক অংশ।
প্রতিভান, ন. [প্রতি+ভান] শৌর্য্য; উজ্জ্বল।
প্রতিভান্বিত, ত্রি. [প্রতিভা+অন্বিত] প্রাগ-ল্ভ্য, প্রত্যুৎপন্নমতিযুক্ত, অতিশয় বুদ্ধি-মান্; গৌরবযুক্ত।
প্রতিভাবান্, ত্রি. [প্রতিভা+বৎ] প্রতিভা-ন্বিত, প্রাগল্ভ্যযুক্ত, বুদ্ধিমন্ত।
প্রতিভাববান্, ত্রি. [প্রতি+ভাব+বৎ] প্রতি-ভাবিত।
প্রতিভামুখ, ত্রি. [প্রতিভা+মুখ] প্রাগল্ভ্য, বুদ্ধিমান্, ধীসম্পন্ন; তীক্ষ্ণ, প্রখর।
প্রতিভাস, পুং. [প্রতি+ভাস] প্রত্যুত্তর; আভাস; দীপ্তি; প্রতিরূপ।

প্রতিভাহানি, স্ত্রী. [প্রতিভা+হানি] বুদ্ধি-নাশ; অপ্রাগল্ভ্য; তেজোহ্রাস; প্রভু-তাহীন।
প্রতিভাহীন, ত্রি. [প্রতিভা+হীন] বুদ্ধিহীন, জ্ঞানশূন্য; দীপ্তিহীন; প্রভুত্বরহিত।
প্রতিভূ, পুং. [প্রতি+ভূ] লগ্নক, (যাং) জামিন্।
প্রতিম, ত্রি. [প্রতি+মা-অ] সদৃশবাচক, তুল্য, সমান।　[প্রতিমা।
প্রতিমতা, স্ত্রী. [প্রতি+মত-আ] প্রতিমূর্ত্তি,
প্রতিমা, স্ত্রী. [প্রতি+মা] গজদন্তের বন্ধ; অনুকৃতি; মূর্ত্তি সদৃশ, মৃচ্ছিলাদিনির্ম্মিত প্রতিরূপ, তৎপর্য্যায়।—প্রতিমান, প্রতি-বিম্ব, প্রতিযাতনা, প্রতিচ্ছায়া, প্রতি-কৃতি, অর্চ্চা, প্রতিনিধি, প্রতিচ্ছন্দ, প্রতিকার, প্রতিরূপ।
প্রতিমান, ন. [প্রতি+মান] প্রতিবিম্ব, প্রতি-চ্ছায়া; বাহিরের অধোভাগ; হস্তীর মস্তকের এক প্রদেশ।
প্রতিমার্গ, ন. [প্রতি+মার্গ] প্রতিপথ, পথে পথে প্রত্যেক পথ।
প্রতিমার্গক, পুং. [প্রতি+মার্গক] পুর-বিশেষ রাজা হরিশ্চন্দ্রেরপুর; প্রত্যেক অন্বেষক।　[ষণা।
প্রতিমার্গণ, পুং.ন. [প্রতি+মৃগ-অন] অন্বে-
প্রতিমুক্ত, ত্রি. [প্রতি+মুক্ত] পরিহিত-বস্ত্রাদি ত্যাগ; ত্যাগকরণ।
প্রতিমুখ, ন. [প্রতি+মুখ] অপদেশ, ছল; (বা.) অগ্রে।　[বর্ত্তি।
প্রতিমুখাগত, ত্রি. [প্রতিমুখ+আগত] সম্মুখ
প্রতিমূর্ত্তি, স্ত্রী. [প্রতি+মূর্ত্তি] আকার, ছবি, প্রতিমা; প্রতিকৃতি, মূর্ত্তি সদৃশমূর্ত্তি।
প্রতিমূষিকা, স্ত্রী. [প্রতি+মূষিকা] ক্ষুদ্রইন্দুর।
প্রতিমেন্দু, পুং. [প্রতিমা+ইন্দু] চন্দ্রের অবয়ব।
প্রতিযত্ন, পুং. [প্রতি+যত্ন] লিপ্সা, বাঞ্ছা; উপগ্রহ, বন্দী; নিগ্রহাদি; সতের গুণা-ন্তরাধান; সংস্কার; গ্রহণাদি; প্রতিগ্রহ; উপগ্রহণ; (ত্রি.) প্রকর্ষ; যত্নবিশিষ্ট, উদ্যোগ, চেষ্টা; রচনা।

প্রতিযাতনা, স্ত্রী. [প্রতি+যাতনা] প্রতিমা, প্রতিবিম্ব; তুল্য যাতনা।

প্রতিযোগ, পুং. [প্রতি+যোগ] বিরোধ, বিবাদ, প্রতিপক্ষতা।

প্রতিযোগিতা, স্ত্রী. [প্রতি+যোগিতা] বিরোধী, বিবাদী, প্রতিপক্ষ; (পুং.) তুল্যাকার ব্যক্তি।

প্রতিযোগী, ত্রি. [প্রতি+যোগিন্] বিরোধী, বিবাদী; সৎপ্রতিপক্ষ।

প্রতিরব, পুং. [প্রতি+রব] প্রতিধ্বনি; প্রতিকূলবাক্য।

প্রতিরম্ভ, পুং. [প্রতি+রম্ভ] প্রতিলম্ভ, প্রতিলাভ।

প্রতিরাত্র, ন. [প্রতি+রাত্র] প্রত্যেকরজনী।

প্রতিরূপ, ন. [প্রতি+রূপ] প্রতিমা, প্রতিমূর্ত্তি, আকৃতি; (ত্রি.) অনুরূপ।

প্রতিরূপক, ন. [প্রতি+রূপক] প্রতিবিম্ব, প্রতিমূর্ত্তি; (ত্রি.) সদৃশ, তুল্য।

প্রতিরোধ, পুং. [প্রতি+রোধ] তিরস্কার; সৎপ্রতিপক্ষ; চৌর্য্য; নিষেধ; মানা, বাধা।

প্রতিরোধক, পুং. [প্রতি+রোধক] চৌর, তস্কর, অপহারক।

প্রতিরোধী, পুং. [প্রতি+রোধিন্] চৌর, তস্কর; প্রতিরোধক।

প্রতিলম্ভ, পুং. [প্রতি+লম্ভ] লাভ, তৎপর্য্যায়—লম্ভন, প্রাপ্তি।

প্রতিলিপি, স্ত্রী. [প্রতি+লিপি] অনুরূপলিপি, নকল।

প্রতিলোম, ত্রি. [প্রতি+লোম] বাম; বিলোম, ব্যতিক্রম, বিপরীতক্রম।

প্রতিলোমজ, ত্রি. [প্রতি+লোমজ] প্রতিলোমজাত, উত্তমবর্ণ স্ত্রীতে অধমবর্ণ পুরুষ হইতে উৎপন্ন সঙ্করজাতিবিশেষ।

প্রতিলোমজাত, ত্রি. [প্রতি+লোম-জাত] প্রতিলোমজ, উত্তমবর্ণ স্ত্রীতে অধমবর্ণ পুরুষ হইতে উৎপন্ন।

প্রতিশঙ্কা, স্ত্রী. [প্রতি+শঙ্কা] সর্ব্বক্ষণ ভয়।

প্রতিশাসন, ন. [প্রতি+শাসন] আহ্বান করিয়া ভৃত্যাদিকে কার্য্যে প্রেরণ।

প্রতিশিষ্ট, ত্রি. [প্রতি+শিষ্ট] প্রত্যাখ্যাত; প্রেষিত, প্রেরিত।

প্রতিশীন, ত্রি. [প্রতি+শীন] দ্রবীভূত, গলিত।

প্রতিশীর্ষ, পুং. [প্রতি+শীর্ষ] প্রতিনিধি, বদল; জামীন; (ন.) প্রত্যেক মস্তক।

প্রতিশ্যা, স্ত্রী. [প্রতি+শ্যা] রোগবিশেষ, প্রতিশ্যায়, পীনসরোগ, নাসিকারোগ।

প্রতিশ্যায়, পুং. [প্রতি+শ্যায়] পীনসরোগ, নাসিকারোগ; সরদি, কফ।

প্রতিশ্রব, পুং. [প্রতি+শ্রব] অঙ্গীকার, স্বীকার, প্রতিজ্ঞা।

প্রতিশ্রবণ, ন. [প্রতি+শ্রবণ] অঙ্গীকার; প্রতিজ্ঞা।

প্রতিশ্রয়, পুং. [প্রতি+শ্রয়] যজ্ঞশালা; সভা; আশ্রয়; ওকঃ, স্থান।

প্রতিশ্রুৎ, স্ত্রী. [প্রতি+শ্রুৎ] প্রতিধ্বনি, প্রতিশব্দ।

প্রতিশ্রুত, ত্রি. [প্রতি+শ্রুত] অঙ্গীকৃত, স্বীকৃত, কবুল করা।

প্রতিষিদ্ধ, ত্রি. [প্রতি+সিদ্ধ] প্রতিষেধের বিষয়, নিষিদ্ধ।

প্রতিষেদ্ধা, ত্রি. [প্রতি+সিদ্ধ] প্রতিষেধকর্ত্তা, নিষেধকারক, নিবারক, মাশব্দিক।

প্রতিষেধ, পুং. [প্রতি+সিধ] নিষেধ, বারণ, নিবারণ।

প্রতিষেধক, ত্রি. [প্রতি+সেধক] প্রতিষেধকর্ত্তা, নিবারক।

প্রতিষ্ক, পুং. [প্রতি+স্ক] দূত, বার্ত্তাবহ, চর।

প্রতিষ্কশ, পুং. [প্রতি+স্কশ] সহায়; বার্ত্তাবহ, দূত, চর; পুরোগ, অগ্রগামী।

প্রতিষ্কষ, পুং. [প্রতি+স্কষ] চর্ম্মরজ্জু, চাম-ড়ারদড়ী।

প্রতিষ্কস, পুং. [প্রতি+স্কস] চর, দূত, বার্ত্তাবহ; চর্ম্মরজ্জু।

প্রতিষ্টম্ভ, পুং. [প্রতি+স্তম্ভ] প্রতিবন্ধক, বাধা, কার্য্য প্রতিঘাতক।

প্রতিষ্ঠ, পুং. [প্রতি+স্থা-অ] সুপার্শ্বনামক বৃত্তার্হৎপিতা; (ত্রি.) প্রতিষ্ঠাযুক্ত, প্রশংসিত।

প্রতিষ্ঠা, স্ত্রী. [প্রতি+স্থা] গৌরব; ক্ষিতি; স্থান; যাগ নিষ্পত্তি; চতুরক্ষরপদা; সংস্কারবিশেষ; উদ্যাপন

প্রতিষ্ঠাকারক, ত্রি. [প্রতিষ্ঠা+কারক] সম্মান-কারক, গৌরবকারক।

প্রতিষ্ঠান, ন. [প্রতি+স্থান] নগরবিশেষ, বিঠোর নামে প্রসিদ্ধ সহর।

প্রতিষ্ঠান্বিত, ত্রি. [প্রতিষ্ঠা+অন্বিত] গৌরবান্বিত, প্রতিষ্ঠাযুক্ত।

প্রতিষ্ঠানর্হ, ত্রি. [প্রতিষ্ঠা+অনর্হ] প্রতিষ্ঠার অযোগ্য।

প্রতিষ্ঠাপন্ন, ত্রি. [প্রতিষ্ঠা+আপন্ন] প্রশংসিত, সুবিখ্যাত, প্রতিষ্ঠা প্রাপ্ত।

প্রতিষ্ঠিত, ত্রি. [প্রতি+স্থিত] সংস্থিত, প্রতিষ্ঠাযুক্ত, গৌরবান্বিত; নিষ্পন্নযাগ; সংস্কৃত।

প্রতিস্নাত, ত্রি. [প্রতি+স্নাত] নির্ম্মল, পবিত্র।

প্রতিসংহার, পুং. [প্রতি+সংহার] পীড়ন।

প্রতিসব্য, ত্রি. [প্রতি+সব্য] প্রতিকূল, অনুকূল; সব্যেতর।

প্রতিসর, পুং. [প্রতি+সর] মন্ত্রভেদ; মাল্য; কঙ্কণ; ব্রণশুদ্ধি; চমূপৃষ্ঠ; প্রাতঃকাল; (পুং. ন.) মণ্ডন; আরক্ষ; করসূত্র; (ত্রি.) নিযোজ্য; প্রতিগমন।

প্রতিসর্গ, পুং. [প্রতি+সর্গ] ব্রহ্মার সৃষ্টানন্তর দক্ষাদির সৃষ্টি, পুরাণ পঞ্চলক্ষণান্তর্গত লক্ষণবিশেষ।

প্রতিসান্ধানিক, পুং. [প্রতি+সান্ধানিক] মাগধ, স্তুতিপাঠক; ছিদ্রানুসন্ধায়ী।

প্রতিসারণ, ন. [প্রতি+সারণ] প্রতিঘাত; পট্টবন্ধন বিশেষ।

প্রতিসীরা, স্ত্রী. [প্রতি+সীরা] জবনিকা, ব্যবধায়কপট, কানাৎ, পর্দ্দা।

প্রতিসূর্য্য, পুং. [প্রতি+সূর্য্য] কৃকলাস, কাঁকলাস; সূর্য্যানুরূপ।

প্রতিসূর্য্যক, পুং. [প্রতি+সূর্য্যক] কৃকলাস, কাঁকলাস; উপসূর্য্যকমণ্ডল।

প্রতিসৃষ্ট, ত্রি. [প্রতি+সৃষ্ট] প্রেষিত, প্রেরিত; প্রত্যাখ্যাত; দত্ত।

প্রতিসোমা, স্ত্রী. [প্রতি+সোম-আ] মহিষবল্লী।

প্রতিস্পন্দন, ন. [প্রতি+স্পন্দন] কম্পন, হেলন, লড়ন।

প্রতিস্পর্দ্ধা, স্ত্রী. [প্রতি+স্পর্দ্ধা] প্রতিকক্ষা, স্পর্দ্ধা; প্রত্যেকতালা।

প্রতিহত, ত্রি. [প্রতি+হত] দ্বিষ্ট; প্রতিঘাত প্রাপ্ত; প্রতিস্খলিত; রুদ্ধ; নিরাশ, নিরাকৃত, মনোহত, প্রতিবদ্ধ, হত।

প্রতিহতি, স্ত্রী. [প্রতি+হতি] পরাহনন, প্রতিহত।

প্রতিহনন, ন. [প্রতি+হনন] প্রতিঘাত; রোধ, বাধা।

প্রতিহন্তা, ত্রি. [প্রতি+হন্তা] বিপক্ষ, বিরোধী, প্রতিঘাতক।

প্রতিহস্তক, পুং. [প্রতি+হস্তক] প্রতিনিধি।

প্রতিহার, পুং. [প্রতি+হার] দ্বারপাল; দ্বার; মালাকার।

প্রতিহারক, পুং. [প্রতি+হারক] মায়াকারী, ছদ্মবেশী।

প্রতিহারণ, ন. [প্রতি+হারণ] প্রবেশ; সমাবেশ।

প্রতিহারী, পুং. [প্রতি+হারিন্] দ্বারী, দ্বারপাল, দ্বারবান্।

প্রতিহাস, পুং. [প্রতি+হাস] করবীর, করবী; উপহাসকের প্রতিহাস্য।

প্রতিহিংসক, ত্রি. [প্রতি+হিংসক] দ্বেষ্টা; প্রতিহিংসাকারী, বৈরী।

প্রতিহিংসন, ন. [প্রতি+হিংসন] দ্বেষকরণ, প্রতি হিংসাকরণ।

প্রতিহিংসা, স্ত্রী. [প্রতি+হিংসা] হিংসিত হইয়া হিংসা করা; হিংসার পরিশোধ।

প্রতিক্ষণ, ব্য. [প্রতি+ক্ষণ] পৌনঃ পুন্য; বারম্বার, সকল সময়, ক্ষণে২।

প্রতিক্ষয়, পুং. [প্রতি+ক্ষয়] রক্ষক, পালক, পোষণকর্ত্তা; সর্ব্বদাক্ষ্য।

প্রতিক্ষিপ্ত, ত্রি. [প্রতি+ক্ষিপ্ত] বারিত; প্রেরিত, প্রেষিত; অধিক্ষিপ্ত; নিন্দিত।

প্রতীক, পুং. [প্রতি+ঈক] একদেশ, অঙ্গ; (ত্রি.) প্রতিকূল; বিলোম।

প্রতীকার, পুং. [প্রতি+কার] কৃতাপকারকের প্রত্যপকার, তৎপর্য্যায়।—বৈরশুদ্ধি, বৈরনির্য্যাতন, চিকিৎসা; প্রতিফল, পরিশোধ।

প্রতীকার্য্য, ত্রি. [প্রতি+কার্য্য] পরিশোধনীয়, উপশম্য, নিবার্য্য।

প্রতীকাশ, পুং. [প্রতি+কাশ] উপমা; তুল্য, সমান, তুলনা।

প্রতীচী, স্ত্রী. [প্রতি+অন্‌চ-ঈ] পশ্চিমদিক্, সূর্য্য অস্ত হইবার দিক্।

প্রতীচীন, ত্রি. [প্রতি+অন্‌চ-ইন্] প্রত্যক্, প্রতীচ্যদিগ্‌জাত, পশ্চিমদিগবস্থিত।

প্রতীচ্য, ত্রি. [প্রতি+অন্‌চ-য] পশ্চিমদিগ্‌জাত।

প্রতীত, ত্রি. [প্রতি+ইত] খ্যাত; সাদর; জ্ঞাত; হৃষ্ট, বিশ্বস্ত। [আদর; হর্ষ।

প্রতীতি, স্ত্রী. [প্রতি+ইতি] জ্ঞান; খ্যাতি;

প্রতীপ, ত্রি. [প্রতী+পা-অ] প্রতিকূল, অননুকূল; বিপরীত; (পুং.) চন্দ্রবংশীয় সান্তনুরাজার পিতা।

প্রতীপদর্শিনী, স্ত্রী. [প্রতীপ+দর্শিন্-ঈ] অননুকূলা স্ত্রীমাত্র; প্রাতিকূল্যে অবলোকন কারিণী।

প্রতীপদর্শী, ত্রি. [প্রতীপ+দর্শিন্] বিপরীতবোদ্ধা, প্রতিকূলদ্রষ্টা।

প্রতীপবচন, ন. [প্রতীপ+বচন] নিষ্ঠুরোত্তর, বক্রোত্তর।

প্রতীবাপ, পুং. [প্রতী+বাপ-অ] গলিত স্বর্ণাদির দ্রব্যান্তর সহিত মিলন; ন্যাসকরণ; নিঃক্ষেপকরণ; উপদ্রব, আবাপ, মারীরী; পানীয়ৌষধিবিশেষ।

প্রতীবেশ, পুং. [প্রতি+বেশ] প্রতিবেশ, নিকটস্থ গৃহ, সমীপবর্ত্তি গৃহ।

প্রতীবেশী, ত্রি. [প্রতি+বেশিন্] প্রতিবেশী, প্রতিবাসী, নিকটস্থায়ী।

প্রতীমান, ন. [প্রতি+মান] পরিমাণ, মাপ।

প্রতীয়মান, ত্রি. [প্রতীয়+মান] জ্ঞেয়, বোধগম্য, অনুভূত; প্রকাশমান।

প্রতীর, ন. [প্র+তীর] তট, তীর, কূল, কিনারা। [সন্ধিবিশেষ।

প্রতীহার, পুং. [প্রতী+হার] দ্বার; দ্বারপাল;

প্রতীহারী, ত্রি. [প্রতী+হারিন্] দ্বারী, দৌবারিক, প্রহরী; (স্ত্রী.) দ্বাঃস্থিতা, দৌবারিকা।

প্রতীহাস, পুং. [প্রতী+হাস] করবীরপুষ্প, করবীফুল।

প্রতীক্ষণ, ন. [প্রতি+ঈক্ষণ] প্রতীক্ষাকরণ।

প্রতীক্ষণীয়, ত্রি. [প্রতীক্ষ+অনীয়] অপেক্ষণীয়।

প্রতীক্ষা, স্ত্রী. [প্রতি+ঈক্ষা] প্রতীক্ষণ, অপেক্ষা; অনুরোধ। [ক্ষিত।

প্রতীক্ষিত, ত্রি. [প্রতি+ঈক্ষিত] অপে-

প্রতীক্ষ্য, ত্রি. [প্রতি+ঈক্ষ্য] পূজ্য; প্রতীক্ষণীয়, অপেক্ষণীয়।

প্রতুদ, পুং. [প্র+তুদ] গৃধ্রাদি, যথা।— শ্যেন; কঙ্ক; কাক; দ্রোণকাক; উলূক, পেচক; ময়ূর।

প্রতুল, (প্রা) মঙ্গল; বাহুল্য; বৃদ্ধি।

প্রতুষ্টূষু, ত্রি. [প্র+তুষ্টুস্-উ] প্রশংসাকরণেচ্ছু।

প্রতূণী, স্ত্রী. [প্র+তূণী] উদরের যাতনাবিশেষ।

প্রতূষঃ, ন. [প্র+তূষস্] প্রভাত, প্রাতঃকাল, সকাল।

প্রতোদ, পুং. [প্র+তোদ] অশ্বাদি তাড়নদণ্ড, চাবুক্, কশা, পাচনীবাড়ী, তৎপর্য্যায়।—প্রাজন, প্রবয়ন, তোত্র, তোদন।

প্রতোলী, স্ত্রী. [প্র+তোলী] রথ্যা; অভ্যন্তরমার্গ, নাছদ্বার, খড়কী, কুলী; হট্টাদির মধ্যনির্ম্মিত পথ; দুর্গনগরদ্বার; হট্ট জনাশ্রয়, হেটোলোকের স্থান।

প্রত্ত, ত্রি. [প্র+দা-ত] দত্ত, দেওয়া, ত্যক্ত।

প্রত্তা, স্ত্রী. [প্র+দা-ত-আ] দত্তা, বিবাহিতা, পাত্রস্থা কন্যা।

প্রত্ন, ত্রি. [প্র+ত্ন] পুরাতন, পুরাণ।

প্রত্যক্, ত্রি. বা. [প্রতি+অন্‌চ] পশ্চিমদিক্; পশ্চিমদেশ; পশ্চিমকাল।

প্রত্যক্‌স্রোতা, স্ত্রী. [প্রত্যক্+স্রোতা] পশ্চিমাভিগামিনীনদী।

প্রত্যক্‌পর্ণী, স্ত্রী. [প্রত্যক+পর্ণ-ঈ] অপামার্গবৃক্ষ, আপাংগাছ; দ্রবন্তী।

প্রত্যক্‌পুষ্পী, স্ত্রী. [প্রত্যক্+পুষ্প-ঈ] অপামার্গবৃক্ষ, আপাংগাছ।

প্রত্যক্শ্রেণী, স্ত্রী. [প্রত্যক্+শ্রেণী] দন্তী-বৃক্ষ; মূষিকপর্ণী, ইন্দুরকানীলতা।

প্রত্যগাশাপতি, পুং. [প্রত্যক্+আশাপতি] বরুণ, জলাধিপতি পশ্চিমদিগীশ্বর

প্রত্যগ্র, ত্রি. [প্রতি+অগ্র] নূতন, শোধিত, শুদ্ধ; সকলের অগ্র।

প্রত্যগ্রথ, পুং. [প্রত্যক্+রথ] অহিচ্ছত্র-দেশ।

প্রত্যঙ্, ত্রি. [প্রতি+অন্চ] পশ্চিমদিক্; পশ্চিমদেশ; পশ্চিমকাল।

প্রত্যঙ্গ, ন. [প্রতি+অঙ্গ] অবয়ববিশেষ, যথা।—কর্ণ, নাসিকা, অক্ষি, লিঙ্গাঙ্গ, কর, চরণ।

প্রত্যঙ্গিরা, স্ত্রী.[প্রতি+অঙ্গিরা] দেবীবিশেষ।

প্রত্যচ, ত্রি. [প্রতি+অচ্] প্রত্যঙ্, পশ্চিম-দিগ; পশ্চাদ্ভাগ।

প্রত্যনন্তর, ব্য. [প্রতি+অনন্তর] পরস্প-রায়; কথনানন্তর।

প্রত্যঙ্মুখ, ত্রি. [প্রত্যঙ্+মুখ] পশ্চিমাস্য।

প্রত্যনীক, পুং. [প্রতি+অনীক] শত্রু, অরি, বৈরী।

প্রত্যন্ত, পুং. [প্রতি+অন্ত] ম্লেচ্ছদেশ; (ত্রি. সন্নিকৃষ্ট, প্রান্তভাগ।

প্রত্যন্তপর্ব্বত, পুং. [প্রতি+অন্ত-পর্ব্বত বৃহৎপর্ব্বতের সমীপবর্ত্তি ক্ষুদ্রপর্ব্বত।

প্রত্যবলোকন, ন. [প্রতি+অবলোকন] পুনর্ব্বার দর্শন।

প্রত্যবসান, ন. [প্রতি+অবসান] ভোজন, অশন, ভক্ষণ, আহার।

প্রত্যবসিত, ত্রি. [প্রতি+অবসিত] ভক্ষিত, খাদিত, ভুক্ত।

প্রত্যবস্কন্দ, পুং. [প্রতি+অবস্কন্দ] চতুর্ব্বিধ উত্তরের অন্তর্গত উত্তরবিশেষ, যথা।—সত্য, গৃহীত, প্রতিদত্ত, প্রতিগ্রহলব্ধ।

প্রত্যবস্কন্দন, পুং. [প্রতি+অবস্কন্দন] প্রত্য-বস্কন্দ।

প্রত্যবস্থাতা, পুং. [প্রতি+অবস্থাতৃ] শত্রু, বিপক্ষ, অরি

প্রত্যবায়, পুং. [প্রতি+অব-অয়] পাপ, দুরদৃষ্ট, দোষ, অনিষ্ট, বিঘ্ন, ব্যাঘাত।

প্রত্যভিজ্ঞান, ন. [প্রতি+অভিজ্ঞান] পশ্চাৎ জ্ঞান, পরে বোধ, স্মরন্, অনুমান।

প্রত্যভিবাদ, পুং. [প্রতি+অভি-বাদ] অভি-বাদো গুরু প্রভৃতির আশীর্ব্বচন; জ্যেষ্ঠ বা কনিষ্ঠের নমস্কারানন্তর পুন-র্নমস্কার।

প্রত্যভিবাদন, ন,[প্রতি+অভি-বাদন] অভি-বাদো গুরুর আশীর্ব্বচন; জ্যেষ্ঠ বা কনিষ্ঠের নমস্কারানন্তর পুনর্নমস্কার।

প্রত্যভিযোগ, পুং. [প্রতি+অভিযোগ]প্রত্য-পরাধ, অভিযুক্ত হইয়া অভিযোগ-করণ।

প্রত্যভিলাষ, পুং. [প্রতি+অভিলাষ] পুন-রভিলাষ; পুনরাকাঙ্ক্ষা।

প্রত্যয়, পুং. [প্রতি+অয়] অধীন: শপথ, দিব্য; জ্ঞান; বিশ্বাস; হেতু; রন্ধ্র,ছিদ্র; শব্দ; প্রথিতত্ব; আচার; নিশ্চয়; স্বাদু; প্রকৃতির উত্তর জায়মান বিভক্তি, ত্য; সহকারী।

প্রত্যয়কারিণী, স্ত্রী. [প্রত্যয়+কারিন্‌-ঈ] মুদ্রা, (যাং) মোহর; বিশ্বাসজনিকা।

প্রত্যয়ার্হ, ত্রি. [প্রত্যয়+অর্হ] বিশ্বাসযোগ্য, বিশ্বস্ত।

প্রত্যয়িত, ত্রি. [প্রত্যয়+ইত] আপ্ত, বিশ্বস্ত, বিশ্বাসপাত্র।

প্রত্যয়ী, ত্রি. [প্রত্যয়+ইন্] বিশ্বাসী, প্রত্যয় কারক

প্রত্যর্থী, ত্রি. [প্রতি+অর্থিন্] শত্রু; প্রতি-বাদী; অর্থির প্রতিপক্ষ, আসামী।

প্রত্যর্পণ, ত্রি. [প্রতি+অর্পণ] পুনর্দান, ফি-রিয়া দেওন, প্রতিদান।

প্রত্যর্পিত, ত্রি. [প্রতি+অর্পিত] প্রতিদত্ত, ফিরিয়া দেওয়া।

প্রত্যশ্ম, ন. [প্রতি+অশ্মন্] গৈরিক, গিরি-মাটী।

প্রত্যহ, ব্য. [প্রতি+অহন্] প্রতিদিন, দিন, দিন।

প্রত্যক্ষ, ত্রি. [প্রতি+অক্ষিন্-অ] ইন্দ্রিয় গ্রাহ্য, তৎপর্য্যায়।—ঐন্দ্রিয়ক; অনুভব বিশেষ, তৎষড়্বিধ, যথা।—ঘ্রাণজ,

রাসন, ঘ্রাবণ, চাক্ষুষ, স্পার্শন, মানস; স্পষ্ট, সাক্ষাৎকার।

প্রত্যক্ষতঃ, বা. [প্রত্যক্ষ+তস্] চক্ষুর্গোচরে, সাক্ষাতে, সমক্ষে।

প্রত্যক্ষদর্শন, ত্রি. [প্রত্যক্ষ+দর্শন] সাক্ষী; চাক্ষুষদর্শনকারী।

প্রত্যক্ষপ্রমাণ, ন. [প্রত্যক্ষ+প্রমাণ] সাক্ষাৎ প্রমাণ।

প্রত্যক্ষবাদী, পুং. [প্রত্যক্ষ+বাদিন্] বৌদ্ধ, অপ্রত্যক্ষকে অপ্রমাণবাদী;প্রত্যক্ষবাদী, সাক্ষাৎকথক।

প্রত্যক্ষর, ন. [প্রতি+অক্ষর] ভিন্ন২ বর্ণ, এক২ অক্ষর।

প্রত্যক্ষসিদ্ধ, ত্রি. [প্রত্যক্ষ+সিদ্ধ] সাক্ষাৎ সিদ্ধ, চক্ষুরাদি ইন্দ্রিয়জন্য জ্ঞানসিদ্ধ।

প্রত্যক্ষী, ত্রি. [প্রতি+অক্ষিন্] ব্যক্তদৃষ্টার্থ।

প্রত্যক্ষীভূত, ত্রি. [প্রত্যক্ষী+ভূত] নয়নগোচর, সাক্ষাৎভূত।

প্রত্যাকর্ষণ, ন. [প্রতি+আকর্ষণ] আকর্ষণানন্তর আকর্ষণ, উলটিয়া টানন।

প্রত্যাকার, পুং. [প্রতি+আকার] খড়্গকোষ, খাপ।

প্রত্যাখ্যাত, ত্রি. [প্রতি+আখ্যাত] দূরীকৃত, নিরাসিত, তৎপর্য্যায়।—প্রত্যাদিষ্ট, নিরস্ত, নিরাকৃত, নিকৃত, বিপ্রকৃত; খণ্ডিত; প্রকথিত।

প্রত্যাখ্যান, ন. [প্রতি+আখ্যান] নিরাকরণ, তৎপর্য্যায়।—নিরসন, প্রত্যাদেশ, নিরাকৃতি, খণ্ডন; অস্বীকার; নিন্দন।

প্রত্যাগম, পুং. [প্রতি+আগম] প্রত্যাগমন, ফিরিয়া আসা।

প্রত্যাগত, ত্রি. [প্রতি+আগত] পুনরাগত।

প্রত্যাগম, পুং. [প্রতি+আগম] আগমন; পুনরাগমন।

প্রত্যাগমন, ন. [প্রতি+আগমন] পুনরাগমন, ফিরিয়া আসা।

প্রত্যাদান, ন. [প্রতি+আদান] পুনর্গ্রহণ, ফিরিয়া লওন।

প্রত্যাদিষ্ট, ত্রি. [প্রতি+আদিষ্ট] প্রত্যাদেশ বিশিষ্ট, তৎপর্য্যায়।—নিরস্ত, প্রত্যাখ্যাত, নিরাকৃত, নিকৃত, বিপ্রকৃত; আজ্ঞপ্ত।

প্রত্যাদেশ, পুং. [প্রতি+আদেশ] নিরাকরণ, প্রত্যাখ্যান, খণ্ডন; ভক্তেরপ্রতি দেবাদির আদেশ, উপদেশ; দৈববাণী; পরামর্শ।

প্রত্যাধ্মান, পুং. [প্রতি+আধ্মান] বাতব্যাধিবিশেষ।

প্রত্যারম্ভ, পুং. [প্রতি+আরম্ভ] পুনরারম্ভ, পুনঃসূচনা।

প্রত্যালীঢ়, ন. [প্রতি+আলীঢ়] ধনুর্ধারিদের পাদ সংস্থানবিশেষ; (ত্রি.) অশিত, ভুক্ত, খাদিত।

প্রত্যাশা, স্ত্রী. [প্রতি+আশা] আকাঙ্ক্ষা, বাঞ্ছা, ভরসা, প্রত্যয়।

প্রত্যাশারহিত, ত্রি. [প্রত্যাশা+রহিত] আকাঙ্ক্ষা রহিত, ভরসাশূন্য, বাঞ্ছারহিত।

প্রত্যাশিত, ত্রি. [প্রতি+আশিত] ভরসান্বিত, আকাঙ্ক্ষিত।

প্রত্যাশী, ত্রি. [প্রতি+আশিন্] ভরসাযুক্ত, আকাঙ্ক্ষী।

প্রত্যাসন্ন, ত্রি. [প্রতি+আসন্ন] নিকটবর্ত্তী, সমীপস্থিত।

প্রত্যাসর, পুং. [প্রতি+আসর] সৈন্যপৃষ্ঠ, সেনারপশ্চাদ্ভাগ।

প্রত্যাসার, পুং. [প্রতি+আসার] সৈন্যব্যূহের পশ্চাদ্ভাগ; একসৈন্য শ্রেণির পশ্চাদ্বর্ত্তি অন্য সৈন্যশ্রেণী,ব্যূহপার্ষ্ণি।

প্রত্যাহরণ, ন. [প্রতি+আহরণ] প্রত্যাহার, স্বীয়২ বিষয়হইতে ইন্দ্রিয়াদির আকর্ষণ; আকর্ষণ, ফিরিয়া আনয়ন।

প্রত্যাহার, পুং. [প্রতি+আহার] স্বীয়২ বিষয় হইতে ইন্দ্রিয়াদির আকর্ষণ, তৎপর্য্যায়।-উপাদান,প্রত্যাহরণ,যোগাঙ্গ বিশেষ; অল্পদ্বারা অনেকের গ্রহণ, যথা।—অচ্, অ, ই, উ, ঋ, ৯, এ, ও, ঐ, ঔ।

প্রত্যাহৃত, ত্রি. [প্রতি+আহৃত] আকৃষ্ট, প্রত্যানীত, ফিরাইয়া আনা।

প্রত্যুক্ত, ত্রি. [প্রতি+উক্ত] পুনরুক্ত, পুনঃ কথিত।

প্রত্যুক্তি, স্ত্রী. [প্রতি+উক্তি] প্রত্যুত্তর, প্রতিবচন।

প্রত্যুত, ব্য. [প্রতি+উত] বৈপরীত্য, বরঞ্চ; স্পষ্টত; সাক্ষাৎ, পুনর্ব্বার।

প্রত্যুৎক্রম, পুং. [প্রতি+উৎক্রম] প্রধান প্রয়োজনানুকূল প্রয়োজনানুষ্ঠান, তৎপর্য্যায়।—প্রয়োগার্থ; প্রকৃষ্টযোগ; প্রকৃষ্ট, যুদ্ধেরনিমিত্ত উপক্রম প্রয়োগ, যুদ্ধাভিধেয়, যুদ্ধের নিমিত্ত প্রথম আক্রমণ; কর্ম্মের আরম্ভে প্রথমবুক্তি প্রয়োগ।

প্রত্যুৎক্রান্তি, স্ত্রী. [প্রতি+উৎক্রান্তি] প্রত্যুৎক্রম, প্রয়োগার্থ, প্রধান প্রয়োজনানুকূল, প্রয়োজনানুষ্ঠান।

প্রত্যুত্তর, ন. [প্রতি+উত্তর] উত্তরের প্রতি উত্তর, (বাং) জবাবের জবাব।

প্রত্যুত্থান, ন. [প্রতি+উত্থান] অভ্যুত্থান, গাত্রোত্থান, আনয়নার্থ উত্থান, অভ্যর্থনা।

প্রত্যুৎপন্ন, ত্রি. [প্রতি+উৎপন্ন] উৎপত্তি বিশিষ্ট; প্রস্তুত; প্রতিভান্বিত।

প্রত্যুৎপন্নমতি, ত্রি. [প্রতি+উৎপন্ন-মতি] সূক্ষ্মবুদ্ধিযুক্ত, তৎপর্য্যায়।—কুশাগ্রীয়মতি, সূক্ষ্মদর্শী, তৎকালধী; প্রতিভান্বিত।

প্রত্যুদ্গম, পুং. [প্রতি+উদ্গম] প্রত্যুত্থান, অভ্যর্থনা।

প্রত্যুদ্গমন, ন. [প্রতি+উদ্গমন] প্রত্যুত্থান, মান্যব্যক্তি আগমনে অগ্রে গিয়া আনয়ন।

প্রত্যুদ্গমনীয়, ন. [প্রতি+উদ্গমনীয়] ধৌত বস্ত্রদ্বয়; (ত্রি.) সমুপস্থান যোগ্য; পূজনীয়, মান্য।

প্রত্যুপকার, পুং. [প্রতি+উপকার] উপকারানন্তর উপকার; প্রতিফল।

প্রত্যুপকারী, ত্রি. [প্রতি+উপকারিন্] উপকারের বিনিময়ে উপকারকর্ত্তা।

প্রত্যুপ্ত, ত্রি. [প্রতি+উপ্ত] অনুবিদ্ধ; বাপিত।

প্রত্যুষ, পুং. [প্রতি+উষ] প্রত্যুষ, প্রাতঃকাল, প্রভাত; সূর্য্য; বসুবিশেষ।

প্রত্যুষ, ন. [প্রতি+উষস্] প্রত্যুষ, প্রাতঃকাল, প্রভাত, (পুং) প্রভাত; সূর্য্য; বসুভেদ।

প্রত্যুহ, পুং. [প্রতি+উহ] বিঘ্ন, বাধা, আপদ।

প্রত্যেক, ন. [প্রতি+এক] একং প্রতি,ভিন্নং প্রতি; সমস্ত, সকল।

প্রত্যেতব্য, ত্রি. [প্রতি+এতব্য] বিশ্বসনীয়, বিশ্বাসযোগ্য।

প্রথন, পুং. [প্রথ+অন] বিক্ষেপণ; পতন।

প্রথম, ত্রি. [প্রথ+ম] প্রধান, শ্রেষ্ঠ; প্রাক্, পূর্ব্বতন, তৎপর্য্যায়।—আদি, পূর্ব্ব, পৌরস্ত্য, আদ্য, অদিম, অগ্রিম।

প্রথমতঃ, ত্রি. [প্রথম+তস্] প্রথমে, পূর্ব্বে, অগ্রে।

প্রথমসাহস, পুং. [প্রথম+সাহস] অপরাধীদিগের প্রথমদণ্ড।

প্রথমাবয়ব, পুং. [প্রথম+অবয়ব] প্রথমোৎপন্নাংশ, আদ্যাঙ্গ; শ্রেষ্ঠঅঙ্গ।

প্রথমে, (ব্য) পূর্ব্বে, অগ্রে, প্রথমতঃ।

প্রথা, স্ত্রী. [প্রথ+আ] খ্যাতি; চলন, ধারা, রীতি, ব্যবহার। [প্রসিদ্ধ।

প্রথিত, ত্রি. [প্রথ+ইত] খ্যাত, প্রতিষ্ঠিত,

প্রথিতি, স্ত্রী. [প্রথ+ইতি] খ্যাতি, প্রতিষ্ঠা।

প্রথিমা, ত্রি. [প্রথ+ইমন্] অতিশয় স্থূলতা; (স্ত্রী.) পৃথুত্ব, স্থূলত্ব।

প্রথিমী, ত্রি. [প্রথিমা+ইন্] প্রথিমাযুক্ত, স্থূলবিশিষ্ট, পুরু।

প্রথিষ্ঠ, ত্রি. [পৃথু+ইষ্ঠ] অতিশয়স্থূল, অতিবৃহৎ।

প্রথীয়ান্, ত্রি. [পৃথু+ঈয়স্] অতিশয়বৃহৎ।

প্রথুক, পুং. [প্রথ+উক] পৃথুক্, অল্পতা।

প্রদ, ত্রি. [প্র+দা-অ] প্রকৃষ্টরূপদাতা, প্রদাতা, দানকর্ত্তা।

প্রদত্ত, ত্রি. [প্র+দত্ত] উত্তমরূপে দানকরা; সমর্পিত।

প্রদত্তা, স্ত্রী. [প্র+দত্ত-আ] দানকরা; বিবাহিতা কন্যা।

প্রদর, পুং. [প্র+দৃ-অ] ভঙ্গ; বাণ; বিদার; স্ত্রীলোকের রোগবিশেষ, তন্নাম যথা।— অসৃগ্দর। [যে দেখায়।

প্রদর্শক, ত্রি. [প্র+দর্শক] দর্শক, প্রকাশক,

প্রদর্শন, ন. [প্র+দর্শন] ঈক্ষণ, দেখন; প্রকাশন, দেখান।

প্রদর্শিনী, স্ত্রী. [প্রদর্শিন্+ঈ] উপদেষ্ট্রী-স্ত্রী, যে দৃষ্টান্তযুক্ত উপদেশ করে, (প্রা) উপহার, উপঢৌকন, পারিতোষিক; দৃষ্টান্ত, (যাং) নজর।

প্রদর্শিত, ত্রি. [প্র+দর্শিত] আলোকিত, ঈক্ষিত; প্রকাশিত, দেখান।

প্রদল, পুং. [প্র+দল] বাণ; স্ত্রীলোকের রোগবিশেষ।

প্রদক্ষিণ, ন. পুং. [প্র+দক্ষিণ] দক্ষিণাবর্ত্তে দেবতার উদ্দেশে ভ্রমণ; চতুর্দ্দিকে ভ্রমণ।

প্রদক্ষিণা, স্ত্রী. [প্র+দক্ষিণা] প্রদক্ষিণ।

প্রদান, ন. [প্র+দান] দান, অর্পণ; প্রকৃষ্ট-দান। [দেয়।

প্রদানীয়, ত্রি. [প্র+দানীয়] অর্পণীয়, প্র-

প্রদিগ্ধ, ন. [প্র+দিগ্ধ] মাংস ব্যঞ্জনবিশেষ; (ত্রি.) প্রলিপ্ত। [অবান্তরভাগ।

প্রদিক্, স্ত্রী. [প্র+দিক্] বিদিক্; দ্বীপের

প্রদীপ, পুং. [প্র+দীপ] দীপ, তৎপর্য্যায়।— স্নেহা দীপক, কজ্জলধ্বজ, শিখাতরু, গৃহমণি, জ্যোৎস্নাবৃক্ষ, দশেন্ধন, দোষা-তিলক, দোষাস্য, নয়নোৎসব, বর্ত্ত্যা-ধার।

প্রদীপন, পুং. [প্র+দীপন] স্থাবর বিষভেদ; (ত্রি.) প্রকাশক, উজ্জ্বলকরণ; পোড়ান।

প্রদীপ্ত, ত্রি. [প্র+দীপ্ত] উজ্জ্বলিত; প্রকাশিত।

প্রদৃপ্ত, ত্রি. [প্র+দৃপ্ত] অহঙ্কৃত, গর্ব্বিত।

প্রদেশ, পুং. [প্র+দেশ] দেশমাত্র, তৎ-পর্য্যায়।—আস্থান, আস্থা, ভূ, অব-কাশ, স্থিতি, পদ; তর্জ্জনী ও অঙ্গুষ্ঠের পরিমাণ; ভিত্তি, প্রাচীর।

প্রদেশন, ন. [প্র+দেশন] রাজাদিগের উপ-ঢৌকন, ভেট, তৎপর্য্যায়।—উপায়ন, উপহার, উপগ্রাহ্য, উপদা, প্রাভৃত; দেবতা ও মিত্রাদিদিগকে ভক্তি ও প্রীতি পূর্ব্বক প্রশস্ত লড্ডুকাদিদান; ধুতী-কাপড়।

প্রদেশনী, স্ত্রী. [প্র+দেশন-ঈ] তর্জ্জনী, অঙ্গুষ্ঠেরপরস্থ অঙ্গুলী।

প্রদেশিনী, স্ত্রী. [প্র+দেশিন্-ঈ] তর্জ্জনী, অঙ্গুষ্ঠেরপরস্থ অঙ্গুলী।

প্রদেহ, পুং. [প্র+দেহ] প্রলেপ, লেপন।

প্রদোষ, পুং. [প্র+দোষ] রজনীমুখ, সায়ং-কাল, সূর্য্যাস্তের পর দ্বিমুহূর্ত্তকাল, রাত্রির প্রথম দণ্ডচতুষ্টয়; দোষ।

প্রদ্যু, ন. [প্র+দিব-উ] পুণ্যকর্ম্ম, যাহা হ-ইতে স্বর্গাদি সুখ লাভ হয়।

প্রদ্যুম্ন, পুং, [প্র+দ্যুম্ন] কন্দর্প, কামদেব, শ্রীকৃষ্ণেরপুত্র, বাসুদেবের চতুর্থাংশ।

প্রদ্যোত, পুং. [প্র+দ্যোত] রশ্মি, কিরণ, দীপ্তি, প্রভা।

প্রদ্যোতন, পুং. [প্র+দ্যোতন] সূর্য্য; (ন.) দ্যুতি, রশ্মি, কিরণ।

প্রদ্রব, পুং. [প্র+দ্রব] পলায়ন, প্রস্থান।

প্রদ্রাব, পুং. [প্র+দ্রাব] পলায়ন, প্রস্থান।

প্রধন, ন. [প্র+ধন] যুদ্ধ, রণ; দারণ, বিদারণ।

প্রধর্ষিত, ত্রি. [প্র+ধর্ষিত] অহঙ্কৃত।

প্রধান, ন. [প্র+ধান] প্রকৃতি; মহাপাত্র; পরমাত্মা; বুদ্ধি; প্রশস্ত, তৎপর্য্যায়।— প্রমুখ, প্রবেক, অনুত্তম, উত্তম, মুখ্য, বর্য্য, বরেণ্য, প্রবর্হ, অনবরার্দ্ধ্য, পরার্দ্ধ্য, অগ্র্য, অগ্র, প্রাগ্রহর, প্রগ্র্য, অগ্র্য, অগ্রীয়, অগ্রিম; (পুং.) মহামাত্র, সেনা-পত্যাদি।

প্রধানতা, স্ত্রী. [প্রধান+ত-আ] শ্রেষ্ঠতা, প্রধানত্ব, প্রাধান্য, অগ্রগণ্যতা।

প্রধানধাতু, পুং. [প্রধান+ধাতু] ধাতুরাজক।

প্রধানমন্ত্রী, পুং. [প্রধান+মন্ত্রী] প্রধান-সচিব, মন্ত্রীশ্রেষ্ঠ।

প্রধাবন, পুং. [প্র+ধাবন] বায়ু, অনিল, বাতাস। [মন্ত্রী।

প্রধানামাত্য, পুং. [প্রধান+অমাত্য] প্রধান

প্রধি, পুং. [প্র+ধি] নেমি; রথচক্র।
প্রধিমণ্ডল, ন. [প্রধি+মণ্ডল] চক্রের পরিধি।
প্রধীঃ, ত্রি. [প্র+ধীঃ] প্রকৃষ্ট বুদ্ধিযুক্ত, উত্তম বুদ্ধি বিশিষ্ট; (স্ত্রী.) প্রকৃষ্টবুদ্ধি, উত্তম বুদ্ধি।
প্রধূপিতা, স্ত্রী. [প্র+ধূপিতা] ক্লেশিতা; সূর্য্যের গমনীয়দিক্; (ত্রি.) প্রকৃষ্টরূপে তপ্তা; অতিশয়দীপ্তা।
প্রধৃষ্ট, ত্রি. [প্র+ধৃষ্ট] অহঙ্কৃত, প্রধর্ষিত।
প্রধ্বংস, পুং. [প্র+ধ্বংস] নাশ, ক্ষতি।
প্রনাল, পুং.স্ত্রী. [প্র+নাল] জল প্রণাল, পয়ঃনালা।
প্রনিঘাতন, ন. [প্রনি+ঘাতন] প্রণিঘাতন, বধ, হনন, মারণ।
প্রপঞ্চ, পুং. [প্র+পঞ্চ] বিপর্য্যায়, ভ্রম; বিস্তার; সঞ্চয়; প্রতারণ; সংসার, জগৎ।
প্রপঞ্চিত, ত্রি. [প্র+পঞ্চিত] বিস্তৃত; ভ্রম-যুক্ত।
প্রপথ, ত্রি. [প্র+পথ] শিথিল, আলিসা, ঢিলা, উত্তমপথ।
প্রপথ্যা, স্ত্রী. [প্র+পথ্য-আ] হরীতকী।
প্রপদ, ন. [প্র+পদ] পাদাগ্র, চরণাগ্র।
প্রপন্ন, ত্রি. [প্র+পদ্-ত] শরণাগত; আশ্রিত, আশ্রয়াকাঙ্ক্ষী।
প্রপন্নাড়, পুং. [প্রপন্ন+অড়] প্রপুন্নাড়, চক্রমর্দ্দকবৃক্ষ, চাকুন্দেগাছ।
প্রপবণ, ন. [প্র+পূ-অন] নির্ম্মল।
প্রপা, স্ত্রী. [প্র+পা] পানীয়শালা, জলচ্ছত্র।
প্রপাণি, পুং. [প্র+পাণি] করের অধোদেশ, পাণিতল, করতল, হাতেরতেলো।
প্রপাত, পুং. [প্র+পাত] নিরবলম্বন পর্ব্বতাদির পার্শ্ব, আরড়ি, যাহার পতনে অবস্থান ক্রিয়ারহিত, তৎপর্য্যায়।—অতট, ভৃগু; নির্ঝর; অভ্যবস্কন্দ; কূল, তীর। [সমূহজল।
প্রপাথ, পুং. [প্র+পথ-অ] পন্থা, মার্গ,(ন.)
প্রপাদিক, পুং. [প্র+পাদিক] শিখী, ময়ূর।
প্রপাবন, ন. [প্রপা+বন] বনবিশেষ,কামারণ্য।
প্রপায়ী, ত্রি. [প্র+পায়িন্] পানকর্ত্তা; রক্ষণ কর্ত্তা।
প্রপিতামহ, পুং. [প্র+পিতামহ] ব্রহ্মা; পিতামহেরপিতা।
প্রপিতামহী, স্ত্রী. [প্র+পিতামহ-ঈ] প্রপিতামহ পত্নী।
প্রপুনাড়, পুং. [প্র+পুনাড়] প্রপুন্নাড়, চক্রমর্দ্দকবৃক্ষ, চাকুন্দেগাচ।
প্রপুন্নড, পুং. [প্র+পুন্নড়] প্রপুন্নাড়, চক্রমর্দ্দকবৃক্ষ, চাকুন্দিয়াগাছ।
প্রপুন্নাট, পুং. [প্রপুন্ন+অট] চক্রমর্দ্দকবৃক্ষ, চাকুন্দেগাছ।
প্রপুন্নাড়, পুং. [প্র+পুন্নাড়] চক্রমর্দ্দকবৃক্ষ, চাকুন্দেগাছ।
প্রপুন্নাল, পুং. [প্র+পুন্নাল] প্রপুন্নাড়,চক্রমর্দ্দকবৃক্ষ, চাকুন্দিয়াগাছ। [বৃক্ষ।
প্রপূরিকা, স্ত্রী. [প্র+পূরিকা] কন্টকারী-
প্রপৌণ্ডরীক, ন. [প্র+পৌণ্ডরীক] মনুষ্য ও হস্তীর চক্ষুষ্য ক্ষুদ্রশাখা, শালপর্ণীপত্রের তুল্যপত্র, পুণ্ডরিয়া, তৎপর্য্যায়।—চক্ষুষ্য, শীত, শ্রীপুষ্প, পুণ্ডরী, পুণ্ডর্যা, পুণ্ডরীয়ক, পৌণ্ডরীয়, সুপুষ্প, সানুজা, অমুজ।
প্রপৌত্র, পুং. [প্র+পৌত্র] পৌত্রেরপুত্র, তৎপর্য্যায়।—প্রতিনপ্তা।
প্রপৌত্রী, স্ত্রী. [প্র+পৌত্র-ঈ] পৌত্রের-কন্যা, প্রতিনপ্ত্রী।
প্রপ্যান, ত্রি. [প্র+প্যায়-ত] স্থূল।
প্রফুল্ল, ত্রি. [প্র+ফুল্ল] বিকাশযুক্ত, তৎপর্য্যায়।—উৎফুল্ল, সংফুল্ল, ব্যাকোষ, বিকচ, স্ফুট, ফুল্ল, বিকসিত, প্রবুদ্ধ, জৃম্ভ, স্মিত, উন্মিষিত, দলিত, স্ফুটিত, উচ্ছ্বসিত, বিজৃম্ভিত, স্মের, বিনিদ্র, উন্নিদ্র, বিমুদ্র, হসিত।
প্রফুল্লতা, স্ত্রী. [প্রফুল্ল+ত-আ] হর্ষ,আহ্লাদ, উল্লাস, বিকাশ।
প্রফুল্লনয়ন, ত্রি. [প্রফুল্ল+নয়ন] উৎকৃষ্টও সমুজ্জ্বল নেত্র।
প্রফুল্লবদন, ত্রি. [প্রফুল্ল+বদন] বিকসিত-মুখ, হাস্যবদন।

প্রফুল্লিত, ত্রি. [প্রফুল্ল+ইত] প্রস্ফুটিত, বিকাশিত, বিকাশযুক্ত।
প্রবক, ত্রি. [প্র+বক] গমনকারী।
প্রবক্তব্য, ত্রি. [প্র+বক্তব্য] ব্যাখ্যার উপযুক্ত।
প্রবক্তা, ত্রি. [প্র+বক্তৃ] প্রকৃষ্টবক্তা, বেদাদিবাচক, উত্তমকথক।
প্রবচন, ন. [প্র+বচন] বেদ; প্রকৃষ্টবাক্য, উত্তমবাক্য।
প্রবচনীয়, ত্রি. [প্র+বচনীয়] প্রবক্তা, সংকথক; প্রবাচ্য।
প্রবঞ্চক, ত্রি. [প্র+বঞ্চক] প্রতারক, শঠ, খল, ধূর্ত্ত।
প্রবঞ্চকতা, স্ত্রী. [প্র+বঞ্চকতা] শঠতা, ধূর্ত্ততা, প্রতারণা। [চাতুরী।
প্রবঞ্চনা, স্ত্রী. [প্র+বঞ্চনা] প্রতারণা, ছল,
প্রবঞ্চনীয়, ত্রি. [প্র+বঞ্চনীয়] প্রতারণাযোগ্য, প্রবঞ্চনাকরণোপযুক্ত।
প্রবণ, পুং. [প্র+বণ] চতুষ্পথ, চৌমাথা; (ত্রি.) ক্রমনিম্ন ভূমি, গড়ানিয়া স্থান; উদর; প্রহ্ব, নত; আয়ত, বিস্তৃত; প্রগুণ; ক্ষণ; প্লুত, ব্যাপ্ত; স্নিগ্ধ; আশক্ত; ক্ষীণ; আঘাত; আসন।
প্রবৎস্যৎপতিকা, স্ত্রী. [প্রবৎস্যৎ+পতিকা] নায়িকাবিশেষ।
প্রবন্ধ, পুং. [প্র+বন্ধ] সন্দর্ভ; গ্রন্থ; কাব্যাদি গ্রথন; পরস্পর অন্বিতবাক্য সমূহ।
প্রবন্ধকল্পনা, স্ত্রী. [প্রবন্ধ+কল্পনা] প্রবন্ধের রচনা, কাব্যাদিরচনা।
প্রবয়ণ, ন. [প্র+অজ-অন] প্রতোদ, অশ্বাদি তাড়নদণ্ড, চাবুক।
প্রবয়াঃ, পুং. [প্র+বয়স্] বৃদ্ধ, প্রাচীন, স্থবির।
প্রবর, ন. [প্র+বর] অগুরু; গোত্র; (ত্রি.) শ্রেষ্ঠ, প্রধান; (পুং.) সন্ততি; গোত্রপ্রবর্ত্তক; মুনিব্যাবর্ত্তক মুনিগণ।
প্রবরললিত, ন. [প্রবর+ললিত] ছন্দোবিশেষ। [বহ্নি।
প্রবর্গ, পুং. [প্র+বর্গ] হোমাগ্নি, হোমের-
প্রবর্ত্ত, ত্রি. [প্র+বর্ত্ত] উদ্যত, উদ্যমকারী, নিযুক্ত।
প্রবর্ত্তক, ত্রি. [প্র+বর্ত্তক] প্রবর্ত্তনকারী; প্রবৃত্তিজনক; নিযুক্তকারক, প্রযোজক।
প্রবর্ত্তন, ন. [প্র+বর্ত্তন] প্রবৃত্তি; আরম্ভ, উদ্যোগ, অনুষ্ঠান।
প্রবর্ত্তনা, স্ত্রী. [প্র+বর্ত্তন-আ] প্রবৃত্তি প্রেরণ, যোজন।
প্রবর্ত্তিত, ত্রি. [প্র+বর্ত্তিত] জাত, আরব্ধ।
প্রবর্দ্ধন, ন. [প্র+বর্দ্ধন] বিবর্দ্ধন, বাড়ন।
প্রবর্দ্ধিত, ত্রি. [প্র+বর্দ্ধিত] বৃদ্ধিপ্রাপ্ত, বৃদ্ধিগত, বাড়ান।
প্রবর্হ, ত্রি. [প্র+বর্হ] প্রধান, শ্রেষ্ঠ, উত্তম।
প্রবল, পুং. [প্র+বল] পল্লব, পাতা; (ত্রি.) প্রকৃষ্ট বলযুক্ত, অতিশয় বলবান্।
প্রবলতা, স্ত্রী. [প্র+বল-তা] সামর্থ্য, বল, পরাক্রম, শক্তি, তেজঃ।
প্রবলা, স্ত্রী. [প্র+বল-আ] প্রসারিণী; প্রকৃষ্ট বলবতী; ব্যাপিকা।
প্রবলাকী, পুং. [প্র+বল-আকিন্] ভুজঙ্গম, সর্প; চিত্রলেখক।
প্রবহ, পুং. [প্র+বহ] গৃহনগরাদির বাহিরে গমন; বায়ুবিশেষ; সপ্তবায়ুর অন্তর্গত দ্বিতীয় বায়ু।
প্রবহণ, ন. [প্র+বহন] কর্ণীরথ, স্ত্রী ও রত্নাদি বহনের নিমিত্ত উপরি বস্ত্রাচ্ছাদিত মনুষ্যবাহ্য যানবিশেষ, যথা।—ডুলী, পাল্কী, চৌপালা, দোলা।
প্রবহ্লি, স্ত্রী. [প্র+বহ্লি] প্রবহ্লিকা, প্রহেলিকা, হিঁয়ালী।
প্রবহ্লিকা, স্ত্রী. [প্র+বহ্লিকা] প্রহেলিকা, হিঁয়ালী।
প্রবহ্লী, স্ত্রী. [প্র+বহ্লী] প্রবহ্লিকা, প্রহেলিকা, হিঁয়ালী।
প্রবাক্, ত্রি. [প্র+বাচ্] বাক্য যুক্তিতে পটু, তৎপর্য্যায়।—বাগ্মী, বচোজ্ঞ, প্রবচ, সদ্বক্তা, বক্তা। [কথক।
প্রবাচক, ত্রি. [প্র+বাচক] প্রকৃষ্টবক্তা, উত্তম
প্রবাণি, স্ত্রী. [প্র+বাণি] তন্ত্রশলাকা, মাকু, তুরী।

প্রবাণী, স্ত্রী. [প্র+বাণী] তন্ত্রশলাকা, মাকু, তুরী।

প্রবাদ, পুং. [প্র+বাদ] পরস্পর বাক্য; জনরব, জনশ্রুতি।

প্রবার, পুং. [প্র+বার] প্রবর, বস্ত্র, বসন।

প্রবারণ, ন. [প্র+বারণ] কাম্যদান, মহাদান; নিষেধ, বারণ।

প্রবাল, পুং. ন. [প্র+বাল] রক্তবর্ণ বর্ত্তুলাকার রত্নবিশেষ, পলা, মুঙ্গা, তৎপর্য্যায় —বিদ্রুম, অঙ্গারকমণি, অম্ভোধিবল্লভ, ভৌমরত্ন, রক্তাঙ্গ, রক্তাকার, লতামণি; কিশলয়, নূতনপত্র; বীণাদণ্ড।

প্রবালিক, ত্রি. [প্র+বালিক] মালবদেশীয় জীবশাকবিশেষ।

প্রবালফল, ন. [প্রবাল+ফল] রক্তচন্দন।

প্রবাস, পুং. [প্র+বাস] বিদেশেস্থিতি, দেশান্তরেবাস।

প্রবাসগমন, ন. [প্রবাস+গমন] দেশান্তরে গমন, বিদেশগমন।

প্রবাসন, ন. [প্র+বাসন] বধ, হনন; প্রবাসনা, নির্ব্বাসন, দেশান্তরে প্রস্থান, বিদেশে গমন।

প্রবাসাসেধ, পুং. [প্রবাস+আসেধ] দেশান্তরে একদেশ।

প্রবাসী, ত্রি. [প্র+বাসিন্] প্রবাসবিশিষ্ট, প্রোষিত, বিদেশস্থ; প্রবাস।

প্রবাহ, পুং. [প্র+বাহ] প্রবৃত্তি; জলস্রোত; ব্যবহার; দ্রুতগামী অশ্ব।

প্রবাহক, পুং. [প্র+বাহক] রাক্ষস; (ত্রি.) প্রকৃষ্ট বহনকর্ত্তা।

প্রবাহিকা, স্ত্রী. [প্র+বাহিকা] গ্রহণীরুক্, উদরাময়।

প্রবাহী, স্ত্রী. [প্র+বাহী] বালুকা, বালি, শৈকত।

প্রবাহু, পুং. [প্র+বাহু] কুর্পের অধোভাগ, কুহুয়ের নিম্নদেশ।

প্রবাহুকম্, ব্য. [প্র+বাহুকম্] সমানকালে; ঊর্দ্ধার্থে; প্রবাহিক পাঠ।

প্রবিখ্যাতি, স্ত্রী. [প্র+বিখ্যাতি] অতিপ্রসিদ্ধি, অতিশয়খ্যাতি, তৎপর্য্যায়।—বিশ্রাব।

প্রবিদারণ, ন. [প্র+বিদারণ] যুদ্ধ, রণ; অবদারণ; আকীর্ণ।

প্রবির, পুং. [প্র+বির] পীতকাষ্ঠ

প্রবিশ্লেষ, পুং. [প্র+বিশ্লেষ] প্রকৃষ্টবিশেষ, অতিশয়বিচ্ছেদ, তৎপর্য্যায়।—বিধুর বিকল

প্রবিষণ, ত্রি. [প্র+বিষণ] দুঃখিত।

প্রবিষা, স্ত্রী. [প্র+বিষ-আ] অতিবিষা, আতইষগাছ, অতৈচ, তৎপর্য্যায়।—বিশ্বা, বিষা, প্রতিবিষা, উপবিষা, অরুণা, শৃঙ্গী, মহৌষধ, কাশ্মীরা, শ্বেতা, শ্বেতকন্দা, ভৃঙ্গী, ভঙ্গুরা, বিরূপা, শ্যামকন্দা, বিষরূপা, বীরা, মাদ্রী, শ্বেতবচা, অমৃতা।

প্রবিষ্ট, ত্রি. [প্র+বিষ্ট] প্রবেশবিশিষ্ট, কৃতপ্রবেশ; নিবিষ্ট।

প্রবীণ, ত্রি. [প্র+বীণ] সদসদ্বিবেচক, প্রকৃষ্টবেত্তা, তৎপর্য্যায়।—নিপুণ, অভিজ্ঞ, বিজ্ঞ, নিষ্ণাত, শিক্ষিত, বৈজ্ঞানিক, কৃতমুখ, কৃতী, কুশল।

প্রবীণতা, স্ত্রী. [প্রবীণ+ত-আ] নৈপুণ্য, বিজ্ঞতা, প্রজ্ঞতা।

প্রবীর, পুং. [প্র+বীর] সুভট, উত্তমযোদ্ধা; (ত্রি.) উত্তম, শ্রেষ্ঠ, প্রধান।

প্রবুদ্ধ, ত্রি. [প্র+বুদ্ধ] পণ্ডিত; প্রফুল্ল; চৈতন্য প্রাপ্ত, জাগরিত, জাগ্রৎ।

প্রবৃত্ত, ত্রি. [প্র+বৃত্ত] প্রবৃত্তিবিশিষ্ট; নিযুক্ত, রত, মনঃসংযোগী; প্রকৃষ্টবর্ত্তন বিশিষ্ট।

প্রবৃত্তচক্রতা, স্ত্রী. [প্রবৃত্ত+চক্রতা] সাম্রাজ্য।

প্রবৃত্তি, স্ত্রী. [প্র+বৃত্তি] প্রবাহ; উদন্ত; প্রবর্ত্তন; অবন্ত্যাদিদেশ; যত্নবিশেষ; হস্তীরমদ।

প্রবৃত্তিজ্ঞ, পুং. [প্রবৃত্তি+জ্ঞ] চারবিশেষ, এক প্রকার দূত, তৎপর্য্যায়।—বার্ত্তিক, বার্ত্তায়ন, বার্ত্তাবহ।

প্রবৃদ্ধ, ত্রি. [প্র+বৃদ্ধ] বৃদ্ধিযুক্ত, তৎপর্য্যায়। প্রৌঢ়, এধিত; প্রসারিত, তৎপর্য্যায়।—প্রসৃত।

প্রবেক, ত্রি. [প্র+বিচ-অ] উত্তম, প্রধান, শ্রেষ্ঠ।

প্রবেট, পুং. [প্র+বিট-অ] শস্যবিশেষ, যব

প্রবেণি, স্ত্রী. [প্র+বেণি] কুথ, হস্তীর পৃষ্ঠস্থ-চিত্র কম্বল; বেণী।

প্রবেণী, স্ত্রী. [প্র+বেণী] বেণী; হস্তীর পৃষ্ঠ স্থিত চিত্রকম্বল। [গুগ।

প্রবেল, পুং. [প্র+বেল] পীতমুদ্গ, সোণা-

প্রবেশ, পুং. [প্র+বেশ] অন্তর্ব্বিগাহন, অন্তর্গমনকারী, ভিতরে যাওয়া।

প্রবেশক, ত্রি. [প্র+বেশক] অন্তর্গমনকারী, ভিতরেগমনকারক।

প্রবেশন, ন. [প্র+বেশন] সিংহদ্বার; প্রবেশ, ভিতরে যাওন, প্রবেশকরণ; প্রার্ত্তি হওন।

প্রবেশ্য, ত্রি. [প্র+বেশ্য] প্রবেশনীয়, প্রবেশ করণোপযুক্ত, গম্য।

প্রবেষ্ট, পুং. [প্র+বিষ-ত] বাহু, হস্ত; বাহুর নিম্নভাগ; হস্তিদন্তমাংস; হস্তীর পৃষ্ঠস্থ শয্যা।

প্রবোধ, পুং. [প্র+বোধ] বিনিদ্রত্ব; প্রকৃষ্ট জ্ঞান, চৈতন্য।

প্রবোধক, ত্রি. [প্র+বোধক] পরিজ্ঞাপক, জ্ঞানদাতা; জাগরিতকারক।

প্রবোধন, ন. [প্র+বোধন] জাগরণ; বোধ-জনন, জ্ঞানজন্মান; সৌগন্ধের উৎপাদন, অনুবোধ।

প্রবোধনী, স্ত্রী. [প্র+বোধনী] শ্রীহরির উত্থানৈকাদশ্যাদি; জ্ঞানদায়িনী;প্রবোধ-কারিণী; দুরালভা।

প্রবোধিনী, পুং. [প্রবোধিন্-ঈ] প্রবোধনী; উত্থানৈকাদশী। [বোধদাতা।

প্রবোদ্ধা, পুং. [প্র+বোদ্ধৃ] পরিজ্ঞাপক,

প্রব্যক্ত, ত্রি. [প্র+ব্যক্ত] স্ফুট,স্পষ্ট,প্রকাশ।

প্রব্রজিত, পুং. [প্র+ব্রজিত] বুদ্ধভিক্ষুর শিষ্য, তৎপর্য্যায়।—চেলুক, শ্রামণের, মহাপাশক, গোমী; প্রব্রজ্যাশ্রমবিশিষ্ট।

প্রব্রজিতা, স্ত্রী. [প্র+ব্রজিত-আ] মাংসী; মুণ্ডিরী; প্রব্রজ্যাশ্রমে প্রবিষ্টা, তাপসী, সন্ন্যাসিনী। [শ্রম।

প্রব্রজ্যা, স্ত্রী. [প্র+ব্রজ্-অ] সন্ন্যাস, বত্যা-

প্রব্রজ্যাবসিত, পুং. [প্রব্রজ্যা+অবসিত] সন্ন্যাসভ্রষ্ট, সন্ন্যাসচ্যুত।

প্রভঞ্জন, পুং. [প্র+ভঞ্জন] বায়ু, অনিল; (ত্রি.) ভঞ্জনকর্ত্তা।

প্রভদ্র, পুং. [প্র+ভদ্র] নিম্বতরু, নিমগাছ।

প্রভদ্রা, স্ত্রী. [প্র+ভদ্র-আ] প্রসারিণী।

প্রভব, পুং. [প্র+ভব] জন্মের হেতু,পিত্রাদি; আদ্যোপলব্ধিস্থান; মূল; মুনিবিশেষ; পরাক্রম; জন্ম, উৎপত্তি।

প্রভবিষ্ণু, পুং. [প্র+ভবিষ্ণু] বটুকভৈরবের অষ্টোত্তরশতনামান্তর্গত নামবিশেষ; প্রভু; (ত্রি.) প্রকৃষ্টরূপে উৎপত্তিশীল।

প্রভবিষ্ণুতা, স্ত্রী. [প্রভ+বিষ্ণু-তা] প্রভুতা, প্রভুত্ব।

প্রভা, স্ত্রী. [প্র+ভা] কুবেরপুরী; দীপ্তি, তৎপর্য্যায়।—রোচিঃ, দ্যুতি, শোচিঃ, ত্বিষ্, ওজঃ, ভাঃ, রুচিঃ, বিভা, আলোক, প্রকাশ, তেজঃ, রুক্; গোপীবিশেষ।

প্রভাকর, পুং. [প্রভা+কর] সূর্য্য; অগ্নি; চন্দ্র; সমুদ্র; অর্কবৃক্ষ, আকন্দগাছ।

প্রভাকীট, পুং. [প্রভা+কীট] খদ্যোত, জোনাকীপোকা।

প্রভাঞ্জন, পুং. [প্রভা+অঞ্জন] শোভাঞ্জন, শজিনা।

প্রভাত, ন. [প্র+ভাত] প্রাতঃকাল, তৎপর্য্যায়।—প্রত্যূষ, অহর্মুখ, কল্য, উষ, প্রত্যুষ, দিনাদি, নিশান্ত, ব্যুষ্ট, প্রাগ, প্রাহ্ণ, গোস, গোসঙ্গ, উষ, উষক, উষা, উষা, বিভাত।

প্রভান, ন. [প্র+ভান] কিরণ, রশ্মি।

প্রভাব, পুং.[প্র+ভাব]কোষদণ্ডজ তেজ,তৎপর্য্যায়।-প্রতাপ; শক্তি; তেজঃ;শান্তি।

প্রভাবজ, পুং. [প্র+ভাব-জ] শক্তিবিশেষ, বীর্য্যাধিকোজাত; প্রভুশক্তি।

প্রভাবতী, স্ত্রী. [প্রভা+বৎ-ঈ] মালিনামক উনবিংশবৃত্তার্হন্মাতা; গণপতিদিগের-বীণা, ত্রয়োদশাক্ষরছন্দঃ; বজ্রনাথ দৈত্যকন্যা যাহাকে কৃষ্ণ সাম্ব গোপাল হরণ করেন।

প্রভাববান্, ত্রি. [প্রভাব+বৎ] প্রভাবযুক্ত, মাহাত্মান্বিত, ক্ষমতা বিশিষ্ট,পরাক্রান্ত, তেজস্বী।

প্রভাবান, ত্রি. [প্রভা+বৎ] প্রভাযুক্ত, দীপ্তিবিশিষ্ট।

প্রভাবান্বিত, ত্রি. [প্রভাব+অন্বিত] ক্ষমতা-বিশিষ্ট, প্রতাপশালী, তেজস্বী, মাহাত্ম্য-যুক্ত। [কথন।

প্রভাষ, পুং. [প্র+ভাষ] বসুবিশেষ; প্রকৃষ্ট

প্রভাস, পুং. [প্র+ভাস] তীর্থবিশেষ, সোম-তীর্থ; জৈনগণাধিপবিশেষ।

প্রভিন্ন, পুং. [প্র+ভিন্ন] ক্ষরন্মদহস্তী, তৎ-পর্য্যায়।—গর্জ্জিত, মত্ত, ভ্রান্ত, মদকল; (ত্রি.) প্রকৃষ্টভেদবিশিষ্ট, পৃথক্, বিচ্ছিন্ন।

প্রভু, পুং. [প্র+ভু] বিষ্ণু; পারদ, পারা; (ত্রি.) অধিপতি, তৎপর্য্যায়।—স্বামী, ঈশ্বর, পতি, ঈশিতা, অধিভূ, নায়ক, নেতা, পরিবৃঢ়, অধিপ, পালক; নিত্য; শক্ত, সক্ষম।

প্রভুতা, স্ত্রী. [প্রভু+ত-আ] প্রভুত্ব, ঐশ্বর্য্য; প্রধানতা, আধিপত্য, কর্ত্তৃত্ব।

প্রভুত্ব, ন. [প্রভু+ত্ব] কর্ত্তৃত্ব, প্রাধান্য; আধিপত্য।

প্রভুপনা, (প্রা) কর্ত্তৃত্ব, স্বামিত্ব, আধিপত্য

প্রভুভক্ত, পুং. [প্রভু+ভক্ত] উত্তমঘোটক; স্বামির প্রতি অনুরক্ত, স্বামির প্রতি স্নেহবান্; কুক্কুর।

প্রভুভক্তি, স্ত্রী. [প্রভু+ভক্তি] বিষ্ণুভক্তি, ঈশ্বরভক্তি, স্বামিভক্তি।

প্রভূত, ত্রি.[প্র+ভূত]প্রচুর, যথেষ্ট, উদ্গত; ভূত, অতীত; উন্নত।

প্রভূতার্থ, ত্রি. [প্রভূত+অর্থ] অপরিমিত সম্পত্তি ও তদ্যুক্ত; (ন.) প্রচুরধন।

প্রভূষ্ণু, ত্রি. [প্র+ভূষ্ণু] সক্ষম, শক্ত, পারক; দক্ষ, নিপুণ।

প্রভৃতি, বা. [প্র+ভৃতি] তদাদি; গণবো-ধক।

প্রভেদ, পুং. [প্র+ভেদ] ভেদ, ভিন্নতা, তৎপর্য্যায়।—প্রকার, বিশেষ, ভিদা, অন্তর, বৈলক্ষণ্য।

প্রভেদক, ত্রি. [প্র+ভেদক] প্রভেদকর্ত্তা, ভিন্নতাকারক, বৈলক্ষণ্যকারী।

প্রভ্রষ্ট, ত্রি. [প্র+ভ্রষ্ট] নষ্ট, ভগ্ন।

প্রভ্রষ্টক, ন. [প্র+ভ্রষ্টক] শিখালম্বিতমাল্য, চূড়া হইতে লম্বমান্ মালা।

প্রমগ্ন, ত্রি. [প্র+মগ্ন] জলমজ্জিত।

প্রমত্ত, ত্রি. [প্র+মত্ত] প্রমাদী, অনবধান-যুক্ত।

প্রমথ, পুং. [প্র+মথ] ঘোটক; শিব পারি-ষদ।

প্রমথন, ন. [প্র+মথন] বধ, হনন; ক্লেশন; বিলোড়ন; (পুং.) কামদেব।

প্রমথা, স্ত্রী. [প্রমথ+আ] হরীতকী।

প্রমথাধিপ, পুং. [প্রমথ+অধিপ] শিব, মহাদেব।

প্রমথিত, ন. [প্র+মথিত] নির্জ্জলতক্র, জল-রহিতঘোল; (ত্রি.) বিলোড়িত, মর্দ্দিত।

প্রমদ, পুং. [প্র+মদ] হর্ষ, ধুস্তূরফল, ধুতুরা; (ত্রি.) মত্ত।

প্রমদকানন, ন. [প্রমদ+কানন] প্রমদাবন, রাজার অন্তঃপুরোচিত উপবন; রম্য-বন।

প্রমদবন, ন. [প্রমদ+বন] রাজার অন্তঃ-পুরোচিত বন।

প্রমদা, স্ত্রী. [প্রমদ+আ] উত্তমাযোষিৎ, উত্তমাস্ত্রী, রম্যানারী।

প্রমদাকানন, ন. [প্রমদা+কানন] প্রমদবন, রাজার অন্তঃপুরোচিতবন, রম্যবন।

প্রমদাবন, ন. [প্রমদা+বন] প্রমদবন, রাজার অন্তঃপুরোচিতবন, রম্যবন।

প্রমনাঃ, ত্রি. [প্র+মনস্] হর্ষযুক্ত, আহ্লা-দিত।

প্রময়, পুং. [প্র+ময়] বধ, হনন, হিংসা।

প্রমা, স্ত্রী. [প্র+মা] যথার্থজ্ঞান, তৎপর্য্যায়।—প্রমিতি, প্রমাণ; ভ্রমভিন্ন জ্ঞান।

প্রমাণ, ন. [প্র+মান] বিষ্ণু; নিত্য; মর্য্যাদা; শাস্ত্র; সত্যবাদী; নিদর্শন, ইয়ত্তা; হেতু, কারণ; প্রমাতা, প্রমাণকর্ত্তা; প্রমা, সাক্ষী লেখ্য প্রভৃতি; প্রতিপত্তি।

প্রমাণকারক, ত্রি. [প্রমাণ+কারক] উদাহরণ দায়ক, যে সাক্ষিদ্বারা প্রমাণ করে।

প্রমাণপত্র, ন. [প্রমাণ+পত্র] নিদর্শনপত্র; দৃষ্টান্তলিপি; লেখ্যাদি

প্রমাণবাধিতার্থক, পুং. [প্রমাণ+বাধিতা-র্থক] তর্কবিশেষ।

প্রমাতা, ত্রি. [প্র+মাতা] জ্ঞাতা, প্রমাণদায়ী, সাক্ষ্যদায়ক।

প্রমাতামহ, পুং. [প্র+মাতামহ] মাতামহ-পিতা, মাতৃপিতামহ।

প্রমাতামহী, স্ত্রী. [প্র+মাতামহী] প্রমাতা-মহপত্নী, মাতামহের মাতা।

প্রমাথ, পুং. [প্র+মাথ] প্রমথন, বলদ্বারা হরণ, কাড়িয়া লওন।

প্রমাথন, ন. [প্র+মাথন] প্রমথন, বলদ্বারা হরণ, কাড়িয়া লওন।

প্রমাথী, ত্রি. [প্র+মাথিন্] পীড়নকর্ত্তা; মারণকর্ত্তা; প্রমথনশীল, দেহেন্দ্রিয়-ক্ষোভক। [ব্যাঘাত।

প্রমাদ, পুং. [প্র+মদ-অ] অনবধানতা, ভ্রম;

প্রমাদবান্, ত্রি. [প্রমাদ+বৎ] প্রমাদযুক্ত, তৎপর্য্যায়।—জাল্ম, অসমীক্ষ্যকারী, খট্টারূঢ়

প্রমাদাভিধান, ন. [প্রমাদ+অভিধান] ভ্রমের হেতুবাদ, অমনোযোগেবক্তৃতা।

প্রমাদিকা, স্ত্রী. [প্রমাদ+ইক-আ] দূষিতা-কন্যা, তৎপর্য্যায়।—সম্বেদা, দূষিতা, ধর্ষকারিণী।

প্রমাদী, ত্রি. [প্র+মাদিন্] প্রমাদবিশিষ্ট, অনবধানতাযুক্ত, অসতর্ক, ভ্রান্তস্বভাব।

প্রমাপণ, ন. [প্র+মাপন] মারণ, হনন, বধ।

প্রমায়ক, ত্রি. [প্র+মায়ক] প্রমাণকারক; জ্ঞাতা। [সিদ্ধ।

প্রমিত, ত্রি. [প্র+মিত] জ্ঞাত, বিদিত; প্রমাণ

প্রমিতি, স্ত্রী. [প্র+মিতি] প্রমা, যথার্থজ্ঞান, সত্য বোধ, যথার্থবোধ।

প্রমীঢ়, ত্রি. [প্র+মীঢ়] ঘন, নিবিড়; মূত্রিত, প্রস্রাবিত।

প্রমীত, ত্রি. [প্র+মীত] মৃত, নিধনপ্রাপ্ত; যজ্ঞার্থ হতপশু। [বিমনা।

প্রমীলা, স্ত্রী. [প্র+মীল-আ] তন্দ্রী, তন্দ্রা,

প্রমুখ, ন. [প্র+মুখ] তদাত্ব, তৎকাল; (পুং.) পুন্নাগবৃক্ষ; (ত্রি.) প্রধান,শ্রেষ্ঠ; প্রথম, আদ্য; সমূহ; অনেক; মান্য।

প্রমুখাৎ, (ব্য) মুখদ্বারা, বাক্যকরণক, কথায়।

প্রমুৎ, ত্রি. [প্র+মুদ্] হৃষ্ট, প্রমুদিত,আহ্লাদিত, আনন্দিত।

প্রমুদিত, ত্রি. [প্র+মুদিত] হৃষ্ট, আহ্লাদিত, আনন্দিত।

প্রমূঢ়, ত্রি. [প্র+মূঢ়] নির্ব্বোধ।

প্রমৃষ্ট, ত্রি. [প্র+মৃষ্ট] পরিষ্কৃত, উজ্জ্বল; মার্জ্জিত।

প্রমেয়, ত্রি. [প্র+মেয়] উপপাদ্য; প্রতি-পাদনীয়; প্রমাণসাধ্য; পরিমাণ বিশিষ্ট।

প্রমেয়তা, স্ত্রী. [প্রমেয়+ত-আ] প্রমেয়ত্ব, প্রামাণ্য, প্রমাণোপযুক্ত।

প্রমেহ, পুং. [প্র+মেহ] রোগবিশেষ, মেহ-রোগ, তৎপর্য্যায়।—মেহ, মূত্রদোষ, বহুমূত্রতা ইহা বিংশতিপ্রকার, যথা।— বাতজ ৪। পিত্তজ ৬। শ্লেষ্মজ ১০।

প্রমোচন, ন. [প্র+মোচন] মোক্ষণ; ত্যাগ; উত্তরণ, তারণ।

প্রমোচনী, স্ত্রী. [প্র+মোচনী] গবাক্ষী, গোডুম্বা, ছোটঝরকা; (ত্রি.) প্রকৃষ্ট মোচনকর্ত্তা। [উল্লাস।

প্রমোদ, পুং. [প্র+মোদ] হর্ষ, আহ্লাদ,

প্রমোদিত, পুং. [প্র+মোদিত] কুবের, ধন-পতি; (ত্রি.) প্রমোদযুক্ত, আহ্লাদিত, হর্ষিত।

প্রমোদিনী, স্ত্রী. [প্র+ মোদিন্-ঈ]জিঙ্গিনী-বৃক্ষ; প্রকৃষ্ট হর্ষযুক্তা, আনন্দ দায়িনী।

প্রমোদী, ত্রি. [প্র+মোদিন্] আনন্দকারী, হর্ষবিশিষ্ট, উল্লাসিত, আহ্লাদিত।

প্রম্লোচা, স্ত্রী. [প্র+ম্লোচা] অপ্সরোবিশেষ।

প্রযত, ত্রি. [প্র+যত] পবিত্র, পূত, শুদ্ধ।

প্রযত্ন, পুং. [প্র+যত্ন] প্রকৃষ্টযত্ন, অধ্যব-সায়; চেষ্টা; আদর।

প্রযত্নবান্, ত্রি. [প্র+যত্নবৎ] প্রকৃষ্টযত্ন-বিশিষ্ট, প্রকৃষ্ট যত্নকারী, তৎপর্য্যায়।—প্রতিযত্ন, চেষ্টান্বিত।

প্রযত্নী, ত্রি. [প্র+যত্নিন্] যত্নকারী; পরি-শ্রমী, মেহনতী; সতর্ক।

প্রযস্ত, ত্রি. [প্র+যস্ত] সুসংস্কৃত ব্যঞ্জনাদি।

প্রয়াগ, পুং. [প্র+যজ্-অ] তীর্থবিশেষ, এলাহাবাদ; যজ্ঞ; ইন্দ্র, অশ্ব।

প্রয়াগভব, পুং. [প্রয়াগ+ভব] ইন্দ্র, শক্র, দেবরাজ।

প্রয়াণ, ন. [প্র+যান] গমন, তৎপর্য্যায়।— প্রস্থান, ব্রজ্যা, অভিনির্য্যাণ, প্রযাণক।

প্রয়াত, পুং. [প্র+য়াত] সৌপ্তিক, নিদ্রিত; ভৃগুমুনি; (ত্রি.) গত, প্রস্থিত।

প্রয়াম, পুং. [প্র+যাম] নীবাক, মাহার্ঘ্য হেতু ধান্যাদির আদরাতিশয়ে তুলা ধরণাধিক্য; ক্রয়াদির মূল্যাধিক্যজন্য নিশ্চয় পরিচ্ছেদন।

প্রয়াস, পুং. [প্র+যাস] প্রযত্ন, তৎপর্য্যায়। —শ্রম, ক্লম, ক্লেশ, পরিশ্রম, আয়াস, ব্যায়াম। [সচেষ্ট।

প্রয়াসী, ত্রি. [প্র+যাসিন্]যত্নবান্,শ্রমান্বিত,

প্রযুক্ত,ত্রি. [প্র+যুক্ত] প্রকর্ষযুক্ত; প্রকৃষ্ট সমাধিযুক্ত; প্রকৃষ্ট সংযোগবিশিষ্ট; নিন্দাযুক্ত; প্রকৃষ্ট সংযমবিশিষ্ট; (ন.) হেতু, নিমিত্ত, কারণ; প্রেরিত।

প্রযুক্তি, স্ত্রী. [প্র+যুক্তি] প্রয়োজন; হেতু, নিমিত্ত।

প্রযুজ্য, ত্রি. [প্র+যুজ্য] প্রয়োগ করিবার যোগ্য, প্রবর্ত্তনীয়।

প্রযুত, ন. [প্র+যুত] নিয়ত, অনবরত; সংখ্যাবিশেষ, দশলক্ষসংখ্যা।

প্রযুদ্ধার্থ, পুং. [প্র+যুদ্ধার্থ] প্রত্যুৎক্রম, প্রকৃষ্টযুদ্ধের নিমিত্ত।

প্রয়োক্তব্য, ত্রি. [প্র+যোক্তব্য] প্রয়োগ করিবার যোগ্য, প্রযুজ্য, প্রবর্ত্তনীয়।

প্রয়োক্তা, ত্রি. [প্র+যোক্তৃ] প্রয়োগকর্ত্তা, প্রবৃত্তিজনক, প্রবর্ত্তক।

প্রয়োগ, পুং. [প্র+যোগ] কর্ম্মণ্য, বশীকরণ; প্রযুক্তি; নিদর্শন, উদাহরণ; ঘোটক; অনুষ্ঠান; ব্যবহার।

প্রয়োগার্থ, পুং. [প্র+যোগ+অর্থ] প্রধান প্রয়োগানুকূল প্রযোজনানুষ্ঠান, তৎপর্য্যায়।—প্রত্যুৎক্রম।

প্রয়োগী, ত্রি. [প্র+যোগিন্] প্রয়োগযুক্ত; প্রবর্ত্তক, প্রবর্ত্তকর্ত্তা।

প্রযোজক, ত্রি. [প্র+যোজক] প্রযোগকর্ত্তা, নিয়োগকর্ত্তা, নিযোজক, প্রবর্ত্তক; প্রেরক।

প্রযোজন, ন. [প্র+যোজন] কার্য্য; হেতু; উদ্দেশ, অভিপ্রায়।

প্রয়োজনার্হ, ত্রি. [প্র+যোজন+অর্হ]কার্য্যোপযুক্ত, আবশ্যক। [উপযুক্ত।

প্রয়োজনীয়, ত্রি. [প্র+যোজনীয়] আবশ্যক;

প্রযোজ্য, ত্রি. [প্র+যোজ্য] যাহাকে প্রয়োগ করিতে পারা যায়, ভৃত্য; মূলধন।

প্ররূঢ়, পুং. [প্র+রূঢ়] জঠর; (ত্রি.) বদ্ধমূল; জাত; প্রবৃদ্ধ। [দ্ভব।

প্ররোহ, পুং. [প্র+রোহ] অঙ্কুর, বীজো-

প্রলপিত, ত্রি. [প্র+লপিত] কথিত, উক্ত; মিথ্যারূপে উচ্চারিত।

প্রলম্ব, পুং. [প্র+লম্ব] দৈত্যবিশেষ; দনুপুত্র; লতাঙ্কুর; শাখা; হারবিশেষ; প্রলম্বন; ত্রপুষ; পয়োধর।

প্রলম্বঘ্ন, পুং. [প্র+লম্ব-ঘ্ন] বলরাম, বলদেব। [বলদেব।

প্রলম্বভিৎ, পুং. [প্রলম্ব+ভিদ্] বলরাম,

প্রলম্বাণ্ড, পুং. [প্রলম্ব+অণ্ড] দীর্ঘঅণ্ডকোষ বিশিষ্ট, তৎপর্য্যায়।— পুষ্কর; কুরণ্ড। [মাল্যাদি।

প্রলম্বিত, ত্রি. [প্র+লম্বিত] প্রকৃষ্ট লম্বিত

প্রলয়, পুং. [প্র+লয়] যাহাতে জগৎ ক্ষয় হয়, তৎপর্য্যায়।—সম্বর্ত্ত, প্রলয়, ক্ষয়, কল্পান্ত, লয়, সংক্ষয়, বিলয়, প্রতিসর্গ, প্রতিসঞ্চর; প্রকাণ্ড, বৃহৎ, তাহা চারিপ্রকার, নিত্য, নৈমিত্তিক, প্রাকৃতিক, মহাপ্রলয়াদি।

প্রলয়কর্ত্তা, পুং. [প্রলয়+কর্ত্তৃ] লয়কারক, বিনাশক; মহাদেব।

প্রলাপ, পুং. [প্র+লাপ] প্রলপন, অনর্থক বাক্য, নিষ্প্রয়োজনীয় উন্মত্তাদি বচন; রোগাদির উপসর্গ।

ফর, ন. [ফর+অ] ফলক, তক্তা; ঢাল।
ফরসা, (প্রা) নির্ম্মল, স্বচ্ছ, পরিষ্কার; শেষ, নিষ্পন্ন।
ফরাস্, (যাং) ক্ষুদ্রকর্ম্মকারী বিশেষ।
ফরিদী, (প্রা) পক্ষীবিশেষ।
ফরিয়াদ্, (যাং) অভিযোগ, নালিস।
ফরিয়াদী (যাং) অভিযোক্তা, বিবাদার্থী।
ফরুবক, ন. [ফরু+বক] পূগপাত্র।
ফর্জি, (যাং) চতুরঙ্গের মন্ত্রী, দাবা।
ফর্ফরণ, (প্রা) চঞ্চলস্বভাব; লাফিয়া বেড়ান; দম্ভ করণ।
ফর্ফরাণ, (প্রা) প্রাগলভ্যাচরণ, ধৃষ্টতাকরণ, লাফিয়া বেড়ান।
ফর্ফরীক, পুং. [ফর্ফর+ঈক] চপেট, চাপড়; (ন.) মার্দ্দব, বর্ণশঙ্কর জাতিবিশেষ।
ফর্ফরীকা, স্ত্রী. [ফর্ফর+ঈক-আ] পাদুকা, বিনামা, জুতা; মদন, কামদেব।
ফর্মাইশ্, (যাং) হুকুম।
ফল, ন. [ফল+অ] লাভ; শস্য; ফলক, চর্ম্ম, ঢাল; হেতুকৃত; জাতীফল; বৃষ্টি; ত্রিফলা, যথা।—আমলকী, হরিতকী, বয়ড়া; কঙ্কোল; বাণাগ্র; আর্ত্তব; কাল; দান; মুষ্ক, অণ্ডকোষ; (পুং.) কুটজবৃক্ষ, কুরচী গাছ, ইষ্টসিদ্ধি; অভিপ্রায়; কর্ম্মজন্য শুভাদৃষ্ট দুরদৃষ্ট, সম্ভব স্বর্গনরকাদি ইহা ত্রিবিধ। অনিষ্ট, ইষ্ট, মিশ্র; ক্ষেত্রফল; গোলাধ্যায়ের প্রাঙ্গণ বিশেষ।
ফলই, (প্রা) মৎস্যবিশেষ, চেতলমাছ।
ফলক, ন. [ফল+ক] চর্ম্ম, ঢাল; (পুং.) অস্থিখণ্ড; নাগকেশর; কাষ্ঠাদি পট্টক, তক্তা; রজকপট্ট, ধোপার পাট্। [ঢালী।
ফলকপাণি, পুং. [ফলক+পাণি] চর্ম্মী,
ফলকাম, ত্রি. [ফল+কাম] কর্ম্মের ফলকামী।
ফলকর্কশা, স্ত্রী. [ফল+কর্কশা] বনকোলি বনোদ্ভব বদরী, বনকুল।
ফলকী, পুং. [ফলক+ইন্] মৎস্যবিশেষ-ফলইমাছ; (ত্রি.) ফলকযুক্ত, ঢালী।
ফলকৃষ্ণ, পুং. [ফল+কৃষ্ণ] পানীয়ামলক, পেনেলা।
ফলকেশর, পুং. [ফল+কেশর] নারিকেলবৃক্ষ। [কোষ।
ফলকোষক, পুং. [ফল+কোষক] মুষ্ক, অণ্ড-
ফলগ্রহি, ত্রি. [ফল+গ্রহি] ফলেগ্রহি, যথা সময়ে ফলধর বৃক্ষ।
ফলগ্রাহী, পুং. [ফল+গ্রাহিন্] বৃক্ষ, গাছ; (ত্রি.) ফলগ্রহণ কর্ত্তা।
ফলচমস, পুং. [ফল+চমস্] দধিমিশ্রিত বটত্বক্চূর্ণ।
ফলচোরক, পুং. [ফল+চোরক] চোরকনামক গন্ধদ্রব্য।
ফলতঃ, ব্য. [ফল+তস্] বস্তুতঃ, বাস্তবিক, অর্থাৎ।
ফলত্রয়, ন. [ফল+ত্রয়] দ্রাক্ষা-পরুষ-কাশ্মরী; ত্রিফলা।
ফলত্রিক, ন. [ফল+ত্রিক] ত্রিফলা, শুঁঠ-পিপুল-মরীচ।
ফলদ, পুং. [ফল+দ] বৃক্ষ; (ত্রি.) ফলদাতা, অভীষ্টপ্রদ; সফল।
ফলন, ন. [ফল+অন] উৎপাদন, ইষ্টসাধন, ফলজনন।
ফলন্ত, (প্রা) ফলবান, ফলযুক্ত, ফলী।
ফলপঞ্চাম্ল, ন. [ফল+পঞ্চাম্ল] অম্লপঞ্চফল।
ফলপ্রদ, ত্রি. [ফল+প্রদ] ফলদাতা, অভীষ্টপ্রদ; বৃক্ষ।
ফলপাক, পুং. [ফল+পাক] করমচা; করমর্দ্দক, পানীয়ামলক, পেনেলা।
ফলপাকান্তা, স্ত্রী. [ফলপাক+অন্ত-আ] ওষধি, ধান্য কদল্যাদি।
ফলপাকী, পুং. [ফল+পাকিন্] গর্দ্দভাণ্ড, গান্ধিভাঁট।
ফলপুচ্ছ, পুং. [ফল+পুচ্ছ] বরণ্ডালু, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডাগাছ; স্থূলকন্দ।

ফলপুষ্পা, স্ত্রী. [ফল+পুষ্প-আ] পিণ্ড খর্জ্জুরী, পিণ্ডী খাজুর; নেবু, পেয়ারা।

ফলপূর, পুং. [ফল+পূর] বীজপূর, দাড়িম্ব; নেবু, পেয়ারা। [দাড়িম্ব।

ফলপূরক, পুং. [ফল+পূরক] বীজপূর,

ফলপ্রিয়া, স্ত্রী. [ফল+প্রিয়া] সুগন্ধিবৃক্ষ বিশেষ, প্রিয়ঙ্গু, গন্ধফলী। [মুদ্গ।

ফলবর্ত্তুল, ন. [ফল+বর্ত্তুল] কালিঙ্গ, তর-

ফলবান্, ত্রি. [ফল+বৎ] ফলযুক্তবৃক্ষ, তৎ-পর্য্যায়।—ফলিন, ফলী, ফলিত

ফলবিক্রয়িনী, ত্রি. [ফল+বিক্রয়িন্-ঈ] ফল বিক্রেত্রী, (হিং.) কুজ্‌ড়ায়িনী।

ফলবৃক্ষক, পুং. [ফল+বৃক্ষক] পনস, কাঁটাল।

ফলভাক্, ত্রি. [ফল+ভাজ্] ফলভাগী।

ফলভূমি, স্ত্রী. [ফল+ভূমি] কর্ম্মফল ভোগ স্থান।

ফলমুখ, পুং. [ফল+মুখ] ফলিবারকাল ফলধরিবার সময়, (প্রা) শস্য সংগ্রহ-কাল, ফলপাড়িবার সময়।

ফলমুখ্যা, স্ত্রী. [ফল+মুখ্য-আ] অজমোদা, বনযমানী, বনযউন।

ফলমুদ্গারিকা, স্ত্রী. [ফল+মুদ্গারিকা] পিণ্ড-খর্জুর, পিণ্ডীখাজুর।

ফলমূল, (প্রা) শস্যোৎপন্নেরকাল; ফল জননের উন্মুখ; ফলেরকারণ।

ফললক্ষণা, স্ত্রী. [ফল+লক্ষণা] প্রয়োজনবতী সুফলা, শুভলক্ষণা।

ফলশাক, ন. [ফল+শাক] ষড়্‌বিধ শাকান্তর্গত ফলরূপশাক, তদ্যথা।—পত্র, পুষ্প, ফল, নাল, কন্দ, সংস্বেদজ।

ফলশাড়ব, পুং. [ফল+শাড়ব] দাড়িম, দাড়িম্ব; (স্ত্রী.) দাড়িম্বী। ফলবিশিষ্ট।

ফলশালী, ত্রি. [ফল+শালিন্] ফলাশ্রয়;

ফলশৈশির, পুং. [ফল+শৈশির] বদরবৃক্ষ, কুলগাছ।

ফলশ্রুতি, স্ত্রী. [ফল+শ্রুতি] কর্ম্মফল শ্রবণ।

ফলশ্রেষ্ঠ, পুং. [ফল+শ্রেষ্ঠ] আম্রবৃক্ষ, আঁমগাছ। [গাছ।

ফলস, পুং. [ফল+অস] পনসবৃক্ষ, কাঁটাল-

ফলস্নেহ, পুং. [ফল+স্নেহ] আখোটবৃক্ষ; অক্ষোটক, আখরোটগাছ.

ফলহারী, স্ত্রী. [ফল+হারী] কালীমূর্ত্তি বিশেষ, ভগবতী; (পুং.) ফলহরণকর্ত্তা।

ফলা, স্ত্রী. [ফল+আ] ঝিঞ্ঝিরিষ্টাক্ষুপ, ঝিঞ্ঝিরিটা; সংযুক্ত অক্ষর; বাণাদির অগ্রস্থিত লৌহ; (ত্রি.) ফলযুক্ত।

ফলাঙ্গ, ন. [ফল+অঙ্গ] প্লুতগতি, লাফিয়া যাওন।

ফলাট, (প্রা) শিল; [illegible]যোনি; প্রশস্ত।

ফলাঢ্যা, স্ত্রী. [ফল+আঢ্য-আ] কাষ্ঠকদলী; ফলযুক্তা।

ফলাধ্যক্ষ, ন. [ফল+অধ্যক্ষ] রাজাদনবৃক্ষ, ক্ষীরিকাগাছ; (ত্রি.) ফলাধিকারী।

ফলাদন, পুং. [ফল+অদন] শুকপক্ষী; (ত্রি.) ফলভক্ষক। [illegible]

ফলান, (প্রা) ফলোৎপাদন, ফল জন্মান; উজ্জ্বলকরণ।

ফলান্ত, পুং. [ফল+অন্ত] বংশ, বাঁশ[illegible]

ফলান্বেষক, ত্রি. [ফল+অন্বেষক] ক[illegible] সন্ধানকারী; লাভদর্শক।

ফলাপলাপ, পুং. [ফল+অপলাপ] যথার্থে[illegible] অপহ্নব, যথার্থগোপন।

ফলাফল, ন. [ফল+অফল] লাভালাভ; হিতাহিত।

ফলাম্ল, ন. [ফল+অম্ল] বৃক্ষাম্ল; (পুং.) অম্লবেতস। [ঝিঝিপোকা।

ফলাযোষিৎ, স্ত্রী. [ফলা+যোষিৎ] ঝিল্লিকা,

ফলার (প্রা) ফলভোজন; উচ্চাবচ ভক্ষদ্র-ব্যাদি দধ্যাদিতে দ্রবীকৃত করিয়া ভোজন, এবং লুচি মণ্ডাদি ভক্ষণ।

ফলার্থী, ত্রি. [ফল+অর্থিন্] ফলকামী, ফলেচ্ছুক।

ফলাশন, পুং. [ফল+অশন] শুকপক্ষী; (ত্রি.) ফলভক্ষক তপস্বী।

ফলাসঙ্গ, ন. [ফল+আসঙ্গ] ফলাসক্তি, ফলাভিলাস।

ফলাহার, পুং. [ফল+আহার] ফলভোজন; অন্নাতিরিক্ত আহার। [মাছ।

ফলি, পুং. [ফল+ই] মৎস্যবিশেষ, ফলুই-

ফলিকা, স্ত্রী. [ফল+ইক-আ] নিষ্পাবী, বোড়াশিম।

ফলিত, ত্রি. [ফল+ইত] ফলবিশিষ্ট, ফলজাত, (পুং.) বৃক্ষ; (ন.) শৈলেয়নামক গন্ধদ্রব্যবিশেষ, শৈলজ।

ফলিতার্থ, ত্রি. [ফলিত+অর্থ] নিষ্কৃষ্টার্থ, অর্থাৎ।

ফলিন, ত্রি. [ফল+ইন] ফলবান্; (পুং.) পনস, কাঠাল; ফলবিশিষ্ট বৃক্ষ।

ফলিনী, স্ত্রী. [ফলিন্+ঈ] প্রিয়ঙ্গুবৃক্ষ; অগ্নিশিখাবৃক্ষ।

ফলী, ত্রি. [ফল+ইন্] ফলযুক্তবৃক্ষাদি; (স্ত্রী.) প্রিয়ঙ্গুবৃক্ষ; ফলিমৎস্য, ফলুইমাছ।

ফলূষ, পুং. [ফল+ঊষ] লতাবিশেষ।

ফলেগ্রহি, পুং. [ফলে+গ্রহি] যথাসময়ে ফলধরবৃক্ষ; (ত্রি.) ফলগ্রহণ কর্ত্তা।

ফলেগ্রাহি, পুং. [ফলে+গ্রাহি] ফলেগ্রহি, যথা সময়ে ফলধরবৃক্ষ; (ত্রি.) ফলগ্রহণ কর্ত্তা।

ফলেন্দ্র, পুং. [ফল+ইন্দ্র] বৃহজ্জম্বু, বড়জাম, তৎপর্য্যায়।—নন্দ, রাজজম্বু, মহাফলা, সুরভিপত্রা, মহাজম্বু।

ফলেপুষ্পা, স্ত্রী. [ফলে+পুষ্প-আ] ক্ষুদ্র ক্ষুপবিশেষ, (হিং.) গূয়া, তৎপর্য্যায়।—দ্রোণা, দ্রোণপুষ্পী। [বৃক্ষ।

ফলেরুহা, স্ত্রী. [ফলে+রুহ-আ] পাটলি-

ফলেসক্ত, ত্রি. [ফলে+সক্ত] ফলাসক্ত, ফলকামী।

ফলোত্তমা, স্ত্রী. [ফল+উত্তমা] কাকলীদ্রাক্ষা, বেদানা কিস্‌মিস্‌।

ফলোৎপত্তি, পুং. [ফল+উৎপত্তি] আম্রবৃক্ষ, আঁমগাছ।

ফলোদয়, পুং. [ফল+উদয়] লাভ; সুরালয়, দেবালয়; হর্ষ; ফলোৎপত্তি।

ফলোপদেষ্টা, পুং. [ফল+উপদেষ্টৃ] কার্য্যের ফল উপদেশকর্ত্তা।

ফল্ক, পুং. [ফল্+ক] বিস্তারিতাঙ্গ, বিস্তারিত দেহ

ফল্গু, ত্রি. [ফল্গ+উ] অসার; নিরর্থক; (স্ত্রী.) গয়াস্থ নদীবিশেষ; কাকোডুম্বরিকা, কাকডুমুর; রেণুবিশেষ, ফাগু; মিথ্যাবাক্য; বসন্তঋতু।

ফল্গুদা, স্ত্রী. [ফল্গু+দা] গয়াস্থ নদীবিশেষ, ফল্গুনদী।

ফল্গুন, পুং. [ফল্গু+ন] অর্জ্জুন; ফাল্গুনমাস।

ফল্গুনাল, পুং. [ফল্গু+নাল] ফাল্গুনমাস, ফাল্গুন।

ফল্গুনী, স্ত্রী. [ফল্গুন+ঈ] নক্ষত্রবিশেষ, পূর্ব্বফল্গুনী; উত্তরফল্গুনী; কাকডুমুর।

ফল্গুবাটিকা, স্ত্রী. [ফল্গু+বাটিকা] কাকোডুম্বরিকা, কাকডুমুর।

ফল্গুবৃন্তাক, পুং. [ফল্গু+বৃন্তাক] শ্যোনাকবিশেষ।

ফল্গূৎসব, পুং. [ফল্গু+উৎসব] ফল্গুকরণক শ্রীকৃষ্ণের উৎসব, দোলযাত্রা।

ফল্য, ন. [ফল+য] কুসুম, পুষ্প, ফুল।

ফল্লকী, পুং. [ফল্লক+ইন্] মৎস্যবিশেষ, ফলুইমাছ।

ফল্লফল, পুং. [ফল্ল+ফল] সূর্পবাত, কুলার বাতাস।

ফষ্টি, (প্রা) পরিহাস, কৌতুক, তামাসা।

ফষ্টিয়া, (প্রা) ভণ্ড; পরিহাসক, গল্পিয়া।

ফষ্ট্যা, (প্রা) পরিহাসক, ভণ্ড, ভাঁড়।

ফসল, (ষাং) শস্য; শস্য সংগ্রহকাল।

ফস্কা, (প্রা) অশক্ত, শ্লথ, আলগা, ঢিলা।

ফা, পুং. [ফ+আ] সন্তাপ; নিষ্ফল কথন; বৃদ্ধি; বর্দ্ধক।

ফাও, (প্রা) পরিমাণের কিঞ্চিৎ অধিক, অতিরেক, উদ্বিত্ত, উপরি।

ফাঁক, (প্রা) ছিদ্র, রন্ধ্র, ছেঁদা, অন্তর।

ফাঁড়, (প্রা) প্রস্থ, বিস্তার; উদর।

ফাঁড়া, (প্রা) রিষ্টি, আপদ, বিপদ, বিভ্রাট।

ফাঁদ, (প্রা) পক্ষ্যাদিধারণ যন্ত্র, ফাঁশ, পাশ, জাল।

ফাঁদন, (প্রা) পত্তন, আরম্ভণ; বিস্তারকরণ; ফলান।

ফাঁদনী, (প্রা) কৌশল, উপায়; অনুষ্ঠান; বিস্তার; আড়ম্বরী।

ফাঁপ, (প্রা) স্ফীতভাব; উন্নত; কোল্কা।

ফাঁপন, (প্রা) স্ফীতহওন, ফুলন, বাড়ন।

ফাঁপা, (প্রা) অসার; স্ফীত, ফুলা।
ফাঁপান, (প্রা) স্ফীতকরণ, ফুলান।
ফাঁপানী; (প্রা) স্ফীতভাব, ফুলা।
ফাঁস, (প্রা) ফাঁদ, পাশ, জাল।
ফাঁসা, (প্রা) ছিদ্র; ফাঁক; ফাইট।
ফাঁসী, (প্রা) উদ্বন্ধন, ফাঁস, পাশ।
ফাঁসীদেওন, (প্রা) প্রাণ বিনাশার্থ উদ্বন্ধনে দেহ যোজন।
ফাক্‌ফাক্‌, (প্রা) অন্তর২, ভিন্ন২, পৃথক২।
ফাকড়া, (প্রা) ছল, ব্যাজ; ক্ষুদ্রশাখা; সামান্য অবয়ব।
ফাকা, (প্রা) প্রসার; অনাহার; চূর্ণদ্রব্য।
ফাকী, (প্রা) প্রতারণা, চাতুরী, কৌশল, মিথ্যা; চূর্ণ; পূর্ব্বপক্ষ।
ফাগু, (প্রা) রক্তবর্ণ চূর্ণবিশেষ।
ফাটকী, স্ত্রী. [ফাটক+ঈ] স্ফটী; স্ফটিক নির্ম্মিত।
ফাটন, (প্রা) বিদারণ, ভাঙ্গন, স্ফুটন, স্ফটিকময়।
ফাটল, (প্রা) ছিদ্র, রন্ধ্র, ফাঁক।
ফাটান, (প্রা) বিদীর্ণকরণ, বিদারণ।
ফাড়ন, (প্রা) বিদারণ, খণ্ডন। [শক্তু।
ফাণি, স্ত্রী. [ফাণ+ই] গুড়; করম্ভ; দধি-
ফাণিত, ন. [ফাণ+ইত]অর্দ্ধ আবর্ত্তিত ইক্ষুরস; ফেণী,ফেণীবাতাসা; খাঁড়গুড়
ফাণ্ট, ত্রি. [ফাণ+ট] অনায়াসকৃত; কষায়বিশেষ।
ফাতনা, (প্রা) ছিপেরসূত্রসংলগ্ন শোলা, তরণ্ডিকা।
ফাতা, (প্রা) ফাতনা, মৎস্যধারণ উপায়, ছিপেরসূত্রসংলগ্ন তরণ্ড।
ফানস, (যাং) লাণ্ঠান; সেজ, দেয়ালগিরি
ফাল, ন. [ফল+অ] হলোপকরণ; (পুং.) লাঙ্গলস্থ ভূমিবিদারক লৌহ, তৎপর্য্যায়।—কুষিক, কৃষক, ফল, কৃষিকা, ফাল, কুশিক; মহাদেব; বলরাম; (ত্রি.) কার্পাসবস্ত্র; নববিধ দিব্যান্তর্গত অষ্টমদিব্য।
ফালকৃষ্ট, ত্রি. [ফাল+কৃষ্ট] ফালদ্বারা কর্ষিত ভূম্যাদি।
ফালপড়ন, (প্রা) চষণ, ভূমিবিদারণ।
ফালপাড়ন, (প্রা) লম্ফন, কুঁদন।
ফালা, পুং. [ফাল+আ] জম্বীর বীজসমূহ, ফালী, খণ্ড, কুচি।
ফাল্গুন, পুং. [ফল্গুন+অ] গুড়াকেশ, অর্জুন; নদীজবৃক্ষ; অর্জুনবৃক্ষ; তপস্যমাস; বৈশাখাদি দ্বাদশমাসান্তর্গত একাদশমাস, তৎপর্য্যায়।—তপস্য, ফাল্গুনিক, ফাগুন, বৎসরোপান্তক।
ফাল্গুনানুজ, পুং. [ফাল্গুন+অনুজ] বসন্তকাল; অর্জুনের কনিষ্ঠভ্রাতা।
ফাগুনিক, পুং. [ফাল্গুন+ইক] ফাল্গুনমাস, তপস্য।
ফাল্গুনী, স্ত্রী. [ফাগুন+ঈ] ফাল্গুনমাসের পূর্ণিমা; পূর্ব্বফল্গুনীনক্ষত্র; উত্তরফল্গুনী নক্ষত্র; (পুং) অর্জ্জুন।
ফাল্লা, (প্রা) ছিদ্র; বিদারিত, ফাড়া।
ফাসা, (প্রা) বিদীর্ণ, ফাটা; ছিদ্র, ফাঁক।
ফি, পুং. [ফল+ই] পাপ; নিষ্ফলবাক্য; কোপ, রাগ।
ফিক, (প্রা) পার্শ্ব, পাশ।
ফিকনা, (প্রা) যষ্টিদ্বারা অবলম্বন, ঠেকুয়া।
ফিকা, (প্রা) পাণ্ডুবর্ণ; অনুজ্জ্বল, ম্লান।
ফিকির, (যাং) কল্পনা, উপায়, চিন্তা।
ফিঙ্কি, (প্রা) অগ্নিকণা, স্ফুলিঙ্গ।
ফিঙ্গক, পুং. [ফিং+গক] পক্ষীবিশেষ,ফিঙ্গা, তৎপর্য্যায়।—কুলিঙ্গ, ফলিঙ্গ, ধুম্যাট, ভৃঙ্গ; লোষ্ট্রাদিত্যাগকরণার্থ রজ্জু।
ফিঙ্গা, (প্রা) পক্ষীবিশেষ, ফিঙ্গাপাখী; লোষ্ট্রাদিত্যাগকরণার্থ রজ্জু
ফিচাল, (প্রা) ধূর্ত্ত, শঠ, দুষ্ট।
ফিরঙ্গ, পুং. [ফিরং+গম-অ] স্বনামখ্যাত ম্লেচ্ছদেশ; রোগবিশেষ।
ফিরঙ্গরোটী, স্ত্রী. [ফিরঙ্গ+রোটী] রোটিকাবিশেষ, পাওরোটী, পাউরুটি, অপূপ, শক্তুব াটাল। [দেশোদ্ভবনারী।
ফিরঙ্গিণী, স্ত্রী. [ফিরঙ্গ+ইন্‌-ঈ] ফিরিঙ্গ
ফিরঙ্গী, পুং. [ফিরঙ্গ+ইন্‌] ফিরঙ্গ দেশোদ্ভব পুরুষ। [পুনরাস্থান।
ফিরণ, (প্রা) ঘূরণ, ঘোরা; প্রত্যাবর্ত্তন;

ফিরণিয়া, (প্রা) ভ্রমণকর্ত্তা, পর্য্যটক ।

ফিরৎ, (প্রা) পুনরাবৃত্ত, পুনরাগত; পুনর্দ্দত্ত ।

ফিরতী, (প্রা) প্রতিদান, ফিরিয়া দেওয়া ।

ফিরাণ, (প্রা) ঘূরাণ; প্রত্যাবর্ত্তন, পুনরাবর্ত্তন ।

ফিরিস্তি, (যাং) ফর্দ্দ, তালিকা; নির্ঘণ্ট ।

ফিরে, (প্রা) পুনশ্চ, আরবার, পুনরায় ।

ফিস্‌ফিসিনি, (প্রা) সূক্ষ্মবৃষ্টিপাত; কর্ণেকর্ণে কথন ।

ফু, পুং [ফ+উ] মন্ত্রক; তুচ্ছবাক্য; উপেক্ষাবোধকপদ; (প্রা) ফুৎকার ।

ফুঁকন, (প্রা) ফুৎকার দেওন; উড়ান ।

ফুঁড়ন, (প্রা) বেধন, ভেদন ।

ফুঁপন, (প্রা) হাঁপন, শিশদেওন ।

ফুক, পুং. [ফ+উক] পক্ষী, পাকী, বিহগ ।

ফুকন. (প্রা) ফুৎকারকরণ, ফুঁদেওন ।

ফুকর. (প্রা) ছিদ্র,রন্ধ্র,ছেদা, (যাং) উচ্চরব ।

ফুকরাণ, (প্রা) আহ্বান, ডাকন, হাঁকন ।

ফুট, ত্রি. [ফুট+অ] সর্পফণা; (প্রা) ছিদ্র; ভগ্ন; ত্যক্ত ।

ফুটন, (প্রা) ছিদ্রকরণ, স্পষ্টকরণ; প্রকাশ-[করণ ।

ফুটা, (প্রা) সরন্ধ্র, সচ্ছিদ্র ।

ফুটান, (প্রা) ছিদ্রকরণ; বিকসিতকরণ, প্রকাশকরণ ।

ফুটি, (প্রা) ফলবিশেষ, পক্বকাঁকুড় ।

ফুড়ুৎ, (প্রা) বিহঙ্গমের একস্থান হইতে অন্য স্থানে উড্ডীন সময়ের অব্যক্ত শব্দবিশেষ ।

ফুৎ, বা, [ফ্+উৎ] অনুকরণশব্দ; তুচ্ছভাষণ ।

ফুৎকর, পুং. [ফুৎ+কর] অগ্নি, অনল, বহ্নি ।

ফুৎকরণ, ন. [ফুৎ + করণ] ফুৎকার, ফুঁদেওন, ফুঁকন ।

ফুৎকার, পুং. [ফুৎ+কার] ফুৎকরণ, ফুঁ, ফুঁক্ । [ফুঁক্ ।

ফুৎকৃতি, স্ত্রী. [ফুৎ+কৃতি] ফুৎকার, ফুঁ,

ফুপ্‌ফুস, পুং. [ফুপ্‌ফ+উস] পুপ্‌ফুস, কোষ্ঠবিশেষ, হৃদয় নাড়িকা সংলগ্ন বায়ুর আশয় ভস্ত্রাকার বায়ুযন্ত্রবিশেষ, ফ্যাপড়া, ফুলকা, কাপাসে ।

ফুয়ান, (প্রা) ধুঁয়ান; ব্যয়করণ; উড়ান ।

ফুরণ, (প্রা) কর্ম্ম নির্দ্ধারণ; অকুলন, অনাটন, শেষ হওন ।

ফুরাণ, (প্রা) শেষ হওন, নির্দ্ধারিত ।

ফুরসৎ, (যাং) সুযোগ, বিরাম ।

ফুল, (প্রা) পুষ্প, কুসুম ।

ফুলখড়ী, (প্রা) শ্বেতবর্ণ খটিকা, চা খড়ী ।

ফুলগন্ধক, (প্রা) চূর্ণগন্ধক ।

ফুলন, (প্রা) স্ফীতহওন ফাঁপন ।

ফুলফুলিয়া, (প্রা) পরিষ্কৃত, সুশ্রী ।

ফুলবাগান, (যাং) পুষ্পবাটিকা ।

ফুলরী, (প্রা) পিষ্টকবিশেষ, বড়া ।

ফুলশয্যা, (প্রা) নববিবাহিতার শয়নার্থ ফুল রচিত শয্যা ।

ফুলা, (প্রা) স্ফীত, ফাঁপা ।

ফুলান, (প্রা) স্ফীতকরণ; পুষ্পোৎপাদন ।

ফুলী, (প্রা) ছানী, চক্ষের ফুলা ।

ফুল্কা, (প্রা) মৎস্যের গলদেশস্থ অবয়ববিশেষ, কাণকুয়া । [ফুলান ।

ফুল্‌তি, স্ত্রী. [ফুল্+তি] ফলন; ফুলন, ফুল

ফুল্ল, ত্রি. [ফুল্ল+ত] বিকসিত; পুষ্প, ফুল ।

ফুল্লদাম, ন. [ফুল্ল+দাম] ছন্দোবিশেষ ।

ফুল্লফাল, পুং. [ফুল্ল+ফাল] সুর্পবাত, কুলার বাতাস ।

ফুল্ললোচন, পুং. [ফুল্ল+লোচন] মৃগবিশেষ; (ত্রি.) প্রফুল্ল নেত্রযুক্ত, বিকসিত নয়ন ।

ফুল্লরীক, পুং. [ফুল্লর+ঈক] দেশ; সর্প, ভুজঙ্গ ।

ফুল্লারবিন্দ, ন. [ফুল্ল+অরবিন্দ] প্রস্ফুটিত পদ্ম, বিকসিতকমল, স্ফুটন্তপদ্ম; প্রফুল্ল কুমুদবিশেষ । [স্ফুটন ।

ফুল্লি. স্ত্রী. [ফুল্ল+ই] বিকাশ, প্রকাশ;

ফুস্কি, (প্রা) নিঃশব্দ মরুৎক্রিয়া, বাতকর্ম্ম ।

ফুস্কুড়ী, (প্রা) স্ফোটক, ক্ষুদ্রব্রণ ।

ফুস্ফুস্, (প্রা) অমুচ্চে কথন, গোপনে ভাষণ ।

ফুসলান, (প্রা) পরামর্শ দেওন, ভুলান ।

ফুস্বি, (প্রা) নির্ধন, দরিদ্র, নিঃস্ব; তুচ্ছ ।

ফুস্ফুস, (প্রা) কোষ্ঠবিশেষ, ফ্যাপড়া, ফুলকা, কাপাসে ।

ফেঁকড়ী, (প্রা) অঙ্কুর; ক্ষুদ্রশাখা।
ফেঁপড়া, (প্রা) স্ফীত, ফুলন্ত।
ফেকুড়ি, (প্রা) ক্ষুদ্রশাখা; অঙ্কুর।
ফেটী, (প্রা) সূত্রসমূহ, লুটী; জালবিশেষ।
ফেণ-ফেন, পুং. [স্ফায়া+ন] ফেন, তরলদ্রব্যের উপরে উত্থিত বুদ্বুদাকার ফেণা; হিণ্ডীর, সমুদ্রফেনা।
ফেণপ পুং. [ফণ+প] স্বয়ংপতিত ফলোপজীবি মুনিবিশেষ; ফেণপায়ী।
ফেণা, স্ত্রী. [ফেণ+আ] দ্রবদ্রব্যের উপরে উত্থিত বুদ্বুদাকার হিণ্ডীর, সমুদ্র ফেণা।
ফেণায়মান্, ত্রি. [ফেণ+মান] উত্থিত ফেন দুগ্ধাদি।
ফেণিল, ত্রি. [ফেণ+ইল] ফেণাযুক্ত, ফেণাবিশিষ্ট।
ফেণী, স্ত্রী. [ফেণ+ঈ] স্বনামখ্যাত মিষ্টান্নবিশেষ, গুড়বিকার; বড় বাতাসা।
ফেৎকারিণী, স্ত্রী. [ফেৎকারিন্+ঈ] তন্ত্র শাস্ত্রবিশেষ।
ফেৎকারীয়, পুং. [ফেৎকার+ঈয়] তন্ত্র শাস্ত্রবিশেষ।
ফেন, পুং. [স্ফায়ী+ন] ফেণ, ফেণা, তৎপর্য্যায়।—হিণ্ডীর, অব্ধিকফ, হিণ্ডির, সমুদ্রকফ, জলহাস, ফেণক।
ফেনক, পুং. [ফেন+ক] ফেন, ফেনা; পিষ্টকবিশেষ।
ফেনকা, স্ত্রী. [ফেনক+আ] জলপক্ব তণ্ডুল চূর্ণ।
ফেনদুগ্ধা, স্ত্রী. [ফেণ+দুগ্ধ-আ] দুগ্ধফেনী ক্ষুপ। [ফল।
ফেনবান্, ত্রি. [ফেন+বৎ] ফেনিল, বদরী-
ফেনবাহী, পুং. [ফেন+বাহিন্] বস্ত্র, বসন, কাপড়; বস্ত্র।
ফেনল, ত্রি. [ফেন+ল] ফেনবান, ফেনিল, বদরীফল।
ফেনা, স্ত্রী. [ফেন+আ] সাতলা ক্ষুপ।
ফেনাগ্র, ন. [ফেন+অগ্র] বুদ্বুদ, জলবিম্ব।
ফেনাশনি, পুং. [ফেন+অশনি] ইন্দ্র, দেবরাজ।
ফেনিকা, স্ত্রী. [ফেন+ইক-আ] পক্কান্নবিশেষ খাজা।
ফেনিল, ন. [ফেন+ইল] কোলিফল, বদরীফল, কুল; মদনফল; (ত্রি.) সফেন, ফেনাযুক্ত; (পুং.) অরিষ্টবৃক্ষ, হারিঠা, রিঠাফলের গাছ; বদরবৃক্ষ।
ফের, পুং. [ফ+এর] শৃগাল, জম্বুক, শিয়াল; (প্রা) পুনশ্চ।
ফেরণ, (প্রা) আবর্ত্তন, ঘূর্ণন, পুনরাগমন।
ফেরণ্ড, পুং. [ফে+রন্-ড] শৃগাল, শিবা, শিয়াল।
ফেরত, (প্রা) প্রতিদত্ত, পুনরায় দেওয়া।
ফেরতা, (প্রা) পুনরাগমন, প্রত্যাবর্ত্তন।
ফেরৎ, (প্রা) প্রতিদত্ত, পুনরায় দেওয়া।
ফেরফার, (প্রা) বিপর্য্যয়, ব্যত্যাস, উল্টা পাল্টা।
ফেরব, পুং. [ফে+রু-অ] শৃগাল সমূহ; রাক্ষস; (ত্রি.) ধূর্ত্ত, শঠ; হিংস্র, খল।
ফেরা, (প্রা) ঘূর্ণন; পুনরাবৃত্তি, ব্যতিক্রম; চূর্ণসুরকির পরিমাণ পাত্রবিশেষ।
ফেরু, পুং. [ফে+রু] শৃগাল, বঞ্চক, শিয়াল।
ফেরেব, (যাং) ছলনা, চাতুর্য্য, কাপট্য।
ফেল, ন. [ফেল+অ] ভুক্ত সমুত্থিত, উচ্ছিষ্ট, এঁটো।
ফেলক, পুং, [ফেল+ক] ভুক্ত সমুত্থিত, উচ্ছিষ্ট, এঁটো।
ফেলন, (প্রা) ক্ষেপণ, দূরীকরণ, ত্যাগকরা।
ফেলা, স্ত্রী. [ফেল+অ] ভুক্ত সমুত্থিত, ভুক্তাবশেষ, উচ্ছিষ্ট, এঁটো; (প্রা) নিঃক্ষিপ্ত, ছাড়া, ত্যাগকরা।
ফেলি, স্ত্রী. [ফেল+ই] ভুক্তাবশেষ, উচ্ছিষ্ট, এঁটো।
ফেলিকা, স্ত্রী. [ফেল+ইক-আ] উচ্ছিষ্ট-ভুক্তাবশেষ।
ফেলী, স্ত্রী. [ফেল+ঈ] ভুক্তসমুত্থিত, উচ্ছিষ্ট, ভুক্তাবশেষ, এঁটো।
ফৈজৎ, (যাং) অপমান, লজ্জা, কলঙ্ক।
ফোঁটা, (প্রা) তিলক, টীকা।
ফোঁড়ন, (প্রা) বিন্ধন, ছিদ্রকরণ

ফোঁপন, (প্রা) মনস্তাপ করণ, হাঁপন।

ফোঁপরা, (প্রা) ফাঁপা, সচ্ছিদ্র।

ফোঁপল, (প্রা) নারিকেলাদি মধ্যগত শস্য;

ফোঁস্, (প্রা) সর্পগর্জ্জনের অব্যক্তশব্দবিশেষ; নিঃশ্বাস প্রশ্বাসের শব্দ; ভেদদর্শান

ফোড়, (প্রা) তৃণাদি উত্তোলনার্থ অস্ত্রবিশেষ; ছেঁদা।

ফোকড়া, (প্রা) বিস্ফোটক, ব্রণবিশেষ।

ফোলন, (প্রা) স্ফীতহওন, বর্দ্ধন।

ফোলান, (প্রা) স্ফীতকরণ, বাড়ান, ফোপান।

ফোস্কা, (প্রা) অগ্নিদাহ জন্য ক্ষত, জলযুক্ত ব্রণবিশেষ।

ফৌজ, (যা০) সেনা, সৈন্য, যোদ্ধা।

ফৌজদার, (যা০) কর্ম্মচারী বিশেষ।

ফৌত, (যা০) মৃত্যু, মরণ, নিধন।

ফৌতিক, (প্রা) আগন্তুক লাভ, অস্বানিক

ব বকার, ত্রয়োবিংশ ব্যঞ্জনবর্ণ, পবর্গের তৃতীয় বর্ণ, ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ, অস্য নামানি যথা।—বো; বনী; ভূধর; মার্গ; ঘর্ঘরী; লোচনপ্রিয়; প্রচেতাঃ; কলস; পক্ষী; স্থলগণ্ড; কপর্দ্দিনী; পৃষ্ঠবংশ; জয়ানাত্তু; শিখিবাহ; যুগন্ধর; মুখবিন্দু; বলী; ঘণ্টা; যোদ্ধা; ত্রিলোচনপ্রিয়; ক্লেদিনী; তাপিনী; ভূমি; সুগন্ধি; বলিপ্রিয়; সুরভি; মুখবিষ্ণু; সংহার; বসুধাধিপ; ষষ্ঠীপুর; চপেটা; মোদক; গগনপ্রতি; পূর্ব্বাষাঢ়া; মধ্যলিঙ্গ; শনি; কুম্ভ; তৃতীয়ক। অন্তঃস্থ বকার, ব্যঞ্জনের ঊনত্রিংশবর্ণ, ইহার উচ্চারণ স্থান দন্ত এবং ওষ্ঠ, এইনিমিত্ত ইহাকে দন্তৌষ্ঠ্যবর্ণ কহে, অস্য নামানি যথা।—বো; বাণ; বারুণী; সূক্ষ্মা; বরুণ; বেদসংজ্ঞা; খড্গীশ; জ্বলিনী; বক্ষ; কলসধ্বনিবাচক, উৎকারীপ; নাবীত; বজ্র; স্ফিক্; সাগর; ত্রিধাতু; শঙ্কর; শ্রেষ্ঠ; বিশেষ; যমসাধন

ব, ব্য. ইবার্থ, সাদৃশ্য; (পুং.) বরুণ; কুম্ভ; সিন্ধু, সাগর; ভগ, যোনি; তোয়, জল; গন্ত; গন্ধন; তন্তুসন্তান; বপন; সান্ত্বন; বায়ু; বাহু; মন্ত্রণ; কল্যাণ; বলবান্; বসতি; বরুণালয়; ব্যাঘ্র; বস্ত্র; শালুক; বন্দন; (ন.) বরুণ; বরুণবীজ, তস্য সাঙ্কেতিক নামানি যথা।—যুগন্ধর, সুরভি, মুখবিষ্ণু, সংহার, বসুধাধিপ, ভূধর, দশগণ্ড, (ত্রি. যুষ্মদশব্দের দ্বিতীয়া চতুর্থী ও ষষ্ঠির বহুবচনান্ত পদ, যথা।—যুষ্মান্; যুষ্মাভ্যা; যুষ্মাকং।

বই, (প্রা) পুস্তক; বিনা, ব্যতিরেক।

বইন, (প্রা) ভগিনী, স্বসা।

বউ, (প্রা) স্নুষা, পুত্রবধূ; স্ত্রী।

বউনি, (প্রা) বহনের বেতন; বিক্রয়আরম্ভ।

বউভাত, (প্রা) নববিবাহিতার পাকস্পর্শ।

বং, ন. প্রচেতাঃ; বরুণবীজ।

বংশ, পুং. [বন্+শ] পুত্রপৌত্রাদি, তৎপর্য্যায়।—সন্ততি, গোত্র, জনন, কুল, অভিজন, অন্বয়, অন্ববায়, সন্তান, নিঘন-জ্ঞাতি; তৃণজাতিবিশেষ, বাঁশ, তৎপর্য্যায়।—ত্বক্‌সার, কর্ম্মার, ত্বচিসার, তৃণধ্বজ, শতপর্ব্বা, যবফল, বেণু, মস্কর, তেজন, কিষ্কুপর্ব্ব, রন্ধ্র, তৃণকেতুক, তৃণকেতনকণ্টালু, কণ্টকী, মহাবল, দৃঢ়গ্রন্থি, দৃঢ়পত্র, ধনুর্দ্রুম, ধানুষ্য, দৃঢ়কাণ্ড পৃষ্ঠাবয়ব, পিঠেরদাঁড়া; বর্গ; বাদ্যভাণ্ড বিশেষ, বাঁশী; ইক্ষু; শালবৃক্ষ

বংশক, পুং. [বংশ+ক] মৎস্যবিশেষ, বাঁশপাতামাছ; ইক্ষুবিশেষ, বাঁশাই, সোমশাড়া; (ন.) অগুরু।

বংশকফ, ন. [বংশ+কফ] আকাশোত্তরীয়মান সূত্র, আকাশ ঘুড়ির সুতা।

বংশকর, ত্রি. [বংশ+কর] কুলরক্ষক, গোত্রস্থাপক।

বংশকর্পূররোচনা, স্ত্রী. [বংশ+কর্পূর+রোচনা] বংশরোচনা, বংশলোচন, বংশপর্ব্বস্থিত ঔষধিবিশেষ।

ফোঁপন, (প্রা) মনস্তাপ করণ, হাঁপন।
ফোঁপরা, (প্রা) ফাঁপা, সচ্ছিদ্র।
ফোঁপল, (প্রা) নারিকেলাদি মধ্যগত শস্য;
ফোঁস্, (প্রা) সর্পগর্জ্জনের অব্যক্তশব্দবিশেষ; নিঃশ্বাস প্রশ্বাসের শব্দ; ভেদদর্শান
ফোড়, (প্রা) তৃণাদি উত্তোলনার্থ অস্ত্র-বিশেষ; ছেঁদা।
ফোকড়া, (প্রা) বিস্ফোটক, ব্রণবিশেষ।
ফোলন, (প্রা) স্ফীতহওন, বর্দ্ধন।
ফোলান, (প্রা) স্ফীতকরণ, বাড়ান, ফোপান।
ফোস্কা, (প্রা) অগ্নিদাহ জন্য ক্ষত, জলযুক্ত ব্রণবিশেষ।
ফৌজ, (যা°) সেনা, সৈন্য, যোদ্ধা।
ফৌজদার, (যা°) কর্ম্মচারী বিশেষ।
ফৌত, (যা°) মৃত্যু, মরণ, নিধন।
ফৌতিক, (প্রা) আগন্তুক লাভ, অস্বামিক

ব বকার, ত্রয়োবিংশ ব্যঞ্জনবর্ণ, পবর্গের তৃতীয় বর্ণ, ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ, অস্য নামানি যথা।—বো; বনী; ভূধর; মার্গ; ঘর্ঘরী; লোচনপ্রিয়; প্রচেতাঃ; কলস; পক্ষী; স্থলগণ্ড; কপর্দ্দিনী; পৃষ্ঠবংশ; জয়ানাভু; শিখিবাহ; যুগন্ধর; মুখবিন্দু; বলী; ঘণ্টা; যোদ্ধা; ত্রিলোচনপ্রিয়; ক্লেদিনী; তাপিনী; ভূমি; সুগন্ধি; বলিপ্রিয়; সুরভি; মুখবিষ্ণু; সংহার; বসুধাধিপ; ষষ্ঠীপুর; চপেটা; মোদক; গগনপ্রতি; পূর্ব্বাষাঢ়া; মধ্যলিঙ্গ; শনি; কুম্ভ; তৃতীয়ক। অন্তঃস্থ বকার, ব্যঞ্জনের ঊনত্রিংশবর্ণ, ইহার উচ্চারণ স্থান দন্ত এবং ওষ্ঠ, এইনিমিত্ত ইহাকে দন্তৌষ্ঠ্যবর্ণ কহে, অস্য নামানি যথা।—বো; বাণ; বারুণী; সূক্ষ্মা; বরুণ; বেদসংজ্ঞা; খঞ্জীশ; জ্বলিনী; বক্ষ; কলসধ্বনিবাচক, উৎকারীপ; নাবীত; বজ্র; স্ফিক্; সাগর; ত্রিধাতু; শঙ্কর; শ্রেষ্ঠ; বিশেষ; যমসাধন
ব, ব্য. ইবার্থ, সাদৃশ্য; (পুং.) বরুণ; কুম্ভ; সিন্ধু,সাগর; ভগ, যোনি; তোয়, জল; গন্ত; গন্ধন; তন্তুসন্তান; বপন; সান্ত্বন; বায়ু; বাহু; মন্ত্রণ; কল্যাণ; বলবান্; বসতি; বরুণালয়; ব্যাঘ্র; বস্ত্র; শালুক; বন্দন; (ন.) বরুণ; বরুণবীজ, তস্য সাঙ্কেতিক নামানি যথা।—যুগন্ধর, সুরভি, মুখবিষ্ণু, সংহার, বসুধাধিপ, ভূধর, দশগণ্ড, (ত্রি. যুষ্মদশব্দের দ্বিতীয়া চতুর্থী ও ষষ্ঠির বহুবচনান্ত পদ, যথা।—যুষ্মান্; যুষ্মাভ্যা; যুষ্মাকং।
বই, (প্রা) পুস্তক; বিনা, ব্যতিরেক।
বইন, (প্রা) ভগিনী, স্বসা।
বউ, (প্রা) স্নুষা, পুত্রবধূ; স্ত্রী।
বউনি, (প্রা) বহনের বেতন; বিক্রয়আরম্ভ।
বউভাত, (প্রা) নববিবাহিতার পাকস্পর্শ।
বং, ন. প্রচেতাঃ; বরুণবীজ।
বংশ, পুং. [বন্+শ] পুত্রপৌত্রাদি, তৎ-পর্য্যায়।—সন্ততি, গোত্র, জনন, কুল, অভিজন, অন্বয়, অন্ববায়,সন্তান, নিঘন-জ্ঞাতি; তৃণজাতিবিশেষ, বাঁশ, তৎ-পর্য্যায়।—ত্বক্সার, কর্ম্মার, ত্বচিসার, তৃণধ্বজ, শতপর্ব্বা, যবফল, বেণু, মস্কর, তেজন, কিষ্কুপর্ব্ব, রন্ধ্র,তৃণকেতুক,তৃণ-কেতনকণ্টালু, কণ্টকী,মহাবল,দৃঢ়গ্রন্থি, দৃঢ়পত্র, ধনুর্দ্রুম, ধানুষ্য, দৃঢ়কাণ্ড পৃষ্ঠাবয়ব, পিঠেরদাঁড়া; বর্গ; বাদ্য-ভাণ্ড বিশেষ, বাঁশী; ইক্ষু; শালবৃক্ষ
বংশক, পুং. [বংশ+ক] মৎস্যবিশেষ, বাঁশ-পাতামাছ; ইক্ষুবিশেষ, বাঁশাই, সোম-শাড়া; (ন.) অগুরু।
বংশকফ, ন. [বংশ+কফ] আকাশোত্তরীয়-মান সূত্র, আকাশ বুড়ির সুতা।
বংশকর, ত্রি. [বংশ+কর] কুলরক্ষক, গোত্র-স্থাপক।
বংশকর্পূররোচনা,স্ত্রী.[বংশ+কর্পূর+রোচনা] বংশরোচনা, বংশলোচন, বংশপর্ব্ব-স্থিত ঔষধিবিশেষ।

বংশকীৰ্ত্তি, ত্রি. [বংশ+কীৰ্ত্তি] সুখ্যাত, যশস্বী।

বংশজ, ত্রি. [বংশ+জন-অ] সদ্বংশজাত, সৎকুলে উৎপন্ন, তৎপর্য্যায়।—বীজ্য, বংশ্য; (পুং.) বেণুযব, বাঁশের চাউল।

বংশজনক, পুং. [বংশ+জনক] পূৰ্ব্বপুরুষ, আদি পুরুষ।

বংশজা, স্ত্রী. [বংশ+জা] বংশরোচনা, বংশী; কুলীনা।

বংশতণ্ডুল, পুং. [বংশ+তণ্ডুল] বেণুযব, বাঁশের চাউল। [সন্তান।

বংশধর, পুং. [বংশ+ধর] কুলরক্ষক,

বংশধান্য, ন. [বংশ+ধান্য] বেণুযব, বাঁশের চাউল। [বাঁশী।

বংশনালিকা, স্ত্রী. [বংশ+নালিকা] বেণু,

বংশনেত্র, ন. [বংশ+নেত্র] ইক্ষুমূল, আকের গোড়া; বংশলোচন।

বংশপত্র, পুং. [বংশ+পত্র] নল; (ন.) বংশদল, বাঁশের পাতা।

বংশপত্রক, ন. [বংশ+পত্রক] হরিতালবিশেষ; (পুং.) ক্ষুদ্র মৎস্যবিশেষ, বাঁশপাতা মাছ; নল; শ্বেত ইক্ষু।

বংশপত্রপতিত, ন. [বংশ+পত্র+পতিত] সপ্তদশাক্ষর পাদচ্ছন্দোবিশেষ; বংশপত্র চরিত; বংশদল।

বংশপত্রী, স্ত্রী. [বংশ+পত্র-ঈ] নাড়ীহিঙ্গু, (হিং) কলঃপতিহিঙ্গু, তৎপর্য্যায়।—বেণুপত্রী, পিণ্ডা, হিঙ্গু, শিবাটিকা, হিঙ্গুপত্রী; তৃণবিশেষ, তৎপর্য্যায়।—বংশদলা, জীরিকা, জীর্ণপত্রিকা।

বংশপীত, পুং. [বংশ+পীত] কণগুগ্গুলু।

বংশপুষ্পা, স্ত্রী. [বংশ+পুষ্প-আ] সহদেবী লতা।

বংশপূরক, ন. [বংশ+পূরক] ইক্ষুমূল, আউকের গোড়া।

বংশবিততি, স্ত্রী. [বংশ+বিততি] শরস্তম্ব; সন্ততি, অন্বয় বংশবিস্তৃত।

বংশবিশুদ্ধ, ত্রি. [বংশ+বিশুদ্ধ] উত্তমবংশ।

বংশভোজ্য, ন. [বংশ+ভোজ্য] পৈতৃক বিষয়।

বংশরোচনা, স্ত্রী. [বংশ+রোচনা] বংশ পৰ্ব্বস্থিত শ্বেতবর্ণ ঔষধিবিশেষ, বংশলোচন, তৎপর্য্যায়।—ত্বক্‌ক্ষীরা, বংশলোচনা, তুগাক্ষীরী, শুভা, বংশী, বংশজা, ক্ষীরিকা, তুগা, ত্বক্‌ক্ষীরী, শুভ্রা, বংশক্ষীরী, বৈণবী, ত্বক্‌সারা, কৰ্ম্মরী, শ্বেতা, বংশকর্পূররোচনা, তুঙ্গা, রোচনিকা, পিঙ্গা, বংশ শর্করা।

বংশলোচন, (প্রা) বংশরোচনা, বংশপর্ব্বস্থিত শ্বেতবর্ণ ঔষধিবিশেষ।

বংশলোচনা, স্ত্রী. [বংশ+লোচনা] বংশরোচনা, বাঁশের পৰ্ব্বস্থিত ঔষধিবিশেষ।

বংশশর্করা, স্ত্রী. [বংশ+শর্করা-আ] বংশলোচনা, বংশ পৰ্ব্বস্থিত ঔষধিবিশেষ।

বংশশলাকা, স্ত্রী. [বংশ+শলাকা] বীণামূল; বংশ নির্ম্মিতশলাকা, বাঁশের শলা।

বংশস্তনিত, ন. [বংশ+স্তনিত] দ্বাদশাক্ষর পাদচ্ছন্দোবিশেষ; বাঁশবন্দ।

বংশস্থবিল, ন. [বংশস্থ+বিল] দ্বাদশাক্ষর পাদচ্ছন্দোবিশেষ; বাঁশছিদ্র।

বংশক্ষীরী, স্ত্রী. [বংশ+ক্ষীরী] বংশরোচনা, বংশলোচন।

বংশাগ্র, ন. [বংশ+অগ্র] বংশাঙ্কুর, বাঁশের কোঁড়া; বাঁশের ফেকড়ী; কঞ্চী।

বংশাঙ্কুর, পুং. [বংশ+অঙ্কুর] বংশের অঙ্কুর, বাঁশের কোঁড়া, তৎপর্য্যায়।—করীর, বংশাগ্র, যবফলাঙ্কুর।

বংশানুচরিত, ন. [বংশ+অনুচরিত] বংশচরিত্র বর্ণন, পূৰ্ব্বপুরুষদের ইতি বৃত্ত।

বংশাবলি-লী, স্ত্রী. [বংশ+আবলি] বংশশ্রেণী, পূৰ্ব্ব পুরুষের নামাবলি।

বংশি, (প্রা) বাঁশী, মুরলী, বেণু।

বংশিক, ন. [বংশ+ইক] অগুরু, গন্ধদ্রব্যবিশেষ।

বংশিকা, স্ত্রী. [বংশ+ইক-আ] অগুরু; বংশী, বাঁশী। [কর্ষ চতুষ্টয়।

বংশী, স্ত্রী. [বংশ+ঈ] মুরলী, বেণু, বাঁশী;

বংশীধর, পুং. [বংশী+ধর] মুরলীধারী; শ্রীকৃষ্ণ।

বংশীধারী, পুং. [বংশী+ধারিন্] বংশীধর; শ্রীকৃষ্ণ।
বংশীয়, ত্রি. [বংশ+ঈয়] গোত্রজ, বংশজাত, কুলজ।
বংশ্য, ত্রি. [বংশ+য] সদ্বংশজাত, তৎপর্য্যায়।—কুল্য, বীজ্য।
বংহিষ্ঠ, ত্রি. [বহুল+ইষ্ঠ] অতিশয় বহুল।
বংহীয়ান্, ত্রি. [বহুল+ঈয়স্] অতিশয় বহুল।
বঁইচ, (প্রা) বৃক্ষবিশেষ।
বঁধু, (প্রা) বন্ধু।
বক, পুং. [বচ+অ] স্বনাম খ্যাত পক্ষীবিশেষ, তৎপর্য্যায়।—কহ্ব, দ্বারবলিভুক্, কঙ্কেরু, শুক্লবায়স, দীর্ঘজঙ্ঘ, বকোট, গৃহবলিপ্রিয়, নিশৈত, শিখী, চন্দ্রবিহঙ্গম, তীর্থসেবী, তাপস, মীনঘাতী, মৃযাধ্যায়ী, নিশ্চলাঙ্গ, দাম্ভিক; স্বনামখ্যাত পুষ্পবৃক্ষ, তৎপর্য্যায়।—শিববল্লী, পাশুপত, একাষ্ঠীল, বসু, একাষ্ঠীলা, বুক, বসুক, বসুক, বকপুষ্প, শিবমল্লী, কাকশীর্ষ, স্থূলপুষ্প, শিবপ্রিয়, কাকনামা, বসহট্ট, স্বপূরক, রক্তপুষ্প, মুনিতরু, অগস্তি, বঙ্গসেনক, অগস্ত্য, শাস্ত্রপুষ্প, মুনিদ্রুম, ব্রণারি, দীর্ঘফলক, বক্রপুষ্প, সুরপ্রিয়; তালব্যশকার; কুবের; রাক্ষসবিশেষ; ভীমকর্ত্তৃক হত; যন্ত্রবিশেষ; অসুরবিশেষ, বকাসুর শ্রীকৃষ্ণকর্ত্তৃক হত।
বকচিঞ্চিকা, স্ত্রী. [বক+চিঞ্চিকা] মৎবিশেষ, তৎপর্য্যায়।—বকাচী।
বকজিৎ, পুং. [বক+জিৎ] ভীমসেন; শ্রীকৃষ্ণ।
বকধূপ, পুং. [বক+ধূপ] বৃকধূপ]।
বকন, (প্রা) নিরর্থক বাক্য ব্যয়করণ, অনর্থকভাষণ, জল্পন; ভর্জ্জন
বকনা, (প্রা) বর্কর, অল্পবয়স্কা স্ত্রী গবী।
বকনি, (প্রা) জল্পন, বৃথা কথন, মিথ্যাভাষণ; ভর্জ্জন, ভৎর্সনা।
বকনিসূদন, ন. [বক+নিসূদন] ভীমসেন; শ্রীকৃষ্ণ।
বকপঞ্চক, ন. [বক+পঞ্চক] কার্ত্তিকশুক্ল একাদশ্যাদি পূর্ণিমাপর্য্যন্ত পঞ্চতিথি।
বকপুষ্প, পুং. [বক+পুষ্প] বকবৃক্ষ, বকফুল; (ন.) অগস্তি কুসুম।
বকবৃত্তি, পুং. [বক+বৃত্তি] বকতুল্য বর্ত্তনবিশিষ্ট; শঠ, ধূর্ত্ত; বকের ন্যায় জীবিকা।
বকবৈরী, পুং. [বক+বৈরিন্] ভীমসেন; শ্রীকৃষ্ণ।
বকব্রতী, পুং. [বক+ব্রতিন্] মিথ্যাবিনীত, বকবৃত্তি, ভণ্ডব্রতী, ভণ্ডতপস্বী।
বকম, (যাং) বৃক্ষবিশেষ,রঞ্জিত কাষ্ঠবিশেষ।
বকলম্, (যাং) কলমের সহিত।
বকরা, (প্রা) অজা, ছাগল, পাঁটা; অংশ, ভাগ।
বকরী, (প্রা) ছাগী।
বকাচী, স্ত্রী. [বক+অচ-ঈ] মৎস্যবিশেষ, বকচিঞ্চিকা মৎস্য, গাঁগদাড়ামাছ।
বকাটি, (প্রা) বস্ত্রবয়ন কালীন সূত্রমধ্যস্থ যষ্টিবিশেষ।
বকাণ্ডপ্রত্যাশা, স্ত্রী. [বক+অণ্ড+প্রত্যাশা] বৃথাশ্বাস, মিথ্যা আশা।
বকান, (প্রা) মিথ্যাবাক্য বলান, মিথ্যাকথা কহান।
বকাবকি, (প্রা) বাক্ কলহ, বাক্য দ্বারা [বিবাদ।
বকারি, পুং. [বক+অরি] শ্রীকৃষ্ণ; ভীমসেন।
বকুয়া, (প্রা) বাবদূক, মিথ্যাভাষী, গল্প- [কারক।
বকুল, পুং. [বক+উল] স্বনামখ্যাত পুষ্পবৃক্ষ, তৎপর্য্যায়।—কেসর, কেশর, বকুল, সিংহকেশর, বরলব্ধ, শীধুগন্ধ, মুকুল, বঞ্জুল, স্ত্রীমুখমধু, দোহল, মধুপুষ্প, সুরভি, ভ্রমরানন্দ, স্থিরকুসুম, শারদিক, করব,সীসংজ্ঞ, বিশারদ, গূঢ়পুষ্পক, ধন্বী, মদন, মদ্যামোদ, চিরপুষ্প।
বকুলা, স্ত্রী. [বকুল+আ] বটুকা।
বকুলী, স্ত্রী. [বকুল+ঈ] কাকোলীনামক ঔষধিবিশেষ। [গাছ।
বকুল, পুং. [বক+উল] বকুলবৃক্ষ, বকুল-

বকেয়া, (যাং) অবশেষ, বাকী, বক্রী।

বকেরুকা, স্ত্রী. [বক+ইরুক-আ] বলাকা, বকশ্রেণী, বকের পংক্তি বা শারী, ক্রৌঞ্চদল; বাতবর্জ্জিতশাখা।

বকোট, পুং. [বক+ওট] বক, ক্রৌঞ্চপক্ষী।

বক্ত, (যাং) সময়, কাল; অদৃষ্ট।

বক্তব্য, ত্রি. [বচ+তব্য] কুৎসিত, নিন্দনীয়; হীন; বচনার্হ, কথনযোগ্য; (ন.) বচন।

বক্তা, ত্রি. [বচ+তৃ] বচোজ্ঞ, তৎপর্য্যায়।—বদ, বদাবদ, বদান্য, বগ্নু, সুষ্টুবক্তা; বহুভাষী, তৎপর্য্যায়।—বাচোযুক্তিপটু, বাগ্মী, বাবদূক, বচক্লু, সুবচাঃ, প্রবাক্; পণ্ডিত।

বক্ত্র, ন. [বচ+ত্র] মুখ, আনন, আস্য; তগরমূল; বস্ত্রবিশেষ; ছন্দোবিশেষ।

বক্ত্রখুর, পুং. [বক্ত্র+খুর] দন্ত, দশন, দাঁত, রদন।

বক্ত্রজ, পুং. [বক্ত্র+জ] ব্রাহ্মণ; (ত্রি.) মুখজাত, মুখোৎপন্ন।

বক্ত্রতাল, পুং. [বক্ত্র+তাল] মুখবাদ্য, গালবাদ্য।

বক্ত্রতুণ্ড, পুং. [বক্ত্র+তুণ্ড] গণপতি,গণেশ।

বক্ত্রপট্ট, পুং. [বক্ত্র+পট্ট] অশ্বাদির ভোজন পাত্র, তোবড়া, তৎপর্য্যায়।—তলিকা, তলসারক।

বক্ত্রবাস, পুং. [বক্ত্র+বাস] নারঙ্গ, নারাঙ্গানেবু, মুখগন্ধ।

বক্ত্রভেদী, পুং. [বক্ত্র+ভেদিন] তিক্তরস; (ত্রি.) মুখভেদক।

বক্ত্রশোধন, ন. [বক্ত্র+শোধন] দ্রব্য; মুখশুদ্ধি করণ।

বক্ত্রশোধী, পুং. [বক্ত্র+শোধিন্] জম্বীর, নেবু; (ত্রি.) মুখশোধক।

বক্ত্রাসব, পুং. [বক্ত্র+আসব] অধর মধু, মুখামৃত।

বকবকম, (প্রা) বহু জল্পন, বাচালতাকরণ; কপোত ধ্বনি, পারাবতের রব।

বক্র, ন. [বক+র] নদীবঙ্ক, নদীর বাঁক,তৎপর্য্যায়।—পুটভেদ, বঙ্ক; (পুং.) শনৈশ্চর গ্রহ; রুদ্র; ত্রিপুরাসুর; পর্পট; বক্রগতিবিশিষ্টগ্রহ; (ত্রি.) অনৃজু,বাঁকা, যথা।—অরাল, বৃজিন, জিহ্ম, ঊর্ম্মিমৎ, কুঞ্চিত, নত, আবিদ্ধ, কুটিল, ভুগ্ন, বেল্লিত, বঙ্কুর, বেঙ্ক, বিনত, উন্দুর, অবনত, আনত, ভঙ্গুর; বক্রসংখ্যাকবর্ণ যথা।—অলক, ভাল, ভ্রূ, নখচিহ্ন, অঙ্কুশ, কুঞ্চিকা, ভগ্নকঙ্কণ, বালেন্দু, দাত্র, কুদ্দাল, চন্দ্রক, শুকাস্য, পলাশপুষ্প, বিদ্যুৎ, কটাক্ষ, শক্রধনু, ফণা, প্রবোধ, কর, হস্তিদন্ত, শূকরদন্ত, সিংহনখাদি; ক্রূর, খল।

বক্রকণ্ট, পুং. [বক্র+কণ্ট] বদরবৃক্ষ, কুলগাছ; কুটিলকণ্টক।

বক্রকণ্টক, পুং. [বক্র+কণ্টক] খদিরবৃক্ষ; কুটিল কাঁটা।

বক্রখড়্গ, পুং. [বক্র+খড়্গ] করবাল,তরবারি, তলোয়ার; অস্ত্রবিশেষ বাঁকা খাঁড়া।

বক্রগ্রীব, পুং. [বক্র+গ্রীব] উষ্ট্র, ক্রমেলক, [উট।

বক্রচঞ্চু, পুং. [বক্র+চঞ্চু] শুকপক্ষী, টিয়াপাখী।

বক্রতা, স্ত্রী. [বক্র+ত-আ] বক্রভাব, কুটিলতা; অসার তুল্য; প্রাতিকুল্য, বিপক্ষতা।

বক্রত্ব, ন. [বক্র+ত্ব] বক্রভাব, কুটিলতা; অসারতুল্য; প্রাতিকুল্য, বিপক্ষতা।

বক্রতাল, ন. [বক্র+তাল] বাদ্যবিশেষ, তৎপর্য্যায়।—মুখতাল, বক্রনাল।

বক্রতালী, স্ত্রী. [বক্র+তাল-ঈ] বাদ্যবিশেষ, মুখতাল, গালবাদ্য।

বক্রতুণ্ড, পুং. [বক্র+তুণ্ড] শুকপক্ষী, টিয়াপাখী।

বক্রদংষ্ট্র, পুং. [বক্র+দংষ্ট্র] শূকর, বরাহ, কোল। [টেরা।

বক্রদৃষ্টি, স্ত্রী. [বক্র+দৃষ্টি] অপাঙ্গদর্শন;

বক্রনক্র, পুং. [বক্র+নক্র] পিশুন, খল; শুকপক্ষী।

বক্রনাল, ন. [বক্র+নাল] মুখবাদ্য, গালবাদ্য।

বক্রনাসিক, পুং. [বক্র+নাসিক] পেচক, উলূক, পেঁচা; (ত্রি.) কুটিল নাসাযুক্ত।

বক্রপাদ, ত্রি. [বক্র+পাদ] অসরলপাদ, খোঁড়া পা।

বক্রপুচ্ছ, পুং. স্ত্রী. [বক্র+পুচ্ছ] কুক্কুর, কুকুর; সলোমকুটিল লাঙ্গুল।

বক্রবক্ত্র, পুং. [বক্র+বক্ত্র] শূকর; বরাহ; (ত্রি.) কুটিল মুখবিশিষ্ট, বাঁকা মুখ।

বক্রবালধি, পুং. [বক্র+বালধি] কুক্কুর, কুকুর; কুটিলপুচ্ছ।

বক্রভণিত, ন. [বক্র+ভণিত] কুটিল বাক্য, শ্লিষ্টবাক্য, তৎপর্য্যায়।—ছেকোক্তি, শ্লেষোক্তি।

বক্রম, পুং. [অব+ক্রম] পলায়ন, প্রস্থান।

বক্রলাঙ্গুল, পুং. [বক্র+লাঙ্গুল] কুক্কুর, কুকুর; (ন.) কুটিলপুচ্ছ।

বক্রশল্যা, স্ত্রী. [বক্র+শল্য-আ] কুটুম্বিনী ক্ষুপ।

বক্রাগ্র, ন. [বক্র+অগ্র] কবাটবক্রবৃক্ষ; কুটিলাগ্র ভাগ।

বক্রাঙ্গ, পুং. [বক্র+অঙ্গ]হংস, হাঁস; চন্দ্র, চাঁদ; (ন.) কুটিলাবয়ব, বাঁকা অঙ্গ।

বক্রি, ত্রি. [বক্র+ই] মিথ্যাবাদী, অসত্যভাষী।

বক্রী, পুং. [বক্র+ইন্] বুদ্ধ; (ত্রি.) বক্রবিশিষ্ট; বাঁকা।

বক্রোক্তি, স্ত্রী. [বক্র+উক্তি] কাকুক্তি; কুটিলোক্তি, শ্লেষ কথা, ব্যঙ্গ বাক্য, ঠাট্টা

বক্রোষ্ঠিকা স্ত্রী. [বক্র+ওষ্ঠ+ইকা] অদৃষ্টরদহাস্য, ঈষদ্ধাস্য, তৎপর্য্যায়।—স্মিত। [বিভাগ।

বকুরা, (প্রা) অজা, ছাগল, পাঁটা; বস্ত

বকুরী, (প্রা) ছাগী, পাঁটী।

বকৃশী, (যাং) সরদার, সৈন্যাধ্যক্ষ।

বকৃশীশ, (যাং) পুরস্কার, পারিতোষিক, দান।

বখীল, (যাং) লোভী।

বগল, (যাং) বাহুমূল, কক্ষদেশ।

বগলা, স্ত্রী. [বগল+আ] দশমহাবিদ্যান্তর্গত দেবীবিশেষ।

বগলামুখী, স্ত্রী. [বগলা+মুখ-ঈ] দশমহাবিদ্যান্তর্গত দেবীবিশেষ।

বগলী, (যাং) সোপকার দ্রব্যাধার, থলিয়া বিশেষ।

বগা, (প্রা) অস্ত্রবিশেষ, ক্ষুদ্র খড়্গ।

বগাহ, পুং. [অব+গাহ] অবগাহ, জলে নিমগ্ন হইয়া স্নান।

বগী, (যাং) ক্ষুদ্রখড়্গবিশেষ; শকটবিশেষ।

বগ্নু, পুং. [বচ+নু] বক্তা; বাবদূক, কথক।

বঙ্ক, পুং. [বন্ক+অ] নদীবক্র, নদীর বাঁক; আড়।

বঙ্কা, স্ত্রী, [বঙ্ক+আ] বল্গাগ্রভাগ, তৎপর্য্যায়।—পলায়ন।

বঙ্কিম, পুং. [বঙ্ক+ইম] বক্র, বাঁকা, অনৃজু।

বঙ্কিল, পুং. [বঙ্ক+ইল] কণ্টক, কাঁটা।

বঙ্ক্রি পুং. ন. [বঙ্ক+রি] বাদ্যবিশেষ; গৃহদারু; পার্শ্বাস্থি, পঞ্জর, পাঁজরা; (ন.) পার্শ্বাস্থি তৎপর্য্যায়।—পর্শুক।

বঙ্ক্য, ত্রি. [বঙ্ক+য] বক্র, বাঁকা।

বঙ্গ, ন. [বঙ্গ+অ] ধাতুবিশেষ, রাং, তৎপর্য্যায়।—ত্রপু, স্বর্ণজ, নাগজীবন, মৃদ্বঙ্গ, রঙ্গ, গুরুপত্র, পিচ্চট, চক্রসংজ্ঞ, তমর, নাগজ, কস্তীর, আলীনক, সিংহল স্ববেত, নাগ; সীসক, সীসা; (পুং.) দেশবিশেষ, বাঙ্গালাদেশ, পূর্ব্বদেশান্তর্গত দেশবিশেষ; চন্দ্রবংশীয় বলিরাজপুত্র; বাণপুত্র; বার্ত্তাকু, বেগুণ; কার্পাস, তুলা।

বঙ্গজ, ন. [বঙ্গ+জন-অ] সিন্দুর, সিঁদুর; (ত্রি.) বঙ্গদেশ জাত।

বঙ্গন, পুং. [বঙ্গ+অন] বার্ত্তাকু, বেগুণ; ফলবিশেষ।

বঙ্গলা, স্ত্রী. [বঙ্গ+লা] রাগিণীবিশেষ, বঙ্গালী।

বঙ্গশুল্বজ, ন. [বঙ্গ+শুল্বজ] কাংস্য, কাঁসা; ধাতুবিশেষ।

বঙ্গসেন, পুং. [বঙ্গ+সেন] বকবৃক্ষ, বকফুলের গাছ

বঙ্গসেনক, পুং. [বঙ্গ+সেনক] বকবৃক্ষ, বকফুলের গাছ।

বঙ্গারি, পুং. [বঙ্গ+অরি] হরিতাল, হর্ত্তেল।

বঙ্গাল, পুং. [বঙ্গ+আল] রাগবিশেষ, ভৈরবরাগের পুত্র।

বঙ্গালা, (প্রা) রাগিণীবিশেষ।

বঙ্গালী, স্ত্রী. [বঙ্গাল+ঈ] রাগিণীবিশেষ, ভৈরবরাগের ভার্য্যা।

বঙ্ক্ষণ, পুং. [বঙ্ক্ষ+অন] উরুসন্ধি, কুচ্‌কী।

বঙ্ক্ষু, স্ত্রী. [বঙ্ক্ষ+উ] গঙ্গাস্রোতবিশেষ, কেতুমালবর্ষস্থা গঙ্গা।

বচ, পুং. [বচ+অ] কীরপক্ষী, শুকপক্ষী, টেঁয়াপাখী; ঔষধবিশেষ, বচা।

বচঃ, ন. [বচ+অস্] বাক্য, কথন।

বচক্নু, পুং. [বচ+ক্নু] ব্রাহ্মণ, দ্বিজ; (ত্রি.) বাবদূক, বক্তা, বহুভাষী।

বচণ্ডী, স্ত্রী. [বচ+অণ্ড-ঈ] শারিকাপক্ষিণী; বর্ত্তি, বাতি; শস্ত্রবিশেষ; বচণ্ডা, বরণ্ডা ইতি পাঠ।

বচন, ন. [বচ+অন] শুণ্ঠী, শুঁঠ; বাক্য, তৎপর্য্যায়।—ইরা, সরস্বতী, ব্রাহ্মী, ভাষা, বাণী, সারদা, গিরা, গী, গিরাং-দেবী, গীর্দ্দেবী, ভারতীশ্বরী, বাগ্বচা, বচসামীশা, বাগ্‌দেবী, বর্ণমাতৃকা, ভাষিতা, উক্তি, ব্যাহারো লপিত, বচঃ; তদ্বৈদিক পর্য্যায়।—শ্লোক, ধারা, ইলা, গৌ, গৌরী, গান্ধর্ব্বী, গভীরা, গম্ভীরা, মন্দ্রা, মন্দ্রাজনী, বাঁশী, বাণী, বাণীচী, বাণ, পবি, ভারতী, ধমনি, নালী, মেনী, মেনা, সূর্য্যা, নিবিৎ, স্বাহা, বগ্নু, উপব্দি, বায়ু, কাকুৎ, জিহ্বা, ঘোষ, স্বর, স্বন, শব্দ, ঋক্, হোত্রা, গীঃ, গাথা, গণ, ধেনা, গ্না, বিপা, লনা, কশা, ধিষণা, নৌ, অক্ষর, মহী, অদিতি, শচী, বাক্, অনুষ্টুপ্, ধেনু, বল্গু, গল্দা, সর, সুপর্ণী, বেকুর; বিভক্তিরএকত্বাদি; ঋষিপ্রণীত পদ্য।

বচনগ্রাহী, ত্রি. [বচন+গ্রাহিন্] বচনেস্থিত, বাক্যস্থ, কথার বশ।

বচনীয়, ত্রি. [বচ+অনীয়] কথনীয়, নিন্দনীয়, অপবাদের যোগ্য।

বচনীয়তা, স্ত্রী. [বচনীয়+ত-আ] লোকাপবাদ, জনপ্রবাদ, কৌলীন, বিগান, নিন্দতা; নিন্দা।

বচনেস্থিত, ত্রি. [বচনে+স্থিত] বচনস্থ, অধীন, বশম্বদ, তৎপর্য্যায়।—বিধেয়, বিনয়গ্রাহী, আশ্রব, বশ্য, প্রণেয়।

বচনোপক্রম, পুং. [বচন+উপক্রম] বাক্যারম্ভ, কথারম্ভ, তৎপর্য্যায়।—উপন্যাস, বাঙ্মুখ।

বচর, পুং. [বচ+অর] কুক্কুট, কুঁকড়া; শঠ, ধূর্ত্ত।

বচলু, পুং. [বচ+লু] শত্রু, অরি, রিপু; দোষ।

বচসা, (প্রা) বাক্যব্যয়; বকাবকি, বাক্‌কলহ, মিথ্যা বাদানুবাদ।

বচসাম্পতি, পুং. [বচসাম্+পতি] বৃহস্পতি, দেবগুরু।

বচস্কর, ত্রি. [বচস্+কর] বচনেস্থিত, বচনস্থ, কথার বশ।

বচা, স্ত্রী. [বচ+আ] ঔষধবিশেষ, বচ, তৎপর্য্যায়।—উগ্রগন্ধা, ষড়্‌গ্রন্থা, গোলোমী, শতপর্ব্বিকা, তীক্ষ্ণা, জটিলা, মঙ্গল্যা, বিজয়া, উগ্রা, রক্ষোঘ্নী, বচ্যা, লোমশা, ভদ্রা।

বচাবচ, (প্রা) বাদানুবাদ, কলহ, দ্বন্দ্ব।

বচোগ্রহ, পুং. [বচস্+গ্রহ] কর্ণ, শ্রোত্র, কাণ।

বজরা, (প্রা) নৌকাবিশেষ, বৃহৎ তরী।

বজরাটি, (প্রা) পুরাতন ছাদ সংস্কারপূর্ব্বক পুনর্নির্ম্মাণ; ছাদ মেরামৎ।

বজ্জাত, (যাং) জারজ, বিজন্মা, অধমজাত।

বজ্র, পুং. ন. [বজ+র] ইন্দ্রের অস্ত্রবিশেষ; বাজ, তৎপর্য্যায়।—হ্রাদিনী, কুলিশ, ভিদুর, ভিদ, পবি, শতকোটিৎসরু, শম্ব, দম্ভোলি, অশনি, কুলীশ, ভিদির, ভিদু, স্বরুস্, সম্ব, সংব, অশনী, জম্ভারি, ত্রিদশায়ুধ, শতধার, শতার, বহুধার, ষট্‌কোণ, আপোত্র, জম্ভুরি, পেশি, অব্জজ, গিরিকণ্টক, গৌ, অভ্রোত্থ, মেঘভূতি, গিরিজ্বর, গিরিধ্বজ, জাম্ববি, দম্ভ, ভিদ্র, অম্বুজ, ছিদক, তদ্বৈদিক,পর্য্যায়। বিদ্যুৎ, নেমি, হেতি, নম, পবি, সৃক,

বৃক, বধ, বজ্র, অর্ক, কুৎস, কুলিশ, তুঞ্জ, তিগ্ম, নেমি, স্বধিতি, সায়ক, পরশু; রত্নবিশেষ, হীরা, তৎপর্য্যায়।—ইন্দ্রায়ুধ, হীর, ভিদুর, অভেদ্য, অশির, রত্ন দৃঢ়, ভার্গবক, বহুধার, শতকোটি; কোকিলাক্ষবৃক্ষ; শ্বেতকুশ; সেহুণ্ডবৃক্ষ; শ্রীকৃষ্ণেরপ্রপৌত্র, অনিরুদ্ধপুত্র; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত পঞ্চদশ যোগ; (ন.) বালক; ধাত্রী; কাঞ্জিক; বজ্রপুষ্প; লৌহবিশেষ, তদ্বহুধা, যথা।—নীলপিণ্ড, অরুণাভ, মোরক, নাগকেশর, তিত্তিরাঙ্গ, স্বর্ণবজ্র, শৈবালবজ্র, শোণবজ্র, রোহিণী, কাঙ্কোল, গ্রন্থিবজ্রক, মদনাখ্য; অভ্রবিশেষ।

বজ্রক, ন. [বজ্র+ক] বজ্রক্ষার; সর্ব্বতোভদ্রচক্রান্তর্গত সূর্য্য ভোগ্যনক্ষত্র হইতে ত্রয়োবিংশ নক্ষত্রস্বরূপ উপগ্রহ।

বজ্রকঙ্কট, পুং. [বজ্র+কঙ্কট] হনুমান, পবনপুত্র।

বজ্রকণ্টক, পুং. [বজ্র+কণ্টক] সুহীবৃক্ষ, সিজগাছ; কোকিলাক্ষবৃক্ষ।

বজ্রকন্দ, পুং. [বজ্র+কন্দ] বজ্রকর্ণ, সকরকন্দ আলু।

বজ্রকপালী, পুং. [বজ্র+কপালিন্] বুদ্ধবিশেষ, তৎপর্য্যায়।—হেরম্ব, হেরুক, চক্রসম্বর, দেব, নিশুম্ভীশ, শশিশেখর, বজ্রকীট।

বজ্রকালিকা, স্ত্রী. [বজ্র+কালিকা] মায়াদেবী।

বজ্রকেতু, পুং. [বজ্র+কেতু] নরক রাজা।

বজ্রচর্ম্মা, পুং. [বজ্র+চর্ম্মন্] খড়্গী, গণ্ডক, গণ্ডার।

বজ্রজিৎ, পুং. [বজ্র+জিৎ] গরুড়, বৈনতেয়, পক্ষীরাজ।

বজ্রজ্বালা, স্ত্রী. [বজ্র+জ্বালা] বজ্রাগ্নি, বিদ্যুতের অনল। [বুদ্ধ।

বজ্রটীক, পুং. [বজ্র+টীক] বজ্রকপালীনামক

বজ্রতুণ্ড, পুং. [বজ্র+তুণ্ড] গরুড়, বৈনতেয়, গণেশ; গৃধ্র, শকুনি; মশক।

বজ্রদন্ত, পুং. [বজ্র+দন্ত] শূকর, বরাহ; মূষিক, ইঁদুর; রাবণসেনানী।

বজ্রদশন, পুং. [বজ্র+দশন] মূষিক, উন্দুর; শূকর, বরাহ; রাক্ষসবিশেষ। [গাছ।

বজ্রদ্রু, পুং. [বজ্র+দ্রু] সুহীবৃক্ষ, সিজ-

বজ্রদ্রুম, পুং. [বজ্র+দ্রুম] সুহীবৃক্ষ, সিজগাছ।

বজ্রধর, পুং. [বজ্র+ধর] ইন্দ্র, দেবরাজ; জিনবিশেষ।

বজ্রনির্ঘোষ, পুং. [বজ্র+নির্ঘোষ] বজ্রজনিত শব্দ, স্ফূর্জ্জথু।

বজ্রনিষ্পেষ, পুং. [বজ্র+নিষ্পেষ] বজ্রনির্ঘোষ, বজ্রপাতজনিত শব্দ, তৎপর্য্যায়।—স্ফূর্জথু।

বজ্রনিঃস্বন, ন. [বজ্র+নিঃস্বন] বজ্রশব্দ; মেঘগর্জ্জন। [রাজ।

বজ্রপাণি, পুং. [বজ্র+পাণি] ইন্দ্র, দেব-

বজ্রপুষ্প, ন. [বজ্র+পুষ্প] তিলপুষ্প, তিলফুল; তন্ত্রোক্ত স্ত্রীরজোবিশেষ।

বজ্রপুষ্পা, স্ত্রী. [বজ্র+পুষ্প-আ] শতপুষ্পা।

বজ্রবৎ, ব্য. [বজ্র+বৎ] অশনি সদৃশ; অত্যন্তকঠিন। [লতা।

বজ্রবল্লী, স্ত্রী. [বজ্র+বল্লী] অস্থি সংহার

বজ্রবাঁটুল, (প্র.) অতিশয় অথচ ক্ষুদ্র গোলাকার বস্তু, কঠিন অথচ বর্ত্তুল।

বজ্রবারাহী, স্ত্রী. [বজ্র+বারাহী] মায়াদেবী, তৎপর্য্যায়।—মারীচী, ত্রিমুখা, বজ্রকালিকা, বিকটা, গৌরী; পোত্রিরথা।

বজ্রবারণ, পুং. [বজ্র+বারণ] ত্রিকন্ধসভা।

বজ্রবীজক, পুং. [বজ্র+বীজক] লতাকরঞ্জ।

বজ্রবৃক্ষ, পুং. [বজ্র+বৃক্ষ] সেহুণ্ডবৃক্ষ।

বজ্রমূলী, স্ত্রী. [বজ্র+মূল-ঈ] মাষপর্ণী।

বজ্ররথ, পুং. [বজ্র+রথ] ক্ষত্রিয়, জাতি, দ্বিতীয়বর্ণ। [দন্ত।

বজ্ররদ, পুং. [বজ্র+রদ] শূকর; বজ্রতুল্য

বজ্রশল্য, পুং. [বজ্র+শল্য] শল্যকনামা জন্তুবিশেষ।

বজ্রশৃঙ্খলা, স্ত্রী. [বজ্র+শৃঙ্খল-আ] বিদ্যাদেবী।

বজ্রসূর্য্য, পুং. [বজ্র+সূর্য্য] বুদ্ধবিশেষ।

বজ্রক্ষার, ন. [বজ্র+ক্ষার] ক্ষারবিশেষ, তৎপর্য্যায়।—বজ্রক, ক্ষারশ্রেষ্ঠ, বিদারক, সার, চন্দনসার, ধূমোত্থ, ধূমজাঙ্গক।

বজ্রা, স্ত্রী. [বজ্র+আ] স্নুহীবৃক্ষ, সিজগাছ; গুড়ূচীলতা; দুর্গা, ভগবতী

বজ্রাঘাত, পুং. [বজ্র+আঘাত] কুলিশপতন; মহাবিপদ; ভয়ানক শব্দ।

বজ্রাঙ্গ, পুং. [বজ্র+অঙ্গ] সর্প; (ত্রি) বজ্রতুল্য কঠিন অঙ্গ; বক্রাঙ্গ ইতিপাঠ।

বজ্রাঙ্গী, স্ত্রী. [বজ্র+অঙ্গ-ঈ] গবেধুকা; আস্থসংহারী।

বজ্রাভ, পুং. [বজ্র+আভ] দুগ্ধপাষাণ; (ত্রি.) হীরকতুল্য দীপ্তিমতী।

বজ্রাশনি, পুং. [বজ্র+অশনি] বজ্র, বাজ, অশনি।

বজ্রাস্থিশৃঙ্খলা, স্ত্রী. [বজ্রাস্থি+শৃঙ্খল-আ] কোকিলাক্ষবৃক্ষ।

বজ্রী, পুং. [বজ্র+ইন্] ইন্দ্র, দেবরাজ; বুদ্ধ; (স্ত্রী.) স্নুহীবৃক্ষভেদ, একপ্রকার সিজগাছ।

বঞ্চক, পুং. [বঞ্চ+অক] শৃগাল; গৃহবভ্রু; (ত্রি.) খল; ধূর্ত্ত, প্রতারক, ঠকানিয়া।

বঞ্চথ, পুং. [বঞ্চ+অথ] ধূর্ত্ত, প্রতারক, ঠকানিয়া; বঞ্চনা; কোকিল।

বঞ্চথুঃ, পুং. [বঞ্চ+অথুস্] ধূর্ত্ত; বঞ্চনা; কোকিল।

বঞ্চন, ন. [বঞ্চ+অন] প্রতারণ, ঠকান।

বঞ্চনা, স্ত্রী. [বঞ্চন+আ] প্রতারণা, ঠকান, ছলনা।

বঞ্চনার্হ, ত্রি. [বঞ্চন+অর্হ] প্রতারণার যোগ্য, ঠকাইবার উপযুক্ত।

বঞ্চিত, ত্রি. [বঞ্চ+ইত] বঞ্চনাবিশিষ্ট, প্রতারিত, তৎপর্য্যায়।—বিপ্রলব্ধ; নিরাসিত।

বঞ্চুক, ত্রি. [বঞ্চ+উক] প্রতারণশীল, প্রতারক, তৎপর্য্যায়।—ধূর্ত্ত, বঞ্চুক।

বঞ্চ্য, ত্রি. [বঞ্চ+য] গমনীয়, গন্তব্য।

বঞ্জুল, পুং. [বন্জ+উল] তিনিশবৃক্ষ; অশোকবৃক্ষ; বেতসবৃক্ষ; বকুলবৃক্ষ; পক্ষীবিশেষ; স্থলপদ্ম বৃক্ষ।

বঞ্জুলদ্রুম, পুং. [বঞ্জুল+দ্রুম] অশোকবৃক্ষ; বকুলবৃক্ষ। [বেতগাছ।

বঞ্জুলপ্রিয়, পুং. [বঞ্জুল+প্রিয়] বেতসবৃক্ষ,

বঞ্জুলা, স্ত্রী. [বঞ্জুল+আ] বহুদুগ্ধা গাভী।

বট, পুং. [বট+অ] বৃক্ষবিশেষ, বড়গাছ, তৎপর্য্যায়।—ন্যগ্রোধ, বহুপাৎ, বৃক্ষনাথ, যমপ্রিয়, রক্তফল, শৃঙ্গী, কর্ম্মজ, ধ্রুব, ক্ষীরী, বৈশ্রবণাবাস, ভাণ্ডীর, জটাল, রোহিণ, অবরোহী, বিটপী, স্কন্ধারুহ, মণ্ডলী, মহাচ্ছায়, ভৃঙ্গী, যক্ষাবাস, যক্ষতরু, পাদরোহণ, নীল, শিফারুহ, বহুপাদ, বনস্পতি; গণপতিপ্রিয়; কপর্দ্দ, কড়ি; গোল; ভক্ষ্য, বড়া; সাম্য; (ত্রি.) গুণ, বেটে দড়ি।

বটক, পুং. [বট+ক] পিষ্টকবিশেষ, বড়া; অষ্টমাষক পরিমাণ, অষ্টমাষা।

বটপত্র, পুং. [বট+পত্র] সিতার্জক, শ্বেততুলসী। [পুষ্পবৃক্ষ।

বটপত্রা, স্ত্রী. [বট+পত্র-আ] ত্রিপুরমালী

বটপত্রী, স্ত্রী. [বট+পত্র-ঈ] পাষাণভেদীবিশেষ, তৎপর্য্যায়।—ইদানী, ঐরাবতী, গোধাবতী, ইরাবতী, শ্যামা, বটাঙ্গনামিকা।

বটবাসী, পুং. স্ত্রী. [বট+বাসিন্] যক্ষ; (ত্রি.) বটবৃক্ষে-বাসকর্ত্তা।

বটর, পুং. [বট+র] কুক্কুট, কুঁক্ড়া বিশেষ; বেষ্ট, বেষ্টন; শঠ, ধূর্ত্ত; চৌর, চোর; চঞ্চল।

বটাকর, পুং. [বট+আকর] রজ্জু, রশ্মি, দড়া। [বেটে।

বটাকরা, স্ত্রী. [বট+আকর-আ] রজ্জু, দড়ী,

বটাবীক, পুং. [বটাব+ঈক] চৌরবিশেষ।

বটি, স্ত্রী. [বট+ই] উপজিহ্বিকা, আল-

বটিকা, স্ত্রী. [বটি+ক-আ] বটী, বড়ী, তৎপর্য্যায়।—নিস্তুলী; ব্যঞ্জনের উপযোগি দ্রব্যবিশেষ, বড়ী।

বটিয়া, (প্রা) নৌকাবাহনার্থ ক্ষুদ্রদণ্ড, দাঁড়।

বটী, স্ত্রী. [বট+ঈ] বটিকা, বড়া; বৃক্ষবিশেষ, নদীবট, বজ্রবৃক্ষ, সিদ্ধার্থ, বটক, অমরা,

ভুজঙ্গিনী, ক্ষীরকাষ্ঠা; (ত্রি.) রজ্জু, রশ্মি, রশি, দড়ি।

বটু, পুং. [বট্+উ] মাণবক, ব্রাহ্মণকুমার; ব্রাহ্মণ; ব্রহ্মচারী; কুটন্নটবৃক্ষ; বালক।

বটুক. পুং. [বটু+ক] বালক; ভৈরববিশেষ।

বটুকরণ, ন. [বটু+করণ] উপনয়ন, যজ্ঞোপবীত দানসংস্কার।

বটে, (প্রা) স্বীকারবোধক শব্দ, হাঁ।

বট্‌করা, (প্রা) বিদ্রূপ, পরিহাস, ঠাট্টা।

বট্‌কেরা, (প্রা) পরিহাস, ব্যঙ্গ, বিদ্রূপ, ঠাট্টা।

বঠর, পুং. [বঠ+অর] মূর্খ, অজ্ঞ; অম্বষ্ঠ, বৈদ্যজাতি; শব্দকার; বক্র; (ত্রি.) শঠ; মন্দ।

বড়, (প্রা) বৃহৎ; প্রধান, শ্রেষ্ঠ।

বড়বা, স্ত্রী. [বড়ব+আ] ঘোটকী; অশ্বিনীনক্ষত্র; বাড়বাগ্নি; দাসী।

বড়বাকৃত, পুং. [বড়বা+কৃত] পঞ্চদশদাসান্তর্গত দাসবিশেষ, গৃহদাসীর স্বামী।

বড়বাগ্নি, পুং. [বড়বা+অগ্নি] সমুদ্রস্থিতাগ্নি, জলমধ্যস্থিতঅগ্নি, তৎপর্য্যায়।—সলিলেন্ধন, বড়বামুখ, কাকধ্বজ, বাণিজ, স্কন্দাগ্নি, তৃণধূক্, কাষ্ঠধূক্।

বড়বানল. পুং. [বড়বা+অনল] বড়বাগ্নি, তৎপর্য্যায়।—ঔর্ব্ব, বাড়ব; লঙ্কার দক্ষিণে পৃথিবীর চতুর্থভাগরূপ স্থানবিশেষ।

বড়বাভৃত, পুং. [বড়বা+ভৃত] দাসীর জার হইয়া দাসভাবাপন্ন ব্যক্তি।

বড়বামুখ, পুং. [বড়বা+মুখ] বাড়বানল, বাড়বাগ্নি।

বড়বাসুত, পুং. [বড়বা+সুত] অশ্বিনীকুমার; দাসীপুত্র।

বড়বাহৃত, পুং. [বড়বা+আহৃত] বড়বাকৃত, পঞ্চদশ দাসান্তর্গত দাসবিশেষ, গৃহদাসীর স্বামী

বড়ভি-বড়ভী, স্ত্রী. [বড়ভ+ঈ] গৃহচূড়া, মুদনি, তৎপর্য্যায়।—গোপানসী, চন্দ্রশালিকা, কূটাগার; খিল।

বড়মা, (প্রা) অলক্ষ্মী; অপবাদ; বিপত্তি।

বড়শা, (প্রা) অস্ত্রবিশেষ, বল্লম।

বড়শী, (প্রা) বঁড়িশ, মৎস্যধারণার্থ কাঁটা।

বড়া, স্ত্রী. [বড়+আ] বটক; পিষ্টকবিশেষ।

বড়াই, (প্রা) গৌরব, দম্ভ, গর্ব্ব; বৃন্দাবনস্থা বৃদ্ধা গোপীবিশেষ।

বড়িয়া, (প্রা) শতরঞ্চ খেলার বড়ে।

বড়িশ, ন. স্ত্রী. [বটিশ্+অ] মৎস্যধারণার্থ বক্রলৌহ কণ্টকবিশেষ, বড়শী তৎপর্য্যায়।—মৎস্যবেধন, বলিশ, বড়িশী, বড়িশা, বলিশী, মৎস্যবেধনী, বলিসী, বলিস, বরিশী, বলিশি, মৎস্যভেদন।

বড়িশী, স্ত্রী. [বড়িশ+ঈ] বড়িশ, মৎস্যধারণার্থ বক্রলৌহ কণ্টকবিশেষ।

বড়ী, (প্রা) বটী; গুলী।

বড়ু, (প্রা) পরিচারক; দেবল ব্রাহ্মণ।

বড়্‌বড়ন, (প্রা) বহুভাষণ, বকন।

বড্র, ত্রি. [বড+র] বৃহৎ, শ্রেষ্ঠ, বড়।

বঢ়ই, (প্রা) সূত্রধার, ছুতার; গৃহনির্ম্মাতা।

বণ, পুং. [বণ+অ] শব্দ, ধ্বনি, নাদ।

বণিক্, পুং. [বণ+ইজ্] ক্রয়বিক্রয়কর্ত্তা, বাণিজ্যকারক, তৎপর্য্যায়।—বৈদেহক, সার্থবাহক, নৈগম, বণিজ, পণ্যাজীব, আপণিক, ক্রয়বিক্রয়িক, বৈদেহ, বাণিজ, বাণিজিক, ক্রায়িক, বিক্রয়িক, বাণিজক, বাণিজ্যকার; করণান্তর; বৈশ্যজাতি; (স্ত্রী.) বাণিজ্য।

বণিক্‌পথ, ন. [বণিক্+পথ] বাণিজ্য।

বণিগ্বন্ধু, পুং. [বণিক্+বন্ধু] নীলীবৃক্ষ, নীলগাছ।

বাণিগ্বহ, পুং. [বাণিক্+বহ] উষ্ট্র, উট।

বণিগ্‌ভাব, পুং. [বণিক্+ভাব] বাণিজ্য, ব্যবসায়, তৎপর্য্যায়।—সত্যানৃত, বাণিজ্য, বাণিজ্যা, বণিক্‌পথ।

বণিজ, পুং. [বণিজ্+অ] বণিক্, ক্রয়বিক্রয়কারী, বাণিজ্য ব্যবসায়ী; ববাদি একাদশ করণান্তর্গত ষষ্ঠকরণ।

বণিজ্য, ন. [বণিজ+য] বাণিজ্য, বণিগ্বৃত্তি, ব্যবসা।

বণিজ্যা, স্ত্রী. [বণিজ্য+আ] বাণিজ্য, বণিগ্বৃত্তি, ব্যবসা, ক্রয় বিক্রয় ব্যবহার।

বণ্ট, পুং [বণ্ট+অ] ভাগ, অংশ, হিস্যা, বাঁটা; দাত্রমুষ্টি, দারবাঁট; অকৃতো-দ্বাহ, অবিবাহিত।

বণ্টক, পুং, [বণ্ট+ক] ভাগ; (ত্রি.) ভাগ-কর্ত্তা, অংশকারী। [করণ।

বণ্টন, ন. [বণ্ট+অন] বিভাগকরণ, অংশ-

বণ্ঠ, পুং, [বণ্ঠ+অ] অকৃতোদ্বাহ, অবিবা-হিত; খর্ব্ব, খাট; কুন্তায়ুধ, কোঁচনামক অস্ত্রবিশেষ

বণ্ঠর, পুং. [বণ্ঠ+র] স্থগিকারজ্জু, কুক্কু-রের লাঙ্গুল; করীরকোষ; তালের পল্লব; পয়োধর, মেঘ।

বণ্ঠাল, পুং. [বণ্ঠ+আল] শূরযুদ্ধ; নৌকা; খণিত্র, খন্তা।

বণ্ড, ত্রি. [বণ্ড+অ] হস্তাদি বর্জিত, বেঁড়ে; (পুং.) অনাবৃতমেঢ্র, তৎপর্য্যায়।— ত্বক্চর্ম্মা, ছিনগ্রক, শিপিবিষ্ট।

বণ্ডর, পুং. [বণ্ড+র] কৃপণব্যক্তি; খোজা, বর্ষবর।

বণ্ডা, স্ত্রী. [বণ্ড+আ] পাংশুলা; ধূলিযুক্ত; লিঙ্গ, উপস্থ।

বণ্ডাল, পুং. [বণ্ড+অল] যুদ্ধবিবরণ; নৌকা; খনিত্র। [আমন্ত্রণ।

বত, ব্য. খেদ; অনুকম্পা; সন্তোষ; বিস্ময়;

বতংস, পুং. [অব+তংস] কর্ণপুর, কর্ণভূষণ; শেখর, শিরোভূষণ।

বতণ্ড, পুং. [অব+তণ্ড] মুনিবিশেষ।

বতু, পুং. [বত+উ] দেবনদী; সত্যবাক্; পন্থা, বর্ত্ম, পথ; অক্ষিরোগ, চক্ষুরোগ; রক্ষা।

বতোকা, স্ত্রী. [অব+তোক-আ] অবতোক, পতদ্গার্ত্ত গাভী, গাবড়া গাই।

বত্রিশ, (প্রা) সংখ্যাবিশেষ ৩২।

বত্রিশসিংহাসন, (প্রা) গ্রন্থবিশেষ; দ্বাত্রিংশৎ পুত্তলিকাযুক্ত সিংহাসন।

বৎ, ব্য. সাম্য, তৎপর্য্যায়।—বা, যথা, তথা, এব, এবং।

বৎস, ক্লী. [বদ্+স] বক্ষ; (পুং) বর্ষ, বৎসর; গোশিশু, বাছুর, তৎপর্য্যায়।—শকৃৎ-করি, তর্ণক, দোগ্ধা, দোহক দোহ, রোহিণেয়, বাহুলেয়, তন্তুভ; সদ্যো-জাতস্তপর্য্যায়।—তর্ণক, তর্ণভ, তন্তুভ, কচ; পুত্রাদি, বাছা।

বৎসক, ন. [বৎস+ক] পুষ্পকাসীস; সীসা; (পুং.) কুটজ, কুরচীগাছ; ইন্দ্রযব; বৎস।

বৎসকবীজ, ন. [বৎসক+বীজ] ইন্দ্রযব।

বৎসকামা, স্ত্রী. [বৎস+কাম-আ] বৎসাভি-লাসিনী গাভী, তৎপর্য্যায়।—বৎসলা; পুত্রাদিকামাস্ত্রী।

বৎসগুরু, পুং. [বৎস+গুরু] শিক্ষক।

বৎসতর, পুং. [বৎস+তর] প্রাপ্তদমনকাল বাছুর, দোয়াণে বাছুর, তৎপর্য্যায়।— দম্য, দুদান্ত, গাড়ি।

বৎসতরী, স্ত্রী. [বৎস+তর-ঈ] বৃষোৎসর্গে বৃষের পত্নীরূপে কল্পিতা তিনবৎসরের গাভী।

বৎসতন্ত্রী, স্ত্রী. [বৎস+তন্ত্রী] বৎসবন্ধনরজ্জু।

বৎসনাভ, পুং. [বৎস+নাভ] বিষবৃক্ষবি-শেষ, স্থাবরবিষ বিশেষ, ইহার সিন্ধুবার পত্রসদৃশ পত্র, তৎপর্য্যায়।—অমৃত, বিষ, উগ্র, মহৌষধ, গরল, মারণ, নাগ, স্তোকক, প্রাণহারক, স্থাবরাদি।

বৎসপত্তন, ন. [বৎস+পত্তন] ভারতবর্ষের উত্তরস্থ দেশ বিশেষ, কৌশাম্বীদেশ।

বৎসপাল, পুং. [বৎস+পাল] শ্রীকৃষ্ণ; বলদেব; গোবৎস পালনমাত্র।

বৎসর, পুং. [বদ্+সর] দ্বাদশমাসাত্মককাল, অয়নদ্বয়াত্মক, তৎপর্য্যায়।—সম্বৎসর, অব্দ, হায়ন, শরৎ, সমা, শরদা, বর্ষ, সম্বৎ, বরিষ। [মাস।

বৎসরান্তক, পুং. [বৎসর+অন্তক] ফাল্গুন

বৎসল, ত্রি. [বৎস+ল] স্নেহযুক্ত, তৎপ-র্য্যায়।—স্নিগ্ধ; (পুং.) শৃঙ্গারাদি দশ রসান্তর্গত রসবিশেষ, তৎপর্য্যায়।— বাৎসল্য।

বৎসলতা, স্ত্রী. [বৎসল+ত-আ] স্নেহ, প্রেম।

বৎসলা, স্ত্রী. [বৎসল+আ] বৎসকামা গাভী; স্নেহান্বিতা।

বৎসাদন, পুং. [বৎস+অদন] বৃক, কুক্কুর পরিমাণ জন্তুবিশেষ, ঘোঘ।

বৎসাদনী, স্ত্রী. [বৎস+অদন-ঈ] গুড়ূচী, গুলঞ্চ।

বৎসাক্ষী, স্ত্রী. [বৎস+অক্ষিন্-ঈ] গোডুম্বা।

বদ, ত্রি. [বদ্+অ] বক্তা, বাগ্মী, কথক।

বদন, ন. [বদ্+অন] মুখ, আস্য, আনন; কথন।

বদনসরোজ, ন. [বদন+সরোজ] বদনাম্বুরুহ, বদনারবিন্দ।

বদনামৃত, পুং. [বদন+অমৃত] অধর মধু, মুখামৃত, বদনাসব।

বদনাসব, পুং. [বদন+আসব] অধরমধু, বদনামৃত, মুখামৃত।

বদনেন্দু, পুং. [বদন+ইন্দু] বদনচন্দ্র, মুখচন্দ্র।

বদন্তি, স্ত্রী. [বদৎ+ই] কথা, বাক্য।

বদন্তী, স্ত্রী. [বদৎ+ঈ] কথা, বাক্য।

বদন্য, ত্রি. [বদ+অন্য] বদান্য, বহুপ্রদ, দাতা, উদার, বল্গুবাক্।

বদর, ন. [বদ+র] সেবিফল; কার্পাসফল; কোলিফল, কুল; কোলিবিশেষ, শেয়াকোলি, তৎপর্য্যায়।—ঘোণ্টা, গোপঘোণ্টা, হস্তিকোলি, গোপঘোণ্টী, বদরীচ্ছদা, শৃগালকোলি, কর্কন্ধু, বাদির; কুলমাত্র, তৎপর্য্যায়।—কর্কন্ধু, বদরী, কোলী, কোল, ফেনিল, কুবল, সৌবীর, অজাপ্রিয়া, কুহা, কোলি, বিষম ভয়কণ্টক, সৌবীরক, গুড়ফল, বালেষ্ট, ফলশৈশির, দৃঢ়বীজ, বৃত্তফল, কণ্টকী, বক্রকণ্টক, সুরস, সুফল, স্বচ্ছ, কর্কন্ধূ, বদর, কোলা, কুবলী, স্বাদুফলা, গৃধ্রনখী, পিচ্ছিলা, কুবল; বৃহৎকোলি, বড়কুল, যথা।—সৌবীর; (পুং) কোলিবৃক্ষ; দেবসর্ষপবৃক্ষ; কার্পাসাস্থি, কাপাসের বিচি।

বদরফলী, স্ত্রী; [বদর+ফল-ই] ভূবদরী, ভুঁইকুল।

বদরবল্লী, স্ত্রী. [বদর+বল্লী] ভূবদরী, ভুঁইকুল।

বদরা, স্ত্রী. [বদর+আ] বরাহক্রান্তা বৃক্ষ; কার্পাসীবৃক্ষ; এলাপর্ণী; বিষ্ণুক্রান্তা।

বদরামলক, ন. [বদর+আমলক] প্রাচীন আমলক, পুরাতন আমলকী।

বদরি, স্ত্রী. [বদর+ই] কোলিবৃক্ষ, কুলগাছ।

বদরিকাশ্রম, পুং. [বদরিক+আশ্রম] তীর্থবিশেষ, নরনারায়ণ ও বেদব্যাসের আশ্রম, বদরীশৈল।

বদরী, স্ত্রী. [বদর+ঈ] কোলিবৃক্ষ, কুলগাছ; কার্পাসবৃক্ষ; কপিকচ্ছু।

বদরীচ্ছদা, স্ত্রী. [বদরী+চ্ছদ-আ] হস্তিকোলি বৃক্ষ; শঙ্খনখী।

বদরীপত্র, পুং. [বদরী+পত্র] নখীনাম গন্ধদ্রব্য বিশেষ।

বদরীপত্রক, ন. [বদরী+পত্রক] স্বনামক গন্ধদ্রব্য।

বদরীফলা, স্ত্রী. [বদরী+ফল-আ] নীলশেফালিকা, কালশিউলি।

বদরীশৈল, পুং. [বদরী+শৈল] হিমালয় পর্ব্বতের একদেশ, অর্থাৎ শ্রীনগর নামক দেশে অলকনন্দা নদীর পশ্চিম তীরে বদরীবন, বদরিকাশ্রম।

বদল, (যাং) প্রতিদান, বিনিময়, পরিবর্ত্তন।

বদলান, (যাং) প্রতিদান করণ, বিনিময়করণ, পরিবর্ত্তন করণ।

বদ্‌খো, (যাং) হিংস্রক।

বদজাত, (যাং) দুষ্ট, অধম।

বদান্য, ত্রি. [বদ+অন্য] বহুপ্রদ, দাতা, দানশীল, মুক্তহস্ত; বল্গুবাক্, মনোহর বাক্য।

বদাবদ, ত্রি. [বদ+অবদ] বক্তা, বাগ্মী, কথক।

বদাম, ন. [বদ+আম] ফলবিশেষ, বাদাম, তৎপর্য্যায়।—সুফল, বাতবৈরি, নেত্রোপম।

বদাল, পুং. [বদ+আল] মৎস্যবিশেষ, বোয়ালি মাছ, তৎপর্য্যায়।—পাঠীন।

বদালক, পুং. [বদাল+ক] পাঠীন মৎস্য, বোয়ালি মাছ।

বদ্ধ, ত্রি. [বন্ধ+অ] বন্ধনযুক্ত, বাঁধা, তৎপর্য্যায়।—সন্দানিত, মূর্ণ, উদ্দিত, সন্দিত, সিত, নিগড়িত, নদ্ধ, কীলিত, যন্ত্রিত, সংযত।

বদ্ধকফ, (প্রা) গাঢ়শ্লেষ্মাযুক্ত।

বদ্ধকোপ, ত্রি. [বদ্ধ+কোপ] রাগসম্বরণ।

বদ্ধগুদ, ন. [বদ্ধ+গুদ] উদররোগ বিশেষ।

বদ্ধপাগল, (প্রা) অতিশয় পাগল।

বদ্ধপ্লি, ন. [বদ্ধ+অপ্লি] বদ্ধপাণি, মুষ্টি, মুটা।

বদ্ধফল, পুং. [বদ্ধ+ফল] করঞ্জবৃক্ষ, করম্চা গাছ।

বদ্ধমূল, ত্রি. [বদ্ধ+মূল] দৃঢ়মূল. উৎপাটনের অযোগ্যমূল।

বদ্ধমুষ্টি, ত্রি. [বদ্ধ+মুষ্টি] দৃঢ়মুষ্টি, কৃপণ।

বদ্ধরসাল, পুং. [বদ্ধ+রসাল] ত্রিবিধ প্রকার আম্রান্তর্গত অত্যুত্তম আম্র, তৎপর্য্যায়।—চক্রতলাম্র, মধ্বাম্র,সিতজাম্রক, বনেজ্য, মন্মথানন্দ, মদনেচ্ছাফল।

বদ্ধশিখ, ত্রি. [বদ্ধ+শিখ] শিশু, বালক; শিখাবন্ধনবিশিষ্ট।

বদ্ধশিখা, স্ত্রী. [বদ্ধ+শিখা] উচ্চটা, গুঞ্জা; সম্বদ্ধকেশ।

বদ্ধাঞ্জলি, ত্রি. [বদ্ধ+অঞ্জলি] করদ্বয় সংযুক্ত করণ।

বদ্‌নাম, (যাং) কুনাম, কুযশ, অখ্যাতি।

বধ, পুং. [বধ+অ] প্রাণবিয়োগ করণ,প্রাণহত্যা, তৎপর্য্যায়।—প্রমাপণ, নিবর্হণ, নিকারণ, নিশারণ, প্রবাসন, পরাসন, নিষূদন; নিহিংসন, নির্ব্বাসন, সংজ্ঞপন, নিগ্রন্থন, অপাসন, নিস্তর্হণ, নিহনন, ক্ষণন, পরিবর্জ্জন, নির্ব্বাপণ, বিশসন, মারণ, প্রতিঘাতন, উদ্বাসন, প্রমথন, ক্রথন, উজ্জাসন, আলম্ভ, পিঞ্জ, বিশর, ঘাত, উন্মন্থ, হিংসা, ঘাতন, বিদারণ, পিঞ্জক, পাত, পরিঘ, পরিঘাতন, কদন, নিবারণ, সমাঘাত, নির্গন্থন, মারি, মারী, উৎপাত, মারক, মরক, মার, সংঘাত।

বধক, পুং. [বধ+অক] বধকর্ত্তা; হিংস্র; ব্যাধি; মৃত্যু।

বধকর্ম্ম, ন; [বধ+কর্ম্মন্] প্রাণবিয়োগ কর্ম্ম, তদ্বৈদিক পর্য্যায়।—দম্ভোতি, শ্নথতি, ধরতি, ধূর্ব্বতি, বৃণক্তি, বৃশ্চতি কৃণুতি, কৃন্ততি, শ্বসিতি,নভতে,অর্দ্দয়তি,স্তৃণাতি, স্নেহয়তি, যাতয়তি, স্ফুরতি, স্ফুলতি, নিবয়ন্ত, অবতিরতি, বিষাত, আতিরৎ, তলিৎ, আখণ্ডল, দ্রূরাতি, অশ্নাতি, শৃণাতি; শাম্নাতি, তৃণেঢ়িহ, তাল্হি, নিতোশতে, নিবর্হয়তি, মিনোতি, মিনোতি, ধমতি।

বধকারক, ত্রি. [বধ+কারক] হিংস্র, হন্তা, হননকর্ত্তা।

বধজীবী, পুং. [বধ+জীবিন্] ব্যাধ; কসাই।

বধত্র, ন. [বধ+ত্র] অস্ত্র, আয়ুধ, শস্ত্র।

বধদণ্ড, ন. [বধ+দণ্ড] প্রাণদণ্ড, প্রাণনাশক; শাস্তি।

বধনীয়, ত্রি. [বধ+অনীয়] বধ্য, হননীয়. বধযোগ্য। [বধনীয়।

বধযোগ্য, ত্রি. [বধ+যোগ্য] হননীয়, বধ্য,

বধস্থলী, স্ত্রী. [বধ+স্থল-ঈ] প্রাণি বধস্থল, মশান তৎপর্য্যায়।—আঘাত, প্রঘাত, বধস্থান, আঘাতন।

বধস্থান, ন. [বধ+স্থান] বধস্থলী, প্রাণি বধস্থল, মশান।

বধাঙ্গক, ন. [বধ+অঙ্গক]কারাবেশ্ম, কারাগার; বিষ। [যোগ্য।

বধানর্হ, ত্রি. [বধ+অনর্হ] অবধ্য, বধা-

বধাবধি, (প্রা) পরস্পর বধকরণ, হানাহানি, মারামারি, কাটাকাটি।

বধার্হ, ত্রি. [বধ+অর্হ] বধ্য, হননযোগ্য।

বধিক, ত্রি. [বধ+ইক] হন্তা, হিংস্রক, বধকারী।

বধির, ত্রি. [বধ+ইর] শ্রবণেন্দ্রিয়রহিত, শ্রুতিশক্তিহীন, কালা, তৎপর্য্যায়।—এড়, কল্ল, শ্রবণাপটু, উচ্চৈঃশ্রবাঃ।

বধী, ত্রি. [বধ+ইন্] বধকর্ত্তা, প্রাণহিংসক, ঘাতক।

বধু-বধূ, স্ত্রী.[বহ-বধ+ঊ] নারী, স্ত্রী; পৃক্কা; স্নুসা,পুত্রবধূ, বৌ; সারিবৌষধি; শটী; নবোঢ়া, নববিবাহিতা; ভার্য্যা, পত্নী।

বধূজন, পুং. [বধূ+জন] বধূ, যোষিৎ, বউ।
বধূটশয়ন, ন. [বধূট+শয়ন] গবাক্ষ, বাতায়ন, জানালা।
বধূটি, স্ত্রী. [বধূ+টি] পুত্রভার্য্যা; স্নুষা।
বধূটী, স্ত্রী. [বধূটি+ঈ] পুত্রভার্য্যা, স্নুষা, পুত্রবধূ; সুবাসিনী; অল্পবধূ, ক্ষুদ্রা বধূ।
বধূৎসবপ্রসব, পুং. [বধূ+উৎসবপ্রসব] রক্তাম্লান, রক্তবর্ণ পুষ্পবিশেষ; রক্তসহা।
বধোদ্যত, ত্রি. [বধ+উদ্যত] পরের বধ নিমিত্ত উদ্যুক্ত, তৎপর্য্যায়।—সন্নদ্ধ, আততায়ী।
বধ্য, ত্রি. [বধ+য] বধার্হ, বধ করিবার যোগ্য, তৎপর্য্যায়।—শীর্ষচ্ছেদ্য; অবধ্য যথা।—গো, ব্রাহ্মণ, বৃদ্ধ, শুপ্ত, বালক, স্ববন্ধু, সুদুষ্টাযোষিৎ, গুরু।
বধ্যপাল, পুং. [বধ্য+পাল] কারাগৃহরক্ষক, কারাগারের রক্ষিতা, কারারক্ষক।
বধ্যভূমি, স্ত্রী. [বধ্য+ভূমি] বধস্থলী।
বধ্র, ন. [বধ্+র] সীসক, সীসা; বপ্র, প্রচীর।
বধ্রী স্ত্রী. [বধ্র+ঈ] চর্ম্মরজ্জু, চামড়ার দড়ি; বিনামা।
বধ্র্য, ন. [বধ্র+য] বিনামা, জুতা।
বন, ন. স্ত্রী. [বন+অ] বহুবৃক্ষযুক্ত স্থান, তৎপর্য্যায়।—অটবী, অরণ্য, বিপিন, গহন, কানন, দাব, দব, অটবি, ভীরুক, ঝাট, গুহিন, শত্র, সগঞ্জ, প্রান্তর, বিবিক্ত, কান্তার; (ন.) জল; নিবাস; আলয়, গৃহ; প্রস্রবণ, পাহাড়ের ঝরনা।
বনকচু, পুং. [বন+কচু] কচুবিশেষ।
বনকরী, পুং. [বন+করিন্] বন্যগজ, অরণ্যহস্তী।
বনকদলী, স্ত্রী. [বন+কদলী] কাষ্ঠকদলী, বনকলা।
বনকন্দ, পুং. [বন+কন্দ] বনশূরণ, বুনো-ওল; ধরণীকন্দ।
বনকার্পাসী, স্ত্রী. [বন+কার্পাস-ঈ] বনোদ্ভব কার্পাস, তৎপর্য্যায়।— ত্রিপর্ণা, ভারদ্বাজী, বনোদ্ভবা।
বনকোলি, স্ত্রী. [বন+কোলি] বনজাত বদরী, বন্যকুল, তৎপর্য্যায়।—কর্কশিকা, ফলকর্কশা।
বনগহন, ন. [বন+গহন] অরণ্যানী, মহাবন
বনগো, স্ত্রী. [বন+গো] গবাকার পশুবিশেষ, গবয়।
বনগোচর, পুং. [বন+গোচর] ব্যাধ, নিষাদ, বনেচর। [বৃক্ষ।
বনচন্দন, ন. [বন+চন্দন] অগুরু; দেবদারু-
বনচন্দ্রিকা, স্ত্রী. [বন+চন্দ্রিকা] মল্লিকাপুষ্প।
বনচম্পক, পুং. [বন+চম্পক] বনজাত চম্পক পুষ্পবৃক্ষ, তৎপর্য্যায়।—বনদীপ, হেমাঙ্গ, সুকুমার।
বনচর, ত্রি. [বন+চর] অরণ্যবাসী; বনে ভ্রমণকর্ত্তা।
বনচাঁড়াল, (প্রা) বৃক্ষবিশেষ, যে বৃক্ষের নিকটে তুড়ি দিলে তাহার পত্র কম্পিত হয়।
বনচ্ছাগ, পুং. [বন+ছাগ] অরণ্যচ্ছগল, তৎপর্য্যায়।—এড়ক, শিশুবাহক; শূকর।
বনজ, ন. [বন+জ] অম্বুজ; (পুং.) মুস্তক, মুথা; গজহস্তী; বনশূরণ; বন্য, অরণ্য জাত।
বনজা, স্ত্রী. [বন+জ-আ] মুদ্গপর্ণী; অরণ্য কার্পাসী বনোপোদকী; অশ্বগন্ধা; গন্ধপত্রা; মিশ্রেয়া; ঐন্দ্র, আদা।
বনজীর, পুং. [বন+জীর] বনোদ্ভব জীরক, বনজীরা, তৎপর্য্যায়।— বৃহৎপালী, শূক্ষ্মপত্র, অরণ্যজীর, কণ।
বনতিক্ত, পুং. [বন+তিক্ত] হরীতকী।
বনতিক্তা, স্ত্রী. [বন+তিক্তা] বনতিক্তিকা, পাঠা, আকনাদিলতা।
বায়্যা, (প্রা) বাতগ্রস্ত, বাতুল।

বায়্বাস্পদ, ন. [বায়ু+আস্পদ] আকাশ, অম্বর, গগণ,।

বার্, ন. [বৃ+অ] জল, তোয়, বারি।

বার, ন. [বৃ+অ] মদিরাপাত্র; (পুং.) সমূহ; অবসর; সূর্য্যাদি বাসর; দ্বার; হর; কুব্জবৃক্ষ; ক্ষণ; (প্রা) জল; সংখ্যাবিশেষ, দ্বাদশ।

বারক, ন. [বৃ+অক] কষ্ট স্থান; ত্রীবের; (পুং) অশ্ববিশেষ; অশ্বগতি; (ত্রি.) নিষেধক, বারণ কর্ত্তা।

বারকী, পুং. [বৃ+অক-ঈ] শত্রু, বৈরী; চিত্রাশ্ব; পর্ণাজীবী, তাম্বুলবিক্রয়ী; পয়োধি, সমুদ্র, সাগর।

বারকীর, পুং. [বার+কীর] বারগ্রাহী; বাড়ব; যূকা, উকুন, যুক; বেণীবেধিনী; নীরাজিত হয়; শ্যালক, শ্যালা।

বারকোল (প্রা) কূর্ম্ম, কচ্ছপ।

বারকোষ (প্রা) কাষ্ঠনির্ম্মিত গোলাকার পাত্র বিশেষ; বৃহদাকার কচ্ছপ।

বারঙ্ক, পুং. [বার+অঙ্ক] পক্ষী। [পাখী।

বারঙ্গ, পুং [বৃ+অঙ্গ] পক্ষী, বিহঙ্গ,

বারঙ্গ, পুং. [বার+অঙ্গ] খড়্গাদি মুষ্টি, মুট্, বাঁট। [সমূহ।

বারট, ন. [বার+অট] ক্ষেত্র, ক্ষেত; ক্ষেত্র

বারটা, স্ত্রী. [বার+অট-আ] হংসী, স্ত্রী হাঁস।

বারণ, ন. [বৃ+অন] প্রতিষেধ, নিষেধ; হস্তিবারণ; (পুং.) হস্তী; বাণবার, বর্ম্ম, সাঁজোয়া।

বারণবল্লভা, স্ত্রী. [বারণ+বল্লভ-আ] কদলী বৃক্ষ, কলাগাছ।

বারণসী, স্ত্রী. [বর+অনস-ঈ] বারাণসী, কাশী, শিবপুরী।

বারণীয়, ত্রি [বার+অনীয়] নিষিদ্ধ, প্রতিষিদ্ধ, বারণযোগ্য। [দড়ী।

বারত্র, ন. [বার+ত্র] চর্ম্মবন্ধনী, চামড়ার

বারদ্বয়, ত্রি. [বার+দ্বয়] দ্বিবার, দুইবার।

বারনারী, স্ত্রী. [বার+নারী] বেশ্যা, গণিকা, অনেকের ভোগ্যা স্ত্রী, বারবিলাসিনী।

বারনিধি, পুং. [বার+নিধি] সমুদ্র, সাগর, জলধি।

বারবধূ, স্ত্রী. [বার+বধূ] বারমুখ্যা, বারযোষা, বারাঙ্গনা, বেশ্যা।

বারবাণ, পুং. ন. [বার+বাণ] কঞ্চুক, বর্ম্ম, সাঁজোয়া।

বারবাণি, পুং. [বার+বাণি] বংশীবাদক; উত্তম গায়ক; ধর্ম্মাধ্যক্ষ; সম্বৎসর; (স্ত্রী) বেশ্যা। [বেশ্যা।

বারবাণী, স্ত্রী. [বার+বাণি-ঈ] বারমুখ্যা,

বারবার (প্রা) বারম্বার, পুনঃ২।

বারবিলাসিনী, স্ত্রী. [বার+বিলাস+ইন্-ঈ] বেশ্যা, গণিকা।

বারবুষা, স্ত্রী. [বার+বুষা] কদলী, রম্ভা, কলা।

বারবূষা, স্ত্রী [বার+বূষা] কদলী, রম্ভা।

বারবেলা (প্রা) অকর্ম্মণ্য সময়, বিঘ্নদায়ক সময়।

বারমুখ্যা, স্ত্রী. [বার+মুখ্যা,] জনের সহিত সংকৃতা বেশ্যা।

বারম্বার, ব্য. [বারম্+বার] পৌনঃপুন্য, বারবার।

বারয়িতা, পুং. [বারয়ি+তৃ] পতি, স্বামী, ভর্ত্তা; নিবারণকর্ত্তা, নিবারক।

বারয়িতব্য, ত্রি. [বারয়ি+তব্য] প্রতিষিদ্ধ, নিষিদ্ধ, বারণীয়।

বারযোষা, স্ত্রী. [বার+যোষা] বেশ্যা, গণিকা। [বারাঙ্গনা।

বারযোষিৎ, স্ত্রী. [বার+যোষিৎ] বেশ্যা,

বাররমণী, স্ত্রী. [বার+রমণী] বেশ্যা, গণিকা।

বারলা, স্ত্রী. [বার+ল-আ] বরটা; হংসী, স্ত্রীহাঁস, হংসিনী। [বাবুই গাছ।

বারলীক, পুং. [বারল+ঈক] বল্বজা বৃক্ষ,

বারসুন্দরী, স্ত্রী. [বার+সুন্দরী] বেশ্যা, গণিকা।

বারসেবা, স্ত্রী. [বার+সেবা] বেশ্যাদিগের ক্রম; বেশ্যাসমূহ, বেশ্যাগণ।

বারস্ত্রী, স্ত্রী. [বার+স্ত্রী] বেশ্যা, কুলটা, পণ্যাঙ্গনা।

বারাংনিধি, পুং. [বারাং+নিধি] সমুদ্র, সাগর, জলধি। [খানকী।

বারাঙ্গনা, স্ত্রী. [বার+অঙ্গনা] বেশ্যা, কুলটা,

বারাণসী, স্ত্রী. [বর+অনস-ঈ] মোক্ষদা পুরী বিশেষ, বাণারস্ তৎপর্য্যায়।—বরণাসী, কাশী, শিবপুরী, জিত্বরী, তপঃস্থলী, বরণসী, তীর্থরাজী, কাশিকা।

বারাণসেয়, ত্রি. [বারাণসী+এয়] বারাণসী-জাত, কাশীজাত।

বারাণ্ডা (প্রা) ছাদের বহির্ভাগ, উপরিস্থ গৃহের বহিঃ প্রকোষ্ঠ। [বার।

বারান্তর (প্রা) পুনর্ব্বার, পুনরার, দ্বিতীয়

বারাসন, ন. [বার+আসন] জলাধার, জল-পাত্র, তৎপর্য্যায়ঃ—বাঃসদন।

বারাহ, পুং. [বরাহ+অ] মহাপিণ্ডীতকবৃক্ষ; (ত্রি.) বরাহ সম্বন্ধীয়; রাক্ষস বিশেষ।

বারাহকর্ণী, স্ত্রী. [বারাহ+কর্ণী] অশ্বগন্ধা বৃক্ষ। [বৃক্ষ।

বারাহপত্রী, স্ত্রী. [বারাহ+পত্র-ঈ] অশ্বগন্ধা

বারাহাঙ্গী, স্ত্রী. [বারাহ+অঙ্গ-ঈ] দন্তীবৃক্ষ।

বারাহী, স্ত্রী. [বরাহ+ঈ]ব্রহ্মাণ্যাদ্যষ্টমাতৃ-কান্তর্গত মাতৃকাবিশেষ; যোগিনীবিশেষ, যথা।—দুর্গা, চণ্ডেশ্বরী, চণ্ডী, বারাহী, কার্ত্তিকী, হরসিদ্ধা, কালা, ইন্দ্রাণী, বৈষ্ণবী, ভদ্রকালী, বিশালাক্ষী, ভৈরবী, কামরূপিণী; পৃথিবী; তীর্থবিশেষ, যথা। বারাহী,যমুনা,গঙ্গা, করতোয়া,সরস্বতী, কাবেরী,চন্দ্রভাগা,সিন্ধু, ভৈরব,সাগর; বরাহদেবের শক্তি; বরাহক্রান্তা,চামালু. তৎপর্য্যায় ।—বিষ্বক্সেনপ্রিয়া, ঘৃষ্টি, বরদা,গৃষ্টি,শূকরী,ক্রোড়কন্যা,বিষ্বক্সেন-কান্তা,বরাহী, কৌমারী, ত্রিনেত্রা, ব্রহ্ম-পুত্রী, ক্রোড়ী, কন্যা,গৃষ্টিকা,মাধবেষ্টা, শূকরকন্দ, ক্রোড়, বনবাসী, কুষ্ঠনাশন, বন্য, অমৃত, মহাবীর্য্যা, মহৌষধ, শম্বর-কন্দ, বরাহকন্দ, বীর, ব্রাহ্মীকন্দ, সুকন্দক, বৃদ্ধিদ, ব্যাধিহন্তা; শ্যামা পক্ষী, শামাপাখী।

বারি, ন. [বৃ+ই] জল, সলিল; হ্রীবের, শেওলা; (স্ত্রী.) বাকা; সরস্বতী; গজ-বন্ধনী; হস্তিবন্ধন ভূমি; বন্দি, কএদী

বারিক, (বাং) সৈন্যের বাসস্থান; শ্রেণীবদ্ধ সৈন্যগৃহ।

বারিকণ্টক, পুং. [বারি+কণ্টক] শৃঙ্গাটক, পাণীফল, শিঙ্গাড়া, বারিকুব্জ।

বারিকর্ণিকা, স্ত্রী. [বারি+কর্ণিকা] খমুলী, পানা, কুম্ভিকা। [ইলিশমাছ।

বারিকর্পূর, পুং. [বারি+কর্পূর] ইল্লিশমৎস্য,

বারিকুব্জ, পুং. [বারি+কুব্জ] শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।

বারিকুব্জক, পুং. [বারি+কুব্জক] শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।

বারিকুজ, পুং. [বারি+কুজ] শিঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।

বারিকোল, (প্রা) বৃহৎ কচ্ছপ, কূর্ম্ম।

বারিক্রমি, পুং. [বারি+ক্রমি] জলৌকা, জলকৃমি, জোঁক।

বারিচত্বর, পুং. [বারি+চত্বর] কুম্ভিকা, খমুলী, পানা।

বারিচর, পুং. [বারি+চর] মৎস্য, জলচর জন্তু মাত্র। [শেওলা।

বারিচামর, ন. [বারি+চামর] শৈবাল,

বারিজ, ন. [বারি+জন-অ] দ্রোণীলবণ; গৌর সুবর্ণ; পদ্ম; লবঙ্গ; (পুং.) শঙ্খ; শম্বুক, শামুক; (ত্রি.) জলজাত।

বারিত, (প্রা) নিষেধিত, প্রতিষেধিত, মানা-করা।

বারিতস্কর, পুং. [বারি+তস্কর] মেঘ; সূর্য্য।

বারিত্রা, স্ত্রী. [বারি+ত্র-আ] ছত্র, ছাতি।

বারিদ, ন. [বারি+দা-অ] বালা; (পুং.) মেঘ; মুস্তক, মুতা

বারিধি, পুং. [বারি+ধা-ই] সমুদ্র, সাগর।
বারিনাথ, পুং. [বারি+নাথ] বরুণ; সমুদ্র; মেঘ
বারিনিধি, পুং. [বারি+নিধি] সমুদ্র, সাগর।
বারিপথিক, ত্রি. [বারি+পথিক] জলপথ-গামী, জলপথে গমনকর্ত্তা।
বারিপর্ণী, স্ত্রী. [বারি+পর্ণী] কুম্ভিকা, পানা
বারিপালিকা, স্ত্রী. [বারি+পালিকা] খমূলিকা, পানা।
বারিপ্রবাহ, পুং. [বারি+প্রবাহ] নির্ঝর, জল-প্রবাহ, ঝরণা।
বারিপ্রশ্নী, স্ত্রী. [বারি+প্রশ্নী] বারিপর্ণী পানা। [লক।
বারিবদরা, স্ত্রী. [বারি+বদরা] প্রাচীন আম-
বারিবদন, ন. [বারি+বদন] প্রাচীনামলক।
বারিবর, ন. [বারি+বর] করমর্দ্দক বৃক্ষ।
বারিবল্লভা, স্ত্রী. [বারি+বল্লভা] বিদারী।
বারিবালক, ন. [বারি+বালক] হ্রীবের শৈবাল, শেওলা।
বারিবাস, পুং. [বারি+বাস] শৌণ্ডিক, শুঁড়ী, মদ্যবিক্রেতা।
বারিবাহ, পুং. [বারি+বাহ] মেঘ; মুস্তা, মুতা। [ধর, ঘর।
বারিবাহন, পুং. [বারি+বাহন] মেঘ, জল
বারিভব, ন. [বারি+ভব] স্রোতোঞ্জন।
বারিভূ, পুং. [বারি+ভূ] ভেক, ব্যাং; জলাকর, ফোয়ারা, উত্থুই।
বারিমসি, পুং. [বারি+মসি] মেঘ, জলধর।
বারিমুক্, পুং. [বারি+মুচ্] মেঘ, নীরদ, বারিদ, পয়োধর।
বারিমূলী, স্ত্রী. [বারি+মূলী] বারিপর্ণী, কুম্ভিকা, পানা।
বারিরথ, পুং. [বারি+রথ] ভেলক, ভেলা।
বারিরাশি, পুং. [বারি+রাশি] সমুদ্র, সাগর, জলনিধি। [জলজাত।
বারিরুহ, ন. [বারি+রুহ] কমল, পদ্ম; (ত্রি.)
বারিলোমা, পুং. [বারি+লোমন্] বরুণ, জলাধিপতি।
বারিশ, পুং. [বারি+শী-অ] বিষ্ণু, নারায়ণ।
বারিসম্ভব, ন. [বারি+সম্ভব] লবঙ্গ; সৌবীরাঞ্জন; উশীর, খস্‌খসিয়া; (পুং.) যাবনাল শর।
বারী, স্ত্রী. [বারি+ঈ] গজবন্ধিনী, হস্তিবন্ধনার্থ রজ্জু; কলসী, জলাধার।
বারীট, পুং. [বারি+ইট] হস্তী, হাতী।
বারীশ, পুং. [বারি+ঈশ] সমুদ্র, সাগর।
বারু, পুং. [বৃ+উ] বিজয়কুঞ্জর, বিজয় হস্তী।
বারুঠ, পুং. [বার+উঠ] খট্টি, অন্ত্যশয্যা।
বারুণ, ন. [বরুণ+অ] জল; (ত্রি.) বরুণ সম্বন্ধীয়
বারুণকর্ম্ম, ন, [বারুণ+কর্ম্ম] জলাশয় খননাদি ক্রিয়া।
বারুণি, পুং. [বরুণ+ই] অগস্ত্যমুনি।
বারুণী, স্ত্রী. [বারুণ+ঈ] সুরা, মদিরা; পশ্চিমদিক্; শতভিষানক্ষত্র; গণ্ডদূর্ব্বা; ইন্দ্রবারুণী; দূর্ব্বা; শতভিষানক্ষত্রযুক্ত চৈত্রকৃষ্ণাত্রয়োদশী।
বারুণীবল্লভ, পুং. [বারুণী+বল্লভ] বরুণ, জলাধিপতি।
বারুণ্ড, পুং. [বৃ+উণ্ড] সর্পরাজ, অনন্ত; (পুং. ন.) নৌসেকপাত্র, নৌকার জল সেচনপাত্র; নেত্রমল, পেচুটী; কর্ণমল, কানের খইল।
বারুণ্ডী, স্ত্রী. [+বারুণ্ড-ঈ] দ্বারপিণ্ডী।
বারুদ, (ষাং) সোরা গন্ধক ও অঙ্গার মিশ্রিত চূর্ণবিশেষ, অগ্ন্যস্ত্রের উপযোগি বস্তু।
বারুদখানা, (যাং) বারুদপ্রস্তুত করণালয়, মেগজিন্।
বারেক, (প্রা) একবার, এক সময়, সকৃৎ।
বারেন্দ্র, (প্রা) ব্রাহ্মণজাতির শ্রেণীবিশেষ, বঙ্গদেশের অন্তর্গত বরেন্দ্রপ্রদেশীয় ব্রাহ্মণ।
বারেন্দ্রী, স্ত্রী. [বারেন্দ্র+ঈ] দেশবিশেষ, রাজসাহীনামক দেশের একদেশ।
বারেং, (প্রা) প্রতিবার, পুনঃ পুনঃ।
বারো, (প্রা) সংখ্যাবিশেষ; দ্বাদশ, ১২।
বারোআরি, (প্রা) সামান্য, সাধারণ; বারো-এয়ারী, দ্বাদশজনের কর্তৃত্ব বিশিষ্ট।

বারোয়ারী, (গ্রা) দ্বাদশদ্বারযুক্ত গৃহবিশেষ; সর্ব্বত্রগামী, ভিক্ষুক। [জন্তুমাত্র।

বার্চ্চ, পুং. [বার+চর-অ] হংস,হাঁস,জলচর,

বার্ণিক, পুং. [বর্ণ+ইক] লেখক, লিপিকর।

বার্ত্ত, ন. [বৃত্+অ] অসার; আরোগ্য; (ত্রি.) নিরাময়, আরোগ্য; বৃত্তিশালী।

বার্ত্তক, পুং. [বৃত্+অক] পক্ষীবিশেষ,বটের-পাখী।

বার্ত্তা, স্ত্রী. [বৃত্+অ-আ] দুর্গা; বৃত্তি; জনশ্রুতি, উদন্ত; বাতিঙ্গণ; কৃষ্যাদি; বার্ত্তাকু; বেগুণ।

বার্ত্তাক, পুং. [বার্ত্তা+ক] বার্ত্তাকু, বেগুণ; বার্ত্তকপক্ষী।

বার্ত্তাকী, পুং. [বৃত+আকিন্] বার্ত্তাকু, বেগুণ, (স্ত্রী.) বৃহতী, বার্ত্তাকু।

বার্ত্তাকু, স্ত্রী. [বৃত্ত+আকু] স্বনামখ্যাত ফলবৃক্ষ, বাগুণ, তৎপর্য্যায়।—হিঙ্গুলী, সিংহী, ভণ্টাকী, দুষ্প্রধর্ষিণী, বার্ত্তাকী, বার্ত্তা, বাতিঙ্গণ, বার্ত্তাক, শাকবিল্ব, রাজকুষ্মাণ্ড, বার্ত্তিক, বাতিগম, বৃন্তাক, বঙ্গণ, অঙ্গণ, কণ্টবৃন্তাকী, কণ্টালু, কণ্টপত্রিকা, নিদ্রালু, মাংসকফলা, বৃন্তাকী, মহোটিকা, চিত্রফলা, কণ্টকিনী, মহতী, কটুফলা, মিশ্রবর্ণফলা, নীলফলা, রক্তফলা, শাকশ্রেষ্ঠা, বৃন্তফলা, নৃপপ্রিয়-ফলা; (পুং.) বার্ত্তাকী, বৃহতী।

বার্ত্তাবহ, পুং. [বার্ত্তা+বহ] ধান্য তণ্ডুলাদি বার্ত্তাবহনকারী, পসারী, তৎপর্য্যায়।—বৈবধিক,বার্ত্তোবহ; (ত্রি.) সংবাদবাহক, দূত।

বার্ত্তায়ন, পুং. [বার্ত্তা+অয়ন] প্রবৃত্তিজ্ঞ, তৎপর্য্যায়। -হেরিক,গূঢ়পুরুষ,প্রণিধি, যথার্হবর্ণ, অবসর্প, মন্ত্রবিৎ, চর, স্পর্শ, চার।

বার্ত্তিক, পুং. [বার্ত্তা+ইক] প্রবৃত্তিজ্ঞ, চর; বৈশ্য; বার্ত্তিকপক্ষী; বার্ত্তাকী, বেগুণ; (ন.) উক্তানুক্তদুরুক্তার্থের প্রকাশক গ্রন্থবিশেষ।

বার্ত্তিকা, স্ত্রী. [বৃত্তি+ইক-আ] পক্ষীবিশেষ, বটের, তৎপর্য্যায়।—বিষ্ফুলিঙ্গী।

বার্ত্রঘ্ন, পুং. [বৃত্র+হন] অর্জ্জুন; জয়ন্ত; (ত্রি.) বৃত্রঘ্নসম্বন্ধীয়।

বার্দ্দর, ন. [বার্+দর] কৃষ্ণলাবীজ; দক্ষিণাবর্ত্ত শঙ্খ; কাকচিঞ্চাশাক; ভারতী, ভারইপাখী; কৃমিজ; জল; আম্রবীজ।

বার্দ্দল, ন. [বার্+দল] দুর্দ্দিন, বাদল; (পুং.) মেলানন্দা, মস্যাধার।

বার্দ্ধক, ন. [বৃদ্ধ+ক] বৃদ্ধসংঘাত; বৃদ্ধের-কর্ম্ম; বৃদ্ধত্ব, বৃদ্ধাবস্থা।

বার্দ্ধক্য, ন. [বার্দ্ধক+য] বৃদ্ধাবস্থা, তৎপর্য্যায়।—বার্দ্ধক, বৃদ্ধত্ব, স্থাবির।

বার্দ্ধি, পুং. [বার+ধা-ঈ] সমুদ্র, সাগর।

বার্দ্ধিভব, ন. [বার্দ্ধি+ভব] দ্রোণীলবণ।

বার্দ্ধুষি, পুং. [বৃদ্ধি+উষি] বৃদ্ধ্যাজীব।

বার্দ্ধুষিক, পুং. [বৃদ্ধি+উষিক] বৃদ্ধিজীবী, লভ্যভুক্, বাড়িখোর, সুদখোর, তৎপর্য্যায়।—কুসীদক,বৃদ্ধ্যাজীব, বার্দ্ধুষি, কুসীদ, কুসীদিক।

বার্দ্ধুষী, পুং. [বৃধুষি+ইন্] বৃদ্ধিজীবী।

বার্দ্ধুষ্য, ন. [বার্দ্ধুষ+য] ধান্যবর্দ্ধন, ধান বাড়ীদেওয়া; ঋণদান, টাকাসুদে দেওয়া।

বার্দ্ধেয়, ন. [বৃদ্ধ+এয়] দ্রোণীলবণ।

বার্দ্ধ্র, ন. স্ত্রী. [বৃদ্ধ্র+অ] চর্ম্মরজ্জু, চামড়ার-দড়ী।

বার্দ্ধ্রীণস, পুং. [বার্দ্ধ্রী+নস] পশুবিশেষ; পক্ষীবিশেষ।

বার্দ্ধ্রীনস, পুং. [বার্দ্ধ্রী+নস] গণ্ডক, গণ্ডার।

বার্ব্বট, পুং. [বার্+বট] বহিত্র, নৌকা, তরণী, জলযান।

বার্ব্বটীর, পুং. [বার+বটীর] ত্রপু, রঙ্গ, আম্রাস্থি,আম্রবীজ; অঙ্কুর; গণিকাসুত; বেশ্যাপুত্র।

বার্ব্বণা, স্ত্রী. [বার্+বণ-আ] নীলীমক্ষিকা, নীলবর্ণমাছি।

বার্ভট, পুং. [বার্+ভট] কুম্ভীর,নক্র,কুমীর।

বার্ম্মণ, ন. [বর্ম্মণ+অ] বর্ম্মসমূহ, বহুতর কবচ। [বৃন্দ।

বার্ম্মিণ, ন. [বার্ম্মিন্+অ] বর্ম্মিসমূহ, কবচী-

বার্ম্মুক, পুং [বার+মুচ্] মেঘ, ঘন, জলধর।

বার্য্য, ত্রি. [বারি+য] বারিসম্বন্ধীয়, জলসম্বন্ধীয়; বারণীয়, নিবার্য্য। [জলজ।
বার্য্যুদ্ভব, ন. [বারি+উদ্ভব] পদ্ম; (ত্রি.)
বার্রাশি, পুং. [বার্+রাশি] সমুদ্র, সাগর।
বার্ষ, ত্রি. [বর্ষ+অ] বর্ষাসম্বন্ধীয়।
বার্ষক, ন. [বর্ষ+ক] সুদ্যম্নকৃত পৃথিবীর দশভাগান্তর্গত ভাগবিশেষ।
বার্ষভাণবী, স্ত্রী. [বৃষ+ভানু-ঈ] বৃষভানু কন্যা, শ্রীরাধা।
বার্ষিক, ন. [বর্ষ+ইক] ত্রায়মাণালতা; বর্ষভব, বাৎসরিক, প্রতি বৎসর দেওয়া বা কর্ত্তব্য; বর্ষাকালোদ্ভব।
বার্ষিকী, স্ত্রী. [বর্ষ+ইক-ঈ] ত্রায়মাণালতা; বর্ষকর্ত্তব্য পূজাদি।
বার্ষিলা, স্ত্রী. [বার্+শিলা] করকা, শিল, বর্ষোপল। [বিশিষ্ট।
বার্ষুক, ত্রি. [বৃষ+উক] বর্ষশীল, বর্ষণ-
বার্হত, ন. [বৃহতী+অ] বৃহতীফল।
বার্হদ্রথ, পুং. [বৃহদ্রথ+অ] জরাসন্ধরাজা; (ত্রি.) বৃহদ্রথরাজ সম্বন্ধীয়।
বার্হদ্রথি, পুং. [বৃহদ্রথ+ই] জরাসন্ধরাজা। [সম্বন্ধীয়।
বার্হস্পত, ত্রি. [বৃহস্পতি+অ] বৃহস্পতি
বার্হস্পত্য, পুং. [বৃহস্পতি+য] নাস্তিক; (ন.) নীতিশাস্ত্র; (ত্রি.) বৃহস্পতিসম্বন্ধীয়; কচ।
বার্ক্ষ্য, ন. [বৃক্ষ+য] বন, বিপিন; (ত্রি.) বৃক্ষসম্বন্ধীয়।
বার্ক্ষী, স্ত্রী. [বৃক্ষ+অ-ঈ] স্ত্রীবিশেষ; প্রচেতা পত্নী মারিষা।
বাল, ন. পুং. [বল+অ] গন্ধদ্রব্যবিশেষ, বালা, তৎপর্য্যায়।—হ্রীবের, বর্হিষ্ঠ, উদীচ্য, কেশনামক, অম্বুনামক, হ্রিবের, বর্হিঃষ্ঠ, বালক, বারিদ, বর, হ্রীবেরক, কেশ্য, বজ্র, পিঙ্গ, ললনাপ্রিয়, কুন্তলোশীর, কচামোদ; (ত্রি.) মূর্খ; অর্ভক, তৎপর্য্যায়।—মাণবক, বালক, মানব, কিশোর, বটু, মুষ্টিন্ধয়,বটুক, কিশোরক, পাক, গর্ভ, হিতক, পৃথুক, শিশু, শাব, অর্ভ, ডিম্ভক, ডিম্ব; ষোড়শবর্ষ পর্য্যন্ত প্রথম বয়স্ক; (পুং.) শিরোভবাচ্ছাদনবিশেষ, চুল, তৎপর্য্যায়।—চিকুর, কচ, কেশ, কুন্তল, কুঞ্জর, শিরোরুহ, শিরসিরুট্, শিরোরুট্, শিরজ; ঘোটকশিশু-তৎপর্য্যায়।—কিশোর; অশ্ববালধি; করিবালধি; নারিকেল; পঞ্চমবর্ষীয়হস্তী; পুচ্ছ, লাঙ্গুল; মৎস্যবিশেষ।
বালক, ন. [বাল+ক] হ্রীবের, শেওলা; অঙ্গুলীয়ক; পারিহার্য্য; (পুং.) শিশু, বালক; অজ্ঞ, জ্ঞানহীন; হয়বালধি; হস্তিবালধি, অঙ্গুরীয়ক,হ্রীবের, শেওলা; বলয়, বালা; কেশ, চুল; (পুং. ন.) পারিহার্য্য; (ত্রি.) অঙ্গুরীয়ক।
বালককালীন, (প্রা) শিশুসাময়িক।
বালকতা, স্ত্রী. [বালক+তা] বালকত্ব, ছেলেমো
বালকপ্রিয়া, স্ত্রী. [বালক+প্রিয়া] ইন্দ্রবারুণ; কদলী, রম্ভা। [উকুণ।
বালকৃমি, পুং. [বাল+কৃমি] কেশকীট,
বালক্রীড়ন, ন. [বাল+ক্রীড়ন] বালকখেলা, বাল্যলীলা।
বালক্রীড়নক, পুং. [বাল+ক্রীড়নক] কপর্দ্দক, কড়ী; বালকের ক্রীড়োপযোগ্য।
বালখিল্য,পুং.[বাল+খিল্য] বালিখিল্যমুনি।
বালগর্ব্ভিণী, স্ত্রী. [বাল+গর্ব্ভিণী] প্রথম গর্ব্ভবতী গাভী, তৎপর্য্যায়।—প্রষ্ঠৌহী, পলিক্লী, বালগর্ব্ভবতী।
বালগোপাল, পুং. [বাল+গোপাল] শ্রীকৃষ্ণ মূর্ত্তি বিশেষ। [বিশেষ।
বালগ্রহ, পুং. [বাল+গ্রহ] বালকহন্তৃগ্রহ
বালচর্য্য, পুং. [বাল+চর্য্য] কার্ত্তিকেয়, ষডানন; (ন.) বালকের চরিত্র।
বালতনয়, পুং. [বাল+তনয়] খদিরবৃক্ষ; বালকপুত্র।
বালতন্ত্র, ন. [বাল+তন্ত্র] গর্ব্ভিণীচর্য্যা, গর্ব্ভবতী স্ত্রীর শুশ্রূষা, তৎপর্য্যায়।—কুমার ভৃত্যা, গর্ব্ভিণ্যবেক্ষণ।
বালতৃণ, ন. [বাল+তৃণ] নবতৃণ, সুতনুঘাস, তৎপর্য্যায়।—শষ্প।
বালদলক, পুং. [বাল+দলক] খদিরবৃক্ষ খএরগাছ।

বালধি, পুং. [বাল+ধা-ই] কেশযুক্তলাঙ্গুল, সলোমলাঙ্গুল।

বালন, (প্রা) ভর্জ্জিতকলাই, ভাজাকলাই।

বালপত্র, পুং. [বাল+পত্র] খদিরবৃক্ষ,'খএর গাছ; যবস, ঘাস; (ন.) নূতনপর্ণ, নবপল্লব।

বালপত্রক, পুং. [বাল+পত্রক] খদিরবৃক্ষ, খএরগাছ।

বালপাশ্যা, স্ত্রী. [বাল+পাশ্যা] সীমন্তিকাস্থিত স্বর্ণাদিরচিত পট্টিকা, সিঁথী, তৎপর্য্যায়। পারিতথ্যা; বালপাশস্থিত মণি।

বালপুষ্পিকা, স্ত্রী. [বাল+পুষ্পিকা] যূথিকা, যুঁইফুল গাছ।

বালপুষ্পী, স্ত্রী. [বাল+পুষ্প-ঈ] যূথিকা, যুঁইফুল গাছ।

বালব, পুং. [বাল+ব] একাদশ করণান্তর্গত দ্বিতীয় করণ।

বালবৎস, পুং. [বাল+বৎস] কপোত; ঘুঘু।

বালবায়জ, ন. [বাল+বায়জ] রত্নবিশেষ, বৈদূর্য্যমণি, হিরণ্মণি।

বালবাসাঃ, ন. [বাল+বাসস্] কেশনির্ম্মিত-বস্ত্র; বালকের বস্ত্র।

বালবাহ্য, পুং. [বাল+বহ-য] বনচ্ছাগ, বন-ছাগল (ত্রি.) বালকবহনীয়।

বালব্যজন, ন. [বাল+ব্যজন] চামর, তৎপর্য্যায়।—রোমগুচ্ছ, প্রকীর্ণক; বালকের চামর।

বালব্রত, পুং. [বাল+ব্রত] মঞ্জুঘোষনামক পূর্ব্বজিন বিশেষ।

বালভদ্রক, পুং. [বাল+ভদ্রক] বিষভেদ,তৎ-পর্য্যায়।—শাম্বর।

বালভৈষজ্য, ন; [বাল+ভিষজ-য] রসাঞ্জন; বালকের ঔষধবিশেষ।

বালভোজ্য, পুং. [বাল+ভোজ্য] চনক, ছোলা; (ত্রি.) বালকের ভক্ষণীয়

বালমূষিকা, স্ত্রী. [বাল+মূষিক-আ] ক্ষুদ্র-মূষিকা, ছিটকাইন্দুর, নেংটিয়াইন্দুর, তৎপর্য্যায়।—গিরিকা, চিক, বেশ্মনকুল, চিক্কা।

বালযজ্ঞোপবীতক, ন. [বাল+যজ্ঞ+উপবী-তক] উপবীতিবিশেষ, তৎপর্য্যায়।—উরস্কট, পঞ্চবট।

বালরাজ, ন. [বাল+রাজ] রত্নবিশেষ, বৈদূর্য্য মণি; (পুং.) বালকশ্রেষ্ঠ

বালরোগ, পুং. [বাল+রোগ] বালকের ব্যাধি, শিশুরপীড়া; কেশরোগ।

বালসন্ধ্যাভ, পুং. [বাল+সন্ধ্যা+আভা] অরুণবর্ণ, রক্তবর্ণ।

বালসা, (প্রা) বালকের জ্বররোগ।

বালস্, (প্রা) বালকের জ্বররোগ।

বালসূর্য্য, ন. [বাল+সূর্য্য] রত্নবিশেষ, বৈদূর্য্যমণি; (পুং.) প্রাতঃকালীন সূর্য্য।

বালসূর্য্যক, ন. [বাল+সূর্য্যক] রত্নবিশেষ, বৈদূর্য্যমণি। [লাঙ্গুল।

বালহস্ত, পুং. [বাল+হস্ত[বালধি, লোমযুক্ত

বালা, স্ত্রী. [বাল+আ] নারিকেল; হরিদ্রা; মল্লিকাবিশেষ; অলঙ্কারবিশেষ, বলয়; মেধা; ত্রুটি; নারী; ঘৃতকুমারী; হ্রীবের, শেওলা; অম্বষ্ঠা; নীলঝিণ্টী; একবর্ষ বয়স্কাগাভী।

বালাই, (যাং) বিপদ, বিপত্তি, আপদ।

বালাখানা, (যাং) দোতালা; ইষ্টকালয়।

বালাধিকার, ত্রি. [বাল+অধিকার] শিশুকা-লোপযুক্ত, শৈশবাবস্থায় যোজনীয়।

বালাডুম্বর, (প্রা) ঔষধি বৃক্ষবিশেষ।

বালাম, (প্রা) বাখরগঞ্জহইতে আনীততণ্ডুল, বিশেষ।

বালার্ক, পুং. [বাল+অর্ক] প্রাতঃকালীন সূর্য্য; কন্যারাশিস্থ সূর্য্য।

বালাক্ষী, স্ত্রী. [বাল+অক্ষ-ঈ] কেশপুষ্টা-বৃক্ষ, তৎপর্য্যায়।—মানসী, দুর্গপুষ্পী, কেশধারিণী।

বালি, পুং. [বাল+ইন্] কপিবিশেষ, তৎপ-র্য্যায়।—ঐন্দ্র, বালী; (প্রা) বালুকা; কপা-টের একখণ্ড; তাল খর্জ্জুর কদলীগাছের পত্র, সম্পূর্ণ পত্রসমষ্টি।

বালিকা, স্ত্রী. [বাল+ইক-আ] বালা, কন্যা; বালুকা, বালি; পত্রকাহলা; কর্ণভূষণ এলা, এলাইচ।

বালিখিল্য, পুং. [বালি+খিল্য] পুলস্ত্যের সন্নতিনামে কন্যারগর্ভে ক্রতুরষষ্টিসহস্র সংখ্যক পুত্র, ঋষিবিশেষ, বালখিল্য।

বালিনী, স্ত্রী. [বাল+ইন্-ঈ] অশ্বিনীনক্ষত্র।

বালিয়, (প্রা) বালুকাবৎ; সিকতময়।

বালিয়া, (প্রা) মৎস্যবিশেষ, বেলেমাছ, ভোলামাছ; বালিময়।

বালিশ, ন. [বালি+শো-অ] উপধান; (ত্রি.) শিশু; মূর্খ।

বালিসম্ভব, পুং. [বালি+সম্ভব] বালিপুত্র, অঙ্গদ।

বালিহংস, (প্রা) শরাবপক্ষী; বন্যপাতি-হাঁস।

বালিহন্তা, পুং. [বালি+হন্-তৃ] শ্রীরামচন্দ্র; ওড্রদেশান্তর্গত দেশবিশেষ।

বালিহাঁস, (প্রা) বন্যপাতিহংস।

বালী, পুং. [বল+ইন্] ইন্দ্রপুত্র, বানররাজ বিশেষ; (ত্রি.) বালবিশিষ্ট; বালুকা; (স্ত্রী.) কর্ণভূষণবিশেষ।

বালীচুণ, (প্রা) বালুকা ও চুণ মিশ্রিত।

বালীশ, পুং. [বালী+ঈশ] মূত্রকৃচ্ছ্ররোগ; উপধান।

বালু, স্ত্রী. [বল+উ] এলবালুক নামক গন্ধ দ্রব্য

বালুক, ন. [বালু+ক] এলবালুক নামে গন্ধ-দ্রব্য; (পুং.) পানীয়ালু।

বালুকা, স্ত্রী. [বালুক+আ] রেণুবিশেষ, বালি, তৎপর্য্যায়।—সিকতা, সিক্তা, শীতলা, সূক্ষ্মশর্করা, প্রবাহী, মহাসূক্ষ্মা, সূক্ষ্মা, পানীয়বর্ণিকা; শাখা, হস্ত পা-দাদ; কর্কটী, কাঁকুড়; কর্পূর; যন্ত্র-বিশেষ।

বালুকাগড়, পুং. [বালুকা+গড়] মৎস্যবিশেষ, বালিয়ামাছ, তৎপর্য্যায়।—সিতাঙ্ক.

বালুকাত্মিকা, স্ত্রী. [বালুক+আত্মিকা] শর্করা, চিনি; (ত্রি.) বালুকাময়।

বালুকাপ্রভা, স্ত্রী. [বালুকা+প্রভা] নরক-বিশেষ।

বালুকাময়, ন. [বালুকা+ময়] সিকতাময়, বালিময়, বালিপূর্ণ।

বালুকাযন্ত্র, ন. [বালুকা+যন্ত্র] ঔষধপাকার্থ যন্ত্র বিশেষ; বেলানিরূপক যন্ত্র, বালি-ঘড়ী।

বালুকাস্বেদ, পুং. [বালুকা+স্বেদ] তপ্ত-বালুকা দ্বারা তাপন, বালিসেক।

বালুকী, স্ত্রী. [বালুক+ঈ] কর্কটীবিশেষ, কাঁ-কুড়, তৎপর্য্যায়।—বহুফলা, স্নিগ্ধফলা, ক্ষেত্রকর্কটী, ক্ষেত্ররুহা, কাণ্ডিকা, মূত্রলা। [কুড়।

বালুঙ্কী, স্ত্রী. [বাল+উঙ্ক-ঈ] কর্কটী, কাঁ-

বালুঙ্গিকা, স্ত্রী. [বাল+উঙ্গিক-আ] কর্কটী, কাঁকুড। [কাঁকুড়।

বালুঙ্গী, স্ত্রী. [বাল+উঙ্গ-ঈ] কর্কটী,

বালূক, পুং. [বাল+ঊক] বিষভেদ, এক-প্রকার গরল।

বালেন্দু, পুং. [বাল+ইন্দু] শুক্লপক্ষের দ্বিতীয় চন্দ্র, নূতনচন্দ্র।

বালেয়, পুং. [বাল+এয়] রাসভ, গর্দ্দভ; দৈত্যবিশেষ, অঙ্গারবল্লরী; চাণক্যমূলক; (ত্রি.) মৃদু, বালকের হিত।

বালেয়শাক, পুং. [বালেয়+শাক] ব্রাহ্মণ-যষ্টিকা বৃক্ষ, বামনহাটী গাছ।

বালেষ্ট, পুং. [বাল+ইষ্ট] বদর, কুল; (ত্রি.) বালকের অভিলষিত।

বালোপবীত, ন. [বাল+উপবীত] বালকের পরিধান বস্ত্র, তৎপর্য্যায়।—পঞ্চাবট, উরস্কট; দ্বিজবালকের যজ্ঞসূত্র।

বাল্ক, ত্রি. [বল্ক+অ] বল্কসম্বন্ধীয়বস্ত্র, ক্ষৌমাদি।

বাল্কল, ত্রি. [বল্ক+ল-অ] বল্কলনির্ম্মিত।

বাল্কলী, স্ত্রী [বল্কল+অ-ঈ] মদিরা, সুরা, মদ্য। [বিহীনা।

বালতী, (প্রা) দুঃখিনী; অবীরা, পতিপুত্র

বাল্দী, (প্রা) কলাগাছের পত্র; নারিকেল ও তালাদি বৃক্ষের পত্র

বাল্মিকি, পুং. [বল্মিক+ই] বাল্মীকিমুনি।

বাল্মীক, পুং. [বল্মীক+অ] রামায়ণকর্ত্তা মুনি, তৎপর্য্যায়।—প্রাচেতস, বাল্মীকি, কবিজ্যেষ্ঠ, কুশীবশ, বল্মীক, কবি, আদ্য-কবি।

বাল্মীকি, পুং. [বল্মীক+ই] ভৃগুবংশীয়মুনি বিশেষ।
বাল্য, ন. [বাল+য] বালভাব, তৎপর্য্যায়।—শিশুত্ব, শৈশব, ষোড়শবর্ষ পর্য্যন্ত।
বাল্যকাল, পুং. শৈশবসময়, বাল্যাবস্থা
বাল্যভোগ, (প্রা) প্রাতরাশ,বালকের আহারের তুল্য প্রাতঃকালীন ভোজন।
বাশা, স্ত্রী. [বশ+অ-আ] বাসকবৃক্ষ, বাসক গাছ। [হুতাশন।
বাশি, পুং. [বশ+ই] অগ্নি, অনল, বহ্নি,
বাশিকা, স্ত্রী. [বশ+ইক-আ] বাসকবৃক্ষ, বাকসগাছ।
বাশিত, ন. [বাশ+ইত] পশুপক্ষ্যাদির শব্দ; (ত্রি.) সুরভীকৃত।
বাশিতা, স্ত্রী. [বাশ+ইত-আ] স্ত্রীমাত্র; করিণী, হস্তিনী।
বাশিষ্ঠ, ত্রি. [বশিষ্ঠ+অ] বশিষ্ঠসম্বন্ধীয়।
বাশিষ্ঠী, স্ত্রী. [বশিষ্ঠ+অ-ঈ] গোতমীনদী।
বাশুরা, স্ত্রী. [বশ+উর-আ] রাত্রি, রজনী।
বাশ্র, পুং. [বাশ্+র] দিবস, দিন; (ন.) মন্দির; চতুষ্পথ, চৌমাথা; বেদপ্রচুর প্রয়োগ, বৎস।
বাষ্ট্যা, (প্রা) বাসি পর্য্যুষিত।
বাষ্প, পুং. [বাষ্প+অ] উষ্মা; অশ্রু, নেত্রজল; লৌহ।
বাষ্পক, পুং. [বাষ্প+ক] মারিষ, মাটিয়াশাক। [রাঁধুনী।
বাষ্পকা, স্ত্রী. [বাষ্প+ক-আ] হিঙ্গুপত্রী,
বাষ্পিকা, স্ত্রী. [বাষ্প+ইক-আ] হিঙ্গুপত্রী তৎপর্য্যায়।—কারবী, পৃথ্বী, কবরী, পৃথু, ত্বক্‌পত্রী, বাষ্পীকা, কর্ব্বরী।
বাষ্পী, স্ত্রী. [বাষ্প+ঈ]বাষ্পিকা, হিঙ্গুপত্রী।
বাষ্পীকা, স্ত্রী. [বাষ্প+ইক-আ] হিঙ্গুপত্রী, রাঁধুনী।
বাস, পুং. [বস+অ] গৃহ; বস্ত্র; অবস্থান; বাসকবৃক্ষ, বাসকগাছ; সুগন্ধি।
বাসঃ, ন. [বাস+অস্] বস্ত্র; পত্রক; (পুং.) গৃহ; বস্ত্র; অবস্থান; বাসক; সুগন্ধি।
বাসক, পুং.[বাস+ক] বৃক্ষবিশেষ,বাসকগাছ, তৎপর্য্যায়।—বৈদ্যমাতা,সিংহী,বাসিকা, বৃষ, অটরুষ, সিংহাস্য, বাজিদন্তক, বাশা, বাশিকা, বৃশ, অটরূষ, বাশক বাসা, বাস, বাজী, বৈদ্যসিংহী, মাতৃহিংসী, বাসকা, সিংহপর্ণী, সিংহিকা, ভিষঙ্মাতা বসাদনী, সিংহমুখী, কণ্ঠীরবী, শিতকর্ণী,বাজিদন্তী,নাসা পঞ্চমুখী, সিংহপত্রী, মৃগেন্দ্রাণী; গানাঙ্গবিশেষ।
বাসকর্ণী, স্ত্রী.[বাস+কর্ণী]যজ্ঞশালা,যাগগৃহ।
বাসকসজ্জা, স্ত্রী. [বাসক+সজ্জা] স্বীয়াদি নায়িকাবিশেষ, ভূষাযুক্ত হইয়া নায়কাপেক্ষিণী নায়িকা, নায়কপ্রাপ্ত্যর্থ নায়িকার উৎকৃষ্ট বসন ভূষণ পরিধান
বাসকা,স্ত্রী. [বাস+ক-আ] বাসকবৃক্ষ, বাসক গাছ।
বাসকারী, (প্রা) বাসিন্দা, বসতিকারক।
বাসগৃহ, ন. [বাস+গৃহ] গর্ভাগার; গৃহমধ্যভাগ; শয়নগৃহ; গৃহের মধ্যগৃহ।
বাসত, পুং. [বাস+ত] গর্দ্দভ, রাসভ, গাধা।
বাসতেয়, (প্রা) নিবাসযোগ্য, বসতির উপযুক্ত। [রজনী।
বাসতেয়ী স্ত্রী. [বাসত+এয়-ঈ] রাত্রি,
বাসন, ন. [বাস+অন] ধূপন; বারিধানী, জলপাত্র; বস্ত্র; বাস; জ্ঞান; নিক্ষেপাধার; (ত্রি.) বসন সম্বন্ধীয়; পাত্র; বাঞ্ছন।
বাসনা, স্ত্রী. [বাস+অন-আ]প্রত্যাশা,বাঞ্ছা, অভিলাষ; জ্ঞান; স্মরণের কারণ, তৎপর্য্যায়।—সংস্কার,ভাবনা; দুর্গা; দেহাত্মবুদ্ধি জন্য মিথ্যা সংস্কার।
বাসন্ত, পুং. [বসন্ত+অ]উষ্ট্র,উট; কোকিল; মলয়বায়ু; মুদ্গ, মুগকলাই; কৃষ্ণমুদ্গ; মদনবৃক্ষ; ময়নাগাছ; (ত্রি.) অবহিত; বসন্তকালীন।
বাসন্তক, ত্রি. [বসন্ত+ক] বসন্ত সম্বন্ধীয়।
বাসন্তিক, ত্রি. [বসন্ত+ইক] বিদূষক,কামুক।
বাসন্তী, স্ত্রী. [বসন্ত+অ-ঈ] মাধবীলতা; যূথীবৃক্ষ; পাটলাবৃক্ষ; কামোৎসব, তৎপর্য্যায়।—চৈত্রাবলী, মধূৎসব, সুবসন্ত, কামমহ, কর্দ্দমী; গণিকারীবৃক্ষ; পুষ্পলতা বিশেষ, তৎপর্য্যায়।—প্রহ-

দন্তী, বসন্তজা, মাধবী, মহাজাতি, শীতসহা, মধুবহুলা, বসন্তদূতী; নবমল্লিকা, নেবারি।

বাসন্তীপূজা, স্ত্রী. [বাসন্তী+পূজা] চৈত্রমাসীয় শ্রীদুর্গাপূজা।

বাসব, পুং. [বসু+অ] ইন্দ্র, দেবরাজ, শক্র। [বতী।

বাসবী, স্ত্রী. [বসু+অ-ঈ] ব্যাসমাতা, সত্য-

বাসযোগ, পুং. [বাস+যোগ] চূর্ণ, গুঁড়া; দেবআবির; পটরসাক্ষোদ, সুগন্ধি দ্রব্য চূর্ণ, তৎপর্য্যায়।—গন্ধচূর্ণ, পটবাস, চূর্ণক।

বাসযোগ্য, ত্রি. বাসোপযুক্ত, বসতিযোগ্য।

বাসর, পুং. ন. [বস+র] দিবস, দিন; (পুং.) নাগবিশেষ; বিবাহরাত্রির শয়নগৃহ।

বাসরঘর, (প্রা) বিবাহরাত্রে বর কন্যার শয়ন গৃহ।

বাসরসজ্জা, (প্রা) বেশভূষান্বিত নায়িকা বিশেষ।

বাসরহিত, (প্রা) বসতিহীন; বস্ত্ররহিত।

বাসসজ্জা, স্ত্রী, [বাস+সজ্জা] নায়িকাবিশেষ।

বাসা, স্ত্রী. [বস+অ-আ] বাসকবৃক্ষ, বাসক গাছ; বসতিস্থান; পক্ষ্যাদির বাসস্থান, নীড়, কুলায়।

বাসাগার, ন [বাস+আগার] বাসগৃহ, তৎপর্য্যায়।—ভোগগৃহ, কন্যাট, পত্ন্যাট, নিষ্কুট।

বাসাড়িয়া, (প্রা) প্রবাসী, বিদেশী, বাসাড়ে।

বাসান, (প্রা) জিজ্ঞাসন; গন্ধযুক্ত করণ।

বাসি, পুং. [বস+ই] কুঠারবিশেষ, বাইস; (প্রা) পর্য্যুষিত; ধৌত, ধোপদাস্ত।

বাসিকা, স্ত্রী. [বস+ইক-আ] বাসকবৃক্ষ, বাকসগাছ। [কাপড়।

বাসিকাপড়, (প্রা) ধৌতবস্ত্র, দাস্তকরা,

বাসিত, ন. [বাস+ত] রুত, ধ্বনিত; জ্ঞানমাত্র; খগরব, পক্ষীরধ্বনি; (ত্রি.) সুরভীকৃত, গন্ধযুক্ত, তৎপর্য্যায়।—ভাবিত; সুগন্ধিপুষ্পাদি বাসিতদ্রব্য; খ্যাত; বস্ত্রবেষ্টিত; পর্য্যুষিত।

বাসিতা, স্ত্রী. [বস+ইত-আ] স্ত্রীমাত্র; করিণী, হস্তিনী।

বাসিন, (প্রা) বাসকারী, বসতিকারক।

বাসিনী, স্ত্রী. [বস+ইন্-ঈ] শুক্লঝিণ্টী, শাদাকাঁটী।

বাসিরে, (প্রা) আশ্চর্য্যবোধক।

বাসিষ্ট, ন. [বসা+ইষ্ট] রুধির, রক্ত, শোণিত।

বাসিষ্ঠ, ত্রি. [বসিষ্ঠ+অ] বশিষ্ঠকৃত যোগ শাস্ত্রাদি; বসিষ্ঠ সম্বন্ধীয়।

বাসী, স্ত্রী. [বস+অ-ঈ] কুঠারবিশেষ, তক্ষণী, বাইস; (প্রা) বসতীকারী।

বাসু, পুং. [বাস+উ] নারায়ণ; বিশ্বরূপ; পুনর্ব্বসুনক্ষত্র।

বাসুকি, পুং. [বসুক+ই] অহিপতি, তৎপর্য্যায়।—সর্পরাজ, বাসুকেয়।

বাসুকেয়, পুং. [বাসুকি+এয়] বাসুকি, সর্পরাজ।

বাসুকেয়স্বসা, স্ত্রী. [বাসুকেয়+স্বসৃ] মনসাদেবী, বিষহরী।

বাসুদেব, পুং. [বসুদেব+অ] শ্রীকৃষ্ণ, বসুদেবপুত্র, তৎপর্য্যায়।—বসুদেবভূ, সবা, সুভদ্র, বাসুভদ্র, ষড়ঙ্গজিৎ, ষড়্বিন্দু, প্রশ্নিশৃঙ্গ, প্রশ্নিভদ্র, গদাগ্রজ, মার্জ্জ, বভ্রু, লোহিতাক্ষ, পরমাণ্বঙ্ক।

বাসুদেবপ্রিয়ঙ্করী, স্ত্রী. [বাসুদেব+প্রিয়+কর-ঈ] শতাবরী; শ্রীকৃষ্ণ প্রিয়কারিণী।

বাসুপূজ্য, পুং. [বাসু+পূজ্য] জিনবিশেষ।

বাসুভদ্র, পুং. [বাসু+ভদ্র] শ্রীকৃষ্ণ, বিষ্ণু, নারায়ণ।

বাসুরা, স্ত্রী. [বাস+উর-আ] স্ত্রীমাত্র; কারিণী, রাত্রি; ভূমি, পৃথ্বী। [স্ত্রী।

বাসূ, স্ত্রী. [বাস+উ] নাট্যোক্তিবিষয়িকা

বাসৌকঃ, ন. [বাস+ওকস্] বাসগৃহ, বসতিস্থান।

বাস্তব, ন. [বস্তু+অ] যথার্থভূত, প্রকৃত।

বাস্তবিক, ত্রি. [বাস্তব+ইক] পরমার্থভূত বস্তু; সত্য, যথার্থ।

বাস্তবোয়া, স্ত্রী. [বাস্তব+উয়-আ] রাত্রি, রজনি।

বাস্তবোষা, স্ত্রী. [বাস্তব+উষা] রাত্রি, রজনী, প্রত্যুষ সময়।

বাস্তব্য, ত্রি. [বাস্+তব্য] বাসকর্ত্তা; বাসযোগ্য; (প্রা) বসতি।

বাস্তু, ন. [বস্+তু] বাস্তুকশাক; (পুং.ন.) গৃহকরণযোগ্য ভূমি, তৎপর্য্যায়।—বেশ্মভূ, পোত, বাটী, বাটিকা, গৃহপোতক; বাস্তুপুরুষ।

বাস্তুক, ন. [বস্তু+ক] বাস্তুকশাক, বেতোশাক।

বাস্তুকী, স্ত্রী. [বস্তু+ক-ঈ] চিল্লীশাক।

বাস্তুদেব, পুং. [বাস্তু+দেব] গৃহদেবতা।

বাস্তুসংশমন, ন. [বাস্তু+সংশমন] নবগৃহে প্রবেশার্থ যজ্ঞ হোমাদি।

বাস্তূক, স. [বাস্তু+উক] শাকবিশেষ, বেতুয়াশাক, তৎপর্য্যায়।—বাস্তূ, বাস্তুক, বাস্তুক, বস্তূক; হিলমোচিকা, শাকরাজ, রাজশাক, চক্রবর্ত্তী।

বাস্তেয়, ত্রি. [বস্তি+ত্রয়] বস্তিসম্বন্ধীয়; বস্তুসম্বন্ধীয়; বাস্তুসম্বন্ধীয়।

বাস্তোষ্পতি, পুং. [বাস্তুষ্+পতি] ইন্দ্র, সুরপতি।

বাস্ত্র, ত্রি. [বস্ত্র+অ] বস্ত্রাবৃতরথ; বস্ত্রসম্বন্ধীয়।

বাস্থ, ত্রি. [বার্+স্থা-অ] জলস্থিত ব্যক্তি।

বাস্প, পুং. [বাস্প+অ]উষ্মা; লোহ; অশ্রু, নেত্রজল।

বাস্পধর্ম্মক, পুং. [বাস্প+ধর্ম্মক] ধুমতুল্য.

বাস্পযন্ত্র, ন. [বাস্প+যন্ত্র] ধুমযন্ত্র, ধুঁয়কল।

বাস্পাবিলেক্ষণ, ত্রি. [বাস্প+আবিল-ঈক্ষণ] চক্ষুরজলে পরিপূর্ণ।

বাস্পীয়, ত্রি. [বাস্প+ঈয়] বাস্পসম্বন্ধীয়।

বাস্পেয়, পুং. [বাস্প+এয়] নাগকেশর ফুল। [যুক্ত।

বাস্য, ন. [বাস+য] বাসযোগ্য, বাসোপ-

বাহ, পুং. [বহ+অ] বাহু, ভুজ; ঘোটক; পরিমাণবিশেষ; চতুর্দ্দশ ভেদ হইতে সংখ্যার অন্যথাভাব; বৃষ; বায়ু; (ত্রি.) বহনকর্ত্তা।

বাহক, ত্রি. [বহ+অক] বহনকর্ত্তা; ভারী।

বাহড়ন, (প্রা) প্রত্যাগমন, প্রত্যাবৃত্ত হওন।

বাহদ্বিষন্, পুং. [বাহ+দ্বিষৎ] মহিষ।

বাহন, ন. [বাহ+অন] হস্ত্যশ্বরথ দোলাদি, তৎপর্য্যায়।—যান, যুগ্য, পত্র, ধোরণ।

বাহবাবাহবি, ব্য. [বাহু+বাহু] বাহুযুদ্ধ, হাতাহাতি

বাহশ্রেষ্ঠ, পুং. [বাহ+শ্রেষ্ঠ] অশ্ব, ঘোটক; গজ

বাহস, পুং. [বহ+অস] অজগরসর্প, বৃহৎভুজঙ্গ; বারিনির্যান; সুনিষণ্ণক, সুষুণীশাক।

বাহা, স্ত্রী. [বাহ+আ] বাহু, ভুজ, হস্ত।

বাহাদুর, (যাং) সাহসিক; পদবিশেষ।

বাহানা, (যাং) ছল, ব্যাজ। [তাহাতি।

বাহাবাহবি, ব্য. [বাহু+বাহু] বাহুযুদ্ধ, হা-

বাহার, (যাং) সৌন্দর্য্য, সৌষ্ঠব; বসন্তকাল।

বাহিক, পুং, [বহ+ইক] ঢক্কা, ঢাক; গোবাহ; শকটাদি; ভারবাহক।

বাহিত্থ, ন. [বাহিন্+স্থা-অ] গজকুম্ভের অধোভাগ।

বাহিনী, স্ত্রী. [বহ+ইন্-ঈ] নদী; সেনা, সৈন্য; সেনাবিশেষ।

বাহিনীপতি, পুং. [বাহিনী+পতি] সেনাপতি; সমুদ্র।

বাহির, (প্রা) বহির্ভাগ; বহির্দ্দেশ।

বাহীক, পুং. [বহি+ঈক] ম্লেচ্ছদেশবিশেষ, তৎপর্য্যায়।—আরট্টক; জার্ত্তিকজাতি, জাট্; বলদিয়া; তুরুষ্কান্তঃপাতি দেশ, জু নামে খ্যাত।

বাহু, পুং. স্ত্রী. [বহ+উ] কক্ষাবধি অঙ্গুলির অগ্রপর্য্যন্ত অবয়ব, হস্ত, হাত, তৎপর্য্যায়।—ভুজ, প্রবেষ্ট, দোঃ, দোষ, বাহ; তন্নাম যথা।—আয়তী, চাবানা, অনীশু, অল্পবানা, বিনংগৃসৌ; গভস্তী, কবস্নৌ, বাহূ, ভূরিজে, ক্ষিপস্তী, শক্বরী, ভরিত্রে; কূর্পরের ঊর্দ্ধভাগ।

বাহুক, পুং, [বাহু+ক] নলরাজার কল্পিত নাম, তৎপর্য্যায়।—পুণ্যশ্লোক, অশ্ববিৎ, নৈষধ

বাহুকুণ্ঠ, ত্রি. [বাহ+কুণ্ঠ] কুণ্ঠিতবাহু যুক্ত, কোপা, নুলা, তৎপর্য্যায়।—কুম্প, দোর্গড়ু। [দেহকোষ।

বাহুকুন্থ, পুং. [বাহু+কুন্থ] পক্ষ, দেহধি,

বাহুজ, পুং. [বাহু+জন-অ] ক্ষত্রিয়জাতি; কীর; স্বয়ংজাততিল; (ত্রি.) বাহুজাত।

বাহুত্রাণ, ন. [বাহু+ত্রাণ] অস্ত্রাঘাত নিবারণার্থ বাহুবদ্ধ লৌহাদি, তৎপর্য্যায়।—বাহুল। [রাজ।

বাহুদন্তী, পুং. [বাহু+দন্তিন্] ইন্দ্র, দেবরাজ।

বাহুদা, স্ত্রী. [বাহু+দ-আ] নদীবিশেষ, বাহুদাত্রীনদী, তৎপর্য্যায়।—সৈতবাহিনী; বাহুদাত্রী।

বাহুবল, ন. [বাহু+বল] ভুজবল, হস্তের শক্তি, হস্ত পরাক্রম। [বৃক্ষ।

বাহুবার, পুং. [বাহু+বার] শ্লেষ্মান্তক

বাহুভূষা, স্ত্রী. [বাহু+ভূষা] কেয়ূর, বলয়, বালা; বাহুভূষণ মাত্র।

বাহুভেদী, পুং. [বাহু+ভেদিন্] বিষ্ণু; (ত্রি.) বাহুভেদক।

বাহুমূল, ন. [বাহু+মূল] ভুজদ্বয়ের অধোভাগ, বগল, কাঁক, তৎপর্য্যায়।—কক্ষ, ভুজকোটর, দোর্মূল, খণ্ডিক, কক্ষা।

বাহুযুদ্ধ, ন. [বাহু+যুদ্ধ] ভুজদ্বয়ের দ্বারা সংগ্রাম, মল্লযুদ্ধ, তৎপর্য্যায়।—নিযুদ্ধ।

বাহুল, পুং. [বাহু+ল] অগ্নি, অনল; কার্ত্তিকমাস; শাক্যমুনিসুত; বাহুত্রাণ; অস্ত্রাঘাত নিবারণার্থ বাহুবদ্ধ লৌহাদি; বহুলভাব।

বাহুলেয়, পুং. [বাহুলা+এয়] কার্ত্তিকেয়, ষড়ানন, কুমার।

বাহুল্য, ন. [বহুল+য] বহুত্ব, আতিশয্য, প্রাচুর্য্য।

বাহুল্যাংশ, (প্রা) অধিকাংশ, আতিশয্য।

বাহুসহস্রভৃৎ, পুং. [বাহু+সহস্র+ভৃৎ] কার্ত্তবীর্য্যার্জ্জুন; বাণ রাজা।

বাহুবাহবি-ক, ব্য. [বাহু+বাহু-ইচ্] হাতাহাতি।

বাহ্য, ন. [বহ+য] যান; (ত্রি.) বহনীয়; বহিঃ, বহির্ভাগ, বাহির।

বাহ্যক্রিয়া, (প্রা) শৌচক্রিয়া, মলমূত্রাদি পরিত্যাগ কর্ম্ম।

বাহ্যজ্ঞান, ন. [বহি+জ্ঞান] বহিরিন্দ্রিয় জন্য বোধ; স্থূলজ্ঞান, সামান্যবোধ।

বাহ্যস্থান, [বাহ্য+স্থান] মলমূত্রত্যাগার্থ স্থান, পায়খানা।

বাহ্যে (প্রা) বহির্দ্দেশে; প্রকাশ্যে।

বাহ্যেন্দ্রিয়, পুং. [বাহ্য+ইন্দ্রিয়] বহিরিন্দ্রিয়, তদ্যথা।—চক্ষুঃ, জিহ্বা, নাসিকা, ত্বক্, শ্রোত্র; হস্ত, পদ, আস্য, গুহ্য, লিঙ্গাদি।

বাহ্লিক, পুং. [বলহ্+ইক] চন্দ্রবংশীয়রাজাবিশেষ; বাহ্লীকদেশ; (ন) কুঙ্কুম; হিঙ্গু।

বাহ্লীক, ন. [বহ্লীক+অ] কুঙ্কুম; হিঙ্গু; (পুং.) দেশবিশেষ, বল্খ; বাহ্লীকদেশজ ঘোটক; গন্ধর্ব্ববিশেষ; রাজাবিশেষ।

বি, ব্য. নিগ্রহ; নিয়োগ; পদপূরণ; নিশ্চয়; অসহন; হেতু; অব্যাপ্তি; বিনিয়োগ; ঈষদর্থ; পরিভব; শুদ্ধ; অবলম্বন; বিজ্ঞান; বিশেষ; গতি; আলস্য; পালন; উপসর্গবিশেষ, অস্যার্থ যথা।—বিশেষ, বৈরূপ্য, নঞর্থ, গতি, দান; (পুং. স্ত্রী.) পক্ষী, খগ।

বিআজ, (হি) বিলম্ব; টাকার বৃদ্ধি, ফাও।

বিউনী, (প্রা) বেণী, বেশবন্ধন বিশেষ।

বিউলী, (প্রা) নিস্তুকূ কলাই, দাইল।

বিংশ, ত্রি. [বিংশ+অ] বিংশতির পূরণ, বিশত্রি, বিংশতিতম। [বিশ।

বিংশক, ত্রি. [বিংশতি+ক] বিংশতি, কুড়ী,

বিংশতি, স্ত্রী. [বিংশ+তি] সংখ্যাবিশেষ, বিশ, কুড়ি, তদ্বাচক যথা।—রাবণবাহু, অঙ্গুলি, নখ।

বিংশতিক, ত্রি. [বিংশতি+ক] বিংশতি যোগ্য।

বিংশতিতম, ত্রি. [বিংশতি+তম] বিংশ, বিংশতিরপূরণ, বিশত্রি।

বিংশী, পুং. [বিংশতি+ঈ] বিংশতি, বিশ, কুড়ি।

বিঁধ, (প্রা) ছিদ্র, রন্ধ্র, ছেদা, গর্ত্ত।

বিঁধন, (প্রা) ছিদ্রকরণ, বেঁধন।

বিক, ন. [বি+ক] সদ্যপ্রসূতা গাভীর দুগ্ধ।

বিকঙ্কট, পুং. [বিকং+কট] গোক্ষুর, গোক্ষুরীলতা।

বিকঙ্কত, পুং. [বিক+কত] বৃক্ষবিশেষ, বদরীসদৃশ সূক্ষ্ম ফলবৃক্ষ, বঁইচগাছ,

তৎপর্য্যায়।—স্বাদুকণ্টক, স্রুবাবৃক্ষ, গ্রন্থিল, ব্যাঘ্রপাৎ, স্রুগ্দারু, মধুপর্ণী, কণ্টপাদ, বহুফল, গোপঘোণ্টা, স্রুবাদ্রুম, মৃদুফল, দন্তকাষ্ঠ, যজ্ঞীয়ব্রহ্মপাদপ, পিণ্ডার, হিমক, পূত, কিঙ্কিনী, বৈকঙ্কত, বুভিঙ্কর, কণ্টকারী, কিঙ্কিরী, স্রুগদারু।

বিকঙ্কতা, স্ত্রী. [বিকং+কত-আ] অতিবলা।

বিকচ, পুং. [বি+কচ] ক্ষপণ, রাক্ষস; কেতুগ্রহ; (ত্রি.) বিকসিত,প্রফুল্ল; কেশশূন্য, মুণ্ডিত।

বিকচা, স্ত্রী. [বি+কচ-আ] মহাশ্রাবণিকা।

বিকচ্ছ, ত্রি. [বি+কচ্ছ] কচ্ছরহিত, মুক্তকচ্ছ, কাছাহীন।

বিকট, পুং. [বি+কট] বিস্ফোটক, বিষফোড়া; (ত্রি.) বিশাল, ভয়ানক; বিকরাল; সুন্দর; দন্তুর, বৃহদ্দন্তযুক্ত; বিকৃত।

বিকটা, স্ত্রী. [বি+কট-আ] মায়াদেবী, বৌদ্ধদেবীবিশেষ,তৎপর্য্যায়।—মারীচী, ত্রিমুখা, বজ্রকালিকা, বজ্রবারাহী, গৌরী, পোত্রিরথা। [আকার।

বিকটাকার, পুং. বিকটমূর্ত্তি, ভয়ানক

বিকণ্টক, পুং. [বি+কণ্ট ক] যবস, যাস; বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—মৃদুফল, গ্রন্থিল, স্বাদুকণ্টক, গোকণ্টক, কাকনাস, ব্যাঘ্রপাদ, ঘনদ্রুম, গর্জাফল, ঘনফল, মেঘস্তনিতোদ্ভব, মুদিরফল, প্রাবৃষা, হাস্যফল, স্তনিতফল।

বিকত্থন, ন. [বি+কত্থন] মিথ্যাশ্লাঘা, বৃথা গর্ব্ব

বিকন, (গ্রা) বিক্রয়, বেচন।

বিকম্পিত, ত্রি. [বি+কম্প-ইত] বিশেষরূপে কম্পনবিশিষ্ট, প্রকম্পিত, অতিশয় আন্দোলিত। [আময়।

বিকর, পুং. [বি+কর] রোগ, পীড়া, ব্যাধি,

বিকরাল, ত্রি. [বি+করাল] ভয়ানক,বিকট।

বিকর্ণ, পুং. [বি+কর্ণ] দুর্য্যোধনপক্ষীয় শূরবিশেষ; যোদ্ধাবিশেষ; (ত্রি.) কর্ণহীন।

বিকর্ণিক, পুং. [বি+কর্ণ-ইক] দেশবিশেষ, সারস্বত দেশ।

বিকর্ত্তন, পুং. [বি+কৃৎ-অন] সূর্য্য; অর্কবৃক্ষ, আকন্দগাছ।

বিকর্ম্মকৃৎ, ত্রি. [বি+কর্ম্ম-কৃৎ] নিষিদ্ধ কর্ম্মকারী, বিরুদ্ধকর্ম্মকারী, প্রতিষিদ্ধাচারী।

বিকর্ম্মস্থ, ত্রি. [বি+কর্ম্ম+স্থা-অ] নিষিদ্ধকৃৎ বিরুদ্ধকর্ম্মকর্ত্তা। [বিশিখ।

বিকর্ষ, পুং. [বি+কৃষ-অ] বাণ, ইষু, শর,

বিকর্ষণ, ন. [বি+কৃষ-অন] আকর্ষণ, টানন; করসংযোগ সহিত নিঃক্ষেপ করণ।

বিকল, ত্রি. [বি+কল] বিহ্বল; স্বভাব হীন, অপ্রকৃতিস্থ।

বিকলপাণিক, পুং. [বি+কল+পাণি-ক] স্বভাবহীন পাণিযুক্ত, অপ্রকৃতিস্থ হস্তযুক্ত, বিকৃতহস্ত, মুলা।

বিকলা, স্ত্রী. [বি+কল-আ] ঋতুহীনাস্ত্রী; অবশা; বিহ্বলা।

বিকলাঙ্গ, ত্রি. [বিকল+অঙ্গ] স্বভাবতঃ ন্যূনাঙ্গ, খঞ্জ প্রভৃতি, তৎপর্য্যায়।—অপোগণ্ড, পোগণ্ড, অঙ্গহীনক।

বিকলী, স্ত্রী. [বি+কল-ঈ] ঋতুহীনাস্ত্রী, বিরজঃ।

বিকলেন্দ্রিয়, ত্রি. [বিকল+ইন্দ্রিয়] অবশ হস্তপদাদি, ইন্দ্রিয় হীন।

বিকল্প, পুং. [বি+কল্প] ভ্রান্তি, সংশয়, সন্দেহ; কল্পন; বিবিধকল্প, তদ্বিবিধ যথা।—ব্যবস্থিত, ঐচ্ছিক; পক্ষান্তর কল্পনা। [করণ।

বিকল্পন, ন. বিবিধকল্পনা, করণ, সংশয়-

বিকল্পিত ত্রি. [বি+কৢপ-ত] বিকল্পযুক্ত, সন্দেহান্বিত, সন্দিগ্ধ; অনিয়ত।

বিকশন, ত্রি. [বি+কশ্+অৎ] প্রকাশন, ফুটন, প্রস্ফুটিত হওন, প্রফুল্ল হওন

বিকশিত, ত্রি. [বি+কশ্+ইত] প্রস্ফুটিত, প্রকাশিত।

বিকশ্বর, ত্রি. [বি+কশ্বর] বিকাসী, প্রকাশশীল, বিকাশবিশিষ্ট

বিকষা, স্ত্রী. [বি+কষ-আ] মঞ্জিষ্ঠালতা; মাংসরোহিণী।

বিকস্বর, ত্রি. [বি+কষ-বর] বিকস্বর, বিকাশী, প্রকাশবিশিষ্ট।

বিকস, পুং. [বি+কস] চন্দ্র, বিধু, শশী, নিশাকর; উৎফুল্ল।

বিকসা স্ত্রী. [বি+কস-আ] মঞ্জিষ্ঠালতা।

বিকসিত, ত্রি. [বি+কস-ইত] দলেরপরস্পর বিশ্লেষ, প্রকাশিত, তৎপর্য্যায়।—উজ্জৃম্ভিত, উজ্জৃম্ভ, স্মিত, উন্মিষিত, বিনিদ্র, উন্নিদ্র, উন্মীলিত, বিজৃম্ভিত, উদ্বুদ্ধ, উদ্ভিদুর, ভিন্ন, উদ্ভিন্ন, হসিত, বিকস্বর, বিকচ, ব্যাকোষ, ফুল্ল, সংফুল্ল, স্ফুট, উদিত, দলিত, দীর্ণ, স্ফুটিত, উৎফুল্ল, প্রফুল্ল।

বিকস্বর, ত্রি. [বি+কস-বর] বিকাসশীল, তৎপর্য্যায়।—বিকাসী। [র্ণবা।

বিকস্বরা, স্ত্রী. [বি+কস+বর-আ] রক্তপুনর্ণবা।

বিকান, (প্রা) বিক্রয় হওন, বিক্রীত।

বিকার, পুং. [বি+কৃ-অ] প্রকৃতির অন্যথাভাব, তৎপর্য্যায়।—পরিণাম, বিকৃতি, বিক্রিয়া, বিকৃতা; রোগ; মন্দ।

বিকারঘ্ন, পুং. [বিকার+হন্] বিকারনাশক।

বিকাররহিত, ত্রি. [বিকার+রহিত] নির্ব্বিকার, মনের অন্যথাভাব শূন্য।

বিকাররাহিত্য, ত্রি. [বিকার+রহিত-ষ]মনের অন্যথাভাব শূন্যত্ব, নির্ব্বিকারতা।

বিকাররোগ, (প্রা) ব্যাধিবিশেষ।

বিকারী, পুং. [বিকার+ইন্] বিকৃতিকারক; বিকারবিশিষ্ট রোগী। [বিকারস্থ।

বিকার্য্য, ত্রি. [বিকার+ষ] বিক্রিয়ার যোগ্য, বিকাল, পুং. [বি+কাল] দৈব পৈত্রাদি কর্ম্মের বিরুদ্ধকাল, বৈকাল, তৎপর্য্যায়। সায়, সায়ং, সায়ন্তন, দিনান্ত, সায়াহ্ণ, উৎসব, বিকালক। [বৈকাল।

বিকালক, পুং. [বি+কাল-ক] বিকাল,

বিকালিকা, স্ত্রী. [বি+কাল+ইক-আ] মানরন্ধ্র, তাম্রী, ঝাঁঝী।

বিকাশ, পুং. [বি+কাশ] রহঃ, নির্জ্জন; প্রকাশ, ব্যক্ত; বিকশ; বিকচ; উৎফুল্ল।

বিকাশন, ন. [বি+কাশ-অন] বিকাশ,বিকাশন, প্রস্ফুটন।

বিকাশিত, ত্রি. [বি+কশ্+ইত] প্রকাশিত, প্রস্ফুটিত, প্রফুল্লিত।

বিকাশী, ত্রি. [বি+কাশ-ইন] বিকাসশীল, প্রকাশবিশিষ্ট।

বিকাষী, ত্রি. [বি+কাষ-ইন্] বিকাসশীল, প্রকাশবিশিষ্ট।

বিকাসী, ত্রি. [বি+কাস-ইন্] বিকস্বর, বিকাশশীল, প্রকাশবিশিষ্ট।

বিকির, পুং. [বি+কির] পক্ষী; কূপ; পূজাকালীন বিঘ্নোৎসারণার্থ ক্ষেপণীয় সর্ষপ তণ্ডুলাদি; অগ্নিদগ্ধাদির পিণ্ডদান।

বিকী, (প্রা) বিক্রয়, বেচা।

বিকীকিনী, (প্রা) ক্রয় বিক্রয়, বেচাকেনা।

বিকীরণ, ন. [বি+কৃ-অন] বিক্ষেপণ, বিস্তীর্ণতা, বিক্ষিপ্তহওন; বিহিংসন; বিজ্ঞান; (পুং.) অর্কবৃক্ষ, আকন্দগাছ।

বিকীর্ণ, ত্রি. [বি+কৃ-ত] বিক্ষিপ্ত, ছড়ান।

বিকীর্ণতা, (প্রা) বিস্তীর্ণতা, ছড়ান।

বিকীর্ণরোম, ন. [বি+কীর্ণ-রোমন্] স্থৌণেয়, গ্রন্থিপর্ণনামক গন্ধদ্রব্য; গাঁঠিয়ালা।

বিকীর্ণসংজ্ঞ, ন. [বি+কীর্ণ-সংজ্ঞ] স্থৌণেয়, গ্রন্থিপর্ণনামক গন্ধদ্রব্য, গাঁঠিয়ালা।

বিকীর্য্য, ব্য. [বি+কৃপ্+ত] বিক্ষিপ্তহওনের যোগ্য।

বিকুর্ব্বাণ, ত্রি. [বি+কৃ-আন] হর্ষমাণ।

বিকুস্র, পুং. [বি+কুস্র] চন্দ্র, বিধু, নিশাকর।

বিকুক্ষি, পুং. [বি+কুক্ষি] ইক্ষ্বাকু রাজপুত্র।

বিকুণিকা, স্ত্রী. [বি+কুণিক-আ] নাসিকা, নাসা, নাক।

বিকৃত, ত্রি. [বি+কৃ-ত] বীভৎস; পীড়িত; অসংস্কৃত; (ন.) বিকার, স্বভাবের অন্যথা ভাব প্রাপ্ত, বিকারবিশিষ্ট।

বিকৃতি, স্ত্রী. [বি+কৃ-তি] বিকার, স্বভাবের অন্যথাভাব প্রাপ্ত।

বিকৃতী, স্ত্রী. [বি+কৃতি-ঈ] রোগ; ভিন্ন; বিকার; মদ্যাদি।

বিকৃষ্ট, ত্রি. [বি+কৃষ-ত] বিশেষরূপে কর্ষিত, আকৃষ্ট। [কাল।

বিকৃষ্টকাল, পুং. [বি+কৃষ্ট+কাল] চির-

বিক্লৃপ্ত, ন. [বি+ক্লৃপ্-ত] নানাপ্রকার, বহুবিধ, বহুরূপ রচিত।

বিকেশী, স্ত্রী. [বি+কেশ-ঈ] পটবর্ত্তি; কেশবর্জিতাস্ত্রী; মহীরুহ; শিবপত্নী।

বিকোক, পুং. [বি+কোক] বৃকাসুর পুত্র।

বিকোষ, ত্রি. [বি+কোষ] কোষরহিত, নিষ্কোষ।

বিক্ক, পুং. [বিক্+ক] করিশাবক, করভ, হস্তি শিশু।

বিক্রম, পুং. [বি+ক্রম] বিষ্ণু; শৌর্য্যাতিশয়, অতিশয় বল, তৎপর্য্যায়।—অতিশক্তিতা; ক্রান্তিমাত্র; বিক্রমাদিত্যরাজা; চরণ; শক্তি; প্রভবাদি ষষ্টিসম্বৎসরান্তর্গত চতুর্দ্দশবর্ষ; পাদসঞ্চালনশক্তিমান।

বিক্রমরহিত, পুং. [বিক্রম+রহিত] পরাক্রম শূন্য, শক্তিরহিত, দুর্ব্বল।

বিক্রমাদিত্য, পুং. [বিক্রম+আদিত্য] স্বনামখ্যাত রাজা, উজ্জয়নীদেশাধিপতি, সম্বৎনামে শক কর্ত্তা, তৎপর্য্যায়।—সাহসাঙ্ক, শকারি।

বিক্রমার্ক, পুং. [বিক্রম+অর্ক] বিক্রমাদিত্য রাজা, উজ্জয়িনীদেশাধিপতি।

বিক্রমী, পুং. [বি+ক্রম-ইন্] সিংহ; বিষ্ণু; (ত্রি.) অতি শক্তিবিশিষ্ট।

বিক্রয়, পুং. [বি+ক্রী-অ] বিক্রয়ণ ক্রিয়া, বিক্রয়করণ, বেচা, তৎপর্য্যায়।—বিপণ, বিপণন, পণন, ব্যবহার, পণায়া।

বিক্রয়ণ, ন. [বিক্রয়-ইক] বিক্রয়, মূল্য গ্রহণপূর্ব্বক স্বত্বত্যাগ, বেচা।

বিক্রয়ণীয়, ন. [বিক্রয়ণ+ঈয়] বিক্রয়ার্হ, বিক্রেয়, বিক্রয়োপযুক্ত, বেচিবারযোগ্য

বিক্রয়িক, পুং. [বি+ক্রী-ইন্-ক] বিক্রেতা, বিক্রয়ী, বিক্রয়কর্ত্তা।

বিক্রয়ী, ত্রি. [বি+ক্রয়-ইন্] বিক্রয়কর্ত্তা, বিক্রেতা।

বিক্রান্ত, ন. [বি+ক্রম-ত] বৈক্রান্তমণি; (পুং.) শূর, বলী; সিংহ।

বিক্রান্তি, স্ত্রী. [বি+ক্রম-তি] অশ্বগতি, তৎপর্য্যায়।—পুলায়িত; বিক্রম।

বিক্রায়িক, পুং. [বি+ক্রী-ইক] বিক্রেতা, বিক্রয়কারক।

বিক্রিয়া, স্ত্রী. [বি+ক্রিয়া] বিকার, বিকৃতি, স্বভাবের অন্যথাভাব।

বিক্রী, (প্রা) বিকা, বেচা, মূল্য লইয়া স্বত্ব ত্যাগ করা।

বিক্রীড়িত, পুং. [বিক্রীড়+ইত] কৃতক্রীড়, বিলসিতক্রীড়াবৎ পুরুষ।

বিক্রীত, ত্রি. [বি+ক্রী-ত] কৃত বিক্রয়, বেচা, বিক্রয়করা।

বিক্রুষ্ট, ত্রি. [বি+ক্রুশ্-ত] নিষ্ঠুর, নির্দ্দয়, নৃশংস, নির্ম্মায়, দুরাত্মা; রব; রববিশিষ্ট

বিক্রেতা, ত্রি. [বি+ক্রী-তৃ] বিক্রয়কর্ত্তা, তৎপর্য্যায়।-বিক্রয়িক, বিক্রয়ী, বিক্রায়িক।

বিক্রেয়, ত্রি. [বি+ক্রী-এয়] বিক্রয়যোগ্য দ্রব্য, বেচিবার উপযুক্ত, তৎপর্য্যায়।—পণিতব্য, পণ্য।

বিক্রোশন, ন. [বি+ক্রুশ্+অন] নিন্দা, ভৎর্সন; আহ্বান; শব্দবান্।

বিক্রোষ্টা, ত্রি. [বি+ক্রুশ্-তৃ] আক্রোশ, কুৎসবাদী।

বিক্লব, ত্রি. [বি+ক্লব] বিহ্বল, বিকল, জ্ঞানশূন্য। [অবসন্ন।

বিক্লান্ত, ত্রি. [বি+ক্লান্ত] শ্রান্ত, শ্রমযুক্ত,

বিক্লিন্ন, ত্রি. [বি+ক্লিদ-ত] জরাদ্বারা জীর্ণ; শীর্ণ; আর্দ্র, ভিজা; শুষ্ক; ম্লান।

বিক্লেদ, ত্রি. [বিক্লেদ+অ] আর্দ্রতা; ক্লেদ, পূঁষ, রসানি। [ছিদ্ররহিত।

বিখ, ত্রি. [বি+খ] গতনাসিক, বিখু, খাঁদা;

বিখনাঃ, পুং. [বি+খনস্] ব্রহ্মা, বিধাতা, প্রজাপতি, ধাতা। [অনন্বিত।

বিখারা, স্ত্রী. [বি+খার-আ] স্বরের অমিলন;

বিখাসা, স্ত্রী. বিখাস+আ] জিহ্বা।

বিখু, ত্রি. [বি+খ-উ] গতনাসিক, নাসিকাহীন, খাঁদা।

বিখুর, পুং. [বি+খুর] রাক্ষস, নিশাচর; চৌর, তস্কর। [হীন, খাঁদা।

বিখ্য, ত্রি. [বি+খ-য] গতনাসিক, নাসিকা-

বিখ্যাত, ত্রি. [বি+খ্যা-ত] খ্যাতাপন্ন, প্রসিদ্ধ।
বিখ্যাতি, স্ত্রী. [বি+খ্যা-তি] প্রসিদ্ধি, সুখ্যাতি, যশঃ।
বিখ্যাপন, ন. [বি+খ্যা-অন] ব্যাখ্যান, সুখ্যাতিকরণ।
বিখ্র, ত্রি. [বি+খ-র] গতনাসিক, অনাসিক; ছিন্ননাসিক; চন্দ্র।
বিখু, ত্রি. [বি+খু-উ] অনাসিক, নাসিকাহীন; ছিন্ননাসিক; চন্দ্র।
বিগড়ন, (প্রা) বিকৃতিহওন, মন্দহওন, নষ্টহওয়া।
বিগড়ামী, (প্রা) বিনাশক, বিকৃতহওন।
বিগণ, (প্রা) শত্রু, রিপু, বিপক্ষ, অরি।
বিগণন, ন. [বি+গণন] ঋণমুক্তি, ঋণমোচন, ঋণশোধন, ধারশোধন; গণনাকরণ।
বিগত, ত্রি. [বি+গত] প্রভারহিত, তৎপর্য্যায়।—নিষ্প্রভ, অরোক, বীত, বিশেষে গত, অতীত
বিগতশ্রীক, ত্রি. [বিগত+শ্রীক] শ্রীরহিত, শ্রীহীন, কদাকার, ভ্রষ্টশ্রীক।
বিগতকল্মষ, ত্রি. [বিগত+কল্মষ] নিষ্পাপ, কলঙ্করহিত।
বিগতজ্বর, ত্রি. [বিগত+জ্বর] জ্বরশূন্য, নির্ব্ব্যাধি; চিন্তারহিত।
বিগতরাগ, ত্রি. [বিগত+রাগ] রাগশূন্য।
বিগতার্ত্তবা, স্ত্রী. [বিগত+আর্ত্তব-আ] পঞ্চপঞ্চাশদ্বর্ষের ঊর্দ্ধ নিবৃত্ত রজস্কাস্ত্রী, তৎপর্য্যায়।—নিষ্কলী, নিষ্কলা, নিষ্কলী, নিষ্কলা. বিকলী, বিকলা।
বিগন্তব্য, ত্রি. [বি+গম+তব্য] পৃথক্করণীয়, ত্যাগকরণোপযুক্ত; অপগম্য।
বিগন্ধক, পুং. [বি+গন্ধক] বৃক্ষবিশেষ, ইঙ্গুদীবৃক্ষ; জিয়াপুতা।
বিগন্ধিকা, স্ত্রী. [বি+গন্ধ+ইক-আ] হপুষা।
বিগম, পুং. [বি+গম-অ] নাশ, অপগম; অন্তর্ধান; বিচ্ছেদ
বিগর, পুং. [বি+গর] বায়ুভক্ষণ করিয়া যিনি জীবনধারণ করেন; উলঙ্গমনুষ্য; পর্ব্বত।
বিগর্হণ, ন. [বি+গর্হ-অন] নিন্দন, ভৎর্সন, তিরস্কার।
বিগর্হণা, স্ত্রী. [বিগর্হণ+আ] নিন্দা, কুৎসা, তিরস্কার।
বিগর্হিত, ত্রি. [বি+গর্হ-ইত] নিন্দিত, কুৎসিত; নিষিদ্ধ
বিগর্হিতব্য, ত্রি. [বি+গর্হ+ইতব্য] বিগর্হণীয়, ঘৃণ্য, দুষ্য। [ক্ষরিত।
বিগলিত, ত্রি.[বি+গল-ইত] স্খলিত, পতিত,
বিগাঢ়, ত্রি. [বি+গাহ-ত] স্নাত, অবগাহিত; (প্রা) ঘন; অতিশয়। [যশঃ।
বিগান, ন. [বি+গান] নিন্দা, ভৎর্সন, অপ-
বিগামী, ত্রি. [বি+গামিন্] প্রস্থানকারী, গমনোদ্যত।
বিগাহ, পুং. [বি+গাহ] অবগাহন, জলমজ্জন। [অবগাহন।
বিগাহন, ক্রি. [বি+গহ+অন] বিলোড়ন;
বিগাহমান, ত্রি. [বি+গাহ-আন] বিলোড়নকর্ত্তা, অবগাহনকর্ত্তা।
বিগীত, ত্রি. [বি+গী+ত] তিরস্কৃত, নিন্দিত, ভৎর্সিত, গর্হিত।
বিগুণ, পুং. [বি+গুণ] গুণবৈপরীত্য বিশিষ্ট; গুণহীন; অকর্ম্মণ্য; অনুপকারী।
বিগূঢ়, ত্রি. [বি+গুহ-ত] গর্হিত, নিন্দিত; গুপ্ত।
বিগৃহীত, ত্রি. [বি+গ্রহ-ইত] বিরোধী, বারিত; যুদ্ধে সমাগত।
বিগোছ, (প্রা) বিশৃঙ্খল, শৃঙ্খলাশূন্য।
বিগ্র, ত্রি. [বি+গ্র] গতনাসিক, নাসিকাহীন, খাঁদা।
বিগ্রহ, পুং. [বি+গ্রহ] শরীর, মূর্ত্তি, দেহ; যুদ্ধ; বিস্তার; বিভাগ; বাক্যবিশেষ, সমাসবাক্য, তৎপর্য্যায়।—বিস্তর; দেবমূর্ত্তিবিশেষ; (পুং. ন.) যুদ্ধ, সমর।
বিগ্রহাবর, ন. [বিগ্রহ+অবর] পৃষ্ঠ, পীঠ, দেহের পশ্চাৎ ভাগ।
বিঘটন, ন. [বি+ঘটন] মন্দঘটনা; আপদ্, বিপত্তি; মন্দ।
বিঘটিকা, স্ত্রী. [বি+ঘটিকা] পল, দণ্ডের ষষ্টিভাগের একভাগ।

বিঘটিত, ত্রি. [বি+ঘটিত] আপদযুক্ত; হঠাৎ উৎপাতগ্রস্ত; উপস্থিত; মন্দ।

বিঘট্টন, ন. [বি+ঘট্ট+অন] ঘর্ষণ; আঘাত অপরাধ।

বিঘট্টিত,ত্রি.[বি+ঘট্ট-ইত] বিশেষে চালিত; ঘর্ষিত; অপরাধিত; (প্রা) কৃত; মন্দ।

বিঘত, (প্রা) দ্বাদশাঙ্গুলি পরিমাণ, অর্দ্ধহস্ত।

বিঘস, ন. [বি+ঘস] শিকৃথক, মোম; (পুং.) ভোজন শেষ, ভুক্তাবশেষ, উচ্ছিষ্ট; দেব পিতৃ অতিথি গুর্ব্বাদিভুক্তাবশেষ আহার। [বিশকাঠা।

বিঘা, (প্রা) ভূমির পরিমাণবিশেষ. কুড়া,

বিঘাত, পুং. ন. [বি+হন-অ] ব্যাঘাত, আঘাত; আপদ্।

বিঘাতক, ত্রি. [বি+ঘাতক] ধ্বংশক, নাশক; ব্যাঘাতকারক।

বিঘাতন, ত্রি. ত্রি. [বি+ঘাতন] আঘাতকরণ; হিংসাকরণ; নিবারণ; বাধাদেওন।

বিঘাতী, ত্রি. [বি+ঘাত-ইন্] নিবারক; ঘাতক, নাশক।

বিঘুষ্ট,ত্রি. [বি+ঘুষ্ট] ঘোষিত, প্রচারিত।

বিঘূর্ণন, ন. [বি+ঘূর্ণন] আঘূর্ণন, আবর্ত্তন; ঘুরিয়াবেড়ান।

বিঘূর্ণিত, ত্রি. [বিঘূর্ণ+ইত] ঘুরাণ, আবর্ত্তিত, ঘূর্ণিত।

বিঘোষণ, ন, [বি+ঘোষণ] প্রকাশন।

বিঘ্ন, পুং. [বি+হন-ত] ব্যাঘাত, তৎপর্য্যায়।—অন্তরায়, প্রত্যূহ, বিগ্ন; কৃষ্ণ পাককলা; উপদ্রব; ক্ষতি; আঘাত।

বিঘ্নকারী, ত্রি. [বিঘ্ন+কারিন্] ঘোরদর্শন; বিঘাতী, প্রতিবন্ধক, বাধক, বিঘ্নকারক, ব্যাঘাতকারক। [কারী।

বিঘ্নদ, ত্রি. [বিঘ্ন+দা] বিঘ্নদাতা, ব্যাঘাত-

বিঘ্ননায়ক, পুং. [বিঘ্ন+নায়ক] গণেশ, হেরম্ব, লম্বোদর, গণপতি।

বিঘ্ননাশন, পুং. [বিঘ্ন+নাশন] গণেশ, হেরম্ব; ব্যাঘাত নাশকর্ত্তা; প্রতিবন্ধক দূরীকর্ত্তা।

বিঘ্ননাশক, পুং. [বিঘ্ন+নাশক] গণেশ, গজানন, গণপতি; প্রতিবন্ধক নাশকর্ত্তা

বিঘ্নবিনায়ক, পুং. [বিঘ্ন+বিনায়ক] গণেশ, গজানন। [পতি।

বিঘ্নরাজ, পুং. [বিঘ্ন+রাজ] গণেশ, গণ-

বিঘ্নহারী, পুং. [বিঘ্ন+হরিন্] গণেশ, গণপতি, গজানন; (ত্রি.) বিঘ্ননাশক।

বিঘ্নিত, ত্রি. [বিঘ্ন+ইত] জাতবিঘ্ন; নষ্ট।

বিঘ্নেশ, পুং. [বিঘ্ন+ঈশ] গণেশ, গজানন, গণপতি।

বিঘ্নেশবাহন, পুং. [বিঘ্নেশ+বাহন] মহামূষক বৃহৎ ইন্দুর।

বিঘ্নেশানকান্তা, স্ত্রী. [বিঘ্ন+ঈশান+কান্তা] শ্বেতদূর্ব্বা; পুষ্টি।

বিঘ্রাণ, পুং. [বি+ঘ্রাণ] আঘ্রাণ, গন্ধগ্রহণ, বাসলওন; (ত্রি.) ঘ্রাণগ্রহণতাহীন।

বিঙ্খ, পুং. [বি+নখ+অ] অশ্বখুর, ঘোটকের খুর।

বিচকিল, পুং. [বিচক+ইল] মল্লীবিশেষ; মদনবৃক্ষ, ময়নাগাছ।

বিচয়, পুং, [বি+চি-অ] অনুসন্ধান।

বিচয়ন, ন. [বি+চি-অন] মার্গণ, অন্বেষণ, অনুসন্ধান।

বিচর্চ্চিকা, স্ত্রী. [বি+চর্চ্চিকা] রোগবিশেষ, বিকচ, তৎপর্য্যায়।—কচ্ছু, পাম, পামা, কচ্ছু; স্বল্প কুষ্ঠবিশেষ; পাদরোগ বিশেষ, চুলকানা।

বিচল, ত্রি. [বি+চল] অস্থির; অন্যথাচরণ; অহংকৃত।

বিচলন, ন. [বি+চলন] স্খলন, চ্যুত; অহঙ্কার; ভিন্ন।

বিচলিত, ত্রি. [বি+চলিত] স্খলিত, পতিত, চ্যুত; অস্থির, চঞ্চল।

বিচলী, স্ত্রী. [বিচল+ঈ] তৃণবিশেষ, শুষ্ক ধানের ডাঁটা, খড়।

বিচক্ষণ, পুং. [বি+চক্ষ-অন] পণ্ডিত; (ত্রি.) নিপুণ।

বিচক্ষণা, স্ত্রী. [বিচক্ষণ+আ] নাগদন্তী বৃক্ষ; নিপুণাস্ত্রী।

বিচক্ষুঃ, ত্রি. [বি+চক্ষুস্] বিমনাঃ, অন্যমনস্ক, (ত্রি.) বিগত চক্ষুঃ, নষ্টচক্ষুঃ, গতনয়ন।

বিচাড়, (প্রা) বীজক্ষেত্র, বীজরক্ষণের খেত।

বিচার, পুং. [বি+চর-অ] তত্ত্বনির্ণয়; ন্যায়; সন্দিগ্ধবিষয়ে প্রমাণদ্বারা তত্ত্ব পরীক্ষা, তৎপর্য্যায়।—তর্ক, নির্ণয়, শুশ্রূষা, চর্চ্চা, সংখ্যা, বিচারণা, চর্চ্চন, সংখ্যান, বিচারণ, বিতর্ক, ব্যূহ, বূহ, উহ, বিতর্কণ, প্রণিধান, সমাধান।

বিচারক, ত্রি. [বিচর+অক] বিচারকর্ত্তা, মীমাংসাকারক; বিবেচক।

বিচারকর্ত্তা, পুং. [বিচার+কর্ত্তৃ] বিচারক, মীমাংসাকারক।

বিচারণ, ন. [বি+চারণ] বিচার, তত্ত্বনির্ণয়।

বিচারণা, স্ত্রী. [বি+চারণ-আ] বিচার, বিবেচনা; মীমাংসা শাস্ত্র।

বিচারণীয়, ত্রি. [বি+চার-অনীয়] বিচার্য্য, বিচার যোগ্য, বিবেচনার্হ; শাস্ত্র।

বিচারভূ, স্ত্রী. [বিচার+ভূ] যমের বিচার ভূমি; বিচারস্থান, আদালত।

বিচারসূত্র, ন. [বিচার+সূত্র] ব্যবস্থা, বিচারলক্ষণ; বিতর্কারম্ভ; বিচারের কারণ।

বিচারানর্হ, ত্রি. [বিচার+অনর্হ] বিচারযোগ্য, বিবেচনানুপযুক্ত।

বিচারিত, ত্রি. [বি+চার-ইত] কৃতবিচার, তৎপর্য্যায়।—বিন্ন, বিত্ত; বিবেচিত, বিতর্কিত; নির্ণীত। [কারী।

বিচারী, ত্রি. [বিচার+ইন্] বিচারকর্ত্তা, তর্ক-

বিচার্য্য, ত্রি. [বি+চার-য] বিচারিতব্য, বিচারণীয়, বিবেচনার্হ; তর্কযোগ্য।

বিচাল, ত্রি. [বি+চল-অ] অভ্যন্তর, অন্তরাল, মধ্যভাগ।

বিচালিত, ত্রি. [বিচল+ইত] বিগত, স্থানচ্যুত করণ; আন্দোলিত; নড়ান।

বিচালী, (প্রা) শুষ্কধান্য তৃণ, নাড়া, খড়।

বিচি, পুং. স্ত্রী. [বি+চি] বীচী, তরঙ্গ, ঢেউ; (প্রা) বীজ, দানা; মুষ্ক, অণ্ডকোষ।

বিচিকিৎসা, স্ত্রী. [বি+কিৎস-আ] সন্দেহ, সংশয়; (ত্রি.) অচিকিৎসা, অপ্রতীকার; কদর্য্য, মন্দ।

বিচিত্র, ন. [বি+চিত্র] কর্ব্বূরবর্ণ; (ত্রি.) কর্ব্বুর বর্ণবিশিষ্ট; আশ্চার্য্য, বিস্ময়, চমৎকার; নানাবর্ণ।

বিচিত্রক, পুং. [বি+চিত্র-ক] ভূর্জবৃক্ষ, ভোজপাতের গাছ।

বিচিত্রদেহ, পুং. [বি+চিত্র-দেহ] মেঘ; (ত্রি.) আশ্চর্য্য শরীর; নানাবর্ণ দেহ।

বিচিত্রবীর্য্য, পুং. [বি+চিত্র-বীর্য্য] চন্দ্রবংশীয় রাজাবিশেষ, শান্তনু রাজার ঔরসে দাসকন্যার গর্ভজাত।

বিচিত্রবীর্য্যসূ, স্ত্রী. [বিচিত্রবর্য্য+সূ] সত্যবতী, ব্যাসদেবের মাতা।

বিচিত্রা, স্ত্রী. [বি+চিত্র-আ] মৃগের্ব্বারু।

বিচিত্রাঙ্গ, পুং. [বিচিত্র+অঙ্গ] ময়ূর; ব্যাঘ্র; (ত্রি.) আশ্চর্য্য শরীর।

বিচিত্রিত, ত্রি. [বিচিত্র+ইত] নানাবর্ণযুক্ত; চিত্রীকৃত।

বিচিন্তা, স্ত্রী. [বি+চিন্তা] ভাবনা, উদ্বেগ।

বিচিন্তিত, ত্রি. [বিচিন্তা+ইত] বিশেষভাবিত; কাতর্য্যান্বিত।

বিচী, স্ত্রী. [বি+চি-ঈ] তরঙ্গ, ঢেউ; (প্রা) মুষ্ক, অণ্ডকোষ।

বিচেতাঃ, ত্রি. [বি+চেতস্] বিগতচিত্ত, অন্যমনস্ক, তৎপর্য্যায়।—দুর্ম্মনাঃ, অন্তর্ম্মণাঃ, বিমনাঃ।

বিচেষ্টিত, ত্রি. [বি+চেষ্ট-ইত] বিগত; ঈহিত, অন্বেষিত; (প্রা) মন্দচেষ্টা, মন্দাচরণ।

বিচ্ছন্দক, পুং. [বি+চ্ছন্দ-ক] ঈশ্বর গৃহবিশেষ, দেবালয়বিশেষ; বিশিষ্টাভিপ্রায়; উপর্য্যুপরি গেহ।

বিচ্ছর্দ্দক, পুং. [বি+ছর্দ্দ-ক] বিচ্ছন্দক, ঈশ্বর গৃহবিশেষ, দেবালয়বিশেষ।

বিচ্ছায়, ন. [বি+চ্ছায়া] পক্ষীদিগের ছায়া; (ত্রি.) ছায়ারহিত; (পুং.) মণি।

বিচ্ছিত্তি, স্ত্রী. [বি+ছিদ্-তি] অঙ্গরাগ; বিচ্ছেদ; হারবিশেষ; ছেদ; বিনাশ; অঙ্গহার; গেহাবধি; আকল্পকল্পনা।

বিচ্ছিন্ন, ত্রি. [বি+ছিদ্-ন] সমালব্ধ; বিভক্ত; অসংলগ্ন, পৃথক্, বিরহিত, বিভিন্ন; কুটিল।

বিচ্ছু, (প্রা) ক্রীড়াবিশেষ; কর্কোটক, বিছা।

বিচ্ছেত্তব্য, (প্রা) বিচ্ছেদ্য, পৃথক্করণীয়, বিভিন্ন, ভগ্নশীল।

বিচ্ছেদ, পুং. [বি+ছিদ-অ] বিয়োগ, বিরহ; ভেদ, পার্থক্য, ভিন্নতা।

বিচ্যুত, ত্রি. [বি+চ্যুত] বিগত, স্খলিত, ভ্রষ্ট, পতিত; বিক্ষরিত।

বিচ্যুতি, স্ত্রী. [বি+চ্যুতি] বিয়োগ, বিশ্লেষ, বিচ্ছেদ, পার্থক্য।

বিছটী, (প্রা) লতাবিশেষ, বৃশ্চিকালীলতা।

বিছড়ান, (প্রা) বিক্ষেপণ, বিকীর্ণকরণ।

বিছা, (প্রা) অলি, বৃশ্চিক।

বিছান, (প্রা) বিস্তারণ; পাতন, বিকীর্ণকরণ।

বিছানা, (প্রা) শয্যা, আস্তরণ।

বিজন, ত্রি. [বি+জন] নির্জন, তৎপর্য্যায়।— বিবিক্ত, ছন্ন, নিঃশলাক, রহঃ, উপাংশু।

বিজনন, ন. [বি+জন-অন] প্রসব, গর্ভ্ভ-মোচন।

বিজন্মা, ত্রি. [বি+জন্মন্] উপপতি হইতে জাত, কুণ্ড, গোলক, জারজাত, জারজ; বিরুদ্ধজন্ম বিশিষ্ট।

বিজপিল, ন. [বিজ+পিল] পঙ্ক, পাঁক, কর্দ্দম, কাদা

বিজয়, পুং. [বি+জয়] জয়, জিতন; অর্জ্জুন; বৃত্তার্হৎপিতা; জিন; বলদেব; বিমান; যম; কল্কিপুত্র; ভৈরববংশীয় কল্প-রাজপুত্র, কাশীরাজ খাণ্ডববনকর্ত্তা; বিষ্ণুর অনুচরবিশেষ।

বিজয়কুঞ্জর, পুং. [বিজয়+কুঞ্জর] রাজ বাহ্য-হস্তী, রাজকীয় হস্তীবিশেষ

বিজয়চ্ছন্দ, পুং. [বিজয়+ছন্দ] পঞ্চশত মৌক্তিকহার, পাঁচশত মুক্তারহার

বিজয়নন্দন, পুং. [বিজয়+নন্দন] ইক্ষ্বাকু বংশজাত রাজাবিশেষ, তৎপর্য্যায়।— জয়; অভিমন্যু। [জয়প্রাপ্ত।

বিজয়প্রাপ্ত, পুং. [বিজয়+প্রাপ্ত] বিজয়লব্ধ,

বিজয়মর্দ্দল, পুং. [বিজয়+মর্দ্দল] ঢক্কা, ঢাক ঢক্ক

বিজয়া, স্ত্রী. [বি+জয়-আ] তিথিবিশেষ, বিজয়াদশমী; উমার সখী, গৌতমকন্যা; বিশ্বামিত্রের উপাসিত বিদ্যাবিশেষ; দুর্গা; যমভার্য্যা; হরীতকী; বচা, বচ; জয়ন্তীবৃক্ষ; শেফালিকা; মঞ্জিষ্ঠা; শমী-বিশেষ; অগ্নিমন্থবৃক্ষ; মাদক দ্রব্যবিশেষ, ভাঙ্, সিদ্ধি, তৎপর্য্যায়।—ত্রৈলোক্য-বিজয়া, ভঙ্গা, ইন্দ্রাশন, বীরপত্রা, গঞ্জা, চপলা, জয়া, অজয়া, আনন্দা, হর্ষিণী; অষ্টমহাদ্বাদশীর অন্তর্গতদ্বাদশীবিশেষ।

বিজয়াসপ্তমী, স্ত্রী. [বিজয়া+সপ্তমী] রবি-বারে শুক্লপক্ষীয়া সপ্তমী।

বিজয়িন, ত্রি. [বি+জয়িন্] বিজিল, ঈষৎ সরস ব্যঞ্জনাদি।

বিজয়ী, ত্রি. [বি+জয়িন্] জয়যুক্ত, জয়-প্রাপ্ত।

বিজয়োৎসব, পুং. [বিজয়া+উৎসব] আশ্বিন-মাসের শুক্লাদশমী বিহিত ভগবদুৎসব-বিশেষ। [বস্থা।

বিজর, ত্রি.[বি+জর] জরারহিত, অবার্দ্ধক্যা-

বিজল, ত্রি. [বি+জল] বিজিল, ঈষৎ সরস ব্যঞ্জনাদি; জলশূন্য, সলিলরহিত।

বিজলী, (প্রা) বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী

বিজলীচটক, (প্রা) বৃক্ষবিশেষ।

বিজল্প, পুং. [বি+জল্প] বাক্যবিশেষ; গল্প।

বিজাত, ত্রি. [বি+জাত] বিজন্মা, জারজ; বিষম উৎপন্ন।

বিজাতক, ত্রি. [বিজাত+ক] বিজন্মা, জারজ, জারজাত।

বিজাতা, স্ত্রী. [বি+জাত-আ] জাতাপত্যা, প্রজাতা, উৎপন্নপুত্রা, প্রসূতা, কৃত-প্রসবা, প্রসূতিকা।

বিজাতি, স্ত্রী. [বি+জাতি] ভিন্নজাতি; অন্য-জাতি; অন্যপ্রকার।

বিজাতীয়, ত্রি. [বি+জাতীয়] বিভিন্ন ধর্ম্মা-ক্রান্ত; বিশেষ জাতিবিশিষ্ট; অন্য-প্রকার; ইতর; অসম্ভব; অতিশয়, প্রকাণ্ড।

বিজিগীষ, ত্রি. [বি+জি+স-অ] জয়েচ্ছু, জয়াকাঙ্ক্ষী

বিজিগীষা, স্ত্রী. [বিজিগীষ+আ] স্বোদর পূরণাসক্তি নিমিত্তক নিন্দা ত্যাগেচ্ছা; ব্যবহার; কশ্চিৎ প্রকর্ষ; বিজয়েচ্ছা, বিজয়াকাঙ্ক্ষা।

বিজিগীষাবিবর্জ্জিত, ত্রি. [বিজিগীষা + বি-বর্জ্জিত] কেবল উদর পরায়ণ, তৎপর্য্যায়।—আদ্যূন, ঔদরিক; ব্যবহার বিহীন; স্বোদর পূরণাসক্তি নিমিত্তক নিন্দা ত্যাগেচ্ছারহিত।

বিজিগীষু, ত্রি. [বি+জি+স-উ] জয়েচ্ছাশীল, জয়েচ্ছু, জয়াকাঙ্ক্ষী, জয়ী হইতে অভিলাষী।

বিজিত, ত্রি. [বি+জি-ত] পরাজিত, পরাভূত, পরাস্ত।

বিজিতা, পুং. [বি+জি-তৃ] পৃথক্; ভীত; কম্পিত।

বিজিতি, স্ত্রী. [বি+জি-তি] বিজয়, জয়; পরাজয় পরাভব।

বিজিন, ত্রি. [বিজ + ইন] বিজিল, ঈষৎ সরস ব্যঞ্জনাদি।

বিজিল, ত্রি. [বিজ+ইল] ঈষৎ সরস ব্যঞ্জনাদি, তৎপর্য্যায়।—পিচ্ছিল, বিজয়িন, বিজিন, বিজ্জল, উজ্জ্বল, লালসীক, বিজিবিল, বিজল।

বিজিবিল, ত্রি. [বিজি+বিল] বিজিল, ঈষৎ সরস ব্যঞ্জনাদি।

বিজিহ্ম, ত্রি. [বি+জিহ্ম] বক্র, কুটিল, বাঁকা, অসরল।

বিজুল, পুং. [বিজ+উল] শাল্মলিকন্দ।

বিজৃম্ভণ, ন. [বি+জৃম্ভণ] জৃম্ভণ, হাই; বিকসন, প্রকাসন।

বিজৃম্ভিত, ন. [বিজৃম্ভ-ইত] চেষ্টা; (ত্রি.) বিকস্বর, বিকসিত, প্রকাশশীল; জৃম্ভাযুক্ত, হাইছাড়া।

বিজেতব্য, ত্রি. [বি+জি+তব্য] বিজয়করণ যোগ্য, জয়করণার্হ।

বিজেতা, ত্রি. [বি+জি-তৃ] জয়ী, জেতা, জয়কর্ত্তা।

বিজেয়, ত্রি. [বি+জি-য়] জয়করণার্হ, জয় যোগ্য।

বিজ্জল, ত্রি. [বিদ্+জল] বিজিল, ঈষৎ সরস-ব্যঞ্জনাদি; (ন.) শর, বাণ।

বিজ্জিল, ন. [বিদ্+জিল] বিজিল, ঈষৎ সরস ব্যঞ্জনাদি।

বিজ্জুল, ন. [বিদ্+জুল] ত্বচ, ছাল; চর্ম্ম।

বিজ্জুলিকা, স্ত্রী. [বিদ্+জুলিকা] জতুকা, জৌ, লা।

বিজ্ঞ, ত্রি. [বি+জ্ঞা-অ] প্রবীণ, নিপুণ; পণ্ডিত।

বিজ্ঞতম, ত্রি. [বিজ্ঞ+তম] অতিশয় বিবেচক, প্রবীণ।

বিজ্ঞতা, স্ত্রী. [বিজ্ঞ + তা] নিপুণতা, প্রবীণতা; পাণ্ডিত্য।

বিজ্ঞত্ব, ন. [বিজ্ঞ+ত্ব] বিজ্ঞতা, সুবোধ, পাণ্ডিত্য।

বিজ্ঞপ্তি, স্ত্রী. [বি+জ্ঞা-তি] সংবাদ দান, সমাচারদেওয়া; নিবেদন; বিজ্ঞাপন, জানান।

বিজ্ঞবুদ্ধি, স্ত্রী. [বিজ্ঞ+বুদ্ধি] জটামাংসী; নিপুণ মতি।

বিজ্ঞাত, ত্রি. [বি+জ্ঞা-ত] খ্যাত, বিশেষজ্ঞাত, অবগত, বিদিত।

বিজ্ঞাতা, পুং. [বিজ্ঞা + তৃ-অ] জ্ঞাতকারক, জ্ঞানপ্রাপ্ত; যে জানে।

বিজ্ঞান, ন. [বি+জ্ঞান] জ্ঞান, বিদ্যা, পাণ্ডিত্য; কর্ম্ম; কার্ম্মণ, শিল্পাদি শাস্ত্রজ্ঞান; ব্রাহ্মণের লক্ষণবিশেষ।

বিজ্ঞানপাদ, পুং. [বিজ্ঞান+পাদ] বেদব্যাস, দ্বৈপায়ন, সত্যবতীসুত।

বিজ্ঞানময়কোষ, পুং. [বিজ্ঞান+ময়+কোষ] শ্রোত্রাদি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের সহিত বুদ্ধি।

বিজ্ঞানমাতৃক, পুং. [বিজ্ঞান+মাতৃক] বুদ্ধ।

বিজ্ঞানিক, ত্রি. [বিজ্ঞান+ইক] জ্ঞানবিশিষ্ট; বিজ্ঞ।

বিজ্ঞাপন, ন. [বি+জ্ঞাপন] বোধন, জানান, বিদিতকরণ, বিজ্ঞপ্তি।

বিজ্ঞাপনা, স্ত্রী. [বিজ্ঞাপন+আ] প্রকাশকরণ, জ্ঞাপন করান। [বিজ্ঞাপ্য।

বিজ্ঞাপনীয়, ত্রি. [বি+জ্ঞা+অনীয়] প্রকাশ্য,

বিজ্ঞাপয়িতব্য, ত্রি. [বি + জ্ঞা + তব্য] বিজ্ঞাপনীয়, বিজ্ঞাপ্য, প্রকাশ্য।

বিজ্ঞাপ্তি, স্ত্রী. [বি+জ্ঞা-তি] বিজ্ঞাপন, বোধন, বিদিতকরণ, জানান।

বিজ্ঞেয়, ত্রি. [বি+জ্ঞা-য়] বিজ্ঞাতব্য, বিজ্ঞাপনীয়, প্রকাশ্য, বিজ্ঞাপ্য, জানিবারি যোগ্য বা উপযুক্ত।

বিজ্বামর, ন. [বিজ্ব+অমর] চক্ষুঃ শুক্লক্ষেত্র।

বিজ্বোলী, স্ত্রী. [বিজ্ব+ওল-ঈ] পঙক্তি, শ্রেণী, শারী।

বিট, পুং. [বিট+অ] বিড্ঙ্গ, লম্পট, কামুক, জার, উপপতি; কামুকানুচর; ধূর্ত্ত; কামতন্ত্রকলা কোবিদ; পর্ব্বতবিশেষ; লবণবিশেষ; খদিরবিশেষ, মুষিক, ইন্দুর; নারঙ্গবৃক্ষ।

বিটঙ্ক, পুং. ন. [বি+টঙ্ক] কপোতপালিকা; পায়রার খোপ; সৌধাদির সমীপ কাষ্ঠাদি রচিত গৃহ পক্ষী স্থান।

বিটঙ্কক, পুং. ন. [বি+টঙ্ক-ক] বিটঙ্ক, কপোতপালিকা, পায়রার খোপ।

বিটপ, পুং. ন. [বিট+পা-অ] শাখাপল্লব সমুদায়, তৎপর্য্যায়।—বিস্তার; স্তম্ব; শাখা; পল্লব; মুষ্ক বঙ্ক্ষণান্তর; (পুং.) বিটাধিপ, পারদারিক শ্রেষ্ঠ, বড় লম্পট; আদিত্য পত্র আকন্দপাতা। [টতা।

বিটপতা, পুং. [বিটপ+তা] ধূর্ত্ততা; লম্প-

বিটপতাচরণ, ন. [বিটপতা+আচরণ] লম্পটাচরণ; ধূর্ত্ততা, দুষ্টতা; দুষ্টুমি, ধূর্ত্তামি।

বিটপী, পুং. [বিটপ+ইন্] বৃক্ষ, তরু, শাখী, গাছ; বড়বৃক্ষ

বিটপ্রিয়, পুং. [বিট+প্রিয়] মুদ্গরবৃক্ষ।

বিটমাক্ষিক, পুং. [বিট+মাক্ষিক] ধাতুবিশেষ, তৎপর্য্যায়।—তাপ্য, নদীজ, কামারি, তারারি। [প্রতারক।

বিটল, পুং. হেলনরহিত, স্থিরদুষ্ট, ধূর্ত্ত, শঠ,

বিটলতা, ত্রি. [বিটল+তা] স্থিরতা; দুষ্টতা, ধূর্ত্ততা, শঠতা। [লুণ।

বিটলবণ, ন. [বিট+লবণ] বিড্লবণ, কালা-

বিটলিয়া, (প্রা) দুষ্ট, শঠ, ধূর্ত্ত।

বিটাল, (প্রা) ধূর্ত্ত, শঠ, দুষ্ট, বিটল।

বিটি, স্ত্রী. [বিট+ই] পীতচন্দন।

বিটোল, (প্রা) দুষ্ট, ধূর্ত্ত, শঠ, বিটল।

বিট্, পুং. [বিশ্] বৈশ্যজাতি; মনুজ, মনুষ্য; প্রবেশ; (স্ত্রী.) বিষ্ঠা, মল, পুরীষ; কন্যা।

বিট্কারিকা, স্ত্রী. [বিট্+কারিকা] পক্ষীবিশেষ, গোরাটী পাখী, তৎপর্য্যায়।—কুণপী, গোরাটী, গোকিরাটিকা, বিট্মারিকা।

বিট্খদির, পুং. [বিট্+খদির] বিষ্ঠাবদ্গন্ধ, খদির, গুয়েবাবলাগাছ, তৎপর্য্যায়।—অরিমেদ, হরিমেদ, অসিমেদ, দরিমেদ, কালস্কন্ধ, অরিমেদক, অরিমেদ।

বিট্চর, পুং. [বিট্+চর] গ্রাম্যশূকর; বিট্শালিকাপক্ষী, গুয়েশালিক।

বিট্পতি, পুং. [বিট্+পতি] জামাতা, দুহিতৃপতি; বৈশ্যশ্রেষ্ঠ

বিট্সারিকা, স্ত্রী. [বিট্+সারিকা] পক্ষীবিশেষ, গুয়েশালিক

বিঠর, পুং. [বিঠ+র] বাগ্মী, বাচাল, বাবদূক, বহুভাষী।

বিঠোর, (প্রা) বিহ্বল, অজ্ঞান, অচেতন।

বিড়, ন. [বিড়+অ] লবণবিশেষ, বিট্লুণ; সমুদ্রতীর সমীপজাত লবণমৃত্তিকা পাক নিষ্পাদিত লবণ, বিট্লবণ, তৎপর্য্যায়। বিড্গন্ধ, কাল লবণ, বিড্লবণ, দ্রাবিড়ক, খণ্ড, কৃতক, ক্ষার, আসুর, সুপাক্য, খণ্ডলবণ, ধূর্ত্ত, কৃত্রিমক।

বিড়গন্ধ, ন. [বিড়+গন্ধ] বিটলবণ।

বিড়ঙ্গ, পুং. [বিড্+অঙ্গ] স্বনামখ্যাত ঔষধবিশেষ, তৎপর্য্যায়।—বেল্ল, অমোঘা, চিত্রতণ্ডুলা, তণ্ডুল, কৃমিঘ্ন রসায়ন, পাবক, ভস্মক, বৈলু, মোঘা, তণ্ডুলু, জন্তুঘ্ন, চিত্রাতণ্ডুল, ক্রিমিঘ্ন, ক্রিমিশত্রু, গর্দ্দভ, কৈরল, বিড়ঙ্গা, কৃমিহা, চিত্রা, তণ্ডুলা, তণ্ডুলীয়কা, বাতারিতণ্ডুলা, জন্তুঘ্নী, মৃগগামিনী, কৈরালী, গহ্বরা, কাপালী, বরাঙ্গ, চিত্রবীজা, জন্তুহন্ত্রী; (ত্রি.) অভিজ্ঞ, বিজ্ঞ।

বিড়ম্বক, পুং. [বিড়ম্ব+ক] প্রতারক; দুঃখদায়ক, যন্ত্রণাদায়ক।

বিড়ম্বন, ন. স্ত্রী. [বিড়ম্ব+অন] অনুকরণ; প্রতারণ, বঞ্চনা; যন্ত্রণা, পীড়া, ক্লেশ।

বিড়ম্বনা, স্ত্রী. [বিড়ম্ব+অন-আ] অনুকরণ; প্রতারণা, বঞ্চনা; ক্লেশ, যন্ত্রণা।

বিড়ম্বিত, ত্রি. [বিড়ম্ব+ইত] কৃত বিড়ম্বনা, বঞ্চনাকরা, তৎপর্য্যায়।—ব্যস্ত, আকুল, দুর্গত।

বিড়া, (প্রা) তাম্বূলবীটিকা, পানেরখিলি; আটি, গোছ। [মার্জ্জার।

বিড়ারক, পুং. [বিড়+আরক] বিড়াল,

বিড়াল, পুং. [বিট্+আল] নেত্রপিণ্ড; নেত্রের ঔষধবিশেষ; মহিষাসুর সেনাপতি; স্বনামখ্যাত পশু, বিল্লী, তৎপর্য্যায়।— মার্জ্জার, ওতু, বৃষদংশক, আখুভুক্, বিড়াল, বিলাল, দীপ্তাক্ষ, নক্তঞ্চরী, জাহক, বিড়ারক, ত্রিশঙ্কু, জিহ্বাপ, মেনাদ, রাত্তি, সূচক, শালাবৃক, মায়াবী, দীপ্তলোচন, কুন্দম, মুষকারাতি।

বিড়ালক, স. [বিড়াল+ক] হরিতাল; (পুং.) বিড়াল, মার্জ্জার; নেত্র রোগের ঔষধ-বিশেষ। [চক্ষু যাহার।

বিড়ালচক্ষুষ্যা, (প্রা) বিড়ালের ন্যায় কটা-

বিড়ালতপস্বী, পুং. [বিড়াল+তপস্বিন্] ভণ্ডতপস্বী; ধূর্ত্ত, বঞ্চক, শঠ।

বিড়ালপদ, পুং. [বিড়াল+পদ] তোলকদ্বয় পরিমাণ, দুই তোলা; (ন.) মার্জ্জার চরণ। [মাণ।

বিড়ালপদক, ন. [বিড়াল+পদক] কর্ষপরি-

বিড়ালাখ্য, পুং. [বিড়াল+আখ্য] স্বনাম-খ্যাত অসুর, মহিষাসুরের সেনাপতি।

বিড়ালাক্ষ, পুং. [বিড়াল+অক্ষিন্] মহিষা-সুরের সেনাপতি; (ত্রি) বিড়ালন্যায়

বিড়ালী, স্ত্রী. [বিড়াল+ঈ] বিদারী, ভুমি কুষ্মাণ্ড; স্ত্রীবিড়াল, মার্জ্জারী।

বিডীন, ন. [বি+ডীন] পক্ষীর গতিবিশেষ, তৎপর্য্যায়।—ডীন, প্রডীন, উড্ডীন, সংডীন, পরিডীনক, বিডীন, অবডীন, নিডীন, ডীনডীনক। [গাছ।

বিড়ুল, পুং. [বিড়+উল] বেতসবৃক্ষ, বেত-

বিড়োজাঃ, পুং. [বিড্+ওজস্] ইন্দ্র, দেব-রাজ, সুরপতি, শক্র, দেবেন্দ্র।

বিড়ৌজাঃ, পুং. [বিড়+ওজস্] ইন্দ্র, দেব-রাজ, শচীপতি।

বিড়্, পুং. [বিট্+আবৈশ্যজাতি; (স্ত্রী.)বিষ্ঠা, মল, পুরীষ; খণ্ড।

বিড়্গন্ধ, ন. [বিট্+গন্ধ] বিড়্লবণ।

বিড়্জ, ত্রি. [বিট্+জন-অ] বিষ্ঠাজাত, মল-জন্য।

বিড়্বরাহ, পুং. [বিট্+বরাহ] গ্রাম্যশূকর, বিষ্ঠাভোজী বরাহ।

বিড়্বিড়্,(প্রা)অব্যক্ত কথা; অসন্তোষ প্রকা-শার্থ অব্যক্ত বাক্য; বচসা, কচ-কচি।

বিড়্বিড়ুন, (প্রা) বক্‌বক্‌করণ, পুনঃ২ জল্পন; অনবরত প্রতিকূল বাক্য কথন, বৃথা জল্পন।

বিড়্লবণ, ন. [বিড্+লবণ] বিট্, বিট্লুণ।

বিঢপ, (প্রা) কদর্য্যাকার, বিকলাঙ্গ; বিশ্রী।

বিতং, (প্রা) বিস্তারিত বিবরণ, বৃত্তান্ত।

বিতংস, পুং. [বি+তন্স্] বীতংস, মৃগ ও পক্ষিদিগের বন্ধনের উপকরণ, জাল ও ফাঁদ ইত্যাদি। [কীলক; হস্তী।

বিতণ্ড, পুং. [বি+তণ্ড] তালযন্ত্র, দ্বার-

বিতণ্ডন, ন. [বিতণ্ড+অন] বিতর্ককরণ; সংশয়করণ; বাদানুবাদকরণ।

বিতণ্ডা, স্ত্রী. [বি+তণ্ড-আ] স্বপক্ষ স্থাপন ও পরপক্ষ খণ্ডন; কচ্বীশাক, কচুশাক; শিলাহ্বয়; করবীরী; দর্ব্বী, হাতা; বিতর্ক, মিথ্যাবাদ।

বিতত, ত্রি. [বি+তন্-ত] বিস্তৃত, প্রসারিত; বীণাদির বাদ্য। [লতা।

বিততি, স্ত্রী. [বি+তন্-তি] বিস্তার, প্রসার;

বিতথ, ত্রি. [বি+তথ] মিথ্যা, অলীক, অসত্য, অনৃত।

বিতথ্য, ত্রি. [বিতথ+য] অসত্য, অনৃত, অলীক, মিথ্যা। [দেশীয় নদী।

বিতদ্রু, স্ত্রী. [বি+তদ্রু] নদীবিশেষ, পঞ্জাব-

বিতনু, ত্রি. [বি+তনু] সূক্ষ্ম, ক্ষীণ; উত্তম।

বিতন্তু, পুং. [বি+তন্তু] উত্তমঘোটক; (স্ত্রী) বিধবা। [দেওয়া, দত্ত; বণ্টিত।

বিতরণ, ন. [বি+তৃ-অন] দান, বিতরণকরা,

বিতর্ক, পুং. [বি+তর্ক] উহ; সংশয়; জ্ঞানসূচক; বিচার। [সংশয়কারী।

বিতর্কক, ত্রি. [বি+তর্ক-ক] বিতর্ককারক;

বিতর্কণ, ন. [বি+তর্ক-অন] বিতর্ক, তর্ক-করণ, বিবেচন।

বিতর্দ্দী, স্ত্রী. [বি+তর্দ্দ-ঈ] বেদিকা, বেদী।

বিতর্দ্ধি, স্ত্রী. [বি+তর্দ্ধ-ই] বেদিকা, বেদী।

বিতর্দ্ধিকা, স্ত্রী. [বি+তর্দ্ধ+ইক-আ] বেদিকা, বেদী।

বিতর্দ্ধী, স্ত্রী. [বি+তর্দ্ধ-ঈ] বেদিকা, বেদী।

বিতল, ন. [বি+তল] পাতালবিশেষ, সপ্ত-পাতাল তৎপর্য্যায়।—অতল, নিতল, বিতল, গভস্তিমৎ, তল, সুতল, পাতাল, পাতালা; তৃতীয়স্তবক পাতাল।

বিতস্তি, পুং. স্ত্রী. [বি+তস্-তি] বিস্তৃত সকনিষ্ঠাঙ্গুষ্ঠ, বিগৎ, দ্বাদশাঙ্গুলি পরি-মাণ, অর্দ্ধহস্ত, বিঘৎ, তৎপর্য্যায়।—দ্বাদশাঙ্গুল।

বিতান, ন. [বি+তন্-আন] বৃত্তিবিশেষ; অবসর; (পুং. ন.) ক্রতু, যজ্ঞ; বিস্তার; উল্লোচ, চন্দ্রাতপ, চাঁদোয়া; (ত্রি.) তুচ্ছ; মন্দ; শূন্য; নির্ব্বোধ।

বিতানক, পুং. ন. [বি+তন্-ক] চন্দ্রাতপ, চাঁদোয়া; (পুং.) মাড়বৃক্ষ।

বিতানমূলক, ন. [বিতান+মূলক] উশীর, খস্‌খসিয়া, বেণামূল।

বিতানীকরণ, ন. [বিতানী+করণ] বিতান কর্ত্তৃক আচ্ছাদন।

বিতানীকৃত, ত্রি. [বিতানী+কৃত] বিতায়-মান, বিতানকর্ত্তৃক আচ্ছাদিত।

বিতুন্ন, ন. [বি+তুন্ন] সুনিষণ্নক; শৈবাল, শেওলা।

বিতুন্নক, ন. [বিতুন্ন+ক] ধান্যাক, ধনিয়া; তুথ, তুঁতে; (পুং.) আমলকী।

বিতুন্না, স্ত্রী. [বিতুন্ন+আ] ভূম্যামলকী, ভুঁইআমলা।

বিতুন্নিকা, স্ত্রী. [বিতুন্ন+ইকা] ভূম্যা-মলকী, ভুঁইআমলা

বিতুষ, ন. [বি+তুষ] পরিষ্কৃত ধান্যাদি; তুষরহিত। [অসন্তুষ্ট।

বিতুষ্ট, ত্রি. [বি+তুষ্ট] অতুষ্ট, বিরক্ত,

বিতুষ্টি, স্ত্রী. [বি+তুষ্টি] অসন্তোষ, অতৃপ্তি।

বিতৃষ্ণ, ত্রি. [বি+তৃষ্ণা] নিবৃত্ততৃষ্ণ, তৃষ্ণা-রহিত; অনিচ্ছু; অসন্তুষ্ট।

বিতৃষ্ণা, স্ত্রী. [বি+তৃষ্ণা] অশ্রদ্ধা; অনিচ্ছা, অরুচি; ঘৃণা।

বিত্ত, ন. [বিদ্+ত] ধন, অর্থ, সম্পত্তি; (ত্রি.) বিচারিত; বিজ্ঞাত; লব্ধ।

বিত্তদ, ত্রি. [বিত্ত+দা-অ] ধনদাতা, অর্থদ, ধনদান কর্ত্তা। [ধন।

বিত্তা, স্ত্রী. [বিত্ত+আ] জ্ঞান, বোধ; বিত্ত,

বিত্তি, স্ত্রী. [বিদ্+তি] বিচার; লাভ; সম্ভা-বনা; জ্ঞান; করহীন ভূমিসম্পত্তি।

বিত্তেশ, পুং. [বিত্ত+ঈশ] কুবের, ধনাধি-পতি, যক্ষেশ।

বিত্রপ, ত্রি. [বি+ত্রপা] নির্লজ্জ, লজ্জাহীন, ত্রপারহিত, অনপত্রপ, বেহায়া।

বিত্রস্ত, ত্রি. [বি+ত্রস্ত] ত্রাসযুক্ত, ভীত, সভয়, ভয়ান্বিত।

বিত্রাস, পুং. [বি+ত্রাস] ভয়, ত্রাস, অভয়; শঙ্কাহীন, ভয়রহিত।

বিৎ, ত্রি. [বিদ্+অ] জ্ঞাতা, অবগন্তা, বোদ্ধা।

বিৎসন, পুং. [বিৎস+অন] বৃষভ, বৃষ; ষণ্ড, ষাঁড়।

বিথুর, পুং. [বিথ+উর] চৌর, তস্কর; রাক্ষস, নিশাচর।

বিথ্যা, স্ত্রী. [বিথ+য-আ] গোজিহ্বা, গোর-সনা, গরুরজীব। [জ্ঞাতা।

বিদ, পুং. [বিদ্+অ] বিদ্বান্, পণ্ডিত;

বিদংশ, পুং. [বিদ্+অংশ] অবদংশ।

বিদগ্ধ, ত্রি. [বি+দহ-ত] নাগর, রসিক; নিপুণ; পণ্ডিত।

বিদগ্ধতা, স্ত্রী. [বি+দগ্ধ+ত-আ] বিদগ্ধত্ব, বিদগ্ধের ভাব; রসিকতা, নাগরালী, লম্পটতা; পাণ্ডিত্য, নৈপুণ্য।

বিদগ্ধত্ব, ন. [বি+দগ্ধ-ত্ব] রসিকতা; পাণ্ডিত্য, নিপুণতা।

বিদগ্ধা, স্ত্রী. [বি+দগ্ধ-আ] পরকীয়ান্তর্গত নায়িকাবিশেষ, রসিকাস্ত্রী; নিপুণা।

বিদথ, পুং. [বিদ্+অথ] যোগী, সন্ন্যাসী; কৃতী, ক্ষমতাপন্ন; পণ্ডিত। [হনু

বিদধৎ, ত্রি. [বি+ধা+অৎ] ধারী, উদ্-

বিদর, ন. [বি+দৃ-অ] বিশ্বসারক, ফণীমনসার গাছ; (পুং.) বিদরণ,ফাটন, চেরণ, তৎপর্য্যায়।—স্ফুটন, ভিদা, দারণ, বিদারণ। [ফাড়ন।

বিদরণ, ন. [বি+দৃ-অন] বিদারণ, চিরণ

বিদর্ভ, পুং. স্ত্রী. [বি+দর্ভ] দেশবিশেষ, কুণ্ডিননগর; বড়নাগপুর।

বিদর্ভজা, স্ত্রী. [বিদর্ভ+জ-আ] অগস্ত্যপত্নী, তৎপর্য্যায়।—কৌশীতকী, লোপামুদ্রা; দময়ন্তী, নলরাজার পত্নী; রুক্মিণী, শ্রীকৃষ্ণ পত্নী।

বিদর্ভরাজ, পুং. [বিদর্ভ+রাজ] বিদর্ভ দেশাধিপতি, ভীমরাজ; ভীষ্মকরাজা।

বিদর্ভসুভ্রূ, স্ত্রী. [বিদর্ভ+সুভ্রূ] দময়ন্তী নলরাজপত্নী।

বিদর্ভাধিপতি, পুং. [বিদর্ভ+অধিপতি] কুণ্ডিনপতি, ভীষ্মকপতি,রুক্মিণীপিতা।

বিদল, ন. [বি+দল] দ্বিধাকৃত কলায়াদি, দালি, ডাইল; স্বর্ণাদির অবয়ব; দাড়িমকল্ক, ডালিমের ছাল; বংশাদিকৃত পাত্রবিশেষ; (পুং.) রক্তকাঞ্চন; পিষ্টক; অন্যদলস্থ; পত্রশূন্য।

বিদলা, স্ত্রী. [বি+দল-আ] ত্রিবৃৎ, তেউড়ী; পত্রশূন্যা, পত্রহীনা

বিদা, স্ত্রী. [বিদ+আ] জ্ঞান; বুদ্ধি; ভূমিকর্ষণার্থ লাঙ্গলবিশেষ; মই।

বিদাঁড়া, (প্রা) কুরীতি, বিরুদ্ধরীতি; কুধারা, কুনীতি

বিদায়, (প্রা) গমনানুমতি; ছুটি; বিসর্জ্জন।

বিদায়ী, (প্রা) বিদায়প্রাপ্ত, বিদায়কালীন দেয় পুরস্কার।

বিদার, পুং. [বি+দৃ-অ] জলোচ্ছাস, জল উথলন; বিদারণ, চিরণ; যুদ্ধ।

বিদারক, পুং. [বি+দৃ-অক] জলমধ্যস্থিত তরু শিলাদি, তৎপর্য্যায়।—কূপক; জলবন্ধক; শুষ্ক নদ্যাদির জলাবস্থানার্থ গর্ত্ত; (ন.) বজ্রক্ষার।

বিদারণ, পুং. স্ত্রী. [বি+দৃ-অন] বিড়ম্ব; ভেদ; মারণ; (পুং. স্ত্রী.) যুদ্ধ; (পুং.) কর্ণিকার বৃক্ষ।

বিদারণীয়, ত্রি. [বি+দৃ+অনীয়] ভেদনীয়, ভেদ্য, চিরিবার উপযুক্ত।

বিদারিকা, স্ত্রী. [বি+দারিকা] শালপর্ণীবৃক্ষ, শালপাইন গাছ।

বিদারিত, ত্রি. [বি+দৃ-ইত] কৃত বিদারণ, বিদীর্ণ, চেরা, ফাড়া।

বিদারিণী, স্ত্রী. [বি+দারিন্-ঈ] কাশ্মরী।

বিদারী, স্ত্রী. [বি+দার-ঈ] শালপর্ণীবৃক্ষ, শালপাইন গাছ; ভূমিকুষ্মাণ্ড, ভুঁই-কুমড়া, তৎপর্য্যায়।—ক্ষীরশুক্লা, ইক্ষুগন্ধা, ক্রোষ্ট্রী, বিদারিকা, স্বাদুকন্দা, সিতা, শুক্লা, শৃগালিকা, বৃষ্যকন্দা, বিডালী, বৃষ্যবল্লিকা, ভূকুষ্মাণ্ডী, স্বাদুলতা, গজেষ্টা, বারিবল্লভা, গন্ধফলা; অষ্টাদশ প্রকার কণ্ঠরোগান্তর্গত রোগবিশেষ; (ত্রি.) বিদারণকর্ত্তা।

বিদারীগন্ধা, স্ত্রী. [বিদারী+গন্ধা] শালপর্ণীবৃক্ষ, শালপাইন গাছ।

বিদারু, পুং. [বি+দৃ-আরু] ক্রকচপাদ, ক্রকলাস, কাঁকলাস।

বিদাহি, ন. [বি+দাহ-ই] দাহজনক দ্রব্যবিশেষ। [কটু,তীব্র।

বিদাহী, ত্রি. [বি+দাহিন্] দাহজনক;

বিদিক্, স্ত্রী. [বি+দিশ্] দুইদিগের মধ্যস্থান, অগ্নি নৈর্ঋত বায়ু ঈশান কোণ চতুষ্টয়, তৎপর্য্যায়।—অপদিশ, প্রদিক্, বিদিশ, কোণ

বিদিক্চঙ্গ, পুং. [বি+দিশ্+চঙ্গ] হরিদ্রাঙ্গ পক্ষী, হরিদ্রারঙ্গের পাখী

বিদিত, ত্রি. [বিদ+ইত] অবগত, জ্ঞাত; অর্থিত. যাচিত; উপগম; (পুং.) কবি, পণ্ডিত। [সন্ন্যাসী।

বিদিথ, পুং. [বিদ+থ] পণ্ডিত; যোগী,

বিদীর্ণ, ত্রি [বি+দৃ-ত] কৃত বিদারণ, চেরা, ফাড়া।

বিদীর্ণহৃদয়, ন. [বিদীর্ণ+হৃদয়] ভগ্ন বক্ষঃস্থল, ভগ্নউরঃ।

বিদু, পুং. [বিদ্+উ] গজকুম্ভদ্বয়ের মধ্যভাগ; জলহস্তী।

বিদুর, পুং. [বিদ+উর] নাগর, নায়ক,

লম্পট; ধীর, পণ্ডিত; কৌরব দিগের মন্ত্রী; (ত্রি.) জ্ঞাতা, বোধক।

বিদুল, পুং. [বিদ্+উল] বেতস, বেতগাছ; অম্বুবেতসবৃক্ষ; গন্ধরস।

বিদুষী, স্ত্রী. [বিদুষ্+ঈ] পণ্ডিতাস্ত্রী, বিদ্যাবতী নারী।

বিদুষ্মতী, ত্রি. [বিদুষ+মৎ-ঈ] বিদ্যাবতী, বিদ্যাবিশিষ্ট।

বিদূ, পুং. [বিদ্+উ] বিদু, গজকুম্ভদ্বয়ের মধ্যভাগ। [অনিকট।

বিদূর, ত্রি. [বি+দূর] অতিদূরস্থ দেশাদি;

বিদূরগ, ত্রি. [বিদূর+গ] অতিদূরগন্তা, অতিদূরেগমনকারী।

বিদূরজ, ন. [বিদূর+জ] বিদূরদেশজাত রত্ন, বৈদূর্য্যমণি, (ত্রি.) অতিদূরজাত।

বিদূরথ, পুং. [বিদূ+রথ] রাজা বিশেষ।

বিদূরভূমি, স্ত্রী. [বিদূর+ভূমি] বিদূরদেশ, বৈদূর্য্যমণির উৎপত্তি স্থান। [পর্ব্বত।

বিদূরাদ্রি, পুং. [বিদূর+অদ্রি] বিদূরদেশস্থ

বিদূষক, ত্রি. [বি+দূষ-ক] কামুক, তৎপর্য্যায়।—ষিড়্গ, ব্যলীক, ষট্প্রজ্ঞ, কামকেলি, পীঠকেলি, পীঠমর্দ্দ, ভবিল, ছিদুর, বিট, চাটুবটু, বাসন্তিক, কেলিকিল, বৈহাসিক, প্রহাসী, প্রীতিদ; পরনিন্দাকর, তৎপর্য্যায়।—খল, রঞ্জক, অভীক, ক্রূর, সূচক, কণ্টক, নাগ, মলীনাস্য, পরদ্বেষী; চতুর্ধানায়কান্তর্গত নায়ক বিশেষ।

বিদূষণ, ন. [বি+দূষ-অন] বিশেষে দূষণ, নিন্দন, কুৎসাকরণ।

বিদেশ, পুং. [বি+দেশ] পরদেশ, দেশান্তর, অন্যদেশ; ভিন্নস্থান।

বিদেশী ত্রি. [বি+দেশ+ইন্] পরদেশী, বিদেশস্থ, প্রবাসী।

বিদেহ, পুং. [বি+দেহ] জনকাখ্য ভূমিপ, জনকবংশীয় রাজা; (ত্রি.) কায়শূন্য, দেহরহিত; নগর বিশেষ। [পুরী।

বিদেহা, স্ত্রী. [বি+দেহ-আ] মিথিলা, জনক

বিদ্ধ, ত্রি. [বিধ+ত] ছিদ্রিত; ক্ষিপ্ত; সদৃশ; বাধিত; তাড়িত।

বিদ্ধকর্ণ, পুং. [বিদ্ধ+কর্ণ] বিদ্ধকর্ণী, আকনাদিবৃক্ষ।

বিদ্ধকর্ণা, স্ত্রী. [বিদ্ধ+কর্ণ-আ] বিদ্ধকর্ণী, আকনাদিবৃক্ষ।

বিদ্ধকর্ণিকা, স্ত্রী. [বিদ্ধ+কর্ণিকা] বিদ্ধকর্ণী, আকনাদিবৃক্ষ।

বিদ্ধকর্ণী, স্ত্রী. [বিদ্ধ+কর্ণ-ঈ] বৃক্ষবিশেষ, আকনাদি, তৎপর্য্যায়।—পাঠা, অম্বষ্ঠা, স্থাপনী, শ্রেয়সী, রসা, একাষ্ঠীলা, পাপচেলী, প্রাচীনা, বনতিক্তিকা, অবিদ্ধ, কর্ণী, অবিদ্ধকর্ণা, আবিদ্ধ কর্ণিকা, বিদ্ধকর্ণিকা।

বিদ্যমান, ত্রি. [বিদ+য-মান] বর্ত্তমান, উপস্থিত; সাক্ষাৎ; জীবিতাবস্থা।

বিদ্যমানতা স্ত্রী. [বিদ্যমান+তা] বর্ত্তমানতা; সাক্ষাৎ; জীবিতাবস্থা।

বিদ্যা, স্ত্রী. [বিদ্+য-আ] দুর্গা; গণিকারিকা, গণিরিগাছ; জ্ঞান, মোক্ষধী; পরমোত্তম পুরুষার্থ সাধনীভূতা বিদ্যা ব্রহ্মজ্ঞান রূপা; মন্ত্র; মহিষমর্দ্দিনী মন্ত্র; দুর্গামন্ত্র; অন্নপূর্ণামন্ত্র; শাস্ত্র, তদষ্টাদশবিধ যথা।—শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, জ্যোতিষ,ছন্দ, ঋগ্বেদ যজুর্ব্বেদ,সামবেদ, অথর্ব্ববেদ,মীমাংসা, ন্যায়, ধর্ম্মশাস্ত্র, পুরাণ, আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ, গান্ধর্ব্ববেদ, অর্থশাস্ত্র।

বিদ্যাগার ন. [বিদ্যা+আগার] বিদ্যালয়, পাঠশালা, বিদ্যামন্দির, চতুষ্পাটী, চৌবাড়ী।

বিদ্যাচণ, ত্রি. [বিদ্যা+চণ] বিদ্যাদ্বারা, খ্যাত, বিদ্যাহেতুপ্রসিদ্ধ।

বিদ্যাচুঞ্চু, ত্রি. [বিদ্যা+চুঞ্চু] বিদ্যাদ্বারা খ্যাত, বিদ্যাহেতু প্রসিদ্ধ।

বিদ্যাদল, পুং. [বিদ্যা+দল] ভূর্জ্জবৃক্ষ, ভোজপাতের গাছ।

বিদ্যাদাতা, ত্রি. [বিদ্যা+দাতৃ] বিদ্যা দান কর্ত্তা, অধ্যাপক, শিক্ষক, গুরুমহাশয়, শিক্ষাগুরু।

বিদ্যাদান, ন.[বিদ্যা+দান] অধ্যাপন, বিদ্যা শিক্ষান; পুস্তক দান।

বিদ্যাদেবী, স্ত্রী. [বিদ্যা+দেবী] জৈনদিগের ষোড়শ দেবীর অন্তর্গত দেবী বিশেষ; বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী, সরস্বতী, বাগ্‌দেবী।

বিদ্যাধন, ন. [বিদ্যা+ধন] বিদ্যা দ্বারা অর্জিত অর্থ; বিদ্যারূপধন, মহাধন।

বিদ্যাধর, পুং. [বিদ্যা+ধর] দেবযোনি বিশেষ; পুষ্পদন্তাদি কামরূপী খেচর; ষোড়শ রতিবন্ধান্তর্গত চরম বন্ধ।

বিদ্যানুপালন, ন. [বিদ্যা+অনু+পালন] বিদ্যোপার্জ্জন, বিদ্যানুসেবন।

বিদ্যাপ্রাপ্তি, স্ত্রী. [বিদ্যা+প্রাপ্তি] বিদ্যোপার্জ্জন, বিদ্যালাভ।

বিদ্যাবত্তা, স্ত্রী. [বিদ্যা+বৎ-তা] পাণ্ডিত্য, বিদ্যা, জ্ঞান।

বিদ্যাবাগীশ পুং. [বিদ্যা+বাগীশ] দর্শনশাস্ত্রবেত্তা, পণ্ডিত, জ্ঞানী।

বিদ্যাবান্, ত্রি. [বিদ্যা+বৎ] বিদ্যাবিশিষ্ট. পণ্ডিত, বিদ্বান্।

বিদ্যাব্রতস্নাতক, পুং. [বিদ্যা+ব্রত+স্নাতক] কৃত বিদ্যান্।

বিদ্যাভ্যাস পুং. [বিদ্যা+অভ্যাস] বিদ্যাশিক্ষা, বিদ্যা গ্রহণ।

বিদ্যামন্দির, ন. [বিদ্যা+মন্দির] বিদ্যা শিক্ষার স্থান, চতুষ্পাটী, চৌবাড়ী, পাঠশালা।

বিদ্যার্থী, ত্রি. [বিদ্যা+অর্থিন্] ছাত্র, শিষ্য, যে বিদ্যা শিক্ষা করিবার প্রার্থনা রাখে।

বিদ্যালয়, পুং. [বিদ্যা+আলয়] বিদ্যাস্থান, চতুষ্পাটী, চৌবাড়ী, পাঠশালা

বিদ্যাশিক্ষা, স্ত্রী. [বিদ্যা+শিক্ষা] বিদ্যাভ্যাস, পঠন, অধ্যয়ন

বিদ্যুজ্জ্বালা, স্ত্রী. [বিদ্যুৎ+জ্বালা] কলিকারী-বৃক্ষ; বিদ্যুতের প্রভা

বিদ্যুজ্জিহ্ব, পুং. [বিদ্যুৎ+জিহ্বা] রাবণসচিব, শিল্পনিপুণ রাক্ষসবিশেষ।

বিদ্যুৎ, স্ত্রী. [বি+দ্যুত্] সন্ধ্যা; বিশেষে প্রকাশমানা, তৎপর্য্যায়।—শম্পা, সম্পা, শতহ্রদা, হ্রাদিনী, হ্লাদিনী, ক্ষণিকা, ঐরাবতী, ক্ষণপ্রভা, তড়িৎ, সৌদামিনী, চঞ্চলা, চপলা, বীপা, সোদামী, চিলমীলিকা, সর্জ্জু, অচিরপ্রভা, অচিরদ্যুতি, অধীরা, আকালিকী, ঘনবল্লিকা, ছটাভা, জলবালিকা, মহোৎল্কা, মেঘদীপ, রোহিণী, অশুভা, অতিভী, সৌদামনী, অস্থিরা, মেঘপ্রভা, মেঘজ্যোতিঃ, মেঘবহ্নি, ঘনজ্বাল, চলা, চটুলা, অচিররোচিঃ, রাধা, নীলাঞ্জনা; (ত্রি.) নিষ্প্রভ, প্রভাহীন, দ্যুতিরহিত।

বিদ্যুৎকেশ, পুং. [বিদ্যুৎ+কেশ] রাক্ষসবিশেষ, হেতিরাক্ষস পিতা।

বিদ্যুৎপ্রিয়, ন. [বিদ্যুৎ+প্রিয়] কাংস্য, কাঁসা।

বিদ্যুত্বান্, ত্রি. [বিদ্যুৎ+বৎ] বিদ্যুদ্বিশিষ্ট।

বিদ্যুন্মালা, স্ত্রী. [বিদ্যুৎ+মালা] অষ্টাক্ষর পাদচ্ছন্দোবিশেষ; বিদ্যুৎ সমূহ।

বিদ্যুন্মালী, পুং. [বিদ্যুৎ+মালিন্] রাক্ষসবিশেষ। [তড়িৎ।

বিদ্যুল্লতা, স্ত্রী. [বিদ্যুৎ+লতা] মেঘজ্যোতিঃ;

বিদ্যোত, পুং. [বি+দ্যুত] প্রভা, দীপ্তি, রশ্মি।

বিদ্যোপার্জ্জন, ন. [বিদ্যা+উপার্জ্জন] বিদ্যা সঞ্চয়।

বিদ্র, ন. [বিদ্+র] ছিদ্র, রন্ধ্র, বিঁধ, ছেঁদা।

বিদ্রধি, পুং. [বিদ্র+ধি] রোগবিশেষ, তৎপর্য্যায়।—বিদরণ, হৃদ্গ্রন্থি, হৃদ্ব্রণ।

বিদ্রধিনাশন, পুং. [বিদ্রধি+নাশন] শোভাঞ্জনবৃক্ষ, শজিনাগাছ।

বিদ্রব, পুং. [বি+দ্রব] পলায়ন, প্রস্থান, বুদ্ধি; নিন্দা, কুৎসা; ক্ষরণ, গলন।

বিদ্রাব, পুং. [বি+দ্রব-অ] বিদ্রব, পলায়ন প্রস্থান; বুদ্ধি; নিন্দা, কুৎসা; ক্ষরণ, গলন।

বিদ্রাবক, ত্রি. [বি+দ্রু+অক] পলায়নকর্ত্তা; গলনকারক; নিন্দুক।

বিদ্রাবণ, ন. [বিদ্রু+অন] গলন, ক্ষরণ।

বিদ্রাবিত, ত্রি. [বি+দ্রাবিত] পলায়িত; গলিত, ক্ষরিত; নিন্দিত

বিদ্রুত, ত্রি. [বি+দ্রুত] প্রাপ্ত দ্রবীভাব ঘৃতাদি, তৎপর্য্যায়।—বিলীন, দ্রুত; পলায়িত; উপদ্রুত

বিদ্রুম, পুং. [বি+দ্রুম] প্রবাল, পলা; রত্ন-বৃক্ষ; কিশলয়, নূতন পত্র।

বিদ্রুমলতা, স্ত্রী. [বিদ্রুম+লতা] নলীনাম গন্ধদ্রব্যবিশেষ। [নলিকা।

বিদ্রুমলতিকা, স্ত্রী. [বিদ্রুম+লতিকা]

বিদ্রূপ, (প্রা) ব্যঙ্গ, পরিহাস, ঠাট্টা, কৌতুক, নর্ম্ম, তামাসা।

বিদ্রূপী, (প্রা) পরিহাস, কৌতুককারী।

বিদ্রোহ, পুং. [বি+দ্রুহ] হিংসা, দ্বেষ; ক্ষতি, মন্দ। [কিঞ্চিৎ অল্পবিদ্বান্।

বিদ্বৎকল্প, ত্রি. [বিদ্বৎ+কল্প] ঈষৎন্যূন বিদ্বান্,

বিদ্বত্তম, ত্রি. [বিদ্বৎ+তম] ইহাদিগের মধ্যে এই ব্যক্তি অতিশয় বিদ্বান্; শ্রেষ্ঠ-বিদ্বান্।

বিদ্বত্তর, ত্রি. [বিদ্বৎ+তর] দুইজনের মধ্যে অতিশয় বিদ্বান্; বড় বিদ্বান্।

বিদ্বত্তা, স্ত্রী. বিদ্বৎ+তা] বিজ্ঞতা, প্রজ্ঞতা, পাণ্ডিত্য। [পাণ্ডিত্য।

বিদ্বত্ত্ব, ন. [বিদ্বৎ+ত্ব] বিজ্ঞতা; প্রজ্ঞতা,

বিদ্বদ্দেশীয়, ত্রি. [বিদ্বৎ+দেশীয়] বিদ্বৎকল্প, ঈষৎ ন্যূন বিদ্বান্, কিঞ্চিৎ ন্যূন বিদ্বান্।

বিদ্বদ্দেশ্য, ত্রি. [বিদ্বৎ+দেশ্য] বিদ্বৎকল্প, ঈষৎন্যূন বিদ্বান্। [পণ্ডিত।

বিদ্বান্, ত্রি. [বিদ্+বস্] আত্মবিৎ; প্রাজ্ঞ;

বিদ্বিষ, পুং. [বি+দ্বিষ] শত্রু, বিপক্ষ, অরি, রিপু; (ত্রি.) বিদ্বেষক। [প্রাপ্ত।

বিদ্বিষ্ট, ত্রি. [বি+দ্বিস্-ত] হিংসিত; বিদ্বেষ

বিদ্বেষ, পুং. [বি+দ্বেষ] বৈরতা, শত্রুতা, তৎপর্য্যায়।—বৈর, বিরোধ, অনুশয়, দ্বেষ, সমুচ্ছ্রয়, বৈরত্ব, দ্বেষণ

বিদ্বেষক, ত্রি. [বি+দ্বেষক] বিদ্বেষ্টা, দ্বেষ-কর্ত্তা, বিরোধক, বৈরী, হিংসক, বিশিষ্ট।

বিদ্বেষণ, ন. [বি+দ্বেষণ] বিদ্বেষ, হিংসা-করণ; অভিচার কর্ম্মবিশেষ।

বিদ্বেষণী, স্ত্রী. [বি+দ্বেষণ-ঈ] স্ত্রীবিশেষ; হিংসাকারিণী স্ত্রী।

বিদ্বেষ্টব্য, ত্রি. [বি+দ্বিষ্+তব্য]। বিদ্বেষণীয়, ঈর্ষাযোগ্য; ঘৃণ্য, তুচ্ছনীয়।

বিদ্বেষী, ত্রি. [বি+দ্বেষিন্] বিদ্বেষবিশিষ্ট, বৈরী, শত্রু, হিংসক।

বিদ্বেষ্টা, ত্রি. [বি+দ্বিষ্+তৃ]. বৈরী, হিংসক, বিদ্বেষক।

বিধ, পুং. [বি+ধা-অ] বিমান; হস্ত্যন্ন, হস্তির অন্ন; প্রকার; বেধন; ঋদ্ধি।

বিধবন, ন. [বি+ধূ-অন] কম্পন, কাঁপন, বিধাব্য।

বিধবা, স্ত্রী. [বি+ধব-আ] মৃতভর্ত্তৃকা, রাঁড়, তৎপর্য্যায়।—বিশ্বস্তা, জালিকা, রণ্ডা, যতি, যতিনী।

বিধবাবেদন, ন. [বিধবা+আবেদন] বিধ-বাকে বিবাহকরণ।

বিধব্য, ন. [বি+ধু+য] কম্পন।

বিধর্ম্ম, পুং. [বি+ধর্ম্ম] ধর্ম্মহীন, ধর্ম্মবর্জ্জিত; বিরুদ্ধ ধর্ম্ম।

বিধর্ম্মী, পুং. [বি+ধর্ম্ম-ইন্] পাপী, অধর্ম্মী; স্বধর্ম্মত্যাগী, ভিন্নধর্ম্মাবলম্বী।

বিধস্, পুং. [বি+ধা-অস্] ব্রহ্মা, বিধাতা, প্রজাপতি।

বিধা, স্ত্রী. [বি+ধা] বিধি; প্রকার; ঋদ্ধি; গজান্ন, করি ভক্ষ্য; বেতন; কর্ম্ম; বেধন। [বিধাতা।

বিধাঃ, পুং. [বি+ধা-অস] ব্রহ্মা, প্রজাপতি,

বিধাতা, পুং. [বি+ধাতৃ] ব্রহ্মা, প্রজাপতি; কামদেব; মদিরা, সুরা; ভৃগুমুনির পুত্র। [দেবর্ষি।

বিধাতৃভূ, পুং. [বি+ধাতৃ-ভূ] নারদমুনি,

বিধাতৃলিপি, স্ত্রী. [বিধাতৃ+লিপি] অদৃষ্টের লিখন, কপালের লেখা, বিধাতার লিপি।

বিধাত্রায়ুঃ, পুং. [বি+ধাতৃ-আয়ুস্] সূর্য্যের শোভা; সূর্য্যমণিপুষ্প; ব্রহ্মার বয়স্।

বিধাত্রী, স্ত্রী. [বি+ধাতৃ-ঈ] পিপ্পলী, পিপুল; বিধানকর্ত্রী।

বিধান, ন. [বি+ধা-অন] বিধি; করণ; করিকবল, হাতির গ্রাস।

বিধানক, ন. [বিধান+ক] ব্যথা, বেদনা, (ত্রি.) বিধানবেত্তা।

বিধানগ, পুং. [বিধান+গ] পণ্ডিত, বুধ; ব্যবস্থাভিজ্ঞ

বিধানজ্ঞ, স্ত্রী. [বিধান+জ্ঞ] পণ্ডিত, বুধ; ব্যবস্থিতাভিজ্ঞ।

বিধানতা, স্ত্রী. [বিধান+তা] স্মৃতি সাধ্যতা, কর্ত্তব্যতা, বিধিপূর্ব্বকতা।

বিধানত্ব, ন. [বিধান+ত্ব] বিধানুযায়িত্ব; কর্ত্তব্যতা।

বিধাব্য, ন. [বি+ধূ+য] কম্পন, কাঁপন, বিধবন।

বিধায়ক, ত্রি. [বি+ধা-অক] বিধানকর্ত্তা, ব্যবস্থাকারক; বিধিজ্ঞাপক।

বিধায়ী, ত্রি. [বি+ধা-ইন্] বিধানকর্ত্তা, ব্যবস্থাকর্ত্তা, বিধানকারক; অনুজ্ঞাকারী।

বিধারা, (প্রা) কুধারা, কুনীতি, কুব্যবহার।

বিধাসাৎ ত্রি. [বি+ধা+স-ষৎ] বিধানেচ্ছু।

বিধি, পুং. [বি+ধা-ই] ব্রহ্মা; ভাগ্য; ক্রম; বিধান; কাল; বিধিবাক্য; প্রকার; নিয়োগ; বিষ্ণু; কর্ম্ম; গজান্ন, করিভক্ষ্য; বৈদ্য; যাগোপদেশক গ্রন্থ; ষড়্বিধ সূত্র লক্ষণান্তর্গতলক্ষণবিশেষ, যথা।—সংজ্ঞা, পরিভাষা, বিধি, নিয়ম, অতিদেশ, অধিকার; অপ্রাপ্ত প্রাপক বাক্য; আশ্রয়ত্ব সম্বন্ধদ্বারা প্রত্যয়ের উপস্থাপিত ও ইষ্ট সাধন যুক্ত স্বার্থপর পদঘটিত বাক্যত্ব।

বিধিজ্ঞ, [বিধি+জ্ঞ] পণ্ডিত, বিধিদর্শী, ব্যবস্থাভিজ্ঞ।

বিধিদর্শী, পুং. [বিধি+দর্শিন্] সদস্য, বিধি দর্শক; সভাস্থ পণ্ডিত।

বিধিদেশক, পুং. [বিধি+দেশক] সদস্য, বিধিদর্শী, বিধিদর্শক।

বিধিবৎ; ব্য. [বিধি+বৎ] যথাবিধি, বিধ্যানুসারে যথাশাস্ত্র।

বিধু, পুং. [বি+ধা-উ] চন্দ্র; বিষ্ণু; কর্পূর; ব্রহ্মা; রাক্ষস; আয়ুধ, অস্ত্র; বায়ু।

বিধুত, ত্রি. [বি+ধুত] ত্যক্ত, ত্যাগকরা কম্পিত

বিধুতি, স্ত্রী. [বি+ধুতি] কম্পন, বিধুবন কাঁপন।

বিধুনন, ন. [বি+ধুনন] কম্পন, কাঁপন।

বিধুন্তুদ, পুং. [বিধুন্+তুদ] রাহু, সৈংহিকেয়।

বিধুপঞ্জর, [বিধু+পঞ্জর] খড়্গ, অসি, খাঁড়া

বিধুপ্রিয়া, স্ত্রী. [বিধু+প্রিয়া] চন্দ্রপত্নী।

বিধুবদন, ত্রি. [বিধু+বদন] চন্দ্রবদন, চাঁদবদন।

। হেলন।

বিধুবন, ন. [বি+ধুবন] কম্পন, কাঁপন;

বিধুমুখী, স্ত্রী. [বিধু+খী] শশিমুখী, চাঁদবদনী।

বিধুর, ন. [বি+ধুর] প্রবিশ্লেষ; কৈবল্য; (ত্রি.) বিকল।

বিধুরা, স্ত্রী. [বি+ধুর-আ] রসালা।

বিধৃত, ত্রি. [বি+ধৃত] কম্পিত, কাঁপা।

বিধূতি, স্ত্রী. [বি+ধূতি] কম্পন, কাঁপন।

বিধূনন, ন. [বি+ধূনন] কম্পন, কাঁপন, তৎপর্য্যায়।—বিধুবন, বিধূবন।

বিধূনিত, ত্রি. [বি+ধূনিত] কম্পিত, আন্দোলিত।

বিধৃত, ন. [বি+ধৃত] বিশেষরূপে ধৃত, ধরণ স্থিরীকৃত; অবলম্বিত; আক্রান্ত।

বিধেয়, ত্রি. [বি+ধা-য়] বিধানযোগ্য, বাকাস্থ, তৎপর্য্যায়।—বিনয়গ্রাহী, বচনেস্থিত, আশ্রব, বিধিজন্য বোধবিষয়।

বিধেয়তা, স্ত্রী. [বি+ধেয়-ত-আ] বিধেয়ত্ব, বিধিজন্য বোধবিষয়ত্ব। [ব্যত্ব।

বিধেয়ত্ব, ন. [বি+ধেয়-ত্ব] বিধেয়তা, কর্ত্ত-

বিধ্বংস, পুং. [বি+ধ্বন্-স] বিনাশ, নাশ, উচ্ছেদ। [বিরুদ্ধ।

বিধ্বংসী, ত্রি. [বি+ধ্বংসিন্] ধ্বংসকারী;

বিনত, ত্রি. [বি+নম্-ত] প্রণত, অবনত, ভুগ্ন; শিক্ষিত।

বিনতা, স্ত্রী. [বি+নম্-ত-আ] গরুড়মাতা, অরুণ জননী; পিটকাবিশেষ।

বিনতাসুনু, পুং. [বিনতা+সুনু] অরুণ; গরুড়।

বিনতি, স্ত্রী. [বি+নম্-তি] বিনয়, নম্রতা, অনুনয়, শিষ্টতা। [য়ানুগাছ।

বিনদ, পুং. [বি+নদ] বিনাকুবৃক্ষ, ছাতি-

বিনম্র, পুং. [বি+নম্র] বিনয়ান্বিত; নম্রতাবিশিষ্ট, অনুনয়যুক্ত।

বিনম্রক, ন. [বি+নম্র-ক] তগরপুষ্প।

বিনয়, ত্রি. [বি+নী-অ] বণিক্, বেণিয়া; ক্ষিপ্ত, উন্মত্ত; নিভৃত; বিজেতিন্দ্রিয়; (পুং.) শিক্ষা; প্রণতি; দণ্ড; শিষ্টতা অনুনয়, কাতর্য্য।

বিনয়গ্রাহী, ত্রি. [বিনয়+গ্রাহিন্] বচনেস্থিত, আজ্ঞাকারী, কথার বশ।

বিনয়প্রমাথী, ত্রি. [বিনয়+প্রমাথিন্] বিনয়ের অবশীভূত, অবাধ্য।

বিনয়ভাক্, ত্রি. [বিনয়+ভাজ্] বিনয়স্থ, নম্র।

বিনয়স্থ, ত্রি. [বিনয়+স্থা-অ] আজ্ঞাকারী, কথার বশ, তৎপর্য্যায়।—বিধেয়, আশ্রব, বচনেস্থিতি, বশ্য, প্রণেয়।

বিনয়া, স্ত্রী. [বি+নয়-আ] বাটালক; বেড়েলা। [শিষ্ট।

বিনয়ী, পুং. [বিনয়+ইন্] বিনয়ান্বিত, নম্র,

বিনর্দ্দন, ত্রি. [বি+নর্দ্দ-অৎ] শব্দকর।

বিনশন, ন. [বি+নশ-অন] কুরুক্ষেত্র, হস্তিনানগরের উত্তর পশ্চিম দেশ; বিনাশ, ধ্বংস।

বিনশ্বর, ত্রি. [বি+নশ্বর] অনিত্য; অস্থির; নাশ, ধ্বংস।

বিনষ্ট, ত্রি. [বি+নশ-ত] নাশাশ্রয়, ধ্বংসবিশিষ্ট; পতিত; উচ্ছিন্ন; মৃত; উপরত ত্যক্ত। [উচ্ছেদ।

বিনষ্টি, স্ত্রী. [বি+নশ-তি] বিনাশ, ধ্বংস,

বিনস, ত্রি. [বি+নস] গতনাশিক, নাসিকাহীন, তৎপর্য্যায়।—বিগ্র, বিখ্র, বিনাসক।

বিনা, ব্য. [বি+না] সূক্ষ্মকালবিশেষ, বর্জ্জন, তৎপর্য্যায়।—পৃথক্, অন্তরেণ; ঋতে, হিরুক্, নানা। [ত্যাগ।

বিনাকৃত, ত্রি. [বিনা+কৃত] ত্যক্ত, কৃত-

বিনাড়িকা, স্ত্রী. [বি+নাড়িকা] ক্ষণপাদ, পল।

বিনান, (প্রা) কেশবিন্যাস, বিনুনী, বিউনী। [শূন্য।

বিনাম, পুং. [বি+নাম] সংজ্ঞারহিত, নাম-

বিনামা, (প্রা) উপানৎ, চর্ম্মপাদুকা, জুতা।

বিনামী, ত্রি. [বি+নামিন্] মিথ্যানামধারী; অন্যেরনামে কৃত লেখাদি।

বিনায়ক, পুং. [বি+নী-অক] বুদ্ধ; গণেশ, বিঘ্নরাজ; গরুড়; বিঘ্ন; গুরু; নায়কহীন; ব্রতবিশেষ।

বিনায়াসে, (প্রা) আয়াস ব্যতিরেকে, উদ্‌যোগবিনা, অচেষ্টায়, বিনাশ্রমে।

বিনায়িকা, স্ত্রী. [বি+নায়িকা] গরুড়পত্নী।

বিনারুহা, স্ত্রী. [বিনা+আরুহ-আ] কন্দবিশেষ, ত্রিপর্ণিকা, কন্দালু।

বিনাশ, পুং. [বি+নশ-অ] বিনষ্ট, সংহার, ধ্বংস, তৎপর্য্যায়।—অদর্শন, ছন্নুট্,।

বিনাশক, ত্রি. [বি+নশ-অক] বিনাশকর্ত্তা, ধ্বংসকারক, হিংসক।

বিনাশন, ন. [বি+নাশন] হিংসন, ধ্বংসন, সংহরণ।

বিনাশনীয়, ত্রি. [ব+নশ-অনীয়] বিনাশ্য, ধ্বংসনীয়; বিনশ্বর, অস্থায়ী।

বিনাশয়িতব্য, ত্রি. [বি+নশ-তব্য] বিনাশ্য, ধ্বংসযোগ্য।

বিনাশশীল, ত্রি. [বিনাশ+শীল] বিনাশবিশিষ্ট, সংহারকারক।

বিনাশিত, ত্রি. [বি+নশ-ইত] নষ্ট, হত, বিনাশপ্রাপ্ত।

বিনাশী, ত্রি. [বি+নশ-ইন্] বিনাশ করণশীল, ঘাতক, নষ্টকারক।

বিনাশোন্মুখ, ত্রি. [বিনাশ+উন্মুখ] পক্ক, পাকা; নাশোদ্যত; বিনষ্টপ্রায়।

বিনাশ্য, ত্রি. [বি+নশ-য] করণীয়, বিনাশের উপযুক্ত, ধ্বংসযোগ্য।

বিনাসক, ত্রি. [বি+নাসা-ক] গতনাসিক, নাসিকাহীন, খাঁদা।

বিনাসাধ, (প্রা) অনিচ্ছা, অস্পৃহা।

বিনাহ, পুং. [বি+নাহ] কুপানন, পিধানক

বিনিঃসরণ, ন. [বি+নিঃসরণ] বিনির্গমন, বহির্গমন, ক্ষরণ।

বিনিঃসৃত, ত্রি. [বি+নিঃসৃত] বিনির্গত, ক্ষরিত, ঝরিত।

বিনিগমক, ত্রি. [বি+নি-গমক] প্রামাণিকতা, প্রতিপাদক, সন্দেহ নিবারক।

বিনিগমনা, স্ত্রী. [বি+নি-গম-না] একতর পক্ষপাতিনীযুক্তি, একতরাবধারণা; সিদ্ধান্ত, মীমাংসা; নিশ্চায়ক প্রমাণ।

বিনিঘ্নন্, ত্রি. [বি+হন-অৎ] ধ্বংসকারক, বিনাশনীয়।

বিনিদ্র, ত্রি. [বি+নিদ্রা] উন্মীলিত; নিদ্রারহিত। [রহিত্ব।

বিনিদ্রত্ব, ন. [বি+নিদ্র-ত্ব] প্রবোধ; নিদ্রা-

বিনিপাত, পুং. [বি+নি-পাত] নিপাত, পতন, ধ্বংস; দৈব, দিব্যাসন; অবমান, অপমান; অবজ্ঞা।

বিনিপাতিত, ত্রি. [বি+নিপাতিত] আহত, বিক্ষিত,; নিক্ষিত।

বিনিবৃত্ত, ত্রি. [বি+নি-বৃত্ত] ক্ষান্ত, নিরস্ত, উপরত।

বিনিময়, পুং. [বি+নি-ময়] পরিদান, প্রতিদান, পরিবর্ত্ত, বদল; বন্ধক।

বিনিবারিত, ত্রি. [বি-নি+বারিত] অবরুদ্ধ, প্রতিবদ্ধ।

বিনিয়ত, ত্রি. [বি-নি+যম-ত] বিধারিত, নির্দ্ধারিত

বিনিযুক্ত, ত্রি. [বি-নি+যুক্ত] বিভিন্ন; স্থাপিত।

বিনিয়োগ, পু. [বি-নি+য়োগ] ফলবিষয়ে অর্পণ; বিনিযোজন, প্রেরণ, আজ্ঞাদান, কর্ম্মচারিদিগকে কর্ত্তব্যকর্ম্মে নিয়োজন, পদে স্থাপন, কর্ম্মে নিয়োগ।

বিনিযোজিত, ত্রি. [বি-নি+যোজিত] বিনিযুক্ত, স্থাপিত; অর্পিত; কর্ম্ম করণার্থ প্রেরিত। [অপগত।

বিনির্গত, ত্রি. [বি+নির্+গত] বহির্গত,

বিনির্জ্জয়, পুং, [বি+নির্+জয়] বিজয়।

বিনির্ণয়, পুং. [বি+নির্ণয়] নিশ্চয়, অবধারণ; নিষ্পত্তি।

বিনির্ণায়ক, পুং. [বি+নির্ণয়+অক] বিশেষরূপে নিশ্চয়কর্ত্তা।

বিনির্ণীত, ত্রি. [বি+নির্ণীত] নিশ্চিত, অবধারিত, নিষ্পন্ন।

বিনির্ধূত, ত্রি. [বি+নির্ধূত] দুরাবস্থাহেতু চলিত; তাড়িত, দূরীকৃত, দূরীভূত।

বিনির্বৃত্ত, ত্রি. [বি+নির্-বৃত্ত] সমাপ্ত, নিষ্পন্ন।

বিনিবৃত্ত, ত্রি. [বি+নি-বৃত্ত] নিবৃত্তিবিশিষ্ট, ক্ষান্ত, নিরস্ত

বিনির্ভয়, পুং. [বি+নির্+ভয়] সাধ্যগণবিশেষ; ভয়রহিত।

বিনির্মুখ, পুং. [বি-নির্+মুখ] বৈমুখ্য, পরাঙ্মুখ; অদর্শন; উপেক্ষা, ত্যাগ।

বিনির্ম্মোক, পুং. [বি+নির্-মোক] ব্যতিরেক

বিনিহত, ত্রি. [বি+নি-হত] বিনষ্ট, ধ্বস্ত, উচ্ছিন্ন।

বিনিঃক্ষিপ্ত, ত্রি. [বি+নির্-ক্ষিপ্ত] বিনিক্ষেপ্রয়, পরিত্যক্ত; স্থাপিত; অর্পিত; বিশেষরূপে রক্ষিত।

বিনীত, ত্রি· [বি+নী-ত] বিনয়ান্বিত, তৎপর্য্যায়।—নিভৃত, প্রশ্রিত; জিতেন্দ্রিয়, অপনীত; হৃত; নিভৃত; ক্ষিপ্ত; কৃতদণ্ড; (পুং.) সুবহাশ্ব, উত্তমবাহন যোগ্য অশ্ব, তৎপর্য্যায়।—সাধুবাহী, সুষ্টুবাহনশীলক; বণিক্, বেনে; দমনক বৃক্ষ; শিক্ষিত বৃষভাদি।

বিনীতক, পুং. ন. [বি+নীত-ক] বৈনীতক, পরম্পরাবাহন।

বিনীতাত্মা, ত্রি. [বি+নীত-আত্মন্] নম্রমনাঃ, শিষ্ট, সাধু।

বিনীয়, পুং. [বি+নী-য়] কল্ক, খইল; পাপ, কলুষ, অধর্ম্ম।

বিনেতা, পুং. [বি+নেতৃ] দেশক; রাজা; শিক্ষক

বিনেয়, ত্রি. [বি+নী-য়] নেতব্য; দণ্ডনীয়, দণ্ডার্হ, শাসনার্হ। [রেক।

বিনোক্তি, স্ত্রী. [বিনা+উক্তি] কথন ব্যতি-

বিনোদ, পুং. [বি+নুদ-অ] কৌতূহল; ক্রীড়া; আলিঙ্গনবিশেষ; রাজগৃহবিশেষ।

বিনোদিত, ত্রি. [বি+নুদ-ইত] দূরীকৃত; নিঃক্ষিপ্ত; আহ্লাদিত।

বিন্দু, পুং. [বিন্দ+উ] জলকণা, তৎপর্য্যায়।—পৃষৎ, পৃষত, বিপ্রুট্, পৃষন্তি, বিপ্লুট্; দন্তক্ষতবিশেষ; জ্রদ্বয়ের মধ্যস্থান; রূপকার্থ প্রকৃতি, জ্ঞানশীল; অনুস্বার; (ত্রি.) জ্ঞাতা, জ্ঞানকর্ত্তা; দাতা; বেদিতব্য।

বিন্দুচিত্রক, পুং. [বিন্দু+চিত্রক] বিন্দুরেখাঙ্কিত মৃগবিশেষ।

বিন্দুজাল, ন. [বিন্দু+জাল] হস্তিশুণ্ডো-পরি বিচিত্রবিন্দুসমূহ।

বিন্দুজালক, ন. [বিন্দু+জাল-ক-] হস্তির মুখাদিতে স্থিত বিন্দুসমূহ, তৎপর্য্যায়। পদ্মক, পদ্ম। [তুরঙ্গ, ঘোটক।

বিন্দুতন্ত্র, পুং. [বিন্দু+তন্ত্র] অক্ষ, পাশা;

বিন্দুপত্র, পুং. [বিন্দু+পত্র] ভূর্জ্জবৃক্ষ, ভোজপাতের গাছ।

বিন্দুবাসর, পুং. [বিন্দু+বাসর] গর্ব্ভেতে সন্তানোৎপত্তিকারক শুক্রপতন দিন।

বিন্দুরেখক, পুং. [বিন্দু+রেখ-ক] পক্ষী-বিশেষ, বিন্দু রেখান্বিত পক্ষী।

বিন্দুসরঃ, ন. [বিন্দু+সরস্] সরোবরবিশেষ

বিন্ধন, (প্রা) ছিদ্রকরণ; ভেদন, ফোড়ন।

বিন্ধপত্রী, স্ত্রী. [বিন্ধ+পত্রী] জ্বরাপহা, বেল-শুঁটা। [শশধর।

বিন্ধস, পুং. [বিন্ধ+অস] চন্দ্র, বিধু, শশী,

বিন্ধ্য, পুং. [বিন্ধ+য] পর্ব্বতবিশেষ, বিন্ধ্য-গিরি; ব্যাধ।

বিন্ধ্যকূট, পুং. [বিন্ধ্য+কূট] অগস্ত্যমুনি।

বিন্ধ্যবাসিনী, স্ত্রী. [বিন্ধ্য+বাসিন্-ঈ] দুর্গা, ভগবতী, বিন্ধ্যপর্ব্বতে বাসকারিণী; যোগমায়া।

বিন্ধ্যবাসী, পুং. [বিন্ধ্য+বাসিন্] ব্যাড়ি-মুনি; বিন্ধ্যপর্ব্বতে বাসকারী।

বিন্ধ্যস্থ, পুং. [বিন্ধ্য+স্থা অ] ব্যাড়িমুনি; বিন্ধ্যপর্ব্বতে বাসকারী।

বিন্ধ্যা, স্ত্রী. [বিন্ধ্য+অ] লবলীবৃক্ষ, নোয়াড়-গাছ; ক্রুটি, এলাচি।

বিন্ধ্যাচল, পুং. [বিন্ধ্য+অচল] বিন্ধ্যনামক পর্ব্বত, বিন্ধ্যাদ্রি, বিন্ধ্যগিরি।

বিন্ধ্যাটবী, স্ত্রী. [বিন্ধ্য+অটবী] বিন্ধ্যপর্ব্বত সমীপ অরণ্যবিশেষ।

বিন্ধ্যাবলী, স্ত্রী. [বিন্ধ্যা+বলী] বাণরাজার মাতা, বলিরাজার মহিষী।

বিন্ধ্যাবলীপুত্র, পুং. [বিন্ধ্যাবলী+পুত্র] বাণরাজা। [রাজা।

বিন্ধ্যাবলীসুত, পুং. [বিন্ধ্যাবলী+সুত] বাণ-

বিন্ধ্যাবলীসুতা, স্ত্রী. [বিন্ধ্যা+বলী-সুতা] রত্নমালা; পুতনা।

বিন্ন, ত্রি. [বিদ্+ত] বিচারিত; প্রাপ্ত; জ্ঞাত; স্থিত, বিবাহিত।

বিন্যস্ত, ত্রি. [বি+ন্যস্ত] কৃতবিন্যাস, রচিত, যথাক্রমে স্থাপিত, সাজান।

বিন্যাক, পুং. [বি+ন্যাক] বৃদ্ধবৃক্ষ, ছাতি-য়ান্ গাছ।

বিন্যাস, পুং. [বি+ন্যাস] স্থাপন; রচন; কেশ সংস্কার; সাজান।

বিপক্ক, পুং. [বি+পক্ক] বিশেষে পাকা, অতিশয় পরিণতি প্রাপ্ত।

বিপচ্ছূন্য ন. [বিপদ্+শূন্য] বিপত্তিশূন্য, আপদরহিত

বিপজ্জনক, ত্রি. [বিপদ্+জনক] আপজ্জনক, সঙ্কটজনক।

বিপঞ্চিকা, স্ত্রী. [বি+পঞ্চ+ইক-আ] বীণা, বাদ্য যন্ত্রবিশেষ।

বিপঞ্চী, স্ত্রী. [বি+পঞ্চ-ঈ] বাদ্যযন্ত্রবিশেষ, বীণা; কেলী, ক্রীড়াবিশেষ।

বিপণ, পুং. [বি+পণ] বিক্রয়, বেচা, মূল্য লইয়া স্বত্ব ত্যাগকরা

বিপণি, পুং. স্ত্রী. [বি+পণি] পণ্যবিক্রয় শালা, দোকান; হট্ট, হাট; বিক্রয়ার্থ প্রসারিত নানাদ্রব্যযুক্ত বণিক্ বীথী, বাণিয়াবীথী, বাজার; হট্টমণ্ডপ; হট্ট, মধ্যস্থ পণ্যবিক্রয়বীথী, তৎপর্য্যায়।— পণ্যবীথিকা, আপণ, পণ্যবীথী, পণ্য, নিষদ্যা, বণিক্‌পথ, বিপণ, বীথী, আ-পণি

বিপণী, স্ত্রী. [বিপণ+ইন্] হট্ট, হাট; (পুং.) বণিক্, বেণিয়া। [বিপত্তি।

বিপৎ, স্ত্রী. [বি+পৎ] আপদ, সঙ্কট,

বিপত্তরণ, পুং. [বিপৎ+তরণ] আপদহইতে উদ্ধার, বিপত্ত্রাণ, বিপদ হইতে মোচন।

বিপত্তারক, পুং. [বিপৎ+তারক] বিপদুদ্ধা-রক।

বিপত্তি, স্ত্রী. [বি+পদ্-তি] আপৎ, বিপৎ সংকট; যাতনা; বিনাশ

বিপথ, পুং. [বি+পথ] নিন্দিত পথ, অস-ম্মার্গ, তৎপর্য্যায়।—বধ্ম, ক্ষুরধ্ব, কদধ্ব, কাপথ, অসৎপথ, কুৎসিত বর্ত্ম।

বিপথগামী, ত্রি. [বিপথ+গামিন] কুপথগামী, কুমার্গপ্রবৃত্ত, দুষ্টাচারী; অধর্ম্মে রত। [সঙ্কট।

বিপদ্, স্ত্রী. [বি+পদ্] বিপত্তি, আপদ্,

বিপদা, স্ত্রী. [বি+পদ্-আ] বিপদ্, বিপত্তি, আপদ্।

বিপদুদ্ধার, পুং. [বিপদ্+উদ্ধার] বিপদুদ্ধরণ, বিপৎ হইতে রক্ষা করণ।

বিপদ্ধীন, ত্রি. [বিপৎ+হীন] আপৎরহিত, বিপত্তি শূন্য।

বিপন্ন, ত্রি. [বি+পদ্-ত] বিপদাক্রান্ত, আপদাক্রান্ত, ...; (পুং.) সর্প, ভুজঙ্গ।

বিপব্য, ত্রি. [বি+পূ য] শোধনীয়, পবিত্রকরণ যোগ্য।

বিপরীত, ত্রি. [বি+পরি+ই-ত] বিপর্য্যায়, উল্টা, তৎপর্য্যায়।—প্রতিসব্য, প্রতিকূল, অপসব্য, অপষ্ঠু, বিলোমক, প্রসব্য, পরাচীন, প্রতীপ; ষোড়শ রতিবন্ধান্তর্গত দশমবন্ধ।

বিপরীতপথ্যা, স্ত্রী. [বিপরীত+পথ্যা] ছন্দোবিশেষ।

বিপরীতা, স্ত্রী. [বি+পরি+ইত-আ] কামুকী, কামাতুরা, সকামা।

বিপরীতাখ্যানকী, স্ত্রী. [বিপরীত+আখ্যানকী] ছন্দোবিশেষ।

বিপর্ণক, পুং. [বি+পর্ণক] পলাশবৃক্ষ, পলাশ গাছ।

বিপর্য্যয়, পুং. [বি+পরি-অয়] ব্যতিক্রম, তৎপর্য্যায়।—ব্যত্যাস, বিপর্য্যাস, ব্যত্যয়, বিপর্য্যায়। [বিপরীত।

বিপর্য্যস্ত, ত্রি. [বি+পরি+অস-ত] বিপর্য্যায়,

বিপর্য্যাস্তপুত্রা, স্ত্রী. [বিপর্য্যাস্ত+পুত্র-আ] পুত্রসন্তান অপ্রসবকারিণী।

বিপর্য্যায়, পুং. [বি+পরি+আয়] বিপরীতায়ন; অন্যরূপ গ্রহণ।

বিপর্য্যাস, পুং. [বি+পরি-আস] বিপরীত আসন, বিপর্য্যায়; উল্টা, ভ্রম, ভ্রান্তি।

বিপশী, পুং. [বি+পশ-ইন্] বুদ্ধবিশেষ।

বিপশ্চিৎ, ত্রি. [বি+পশ্-চিৎ] পণ্ডিত, কোবিদ, বুধ, ধীর, প্রাজ্ঞ।

বিপক্ষ, পুং. [বি+পক্ষ] শত্রু, বৈরী, অরি, বিরুদ্ধপক্ষাশ্রিত; প্রতিকূল।

বিপক্ষতা, স্ত্রী. [বি+পক্ষ-তা] শত্রুতা, বৈরিতা; প্রাতিকূল্য।

বিপক্ষতাচরণ, ন. [বিপক্ষতা+আচরণ] শত্রুতাচরণ, বিরুদ্ধাচরণ।

বিপক্ষাক্রান্ত, ত্রি. [বিপক্ষ+আক্রান্ত] শত্রুকর্ত্তৃক আক্রান্ত, বৈরিগ্রস্ত।

বিপাক, পুং. [বি+পাক] পচন; স্বেদ, ঘর্ম্ম; কর্ম্মের বিসদৃশ ফল; পরিণাম; দুর্গতি; স্বাদু; জাতি; আয়ু; ভোগ; দৈবঘটনা; ক্লেশ; আনন্দ।

বিপাট্, স্ত্রী [বি+পাশ্] বিপাশানদী।

বিপাঠ, পুং. [বি+পাঠ] বাণ, ইষু, বিশিখ, শর।

বিপাদিকা, স্ত্রী. [বি+পাদিকা] পাদস্ফোটরোগ; কুষ্ঠরোগ; প্রহেলিকা।

বিপাশা, স্ত্রী. [বি+পাশ-আ] নদীবিশেষ; (ত্রি.) পাশবর্জ্জিত। [অরণ্য।

বিপিন, ন. [বেপ+ইন্] বন, কানন, অটবী,

বিপুল, পুং. [বি+পুল] সুমেরুর পশ্চিমপর্ব্বত; সুমেরু; হিমাচল; হিমালয়; বৃহৎ, একান্ত, মহৎ।

বিপুলতা, স্ত্রী. [বিপুল+তা] মহত্ত্ব, প্রকাণ্ডতা, বিশালতা।

বিপুলরস, পুং. [বিপুল+রস] ইক্ষু, আউক।

বিপুলা, স্ত্রী. [বিপুল+আ] পৃথিবী; আর্য্যাচ্ছন্দোবিশেষ।

বিপুলাস্রবা, স্ত্রী. [বিপুল+স্রব-আ] গৃহকন্যা।

বিপূয, পুং. [বি+পূ-য] মুঞ্জতৃণ, মুঞ্জলতা।

বিপ্র, পুং. [বি+প্র] ব্রাহ্মণ, ভূদেব, দ্বিজ; অশ্বত্থবৃক্ষ।

বিপ্রকার, পুং. [বি+প্র+কার] অপকার, অনিষ্ট, তৎপর্য্যায়।—নিকার; খলীকার; তিরস্কার।

বিপ্রকারী, ত্রি. [বি+প্র+কারিন্] অনিষ্টকারী, মন্দকারী।

বিপ্রকাষ্ঠ, ন. [বিপ্র+কাষ্ঠ] তুলবৃক্ষ, তুলারগাছ।

বিপ্রকৃত, ত্রি. [বি+প্রকৃত] তিরস্কৃত, নিকৃত, অপকৃত, ভৎর্সিত, নিন্দিত।

বিপ্রকৃতি, স্ত্রী. [বি+প্র+কৃতি] বিপ্রকার, অপকার, অনিষ্ট, অহিত; তিরস্কার।

বিপ্রকৃষ্ট, ত্রি. [বি+প্র-কৃষ্ট] দূর, অন্তর; মন্দ।

বিপ্রকৃষ্টক, ত্রি. [বিপ্রকৃষ্ট++ক] দূর, অন্তর।

বিপ্রগামী, ত্রি. [বি+প্র-গামিন্] বিচলিত, কুপথগামী।

বিপ্রচিত্তি, পুং. [বি+প্র+চিত্তি] দনুপুত্র, অসুরবিশেষ।

বিপ্রতিকারী, ত্রি. [বি+প্রতি+কারিন্] অপকারী, মন্দকারী প্রতিকূল; বিরোধকারক।

বিপ্রতিপত্তি, স্ত্রী. [বি+প্রতি+পত্তি] বিরোধ, বিসম্বাদ, বিবাদ, কলহ, ঝকড়া; বিকৃতি, বিকার।

বিপ্রতিপন্ন, ত্রি. [বি+প্রতি+পদ্য] বিরোধিত; উপার্জ্জিত।

বিপ্রতিপন্ন, ত্রি. [বি+প্রতি+পন্ন] আকুলিত, ব্যাকুলীকৃত; পরিজ্ঞাত; বিবাদানুগত; অপবাদিত।

বিপ্রতিষিদ্ধ, ত্রি. [বি+প্রতি-সিদ্ধ] নিষিদ্ধ, নিবারিত।

বিপ্রতিসার, পুং. [বি+প্রতি+সার] বিপ্রতীসার, অনুতাপ।

বিপ্রতীসার, পুং. [বি+প্রতী-সার] অনুতাপ, পশ্চাত্তাপ, অনুশয়; রোষ, ক্রোধ; কৌকৃত্য, অযুক্তকরণ।

বিপ্রদহ, পুং. [বি+প্র-দহ] ফলমূলাদি শুষ্কদ্রব্য।

বিপ্রপ্রিয়, পুং. [বিপ্র+প্রিয়] পলাশবৃক্ষ; (ত্রি.) ব্রাহ্মণের বল্লভ।

বিপ্রয়াণ, ন. [বি+প্র-য়ান] পলায়ন, প্রস্থান, স্থানান্তরে গমন।

বিপ্রযুক্ত, ত্রি. [বি+প্র-যুক্ত] বিশ্লিষ্ট, বিভিন্ন, পৃথক্।

বিপ্রয়োগ, পুং. [বি+প্র-য়োগ] বিপ্রলম্ভ; বিরহ; বিসম্বাদ।

বিপ্রলপন, ন. [বি+প্রলপন] বিরুদ্ধউক্তি; বিতণ্ডাবাক্য; অসঙ্গত কথা।

বিপ্রলব্ধ, ত্রি. [বি+প্র+লব্ধ] বঞ্চিত; প্রতারিত; নায়কবিশেষ।

বিপ্রলব্ধা, [বিপ্র+লব্ধ-আ] স্বীয়াদি নায়িকা বিশেষ; বঞ্চিতানায়িকা।

বিপ্রলম্ভ, পুং. [বি+প্র+লম্ভ] বিসম্বাদ; বঞ্চন; বিপ্রয়োগ; বিচ্ছেদ; শৃঙ্গাররস বিশেষ; শৃঙ্গারাঙ্গবিশেষ।

বিপ্রলাপ, পুং. [বি+প্র+লাপ]বিরোধোক্তি, পরবচন বিরোধিবাক্য, অন্যের বাক্যের বিরুদ্ধবচন; বিরুদ্ধবাক্য; অনর্থকবাক্য, অসঙ্গত কথা।

বিপ্রলোভী, পুং. [বি+প্র+ লোভিন্] কিংকিরাত বৃক্ষ।

বিপ্রশ্নিকা, স্ত্রী.[বি+প্রশ্ন-ইক-আ] দৈবজ্ঞা।

বিপ্রিয়, পুং. [বি+প্রিয়] অপরাধ, দোষ, তৎপর্য্যায়।—মন্তু, ব্যলীক, আগঃ; (ত্রি.) অপ্রিয়, মন্দ।

বিপ্রুট্, স্ত্রী. [বি+প্রুষ্] বিন্দু, জলকণা; মুখনির্গত জলবিন্দু।

বিপ্রোষিত, ত্রি. [বি+প্র+বসত] প্রবাসিত, বিদেশস্থ।

বিপ্রোষিতভর্ত্তৃকা, স্ত্রী. [বিপ্রোষিত+ভর্ত্তৃকা] প্রবাসিত ভর্ত্তৃকা, যাহার ভর্ত্তা বিদেশস্থ।

বিপ্লব, পুং. [বি+প্লব] পরচক্রাদি ভয়; রাজাদিগের উপদ্রব এবং উৎপাত, তৎপর্য্যায়।—ডিম্ব, ডমর; অস্ত্রকলহ, অস্ত্রযুদ্ধ; নাশ, ধ্বংস।

বিপ্লাব, পুং. [বি+প্লু-অ] অশ্বের প্লুতগতি, গজেরলম্ফ প্রদান পূর্ব্বক গমন।

বিপ্লুট্, স্ত্রী. [বি+প্লুষ্] বিপ্রুট্, বিন্দু, জলকণা।

বিপ্লুত, ত্রি. [বি+প্লু-ত] ব্যসনার্ত্ত, উপদ্রুত, তৎপর্য্যায়।—পঞ্চভদ্র, ব্যসনী।

বিপ্সা, স্ত্রী. [বি+অপ্-সা] শ্রেণী, বীপ্সা।

বিফল, ত্রি. [বি+ফল] নিরর্থক, নিষ্ফল, অনর্থক, বৃথা, তৎপর্য্যায়।—মোঘ, ব্যর্থ।

বিফলতা, স্ত্রী. [বি+ফলতা] বৈয়র্থ, ফলাভাব, নিষ্ফলতা।

বিফলা, স্ত্রী. [বি+ফল-আ] কেতকী, কেয়া।

বিফলে, (প্রা) নিষ্ফলে, নিরর্থকরূপে, বৃথা।
বিফুল্ল, ত্রি. [বি+ফুল্ল] বিকসিত, প্রফুল্ল।
বিবদন, ত্রি. [বি+বদ-অং] বিরোধকারী, বিবাদকর্ত্তা।
বিবদমান, ত্রি. [বিবদ্+মান] বিবাদকর্ত্তা বিরোধকারী।
বিবধ, পুং. [বি+বধ] পর্য্যাহার; মার্গ, পন্থা, পথ; ব্রীহিতৃণাদির পর্য্যাহরণ; উপরিভাগে বদ্ধ শিক্যযুক্ত স্কন্ধোবাহ্য কাষ্ঠ, কার; ভার।
বিবধিক, পুং. [বি+বধিক] বৈবধিক, পশারী।
বিবন্দিষু, ত্রি. [বি+বদ-সউ] প্রশংসাকরণেচ্ছু।
বিবন্ধ, পুং. [বি+বন্ধ] রোগবিশেষ, আনাহরোগ।
বিবর, ন. [বি+বৃ-অ] ছিদ্র, ছেঁদা, বিল, গর্ত্ত; দোষ।
বিবরণ, ন, [বি+বৃ-অন] ব্যাখ্যা; বৃত্তান্ত, বর্ণনা।
বিবরণীয়, [বি+বৃ+অনীয়] বিশেষ কথনীয়, বর্ণনার্হ।
বিবরনালিকা, স্ত্রী. [বিবর+নালিকা] বেণু, বংশী, বাঁশী।
বিবরিষু, ত্রি. [বি+বৃ+স-উ] প্রকাশকরণেচ্ছু।
বিবর্জ্জন, ন. [বি+বর্জ্জন] ত্যাগ, পরিহার, ছাড়ন, বিসর্জন।
বিবর্জ্জিত, ত্রি. [বি+বর্জ্জিত] পরিত্যক্ত।
বিবর্ণ, ত্রি. [বি+বর্ণ] নীচ; মলিন; বর্ণহীন, বিকৃতবর্ণ, ম্লান; কদার্য্যাক্ষর।
বিবর্ত্ত, পুং. [বি+বৃৎ-অ] সমুদায়; অপবর্ত্তন; নৃত্য। [ঘূর্ণন।
বিবর্ত্তন, ন. [বি+বৃৎ+অন] পরিভ্রমণ,
বিবশ, ত্রি. [বি+বশ] অবশ্যাত্মা, অবশীভূত চিত্ত; অবশীভূত, অবশ, অবাধ্য; অরিষ্টদুষ্টধীঃ।
বিবস্ত্র, ত্রি. [বি+বস্ত্র] উলঙ্গ, বস্ত্রহীন।
বিবস্বতী, [বি+বস্-বৎ-ঈ] সূর্য্যনগরী।
বিবসন, ন. [বি+বসন] বিবস্ত্র, বসনহীন, উলঙ্গ।
বিবস্বান্, পুং. [বি+বস-বৎ] সূর্য্য; অর্কবৃক্ষ; দেবতা; অরুণ,বিনতাসুত; বৈবস্বতমনু।
বিবক্ষা, স্ত্রী. [বি+বচ্-স-আ] বলিবার ইচ্ছা, বাক্য কথনের বাসনা; শক্তি।
বিবক্ষিত, ত্রি. [বি+বচ+স-ইত] কথনেচ্ছার বিষয়।
বিবক্ষু, ত্রি. [বি+বচ্-স-উ] বাক্যাভিলাসী, কহিতে ইচ্ছুক।
বিবাক, ত্রি. [বি+বচ্-অ] বিবেচনকর্ত্তা, বিবেচক। [বিশেষ।
বিবাগবরারী, স্ত্রী. [বিবাগ+বরারী] রাগিণী-
বিবাদ, পুং. [বি+বদ্-অ] বিরুদ্ধবাক্য, বিরোধ, কলহ, ঝকড়া, তৎপর্য্যায়।—ব্যবহার, ঋণাদি,ন্যায়।
বিবাদক, ত্রি. [বিবাদ+অক] বিবাদানুগত; বিবাদী।
বিবাদকর্ত্তা, পুং. [বিবাদ+কর্ত্তৃ] বিরোধী, কলহী, কলহকারী।
বিবাদযুক্ত, ত্রি. [বিবাদ+যুক্ত] কলহবিশিষ্ট, বিরোধীয়; বিরোধকারী।
বিবাদানুগত, ত্রি. [বিবাদ+অনু+গত] বিবাদকর্ত্তা, বিরোধী।
বিবাদার্হ, ত্রি. [বিবাদ+অর্হ] বিবাদযোগ্য, বিবাদীয়।
বিবাদাস্পদ, ন. [বিবাদ+আস্পদ] বিবাদেরস্থান, বিরোধীয়।
বিবাদী, ত্রি. [বি+বদ্-ইন্] বিবাদকর্ত্তা, বিরোধী, প্রতিপক্ষ, বিরোধকারী।
বিবাধন, ন. [বি+বাধন] দুঃখ; যন্ত্রণা।
বিবাধা, স্ত্রী. [বি+বাধ-আ] বিহেঠন, হিংসা; যন্ত্রণা।
বিবার, পুং. [বি+বৃ-অ] বিততি; বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ এবং শ ষ স এই ত্রয়োদশবর্ণ বিবার সংজ্ঞা হয়।
বিবাস, ত্রি. [বি+বাস] বিবস্ত্র, উলঙ্গ; প্রব্রাজিত।
বিবাসন, ন. [বি+বাসন] নির্ব্বাসন।
বিবাহ, পুং. [বি+বহ-অ] দারপরিগ্রহ, তৎপর্য্যায়।—উপযম, পরিণয়, উদ্বাহ,

উপযাম, পাণিপীড়ন, দারকর্ম্ম, করগ্রহ, পাণিগ্রহণ, নিবেশ, পাণিকরণ।

বিবাহলব্ধ, ত্রি. [বিবাহ+লব্ধ] বিবাহকালীন প্রাপ্ত যৌতুকাদি

বিবাহার্থী, ত্রি. [বিবাহ+অর্থিন্] দারার্থী, বিবাহ করিতে প্রার্থনাকারী।

বিবাহিত, পুং.স্ত্রী. [বি+বহ-ইত] কৃতবিবাহ, উদ্বাহিত, পরিণীত।

বিবাহ্য, পুং. [বিবাহ+য] জামাতা, দুহিতার পতি, জামাই; (ত্রি.) বিবাহযোগ্য।

বিবি, (হি.) স্ত্রীমাত্র।

বিবিক্ত, ত্রি. [বি+বিচ-ত] পবিত্র; বিজন, নির্জ্জন; অসম্পৃক্ত; বিবেকী; পৃথক্; বিবেচিত।

বিবিক্তসেবী, ত্রি. [বিবিক্ত+সেবিন্]নির্জ্জনবাসী।

বিবিক্তা, স্ত্রী. [বি+বিক্ত-আ] দুর্ভগা, দুরদৃষ্টা, দুরবস্থান্বিতা; মুদ্রাঙ্কিত পুস্তক।

বিবিধ, ত্রি.[বি+বিধ] নানাপ্রকার, বহুরূপ।

বিবীত, পুং. [বি+বীত] ভূমিবিশেষ, প্রাচীরপরিবৃত ক্ষেত্র।

বিবীতভর্ত্তা, পুং. [বি+বীত+ভর্ত্তৃ] বিবীতভূস্বামী।

বিবুদ্ধ, ত্রি. [বি+বুদ্ধ] জাগরিত; জ্ঞানিত।

বিবুধ, পুং. [বি+বুধ] দেব, অমর; পণ্ডিত; চন্দ্র, শশধর।

বিবুধান, পুং. [বি+বুধ-অন] আচার্য্য; পণ্ডিত; দেব, দেবতা।

বিবৃক্তা, স্ত্রী. [বি+বৃক্ত-আ] দুর্ভগা; দুঃখিতা

বিবৃত, ত্রি. [বি+বৃ-ত] বিস্তৃত, প্রসারিত, বিবরণকরা।

বিবৃতা, স্ত্রী. [বি+বৃত-আ] ক্ষুদ্ররোগবিশেষ।

বিবৃতাক্ষ, পুং. [বি+বৃত+অক্ষ] কুক্কুট, কুকুড়া; বিস্তৃত নেত্র।

বিবৃতি, স্ত্রী. [বি+বৃ-তি] ব্যাখ্যা; অর্থ বিবরণ, বর্ণনা।

বিবৃত্ত, ত্রি. [বি+বৃৎ-ত] চলিত, ভ্রমিত, ঘূর্ণায়মান।

বিবৃত্তা, স্ত্রী. [বিবৃত্ত+আ] ক্ষুদ্ররোগ [বিশেষ।

বিবৃত্তি, স্ত্রী. [বি+বৃৎ-তি] চক্রবদ্ভ্রমণ, ঘূর্ণন।

বিবেক, পুং. [বি+বিচ্-অ] পরস্পর ব্যাবৃত্তি দ্বারা বস্তুর স্বরূপ নিশ্চয়, প্রকৃতি ও পুরুষের বিভাগ দ্বারা জ্ঞান, তৎপর্য্যায়।—পৃথগাত্মতা, বিবেচন, পৃথগ্ভাব, জলদ্রোণী; বিচার; সংসারিক পদার্থে হেয় জ্ঞান।

বিবেকিতা, স্ত্রী. [বিবেক+ইত-আ] বিবেকিত্ব, বিবেকিরভাব।

বিবেকী, পুং. [বিবেক+ইন্]দেবসেন রাজার পুত্র: বিচারকর্ত্তা; (ত্রি.) [illegible], সাংসারিক পদার্থে হেয় বুদ্ধিকারী।

বিবেক্তব্য, ত্রি. [বি+বিচ-তব্য] বিবেচ্য, বিবেচনীয়।

বিবেচক, পুং. [বি+বিচ-অক] বিবেচনকর্ত্তা; বিচারক, সৎতার্কিক; ভদ্রাভদ্র নির্ণয়ক্ষম।

বিবেচন, ন. [বি+বিচ+অন] বিবেক; বিতর্কণ; বিচারণ।

বিবেচনা, ত্রি. [বিবেচন+আ] বিচার; অনুধাবন, চর্চ্চা; ভাবনা, পরামর্শ।

বিবেচনীয়, ত্রি. [বি+বিচ-অনীয়] বিবেচ্য, বিবেচিতব্য, পরামৃশ্য।

বিবেচিত, ত্রি. [বি+বিচ+ইত] বিতর্কিত, পরামর্শকৃত, বিচারিত; তর্কিত; ভাবিত, চিন্তিত, আন্দোলিত

বিবেচ্য, ত্রি. [বি+বিচ-য] বিবেচনাযোগ্য, বিচারযোগ্য।

বিবোঢ়া, পুং. [বি+বহ-তৃ] বর, পতি, ভর্ত্তা. বিবাহকর্ত্তা।

বিবোধ, পুং. [বি+বুধ-অ] অনবধানতা; প্রবোধ, জ্ঞান।

বিবোধক, পুং. [বি+বুধ+ক] জাগরণকারী, নিদ্রাভঞ্জক, প্রবোধদায়ক, জ্ঞানদায়ক।

বিবোধন, ন. [বি+বুধ-অন] প্রবোধন, জাগরণ; জ্ঞাপন।

বিব্রত (প্রা) ক্লেশাপন্ন; কাতর, অস্থির।

বিক্রুবৎ, ত্রি. [বি+ক্রু-অৎ] বিরুদ্ধবক্তা, অন্যায়ভাষী।

বিব্বোক, পুং. [বিবু+উক] স্ত্রীদিগের শৃঙ্গার ভাব জন্য ক্রিয়াবিশেষ, হাব, ভাব, কটাক্ষাদি।

বিভক্ত, ত্রি. [বি+ভজ-ত] প্রাপ্তবিভাগ, বিভিন্ন, পৃথক্।

বিভক্তজ, পুং. [বিভক্ত+জ] বিভাগানন্তর গর্ব্ভাধানেজাতে পুত্র।

বিভক্তি, স্ত্রী. [বি+ভজ-তি] বিভাগ, অংশ; লিঙ্গ এবং ক্রিয়ার উত্তর প্রত্যয়বিশেষ, স্যাদি, ত্যাদি, সুপ্, তিঙ্।

বিভজন, পুং. [বি+ভজন] বিভাগকরণ, অংশকরণ, ভাগকরণ, বণ্টন, বাঁটিয়ালওন।

বিভজনীয়, ত্রি. [বি+ভজ-অনীয়] বিভাজ্য, বিভাগযোগ্য, বিভাগার্হ, ভাগকরিবার উপযুক্ত; ভজনার্হ।

বিভব, পুং. [বি+ভব] ধন, সম্পত্তি; ঐশ্বর্য্য; মোক্ষ; প্রভবাদি ষষ্টি সম্বৎসরান্তর্গত দ্বিতীয় বর্ষ।

বিভবশালী, ত্রি. [বিভব+শালিন্] ঐশ্বর্য্যবিশিষ্ট, ধনবান, ধনসম্পন্ন।

বিভবহীন, ত্রি. [বিভব+হীন] বিভবশূন্য, ঐশ্বর্য্যরহিত, ধনহীন।

বিভা, স্ত্রী. [বি+ভা] কিরণ; প্রকাশ; শোভা; বিবাহ।

বিভাকর, পুং. [বিভা+কর] সূর্য্য, দিবাকর, রবি, মার্ত্তণ্ড; অর্কবৃক্ষ, আকন্দগাছ; চিত্রকবৃক্ষ, চিতাগাছ; অগ্নি, অনল, বহ্নি, হুতাশন।

বিভাগ, পুং. বি+ভাগ] ভাগ, অংশ, বণ্টন; পার্থক্য; চতুর্ব্বিংশতি গুণান্তর্গত গুণ বিশেষ।

বিভাগকল্পনা, স্ত্রী. [বিভাগ+কল্পনা] নির্দ্দিষ্ট ভাগ।

বিভাগী, পুং. [বি+ভাগীন্] অংশী, ভাগাধিকারী, ভাগী।

বিভাজক, ত্রি. [বি+ভজ-অক] অংশকারী, বিভাগকর্ত্তা, বণ্টক।

বিভাজ্য, ত্রি. [বি+ভজ-য] বিভজনীয়, বিভাগার্হ, অংশকরণযোগ্য, বণ্টনীয়।

বিভাণ্ডক, পুং. [বি+ভাণ্ড-ক] মুনিবিশেষ, ঋষ্যশৃঙ্গমুনির পিতা

বিভাণ্ডকসুত, পুং. [বিভাণ্ডক+সুত] মুনিবিশেষ, ঋষ্যশৃঙ্গ মুনি, দশরথের জামাতা

বিভাণ্ডী, স্ত্রী. [বি+ভাণ্ড-ঈ] আবর্ত্তকীলতা, ভগতবল্লী।

বিভাত, ন. [বি+ভা-ত] প্রত্যুষ, প্রাতঃকাল; উষাসময়; উদ্দীপিত।

বিভান, ত্রি. [বি+ভাৎ] উজ্জ্বল, প্রভাযুক্ত।

বিভাব পুং. [বি+ভাব] পরিচয়; রসের উদ্দীপনাদি ভাব।

বিভাবন, ন. [বি+ভূ+অন] অলঙ্কারবিশেষ; প্রকাশন, অনুভবকরণ।

বিভাবনা স্ত্রী. [বি+ভাবনা] অলঙ্কারবিশেষ; বিবেচনা, তর্ক; অনুভব।

বিভাবনীয়, ত্রি. [বি+ভূ+অনীয়] বিবেচনীয়; বিতর্কীয়; চিন্তনীয়, পরিজ্ঞেয়।

বিভাবয়িতব্য, ত্রি. [বি+ভূ+তব্য] চিন্তনীয়; বিতর্কীয়; বিবেচনীয়।

বিভাবরী স্ত্রী· [বি+ভা+বর-ঈ] রাত্রি, রজনী; হরিদ্রা; কুট্টনী; বক্রযোষিৎ; বিবাদবস্ত্রমুণ্ডী; মৌখর্য্যনিরতাস্ত্রী, মুখরতাবিশিষ্টা স্ত্রী; মেদাবৃক্ষ

বিভাবসু, পুং. [বিভা+বসু] সূর্য্য, দিনমণি; অর্কবৃক্ষ, আকন্দগাছ; অগ্নি, অনল, বহ্নি; চিত্রকবৃক্ষ, চিতাগাছ; চন্দ্র, বিধু, নিশাকর; হারবিশেষ; গন্ধর্ব্ববিশেষ।

বিভাবিত, ত্রি. [বি+ভাবিত] চিন্তিত; বিশেষে উৎপাদিত; বিশেষে প্রাপিত; বিমিশ্রিত।

বিভাষা, স্ত্রী. [বি+ভাষা] বিকল্প, দ্বৈতবাদ।

বিভাষিত, ত্রি. [বি+ভাষিত] বিকল্প; উক্ত কথিত। [(পুং) পর্ব্বতবিশেষ।

বিভাস, ত্রি. [বি+ভাস] প্রভাস, দীপ্তি, প্রভা,

বিভাসা, স্ত্রী. [বি+ভাসা] দীপ্তি, প্রভা রাগিণীবিশেষ, দীপ্তিমতী, দীপ্তি।

বিভিন্ন, ত্রি. [বি+ভিদ্-ত] বিভক্ত, পৃথক্, বিদীর্ণ, ভেদিত।

বিভিন্নতা, ন. [বিভিন্ন+তা] প্রভেদ, পার্থক্য, ভিন্নতা; ভাবান্তর বোধ।

বিভিন্নত্ব, ন. [বিভিন্ন+ত্ব] প্রভেদ, পৃথকতা, প্রার্থক্য, ভিন্নতা।

বিভীত, ত্রি. [বি+ভীত] নির্ভয়, ভয়রহিত।

বিভীতক, ত্রি. [বিভীত+ক] বৃক্ষবিশেষ, বহেড়া, তৎপর্য্যায়।—অক্ষ, তুষ, কর্ষফল, ভূতবাস, কলিদ্রুম, কল্পবৃক্ষ, সম্বর্ত্ত, তৈলফল, সম্বর্ত্তক, বাসন্ত, কলিবৃক্ষ, বহেড়ুক, হার্য্য, বিষঘ্ন, অনিলঘ্ন, কাসঘ্ন।

বিভীষণ, পুং. [বি+ভীষণ] রাবণভ্রাতা; তৃণবিশেষ, নলতৃণ; (ত্রি.) ভয়ানক, ভয়ঙ্কর। [ভয় দেখান।

বিভীষিকা, স্ত্রী. [বি+ভীষিকা] ভয়প্রদর্শন,

বিভু, পুং. [বি+ভূ] প্রভু; সর্ব্বগত, সর্ব্বত্রগামী; শঙ্কর, মহাদেব; ব্রহ্মা; প্রজাপতি; ভৃত্য, দাস; বিষ্ণু, নারায়ণ; ব্যাপক; নিত্য, অর্হন্, ক্ষপণক; দৃঢ়, কঠিন, (ত্রি.) সর্ব্বমূর্ত্ত সংযোগী; পরম মহত্ত্ববান্, আত্মাদি।

বিভুগ্ন, ত্রি. [বি+ভুগ্ন] বক্রিম, কুটিল।

বিভুতা, স্ত্রী. [বিভু+তা] আধিপত্য, প্রধানতা।

বিভূতি, স্ত্রী. [বি+ভূ-তি] অণিমাদিক অষ্টধা ঐশ্বর্য্য, তৎপর্য্যায়।—ভূতি, ঐশ্বর্য্য; শিবধৃত ভস্ম; অষ্টঐশ্বর্য্য যথা। অণিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কামাবশায়িতা।

বিভূতিদ্বাদশী, স্ত্রী. [বি+ভূতি-দ্বাদশী] ব্রত বিশেষ।

বিভূতিমান্, ত্রি. [বি+ভূতি+মৎ] ঐশ্বর্য্যবন্ত, ধনবান্। [ঙ্কার।

বিভূষণ, ন. [বি+ভূষণ] আভরণ, অল-

বিভূষা, স্ত্রী. [বি+ভূষা] শোভা; আভরণ, অলঙ্কার। [ভিত।

বিভূষিত, ত্রি. [বি+ভূষিত] অলঙ্কৃত, শো-

বিভৃত, ত্রি. [বি+ভৃ-ত] ধৃত; পুষ্ট, পোশিত; রক্ষিত।

বিভেদ, পুং. [বি+ভেদ] বিচ্ছেদ; প্রভেদ, ভিন্নতা, প্রার্থক্য; বৈলক্ষণ্য; বিশেষ; বৈপরীত্য।

বিভেদক, পুং. [বি+ভেদক] ভেদকর্ত্তা, পার্থক্যকারক, প্রভেদক।

বিভ্রৎ, ত্রি. [বি+ভৃ-অৎ] ধারণ ও পোষণকর্ত্তা।

বিভ্রম, পুং. [বি+ভ্রম] হাববিশেষ, স্ত্রীদিগের শৃঙ্গারভাবজনিত ক্রিয়াবিশেষ; মদ রাগ হর্ষ জনিত বিপর্য্যাস; রমণীদিগের যৌবনজাত বিকার; ভ্রান্তি; শোভা; সংশয়; ভ্রমণ।

বিভ্রমা, স্ত্রী. [বি+ভ্রম-আ] বার্দ্ধক্য, বৃদ্ধত্ব।

বিভ্রাট্-ড্, ত্রি. [বি+ভ্রাজ্] অলঙ্কারাদি দ্বারা দীপ্তিশীল, তৎপর্য্যায়।—ভ্রাজিষ্ণু, রোচিষ্ণু; (প্রা) মহা আপদ। [হওয়া।

বিভ্রান্ত, ত্রি [বি+ভ্রান্ত] বিভ্রমযুক্ত, ভুল-

বিভ্রান্তি, স্ত্রী. [বি+ভ্রান্তি] বিভ্রম, ভুল।

বিমত, ত্রি. [বি+মত] বিরুদ্ধমতিবিশিষ্ট, অন্যমত, বিরুদ্ধমত, প্রতিকূল, বিপরীত; অন্যথা।

বিমতি, পুং. [বি+মতি] অনিচ্ছা, অমত, অনভিপ্রেত। [অলোভী।

বিমৎসর, ত্রি. [বি+মৎসর] অহিংসক,

বিমনস্ক, ত্রি. [বি+মনস্-ক] বিমনাঃ, অন্যমনাঃ; চিন্তাদিতে ব্যাকুল চিত্ত, দুর্ম্মনাঃ, দুঃখিত মানস।

বিমনস্কতা, পুং. [বি+মনস্কতা] অন্যমনস্ক হওয়া, অন্য দিকে মনঃ দেওয়া।

বিমনাঃ, ত্রি. [বি+মনস্] চিন্তাদিতে ব্যাকুল চিত্ত, তৎপর্য্যায়।—দুর্ম্মনাঃ, অন্তর্ম্মনাঃ, দুঃখিত মানস।

বিময়, পুং. [বি+মি-অ] বিনিময়, বদল, পরিবর্ত্ত।

বিমর্দ্দ, পুং. [বি+মর্দ্দ] কালস্কন্ধ বৃক্ষ, কালকাসুন্দিয়াগাছ; বিমর্দ্দন; দলন, (প্রা) ডলন।

বিমর্দ্দক, পুং. [বি+মর্দ্দ-ক] চক্রমর্দ্দকবৃক্ষ, চাকুন্দিয়াগাছ।

বিমর্দ্দন, ন. [বি+মর্দ্দ-অন] কুঙ্কুমাদি মর্দ্দন, তৎপর্য্যায়।—পরিমল, বিমর্দ্দ; বিশেষ রূপে মর্দ্দন। [ডলা।

বিমর্দ্দিত, ত্রি. [বি+মর্দ্দ-ত] দলিত, পিষ্ট,

বিমর্দ্দোত্থ, পুং. [বি+মর্দ্দ+উত্থ] মর্দ্দনদ্বারা জাত গন্ধাদি।

বিমর্শন, ন. [বি+মৃশ+অন] পরামর্শ, বিতর্ক, যুক্তিকরণ।

বিমর্ষ, পুং. [বি+মৃষ-অ] বিচারণা, মৌন, ভাবিত, চিন্তিত, উদ্বিগ্ন; অপ্রসন্ন; খেদ, অনুতাপ।

বিমর্ষী, ন. [বি+মর্ষ-ইন্] খিদ্যমান; দুঃখিত, মৌনি।

বিমল, ন. [বি+মল] উপরসবিশেষ,তারহেম দ্বিধাকৃত, তৎপর্য্যায়।—নির্ম্মল, স্বচ্ছ, অমল, স্বচ্ছধাতুক, (পুং.) অর্হন্, ক্ষপণক; (ত্রি.) নির্ম্মল, তৎপর্য্যায়।—বীধ্র, প্রিয়ত; চারু, মনোহর।

বিমলদান, ন, [বিমল+দান] নিত্য নৈমিত্তিক কাম্যদান; ঈশ্বর প্রীত্যর্থদান।

বিমলমণি, পুং. [বিমল+মণি] স্ফটিক, বেল্লোর, বেলোয়ারি।

বিমলা, স্ত্রী. [বিমল+আ] সপ্তলা, চামার কষ; ভূমিবিশেষ; দেবী বিশেষ।

বিমলাত্মক, ত্রি. [বিমল+আত্মক] নির্ম্মল, মল রহিত, পরিষ্কৃত। [মলরহিত।

বিমলার্থক, ত্রি. [বিমল+অর্থ-ক] নির্ম্মল,

বিমলাদ্রি, পুং. [বিমল+অদ্রি] পর্ব্বতবিশেষ, শত্রুঞ্জয় পর্ব্বত।

বিমা (হিং) আপদগ্রস্তে দায়ঠেকো, ঝুঁকি, ক্ষতির দায়।

বিমাংস, পুং. [বি+মাংস] অশুদ্ধমাংস, কুক্কুরাদির মাংস। [সৎমা।

বিমাতা, স্ত্রী. [বি+মাতৃ] মাতৃ সপত্নী,

বিমাতৃজ, পুং. [বি-মাতৃ-জ] মাতৃসপত্নীপুত্র, তৎপর্য্যায়।—বৈমাত্রেয়, বৈমাত্র।

বিমান, পুং. ন. [বি+মান] দেবরথ, তৎপর্য্যায়।—ব্যোমযান; সর্ব্বাভৌমগৃহ; ঘোটক; যানমাত্র।

বিমাননা, (প্রা) অপমান, অনাদর।

বিমার, (ফাঃ) রোগ, পীড়া, ব্যায়রাম।

বিমার্গ, পুং.[বি+মার্গ] সম্মার্জ্জনী, ঝাঁঝরা; কুপথ, কুৎসিত বর্ত্ম।

বিমার্গগামী, পুং. [বিমার্গ+গামিন্] কুপথগামী, বিপথগামী।

বিমুক্ত, ত্রি. [বি+মুক্ত] বিশেষে মুক্ত, মোক্ষপ্রাপ্ত; ত্যক্ত।

বিমুক্তি, স্ত্রী. [বি+মুক্তি] বিমোচন, মোক্ষ। [প্রসন্ন।

বিমুখ, ত্রি. [বি+মুখ] বহির্ম্মুখ, বিরত; অ-

বিমুগ্ধ, পুং. [বি+মুগ্ধ] মোহপ্রাপ্ত, অজ্ঞান।

বিমুদ্র, ত্রি. [বি+মুদ্র,] প্রফুল্ল, উৎফুল্ল, প্রকাশিত, মুদ্রারহিত।

বিমোক্তা, পুং. [বি+মোক্তা] ত্রাণকর্ত্তা; মোচনকারক।

বিমোচন, ন. [বি+মোচন] দূরীকরণ; মুক্তকরণ, পরিত্রাণ করণ, বিমুক্তি।

বিমোহন, ন. [বি+মোহন] বৈচিত্ত্যীকরণ, মুগ্ধকরণ, অজ্ঞান করণ, ভুলান; মায়া।

বিমোহিত, ত্রি. [বি+মোহিত] মোহযুক্ত, মুগ্ধ, অজ্ঞান।

বিমোক্ষণ. ন. [বি+মোক্ষণ] বিমোচন, পরিত্রাণ, মুক্তি।

বিম্কী, (প্রা) জলে জলাদির ঊর্দ্ধ নিঃসরণ।

বিম্ব, ন. [বি+ম্-ব] প্রতিবিম্ব, প্রতিমূর্ত্তি; জলবুদ্বুদ; কমণ্ডলু; বিম্বিকাফল, তেলাকুচা, তৎপর্য্যায়।—তুণ্ডিকেরী, রক্তফলা, পীলুপর্ণী, ওষ্ঠী, বিম্বিকা, বিম্বী, বিম্বা, বিম্বক, বিম্বজা; (পুং.ন.) সূর্য্য ও চন্দ্র মণ্ডল; (পুং.) কৃকলাস, কাঁকলাস, গিরগিটী।

বিম্বক, ন. [বিম্ব+ক]চন্দ্র ও সূর্য্যের মণ্ডল; বিম্বিকাফল, তেলাকুচা।

বিম্বজা, স্ত্রী. [বিম্ব+জন-অ-আ] বিম্বিকা; বিম্ব; চন্দ্র ও সূর্য্যের মণ্ডল।

বিম্বট, পুং. [বিম্ব+অট] সর্ষপ, সরিষা।

বিম্বা, স্ত্রী. [বিম্ব+আ] বিম্বিকা, প্রতিবিম্ব; বিম্বিকাফল, তেলাকুচা।

বিম্বাকার, পুং. [বিম্ব+আকার] বুদ্বুদাকার; বিম্বিকা ফলসদৃশ;কূর্ম্মপৃষ্ঠাকারবিশিষ্ট।

বিম্বিকা, স্ত্রী. [বিম্ব+ইক্-আ] বিম্ব, প্রতিমূর্ত্তি; চন্দ্র ও সূর্য্যমণ্ডল; ফলবিশেষ, তেলাকুচাফল।

বিম্বিত, ত্রি. [বিম্ব+ইত] প্রতিচ্ছায়া প্রাপ্ত, প্রতিমূর্ত্তি। [ফল।
বিম্বী, স্ত্রী. [বিম্ব+ঈ] বিম্বিকা, তেলাকুচা-
বিম্বু, স্ত্রী, [বিম্ব+উ] গুবাক, সুপারি, গুয়া।
বিম্বোষ্ঠ, ত্রি. [বিম্ব+ওষ্ঠ] বিম্বসদৃশ ওষ্ঠ, যাহার রক্তবর্ণ ওষ্ঠ।
বিম্বৌষ্ঠ, ত্রি· [বিম্ব+ওষ্ঠ] বিম্বসদৃশ ওষ্ঠ যাহার রক্তবর্ণ ওষ্ঠ।
বিয়চ্চারি, পুং. [বিয়ৎ+চারিন্] চিল্ল, চিল; (ত্রি.) আকাশগামী।
বিয়ৎ, ন. [বি+য়ম্-অৎ] আকাশ, অন্তরীক্ষ, গগণ।
বিয়দ্গঙ্গা, স্ত্রী. [বিয়ৎ+গঙ্গা] স্বর্গগঙ্গা, মন্দাকিনী।
বিয়দ্ভূতি, স্ত্রী. [বিয়ৎ+ভূতি] অন্ধকার, তিমির, তমঃ
বিয়ান, (প্রা) প্রসবন, গর্ভ হইতে সন্তান নিঃসারণ।
বিয়নি, (প্রা) বিউনী, বিন্যস্ত কেশ।
বিয়ন্মণি, পুং. [বিয়ৎ+মণি] সূর্য্য, দিবাকর, রবি, দিনমণি।
বিয়ম, পুং. [বি+যম] সংযম, ইন্দ্রিয়দমন; দুঃখ। [অপগত।
বিয়াত, ত্রি. [বি+যাত] নির্লজ্জ, লজ্জাহীন;
বিয়াম, পুং. [বি+যাম] সংযম, ইন্দ্রিয়দমন।
বিয়াল্লিশ, (প্রা) সংখ্যাবিশেষ, দ্বিচত্বারিংশৎ, ৪২।
বিযুক্ত, ত্রি. [বি+যুজ্-ত] বিয়োগবিশিষ্ট, বিচ্ছিন্ন; বিরহিত।
বিয়ে, (প্রা) বিবাহ, উদ্বাহ, পরিণয়, দারপরিগ্রহ, উপযম।
বিয়োগ, পুং. [বি+যুজ্-অ] বিচ্ছেদ, তৎপর্য্যায়।—বিপ্রলম্ভ, বিপ্রয়োগ, বিরহ।
বিয়োগজনক, পুং. [বিয়োগ+জনক] বিচ্ছেদজনক, বিরহজনক।
বিয়োগভাক্, ত্রি. [বিয়োগ+ভাজ্] বিচ্ছেদযুক্ত, বিরহবিশিষ্ট, বিয়োগান্বিত।
বিয়োগী, পুং. [বি+যোগিন্] চক্রবাকপক্ষী; (ত্রি.) বিয়োগযুক্ত; বিরহিত।
বিযোজিত, ত্রি. [বি+যুজ্-ইত] বিয়োগ প্রাপিত, বিচ্ছেদিত, বিরহিত।
বিযোড়, (প্রা) অযুগ্ম, বিষম, যোড়রহিত।
বিরক্ত, ত্রি. [বি+রম-ত] বিরাগযুক্ত, অননুরক্ত, অসন্তুষ্ট, ত্যক্ত।
বিরক্ততা, স্ত্রী. [বিরক্ত+তা] বৈরক্ত, বিরাগ, অসন্তোষ।
বিরক্তা, স্ত্রী, [বি+রম্-ত-আ] দুর্ভগা; অননুকূলা; অসন্তুষ্টা।
বিরক্তি, স্ত্রী. [বি+রম্-তি] বিরাগ, অসন্তুষ্টি, ঘৃণা।
বিরঙ্গ, ন. [বি+রঙ্গ] কঙ্কুষ্ট, পার্ব্বতীয় মৃত্তিকাবিশেষ।
বিরচন, ন. স্ত্রী [বি+রচন] রচনা, বিন্যাস; গ্রন্থন; নির্ম্মাণ, গঠন।
বিরচিত, ত্রি. [বি+রচ-ইত] বিশেষরচিত, নির্ম্মিত; গঠিত, বিন্যস্ত
বিরজস্তমাঃ, পুং. [বি+রজস্+তমস্] স্বত্ত্বগুণবিশিষ্ট, তৎপর্য্যায়।—দ্বয়াতিগ।
বিরজাঃ, স্ত্রী. [বি+রজস্] বিগতার্ত্তবা, নিবৃত্ত রজস্কাস্ত্রী।
বিরজা, স্ত্রী. [বি+রজস্-আ] কপিথানীবৃক্ষ; দূর্ব্বা; যযাতি রাজমাতা; শ্রীকৃষ্ণসখী; জগন্নাথক্ষেত্র; নদীবিশেষ।
বিরঞ্চ, পুং. [বি+রচ-অ] ব্রহ্মা, প্রজাপতি, বিধাতা।
বিরঞ্চি, পুং. [বি+রচ-ই] ব্রহ্মা,প্রজাপতি।
বিরট পুং. [বি+রট] রাজা বিশেষ, স্কন্ধ।
বিরণ, ন. [বি+রণ] তৃণবিশেষ, বীরণতৃণ, বেণার খড়। [রত।
বিরত, ত্রি. [বি+রম্-ত] নিবৃত্ত, ক্ষান্ত, উপ-
বিরতি, স্ত্রী. [বি+রম্-তি] নিবৃত্তি, অনিচ্ছা, তৎপর্য্যায়।—আরতি,অবরতি, উপরাম, উপরম, বিরাম
বিরল, ন. [বি+রা-ল] দধি, দই; (ত্রি.) অবকাশ, ফাক্, তৎপর্য্যায়।—পেলব, তনু; নির্জন; অসাধারণ; অপ্রাপ্য।
বিরলজানুক, ত্রি. [বিরল+জানুক] বক্রজানুবিশিষ্ট, বাঁকাজাং তৎপর্য্যায়।—প্রজ্ঞু, প্রজ্ঞ

বিরলদ্রবা, স্ত্রী. [বিরল+দ্রব-আ] শ্লক্ষযবাগু।

বিরস, [বি+রস] রসশূন্য; পানসিয়া।

বিরহ, পুং. [বি+রহ] বিচ্ছেদ, তৎপর্য্যায়। বিপ্রলম্ভ, বিপ্রয়োগ, বিয়োগ; বিরহে বর্ণনীয়ানি, যথা।—তাপ, নিঃশ্বাস,চিন্তা, মৌন, কৃশাঙ্গতা, বৎসর তুল্য রাত্রি-দৈর্ঘ্য, জাগরণ, শীতলে উষ্ণতা জ্ঞান।

বিরহানল, [বিরহ+অনল] বিচ্ছেদানল, বিয়োগানল।

বিরহিণী, স্ত্রী. [বিরহিন্+ঈ] ভৃতি; বিচ্ছেদ বিশিষ্টানারী, স্বামি বিরহিতা স্ত্রী।

বিরহিত, ত্রি. [বি+রহ-ইত] ত্যক্ত, বিহীন; বিচ্ছেদিত।

বিরহী, ত্রি. [বিরহ+ইন্] বিরহবিশিষ্ট, বিয়োগী, বিচ্ছেদযুক্ত।

বিরাগ, পুং. [বি+রাগ] অনমুরাগ, রাগ-শূন্য; বিবেক; ঔদাস্য; ঘৃণা, সাংসারিক পদার্থে হেয় জ্ঞান।

বিরাগার্হ, ত্রি. [বিরাগ+অর্হ] বিরাগ-যোগ্য, ঘৃণ্য, তৎপর্য্যায়।—বৈরঙ্গিক।

বিরাগী, [বিরাগ+ইন্] বিরাগবিশিষ্ট, ঘৃণা-ক্ত, বিরক্ত; বিষয়ত্যাগী, বিবেকী।

বিরাজ, পুং. [বি+রাজ] বিরাট্; শোভা; প্রকাশ, দীপ্তি।

বিরাজন, [বি+রাজ-অৎ] প্রকাশন; শোভন, দীপ্তিপাওন।

বিরাজনীয়, [বি+রাজ-অনীয়] বিরাজিতব্য।

বিরাজমান, ত্রি. [বি+রাজ্-মৎ] দীপ্তি-বিশিষ্ট, শোভমান, প্রকাশযুক্ত।

বিরাজিত, ত্রি. [বি+রাজ্-ত] শোভিত, দীপ্ত, প্রকাশিত।

বিরাট্, পুং. [বি+রাজ্] ক্ষত্রিয়জাতি; স্থূল শরীর, সমষ্ট্যুপহিত চৈতন্য; সায়ম্ভুব মনু। [দেশ, বিরাট রাজা।

বিরাট, পুং. [বি+রট-অ] দেশবিশেষ,মৎস্য-

বিরাটক, পুং. [বিরাট+ক] রাজপট্ট, রাজ-পাট, রাজসিংহাসন

বিরাটজ, পুং. [বিরাট+জন-অ] বিরাট-দেশীয় হীরক, তৎপর্য্যায়।—রাজপট্ট,

বিরাণী, স্ত্রী. [বি+রণ-ঈ] হস্তী, দন্তী, গজ।

বিরাধ, পুং. [বি+রাধ] রাক্ষসবিশেষ।

বিরাধন, ন. [বি+রাধন] পীড়া, রোগ, ব্যামোহ।

বিরাধান, ন. [বি+রাধান] পীড়া, রোগ, ব্যামোহ।

বিরানব্বই, (প্রা) সংখ্যাবিশেষ, দ্বিনবতি, ৯২

বিরাব, পুং. [বি+রু-অ] শব্দ, ধ্বনি, নাদ।

বিরাবী, ত্রি. [বিরাব+ইন্] বিরাববিশিষ্ট, শব্দযুক্ত, শব্দকারী।

বিরাম, পুং. [বি+রম-অ] শেষ, নিবৃত্তি, বিরতি, তৎপর্য্যায়।—অবসান, সাতি, মধ্য; পরবর্ণাভাব।

বিরাল, পুং. [বি+রাল] বিড়াল, মার্জ্জার।

বিরালতপস্বী, পুং. [বিরাল+তপস্বিন্] ভণ্ডতপস্বী, প্রতারণার্থ ব্রতকারী।

বিরালব্রতী, পুং. [বিরাল+ব্রতী] ভণ্ডতপস্বী, প্রতারণার্থ মিথ্যা ব্রতধারী।

বিরিক্ত, ত্রি. [বি+রিক্ত] কৃতবিরেক, বিরেচন, ভেদ, মলচালন।

বিরিঞ্চ, পুং. [বি+রচ] ব্রহ্মা, প্রজাপতি; বিষ্ণু; শিব।

বিরিঞ্চন, পুং. [বি+রিচ-অন] ব্রহ্মা, প্রজাপতি, সৃষ্টিকর্ত্তা। [বিষ্ণু।

বিরিঞ্চি, পুং. [বি+রচ-ই] শিব; ব্রহ্মা;

বিরিব্ধ, পুং. [বি+রভ-ত] স্বর।

বিরুদ, পুং. [বি+রুদ] গুণোৎকর্ষাদি বর্ণন।

বিরুদাবলী, স্ত্রী. [বিরুদ+আবলী] বিরুদ-শ্রেণী, স্তবমালা।

বিরুদ্ধ, ত্রি. [বি+রুধ-ত] বিরোধবিশিষ্ট; উল্‌টা, বিপরীত; অসঙ্গত।

বিরূঢ়, ত্রি. [বি+রুহ-ত] অঙ্কুরিত, জাত, উৎপন্ন, আরোহণ বিশিষ্ট।

বিরূপ, ন. [বি+রূপ] পিপ্পলীমূল, (ত্রি.) কুৎসিত, কুরূপ, কদাকার, (পুং.) সুম-নোরাজপুত্র, যথা।—সুমতি, বিরূপ, সভা, প্রতিকূল, বিপক্ষ, অপ্রসন্ন।

বিরূপক, ত্রি. [বি+রূপ-ক] কুৎসিৎ,

বিরূপা, স্ত্রী. [বি+রূপ-আ] দুরালভা-লতা, অতিবিষা, কুরূপা, কুৎসিতা, বিশ্রী, কদর্য্য।

বিরূপাক্ষ, পুং. [বি+রূপ+অক্ষ] শিব, মহাদেব, রুদ্রবিশেষ; বিষমচক্ষু, ভয়ানক চক্ষুঃ।

বিরূপিকা, স্ত্রী. [বি+রূপ+ইক-আ] কুরূপা বিকলাঙ্গী।

বিরূপী, পুং. [বি+রূপিন্]. জাহকজন্তু; (ত্রি.) কুরূপবিশিষ্ট।

বিরেক, পুং. [বি+রুচ্-অন] মলভেদ, মলচালন; তৎপর্য্যায়।—রেচন, রেক, রেচনা, বিরেচন, প্রস্কন্দন।

বিরেচক, ত্রি. [বি+রেচক] রেচক, বিরেক-কারক, সারক, মলভেদক, জোল্লাব।

বিরেচন, ন. [বি+রেচন] বিরেক, রেচন, মলচালন; (পুং) পীলুবৃক্ষ। [শূন্য।

বিরেফ, পুং. [বি+রেফ] নদমাত্র; রেফ-

বিরেভিত, ত্রি. [বি+রেভ-ইত] শব্দিত, নাদিত, ধ্বনিত।

বিরোক, ন. [বি+রুচ্-অ] ছিদ্র, রন্ধ্র; (পুং.) সূর্য্যকিরণ।

বিরোচন, পুং. [বি+রোচন] সূর্য্য; অর্ক-বৃক্ষ, আকন্দগাছ; প্রহ্লাদপুত্র; অগ্নি; চন্দ্র; রোহিতকবৃক্ষ; শ্যোণাকবিশেষ; ঘৃতকরঞ্জ।

বিরোচনসুত, পুং. [বিরোচন+সুত] বলিরাজা প্রহ্লাদের পৌত্র।

বিরোদ্ধা, (প্রা) বিপক্ষ, প্রতিবন্ধকতাকারী।

বিরোধ, পুং. [বি+রোধ] শত্রুতা, তৎপর্য্যায়।—বৈর, বিদ্বেষ, দ্বেষ, দ্বেষণ, অনুশয়, সমুচ্ছ্রয়, পর্য্যবস্থা, বিরোধন, সাধ্যব্যাপকাভাব প্রতিযোগিত্ব; সাধ্য সমানাধিকরণ্য; অনৈক্য; বিপরীতার্থ।

বিরোধক, পুং. [বি+রোধক] বিরোধকারী, বিবাদী; প্রতিবন্ধক।

বিরোধকর্ত্তা, পুং. [বিরোধ+কর্ত্তৃ] বিরোধ-কারী, শত্রু, বিপক্ষ।

বিরোধন, ন. [বি+রুধ-অন] বিরোধ,

বিরোধানর্হ, [বিরোধ+অনর্হ] বিবাদানুপযুক্ত, বিরোধের অযোগ্য।

বিরোধিতা, স্ত্রী. [বি+রোধিতা] বিরোধিত্ব, ব্যাঘাত, বাধা।

বিরোধিনী, স্ত্রী. [বি+রোধ-ইন্-ঈ] বিরোধকারিকা, বিবাদকারিণী।

বিরোধী, পুং. [বি+রুধ-ইন্] শত্রু, বৈরী, প্রভবাদি ষষ্টিসংবৎসরান্তর্গত ত্রয়োবিংশবর্ষ; (ত্রি.) বিরোধবিশিষ্ট, বিবাদী।

বিরোধোক্তি, স্ত্রী. [বিরোধ+উক্তি] পরবচন, অন্যের কথার বিরুদ্ধ বচন; তৎপর্য্যায়।—বিপ্রলাপ, বিরোধবাক্, ক্রোধোক্তি, প্রলাপ।

বিল, ন. [বিল+অ] ছিদ্র, গর্ত্ত, বিবর গুহা; (পুং.) উচ্চৈঃশ্রবা ঘোটক; বেতস বৃক্ষ।

বিলকারী, পুং. [বিল+কারিন্] মূষক; উন্দুর; ইঁদুর; (ত্রি.) গর্ত্তকারক।

বিলগ্ন, ন. [বি+লগ্ন] মধ্য, অবলগ্ন। অসংলগ্ন, জন্মলগ্ন; মেষাদিলগ্নমাত্র (ত্রি.) সংলগ্ন।

বিলঙ্ঘন, [বি + লঙ্ঘন] উৎক্রমণ, লঙ্ঘন ডিঙ্গন।

বিলজ্জ, ত্রি. [বি+লজ্জা] লজ্জারহিত নির্লজ্জ, বেহায়া।

বিলন, (প্রা) ব্যয়করণ; বণ্টন, দানকরণ।

বিলপন, ন. [বি+লপ-অৎ] বিলাপ, ভাষণ খেদোক্তিকরণ, শোকবাক্যকথন।

বিলপিত, ত্রি. [বি+লপ-ত] ক্রন্দিত শোকোক্তি।

বিলবাস, পুং. [বিল+বাস] জন্তুবিশেষ জাহকজন্তু।

বিলবাসী, পুং. [বিল+বাসিন্] সর্প, ভুজঙ্গ (ত্রি.) গর্ত্তস্থ। [বিলমাছ

বিলমৎস্য, [বিল+মৎস্য] বিলজাত মৎস্য

বিলম্ব, পুং. [বি+লম্ব্-অ] লম্বন; গৌণ কালাতিক্রম, কালব্যাজ, অশীঘ্র, দেরি

বিলম্বন, ন. [বি+লম্ব্-অন] অশীঘ্র গৌণ করণ, কালক্ষেপণ; প্রভবাদিষষ্টি সংবৎ

বিলম্বিত, ত্রি. [বি+লম্ব্-ত] অশীঘ্র, গৌণ কালক্ষেপণ; (ন.) মন্দত্ব: বিলম্বগমনশীল পশু,তদ্যথা।—হস্তি,খড্গী, উষ্ট্র, মহিষ, গো, গবয়, চমর, বরাহ।

বিলম্বী, ত্রি. [বি+লম্ব-ইন্] বিলম্ববিশিষ্ট, অসত্বর, বিলম্বকারী।

বিলম্ভ, পুং. [বি+লম্ভ] অতিদান, অতিশয় বিতরণ, তৎপর্য্যায়।—অতি সর্জ্জন। [ধ্বংস।

বিলয়, পুং. [বি+লী-অ] প্রলয়, বিনাশ

বিললা, স্ত্রী. [বি+লল-আ] শ্বেতবলা।

বিলশয়, পুং. [বিল+শী-অ] সর্প, অহি, ভুজঙ্গ, বিলেশয়।

বিলসন্, ত্রি. [বি+লস-অৎ] বিলাসযুক্ত, দীপ্তিশীল, প্রকাশবিশিষ্ট, শোভমান।

বিলসিত, স্ত্রী. [বি+লস্-ইত] আহ্লাদিত, কৃতক্রীড়, কৃতকৌতুক।

বিলক্ষ, ত্রি. [বি+লক্ষ] বিস্ময়ান্বিত, চমৎকৃত।

বিলক্ষণ, ন. [বি+লক্ষ-অন] হেতুশূন্যাবস্থা, নিষ্প্রয়োজন স্থিতি; (ত্রি.) ভিন্ন; বিশেষ লক্ষণযুক্ত; উত্তম, উৎকৃষ্ট]

বিলক্ষণা, স্ত্রী. [বি+লক্ষণ-আ] শয্যাবিশেষ, প্রেত শ্রাদ্ধে দেয় শয্যা।

বিলাছামাছ, (প্রা) বিলজাত মৎস্য, বিলমাছ।

বিলাতী, (যাং) ইউরোপ দেশীয়, ইংরাজী।

বিলাপ, পুং. [বি+লপ-অ] অনুশোচনোক্তি, শোকবাক্য,তৎপর্য্যায়।—পরিদেবন।

বিলাপন, পুং. [বিলাপ+অন্] শোককরণ, ক্রন্দন, আক্ষেপকরণ।

বিলাপী, পুং. [বিলাপ+ঈ] শোককারী, অনুশোচী, আক্ষেপ বচন শীল।

বিলাল, পুং. [বি+লল-অ] যন্ত্র, কল; বিড়াল, মার্জ্জার।

বিলাস, পুং; [বি+লস-অ] হাববিশেষ; লীলা, শোভা, রমণ, আমোদ।

বিলাসকানন, ন. [বিলাস+কানন] ক্রীড়াবন, বিলাস বিপিন, আরাম।

বিলাসবিভবানস,ত্রি.[বিলাস+বিভব+অনস] লুব্ধ, লোভী, অর্থগৃধ্নু।

বিলাসভবন, ত্রি. [বিলাস+ভবন] আমোদ প্রমোদার্থনির্ম্মিত গৃহ, বিলাসমন্দির, ক্রীড়াগৃহ, কেলিস্থান।

বিলাসমন্দির, ন, [বিলাস+মন্দির] ক্রীড়াগৃহ, কেলিগৃহ, লীলাস্থান।

বিলাসিনী, স্ত্রী. [বি+লাস-ইন্-ঈ] প্রিয়া নারী, রমণী; বেশ্যা।

বিলাসী, পুং. [বি+লস+ইন্] ভোগী, ক্রীড়ারত, কৌতুককারী, আমোদী, বিলাসশীল; ব্যাল, সর্প; কৃষ্ণ; অগ্নি; চন্দ্র; স্মর; মদন; হর, মহাদেব।

বিলিখিত, পুং. [বি+লিখিত] বিশেষে লেখা; চিত্রিত; অঙ্কিত।

বিলী, (প্রা) অংশকরণ, ভাগকরণ, বণ্টন, ব্যয়করণ; পৃথক্‌করণ; শ্রেণীবদ্ধকরণ।

বিলীন, ত্রি. [বি+লীন] প্রাপ্তদ্রবীভাব ঘৃতাদি; তৎপর্য্যায়।—বিদ্রুত, দ্রুত; বিশ্লিষ্ট, বিশেষে লীন, অন্তর্হিত।

বিলুপ্ত, ন. [বি+লুপ্-ত] লোপপ্রাপ্ত, নষ্ট, রহিত, অন্তর্হিত।

বিলেখন, ন. [বি+লিখ+অন্] লেখন; লিখন, খনন; বিশেষ লিপিকরণ, বিশেষ লিখন।

বিলেপ, পুং. [বি+লিপ-অ] লেপ, লেপন, মাখান; প্রলেপ।

বিলেপন, ন. [বি+লেপন] গাত্রানুলেপন যোগ্য সুগন্ধি দ্রব্য, তৎপর্য্যায়।—গাত্রানুলেপনী, বর্ত্তি, বর্ণক; কুঙ্কুমাদি লেপন, তৎপর্য্যায়।—সমালম্ভ।

বিলেপনী, স্ত্রী. [বি+লেপনী] যবাগু, যাউ; সুবেশা স্ত্রী।

বিলেপী, ত্রি. [বি+লেপিন্] লেপনকর্ত্তা; বিলেপনীয়।

বিলেপ্য, পুং. [বি+লেপ-য] যবাগু, যাউ; (ত্রি.) বিলেপনীয়।

বিলেবাসী, পুং. [বিলে+বাসিন্] সর্প, ভুজঙ্গ; ইন্দুর; (ত্রি.) গর্ত্তে বাসকারী।

বিলেশয়, পুং. [বিলে+শয়] সর্প; মূষিক,

ইন্দুর; গোধা, গোসাপ; শশক, খরগোশ; শল্লকী, শজারু; বিলশয়।

বিলোক, ন. [বি+লোক] নির্জ্জন, বিজন, লোকশূন্য।

বিলোকন, ন. স্ত্রী. [বি+লোক-অন] আলোকন, অবলোকন, নিরীক্ষণ, দর্শন, দেখন।

বিলোকনীয়, ত্রি. [বি+লোক+অনীয়] প্রত্যক্ষ; বোধ্য, জ্ঞেয়; দর্শনীয়।

বিলোকিত, ত্রি. [বি+লোক-ইত] আলোকিত, অবলোকিত, নিরীক্ষিত, দৃষ্ট।

বিলোকিতা, পুং. [বি+লোকি-তৃ] দ্রষ্টা; দর্শনকর্ত্তা, প্রেক্ষক, দর্শক।

বিলোচন, ন. [বি+লোচ-অন] চক্ষু, নয়ন, নেত্র; দর্শন।

বিলোটক, পুং. [বি+লোট-ক] নলমীন, বালিয়ামাছ।

বিলোড়ন, ন. [বি+লুড়-অন] মন্থন, আলোড়ন, ঘোঁটন; মর্দ্দন।

বিলোড়িত, ন. [বি+লুড়-ইত] তক্র, ঘোল; (ত্রি.) আলোড়িত, মথিত।

বিলোপ, পুং. [বি+লুপ-অ] বিশেষেলোপ, একেবারে লয়প্রাপ্তি, নাশ।

বিলোভ, পুং. [বি+লোভ] বিশেষেলোভ, অতিশয় লোলুপতা; লোভরহিত।

বিলোভন, পুং. [বি+লোভন] বিশেষে লোভ প্রদর্শন, অত্যর্থ লোভ দেখান।

বিলোম, ন. [বি+লোমন্] অরঘট্টক, মহাকূপ, বড় কুয়া; (ত্রি.) বিপরীত, ব্যতিক্রম, উল্টা, তৎপর্য্যায়।—প্রতিকূল, অপসব্য, অপষ্ঠুর, বাম, প্রসব্য, প্রতীপ, প্রতিলোম, অপষ্ঠু, সব্য, বিলোমক (পুং.) প্রদীপ; সর্প; বরুণ; কুক্কুর।

বিলোমক, পুং. [বি+লোমন্-ক] বিপরীত ব্যতিক্রম, বিপর্য্যয়।

বিলোমক্রিয়া, পুং. [বিলোম+ক্রিয়া] বিপরীতক্রিয়া; ব্যতিক্রম, বৈপরীত্য।

বিলোমজ, পুং. [বিলোম+জ] উত্তম বর্ণা স্ত্রীর গর্ব্ভে অধম বর্ণ হইতে উৎপন্ন।

বিলোমজাত, পুং. [বিলোম+জাত] অধম বর্ণপুরুষ হইতে উত্তমবর্ণা স্ত্রীর গর্ব্ভে উৎপন্ন, বিলোম।

বিলোমজিহ্ব, পুং. [বিলোম+জিহ্ব] হস্তী, করী, গজ।

বিলোমবর্ণ, পুং. [বিলোম+বর্ণ] বর্ণসঙ্কর, নীচ জাতি।

বিলোমী, স্ত্রী. [বি+লোম-ঈ] আমলকী, ধাত্রীফল।

বিলোল, ত্রি. বি+লুল-অ] চঞ্চল, চপল, অস্থির।

বিলোলন, ন. [বি+লুল-অন] চঞ্চল দোলন।

বিল্ল, ন. [বিল+ল] আলবাল, বৃক্ষমূলস্থ জলসেক স্থান; হিঙ্গু, হিং; বিল্ববৃক্ষ।

বিল্লমূলা, স্ত্রী. [বিল্ল+মূল-আ] বারাহীকন্দ, শূকরকন্দিয়া।

বিল্লসূ, স্ত্রী. [বিল্ল+সূ] প্রসূত দশপুত্রা, যে স্ত্রী দশপুত্র প্রসব হইয়াছে।

বিল্ব, ন. [বিল+ব] বিল্ববৃক্ষের ফল; পলপরিমাণ; (পুং.) ফলবৃক্ষবিশেষ, বেলগাছ, তৎপর্য্যায়।—শাণ্ডিল্য, শৈলূষ, মালূর, শ্রীফল, মহাকপিত্থ, গোহরীতকী, পূতিবাত, অতিমঙ্গল্য, মহাফল, শল্য, হৃদ্যগন্ধ, শালাটু, কণ্টাহ্ব, শৈলপত্র, শিবেষ্ট, পত্রশ্রেষ্ঠ, ত্রিপত্র, গন্ধপত্র, লক্ষ্মীফল, গন্ধফল, দুরারুহ, ত্রিশাখপত্র, ত্রিশিখ, শিবদ্রুম, সদাফল, সত্যফল, সুভূতিক, সমীরসার।

বিল্বপত্র, ন. [বিল্ব+পত্র] শ্রীফলপত্র, ত্রিপত্র, বেলপাত।

বিল্বপেষিকা, স্ত্রী. [বিল্ব+পেষিকা] শুষ্ক বিল্বখণ্ড, বেলশুঁঠ।

বিল্বা, স্ত্রী. [বিল্ব+আ] হিঙ্গুপত্রী।

বিলবিল, (প্রা) একত্র দলবদ্ধ হইয়া ঈষদ্গমন।

বিশ, ন. [বিশ+অ] মৃণাল, পদ্মেরডাঁটা; (প্রা) সংখ্যাবিশেষ, কুড়ি, ২০।

বিশকণ্ঠী, পুং. [বিশ+কণ্ঠিন্] বলাকা, ক্ষুদ্রবকশ্রেণী।

বিশঙ্ক, ত্রি. [বি+শঙ্কা] শঙ্কারহিত, নিঃশঙ্ক, নির্ভয়।

বিশঙ্কট, ত্রি. [বি+শঙ্কট] বিশাল, বৃহৎ. বড়, প্রকাণ্ড।

বিশঙ্কিত, ত্রি. [বি+শঙ্কিত] ভীত, ত্রস্ত ভয়ার্ত্ত।

বিশদ, পুং. [বি+শদ] শ্বেতবর্ণ, শাদা : (ত্রি.) বিমল, নির্ম্মল, পরিষ্কার ;ব্যক্ত, প্রকাশ; শুক্লগুণযুক্ত।

বিশম্বরা, স্ত্রী. [বিশৎ+বর–আ] পল্লী, পাড়া, বসতি শ্রেণী।

বিশয়, পুং. [বি+শী-অ] সংশয়, সন্দেহ, আশ্রয়।

বিশয়ী, ত্রি. [বি+শয়িন্] সংশয়ী, সন্দেহী; আশ্রয়ী।

বিশর, পুং. [বি+শৃ-অ] বধ, প্রাণীহত্যা, নাশ, হিংসা।

বিশরণ, ন. [বি+শৃ-অন] মারণ, হনন, বধকরণ।

বিশল্য, ত্রি. [বি + শল্য] শল্যরহিত, যাতনাহীন।

বিশল্যকরণী, স্ত্রী. [বি+শল্য–করণী] ঔষধি, বিশেষ।

বিশল্যকৃৎ, পুং. [বিশল্য+কৃৎ] বিশালীবৃক্ষ, কার্পণীকী গাছ, তৎপর্য্যায়।—অঙ্কোডক, সুকঙ্ক, ভূপলাশ, আস্ফোত, আচরৎপ্রিয়; (ত্রি.) বিশল্যকারী।

বিশল্যা, স্ত্রী. [বি+শল্য–আ] গুডুচীলতা; অগ্নিশিখা বৃক্ষ; দন্তী; ত্রিপুটা; কলিকারী; অজমোদা।

বিশসন, ন. [বি+শস–অন] মারণ, নাশন, হনন; খড়্গ।

বিশসিত, ত্রি. [বি+শস্-ইত] মারিত, হিংসিত, হত।

বিশস্ত, ত্রি. [[বি+শস্–ত] অবিনীত, ধৃষ্ট, [দুষ্ট।

বিশস্তা, পুং. [বি+শস্–তৃ] চাণ্ডাল, চাঁড়াল।

বিশাকর, পুং. [বিশ+আকর] ভদ্রচূড়, লঙ্কাসিজ্ গাছ

বিশাখ, পুং. [বি+শাখ] কার্ত্তিকেয়, কুমার, ষড়ানন; ধনুর্দ্ধারিদিগের দ্বাদশাঙ্গুলের অন্তরে পাদ সংস্থান; যাচক, ভিক্ষুক; পুনর্নবাশাক।

বিশাখজ, পুং. [বিশাখ+জ] নারঙ্গবৃক্ষ; (ত্রি.) বিশাখজাত।

বিশাখল, ন. [বিশাখ+ল] যুদ্ধকালে মধ্যে বিন্যস্ত পাদদ্বয়।

বিশাখা, স্ত্রী. [বি+শাখা] কঠিল্লক, করলা; অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত, ষোড়শনক্ষত্র, তৎপর্য্যায়।—রাধা।

বিশাতনী, স্ত্রী. [বি+শাতন–ঈ] মোচনকর্ত্রী, মুক্তিকারিণী।

বিশায়, পুং. [বি+শী–অ] প্রহরিদিগের ক্রমেতে শয়ন। [হিংসন।

বিশারণ, ন. [বি+শৃ-অন] মারণ, হনন,

বিশারদ, ত্রি. [বিশার+দা] বিদ্বান্, পণ্ডিত; প্রগল্ভ; নিপুণ; প্রসিদ্ধ; শ্রেষ্ঠ; (পুং.) বকুলপুষ্প বৃক্ষ।

বিশারদা, স্ত্রী. [বিশারদ+আ] ক্ষুদ্র দুরালভা।

বিশাল, ত্রি. [বি+শাল–অ] বৃহৎ, প্রকাণ্ড, মহৎ; (পুং.) মৃগবিশেষ; পক্ষিবিশেষ; বৃক্ষবিশেষ।

বিশালতা, স্ত্রী. [বিশাল+তা] পার্শ্ববিস্তার, ওসার, তৎপর্য্যায়।—পরিণাহ; সামান্য বিশালত্ব, মহত্ত্ব।

বিশালতৈলগর্ভ্ভ, পুং. [বিশাল+তৈল+গর্ভ্ভ] অঙ্কোঠবৃক্ষ, আকরোট্; আকোড়, থলআঁকুড়া।

বিশালত্বক্, পুং. [বিশাল+ত্বচ্] সপ্তপর্ণ বৃক্ষ, ছাতিমগাছ।

বিশালপত্র, পুং. [বিশাল+পত্র] কাসালু, কোকনদেশে প্রসিদ্ধ আলুবিশেষ, কন্দালু; স্ত্রীতাল; (বাং) শালম্।

বিশালফলিকা, স্ত্রী. [বিশাল+ফল+ইক-আ] নিষ্পাবী, বোড়াসীম।

বিশালা, পুং. [বি+শাল-আ] ইন্দ্রবারুণী; উজ্জয়নী; উপোদকী; মহেন্দ্রবারুণী; তীর্থবিশেষ; বদর্য্যাশ্রম।

বিশালাক্ষ, পুং. [বিশাল+অক্ষ] মহাদেব; গরুড়; (ত্রি.) সুনেত্র, দীর্ঘচক্ষুঃ; বিষ্ণু।

বিশালাক্ষী, স্ত্রী. [বিশাল-অক্ষিন্] বৃক্ষ; বরস্ত্রী, দীর্ঘনয়নানারী; নাগদন্তী-

পার্ব্বতী, ভগবতী; চতুঃষষ্ঠি যোগিনান্তর্গত যোগিনীবিশেষ।

বিশালী, স্ত্রী. [বি+শাল-ঈ] অজমোদা বৃক্ষ।

বিশিখ, পুং. [বি+শিখা-অ] শরবৃক্ষ; বাণ, শর, ইষু; তোমরাস্ত্র; বাদ্য যন্ত্রবিশেষ; (ত্রি.) শিখারহিত।

বিশিখা, স্ত্রী. [বি+শিখা] খনিত্রী, খন্তা; রথ্যা, রাস্তা; নালিকা, নর্দ্দমা, নালা।

বিশিত, ত্রি. [বি+শি-ত] ধারযুক্ত, ধারাল।

বিশিপ, ন. [বিশ+ইপ] মন্দির, গৃহ, ভবন, আগার।

বিশিষ্ট, ত্রি. [বি+শিষ্ট] যুক্ত; বিশেষে শিষ্ট; (পুং.) বিষ্ণু; ভদ্র, উৎকৃষ্ট।

বিশিষ্টতা, ত্রি. [বিশিষ্ট+তা] ভদ্রতা, শিষ্টতা, উত্তমতা।

বিশিষ্টাদ্বৈতবাদী, ত্রি. [বিশিষ্ট+অদ্বৈতবাদিন্] বিভিন্ন প্রকৃতি পুরুষের মিলিতরূপে ব্রহ্মত্ব বাদী।

বিশীণ, ত্রি. [বি+শৄ-ত] শুষ্ক, দুর্ব্বল, গ্লানি যুক্ত।

বিশীর্ণপর্ণ, পুং. [বিশীর্ণ+পর্ণ] নিম্ববৃক্ষ, নিমগাছ।

বিশুদ্ধ, ত্রি. [বি+শুধ-ত] বিশেষে শুদ্ধ, পরিষ্কৃত, তৎপর্য্যায়।—উজ্জ্বল, বিমল, বিশদ, বীধ্র, অবদাত, অনাবিল, শুচি; নিভৃত; সত্য; ষট্‌চক্রান্তর্গত পঞ্চমচক্র।

বিশুদ্ধি, স্ত্রী. [বি+শুধ-তি] সব; শোধন, পরিষ্কার, নির্ম্মলতা।

বিশুষ্ক, ন. [বি+শুষ্ক] বিশীর্ণ; নীরস, ম্লান।

বিশৃঙ্খল, ত্রি. [বি+শৃঙ্খল] শৃঙ্খলারহিত, অবদ্ধ, ক্রমরহিত, উল্টাপাল্টা।

বিশৃঙ্খলা, স্ত্রী. [বি+শৃঙ্খল-আ] বৈপরীত্য, ব্যতিক্রম, বিপর্য্যয়।

বিশেষ, পুং. [বি+শেষ] প্রভেদ, প্রকার; ব্যক্তি; তিলক; সপ্তপদার্থান্তর্গত পদার্থবিশেষ, তৎপর্য্যায়।—দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, সবিশেষক, সমবায়, অভাব; অলঙ্কারবিশেষ; বৈলক্ষণ্য, ভেদ; উপশম।

বিশেষক, পুং. ন. [বি+শেষ-ক] ললাটে কৃততিলক; (পুং.) তিলকবৃক্ষ; (ত্রি.) বিশেষণয়িতা, ভেদসূচক, প্রভেদক।

বিশেষকচ্ছেদ্য, ন. [বিশেষক+ছেদ্য] চতুঃষষ্টিকলান্তর্গত ষষ্ঠকলা।

বিশেষগুণ, পুং. [বিশেষ+গুণ] বুদ্ধ্যাদিষট্‌ক; রূপাদি চতুষ্টয়; স্নেহ; স্বাভাবিক দ্রবত্ব; অদৃষ্ট; ভাবনা; শব্দ।

বিশেষণ, ন. [বি+শিষ-অন] বিশেষ্য ধর্ম্ম, গুণাদি, প্রভেদক।

বিশেষণীয়, ত্রি. [বি+শিষ্-অনীয়] প্রভেদনীয়, প্রভেদ করিবার যোগ্য।

বিশেষতঃ, অ. [বিশেষ+তস্] বিশেষরূপে; বৈলক্ষণ্য হেতু; অধিকন্তু; অপরঞ্চ।

বিশেষফল, (প্রা) বিশেষলাভ, বিশেষপ্রাপ্তি।

বিশেষবিধি, পুং. [বিশেষ+বিধি] অল্পবিষয়ক বিধি।

বিশেষব্যাপ্তি, স্ত্রী. [বিশেষ+ব্যাপ্তি] ব্যাপ্তি বিশেষ।

বিশেষিত, ত্রি. [বি+শিষ+ইত] ভিন্ন, ব্যবচ্ছিন্ন, পৃথক্‌কৃত।

বিশেষোক্তি, স্ত্রী. [বিশেষ+উক্তি] অলঙ্কারবিশেষ।

বিশেষ্য, ত্রি. [বি+শিষ-য] ধর্ম্মিপদার্থ, দ্রব্যাদি; ভাস্বান, বৈশিষ্ট্যানুযোগী; সংজ্ঞাপদ।

বিশোক, পুং. [বি+শোক] অশোকবৃক্ষ; (ত্রি.) শোকরহিত। [নিবর্ত্তন।

বিশোচন, (প্রা) শোকনাশকরণ, দুঃখ

বিশোধন, ন. [বিশেষপঅস্] শুদ্ধকরণ, শুধরণ; সংশোধন।

বিশোধনী, স্ত্রী. [বি+শোধন-ঈ] দন্তীবৃক্ষ, দন্তীর গাছ। [বিশোধ্য।

বিশোধনীয়, ত্রি. [বি+শুধ+অনীয়] শোধনার্হ,

বিশোধিনী, স্ত্রী. [বি+শোধ+ইন্-ঈ] নাগদন্তীবৃক্ষ।

বিশোধিনীবীজ, ন. [বি+শোধনী+বীজ] জয়পাল। [শোধনার্হ।

বিশোধ্য, ত্রি. [বি+শুধ+য] শোধনীয়,

বিশোভ, পুং. [বি+শোভা] শোভাহীন, শোভারহিত; কুৎসিত, কদর্য্য।

বিশোষণ, ন. [বি+শোষণ] শুষ্ক, নীরস, রসহীন।

বিশোষিত, ত্রি. [বি+শোষিত] শুষ্ক, নীরস।

বিশ্ন পুং. [বিচ্ছ+ন] দীপ্তি, প্রকাশ; গতি, গমন।

বিশ্রণন, ন. [বি+শ্রণ-অন] বিশ্রাণন, দান, বিতরণ, অর্পণ; ত্যাগ।

বিশ্রব্ধ, ত্রি. [বি+শ্রম্ভ-ত] অনুদ্ভট; শান্ত; বিশ্বস্ত; অত্যর্থ; গাঢ়।

বিশ্রব্ধনবোঢ়া, স্ত্রী. [বিশ্রব্ধ+নব+ঊঢ়া] মুগ্ধানবোঢ়া স্ত্রী বিশেষ।

বিশ্রম, পুং. [বি+শ্রম] বিশ্রাম, বিরাম, ক্লেশ নিবারণ।

বিশ্রম্ভ, পুং. [বি+শ্রম্ভ] বিশ্বাস; কেলি কলহ; প্রণয়, প্রীতি, অনুরাগ; বধ, নাশ।

বিশ্রাণন, ন. [বি+শ্রণ-অন] বিশ্রণন, দান, ত্যাগ, বিতরণ অর্পণ।

বিশ্রান্ত, ত্রি. [বি+শ্রান্ত] শ্রান্তিযুক্ত; বিশ্বস্ত; সুস্থির; শ্রান্তিরহিত।

বিশ্রান্তি, স্ত্রী. [বি+শ্রান্তি] বিশ্রাম, আরাম, বিরাম; তীর্থবিশেষ।

বিশ্রাব, পুং. [বি+শ্রু-অ] অতি প্রসিদ্ধি, বড় বিখ্যাত।

বিশ্রাম, পুং. [বি+শ্রম-অ] বিরাম, শ্রমশান্তি, আরাম। [কাল, অবসর।

বিশ্রামকাল, পুং. [বিশ্রাম+কাল] বিরাম-

বিশ্রামবার, পুং. [বিশ্রাম+বার] রবিবার, ভানুবাসর।

বিশ্রি, পুং. [বি+শৃ-ই] মৃত্যু, মরণ, অত্যয়, বিনাশ।

বিশ্রী, ত্রি. [বি+শ্রী] শ্রীহীন, শ্রীভ্রষ্ট, কুৎসিত, কদর্য্য।

বিশ্রুত, ত্রি. [বি+শ্রুত] খ্যাত, বিখ্যাত; জ্ঞাত; সংহৃষ্ট; বিশেষে শুনা।

বিশ্রুতি, স্ত্রী. [বি+শ্রু-তি] বিখ্যাতি, প্রসিদ্ধি।

বিশ্লিষ্ট, ত্রি. [বি+শ্লিষ্-ত] ভিন্ন, পৃথগ্‌ভূত; বিচ্ছিন্ন, ছাড়া।

বিশ্লেষ, পুং. [বি+শ্লিষ্-অ] বিধুর, কাতর;

বিশ্ব, ন. [বিশ+ব] জগৎ, ব্রহ্মাণ্ড, শুণ্ঠী, শুঁঠ; বোল, স্বনামখ্যাত বণিকৃদ্রব্য; (পুং.) গণদেবতা বিশেষ, যথা।—বসু, সত্য, ক্রতু, দক্ষ, কাল, কাম, ধৃতি, কুরু, পুরূরব, মাদ্রবস, বিশ্বেদেব; নাগর; স্থূলশরীর ব্যষ্টিসহিত চৈতন্য; পরিমাণবিশেষ; (ত্রি.) সকল, সমুদায়।

বিশ্বকদ্রু, পুং. [বিশ্ব+কদ্রু] মৃগয়াকুশল কুক্কুর, শিকারী কুক্কুর; ধ্বান, শব্দ; (ত্রি.) খল, দুষ্ট।

বিশ্বকর্ম্মজা, স্ত্রী. [বিশ্ব+কর্ম্মন্+জন্-আ] সূর্য্যভার্য্যা, সংজ্ঞা।

বিশ্বকর্ম্মসুতা, স্ত্রী. [বিশ্ব+কর্ম্মন্+সুতা] সূর্য্যভার্য্যা, সংজ্ঞা।

বিশ্বকর্ম্মা, পুং. [বিশ্ব+কর্ম্মন্] সূর্য্য, দিবাকর; দেবশিল্পী, তৎপর্য্যায়।—ত্বষ্টা বিশ্বকৃৎ, দেববর্দ্ধকি; মুনিবিশেষ; বসুর পুত্র।

বিশ্বকা, স্ত্রী. [বিশ্ব+ক-আ] গঙ্গাচিল্লী, গাংচিল।

বিশ্বকৃৎ, পুং. [বিশ্ব+কৃৎ] বিশ্বকর্ম্মা, দেবশিল্পী।

বিশ্বকেতু, পুং. [বিশ্ব+কেতু] অনিরুদ্ধ, ঊষাপতি। [প্রকার।

বিশ্বক্, বা. [বিশ্ব+অঞ্চ] সর্ব্বতঃ, সর্ব্ব-

বিশ্বক্‌সেন, পুং. [বিশ্বক্+সেন] বিষ্ণু, নারায়ণ; ত্রয়োদশ মনু; বিষ্ণুরনির্ম্মাল্য ধারী দেবতা। [বৃক্ষ।

বিশ্বক্‌সেনা, স্ত্রী. [বিশ্বক্+সেন-আ] প্রিয়ঙ্গু

বিশ্বখণ্ড, ন. [বিশ্ব+খণ্ড] কঠিন; বিদ্বেষী; ধূর্ত্ত; বঞ্চক।

বিশ্বখণ্ডক, ত্রি. [বিশ্ব+খণ্ডক] অসন্তুষ্ট; পশ্চাত্তাপ বিশিষ্ট।

বিশ্বগ, পুং. [বিশ্ব+গম্-অ] ব্রহ্মা, প্রজাপতি; সর্ব্বত্রগামী।

বিশ্বগন্ধ, ন. [বিশ্ব+গন্ধ] বোল, স্বনামখ্যাত বণিক্ দ্রব্য; (পুং.) পলাণ্ডু, পাঁাজ।

বিশ্বগন্ধা, স্ত্রী. [বিশ্ব+গন্ধ-আ] পৃথিবী,

বিশ্বগোপ্তা, পুং. [বিশ্ব+গোপ্তৃ] বিষ্ণু, নারায়ণ; ইন্দ্র, শচীপতি; জগতের রক্ষাকর্ত্তা।

বিশ্বগ্রন্থি, স্ত্রী. [বিশ্ব+গ্রন্থি] হংসপদী, গোধাপদী, গোয়ালিয়া লতা।

বিশ্বগ্বায়ু, পুং. [বিশ্বক্+বায়ু] সর্ব্বত্র-গমনশীল পবন।

বিশ্বগু, ত্রি. [বিশ্ব+অঞ্চ] সর্ব্বত্রগামী।

বিশ্বঙ্কর, পুং. [বিশ্ব+কৃ-অ] চক্ষুঃ, নয়ন, নেত্র; সর্ব্বসৃষ্টিকর।

বিশ্বচক্র, ন. [বিশ্ব+চক্র] মহাদানবিশেষ; ব্রহ্মাণ্ডরূপ চক্র।

বিশ্বচক্রাত্মা, পুং. [বিশ্ব+চক্র+আত্মন্] বিষ্ণু, নারায়ণ।

বিশ্বজন, ন. [বিশ্ব+জন] সমুদায় বিশ্বের লোক।

বিশ্বজনীন, ত্রি. [বিশ্ব+জনীন] বিশ্বের উপযোগী, বিশ্বজনীয়।

বিশ্বজয়ী, ত্রি. [বিশ্ব+জয়িন্] সর্ব্বত্র জয়-প্রাপ্ত; অখিলসংসার জয়কারী।

বিশ্বজিৎ, পুং. [বিশ্ব+জিৎ] যজ্ঞবিশেষ; ন্যায়বিশেষ; বরুণপাশ; (ত্রি.) বিশ্ব-জয়কারী।

বিশ্বতঃ, ব্য. [বিশ্ব+তস্] সর্ব্বতঃ, সকল-প্রকারে।

বিশ্বদেব, পুং. [বিশ্ব+দেব] গণদেবতা বিশেষ।

বিশ্বদেবা, স্ত্রী. [বিশ্ব+দেব-আ] হ্রস্ব-গবেধুকা, গোরক্ষচাকুলিয়া; নাগবলা; অরুণপুষ্প দণ্ডোৎপল।

বিশ্বদ্র্যঙ্, ত্রি. [বিশ্ব+অদ্রি+অঞ্চ] সর্ব্বত্র গমন কর্ত্তা, সর্ব্বগ, সর্ব্বতোগামী।

বিশ্বধারিণী, স্ত্রী. [বিশ্ব+ধারিন্-ঈ] পৃথিবী পৃথ্বী, ধরা।

বিশ্বনাথ, পুং. [বিশ্ব+নাথ] শিব, মহাদেব; বিশ্বের প্রভু।

বিশ্বপর্ণী, স্ত্রী. [বিশ্ব+পর্ণ-ঈ] ভুম্যামলকী, ভুঁই আমলা।

বিশ্বপা, পুং. [বিশ্ব+পা] বিশ্বপালনকর্ত্তা, পরমেশ্বর; সূর্য্য; চন্দ্র; অগ্নি।

বিশ্বপ্সা, পুং. [বিশ্ব+অপ্সন্] অগ্নি; চন্দ্র; দেব; বিশ্বকর্ম্মা; সূর্য্য।

বিশ্ববঞ্চক, ত্রি. [বিশ্ব+বঞ্চক] বিশ্বভণ্ড, প্রসিদ্ধবঞ্চক, মহাধূর্ত্ত।

বিশ্ববেদাঃ, পুং. [বিশ্ব+বিদ-অস্] সর্ব্বজ্ঞ, বিশ্বজ্ঞাতা। [বিশেষ, বুদ্ধ।

বিশ্ববোধ, পুং. [বিশ্ব+বোধ] অবতার-

বিশ্বব্যাপক, ত্রি. [বিশ্ব+ব্যাপক] সর্ব্বত্র-গামী, পরমেশ্বর।

বিশ্বব্যাপী, ত্রি. [বিশ্ব+ব্যাপিন্] সর্ব্বত্র-গামী, সকল স্থানে বিস্তৃত।

বিশ্বভণ্ড, পুং. [বিশ্ব+ভণ্ড] বিশ্ববঞ্চক, প্রসিদ্ধ প্রতারক, মহাধূর্ত্ত।

বিশ্বভু, পুং. [বিশ্ব+ভু] বুদ্ধবিশেষ।

বিশ্বভেষজ, ন. [বিশ্ব+ভেষজ] শুণ্ঠী, শুঁঠ।

বিশ্বভোজঃ, পুং. [বিশ্ব+ভুজ-অস্] সর্ব্ব ভুক্, সকল ভোগী।

বিশ্বভোজী, পুং. [বিশ্ব+ভুজ+ইন] সর্ব্ব ভুক্, সর্ব্বখাদক; অগ্নি। [জিহ্বা।

বিশ্বমদা, স্ত্রী. [বিশ্ব+মদ-আ] অগ্নি-

বিশ্বম্ভর, পুং. [বিশ্ব+ভৃ-অ] বিষ্ণু; ইন্দ্র।

বিশ্বম্ভরা, স্ত্রী. [বিশ্বম্ভর+আ] পৃথিবী, বসুধা, ধরণী।

বিশ্বম্ভরাধিপ, পুং. [বিশ্বম্ভরা+অধিপ] রাজা, ভূপতি।

বিশ্বয়ু, পুং. [বিশ্ব+য়ু] বায়ু, অনিল, পবন।

বিশ্বরাজ্, পুং. [বিশ্ব+রাজ্] বিশ্বের রাজা; পরমেশ্বর।

বিশ্বরাট্, পুং. [বিশ্ব+রাজ্] বিশ্বেপ্রকাশমান; বিশ্বাধিপ, জগতের রাজা।

বিশ্বরূপ, পুং. [বিশ্ব+রূপ] বিষ্ণু; সর্ব্বময়; স্বনামখ্যাত ত্বষ্টামুনিপুত্র।

বিশ্বরূপক, ন. [বিশ্ব+রূপ-ক] কৃষ্ণাগুরু, অগুরুবিশেষ।

বিশ্বরেতাঃ, পুং. [বিশ্ব+রেতস্] ব্রহ্মা, বিধাতা, প্রজাপতি।

বিশ্বরোচন, পুং. [বিশ্ব+রোচন] নাড়ীক-শাক, তৎপর্য্যায়।—কেচুক, পেচুলী, পেচনাড়ী, নালিতাশাক।

বিশ্বসন, ন. [বি+শ্বস্+অন] বিশ্বাস ।

বিশ্বসনীয়, ত্রি. [বি+শ্বস্-অনীয়] বিশ্বাসযোগ্য, প্রত্যয়ার্হ ।

বিশ্বসহা, স্ত্রী. [বিশ্ব+সহ-আ] অগ্নিজিহ্বা বিশেষ; পৃথিবী ।

বিশ্বসার, ন; [বিশ্ব+সার] তন্ত্রবিশেষ; ব্রহ্মাণ্ডের মধ্যে সার পদার্থ ।

বিশ্বসারক, ন. [বিশ্ব+সারক] বিদরবৃক্ষ, ফণিমনসার গাছ ।

বিশ্বসিত, ত্রি. [বি+শ্বস্-ইত] বিশ্বস্ত, বিশ্বাস পাত্র, বিশ্বাসভাজন, বিশ্বাস্য ।

বিশ্বসৃক্, পুং. [বিশ্ব+সৃজ্] ব্রহ্মা, সৃষ্টিকর্ত্তা, বিধাতা ।

বিশ্বস্ত, ত্রি. [বি+শ্বস্-ত] জাতবিশ্বাস, বিশ্বসিত ।

স্ত্রী. [বি+শ্বস্-ত-আ] বিধবাস্ত্রী; প্রত্যয়িতা ।

বিশ্বস্থা, স্ত্রী. [বিশ্ব+স্থ-আ] শতাবরীলতা ।

বিশ্বস্রষ্টা, পুং. [বিশ্ব+স্রষ্ট] সৃষ্টিকর্ত্তা, ঈশ্বর, পরমেশ্বর ।

বিশ্বা, স্ত্রী. [বিশ্ব+আ] অতিবিষাবৃক্ষ, আতইষ, আতৈচ; শতাবরীলতা; পিপ্পলী, পিপুলগাছ ।

বিশ্বাচী, স্ত্রী. [বিশ্ব+অঞ্চ-ঈ] অপ্সরাবিশেষ ।

বিশ্বাত্মা, পুং. [বিশ্ব+আত্মন্] বিষ্ণু, নারায়ণ; ব্রহ্মা; বিশ্বমূর্ত্তি ।

বিশ্বাধায়াঃ, পুং. [বিশ্ব+ধায়স্] দেবতা, সুর, ত্রিদশ, অমর ।

বিশ্বাবসু, পুং. [বিশ্ব+বসু] গন্ধর্ব্ববিশেষ; (স্ত্রী.) নিশা, রাত্রি ।

বিশ্বামিত্র, পুং. [বিশ্ব+মিত্র] রাজর্ষিবিশেষ, তৎপর্য্যায় ।—গাধিজ, ত্রিশঙ্কুযাজী, গাধেয়, কৌশিক, গাধিভূ ।

বিশ্বামিত্রপ্রিয়, পুং. [বিশ্বা+মিত্র+প্রিয়] নারিকেল ।

বিশ্বাস, পুং. [বি+শ্বস-অ] প্রত্যয়, তৎপর্য্যায় ।—বিশ্রম্ভ, আশ্বাস, আশ্রয় ।

বিশ্বাসক, ত্রি. [বি+শ্বস+অক] প্রত্যয়কারী, প্রত্যয়ী ।

বিশ্বাসঘাত, পুং. [বিশ্বাস+ঘাত] বিশ্বাসভঙ্গ ।

বিশ্বাসঘাতক, পুং. [বিশ্বাস+ঘাত-ক] বিশ্বাসহন্তা, বিশ্রম্ভনাশক, অপ্রত্যয়ী; (ত্রি.) বিশ্বাসঘাতী

বিশ্বাসঘাতকতা, স্ত্রী. [বিশ্বাসঘাতক+তা] বিশ্বাসনাশকার্য্য; কৃতঘ্নতা ব্যবহার ।

বিশ্বাসঘাতী, ত্রি. [বিশ্বাস+ঘাতিন্] বিশ্বাস নাশক, বিশ্বাস হন্তা ।

বিশ্বাসপাত্র, ন. [বিশ্বাস+পাত্র] বিশ্বাসের উপযুক্ত ব্যক্তি ।

বিশ্বাসভাজন, ন. [বিশ্বাস+ভাজন] বিশ্বাসপাত্র, বিশ্বস্ত, বিশ্বাস্য ।

বিশ্বাসভূমি, স্ত্রী. [বিশ্বাস+ভূমি] বিশ্বাসস্থান, প্রত্যয়স্থল; শ্রদ্ধাবিষয় ।

বিশ্বাসী, ত্রি. [বিশ্বাস+ইন্] বিশ্বাসকারী, বিশ্বাসক, প্রত্যয়ী ।

বিশ্বাস্য, ত্রি. [বিশ্বাস+য] বিশ্বসনীয়, বিশ্বাসপাত্র; প্রত্যয়ার্হ, প্রত্যয়যোগ্য ।

বিশ্বেদেবা, পুং. [বিশ্ব+দেব] অগ্নি; শ্রাদ্ধদেব ।

বিশ্বেশ, পুং. [বিশ্ব+ঈশ] শিব; কাশীস্থ মহাদেব; ব্রহ্মাণ্ডের স্বামী ।

বিশ্বেশ্বর, পুং. [বিশ্ব+ঈশ্বর] শিব, মহাদেব; কাশীস্থ প্রধান শিবলিঙ্গ; ব্রহ্মাণ্ডের ঈশ্বর ।

বিশ্বৌষধ, ন. [বিশ্ব+ঔষধ] শুণ্ঠী শুঁঠ ।

বিষ, ন. [বিষ+অ] জল; পদ্মকেশর; বোল, রসগন্ধ; বৎসনাভ; সামান্যবিষ; (পুং.ন.) জীবনাঘাত বিষ, তৎপর্য্যায় ।—ক্ষ্বেড়, গরল, আহেয়, অমৃত, গরদ, কালকূট, কলাকুল, হারিদ্র, রক্তশৃঙ্গিক, নীল, গর, ঘোর, হালাহল, হলাহল, হালাহাল, হাহলশৃঙ্গী, ভূগর, জাঙ্গল, তীক্ষ্ণ, রস, রসায়ন, জঙ্গুল. জাঙ্গুল, কাকোল, প্রদীপন, সৌক্লিকেয়, সৌরাষ্ট্রিক, দারদ, নিদ, ব্রহ্মপুত্র, হালহল, হালহাল, হলহল, হাহল, ধুলক ।

বিষকণ্টকিনী, স্ত্রী. [বিষ+কণ্টকিন ঈ] বন্ধ্যাকর্কোটকী ।

বিষকন্দ, পুং. [বিষ+কন্দ] নীলকন্দ।
বিষঘ্না, স্ত্রী· [বিষ+হন্+অ-আ] লতাবিশেষ গুড়ূচী, গুলঞ্চলতা।
বিষঘাতী, পুং. [বিষ+ঘাতিন্] শিরীষবৃক্ষ; (ত্রি.) বিষনাশক।
বিষঘ্ন, পুং. [বিষ+হন্-অ] শিরীষবৃক্ষ; যবাস, ঘাস; বিভীতক, বহেড়াগাছ; চম্পকবৃক্ষ; (ত্রি.) বিষনাশক, গরলের-তেজঃ নিবারক।
বিষঘ্নী, স্ত্রী. [বিষ+হন্-ঈ] হিলমোচিকা, হিলঞ্চশাক; ইন্দ্রবারুণী; বনবর্ব্বরিকা; স্বল্পফলা; ভূম্যামলকী; রক্তপুনর্ণবা; হরিদ্রা; বৃশ্চিকালী, বিছাটী; মহা-করঞ্জ।
বিষজিহ্ব, পুং. [বিষ+জিহ্বা] দেবতাড়বৃক্ষ।
বিষজ্বর, পুং. [বিষ+জ্বর] মহিষ; বিষজন্য জ্বর, বিষজন্য গাত্রের উত্তাপ।
বিষণি, পুং. [বিষ+নি] গরলজন্য যন্ত্রণা, স্ফোটকাদির জ্বালা; সর্পবিশেষ।
বিষণ্ড, ন. [বিষ+ণ্ড] মৃণাল, পদ্মেরডাঁটা।
বিষণ্ণ, ত্রি. [বি+ষদ-ত] বিষাদপ্রাপ্ত, বিমর্ষ, খিন্ন; ভাবিত।
বিষণ্ণতা, স্ত্রী. [বিষণ্ণ+তা] জড়তা, জাড্য; বিমর্ষতা, বিষাদ, খেদ; অবসাদ।
বিষণ্ণানন, ত্রি. [বিষণ্ণ+আনন] বিষণ্ণমুখ, ম্লানবদন।
বিষতিন্দু, পুং. [বিষৎ+ইন্দু] কারস্কর বৃক্ষ, কপীলু, মধুরতেন্দু, মাকড়াকেঁদু।
বিষদ, ন. [বিষ+দা] পুষ্পকাসীস; (পুং.) শুক্লবর্ণ, শ্বেতবর্ণ; বিষদাতা।
বিষদংষ্ট্রা, স্ত্রী. [বিষ+দংষ্ট্র-আ] সর্প-কঙ্কালীবৃক্ষ। [বিড়াল।
বিষদংশ-বিষদংশক, পুং. [বিষ+দংশ-ক]
বিষদন্তক, পুং. [বিষ+দন্ত-ক] সর্প, উরগ, অহি, ফণী। [চকোর পক্ষী।
বিষদর্শনমৃত্যুক, পুং. [বিষ+দর্শন+মৃত্যু-ক]
বিষদ্রুম, পুং. [বিষ+দ্রুম] কারস্করবৃক্ষ।
বিষধর, পুং. [বিষ+ধর] সর্প, ভুজঙ্গ, সাপ।
বিষধর্ষ্মা, স্ত্রী. [বিষ+ধর্ষ্মন্-আ] কুলক্ষয়া, আলকুশীলতা।

বিষধাত্রী, স্ত্রী. [বিষ+ধাত্রী] জরৎকারু মুনিপত্নী।
বিষনাশন, পুং. [বিষ+নাশন] শিরীষ-বৃক্ষ; (ত্রি.) বিষনাশক।
বিষনাশিনী, স্ত্রী. [বিষ+নাশিন্-ঈ] সর্প-কঙ্কালী বৃক্ষ।
বিষসুহৃৎ, পুং. [বিষ+সুহৃদ্] শ্যোণাকবৃক্ষ।
বিষপায়ী, ত্রি. [বিষ+পায়িন্] বিষপানকর্ত্তা, গরলপায়ী।
বিষপুষ্প, ন. [বিষ+পুষ্প] নীলপদ্ম; বিষ-যুক্ত পুষ্প; (পুং.) ছর্দ্দনবৃক্ষ, মনফল।
বিষপুষ্পক, পুং. [বিষ+পুষ্পক] মদনবৃক্ষ, ময়নাগাছ; বিষপুষ্প ভক্ষণ জন্য রোগ।
বিষপ্রয়োগ, পুং. [বিষ+প্রয়োগ] বিষ-প্রদান।
বিষবৎ, ব্য. [বিষ+বৎ] বিষতুল্য, বিষসদৃশ, গরলবৎ।
বিষবিদ্যা, স্ত্রী. [বিষ+বিদ্যা] বিষঘ্ন মন্ত্র, বিষনাশক মন্ত্র।
বিষবৈদ্য, পুং. [বিষ+বৈদ্য] বিষঘ্ন মন্ত্রবেত্তা, ওঝা, বিষচিকিৎসক, তৎপর্য্যায়।— জাঙ্গুলিক, জাঙ্গলিক, নরেন্দ্র, কৌশিক, কথাপ্রসঙ্গ, চক্রাট, ব্যালগ্রাহী, জাঙ্গুলি, জাঙ্গলি, অহিতুণ্ডিক, ব্যালগ্রাহ, গারু-ড়িক।
বিষবৈরিণী, স্ত্রী. [বিষ+বৈরিন্-ঈ] নির্ব্বিষা, নির্ব্বিষীগাছ।
বিষভিষক্, পুং. [বিষ+ভিষজ্] বিষবৈদ্য, বিষচিকিৎসক, ওঝা, সাপুড়িয়া।
বিষভুজঙ্গ, পুং. [বিষ+ভুজঙ্গ] বিষযুক্ত সর্প, বিষধর, অহি।
বিষভৃৎ, ত্রি. [বিষ+ভৃৎ] বিষাক্ত; (পুং.) সর্প।
বিষম, ত্রি. [বি+সম] অসমান; (ন.) পদের ত্রিবিধ বৃত্তান্তর্গত বৃত্তবিশেষ; বর্গ-মূলোক্ত ঊর্দ্ধরেখা; (পুং.) অযুগ্মরাশি, যথা।— মেষ মিথুন সিংহ তুলা ধনুঃ কুম্ভরাশি; তালবিশেষ; উৎকট; দুর্গম; আগড়।

বিষমকর্ণ, পুং. [বিষম+কর্ণ] ভূপরিমাণের গণনাবিশেষ।

বিষমচ্ছদ, পুং. [বিষম+ছদ] সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিয়ান গাছ; অযোগ্যপাত্র, (প্রা) লিপিপত্র, কাগজ।

বিষমকর্ম্মা, ন. [বিষম+কর্ম্মন্] উৎসাহিক কর্ম্ম; গণিতাঙ্কবিশেষ।

বিষমচতুরস্র, ন. [বিষম+চতুরস্র] বিষমচতুষ্কোণ, বিষমচতুর্ভুজ।

বিষমচ্ছায়া, স্ত্রী. [বিষম+ছায়া] বিষুবরেখাবস্থিত সূর্য্যের ছায়াবিশেষ।

বিষমত্রিভুজ, পুং. [বিষম+ত্রিভুজ] অসমরেখাযুক্ত ত্রিকোণবিশেষ।

বিষমজ্বর, পুং. [বিষম+জ্বর] জ্বররোগবিশেষ। [অসুস্থ।

বিষমধাতু, পুং. [বিষম+ধাতু] স্বাস্থ্যাভাব,

বিষমনয়ন, পুং. [বিষম+নয়ন] শিব, মহাদেব, ত্রিনেত্র।

বিষমন্ত্র, পুং. [বিষ+মন্ত্র] সর্পধারক, বাদিয়া, সাপুড়ে, তৎপর্য্যায়।—জাঙ্গলী; বিষনাশক মন্ত্র।

বিষমময়, ত্রি. [বিষম+ময়] বিষম হেতু আগত।

বিষমরূপ্য, ত্রি. [বিষম+রূপ্য] বিষম হেতু আগত।

বিষমর্দ্দিনী, স্ত্রী. [বিষ+মর্দ্দিনী] গন্ধনাকুলী। [নাকুলী।

বিষমর্দ্দিকা, স্ত্রী. [বিষ+মর্দ্দিকা] গন্ধ-

বিষমবিভাগ, পুং. [বিষম+বিভাগ] অসমানাংশ, ন্যূনাধিক ভাগ।

বিষমশিষ্ট, পুং. [বিষম+শিষ্ট] দোষবিশেষ, অনুচিত শাসনরূপ, মহদ্বৈষম্য।

বিষমসাহস, ন. [বিষম+সাহস] দুঃসাহস, অতিশয় সাহস।

বিষমস্থ, ত্রি. [বিষম+স্থা-অ] অসমানস্থিতা; উপপ্লবদেশস্থ; বিপন্ন; উৎপাতগ্রস্ত; রুগ্ন।

বিষমায়ুধ, পুং. [বিষম+আয়ুধ] কামদেব, মদন, কন্দর্প। [বঞ্চক।

বিষমাশয়, ত্রি. [বিষম+আশয়] অসৎ,

বিষমাক্ষ, পুং. [বিষম+অক্ষিন্-অ] বিষম দর্শন; মহাদেব।

বিষমিত, ত্রি. [বিষম+ইত] অসদৃশ; অনিয়মিত।

বিষমীয়, ত্রি. [বিষম+ঈয়] বিষমহেতু আগত।

বিষমুষ্টি, পুং. [বিষ+মুষ্টি] ক্ষুপবিশেষ, বিষদোড়ি, কড়সিঙ্গে, তৎপর্য্যায়।—কেশমুষ্টি, সুমুষ্টি, রণমুষ্টিক, ক্ষুপড়োড়মুষ্টি।

বিষমৃত্যু, পুং. [বিষ+মৃত্যু] জীবঞ্জীব পক্ষী, চকোরপাখী।

বিষমেষু, পুং. [বিষম+ইষু] কামদেব, মদন।

বিষয়, পুং. [বি+ষি-অ] চক্ষুরাদিগ্রাহ্য রূপ রস গন্ধ স্পর্শ, তৎপর্য্যায়।—গোচর, ইন্দ্রিয়ার্থ; দেশ; আশয়; ভোগসাধন; নিত্যসেবিত; অব্যক্ত; শুক্র; জনপদ; কান্তাদি; নিয়ামক; আরোপাশ্রয়; কার্য্য; বিভব, সম্পত্তি, ধন। [কারণ।

বিষয়ক, ত্রি. [বিষয়+ক] বিষয়সম্বন্ধীয়, হেতুক,

বিষয়কর্ম্ম, ন. [বিষয়+কর্ম্ম] সাংসারিককার্য্য।

বিষয়কর্ম্মকুশল, ত্রি. [বিষয়+কর্ম্ম-কুশল] যে সংসারিক কার্য্যাদিতে বিলক্ষণ নিপুণ।

বিষয়জ্ঞান, ন. [বিষয়+জ্ঞান] বিষয় বোধ; সাংসারিক কর্ম্মে বিজ্ঞতা।

বিষয়বাসনা, স্ত্রী. [বিষয়+বাসনা] সাংসারিক সুখভোগেচ্ছা।

বিষয়াজ্ঞান, ন. [বিষয়+অজ্ঞান] তন্দ্রা, নিদ্রা, ঘুমান।

বিষয়ান্বিত, ত্রি. [বিষয়+অন্বিত] বিষয়যুক্ত; ধনী; কর্ম্মশীল।

বিষয়ায়ী, পুং. [বিষয়+অয়-ইন্] বৈষয়িক জন; রাজা; ইন্দ্রিয়; কামদেব; বিষয়াসক্ত পুরুষ।

বিষয়াসক্ত, ত্রি. [বিষয়+আসক্ত] বিভবাসক্ত; যে চক্ষুরাদি ইন্দ্রিয় গ্রাহ্যপদার্থে আসক্ত।

বিষয়ি, ন. [বিষয়+ইন] ইন্দ্রিয়।

বিষয়ী, পুং. [বিষয়+ইন্] নৃপতি, রাজা; কামদেব; বৈষয়িক; ধ্বনি, শব্দ; আরোপ্যমাণ; (ত্রি.) বিষয়াসক্ত; বিষয়যুক্ত; ব্যবসায়ী]

বিষয়ে, বা. প্রস্তাবে; সম্বন্ধে; উপরে।

বিষয়ৈষী, ত্রি. [বিষয়+ইষ্-ঈ] বিভবেচ্ছুক, বিষয়াভিলাষী।

বিষয়োপসেবা, স্ত্রী. [বিষয়+উপসেবা] বিষয়াসক্তি, বিষয়সেবা।

বিষরূপা, স্ত্রী. [বিষ+রূপ-আ] অতিবিষা।

বিষল, ন. [বিষ+ল] বিষ, গরল, কালকূট; বিষয়যুক্ত। [সর্প।

বিষলতা, স্ত্রী. [বিষ+লতা] ইন্দ্রবারুণীলতা;

বিষশালূক, পুং. [বিষ+শালূক] পদ্মকন্দ, পদ্মের মূল। [রুল।

বিষশূক, পুং. [বিষ+শূক] ভৃঙ্গরোল, ভীম-

বিষশৃঙ্গী, পুং. [বিষ+শৃঙ্গিন্] ভৃঙ্গরোল, ভীমরুল্।

বিষসূচ, পুং. [বিষ+সূচ] পক্ষীবিশেষ, চকোরপক্ষী।

বিষসৃক্কা, পুং. [বিষ+সৃক্কন্] ভৃঙ্গরোল, কীটবিশেষ।

বিষহন্ত্রী, স্ত্রী. [বিষ+হন্তৃ-ঈ] অপরাজিতা; নির্ব্বিষালতা।

বিষহর, ত্রি. [বিষ+হর] গরলনাশক ঔষধাদি।

বিষহরা, স্ত্রী. [বিষহর+আ] মনসাদেবী, বিষহরী।

বিষহরী, স্ত্রী. [বিষ++হরী] মনসাদেবী, বিষহরা।

বিষহা, স্ত্রী. [বিষ+হন্-অ] দেবদালীলতা; নির্ব্বিষালতা।

বিষা, স্ত্রী. [বিষ+আ] লতাবিশেষ; অতিবিষালতা; বুদ্ধি, প্রজ্ঞা।

বিষাক্ত, ত্রি. [বিষ+অক্ত] গরলযুক্ত, গরলমিশ্রিত।

বিষাঙ্কুর, পুং. [বিষ+অঙ্কুর] শল্যাস্ত্রবিশেষ।

বিষাণ, পুং. [বি+ষণ-অ] কুষ্ঠৌষধ, কুড়; গজদন্ত, হস্তিদন্ত, বরাহ দন্ত।

বিষাণিকা, স্ত্রী [বি+ষাণ+ইক-আ] মেষশৃঙ্গী; সাতলা; কর্কটশৃঙ্গী; আবর্ত্তকী।

বিষাণী, স্ত্রী. [বি+ষাণ-ঈ] ক্ষীরকাকোলী; অজশৃঙ্গী; বৃশ্চিকালী, বিছাটী; তিন্তিড়ীবৃক্ষ, তেঁতুলগাছ; (পুং.) হস্তী; শৃঙ্গী; ঋষভনামৌষধ; শৃঙ্গাটক; পাণিফল, শিঙ্গাড়া।

বিষাদ, পুং. [বি+সদ-অ] অবসাদ, বিষণ্ণতা, খেদ, শোক, বিমর্ষ, উদ্বিগ্ন।

বিষাদনী, স্ত্রী. [বিষ+অদন-ঈ] পলাশীলতা।

বিষানন, পুং. [বিষ+আনন] সর্প, অহি, ভুজঙ্গ।

বিষান্তক, পুং. [বিষ+অন্তক] শিব, মহাদেব; (ত্রি.) বিষনাশক।

বিষাপহ, পুং. [বিষ+অপহ] মুষ্ককবৃক্ষ।

বিষাপহা, স্ত্রী. [বিষ+অপহ-আ] লতাবিশেষ, ইন্দ্রবারুণীলতা; নির্ব্বিষালতা; নাগদমনীবৃক্ষ; অর্কমূলা, ঈশ্বরমূল; সর্পকঙ্কালিকা।

বিষাভাবা, স্ত্রী. [বিষ+অভাব-আ] নির্ব্বিষালতা, নির্ব্বিষী।

বিষায়ুধ, পুং. [বিষ+আয়ুধ] সর্প, ভুজঙ্গ, (ন.) বিষযুক্তাস্ত্র।

বিষার, পুং. [বিষ+ঋ-অ] সর্প, ফণী, বিষধর।

বিষারাতি, পুং. [বিষ+অরাতি] কৃষ্ণধুস্তুরক, কৃষ্ণধুতুরা।

বিষারি, পুং. [বিষ+অরি] মহাচঞ্চুশাক; ঘৃতকরঞ্জ। [গরলযুক্ত।

বিষাল, ত্রি. [বিষ+ল] বিষালু, বিষমিশ্রিত,

বিষালু, ত্রি. [বিষ+আলু] গরলযুক্ত, বিষমিশ্রিত, বিষাল।

বিষাস্য, পুং. [বি[illegible]+আস্য] সর্প, অহি; (ত্রি.) বিষযুক্ত মুখ।

বিষাস্যা, স্ত্রী. [বিষাস্য+আ] ভল্লাতকবৃক্ষ।

বিষু, বা. [বিষ+উ] সাম্য, সমতা; নানারূপ।

বিষুণ, পুং. [বিষু+ণ] বিষুব, সম রাত্রিন্দিব কাল।

বিষুপ, পুং. [বিষু+পা-অ] বিষুব, সমরাত্রিন্দিব কাল।

বিষুব, ন. [বিষু+ব] সমরাত্রিন্দিবকাল, মেষ ও তুলার সংক্রান্তি, তৎপর্য্যায়।—বিষবৎ, বিষুপ, বিষ্বক্, বিষ্বক, বিষুণ, (পুং) বিষুব, মহাবিষুব; জলবিষুব।

বিষুবচ্ছায়া, স্ত্রী. [বিষুব+ছায়া] বিষুবরেখাবস্থিত সূর্য্যের ছায়াবিশেষ।

বিষুবৎ, ন. [বিষুব + অৎ] বিষুব, মেষ ও তুলার সংক্রান্তি।

বিষুবদিন, ন. [বিষুব+দিন] বিষুবরেখায় সূর্য্যের গমনকাল।

বিষুবসংক্রান্তি, স্ত্রী. [বিষুব+সংক্রান্তি] বিষুব রেখায় সূর্য্যের রাশ্যন্তরে গমন।

বিষৌষধি, স্ত্রী. [বিষ+ঔষধি] নাগদন্তীবৃক্ষ।

বিষ্কন্না, ত্রি. [বি+স্কন্ন] বিকীর্ণ; বিক্ষিপ্ত।

বিষ্কম্ভ, পুং. [বি+স্কম্ভ-অ] সপ্তবিংশতি যোগান্তর্গত প্রথমযোগ; বিস্তার; প্রতিবন্ধ; রূপকাঙ্গবিশেষ; যোগিদিগের বন্ধনবিশেষ; বৃক্ষ; অর্গলা, হুড়কা

বিষ্কম্ভী, পুং. [বি+স্কম্ভ-ইন্] অর্গলা, কপাটধারণ কাষ্ঠ, অর্গল, হুড়কা দণ্ড, বন্ধনীনির্মিত্ত দণ্ড (ত্রি.) প্রতিবন্ধকারী।

বিষ্কল, পুং. [বিষ্+কল] গ্রাম্যশূকর, বিড়্বরাহ।

বিষ্কির, পুং. [বিষ্+কৃ-অ] লাবপক্ষী; ময়ূর কুক্কুটাদি, কুলিঙ্গ গবৈবেআ।

বিষ্ট, ত্রি. [বিশ্+ত] প্রবিষ্ট, প্রবেশবিশিষ্ট, কৃত প্রবেশ.

বিষ্টপ, ন. [বিষ্ট+প] ভুবন, জগৎ,ব্রহ্মাণ্ড।

বিষ্টম্ভ, পুং. [বি+স্তম্ভ-অ] প্রতিবন্ধক রোগবিশেষ, আনাহ রোগ।

বিষ্টম্ভী, ত্রি. [বি+স্তম্ভ-ইন্] বিষ্টম্ভ রোগজনক, আনাহ রোগজ.

বিষ্টর, পুং. [বি+স্তৃ-অ] বিটপী, বৃক্ষ; দর্ভমুষ্টি; পীঠাদ্যাসন। [নারায়ণ।

বিষ্টরশ্রবাঃ পুং. [বিষ্টর+শ্রবস্] বিষ্ণু

বিষ্টরা, স্ত্রী. [বি+স্তৃ+অ-আ] গুণ্ডাসিনী।

বিষ্টরুহা, স্ত্রী. [বিষ্ট+রুহা] স্বর্ণ কেতকী বিষ্টারুহা।

বিষ্টার, পুং. [বি+স্তৃ-অ] ছন্দোবিশেষ, পঙ্ক্তিছন্দঃ।

বিষ্টারুহা, স্ত্রী. [বিষ্টা+রুহা] স্বর্ণকেতকী।

বিষ্টি. স্ত্রী. [বিশ+তি] বেতন বিনা হঠাদ্ভারোদ্বহনাদি ক্লেশ, অবৈতনিক পরিশ্রম, বেগার, তৎপর্য্যায়।—আজূ; বেতন; কর্ম্ম; ভদ্রা; বর্ষণ; প্রেরণ; ববাদোকাদশ করণান্তর্গত সপ্তমকরণ; (ত্রি.) কর্ম্মকর। [স্থূল।

বিষ্ঠল, ন. [বি+স্থল] দূরস্থান, ব্যবহিত

বিষ্ঠা, স্ত্রী. [বি+স্থা] বিবিধপ্রকারে উদরস্থায়ীমল, তৎপর্য্যায়। উচ্চার, অবস্কর, শমল, শকৃৎ, গূথ, পুরীষ, বর্চ্চস্ক, বিট্, বর্চ্চঃ, অমেধ্য, দূর্ষ্যা, কল্ক, মল, কিট্ট, পুরিষ।

বিষ্ঠাশী, ত্রি. [বিষ্ঠা+আশিন্] গ্রাম্যশূকর, বিড্বরাহ।

বিষ্ণু, পুং. [বিষ+নু] অগ্নি; শুদ্ধ; বসুদেবতা; ধর্ম্মশাস্ত্রকর্ত্তা মুনিবিশেষ; ব্রহ্মের রূপবিশেষ; নারায়ণ, (অন্য পর্য্যায় কৃষ্ণশব্দ দ্রষ্টব্য)।

বিষ্ণুঋক্ষ, ন. [বিষ্ণু+ঋক্ষ] শ্রবণানক্ষত্র।

বিষ্ণুকন্দ, পুং. [বিষ্ণু+কন্দ] মূলবিশেষ, তৎপর্য্যায়।—বিষ্ণুগুপ্ত, সুপুট, বহুসংপুট, জলবাস, বৃহৎকন্দ, দীর্ঘপত্র, হরিপ্রিয়।

বিষ্ণুক্রান্তা, পুং.স্ত্রী. [বিষ্ণু+ক্রান্ত-আ] অপরাজিতা; অপরাজিতান্যায় ক্ষুপজাতি, নীল অপরাজিতা, তৎপর্য্যায়।—হরিক্রান্তা, নীলপুষ্পা, নীলক্রান্তা, সুনীলা, বিক্রান্তা, ছর্দ্দিকা; পৃথিবীস্থ ভারতবর্ষান্তর্গত খণ্ডত্রয়মধ্যে একখণ্ড, অর্থাৎ অসেচনক খণ্ড যাহাকে আসিয়া বলে।

বিষ্ণুগুপ্ত, পুং. [বিষ্ণু+গুপ্-ত] বাৎস্যায়নমুনি; মূলবিশেষ, বিষ্ণুকন্দ। [মূলক।

ক, ন. [বিষ্ণু+গুপ্ত-[illegible]] চাণক্য-

বিষ্ণুগৃহ, ন. [বিষ্ণু+গৃহ] বিষ্ণুমন্দির; স্বপুর, বিষ্ণুর আলয়।

বিষ্ণুচক্র, ন. [বিষ্ণু+চক্র] হস্তস্থরেখাময় চক্রবিশেষ; সুদর্শনচক্র।

বিষ্ণুতৈল, ন. [বিষ্ণু+তৈল] অশ্বিনীকুমার কৃত পক্বতৈল বিশেষ, পাকতৈল স্বল্প-বৃহৎভেদে দ্বিবিধ।

বিষ্ণুদৈবত, ত্রি. [বিষ্ণু + দেবত-অ] বিষ্ণ্বধিষ্ঠাতৃদেবতা, বিষ্ণু যাহার অধিষ্ঠাতা; শ্রবণানক্ষত্র।

বিষ্ণুদৈবত্য, ত্রি. [বিষ্ণু + দেবতা-য] বিষ্ণ্বধিষ্ঠাতৃদেবতা, বিষ্ণু যাহার অধিষ্ঠাতৃ দেবতা; শ্রবণানক্ষত্র।

বিষ্ণুদৈবত্যা, স্ত্রী. [বিষ্ণু + দেবতা-য-আ] একাদশীতিথি; দ্বাদশীতিথি।

বিষ্ণুধর্ম্ম, পুং. [বিষ্ণু+ধর্ম্ম] শাস্ত্রবিশেষ; বিদ্যাবিশেষ।

বিষ্ণুধর্ম্মোত্তর, ন. [বিষ্ণু+ধর্ম্ম+উত্তর] সংহিতাবিশেষ। [বিশেষ।

বিষ্ণুপঞ্জর, ন. [বিষ্ণু+পঞ্জর] বিষ্ণুকবচ

বিষ্ণুপদ, ন. [বিষ্ণু+পদ] আকাশ; ক্ষীরোদ, ক্ষীরসমুদ্র; পদ্ম; বিষ্ণুরস্থান; বিষ্ণুর-চরণ; ভ্রূমধ্য।

বিষ্ণুপদী, স্ত্রী. [বিষ্ণু+পদ-ঈ] গঙ্গা; বৃষ বৃশ্চিক সিংহ কুম্ভরাশি সংক্রান্তি।

বিষ্ণুপদীচক্র, ন. [বিষ্ণু+পদী+চক্র] জ্যৈষ্ঠ অগ্রহায়ণ ভাদ্র ফাল্গুণ মাসীয় রবি সংক্রমকালীন নক্ষত্র বিন্যাসাঙ্গ শুভাশুভ ফলজ্ঞাপক নরাকারচক্র।

বিষ্ণুবল্লভা, স্ত্রী. [বিষ্ণু+বল্লভ-আ] তুলসী; লক্ষ্মী; অগ্নিশিখাবৃক্ষ; বিষ্ণুপ্রিয়া।

বিষ্ণুবাহন, পুং. [বিষ্ণু+বাহন] গরুড়, বৈনতেয়। [তেয়।

বিষ্ণুবাহ্য, পুং. [বিষ্ণু+বাহ্য] গরুড়, বৈন-

বিষ্ণুভক্ত, ত্রি. [বিষ্ণু+ভক্ত] বৈষ্ণব, বিষ্ণুর উপাসক।

বিষ্ণুভক্তি, স্ত্রী, [বিষ্ণু+ভক্তি] ভগবৎসেবা; নারায়ণের প্রতিশ্রদ্ধা।

বিষ্ণুমায়া, স্ত্রী. [বিষ্ণু+মায়া] দুর্গা, ভগবতী।

বিষ্ণুযশাঃ, পুং. [বিষ্ণু+যশস্] ব্রহ্মবংশের পুত্র, কল্কিদেবের পিতা।

বিষ্ণুরথ, পুং. [বিষ্ণু+রথ] গরুড়; বিষ্ণুর

বিষ্ণুরাত, পুং. [বিষ্ণু+রা-ত] পরীক্ষিৎ রাজা।

বিষ্ণুলিঙ্গী, স্ত্রী. [বিষ্ণু+লিঙ্গ-ঈ] বর্ত্তিকা পক্ষী। [শিলা।

বিষ্ণুশিলা, স্ত্রী. [বিষ্ণু+শিলা] শালগ্রাম-

বিষ্ণুশৃঙ্খল, পুং. [বিষ্ণু + শৃঙ্খল] একাদশী ও দ্বাদশী তিথিদ্বয়মিলিত যোগবিশেষ।

বিষ্ফার, পুং. [বি+স্ফুর-অ] ধনুর্গুণশব্দ, জ্যাশব্দ, ধনুষ্টঙ্কার।

বিষ্য, ত্রি. [বিষ+য] বিষেতেবধ্য, বিষদ্বারা হন্তব্য।

বিষ্ব, ত্রি. [বিষ+ব] হিংস্র, হিংসক; প্রাণনাশক।

বিষ্বক্, ব্য. [বিষ্ব + অঞ্চ] পরিতঃ, সর্ব্বতঃ, চারিদিকে; (ন.) বিষুব, মেষ ও তুলার সংক্রমণ; (ত্রি.) বিশ্বব্যাপক, বিশ্বব্যাপী।

বিষ্বক্সেন, পুং. [বিষ্বক্ + সেন] বিষ্ণু; বিষ্ণুর নির্ম্মাল্যধারী; ত্রয়োদশ মনু।

বিষ্বক্সেনপ্রিয়া, স্ত্রী. [বিষ্বক্+সেন+প্রিয়া] বাহারী, চামার আলু; লক্ষ্মী; তুলসী; বিষ্ণুপ্রিয়া।

বিষ্বক্সেনা, স্ত্রী. [বিষ্বক্ + সেন-আ] প্রিয়ঙ্গু ফল।

বিষ্বণন, ন. [বি+স্বন্-অন] ভোজন; শব্দকরণ।

বিষ্বদ্রূঙ্, ত্রি. [বিষ্ব+অদ্রি + অন্‌চ] সর্ব্বতোগামী, সর্ব্বত্রগমন কর্ত্তা।

বিষ্বাণ, পুং. [বি+স্বন্-অ] ভক্ষণ, ভোজন, অশন।

বিস, ন. [বিস+অ] মৃণাল, পদ্মের ডাঁটা।

বিসকণ্ঠিকা, স্ত্রী. [বিস+কণ্ঠিকা] বলাকা, ক্ষুদ্র জাতীয় বক, কোঁচবক।

বিসকুসুম, ন. [বিস+কুসুম] কমল, পদ্ম।

বিসঙ্কট, পুং. [বি+সঙ্কট] সিংহ; ইঙ্গুদী বৃক্ষ; অতিশয় বিশাল; বিপদ।

বিসংযোগ, পুং. [বি+সংযোগ] অমিলন, বিমিশ্রণ, বিশেষে সংযোগ।

বিসজ, ন. [বিস+জন্-অ] পদ্ম, মৃণালজাত,

বিসনাভি, পুং. [বিস+নাভি] পদ্মিনী ; পদ্ম সমূহ। [কমল।

বিসপ্রসূন, ন. [বিস+প্রসূন] পদ্ম, পঙ্কজ,

বিসম্বাদ, পুং. [বি+সম্+বাদ] বিপ্রলম্ভ, কলহ, বিরোধ।

বিসম্বাদী, ত্রি. [বিসম্বাদ+ইন্] কলহকারী, বিরোধী, কোন্দলিয়া।

বিসর, পুং. [বি+সৃ-অ] সমূহ, সকল; প্রসর; বিস্তার।

বিসরণ, পুং. [বি+সৃ-অন] গমন ; বিস্তারণ, ব্যাপন, ছড়ান।

বিসর্গ, পুং. [বি+সৃজ-অ] দান ; ত্যাগ ; মলনির্গম ; সূর্য্যের অয়ন বিশেষ ; মোক্ষ ; বিসৃষ্ট;বিশেষসৃষ্টি ; বিসর্জ্জনীয়, তৎপর্য্যায় ।—অ, সর্গ, রসনা, দ্বিবিন্দুক, নাদ, ঊর্দ্ধ, ইন্দু, অর্দ্ধমাত্রা, কলা, রাশীশ সদাশিব, অমৃতাচার্য্য, তুরীয়, বিশ্বমাতা, কলাপরা, কণ্ঠক, মহাসেন, পূর্ণ, অমৃত, রবি, ইচ্ছা, ভদ্রা, গণেশ, রতি, বিদ্যা-মুখী, সুখ, সোম, অনিরুদ্ধ, দুঃখসূচক, দ্বিজিহ্ব, কুণ্ডল, বক্ত্র, শক্তি, নিশাকর, সুন্দরী, সুযশা, অনন্তা, গণনাথ, মহেশ্বর, বিষয়, আসন, মহেশানী, কালজ্ঞ; রমা। [সংপ্রেষণ।

বিসর্জ্জন, ন. [বি+সৃজ-অন] দান; পরিত্যাগ;

বিসর্জ্জনীয়, ত্রি. [বি+সৃজ-অনীয়] বর্জ্জনীয় ; ত্যাগ্য ; বিসর্গ, দ্বিবিন্দু।

বিসর্প, পুং. [বি+সৃপ-অ] রোগবিশেষ, তৎপর্য্যায় ।—বিসর্পি, সচিবাময় ; গমন ; ব্যাপন।

বিসর্পঘ্ন, ন. [বিসর্প+ঘ্ন] মধুচ্ছিষ্ট, মোম।

বিসর্পণ, ন. [বি+সৃপ-অন্] প্রসর, বিস্তার, ব্যাপন ; গমন

বিসর্পন্, ত্রি. [বি+সৃপ-অৎ] ব্যাপন; গমন।

বিসর্পি, পুং. [বি+সৃপ-ই] বিসর্প, রোগ-বিশেষ।

বিসর্পী, ত্রি. [বি+সৃপ-ইন্] প্রসর, বিস্তারী ; বিসর্পরোগবিশিষ্ট।

বিসল, ন. [বি+সল] পল্লব, ক্ষুদ্রশাখা।

বিসার, পুং. বি+সৃ-অ] মৎস্য, মীন, মাছ ; বিস্তরণ, বিসর্প; (ন.) কাষ্ঠ, দারু।

বিসারিণী, স্ত্রী. [বিসার+ইন্-ঈ] মাষপর্ণী।

বিসারিত, ত্রি. [বি+সার-ইত] প্রসারিত, বিস্তারিত।

বিসারী, ত্রি. [বিসার+ইন্] প্রসরণশীল, বিস্তারবিশিষ্ট, তৎপর্য্যায় ।—বিসৃত্বর, বিসৃমর, প্রসারী।

বিসিনী, স্ত্রী. [বিস+ইন্-ঈ] পদ্মিনী; মৃণাল, পদ্মেরডাঁটা।

বিসূচিকা, স্ত্রী. [বি+সূচ-ইক-আ] অজীর্ণ-রোগবিশেষ, ওলাউঠারোগ; মলমূত্রাদি বদ্ধরোগ।

বিসূচী, স্ত্রী. [বি+সূচ-ঈ]অজীর্ণরোগবিশেষ, ওলাউঠারোগ।

বিসূরিত, ন. [বি+সূর-ত] অনুতাপ, পশ্চাত্তাপ, শোক। [পরিহার।

বিসৃজন, ত্রি. [বি+সৃজ-অৎ] পরিত্যক্ত,

বিসৃত, ত্রি. [বি+সৃ-ত] বিস্তৃত, প্রসারিত; পরিত্যক্ত ; ছড়ান।

বিসৃত্বর, ত্রি. [বি+সৃৎ+বর] প্রসরণশীল, বিস্তৃত ; বিসরণ, গতিবিশেষ।

বিসৃপ্ত, ত্রি. [বি+সৃপ-ত] বিসারিত, ব্যাপ্ত, প্রসারিত। [বিস্তৃত।

বিসৃমর, ত্রি. [বি+সৃ+মর] প্রসরণশীল,

বিসৃষ্ট, ত্রি. [বি+সৃজ-ত] নিক্ষিপ্ত ; বর্জ্জিত, ত্যক্ত, দত্ত ; বিশেষে সৃষ্ট।

বিস্কন্ত্রা, ত্রি. [বি+স্কন্তৃ] গমন, গতি; বিকীর্ণ।

বিস্কন্দ, পুং. [বি+স্কন্দ] গমন, বিসর্পণ।

বিস্ত, পুং. ন. [বিস্+ত] হেমের অক্ষ, অশীতিরত্তিকা পরিমিত স্বর্ণ।

বি+স্তৃ-অ] শব্দেরবিস্তার ; বাক্প্রপঞ্চ; বিস্তার; প্রণয়; পীঠ; সমূহ। [ছড়ান।

বিস্তরণ, ন.[বি+স্তৃ-অন] বিস্তারণ, ব্যাপন,

বিস্তরশঃ, বা. [বিস্তর+শস্] সর্ব্বতসঃ, বিস্তরেণ।

বিস্তার পুং. [বি+স্তৃ-অ] বিটপ, বৃক্ষ ; পল্লব ; বিস্তীর্ণতা, তৎপর্য্যায় ।—বিগ্রহ, ব্যাস ; স্তব।

বিস্তারণ, ন. [বিস্তৃ+অন] প্রসারণ, ব্যাপন, ছড়ান; চৌড়াকরণ; বিবরণ করা।

বিস্তারিত,ত্রি.[বি+স্তৃ-ত]বিস্তীর্ণ, প্রসারিত।

বিস্তার্য্য, ত্রি. [বি+স্তৃ-য] বিস্তারযোগ্য; বৃত্তান্ত প্রকাশ হওনোপযুক্ত।

বিস্তীর্ণ ত্রি. [বি+স্তৃ-ত] বিপুল, বিস্তৃত, প্রসারিত, তৎপর্য্যায়।—বিকট, বড়, বিশাল, পৃথু।

বিস্তীর্ণপর্ণ, ক্র. [বিস্তীর্ণ+পর্ণ] মানক।

বিস্তৃত, ত্রি. [বি+স্তৃ+ত] লব্ধবিস্তার, কৃতবিস্তার, প্রসারিত, তৎপর্য্যায়।—বিস্তৃত, তত।

বিস্তৃতমুখ, ত্রি. [বিস্তৃত+মুখ] বিস্তীর্ণমুখ, হাঁ করামুখ।

বিস্পন্দন, ন. [বি+স্পন্দন] অঙ্গাদিস্পন্দন, কাঁপন,নাচন, স্ফুরণ।

বিস্পষ্ট, ত্রি.[বি+স্পষ্ট] সুস্পষ্ট, সুব্যক্ত; প্রত্যক্ষ।

বিস্ফার, পুং. [বি+স্ফর-অ] ধনুর্গুণশব্দ, জ্যাশব্দ, ধনুকেরছিলার শব্দ, ধনুষ্টঙ্কার।

বিস্ফারিত, ত্রি. [বি+স্ফর-ইত] প্রকাশিত; চলিত; বিস্তারিত।

বিস্ফার্য্যমাণ, ত্রি. [বি+স্ফার্য্য+মান] প্রকাশিত; ধনুর্গুণশব্দ কৃত।

বিস্ফুরৎ, ত্রি. [বি+স্ফুর+অৎ] উপচিত, বর্দ্ধিত। [চঞ্চল।

বিস্ফুরিত, ত্রি.[বি+স্ফুর-ইত] স্ফূর্ত্তিবিশিষ্ট,

বিস্ফুলিঙ্গ, পুং. [বি+স্ফুলিঙ্গ] বিষবিশেষ; অগ্নিকণা, স্ফুলিঙ্গ।

বিস্ফূর্জথু, পুং. বি+স্ফূর্জ+অথু] বজ্র, বাজ।

বিস্ফোট, পুং. [বি+স্ফুট-অ] বিরুদ্ধ স্ফোটক, বিস্ফোড়া, তৎপর্য্যায়। পিটক, পিটকা, বিটক, বিটকা, স্ফোটক, স্ফোট।

বিস্ফোটক, পুং. [বি+স্ফোট-ক] ব্রণবিশেষ, দুষ্টব্রণ, বিস্ফোড়া, ফোড়া।

বিস্ফোড়া, (প্রা) বিস্ফোটক, দুষ্টব্রণবিশেষ।

বিস্মৎ (বাং) বিসমৎ নামক ধাতুবিশেষ।

বিস্ময় পুং. [বি+স্মি-অ] আশ্চর্য্য, চমৎকার, তৎপর্য্যায়।—অহো, হীঁ; দর্প; সন্দেহ।

বিস্ময়ান্বিত, ত্রি. [বিস্ময়+অন্বিত] বিস্ময়যুক্ত, আশ্চর্য্যবিশিষ্ট, তৎপর্য্যায়।—বিলক্ষ।

বিস্ময়ী, ত্রি. [বিস্ময়+ইন্] বিস্ময়ান্বিত, আশ্চর্য্যবিশিষ্ট।

বিস্মরণ, ন. [বি+স্মরণ] স্মরণ হীন, ভুলন, পাসরণ। [অপস্মৃতি।

বিস্মরণীয়, ত্রি. [বি+স্মৃ+অনীয়] অনবহিত,

বিস্মাপন, পুং. [বি+স্মি-অন] কুহক, কাপট্য, মায়া; গন্ধর্ব্বনগর; কামদেব; বিস্মায়ন, বিস্ময় করান।

বিস্মার্য্য, ত্রি. [বি+স্মৃ-য] বিস্মরণীয়, ভুলিবার যোগ্য।

বিস্মিত, ত্রি. [বি+স্মি-ত] বিস্ময়ান্বিত, বিস্ময়বিশিষ্ট, চমৎকৃত, আশ্চর্য্যান্বিত।

বিস্মিতি, স্ত্রী. [বি+স্মি-তি] বিস্মরণ, ভ্রম, ভুল; আশ্চর্য্য, বিস্ময়।

বিস্মৃত, ত্রি.[বি+স্মৃ-ত] স্মরণের অবিষয়, বিস্মরণ বিশিষ্ট, ভ্রমযুক্ত, ভুল, তৎপর্য্যায়।—অন্তর্গত।

বিস্মৃতি, স্ত্রী. [বি+স্মৃ-তি] বিস্মরণ, ভ্রম, ভুলন।

বিস্মের ত্রি. [বি+স্মি-র] বিস্ময়ান্বিত, আশ্চর্য্যবিশিষ্ট।

বিস্যন্দ, পুং. [বি+স্যন্দ] ক্ষরণ, স্রব,নিস্যন্দ।

বিস্র, ন. [বিস+র] আমগন্ধি; চিতাধূমাদির গন্ধ; অপক্ক মাংসগন্ধ।

বিস্রংস, পুং. স্ত্রী. [বি+স্রংস]শিথিলীকরণ, স্রম্ভন; শক্তিশৈথিল্য।

বিস্রংসন, ন. [বি+স্রংস+অন] শৈথিল্য, প্রস্রথ; পতন; ক্ষরণ।

বিস্রগন্ধা, স্ত্রী. [বিস্র+গন্ধ-আ] হপুষা, বণিক্ দ্রব্যবিশেষ, মরীচ বৃন্তবদ্দীর্ঘাকার কৃষ্ণবর্ণ বস্তু, হবুষ্, হোৎবের।

বিস্রগন্ধি, পুং. [বিস্র+গন্ধ-ই] হরিতাল।

বিস্রব্ধ, ত্রি. [বি+স্রভ-ত] বিশ্রব্ধ, বিশ্বস্ত প্রত্যয়িত; অত্যর্থ, গাঢ়।

বিস্রম্ভ, পুং. [বি+স্রম্ভ] বিশ্বাস, প্রত্যয়; প্রণয়, পরিচয়, শৃঙ্গার প্রার্থনা; ক্রীড়া পারতন্ত্র্য; কেলিকলহ; বধ।

বিস্রস্তী, ত্রি. [বি+স্রস্ত-ইন্] বিশ্বাসী, প্রণয়ী ।
বিস্রসা, স্ত্রী. [বি+স্রস্-আ] জরা, বার্দ্ধক্য দশা ।
বিস্রস্ত, ত্রি. [বি+স্রস্ত] শিথিলিত,বিগলিত ।
বিস্রা, স্ত্রী. [বিস+র-আ] হপুষা, বণিক্‌দ্রব্য বিশেষ, মরীচবৃন্তবদ্দীর্ঘাকার কৃষ্ণবর্ণ বস্তু, হবুষ্, হৌহবের ।
বিস্রাবণ, ন. বি+স্রু+অন] ক্ষরণ,নিস্যন্দ, সন্ধান; রক্তমোক্ষণ ।
বিস্রাবিত, ত্রি. [বি+স্রু+ইত] রক্তস্রাবিত; সংপতিত, বিস্রাব্য ।
বিস্রুত, ত্রি. [বি+স্রু-ত] বিস্তৃত, প্রসারিত, বিস্তীর্ণ । [পানিসিয়া ।
বিস্বাদ, ত্রি. [বি+স্বাদ] রসহীন, অস্বার,
বিস্বাদু, ত্রি. [বি+স্বাদু] স্বাদুহীন, রসহীন, পানিসিয়া ।
বিহগ, পুং. [বিহায়স্+গম্-অ] পক্ষী; বাণ; সূর্য্য; চন্দ্র; গ্রহ; মেঘ ।
বিহঙ্গ, পুং. [বিহায়স্+গম্-অ] পক্ষী, বাণ; মেঘ; চন্দ্র; সূর্য্য; (ত্রি) দ্রুতগমনশীল ।
বিহঙ্গম, পুং. [বিহায়স্+গম-অ] পক্ষী, পাখী । [বাঁকৃপক্ষিণী ।
বিহঙ্গমা, স্ত্রী. [বিহায়স্+গম-আ] ভারযষ্টি,
বিহঙ্গরাজ, পুং. [বিহঙ্গ+রাজ] গরুড়, বৈনতেয় । [বাঁক ।
বিহঙ্গিকা, স্ত্রী. [বিহঙ্গ+ইক-আ] ভারযষ্টি,
বিহৎ, স্ত্রী. [বি+হন্-ত্] গর্ব্ভোপঘাতিনী-গাভী ।
বিহত, ত্রি. [বি+হন্-ত] বিশেষে হত, বিনষ্ট, বিধ্বস্ত ।
বিহনন, ন. [বি+হন্-অন] বিঘ্ন; হিংসা; তুলপিঞ্জল, তুলস্ফোটনার্থ ধনুঃ, ধুনখরা ।
বিহর, পুং. [বি+হৃ-অ] বিয়োগ, বিচ্ছেদ; ত্যাগ; বিহরণ । [পর্য্যটন ।
বিহরণ, ন. [বি+হৃ+অন] বিহার, ক্রীড়ার্থ
বিহর্ত্তা, পুং. [বি+হর্তৃ] বিহারী, কেলিকারী, ভ্রমণশীল, বিহরণকর্ত্তা ।
বিহর্ষ, পুং. [বি+হর্ষ] বিশেষে আনন্দ, অতিশয় আহ্লাদ; আহ্লাদহীন ।

বিহসন, ন. [বি+হসন] হাস্যকরণ, পরিহাস করণ; ঈষদ্ধাস্য করণ ।
বিহসনীয়, ন. [বি+হস্+অনীয়] হাস্যযোগ্য, পরিহাসযোগ্য ।
বিহসিত, ন. [বি+হস্-ইত] মধ্যম হাস্য, মুখ বিকাশ, মুখ মুচ্‌কন ।
বিহস্ত, ত্রি. [বি+হস্ত] ব্যাকুল; পণ্ডিত; বিকর, হস্তবিহীন; (পুং.) গণ্ডদেশ ।
বিহা, বা, [বি+হ] স্বর্গ, সুরলোক ।
বিহান, (প্রা) প্রাতঃকাল, প্রত্যূষ ।
বিহাপন, পুং. [বি+হা-পন] ত্যাগ, দান; অর্পণ ।
বিহাপিত, ন. [বি+হা+ত] দান, ত্যাগ ।
বিহায়, বা. [বি+হায়] পরিত্যক্ত ।
বিহায়ত, ন. [বি+হায়ত] দান, বিতরণ ।
বিহায়ঃ, ন. পুং. [বি+হায়স্] আকাশ, শূন্য, গগণ, অন্তরীক্ষ ।
বিহায়স, ন.পুং. [বিহায়স্+অ] আকাশ, গগণ, অন্তরীক্ষ; (পুং) পক্ষী । [মণ্ডল ।
বিহায়সা, বা. [বিহায়স্+আ]আকাশ, নভো-
বিহায়াঃ, পুং. [বি+হয়+অস্] পক্ষী, বিহগ, পাখী; (প্রা) নির্লজ্জ ।
বিহার, পুং. [বি+হৃ-অ] ক্রীড়ার্থ চরণদ্বারা গমন, তৎপর্য্যায় ।—পরিক্রম; ভ্রমণ; স্কন্ধ; লীলা; সুগতালয়; বিন্দুরেখক পক্ষী; বৈজয়ন্ত ।
বিহারকারী, ত্রি. [বিহার+কারিন্] ক্রীড়ার্থ ভ্রমণকর্ত্তা; কেলিকারী, লীলাকারক ।
বিহারী, ত্রি. [বিহার+ইন্] পরিক্রমী, বিহারকর্ত্তা, বিহারক । [ঠাউ্রা ।
বিহাস, পুং. [বি+হাস] ঈষদ্ধাস্য; বিদ্রূপ,
বিহাস্য, ত্রি. [বি+হাস্য] হাস্যযোগ্য; বিদ্রূপযোগ্য ।
বিহিত, ত্রি. [বি+হি-ত] বিধেয়, উচিত, কর্ত্তব্য । [বিধি ।
বিহিতবিধান, ন. [বিহিত+বিধান] উপযুক্ত
বিহিতি, স্ত্রী. [বি+হি-তি] বিধান, বিধি ।
বিহীন, ত্রি. [বি+হা-ত] বিশেষে হীন; ত্যক্ত বিরহিত ।
বিহ্নুত, ন. [বি+হ্নু-ত] স্ত্রীদিগের স্বাভা-

বিক দশালঙ্কারান্তর্গত অলঙ্কার বিশেষ; (ত্রি) ক্রীড়াশীল।
বিহৃতি, স্ত্রী. [বি+হৃ-তি] বিশেষে হরণ, বিশেষে বলাৎকার; ক্রীড়া; বিস্তৃত।
বিহেঠ, পুং. [বি+হেঠ] বিহেঠন, হিংসা।
বিহেঠন, ন.[বি+হেঠ-অন] হিংসা; মর্দ্দন; বিড়ম্বন; বিবাধা।
বিহ্বল, ত্রি. [বি+হ্ব-বল] ভয়াদিহেতুক অভিভূত, সাঙ্গধারণাশক্ত, ব্যাকুল, তৎপর্য্যায়।—বিক্লব, বিলীন।
বিহ্বলতা, স্ত্রী. [বিহ্বল+তা] অজ্ঞানতা, বৈক্লব্য, ব্যাকুলতা।
বিক্ষণ, বা. [বি+ক্ষণ] অত্যল্পকালপরতঃ।
বিক্ষত, পুং. [বি+ক্ষণ-ত] বিশেষে ক্ষত; ঘা, দাগ।
বিক্ষার, পুং. [বি+ক্ষু-অ] শব্দ, ধ্বনি; কাস।
বিক্ষিপ্ত, ত্রি. [বি+ক্ষিপ-ত] ত্যক্ত, বিক্ষেপণীয়; পতিত।
বিক্ষীণ, ত্রি. [বি+ক্ষীণ] নষ্ট, চ্যুত।
বিক্ষীণক, পুং. [বি+ক্ষীণ+ক] রুদ্রের সঙ্গীবিশেষ।
বিক্ষীর, পুং. [বি+ক্ষীর] অর্কবৃক্ষ, আকন্দগাছ।
বিক্ষেপ, পুং. [বি+ক্ষিপ-অ] প্রেরণ, ত্যাগ, বিক্ষেপণ; উৎকণ্ঠিত দৃষ্টি; শর।
বিক্ষেপণ, ন. [বি+ক্ষিপ-অন] ক্ষেপণকরা; ত্যাগকরণ; প্রেরণ করণ।
বিক্ষেপণীয়, ত্রি. [বি+ক্ষিপ-অনীয়] বিক্ষেপ্য, বিক্ষেপ্তব্য, ক্ষেপণযোগ্য।
বিক্ষেপধ্রুব, পুং.[বিপেক্ষ+ধ্রুব] গ্রহকক্ষার বিক্ষেপ।
বিক্ষেপ্য, ত্রি. [বি+ক্ষিপ-য] বিক্ষেপণীয়, বিক্ষেপণযোগ্য।
বিক্ষেপশক্তি, স্ত্রী. [বি+ক্ষেপ-শক্তি] মায়াশক্তি বিশেষ।
বী, পুং. গমন, চলন।
বীক, পুং. [বি+ক] বায়ু; পক্ষী; মনঃ।
বীকাশ, পুং. [বী+কাশ] রহ, নির্জ্জন; প্রকাশ।
বীঙ্খা, স্ত্রী. [বি+ইখ-অ-আ] শূকশিম্বীলতা শূয়াশিম; গতিবিশেষ; নর্ত্তন, নৃত্য নাচ অশ্বগতিবিশেষ; সন্ধি।
বীচ, (প্রা) আঁঠি; ধান্যাদির চারা; বীজ।
বীচতলা, (প্রা) মাদাবাঁধা,বীজাঙ্কুরের স্থান
বীচালি, (প্রা) ধান্যাদি শুষ্কতৃণ, খড়॥
বীচি, পুং.স্ত্রী. [বি+চি] তরঙ্গ, ঢেউ; স্বল্পতরঙ্গ; অবকাশ; সুখ; অল্প; কিরণ; বীজ।
বীচিমালী, পুং. [বীচি+মালিন্] সমুদ্র।
বীচী, স্ত্রী. [বি+চি-ঈ] বীচি. তরঙ্গ ঢেউ।
বীচীতরঙ্গ, পুং. [বীচী+তরঙ্গ] ন্যায়বিশেষ।
বীজ, ন.[বি+জন্-অ] কারণ; শুক্র; অঙ্কুর; তত্ত্বাধান; মজ্জা; গণিতবিশেষ; মন্ত্র।
বীজক, পুং. [বীজ+ক] মাতুলুঙ্গক, ছোলঙ্গবৃক্ষ; বৃক্ষবিশেষ, বিজয়াসার, তৎপর্য্যায়।—পীতসার, পীতশালক,বন্ধূকপুষ্প, প্রিয়ক, সর্জ্জক, আসন; (ন.) বীজ, বিচি।
বীজকোশ, পুং. [বীজ+কোশ] পদ্মবীজাধার চক্রিকা, ফোঁফল, তৎপর্য্যায়।—বরাটক, কর্ণিকা, বারিকুব্জ, শৃঙ্গাটক।
বীজকোষ, পুং. [বীজ+কোষ] বীজকোশ।
বীজকৃৎ, ন. [বীজ+কৃৎ] বীজকরণ, ভেল্কী করা।
বীজগণিত, ন. [বীজ+গণিত] ,অঙ্কবিদ্যাবিশেষ, আলজেব্‌রা ইতি ইংরাজী।
বীজগর্ব্ভ, পুং. [বীজ+গর্ব্ভ] পটোল, তিক্তফল; বীজপুরকাদি ফল।
বীজগুপ্তি, স্ত্রী. [বীজ+গুপ্-তি] শিম্বী,শিম।
বীজডাঙ্গা, (প্রা) মাদাবাঁধা, বীজতলা।
বীজধান্য, ন. [বীজ+ধান্য] ধান্যক, ধনিয়া; বীচধান।
বীজন, ন. [বাজ+অন] ব্যজন, পাখাঢুলান; বস্তু; কোক, চক্রবাকপক্ষী; (পুং.) জীবঞ্জীব, চকোরপক্ষী।
বীজপাদপ, পুং. [বীজ+পাদপ] ভল্লাতক বৃক্ষ।
বীজপুরুষ, পুং. [বীজ+পুরুষ] আদিপুরুষ, বংশের মূলব্যক্তি।

বীজপুষ্প, ন. [বীজ+পুষ্প] মরুবক, কণ্টকীবৃক্ষ; মদনবৃক্ষ, ময়নাগাছ।

বীজপুষ্পিকা স্ত্রী. [বীজ+পুষ্পিকা] শস্য-বিশেষ।

বীজপূর, পুং. [বীজ+পূর] দাড়িম্ব, দালিম; ফলপুর, টাবানেবু, বিজৌরা, তৎপর্য্যায়।—বীজপূর্ণ, পূর্ণবীজ, সুকেশর, বীজক, কেশরাম্ল, মাতুলুঙ্গ, সুপূরক, রুচক, বীজফলক, জন্তুঘ্ন, দন্তুরচ্ছদ, পূরক, রোচনফল।

বীজপূরক, পুং. [বীজ+পূরক] দাড়িম্ব, দালিম; টাবালেবু প্রভৃতি।

বীজপূর্ণ, পুং. [বীজ+পূর্ণ] ছোলঙ্গ, টাবালেবু; বীজপূর, দালিম।

বীজপেশিকা, স্ত্রী. [বীজ+পেশিকা] অণ্ডকোষ, মুষ্ক, বৃষণ।

বীজফলক, পুং. [বীজ+ফলক] বীজপূর, দাড়িম, দালিম।

বীজবপন, ন. [বীজ+বপন] ক্ষেত্রে বীজক্ষেপণ, বীজবোণা। [কর্ত্তা।

বীজবাপী, পুং. [বীজ+বাপী] বীজবপন-

বীজবৃক্ষ, পুং. [বীজ+বৃক্ষ] বৃক্ষবিশেষ, অসনবৃক্ষ।

বীজমাতৃকা, স্ত্রী. [বীজ+মাতৃকা] পদ্মবীজ, পদ্মের বীচি।

বীজ্য, ত্রি. [বীজ+য] কুলসম্ভব, কুলোদ্ভব।

বীজরত্ন, পুং. [বীজ+রত্ন] মাষকলায়, মাষকলাই।

বীজরুহ, পুং. [বীজ+রুহ] শাল্যাদি, ধান্যাদি।

বীজরেচন, চ. [বীজ+রেচন] ঔষধবিশেষ, জয়পাল।

বীজসঞ্চয়, পুং. [বীজ+সঞ্চয়] বীজসংগ্রহ, বীজরাখন।

বীজসূ, স্ত্রী. [বীজ+সূ] পৃথ্বী, পৃথিবী।

বীজা, ব্য. [বীজ+আ] বীজের সহিত।

বীজাকৃত, ত্রি. [বীজা+কৃত] উপ্তকৃষ্ট, বীজের সহিত কর্ষণ।

বীজাঙ্কুর, পুং. [বীজ+অঙ্কুর] বীজের প্ররোহ, গেঁজ।

বীজাম্ল, ন. [বীজ+অম্ল] বৃক্ষাম্ল।

বীজী, পুং. [বীজ+ইন্] পিতা, জনক; (ত্রি.) বীজবিশিষ্ট; মূলপুরুষ।

বীজোদক, ন. [বীজ+উদক] করকা, শিল, বর্ষোপল।

বীজোপ্তিচক্র, ন. [বীজ+উপ্তি+চক্র] বীজবপন জন্য শুভাশুভ জ্ঞানার্থ সর্পাকার চক্র।

বীজ্য, ত্রি. [বীজ+য] যাহার কদাচিৎ কুলোদ্ভব, তৎপর্য্যায়।—কুলসম্ভব, বংশ্য, কৌলকেয়, কুলজ, কুলীন, কুল্য, কুলভব।

বীটি, স্ত্রী. [বি+ইট-ই] তাম্বূলবল্লী; সুসজ্জীকৃত তাম্বূল, পানের বীড়া, পানের খিলী।

বীটিকা, স্ত্রী. [বীট+ইক-আ] তাম্বূলবল্লী; সুসজ্জীকৃত তাম্বূল, পানেরবীড়া, পানের খিলী। [পানেরখিলী।

বীটী, স্ত্রী. [বি+ইট-ঈ] তাম্বূল,পানেরবীড়া,

বীণা, স্ত্রী. [বীণ+আ] বিদ্যুৎ; স্বনামখ্যাত বাদ্যযন্ত্রবিশেষ, তৎপর্য্যায়।—বল্লকী, বিপঞ্চী, (ইহা সপ্ততন্ত্রীযুক্তা হইলে পরিবাদিনী) ধ্বনিমালা, বল্লমল্লী, বিপঞ্চিকা, ঘোষবতী, কণ্ঠকুণিকা; তদ্ভেদা যথা।—শিবের বীণা—লম্বী, সরস্বতীর—কচ্ছপী, নারদের—মহতী, গণদেবতার—প্রভাবতী, বিশ্বাবসুর—বৃহতী, তুম্বুরুর—কলাবতী, চাণ্ডালদিগের—কণ্ডোলবীণা, ও চাণ্ডালিকা।

বীণাদণ্ড, পুং. [বীণা+দণ্ড]বীণাস্থিত অলাবুপরিকাষ্ঠ, তৎপর্য্যায়।—প্রবাল।

বীণানুবন্ধ, পুং. [বীণা+অনুবন্ধ] উপনাহ, বীণাদি তন্ত্রবন্ধন স্থান, (প্রা) সেতারার সুন্দরী বন্ধন ঠাট।

বীণাবাদ, ত্রি. [বীণা+বদ-অ] বীণাবাদক, বীণাবাদ্যকর্ত্তা, তৎপর্য্যায়।—বৈণিক।

বীণাবাদক, পুং. [বীণা+বদ-অক] বীণাবাদ্য কর্ত্তা, বৈণিক।

বীণাস্য, পুং. [বীণা+আস্য] নারদ, দেবর্ষি।

বীত, ন. [বী+ত] অসার হস্তী অশ্ব, যুদ্ধা-

ক্রম ঘোটক ও অশ্ব; অঙ্কুশকর্ম্ম; অতীত, গত, (ত্রি.) শান্ত ; গত, অতীত।

বীতংস, পুং. [বী+তন্‌স্-অ] মৃগ ও পক্ষিদিগের বন্ধনোপকরণ; মৃগ ও পক্ষিদিগের বিশ্বাসহেতু প্রাবরণ।

বীতকল্মষ, ত্রি. [বীত+কল্মষ] নিষ্পাপ।

বীতকাম, ত্রি. [বীত+কাম] নিষ্কাম।

বীতদম্ভ, ত্রি. [বীত+দম্ভ] ত্যক্তদম্ভ, দম্ভত্যাগী, তৎপর্য্যায়।—অবল্কন।

বীতন, পুং. [বীত+অন] কৃকপার্শ্বদ্বয়, স্কন্ধদেশের মধ্য স্থানের উভয় পার্শ্ব।

বীতভয়, পুং. [বীত+ভয়] বিষ্ণু, নারায়ণ; নির্ভয়, শঙ্কাশূন্য।

বীতরাগ, পুং. [বীত+রাগ] বুদ্ধ; (ত্রি.) বিগতরাগ, রাগশূন্য।

বীতবিরুদ্ধবুদ্ধি, ত্রি. [বীত+বিরুদ্ধ+বুদ্ধি] বিরুপদ্রব, প্রশস্ত বুদ্ধি।

বীতস্পৃহ, ত্রি. [বীত+স্পৃহা] স্পৃহাবাদড়, নির্ব্বাদিত; ইচ্ছাশূন্য।

বীতশোক, পুং. [বীত+শোক] অশোকবৃক্ষ, (ত্রি.) বিগতশোক, শোকরহিত।

বীতি, স্ত্রী. [বী+তি] গতি; দীপ্তি; প্রজন; অশন; ধাবন; (পুং.) ঘোটক, অশ্ব।

বীতিহোত্র, পুং. [বীতি+হোত্র] অগ্নি, অনল; সূর্য্য।

বীথি, স্ত্রী. [বিথ+ই] বীথী, পংক্তি, শ্রেণী; বর্ত্ম, পথ; গৃহাঙ্গ

বীথিকা, স্ত্রী. [বীথ+ইক-আ] বীথি, শ্রেণী, পংক্তি; বর্ত্ম, পথ; গৃহাঙ্গ।

বীথী, স্ত্রী. [বীথি+ঈ] পংক্তি, শ্রেণী, গৃহাঙ্গ; নাট্যরূপক; বর্ত্ম, পথ।

বীথ্যঙ্গ, ত্রি. [বীথি+অঙ্গ] নাটকবিশেষ।

বীধ্র, ন. [বীধ+র] নভঃ, আকাশ; বায়ু; অগ্নি; (ত্রি.) বিমল, নির্ম্মল

বীনাহ, পুং. [বী+নহ-অ] কূপের মুখবন্ধন, বিনাহ, কূপমুখবন্ধ পট্ট, নান্দীপট্ট।

বীপা, স্ত্রী. [বীপ+আ] বিদ্যুৎ, সৌদামিনী, তড়িৎ।

বীপ্সা, স্ত্রী. [বি+আপ-স-আ] ক্রিয়াগুণ ও দ্রব্যের এককালীন ব্যাপনেচ্ছা।

বীবধ, পুং. [বী+বধ] পর্য্যাহার; সর্ব্বত্রে আহৃতধান্য ও তণ্ডুলাদি; মার্গ, পন্থা, পথ; ভার।

বীবধিক, পুং.স্ত্রী. [বী+বধ-ইক] ভারবাহক, ভারী; বার্ত্তাবহ।

বীবুশোক, পুং. [বীবু+শোক] কপর্দ্দক, কড়ি।

বীভৎস, পুং. [বী+বধ-স] অর্জ্জুন; (ত্রি.) ক্রূর, খল; ঘৃণাত্মা; বিকৃতি; পাপী; শৃঙ্গারাদি অষ্ট রসের মধ্যে ষষ্ঠরস, তৎপর্য্যায়।—বিকৃত।

বীভৎসু, পুং. [বী+ভৎ-স-উ] অর্জ্জুন, তৎপর্য্যায়।—ফাল্গুণ, জিষ্ণু, কিরীটী, শ্বেতবাহন, বিজয়, কৃষ্ণ, সব্যসাচী, ধনঞ্জয়।

বীর, ন. [বীর+অ] শৃঙ্গী; নড়, নল; মরিচ; পুষ্করমূল, পদ্মমূল; কাঞ্জিক, কাঁজি; উশীর, বেণারমূল; আরুক; (পুং.) শৌর্য্যবিশিষ্ট, তৎপর্য্যায়।—শূর, বিক্রান্ত, গভীর, তরস্বী; জিন; নট; বিষ্ণু; শৃঙ্গারাদি অষ্টরসান্তর্গত রসবিশেষ, তৎপর্য্যায়।—উৎসাহবর্দ্ধন; তান্ত্রিকভাববিশেষ; (ত্রি.) বীরাচারবিশিষ্ট, তণ্ডুলীয়; বরাহকন্দ; লতাকরঞ্জ; করবীর; অর্জ্জুন; যজ্ঞাগ্নি; উস্তর; সুভট; শ্রেষ্ঠ, প্রধান। [গাছ।

বীরক, পুং. [বীর+ক] করবীরবৃক্ষ, করবী-

বীরখণ্ডি, (প্রা) বিষ্টান্নবিশেষ, তিলেখাজা।

বীরজয়ন্তিকা, স্ত্রী. [বীর+জয়ন্ত-ইক-আ] রণে বীরদিগের নৃত্য।

বীরণ, ন. [বীর+অন] উশীরতৃণ, বেণাগাছ, তৎপর্য্যায়।—বিরণ, কটায়ন, বীরতর, বীরভদ্র।

বীরতর, ন. [বীর+তর] বীরণ, উশীরতৃণ, বেণাগাছ; (পুং.) শর, বাণ।

বীরতরাসন, ন. [বীর+তর+আসন] আসনবিশেষ।

বীরতরু, পুং. [বীর+তরু] অর্জ্জুনবৃক্ষ; কোকিলাক্ষবৃক্ষ; বিল্বান্তরবৃক্ষ; ভল্লাতক বৃক্ষ।

বীরতা, স্ত্রী. [বীর+তা] শূরত্ব; বিক্রম, পরাক্রম।

বীরত্ব, ন. [বীর+ত্ব] শূরত্ব, শৌর্য্য, বিক্রম।
বীরপট্ট, পুং. [বীর+পট্ট] পট্টকা, পাটার।
বীরপর্ণ. ন. [বীর+পর্ণ] সুরসর্প।
বীরপত্নী, স্ত্রী. [বীর+পত্নী] বীরভার্য্যা। শূরের স্ত্রী।
বীরপত্রা, স্ত্রী. [বীর+পত্র-আ] বিজয়া, সিদ্ধি, ভাঙ্গ।
বীরপান, ন. [বীর + পান] বীরদিগের শ্রম নাশ নিমিত্ত মদ্যাদি পান, বীরপাণ
বীরপুষ্পী, স্ত্রী. [বীর+পুষ্প-ঈ] সিন্দুর পুষ্পী।
বীরবতী, স্ত্রী. [বীর+বৎ-ঈ] মাংসরোহিণী।
বীরবৎসা, স্ত্রী. [বীর+বৎস-আ] বীরজননী, বীরসূ, বীরসন্তান প্রসূতা স্ত্রী।
বীরবাহু, পুং. [বীর+বাহু] বিষ্ণু; বীরশ্রেষ্ঠ; রাক্ষসবিশেষ।
বীরবিপ্লাবক, পুং. [বীর+বি+প্লাবক] শূদ্রের দ্রব্য দ্বারা হোমকর্ত্তা ব্রাহ্মণ।
বীরবৃক্ষ, পুং. [বীর + বৃক্ষ] ভল্লাতক বৃক্ষ, অর্জ্জুনবৃক্ষ, বিল্বান্তর; বৃক্ষবিশেষ, দেধান, তৎপর্য্যায়।—বীরতর, বৃহদ্বাত, অশ্মরীহর।
বীরবৌলি, (প্রা) কর্ণভূষণ বিশেষ, কুণ্ডল।
বীরভদ্র, পুং. [বীর+ভদ্র] অশ্বমেধাশ্ব, অশ্বমেধের ঘোটক; বীরশ্রেষ্ঠ; বীরণ, বেণারগাছ; শিবগণবিশেষ।
বীরভদ্রক, ন. [বীর+ভদ্র-ক] বীরণতৃণ, বেণারগাছ।
বীরভার্য্যা, স্ত্রী. [বীর + ভার্য্যা] বীরপত্নী, শূরের স্ত্রী।
বীরভোগ্যা, স্ত্রী. [বীর+ভোগ্য-আ] বীর ব্যক্তির ভোগার্হ; পৃথিবী।
বীরমাতা, স্ত্রী. [বীর+মাতৃ] বীরজননী, তৎপর্য্যায়।—বীরসূ, বীরপ্রসূতা।
বীরমুদ্রিকা, স্ত্রী. [বীর+মুদ্রিকা] পদাঙ্গুলির অলঙ্কার বিশেষ। [ধূলী।
বীররজঃ, ন. [বীর+রজস্] সিন্দুর; বীরের-
বীররেণু, পুং. [বীর+রেণু] ভীমসেন, ভীম, পবনপুত্র।
বীরসূ, স্ত্রী. [বীর+সূ] বীরমাতা, বীরজননী।
বীরসেন, ন. [বীর+সেন] হিমাচলে প্রসিদ্ধ ঔষধিবিশেষ, আরুকবৃক্ষ; (পুং.) নল-রাজার পিতা।
বীরসেনজ, পুং. [বীর+সেনজ] নলরাজা।
বীরসৈন্য, ন. [বীর+সৈন্য] লশুন, রশুন।
বীরস্কন্ধ, পুং. [বীর+স্কন্ধ] পশুবিশেষ, মহিষ।
বীরহা, পুং. [বীর+হন্] নষ্টাগ্নিব্রাহ্মণ; বিষ্ণু; (ত্রি.) বীরহন্তা।
বীরা, স্ত্রী. [বীর+আ] মুরা, মুরগলতা; ক্ষীর-কাকোলী; তামলকী; এলবালুকা, সুগন্ধি দ্রব্যবিশেষ, লালুকা; পতিপুত্রবতী নারী; রম্ভা, কলা; বিদারী; ছুচ্ছিকা; মলপূ; ক্ষীরবিদারী; সুরা; গম্ভারীবৃক্ষ; কাকোলী; মহাশতাবরী; গৃহকন্যা; ব্রাহ্মী; অতিবিষা; মদিরা; শিংশপাবৃক্ষ।
বীরাম্ল, পুং. [বীর+অম্ল] অম্লবেতসবৃক্ষ।
বীরারুক, পুং. [বীর+আরুক] আরুক, হিমাচলে প্রসিদ্ধ ঔষধিবিশেষ, আড়।
বীরাশংসন, ন. [বীর+আঙ+শন্স-অন] অতিভয়প্রদাযুদ্ধভূমি, ভয়ানক রণক্ষেত্র।
বীরাসন, ন. [বীর+আসন] ভিত্ত্যাদিতে আশ্রয় না করিয়া উপবেশন; রণক্ষেত্র।
বীরিণী, স্ত্রী. [বীর+ইন্-ঈ] অসিক্নী, বীরণ-নাম ব্যক্তির কন্যা দক্ষপত্নী।
বীরুৎ, স্ত্রী. [বি+রুধ] বিস্তৃতালতা, তৎপর্য্যায়।—গুল্মিনী, উলপ, বীরুধা, প্রতানা, কক্ষ।
বীরুধা, স্ত্রী. [বি + রুধ-আ] বীরুৎ, বিস্তৃতা-লতা, গুল্মিনী।
বীরেশ, পুং. [বীর+ঈশ] শিব, মহাদেব।
বীরেশ্বর, পুং. [বীর+ঈশ্বর]মহাদেব, শিব।
বীরোজ্ঝ, পুং. [বীর+উজ্ঝ] হোমঅকর্ত্তা, যিনি হোম না করেন।
বীরোপজীবিক, পুং. [বীর+উপ+জীবিক] যাহার অগ্নিহোত্র উপজীবিকা।
বীরোপজীবী, পুং. [বীর+উপ+জীবিন্] অগ্নিহোত্র উপজীব্যকারী।
বীর্য্য, ন. [বীর+য] চরমধাতু,তৎপর্য্যায়।—শুক্র, তেজঃ, রেতঃ, বীজ, ইন্দ্রিয়;

শক্তি, পৃথিব্যাদির সারভাগ; অতিশয় শক্তি ভাগের উৎসাহ; বল; প্রভাব; তেজঃ, প্রতাপ; চেতঃ; দীপ্তি।

বীর্য্যজ, পুং. [বীর্য্য+জন্-অ] পুত্র, সুত, আত্মজ।

বীর্য্যবান্, ত্রি. [বীর্য্য+বৎ] মাংসল; বীর্য্যযুক্ত; বলিষ্ঠ, বলবান্, তেজস্বী।

বীর্য্যবৃদ্ধিকর, ন. [বীর্য্য+বৃদ্ধি+কর] শুক্রবৃদ্ধিকারক ঔষধাদি, তৎপর্য্যায়।—বৃষ্য, বাজীকরণ, বীজকৃৎ।

বীর্য্যহানি, স্ত্রী. [বীর্য্য+হানি] বীর্য্যরহিত নিস্তেজ।

বীর্য্যহীন, ত্রি. [বীর্য্য+হীন] বীর্য্যরহিত, নিস্তেজস্বী।

বীর্য্যা, স্ত্রী. [বীর+য-আ] বীর্য্য, শুক্র, তেজঃ, শক্তি।

বীহার পুং. [বি+হৃ-অ] মহালয়, বুদ্ধমন্দির; বিহার।

বীক্ষ, পুং. স্ত্রী. [বি+ঈক্ষ-অ] দৃষ্টি, দর্শন, দেখা। [কারক।

বীক্ষক, পুং. [বি+ঈক্ষ্-অক] দর্শক, দর্শন-

বীক্ষণ, ন. [বি+ঈক্ষ-অন] বিশেষে ঈক্ষণ, দর্শন।

বীক্ষণীয়, ত্রি. [বি+ঈক্ষ-অনীয়] ঈক্ষণীয়, দর্শনীয়।

বীক্ষাপন্ন, ত্রি. [বি+ঈক্ষ-আপন্ন]বিস্ময়াপন্ন, আশ্চর্য্যান্বিত, চমৎকৃত।

বীক্ষিত, ত্রি. [বি+ঈক্ষ-ত] বিশেষে ঈক্ষিত, দৃষ্ট, অবলোকিত, বিশেষরূপে দেখা।

বীক্ষিতব্য, ত্রি. [বি+ঈক্ষ-ইতব্য] ঈক্ষণীয়, বীক্ষণীয়, দর্শনীয়।

বীক্ষ্য, ন. [বি+ঈক্ষ-য] বিস্ময়; দৃশ্য, দর্শন যোগ্য; (পুং.) লাসক, ময়ূর; ঘোটক, ঘোড়া; (ত্রি.) দর্শনীয়, ঈক্ষণীয়।

বঁইচ, (প্রা) ফলবিশেষ, বিকঙ্কত, বঁইচ।

বুঁদিয়া, (প্রা) মিষ্টান্নবিশেষ, বঁদে।

বুক, (প্রা) বক্ষঃস্থল, বুক, হৃদয়।

বুকড়, (প্রা) সাহসান্বিত, সাহসী, নির্ভয়।

বুকড়া, (প্রা) বক্ষঃস্থল; জঠর; সাহসী।

বুকনী, (হি) চূর্ণ, খণ্ড, দানা।

বুকফুলন, (প্রা) সাহঙ্কারে চলন।

বুকাল, (প্রা) নির্ভয়, সাহসী।

বুক্ক, ত্রি. [বুক্ক+অ] বক্ষঃস্থলের মধ্যগত মাংসবিশেষ, তৎপর্য্যায়।—অগ্রমাংস, হৃদয়, হৃৎ; (পুং.) ছাগ, ছাগল; (পুং. স্ত্রী.) সময়।

বুক্কন, স্ত্রী. [বুক্ক+অন] কুক্কুরশব্দ, কুকুরের ধ্বনি, তৎপর্য্যায়।—ভীষণ।

বুক্কা, স্ত্রী. [বুক্ক+আ] বুক্ক, বক্ষঃস্থলের মধ্যগত মাংসবিশেষ; বুক।

বুক্কাগ্রমাংস, ন. [বুক্ক+অগ্র-মাংস] হৃদয়, বক্ষঃস্থল, বুক।

বুক্কার, পুং. [বুক্ক+আর] সিংহধ্বনি, সিংহের শব্দ।

বুক্কী, স্ত্রী. [বুক্ক+ঈ] বুক্ক, বক্ষঃস্থলের মধ্যগত মাংসবিশেষ, বুক।

বুগ, (প্রা) ত্যাগ; ক্ষেপ।

বুজগুড়ি, (প্রা) বিম্ব, ভুড়ভুড়ি।

বুজন, (প্রা) মুদিতহওন; নির্ব্বাণ, ছিদ্রাদি রোধকরণ।

বুজান, (প্রা) নির্ব্বাণকরণ, অবরোধন; ভরাটকরণ।

বুজবুজ, (প্রা) বুদ্বুদ, ক্ষুদ্রবিম্ব।

বুজুরুগ, (ফাং) কুলীন; বিখ্যাত; সাধক।

বুজুরুগী, (ফাং) কুলোৎকর্ষ, কৌলীন।

বুঝ, (হি) জ্ঞান, বোধ; অনুমান।

বুঝন, (প্রা) জ্ঞাতহওন, অনুভবকরণ, হৃদয়ঙ্গমকরণ।

বুঝান, (প্রা) বিজ্ঞাপন, প্রবোধদেওন, জ্ঞাতকরণ।

বুঝাপড়া, (প্রা) বিশেষ পরিচয়, তত্ত্ব জিজ্ঞাসা।

বুট, (প্রা) কলাইবিশেষ, ছোলা।

বুটা, (প্রা) কাপড়ের বুটী; জনার, মক্কা।

বুড়া (প্রা) স্থবির, বৃদ্ধ, প্রাচীন।

বুড়ান, (প্রা) জলমগ্নকরণ, ডুবান; সর্ব্বনাশকরণ।

বুড়াপনা, (প্রা) বার্দ্ধক্য, প্রাচীনতা, স্থাবির্য্য।

বুড়ি, (প্রা) কাকিনী, পাঁচগণ্ডা; জলপ্লাবন।

বুড়ী, (প্রা) বৃদ্ধাস্ত্রী, প্রাচীনা, জরতী।

বুড়ীগঙ্গা, (প্রা) পূর্ব্ববঙ্গস্থিতা নদীবিশেষ।
বুড়ীগোপাণ, (প্রা) বৃক্ষবিশেষ।
বুদ্ধ, পুং. [বুধ+ত] ভগবানের অবতার-বিশেষ, দশাবতারের মধ্যে নবমাবতার, তৎপর্য্যায়।—সর্ব্বজ্ঞ, সুগত, ধর্ম্মরাজ, তথাগত, সমন্তভদ্র, ভগবান্, মারজিৎ, লোকজিৎ, জিন, ষড়ভিজ্ঞ, দশবল, অদ্বয়বাদী, বিনায়ক, মুনীন্দ্র, শ্রীঘন, শাস্তা, মুনি, ধর্ম্ম, ত্রিকালজ্ঞ, ধাতু, বোধিসত্ত্ব, মহাবোধি, আর্য্য, পঞ্চজ্ঞান, দশার্হ, দশভূমিগ, চতুস্ত্রিংশর্জ্জাতকজ্ঞ, দশপারমিতাধর, দ্বাদশাক্ষ, ত্রিকায়, সংগুপ্ত, দয়াকুর্চ্চ, খজিৎ, বিজ্ঞানমাতৃক, মহামৈত্র, ধর্ম্মচক্র, মহামুনি, অসম, খসম, মৈত্রী, বল, গুণাকর, অকনিষ্ঠ, ত্রিশরণ, বুধ, বক্রী, বাগাশনি, জিতারি, অর্হণ, অর্হন্, মহাসুখ, মহাবল; পণ্ডিত; (ত্রি.) বুধিত, বিজ্ঞাত, বিদিত।
বুদ্ধদ্রব্য, ন. [বুদ্ধ+দ্রব্য] স্তৌপিক, লোহ।
বুদ্ধি, স্ত্রী. [বুধ+তি] নিশ্চয়াত্মিকান্তঃকরণ বৃত্তি; সবিকল্পক জ্ঞান, তৎপর্য্যায়।—মনীষা, ধিষণা, ধী, প্রজ্ঞা, শেমুষী, মতি, প্রেক্ষা, উপলব্ধি, চিৎ, সম্বিৎ, প্রতিপৎ, জ্ঞপ্তি, চেতনা, ধারণা, প্রতিপত্তি, মেধা, মনন, মনঃ, জ্ঞান, বোধ, হৃল্লেখ, সংখ্যা, প্রতিভা, আত্মজা, পণ্ডা, বিজ্ঞান; আত্মার গুণবিশেষ। [গম্য।
বুদ্ধিগম্য, ত্রি. [বুদ্ধি+গম্য] জ্ঞানগম্য, বোধ-
বুদ্ধিজীবী, ত্রি. [বুদ্ধি+জীবিন্] অতিশয়বুদ্ধিমান, বুদ্ধিদ্বারা জীবিকাকারী।
বুদ্ধিমত্তা, ত্রি. [বুদ্ধি+মৎ—তা] বুদ্ধিবিশিষ্টতা, জ্ঞান।
বুদ্ধিমান্, ত্রি. [বুদ্ধি+মৎ] বুদ্ধিযুক্ত, জ্ঞানবান্, পণ্ডিত।
বুদ্ধিসহায়, পুং. [বুদ্ধি+সহায়] মন্ত্রী; বুদ্ধির সাহায্যকারী।
বুদ্ধীন্দ্রিয়, ন. [বুদ্ধি+ইন্দ্রিয়] জ্ঞানেন্দ্রিয়, যথা।—মনঃ, কর্ণ, নেত্র, রসনা, ত্বক্, নাসিকা।
বুদ্বুদ, পুং. [বুদ্+বুদ] বর্ত্তুলাকার জলবিকার, জলবিম্বুকী, জলের ভুড়ভুড়ী, অম্বুস্ফোট; গর্ভস্থ অবয়ববিশেষ।
বুধ, পুং. [বুধ+অ] পণ্ডিত, তৎপর্য্যায়।—বিদ্বান্, বিপশ্চিৎ, দোষজ্ঞ, সন্, সুধী, কোবিদ, ধীর, মনীষী, জ্ঞ, প্রাজ্ঞ, সংখ্যাবান্, কবি, ধীমান্, সুরি, কৃতী, কৃষ্টি, লব্ধবর্ণ, বিচক্ষণ, দূরদর্শী, দীর্ঘদর্শী, বিদগ্ধ, দূরদৃক্, সুরী, বেদী, বুদ্ধ, বুদ্ধ, বিধানগ, প্রজ্ঞিল, বাক্ত, প্রাপ্তরূপ, সুরূপ, অভিরূপ, বুধান, কবিতাবেদী, বপ্তা, বিদিত, কবি; নবগ্রহের মধ্যে চতুর্থগ্রহ, বৃহস্পতির তারা নাম্নীস্ত্রীর গর্ভে চন্দ্রের ঔরসজাতপুত্র, তৎপর্য্যায়। রৌহিণেয়, সৌম্য, হেমা, বিৎ, জ্ঞ, বোধন, ইন্দুপুত্র; সূর্য্যবংশীয় রাজাবিশেষ।
বুধচক্র, ন. [বুধ+চক্র] বুধগ্রহের স্বকীয়সঞ্চার হইতে অষ্টাদশ দিনোত্তর রাশ্যন্তর সঞ্চার নক্ষত্রপর্য্যন্ত সপ্তবিংশতি নক্ষত্রযুক্ত মনুষ্যের শুভাশুভ জ্ঞানার্থ নরকার চক্র।
বুধতাত, পুং. [বুধ+তাত] চন্দ্র, বিধু, শশী।
বুধবার, পুং. [বুধ+বার] বুধগ্রহের বাসর, চতুর্থবার।
বুধরত্ন, ন. [বুধ+রত্ন] রত্নবিশেষ, মরকতমণি, পান্না। [পুরুষ।
বুধসানু, পুং. [বুধ+সানু] পর্ণ, পত্র; যজ্ঞ-
বুধসুত, পুং. [বুধ+সুত] পুরূরবা, চন্দ্রবংশীয় প্রথম রাজা।
বুধা, স্ত্রী. [বুধ+আ] জটামাংসী, ওষধিবিশেষ।
বুধান, পুং. [বুধ+আন] গুরু; বিজ্ঞ, প্রবীণ; ব্রহ্মবাদী; প্রিয়বাদী; কবি, পণ্ডিত।
বুধাষ্টমী, স্ত্রী. [বুধ+অষ্টমী] ব্রতবিশেষ।
বুধিত, ত্রি. [বুধ+ইত] বুদ্ধ, জ্ঞাত, বিদিত।
বুধিল, ত্রি. [বুধ+ইল] বিদ্বান্, পণ্ডিত, জ্ঞানী। [দেব।
বুধ্ন, পুং. [বুধ্+ন] বৃক্ষমূল; শিব, মহা-
বুনট, (প্রা) বুনন, বস্ত্রনির্ম্মাণ।
বুনন, (প্রা) বস্ত্রনির্ম্মাণ, বপন, বোনা।

বুনা, (প্রা) বপনকারী; বনবাসী, জঙ্গলী।
বুনাই, (প্রা) ভগিনীপতি, আবুত্ত।
বুনানিয়া, (প্রা) তন্তুবায়, তাঁতী; বস্ত্রাদি-বপন কর্ত্তা।
বুনানী, (প্রা) বপন, বুনা; বস্ত্র নির্ম্মাণের বেতন।
বুনিয়াদ, (যাং) ভিত্তি; পত্তন, বুনেদ্।
বুনো, (প্রা) আরণ্য, জঙ্গলী।
বুবুধান, পুং. [বুবুধ+আন] আচার্য্য; দেব; পণ্ডিত।　[জ্ঞাসা।
বুভুৎসা, স্ত্রী. [বুধ+স-আ] জ্ঞানেচ্ছা, জি-
বুভুৎসু, পুং. [বুধ+স-উ] জ্ঞানেচ্ছু, জিজ্ঞাসু।
বুভুক্ষা, স্ত্রী. [ভুজ+স-আ] ক্ষুধা, ভোজনেচ্ছা।
বুভুক্ষিত, ত্রি. [ভুজ+স—ইত] ক্ষুধিত, বুভুক্ষু, ক্ষুধান্বিত।
বুভুক্ষু, ত্রি. [ভুজ+স-উ] ক্ষুধিত, অতিশয় ভোজনেচ্ছাবিশিষ্ট, ক্ষুধাতুর।
বুরুজ, (যাং) বপ্র, রজ্জুবিশেষ।
বুরুল, (প্রা) যবত্রয় পরিমাণ, তিনযব।
বুর্ম্মা, (যাং) ছিদ্রকরণার্থ অস্ত্রবিশেষ, ভ্রমরী, তুরপুন
বুলন, (প্রা) হস্তদ্বারা মার্জ্জন; স্পর্শকরণ, ঘর্ষণ; ভ্রমণ।　[কথা।
বুলি, স্ত্রী. [বুল+ই] ভগ, যোনি; বাক্য,
বুলী, (প্রা) ভাষা, বাক্য, কথা।
বুলবুল, (প্রা) পক্ষীবিশেষ, বুল্‌বুলী।
. ন. [বুস+অ] বুস, তুচ্ছধান্য, আগড়া, পুলাক, তুঁষ।
বুস, ন. [বুস+অ] তুচ্ছধান্য, আগড়া, তুঁষ, তৎপর্য্যায়।—কড়ঙ্গর, বুষ, বুষ।
বুস্ত, ন. [বুস্ত+অ] মাংসপিণ্ডবিশেষ; স্থালীভৃষ্টমাংস; পনসাদিফলের অসার-ভাগ, ভোঁতা।
বুক, ত্রি. [বুক্ক+অ] বুক্ক, হৃদয়, বক্ষঃস্থল, বুক।
বৃংহণ, ত্রি. [বৃন্‌হ্+অন] পুষ্টিকারক, স্থূলতাকারক; বিস্তার।
বৃংহিক, ন. [বৃন্‌হ্+ইক] হস্তিগর্জ্জন, করি-গর্জ্জিত, হাতির ডাক।　[ডাক।
বৃংহিত, ন. [বৃন্‌হ্+ইত] হস্তিগর্জ্জন, হাতির-

বৃক, পুং. [বৃক+অ] কুকুরপ্রমাণ হরিণ-ঘাতক জন্তুবিশেষ, খোঁষ, নেকড়িয়াবাঘ, হুণ্ডার, তৎপর্য্যায়।—কোক, ঈহামৃগ, বৎসাদন, বিরুক্, গোবৎসাদী, ছাগ-ভোজী, ছাগলান্ত্রী, জনাশন; কাক; বকবৃক্ষ, বকফুলের গাছ; শৃগাল; ক্ষত্রিয়; অনেকধূপ; সরলদ্রব, (প্রা) টারপিন্।
বৃকদংশ, পুং. [বৃক+দংশ] কুক্কুর, শ্বা, সারমেয়, কুকুর।
বৃকধূপ, পুং. [বৃক+ধূপ] নানা সুগন্ধিদ্রব্য কৃত দশাঙ্গাদিধূপ, তৎপর্য্যায়।—কৃত্রিম-ধূপক, বকধূপ; সরল বৃক্ষের রস, টার-পিন্, তৎপর্য্যায়।—পায়স, শ্রীবাস, শ্রীবেষ্ট, সরলদ্রব।　[শিয়াল।
বৃকধূর্ত্ত, পুং. [বক+ধূর্ত্ত] শৃগাল, জম্বুক,
বৃকা, স্ত্রী. [বৃক+আ] অম্বষ্ঠা, ক্ষুপবিশেষ, অম্বাড়া।　[বৃকারি
বৃকারাতি, পুং. [বৃক+অরাতি] কুক্কুর, শ্বা,
বৃকারি, পুং. [বৃক+অরি] কুক্কুর, সার-মেয়, শ্বা।
বৃকাক্ষী, স্ত্রী. [বৃক+অক্ষি-ঈ] ত্রিবৃৎ, তে-উড়ীলতা।
বৃকী, স্ত্রী. [বৃক+ঈ] পাঠা, আকনাদিলতা।
বৃকোদর, পুং. [বৃক+উদর] চতুর্দ্দশ যমনামান্তর্গত নামবিশেষ; ভীমসেন, দ্বিতীয় পাণ্ডব, তৎপর্য্যায়।—ভীম, মরুৎপুত্র, কির্ম্মীরনিসূদন, কীচকনিসূ-দন, বকনিসূদন, হিড়ম্বনিসূদন, বক-বৈরী, মারুতি, (ত্রি.) ক্ষীণমধ্যদেশ।
বৃক্ক, ত্রি. [বৃক্ক+অ] বুক্ক, হৃদয়, বুক।
বৃক্ণ, ত্রি. [ব্রশ্চ+ন] ছিন্ন, কাটা; প্রশস্ত, চৌড়া
বৃজন, ন. [বৃজ+অন] পাপ, কলুষ; আকাশ; নিরাকরণ; (পুং.) কেশ, চুল; (ত্রি.) কুটিল।
বৃজি, স্ত্রী. [বৃজ+ই] ব্রজভূমি, নন্দরাজার দেশ, (ত্রি.) দুঃখ।
বৃজিন, ন. [বৃজ+ইন] পাপ, অধর্ম্ম; রক্ত-চর্ম্ম; দুঃখ; (পুং.) কেশ; (ত্রি.) কুটিল

বৃত, ত্রি. [বৃ+ত] কৃতবরণ, কর্ম্মকরণার্থ নিযুক্ত, তৎপর্য্যায়।—বৃত্ত, বাবৃত্ত; আবৃত।

বৃতপত্রা, স্ত্রী. [বৃত+পত্র-আ] পুত্রদাত্রী।

বৃতি, স্ত্রী. [বৃ+তি] বেষ্টন, বেড়া, তৎপর্য্যায়।—বর; বরণ; প্রার্থনাবিশেষ; গোপন।

বৃতিঙ্কর, পুং. [বৃতিং+কর] বিকঙ্কত বৃক্ষ, বৈঁইচগাছ; (ত্রি.) বৃতিকারক।

বৃত্ত, ন. [বৃৎ+ত] চরিত্র, ব্যবহার; পদ্য; বৃত্তি, জীবিকা; বেদবোধিত আচারের পরিপালন; (ত্রি.) অতীত, গত; দৃঢ়; বর্ত্তুল, গোলাকৃতি; কৃতাবরণ; অধীত; বিবরণ; মৃত; (পুং.) কূর্ম্ম, কচ্ছপ

বৃত্তকর্কটী, স্ত্রী. [বৃত্ত+কর্কটী] ষড়্‌ভুজা।

বৃত্তগন্ধি, ন. [বৃত্ত+গন্ধ-ই] গদ্যবিশেষ।

বৃত্তগুণ্ড, পুং. [বৃত্ত+গুণ্ড] তৃণবিশেষ, তৎপর্য্যায়।—বৃত্ত, দীর্ঘনাল, জলাশ্রয়।

বৃত্ততঃ, ব্য. [বৃত্ত+তস্] বৃত্তদ্বারা,বৃত্তকরণক।

বৃত্ততণ্ডুল, পুং. [বৃত্ত+তণ্ডুল] ধান্যবিশেষ, যাবনাল, জোআর ধান্য

বৃত্তনিষ্পাবিকা, স্ত্রী. [বৃত্ত+নিষ্পাবিকা] নখনিষ্পাবীবিশেষ, অঙ্গুলিফল।

বৃত্তপর্ণী, স্ত্রী. [বৃত্ত+পর্ণ-ঈ] মহাশণপুষ্পিকা, পাঠা, আকনাদিলতা।

বৃত্তপুষ্প, পুং. [বৃত্ত+পুষ্প] শিরীষফুল; কদম্ব; বানীর; কুব্জক; মুদ্গার

বৃত্তফল, ন. [বৃত্ত+ফল] মরীচ; গোল ফলমাত্র; (পুং.) দাড়িম; বদর, কুল।

বৃত্তফলা, স্ত্রী. [বৃত্ত+ফল-আ] বার্ত্তাকী, বেগুণ; শশাগুলী; আমলকী।

বৃত্তবীজ, পুং. [বৃত্ত+বীজ] ভিণ্ডা।

বৃত্তবীজকা, স্ত্রী. [বৃত্ত + বীজ--কা] পাণ্ডুরকলী।

বৃত্তবীজা, স্ত্রী. [বৃত্ত+বীজ-আ] আঢ়কী।

বৃত্তমল্লিকা, স্ত্রী. [বৃত্ত+মল্লিকা] শ্বেতার্ক, শ্বেতআকন্দ; মোদিনী।

বৃত্তসাদী, ত্রি. [বৃত্ত+সাদিন্] অধম, নীচ।

বৃত্তস্থ, ত্রি. [বৃত্ত+স্থা-অ] বৃত্তেস্থিত; যে ব্যক্তি সচ্চরিত্রবিশিষ্ট।

বৃত্তক্ষেত্র, ন. [বৃত্ত+ক্ষেত্র] বর্ত্তুলাকার ক্ষেত্র, গোলক্ষেত্র

বৃত্তা, স্ত্রী. [বৃৎ+ত-আ] ঝিঞ্ঝরিষ্টাবৃক্ষ; রেণুকা; প্রিয়ঙ্গুবৃক্ষ; মাংসরোহিণী।

বৃত্তাধ্যয়নর্দ্ধি, স্ত্রী. [বৃত্তি+অধ্যয়ন+ঋদ্ধি] ব্রহ্মবর্চ্চস, ব্রত গ্রহণপূর্ব্বক বেদাভ্যাস, ও আচারপালন জন্য তেজ। [ভূত।

বৃত্তানুবর্ত্তী, ত্রি. [বৃত্ত+অনুবর্ত্তিন্] বশী-

বৃত্তান্ত, পুং. [বৃত্ত+অন্ত] সংবাদ, তৎপর্য্যায়।—বার্ত্তা, প্রবৃত্তি, উদন্ত, শ্রুতি, উদন্তক; প্রক্রিয়া; কার্ৎস্ন্য, সামুদায়িক; বার্ত্তাবিশেষ; প্রস্তাব; অবসর; ভাব; একান্তবাচক।

বৃত্তি, স্ত্রী. [বৃৎ+তি] জীবিকা; বিবরণ; কৌশিক্যাদি; প্রবর্ত্তন; বিধৃতি; বার্ষিক।

বৃত্তিভোগী, ত্রি. [বৃত্তি+ভোগিন্]বৃত্তিবীজী, বার্ষিকাদিপ্রাপ্যদ্রব্যদ্বারা জীবিকাকারী।

বৃত্তিস্থ, পুং. [বৃত্তি+স্থা-অ] সরট, কৃকলাস, কাঁকলাস,(ত্রি.) বৃত্তিবিষয়ে স্থিতিকারী।

বৃত্তের্ব্বারু, পুং. [বৃত্ত+ইর্-বারু] ষড়্‌ভুজা।

বৃত্তৌজা, ত্রি. [বৃত্ত+ওজস্] বলবান।

বৃত্য, ত্রি. [বৃত+য] বরণীয়, বরণ করিবার যোগ্য। [বৃত্তেচ্ছুক।

বৃত্ত্যর্থী, পুং. [বৃত্তি+অর্থিন্] জীবিকার্থী,

বৃত্র, পুং. [বৃৎ+র] অন্ধকার; শত্রু; দানববিশেষ, ত্বষ্টৃপুত্র, ইন্দ্রবধ্য; মেঘ; পর্ব্বতবিশেষ; ইন্দ্র; শব্দ; জলাবরক।

বৃত্রদ্বিট্, পুং. [বৃত্র+দ্বিষ্] ইন্দ্র, দেবরাজ, (ত্রি.) তমোহন্তা সূর্য্যাদি। [সমঠ।

বৃত্রভোজন, পুং. [বৃত্র+ভোজন] গণ্ডীর,

বৃত্রহা, পুং. [বৃত্র+হন্] বৃত্রাসুরহন্তা, ইন্দ্র, দেবরাজ; (ত্রি.) সূর্য্য।

বৃত্রারি, পুং. [বৃত্র+অরি] ইন্দ্র, দেবরাজ; (ত্রি.) সূর্য্য

বৃথা, ব্য. [বৃ+থা] নিরর্থক, নিষ্ফল, তৎপর্য্যায়।—মুধা, ব্যর্থক, অবিধি।

বৃথাকথা, স্ত্রী. [বৃথা+কথা] নিরর্থকবাক্য, নিষ্ফল বচন।

বৃথাজন্ম, ন. [বৃথা+জন্মন্] নিরর্থক জনন, মিথ্যা উৎপত্তি।

বৃথাদান, ন. [বৃথা+দান] নিষ্ফল দান, নট নর্ত্তকাদিতে দান।

বৃথাভোজন, ন. [বৃথা+ভোজন] গব্যহীন ভোজন, তৃপ্তির অজনক আহার, অনর্থক ভোজন।

বৃথামাংস, ন. [বৃথা+মাংস] দেবতা পিতৃলোকের অনুদ্দেশে কৃত মাংস, অপ্রোক্ষিত মাংস।

বৃথালাপ, পুং. [বৃথা+আলাপ] নিরর্থক কথা, নিষ্ফল বচন।

বৃদ্ধ, ন. [বৃধ+ত] শৈলজনামক গন্ধদ্রব্য; (পুং.) বৃদ্ধদারক; (ত্রি.) গতযৌবন, বুড়া; তৎপর্য্যায়।—প্রবয়াঃ, স্থবির, জীন, জীর্ণ, জরন্, যাতযাম, জর্জর, পলিত; প্রবৃদ্ধ; পণ্ডিত।

বৃদ্ধকাক, পুং. [বৃদ্ধ+কাক] কাকবিশেষ, দাঁড়কাক, তৎপর্য্যায়।—দ্রোণকাক, দগ্ধকাক, কৃষ্ণকাক, পর্ব্বতকাক, বনাশ্রয়, কাকোল। [সময়।

বৃদ্ধকাল, পুং. [বৃদ্ধ+কাল] বৃদ্ধাবস্থা, প্রাচীন-

বৃদ্ধগঙ্গা, স্ত্রী. [বৃদ্ধ+গঙ্গা] পূর্ব্বদেশস্থিতা নদীবিশেষ, বুড়িগঙ্গা।

বৃদ্ধজীব, পুং. [বৃদ্ধ+জীব] বৃদ্ধিমান জীব, দীর্ঘজীবী, বাক্, শূকর। [বার্দ্ধক্য।

বৃদ্ধতা, স্ত্রী. [বৃদ্ধ+ত-আ] বৃদ্ধত্ব, স্থবিরতা.

বৃদ্ধত্ব, ন. [বৃদ্ধ+ত্ব] বৃদ্ধভাব, তৎপর্য্যায়।—স্থাবির, বার্দ্ধক্য, বার্দ্ধক।

বৃদ্ধদারক, পুং. [বৃদ্ধ+দারক] বীরতাড়কবৃক্ষ, বিদ্ধতাড়ক, বীজতাড়কা গাছ, বিধারা, তৎপর্য্যায়।—ঋক্ষগন্ধা, ছগলান্ত্রী, আবেগী, জুঙ্গ, ঋষ্যগন্ধা, ছগলাণ্ডী, ছগলা, অন্ত্রী, ছগলী, জুঙ্গা, জুঙ্গক, শ্যাম, বৃষ্যগন্ধা, ছগলান্ত্রিকা, দীর্ঘবালুকা, ছাগলান্ত্রিকা, বৃদ্ধ, কোঠরপুষ্পী, কোটরপুষ্পী, অজান্ত্রী, বৃদ্ধদারু।

বৃদ্ধদারু, ন. [বৃদ্ধ+দারু] বৃদ্ধদারক বৃক্ষ, বীজতাড়কা গাছ।

বৃদ্ধনাভি, ত্রি. [বৃদ্ধ+নাভি] উন্নতনাভি, গৌড়নাভিযুক্ত ব্যক্তি, তৎপর্য্যায়।—তুন্দিল, তুন্দিভ।

বৃদ্ধপ্রপিতামহ, পুং. [বৃদ্ধ+প্রপিতামহ] প্রপিতামহতাত, প্রপিতামহের পিতা।

বৃদ্ধপ্রপিতামহী, স্ত্রী. [বৃদ্ধ+প্র-পিতামহী] প্রপিতামহের মাতা।

বৃদ্ধপ্রপৌত্র, পুং. [বৃদ্ধ+প্রপৌত্র] প্রপৌত্রের পুত্র, অধস্তন, সকুল্য।

বৃদ্ধপ্রমাতামহ, পুং. [বৃদ্ধ+প্রমাতামহ] প্রমাতামহের পিতা।

বৃদ্ধপ্রমাতামহী, স্ত্রী. [বৃদ্ধ+প্রমাতামহী] প্রমাতামহের মাতা।

বৃদ্ধবলা, স্ত্রী. [বৃদ্ধ+বলা] মহাসমঙ্গা, বড় খদির। [আমগাছ।

বৃদ্ধবাহন, পুং. [বৃদ্ধ+বাহন] আম্রবৃক্ষ,

বৃদ্ধবিভীতক, পুং. [বৃদ্ধ+বিভীতক] আম্রাতক, আমড়া।

বৃদ্ধরাজ, পুং. [বৃদ্ধ+রাজ] অম্লবেতস বৃক্ষ।

বৃদ্ধশ্রবাঃ, পুং. [বৃদ্ধ+শ্রবস্] ইন্দ্র, দেবরাজ, সুরপতি।

বৃদ্ধসংঘ, পুং. [বৃদ্ধ+সংঘ] বৃদ্ধসমূহ, বৃদ্ধবর্গ, প্রাচীনবৃন্দ, তৎপর্য্যায়।—বার্দ্ধক।

বৃদ্ধসূত্রক, ন. [বৃদ্ধ+সূত্র+ক] ইন্দ্রতুল, আকাশবুড়ীর সুতা।

বৃদ্ধা, স্ত্রী. [বৃদ্ধ+আ] গতযৌবনা, বুড়ী, তৎপর্য্যায়।—পলিক্নী, পলিতা, স্থবিরা, নিষ্কলা, জরতী, গতার্ত্তবা; অঙ্গুষ্ঠ; মহাশ্রাবণিকা।

বৃদ্ধাঙ্গুলি, স্ত্রী. [বৃদ্ধ+অঙ্গুলি] হস্ত ও চরণের স্থূলাঙ্গুলি বুড়াআঙ্গুল, তৎপর্য্যায়।—অঙ্গুষ্ঠ, বৃদ্ধা।

বৃদ্ধাঙ্গুষ্ঠ, পুং. [বৃদ্ধ+অঙ্গুষ্ঠ] হস্তপদের স্থূলাঙ্গুলি, বুড়াআঙ্গুল।

বৃদ্ধারণ্য, পুং. [বৃদ্ধ+অরণ্য] অরণ্যবিশেষ, যে স্থানে পুরাণাদি পাঠ হইত অর্থাৎ নৈমিষকানন।

বৃদ্ধি, স্ত্রী. [বৃধ+তি] অষ্টবর্গান্তর্গত ঔষধবিশেষ, তৎপর্য্যায়।—যোগ্যা, ঋদ্ধি, সিদ্ধি, লক্ষ্মী, পুষ্টিদা, বৃদ্ধিদাত্রী, মঙ্গল্যা, শ্রী, সম্পৎ, আশী, জনেষ্টা, ভূতি, মুৎ, সুখ, জীবভদ্রা; নীতিবেদিদিগের কর্ষাদি ত্রিবর্গান্তর্গত বর্গবিশেষ; অষ্টবর্গ, যথা।

—কৃষি, বণিক্‌পথ, দুর্গ, সেতু, কুঞ্জর-বন্ধন, কন্যাকর, বলাদান, সৈন্যনিবেশন; বর্দ্ধন, তৎপর্য্যায় ।—স্ফাতি; বিষ্কম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত একাদশ যোগ; কলান্তর, সুদ; অভ্যুদয়; সমৃদ্ধি; কুরণ্ডরোগ; হর্ষ; সমূহ; শৈলেয়; ধন।

বৃদ্ধিকা, স্ত্রী. [বৃদ্ধি+ক-আ] ঋদ্ধিনামক ঔষধ।

বৃদ্ধিজীবিকা, স্ত্রী. [বৃদ্ধি+জীবিকা] ঋণদান জীবিকা, অর্থপ্রয়োগ দ্বারা জীবিকাকারী, তৎপর্য্যায় ।—অর্থপ্রয়োগ, কুষীদ, কলান্তিকা।

বৃদ্ধিজীবী, ত্রি. [বৃদ্ধি+জীবিন্] যে ব্যক্তির ঋণদানই জীবিকা, কুষীদী, বৃদ্ধিমঞ্জীর।

বৃদ্ধিদ, পুং. [বৃদ্ধি+দা-অ] জীবক; শূকর কন্দগাছ; (ত্রি.) বৃদ্ধিদাতা।

বৃদ্ধিবর্দ্ধক, পুং. [বৃদ্ধি+বর্দ্ধক] উন্নতিবর্দ্ধক, ব্যাজবর্দ্ধক। [মানব।

বৃদ্ধিমান, ত্রি. [বৃদ্ধি+মৎ] উন্নতিমান, সম্পন্ন

বৃদ্ধিরহিত, ত্রি. [বৃদ্ধি+রহিত] বৃদ্ধিশূন্য, উন্নতিরহিত; সুদহীন।

বৃদ্ধিশ্রাদ্ধ, ন. [বৃদ্ধি+শ্রাদ্ধ] বৃদ্ধি নিমিত্তক শ্রাদ্ধ, আভ্যুদয়িক শ্রাদ্ধ, নান্দীমুখশ্রাদ্ধ।

বৃদ্ধোক্ষ, পুং. [বৃদ্ধ+উক্ষ] বৃদ্ধবৃষ, বুড়াষাঁড়, তৎপর্য্যায় ।—জরদ্গব।

বৃদ্ধ্যাকাঙ্ক্ষী, ত্রি. [বৃদ্ধি+আকাঙ্ক্ষিন্] ঋণদানেচ্ছু, সুদলাভাভিলাষী।

বৃদ্ধ্যাজীব, ত্রি. [বৃদ্ধি+আজীব] বৃদ্ধ্যুপজীবী, সুদখোর, তৎপর্য্যায় ।—বার্দ্ধুষি, বার্দ্ধুষিক, কুষীদ, কুষীদক, সাধু।

বৃধ, ন. [বৃধ+অ] বেধন, বিদ্ধন।

বৃধসান, পুং. [বৃধ+সান] মনুষ্য, মানব, মনুজ। [কৃতি।

বৃধসানু, পুং. [বৃধ+সানু] পুরুষ; পত্র,

বৃধ্য, ত্রি. [বৃধ+য] বর্দ্ধনীয়, উন্নতকরণ যোগ্য। [শেষ, রুদ্রবিশেষ।

বৃম্ন, ন. [বৃং+হন] বিদ্ধকরণ, (পুং.) বসুবি-

বৃন্ত, ন. [বৃন্+ত] ফলপুষ্প পত্রাদির মূল, বোঁটা, তৎপর্য্যায় ।—প্রসব বন্ধন; স্তনবৃন্ত ?; কুচাগ্র।

বৃন্তাক, পুং. [বৃন্ত+অক] বার্ত্তাকী, বার্ত্তাকু, বেগুণ। [বার্ত্তাকু, বেগুণ।

বৃন্তাকী, স্ত্রী. [বৃন্ত+অক-ঈ] বার্ত্তাকী,

বৃন্তিতা, স্ত্রী. [বৃন্ত+ইত-আ] কটুকা।

বৃন্দ, ন. [বৃণ+দ] সমূহ; (পুং.) দশার্ব্বুদ, শতকোটি, মহার্ব্বুদ।

বৃন্দা, স্ত্রী. [বৃন্দ+আ] তুলসী; জলন্ধর রাজপত্নী; কেদাররাজকন্যা; রাধার ষোড়শ নামান্তর্গত নামবিশেষ।

বৃন্দাবন, ন. [বৃন্দা+বন] স্বনামখ্যাত তীর্থবিশেষ। [নারায়ণ।

বৃন্দাবনচন্দ্র, পুং. [বৃন্দাবন+চন্দ্র] শ্রীকৃষ্ণ,

বৃন্দাবনেশ্বর, পুং. [বৃন্দাবন+ঈশ্বর] শ্রীকৃষ্ণ, নারায়ণ।

বৃন্দাবনেশ্বরী, স্ত্রী. [বৃন্দাবন+ঈশ্বর-ঈ] রাধা, বৃষভানুসুতা।

বৃন্দার, ত্রি. [বৃন্দ+আর] মনোজ্ঞ, মনোহর।

বৃন্দারক, পুং. [বৃন্দ+আরক] দেবতা; যূথরক্ষক; (ত্রি.) মনোজ্ঞ, মনোহর; শ্রেষ্ঠ।

বৃন্দিষ্ঠ, ত্রি. [বৃন্দ+ইষ্ঠ] শ্রেষ্ঠতর, অতিশয় প্রধান।

বৃন্দীয়ান্, ত্রি. [বৃন্দ+ঈয়স্] বৃন্দিষ্ঠ, শ্রেষ্ঠতর, অধিকার, প্রধান।

বৃশ, পুং. [বৃশ+অ] উন্দুর, মূষিক; বৃক্ষবিশেষ, বাসক।

বৃশা, স্ত্রী. [বৃশ+আ] ওষধিবিশেষ।

বৃশ্চ, ন. [বৃশ+চ] ছেদন।

বৃশ্চিক, পুং. [ব্রশ্চ+ইক] শূককীট, শুয়াপোকা, তৎপর্য্যায় ।—শূককীটক; কীটবিশেষ, বিছা, তৎপর্য্যায় ।—অলি, দ্রোণ, বৃশ্চন, দ্রুণ, পৃদাকু, অরুণ, অলী; মেষাদি দ্বাদশ রাশ্যন্তর্গত অষ্টমরাশি; ওষধীবিশেষ; হালিক; হাল; মদনবৃক্ষ, ময়নাগাছ; কর্কট, কাঁকড়া; গোময়কীট, গুবরেপোকা; অগ্রহায়ণ মাস।

বৃশ্চিকপ্রিয়া, স্ত্রী. [বৃশ্চিক+প্রিয়া] পূতিকা, পুঁইশাক।

বৃশ্চিকর্ণী, স্ত্রী. [বৃশ্চি+কর্ণ-ঈ] আখুকর্ণী; ইন্দুরকাণীগাছ।

বৃশ্চিকা, স্ত্রী. [বৃশ্চিক+অ] ক্ষুদ্র ক্ষুপবিশেষ,

তৎপর্য্যায়।—নখপর্ণী, পিচ্ছিলা, অলিপত্রিকা।

বৃশ্চিকালী, স্ত্রী. [বৃশ্চিক+আলী] লতাবিশেষ, বিছাটী, তৎপর্য্যায়।—বৃশ্চিপত্রী, বিষঘ্নী, নাগদন্তিকা, সর্পদংষ্ট্রা, অমরা, কালী, উষ্ট্রধূসর পুচ্ছিকা, বিষাণী, নেত্ররোগহা, উষ্ট্রিকা, অলিপর্ণী, দক্ষিণাবর্ত্তকী, কালিকা, আগমাবর্ত্তা, দেবলাঙ্গুলিকা, করভী, ভূরিদুগ্ধা, কর্কশা, স্বর্ণদা, যুগ্মফলা, ক্ষীরবিষাণিকা, তাম্রপুষ্পা।

বৃশ্চিপত্রী, স্ত্রী. [বৃশ্চি+পত্র-ঈ] বৃশ্চিকালী, বিছাটী। [পুনর্নবা।

বৃশ্চীর, পুং. [বৃশ্চ+ঈর] শাকবিশেষ, শ্বেত

বৃষ, ন. [বৃষ+অ] বর্হ; (পুং.) পুরুষগব, এঁড়া, ষাঁড়, তৎপর্য্যায়।—উক্ষা, ভদ্র, বলীবর্দ্দ, ঋষভ, বৃষভ, অনড্বান্, সৌরভেয়, গৌ, শৃঙ্গী, ককুদ্বান্, শিখী, গন্ধমৈথুন, পুঙ্গব; দ্বিতীয়রাশি, তৎপর্য্যায়।—তাবুরি, তন্নামানি যথা।—সৌম্য, অঙ্গনা, যুগ্ম, সম, স্থির, পুষ্কর; চতুর্ব্বিধ পুরুষমধ্যে পুরুষবিশেষ; একাদশ মন্বন্তরীয় ইন্দ্র; ধর্ম্ম; শৃঙ্গী; শ্রেষ্ঠ; মূষিক; শুক্রল; বাস্তুস্থানবিশেষ; বাসকবৃক্ষ; শ্রীকৃষ্ণ; শত্রু; কাম; বলবান্; ঋষভনামক ঔষধ।

বৃষকর্ণী, স্ত্রী. [বৃষ+কর্ণ-ঈ] সুদর্শনা, সুদর্শন; গুলঞ্চ।

বৃষগন্ধা, স্ত্রী. [বৃষ+গন্ধ-আ] বস্তান্ত্রী।

বৃষচক্র, ন. [বৃষ+চক্র] কৃষিকর্ম্মোক্ত বৃষাকার চক্র। [হোল।

বৃষণ, পুং. [বৃষ+অন] অণ্ডকোষ, মুষ্ক,

বৃষণকচ্ছু, স্ত্রী. [বৃষণ+কচ্ছু] ক্ষুদ্র রোগবিশেষ, একাশিরা রোগ।

বৃষণশ্ব, পুং. [বৃষন্+অশ্ব] ইন্দ্রেরঘোটক, উচ্চৈঃশ্রবা অশ্ব।

বৃষণস্বসু, ন. [বৃষন্+বসু] ইন্দ্রের ধন, শক্রনিধি, দেবরাজের সম্পত্তি।

বৃষদংশক, পুং. [বৃষ+দংশক] বিড়াল, মার্জার।

বৃষধ্বজ, পুং. [বৃষ+ধ্বজ] শিব, মহাদেব; হেরম্ব; পুণ্যকর্ম্মা।

বৃষধ্বাঙ্ক্ষী, স্ত্রী. [বৃষ+ধ্বাঙ্ক্ষ-ঈ] নাগরমুস্তা।

বৃষনাশন, পুং. [বৃষ+নাশন] বিড়ঙ্গনামে ঔষধবিশেষ।

বৃষপতি, পুং. [বৃষ+পতি] ষণ্ড, ষাঁড়; শিব, মহাদেব।

বৃষপত্রিকা, স্ত্রী. [বৃষ+পত্রিকা] বস্তান্ত্রী।

বৃষপর্ণী, স্ত্রী. [বৃষ+পর্ণ-ঈ] আখুপর্ণীবৃক্ষ, ইন্দুরকাণীগাছ; বৃক্ষবিশেষ, পুরাতীবৃক্ষ, তৎপর্য্যায়।—দধ্যালী, চক্রাঙ্গী, সুদর্শনা।

বৃষপর্ব্বা, পুং. [বৃষ+পর্ব্বন্] শিব, মহাদেব; দানববিশেষ; ভৃঙ্গারুবৃক্ষ; কশেরু।

বৃষবাহন, পুং. [বৃষ+বাহন] শিব, মহাদেব।

বৃষভ, পুং. [বৃষ+ভ] বৃষ, ষাঁড়; শ্রেষ্ঠ; বৈদর্ভী রীতিভেদ, কাব্যরীতি বিশেষ; আদিজিন; কর্ণরন্ধ্র; ঋষভনামক ঔষধ।

বৃষভগতি, পুং. [বৃষভ+গতি] শিব, মহাদেব।

বৃষভধ্বজ, পুং. [বৃষভ+ধ্বজ] শিব, মহাদেব।

বৃষভানু, পুং. [বৃষ+ভানু] সুরভান পুত্র, রাধিকার পিতা। [ইন্দ্রপুরী।

বৃষভাসা, স্ত্রী. [বৃষ+ভাস-আ] অমরাবতী,

বৃষভাক্ষী, স্ত্রী. [বৃষভ+অক্ষী] ইন্দ্রবারুণী লতা; (ত্রি.) বৃষের চক্ষু। [বৃষভ।

বৃষয়, পুং. [বৃষ+য়] আশ্রয়, অবলম্বন;

বৃষল, পুং. [বৃষ+ল] গৃঞ্জন, গাজর; শূদ্র; চন্দ্রগুপ্ত রাজা; বাজী, ঘোটক; অধার্ম্মিক।

বৃষলাত্মজ, ত্রি. [বৃষল+আত্মজ] অধার্ম্মিক জাত; শূদ্রোদ্ভব।

বৃষলী, স্ত্রী. [বৃষল+ঈ] পিতৃগৃহে অবিবাহিতা রজস্বলাকন্যা; স্বপতি পরিত্যাগ পূর্ব্বক পরপতি গামিনী স্ত্রী; শূদ্রী ম্লেচ্ছপত্নী। [বিবাহকর্ত্তা।

বৃষলীপতি, পুং. [বৃষলী+পতি] বৃষলীকন্যা

বৃষলোচন, পুং. [বৃষ+লোচন] মূষিক ইন্দুর; (ত্রি.) বৃষনয়ন।

বৃষশক্র, পুং. [বৃষ+শক্র] বিষ্ণু, নারায়ণ।
বৃষশৃঙ্গী, পুং. [বৃষ+শৃঙ্গিন্] ভৃঙ্গরোল, ভীমরুল।
বৃষস্যন্তী, স্ত্রী. [বৃষস্যৎ+ঈ] কামুকী, কামাতুরা।
বৃষা, স্ত্রী. [বৃষ+আ] মুষিকপর্ণী, ইন্দুরকাণী গাছ; কপিকচ্ছু, আলকুশী; (পুং.) ইন্দ্র; কর্ণ; বেদনা জ্ঞান; দুঃখ; বৃষ, ষাঁড়; ঘোটক।
বৃষাকপায়ী, স্ত্রী. [বৃষাকপি+আয়-ঈ] লক্ষ্মী; গৌরী; স্বাহা; শচী; জীবন্তী; লতাবিশেষ, শতাবরী।
বৃষাকপি, পুং. [বৃষ+অ-কপি] বিষ্ণু; শিব; অগ্নি; ইন্দ্র।
বৃষাকর, পুং. [বৃষ+আকর] মাষ; মাষকলাই।
বৃষাঙ্ক, পুং. [বৃষ+অঙ্ক] শিব; সাধু; ভল্লাতকবৃক্ষ; ষণ্ড, ষাঁড়।
বৃষাঙ্কজ, পুং. [বৃষাঙ্ক+জন্] ডমরু, মহাদেবের করস্থিত বাদ্য যন্ত্রবিশেষ।
বৃষাঞ্জন, পুং. [বৃষ+অঞ্জন] শিব, মহাদেব, শঙ্কর।
বৃষাণক, পুং. [বৃষ+অন-ক] শিব, মহাদেব।
বৃষান্তক, পুং. [বৃষ+অন্তক] শ্রীকৃষ্ণ।
বৃষায়ণ, পুং. [বৃষ+অয়ন] চটক, কলবিঙ্ক, চড়ুইপাখী; শিব, মহাদেব।
বৃষাহার, পুং. [বৃষ+আহার] বিড়াল, মার্জার।
বৃষী, স্ত্রী. [বৃষ+ইন্-ঈ] ব্রতিদের কুশাদিময় আসন, ষত্যাসন; (পুং.) ময়ূর।
বৃষোৎসর্গ, পুং. [বৃষ+উৎসর্গ] ত্রিশূল চক্রাঙ্কিত বৎসতরী চতুষ্টয়যুক্ত বৃষত্যাগ।
বৃষ্টি, স্ত্রী. [বৃষ+ক্তি] মেঘ হইতে জল বিন্দুপতন, তৎপর্য্যায়।—বর্ষ, গোঘৃত, পরামৃত, বর্ষণ।
বৃষ্টিকাল, পুং. [বৃষ্টি+কাল] প্রাবৃট্, বর্ষাকাল।
বৃষ্টিঘ্নী, স্ত্রী. [বৃষ্টি+ঘ্ন-ঈ] ভৃঙ্গপর্ণিকা, গুজরাটী এলাইচ; (ত্রি.) বৃষ্টিনাশক।
বৃষ্টিজীবন, ত্রি. [বৃষ্টি+জীবন] দেব মাতৃকদেশ; যে দেশে প্রাণির কেবল বৃষ্টির জলে জীবন ধারণ হয়; চাতকপক্ষী।
বৃষ্টিভূ, পুং. [বৃষ্টি+ভূ] ভেক, ব্যাঙ; (ত্রি.) বৃষ্টিজাত।
বৃষ্ণি, পুং. [বৃষ+নি] মেষ; যাদব; (ত্রি.) পাষণ্ড; চণ্ড।
বৃষ্ণিগর্ভ, পুং. [বৃষ্ণি+গর্ভ] শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
বৃষ্য, ন. [বৃষ+য] বাজীকর; (পুং.) মাষকলাই; (ত্রি.) শুক্রবৃদ্ধিকারক ঔষধাদি।
বৃষ্যকন্দা, স্ত্রী. [বৃষ্য+কন্দ-আ] বিদারী।
বৃষ্যগন্ধা, স্ত্রী. [বৃষ্য+গন্ধ-আ] বৃদ্ধদারক।
বৃষ্যগন্ধিকা, স্ত্রী. [বৃষ্য+গন্ধিকা] অতিবলা।
বৃষ্যবল্লিকা, স্ত্রী. [বৃষ্য+বল্লিকা] বিদারী।
বৃষ্যা, স্ত্রী. [বৃষ+য-আ] ঋদ্ধিনামে ঔষধ; শতাবরীলতা; আমলকী
বৃহচ্চঞ্চু, পুং. [বৃহৎ+চঞ্চু] মহাচঞ্চুশাক; দীর্ঘচঞ্চু, বড়ঠোট।
বৃহচ্চিত্ত, পুং. [বৃহৎ+চিত্ত] ফলপূর, বীজপূর, দাড়িম।
বৃহচ্ছল্ক, পুং. [বৃহৎ+শল্ক] চিঙ্গটীমৎস্য, চিঙ্গিড়ীমাছ।
বৃহচ্ছরীর, ন. [বৃহৎ+শরীর] বৃহদ্দেহবিশিষ্ট, প্রকাণ্ডশরীর।
বৃহজ্জীবন্তী, স্ত্রী. [বৃহৎ+জীবন্তী] বৃহজ্জীবন্তিকাবৃক্ষ, তৎপর্য্যায়।—পত্রভদ্রা, প্রিয়ঙ্করী, মধুরা, জীবপুষ্টা, বৃহজ্জীবা, যশস্করী।
বৃহড্ঢক্কা, স্ত্রী. [বৃহৎ+ঢক্কা] ঢক্কাবিশেষ, বড়ঢাক।
বৃহতিকা, স্ত্রী. [বৃহতী+ইক-আ] উত্তরীয় বস্ত্র; বৃহতী, ক্ষুদ্রবার্ত্তাকু, ব্যাকুড়ফল।
বৃহতিপতি, পুং. [বৃহতি+পতি] বৃহস্পতি, সুরগুরু।
বৃহতী, স্ত্রী. [বৃহৎ+ঈ] ক্ষুদ্রবার্ত্তাকী, ব্যাকুড়, তৎপর্য্যায়।—মহতী, ক্রান্তা, বার্ত্তাকী, সিংহিকা, কুলী, রাষ্ট্রিকা, স্থূলকণ্টা, ভণ্টাকী, মহোটিকা, বহুপত্রী; কণ্টতনু, কণ্টালু, কটুফলা, তোরড়ী, বনবৃন্তাকী,

সিংহী, প্রসহা, রক্তপাকী, লতাবৃহতিকা; মহতী; উত্তরীয়বস্ত্র; বারিধানী; জলের করঙ্গা; বাকা; কণ্টকারী; ছন্দোবিশেষ, নবাক্ষর পাদচ্ছন্দ; কণ্টকারী।

বৃহতীপতি, পুং. [বৃহতী+পতি] বৃহস্পতি, সুরগুরু।

বৃহৎ, ত্রি. [বৃহ + অৎ] মহৎ, শ্রেষ্ঠ, বড়, প্রকাণ্ড। [বড।

বৃহৎক, ত্রি. [বৃহৎ+ক] বৃহৎ, মহৎ, শ্রেষ্ঠ,

বৃহৎকন্দ, পুং. [বৃহৎ+কন্দ] গৃঞ্জন, গাজর; বিষ্ণুকন্দ।

বৃহৎকায়, ত্রি. [বৃহৎ+কায়] বৃহচ্ছরীর, প্রকাণ্ডশরীর বিশিষ্ট।

বৃহৎকালশাক, পুং. [বৃহৎ+কাল+শাক] শোথজিহ্ব, বৃহৎকালকাসুন্দিয়া।

বৃহৎকাশ, পুং. [বৃহৎ+কাশ] খড়্গাট, খাগড়া।

বৃহৎকুক্ষি, ত্রি. [বৃহৎ+কুক্ষি] তুন্দিল, বৃহদুদরযুক্ত।

বৃহত্তাল, পুং. [বৃহৎ+তাল] হিন্তাল, হেঁতাল।

বৃহত্তিক্তা, স্ত্রী. [বৃহৎ+তিক্ত-আ] পাঠা, আকনাদিলতা।

বৃহত্তৃণ, পুং. [বৃহৎ+তৃণ] বংশ, বাঁশ।

বৃহত্ত্বক্, পুং. [বৃহৎ+ত্বচ্] গ্রহনাশনবৃক্ষ, ছাতিয়ান্গাছ।

বৃহৎপত্র, পুং. [বৃহৎপত্র] হস্তিকন্দ।

বৃহৎপত্রা, স্ত্রী. [বৃহৎ+পত্র-আ] ত্রিপর্ণিকা।

বৃহৎপাটলি, পুং. [বৃহৎ+পাটলি] ধুস্তূর ধুতুরা। [গাছ।

বৃহৎপাদ, পুং. [বৃহৎ+পাদ] বটবৃক্ষ, বট-

বৃহৎপারেবত, ন. [বৃহৎ+পারেবত] মহাপারেবত।

বৃহৎপালী, পুং. [বৃহৎ+পালিন্] বনজীর, বনজিরা।

বৃহৎপীলু, পুং. [বৃহৎ+পীলু] মহাপীলু।

বৃহৎপুষ্পী, স্ত্রী. [বৃহৎপুষ্প-ঈ] ঘণ্টারবা।

বৃহৎফল, পুং. [বৃহৎ+ফল] চচেণ্ডা, চিচিঁড়া লতা।

বৃহৎফলা, স্ত্রী. [বৃহৎ+ফল-আ] কটুতুম্বী, তিতলাউ; মহেন্দ্রবারুণী; কুষ্মাণ্ডী; মহাজম্বু। [করী।

বৃহদঙ্গ, পুং. [বৃহৎ+অঙ্গ] মতঙ্গজ, হস্তী,

বৃহদম্ল, পুং. [বৃহৎ+অম্ল] রুজাকর, কামরাঙ্গাফল।

বৃহদসৃঙ্মতি, পুং. [বৃহৎ+অসৃক্+মতি] রাক্ষস।

বৃহদেলা, স্ত্রী. [বৃহৎ+এলা] স্থূলৈলা, বড় এলাইচ।

বৃহদ্গুহ, পুং. [বৃহৎ+গুহ] কারূষ দেশ।

বৃহদ্গৃহ, পুং. [বৃহৎ+গৃহ] কারূষদেশ, ইহা বিন্ধ্যপর্ব্বতের পশ্চিম মালবদেশের নিকটস্থ দেশ; বড়ঘর।

বৃহদ্গোল, ন. [বৃহৎ+গোল] শীর্ণবৃন্ত, তরমুজ।

বৃহদ্দল, পুং. [বৃহৎ+দল] পট্টিকালোধ্র; হিন্তাল, হেঁতাল।

বৃহদুদর, ত্রি. [বৃহৎ+উদর] তুন্দিল, স্থূলোদরযুক্ত।

বৃহদ্ধল, ন. [বৃহৎ+হল] মহালাঙ্গল, তৎপর্য্যায়।—হলী

বৃহদ্বল্ক, পুং. [বৃহৎ+বল্ক] পট্টিকালোধ্র।

বৃহদ্বাত, পুং. [বৃহৎ+বাত] অশ্মরীহর, দেধান; ভয়ঙ্করবায়ু, প্রচণ্ড পবন।

বৃহদ্বারুণী, স্ত্রী. [বৃহৎ+বারুণী] মহেন্দ্রবারুণী।

বৃহদ্বীজ, পুং. [বৃহৎ+বীজ] আম্রাতক, আমড়া; (ত্রি.) বৃহৎ বীজবিশিষ্ট।

বৃহদ্ভট্টারিকা, স্ত্রী. [বৃহৎ+ভট্টারিকা] দুর্গা, পার্ব্বতী।

বৃহদ্ভানু, পুং. [বৃহৎ+ভানু] অগ্নি, অনল; চিত্রকবৃক্ষ, চিতাগাছ।

বৃহদ্রথ, পুং. [বৃহৎ+রথ] ইন্দ্র; যজ্ঞপাত্র; মন্ত্রবিশেষ; সামবেদাংশ; (স্ত্রী.) নদীবিশেষ।

বৃহদ্রাবী, পুং. [বৃহৎ+রাবিন্] ক্ষুদ্রোলূক, ছোটপেঁচা

বৃহন্নল, পুং. [বৃহৎ+নল] মহাপোটগল; অর্জ্জুন।

বৃহন্নলা, স্ত্রী. [বৃহৎ+নল-আ] ক্লীবরূপী অর্জ্জুন; বাহু।

বৃহস্পতি, পুং. [বৃহৎ+পতি] অঙ্গিরামুনির পুত্র, দেবগুরু, ধর্ম্মশাস্ত্র প্রয়োজক, নবগ্রহ মধ্যে পঞ্চমগ্রহ, তৎপর্য্যায়।—সুরাচার্য্য, গীষ্পতি, ধিষণ, গুরু,জীব, আঙ্গিরস, বাচস্পতি, চিত্রশিখণ্ডিজ, উতথ্যানুজ, গোবিন্দ, চারু,দ্বাদশরশ্মি, গিরীশ, দিদির, পূর্ব্বফল্গুনীভব, সুরগুরু, বাক্পতি, বচসাম্পতি, ইন্দ্রেজ্য, দেবেজ্য, বৃহতাম্পতি, ইজ্য, বাগীশ, চক্ষাঃ, দীদিবি, দ্বাদশকর, প্রাকৃফাল্গুন, গীরথ; পঞ্চমবার।

বৃহস্পতিচক্র, ন. [বৃহস্পতি + চক্র] মনুষ্যদিগের শুভাশুভ জ্ঞানার্থ বৃহস্পতির সঞ্চার কালীন নক্ষত্রাদি সপ্তবিংশতি নক্ষত্রযুক্ত নরাকারচক্র বিশেষ।

বৃক্ষ, পুং. [বৃক্ষ+অ] স্থাবরযোনি বিশেষ, গাছ, তৎপর্য্যায়।—মহীরুহ, শাখী, বিটপী, পাদপ, তরু, অনোকহ, কুট, সাল, পলাশী, দ্রু, দ্রুম, অগম, অগচ্ছ, বিষ্টর, মহীরুট্, কুচি, স্থির, কারস্কর, নগ, অগ, কুটার, বিটপ,কুজ, বনস্পতি, অদ্রি, শিখরী, কুঠ, কুঞ্জ, ক্ষিতিরুহ, অঙ্ঘ্রিপ, ভূরুহ,ভূজ, নহোজ, ধরণীরুহ, ক্ষিতিজ, শাল।

বৃক্ষক, পুং. [বৃক্ষ+ক] কুটজবৃক্ষ, কুরচি ফুলের গাছ; বৃক্ষ মাত্র।

বৃক্ষচর, পুং. [বৃক্ষ+চর] বানর, কপি,শাখামৃগ।

বৃক্ষচ্ছায়, ন. [বৃক্ষ+ছায়] বহুবৃক্ষের ছায়া।

বৃক্ষতল, ন. [বৃক্ষ+তল] বৃক্ষমূল, গাছতলা।

বৃক্ষধূপ, পুং. [বৃক্ষ+ধূপ] শ্রীবেষ্ট, বৃক্ধূপ।

বৃক্ষনাথ, পুং. [বৃক্ষ+নাথ] বটবৃক্ষ, বটগাছ।

বৃক্ষপাক, পুং. [বৃক্ষ+পাক] বটবৃক্ষ, বট- [গাছ।

বৃক্ষবাটিকা, স্ত্রী. [বৃক্ষ+বাটিকা] অমাত্যগণিকা গেহোপবন; গাছের চৌকা; বাগান

বৃক্ষভবন, ন. [বৃক্ষ+ভবন] বৃক্ষকোটর, গাছের খোড়র।

বৃক্ষভক্ষা, স্ত্রী. [বৃক্ষ+ভক্ষ-আ], বন্দাক, বৃক্ষোপরি বৃক্ষ বাঁদা।

বৃক্ষভিৎ, স্ত্রী. [বৃক্ষ+ভিদ্] বাসী, বাইস।

বৃক্ষভিদ্ স্ত্রী. [বৃক্ষ+ভিদ্] বাসী, বাইস।

বৃক্ষভেদী, পুং. [বৃক্ষ+ভেদিন্] বৃক্ষাদন, নেহানি; টঙ্ক।

বৃক্ষমর্কটিকা, স্ত্রী. [বৃক্ষ+মর্কটিকা] জন্তুবিশেষ, কাঠবিড়াল।

বৃক্ষমৃদ্ভূ, পুং. [বৃক্ষ+মৃদ্+ভূ] জলবেতস।

বৃক্ষরুহা, স্ত্রী. [বৃক্ষ+রুহ-আ] বন্দা, বৃক্ষোপরিবৃক্ষ; অমৃতস্রবা।

বৃক্ষশ, পুং. [বৃক্ষ+শী-অ] কৃকলাস, গিরিগিটী।

বৃক্ষশায়িকা, স্ত্রী. [বৃক্ষ+শী+ইকা] বৃক্ষমার্জ্জার, কাঠবিড়াল।

বৃক্ষস্থ, ত্রি. [বৃক্ষ+স্থা-অ] বৃক্ষস্থিত; বৃক্ষসম্বন্ধীয়।

বৃক্ষাদন, পুং. [বৃক্ষ+অদন] বৃক্ষভেদী, নেহানি; অশ্বত্থবৃক্ষ; মধুচ্ছত্র; কুঠার; পিয়াল।

বৃক্ষাদনী, স্ত্রী. [বৃক্ষ+অদন-ঈ] বন্দা; বিদারীকন্দ।

বৃক্ষাদিরুহক, ন. [বৃক্ষ+আদি+রুহক] আলিঙ্গন।

বৃক্ষাদিরূঢ়ক,ন. [বৃক্ষ+আদি+রূঢ়ক] আলিঙ্গন।

বৃক্ষাবাস, পুং. [বৃক্ষ+আবাস] বৃক্ষকোটর বাসী।

বৃক্ষাম্ল, ন. [বৃক্ষ+অম্ল] মহাম্ল, তেন্তুলি, তেঁতুলগাছ; মহাদা; অম্বলকুটা; চুকা, তৎপর্য্যায়।—তিন্তিড়ীক,চুক্র, অম্লশাক, চুক্রাম্ল, তিন্তিড়ীফল, শাকাম্ল, অম্লপূর, পূরাম্ল, রক্তপূরক, চুড়াম্ল, বীজাম্ল, ফলাম্লক, অম্লবৃক্ষ, অম্লফল, রসাম্ল, শ্রেষ্ঠাম্ল, অত্যম্ল, অম্লবীজ, চুক্রফল; (পুং.) আম্রাতক, আমড়া।

বৃক্ষায়ুর্ব্বেদ, পুং. [বৃক্ষ+আয়ুর্ব্বেদ] তরুচিকিৎসাদি শাস্ত্র।

বৃক্ষার্হা, স্ত্রী. [বৃক্ষ+অর্হ্‌-আ] মহামেদা।
বৃক্ষালয়, পুং. [বৃক্ষ+আলয়] পক্ষী, বিহগ, বিহঙ্গ, বৃক্ষবাসী।
বৃক্ষাশ্রয়ী, পুং. [বৃক্ষ+আশ্রয়িন্] ক্ষুদ্রোলূক, ছোট পেঁচা; যে বৃক্ষ আশ্রয় করিয়া থাকে, কুটুরেপেঁচা।
বৃক্ষোৎপল, পুং. [বৃক্ষ+উৎপল] কর্ণিকার; স্থলপদ্ম।
বেঅইব, (যাং) নির্দ্দোষ।
বেঅকল্, (যাং) নির্ব্বোধ, মুর্খ।
বেঅদালৎ, (যাং) অযথার্থ।
বেআইন্, (যাং আইনবিরুদ্ধ, অন্যায়।
বেআড়া, (যাং) অনিয়মিত।
বেআন্দাজ, (যাং) অপরিমিত। [পাগল।
বেঅকুফ, (যাং) অজ্ঞান, মূর্খ, অবোধ,
বেআবরু, (যাং) অবমানক; অধম, নীচ।
বেআরাম, (যাং) পীড়া, রোগ, অসুস্থ।
বেইমান, (যাং)অধার্ম্মিক, পাপী; অন্যায়।
বেউড়বাঁশ, (প্রা) বেষ্টবংশ, কণ্টকান্বিত বংশবিশেষ।
বেওক্ত, (যাং) অসময়।
বেওরা, (প্রা) বৃত্তান্ত, বিস্তারিত।
বেঁক, (প্রা) বক্রতা; ভেওড়; নদীরবাঁক।
বেঁকন, (প্রা) বক্রহওন, বাঁকন, আভুগ্নতা।
বেঁকা, (প্রা) বক্র, বাঁকা, অসরল।
বেঁকি, (প্রা) বক্রতা, বাঁকা; পদাভরণ বিশেষ।
বেঁঠিয়া, (প্রা) খর্ব্ব, হ্রস্ব, বামন, খাট।
বেঁড়ে, (প্রা) পুচ্ছহীন, লাঙ্গুলরহিত।
বেকট, পুং. [বিকট+অ] বৈকটিক; মৎস্যবিশেষ, ভেকটামাছ; তরুণ, যুবা; বিদুষক।
বেকলা, (প্রা) বল্কল, ত্বক্, ছাল, খোসা।
বেকসুর, (যাং) নিরপরাধ, নির্দ্দোষ।
বেকার, (যাং) কর্ম্মরহিত।
বেগ, পুং. [বীজ+অ] প্রবাহ, তৎপর্য্যায়।—ওঘঃ, বেণী, ধারা; জব, তৎপর্য্যায়।—রংহঃ, তরঃ, রয়ঃ, স্যদঃ; মহাকাল ফল; রেতঃ, বীর্য্য; মুত্রবিষ্ঠাদি নির্গম প্রবৃত্তি; সংস্কারবিশেষ।
বেগড়া, (প্রা) নষ্ট, বিকৃত; দুষ্ট।
বেগন, (প্রা) বেগবহন, দৌড়িয়া যাওন।
বেগনাশন, পুং. [বেগ+নাশন] শ্লেষ্মা, কফ, ছর্দ্দি।
বেগবান, ত্রি. [বেগ+বৎ] বেগবিশিষ্ট, ত্বরাযুক্ত, দ্রুতগামী।
বেগম (যাং) রাণী, রাজমহিষী।
বেগরহিত, ত্রি. [বেগ+রহিত] বেগহীন, বেগ শূন্য; অসত্বর; শিথিল, দুর্ব্বল।
বেগসর, পুং. [বেগ+সর] বেগগামী ঘোটক; বেসর, অশ্বতর।
বেগার, (প্রা) বিনাবেতনে কর্ম্মকারী; বেতন হীনকার্য্য; অনর্থক শ্রম।
বেগাল, (প্রা) বেগান্বিত, দ্রুতগতি বিশিষ্ট।
বেগিত, ত্রি. [বেগ+ইত] বেগান্বিত, বেগবিশিষ্ট। [মৃগ।
বেগিহরিণ, পুং. [বেগিন্+হরিণ] শ্রীকারী-
বেগী, ত্রি. [বেগ+ইন্] বেগবান্] বেগযুক্ত, তৎপর্য্যায়।—জঙ্ঘাকারিক, জাঙ্ঘিক, তরস্বী, ত্বরিত, প্রজবী, জবন, জব; শ্যেনপক্ষী, শচান।
বেগুণ, (প্রা) বার্ত্তাকু, বাগুন।
বেগুণিয়া, (প্রা) ঈষৎ ধূম্রবর্ণ বেগুণে রঙ্গ।
বেঙ্গ, (প্রা) ভেক, মণ্ডুক।
বেঙ্গা, (প্রা) নেটা, নেঙ্গা, বামহস্তপ্রধান।
বেঙ্গাচী, (প্রা) ভেকশাবক, বেঙ্গের বাচ্চা।
বেঙ্গাপিত্তল, (প্রা) পিত্তলবিশেষ, মিশ্রিত ধাতু।
বেচন, (প্রা) বিক্রয়করণ, মূল্য গ্রহণপূর্ব্বক দ্রব্যের অর্পণ।
বেচনায়া (প্রা) বিক্রয়কারী, বিক্রেতা।
বেচা, স্ত্রী. [বিচ+অ-আ] মূল্য, বেতন; ক্রুতবিক্রয়, বিক্রীত।
বেজানী, স্ত্রী. [বিজ+আন-ঈ] সোমরাজী, সোমরাজ।
বেজার, (যাং) ক্রোধ; ত্য[illegible]
বেজী, (প্রা) নকুল, নেউল, [illegible]
বেটন, (প্রা) বেষ্টিত বস্ত্র; ব[illegible]।
বেটা, (হি) পুত্র, সুত, সন্তান।
বেটী, (হি) পুত্রী, কন্যা, দুহি

বেটুয়া, (গ্রা) দারা পুত্রাদিবিহীন, অনাথ; অবিশ্রান্ত ভ্রমণকারী, ছোটপৌরা।

বেট্যা, (গ্রা) রজ্জু, রশি, শণের দড়ী।

বেটন, (গ্রা) পরিবেষ্টিত বস্ত্রাদি।

বেড়, ন. [বিড়+অ] সান্দ্রবিচ্ছিন্ন চন্দন; বেষ্টন, বৃতি, ঘেরা; পরিধি।

বেড়ন, (গ্রা) বেষ্টন, ঘেরণ; চারিদিগে আবরণ।

বেড়া, স্ত্রী. [বিড+অ-আ] নৌকা; ভ্রমণ; বেষ্টন, বৃতি, আবরণ; বেড়ি।

বেড়ান, (গ্রা) ভ্রমণ, চলন; পর্য্যটন

বেড়ী, (গ্রা) পাদবন্ধনীয় লৌহপাশ, লৌহ শৃঙ্খল, নিগড়; স্থালী ধারণার্থ লৌহযন্ত্র বিশেষ, বাউলী; কেশবিন্যাস বিশেষ, থর।

বেড়ুবাশ, (গ্রা) বেউড়বাঁশ।   [দেয়।

বেড়ে, (গ্রা) উত্তম, উৎকৃষ্ট, অতিশয় উপা-

বেড্যান, (গ্রা) যষ্ট্যাদি দ্বারা আঘাতকরণ, মারণ, প্রহারকরণ, পিটন।

বেঢ়মিকা, স্ত্রী. [বিঢ়ম+ইক-আ] রোটিকা-বিশেষ, রুটী।

বৈণ, পুং. [বেণ+অ] বর্ণসঙ্কর জাতিবিশেষ; ত্রেতাযুগে মনুবংশীয় চতুর্থ রাজা-বিশেষ, পৃথুরাজার পিতা।

বেণা, (গ্রা) তৃণবিশেষ, বীরণ তৃণ, উশীর।

বেণি, স্ত্রী. [বী+ণি] প্রোষিতভর্তৃকাদির ধার্য্য কেশরচনাবিশেষ; বিরহিণীর বদ্ধকেশ, বিউনী, তৎপর্য্যায়।—প্রবেণি, বেণী, প্রবেণী বেণিকা; জলসমূহ, জলরাশি।

বেণিকা, স্ত্রী. [বেণি+কা] কেশবন্ধনবিশেষ।

বেণিবেধনী, স্ত্রী. [বেণি+বেধনী] জলৌকা, জোঁক।

বেণিমাধব, পুং. [বেণি+মাধব] প্রয়াগস্থ পাষাণময় চতুর্ভুজ দেবতাবিশেষ।

বেণিয়া, (গ্রা) বণিক, পোদ্দার, ব্যবসায়ী।

বেণিয়াতি, (গ্রা) বাণিজ্য সম্পর্কীয়।

বেণী, স্ত্রী. [বী+নি-ঈ] প্রবেণী, চুলেরবিউনী, তৎপর্য্যায়।—প্রবেণী, বেণিকা; দেবতাড়বৃক্ষ; মেষী; প্রবাহ; নদীবিশেষ।

বেণীর, পুং. [বেণ+ঈর] অরিষ্টবৃক্ষ।

বেণীসংহার, পুং. [বেণী+সংহার] ভট্ট-নারায়ণ কৃত সপ্তাঙ্কযুক্ত নাটকবিশেষ; কেশবন্ধন।

বেণু, পুং. [বেণ+উ] বংশ, বাঁশ; বংশী; বাঁশী; নৃপবিশেষ।

বেণুক, ন. [বেণু+ক] তোত্র, গজাদি তাড়ন দণ্ড, পাচনী।

বেণুকর্কর, পুং. [বেণু+কর্কর] করবীরবৃক্ষ, করবীগাছ।

বেণুজ, পুং. [বেণু+জন-অ] বেণুযব, বংশ ফল, বাঁশের চাউল।

বেণুধ্ম, পুং. [বেণু+ধ্মা-অ] বেণুবাদক, বংশীবাদক।

বেণুন, ন. [বেণ+উন] কটুরসযুক্ত দ্রব্য-বিশেষ, মরীচ।   [আউক।

বেণুনিস্রুতি, পুং. [বেণু+নিস্রুতি] ইক্ষু,

বেণুপত্রী, স্ত্রী. [বেণু+পত্র-ঈ] বংশপত্রী বৃক্ষ, তৎপর্য্যায়।—হিঙ্গুপর্ণী, নাড়ী, হিঙ্গুশিরাটিকা।

বেণুবাদ, পুং. [বেণু+বাদ] বৈণুক।

বেণুবাদক, পুং. [বেণু+বাদক] বংশীবাদক, বাঁশি বাজানীয়া।   [চাউল।

বেণুবীজ, ন. [বেণু+বীজ] বেণুযব, বাঁশের

বেণুযব, পুং. [বেণু+যব] বংশফল বাঁশের চাল, তৎপর্য্যায়।—বেণুজ; বেণুবীজ, বংশজ, বংশতণ্ডুল, বংশধান্য, বংশাহ্ব।

বেণে, (গ্রা) বণিক্, পোদ্দার, ব্যবসায়ী।

বেণ্যা, (গ্রা) বণিক্, পোদ্দার, ব্যবসায়ী।

বেতঃ, পুং. [বিত+অস্] বেত্র, বেতস, বেত-গাছ।

বেতন, ন. [বী+তন] কর্ম্ম দক্ষিণা, মা-হিনা, মজুরী, তৎপর্য্যায়।—কর্ম্মণ্যা, বিধা, ভৃত্যা, ভৃতি, ভর্ম্ম, ভরণ্য, ভরণ, মূল্য, নির্ব্বেশ, পণ, বিষ্টি; জীবনো-পায়, তৎপর্য্যায়।—আজীব, জীবন, বার্ত্তা, জীবিকা, বৃত্তি; রূপ্য, রূপা।

বেতনগ্রাহী, ত্রি. [বেতন+গ্রাহিন্] মূল্য-গৃহীতা, যে মাহিয়ানা গ্রহণপূর্ব্বক কর্ম্ম করে।

বেতনিক, ত্রি. [বেতন+ইক] যাহাতে বেতন আছে; বেতন পাইয়া কর্ম্মকারী।

বেতস, পুং. [বী+তস] লতাবিশেষ, বয়সা, বেতগাছ, তৎপর্য্যায়।—রথ, অভ্রপুষ্প, বিদুল, শীত, বানীর, বঞ্জুল, প্রিয়, গন্ধপুষ্প, রথাভ্র, বেতসী, নিচুল, দীর্ঘপত্রক, কলম, মঞ্জরী, নম্র, সুষেণ, গন্ধপুষ্পক।

বেতসাম্ল; পুং. [বেতস+অম্ল] অম্লবেতস।

বেতসী, স্ত্রী. [বেতস+ঈ] বেতস, বয়সা, বেতগাছ।

বেতস্বান্, ত্রি. [বেতস্+বৎ] বেতস লতাবহুল দেশ।

বেতাগুদ্, (যা°) ক্ষীণ, দুর্ব্বল; অমনোযোগ, অসাবধান।

বেতাল, পুং. [বে+তাল] দ্বারপালক, দ্বাররক্ষক; ভূতাধিষ্ঠিত শব; মল্লবিশেষ; শিবগণাধিপবিশেষ।

বেতালভট্ট, পুং. [বেতাল+ভট্ট] রাজা বিক্রমাদিত্যের নবরত্নান্তর্গত রত্নবিশেষ।

বেতুয়া, (প্রা) বাস্তুকশাক, বেতোশাক; বাতরোগী।

বেত্তা, ত্রি. [বিদ্+তৃ] জ্ঞাতা, বেদিতা।

বেত্র, পুং. [বি+ত্র] স্বনামখ্যাত বৃক্ষ, বেতগাছ, তৎপর্য্যায়।—বেতঃ, যোগিদণ্ড, সুদণ্ড, মৃদুপর্ব্বক।

বেত্রকীয়, ত্রি. [বেত্রক+ঈয়] বেত্রসমূহযুক্ত দেশাদি।

বেত্রধর, পুং. [বেত্র+ধর] দ্বারপাল, দ্বাররক্ষক; (ত্রি.) যষ্টিধারী।

বেত্রধারক, পুং. [বেত্র+ধারক] দ্বারপাল, দ্বাররক্ষক।

বেত্রবতী, স্ত্রী. [বেত্র+বৎ-ঈ] নদীবিশেষ, মালবদেশে কালপী নাম নগরে যমুনার সহিত মিলিতা নদী; বেত্রাসুরের মাতা

বেত্রহা, পুং. [বেত্র+হন্] ইন্দ্র, সুরপতি।

বেত্রাবতী, স্ত্রী. [বেত্রা+বত্-ঈ] বেত্রবতী নদী।

বেত্রাসন, ন. বেত্র+আসন] বেত্র নির্ম্মিত আসন, তৎপর্য্যায়।—আসন্দী।

বেত্রাসুর, পুং. [বেত্র+অসুর] স্বনামখ্যাত অসুর।

বেত্রী, পুং. [বেত্র+ইন্] দ্বারপালক, দ্বাররক্ষক; (ত্রি.) বেত্রযুক্ত, বেত্রধারী।

বেদ, পুং. [বিদ্+অ] বিষ্ণু; বৃত্ত; বিত্ত; যজ্ঞাঙ্গ; মীনশরীরধারী ভগবানের বাক্য; ধর্ম্মব্রহ্ম প্রতিপাদক অপৌরুষেয় বাক্য; ব্রহ্মমুখনির্গত ধর্ম্মজ্ঞাপক শাস্ত্র, তৎপর্য্যায়।—শ্রুতি, আম্নায়, ছন্দঃ, ব্রহ্ম, নিগম, প্রবচন।

বেদকৌলেয়ক, পুং. [বেদ+কুল-ক] শিব, মহাদেব।

বেদগর্ভ, পুং. [বেদ+গর্ভ] ব্রহ্মা, প্রজাপতি; ব্রাহ্মণ, ভূদেব।

বেদগুপ্তি, স্ত্রী. [বেদ+গুপ্তি] ব্রাহ্মণাদি কর্তৃক বেদরক্ষা।

বেদজ্ঞ, পুং. [বেদ+জ্ঞা-অ] বেদজ্ঞাতা, যিনি বেদ জানেন।

বেদণ্ড, পুং. [বিদ্+অণ্ড] হস্তী, হাতী।

বেদত্রয়, ন. স্ত্রী. [বেদ+ত্রয়] প্রথমাবধিতৃতীয় বেদ।

বেদন, ন. [বিদ্+অন] অনুভব, সম্বেদ; জ্ঞান; দুঃখ; বিবাহ।

বেদনা, স্ত্রী. [বিদ্+অন-আ] অনুভব, সম্বেদ; জ্ঞান; দুঃখ; বিবাহ।

বেদনিন্দক, পুং. [বেদ+নিন্দক] নাস্তিক; বুদ্ধ; বেদ নিন্দাকারী

বেদনীয়, ত্রি. [বিদ্+অনীয়] জ্ঞেয়, অনুভব যোগ্য, বোধ্য।

বেদপারগ, পুং. [বেদ+পারগ] বেদবেত্তা, ব্রহ্মজ্ঞানী, বেদজ্ঞ, সমস্ত বেদে সুপণ্ডিত।

বেদবচন, ন. [বেদ+বচন] বেদবাক্য।

বেদবতী, স্ত্রী. [বেদ+বত্-ঈ] কুশধ্বজ রাজার কন্যা

বেদবদন, ন. [বেদ+বদন] ব্যাকরণ, বেদাঙ্গ বিশেষ।

[বিপ্র

বেদবাস, পুং. [বেদ+বাস] ব্রাহ্মণ, ভূদেব

বেদবিৎ, পুং. [বেদ+বিৎ] বিষ্ণু; (ত্রি.) বেদজ্ঞ।

বেদব্যাস, পুং. [বেদ+ব্যাস] মুনিবিশেষ তৎপর্য্যায়।—মাঠর, দ্বৈপায়ন, পারাশর্য্য, কানীন, বাদরায়ণ, ব্যাস, কৃষ্ণদ্বৈপায়ন, সত্যভারত, পারাশরি, সাত্যবত, বাদরায়ণি, সত্যবতীসুত, সত্যরত, পারাশর

বেদবিধি, পুং. [বেদ+বিধি] বেদের বিধান, বেদজ্ঞ। [জ্ঞাতা।

বেদবেত্তা, পুং. [বেদ+বেত্তৃ] বেদজ্ঞ, বেদ-

বেদমাতা, স্ত্রী. [বেদ+মাতৃ] গায়ত্রী; দুর্গা।

বেদমুখ্যা, স্ত্রী. [বেদ+মুখ্যা] পতঙ্গবিশেষ।

বেদসংহিতা, স্ত্রী. [বেদ+সংহিতা] বেদশাস্ত্র।

বেদসন্ন্যাস, পুং. [বেদ+সন্ন্যাস] বেদবিধি অগ্রাহ্যকরণ।

বেদসন্ন্যাসিক, পুং. [বেদ+সন্ন্যাসিক]যাহারা বেদবিধি অগ্রাহ্য করে। [বাগ্‌দেবী

বেদাগ্রণী, স্ত্রী. [বেদ+অগ্রণী] সরস্বতী,

বেদাঙ্গ, ন. [বেদ+অঙ্গ] শ্রুতির অবয়ব ষট্‌প্রকার শাস্ত্র, যথা।—শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, জ্যোতিষ, ছন্দঃ।

বেদাদি, ন. [বেদ+আদি] প্রণব, ওঙ্কার; বেদ প্রভৃতি।

বেদাদিবর্ণ, ন. [বেদাদি+বর্ণ] ওঙ্কারবর্ণ।

বেদাধিগম, পুং. [বেদাধি+গম] বেদাধ্যয়ন।

বেদাদিবীজ, ন. [বেদ+আদি-বীজ] প্রণব, ওঙ্কার।

বেদাধিপ, পুং. [বেদ+অধিপ] চতুর্ব্বেদাধিপতিগ্রহ; বেদের অধিপতি, বেদের অধিষ্ঠাতা; সাঙ্গ সমস্ত বেদবেত্তা।

বেদানা, (যাং) বীজশূন্য, দানারহিত; কিস্‌মিস্; নিঃসারবীজ দাড়িমী।

বেদান্ত, পুং. [বেদ+অন্ত] উপনিষৎ, বেদব্যাস প্রণীত দর্শন শাস্ত্রবিশেষ, উত্তরমীমাংসা।

বেদান্তবিৎ, ত্রি. [বেদান্ত+বিদ্] বেদান্তজ্ঞ, বেদান্তবোধক।

বেদান্তী, পুং. [বেদান্ত+ইন্] বেদান্ত শাস্ত্র বেত্তা, তৎপর্য্যায়।—ব্রহ্মবাদী।

বেদাভ্যাস, পুং. [বেদ+অভ্যাস] বেদানুশীলন, বেদশিক্ষা।

বেদার, পুং. [বেদৃ+অ] কৃকলাশ, কাঁকলাশ।

বেদি, ন. [বিদ্+ই] অঙ্গুষ্ঠা, অম্বাড়া; (স্ত্রী.) পরিষ্কৃতাভূমি, বেদী, মঞ্চ; অঙ্গুলিমুদ্রা; (পুং.) পণ্ডিত।

বেদিকা, স্ত্রী. [বিদ্+ইক-আ] মঙ্গল কর্ম্মজন্য নির্ম্মিতবেদি, তৎপর্য্যায়।—বিতর্দ্দি, বিতর্দ্দী, বেদি, বেদী।

বেদিজা, স্ত্রী. [বেদি+জন্-আ] দ্রৌপদী, কৃষ্ণা, পাণ্ডব পত্নী।

বেদিত, ত্রি. [বিদ্+ইত] জ্ঞাপিত, জানান।

বেদিতব্য, ত্রি. [বিদ্+ইতব্য] বেদ্য, জ্ঞাতব্য, জানিবার বিষয়।

বেদিতা, ত্রি. [বিদ্+ইতৃ] জ্ঞাতা, যে জানে, তৎপর্য্যায়।—বিদুর বিন্দু।

বেদী, পুং. [বিদ+ইন্] পণ্ডিত, বেদজ্ঞ; ব্রহ্ম; (ত্রি.) জ্ঞাতা; (স্ত্রী.) যজ্ঞার্থ পরিষ্কৃতা ভূমি, বেদি; সরস্বতী।

বেদীশ, পুং. [বেদী+ঈশ] ব্রহ্মা, প্রজাপতি।

বেদোক্ত, ত্রি. [বেদ+উক্ত] শ্রুতি কথিত, বেদবচন, বেদবাক্য।

বেদোদয়, পুং. [বেদ+উদয়] সূর্য্য, ভানু, দিবাকর।

বেদোদিত, ত্রি. [বেদ+উদিত] বেদোক্ত, বেদে কথিত।

বেদ্য, ত্রি. [বিদ্+য] বেদিতব্য, জ্ঞাতব্য, জ্ঞেয়, জানিবার যোগ্য।

বেদ্যা, (প্রা) মৃগয়ু, লুব্ধক, নিষাদ।

বেধ, পুং. [বিধ+অ] বেধন, বেঁধা, তৎপর্য্যায়।—ব্যধ; গভীরতা, গহ্বরা, চড়া; নক্ষত্রাদিঘটিত যোগবিশেষ

বেধক, ন. [বিধ+অক] ধান্যক, ধনিয়া; (পুং.) কর্পূর; অম্লবেতস; (ত্রি.) বেধকর্ত্তা। [ভেদন।

বেধন, ন. [বিধ+অন] ছিদ্রকরণ, বিন্ধন,

বেধনিকা, স্ত্রী. [বেধন+ইক-আ] মণি শঙ্খাদির বেধনোপকরণ, ভোমরী, তুরপুণ, তৎপর্য্যায়।—আস্ফোটনী, লাস্ফোটনী, স্ফোটনী, বৃষদংশিকা।

বেধনী, স্ত্রী. [বিধ+অন-ঈ] হস্তি কর্ণবেধন অস্ত্র; মেথিকী, মেথী।
বেধমুখ্য, পুং. [বেধ+মুখ্য] কর্পূর।
বেধমুখ্যক, পুং. [বেধ+মুখ্যক] হরিদ্রাবৃক্ষ, কাঁচাহলদি, তৎপর্য্যায় ।—কর্ব্বূরক, দ্রাবিড়ক, কাল্পক, কাল্যক।
বেধমুখ্যা, স্ত্রী. [বেধ+মুখ্য-আ] কস্তুরী, মৃগমদ। [মূল।
বেধস, ন. [বেধস্+অ] ব্রাহ্মতীর্থ, অঙ্গুষ্ঠ-
বেধাঃ, পুং. [বিধ+অস্] ব্রহ্মা, প্রজাপতি; বিষ্ণু; সূর্য্য; পণ্ডিত; শ্বেতার্কবৃক্ষ; অনন্ত পুত্র।
বেধিত, পুং. [বিধ+ত] বিদ্ধ, ছিদ্রিত, বেঁধা।
বেধিনী, স্ত্রী. [বিধ+ইন্-ঈ] রক্তপা, জোঁক; মেথিকা, মেথী।
বেধী, ত্রি. [বিধ+ইন্] বেধকর্ত্তা, ছিদ্রকারক; বেধবিশিষ্ট; (পুং.) অম্লবেতস।
বেধ্য, ন. [বিধ+য] লক্ষ্য; (ত্রি.) বেধনীয়, বিঁধিবার যোগ্য।
বেন, পুং. [বি+ন] প্রজাপতি, ব্রহ্মা।
বেন্না, স্ত্রী. [বিন+ন-আ] নদীবিশেষ; বীরণ, উশীর, ক্ষুদ্রছেনী।
বেপঃ, ন. [বেপ+অস্] অনবদ্য, অনিন্দনীয়; সুন্দর।
বেপথু, পুং. [বেপ+অথু] কম্প, কাঁপন; লড়ন। [লড়ন।
বেপন, ন. [বেপ+অন] কম্পন, কাঁপন;
বেপসন্দ, (বাং) পসন্দরহিত।
বেপার, (প্রা) ক্রয়বিক্রয়, বাণিজ্য; লভ্য।
বেপারী, (প্রা) ব্যবসায়ী, ক্রয়বিক্রয়কারী।
বেম, পুং. [বে+ম] বাপদণ্ড, তন্ত্রবায়ের বস্ত্রবপনীয়দণ্ড, দক্তী, লাঙ্গলদণ্ড।
বেমা, পুংন. [বে+মন্] বাপদণ্ড তন্ত্রবায়ের বস্ত্রবপনীয় দণ্ড; দক্তী।
বেমার, (বাং) পীড়া। [ডাক্ত।
বেমালুম, (বাং) অজানিত; অদৃষ্ট, অপ্র-
বেয়ালা, (প্রা) বাদ্যযন্ত্রবিশেষ, বেহালা।
বের, ন. [বে+র] শরীর; বার্ত্তাকু, বেগুণ; কুঙ্কুম।
বেরক, ন. [বের+ক] কর্পূর।
বেল, ন. [বে+ল] উপবন, আরাম, কৃত্রিমবন; শ্রীফল, বিল্বফল।
বেলকার, (প্রা) গণ্ডাদি ছেদনার্থ অস্ত্রবিশেষ, স্ফোটকাদি ছেদনের অস্ত্র।
বেলন, (প্রা) ডলন, পেষণ; পেষণদণ্ড।
বেলফুল, (প্রা) পুষ্পবিশেষ, মল্লিকা।
বেলা, স্ত্রী: [বেল+আ] কাল, তৎপর্য্যায় সময়, ক্ষণ, বার, অবসর, প্রস্তাব, প্রক্রম, অন্তর; মর্য্যাদা; সমুদ্রকূল; সমুদ্রজলবিকার; অক্লিষ্টমরণ; রাগ; ঈশ্বরের ভোজন; রোগ; বাক্য; বুধস্ত্রী, দন্তেমাংস।
বেলাকূল, ন. [বেলা+কূল] তামলিপ্তদেশ, তামলিপ্তী, তমালিকা, তামলুক।
বেলামূল, ন. [বেলা+মূল] নদীকূল সমুদ্রতীরস্থ দেশ।
বেলিভুক্‌প্রিয়, পুং. [বেলি+ভুক্+প্রিয়] সৌরভযুক্ত আম্র।
বেলে, (প্রা) সিকতাময়, বালিযুক্ত; মৎস্য-বিশেষ, বেলিয়ামাছ, ভোলামাছ।
বেল্ল, পুং. [বেল্ল+অ] বিড়ঙ্গনামে ঔষধবিশেষ; (পুং) গমন।
বেল্লজ, ন. [বেল্ল+জন-অ] মরিচ, কটুরস যুক্ত দ্রব্যবিশেষ।
বেল্লন, ন. [বেল্ল+অন্] ভূমিতে অশ্বেরলুণ্ঠন, তৎপর্য্যায় ।—লুণ্ঠন; রোটিকাদি নির্ম্মাণার্থ স্থূলবর্ত্তুল কাষ্ঠবিশেষ, বেলন্।
বেল্লনী, স্ত্রী. [বেল্ল+অন-ঈ] মালাদূর্ব্বা।
বেল্লন্তর, পুং. [বেল্ল+ অন্তর] বীরতরু।
বেল্লহল, পুং. [বেল্ল+হল] কেলিনাগর, লম্পট, লোচ্চা।
বেল্লি, স্ত্রী. [বেল্ল+ই] লতা, বল্লী।
বেল্লিকাখ্যা, স্ত্রী. [বেল্লিক+আখ্যা] বৃক্ষবিশেষ, বেলশুঠা, তৎপর্য্যায় —মরুস্মালা, বিল্লপত্রী, জ্বরাপহা
বেল্লিত, ন. [বেল্ল+ইত] গমন, চলন; (ত্রি) কুটিল; কম্পিত।
বেলা, (প্রা) বালিযুক্ত, সৈকতাময়, মৎস্যবিশেষ, বেলিয়ামাছ, ভোলামাছ।
বেশ, পুং. [বিশ+অ] অলঙ্কার রচনাদি

কৃত শোভা, তৎপর্য্যায় ।—আকল্প, নেপথ্য, প্রতিকর্ম্ম, প্রসাধন, বেষ; বেশ্যাগৃহ; গৃহমাত্র; প্রবেশ।

বেশক, পুং. [বিশ+অক] গৃহ; (ত্রি.) বেশকারক।

বেশকারী, পুং. [বেশ+কারিন্] বেশকারক, যে ব্যক্তি বেশ রচনা করিয়া দেয়, বেশ রচক।

বেশদান, পুং. [বেশ+দান] সূর্য্যকমল।

বেশধারী, পুং. [বেশ+ধারিন্] ছলতপস্বী, ভণ্ডতাপস, তপস্বির বেশধারী; বহুরূপী; (ত্রি.) বেশকারক।

বেশন, ন, [বিশ+অন] গৃহ, ঘর; মুদ্গাদি চূর্ণ। [অগ্নি।

বেশন্ত, পুং. [বেশ+অন্ত] ক্ষুদ্রসরোবর;

বেশভূষা, (প্রা) সজ্জা, অলঙ্কারাদি ধারণ।

বেশভৃৎ, ত্রি. [বেশ+ভৃৎ] বেশভূষাকরণ, ছদ্মবেশী।

বেশর, পুং. [বিশ+র] অশ্বতর, গর্দ্দভীর গর্ব্বে অশ্বের ঔরসেজ্জাত ঘোটক, খচ্চর; নাসিকা ভূষণবিশেষ, নোলক।

বেশবার, পুং. [বেশ+বার] হিঙ্গুআর্দ্র মরীচ, জীরক, হরিদ্রা, ধন্যাক এইসমস্ত দ্রব্যের ক্রমেতে দ্বিগুণ পরিমাণে একত্রীকৃত পাক।

বেশী, ত্রি. [বেশ+ইন্] বেশকারক, পরিচ্ছদযুক্ত; (প্রা) অধিক, অতিরিক্ত।

বেশীজাতা, স্ত্রী. [বেশী+জাত-আ] লতাবিশেষ, পুত্রদাত্রীলতা। [তন।

বেশ্ম, ন. [বিশ্+মন্] গৃহ, ভবন, নিকে-

বেশ্মকলিঙ্গ, পুং. [বেশ্মক+লিঙ্গ] চটক, চড়ইপাখী।

বেশ্মকুল, পুং. [বেশ্মন্+কুল] চচেণ্ডা।

বেশ্মনকুল, পুং. [বেশ্মন্+নকুল] গন্ধমূষিক, ছুছুন্দরী, ছুঁচা।

বেশাভূ, স্ত্রী. [বেশ্মন্+ভূ] গৃহকরণোপযুক্ত ভূমি, বাস্তুভূমি। [কাগার।

বেশ্য, ন. [বিশ+য] বেশ্যালয়, গণি-

বেশ্যা, স্ত্রী. [বিশ+য-আ] টুণ্ডুকাবৃক্ষ, আকুনাদিলতা; স্বনামখ্যাত নারী, খানকী, তৎপর্য্যায়।—বারস্ত্রী, গণিকা, রূপা, জীবা, বেশ্যা, ক্ষুদ্রা, শালভঞ্জিকা, ঝর্ঝরা, শূলা, বারবিলাসিনী, বারবাণি, ভণ্ডহাসিনী, লঞ্জিকা, বন্ধুরা, কুম্ভা, কামরেখা, বর্ব্বটী, সাধারণস্ত্রী, পণ্যাঙ্গনা, পণাঙ্গনা, ভুজিষ্যা, বারবধূ, ভোগ্যা, স্মরবীথিকা। [বেশ্যাবার।

বেশ্যাগণ, পুং. [বেশ্যা+গণ] বেশ্যাসমূহ

বেশ্যাগার, পুং. [বেশ্যা+আগার] বেশ্যাগৃহ, গণিকালয়, খানকীর বাড়ী।

বেশ্যাচার্য্য, পুং. [বেশ্যা+আচার্য্য] পীঠমর্দ্দবৃক্ষ, পীঠ ওকড়ারগাছ।

বেশ্যাজনসমাশ্রয়, পুং. [বেশ্যা+জন+সম +আশ্রয়] বেশ্যালয়, গণিকাগৃহ, তৎপর্য্যায়।—বেশ, বেশ্যাশ্রয়, পুর, বেশ্য।

বেশ্যাপুত্র, পুং. [বেশ্যা+পুত্র] বশিষ্ঠ; বেশ্যাসন্তান, গণিকাপুত্র, খানকীর ছেলে।

বেশ্যালয়, পুং. [বেশ্যা+আলয়] বেশ্যাগার, গণিকালয়। [বেশ্যাসমূহ।

বেশ্যাবার, পুং. [বেশ্যা+বার] বেশ্যাগণ,

বেশ্যাশ্রয়, পুং. [বেশ্যা+শ্রয়] বেশ্যালয়।

বেশ্বর, পুং. [বিশ্+বর] অশ্বতর, খর, খচ্চর, গর্দ্দভীর গর্ব্বে অশ্বের ঔরসে উৎপন্ন। [বেশ্যালয়।

বেষ, পুং. [বিষ+অ] নেপথ্য, সজ্জা;

বেষণ, পুং. [বিষ+অন] কাসমর্দ্দবৃক্ষ, কালকাসুন্দের গাছ; প্রবেশন।

বেষণা, স্ত্রী. [বিষ+অন-আ] বিতুন্নকবৃক্ষ, ধন্যা।

বেষবার, পুং. [বেষ+বার] হিঙ্গু আর্দ্র মরীচ জীবক হরিদ্রা ধন্যা, ঐ সকল দ্রব্যের ক্রমেতে দ্বিগুণ পরিমাণে একত্রীকৃত পাক।

বেষ্ট, পুং. [বেষ্ট+অ] বেষ্টন, বেড়া; শ্রীবেষ্ট; নির্ঘাস, আটা।

বেষ্টক, ন. [বেষ্ট+ক] উষ্ণীশ, পাগ; নির্যাস, আটা; শ্রীবেষ্ট; (পুং) প্রাচীর, বৃতি; কুষ্মাণ্ড; শ্রীবেষ্ট; (ত্রি.) বেষ্টনকারক।

বেষ্টন, ন. [বেষ্ট+অন] কর্ণশস্কুলী, কর্ণছিদ্র; উষ্ণীষ, পাগ; মুকুট; বৃতি, বেড়া; গুগ্‌গুলু।

বেষ্টনক, পুং. [বেষ্টন+ক] রতিবন্ধ বিশেষ।

বেষ্টনবেষ্টক, পুং. [বেষ্টন+বেষ্টক] রতিবন্ধ বিশেষ।

বেষ্টবংশ, পুং. [বেষ্ট+বংশ] কণ্টকিন, বেড়ুবাঁশ।

বেষ্টসার, পুং. [বেষ্ট+সার] শ্রীবেষ্ট।

বেষ্টিত, ন. [বেষ্ট+ইত] রুদ্ধ, আবৃত; শালক; করণান্তর; (ত্রি.) নদী প্রাচীরাদি দ্বারা বেষ্টন কৃত, বেড়া, তৎপর্য্যায়।—বলয়িত, সংবীত, রুদ্ধ, আবৃত।

বেষ্ট্য, ত্রি. [বেষ্ট+য] বেষ্টনীয়, বৃতিযোগ্য ঘেরিবার উপযুক্ত।

বেষ্প, পুং. [বিঃ+পা-অ] পাণীয়, জল, সলিল।

বেষ্য, পুং. [বিষ+য] পাণীয়, জল, সলিল।

বেসন, ন. [বিস+অন] দ্বিদলচূর্ণ, ব্যাসন।

বেসবার, পুং. [বেস+বার] ধন্যা সর্ষপাদি পিষ্ট, বেসার, বাটনা, তৎপর্য্যায়।—উপস্কর, বেশবার, বেষবার; ব্যঞ্জন

বেসর, পুং. [বি+সর] অশ্বতর, খচ্চর, গর্দ্দভীর গর্ব্ভে অশ্বের ঔরসে জাত ঘোটক।

বেসেড়া, (প্রা) পর্য্যুষিত, বাসি।

বেহৎ, স্ত্রী. [বি+হন্‌-ৎ] গর্ব্ভোপঘাতিনী গো।

বেহাই, (প্রা) বৈবাহিক, কন্যা বা পুত্রের শ্বশুর।

বেহান্‌, (প্রা) কন্যা বা পুত্রের শাশুড়ী।

বেহায়া, (বাং) নির্লজ্জ, লজ্জাহীন; ঘৃণারহিত।

বেহায়ী, (প্রা) বৈবাহিক, পুত্র বা কন্যার শ্বশুর।

বেহার, পুং. [বি+হৃ-অ] স্বনামখ্যাত দেশ, মগধ দেশ।

বেহালা, (হি.) বাদ্যযন্ত্রবিশেষ।

বেহোশ, (বাং) অজ্ঞান; উন্মত্ত।

বৈ, ব্য. [বে] পাদপূরণ; সম্বোধন; অনুনয়; বহি, পুস্তক।

বৈংশতিক, ত্রি. [বিংশতিক+অ] বিংশতি দ্বারা ক্রীত।

বৈকঙ্কত, পুং. [বিকঙ্কত+অ] বৃক্ষবিশেষ বৈঁচ, তৎপর্য্যায়।—বৃতিঙ্কর, শ্রুবাবৃক্ষ, গ্রন্থিল, স্বাদুকণ্টক, ব্যাঘ্রপাৎ, কণ্টিকারী, বিকঙ্কত।

বৈকতিক, পুং. [বিকত+অ] মণিকার, রত্নবণিক, জহরী।

বৈকর্ম্ম, পুং. [বি+কর্ম্ম-অ] বাৎস্যমুনি।

বৈকল্পিক, ত্রি. [বি+কল্প-ইক] বিকল্পে সম্পন্ন, অনিয়ত কারী।

বৈকল্য, ন, [বি+কল-য] বিকলত্ব, ব্যাকুলতা; বিকৃতভাব।

বৈকক্ষ, ন. [বি+কক্ষ-অ] বক্রভাবে বক্ষঃস্থলে লম্বিত মালা, বুকপর্য্যন্ত ঝুলান মালা।

বৈকক্ষক, ন. [বি+কক্ষ-ক] বক্ষঃস্থলে বক্রভাবে উপবীতের ন্যায় কণ্ঠ হইতে ক্ষিপ্ত মালা।

বৈকাল, পুং. [বিকাল+অ] অপরাহ্ণ, বিকাল।

বৈকালীয়, ত্রি. [বিকাল+ঈয়] অপরাহ্ণসময়ে কর্ত্তব্য কর্ম্ম; বৈকালের আহারীয় দ্রব্য।

বৈকুণ্ঠ, পুং. [বিকুণ্ঠা+অ] শ্রীকৃষ্ণ; ইন্দ্র; সিতার্জ্জক, নারায়ণের বাসস্থান বিশেষ।

বৈকৃত, ন. [বিকৃত+অ] বীভৎসরস; (ত্রি) বীভৎসরসালম্বন মাংস শোণিতাদি; বিকার হেতু উৎপন্ন; মন্দ, নষ্ট।

বৈকৃত্য, ন. [বি+কৃত-য] বীভৎসরস; (ত্রি) বীভৎসরসালম্বন।

বৈক্রান্ত, ন. [বি+ক্রান্ত-অ] মণিবিশেষ, তৎপর্য্যায়।—বিক্রান্ত, নীচবজ্র, কুবজ্রক, গোনাস, ক্ষুদ্রকুলিশ, জীর্ণবজ্র, গোনস।

বৈক্লব্য, ন. [বিক্লব+য] বিক্লবতা; ক্ষোভ; বিকলত্ব।

বৈখরী, স্ত্রী. [বি+খর+অ-ঈ] বুদ্ধিদ্বারা উত্থিত কণ্ঠগত নাদরূপ বর্ণ; ভাষা-বিশেষ, বাঙ্ময়।

বৈখানস, পুং. [বি+খন-অস্] বানপ্রস্থ, অগ্রহ, আশ্রমবিশেষ; ব্রহ্মপুত্র।

বৈগুণ্য, ন. [বিগুণ+য] বিগুণত্ব, অপকৃষ্টতা; দোষ, প্রাতিকূল্য, অপ্রশস্ততা।

বৈচক্ষণ্য, ন. [বিচক্ষণ+য] বিচক্ষণত্ব, নৈপুণ্য, পটুতা।

বৈচিত্তা, ন. [বিচিত্তি+অ] মনেরবিশৃঙ্খলতা।

বৈচিত্র্য, ন. [বিচিত্র+য] বিচিত্রতা,আশ্চর্য্য, চমৎকার।

বৈজনন, ন. [বি+জনন-অ] প্রসবমাস, সূতিমাস।

বৈজয়ন্ত, পুং. [বি+জি+অ] ইন্দ্রপ্রাসাদ, ইন্দ্রপুরী; ইন্দ্রধ্বজ; গুহ, কার্ত্তিকেয়।

বৈজয়ন্তিক, ত্রি. [বৈজয়ন্ত+ইক] পতাকা-ধারী, ধ্বজাধারী।

বৈজয়ন্তিকা, স্ত্রী. [বৈজয়ন্তিক + আ] জয়ন্তীবৃক্ষ; পতাকা, ধ্বজা; অগ্নিমন্থ বৃক্ষ।

বৈজয়ন্তী, স্ত্রী. [বৈজয়ন্ত + ঈ] পতাকা, ধ্বজা; জয়ন্তীবৃক্ষ; অগ্নিমন্থবৃক্ষ; পঞ্চ-বর্ণময়ী জানুপর্য্যন্ত লম্বিত মালা।

বৈজয়ি, পুং. [বিজয়া + ই] মঘবা, জিন-চক্রবর্ত্তিবিশেষ।

বৈজয়িক, ত্রি. [বিজয়+ইক] বিজয় সম্বন্ধীয়।

বৈজাত্য, ন. [বিজাত+য] জাতিচ্যুত, জাতিভ্রংশ।

বৈজিক, পুং. [বীজ+ইক] সদ্যোজাত অঙ্কুর; (ন.) শিগ্রুতৈল; হেতু; আত্মা; (ত্রি.) বীজসম্বন্ধীয়।

বৈজ্ঞানিক, ত্রি. [বিজ্ঞান+ইক] নিপুণ, দক্ষ, পটু।

বৈটা, (প্রা) নৌকাদণ্ড, বটিয়া।

বৈঠক, (প্রা) সভা, সমাজ; বসা, অধি-বেশন।

বৈড়ালব্রত, ন. [বিড়াল+ব্রত-অ] ছুষ্টা-চারবিশেষ, কপটাচার, ভণ্ডতপস্যা।

বৈড়ালব্রতি, পুং. [বিড়াল+ব্রত-ই] স্ত্রী আদি অভাব হেতুক কৃতব্রহ্মচর্য্য, কপ-টব্রতী।

বৈড়ালব্রতিক, পুং. [বিড়াল+ব্রত-ইক] ছদ্মতপস্বী, তৎপর্য্যায়।—ছদ্মতাপস, সর্ব্বাভিসন্ধী।

বৈড়ালব্রতী, পুং. [বিড়াল+ব্রতিন্] ভণ্ড-তাপস, বিড়াল তপস্বী।

বৈণ, পুং. [বেণু+অ] বেণুজিবী; পৃথুরাজা।

বৈণব, ন. [বেণু+অ] বেণুফল; (ত্রি.) বেণুসম্বন্ধীয়; (পুং.) উপনয়ন কালীন বেণুদণ্ড, তৎপর্য্যায়।—রাস্ত।

বৈণবিক, ত্রি. [বেণু+ইক] বেণুবাদক, তৎপর্য্যায়।—বেণুধ্মা, বৈণুক।

বৈণবী, স্ত্রী. [বেণু+অ-ঈ] বংশলোচনা, বংশরোচনা।

বৈণিক, ত্রি. [বেণু+ইক] বীণাবাদক, বীণাবাদ্যকারী।

বৈণুক, ন. [বেণু+ক] হস্তিপ্রহারদণ্ড, হস্তি চালনার্থ লৌহমুখবংশদণ্ড, তৎপ-র্য্যায়।—তোত্র, বেণুক, (পুং) বেণুবাদ্য কারক।

বৈণুকীয়, ত্রি. [বেণুক+ঈয়] বেণুসম্বন্ধীয়।

বৈণ্য, পুং.] বেণু+য] পৃথুরাজা, মনু-বংশীয় পঞ্চম রাজা।

বৈতংসিক, [বিতংস+ইক] মাংসবিক্রেতা, তৎপর্য্যায়।—কৌটিক, মাংসিক, কৌট-কিক।

বৈতথ্য, ন. [বিতথ+য] অলীকতা, অস-ত্যতা।

বৈতনিক, ত্রি. [বেতন+ইক] বেতনভুক্ ভৃত্য, তৎপর্য্যায়।—ভৃতক, ভৃতিভুক্, কর্ম্মকার।

বৈতরণি, স্ত্রী. [বি+তরণ+ই] নরকসিন্ধু, নরকস্থানদী; পিতৃকন্যা।

বৈতরণী, স্ত্রী. [বি+তরণ+ঈ] নরকসিন্ধু, নরকস্থানদী; পিতৃকন্যা।

বৈতস, পুং. [বেতস+অ] অম্লবেতসবৃক্ষ।

বৈতানিক, পুং. [বিতান+ইক] শ্রৌত-হোম, বেদবিহিত হোম; (ত্রি) বিতান-সম্বন্ধীয়।

বৈতালিক, পুং. [বি+তাল-ইক] বোধ-কর, স্তুতিপাঠক; থেউড়িতাল; (ত্রি) বেতাল সম্বন্ধীয়। [গুণ, জাদু।

বৈতালিকী, স্ত্রী. [বৈতালক+ঈ] ভোজবিদ্যা

বৈতৃষ্ণ্য, ন. [বি+তৃষ্ণা-য] বিতৃষ্ণতা, অনিচ্ছা, অরুচি।

বৈত্রক, ত্রি. [বেত্র+ক] বেত্রসম্বন্ধীয়।

বৈত্রকীয়, ত্রি. [বেত্রক+ঈয়] বেত্রসম্বন্ধীয়।

বৈদ, ত্রি. [বিদ+অ] পণ্ডিতসম্বন্ধীয়।

বৈদগ্ধ, ন. [বিদগ্ধ+অ] বিদগ্ধত্ব; পাণ্ডিত্য; চাতুর্য্য।

বৈদগ্ধী, স্ত্রী. [বিদগ্ধ+অ-ঈ] ভঙ্গি; চাতুর্য্য; রসিকতা; নৈপুণ্য, পটুতা।

বৈদগ্ধ্য, ন. [বিদগ্ধ+য] বিদগ্ধত্ব। পা-ণ্ডিত্য; রসিকতা।

বৈদর্ভ, ন. [বিদর্ভ+অ] বাক্যেরবক্রত্ব, ব্যঙ্গবাক্য; বাক্য বক্রিমা; (ত্রি) বিদর্ভসম্ব-ন্ধীয়; (পুং.) বিদর্ভ দেশীয়রাজা, দম-য়ন্তীরপিতা, ভীমসেন; রুক্মিণীর পিতা, ভীষ্মক।

বৈদর্ভী, স্ত্রী. [বিদর্ভ+অ-ঈ] কাব্যরীতি-বিশেষ; অগস্ত্যপত্নী; দময়ন্তী; রুক্মিণী।

বৈদল, ন. [বিদল+অ] ভিক্ষুকের মৃণ্ময়-পাত্র; (পুং) পিষ্টক, পিট্যা; বেশন।

বৈদান্তিক, পুং. [বেদান্ত+ইক বেদান্তশাস্ত্র ব্যবসায়ী, বেদান্ত দর্শনবেত্তা।

বৈদিক, পুং. [বেদ+ইক] বেদজ্ঞব্রাহ্মণ; (ত্রি) বেদোক্ত।

বৈদিশ্য, ত্রি. [বিদিশ+য] বিদিশা নগরের নিকটস্থ নগর। [বিদ্যা।

বৈদুষ্য, ন. [বিদুষ্+য] পাণ্ডিত্য, বিজ্ঞতা,

বৈদূর্য্য, ন. [বি+দূর-য] কৃষ্ণপীতবর্ণ মণিবিশেষ, নীলোৎপল, পান্না, তৎপ-র্য্যায়।—বালবায়জ, বালরাজ, কেতুরত্ন, কৈতব, প্রাবৃষ্য, অভ্ররোহ, খরাব্দাঙ্কুরক, বিদূররত্ন, বিদূরজ।

বৈদেশিক, পুং. [বিদেশ+ইক] বিদেশী; বিদেশসম্বন্ধীয়।

বৈদেশী, ত্রি. [বিদেশ+ইন্] বৈদেশিক, বিদেশী, প্রবাসী।

বৈদেহ, পুং, [বিদেহ+অ] বণিক্, নিমি-রাজার পুত্র।

বৈদেহক, পুং. [বিদেহ+ক] বণিক্, বর্ণ-সঙ্কর জাতিবিশেষ, শূদ্রেরওরসে বৈশ্যা-গর্ব্ভে উৎপন্ন জাতি। [বেণিয়া।

বৈদেহিক, পুং. [বিদেহ+ইক] বণিক্,

বৈদেহী, স্ত্রী. [বিদেহ+অ-ঈ] রোচনা, হরিদ্রা; সীতা; বণিক্স্ত্রী; পিপ্পলী।

বৈদ্য, পুং. [বেদ+য] পণ্ডিত; বাসকবৃক্ষ, বাসকগাছ; আয়ুর্ব্বেদবেত্তা, অম্বষ্ঠজাতি, তৎপর্য্যায়।—রোগহারী, অগদঙ্কার, ভিষক্, চিকিৎসক, স্রষ্টা, বিধি, বিদ্বান্, আয়ুর্ব্বেদী, তর্চ্চতুর্ব্বিধা যথা।—রোগ-হর, বিষহর, শল্যহর, কৃত্যাহর; (ত্রি) বেদসম্বন্ধীয়।

বৈদ্যক, ন. [বৈদ্য+ক] আয়ুর্ব্বেদ, চিকিৎসা-শাস্ত্র, তৎশাস্ত্রকৃন্নামানি যথা।—ধন্ব-ন্তরি, দিবোদাস, কাশীরাজ, অশ্বিনী-কুমার, নকুল, সহদেব, অর্কি, চ্যবন, জনক, বুধ, জাবাল, জাজলি, পৈল, করথ, অগস্ত্য।

বৈদ্যকশাস্ত্র, ন. [বৈদ্যক+শাস্ত্র] চিকিৎসা শাস্ত্র, আয়ুর্ব্বেদাদি।

বৈদ্যনাথ, পুং. [বৈদ্য+নাথ] দেশবিশেষ; ভৈরববিশেষ।

বৈদ্যবন্ধু, পুং. [বৈদ্য+বন্ধু] আরগ্বধবৃক্ষ সোঁদালিয়াগাছ; বৈদ্যেরমিত্র।

বৈদ্যমাতা, স্ত্রী. [বৈদ্য+মাতৃ] বাসকবৃক্ষ, ভিষক্জননী।

বৈদ্যসিংহী, স্ত্রী. [বৈদ্য+সিংহ-ঈ] বাসক-বৃক্ষ, বাসকগাছ।

বৈদ্যা, স্ত্রী. [বৈদ্য+আ] কাকোলী, অষ্ট বর্গে প্রসিদ্ধ ঔষধবিশেষ।

বৈধ, ত্রি. [বিধি+অ] বিধিবোধিত, বিধি প্রতিপাদিত, বিহিত, যুক্তিসিদ্ধ, শা-স্ত্রীয়।

বৈধব্য, ন. [বিধবা+য] বিধবাত্ব, বিধবা ধর্ম্ম, পতিহীনতা; রণ্ডাবস্থা।

বৈধর্ম্ম, ন. [বিধর্ম্ম+য] বিধর্ম্মত্ব, নাস্তিকতা।

বৈধাত্র, পুং. [বিধাতৃ+অ] সনৎকুমার, বিধাতৃপুত্র।

বৈধাত্রী, স্ত্রী. [বিধাতৃ+অ-ঈ] ব্রাহ্মী, বিধাতার স্ত্রী।

বৈধিক, ত্রি. [বিধি+ক] বিধিসম্বন্ধীয়।

বৈধূমাগ্নী, স্ত্রী. [বিধূম+অগ্নি-ঈ] শাল্বদেশীয় নগরী

বৈধৃতি, স্ত্রী. [বি+ধৃত+ই] বিষ্কুম্ভাদি সপ্ত বিংশতি যোগান্তর্গত শেষযোগ।

বৈধেয়, ত্রি. [বিধেয়+অ] মূর্খ, অজ্ঞ; বিধিসম্বন্ধী; বিধেয়সম্বন্ধী।

বৈধ্যত, পুং. [বিধি+অত] যম প্রতিহার।

বৈনতেয়, পুং. [বিনতা+এয়] গরুড়; অরুণ।

বৈনয়িক, পুং. [বিনয়+ইক] শস্ত্রাভ্যাস রথ, তৎপর্য্যায়।—যোগারথ; (ত্রি) বিনয় সম্বন্ধীয়।

বৈনায়িক, পুং. [বিনায়ক+ইক] বৌদ্ধ।

বৈনাশিক, ন. [বিনাশ+ইক] নাড়ীনক্ষত্রবিশেষ, জন্ম নক্ষত্রাবধি ত্রয়োবিংশ নক্ষত্র; নিধনতারা; (পুং) গণক; ক্ষণকাল স্থায়ী; পরতন্ত্র, পরাধীন; ঊর্ণনাভ, মাকড়সা; (ত্রি) বিনাশসম্বন্ধীয়।

বৈনীতক, পুং.ন. [বিনীত+ক] পরম্পরা আবাহন, (ত্রি) বিনীতসম্বন্ধীয়।

বৈন্য, পুং. [বেন+য] বেনপুত্র, পৃথুরাজা।

বৈপরীত্য, ন. [বিপরীত+য] বিপরীতত্ব-উল্টা, তৎপর্য্যায়।—ব্যত্যাস, বিপর্য্যাস, বিপর্য্যয়, ব্যত্যয়।

বৈপরীত্যলজ্জালু, স্ত্রী.পুং. [বৈপরীত্য+লজ্জালু] স্বল্পক্ষুপ বৃহৎকলা লজ্জালু।

বৈপিত্র, পুং. [বিপিতৃ+অ] এক মাতার গর্ব্ভে ভিন্ন ভিন্ন পিতার ঔরসে উৎপন্ন পুত্র।

বৈপুল্য, ন. [বিপুল+য] বিপুলতা, আতিশয্য, গুরুতা

বৈবধিক, ত্রি. [বিবিধ+ইক] বিবিধ ধান্য তণ্ডুলাদি দ্বারা ব্যবহার কর্ত্তা, পসারী, তৎপর্য্যায়।—বার্ত্তাবহ, বার্ত্তোবহ।

বৈবর্ণ্য, ন. [বিবর্ণ+য] বিবর্ণতা, মলিনতা।

বৈবস্বত, পুং. [বিবস্বত+অ] যম; রুদ্রবিশেষ, শনি; সপ্তমমনু। [দিক্।

বৈবস্বতী, স্ত্রী. [বিবস্বত+অ-ঈ] দক্ষিণ-

বৈবাহিক, পুং. [বিবাহ+ইক] কন্যা বা পুত্রের শ্বশুর, বেহাই, সমন্ধী; (ত্রি) বিবাহসম্বন্ধীয়; বিবাহোপযুক্ত; বিবাহ নির্ব্বাহোপযোগী।

বৈভব, পুং. [বিভব+অ] ঐশ্বর্য্য, মহিমা, গৌরব

বৈভাজিত্র, ন. [বিভাজয়িতৃ+অ] বিভাজয়িতুর ধর্ম্ম।

বৈভ্রাজ, ন. [বিভ্রাজ+অ] দেবোদ্যান, দেবতাদিগের উপবন।

বৈমনস্য, ন. [বিমনস+অ] অন্যমনস্কতা, বিমর্ষভাব, উদ্বেগ, ভাবনা।

বৈমাত্র, পুং. [বিমাতৃ+অ] বৈমাত্রেয়, বিমাতারপুত্র।

বৈমাত্রা, স্ত্রী. [বিমাতৃ+অ-আ] বিমাতৃ কন্যা, বৈমাত্রেয় ভগিনী।

বৈমাত্রেয়, পুং. [বিমাতৃ+এয়] বিমাতৃ পুত্র, ভিন্নোদর, তৎপর্য্যায়।—বিমাতৃজ, বৈমাত্র।

বৈমাত্রেয়ী, স্ত্রী. [বিমাতৃ+এয়-ঈ] বিমাতৃ কন্যা বৈমাত্রেয় ভগিনী।

বৈমুক্ত, ত্রি. [বিমুক্ত+অ] বিমুক্তিবিশিষ্ট; (ন.) বিমুক্তিশূন্য। [সন্নতা।

বৈমুখ্য ন. [বিমুখ+য] বিমুখতা, অপ্র-

বৈমেয়, পুদ. [বি+মেয়+অ] বিনিময়, পরিবর্ত্ত, বদল।

বৈযর্থ, ন. [ব্যর্থ+অ] নিরর্থকতা; বৃথাত্ব।

বৈযর্থ্য, ন. [ব্যর্থ+য] বৃথাত্ব; নিরর্থকতা।

বৈয়াকরণ, পুং. [ব্যাকরণ+অ] ব্যাকরণ বেত্তা; ব্যাকরণাধ্যয়নকর্ত্তা; (ত্রি.) ব্যাকরণসম্বন্ধীয়।

বৈয়াকরণভার্য্য, পুং. [বৈয়াকরণ+ভার্য্যা] যাহার বৈয়াকরণী ভার্য্যা।

বৈয়াকরণী, স্ত্রী. [ব্যাকরণ+অ-ঈ] যে স্ত্রী ব্যাকরণ বিদ্যায় পণ্ডিতা।

বৈয়াঘ্র, ত্রি. [ব্যাঘ্র+অ] ব্যাঘ্রচর্ম্মাচ্ছাদিত রথাদি, তৎপর্য্যায়।—দ্বৈপ।

বৈয়াঘ্রপদ্য, পুং. [ব্যাঘ্র+পদ-য] গোত্রকারক মুনিবিশেষ।

বৈয়াসকি, পুং. [ব্যাস+ক-ই] শুকদেব, বেদব্যাসের পুত্র।

বৈয়াসিকী, স্ত্রী. [ব্যাস+ইক-ঈ] বেদব্যাস কৃত সংহিতা।

বৈযুষ্ট, ত্রি. [ব্যুষ্ট+অ] প্রাতর্ভব।

বৈর, ন. [বীর+অ] বিরোধ, শত্রুতা।

বৈরকর, ত্রি. [বৈর+কর] শত্রুকর; হানিকর।

বৈরকার, পুং. [বৈর+কার] শত্রু, অরাতি।

বৈরক্ত, ন. [বিরক্ত+অ] বিরক্ততা, বিরাগ, বিতৃষ্ণি, ঘৃণা।

বৈরক্তি, স্ত্রী. [বিরত+ই] বিরক্ততা, বিরাগ, বিতৃষ্ণি, ঘৃণা।

বৈরঙ্গ, (প্রা) বহিরঙ্গ, অসম্বন্ধীয়, অনাত্মীয়, শত্রু।

বৈরক্ত্য, ন. [বিরক্তি+য] বিরক্ততা; [বিরাগ।

বৈরঙ্গিক, ত্রি. [বি+রঙ্গ+ইক] বিরাগার্হ, বহিরঙ্গ সম্বন্ধীয়।

বৈরনির্য্যাতন, ন. [বৈর+নির্য্যাতন] কৃতাপকারের প্রত্যপকার করণ, তৎপর্য্যায়।—বৈরশুদ্ধি, প্রতীকার।

বৈরপ্রতিক্রিয়া, স্ত্রী. [বৈর+প্রতি+ক্রিয়া] বৈরনির্যাতন, কৃতাপকারের প্রত্যপকার।

বৈরভাব, পুং. [বৈর+ভাব] শত্রুভাব, বিপক্ষভাব।

বৈরশুদ্ধি, স্ত্রী. [বৈর+শুদ্ধি] বৈরনির্যাতন, প্রতীকার, শত্রুর প্রতিক্রিয়া।

বৈরস্য, ন. [বিরস+য] বিরসতা, রসহীনতা, বিস্বাদ।

বৈরাগ, ন. [বিরাগ+অ] পৃথিবীর সুখাদি হইতে বহির্মুখ।

বৈরাগিক, ত্রি. [বিরাগ+ইক] বিরাগার্হ; বিরাগযোগ্য।

বৈরাগী, ত্রি. [বিরাগ+ইন্] বিষয়েচ্ছারহিত, বৈরাগ্যযুক্ত: বিবেকী; উদাসীন

বৈরাগ্য, ন. [বিরাগ+য] বিষয়ে তুচ্ছবুদ্ধি, ঔদাস্য, বিবেক।

বৈরাট, পুং: [বিরাট+অ] ইন্দ্রগোপকীট, সিঁদুরেপোকা; (ত্রি) বিরাট সম্বন্ধীয়।

বৈরাট্যা, স্ত্রী. [বিরাট+য-আ] জিনষোড়শ বিদ্যা দেবীর অন্তর্গত দেবীবিশেষ।

বৈরাতঙ্ক, পুং. [বিরাতঙ্ক+অ] অর্জ্জুনবৃক্ষ।

বৈরানুবন্ধী, পুং. [বৈর+অনুবন্ধিন্] বিষ্ণু, কিরণ

বৈরায়মাণ, ত্রি. [বৈরায়+মৎ] বিরোধী, বিপক্ষ। [বিগ্রহ।

বৈরারোহ, পুং. [বৈর+আরোহ] যুদ্ধ,

বৈরিতা, স্ত্রী. [বৈরি+ত-আ] শত্রুতা, বিপক্ষতা; অরিভাব।

বৈরিত্ব, ন. [বৈরি+ত্ব] শত্রুতা, বিপক্ষতা, অরিভাব।

বৈরী, পুং. [বৈর+ইন্] শত্রু, রিপু, বিপক্ষ, (ত্রি.) বীর সম্বন্ধীয়।

বৈরূপ্য, ন. [বিরূপ+য] বিরূপতা,বিপক্ষতা, কদর্য্যভাব।

বৈরোচন, পুং. [বিরোচন+অ] বুদ্ধ; বলিরাজা; অগ্নিপুত্র; সূর্য্যপুত্র; সিদ্ধগণ।

বৈরোচননিকেতন, ন. [বৈরোচন+নিকেতন] পাতাল, রসাতল।

বৈরোচনি, পুং. [বিরোচন+ই] বুদ্ধ; বলিরাজা; সূর্য্যপুত্র; সিদ্ধগণ।

বৈরোচি, পুং. [বিরোচ+ই] বাণদৈত্য, বলিনন্দন।

বৈরোদ্ধার, পুং. [বৈর+উদ্ধার] কৃতাপকারের প্রত্যপকার, তৎপর্য্যায়।—প্রতিকার, প্রতীকার, বৈরনির্যাতন, বৈরশুদ্ধি।

বৈলক্ষণ্য, ন. [বি+লক্ষণ+য] বিলক্ষণত্ব; ভাবান্তর, প্রভেদ, ভিন্নতা।

বৈল্ব, ন. [বিল্ব+অ] বিল্বফল, শ্রীফল, (ত্রি.) বিল্বসম্বন্ধীয়।

বৈশম্পায়ন, পুং. [বিশম্পায়ন+অ] মুনি-বিশেষ

বৈশস্ত্র, ন. [বিশস্ত্র+অ] অধিকার; শস্ত্রাভাব বিশিষ্টত্ব।

বৈশাখ, ন. [বিশাখা+অ] ধনুর্ব্বিদ্‌দিগের সংস্থানবিশেষ; (পুং.) মন্থানদণ্ড; দ্বাদশ মাসান্তর্গত প্রথমমাস, তৎপর্য্যায় ।—মাধব, রাধ'

বৈশাখী, স্ত্রী. [বিশাখ+অ-ঈ] বৈশাখ-মাসের পূর্ণিমা; রক্তপুনর্ণবাশাক।

বৈশিক, পুং. [বেশ্যা+ইক] ত্রিবিধনায়কের অন্তর্গত নায়ক বিশেষ, বেশ্যাউপভোগ রসিক।

বৈশিষ্ট্য, ন. [বিশিষ্ট+য] বিশিষ্টত্ব, সম্বন্ধ-পদার্থ, বিশিষ্ট বুদ্ধির নিয়ামক; উৎকর্ষ; প্রভেদ, ভিন্নতা।

বৈশেষিক, পুং. [বিশেষ+ইক]কণাদমুনিকৃত দর্শনশাস্ত্রবেত্তা, তৎপর্য্যায় ।—ঔলুক্য; কণাদমুনিকৃত দর্শনশাস্ত্র বিশেষ, বিশেষ পদার্থ নিরূপক গ্রন্থ।

বৈশেষ্য, ন. [বিশেষ+য] বিশেষত্ব, উৎকর্ষতা।

বৈশ্য, পুং. [বিশ্‌+য] ব্রহ্মার ঊরুদেশজাত তৃতীয়বর্ণ, তৎপর্য্যায় ।—ঊরুব্য, ঊরুজ, অর্য্য, ভূমিস্পৃক্‌, বিট্‌, দ্বিজ, ভূমিজীবী, ব্যবহর্ত্তা, বার্ত্তিক, বণিক, পণিক; দ্বীপ বিশেষ তন্নামানি যথা ।—ঊর্দ্ধায়ন,বসুন্ধর, অভিযুক্ত, দ্রবিণ,দানব্রত, একবর্ণা; বৈশ্যের শাস্ত্র নিরূপিতধর্ম্ম তিন প্রকার যথা ।—অধ্যয়ন, যজন, দান; ইহার চতুর্থা জীবিকা যথা ।—কৃষি, গোরক্ষণ, বাণিজ্য, কুশীদ; তস্য ত্রিবিধ আশ্রম যথা ।—ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ্য।

বৈশ্যক্রিয়া, স্ত্রী. [বৈশ্য+ক্রিয়া] বৈশ্যকর্ম্ম, কৃষিবাণিজ্যাদি।

বৈশ্যবৃত্তি, স্ত্রী. [বৈশ্য+বৃত্তি] বৈশ্যকর্ম্ম, কৃষিবাণিজ্যাদি।

বৈশ্যা, স্ত্রী. [বৈশ্য+আ] বৈশ্যজাতী স্ত্রী, তৎপর্য্যায় ।—অ্যাণী, অর্য্যা।

বৈশ্রবণ, পুং. [বিশ্রবস্‌+অ] কুবের, ধনাধিপ।

বৈশ্রবণালয়, পুং. [বৈশ্রবণ+আলয়] বটবৃক্ষ; কুবেরপুরী।

বৈশ্রবণাবাস, পুং. [বৈশ্রবণ+আবাস] বটবৃক্ষ, বটগাছ; কুবের গৃহ।

বৈশ্রবণোদয়, পুং. [বৈশ্রবণ+উদয়]বটবৃক্ষ, বটগাছ।

বৈশ্বদেব, পুং. [বৈশ্ব+দেব] বিশ্বদেব সম্বন্ধীয় হোমাদি।

বৈশ্বানর, পুং. [বিশ্বানর+অ] অগ্নি, অনল, চিত্রকবৃক্ষ, চিতাগাছ।

বৈশ্বানরী, স্ত্রী. [বিশ্বনর+ঈ] যজ্ঞবিশেষ; অগ্নিসম্বন্ধিনী।

বৈশ্বী, স্ত্রী. [বিশ্ব+অ-ঈ] উত্তরাষাঢ়ানক্ষত্র।

বৈষম্য, ন. [বিষম+য] বিষমত্ব, অসম্ভব; আতিশয্য; দায়, উৎপাত

বৈষয়িক, ত্রি. [বিষয়+ইক] বিষয় সম্বন্ধীয়; বিষয়কার্য্য।

বৈষ্টুত, ন. [বিস্তুত+অ] হোমভস্ম, হোমের ছাই।

বৈষ্ট্র, ন. [বিশ+ত্রনন্‌] পিষ্টপ; স্বর্গ; বায়ু; বিষ্ণু।

বৈষ্ণব, ন. [বিষ্ণু+অ] হোমভস্ম, হোমের ছাই; (ত্রি.) বিষ্ণুসম্বন্ধীয়; (পুং.) বিষ্ণু-মন্ত্রউপাসক, বিষ্ণুভক্ত, তৎপর্য্যায় ।—কার্ষ্ণহার।

বৈষ্ণবাচমন, ন. [বৈষ্ণব+আচমন] বিষ্ণু-পূজার আদি কর্ত্তব্য কর্ত্তার সংস্কার জন্য ওঁকারাদি নমোন্ত চতুর্থ্যন্ত বিষ্ণু নামোচ্চারণ পূর্ব্বক ত্রিবার জলপান।

বৈষ্ণবাচার, পুং. [বৈষ্ণব+আচার] বিষ্ণু-ভক্তদিগের আচরণ।

বৈষ্ণবী. স্ত্রী. [বিষ্ণু+অ-ঈ] বিষ্ণুভক্তি; অপরাজিতা, শতাবরী; তুলসী; দুর্গা; গঙ্গা; বিষ্ণুর উপাসকা স্ত্রী।

বৈসন, (প্রা) উপবেসন; আসন পরিগ্রহণ।

বৈসর্জ্জনিক, ত্রি. [বিসর্জন+ইক] বিসর্জন সংক্রান্ত, বিদায়ী।

বৈসারিণ, পুং. [বি+সৃ-ইন-অ] মৎস্য, মীন, মাছ।

বৈস্বচন, ন. [বিস্বচন+অ] নাট্যে পুরুষের স্ত্রী বেশধারণ।

বৈহারিক, ত্রি. [বিহার+ইক] বিহারসংক্রান্ত লীলা।

বৈহার্য্য, ত্রি. [বিহার+য] পরিহাস দ্বারা লালনীয়, শ্যালসম্বন্ধ্যাদি; বিহার সম্বন্ধীয়।

বৈহাসিক, পুং. [বিহাস+ইক] বিহাসকারক, ভণ্ড, ভাঁড়, তৎপর্য্যায়।—বাসন্তিক, কেলিকিল, বিদূষক, প্রহাসী, প্রীতিদ।

বোঁচা, (প্রা) নির্লজ্জ, বেহায়া; অশিষ্ট।

বোঁচামি (প্রা) নির্লজ্জতা, দুষ্টতা, শঠতা, ইতর স্বভাব।

বোঁট (প্রা) বৃন্ত, ডাঁটা; চুচুক, স্তনের অগ্রভাগ।

বোঁটা, (প্রা) বৃন্ত, ডাঁটা; চুচুক, স্তনের অগ্রভাগ।

বোকড়ী, স্ত্রী. [বোকড়+ঈ] বস্ত্রান্ত্রী।

বোকা, (প্রা) নির্বুদ্ধি, মূঢ়; ছাগবিশেষ।

বোকামি, (প্রা) মূর্খতা, মূঢ়তা, নির্বুদ্ধিত্ব, জ্ঞানহীনত।

বোকচা, (বাং) পোটলিকা, পোটুলী।

বোজা, (প্রা) মোট, ভার, ভারি দ্রব্য, মুদ্রিত।

বোঝা, (প্রা) ভার, মোট; জ্ঞান, বোধ।

বোঝাই, (প্রা) ভারপূর্ণ বহনীয় দ্রব্য সামগ্রীতে পূর্ণ।

বোঝারী, (প্রা) ভারবাহক, ভারী, মুটিয়া।

বোটা, স্ত্রী. [বুট+অ+আ] দাসী, পরিচারিকা, তৎপর্য্যায়।—পোটা, চেটী, কুটহারিকা।

বোড়, পুং. [বোট্+অ] গুবাক, সুপারি।

বোড্র, পুং. [বোড়+র] গোনসসর্প, বোড়াসর্প; মৎস্যবিশেষ।

বোড়া, (প্রা) সর্পবিশেষ; মৎস্যবিশেষ।

বোড্রী স্ত্রী. [বোড্র+ঈ] পণচতুর্থাংশ, বুড়ি, পাঁচগণ্ডা।

বোঢ়ব্য, ত্রি. [বহ+তব্য] বহনীয়, বাহ্য, বহনযোগ্য।

বোঢ়া, পুং. [বহ+তৃ] ভারিক, বাহক; বহনকর্ত্তা; মূঢ়, মূর্খ; পরিণেতা; সুত, সারথি; অনড্বান্, বৃষ, ষাঁড়; ঋষভ।

বোঢ়ু, পুং. [বহ+তু] মুনিবিশেষ।

বোণ্ট, পুং. [বোণ্ট+অ] বৃন্ত, বোঁটা, বোঁট।

বোতল, (ইং) কাচনির্ম্মিত পাত্রবিশেষ, কাচকুপী।

বোতাম, (ইং) বস্ত্রাঞ্চলদ্বয় গ্রন্থনার্থ বা আবদ্ধকরণার্থ গুলিকা বিশেষ।

বোদ, ত্রি. [বোদ+অ] আর্দ্র, ভিজা; নদ্যাদির কৃষ্ণবর্ণ তরল মৃত্তিকা।

বোদা, (প্রা) বিরস, কসার, কসা।

বোদাল, পুং. [বদাল+অ] মৎস্যবিশেষ, বোয়ালি, তৎপর্য্যায়।—সহস্র দংষ্ট্রী, পাঠীন, বদালক।

বোদালী, (প্রা) মৎস্যবিশেষ, বোয়াল মাছ।

বোদ্ধব্য, ত্রি. [বুধ+তব্য] বিবেচনীয়; জ্ঞাতব্য।

বোদ্ধা, ত্রি. [বুধ+তৃ] বোধকর্ত্তা, বুঝদার।

বোধ, পুং. [বুধ+অ] জ্ঞান; বুদ্ধি; অনুমান।

বোধক, পুং. [বুধ+অক] সূচক; জ্ঞাপক।

বোধকর, পুং. [বোধ+কর] নিশান্তে বোধকারক, স্তুতিপাঠক, তৎপর্য্যায়।—বৈতালিক।

বোধগম্য, ত্রি. [বোধ+গম্য] জ্ঞানগম্য, বোধ্যব্য, বুদ্ধিগম্য।

বোধজ্ঞ, পুং.] বোধ+জ্ঞ-অ] অভিপ্রায়বেত্তা; শ্রীকৃষ্ণ

বোধন, ন. [বুধ+অন] গন্ধদীপন; বেদন, বিজ্ঞাপন, জানান; চেতন।

বোধনী, স্ত্রী. [বুধ+অন-ঈ] বোধ, জ্ঞান; পিপ্পলী; কার্ত্তিকীয় শুক্লাএকাদশী, উত্থান একাদশী।

বোধনীয়, ত্রি. [বুধ+অনীয়] বোধ্য, বোধিতব্য, বোধযোগ্য, জ্ঞাতব্য।

বোধবাসর, পুং. [বোধ+বাসর] ভগবানের প্রবোধ দিন, উত্থান একাদশী।

বোধরহিত, পুং. [বোধ+রহিত] অবোধ, মূর্খ, মূঢ়।

বোধাতীত, ত্রি. [বোধ+অতীত] জ্ঞানাতীত, বুদ্ধির অগম্য।

বোধান, পুং. [বুধ+আন] গীষ্পতি, বৃহস্পতি ; বিজ্ঞ, পণ্ডিত, বুধবিশেষ।

বোধাল, (প্রা) বুদ্ধিমান, সুবুদ্ধিঃ চতুর।

বোধি, পুং. [বুধ+ই] সমাধিবিশেষ; পিয়ালবৃক্ষ ; বোধ ; (ত্রি.) জ্ঞাতা, জ্ঞানকর্ত্তা। [রিত।

বোধিত. ত্রি. [বুধ+ইত] জ্ঞাপিত; জাগ-

বোধিতরু, পুং. [বোধি+তরু] অশ্বত্থবৃক্ষ।

বোধিতব্য, ত্রি. [বুধ+ইতব্য] জ্ঞাপিতব্য, জানাইবার যোগ্য

বোধিদ্রুম, পুং. [বোধি+দ্রুম। অশ্বত্থবৃক্ষ। [বৃক্ষ।

বোধিবৃক্ষ, পুং. [বোধি+বৃক্ষ] অশ্বত্থ-

বোধিসত্ত্ব, ন. [বোধি+সত্ত্ব] বুদ্ধিবিশেষ।

বোনন, (প্রা) বীজবপন, বুনন, ছড়ান।

বোনা, (প্রা) কৃতবপন, উপ্ত, যেখানে শস্য বপন করা হইয়াছে

বোনাই, (প্রা) ভগিনীপতি।

বোনাটিয়া, (প্রা) জঙ্গলময়, বনময়, অধিক বনযুক্ত; বন্য।

বোনাল, (প্রা) বনময়, বৃক্ষাদিযুক্ত স্থান।

বোপদেব, পুং. [বোপ+দিব-অ] মুগ্ধবোধ ব্যাকরণ-প্রণেতা।

বোবা, (প্রা) মূক, বাক্যহীন, হাবা।

বোর, (প্রা) বালকের কটিভূষণ বিশেষ; (পুং) ধান্যবিশেষ, বোরধান

বোরক, পুং. [বোর+ক] লেখক, লিপিকর। [কুঁদফুল।

বোরট, পুং. [বোর+অট] কুন্দপুষ্প,

বোরপট্টী, স্ত্রী. [বোর+পট্ট-ঈ] মন্দুরা, তৃণ নির্ম্মিত আস্তরণবিশেষ, মাদুর।

বোরক, (প্রা) ধান্যবিশেষ, বোরধান।

বোরব, পুং. [বোর+অ] ধান্যবিশেষ, বোরোধান।

বোরলা, (প্রা) বোল্‌তা, বরুটা।

বোরা, (প্রা) গুণ, থলিয়া, ছালা; ধান্যবিশেষ।

বোরাবন্দি, (প্রা) বস্তাবন্দি, শস্যাদিদ্বারা থলিয়া পূর্ণকরণ। [অশ্ব।

বোরুখান, পুং. [বোরু+খান] পাটলবর্ণ

বোরো, (প্রা) ধান্যবিশেষ, বোরোধান।

বোল, ন. [বা+উল] স্বনামখ্যাত বণিক্‌দ্রব্য, তৎপর্য্যায়।—রক্তাপহ, মুণ্ড, সুরস, পিণ্ডক, বিষ, নির্ল্লোহ, বর্ব্বর, পিণ্ড সৌরভ, রক্তগন্ধক, রসগন্ধ, মহাগন্ধ, বিশ্ব, শুভগন্ধক, বিশ্বগন্ধ, গন্ধরস, ব্রণারি, রক্তহর; (পুং.) রসগন্ধ।

বোলক, পুং. [বোল+ক] লেখক, লিপিকর।

বোলচাল, (প্রা) বাক্য ব্যবহার, কথোপকথনে চলিত।

বোলতা, (প্রা) দংশক কীটবিশেষ, বরলা।

বোলন, (প্রা) কথন, কহন।

বোলান, (প্রা) আহ্বান, ডাকান।

বোলী, (প্রা) বাক্য, কথা, ভাষা।

বোল্লহ, পুং. [বোল্ল+অহ] অশ্ববিশেষ।

বোল্লা, (প্রা) বোল্‌তা।

বোহিত্থ, ন. [বোহ+ইত্থ] নৌকা; অর্ণবযান, জাহাজ।

বৌ, (প্রা) বধূ, স্নুষা, পুত্রবধূ।

বৌগুণা, (প্রা) পিত্তলময় পাত্রবিশেষ।

বৌড়ী, (প্রা) বধূ, পুত্রের বনিতা, স্নুষা।

বৌদ্ধ, ন. [বুদ্ধ+অ] বুদ্ধকৃত নিরীশ্বর শাস্ত্র; (পুং.) বুদ্ধশাস্ত্রাবলম্বী, তৎপর্য্যায়।—ভিক্ষক, ক্ষপণক, অহ্রীক, বৈনায়িক ; জিন ধর্ম্ম।

বৌদ্ধমতাবলম্বী, পুং. [বৌদ্ধ+মত+অবলম্ব-ইন্]. বুদ্ধশাস্ত্রাবলম্বী, নাস্তিক মতাবলম্বী। [রবাঃ।

বৌধ, পুং. [বুধ+অ] বুধের পুত্র, পুরু-

বৌভাত, (প্রা) নববিবাহিতার প্রথম পাক স্পর্শ।

বৌষট্ বা. [বহ+ওষট্] দেবোদ্দেশে হবির্দানমন্ত্র, তৎপর্য্যায়।—স্বাহা, বৌষট, বষট্, স্বধা।

ব্যৌসন, (প্রা) পশ্চাত্তাপকরণ, অনুতাপকরণ, খেদকরণ।

ব্যংশক, পুং. [বি+অংশক] পর্ব্বত, নগ, শৈল, গিরি।

ব্যংসক, পুং. [বি+অংসক] ধূর্ত্ত, শঠ, বঞ্চক।

ব্যংসিত, ত্রি. [বি+অংসিত] প্রতারিত, প্রবঞ্চিত।

ব্যক্ত, ত্রি. [বি+অন্জ-ত] প্রাজ্ঞ; স্ফুট, স্পষ্ট, প্রকাশ; বিষ্ণু

ব্যক্তগণিত, পুং. [ব্যক্ত+গণিত] অঙ্কবিদ্যা বিশেষ।

ব্যক্ততা, স্ত্রী. [ব্যক্ত+ত-আ] স্পষ্টতা, প্রকাশভাব।

ব্যক্তদৃষ্টার্থ, পুং. [ব্যক্ত+দৃষ্ট-অর্থ] সাক্ষী, প্রত্যক্ষজ্ঞাতা, তৎপর্য্যায়।—প্রত্যক্ষী।

ব্যক্তরাশি, স্ত্রী. [ব্যক্ত+রাশি] অঙ্কশাস্ত্র বিশেষ।

ব্যক্তরূপ, পুং. [ব্যক্ত+রূপ] বিষ্ণু; (ত্রি.) স্পষ্টরূপযুক্ত।

ব্যক্তরূপে, বা. স্পষ্টরূপে, প্রকাশরূপে।

ব্যক্তি, স্ত্রী· [বি+অন্জ-তি] পৃথগাত্মিকা; জন; স্পষ্টতা।

ব্যক্তিতা, স্ত্রী. [ব্যক্তি+তা] পার্থক্যতা, একতা।

ব্যক্তীকরণ, ন. [ব্যক্তি+করণ] প্রকাশকরণ।

ব্যক্তীকৃতভূত, ত্রি. [ব্যক্তী+কৃত·ভূত]

ব্যক্তোদিত, ত্রি. [ব্যক্ত+উদিত] স্পষ্টকথিত।

ব্যক্তিত্ব, ন. [ব্যক্তি+ত্ব] পৃথগ্ভাব, বিভিন্নতা; জনত্ব।

ব্যগ্র, ত্রি. [বি+অগ্র] ব্যাসক্ত; আকুল, ব্যস্ত, সচেষ্ট; বিষ্ণু।

ব্যগ্রতা, স্ত্রী. [বি+অগ্র-তা] আকুলতা, কাতর্য্য; ব্যস্ততা।

ব্যঙ্গ, পুং. [বি+অঙ্গ] ভেক, বেঙ্গ; হীনাঙ্গ, খঞ্জ; মুখরোগবিশেষ, বিদ্রূপ, পরিহাস।

ব্যঙ্গযুক্ত, ত্রি, [ব্যঙ্গ+যুক্ত] বিকৃত অঙ্গ বিশিষ্ট; হীনাঙ্গ; পরিহাসান্বিত।

ব্যঙ্গার, ত্রি. [বি+অঙ্গার] অগ্নিরহিত।

ব্যঙ্গুল, ন. [বি+অঙ্গুল] কলার ষষ্টিভাগৈক ভাগ।

ব্যঙ্গোক্তি, স্ত্রী. [ব্যঙ্গ+উক্তি] পরিহাস বাক্য, শ্লেষোক্তি।

ব্যঙ্গ্য, ত্রি. [বি+অন্জ-ষ] গূঢ়তাৎপর্য্যকবাক্য, শ্লেষবাক্য।

ব্যজ, পুং. [বি+অজ-অ] ব্যজন, পাখা।

ব্যজন, ন. [বি+অজ-অন] তালবৃন্তক, পাখা।

ব্যঞ্জক, পুং. [বি+অঞ্জ-অক] অভিনয়; প্রকাশক, সূচক, বোধক; শ্লেষোক্তি।

ব্যঞ্জন, ন. [বি+অঞ্জ-অন] সূপশাকাদি, সিদ্ধশাকাদি, তৎপর্য্যায়।—তেমন, নিষ্ঠান; চিহ্ন; শ্মশ্রু; দাড়ি; অবয়ব; দিন; স্ত্রী এবং পুরুষের অশুদ্ধ দেশ, উপস্থ; অর্দ্ধমাত্রক, ককারাদি ক্ষকারান্তবর্ণ, হলবর্ণ। [বৃত্তিবিশেষ; শ্লেষ।

ব্যঞ্জনা, স্ত্রী. [বি+অন্জ-অন-আ] শব্দের

ব্যঞ্জনাবৃত্তি, স্ত্রী. [ব্যঞ্জনা+বৃত্তি] অলঙ্কারের বৃত্তিবিশেষ।

ব্যঞ্জয়ৎ,-ব্যঞ্জিত, ত্রি. [বি+অঞ্জ+অৎ-ইত] প্রকাশিত, ব্যক্ত।

ব্যড়ম্বক, পুং. [বি+অড়ম্ব-ক] এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।

ব্যতিকর, পুং. [বি+অতি+কৃ-অ] ব্যসন; ব্যতিসঙ্গ, পরস্পর সংশ্লেষ, মিলন, আলিঙ্গন।

ব্যতিক্রম, পুং. [বি+অতি-ক্রম] ক্রমবিপর্য্যয়, ব্যত্যয়, অন্যথা, উল্টা।

ব্যতিক্রমী, ত্রি. [বি+অতি+ক্রমিন্] অন্যথাচারী, ক্রম বিপর্য্যয়কারী; প্রতিকূল।

ব্যতিক্রান্ত, ত্রি. [বি+অতি+ক্রান্ত] বিপরীত, উল্টা।

ব্যতিব্যস্ত, ত্রি. [বি+অতি+ব্যস্ত] ব্যাকুল, ব্যস্ত সমস্ত, উৎকণ্ঠিত।

ব্যতিরিক্ত, ত্রি. [বি+অতি+রিচ-ত] ব্যতিরেকবিশিষ্ট, ভিন্ন, পার্থক্য।

ব্যতিরেক, পুং. [বি+অতি+রিচ-অ] বিনা, অভাব; অলঙ্কারবিশেষ।

ব্যতিরেকী, ত্রি. [বি+অতি+রেকিন্] বিভেদক, ভিন্নতাবিশিষ্ট।

ব্যতিরেকে, ব্য. বিনা, অভাবে।

ব্যতিসঙ্গ, পুং, [বি+অতি+সঙ্গ] পরস্পর মিলন, অন্যোন্যের মিলন।

ব্যতিহার, পুং. [বি+অতি+হৃ-অ] বিনিময়, পরিবর্ত্ত, বদল; পরস্পর ক্রিয়া করণ।

ব্যতীত, ত্রি. [বি+অতি+ই-ত] অতীত, গত; ছাড়া।

ব্যতীপাত, পুং. [বি+ অতি+ পত-অ] মহোৎপাত, উপদ্রব; অপমান; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত সপ্তদশ যোগ; পারিভাষিক যোগবিশেষ।

ব্যতীহার, পুং. [বি+অতি+হৃ-অ] পরীবর্ত্ত, বিনিময়, বদল; পরস্পর একজাতীয় ক্রিয়াকরণ।

ব্যত্যয়, পুং. [বি+অতি+ই-অ] ব্যতিক্রম, তৎপর্য্যায়।—ব্যত্যাস, বিপর্য্যাস, বিপর্য্যয়; অন্যথা।

ব্যত্যাস, পুং. [বি+অতি+অস] বিপর্য্যয়, ব্যতিক্রম, উল্টা; অন্যথা।

ব্যথক, পুং. [ব্যথ+অক] ব্যথাকারী, বেদনাদায়ক।

ব্যথনীয়, ত্রি. [ব্যথ+অনীয়] বেদনীয়, পীড়নীয়, ব্যথাদায়ক, বেদনাকর।

ব্যথা, স্ত্রী. [ব্যথ+অ-আ] দুঃখ, বেদনা, ক্লেশ, পীড়া।

ব্যথাকর, ত্রি. [ব্যথা+কর] বেদনাকর, পীড়াদায়ক। [বেদনার্দ্দিত।

ব্যথিত, ত্রি. [ব্যথ+ইত] পীড়িত, দুঃখিত,

ব্যথিতব্য, ত্রি. [ব্যথ+ইতব্য] ব্যথনীয়, বেদনীয়, পীড়নীয়।

ব্যধ, পুং. [ব্যধ+অ] বেধ, বেধন, বেঁধা।

ব্যধ্বা, পুং. [ব্যধ+ব] ধনুর্গুণ, জ্যা, গুণ, ধনুকের ছিলা।

ব্যধ্ব, পুং. [বি+অধ্বন] কুপথ, কুৎসিতপথ, অসন্মার্গ, তৎপর্য্যায়।—দুরধ্ব, বিপথ, কদধ্বা, কাপথ, কুপথ, অসৎপথ, কুৎসিত বর্ত্ম।

ব্যম্বুনাদ, পুং. [বি+অম্বু+নাদ] প্রতিধ্বনি।

ব্যপগত, ত্রি. [বি+অপ+গত] গত, চলিত।

ব্যপত্রপমাণ, ত্রি. [বি+অপত্রপ+মান] লজ্জিত, ত্রপান্বিত।

ব্যপদিষ্ট, ত্রি. [বি+অপদিশ-ত] কথিত, ছলিত।

ব্যপদেশ, পুং. [বি+অপ+দিশ-অ] কপট, ছল; নাম; বাক্যবিশেষ, শব্দপ্রয়োগ।

ব্যপদেষ্টা, পুং. [বি+অপ+দিশ-তৃ] কপটী, ছলকারক; শব্দ প্রয়োগকারী

ব্যপরোপণ, ন. [বি+অপ+রোপণ] দূরীকরণ।

ব্যপাকৃতি, স্ত্রী. [বি+অপ+আ+কৃ-তি] অপহ্নব, অস্বীকার; গোপন।

ব্যপাশ্রয়, পুং. [বি+ অপ+আশ্রয়] আশ্রয় গ্রহণকরণ; প্রতীক্ষা।

ব্যপেত, ত্রি. [বি+অপ+ই-ত] অপগত, বিগত, দূরীভূত।

ব্যপেক্ষ, ত্রি. [বি+ অপ+ঈক্ষ] প্রতীক্ষক, আকাঙ্ক্ষী।

ব্যপেক্ষা, স্ত্রী. [বি+অপেক্ষা] প্রতীক্ষা; সম্বন্ধ; ব্যাকরণমতে দুইসূত্রের মিলন।

ব্যপোঢ়, ত্রি. [বি+অপ+উঢ়] বিপর্য্যয়, ব্যত্যয়।

ব্যবকলন, ন. [বি+অব+কল-অন] বিয়োগ, হীন; অঙ্কের অন্তকরণ, বাকিকাটা, জমাখরচ।

ব্যবকলিত, ত্রি. [বি+অব+কল-ইত] কৃত ব্যবকলন, বিয়োগিত, অন্তরকরা, বাকীকাটা।

ব্যবক্রোশন, ন. [বি+অব+ক্রুশ-অন] তিরস্কার, পরিভাষণ।

ব্যবচ্ছিন্ন, ত্রি. [বি+অব+ছিদ্-ত] ভিন্ন, পৃথক্‌করা; অন্তর।

ব্যবচ্ছেদ, পুং. [বি+অব+ছিদ্-অ] বাণমুক্তি; পৃথক্‌ত্ব, ভিন্নত্ব; অস্ত্র চিকিৎসা।

ব্যবধা, স্ত্রী. [বি+অব-ধা] ব্যবধান, আচ্ছাদন, আড়াল, তিরোধান, অপবারণ, পিধান, পর্দ্দা।

ব্যবধান, ন. [বি+অব-ধা-অন] আচ্ছাদন, আড়াল, তৎপর্য্যায়।—তিরোধান,

অন্তর্দ্ধি, অপবারণ, ছদন, ব্যবধা, অন্তর্দ্ধা, পিধান, ছদন, ব্যবধি, অপিধান।

ব্যবধায়ক, ত্রি. [বি+অব+ধা-অক] ব্যবধানকর্ত্তা, আচ্ছাদক।

ব্যবধি, পুং. [বি+অব+ধা-ই] ব্যবধান, আচ্ছাদন, আড়াল।

ব্যবসা, (প্রা) জীবিকা, বৃত্তি; বাণিজ্য; অনুষ্ঠান।

ব্যবসায়, পুং. [বি+অব+সায়] উপজীবিকা, পেশা; অনুষ্ঠান; নিশ্চয়; ব্যবসায়াত্মিকা; বিষ্ণু; ব্যবসা, বাণিজ্য, চেষ্টা।

ব্যবসায়ী, ত্রি. [বি+অবসায়িন্] ব্যবসায়বিশিষ্ট; বাণিজ্যকারক, ব্যাপারী; অনুষ্ঠাতা, অনুষ্ঠানকারক।

ব্যবসিত, ত্রি. [বি+অব+ষো-ত] প্রতারিত; অনুষ্ঠিত; নিশ্চিত; চেষ্টিত।

ব্যবস্থা, স্ত্রী. [বি+অব+স্থা-অ] শাস্ত্রনিরূপিত বিধি, বিধান, মত।

ব্যবস্থাতিক্রম, পুং. [ব্যবস্থা+অতিক্রম] নিয়ম কিম্বা ব্যবস্থা ভঙ্গ।

ব্যবস্থান, পুং. [বি+অব+স্থা-অন] বিষ্ণু; (ন.) ব্যবস্থিত, স্থান, রাখন।

ব্যবস্থানীয়, ত্রি. [বি+অব+স্থা-অনীয়] বিধেয়, বিধি প্রতিপাদ্য।

ব্যবস্থাপক, পুং. [বি+অব+স্থা-অক] বিধানকর্ত্তা, ব্যবস্থাকর্ত্তা।

ব্যবস্থাপন, ন. [বি+অব-স্থা-অন] বিধানকরণ, বিধিস্থাপন।

ব্যবস্থাপত্র, ন. [ব্যবস্থা+পত্র] বিধানলিপি, শাস্ত্রনিরূপিত বিধিলিপি।

ব্যবস্থাপয়িতব্য, ত্রি. [বি+অব+স্থা-ইতব্য] ব্যবস্থাপনীয়, বিধি স্থাপনযোগ্য।

ব্যবস্থাপয়িতা, ত্রি. [বি+অব+স্থাপয়ি-তৃ] ব্যবস্থাকর্ত্তা, বিধানদায়ক।

ব্যবস্থিত, ত্রি. [বি+অব+স্থা-ত] বিধিপূর্ব্বক স্থিত, ব্যবস্থাপিত; বিধি নির্দ্দিষ্ট।

ব্যবস্থেয়, ত্রি. [বি+অব+স্থা-এয়] বিধানযোগ্য, বিধেয়।

ব্যবহরণীয়, ত্রি. [বি+অব+হৃ-অনীয়] ব্যবহর্ত্তব্য, ব্যবহার যোগ্য; গ্রাহ্য।

ব্যবহর্ত্তব্য, ত্রি. [বি+অব+হৃ+তব্য] বিবাদাস্পদীকৃত।

ব্যবহর্ত্তা, পুং. [বি+অব+হৃ-তৃ] ব্যবহারকর্ত্তা, প্রাড়্বিপাক, গ্রাহ্যকারক; নিষ্পাদক; কায়স্থজাতির উপাধিবিশেষ।

ব্যবহার, পুং. [বি+অব+হৃ-অ] বিবাদ; বৃক্ষবিশেষ; ন্যায়; পণ; স্থিতি; আচরণ; কার্য্য; চলন; মোকদ্দমা।

ব্যবহারক, ত্রি. [বি+অব+হৃ-অক] ব্যবহারী, বিবাদী; ন্যায়ী।

ব্যবহারজ্ঞ, পুং. [ব্যবহার + জ্ঞ] প্রাপ্ত ব্যবহার, (ত্রি.) ব্যবহারবেত্তা, রীতিজ্ঞ।

ব্যবহারদর্শন, ন. [ব্যবহার+দর্শন] ন্যায় দর্শন, বিচারকরণ।

ব্যবহারপদ, ন. [ব্যবহার+পদ] বাদিকর্ত্তৃক রাজাকে নিবেদন।

ব্যবহারপাদ, পুং. [ব্যবহার+পাদ] ব্যবহারাংশ, মোকদ্দমার ভাগ।

ব্যবহারপ্রাপ্ত, পুং. [ব্যবহার+প্রাপ্ত] বয়ঃক্রম প্রাপ্ত।

ব্যবহারবিধি, পুং. [ব্যবহার+বিধি] ব্যবহারের বিধান; ধর্ম্মশাস্ত্র।

ব্যবহারবিষয়, পুং. [ব্যবহার+বিষয়] ব্যবহারপদ, বাদি কর্ত্তৃক রাজাকে নিবেদন, ইহা অষ্টাদশবিধযথা।—ঋণাদান, নিঃক্ষেপ, অস্বামিবিক্রয়, সম্ভূয়সমুত্থান, দত্তস্যানপকর্ম্ম, বেতনাদান, সম্বিদোব্যতিক্রম, ক্রয়বিক্রয়ানুশয়, স্বামিপালয়োর্বিবাদ, সীমাবিবাদ ধর্ম্ম, বাক্পারুষ্য, দণ্ডপারুষ্য, স্তেয়, সাহস, স্ত্রীসংগ্রহণ, স্ত্রীপুংধর্ম্ম, বিভাগ, দ্যূত।

ব্যবহারমাতৃকা, স্ত্রী. [ব্যবহার+মাতৃকা] ব্যবহারোপযোগি ক্রিয়া, ব্যবহারোপযোগি বিধি প্রদর্শক প্রকরণবিশেষ।

ব্যবহারমার্গ, পুং. [ব্যবহার+মার্গ] ব্যবহারবিষয়, ব্যবহার পদ।

ব্যবহারস্থান, ন. [ব্যবহার+স্থান] ব্যবহারবিষয়, ব্যবহার পাদ।

ব্যবহারাভিশস্ত, ত্রি. [ব্যবহার+অভিশস্ত] ব্যবহারাভিযুক্ত।

ব্যবহারাযোগ্য, ত্রি. [ব্যবহার+অযোগ্য] ব্যবহারে অনুপযুক্ত; (পুং.) অপ্রাপ্ত ব্যবহার।

ব্যবহারিক, ত্রি. [ব্যবহার+ইক] ব্যবহার-যোগ্য, ব্যবহারে চলিত।

ব্যবহারিকা, স্ত্রী. [ব্যবহার+ইক-আ] লোক-যাত্রা; সম্মার্জ্জনী, খাংরা; ইঙ্গুদবৃক্ষ।

ব্যবহারী, ত্রি. [ব্যবহার+ইন্] ব্যবহার-বিশিষ্ট।

ব্যবহার্য্য, ত্রি. [বি+অব+হৃ-য] ব্যবহরণীয়, ব্যবহর্ত্তব্য, ব্যবহার যোগ্য। [হাস্য।

ব্যবহাস, পুং. [বি+অব+হাস] পরস্পর

ব্যবহিত, ত্রি. [বি+অব+হি-ত] ব্যবধান-বিশিষ্ট; দূরস্থিত।

ব্যবহৃত, ত্রি. [বি+অব+হৃ-ত] আচরিত, ব্যবহারে গৃহীত।

ব্যবায়, ন. [বি+অব+অয়-অ] তেজঃ; (পুং.) মৈথুন, স্ত্রী সংসর্গ; অন্তর্ধান; শুদ্ধি।

ব্যবায়ী, পুং.স্ত্রী. [বি+অব+অয়-ইন্] কামুক, লম্পট, সদা স্ত্রী সঙ্গেরত।

ব্যভিচার, পুং. [বি+অভি-চার] কদাচার, ভ্রষ্টাচার; দোষবিশেষ, দুষ্ক্রিয়া, তন্ত্রি-বিধ যথা।—সাধারণ, অসাধারণ, অনুপসংহারী; অন্যথাচরণ।

ব্যভিচারি, ন. [বি+অভি-চারিন্] চতুস্ত্রিংশৎপ্রকার শৃঙ্গারভাববিশেষ, তদ্যথা।—নির্বেদ, গ্লানি, শঙ্কা, অসূয়া, মদ, শ্রম, আলস্য, দৈন্য, চিন্তা, মোহ, স্মৃতি, ধৃতি, ব্রীড়া, চপলতা, হর্ষ, আবেগ, জড়তা, গর্ব্ব, বিষাদ, ঔৎসুক্য, নিদ্রা, অপস্মর, সুপ্ত, বিরোধ, অমর্ষ, অবহিত্থ, উগ্রতা, মতি, উপলম্ভ, ব্যাধি, উন্মদ, মরণ, ত্রাস, বিতর্ক; অন্যথাচারী।

ব্যভিচারিণী, স্ত্রী. [বি+অভি+চারিন্-ঈ] পরপুরুষগামিনী, ভ্রষ্টা, পুংশ্চলী, অসতী, নষ্টাস্ত্রী।

ব্যভিচারী, ত্রি. [বি+অভি-চারিন্] ব্যভিচার-বিশিষ্ট, লম্পট।

ব্যয়, ন. [বি+অয়-অ] লগ্নহইতে দ্বাদশ স্থান; (পুং.) অর্থের অপগম, বিত্তসমুৎসর্গ, খরচ, ধনক্ষয়; যাপন, ক্ষেপণ।

ব্যয়কাতর, (প্রা) অদাতা, ব্যয়কুণ্ঠ, কৃপণ।

ব্যয়কুণ্ঠ, (প্রা) কৃপণ, অদাতা, সুম।

ব্যয়সাধ্য, (প্রা) অধিক ব্যয়ান্বিত, অধিক খরচ সাপেক্ষ, প্রচুর ব্যয়ে নিষ্পাদ্য।

ব্যয়ার্হ, ত্রি. [ব্যয়+অর্হ] ব্যয়যোগ্য, খরচোপযুক্ত।

ব্যয়িত, ত্রি. [ব্যয়+ইত] কৃতব্যয়, ব্যয়করা, খরচ।

ব্যয়ী, ত্রি. [ব্যয়+ইন্] ব্যয়যুক্ত, ব্যয়শীল, ব্যয়বিশিষ্ট। [হওয়া।

ব্যয়ীকৃত, ত্রি. [ব্যয়+কৃত] খরচকরা, ব্যয়

ব্যর্থ, ত্রি. [বি+অর্থ] নিরর্থক, বৃথা, তৎপর্য্যায়।—মোঘ, বিফল।

ব্যর্থতা, স্ত্রী. [ব্যর্থ+তা] নিরর্থকতা, নিষ্ফলতা, বৈয়র্থ।

ব্যর্থীকৃত, ত্রি. [ব্যর্থ+কৃত] নিষ্ফল, নিরর্থক, বিফল।

ব্যলীক, ন. [বি+অলীক] পীড়ার্থ; গতি বিপর্য্যয়; কামজন্য অপরাধ; অপ্রিয়; অকার্য্য; বৈলক্ষ্য; অপরাধ; প্রতারণা; (ত্রি.) প্রতারণাবিশিষ্ট; (পুং.) নাগর, তৎপর্য্যায়।—যিড়্গ, ষট্‌প্রজ্ঞ, কামকেলি, বিদূষক, পীঠকেলি, পীঠমর্দ্দ, ভঙ্গিল, ছিদূর, বিট।

ব্যলীকতা, স্ত্রী. [ব্যলীক+তা] শঠতা, দুষ্টতা; মূর্খতা; লম্পটতা।

ব্যসন, ন. [বি+অস-অন] বিপৎ; ভ্রংশ; কামজ ও কোপজদোষ; অশুভ,অনিষ্ট, মন্দ; পাপ; বায়ু। অষ্টাদশ ব্যসন যথা।—মৃগয়া, দ্যূতক্রীড়া, দিবানিদ্রা, অসূয়া, বেশ্যাগমন, নৃত্য, গীত, ক্রীড়া, মিথ্যাপর্য্যটন, মদিরাপান, শঠতা, দণ্ডপারুষ্য, অপকার, হিংসা, অনিষ্টেচ্ছা, প্রবঞ্চনা, বাক্‌পারুষ্য, আক্রমণ।

ব্যসনার্ত্ত, ত্রি. [বি+অসন-আর্ত্ত] দৈবীমানুষী পীড়ার্ত্ত, বিপন্ন, বিপদ্গ্রস্ত, তৎপর্য্যায়।—উপরক্ত।

ব্যসনী, ত্রি. [বি+অসন-ইন্] ব্যসনবিশিষ্ট, তৎপর্য্যায়।—পঞ্চভদ্র, বিপ্লুত; বিপন্ন, বিপদযুক্ত।

ব্যস্ত, ত্রি. [বি+অস-ত] ব্যাকুল; ব্যাপ্ত; প্রত্যেক, পৃথক২; বিপরীত, ব্যত্যয়।

ব্যস্ততা, স্ত্রী. [ব্যস্ত+ত-আ] ব্যাকুলতা; সত্বরতা, শীঘ্রতা।

ব্যস্তত্রৈরাশিক, ন. [ব্যস্ত+ত্রৈরাশিক] অঙ্কবিদ্যাবিশেষ, বিলোমত্রৈরাশিক।

ব্যস্তপদ, ন. [ব্যস্ত+পদ] ঋণাদানাভিযোগ বিষয়ে পদান্তরকর্ত্তৃক উত্তর, কর্জটাকার নালিশের প্রতিবাদির উত্তর, ব্যাকরণমতে অযৌগিক শব্দ।

ব্যস্তার, ন. [ব্যস্ত+ঋ-অ] হস্তিমদপ্রয়োগ।

ব্যস্তবিধি] স্ত্রী. [ব্যস্ত+বিধি] বিলোমক্রিয়া।

ব্যহ্ন, ত্রি. [বি+অহ্ন] দুই দিবস মধ্যে যে ক্রিয়া নিষ্পত্তি হয়।

ব্যাঁকা, (প্রা) বক্র, অসরল, বাঁকা।

ব্যাকরণ, ন. [বি+আ+কৃ-অন] বেদাঙ্গবিশেষ, বর্ণপদাদি বোধক বিদ্যা।

ব্যাকার পুং. [বি+আকার] বক্রতা; বৈকুল্য; ব্যাখ্যা।

ব্যাকুল, ত্রি. [বি+আকুল] শোকাদিদ্বারা ইতি কর্ত্তব্যতা শূন্য,উৎকণ্ঠিত,আকুল, কাতর, তৎপর্য্যায়।—বিহস্ত।

ব্যাকুলাত্মা, ত্রি. [বি+আকুল-আত্মন্] শোকাভিহত চিত্ত, উদ্বিগ্নমনাঃ, উৎকণ্ঠিত অন্তঃকরণ।

ব্যাকুতি, স্ত্রী. [বি+আকুতি] ভঙ্গি, অঙ্গবৈকল্য। [প্রকাশিত।

ব্যাকোশ, ত্রি. [বি+আ-কোশ] বিকশিত,

ব্যাকোষ, ত্রি. [বি+আ-কোষ] প্রফুল্ল, বিকচ, প্রকাশিত।

ব্যাকৃতি, স্ত্রী. [বি+আকৃতি] বিমূর্ত্তি; বিকৃতি, কদাকার, কুরূপ।

ব্যাখ্যা, স্ত্রী. [বি+আ-খ্যা] বিবরণ, অর্থকরণ, বিবৃতি।

ব্যাখ্যাগম্য, ন. [ব্যাখ্যা+গম্য] উত্তরাভাসবিশেষ, অর্থবিবরণ বিনা যাহার বোধগম্য হয় না।

ব্যাখ্যাত, ত্রি. [বি+আখ্যা-ত] বিবৃত, কথিত, উক্ত, ব্যাখ্যাকরা; বিবরণকরা, বর্ণিত।

ব্যাখ্যান, ন. [বি+আ+খ্যা-অন] অর্থবিবরণ, অর্থপ্রকাশন।

ব্যাখ্যেয়, ত্রি. [বি+আ+খ্যা-এয়] বিবরণীয়, বর্ণনীয়, ব্যাখ্যা করিবার যোগ্য।

ব্যাঘাত, পুং. [বি+আ+হন-ত] বিষ্কম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত ত্রয়োদশ যোগ; অন্তরায়, বিঘ্ন, প্রতিবন্ধক; প্রহার; অলঙ্কারবিশেষ।

ব্যাঘাতী, ত্রি. [ব্যাঘাত+ইন্] প্রতিবন্ধকতাকারী, বিঘ্নকারক, রোধকারক।

ব্যাঘ্র, পুং. [বি+আ+ঘ্র-অ] জন্তুবিশেষ, বাঘ, তৎপর্য্যায়।—শার্দ্দূল, দ্বীপী, বিচিত্রাঙ্গ, মৃগারি, মৃগাদ, পৃদাঙ্গ, বনশ্ব, চিত্রক, পুণ্ডরীক, হিংস্রপশু, ব্যাড়, হিংস্রক, হিংসারু, শ্বাপদ, পঞ্চনখ, ব্যাল গুহাশয়, তীক্ষ্ণদংষ্ট্র, ভীরু, নখাযুধ; নরাদিপদের উত্তরস্থিত শ্রেষ্ঠার্থ বাচকশব্দ; রক্তএরণ্ড; করঞ্জবৃক্ষ।

ব্যাঘ্রদল, পুং. [ব্যাঘ্র+দল] রক্ত এরণ্ডবৃক্ষ, লাল ভেরাণ্ডাগাছ বিশেষ।

ব্যাঘ্রনখ, ন. [ব্যাঘ্র+নখ] নখীনামে গন্ধদ্রব্য, তৎপর্য্যায়।—বাড়ায়ুধ, করজ, চক্রকারক, নখাঙ্ক, নখী, নখ্য, ব্যাঘ্রনখী; কন্দবিশেষ; নখক্ষতবিশেষ; (পুং.) স্নুহীবৃক্ষ, সিজগাছ; ব্যালনখ; ব্যাঘ্রের নখ।

ব্যাঘ্রনখক, ন. [ব্যাঘ্র+নখ-ক] নখক্ষত, নখাঘাত।

ব্যাঘ্রনায়ক, পুং. [ব্যাঘ্র+নায়ক] শৃগাল, জম্বুক, শিয়াল।

ব্যাঘ্রপাৎ, পুং. [ব্যাঘ্র+পাৎ] বিকঙ্কতবৃক্ষ; মুনিবিশেষ; (ত্রি.) ব্যাঘ্রতুল্য চরণ।

ব্যাঘ্রপাদ, পুং. [ব্যাঘ্র+পাদ] বিকঙ্কতবৃক্ষ, বঁইচগাছ; বিকণ্টকবৃক্ষ।

ব্যাঘ্রপুচ্ছ, পুং. [ব্যাঘ্র+পুচ্ছ] এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডাগাছ; ব্যাঘ্রের লাঙ্গুল

ব্যাঘ্রাট, পুং. [ব্যাঘ্র+অট] ভরদ্বাজপক্ষী, ভারইপাখী।

াঘ্রাদনী, স্ত্রী. [ব্যাঘ্র+অদন-ঈ] ত্রিবৃতা, তেউড়ীলতা।

াঘ্রাস্য, পুং. [ব্যাঘ্র+আস্য] বিড়াল, মার্জ্জার; (ন.) ব্যাঘ্রমুখ।

াঘ্রী, স্ত্রী. [ব্যাঘ্র+ঈ] কণ্টকারী বৃক্ষ; ব্যাঘ্রপত্নী।

াজ, পুং. [বি+অজ্-অ] কপট, অযথার্থ ব্যবহার, ছল; বঞ্চনমাত্রফল, বঞ্চনা; অপদেশ; বাট্টা, কুষীদ, সুদ, বৃদ্ধি; কালবিলম্ব, গৌণ।

াজনিন্দা, স্ত্রী. [ব্যাজ+নিন্দা] কপট কুৎসা, ছল দ্বারা নিন্দন; অলঙ্কারবিশেষ।

াজস্তুতি, স্ত্রী. [ব্যাজ+স্তুতি] কপটপ্রশংসা, মিথ্যা সুখ্যাতি; অলঙ্কারবিশেষ, যে স্থলে নিন্দায় প্রশংসা প্রতীত হয়।

াজে, (প্রা) কালবিলম্বে, গৌণে।

াজোক্তি, স্ত্রী. [ব্যাজ+উক্তি] ছলবাক্য, কপটউক্তি; অলঙ্কারবিশেষ।

াড়, পুং. [বি+আড়] সর্প; মাংসভক্ষক পশু; ইন্দ্র; বঞ্চক।

াড়ায়ুধ, ন. [ব্যাড়+আয়ুধ] ব্যাঘ্রনখনামে গন্ধদ্রব্য বিশেষ।

াড়ি, পুং. [বি+আড়-ই] কোষকার মুনিবিশেষ, তৎপর্য্যায়।—বিন্ধ্যবাসী, নন্দিনীতনয়, বিন্ধ্যস্থ নন্দিনীসুত।

াত্ত, ত্রি. [বি+আত্ত] বিস্তৃত।

ব্যাত্যুক্ষী, স্ত্রী. [বি+আ+অতি+উক্ষ-ঈ] রসিকদিগের পরস্পর জলক্রীডন।

াদান, ন. [বি+আ+দা+অন] উদ্ঘাটন।

ব্যাদিশ, পুং. [বি+আ+দিশ] বিষ্ণু, নারায়ণ।

ব্যাধ, পুং. [ব্যধ+অ] মৃগহিংসকজাতি, শিকারী, তৎপর্য্যায়।—মৃগবধাজীব, মৃগয়ু, লুব্ধক, মৃগাবিৎ, দ্রোহাটক, মৃগজীবন, বলপাংশুন; দুষ্ট, খল।

ব্যাধভীত, পুং. [ব্যাধ+ভীত] মৃগ, হরিণ; ব্যাধ হইতে ভয়প্রাপ্ত।

ব্যাধাম, পুং. [বি+আ-ধা-ম] বজ্র, অশনি, বাজ।

ব্যাধি, পুং. [বি+আ-ধা-ই] কুষ্ঠরোগ; রোগ, পীড়া; কামব্যথা সন্তাপ জন্য কৃশতা।

ব্যাধিঘাত, পুং. [ব্যাধি+ঘাত] আরগ্বধবৃক্ষ, সোদালিয়াগাছ।

ব্যাধিগ্রস্ত, পুং. [ব্যাধি+গ্রস্ত] কুষ্ঠরোগাক্রান্ত, কুষ্ঠী।

ব্যাধিত, ত্রিং [ব্যাধি+ইত] ব্যাধিযুক্ত, তৎপর্য্যায়।—অময়াবী, বিকৃত, অপটু, আতুর, অভ্যমিত, অভ্যান্ত, রোগী।

ব্যাধিহন্ত্রা, পুং. [ব্যাধি+হন্তৃ] ব্যারাহীকন্দ, শূকরকন্দ বৃক্ষ; (ত্রি.) ব্যাধিঘাতক, ব্যাধিঘ্ন, রোগনাশক, বৈদ্য।

ব্যাধুত, ত্রি. [বি+আ-ধু-ত] কম্পিত; বায়ুবেগে চলিত।

ব্যাধুত, ত্রি. [বি+আ-ধু-ত] কম্পিত; বায়ুবেগে চলিত।

ব্যান, পুং. [বি+আ-অন] শরীরস্থ পঞ্চবায়ুর অন্তর্গত সর্ব্ব শরীরগত বায়ু।

ব্যাপক, ত্রি. [বি+আপ-অক] বিশেষদ্বারা প্রাপ্ত, ব্যাপনকারী; আচ্ছাদক, প্রগল্ভ, আড়ম্বরকারী।

ব্যাপকতা, স্ত্রী. [ব্যাপক+তা-অ] প্রাগল্ভ্য; প্রাবল্য। [বলতা।

ব্যাপকত্ব, ন. [ব্যাপক+ত্ব] ব্যাপকতা, প্র-

ব্যাপকন্যাস, পুং. [ব্যাপক+ন্যাস] মস্তক হইতে চরণ পর্য্যন্ত ও চরণ হইতে মস্তক পর্য্যন্ত মূলমন্ত্রের বিন্যাস।

ব্যাপদ্, স্ত্রী. [বি+আ-পদ] মৃত্যু, মরণ; আপৎ, বিপৎ।

ব্যাপন, ন. [বি+আপ-অন] আচ্ছাদন; ব্যাপ্তি, বিস্তৃত হওন, বিসর্পণ, ছড়ান।

ব্যাপন্ন, ত্রি. [বি+আ-পদ-ত] মৃত, নষ্ট, গতাসু।

ব্যাপাদ, পুং. [বি+আ-পাদ-অ] দ্রোহচিন্তন, অনিষ্ট চিন্তন, হিংসাকরণ

ব্যাপাদন, ন. [বি+আ-পদ-অন] মারণ; পরের অনিষ্ট চিন্তা, হিংসা করণ

ব্যাপাদয়িতব্য, ত্রি. [বি+আ+পদ+তব্য] ব্যাপাদনীয়, ব্যাপাদ্য।

ব্যাপাদিত, ত্রি. [বি+আ-পদ-ইত] দ্রোহ-চিন্তিত; মারিত, নাশিত, হত

ব্যাপার, পুং. [বি+আ-পৃ-অ] কর্ম্ম; ব্যবসায়; লাভজনক কর্ম্ম; আড়ম্বর।

ব্যাপারী, ত্রি. [ব্যাপার+ইন্] ব্যাপারবিশিষ্ট, ব্যবসায়ী।

ব্যাপারোপযুক্ত, ত্রি. [ব্যাপার+উপযুক্ত] কর্ম্মোপযুক্ত, ব্যবসায় যোগ্য

ব্যাপিকা, স্ত্রী. [বি+আপ-ইক-আ] ব্যাপিনী, প্রগল্ভাস্ত্রী, প্রবলা অবলা।

ব্যাপী, ত্রি. [বি+আপ-ইন্] বিষ্ণু. ব্যাপক; আচ্ছাদক।

ব্যাপৃত, পুং. [বি+আ-পৃ-ত] কর্ম্মসচিব, কর্ম্মদক্ষ; ব্যাপারযুক্ত।

ব্যাপ্ত, ত্রি. [বি+আপ-ত] সম্পূর্ণ, তৎপর্য্যায়।—পূর্ণ, আচিত, ছন্ন, পূরিত, ভরিত, নিচিত; খ্যাত; সমাক্রান্ত, আকীর্ণ; স্থাপিত।

ব্যাপ্তি, স্ত্রী. [বি+আপ-তি] ব্যাপন, আচ্ছাদন, রস্ত, লস্ত; শিবের অষ্ট ঐশ্বর্য্যান্তর্গত ঐশ্বর্য্য বিশেষ, যথা।—অনিমা, লঘিমা, ব্যাপ্তি, প্রাকাম্য, মহিমা, ইশিত্ব, বশিত্ব, কামাবশায়িত্ব।

ব্যাপ্তিজ্ঞান, ন. [ব্যাপ্তি+জ্ঞান] অন্তর্বর্ত্তী কারণদর্শনে বস্তুসকলের স্থায়িত্বজ্ঞান।

ব্যাপ্য, ন. [বি+আপ-য] সাধন; কুষ্ঠৌষধ, কুড়; (ত্রি.) ব্যাপ্তি বিশিষ্ট, ব্যাপনীয়।

ব্যাবকলন, ন. [বি+আ+অব+কলন] অঙ্কবিশেষ, শোধন, শুদ্ধি, জমা খরচ।

ব্যাবক্রোশী, স্ত্রী. [বি+আব-ক্রোশিন্] পরস্পর আক্রোশন, পরস্পর ক্রোধকরণ।

ব্যাবভাষী, স্ত্রী. [বি+অব-ভাষ-ঈ] ব্যাবক্রোশী, পরস্পর আক্রোশন

ব্যাবর্ত্ত, পুং. [বি+আ-বৃত্-অ] নাভিকণ্টক; বেষ্টন; ঘুরণ; নিয়োগ।

ব্যাবর্ত্তন, ন. [বি+আ-বৃত্-অন] নিয়োগ, বিমুক্ত, পৃথক্করণ; নিবর্ত্তন।

ব্যাবহারিক, ত্রি. [ব্যবহার+ইক] ব্যবহারোপযুক্ত; ক্রিয়া বিচারোপযোগ্য; (পুং.) পরামর্শক।

ব্যাবহারী, স্ত্রী. [ব্যাব+হার-ঈ] পরস্পর হরণ; ব্যাবহার বিশিষ্ট; অনুষ্ঠানকারী

ব্যাবহাসী, স্ত্রী. [ব্যাব+হাস-ঈ] পরস্পর হসন, পরস্পর হাস্যকরণ।

ব্যাবৃত, ত্রি [বি+আ-বৃত] বিশেষে বেষ্টিত, আবৃত, ঘেরিত।

ব্যাবৃত্ত, ত্রি. [বি+আ-বৃত্-ত] বৃত, বেষ্টিত, আবৃত; নিবৃত্ত, নিরাকৃত, পরাঙ্মুখ।

ব্যাবৃত্তি, স্ত্রী. [বি+আ-বৃত্-তি] খণ্ডন, নিরাকৃতি, নিরাকারণ; অবৃত্তি।

ব্যাম, পুং. [বি+আম-আ-অ] প্রসারিত বাহুদ্বয়, বোঁয়ু।

ব্যামন, ন. [বি+অম+আ+অন] ব্যাম, প্রসারিত বাহুদ্বয়।

ব্যামিশ্র, ন. [বি+আ-মিশ্র] সংমিলিত, ভিন্ন বিষয়ের একভাব করণ।

ব্যামুগ্ধ, ন. [বি+আ-মুগ্ধ] দুঃখিত, পীড়িত, ক্লিষ্ট।

ব্যামৃষ্ট, ত্রি. [বি+আ+মৃষ+ত] পরিমিষ্ট, অপমৃষ্ট, প্রক্ষালিত।

ব্যামোহ, পুং. [বি+আ-মুহ,অ] পীড়া, ব্যাধি, রোগ; ভ্রম।

ব্যামোহক, ত্রি. [বি+আ-মুহ-অক] পীড়াজনক রোগকর। [পীড়াজনক।

ব্যামোহকর, ত্রি. [ব্যামোহ-কর] রোগকর,

ব্যায়ত, ত্রি. [বি+আয়ত] ব্যাপৃত; দৈর্ঘ্য; দৃঢ়; অতিশয়, বিস্তৃত।

ব্যায়াম, পুং. [বি+আ+যম্-ত] পৌরুষ, পুরুষত্ব; শ্রম; বিষম; দুর্গসঞ্চার; ব্যাম, প্রসারিত হস্তদ্বয়; মল্লক্রীড়া, কুস্তি।

ব্যায়ামশীল, ত্রি. [ব্যায়াম+শীল] বলিষ্ঠ, দৃঢ়াঙ্গ।

ব্যায়োগ, পুং. [বি+আ-যোগ] দশবিধরূপকান্তর্গত রূপক বিশেষ।

ব্যাল, পুং. [বি+আ-অল-অ] সর্প; শ্বাপদ; দুষ্টগজ; চিত্রক; ব্যাঘ্র; রাজা; (ত্রি.) শঠ, ধূর্ত্ত; ব্যাধ, পশুঘাতক।

ব্যালক, পুং. [বি+আ-অল-অক] দুষ্টগজ; তৎপর্য্যায়।—গম্ভীর বেদী, অঙ্কুশদুর্দ্ধর, চালক।

ব্যালখড়্গ, পুং. [ব্যাল+খড়্গ] ব্যালনখ।

ব্যালগন্ধা, স্ত্রী. [ব্যাল+গন্ধ-আ] নাকুলী নামে গন্ধ বিশেষ, নাই।

ব্যালগ্রাহ, পুং. [ব্যাল+গ্রহ-অ] ব্যালগ্রাহী, সর্পগ্রাহী, সাপুড়িয়া।

ব্যালগ্রাহী, পুং. [ব্যাল+গ্রাহিন্] ভিক্ষার্থ সর্পধারী, সর্পখেলক, সাপুড়িয়া, তৎপর্য্যায়।—আহিতুণ্ডিক, জাঙ্গুলি, জাঙ্গলি, ব্যালগ্রাহ, গারুড়িক, বিষবৈদ্য।

ব্যালজিহ্বা, স্ত্রী. [ব্যাল+জিহ্বা] মহাসমঙ্গ, বড়খদির।

ব্যালদংষ্ট্র, পুং. [ব্যাল+দংষ্ট্র] গোক্ষুর, গোখুরীলতা।

ব্যালনখ, পুং. [ব্যাল+নখ] গন্ধদ্রব্য বিশেষ, বিঘ্নহা, তৎপর্য্যায়।—কূটস্থ, চক্রনায়ক, চক্রী, চক্রনখ, ব্যাঘ্রফল, ব্যাঘ্রনখ, দ্বীপিনখ, খপুর, ব্যালপাণিজ, ব্যালায়ুধ, ব্যালবল, ব্যালখড়্গ।

ব্যালপত্রা, স্ত্রী. [ব্যাল+পত্র-আ] এর্ব্বারু, কাঁকুড়।

ব্যালবল, পুং. [ব্যাল+বল] গন্ধদ্রব্য বিশেষ, ব্যালনখ।

ব্যালমৃগ, পুং. [ব্যাল+মৃগ] চিত্রব্যাঘ্র, চিতাবাঘ।

ব্যালম্ব, পুং. [বিল+আ-লম্ব] রক্তেরণ্ডবৃক্ষ, রাঙ্গাভেরাণ্ডা গাছ।

ব্যালা, (হি) বাদ্যযন্ত্র বিশেষ, বেহালা।

ব্যালায়ুধ, ন. [ব্যাল+আয়ুধ] নখীনাম গন্ধদ্রব্য, (পুং.) ব্যালনখ, ব্যাঘ্রনখ।

ব্যাস, পুং. [বি+অস্-অ] বিস্তার; মানবিশেষ; পাঠক ব্রাহ্মণ; গোলের মধ্যরেখা; মুনিবিশেষ, পরাশর পুত্র।

ব্যাসকুট, পুং. [ব্যাস+কুট] মহাভারতাদির দুরূহ শ্লোক সমূহ।

ব্যাসক্ত, ত্রি. [বি+আসক্ত] বিশেষে আসক্ত, সংলগ্ন।

ব্যাসঙ্গ, পুং. [বি+আ-সঙ্গ] বিশেষে সংযোগ।

ব্যাসপিঁড়ী, (গ্রা) পুরাণ কথকের বেদী।

ব্যাসপীঠ, পুং. [ব্যাস+পীঠ] ব্যাসপীড়ী, পুরাণাদি পাঠের আসন।

ব্যাসমাতা, স্ত্রী. [ব্যাস+মাতৃ] বেদব্যাস জননী, তৎপর্য্যায়।—সত্যবতী, বাসবী, গন্ধকালিকা, যোজনগন্ধা, দাসেয়ী, শালঙ্কায়নজীবসূ, শালঙ্কায়নজা, কালী, ঝষোদরী, বিচিত্রবীর্য্যসূ, চিত্রাঙ্গদসূ, যোজনগন্ধিকা, গন্ধকালী, সত্যা, দাসনন্দিনী।

ব্যাসাসন, ন. [ব্যাস+আসন] পুরাণাদি পাঠের আসন, ব্যাসপিঁড়ী।

ব্যাসিদ্ধ, ত্রি. [বি+আ-সিদ্ধ] নিষিদ্ধ, নিবারিত, মানাকরা।

ব্যাহত, ত্রি. [বি+আ-হন্-ত] বিশেষে আহত; ব্যর্থ খণ্ডিত।

ব্যাহতি, স্ত্রী. [বি+আ-হন-তি] ব্যাঘাত, বিঘ্ন, পরাজয়।

ব্যাহার, পুং. [বি+আ-হৃ-অ] বাক্য, কথা, উক্তি।

ব্যাহৃতি, স্ত্রী. [বি+আ-হৃ-তি] ব্যাহার, বাক্য; মন্ত্রবিশেষ, ভূরাদিত্রয়

ব্যুৎক্রম, পুং. [বি+উৎ-ক্রম] ক্রমবিপর্য্যয়, ব্যতিক্রম, তৎপর্য্যায়।—উৎক্রম, আক্রম।

ব্যুত্থান, ন. [বি+উৎ-স্থান] স্বাতন্ত্র্যকৃত্য, বিরোধাচরণ; প্রতিরোধন; সমাধিপারণ; নৃত্যবিশেষ; বিশেষে উত্থান।

ব্যুৎপত্তি, স্ত্রী. [বি+উৎপত্তি] বিশেষে উৎপত্তি; সংস্কার, দৃঢ়তরবোধ, জ্ঞান; শক্তিজ্ঞান।

ব্যুৎপন্ন, ত্রি. [বি+উৎপন্ন] সংস্কৃত; ব্যুৎপত্তি যুক্ত।

ব্যুৎপাদক, ত্রি. [বি+উৎপাদক] ব্যুৎপত্তিজনক, সংস্কার জনক।

ব্যুৎপাদকতা, স্ত্রী. [বি+উৎপাদকতা] ব্যুৎপাদকত্ব, ব্যুৎপত্তিজনকত্ব।

ব্যুৎপাদকশাস্ত্র, ন. [ব্যুৎপাদক+শাস্ত্র] ব্যাকরণ ও সাহিত্যাদি শাস্ত্র।

ব্যুৎপাদ্য, ত্রি. [বি+উৎপদ-য] ব্যুৎপত্তি জন্য সংস্কার্য্য।

ব্যূত, ত্রি. [বি+উত] স্যূত।
ব্যূতি, স্ত্রী. [বি+উ+তি] উতি, তন্তুসন্ততি, কাপড়বোনা।
ব্যুদাস, পুং. [বি+উৎ+আস] নিরাস, পরিত্যাগ।
ব্যপদেশ, পুং. [বি+উপদেশ] ব্যাজ, ছল।
ব্যুষ্ট, ন. [বি+বস-ত] ফল; দিন; প্রভাত; পর্য্যুষিত; (ত্রি.) উষিত; দগ্ধ।
ব্যুষ্টি, স্ত্রী. [বি+বস-তি] ফল; সমৃদ্ধি; স্তুতি; দাহ।
ব্যূঢ, ত্রি. [বি+বহ-ত] বিন্যস্ত; সংহত; প্রপৃল, বিস্তীর্ণ।
ব্যূঢকঙ্কট, ত্রি. [ব্যূঢ+কঙ্কট] সন্নদ্ধ।
ব্যূঢি, স্ত্রী. [বি+বহ-তি] বিন্যাস; সংহতি; প্রথুলতা।
ব্যূত, ত্রি. [বি+বে-ত] উত, তন্তুসন্তত, বোনা; সেলাইকরা।
ব্যূতি, স্ত্রী. [বি+বে-তি] বস্ত্রাদি বপনক্রিয়া, কাপড়বোনা, তৎপর্য্যায়।—বাণি, ব্যূতি, বাণী।
ব্যূহ, পুং. [বি+উহ] সমূহ, সজ্ঞ, রাশি; নির্ম্মাণ; তর্ক; দেহ; সৈন্য; যুদ্ধার্থসৈন্য রচনা, তৎপর্য্যায়।—বলবিন্যাস।
ব্যূহন, ন. [বি+উহ-অন] সৈন্যসংস্থান, সেনাদিগের শ্রেণীবদ্ধকরণ।
ব্যূহপার্ষ্ণি. পুং. [ব্যূহ+পার্ষ্ণি] ব্যূহপশ্চাদ্ভাগ, তৎপর্য্যায়।—প্রত্যাসার, প্রত্যাসর; ব্যূহমধ্য।
ব্যূহভঙ্গ, পুং. [ব্যূহ+ভঙ্গ] সৈন্যসংস্থান বিশৃঙ্খল হওন।
ব্যূহভেদ, পুং. [ব্যূহ+ভেদ] সৈন্যদিগের শ্রেণীমধ্যে প্রবেশকরণ।
ব্যূহরচনা, স্ত্রী. [ব্যূহ+রচনা] সৈন্যদিগের শ্রেণীবদ্ধকরণ, যুদ্ধার্থবিশেষ২ আকারে সেনাসংস্থাপন।
ব্যোকার, পুং. [ব্যো+কার] লৌহকার, কর্ম্মকার, কামার।
ব্যোম, ন. [ব্যো+মন্] আকাশ; জল; সূর্য্যের অর্চ্চনাশ্রয়; অভ্রক। [মহাদেব।
ব্যোমকেশী, পুং. [ব্যোমন্+কেশিন্] মহাদেব।
ব্যোমচারিপুর, ন. [ব্যোমচারিন্+পুর] শৌভপুর, দেবপুর।
ব্যোমচারী, পুং. [ব্যোমন্+চারিন্] দেবতা; পক্ষী; চিরজীবী; দ্বিজাত।
ব্যোমধূম, পুং. [ব্যোমন্+ধূম] মেঘ, জলধর, বারিদ।
ব্যোমনাসিকা, স্ত্রী. [ব্যোমন্+নাসিকা] ভারতীপক্ষী, ভারুইপাখী।
ব্যোমমঞ্জর, ন. [ব্যোমন্+মঞ্জর] পতাকা, ধ্বজা, নিশান।
ব্যোমমণ্ডল, ন. [ব্যোমন্+মণ্ডল] পতাকা, ধ্বজা, নিশান; আকাশ। [আঘাত।
ব্যোমমুদ্গার, পুং. [ব্যোমন্+মুদ্গার] নির্ঘাত,
ব্যোমযান, ন. [ব্যোমন্+যান] বিমান, আকাশগামি যন্ত্র, বেলুনযন্ত্র।
ব্যোমস্থলী, স্ত্রী. [ব্যোমন্+স্থল-ঈ] ভূমি; নভস্থল।
ব্যোমোদক, ন. [ব্যোমন্+উদক] দিব্যোদক, আকাশজল; শিশির।
ব্যোমাভ, পুং. [ব্যোম+আভ] বুদ্ধ।
ব্যোষ, ন. [বি+উষ-অ] ত্রিকটু, যথা। হরীতকী, আমলকী, বিভীতকী।
ব্রজ, পুং. [ব্রজ+অ] সমূহ; গোষ্ঠ, গোস্থান; পন্থা, পথ; অগ্রবন ও মথুরার চতুঃপার্শ্ববর্ত্তিদেশ; (ন.) ব্রজন, গমন।
ব্রজক, পুং. [ব্রজ+ক] তপস্বী, যোগী; গন্তা, গমনকারী।
ব্রজকিশোর, পুং. [ব্রজ+কিশোর] শ্রীকৃষ্ণ।
ব্রজন, ন. [ব্রজ+অন] গমন, পর্য্যটন, চলন।
ব্রজনাথ, পুং. [ব্রজ+নাথ] শ্রীকৃষ্ণ।
ব্রজবর, পুং. [ব্রজ+বর] শ্রীকৃষ্ণ।
ব্রজবল্লভ, পুং. [ব্রজ+বল্লভ] শ্রীকৃষ্ণ।
ব্রজভূ, পুং. [ব্রজ+ভূ] কেলিকদম্ব; (স্ত্রী.) ব্রজভূমি; (ত্রি.) ব্রজজাত।
ব্রজভূমি, স্ত্রী. [ব্রজ+ভূমি] ব্রজস্থান, বৃন্দাবন। [স্থান

ব্রজমোহন, পুং. [ব্রজ+মোহন] শ্রীকৃষ্ণ।

ব্রজাঙ্গনা, স্ত্রী. [ব্রজ+অঙ্গনা] গোপী, ব্রজনারী, ব্রজবালিকা।

ব্রজ্যা, স্ত্রী. [ব্রজ+য-আ] পর্য্যটন, ভ্রমণ; জয়েচ্ছুক ব্যক্তির গমন; গমন; বর্গ, সমূহ; রঙ্গ।

ব্রণ, পুং. ন. [ব্রণ+অ] ক্ষত,স্ফোটক,ফোড়া, তৎপর্য্যায়।—ঈর্ম্ম, অরুঃ।

ব্রণকৃৎ, পুং. [ব্রণ+কৃৎ] ভল্লাতক বৃক্ষ; (ত্রি.) ক্ষতকারক।

ব্রণকেতুঘ্নী, স্ত্রী. [ব্রণ+কেতুঘ্নী] দুগ্ধফেণী ক্ষুপ।

ব্রণঘ্ন, ত্রি. [ব্রণ+হন্-অ] ব্রণনাশক, স্ফোটক নাশক।

ব্রণদ্বিট্, পুং. [ব্রণ+দ্বিষ্] ব্রাহ্মণযষ্টিকাবৃক্ষ, বামনহাটী গাছ; (ত্রি.) ব্রণদ্বেষক।

ব্রণহ, পুং. [ব্রণ+হন্+অ] এরণ্ডবৃক্ষ,ভেরেণ্ডাগাছ; (ত্রি.) ব্রণঘাতক।

ব্রণহা, স্ত্রী. [ব্রণ+হন্-আ] গুড়ূচীলতা, গুলঞ্চ।

ব্রণহৃৎ, পুং. [ব্রণ+হৃৎ] কলিকারীবৃক্ষ।

ব্রণারি, পুং. [ব্রণ+অরি] বোল; অগস্ত্যবৃক্ষ।

ব্রত, পুং. ন. [ব্রত+অ] ভক্ষণ; পুণ্যজনক উপবাসাদি,তৎপর্য্যায়।—নিয়ম, পুণ্যক, নিয়াম, সংযম। [বল্লী।

ব্রততি, স্ত্রী. [বৃত+তন্] বিস্তার; লতা,

ব্রততী, স্ত্রী. [বৃত+তন্-ঈ] বিস্তার; বল্লী, লতা।

ব্রতভিক্ষা, স্ত্রী. [ব্রত+ভিক্ষা] উপনয়নকালীন ভিক্ষা।

ব্রতসংগ্রহ, পুং. [ব্রত+সংগ্রহ] দীক্ষা, মন্ত্র গ্রহণকরণ, উপদেশ।

ব্রতাদেশ, পুং. [ব্রত+আদেশ] উপনয়ন, সংস্কারবিশেষ।

ব্রতী, পুং. [ব্রত+ইন্] যজমান; (ত্রি.) ব্রতবিশিষ্ট; গৃহীতব্রত, নিয়মস্থ, গৃহীত নিয়ম।

ব্রতোদ্যাপন, ন. [ব্রত+উদ্যাপন] ব্রতসাঙ্গ, ব্রতসম্পূর্ণ।

ব্রধ্ন, পুং. [ব্রধ+ত] সূর্য্য; বৃক্ষমূল; অর্কবৃক্ষ, আকন্দগাছ; শিব; রোগবিশেষ।

ব্রশ্চন, ন. [ব্রশ্চ+অন] ছেদন, ছিন্নকরণ, কাটন; বৃক্ষচ্ছেদন জাত নির্য্যাস; (পুং.) স্বর্ণাদিচ্ছেদিকা, ছেনী, তৎপর্য্যায়।—পত্রপরশু, পত্রপর্শ্ম, স্বর্ণলোহাদি ভেদক।

ব্রহ্ম, ন. [বৃহ+মন্] বেদ; তত্ত্ব; তপঃ, তপস্যা; পরমাত্মা; ব্রহ্ম নামানি যথা। বিরাট, হিরণ্যগর্ব্ভ, ঈশ্বর, তুরীয়।

ব্রহ্মকন্যকা, স্ত্রী. [ব্রহ্মন্+কন্যকা] সরস্বতী, বাগ্দেবী; ব্রাহ্মী।

ব্রহ্মকর্ম্মসমাধি, পুং.[ব্রহ্মন্+কর্ম্মন্+সমাধি] কর্ম্মাত্মক ব্রহ্মেতে চিত্তের একাগ্র।

ব্রহ্মকীট, (প্রা) ব্যাধিবিশেষ।

ব্রহ্মকুণ্ড, ন. [ব্রহ্মন্+কুণ্ড] ব্রহ্মাকর্ত্তৃক নির্ম্মিত সরোবরবিশেষ, তীর্থবিশেষ।

ব্রহ্মকূট, পুং. [ব্রহ্মন্+কূট] পর্ব্বতবিশেষ।

ব্রহ্মকূর্চ্চ, ন. [ব্রহ্মন্+কূর্চ্চ] ব্রতবিশেষ।

ব্রহ্মকোশী, স্ত্রী. [ব্রহ্মন্+কোশ-ঈ] অজমোদা, যউন।

ব্রহ্মগর্ব্ভা, স্ত্রী. [ব্রহ্মন্+গর্ব্ভ-আ] আদিত্যভক্তা, হুড়হুড়িয়া। [ব্রহ্মপর্ব্বত।

ব্রহ্মগিরি, পুং. [ব্রহ্মন্+গিরি] ব্রহ্মশৈল,

ব্রহ্মঘাতী, ত্রি. [ব্রহ্মন্+ঘাতিন্] ব্রহ্মঘ্ন, ব্রাহ্মণ হত্যাকারী।

ব্রহ্মঘ্ন, ত্রি. [ব্রহ্মন্+হন্-অ] ব্রহ্মঘাতী, ব্রাহ্মণ নাশক।

ব্রহ্মঘ্নী, স্ত্রী. [ব্রহ্মন্+হন্-অ-ঈ] গৃহকন্যা ঘৃতকুমারী; ব্রহ্মঘাতিনী।

ব্রহ্মচর্য্য, ন. [ব্রহ্মন্+চর-য] আশ্রমবিশেষ, সন্ন্যাসাশ্রম, প্রথমাশ্রম; ব্রতবিশেষ।

ব্রহ্মচারণী, স্ত্রী. [ব্রহ্মন্+চারণ-ঈ] ভার্গী, বামনহাটী গাছ।

ব্রহ্মচারিণী, স্ত্রী. [ব্রহ্মন্+চারিন্-ঈ] ব্রহ্মচর্য্যব্রত ধারিণী; দুর্গা; ব্রাহ্মীশাক; করুণীবৃক্ষ।

ব্রহ্মচারী, পুং. [ব্রহ্মন্+চারিন্] প্রথমাশ্রমী, উপনয়নানন্তর নিয়ম করিয়া গুরুকুলে যিনি বেদাভ্যাস করেন, তদ্বিবিধা যথা। উপকুর্ব্বাণ, নৈষ্ঠিক।

ব্রহ্মজটা, স্ত্রী. [ব্রহ্মন্+জটা] মদনকবৃক্ষ, ময়নাগাছ। [অস্ত্রবিশেষ।
ব্রহ্মজাল, ন. [ব্রহ্মন্+জাল] লতাবৃক্ষবিশেষ;
ব্রহ্মজন্ম, ন. [ব্রহ্ম+জন্মন্] দ্বিতীয় সংস্কার উপনয়ন।
ব্রহ্মজীবী, পুং. [ব্রহ্মন্+জীবিন্] দ্বিজকার্য্যে মূল্যদ্বারা পরিচারক, বৈতনিক মনুষ্য।
ব্রহ্মযজ্ঞ, পুং. [ব্রহ্মন্ + যজ্ঞ] সমষ্টিস্থূল দেহাভিমানি বিরাট, সর্ব্বজ্ঞ।
ব্রহ্মজ্ঞ, পুং. [ব্রহ্মন্ + জ্ঞা-অ] শ্রীগোপাল; (ত্রি.) ব্রহ্মবেত্তা, ব্রহ্মজ্ঞানী; আত্মতত্ত্বজ্ঞ।
ব্রহ্মজ্ঞান, ন. [ব্রহ্মন্+জ্ঞান] ব্রহ্মবিষয়ক জ্ঞান, আত্মজ্ঞান যথা। তত্ত্বমস্যাদি বাক্য জন্য প্রতিফলিত বৃত্ত্যারূঢ় জ্ঞান, নিথ্যাবাসনা বিরহ বিশিষ্ট আত্মভিন্ন ভিন্নজ্ঞান; ক্লেশকর্ম্ম বিপাকাশয় নিবর্ত্তক হিরণ্যগর্ভ বিষয়ক জ্ঞান, প্রকৃতি পুরুষয়োর্বিবেক বিষয়জ্ঞান।
ব্রহ্মজ্ঞানী, ত্রি. [ব্রহ্মন্+জ্ঞানিন্] ব্রহ্মজ্ঞানবিশিষ্ট, আত্মতত্ত্বজ্ঞ, জ্ঞানী।
ব্রহ্মণ্য, পুং. [ব্রহ্মণ+য] বিষ্ণু; ব্রহ্মদারুবৃক্ষ; মুঞ্জতৃণ, মুজলতা, মুঞ্জা; তূলবৃক্ষ, তুলার গাছ; শনৈশ্চরগ্রহ; (ত্রি.) ব্রহ্মবিষয়ে সাধু; বেদবোধিত কর্ম্ম।
ব্রহ্মণ্যদেব, পুং. [ব্রহ্মণ্য+দেব] শ্রীকৃষ্ণ, নারায়ণ।
ব্রহ্মতত্ত্ব, ন. [ব্রহ্মন্ + তত্ত্ব] আত্মতত্ত্ব, ব্রহ্মধর্ম্ম, ব্রহ্মস্বরূপ, ব্রহ্মজ্ঞান। [পদ।
ব্রহ্মতা, স্ত্রী. [ব্রহ্মন্+ত-আ] ব্রহ্মত্ব, ব্রহ্ম-
ব্রহ্মতাল, পুং. [ব্রহ্মন্+তাল] চতুর্মুখতাল, দশতালাত্মক। [টাকুরা।
ব্রহ্মতালু, ন. [ব্রহ্মন্+তালু] শিরোমধ্যভাগ;
ব্রহ্মতীর্থ, ন. [ব্রহ্মন্+তীর্থ] পুষ্করমূল; পঙ্কেরবীজ; পুষ্করতীর্থ।
ব্রহ্মত্ব, ন. [ব্রহ্মন্+ত্ব] ব্রহ্মপদ, তৎপর্য্যায়। ব্রহ্মভূয়, ব্রহ্মসাযুজ্য, ব্রহ্মতন্ময়তা।
ব্রহ্মদণ্ড, পুং. [ব্রহ্মন্+দণ্ড] ব্রাহ্মণযষ্টিকা, বামনহাটী গাছ; বশিষ্ঠমুনির সিদ্ধযষ্টি; ব্রহ্মশাপ; ব্রহ্মাণ্ড।
ব্রহ্মদণ্ডী, স্ত্রী. [ব্রহ্মন্+দণ্ড-ঈ] ক্ষুদ্র ক্ষুপবিশেষ, তৎপর্য্যায়।—অজদণ্ডী, কণ্টপত্রফলা।
ব্রহ্মদত্ত, পুং. [ব্রহ্মন্+দত্ত] ইক্ষাকুবংশীয় রাজাবিশেষ, তৎপর্য্যায়।—ব্রহ্মসূনু।
ব্রহ্মদর্ভা, স্ত্রী. [ব্রহ্মন্+দর্ভ-আ] যমানিকা, যউন।
ব্রহ্মদারু, ন, [ব্রহ্মন্+দারু] স্বনামখ্যাত অশ্বথাকারবৃক্ষ বিশেষ, তৎপর্য্যায়।—মূদ, পূষ, ক্রমুক, ব্রহ্মণ্য, তূল, লাকিপশ, তল, পূগ, যূষ; (পুং.) যজ্ঞোডুম্বর বৃক্ষ।
ব্রহ্মদৈত্য, পুং. [ব্রহ্মন্+দৈত্য] প্রেতযোনিপ্রাপ্ত ব্রাহ্মণ।
ব্রহ্মনাভ, পুং. [ব্রহ্মন্+নাভি] বিষ্ণু, নারায়ণ।
ব্রহ্মনাল, ন. [ব্রহ্মন্+নাল] কাশীস্থ তীর্থবিশেষ, বারাণসীর চক্রতীর্থের পূর্ব্বভাগে পিতামহেশ্বর লিঙ্গের নিম্ন তীর্থ।
ব্রহ্মনিরূপণ, ন. [ব্রহ্মন্+নিরূপণ] আত্মতত্ত্ব নির্ণয়; ব্রহ্মনির্ণয়।
ব্রহ্মনিরূপক, ত্রি. [ব্রহ্মন্+নিরূপক] ব্রহ্মস্বরূপ নির্ণয়ক।
ব্রহ্মনির্ব্বাণ, ন. [ব্রহ্মন্+নির্ব্বাণ] ব্রহ্মনির্বৃতি, নির্ব্বাণ প্রাপ্ত।
ব্রহ্মপত্র, ন. [ব্রহ্মন্ + পত্র] পলাশপত্র, পলাশপাতা।
ব্রহ্মপর্ণী, স্ত্রী. [ব্রহ্মন্+পর্ণ-ঈ] পৃশ্নিপর্ণী লতা।
ব্রহ্মপবিত্র, পুং. [ব্রহ্মন্+পবিত্র] কুশ; কাশ।
ব্রহ্মপাদপ, পুং. [ব্রহ্মন্+পাদপ] পলাশ বৃক্ষ; যজ্ঞোডুম্বর।
ব্রহ্মপুত্র, পুং. [ব্রহ্মন্+পুত্র] বিষবিশেষ; ক্ষেত্রবিশেষ; নদবিশেষ, তৎপর্য্যায়।—অমোঘানন্দন, লৌহিত্য, লোহিত।
ব্রহ্মপুত্রী, স্ত্রী. [ব্রহ্মন্ + পুত্র-ঈ] স্বরস্বতী-নদী; বারাহীকন্দ, শূকরকন্দ।
ব্রহ্মপুরী, স্ত্রী. [ব্রহ্মন্+পুর-ঈ] বিধাতার ধাম, ব্রহ্মারপুরী; কাশী, বারাণসী
ব্রহ্মবদ্য, ন. [ব্রহ্মন্+বদ-য] ব্রহ্মার বাক্য, ব্রহ্মবাক্য।

ব্রহ্মবদ্য, ত্রি. [ব্রহ্মন্+বদ+য-আ] বাক্য, কথা।

ব্রহ্মবধী, পুং. [ব্রহ্মন্+বধিন্] ব্রহ্মঘ্ন, ব্রহ্ম-হত্যাকারী।

ব্রহ্মবন্ধু, পুং. [ব্রহ্মন্+বন্ধু] অধিক্ষেপ, নিন্দিত ব্রাহ্মণ, নির্দ্দেশ, অগ্রাহ্যনামক ব্রাহ্মণ; ব্রাহ্মণ জাতিবিশেষ।

ব্রহ্মবন্ধূ, পুং. [ব্রহ্ম+বন্ধূ] ব্রহ্মবন্ধু।

ব্রহ্মবর্চ্চস, ন. [ব্রহ্মন্+বর্চ্চস্] ব্রাহ্মণের বৃত্তাধ্যায়ন জন্য তেজঃ।

ব্রহ্মবর্চ্চস্বী, ত্রি. [ব্রহ্মন্+বর্চ্চস্বিন্] ব্রহ্ম-শক্তি বিশিষ্ট।

ব্রহ্মবর্ত্ত, পুং. [ব্রহ্মন্+বৃৎ-অ] ব্রহ্মাবর্ত্ত দেশ।

ব্রহ্মবর্দ্ধন, ন. [ব্রহ্মন্-বর্দ্ধন] তাম্র, তামা।

ব্রহ্মবাচক, ত্রি. [ব্রহ্মন্+বাচক] ব্রহ্মবাদী, বেদবেত্তা।

ব্রহ্মবাদ, পুং. [ব্রহ্মন্+বদ-অ] বেদপাঠ, বেদাধ্যয়ন, তৎপর্য্যায়:—শ্রুতাদান।

ব্রহ্মবাদিনী, স্ত্রী. [ব্রহ্মন্+বাদিন্-ঈ] গায়ত্রী, বেদমাতা, ব্রহ্মজ্ঞান, বেদান্ত বিদ্যা।

ব্রহ্মবাদী, পুং, [ব্রহ্মন্+বাদিন্] বেদবক্তা, তৎপর্য্যায়।—বেদান্তী।

ব্রহ্মবিদ, ত্রি. [ব্রহ্মন্+বিদ্] ব্রহ্মজ্ঞ।

ব্রহ্মবিদ্যা, স্ত্রী. [ব্রহ্মন্+বিদ্যা] ব্রহ্মজ্ঞান।

ব্রহ্মবিন্দু, পুং. [ব্রহ্মন্+বিন্দু] বেদপাঠে মুখনির্গত বিন্দু।

ব্রহ্মবৃত্তি, স্ত্রী. [ব্রহ্মন্+বৃত্তি] ব্রাহ্মণের জীবনোপায়; ব্রহ্মণ্য ব্যবহার; ব্রহ্মস্ব।

ব্রহ্মবৃক্ষ, পুং. [ব্রহ্মন্+বৃক্ষ] পলাশবৃক্ষ; উড়ুম্বর বৃক্ষ, যজ্ঞডুম্বর।

ব্রহ্মবেদ, পুং. [ব্রহ্মন্+বিদ-অ] ব্রহ্মজ্ঞান, একাত্মবোধ।

ব্রহ্মবেদি, স্ত্রী. [ব্রহ্মন্+বেদ-ই] দেশবিশেষ।

ব্রহ্মবেদী, ত্রি. [ব্রহ্মন্+বেদিন্] ব্রহ্মজ্ঞ; বেদীবিশেষ।

ব্রহ্মবৈবর্ত্ত, ন. [ব্রহ্মন্+বৈবর্ত্ত] অষ্টাদশ মহাপুরাণান্তর্গত দশম পুরাণ।

ব্রহ্মবোধ, পুং. [ব্রহ্মন্+বোধ] পরমাত্ম-বিষয়ক জ্ঞান, আত্মজ্ঞান।

ব্রহ্মভূত, ত্রি. [ব্রহ্মন্+ভূত] ব্রহ্মেলয়প্রাপ্ত।

ব্রহ্মভূতি, স্ত্রী. [ব্রহ্মন্+ভূতি] সন্ধ্যা, সায়ং-কাল।

ব্রহ্মভূমিজা, স্ত্রী. [ব্রহ্মন্+ভূমিজা] সিং-হলী।

ব্রহ্মভূয়, ন. [ব্রহ্মন্+ভূয়] ব্রহ্মত্ব, ব্রহ্মভাব, ব্রহ্মসাযুজ্য।

ব্রহ্মমূর্দ্ধভৃৎ, পুং. [ব্রহ্মন্+মূর্দ্ধ-ভৃৎ] শিব, মহাদেব।

ব্রহ্মমেখল, পুং. [ব্রহ্মন্+মেখলা] মুঞ্জা-তৃণ।

ব্রহ্মযজ্ঞ, পুং. [ব্রহ্মন্+যজ্ঞ] বিধিপূর্ব্বক বেদাভ্যাস; শিষ্যদিগের অধ্যাপনা।

ব্রহ্মযষ্টি, স্ত্রী. [ব্রহ্মন্+যষ্টি] ভার্গী, বামন-হাটিগাছ।

ব্রহ্মযোনি, পুং. [ব্রহ্মন্+যোনি] ব্রহ্মগিরি, পর্ব্বতবিশেষ; বেদ।

ব্রহ্মযোনী, স্ত্রী. [ব্রহ্মন্+যোনি-ঈ] কুরু-ক্ষেত্রে সরস্বতী তীরে পৃথূদক নিকটস্থ তীর্থবিশেষ।

ব্রহ্মরন্ধ্র, ন. [ব্রহ্মন্+রন্ধ্র] উত্তমাঙ্গ, ব্রহ্ম-তালু।

ব্রহ্মরাত্র, পুং. [ব্রহ্মন্+রাত্র] ব্রাহ্মমুহূর্ত্ত, রাত্রির শেষ ৪ দণ্ড।

ব্রহ্মরাত্রি, পুং. [ব্রহ্মন্+রাত্রি] যাজ্ঞবল্ক্য মুনি; (স্ত্রী.) ব্রহ্মার রাত্রি।

ব্রহ্মরাক্ষস, পুং. [ব্রহ্মন্+রাক্ষস] ভূতবিশেষ; মহাদেবের গণবিশেষ।

ব্রহ্মরীতি স্ত্রী. [ব্রহ্মন্+রীতি] পিত্তলবিশেষ।

ব্রহ্মর্ষি, পুং. [ব্রহ্মন্+ঋষি] বশিষ্ঠাদি মুনি-গণ।

ব্রহ্মর্ষিদেশ, পুং. [ব্রহ্মর্ষি+দেশ] কুরু-ক্ষেত্রাদি দেশ চতুষ্টয়, যথা।—কুরু-ক্ষেত্র, মৎস্য, পাঞ্চাল, শূরসেনক।

ব্রহ্মলোক, পুং. [ব্রহ্মন্+লোক] ব্রহ্মার ভুবন, ব্রহ্মস্থান।

ব্রহ্মশল্য, পুং. [ব্রহ্মন্+শল্য] সোমবল্ক, বাবলাগাছ।

ব্রহ্মশাসন, ন. [ব্রহ্মন্+শাসন] ব্রহ্ম বিচার গৃহ, তৎপর্য্যায়।—ধর্ম্মকীলক, ব্রহ্মের

আজ্ঞা, (পুং.) নবদ্বীপের পূর্ব্ব দক্ষিণ-কোণে গঙ্গাপারে গ্রামবিশেষ।

ব্রহ্মসংহিতা, স্ত্রী. [ব্রহ্মন্+সংহিতা] ভগবৎ সিদ্ধান্ত সংগ্রহ গ্রন্থবিশেষ।

ব্রহ্মসম্ভব, পুং. [ব্রহ্মন্+সম্ভব] দ্বিপৃষ্ঠ-নামক জৈনবিশেষ

ব্রহ্মসত্র, ন. [ব্রহ্মন্+সত্র] বেদাধ্যয়ন।

ব্রহ্মসর্প, পুং. [ব্রহ্মন্+সর্প] সর্পবিশেষ, তৎপর্য্যায়।—হলাহল, অশ্বলালা।

ব্রহ্মসম্ভব, পুং. [ব্রহ্মন্+সম্ভব] বাসুদেবদিগের মধ্যে দ্বিতীয় জীন; (ত্রি.) ব্রহ্মজাত।

ব্রহ্মসাযুজ্য, ন. [ব্রহ্মন্+সাযুজ্য] ব্রহ্মের ভাব, তৎপর্য্যায়।—ব্রহ্মভূয়, ব্রহ্মত্ব, ব্রহ্মসাপুজ্য।

ব্রহ্মসাবর্ণি, পুং. [ব্রহ্মন্+সাবর্ণি] দশম মনু।

ব্রহ্মসূ, পুং. [ব্রহ্মন্+সূ] প্রদ্যুম্ন; কামদেব; অনিরুদ্ধ।

ব্রহ্মসূত্র, ন. [ব্রহ্মন্+সূত্র] যজ্ঞসূত্র, তৎ-পর্য্যায়।—পবিত্র, যজ্ঞোপবীত, দ্বিজায়নী, উপবীত, সাবিত্র, সাবিত্রী সূত্র।

ব্রহ্মসূনু, পুং. [ব্রহ্মন্+সূনু] ইক্ষ্বাকু বংশোদ্ভব রাজাবিশেষ, তৎপর্য্যায়।—ব্রহ্মদত্ত।

ব্রহ্মস্ব, ন. [ব্রহ্মন্+স্ব] ব্রাহ্মণসম্বন্ধীয় ধন।

ব্রহ্মহত্যা, স্ত্রী. [ব্রহ্মন্+হন্-য-আ] ব্রাহ্মণ বধ।

ব্রহ্মহবিঃ, ন. [ব্রহ্মন্+হবিস্] অর্পণাখ্য হবিঃ যিনি তাহাই ব্রহ্ম।

ব্রহ্মহা, পুং. [ব্রহ্মন্+হন্-আ] ব্রহ্মঘ্ন, ব্রাহ্মণবধকর্ত্তা।

ব্রহ্মহুত, ন. [ব্রহ্মন্+হুত] পঞ্চমহাযজ্ঞান্ত-র্গত যজ্ঞবিশেষ, নৃযজ্ঞ, অতিথি পূজন-রূপ।

ব্রহ্মা, পুং. [বৃহ+মন্] যজ্ঞের ঋত্বিক্‌বিশেষ; যোগবিশেষ, বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত পঞ্চবিংশতি যোগ; বিপ্র, ব্রাহ্মণ; অর্হদুপাসকবিশেষ; সৃষ্টিকর্ত্তা দেবতাবিশেষ, প্রজাবর্দ্ধক, তৎপর্য্যায়। অষ্টকর্ণ, অষ্টশ্রবা, অব্জজ, অব্জযোনি, আ, আত্মভূ, আত্মযোনি, আদি কবি, ক, কঞ্জ, কঞ্জজ, কঞ্জর, করি, কমলাসন, কৃপাদ্বৈত, খসর্পণ, গুণসাগর, চতুরানন, চতুর্ব্বক্ত্র, চতুর্মুখ, চিন্তামণি, জগৎকর্ত্তা, জগদ্যোনি, জটাধর, জয়পাল, জূর্ণি, জ্ঞ, দ্রুঘণ, দ্রুহিণ, ধ, ধরুণ, ধাতা, নাভিজ নাভিজন্মা, নাভিভূ, পদ্মগর্ভ, পদ্মপাণি, পদ্মভূ, পদ্মযোনি, পদ্মাসন, পদ্মোদ্ভব, পরমেষ্ঠ, পরমেষ্ঠী, পুরাণগ, পিতামহ, প্রজাপতি, প্রভু, বহুরূপ, বহুরেতঃ, বিখনা, বিধস্, বিধাতা, বিধু, বিধি, বিরিঞ্চ, বিরিঞ্চন, বিরিঞ্চি, বিশ্বসৃক্, বিশ্বগ, বিশ্বরেতা, বেদগর্ভ, বেদীশ, বেধা, ভূতাত্মা, ভূরি, ম, মহাবীর্য্য, মঞ্জুপ্রাণ, লোকনাথ, লোকেশ, শতধৃতি, শতপত্রনিবাস, শতানন্দ, শম্ভু, শল, শুভ্রি, শ্বেতপত্ররথ, সঞ্জ, সনৎশতধৃতি, সনাতন, সন্ধ্যারাম, সরোজী, সরোরুহাসন, সর্ব্বকর্ত্তা, সর্ব্বগ, সর্ব্বতোমুখ, সাত্ত্বিক, সামযোনি, সয়ম্ভুবমনুপিতা, সুধাবর্ব্বা, স্থবির, স্বভূ, স্বয়ম্ভু, স্রষ্টা, সুরজ্যেষ্ঠ, হংসবাহন, হংসরথ, হংসারূঢ়, হিরণ্যগর্ভ, হিরণ্ময়, হেমাঙ্গ, নবমপ্রকার ব্রহ্মা যথা।—ভৃগু, পুলস্ত্য, পুলহ, ক্রতু, অঙ্গিরাঃ, মরীচি, অত্রি, দক্ষ, বশিষ্ঠ।

ব্রহ্মাগ্রভূ, পুং. [ব্রহ্মন্+অগ্র-ভূ] ঘোটক, অশ্ব, ঘোড়া।

ব্রহ্মাঞ্জলি, পুং. [ব্রহ্মন্+অঞ্জলি] সামবেদ পাঠে স্বরবিভাগার্থ অঞ্জলিকারক

ব্রহ্মাণী, স্ত্রী. [ব্রহ্মন্+ঈ] ব্রহ্মার পত্নী, শতরূপা, সাবিত্রী; সরস্বতী, গায়ত্রী; দুর্গা; রেণুকানামক গন্ধ দ্রব্যবিশেষ; ব্রহ্মশক্তি; রাজার রীতি।

ব্রহ্মাণ্ড, ন. [ব্রহ্মন্+অণ্ড] ভুবনকোষ, বিশ্ব-গোলক, জগৎ; মহাদানবিশেষ।

ব্রহ্মাত্মভূ, পুং. [ব্রহ্মন্+আত্মন্-ভূ] অশ্ব, ঘোটক।

ব্রহ্মাদনী, স্ত্রী. [ব্রহ্মন্+অদন-ঈ] হংস-পদী।

ব্রহ্মাদিজাতা, স্ত্রী. [ব্রহ্মন্+আদি+জাত-আ] গোদাবরী, নদী।

ব্রহ্মাপেত, পুং. [ব্রহ্মন্+অপেত] মাঘমাসে সূর্য্য নিকটস্থিত রাক্ষস।

ব্রহ্মাবর্ত্ত, পুং. [ব্রহ্মন্+আবর্ত্ত] দেশবিশেষ, তৎপর্য্যায়।—তপোবট।

ব্রহ্মারণ্য, ন. [ব্রহ্মন্+অরণ্য] বেদ পাঠ ভূমি।

ব্রহ্মার্পণ, ন. [ব্রহ্মন্+অর্পণ] ব্রহ্মেতে সমর্পণ।

ব্রহ্মাসন, ন. [ব্রহ্মন্+আসন] ধ্যানাসনবিশেষ; যোগাসন।

ব্রহ্মাস্ত্র, ন. [ব্রহ্মন্+অস্ত্র] ব্রহ্মস্বরূপ অস্ত্র।

ব্রহ্মাহুতি, স্ত্রী. [ব্রহ্মন্+আহুতি] অগ্নিতে ঘৃতাহুতি।

ব্রহ্মিষ্ঠা, স্ত্রী. [ব্রহ্ম+স্থা] দুর্গা, ভগবতী।

ব্রহ্মী, স্ত্রী. [বৃহ+মন্-ঈ] পঞ্চগড়ক মৎস্য, পাঁকালমাছ; কঞ্জিকাবৃক্ষ; শাকবিশেষ, ব্রহ্মী, তৎপর্য্যায়।—মৎস্যাক্ষী, সুরসা, বয়স্থা, ব্রহ্মচারিণী, সোমবল্লরী, সরস্বতী, সৌম্যা, সুরশ্রেষ্ঠা, সুবর্চ্চলা, কপোতবেগা, বৈধাত্রী, দিব্যতেজা; মহৌষধী, স্বায়ম্ভুবী, সৌম্যলতা, সুরেষ্টা, ব্রহ্মকন্যকা, মণ্ডুকমাতা, মণ্ডূকী, মেধ্যা, বীরা, ভারতী, বরা, পরমেষ্ঠিনী, দিব্যা, সারদা।

ব্রহ্মীঘৃত, ন. [ব্রহ্মী+ঘৃত] ঔষধবিশেষ, সারস্বত ঘৃত।

ব্রহ্মোত, ত্রি. [ব্রহ্মন্+আ-উত] ব্রহ্মে সম্যক্ প্রকারে গ্রথিত।

ব্রহ্মোত্তর, ত্রি. [ব্রহ্মন্+উত্তর] ব্রাহ্মণ স্বামিক ভূম্যাদি।

ব্রহ্মোদ্য, ন. [ব্রহ্মন্+বদ-য] ব্রহ্মবাক্য, ব্রহ্মের কথা।

ব্রহ্মোদ্যা, ত্রি. [ব্রহ্মন্+বদ+য-আ] ব্রহ্মবাক্য, ব্রহ্মের কথা।

ব্রহ্মোপদেশক, পুং. [ব্রহ্মন্+উপদেশক] বেদোপদেশক; তত্ত্বজ্ঞানোপদেশক।

ব্রহ্মোপনেতা, পুং. [ব্রহ্মন্+উপ-নেতৃ] পলাশবৃক্ষ; ব্রাহ্মণোপনায়ক বর্গ।

ব্রহ্মৌদন, ন. [ব্রহ্মন্+ঔদন] যজ্ঞে ঋত্বিক্দিগের দত্তঅন্ন।

ব্রাজি, স্ত্রী. [ব্রজ+ই] বায়ু, বাতাস।

ব্রাত, পুং. [ব্রত+অ] সমূহ, সংঘ, দল; বরযাত্র; ব্যাধাদি; (ন.) কায়িক পরিশ্রম।

ব্রাতীন, পুং. [ব্রাত+ইন] সংঘজিবী।

ব্রাত্য, পুং. [ব্রত+য] দশ সংস্কাররহিত, তৎপর্য্যায়।—সংস্কারহীন, সাবিত্রী পতিত, বাগ্‌দুষ্ট, পরুষোক্তিক।

ব্রাত্যস্তোম, পুং. [ব্রাত্য+স্তোম] যজ্ঞবিশেষ।

ব্রাহ্ম, ন. [ব্রহ্মন্+অ] ব্রহ্মতীর্থ, অঙ্গুষ্ঠমূল, (পুং.) নারদ; বিবাহবিশেষ; ব্রহ্মপুরাণ; ব্রহ্মোপাসক।

ব্রাহ্মণ, ন. [ব্রাহ্মন্+অ] ব্রহ্মসংঘাত, ব্রাহ্মণসমূহ; বেদভাগ; (পুং.) বিপ্রতনয়, তৎপর্য্যায়।—দ্বিজাতি, অগ্রজন্মা, ভূদেব, বাড়ব, বিপ্র, দ্বিজ, সূত্রকণ্ঠ, জ্যেষ্ঠবর্ণ, অগ্রজাতক, দ্বিজন্মা, বক্ত্রজ, মৈত্র, বেদবাস, নয়, গুরু, ব্রহ্মা, ষট্‌কর্ম্মা, দ্বিজোত্তম, সর্ব্ববর্ণ শ্রেষ্ঠ।

ব্রাহ্মণচাণ্ডাল, পুং. [ব্রাহ্মণ+চাণ্ডাল] ব্রাহ্মণীর গর্ভে শূদ্রজাত সন্তান।

ব্রাহ্মণব্রুব, পুং. [ব্রাহ্মণ+ব্রুব] ব্রাহ্মণ জাতিমাত্র উপজীবী, অবেদব্রাহ্মণ, অব্রাহ্মণ।

ব্রাহ্মণযষ্টিকা, স্ত্রী. [ব্রাহ্মণ+যষ্টিকা] বৃক্ষবিশেষ, বামনহাটী গাছ, তৎপর্য্যায়।—ফঞ্জিকা, ব্রাহ্মণী, পদ্মা, ভার্গী, অঙ্গারবল্লী, বালেয়, শাক, বর্ব্বর, বর্দ্ধক, ব্রহ্মযষ্টি, ব্রহ্মযষ্টী, ফঞ্জী, যষ্টী, ব্রহ্মযষ্টিকা, দুর্ব্বরা, অঙ্গারবল্লরী, বালেয়, ব্রাহ্মিকা, ভৃগুভবা, পথ্যা, খরশাক, হঞ্জিকা। [বামনহাটী গাছ।

ব্রাহ্মণযষ্টী, স্ত্রী. [ব্রাহ্মণ+যষ্টী] ভার্গী,

ব্রাহ্মণহিত, ত্রি. [ব্রাহ্মণ+হিত] ব্রাহ্মণের হিতকারী, তৎপর্য্যায়।—ব্রাহ্মণ্য।

ব্রাহ্মণায়ন, পুং. [ব্রাহ্মণ+অয়ন] শুদ্ধসন্তান জাতবিপ্র।

ব্রাহ্মণী, স্ত্রী. [ব্রাহ্মণ+ঈ] ফঞ্জিকা। পৃক্কা, পিড়াংশাক; ব্রাহ্মণপত্নী; বরটী, পীপিলিকাভেদ, তৎপর্য্যায়।—স্থূলশীর্ষিকা।

ব্রাহ্মণ্য, ন. [ব্রাহ্মণ+য] ব্রাহ্মণসমূহ; ব্রাহ্মণত্ব, (পুং.) সলিগ্রহ।

ব্রাহ্মমুহূর্ত্ত, পুং. [ব্রাহ্ম+মুহূর্ত্ত] অরুণোদয় কালের প্রথমদণ্ডদ্বয়, সূর্য্যোদয়ের প্রাক্কাল।

ব্রাহ্মাহোরাত্র, পুং. [ব্রাহ্ম+অহোরাত্র] ব্রহ্মার দিবারাত্রি, দৈবযুগসহস্রদ্বয়কাল।

ব্রাহ্মিকা, স্ত্রী. [ব্রহ্ম+ইক+আ] ব্রাহ্মণযষ্টিকাবৃক্ষ, বামনহাটী।

ব্রাহ্মী, স্ত্রী. [ব্রাহ্ম+ঈ] দুর্গা; শিব অষ্টমাতৃকান্তর্গত মাতৃকাবিশেষ; ব্রহ্মশক্তি; সরস্বতী; শাকবিশেষ, ফঞ্জিকা, বামনহাটী. পঙ্কগড় মৎস্য, পাঁকালমাছ; সোমবল্লরী, সোমলতা; মহাজ্যোতিষ্মতী; মৎস্যাক্ষী; বারাহীকন্দ; হিলমোচিকা, হিংচা; রোহিণীনক্ষত্র।

ব্রাহ্মীকন্দ, পুং. [ব্রাহ্মী+কন্দ] বারাহীকন্দ, শূকরকন্দ।

ব্রাহ্ম্য, ন. [ব্রহ্মন্+য] বিস্ময়; দৃশ্য; (ত্রি.) ব্রহ্মসম্বন্ধীয়।

ব্রীড়, পুং. [ব্রীড়+অ] লজ্জা, ত্রপা।

ব্রীড়ন, ন. ব্রীড়+অন] লজ্জা, তৎপর্য্যায়।—মন্দাক্ষ, মন্দাস্য, লজ্জা, লজ্যা, হ্রী, ত্রপা, ব্রীড়া।

ব্রীড়া, স্ত্রী. [ব্রীড়+আ] লজ্জা, ত্রপা, সরম। [জনক।

ভীষ্মাষ্টমী, স্ত্রী. [ভীষ্ম+অষ্টমী] মাঘশুক্লা-

ভুঁড়ি, (প্রা) বৃহদুদর, বড়পেট, মেদ।

ভুঁড়িয়া, (প্রা) তুন্দিল, স্থূলোদর, পেটাল।

ভুক্, (প্রা) ভোক্তা; ক্ষুধা, বুভুক্ষা।

ভুকা, (প্রা) বিভুক্ষিত, ক্ষুধাতুর, বুভুক্ষ।

ভুক্ত, ত্রি. [ভুজ্+ত] ভক্ষিত; (ন.) ভক্ষণ; মিশ্রিত।

ভুক্তন, (প্রা) মিশ্রণ, মিশান।

ভুক্তভোগ, পুং. [ভুক্ত+ভোগ] ভক্ষিতভক্ষণ; পুনঃ২ ভোগকরণ।

ভুক্তভোগী, পুং. [ভুক্ত+ভোগিন্] পুনঃ২ ভোগকর্ত্তা; বিশেষ রূপে অনুভূত।

ভুক্তসমুজ্ঝিত, ত্রি. [ভুক্ত+সম্+উজ্ঝিত] ত্যক্ত, ভুক্তাবশিষ্ট, তৎপর্য্যায়।—ফেলা, পিণ্ড, ফেলি।

ভুক্তি, স্ত্রী. [ভুজ্+তি] ভোজন; ভোগ, দখল; প্রমাণ চতুষ্টয়ান্তর্গত প্রমাণ বিশেষ।

ভুক্তিপ্রদ, পুং. [ভুক্তি+প্রদ] মুদ্গ, মুগকলাই; (ত্রি.) ভোগদাতা।

ভুখ, (প্রা) ক্ষুধা, ভোজনেচ্ছা।

ভুগন, (প্রা) ভোগকরণ; ক্লেশ সহ্যকরণ।

ভুগলামী, (প্রা) ভণ্ডামী; প্রতারণা।

ভুগ্ন, ত্রি. [ভুজ্+ন] রোগাদি দ্বারা কুটিলীকৃত, বিকলাঙ্গ, তৎপর্য্যায়।—রুগ্ন; বক্র, বাঁকা।

ভুজ, পুং. স্ত্রী. [ভুজ্+অ] যাহারদ্বারা ভুক্ত দ্রব্য গ্রহণ করা যায়, হস্ত, হাত, তৎপর্য্যায়।—বাহু, প্রবেষ্ট, দোঃ, কর, বাহ, বাহা, ভুজা, দোষ, দোষা; গ্রহস্পষ্টী করণার্থ রাশিত্রয় হইতে উনকেন্দ্রগ্রহাদি, ও রাশিত্রয় হইতে নবম পর্য্যন্ত ষড়ন্তরিতাবশেষ; ক্ষেত্রপরিমাণবিশেষ; বক্র।

ভুজকোটর, পুং. [ভুজ+কোটর] কক্ষ, বগল।

ভুজগ, পুং. [ভুজ+গম্-অ] সর্প, বিষধর, ভুজঙ্গ। [খগপতি।

ভুজগদারণ, পুং. [ভুজগ+দারণ] গরুড়,

ভুজগভোজী, পুং. [ভুজগ+ভোজিন্] গরুড়, খগপতি; ময়ূর। [গরুড়।

ভুজগান্তক, পুং. [ভুজগ+অন্তক] ময়ূর;

ভুজগাভোজী, পুং. [ভুজগ+আ-ভোজিন্] ময়ূর; গরুড়।

ভুজগাশন, পুং. [ভুজগ+অশন] গরুড়, খগপতি, বৈনতেয়।

ভুজঙ্গ, পুং. [ভুজ+গম্-অ] সর্প, অহি, ভুজঙ্গম; বিড়ঙ্গ, লম্পট।

ভুজঙ্গঘাতিনী, স্ত্রী. [ভুজঙ্গ+ঘাতিন্-ঈ] বৃক্ষবিশেষ, কঙ্কালিকা, তৎপর্য্যায়।—সুরি, সর্পাক্ষী, ক্ষুৎকরী, স্পৃহা; সর্পনাশিনী।

ভুজঙ্গজিহ্বা, স্ত্রী. [ভুজঙ্গ+জিহ্বা] মহাসমঙ্গা লতা; সর্পরসনা।

ভুজঙ্গপ্রয়াত, ন. [ভুজঙ্গ+প্রয়াত] চতুর্থকার বিশিষ্ট দ্বাদশাক্ষরপাদচ্ছন্দো বিশেষ।

ভুজঙ্গভুক্, পুং. [ভুজঙ্গ+ভুজ্] গরুড়, খগপতি; ময়ূর। [সর্প।
ভুজঙ্গভোজী, পুং. [ভুজঙ্গ+ভোজিন্] রাজ-
ভুজঙ্গবিজৃম্ভিত, ত্রি. [ভুজঙ্গ+বিজৃম্ভিত] ছন্দোবিশেষ।
ভুজঙ্গম, পুং. [ভুজ+গম] সর্প, ফণী, (ন.) সীসক, সীসা। [লতা, পান।
ভুজঙ্গলতা, স্ত্রী. [ভুজঙ্গ+লতা] নাগবল্লী-
ভুজঙ্গহা, পুং. [ভুজঙ্গ+হন্] গরুড়, খগপতি; ময়ূর।
ভুজঙ্গশিশু, পুং. [ভুজঙ্গ+শিশু] ছন্দোবিশেষ; সর্পের শলুই। [বিশেষ।
ভুজঙ্গসঙ্গতা, স্ত্রী. [ভুজঙ্গ+সঙ্গতা] ছন্দো-
ভুজঙ্গাখ্য, পুং. [ভুজঙ্গ+আখ্যা] নাগকেশর বৃক্ষ; (ত্রি.) সর্পনামক।
ভুজঙ্গাক্ষী, স্ত্রী. [ভুজঙ্গ+অক্ষিন্-ঈ] রাস্না, সুগন্ধ রাসন্লতা।
ভুজন, (প্রা) ভেলকী, কুহক; পরামর্শ দেওন।
ভুজশিরঃ, ন. [ভুজ+শিরস্] স্কন্ধ, কাঁধ।
ভুজা, স্ত্রী. [ভুজ+আ] বাহু; কর, হস্ত; ভৃষ্টতণ্ডুলাদি, ভাজা।
ভুজাকণ্ট, পুং. [ভুজা+কণ্ট] হস্তনখ, হাতের নখ।
ভুজাদল, পুং. [ভুজা+দল] হস্ত, কর, হাত।
ভুজান্তর, ন. [ভুজ+অন্তর] ক্রোড়, অঙ্ক; হস্ত প্রভেদ।
ভুজি, পুং. [ভুজ্+ই] বহ্নি, অগ্নি।
ভুজিষ্য, পুং. স্ত্রী. [ভুজ+ইষ্য] স্বতন্ত্র; হস্তসূত্র; দাস; রোগবিশেষ।
ভুজিষ্যা, স্ত্রী. [ভুজিষ্য+আ] দাসী; গণিকা, বেশ্যা।
ভুজ্য, ত্রি. [ভুজ+য] ভোজনার্হ; ভোজন; অগ্নি; ভাজন।
ভুজ্যমান, ত্রি. [ভুজ্য+মান] ভক্ষিত; কৃতভোজন।
ভুজ্যাম্নতা, (প্রা) পরস্পর অন্ন ভোক্তৃত্ব।
ভুজ্যু, পুং. [ভুজ+যু] ভোজন, অশন; ভাজন, পাত্র; অগ্নি।

ভুঞ্জন্, ত্রি. [ভুজ্+অৎ] ভোগকর্ত্তা, ভোগকারক। [কারী।
ভুঞ্জান, ত্রি. [ভুজ+মান] ভোগকর্ত্তা, ভোগ-
ভুট (প্রা) বিনাশ; উচ্ছিন্ন।
ভুড়ভুড়, (প্রা) জলবিম্ব; অব্যক্ত শব্দ।
ভুতি, (প্রা) কাঁটালের মধ্যস্থ অসার দণ্ড।
ভুনন, (প্রা) ভর্জ্জন, ভাজন, ভৃষ্টকরণ।
ভুনা, (প্রা) ভৃষ্ট, ভাজা, জলসেকবিনা পক্ক।
ভুঁন, (প্রা) বিধবারবস্ত্র, ঠেঁটী; ভৃষ্টবস্তু, ভাজাদ্রব্য।
ভুবন, ন. [ভু+অন] জগৎ; ব্রহ্মাণ্ড; চতুর্দ্দশ ভুবনানি যথা।—ভূ, ভুব, স্বঃ, মহঃ, জন, তপঃ, সত্য, জম্বু, শাক, কুশ, ক্রৌঞ্চ, শাল্মল, মেদ, পুষ্কর; সলিল, জল; গগন, আকাশ; জন।
ভুবনকোষ, পুং. [ভুবন+কোষ] ভূগোল, ব্রহ্মাণ্ড।
ভুবনেশ্বর, পুং. [ভুবন+ঈশ্বর] জগদীশ্বর; উড়িষ্যাদেশস্থিত শিবলিঙ্গ।
ভুবন্যু, পুং. [ভু+অন্যু] সূর্য্য; অগ্নি; চন্দ্র; প্রভু।
ভুবর্লোক, পুং. [ভুবস্+লোক] ভূরাদি সপ্তলোকান্তর্গত দ্বিতীয় লোক।
ভুবস্, ব্য. [ভু+অস্] আকাশ, অন্তরীক্ষ, গগণ।
ভুবিস, ন. [ভূ+ইস্] সমুদ্র, জলধি, সাগর।
ভুয়া, (প্রা) শস্যহীনফল; অসার; অবস্তু।
ভুর, (প্রা) গর্ব্ব, গরিমা, অভিমান; মিথ্যা।
ভুরভার, (প্রা) আত্মশ্লাঘা; দৃশ্যেগৌরব।
ভুরা, (প্রা) শর্করাবিশেষ, চিনিবিশেষ।
ভুরিক্, স্ত্রী. [ভু+উর-ইজ্] পৃথিবী, পৃথ্বী, ধরণী।
ভুল, (প্রা) বিস্মৃতি; ভ্রম, ভ্রান্তি, চুক।
ভুলন, (প্রা) বিস্মরণ, ভ্রান্তিহওন।
ভুলান, (প্রা) ভ্রমজন্মান, ভ্রান্তকরণ; মোহিতকরণ, মুগ্ধকরণ।
ভুলানিয়া, (প্রা) বঞ্চক, ঠগ; কুহকী।
ভুলাকা, (প্রা) কুহক, মায়া; প্রতারণা।
ভুষী, (প্রা) যবগোধূমাদির ত্বক; ধান্যাদির খোসা।

ভুসা (প্রা) কালিপ্রস্তুত করিবার দ্রব্যবিশেষ।
ভুসী, (প্রা) যবগোধূমাদির ত্বক্।
ভূ, ব্য. [ভূ+অ] রসাতল, পাতাল; (স্ত্রী.) পৃথিবী; স্থানমাত্র; যজ্ঞাগ্নি।
ভুঁই, (প্রা) ক্ষেত্র, ক্ষেত।
ভুঁইকম্প, (প্রা) ভূমিকম্পন, ভূকম্প।
ভূক, ন. [ভূ+ক] ছিদ্র; কাল; (পুং.) অন্ধকার। [সিম।
ভূকদম্ব, পুং. [ভূ+কদম্ব] অলম্বুষবৃক্ষ, কোক-
ভূকদম্বক, পুং. [ভূ+কদম্বক] যবানী, যউন।
ভূকন্দ, পুং. [ভূ+কন্দ] মহাশ্রাবণিকা, থুলকুড়ী।
ভূকম্প, পুং. [ভূ+কম্প] ভূমিকম্পন. ভূমিনড়ন।
ভূকর্ণ, পুং. [ভূ+কর্ণ] নাড়িমণ্ডলের রেখা বিশেষ।
ভূকর্বুদারক, পুং. [ভূ+কর্বু+দারক] বৃক্ষবিশেষ, (হিঃ) ছোটালসোড়া, তৎপর্য্যায়। ক্ষুদ্রশ্লেষ্মান্তক, ভূশেলু, লঘুশেলু, লঘুপিচ্ছিল, লঘুশীত, সূক্ষ্মফল, লঘুভূতদ্রুম, ভূকর্বুদার।
ভূকল, পুং. [ভূ+কল] দুর্বিনীতাশ্ব, অদম্যঘোটক।
ভূকশ্যপ, পুং. [ভূ+কশ্যপ] বসুদেব, শ্রীকৃষ্ণের পিতা।
ভূকাক, পুং. [ভূ+কাক] স্বল্পকঙ্ক, ক্ষুদ্রকাক পক্ষী; ক্রৌঞ্চ, বক; নীলকপোত, নীলবর্ণ পায়রা।
ভূকুম্ভী, স্ত্রী. [ভূ+কুম্ভ-ঈ] ভূপাটলী।
ভূকুষ্মাণ্ডী, স্ত্রী. [ভূ+কুষ্মাণ্ড-ঈ] বিদারী।
ভূকেশ, পুং. [ভূ+কেশ] শৈবাল; বটবৃক্ষ।
ভূকেশা, স্ত্রী. [ভূ+কেশ-আ] রাক্ষসী, পিশিতাশনা।
ভূকেশী, স্ত্রী. [ভূ+কেশ-ঈ] অস্কুজ
ভূখর্জুরী, স্ত্রী. [ভূ+খর্জুর-ঈ] ক্ষুদ্রখর্জুরী। ছোটখাজুর, তৎপর্য্যায়।—ভূযুক্তা, বহুধাঁখর্জুরিকা, ভূমিখর্জুরী।
ভূগর, ন. [ভূ+গর] বিষ, হলাহল, গরল।
ভূগর্ভ, পুং. [ভূ+গর্ভ] ভবভূতি, মালতী মাধবাদি নাটককর্ত্তা; ভূমির মধ্য।

ভূগোল, পুং. [ভূ+গোল] ভুবনকোষ, মহীমণ্ডল; পৃথিবীর আকৃতাদির বিবরণ ঘটিত পুস্তক।
ভূচর, ত্রি. [ভূ+চর] স্থলচর; মনুষ্যাদি।
ভূচক্র, ন. [ভূ+চক্র] বিষুবরেখা।
ভূচল, পুং. [ভূ+চল] ভূমিকম্পন, ভূকম্প।
ভূচ্ছায়, ন. স্ত্রী. [ভূ+ছায়া] অন্ধকার, তমঃ।
ভূজন্তু, পুং. [ভূ+জন্তু] ভূনাগ।
ভূজম্বু, স্ত্রী. [ভূ+জম্বু] গোধূম, গম; বিকঙ্কত ফল, বঁইচ; ভূমিজম্বু, ভুঁইজাম।
ভূজলচর, পুং. [ভূ+জল+চর] উভয়চর, জল ও স্থলে চারণকারী।
ভূত, ন. [ভূ+ত] যুক্ত, ন্যায়; ক্ষ্মাদি, পৃথিবপ্তেজো বায়্বাকাশ পঞ্চক; ঋত, সত্য; পিশাচাদি; জন্তু; বস্তুতত্ত্বানুসরণ; (ত্রি.) প্রাণী; জন্তু; অতীত; বৃত্ত; সম; সদৃশ; প্রাপ্ত; সত্য; অতীত, ভূতকাল, তৎপর্য্যায়।—বৃত্ত, অতীত, হ্যস্তন, নিভৃত, গত; (পুং.) দেবযোনিবিশেষ, অধোমুখ ও উর্দ্ধমুখ পিশাচ, রুদ্রানুচর, বালগ্রহ; কুমার; যোগীন্দ্র; কৃষ্ণচতুর্দ্দশী।
ভূতকাল, পুং. [ভূত+কাল] অতীতকাল, গতকাল।
ভূতকেশ, পুং. ন. [ভূত+কেশ] স্বনামখ্যাত তৃণ, তৎপর্য্যায়।—গোলোমী, ভূতকেশী, অল্পকেশী, কেশী।
ভূতকেশী, স্ত্রী. [ভূত+কেশ-ঈ] ভূতকেশ, স্বনামখ্যাতৃণ; শেফালিকা, শিউলী; নীলসিন্ধুবার।
ভূতক্রান্তি, স্ত্রী. [ভূত+ক্রান্তি] ভূতাবেশ, ভূতে পাওয়া।
ভূতগন্ধা, স্ত্রী. [ভূত+গন্ধ-আ] মুরানামে গন্ধদ্রব্যবিশেষ।
ভূতগ্রস্ত, ত্রি. [ভূত+গ্রস্ত] ভূতাবিষ্ট, ভূতাক্রান্ত, ভূতে পাওয়া।
ভূতগ্রাম, পুং. [ভূত+গ্রাম] ভূতসমূহ।
ভূতঘ্ন, পুং. [ভূত+হন্] উষ্ট্র, উট; লশুন, পেঁয়াজ; ভূর্জবৃক্ষ; (ত্রি.) ভূতনাশক।
ভূতঘ্নী, স্ত্রী. [ভূত+ঘ্ন-ঈ] তুলসী; মুণ্ডিতিকা।

ভূতচতুর্দ্দশী, স্ত্রী. [ভূত+চতুর্দ্দশ-ঈ] গৌণ-কার্ত্তিক কৃষ্ণ চতুর্দ্দশী, যমচতুর্দ্দশী।

ভূতজটা, স্ত্রী. [ভূত+জটা] জটামাংসী, গন্ধমাংসী।

ভূতড়িয়া (প্রা) ভূতবৈদ্য, ভূতের ওঝা।

ভূতদয়া, স্ত্রী. [ভূত+দয়া] সর্ব্বভূতে দয়া।

ভূতদ্রাবী, পুং. [ভূত+দ্রাবিন্]. ভূতাঙ্কুশ বৃক্ষ; রক্তকরবীর; ভূতদিগের তাড়না-কারণ।

ভূতদ্রুম, পুং. [ভূত+দ্রুম] শ্লেষ্মান্তক বৃক্ষ।

ভূতধাত্রী, স্ত্রী. [ভূত+ধাত্রী] পৃথিবী, পৃথ্বী ধরণী

ভূতনাথ, পুং. [ভূত+নাথ] শিব, মহাদেব।

ভূতনায়িকা, স্ত্রী. [ভূত+নায়িকা] দুর্গা, পার্ব্বতী।

ভূতনাশন, পুং. [ভূত+নাশন] ভল্লাতক বৃক্ষ; সর্ষপ; ভূতহন্তা; (ন.) রুদ্রাক্ষ।

ভূতনী, স্ত্রী. [ভূত+অনৃ-ঈ] মুদ্রাবিশেষ, পিশাচী, পেতনী।

ভূতপত্রী, স্ত্রী. [ভূত+পত্র-ঈ] তুলসী।

ভূতপুষ্প, পুং. [ভূত+পুষ্প] শ্যোনাকবৃক্ষ।

ভূতপূর্ণিমা, স্ত্রী. [ভূত+পূর্ণিমা] আশ্বিনী পূর্ণিমা, তৎপর্য্যায়।—শারদী, কৌমুদী, অশ্বযুজী, শতপর্ব্বা, রঙ্গভূতি, কোজাগরা

ভূতবৎ, বা. [ভূত+বৎ] ভূতাকার, প্রেতবৎ, প্রেততুল্য।

ভূতবলি, স্ত্রী. [ভূত+বলি] বলিবিশেষ।

ভূতবাস, পুং. [ভূত+বাস] কলিদ্রুম।

ভূতবিক্রিয়া, স্ত্রী, [ভূত+বিক্রিয়া] অপস্মার রোগ, মৃগীরোগ

ভূতবৃক্ষ, পুং. [ভূত+বৃক্ষ] শাখোটবৃক্ষ, শাওড়াগাছ; শোনাকবৃক্ষ।

ভূতবেশী, স্ত্রী. [ভূত+বেশ-ঈ] শ্বেত শেফালিকা, শাদা শিউলী।

ভূতব্রহ্মা, পুং. [ভূত+ব্রহ্মন্] দেবলব্রাহ্মণ।

ভূতভাবন, পুং. [ভূত+ভাবন] বিষ্ণু; শিব, বটুকভৈরব; ভূত প্রকাশক।

ভূতভৃৎ, পুং. [ভূত+ভৃৎ] বিষ্ণু, নারায়ণ; ভূতপালক।

ভূতভৈরবী, স্ত্রী. [ভূত+ভৈরব-ঈ] বৃক্ষ-বিশেষ। [গন্ধদ্রব্য বিশেষ।

ভূতমারী, স্ত্রী. [ভূত+মার-ঈ] চীড়ানামে

ভূতযজ্ঞ, পুং. [ভূত+যজ্ঞ] ভূতবলি, পঞ্চ মহাযজ্ঞান্তর্গত বলি বৈশ্বদেব কর্ম্ম

ভূতল, ন. [ভূ+তল] ভূমিতল, ধরাতল।

ভূতশুদ্ধি, স্ত্রী. [ভূত+শুদ্ধি] পূজাদিতে বীজ বিশেষ দ্বারা বামকুক্ষিস্থিত পাপপুরুষ দহনপূর্ব্বক শরীরের শোধন

ভূতসঞ্চার, পুং. [ভূত+সঞ্চার] ভূতোন্মাদ রোগ, তৎপর্য্যায়।—আবেশ,ভূতক্রান্তি, গ্রহাগম। [বনাগ্নি।

ভূতসঞ্চারী, স্ত্রী. [ভূতসঞ্চার-ঈ] দাবানল,

ভূতসর্গ, ন. [ভূত+সর্গ] ভূতসৃষ্টি, যথা।—ব্রাহ্ম, প্রজাপতীয়, সৌম্য, ইন্দ্র, গন্ধর্ব্ব, কৌবের, রক্ষঃ, পিশাচ, মানুষ, স্থাবর, পশু, মার্গ, সর্প, শাকুনিক।

ভূতসার, পুং. [ভূত+সার] শ্যোনাকবৃক্ষ বিশেষ।

ভূতহন্ত্রী, স্ত্রী. [ভূত+হন্তৃ-ঈ] বন্ধ্যাকর্কোটকী; নীলদূর্ব্বা।

ভূতহর, পুং. [ভূত+হর] গুগ্‌গুলু, গুগ্‌গুল।

ভূতহারি, ন. [ভূত+হারিন্] দেবদারুবৃক্ষ।

ভূতহারী, ত্রি. [ভূত+হারিন্] প্রাণ সংহার কারক, শিব।

ভূতা, স্ত্রী. [ভূ+ত-আ] কৃষ্ণাচতুর্দ্দশী

ভূতাঙ্কুশ, পুং. [ভূত+অঙ্কুশ] স্বনামখ্যাত বৃক্ষ, তৎপর্য্যায় —ক্ষবক, ক্ষুরক, তীক্ষ্ণ, ক্রূর, ক্ষব, রাজোদ্বেদন সংজ্ঞ, ভূতদ্রাবী, গ্রমাহ্বয়।

ভূতাত্মা, পুং. [ভূত+আত্মন্] দেহ; পরমেষ্ঠী, ব্রহ্মা; শিব; যুদ্ধ; বিষ্ণু।

ভূতানুসরণ, ন. [ভূত+অনুসরণ] ন্যায়-প্রমাণ; প্রাণির অনুসারণ; তত্ত্বানুসন্ধান।

ভূতানুসারী, ত্রি. [ভূত+অনুসারিন্] যথার্থের অনুসারণকর্ত্তা।

ভূতাবাস, পুং. [ভূত+আবাস] বিভীতক, বহেড়াগাছ; দেহ; বিষ্ণু; পঞ্চভূতের আবাস স্থান।

ভূতাবিষ্ট, ত্রি. [ভূত+আবিষ্ট] পিশাচগ্রস্ত, ভূতাক্রান্ত; ভূতাদি দ্বারা রোগগ্রস্ত।

ভূতাবেশ, পুং. [ভূত+আবেশ] ভূতসঞ্চার, ভূতেপাওয়া, ইহার পর্য্যায় আবেশশব্দে দ্রষ্টব্য। [শক্র।

ভূতারি, ত্রি. [ভূত+অরি] হিঙ্গু, হিং; ভূত-

ভূতার্ত্ত, ত্রি. [ভূত+আর্ত্ত] ভূতাবিষ্ট, ভূতাদিদ্বারা পীড়িত। [মুষলী।

ভূতালী, স্ত্রী. [ভূত+অলিন্] ভূপাটলী,

ভূতি, স্ত্রী. [ভূ+তি] মহাদেবের অনিমাদি-অষ্টপ্রকার বৈভব; শম্ভুধৃত ভস্ম; ভস্ম; সম্পত্তি; হস্তিশৃঙ্গার; জাতি; বৃদ্ধিনামক ঔষধ; রোহিষতৃণ; ভূতৃণ; উৎপত্তি; সত্তা।

ভূতিক, ন. [ভূতি+ক] ভূনিম্ব, চিরতা; কতৃণ, কুৎসত তৃণ; কট্‌ফল; ঘনসার, চন্দন; (পুং.) যমানী, যোয়ান।

ভূতিকাম, পুং. [ভূতি+কাম] রাজমন্ত্রী; বৃহস্পতি; (ত্রি.) ঐশ্বর্য্যাভিলাষী।

ভূতিকীল, পুং. [ভূতি+কীল] ভূখাত, খানা, ডোবা।

ভূতিগর্ভ, পুং. [ভূতি+গর্ভ] ভবভূতি কবি।

ভূতিনিধান, ন. [ভূতি+নিধান] ধনিষ্ঠা-নক্ষত্র, ২৩।

ভূতিনী, স্ত্রী. [ভূত+ইন্-ঈ] মুদ্রাবিশেষ; অতিশয় কৃষ্ণবর্ণা স্ত্রী; প্রেতপত্নী।

ভূতিবিহীন, ত্রি. [ভূত+বিহীন] ঐশ্বর্য্যহীন, সম্পত্তিরহিত।

ভূতিমান্, ত্রি. [ভূতি+মৎ] ঐশ্বর্য্যযুক্ত, ঐশ্বর্য্যশালী।

ভূতিযুক্ত, ত্রি. [ভূতি+যুক্ত] ঐশ্বর্য্যবিশিষ্ট ঐশ্বর্য্যশালী।

ভূতিরহিত, ত্রি. [ভূতি+রহিত] ঐশ্বর্য্যহীন, সম্পত্তি রহিত।

ভূতীক, ন. [ভূত+ঈক] ভূনিম্ব, চিরতা; যমানী, যোয়ান; ভূস্তৃণ, কর্তৃণ, কদর্য্য, তৃণ।

ভূতুড়া, (প্রা) ভূতবৈদ্য, ভূতের ওঝা।

ভূতৃণ, ন. [ভূ+তৃণ] গন্ধতৃণ, গন্ধখড়, তৎপর্য্যায়।—গন্ধখেড়, রৌহিষ, গো-ময়প্রিয়, পট, রামকর্পূর, সতৃণ, শর, শ্যামক, ধ্যামক, পৌর, দেবজগ্ধক; (পুং.) ভূস্তৃণ, সুগন্ধরুহিষ, অন্ধ্রদেশে প্রসিদ্ধ পরিমলদ গন্ধালি, তৎপর্য্যায় রোহিষ, ভূতি, ভূতিক, কুটুম্বক, মালাতৃণ, সমালম্বী, ছত্র, অতিচ্ছত্রক, গুহ্যবীজ, সুগন্ধ, গুচ্ছাল, পুংস্ত্ববিগ্রহ, বধির, অতিগন্ধ, শৃঙ্গরোহ, করেন্দ্রক।

ভূতেশ, পুং. [ভূত+ঈশ] শিব, মহাদেব।

ভূতোপহত, ত্রি. [ভূত+উপহত] ভূতাবেশ, ভূতে পাওয়া।

ভূত্তম, ন. [ভূ+উত্তম] সুবর্ণ, হেম, কাঞ্চন।

ভূদকচর, ত্রি. [ভূ+উদক-চর] উভচর, কচ্ছপ কুম্ভীরাদি।

ভূদরীভবা, স্ত্রী. [ভূ+উদর-ভব-আ] আখু-কর্ণী বৃক্ষ, ইন্দুরকানী গাছ।

ভূদার, পুং. [ভূ+দার] শূকর, বরাহ; ভূমি বিদারণকারী।

ভূদেব, পুং. [ভূ+দেব] ব্রাহ্মণ, দ্বিজ, বিপ্র।

ভূধন, পুং. [ভূ+ধন] রাজা, ভূপ, পার্থিব।

ভূধর, পুং. [ভূ+ধর] পর্ব্বত; যন্ত্রভেদ; ভূমিধারণকর্ত্তা।

ভূধাত্রী, স্ত্রী. [ভূ+ধাত্রী] আমলকী বিশেষ, ভূম্যামলী, ভুঁই আমলা; বটুকভৈরব।

ভূধ্র, পুং. [ভূ+ধৃ+অ] পর্ব্বত, ধরাধর, গিরি, শৈল।

ভূনাগ, পুং. [ভূ+নাগ] উপরসবিশেষ, তৎ-পর্য্যায়।—ক্ষিতিনাগ, ভূজন্তু, রক্তজন্তুক, ক্ষিতিজ, ক্ষিতিজন্তু, রক্ততুণ্ডক।

ভূনিম্ব, পুং. [ভূ+নিম্ব] ক্ষুপবিশেষ, চিরতা তৎপর্য্যায়।—অনার্য্যতিক্ত, কৈরাত, রামসেনক, কিরাততিক্ত, হৈম, কাণ্ড-তিক্ত, কিরাতক, কটুতিক্ত।

ভূনীপ, পুং. [ভূ+নীপ] কদম্ববিশেষ, ভূমি-কদম্ব। [নৃপতি।

ভূনেতা, পুং. [ভূ+নেতৃ] রাজা, মহীপাল,

ভূপ, পুং. [ভূ+পা] রাজা, নৃপতি, মহী-পাল।

ভূপতি, পুং. [ভূ+পতি] বটুকভৈরব; রাজা; ঋষভনামক ঔষধ।

ভূপদ, পুং. [ভূ+পদ] বৃক্ষ, দ্রুম, তরু।
ভূপদী, স্ত্রী. [ভূ+পদ-ঈ] মল্লিকাপুষ্পবৃক্ষ।
ভূপরিধি, পুং. [ভূ+পরিধি]] বিষুবরেখা; পৃথিবী বেষ্টিত রেখা।
ভূপলাশ, পুং. [ভূ+পলাশ] বৃক্ষবিশেষ, বিশালী বৃক্ষ।
ভূপাটলী, স্ত্রী. [ভূ+পাটল-ঈ] বৃক্ষবিশেষ, (হিং) ভূয়াতনি, লেনবাদবী, তৎপর্য্যায়। ভূকুম্ভী, ভূতালী, রক্তপুষ্পিকা।
ভূপাল, পুং. [ভূ+পাল] রাজা, ধরাপতি, মহীপতি।
ভূপালক, পুং. [ভূ+পালক] রাজা, ভূমিপালনকর্ত্তা, নৃপতি।
ভূপালি, পুং. [ভূ+পালিন্] রাজা, পৃথিবী পালনকর্ত্তা। [রামপত্নী।
ভূপুত্রী, স্ত্রী. [ভূ+পুত্র-ঈ] সীতা, জানকী,
ভূপেষ্ট, পুং. [ভূপ+ইষ্ট] রাজাদনীবৃক্ষ।
ভূভর্ত্তা, পুং, [ভূ+ভর্ত্তৃ] পৃথিবীপতি, রাজা, ভূপ। [ভূস্বামী।
ভূভুক্, পুং. [ভূ+ভুজ] রাজা, ভূপতি,
ভূভৃৎ, পুং. [ভূ+ভৃৎ] রাজা; পর্ব্বত।
ভূমন্, ত্রি. [ভূ+মন্] বহু, অধিক, প্রচুর, মহিমাবিশিষ্ট।
ভূময়ী, স্ত্রী. [ভূ+ময়-ঈ] ছায়া, সূর্য্যপত্নী; (ত্রি,) মৃণ্ময়, মৃৎস্বরূপ।
ভূমা, পুং. [ভূ+ইমন্] বহুত্ব, অনেক; বহুত্ব বিশিষ্ট; বিরাট পুরুষ।
ভূমি, স্ত্রী. [ভূ+মি] পৃথিবী; স্থানমাত্র; জিহ্বা; যোগীদিগের অবস্থা বিশেষ।
ভূমিকম্প, পুং. [ভূমি+কম্প] পৃথিবীদোলন, ভূকম্পন।
ভূমিকদম্ব, পুং. [ভূমি+কদম্ব] কদম্ব বিশেষ, তৎপর্য্যায়।—ভূনীপ, ভূমিজ, ভৃঙ্গবল্লভ, লঘুপুষ্প, বৃত্তপুষ্প, বিষঘ্ন, ব্রণহারক।
ভূমিকা, স্ত্রী. [ভূমি+ক-আ] আভাস, রচনা; বেশান্তর পরিগ্রহ, ছদ্মবেশ; ভূমি, চিত্তের অবস্থাবিশেষ।
ভূমিখর্জ্জূরিকা, স্ত্রী. [ভূমি+খর্জ্জূরিকা] ক্ষুদ্র খর্জ্জূরী, তৎপর্য্যায়।—স্বাদ্বী, দুরারোহা, মৃদুচ্ছদা।
ভূমিখর্জ্জূরী, স্ত্রী. [ভূমি+খর্জ্জূর-ঈ] ভূমিখর্জ্জূরিকা, ক্ষুদ্রখর্জ্জূরিকা।
ভূমিচম্পক, পুং. [ভূমি+চম্পক] পুষ্পবৃক্ষবিশেষ, ভুঁইচাঁপা, তৎপর্য্যায়।—তাম্রপুষ্প, সন্ধিবন্ধ, দ্রুঘন।
ভূমিজ, ন. [ভূমি+জন-অ] গৌরসুবর্ণ, (পুং.) মঙ্গলগ্রহ; নরকরাজ; ভূমিকদম্ব, মনুষ্য।
ভূমিজগুগ্গুলু, পুং. [ভূমিজ+গুগ্গুলু] আশাপুর গুগ্গুলু, তৎপর্য্যায়।—দৈত্যমেদজ, দুর্গাহ্ব, আশাপুরসম্ভব, মজ্জার, মেদজ, মহিষাসুর সম্ভব।
ভূমিজম্বু, স্ত্রী. [ভূমি+জম্বু] ক্ষুদ্রজম্বুবিশেষ, ছোটজাম, তৎপর্য্যায়।—নাদেয়িকা, নাদেয়ী, ভূজম্বু, ভূমিজম্বুকা, কাকজম্বু, শীতপল্লবা; ভূমিচম্পক।
ভূমিজম্বু, স্ত্রী. [ভূমি+জম্বু] ভূজম্বু, ক্ষুদ্রজম্বু, ছোট জাম, তৎপর্য্যায়।—হ্রস্বফলা, ভৃঙ্গবল্লভা, হ্রস্বা, ভূজম্বু, ভ্রমরেষ্টা, পিকভক্ষা, কাষ্ঠজম্বু। [জম্বু, ক্ষুদ্রজাম।
ভূমিজম্বুকা, স্ত্রী. [ভূমি+জম্বুক-আ] ভূমি-
ভূমিজা, স্ত্রী. [ভূমি+জন্-আ] সীতা, জানকী, রামপত্নী।
ভূমিজীবী, পুং. [ভূমি+জীবিন্] বৈশ্য, কৃষিজীবী। [দ্বিজ।
ভূমিদেব, পুং. [ভূমি+দেব] ব্রাহ্মণ, বিপ্র,
ভূমিপ, পুং. [ভূমি+পা-অ] রাজা, পৃথিবীপাল, ভূমিপতি।
ভূমিপক্ষ, পুং. [ভূমি+পক্ষ] বাতাশ্ব, কুলীনাশ্ব, হয়োত্তর। [পতি।
ভূমিপাল, পুং. [ভূমি+পাল] রাজা, ভূ-
ভূমিপিশাচ, পুং. [ভূমি+পিশাচ] তালবৃক্ষ, তালগাছ। [দেহ।
ভূমিবর্দ্ধন, পুং.ন. [ভূমি+বর্দ্ধন] শব, মৃত-
ভূমিমণ্ড, পুং. [ভূমি+মণ্ড] অষ্টপাদিকা মদনমালী, হাপরমালীলতা।
ভূমিমণ্ডপভূষণা, স্ত্রী. [ভূমি+মণ্ডপ-ভূষণ-আ] মাধবীলতা।
ভূমিরক্ষক, পুং. [ভূমি+রক্ষক] বাতাশ্ব, হয়োত্তম, উত্তম অশ্ব।

ভূমিলাভ, পুং. [ভূমি+লাভ] মৃত্যু, নিধন; ভূমিপ্রাপ্তি।

ভূমিলেপন, ন. [ভূমি+লেপন] গোময়, গোবর; গোময়াদির দ্বারা ভূমি লেপা।

ভূমিশিরঃ, ন. [ভূমি+শিরস্] উচ্চস্থান, উন্নত স্থল।

ভূমিষ্ঠ, ত্রি. [ভূমি+স্থা-অ] প্রণত; জাত-ভূসম্বন্ধ, উৎপন্নানন্তর ভূমে পতিত।

ভূমিসম্ভবা, স্ত্রী. [ভূমি+সম্ভব-আ] সীতা, জানকী, রামপত্নী।

ভূমিস্পৃক্, পুং. [ভূমি+স্পৃশ্] মানুষ; বৈশ্য; চৌরবিশেষ; অন্ধ; খঞ্জ, খোঁড়া।

ভূমী, স্ত্রী. [ভূমি+ঈ] ভূমি, পৃথিবী; স্থান।

ভূমীন্দ্র, পুং. [ভূমি+ইন্দ্র] রাজা, ভূপতি, ভূপাল।

ভূমীরুহ, পুং. [ভূমী+রুহ] বৃক্ষ, তরু, দ্রুম।

ভূমীসহ, পুং. [ভূমী+সহ] বৃক্ষবিশেষ, (হিঃ) ভূরসহ, তৎপর্য্যায়।—দ্বারদাতু, বরদাতু, খরচ্ছদ।

ভূম্যামলকী, স্ত্রী. [ভূমি+আমলকী] ক্ষুপবিশেষ, ভুঁইআমলা, তৎপর্য্যায়।—বহুপুষ্পী, জড়া, অধ্যণ্ডা, তালি, তামলকী, অজটা, সূক্ষ্মফলা, ক্ষেত্রামলকী, বিতুন্নক, ঝটা, অমলা, অজ্ঝটা, তালী, শিবা, ঝাটা, মলা, ঝাটামলা, অমলাজ্ঝটা, ভূম্যামলকিকা, শিবামলকী, বহুপুত্রা, বহুফলা, বহুবীর্য্যা, ভূধাত্রী।

ভূম্যামলী, স্ত্রী. [ভূমি+আমলী] ভূম্যামলকী, (হিঃ) অরুমেলী, ভুঁইআমলা, তৎপর্য্যায়।—তমালী, তালী, তমালিকা, উচ্চটা, দৃঢ়পাদী, বিতুন্না, বিতুন্নিকা, বৃষ্যা, বিষঘ্নী, বহুপত্রিকা, বহুবীর্য্যা, ভূধাত্রী, চারটী, অহিভয়দা, বিশ্বপর্ণী, হিমালয়া, অজ্ঝটা, বীরা।

ভূম্যাহুল্য, ন. [ভূমি+আহুল্য] ক্ষুপবিশেষ; (হিং) ভূঞিতখড়, তৎপর্য্যায়।—কুষ্ঠকেতু, মার্কণ্ডীয়, মহৌষধ।

ভূয়ঃ, ব্য. [ভূ+য়স্] পুনরর্থ, পৌনঃপুন্যার্থ।

ভূয়ান্, ত্রি. [ভূ+য়স্] বহুতর, অনেক।

ভূয়িষ্ঠ, ত্রি. [ভূর+ইষ্ঠ] প্রচুর, যথেষ্ট, অধিক।

ভূয়ুক্তা, স্ত্রী. [ভূ+যুক্ত+আ] ভূমিখর্জ্জুরী, ক্ষুদ্রখাজুর।

ভূয়োভূয়ঃ, ত্রি. [ভূয়স্+ভূয়স্] পুনঃঃ, বারম্বার।

ভূর, (প্রা) অহঙ্কার, গর্ব্ব, জাঁক, বড়াই।

ভূরভার, (প্রা) গরিমা; জাঁকজমক।

ভূরি, ন. [ভূ+রি] স্বর্ণ; (পুং.) বিষ্ণু; ব্রহ্মা; শিব; ইন্দ্র; (ত্রি.) প্রচুর, অনেক।

ভূরিক্, স্ত্রী. [ভূ+রিজ্] পৃথিবী, ধরণী।

ভূরিগন্ধা, স্ত্রী. [ভূরি+গন্ধ-আ] পুরানামক গন্ধদ্রব্যবিশেষ।

ভূরিগম, পুং. [ভূরি+গম] গর্দ্দভ, খর, গাধা।

ভূরিদাবা, পুং. [ভূরি+দাবন্] প্রচুরদাতা, যথেষ্টদানকর্ত্তা।

ভূরিদুগ্ধা, স্ত্রী. [ভূরি+দুগ্ধ-আ] বৃশ্চিকালী লতা, বিছুটি।

ভূরিপত্র, পুং. [ভূরি+পত্র] উখর্ব্বল তৃণবিশেষ।

ভূরিপলিতদা, স্ত্রী. [ভূরি+পলিত+দ-আ] পাণ্ডুরফলী।

ভূরিপুষ্পা, স্ত্রী. [ভূরি+পুষ্প-আ] শতপুষ্পা।

ভূরিপ্রেমা, পুং. [ভূরি+প্রেমন্] চক্রবাক-[পক্ষী।

ভূরিফেনা, স্ত্রী. [ভূরি+ফেন-আ] সপ্তলা বৃক্ষ, চামারকসা।

ভূরিমল্লী, স্ত্রী. [ভূরি+মল্ল-ঈ] অম্বষ্ঠা।

ভূরিমায়, পুং. স্ত্রী. [ভূরি+মায়া] শৃগাল, জম্বুক, শিয়াল।

ভূরিবলা, স্ত্রী. [ভূরি+বল-আ] অতিবলা।

ভূরিলাভ, ত্রি. [ভূরি+লাভ] অতিশয় লাভ।

ভূরিশঃ, ব্য. [ভূরি+শস] বহুশঃ, অনেকপ্রকার, বহুতর।

ভূরিশ্রবাঃ, পুং. [ভূরি+শ্রবস্] চন্দ্রবংশীয় সোমদত্ত রাজপুত্র; অতিশয় যশস্বী।

ভূরুণ্ডী, স্ত্রী. [ভু+রুণ্ড-ঈ] শ্রীহস্তিনবৃক্ষ, হাতিশুঁড়া।

ভূরুহ, পুং. [ভু+রুহ] বৃক্ষ, তরু, দ্রুম।

ভূর্জ্জ, পুং. [ভু+উর্জ্জ] স্বনামখ্যাত বৃক্ষবিশেষ, (হিঃ) ভোজপত্র, তৎপর্য্যায়।—কল্পদ্রুম, ভূর্জ্জ, সুচর্ম্মা, ভূর্জ্জপত্রক, চিঃ

ত্রক্ ত্বক্, বিন্দুপত্র, রক্ষাপত্র, বিচিত্রক, ভূতঘ্ন, মৃদুপত্র, শৈলেন্দ্রস্থ, ভূর্জপত্র চর্ম্মী, বহুল বল্কল, ছত্রপত্র, শিব, স্থির-চ্ছদ, মৃদুত্বক্, পত্রপুষ্পক, ভুজ, বহু-পট, বহুত্বক, মৃদুত্বচ।

ভূর্জ্জকণ্টক, পুং. [ভূর্জ্জ+কণ্টক] বর্ণসঙ্কর জাতিবিশেষ। [ভোজপত্র।

ভূর্জ্জপত্র, পুং. [ভূর্জ্জ+পত্র] ভূর্জ্জবৃক্ষ,

ভূর্ণি, স্ত্রী. [ভূ+নি] পৃথিবী; মরুভূমি।

ভূর্লোক, পুং. [ভূঃ+লোক] আকাশ অ-পেক্ষা অধোলোক, মর্ত্তালোক।

ভূলগ্না, স্ত্রী. [ভূ+লগ্ন-আ] শঙ্খপুষ্পী।

ভূলতা, স্ত্রী. [ভূ+লতা] কিঙ্গুলুক, মহীলতা, কেঁচয়া। [কর।

ভূলোকা, স্ত্রী. [ভূ+লোক-আ] উনুই,জলা-

ভূশক্র, পুং. [ভূ+শক্র] ভূপতি, রাজা।

ভূশয়, পুং. [ভূ+শয়] নকুল গোধাদি; বিষ্ণু।

ভূশেলু, পুং. [ভূ+শেলু] ভূকর্ব্বুদারক।

ভূশ্রবা, পুং. [ভূ+শ্রবস্] কৃমিশৈল।

ভূষক, ত্রি. [ভূষ্+অক] ভূষণকারক।

ভূষণ, ন. [ভূষ+অন] অলঙ্কার, আভরণ; শোভা; (পুং.) বিষ্ণু।

ভূষণীয়, ত্রি. [ভূষ+অনীয়] অলঙ্করণযোগ্য; শোভনীয়। [মসী, কালী।

ভূষা, স্ত্রী. [ভূষ+আ] অলঙ্ক্রিয়া, আভরণ;

ভূষান্বিত, ত্রি. [ভূষা+অন্বিত] আভরণযুক্ত, অলঙ্কৃত, শোভিত।

ভূষিত, ত্রি. [ভূষ+ইত] অলঙ্কৃত, আভরণ-যুক্ত; সজ্জিত; বেশবিশিষ্ট।

ভূষী, (প্রা) শস্যাদির ত্বক্,কলায়াদিরখোসা।

ভূষ্ণু, ত্রি. [ভূ+স্নু] ভবনশীল, উৎপত্তিশালী, তৎপর্য্যায়।—ভবিষ্ণু, ভবিতা, সাধুভবন শীল। [যোগা।

ভূষ্য, ত্রি. [ভূষ+য] ভূষণার্হ, অলঙ্করণ-

ভূসুত, পুং. [ভূ+সুত] মঙ্গলগ্রহ, ভূমিপুত্র, (স্ত্রী.) সীতা, জানকী।

ভূস্তৃণ, ন. [ভূঃ+তৃণ] ভূতৃণ, মালাতৃণ।

ভূস্পৃক্, পুং. [ভূ+স্পৃশ্] মনুষ্য, মনুজ, মানুষ; ভূমিস্পর্শকারী।

ভূস্পৃঙ্মুখ, ত্রি. [ভূস্পৃক্+মুখ] ভূমিষ্ঠ হইয়া প্রণত।

ভূস্বর্গ, পুং. [ভূ+স্বর্গ] সুমেরু পর্ব্বত।

ভূস্বামী, পুং. [ভূ+স্বামিন্] রাজা, ভূপতি।

ভূক্ষিৎ, পুং. [ভূ+ক্ষিৎ] শূকর, বরাহ।

ভৃকুংশ, পুং. [ভৃ+কুন্শ] ভ্রুকুংশ, স্ত্রীবেশ-ধারী নর্ত্তক পুরুষ

ভৃকুংস, পুং. [ভৃ+কুন্স] ভ্রুকুংশ, স্ত্রী বেশ-ধারী নর্ত্তক পুরুষ

ভৃকুংসক, পুং. [ভৃ+কুংসক] ভ্রুকুংশ, স্ত্রী বেশধারী নর্ত্তক পুরুষ। [মুখভঙ্গি।

ভৃকুটি, স্ত্রী. [ভৃ+কুটি] ভ্রূকুটি, ভ্রূভঙ্গি;

ভৃকুটী, স্ত্রী. [ভৃ+কুটি-ঈ] ভ্রূকুটি, ভ্রুভঙ্গি।

ভৃগু, পুং. [ভ্রস্জ+উ] মুনিবিশেষ, শিব; শুক্রগ্রহ; নিরবলম্বন পর্ব্বতের পার্শ্ব, আরড়ি, তৎপর্য্যায়।—প্রপাত, অতট, দরদ, পতনস্থাপন; যমদগ্নি; অরণ্য কণ্টকব্যাপ্ত গিরিপার্শ্বোচ্চদেশ।

ভৃগুপতি, পুং. [ভৃগু+পতি] পরশুরাম, যামদগ্ন্য।

ভৃগুসুত, পুং. [ভৃগু+সুত] শুক্র; ঋচীক।

ভৃগুণাম্পতি, পুং. [ভৃগুণাম্+পতি] পরশু-রাম, যামদগ্ন্য। [যামদগ্ন্য।

ভৃগুলাপতি, পুং. [ভৃগু+লাপতি] পরশুরাম,

ভৃগুতুঙ্গ, ন. [ভৃগু+তুঙ্গ] তীর্থবিশেষ, পর্ব্ব-তের উচ্চস্থান বিশেষ।

ভৃঙ্গ, ন. [ভৃ+গন্] ত্বচ, গুড়ত্বক্; অভ্রক; (পুং.) ভ্রমর; কুলিঙ্গ পক্ষী, ফিঙ্গা; লম্পট; ভৃঙ্গরাজ; ভৃঙ্গার, ভৃঙ্গরোল।

ভৃঙ্গক, পুং. [ভৃঙ্গ+ক] রাজবাসন পক্ষী।

ভৃঙ্গজ, ন. [ভৃঙ্গ+গন্-অ] অগুরু, সুগন্ধি দ্রব্যবিশেষ। [হাটী গাছ।

ভৃঙ্গজা, স্ত্রী. [ভৃঙ্গজ+আ] ভার্গী, বামন-

ভৃঙ্গপর্ণিকা, স্ত্রী. [ভৃঙ্গ+পর্ণিকা] সূক্ষ্মৈলা, ক্ষুদ্র এলাইচ। [লতা।

ভৃঙ্গপ্রিয়া, স্ত্রী. [ভৃঙ্গ+প্রিয়-আ] মাধবী-

ভৃঙ্গমূলিকা, স্ত্রী. [ভৃঙ্গ+মূলিকা] ভ্রমরচ্ছল্লী, ভ্রমরবল্লী

ভৃঙ্গরজঃ, পুং. [ভৃঙ্গ+রজস্] ভৃঙ্গরাজ, কেশুরিয়া গাছ।

ভৃঙ্গরজা, পুং. [ভৃঙ্গ+রজস্] ভৃঙ্গরাজ, কেস্থুরিয়াগাছ।

ভৃঙ্গরাজ, পুং. [ভৃঙ্গ+রাজ] ক্ষুপবিশেষ, কেস্থুরিয়াগাছ, (হি) ভেগরিয়া. তৎপর্য্যায়।—কেশরাজ, ভৃঙ্গ, পত্তঙ্গ, মার্কর, ভৃঙ্গাহ্ব, কেশরঞ্জন, পিতৃপ্রিয়, অঙ্গারক, কেশ্য, কুন্তলবর্দ্ধন; পক্ষীবিশেষ; ভ্রমর; যন্ত্রবিশেষ।

ভৃঙ্গরিটি-রীটি, পুং. [ভৃঙ্গ+রিটি] শিব দ্বারপাল, শিবদ্বারী।

ভৃঙ্গরীট, পুং. [ভৃঙ্গ+রীট] শিব দ্বারপাল, শিব দ্বারী।

ভৃঙ্গরোল, পুং. [ভৃঙ্গ+রোল] কীটবিশেষ, ভীমরুল, তৎপর্য্যায়।—বিষসৃক্কা,বরোল, তৃণ ষট্‌পদ।

ভৃঙ্গবল্লভ, পুং. [ভৃঙ্গ+বল্লভ] ধারাকদম্ব; ভূমিকদম্ব।

ভৃঙ্গবল্লভা, স্ত্রী. [ভৃঙ্গ+বল্লভ-আ] ভূমিজম্বূ, ক্ষুদ্রজাম।

ভৃঙ্গসোদর, পুং. [ভৃঙ্গ+সোদর] কেশরাজ, কেস্থুরিয়াগাছ। [যুঁই।

ভৃঙ্গানন্দা, স্ত্রী. [ভৃঙ্গ+আনন্দ-আ] যূথিকা,

ভৃঙ্গাভীষ্ট, পুং. [ভৃঙ্গ+অভীষ্ট] আম্রবৃক্ষ; (ন.) আম্র মুকুল; আম্রফল।

ভৃঙ্গার, পুং. [ভৃঙ্গ+আর] লবঙ্গ; সুবর্ণ; (পুং)স্বর্ণাদিঘটিত বারিপাত্র, তৎপর্য্যায়। কণকালুকা,গুড়ুক,গড়ুক,ভৃঙ্গরাজ;গাড়ু।

ভৃঙ্গরি, স্ত্রী. [ভৃঙ্গ+অরি] কেবিকাপুষ্প।

ভৃঙ্গারিকা, স্ত্রী. [ভৃঙ্গ+অরিক-আ] ঝিল্লিকা, ঝিল্লীকা, বর্ষকরী, ঝিঁঝিঁপোকা

ভৃঙ্গারী, স্ত্রী. [ভৃঙ্গ+অরি-ঈ] ঝিল্লী, ঝিঁঝিঁপোকা, উচ্চিংড়া।

ভৃঙ্গাহ্ব, পুং. [ভৃঙ্গ+আহ্ব] জীবক; ভৃঙ্গরাজ, কেস্থুরিয়ালতা।

ভৃঙ্গাহ্বা, স্ত্রী. [ভৃঙ্গ+আহ্ব-আ] ভ্রমরচ্ছল্লী।

ভৃঙ্গি, পুং. [ভৃঙ্গ+ঈ] ভৃঙ্গী, শিব দ্বারপালবিশেষ।

ভৃঙ্গিনী, স্ত্রী. [ভৃঙ্গ+ইন্-ঈ] বটবৃক্ষ।

ভৃঙ্গী, স্ত্রী. [ভৃঙ্গ+ঈ] অতি বিষালতা; (পুং.) বটবৃক্ষ; শিব দ্বারপালবিশেষ, তৎপর্য্যায়।—ভৃঙ্গেরিটি, ভৃঙ্গরীট, শল, নাড়ীদেহ, অস্থিবিগ্রহ,ভৃঙ্গরিটি; ভ্রমরী।

ভৃঙ্গীফল, পুং. [ভৃঙ্গী+ফল] আম্রাতক বৃক্ষ, আমড়া।

ভৃঙ্গীশ, পুং. [ভৃঙ্গী+ঈশ] মহাদেব, শিব।

ভৃঙ্গেরিটি, পুং. [ভৃঙ্গ+ইরেটি] ভৃঙ্গী, শিব দ্বারপাল।

ভৃঙ্গেষ্টা, স্ত্রী. [ভৃঙ্গ+ইষ্ট-আ] ঘৃতকুমারী; ভার্গী, বামহাটীগাছ; তরুণী; কাকজম্বু। [খোলা।

ভৃজ্জন, পুং. [ভ্রস্‌জ+অন] অম্বরীষ, ভাজনা-

ভৃত, ত্রি. [ভৃ+ত] ভরণীয়, ভরণকরা; পুষ্ট, পালিত।

ভৃতক, পুং. [ভৃত+ক] বেতনোপজীবি কর্ম্মকর্ত্তা, তৎপর্য্যায়।—ভৃতিভুক্, কর্ম্মকর, বৈতনিক।

ভৃতকাধ্যাপক, পুং. [ভৃতক+অধ্যাপক] বেতনজীবি অধ্যাপক।

ভৃতকাধ্যাপিত, পুং. [ভৃতক+অধ্যাপিত] বেতন দানদ্বারা পঠিত ছাত্র।

ভৃতভৃতি, ত্রি. [ভৃত+ভৃতি] সমৃদ্ধ, সৌভাগ্যশালী; বিভূতিদ্বারা ভূষিত।

ভৃতরন্ধ্র, ত্রি. [ভৃত+রন্ধ্র] রন্ধ্রাদি পরিপূর্ণ।

ভৃতি, স্ত্রী. [ভৃ+তি] বেতন; মূল্য; ভরণ।

ভৃতিভুক্, পুং. [ভৃতি+ভুজ্] ভৃতক, বৈতনিক, বেতনগ্রাহী।

ভৃত্য, পুং. [ভৃ+ত-য] দাস, সেবক, নফর; (ত্রি.) প্রতিপালিত।

ভৃত্যত্ব, ন. [ভৃত্য+ত্ব] দাসত্ব, সেবকভাব।

ভৃত্যাধ্যাপন, ন. [ভৃতি+অধ্যাপন] বেতনদ্বারা অধ্যাপন।

ভৃত্যভরণ, ন. [ভৃত্য+ভরণ] ভৃত্যাদি প্রতিপালন।

ভৃত্যভর্ত্তা, পুং, [ভৃত্য+ভর্ত্তৃ] ভৃত্য প্রতিপালক।

ভৃত্যবাৎসল্য, ন. [ভৃত+বাৎসল্য] ভৃত্যদিগের স্নেহপ্রকাশ।

ভৃত্যবিনিবেশ, পুং, [ভৃত্য+বিনিবেশ] দৃঢ় পূর্ব্বক ভৃত্য স্থাপন।

ভৃত্যবৃত্তি, স্ত্রী. [ভৃত্য+বৃত্তি] ভৃত্যভরণ।

ভৃত্যশালী, ত্রি. [ভৃত্য+শালিন্] ভৃত্য বিশিষ্ট।

ভৃত্যা, স্ত্রী. [ভৃত্য+আ] বেতন, কর্ম্ম মূল্য।

ভৃমি, পুং. [ভ্রম+ই] বায়ুবিশেষ, ঘূরণা-বাতাস; জলাদির ভ্রমণ।

ভৃশ, ন. [ভৃশ+অ] অতিশয়, অত্যর্থ, মুহুর্মুহু; (ত্রি.) অতিশয় বিশিষ্ট।

ভৃশম্, ব্য. [ভৃশ+অম্] প্রকর্ষার্থ, উৎকর্ষার্থ; মুহুরর্থ; শোভন।

ভৃষৎ, পুং. [ভৃ+ষদ্] পাষাণ, শিলা।

ভৃষ্ট, ত্রি. [ভ্রস্জ্+ত] জলোপসেকবিনা পক্ক, ভাজা।

ভৃষ্টতণ্ডুল, পুং. ন. [ভৃষ্ট+তণ্ডুল] ভর্জনবিশিষ্ট ধান্যসমূহ, চালুভাজা।

ভৃষ্টযব, পুং.ন.[ভৃষ্ট+যব] ভর্জনবিশিষ্ট যব, যবভাজা, তৎপর্য্যায়।—ধানাঃ, বাটক।

ভৃষ্টান্ন, ন. [ভৃষ্ট+অন্ন] ভৃষ্টতণ্ডুল, মুড়ি, তৎপর্য্যায়।—কুহর, ন্যাকা।

ভৃষ্টি, স্ত্রী. [ভ্রস্জ+তি] ভর্জন, ভাজা; শূন্যবাটিকা।

ভেঁউচন, (প্রা) মুখ ভঙ্গিকরণ, ব্যঙ্গকরণ।

ভেঁপু, (প্রা) পত্রাদিনির্ম্মিত নলাকার বংশীবিশেষ।

ভেক, পুং. [ভী+ক] জন্তুবিশেষ, ব্যাঙ্, তৎপর্য্যায়।—মণ্ডূক, বর্ষাভূ, শালূর, প্লব, দর্দ্দুর, বৃষ্টিভূ, সালূর, প্লবঙ্গম, ব্যঙ্গ, প্লবগ, শল্ল, নন্দন, গূঢ়বর্চ্চাঃ, অজিহ্ব, জিহ্মমোহন, নন্দক, ক্লতালয়, রেক, মণ্ড, হরি, লুলুক, লূলক, শালুক, কটুরব।

ভেকট, পুং. [ভেক+ট] মৎস্যবিশেষ, ভেক্টীমাছ।

ভেকটী, (প্রা) মৎস্যবিশেষ, ভেকটীমাছ।

ভেকনি, পুং. [ভেক+নি] মৎস্যবিশেষ, ভাঙ্গনমাছ।

ভেকপর্ণী, স্ত্রী. [ভেক+পর্ণ-ঈ] মণ্ডূকপর্ণী বৃক্ষ।

ভেকভুক্, পুং. [ভেক+ভুজ্] সর্প, অহি।

ভেকলি, পুং. [ভেক+লি] মৎস্যবিশেষ, ভাঙ্গনমাছ।

ভেকী, স্ত্রী. [ভেক+ঈ] ভেকপ্রিয়া, ভেকপত্নী, তৎপর্য্যায়।—শিলী, গণ্ডূপদী, বর্ষাস্ত্রী; মণ্ডূকপর্ণী বৃক্ষ, (পুং.) আশ্রমান্তর বেশধারী। [অজ্ঞ।

ভেকুয়া (প্রা) হাবা; মূর্খ; জড়; জ্ঞানহীন,

ভেঙ্গান, (প্রা) মুখ ভঙ্গিকরণ; কুৎসাকরণ; প্রেরণ, পাঠান।

ভেজ, (হি) প্রেরণ, প্রেষণ, পাঠান।

ভেজান, (প্রা) পাঠান; বন্ধকরণ।

ভেট, (প্রা) উপঢৌকন, সওগাদ; সাক্ষাৎ।

ভেটকী, (প্রা) মৎস্যবিশেষ, ভেকটীমাছ।

ভেটন, (প্রা) নিকটে গমন; মিলন।

ভেটনিয়া, (প্রা) মিলনিয়া, সাক্ষাৎকারকারী। [শালা।

ভেটিয়ারখানা, (যাং) উত্তরণগৃহ; মদিরা-

ভেটিয়ারা, (প্রা) মদ্যাদি প্রস্তুতকারক; মদ্য প্রস্তুত স্থান।

ভেটিয়াল, (প্রা) নদ্যাদির স্বাভাবিক স্রোতে গমন, ভাঁটায় যাওয়া।

ভেটী, (প্রা) উপঢৌকনীয় সওগাদী।

ভেড়-ভেড়ক, পুং. [ভিল+অ-ক] মেষ, ভেড়া; তরণ্ড, বহিত্র, ঋষিবিশেষ। [লাগান।

ভেড়ন, (প্রা) নিকটাবর্ত্তি হওন; মিলন;

ভেড়া, (প্রা) মেষ, গাড়োল।

ভেড়ী, স্ত্রী. [ভেড়+ঈ] মেষী, ভেড়ভার্য্যা, অবীঃ; পুল।

ভেড়ীবন্দী, (প্রা) পুলবন্দী, বাঁধ।

ভেড়ুয়া, (হি) ষটক, ভগভক্ষক, কোটনা; বাইদিগের তবলচী। [কারক।

ভেত্তা, পুং. [ভিদ্+তৃ] ভেদকর্ত্তা, ভঙ্গ-

ভেদ, পুং. [ভিদ্+অ] শত্রু বশীকরণোপায় চতুষ্টয়ান্তর্গত তৃতীয় উপায়, তৎপর্য্যায়।—উপজাপ; পরদ্বারা বিচ্ছেদ করিয়া আত্মসাৎকরণ, পৃথক্; দ্বৈধ বিশেষ; বিদারণ; বিরেক, বিরেচন।

ভেদক, ত্রি. [ভিদ্+অক] বিদারক; সৌহার্দ্দ ভঙ্গকৃৎ; বিরেচক ঔষধাদি; পৃথককারক।

ভেদজ্ঞান, ন. [ভেদ+জ্ঞান] দ্বৈতজ্ঞান; ভিন্নতা বোধ।

ভেদন, ন. [ভিদ্+অন] হিঙ্গু, হিং; বিদারণ, পৃথক্করণ; (পুং.) অম্লবেতস; শূকর।

ভেদাভেদ, পুং. [ভেদ+অভেদ] ঐক্যানৈক্য, প্রভেদাপ্রভেদ; বিশিষ্টাদ্বৈতজ্ঞান। [ছেদিত।

ভেদিত, ত্রি. [ভিদ্+ই-ত] ভিন্ন, বিদারিত,

ভেদী, পুং. [ভিদ্+ইন্] অম্লবেতস বৃক্ষ; (ত্রি.) ভেদকর্ত্তা; ভেদবিশিষ্ট।

ভেদির, ন, বজ্র, অশনি। [শীল।

ভেদুর, ন. [ভিদ্+উর] ভিদুর, বজ্র; ভগ্ন-

ভেদ্য, ত্রি. [ভিদ্+য] ভেদনীয়; ভেদের যোগ্য। [হওন।

ভেবরণ, (প্রা) ভয়পাওন; বিস্ময়াপন্ন

ভেমরুল, (প্রা) ভৃঙ্গরোল, ভীমরুল।

ভের, পুং. [ভী+র] বাদ্য যন্ত্রবিশেষ, পটহ; ভেরী; দুন্দুভি।

ভেরি, স্ত্রী. [ভী+র-ই] বৃহড্ঢক্কা, তৎপর্য্যায়।—আনক, দুন্দুভি, ভেরী, আনক দুন্দুভি, আনকদুন্দুভী।

ভেরী, স্ত্রী. [ভী+র-ঈ] ভেরি, বৃহড্ঢক্কা, দুন্দুভি।

ভেরণ্ড, পুং. [ভীর+অণ্ড] শ্যেনপক্ষী।

ভেরুণ্ড, ন. [ভীর+উণ্ড] গর্ব্ভধারণ; (ত্রি.) ভয়ানক।

ভেরুণ্ডা, স্ত্রী. [ভেরুণ্ড+আ] দেবতাবিশেষ, কালী; যক্ষিণীবিশেষ।

ভেরেণ্ডা, (প্রা) এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডাগাছ।

ভেল, ত্রি. [ভী+ল] ভীরু, ভয়শীল; মূর্খ; চঞ্চল; (পুং.) প্লব, ভেলক, ভেলা; মুনিবিশেষ।

ভেলক, পুং. ন, [ভেল+ক] নদ্যাদিতরণ সাধন বস্তু, ভেলা, তৎপর্য্যায়।—প্লব, কোল, উড়ুক, উড়ূক, তরণ, তারণ, তারক, উড়ুপ, তরীষ।

ভেল্কী, (প্রা) কুহক, কপট, মায়া, ইন্দ্রজাল।

ভেষজ, ন. [ভিষজ্+অ] ঔষধ, ভৈষজ্য, অগদ।

ভেষজাঙ্গ, ন. [ভেষজ+অঙ্গ] অনুপান।

ভৈমী, স্ত্রী. [ভীম+অ-ঈ] ভীমকন্যা।

ভৈরব, পুং. [ভীরু+অ] শঙ্কর, মহাদেব; ভয়ানক রস; নদবিশেষ; অষ্টভৈরব, যথা।—অসিতাঙ্গ, রুরু, চণ্ড, ক্রোধ, উন্মত্ত, কপালী, ভীষণ, সংহার; করবীরপুরের রাজা চন্দ্রশেখরের পত্নী তারাবতীর গর্ব্ভে মহাদেব হইতে জাতপুত্র; দুর্জয়াখ্যপর্ব্বতস্থ ভৈরব; রাগবিশেষ, ষট্রাগান্তর্গত প্রথম রাগ, ঔড়ব, ধৈবতাদি পঞ্চস্বর মিলিত; (ত্রি.) ভয়ানক, (অন্য পর্য্যায় ভয়ঙ্কর শব্দে দ্রষ্টব্য) শিবগণাধিপ।

ভৈরবী, স্ত্রী. [ভৈরব+ঈ] চামুণ্ডা; চতুর্দ্দশবিধা ভৈরবী যথা।—ত্রিপুরা, সম্পৎপ্রদা, কৌলেশী, সকলসিদ্ধিদা, ভয়বিধ্বংসিনী, চৈতন্যা, কামেশ্বরী, ষট্কূটা, নিত্যা, রুদ্রা, ভুবনেশ্বরী, ত্রিপুরবালা, নবকূটা, অন্নপূর্ণা; রাগিণীবিশেষ, ভৈরবরাগ পত্নী, তদ্যথা।—ভৈরবী, কৌশিকী, ভাষা, বেলাবলী, বঙ্গালী; মালবরাগপত্নী, তদ্যথা।—ধানসী, মালসী, রামকিরী, সিন্দুড়া, আসাবরী; অবধূতাশ্রমে প্রবিষ্টা স্ত্রী।

ভৈরবীচক্র, ন. [ভৈরবী+চক্র] কৌলাচারিদিগের চক্রবিশেষ।

ভৈষজ, ন.[ভিষজ+অ] লাবকপক্ষী; ভেষজ।

ভৈষজ্য, ন. [ভিষজ্+য] ঔষধ, অগদ।

ভৈক্ষ, ন. [ভিক্ষা+অ] ভিক্ষাসমূহ, ভিক্ষালব্ধ দ্রব্য।

ভৈক্ষজীবিকা, স্ত্রী. [ভৈক্ষ+জীবিকা] ভিক্ষাদ্বারা জীবনোপায়, ভিক্ষাবৃত্তি, তৎপর্য্যায়।—পৈণ্ডিন্য।

ভৈক্ষজীবী, ত্রি. [ভৈক্ষ+জীবিন্] ভিক্ষাদ্বারা জীবনোপায়ী।

ভৈক্ষভুক্, ত্রি. [ভৈক্ষ+ভুজ্] ভৈক্ষাশী, ভিক্ষাশী, ভিক্ষাজীবী।

ভৈক্ষাশী, ত্রি, [ভৈক্ষ+অশিন্] ভিক্ষালব্ধ বস্তু ভক্ষণকারী।

ভোঃ, ব্য. [ভ+উস্] সম্বোধন, তৎপর্য্যায়। প্যাট্, পাট্, অঙ্গ, হে, হৈ, হংহো, হুং, হো, অরে, অয়ে, অয়ি; প্রশ্ন; বিষাদ।

ভোঁতা, (প্রা) নির্ব্বোধ; অতীক্ষ্ণ, ধাররহিত; কাঠালের ভুঁতি। [খেড়িয়া।

ভোঁদড়, (প্রা) জলমার্জ্জার, উদবিড়াল,

ভোঁদা, (প্রা) স্থূলাকার, মোটা।

ভোকছানি, (প্রা) বুভুক্ষা জন্য মোহ প্রাপ্তি, অনশন জন্য দৌর্ব্বল্য।

ভোক্তব্য, ত্রি. [ভুজ্+তব্য] ভোজনীয়, ভোজ্য, খাদ্য।

ভোক্তা, ত্রি. [ভুজ+তৃ] ভোজনকর্ত্তা, খাদক; (পুং.) বিষ্ণু; ভর্ত্তা, স্বামী।

ভোগ, পুং. [ভুজ্+অ] সুখ; স্ত্রী আদির উপভোগ; সর্পফণা; সর্পশরীর; ধন; পালন; অভ্যবহার; সর্প; দেহ; মান; পুণ্যপাপ জনন যোগ্যকাল; বিভববিশেষ। [বেতন।

ভোগগুচ্ছ, ন. [ভোগ+গুচ্ছ] বেশ্যাদিগের

ভোগগৃহ, ন. [ভোগ+গৃহ] বাসগৃহ, বাসাগার; রাজগৃহ।

ভোগদেহ, পুং. [ভোগ+দেহ] স্বর্গ নরক ভোগার্থ সূক্ষ্ম শরীর।

ভোগন, (প্রা) ভোগপ্রাপন; সুখ বা দুঃখ অনুভব করণ।

ভোগপতি, পুং. [ভোগ+পতি] অধিপতি।

ভোগপাল, পুং. [ভোগ+পাল] অশ্বরক্ষক, সহিস; (ত্রি.) ভোগরক্ষক।

ভোগপিশাচিকা, স্ত্রী. [ভোগ+পিশাচিকা] ক্ষুধা, বুভুক্ষা; অনাহার জন্য ক্লেশ।

ভোগবতী, স্ত্রী. [ভোগ+বৎ-ঈ] পাতালগঙ্গা; নাগপুরী।

ভোগবৎ, ত্রি. [ভোগ+বৎ] ভোগতুল্য; সুখজনক; ভোগবিশিষ্ট।

ভোগবান্, পুং. [ভোগ+বৃৎ] সর্প; নাট্য; গান; (ত্রি.) ভোগবিশিষ্ট।

ভোগবিহীন, ত্রি. [ভোগ+বিহীন] সুখরহিত; স্ত্রী আদির উপভোগ হীন।

ভোগভূমি, স্ত্রী. [ভোগ+ভূমি] সুখস্থান; ভারতবর্ষাতিরিক্ত বর্ষ

ভোগরাগ, (প্রা) দেব প্রতিমার ভোগ।

ভোগলামি, (প্রা) ভণ্ডতা, কাপট্য; বঞ্চনা, প্রতারণা; পরিহাস।

ভোগসদ্ম, ন. [ভোগ+সদ্মন্] বাসগৃহ, গর্ভাগার; রতিগৃহ

ভোগস্থান, ন. [ভোগ+স্থান] শরীর; সুখ বা দুঃখের অনুভব স্থল; অন্তঃপুর।

ভোগা, (প্রা) ফাঁকি, প্রবঞ্চনা; ছল।

ভোগান, (প্রা) সুখ দুঃখ ভোগকরণ; ভুলান, প্রতারণা।

ভোগানর্হ্য, ন. [ভোগ+অনর্হ্য] ভোগকরণের অনুপযুক্ত।

ভোগান্ত, পুং. [ভোগ+অন্ত] ভোগের শেষ।

ভোগাবলী, স্ত্রী. [ভোগ+আবলী] স্তুতি পাঠকের স্তুতি; নাগপুরী।

ভোগাবাস, পুং. [ভোগ+আবাস] বাসগৃহ, বসতি স্থান।

ভোগার্হ্য, ন. [ভাগ+অর্হ্য] ধান্য, শালি, ধান; সুখসেব্য।

ভোগিক, পুং. [ভোগ+ইক] অশ্বরক্ষক, অশ্বপালক, সহিস।

ভোগিকান্ত, পুং. [ভোগিন্+কান্ত] বায়ু, অনিল, বাতাস।

ভোগিনী, স্ত্রী. [ভোগ+ইন্-ঈ] মহিষী ভিন্ন নৃপপত্নী, রাজার উপপত্নী।

ভোগিবল্লভ, পুং, [ভোগিন্+বল্লভ] চন্দন, গন্ধ।

ভোগী, পুং. [ভোগ+ইন্] সর্প; গ্রামপাত্র; নৃপ; নাপিত; বৈয়াবৃত্তিকর, ব্যাবৃত্তিকারী; সুখ বা দুঃখ অনুভবকারী; ভোগবিশিষ্ট, ভোগযুক্ত।

ভোগীন্দ্র, পুং [ভোগিন্+ইন্দ্র] অনন্ত দেব।

ভোগীশ, পুং. [ভোগিন্+ঈশ] বাসুকি, অনন্তদেব।

ভোগ্য, ন. [ভোজ্+য] ধন; ধান্য; (ত্রি.) ভোগার্হ্য, ভোগযোগ্য, বন্ধকবিশেষ; আধিবিশেষ।

ভোগ্যা, স্ত্রী. [ভুজ্+য-আ] বেশ্যা, কুলটা; ভোগযোগ্য সামগ্রী।

ভোগ্যাধি, স্ত্রী. [ভোগ্য+আধি] ফলভোগার্থ কৃতবন্ধক।

ভোজ, পুং. [ভুজ্+অ] স্বনামখ্যাত রাজা; দেশ,ভোজপুর, তৎপর্য্যায়।—ভোজকট, ধারানগরের রাজাবিশেষ; আহার; সমারোহে ভোজন।

ভোজকট, পুং. [ভোজ+কট] ভোজদেশ, ভোজপুর।

ভোজন, ন. [ভুজ্+অন] কঠিন দ্রব্যের গলাধঃকরণ, তৎপর্য্যায়।—জগ্ধ,জেমন, লেপ, আহার, নিঘস, ন্যাদ, জমন, বিঘস, অভ্যবহার, প্রত্যবসান, অশন, স্বদন, নিগর; তৎবৈদিক পর্য্যায় যথা।—আবয়তি, ভর্বতি, ভবস্তি, বেতি,বেবেষ্টি, অবিষান্, বপ্সতি,ভসথ, বব্ধা; হ্বরয়তি; ভোজন ষড়্বিধ যথা।-চূষ্য, পেয়, লেহ্য, ভোজ্য, ভক্ষ্য, চর্ব্ব্য।

ভোজনপাত্র, ন. [ভোজন+পাত্র] ভক্ষ্যদ্রব্যাধার।

ভোজনার্হ্য, ন. [ভোজন+অর্হ্য] আহার যোগ্য, ভক্ষণোপযুক্ত।

ভোজনীয়, ত্রি [ভুজ্+অনীয়] ভোজ্য, ভক্ষ্য, খাদ্য।

ভোজপতি, পুং. [ভোজ+পতি] কংসরাজ।

ভোজপুর, ন. [ভোজ+পুর] স্বনামখ্যাতদেশ, ভোজদেশ।

ভোজবিদ্যা, স্ত্রী. [ভোজ+বিদ্যা] ভেল্কী, কুহক, ঐন্দ্রজালিক।

ভোজয়িতা, ত্রি. [ভুজ+ই-তৃ] ভোজনকারয়িতা, ভোগপ্রয়োজক।

ভোজাধিপ, পুং. [ভোজ+অধিপ] কংসরাজ।

ভোজ্য, ত্রি. [ভুজ+য] ভোজনীয়দ্রব্য; ভক্ষণীয়, খাদ্য।

ভোজ্যসম্ভব, পুং. [ভোজ্য+সম্ভব] শরীরস্থ রসধাতু।

ভোজ্যান্ন, ন. [ভোজ্য+অন্ন] ভোজনীয়দ্রব্য; একান্ন।

ভোজ্যান্নতা, স্ত্রী. [ভোজ্যান্ন+তা] পরস্পর অন্ন ভোজন ব্যবহার।

ভোট, (প্রা) রক্তবর্ণ কম্বলবিশেষ; দেশবিশেষ। [বুটান্।

ভোটাঙ্গ, পুং. [ভোট+অঙ্গ] দেশবিশেষ, বুটান্।

ভোড়ঙ্গ, (প্রা) গর্ব্ব, জাঁক; তুরী, বাদ্যযন্ত্র বিশেষ; তরণীবিশেষ।

ভোড়ঙ্গিয়া, (প্রা) তুরীবাদক।

ভোতা, (প্রা) অশাণিত অস্ত্র, অধার;অতীক্ষ্ণ, থোবড়া।

ভোভো, ব্য. [ভো+ভো] সম্বোধন, আভিমুখ্য বিধান।

ভোতোরা, স্ত্রী. প্রবাল, পলা।

ভোমর, (প্রা) ভ্রমর; কাষ্ঠাদি ভেদন অস্ত্র, তুরপুণ।

ভোমা, (প্রা) মূর্খ, অজ্ঞান; অসার।

ভোর, (প্রা) প্রভাত, প্রাতঃকাল, নিশাবসান।

ভোলা, (প্রা) মৎস্যবিশেষ; বিস্মরণ ভ্রান্ত।

ভোলানাথ, পুং. [ভোলা+নাথ] শিব, মহাদেব।

ভোলি, পুং. [ভোল+ই] উষ্ট্র, উট।

ভৌত, পুং. [ভূত+অ] দেবল; ভূতযজ্ঞ; বলিকর্ম্ম; (ত্রি.) ভূতসম্বন্ধীয়।

ভৌতিক, ন. [ভূত+ইক] মুক্তা; (ত্রি.) ভূতসম্বন্ধীয়; (পুং) মহাদেব।

ভৌতী, স্ত্রী. [ভূত+অ-ঈ] রাত্রি, নিশা, রজনী।

ভৌত্য, পুং. [ভূত+য] ভূতিমুনিপুত্র, চতুর্দ্দশ মনু।

ভৌম, পুং. [ভূমি+অ] মঙ্গলগ্রহ নরক রাজ; (ত্রি.) ভূমিজাত; অম্বর; রক্তপুনর্নবা।

ভৌমজল, ন. [ভৌম+জল] ভূমিসম্বন্ধীয় সলিল; তত্ত্রিবিধ যথা।—জাঙ্গল, পরপরমানূপ, সাধারণ। [শিল্পী।

ভৌমন, পুং. [ভূমন্+অ] বিশ্বকর্ম্মা, দেবশিল্পী।

ভৌমরত্ন, ন. [ভৌম+রত্ন] প্রবাল, পলা।

ভৌমিক, ত্রি. [ভূমি+ইক] ভূম্যধিকারী, ভূস্বামী, জমীদার।

ভৌমী, স্ত্রী. [ভূমি+ই-ঈ] সীতা, জনকরাজ কন্যা, রামপত্নী।

ভৌরিক, পুং. [ভূরি+ইক] কনকাধ্যক্ষ।

ভ্যাকান, (প্রা) অভ্যাসকরণ; চীৎকার; পুনঃ২ জল্পন।

ভ্যাসভ্যাস, (প্রা) অসভ্য; মূর্খ; অবোধ, অজ্ঞান।

ভ্রংশ, পুং. [ভ্রংশ+অ] অধঃপতন; চ্যুত-হওন; নষ্ট। [কারী।

ভ্রংশক, ত্রি. [ভ্রংশ+অক] নষ্টকারী; বিচ্ছেদ

ভ্রংশিত, ত্রি. [ভ্রংশ+ইত] চ্যুত; বিযুক্ত, বিরহিত।

ভ্রকুংশ, পুং. [ভ্র+কুশি-অ] স্ত্রীবেশধারী নর্ত্তকপুরুষ:

ভ্রকুংস, পুং. [ভ্র+কুসি-অ] স্ত্রীবেশধারী নর্ত্তক পুরুষ, তৎপর্য্যায়।—ভ্রুকুংস, ভ্রূকুংস, ভূকুংস, ভ্রকুংশ।

ভ্রকুটি, স্ত্রী. [ভ্র+কুটি] ক্রোধাদিদ্বারা ভ্রু-ভঙ্গিকরণ, মুখভঙ্গী, তন্নামানি যথা।—ভ্রুকুটি, ভ্রূকুটি, ভূকুটি, ভ্রকুটী, ভ্রুকুটী, ভ্রূকুটী, ভূকুটী।

ভ্রম, পুং. [ভ্রম্+অ] মিথ্যাজ্ঞান, তৎপ-র্য্যায়।—ভ্রান্তি, মিথ্যামতি ইহা দ্বিবিধ যথা।—বিপর্য্যাস, সংশয়; জলনির্গম; কুন্দ; ভ্রমণ।

ভ্রমকূপ, পুং. [ভ্রম+কূপ] ভ্রান্তিস্বরূপকূয়া, অতিশয় ভ্রান্তি।

ভ্রমণ, ন. [ভ্রম+অন] গমনবিশেষ, পর্য্যটন, বেড়ান।

ভ্রমণী, স্ত্রী. [ভ্রমণ+ঈ] কারণ্ডিকাবৃক্ষ; অধীশিতার ক্রীড়াটা।

ভ্রমণেচ্ছা, স্ত্রী. [ভ্রমণ+ইচ্ছা] পর্য্যটনেচ্ছা, বেড়াইবার অভিলাষ।

ভ্রমৎকুটী, স্ত্রী. [ভ্রমৎ+কুটী] তৃণাদিচ্ছত্র, তৎপর্য্যায়।—কাবারী, জঙ্গমকুটী।

ভ্রমবিশিষ্ট, ত্রি. [ভ্রম+বিশিষ্ট] ভ্রান্তিযুক্ত; ভ্রান্ত; বিস্মৃত।

ভ্রমর, পুং. [ভ্রম+র] কীটবিশেষ, তৎপ-র্য্যায়।—মধুব্রত, মধুকর, মধুলিট্, মধুপ, অলী, দ্বিরেফ, পুষ্পলিট্, ভৃঙ্গ, ষট্পদ, অলি, কলালাপ, শিলীমুখ, পুষ্পন্ধয়, মধুক্রুৎ, দ্বিপ, ভসর, চঞ্চরীক, সুকাণ্ডী, মধুলোলুপ, ইন্দিন্দির, মধুমারক, মধুপর, লম্ব, পুষ্পকীট, মধুসূদন, ভৃঙ্গরাজ, মধুলেহী, রেণুবাস; কামুক; ভ্রান্ত

ভ্রমরক, পুং. [ভ্রমর+ক] ললাটলম্বিত চূর্ণ-কুন্তল; ভৃঙ্গ; বালমূষিক, নেংটীয়া ইন্দুর; জলভ্রম।

ভ্রমরকীট, পুং. [ভ্রমর+কীট] কীটবিশেষ, কুমুরেপোকা।

ভ্রমরচ্ছল্লী, স্ত্রী. [ভ্রমর+ছল-ঈ] লতা-বিশেষ, তৎপর্য্যায়।—ভৃঙ্গাহ্বা, ভ্রমরা, ভৃঙ্গমূলিকা।

ভ্রমরপ্রিয়, পুং. [ভ্রমর+প্রিয়] ধারাকদম্ব।

ভ্রমরবিলসিতা, স্ত্রী. ছন্দোবিশেষ।

ভ্রমরমারী, স্ত্রী. [ভ্রমর+মার-ঈ] মালবদেশ প্রসিদ্ধ পুষ্প বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—ভ্রমরারি, ভৃঙ্গারি, ভৃঙ্গমারী, মাংস-পুষ্পিকা, কুঠারি, ভ্রমরী, যষ্ঠলতা।

ভ্রমরহিত, ত্রি. [ভ্রম+রহিত] ভ্রান্তিশূন্য, ভুলরহিত, অভ্রান্ত; পুষ্প।

ভ্রমরা, স্ত্রী. [ভ্রমর+আ] লতাবিশেষ, ভ্রমর-চ্ছল্লী।

ভ্রমরাতিথি, পুং. [ভ্রমর+অতিথি] চম্পক, চাঁপা।

ভ্রমরানন্দ, পুং. [ভ্রমর+আনন্দ] বকুল; অতিমুক্তক, রক্তাম্লান।

ভ্রমরালক, পুং. [ভ্রমর+অলক] ললাটস্থিত চূর্ণকুন্তল, তৎপর্য্যায় ।—ভ্রমরক, কুরুল।

ভ্রমরী, স্ত্রী. [ভ্রমর+ঈ] জতুকা, জোঁ, লা; পুত্রদাত্রী; ষট্পদী, ভ্রমরপত্নী।

ভ্রমরেষ্ট, পুং. [ভ্রমর+ইষ্ট] শ্যোনাকবি-শেষ।

ভ্রমরেষ্টা, স্ত্রী. [ভ্রমর+ইষ্ট-আ] ভার্গী, বামনহাটীগাছ: ভূমিজম্বু।

ভ্রমরোৎসবা, স্ত্রী. [ভ্রমর+উৎসব-আ] মাধবী লতা।

ভ্রমাসক্ত, পুং. [ভ্রম+আসক্ত] শস্ত্রমার্জক, শিকলকর।

ভ্রমার্হ, ত্রি. [ভ্রম+অর্হ] ভ্রমযোগ্য, ভ্রান্তি-যোগ্য।

ভ্রমি, স্ত্রী. [ভ্রম+ই] ভ্রমণ, ঘুরণ, তৎপ-র্য্যায়।—ভ্রম, ভ্রমী; মণ্ডলাকার সৈন্য রচনা; মর্চা; জলের আবর্ত্ত।

ভ্রমী, ত্রি. [ভ্রম+ইন্] ভ্রমবিশিষ্ট, ভ্রান্তিযুক্ত; ভ্রান্ত

ভ্রষ্ট, ত্রি. [ভ্রন্‌শ+ত] চ্যত, পতিত; নষ্ট; ধূর্ত্ত; দুষ্ট; ভ্রষ্টপর্য্যায় গলিত শব্দে দৃষ্টকর। [ধূর্ত্ততা।

ভ্রষ্টতা, স্ত্রী. [ভ্রষ্ট+ত-আ] দুষ্টতা; শঠতা;

ভ্রষ্টা, স্ত্রী. [ভ্রষ্ট+আ] ব্যভিচারিণী স্ত্রী, কুলটা। [অনাচার।

ভ্রষ্টাচার, পুং. [ভ্রষ্ট+আচার] দুষ্টাচার;

ভ্রষ্টাচারী, ত্রি. [ভ্রষ্ট+আচার-ইন্] আচার ভ্রষ্ট, অনাচারী, আচারচ্যুত

ভ্রষ্টামি, (প্রা) ভ্রষ্টতা, ধূর্ত্ততা, দুষ্টামি

ভ্রাজক, ন. [ভ্রাজ্+অক] ধাতুবিশেষ, পিত্ত, পিত্তল; উজ্জ্বলতারকা।

ভ্রাজিষ্ণু, ত্রি. [ভ্রাজ+ইষ্ণু] অলঙ্কারাদি দ্বারা দীপ্তিযুক্ত; (পুং.) বিষ্ণু।

ভ্রাতরৌ, পুং. [ভ্রাতৃ+ঔ] ভ্রাতৃভগিনী; ভ্রাতৃদ্বয়

ভ্রাতা, পুং. [ভ্রা+তৃ] একগর্ব্ভজাত, ভাই, তৎপর্য্যায় ।—সহোদর, সমানোদর্য্য, সোদর্য্য, সগর্ভ, সহজ, সোদর।

ভ্রাতৃক, ত্রি. [ভ্রাতৃ+ক] ভ্রাতৃযোগ্য, ভ্রাতৃতুল্য।

ভ্রাতৃজ, পুং. স্ত্রী. [ভ্রাতৃ+জন্-অ] ভ্রাতার অপত্য, ভাইপো,তৎপর্য্যায়।—ভ্রাত্রীয়, ভ্রাতৃব্য, ভ্রাতৃপুত্র।

ভ্রাতৃজা, স্ত্রী. [ভ্রাতৃজ+আ] ভ্রাতার কন্যা, ভাইঝী।

ভ্রাতৃজায়া, স্ত্রী. [ভ্রাতৃ+জায়া] ভ্রাতৃভার্য্যা, ভ্রাতৃস্ত্রী, ভাইজ, তৎপর্য্যায় ।—প্রজাবতী।

ভ্রাতৃদ্বিতীয়া, স্ত্রী. [ভ্রাতৃ+দ্বিতীয়া] কার্ত্তিক শুক্লপক্ষীয় দ্বিতীয়া, ভাইদ্বিতীয়া, ভাই ফোঁটা।

ভ্রাতৃপত্নী, স্ত্রী. [ভ্রাতৃ+পত্নী] ভ্রাতৃজায়া, ভ্রাতৃস্ত্রী, ভাইজ।

ভ্রাতৃপুত্র, স্ত্রী. [ভ্রাতৃ+পুত্র] ভ্রাতৃজ, ভাইপো।

ভ্রাতৃবধূ, স্ত্রী. [ভ্রাতৃ+বধূ] ভ্রাতার স্ত্রী, ভাত্রবধূ।

ভ্রাতৃব্য, পুং. [ভাতৃ+ব্য] ভ্রাতৃপুত্র, ভাইপো; শত্রু।

ভ্রাতৃভগিনৌ, স্ত্রী. [ভ্রাতৃ+ভগিনী-ঔ] ভ্রাতা ভগিনী।

ভ্রাতৃশ্বশুর, পুং. [ভ্রাতৃ+শ্বশুর] পতির জ্যেষ্ঠভ্রাতা, ভাশুর, তৎপর্য্যায়।—শ্বশুরক; ভ্রাতৃপত্নীর পিতা।

ভ্রাত্রীয়, পুং. [ভ্রাতৃ+ঈয়] ভ্রাতৃপুত্র; (ত্রি.) ভ্রাতৃসম্বন্ধীয়।

ভ্রান্ত, ত্রি. [ভ্রম্+ত] ভ্রমণযুক্ত; ভ্রান্তিবিশিষ্ট; (ন.) ভ্রমণ; (পু.) রাজধূস্তূর, রাজধুতুরা; মত্তহস্তী।

ভ্রান্ততা, স্ত্রী. [ভ্রান্ত+ত-আ] ভ্রমশীলতা, ভ্রান্তি, ভ্রম। [অনবস্থিতি।

ভ্রান্তি, স্ত্রী. [ভ্রম+তি] ভ্রম, ভুল, ভ্রমণ;

ভ্রান্তিমান, ত্রি. [ভ্রান্তি+মৎ] ভ্রান্তিযুক্ত; অলঙ্কারবিশেষ।

ভ্রান্তিহর, পুং. [ভ্রান্তি+হর] মন্ত্রী, পরামর্শী; (ত্রি.) ভ্রমনাশক

ভ্রাম, পুং. [ভ্রম+অ] ভ্রমণ, ভ্রম, ভ্রান্তি।

ভ্রামক, পুং. [ভ্রম+অক] শৃগাল; ধূর্ত্ত; সূর্য্যাবর্ত্ত; প্রস্তরবিশেষ, চুম্বকপাতর; (ত্রি.) ভ্রমজনক, ভ্রান্তিদায়ক।

ভ্রামর, ন. [ভ্রমর+অ] মধু, ভ্রমর জাতমধু; নৃত্যবিশেষ।—রাস, মণ্ডলনৃত্য, হল্লীস; (ত্রি.) ভ্রমরসম্বন্ধীয়; (পুং.) প্রস্তরবিশেষ, চুম্বকপাতর।

ভ্রামরী, স্ত্রী. [ভ্রমর+অ-ঈ] পার্ব্বতী,দুর্গা।

ভ্রাষ্ট্র, ন. [ভ্রস্জ্+ত] আকাশ, নভোমণ্ডল, (ন.পুং.) ভর্জ্জনপাত্র, ভাজনাখোলা, তৎপর্য্যায় [—অম্বরীষ।

ভ্রূকুংশ-ভ্রূকুংস, পুং. [ভ্রূ+কুশি-কুসি-অ] স্ত্রীবেশধারীনর্ত্তক পুরুষ।

ভ্রূকুটি, স্ত্রী. [ভ্রূ+কুটি] ক্রোধাদিহেতু ভ্রূদ্বয়ের বক্রতাকরণ।

ভ্রূকুটী, স্ত্রী. [ভ্রূ+কুটি-ঈ] ক্রোধাদিহেতু, ভ্রূদ্বয়ের বক্রতাকরণ।

ভ্রূ, স্ত্রী. [ভ্রম+ঊ] চক্ষুঃ দ্বয়ের ঊর্দ্ধভাগ, তৎপর্য্যায়।—চিল্লিকা, নয়নোর্দ্ধভাগ রোমরাজী

ভ্রূকুংস, পুং. [ভ্রূকুংস+অ] স্ত্রী বেশধারি-নর্ত্তক পুরুষ।

ভ্রূকুটি, স্ত্রী. [ভ্রূ+কুটি] ক্রোধহেতু ভ্রূদ্বয়ের কৌটিল্য।

ভ্রূকুটী, স্ত্রী. [ভ্রূ+কুটি-ঈ] ক্রোধহেতু ভ্রূদ্বয়ের কুটিলতা।

ভ্রূণ, পুং. [ভ্রূণ+অ] বালক; স্ত্রীগর্ভ।

ভ্রূণঘ্ন, ত্রি. [ভ্রূণ+হন্-অ] ভ্রূণহত্যাকারী, গর্ভনাশক।

ভ্রূণহত্যা, স্ত্রী. [ভ্রূণ+হত্যা] গর্ভস্থবালক হনন; গর্ভনাশন।

ভ্রূণহা, ত্রি. [ভ্রূণ+হন্] গর্ভস্থবালকহন্তা, ভ্রূণহত্যাকারী।

ভ্রূভঙ্গ, পুং. [ভ্রূ+ভঙ্গ] ভ্রূকৌটিল্য, কটাক্ষ।

ভ্রূভঙ্গি, স্ত্রী. [ভ্রূ+ভঙ্গ-ই] কটাক্ষ; অসন্তোষ প্রকাশক দৃষ্টিক্ষেপ।

ভ্রূক্ষেপ, পুং. [ভ্রূ+ক্ষেপ] কটাক্ষ দৃষ্টি, ঈষৎ অবলোকন।

ভ্রেষ, পুং. [ভ্রেষ+অ] যথোচিত স্থানহইতে ভ্রংশ; চলন, গমন।

ভ্রেষণ, ন. [ভ্রেষ+অন] চলন, গমন।

ম

ম, মকার, পঞ্চবিংশতিতমব্যঞ্জনবর্ণ; ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ, পবর্গের পঞ্চমবর্ণ, তন্নামানি যথা।—কালী; ক্লেশিত; কাল; মহাকাল; মহান্তক; বৈকুণ্ঠ; বসুধা; চন্দ্রী, রবি; পুরুষরাজক; কালভদ্র; জয়া, মেধা,বিশ্বদা; দীপ্তসংজ্ঞক; জঠর; ভ্রমা; মান; লক্ষ্মী; মাতা; উগ্রবন্ধন; বিষ; শিব; মহাবীর; শশিপ্রভা; জনেশ্বর; প্রমত্ত; প্রিয়সু; রুদ্র; সর্ব্বাঙ্গ; বহ্নিমণ্ডল, মাতঙ্গমালিনী; বিন্দু; শ্রবণাভরণ; বিয়ৎ।

ম, পুং. [মা+অ] শিব; চন্দ্রমাঃ; ব্রহ্মা; যম; সময়, বিষ; মধুসূদন।

মই, (প্রা) বংশাদিরচিত সোপান, বাঁশের সিঁড়ি; বিদা।

মউচাক, (প্রা) মধুচক্র, মধুক্রম।

মউড়, (প্রা) মুকুট, টুপী।

মউনী, (প্রা) মন্থনদণ্ড, আলোড়নার্থ যষ্টি-বিশেষ।

মউমাছী, (প্রা) কীটবিশেষ, মধুমক্ষিকা, সরঘা, মৌমাছী।

মউরী, (প্রা) বণিক্ দ্রব্যবিশেষ, মধুরিকা, মৌরী।

মওন, (প্রা) মন্থন, আলোড়ন।

মওয়াক্কেল, (যাং) যাহার পক্ষ হইয়া বিচারাগারে বাদানুবাদ করে, বাদী বা প্রতিবাদী।

মকর, পুং. [ম+কর] জলজন্তুবিশেষ, মগর, গঙ্গারবাহন; কামদেবের ধ্বজচিহ্ন; মেষাদি দ্বাদশরাশ্যন্তর্গত দশমরাশি; গঙ্গা ও বরুণবাহন,তৎপর্য্যায়।—আকোকের; কুবেরের ধনবিশেষ; ছল।

মকরকুণ্ডল, ন. [মকর+কুণ্ডল] মকরাকৃতি কর্ণভূষণ।

মকরকেতন, পুং. [মকর+কেতন] কন্দর্প, কামদেব।

মকরধ্বজ, পুং. [মকর+ধ্বজা] কামদেব, মদন; রসসিন্দূরবিশেষ, চন্দ্রোদয়, রসাসিন্দু।

মকরন্দ, পুং. [মকর+দো-অ] পুষ্পরস, পুষ্পাসব, মধু; কুন্দ পুষ্পবৃক্ষ; কিঞ্জল্ক; কেশর, ফলেরপাকড়ী; (ন.) কোকিল; মধুকর।

মকরন্দবতী, স্ত্রী. [মকরন্দ+বৎ-ঈ] পাটলাপুষ্প; মধুবিশিষ্টা।

মকরব্যূহ, পুং. [মকর+ব্যূহ] মকরাকারসৈন্যবিন্যাস।

মকরাকর, পুং. [মকর+আকর] সমুদ্র, [সাগর।

মকরাকার, পুং. [মকর+আকার] ষড়্গ্রন্থ, কাঁটাকরঞ্জ; মকর মৎস্য তুল্য আকৃতি।

মকরাঙ্ক, পুং. [মকর+অঙ্ক] কামদেব; সমুদ্র, সাগর।

মকরালয়, পুং. [মকর+আলয়] সমুদ্র, সাগর।

মকরাশ্ব, পুং. [মকর+অশ্ব] বরুণ।

মকরী, পুং. [মকর+ইন্] সমুদ্র, সাগর, পয়োধি।

মকুট, ন. [মক+উট] মুকুট, কিরীট, শিরোভূষণ, চূড়া।

মকুতি, স্ত্রী. [মকু+তি] শূদ্রশাসন।

মকুর, পুং. [মক+উর] কুলালদণ্ড, কুমারের লাঠি; বকুল পুষ্প; কোরক, কলিকা; আদর্শ, আরশি, মুকুর।

মকুল, পুং. ন. [মক+উল] বকলপুষ্প; মুকুল, প্রকাশোন্মুখ কলিকা, কুঁড়ী।

মকুষ্টক, পুং. [মক+উ-ষ্টক] বনজাত মুদ্গ, (হিঃ) মোঠ.মুগানি,তৎপর্য্যায়।—ময়ষ্ট, বনমুদ্গ, কৃমীলক, অমৃত, অরণ্যমুদ্গ, বল্লীমুদ্গ

মকুষ্ঠ, পুং. [মকু+স্থা] ব্রীহিবিশেষ; (ত্রি) মন্থর, মন্দগামী।

মকুষ্ঠক, পুং. [মকুষ্ঠ+ক] বনমুদ্গ, বনমুগ।

মকুলক, পুং. [মক+উলক] মুকুলক, দন্তীবৃক্ষ।

মক্কল, পুং. [মক্ক+অল] শূলরোগবিশেষ; খটিকা, খড়ি।

মক্কা, (যাং) দেশবিশেষ; জনার, বুটা; বৃক্ষবিশেষ।

মক্কার, (যাং) বঞ্চক, কপটী।

মক্কুল, ন. [মক্ক+উল] শিলাজতু।

মক্কেল, পুং. [মক্ক+ইল] বিভীষিকা, ভয় প্রদর্শক। [খড়ী।

মক্কোল, পুং. [মক্ক+ওল] খটিকা, কঠিনী,

মখ, পুং. [মখ+অ] যজ্ঞ, ক্রতু, যাগ।

মখত্রাতা, পুং. [মখ+ত্রাতৃ] বিষ্ণু: রাম, দাশরথি; যজ্ঞরক্ষক। [অনল।

মখবহ্নি, পুং. [মখ+বহ্নি] যজ্ঞাগ্নি, যজ্ঞের

মখানল, পুং. [মখ+অনল]যজ্ঞাগ্নি, যজ্ঞের অনল, তৎপর্য্যায়।—মহাবীর।

মখান্ন, ন. [মখ+অন্ন] খাদ্য বীজবিশেষ, মাখানা, তৎপর্য্যায়।—পদ্মবীজাভ পানীয়ফল; যজ্ঞান্ন।

মখাসুহৃৎ, পুং. [মখ+অসুহৃৎ] শিব, মহাদেব; বুদ্ধ।

মখন, (প্রা) মন্থন, মাখন।

মখমশিম, (প্রা) শিল্পীবিশেষ।

মখাদিম, (যাং) কুলপতি; ভৃত্যসকল।

মখ্মল, (যাং) পট্টনির্ম্মিত বস্ত্রবিশেষ।

মগজ, (যাং) মস্তিষ্ক, মজ্জা।

মগধ, পুং. [মগ+ধা-অ] কীকটদেশ, বেহারের দক্ষিণভাগ; মুঙ্গের; (পুং.) বেহার স্থিত; বন্দী, স্তুতিপাঠক।

মগধা, স্ত্রী. [মগধ+আ] পিপ্পলী, পিঁপুল।

মগধেশ্বর, পুং. [মগধ+ঈশ্বর] জরাসন্ধ রাজা; মগধদেশাধিপ মাত্র।

মগধোদ্ভবা, স্ত্রী. [মগধ+উদ্ভব-আ] পিপ্পলী, (ত্রি.) মগধদেশ জাতা।

মগ্ন, ত্রি. [মস্জ+ত] স্নাত, জলান্তঃ প্রবিষ্ট, পিঁপুল, ডোবা, বুড়া।

মঘ, পুং. [মহ+অ] দ্বীপবিশেষ; দেশবিশেষ, মগনামক ম্লেচ্ছদিগের স্থান, (ন.) পুষ্পবিশেষ।

মঘবতী, স্ত্রী. [মঘ+বৎ-ঈ] ইন্দ্রাণী, শচী, ইন্দ্রপত্নী।

মঘবা, পুং. [মঘ+বৎ] ইন্দ্র, শক্র, দেবরাজ; জিনদিগের দ্বাদশ চক্রবর্ত্তির মধ্যে চক্রবর্ত্তিবিশেষ।

মঘবান্, পুং. [মঘ+বৎ] ইন্দ্র, সুরপতি।

মঘা, স্ত্রী. [মঘ+আ] ঔষধবিশেষ; অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত দশম নক্ষত্র।

মঘাত্রয়োদশী, স্ত্রী. [মঘা+ত্রয়োদশ-ঈ] মঘানক্ষত্রযুক্ত ভাদ্রকৃষ্ণাত্রয়োদশী।

মঘাভব, পুং. [মঘা+ভব] শক্রগ্রহ, ভার্গব; (ত্রি.) মঘানক্ষত্রজাত।

মঘাভূ, পুং. [মঘা+ভূ] শুক্রাচার্য্য, শুক্রগ্রহ।

মঘী, স্ত্রী. [মঘা+ঈ] ধান্যবিশেষ; শস্যবিশেষ। [ইন্দ্রপত্নী।

মঘোনী, স্ত্রী. [মঘোন+ঈ] ইন্দ্রাণী, শচী,

মঙ্কিল, পুং. [মকি+ইল] অনল, অগ্নি।

মঙ্কুর, পুং. [মঙ্ক+উর] মুকুর, আদর্শন, আর্শি।

মঙ্ক্তা, ত্রি. [মস্জ+তৃ] স্নানকর্ত্তা, নিমজ্জনকারী। [মঙ্কুট।

মঙ্গ, পুং. [মগ+অ] নৌকাশির, নৌকার

মঙ্গল, ন. [মগ+অল] অভিপ্রেতার্থ সিদ্ধি; (ত্রি.) অভিপ্রেতার্থ সিদ্ধিবিশিষ্ট, তৎপর্য্যায়।—ভাবুক, ভব্য, কল্যাণ, ভবিক, শুভ, ক্ষেম, প্রশস্ত, ভদ্র, শ্বশ্রেয়স, শিব, অরিষ্ট, কুশল, রিষ্ট, মদ্র, শস্ত; সর্ব্বার্থরক্ষণ; (পুং.) গ্রহবিশেষ, তৃতীয়গ্রহ, তৎপর্য্যায়।—অঙ্গারক, ভৌম, কুজ, বক্র, মহীসুত, বর্ষার্চ্চিঃ, লোহিতাঙ্গ, সুখোন্মুখ, ঋণান্তক, আর, ক্রূরদৃক্, আবনেয়।

মঙ্গলকর, ত্রি. [মঙ্গল+কর] শুভকর, কল্যাণ, দায়ক।

মঙ্গলগাওন, (প্রা) কল্যাণ বাক্য কথন।

মঙ্গলঘট, পুং. [মঙ্গল+ঘট] প্রতিমার সম্মুখে স্থাপিত মঙ্গলার্থ ক্ষুদ্র কলস।

মঙ্গলচণ্ডিকা, স্ত্রী. [মঙ্গল+চণ্ডিকা] মঙ্গলচণ্ডী, দুর্গা।

মঙ্গলচণ্ডী, স্ত্রী. [মঙ্গল+চণ্ডী] দুর্গা, ভগবতী।

মঙ্গলচ্ছায়, পুং. [মঙ্গল+ছায়া] প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।

মঙ্গলদায়ক, ত্রি. [মঙ্গল+দায়ক] শুভদায়ক, কল্যাণজনক, কুশলপ্রদ।

মঙ্গলদায়ী, ত্রি. [মঙ্গল+দায়িন্] শুভদায়ী, কল্যাণদায়ক।

মঙ্গলনীরাজন, ন. [মঙ্গল+নীরাজন] ব্রাহ্মমুহূর্ত্ত কর্ত্তব্য ভগবদারাত্রিক, মঙ্গলআরতী।

মঙ্গলপাঠক, পুং. [মঙ্গল+পাঠক] বন্দী-স্তুতিপাঠক।

মঙ্গলপ্রদা, স্ত্রী. [মঙ্গল+প্রদ-আ] হরিদ্রা, হলুদ; (ত্রি.) মঙ্গলদাতা।

মঙ্গলবাদ, পুং. [মঙ্গল+বাদ] কল্যাণপ্রার্থনা, কুশল কথন। [কুজবার।

মঙ্গলবার, পুং. [মঙ্গল+বার] তৃতীয়বার,

মঙ্গলসমাচার, পুং. [মঙ্গল+সমাচার] সুসংবাদ, শুভবার্ত্তা।

মঙ্গলা, স্ত্রী. [মঙ্গল+আ] পার্ব্বতী; শুক্লদূর্ব্বা, পতিব্রতা; করঞ্জবিশেষ; বৃত্তার্হন্মাতৃবিশেষ; হরিদ্রা; নীলদূর্ব্বা; মঙ্গল জনিকা।

মঙ্গলাগুরু, ন. [মঙ্গল+অগুরু] অগুরুচতুষ্টয়ান্তর্গত অগুরুবিশেষ।

মঙ্গলাচরণ, ন. [মঙ্গল+আচরণ] কর্ম্মারম্ভে কর্ত্তব্য শুভজনকক্রিয়া, কুশলজনক ব্যবহার।

মঙ্গলার্থী, ত্রি. [মঙ্গল+অর্থিন্] কল্যাণেচ্ছু, কুশলাভিলাষী, মঙ্গলেচ্ছুক।

মঙ্গল্য, ন. [মঙ্গল+য] দধি; চন্দন; মঙ্গল্যাগুরু; স্বর্ণ; সিন্দূর; (ত্রি.) শিবকর, মঙ্গলজনক; রুচির, মনোহর; সাধু; (পুং.) ত্রায়মাণা; অশ্বত্থ; বিল্ব; মসূরক; জীবক; নারিকেল; কপিত্থ; রীঠা করঞ্জ।

মঙ্গলাক, পুং. [মঙ্গলা+ক] মসূরকলায়, মুসুরি কলাই।

মঙ্গল্যকুসুমা, স্ত্রী. [মঙ্গল্য+কুসুম-আ] শঙ্খপুষ্পী।

মঙ্গল্যনামধেয়া, স্ত্রী. [মঙ্গল্য+নামধেয়-আ] জীবন্তী।

মঙ্গল্যা, স্ত্রী. [মঙ্গল্য+আ] মল্লিকাগন্ধযুক্ত অগুরু; শমী; অধঃপুষ্পী; মিশী; শুক্ল বচা; রোচনা; প্রিয়ঙ্গু; শঙ্খপুষ্পী; মাষপর্ণী; জীবন্তী; ঋদ্ধি; বচা; হরিদ্রা; চীড়া; দূর্ব্বা, দুর্গা।

মঙ্গলৈষী, ত্রি. [মঙ্গল+এষিন্] হিতৈষী, শুভেচ্ছু, কুশল বাঞ্ছাকারী।

মঙ্গিনী, স্ত্রী. [মঙ্গ+ইন্-ঈ] নৌকা, তরী, তরণী।

মজ্জন, ন. [মজ্জ+অন] জঙ্ঘাত্রাণ।

মজ্জু, ব্য. [মজ্জ+উ] দ্রুত, শীঘ্র; ভৃশার্থ।

মজ্জুণ, ন. [মজ্জ+উণ] জঙ্ঘাত্রাণ।

মচকান, (প্রা) ঈষৎভগ্ন, অল্পভাঙ্গা, মোড়ান।

মচর্চ্চিকা, স্ত্রী. [ম+চর্চ্চ+ইক-আ] প্রশস্ত, উত্তম, ভাল।

মচ্ছ, পুং. [মদ্+শ] মৎস্য, মীন, মাছ।

মজকুর, (যাং) পূর্ব্বকথিত, পূর্ব্বোক্ত।

মজবুৎ, (যাং) দৃঢ়, কঠিন।

মজলিস, (যাং) সভা।

মজন, (প্রা) মজ্জন, মগ্নহওন, ডুবন; নিবিষ্ট হওন, আসক্তহওন; দুঃখ প্রাপণ।

মজা, (প্রা) মগ্ন; গলিত, অতিশয় পক্ক; সুখ।

মজাক্, (যাং) আস্বাদন।

মজাদার, (যাং) সুরস, সুরভি।

মজুদ্, (যাং) প্রস্তুত।

মজুম, (যাং) সঞ্চয়, সমবায়।

মজুমদার, (যাং) লেখ্য প্রসঙ্গাদি পরিরক্ষক।

মজুর, (যাং) কর্ম্মকর, জন।

মজুরী, (যাং) ভৃতি, বেতন, ভরণ্যভুক্।

মজান, (প্রা) মগ্নকরণ, ক্লেশদেওন, ডুবান।

মজ্জকৃৎ, ন. [মজ্জ+কৃৎ] অস্থি, হাড়।

মজ্জন, ন. [মস্জ+অৎ] স্নান, অবগাহন, ডুবন; মজ্জা।

মজ্জসমুদ্ভব, ন. [মজ্জ+সমুদ্ভব] শুক্র, বীর্য্য।

মজ্জা, পুং. [মজ্জন্+আ] বৃক্ষাদির উত্তম স্থিরভাগ, সার; অস্থিমধ্যস্থ স্নেহবিশেষ, তৎপর্য্যায়।—কৌশিক, শুক্রকর, অস্থিস্নেহ, অস্থিসম্ভব, অস্থিসার, তেজঃ, বীজ, অস্থিজ, জীবন, দেহসার; (স্ত্রী.) অস্থিসার। [রস্থ।

মজ্জাগত, ত্রি. [মজ্জা+গত] আন্তরিক, অন্ত-

মজ্জাজ, পুং. [মজ্জা+জন্-অ] ভূমিজাত গুগ্‌গুলু।

মজ্জাভেদী, ত্রি. [মজ্জা+ভেদিন্] মজ্জাগত রোগাদি; মর্ম্মভেদী।

মজ্জারস, পুং. [মজ্জা+রস] শুক্র, তেজঃ, বীর্য্য। [জায়ফল।

মজ্জাসার, ন. [মজ্জা+সার] জাতীফল,

মজ্জিত, ত্রি. [মস্জ+ইত] মগ্ন, কৃতমজ্জন।

মজ্জূষা, স্ত্রী. [মস্জ+ঊষ-আ] মঞ্জুষা, প্যাট্‌রা।

মঞ্চ, পুং. [মঞ্চ+অ] খট্বা, খাট; কর্ণবংশ, মাচা; উচ্চমণ্ডপবিশেষ, উন্নত স্থান

মঞ্চক, পুং. [মঞ্চ+ক] খট্বা, খাট, ইন্দ্রকোষ, উচ্চমণ্ডপ; মাঁচা।

মঞ্চকাশ্রয়, পুং. [মঞ্চক+আশ্রয়] মৎকুণ, কেশকীট, উকুণ।

মঞ্চমণ্ডপ, পুং. [মঞ্চ+মণ্ডপ] শস্যরক্ষার্থ কুটির, টং; তৎপর্য্যায়।—কুত্রঙ্গ।

মঞ্চাল, (প্রা) রক্তবর্ণ হরিতাল, মনঃশিলা।

মঞ্জন, ন. [মৃজ+অন] মার্জ্জন, মাজা; মুখ প্রক্ষালন দ্রব্য, মাজন, মিশী; নেত্র মলহর দ্রব্য।

মঞ্জর, ন. [মঞ্জু+ঋ] মুক্তা; তিলকবৃক্ষ; বল্লী, লতা।

মঞ্জরণ, (প্রা) মুকুলোদ্গমন; গজান, কচান।

মঞ্জরি, স্ত্রী. [মঞ্জর+ই] মুক্তা; তিলকবৃক্ষ; লতা; মঞ্জরি, অঙ্কুর; তুলসী।

মঞ্জরিত, ত্রি. [মঞ্জর+ইত] অঙ্কুরিত

মঞ্জরী, স্ত্রী. [মঞ্জু+ঋ-ই] বল্লরি, অঙ্কুর, ফেকড়ী, গজা।

মঞ্জরীনম্র, পুং. [মঞ্জরী+নম্র] বেতসবৃক্ষ, বেতগাছ। [লতা।

মঞ্জা, স্ত্রী. [মঞ্জ+আ] ছাগী, পাঁঠী; মঞ্জরী;

মঞ্জি, স্ত্রী. [মঞ্জ+ই] মঞ্জরী, মুকুল, কুঁড়ি।

মঞ্জিকা, স্ত্রী. [মঞ্জ+ইক-আ] বেশ্যা, বারাঙ্গনা, কুলটা।

মঞ্জিট, (প্রা) মঞ্জিষ্ঠালতা। [কলা।

মঞ্জিফলা, স্ত্রী. [মঞ্জি+ফল-আ] কদলী, রম্ভা,

মঞ্জিল, (যাং) আবাস্; একদিবসের ভ্রমণ।

মঞ্জিষ্ঠা, স্ত্রী. [মঞ্জু+স্থা] স্বনামখ্যাত রক্তবর্ণ লতাবিশেষ, (হি.) মজীঠ, তৎপর্য্যায়।-বিকসা, জিঙ্গী, সমঙ্গা, কালমেষিকা, মণ্ডুকপর্ণী, ভণ্ডিরী, ভণ্ডী, যোজনবল্লী, কালমেষী, কালা, জিঙ্গি, ভণ্ডিরী, ভণ্ডিকা, ভণ্ডি, হরিণীরক্তা, গৌরী, যোজনবল্লিকা, বপ্রা, রোহিণী, চিত্রলতা, চিত্রা, চিত্রাঙ্গী, জননী, বিজয়া, মঞ্জূষা, রক্তযষ্টিকা, ক্ষত্রিণী, রাগাঢ্যা, কালভাণ্ডিকা, অরুণা, জ্বরহন্ত্রী, ছত্রা, নাগকুমারিকা, ভণ্ডীরলতিকা, রাগাঙ্গী, বস্ত্রভূষণা; তচ্চতুর্বিধ যথা।—চোল, যোজনী, কৌন্তী, সিংহলী।

মঞ্জিষ্ঠারাগ, পুং. [মঞ্জিষ্ঠা+রাগ] মঞ্জিষ্ঠালতার রঙ্গ।

মঞ্জী, স্ত্রী. [মঞ্জ+ঈ] মঞ্জরী, মকুল, কুঁড়ি।

মঞ্জীর, পুং.ন. [মঞ্জ+ঈর] পাদাভরণবিশেষ, নুপুর; (পুং.) মন্থানদণ্ড রজ্জুবন্ধনার্থ স্তম্ভ, তৎপর্য্যায়।—বিষ্কম্ভ, কটর।

মঞ্জীল, পুং. [মঞ্জ+ইল] গ্রামবিশেষ।

মঞ্জু, ত্রি. [মঞ্জ+উ] মনোজ্ঞ, সুন্দর, মনোহর; হংস।

মঞ্জুকেশী, পুং. [মঞ্জু+কেশিন্] শ্রীকৃষ্ণ; (ত্রি.) সুন্দর কেশবিশিষ্ট

মঞ্জুগমনা, স্ত্রী. [মঞ্জু+গমন-আ] হংসী; (ত্রি.) সুন্দরগামী।

মঞ্জুঘোষ, পুং. [মঞ্জু+ঘোষ] পূর্ব্ব জিনবিশেষ; শিবের মূর্ত্তি ও উপাস্য দেবতাবিশেষ; (ত্রি.) উত্তমশব্দ বিশিষ্ট।

মঞ্জুনাশী, স্ত্রী. [মঞ্জু+নাশী] দুর্গা; ইন্দ্রাণী; সুন্দরী স্ত্রী মাত্র।

মঞ্জুপাঠক, পুং. [মঞ্জু+পাঠক] শুকপক্ষী; (ত্রি.) সুন্দর পাঠকর্ত্তা।

মঞ্জুপ্রাণ, পুং. [মঞ্জু+প্রাণ] ব্রহ্মা, প্রজাপতি, বিধাতা।

মঞ্জুভদ্র, পুং. [মঞ্জু+ভদ্র] জিনবিশেষ, তৎপর্য্যায়।—মঞ্জুশ্রী, জ্ঞানদর্পণ, মঞ্জুঘোষ, কুমার, অষ্টারচক্রবান্, স্থিরচক্র, বজ্রধর, প্রজ্ঞাকায়, বাদিরাট, নীলোৎপলী, মহারাজ, নীল, শার্দ্দূলবাহন, ধিয়াম্পতি, পূর্ব্বজিন, খড়্গী, দণ্ডী, বিভূষণ, বালব্রত, পঞ্চচীর, সিংহকেলি, শিখাধর, বাগীশ্বর।

মঞ্জুর, (বাং) স্বীকার, সম্মত.

মঞ্জুল, ন. [মঞ্জু+ল] জলাঙ্গল; নিকুঞ্জ, লতাগৃহ; শবল; (পুং.) জলরঙ্কপক্ষী; (ত্রি.) সুন্দর, মনোজ্ঞ।

মঞ্জুশ্রী, পুং. [মঞ্জু+শ্রী] মঞ্জুঘোষ।

মঞ্জুষা, স্ত্রী. [মঞ্জু+উষ-আ] পিটক, পেটরা; পাষাণ; মঞ্জিষ্ঠালতা।

মটচী, স্ত্রী. [মটচ+ঈ] পাষাণ বৃষ্টি; রক্তবর্ণ ক্ষুদ্রপক্ষীবিশেষ।

মটর, (প্রা) কলায়বিশেষ, মটরকলাই।

মটরমালা, (প্রা) কণ্ঠাভরণ বিশেষ, কণ্ঠী।

মটরাশাড়ী, (প্রা) বিচিত্র পট্টবস্ত্র।

মটস্ফুটি, পুং. [মট+স্ফুটি] দর্পারম্ভ, দন্তপ্রকাশ.

মটী, (প্রা) মৃত্তিকাদিনির্ম্মিত তৈলাধার, তৈলের

মটুক, (প্রা) কিরীট, শিরোভূষণ।

মট্‌কা, (প্রা) তৃণময়গৃহের অগ্রভাগ।

মট্‌কান, (প্রা) অঙ্গুলীমোটন, গ্রন্থিভাঙ্গন।

মট্‌কামারণ, (প্রা) ছলে নিদ্রাযাওন; তৃণাচ্ছন্ন গৃহের শিরোভাগ আচ্ছাদন

মট্‌কী, (প্রা) বৃহন্মৃণ্ময়পাত্র, জালা।

মট্টক, ন. [মট্ট+ক] গৃহের শিরোভাগ, মট্‌কা।

মঠ, পুং. [মঠ+অ] ছাত্রাদি নিলয়, ছাত্রশালা, চতুষ্পাঠী, টোল; গন্ত্রীরথ; মন্দির, দেবালয়।

মঠধারী, (প্রা) দেবালয়াদির অধ্যক্ষ।

মঠর, পুং. [মঠ+র] মুনিবিশেষ।

মঠাধ্যক্ষ, পুং. [মঠ+অধ্যক্ষ] দেবালয়াদির অধ্যক্ষ, মঠধারী।

মড়ক, পুং. [মড়+ক] শস্যবিশেষ, মেড়ুয়া (প্রা) মারীভয়, বহু মনুষ্যের মৃত্যু সময়।

মড়কচা, (প্রা) তৃণগৃহের পৃষ্ঠদণ্ড; অসমান।

মড়মড়ি, (প্রা) অতিশয় শুষ্ক, ঠুন্‌কা।

মড়ল, (প্রা) মণ্ডল, গ্রামের প্রধান প্রজা।

মড়া, (প্রা) মৃতদেহ, শব।

মড়াকামড়ি, (প্রা) জীবনাশা পরিত্যাগ পূর্ব্বক দংশন, দৃঢ়তর কামড়ান।

মড়াঞ্চিয়া, (প্রা) মৃতবৎসা, মৃতপুত্রা।

মড়্‌কা, (প্রা) মড়মড়িয়া, ঠুন্‌কা, অদৃঢ়।

মড্ডু, পুং. [মস্জ+উ] বাদ্যবিশেষ, চুচুক।

মড্ডুক, পুং. [মড্ডু+ক] মড্ডুবাদ্য, চুচুক।

মণ, (প্রা) চল্লিশসের পরিমাণ।

মরুব, পুং. [মৃ+উব] বৃক্ষবিশেষ, মরুআ, নাগদানা, তৎপর্য্যায়।—খরপত্র, গন্ধপত্র, ফণিজ্ঝক, বহুবীর্য্য, শীতলক, সুরাহ্ব, সমীরণ, জম্বীর, প্রস্থকুসুম, মরুবক, আজন্ম সুরভিপত্র, মরিচ।

মরুবক, পুং. [মরু+বক] কণ্টকি বৃক্ষবিশেষ, ময়না, তৎপর্য্যায়।—পিণ্ডীতক, শ্বসন, করহাটক, শল্য, মদন; স্বল্পপত্র তুলসী, তৎপর্য্যায়।—সমীরণ, প্রস্থপুষ্প, ফণিজ্ঝক, জম্বীর; জম্বীরবিশেষ; পুষ্প বৃক্ষবিশেষ, মরুয়াফুল, তৎপর্য্যায়।—শুক্লপুষ্প, তিলক, কুলক; ক্ষুপবিশেষ, নাগদানা, তৎপর্য্যায়।—খরপত্র, গন্ধপত্র; ব্যাঘ্র; রাহু; ভয়ানক।

মরুভূ, স্ত্রী. [মরু+ভূ] দাশেরকদেশ, মারওয়ার; নির্জ্জল ভূমি।

মরুভূমি, স্ত্রী. [মরু+ভূমি] নির্জ্জলদেশ; বৃক্ষ লতাতৃণাদি শূন্য ভূমি বা স্থল, শুষ্ক দেশ।

মরুভূরুহ, পুং. [মরু+ভূরুহ] করীরবৃক্ষ, করবীর; (ত্রি.) মরুভূমি জাত।

মরুল, পুং. [মৃ+উল] কারণ্ডব পক্ষী, বক।

মরুসম্ভব, ন. [মরু+সম্ভব] চাণক্যমূলক।

মরুসম্ভবা, স্ত্রী. [মরু+সম্ভব-আ] মহেন্দ্রবারুণী; ক্ষুদ্র দুরালভা।

মরুস্থল, ন. স্ত্রী. [মরু+স্থল] মরুভূমি।

মরুস্থা, স্ত্রী. [মরু+স্থা] ক্ষুদ্রদুরালভা।

মরূক, পুং. [মৃ+ঊক] মৃগবিশেষ; ময়ূর; শঠী, শুঠ

মরূদ্ভবা, স্ত্রী. [মরু+উদ্ভব-আ] কার্পাসী, কাপাস; যবাস; ক্ষুদ্রখরিদ।

মরোলি, পুং. [মৃ+ওল-ই] জলজন্তুবিশেষ, মকর।

মরোলিক, পুং. [মরোল+ইক] জলজন্তুবিশেষ, মকর।

মর্ক, পুং. [মর্চ+ক] দেহ; বায়ু; বানর; ভেক।

মর্কক, পুং. [মর্ক+ক] গলগণ্ড পক্ষী, হাড়গিলা।

মর্কট, পুং [মর্ক+অট] বানর; ঊর্ণনাভ, মাকড়সা; স্থাবর বিষভেদ, কাঠবিষ; গলগণ্ড পক্ষী, হাড়গিলা।

মর্কটক, পুং. [মর্কট+ক] শস্যবিশেষ; বানর; লূতা, মাকড়সা; মৎস্যবিশেষ; দৈত্য।

মর্কটজাল, পুং. [মর্কট+জাল] লূতাতন্তু, মাকড়সার জাল।

মর্কটতিন্দুক, পুং. [মর্কট+তিন্দুক] কুপীলু।

মর্কটপিপ্পলী, স্ত্রী. [মর্কট+পিপ্পলী] অপামার্গ, আপাংগাছ।

মর্কটপ্রিয়, পুং. [মর্কট+প্রিয়] ক্ষীরবৃক্ষ, খিরাই গাছ।

মর্কটবাস, পুং. [মর্কট+বাস] লূতাতন্তু, মাকড়সার জাল, তৎপর্য্যায়।—আশাবন্ধ।

মর্কটশীর্ষ, ন. [মর্কট+শীর্ষ] হিঙ্গুল।

মর্কটাস্য, ন. [মর্কট+আস্য] তাম্র, তাঁবা; বানরমুখ; (ত্রি.) বানর তুল্য।

মর্কটী, স্ত্রী. [মর্কট+ঈ] কপিকচ্ছু; অপামার্গ; অজমোদা; করঞ্জবিশেষ, মাকড়া-করঞ্জ; বানরী।

মর্কটেন্দু, পুং. [মর্কট+ইন্দু] কাকতিন্দুক বৃক্ষ।

মর্কর, পুং. [মর্ক+র] ভৃঙ্গরাজবৃক্ষ, ভীমরাজ; কেশুরা।

মর্করা, স্ত্রী. [মর্কর+আ] দরী, কন্দর, গুহা; ভাণ্ড; সুবঙ্গা; নিষ্ফলাস্ত্রী।

মর্চ্চা (প্রা) লৌহমল, মলা, মরিচা।

মর্চ্চাধরা, (প্রা) সমল, কলঙ্কযুক্ত, ময়লা

মর্জ্জি, (প্র) ইচ্ছা, বাঞ্ছা, আকাঙ্ক্ষা।

মর্জ্জূ, স্ত্রী. [মৃজ+ঊ] শুদ্ধি, শোধন; (পুং.) রজক, ধোবা; পীঠমর্দ্দবৃক্ষ, পীঠগুকড়া

মর্ত্ত, পুং. [মৃ+ত] মনুষ্য, নর; মাণবক, সদা উপনীত ব্রাহ্মণ

মর্ত্তব্য, ত্রি. [মৃ+তব্য] মরিবারযোগ্য; নাশ্য।

মর্ত্ত্য, পুং. [মৃ+ত্য] মনুষ্য, নর; মধ্যমলোক। [যক্ষ।

মর্ত্ত্যমুখ, পুং. [মর্ত্ত্য+মুখ] কুবেরের সহচর,

মর্ত্ত্যপুর, পুং. [মর্ত্ত্য+পুর] মর্ত্ত্যলোক; পৃথিবী, ধরণী।

মর্ত্ত্যলোক, পুং. [মর্ত্ত্য+লোক] মনুষ্যলোক মানবস্থান; পৃথিবী; সংসার।

মর্ত্ত্যস্থ, ত্রি. [মর্ত্ত্য+স্থা-অ] পৃথিবীস্থিত, অবনীস্থ, মনুষ্যলোকে স্থিত।

মর্দ্দন, ন. [মৃদ্+অন] অঙ্গমর্দ্দন, গাচাপা, তৎপর্য্যায়।—সম্বাহন, সম্বল; চূর্ণন; পেষণ; দলন।

মর্দ্দনীয়, ত্রি. [মৃদ্+অনীয়] মর্দ্দনার্হ, পেষণযোগ্য।

মর্দ্দল, পুং. [মর্দ্দ+ল] বাদ্যবিশেষ, মাদল, তৎপর্য্যায়।—মুরু।

মর্দ্দ, (বাং) পুরুষ।

মর্দ্দিত, ত্রি. [মর্দ্দ+ইত] গ্রন্থিত; চূর্ণিত; পেষিত, দলিত।

মর্ম্ম, ন. [মৃ+মন্] স্বরূপ, তত্ত্ব; সন্ধিস্থান; জীবস্থান; অভিপ্রায়; সার; বিষয়; গুপ্ত কৌশল; তাৎপর্য্য।

মর্ম্মকীল, পুং. [মর্ম্ম+কীল] ভর্ত্তা, স্বামী, প্রভু।

মর্ম্মজ্ঞ, ত্রি. [মর্ম্মন+জ্ঞা-অ] মর্ম্মবিৎ, তত্ত্বজ্ঞ; তাৎপর্য্যজ্ঞাতা; রহস্যজ্ঞ।

মর্ম্মবিৎ পুং. [মর্ম্মন্+বিদ্] মর্ম্মজ্ঞ, তাৎপর্য্যজ্ঞ, যথার্থজ্ঞাতা, তৎপর্য্যায়।—কাপটিক, মর্ম্মিক, মর্ম্মবেদী।

মর্ম্মবেত্তা, পুং. [মর্ম্মন্+বেত্তৃ] মর্ম্মজ্ঞ, তত্ত্বজ্ঞ, তাৎপর্য্যজ্ঞাতা

মর্ম্মবেদী, পুং. [মর্ম্মন্+বেদিন্] মর্ম্মবিৎ তত্ত্বজ্ঞ, মর্ম্মিক

মর্ম্মভেদ, পুং. [মর্ম্মন্+ভেদ] আন্তরিক-দুঃখ; মনোব্যথা; মজ্জাবিধান।

মর্ম্মর, পুং. [মৃ+অর] বস্ত্র এবং পত্রের ধ্বনি, মড়্মড়শব্দ।

মর্ম্মরী, স্ত্রী. [মর্ম্মর+ঈ] পীতদারু, দারুহরিদ্রা।

মর্ম্মরীক, পুং. [মর্ম্মর+ঈক] দীন, দুঃখী, নিরন্ন। [মজ্জা।

মর্ম্মস্থান, ন. [মর্ম্মন্+স্থান] জীবস্থান;

মর্ম্মস্পৃক্, ত্রি. [মর্ম্মন্+স্পৃশ] মর্ম্মপীড়ক, আন্তরিক ব্যথাদায়ক, তৎপর্য্যায়।—অরুন্তুদ, ব্যথক।

মর্ম্মাধীন, ত্রি. [মর্ম্মন্+অধীন] অতিগূঢ়, অতিশয় গুপ্ত।

মর্ম্মান্তিক, ত্রি. [মর্ম্মন্+অন্তিক] আন্তরিক; মর্ম্মভেদক, মর্ম্মপীড়ক।

মর্ম্মাবিৎ, ত্রি. [মর্ম্মন্+বিধ্] সন্ধিস্থান বেধকর্ত্তা; মর্ম্মজ্ঞ।

মর্ম্মাবিধ্, ত্রি. [মর্ম্মন্+আবিধ্] সন্ধিস্থান বেধকর্ত্তা; মর্ম্মজ্ঞ।

মর্ম্মিক, ত্রি. [মর্ম্মন্+ইক] মর্ম্মবিৎ, মর্ম্মজ্ঞ, তত্ত্বজ্ঞ।

মর্য্যা, ব্য. সীমা, পর্য্যন্ত।

মর্য্যাদক, ত্রি. [মর্য্যাদা+অক] মর্য্যাদাকর্ত্তা, সম্মানকারী, সম্মানপ্রদ, শিষ্ট।

মর্য্যাদা, স্ত্রী. [মরি+আ-দা] ন্যায্যপথ স্থিতি, তৎপর্য্যায়।—সংস্থা, ধারণা, স্থিতি; সীমা পর্য্যন্ত; কূল; সম্মান, সম্ভ্রম।

মর্য্যাদাগিরি, পুং. [মর্য্যাদা+গিরি] কুলাচল, বর্ষসীমা পর্ব্বত।

মর্য্যাদানর্হ, ত্রি. [মর্য্যাদা+অনর্হ] সম্ভ্রমানর্হ, সম্মানাযোগ্য, মর্য্যাদার অনুপযুক্ত।

মর্য্যাদান্বিত, ত্রি. [মর্য্যাদা+অন্বিত] সম্ভ্রান্ত, মর্য্যাদাবিশিষ্ট।

মর্ষ, পুং. [মৃষ+অ] ক্ষান্তি, ক্ষমা, সহিষ্ণুতা।

মর্ষণ, ন. [মৃষ+অন] ক্ষমা, সহিষ্ণুতা, সহ্যতা; সাপ; মর্দ্দন।

মর্ষিত, ত্রি. [মৃষ+ত] ক্ষমাযুক্ত, ক্ষান্তিবিশিষ্ট, সহনশীল; অভিমর্দ্দিত (ন.) মর্ষণ, ক্ষমা।

মর্ষিতবান্, ত্রি. [মৃষ+ইত-বৎ] ক্ষান্ত, সহন

মর্‌শিদ্, (যাং) শিক্ষক।

মল, পুং. ন. [মল+অ] পাপ; বিট্, বিষ্ঠা; কিট্ট; মলা; কর্পূর; বাতপিত্ত, কফাদি; স্ত্রীলোকের পদাভরণ বিশেষ।

মলকা, স্ত্রী. [মল+ক-আ] খাদ; ত্যাজ্য অংশ, ওঁছা।

মলঘ্ন, পুং. [মল+হন্] শাল্মলীকন্দ; (ত্রি.) মলনাশক।

মলঘ্নী, স্ত্রী. [মল+ঘ্ন-ঈ] নাগদমনী।

মলঙ্গী, (প্র) লবণকারক, লবণপ্রস্তুতকর্ত্তা।

মলজ, ন. [মল+জন্+অ] পূয, পুঁজ (ত্রি.) মলোদ্ভব, ক্লেদ।

মলদূষিত, ত্রি. [মল+দূষিত] মলিন, অপরিষ্কৃত, ময়লা।

মলদ্রাবী, পুং. [মল+দ্রাবিন্] জয়পাল, মলরেচক ঔষধ, জোলাপ।

মলন, ন. [মল+অন্] মর্দ্দন, পেষণ, ঘর্ষণ, ডলন; (পুং.) পটবাস, শিবির, তাঁবু।

মলনিয়া, (প্রা) মর্দ্দক, পেষণকারক।

মলপূ, স্ত্রী. [মল+পূ] কাকোডুম্বুরিকা।

মলবন্ধ, (প্র) বিসূচিকা, কোষ্ঠবদ্ধ।

মলবিনাশিনী, স্ত্রী. [মল+বিনাশিন্+ঈ] শঙ্খপুষ্পী।

মলভুক্, পুং. [মল+ভুজ্] কাক, বায়স।

মলভেদিনী, স্ত্রী. [মল+ভেদিন্-ঈ] কটুকাবৃক্ষ, কটুকী।

মলম, (যাং) প্রলেপনীয় ঔষধবিশেষ।

মলমাস, পুং. [মল+মাস] অধিকমাস, তৎপর্য্যায়।—মলিম্লুচ, অধিমাস, অসংক্রান্ত মাস, নপুংসক।

মলম্বা, (যাং) স্বর্ণপত্র, সোণালা, সোণার পাতা।

মলয়, পুং. [মল+য়] স্বনামখ্যাতপর্ব্বত বিশেষ, তৎপর্য্যায়।—আষাঢ়, দক্ষিণাচল, চন্দনাদ্রি, মলয়াচল, শৈলাঙ্গ; দেশ বিশেষ; আরাম, উপবন; নন্দনবন; অষ্টাদশ উপদ্বীপান্তর্গত দ্বীপবিশেষ; ঋষভ দেবের শতপুত্রের মধ্যে পঞ্চম পুত্র।

মলয়গন্ধিনী, স্ত্রী. [মলয়+গন্ধিন্-ঈ] উমা সখীবিশেষ।

মলয়জ, পুং. ন. [মলয়+জন্-অ] চন্দন, শ্রীখণ্ড; (পুং.) রাহুগ্রহ।

মলয়পবন, পুং. [মলয়+পবন] মলয়পর্ব্বত হইতে আগত বায়ু।

মলয়া, স্ত্রী. [মলয়+আ] ত্রিবৃতালতাবিশেষ, তেউড়ী।

মলয়াচল, পুং. [মলয়+অচল] মলয়পর্ব্বত, দক্ষিণাচল।

মলয়াদ্রি, পুং. [মলয়+অদ্রি] মলয়াচল, মলয়াপর্ব্বত

মলয়ানিল, পুং. [মলয়+অনিল] বসন্তকালীন বায়ু; মলয়পর্ব্বতান্তর্গত বাতাস, তৎপর্য্যায়।—বসন্ত।

মলয়ূ, স্ত্রী. [মলয়+উ] মলপূ, কাকোডুম্বরিকা বৃক্ষ।

মলয়োদ্ভব, ন. [মলয়+উদ্ভব] চন্দন, শ্রীখণ্ড।

মলহন্তা, পুং. [মল+হন্তৃ] শাল্মলীকন্দ।

মলহম্, (যাং) মলম্।

মলা, স্ত্রী. [মল+আ] ভূম্যামলকী; কিট্ট, ময়লা; মর্চা, খাদ।

মলাকর্ষী, পুং. [মল+আকর্ষিন্] হড়িক, হর্ড্ডিপ, হাড়ি, মেথর।

মলাকা, স্ত্রী. [মলা+ক—আ] কামিনী; হস্তিনী; দূতী।

মলাটিয়া, (প্রা) সমল, ময়লাযুক্ত।

মলাধরা, (প্রা) অপরিষ্কৃত, মলাচ্ছন্ন, সমল।

মলাপকর্ষণ, ন. [মলা+অপকর্ষণ] পাপ-মোচন; মলদূরীকরণ, ময়লা ছাড়ান

মলাপহা, স্ত্রী. [মল+অপহ—আ] নদী-বিশেষ।

মলাবহ, ন. [মলা+আবহ] নববিধপাপা-ন্তর্গত পাপবিশেষ; মলিনতাজনক।

মলাম্, (ঘা°) কোমল।

মলিক্, (ঘা°) রাজা, কর্ত্তা।

মলারি, পুং. [মল+অরি] সর্জ্জিক্ষার।

মলিন, ত্রি. [মল+ইন] মলযুক্তবস্তু, তৎপর্য্যায়।—মলীমস কচ্চর; মলদূষিত; দূষিত; কৃষ্ণবর্ণ, কাল; নিত্য নৈমিত্তিক ক্রিয়াত্যাগী; (ন.) ঘোল, তক্র; দোষ; টঙ্কণ; পাপগ্রস্ত; মর্চ্চাধরা; শুষ্ক, ম্লান।

মলিনতা, স্ত্রী. [মলিন+ত—আ] মালিন্য; বিরসতা, অপ্রফুল্লতা।

মলিনত্ব, ন. [মলিন+ত্ব] কৃষ্ণবর্ণত্ব, ময়লা।

মলিনমুখ, পুং. [মলিন+মুখ] অগ্নি; গোলাঙ্গুল; প্রেত, ভুত; (ত্রি.) ক্রুর, খল; ম্লানবদন।

মলিনাম্বু, ন. [মলিন+অম্বু] মসী, কালী।

মলিনাস্য, ত্রি. [মলিন+আস্য] খল, ক্রুর; বিরসমুখ, শুষ্কবদন।

মলিনী, স্ত্রী. [মল+ইন্‌-ঈ] রজস্বলানারী; ঋতুমতী স্ত্রী।

মলিম্লুচ, পুং. [মলি+ম্লুচ] মলমাস, মাসাধিক; অগ্নি; চৌর; বায়ু।

মলিষ্ঠা, স্ত্রী. [মল+ইষ্ঠ—আ] রজস্বলা নারী, ঋতুমতী স্ত্রী।

মলীমস, ন. [মলী+মস] লৌহ; পুষ্প-কাসীস; (ত্রি.) মলিন, ময়লা।

মলুক, পুং. [মল+উক] কৃমিবিশেষ, এক প্রকার কীট

মলুকা, (প্রা) শস্যকণা, খুদ।

মলমল, (ঘা°) সূক্ষ্মবস্ত্রবিশেষ, মসলিন।

মল্ল, পুং. [মল্ল+অ] বাহুযোধী, মাল, কুস্তিগীর; পাত্র; কপোল; মৎস্যবিশেষ; বলীয়ান্; বর্ণসঙ্কর জাতিবিশেষ, মাল; মালা, তীবর কন্যার গর্ব্ভে লেটজাতি হইতে উৎপন্ন; তন্ত্রবায়ীরগর্ব্ভে কুম্ভকার হইতে জাত; দেশবিশেষ

মল্লক, পুং. [মল্ল+ক] দন্ত, দাঁত; (পুং.স্ত্রী.) দীপাধার, পীলসুজ বা দেরুখা; নারিকেল ফলাবয়বজাত পাত্রবিশেষ, মালা (স্ত্রী.) মল্লিকাপুষ্প; প্রদীপ।

মল্লক্রীড়া, স্ত্রী. [মল্ল+ক্রীড়া] বাহুযুদ্ধ, ব্যায়াম, কুস্তি।

মল্লজ, ন. [মল্ল+জন্‌—অ] মরিচ; গোলমরিচ।

মল্লতূর্য্য, ন. [মল্ল+তূর্য্য] বাদ্যবিশেষ, তৎপর্য্যায়।—মহাস্বন।

মল্লনাগ, পুং. [মল্ল+নাগ] বাৎস্যায়ন মুনি; অভ্রমাতঙ্গ; লেখহার; কামশাস্ত্র বিশেষ।

মল্লভূ, স্ত্রী. [মল্ল+ভূ] মল্লভূমি, মল্লক্রীড়াস্থান, রঙ্গভূমি, কুস্তির স্থান।

মল্লভূমি, স্ত্রী. [মল্ল+ভূমি] মল্লক্রীড়াস্থান, তৎপর্য্যায়।—অক্ষবাট, রঙ্গভূমি, রণস্থলী, মল্লভূ, অক্ষপাট; দেশবিশেষ।

মল্লযাত্রা, স্ত্রী. [মল্ল+যাত্রা] মল্লদিগেরযুদ্ধার্থ যাত্রা, তৎপর্য্যায়।—মাল্লনী।

মল্লযুদ্ধ, ন. [মল্ল+যুদ্ধ] মল্লদিগের সংগ্রাম, তৎপর্য্যায়।—নিযুদ্ধ, বাহুযুদ্ধ।

মল্লযোদ্ধা, পুং. [মল্ল+যোদ্ধৃ] বাহুযুদ্ধক, বাহুদ্বারা যুদ্ধকারী, কুস্তিগীর।

মল্লা, স্ত্রী. [মল্ল+আ] নারী; পত্রবল্লী; মল্লিকাবৃক্ষ।

মল্লার, পুং. [মল্ল+আর] রাগবিশেষ, ষষ্ঠ রাগের মধ্যে দ্বিতীয় রাগ।

মল্লারী, স্ত্রী. [মল্লার+ঈ] রাগিণীবিশেষ, বসন্ত রাগের রাগিণী; মেঘরাগের রাগিণী।

মল্লি, পুং. [মল্ল+ই] চতুর্বিংশতি বৃত্তার্হন্তের মধ্যে ঊনবিংশতি জিন; (স্ত্রী.) মল্লিকাপুষ্পবৃক্ষ।

মল্লিক, পুং. [মল্ল+ইক] মলিন চঞ্চু চরণযুক্ত হংস, শুক্লহংস; মনুষ্যদিগের উপাধি বিশেষ।

মল্লিকা, স্ত্রী. [মল্ল+ইক-আ] স্বনামখ্যাত পুষ্পবৃক্ষ, বেলফুল, তৎপর্য্যায়।—ভূণ-শূন্যা, ভূপদী, শতভীরু, তৃণশূন্যা, শীত-ভীরু, ভদ্রবল্লী, গৌরী, বনচন্দ্রিকা, প্রিয়া, সৌম্যা, নারীষ্টা, গিরিজা, সিতা, মল্লী, মদয়ন্তী, চন্দ্রিকা, মোদিনী; মৎস্যবিশেষ; মৃৎপাত্রবিশেষ; পানপাত্র।

মল্লিকাখ্য, পুং. [মল্লিক+আখ্যা] মলিনচঞ্চু চরণযুক্ত হংস, বালিহাঁস।

মল্লিকাখ্যা, স্ত্রী. [মল্লিক+আখ্যা] ত্রিপুর-মালীপুষ্প, তৎপর্য্যায়।—মোহিনী, বটপত্রা, মোহনা।

মল্লিকাগন্ধ, পুং. [মল্লিকা+গন্ধ] মঙ্গলাগুরু।

মল্লিকাপুষ্প, পুং. [মল্লিকা+পুষ্প] কুটজ-বৃক্ষ, কুরচিফুলের গাছ; করুণবৃক্ষ, করুণালেবু; স্বনামখ্যাত পুষ্পবৃক্ষ, মল্লিকাফুলের গাছ।

মল্লিকাক্ষ, পুং. [মল্লিকা+অক্ষ] মলিন চঞ্চু চরণযুক্ত হংস; শুক্লবর্ণ বেষ্টিত চক্ষুঃদ্বয় যুক্ত ঘোটক, সাদাঘোড়া।

মল্লিগন্ধি, ন. [মল্লি+গন্ধ-ই] অগুরু।

মল্লিপত্র, ন. [মল্লি+পত্র] ছত্রাক, কোঁড়ক-ছাতা।

মল্লী, স্ত্রী. [মল্ল+ঈ] মল্লিকাপুষ্পবৃক্ষ, বেল-ফুলের গাছ। [চোর।

মল্লীকর, ত্রি. [মল্লী+কর] চৌর, তস্কর,

মল্লূ, পুং. [মল্ল+উ] ভাল্লুক, ঋক্ষ, ভল্লুক।

মশক, পুং. [মশ+অক] কীটবিশেষ, মশা, তৎপর্য্যায়।—বজ্রতুণ্ড, সূচ্যাস্য, শূক্ষ্ম মক্ষিক, রাত্রিজাগরদ; চর্ম্মবিশেষ, চর্ম্ম নির্ম্মিত জলাধার; রোগবিশেষ, আঁচিল, (প্রা) মশা, (হিং) মচ্ছড়।

মশকী, পুং. [মশক+ইন্] উডুম্বর বৃক্ষ, যজ্ঞডুমুর।

মশহরী, স্ত্রী. [মশ+হর-ঈ] মশক নিবারক প্রাবরণ বিশেষ, মশারী, তৎপর্য্যায়।—চতুষ্কী।

মশা, (প্রা) কীটবিশেষ, মশক, দংশক।

মশান, (প্রা) শ্মশান,সমাধিস্থান, প্রেতভূমি; প্রাণিবধ স্থান।

মশারি, (প্রা) মশক নিবারক প্রাবরণবিশেষ, চতুষ্কী।

মশাল, (যাং) দেউটী; উল্কা।

মশল্‌চী, (যাং) উল্কাধারী।

মশুন, পুং. [মশ+উন্] কুক্কুর, কুকুর।

মষি, স্ত্রী. [মষ+ই] লিখনদ্রব্য বিশেষ, মসী, কালী।

মষিকূপী, স্ত্রী. [মষি+কূপ-ঈ] মস্যাধার, দোয়াত। [য়াত।

মষিধান, ন. [মষি+ধান] মস্যাধার, দো-

মষীলেখ্যাদ, পুং. [মষী+লেখ্যাদ] শ্রীতাল-বৃক্ষ। [মসা।

মসক, পুং. [মস্+অক] ক্ষুদ্র রোগবিশেষ;

মসন, ন. [মস্+অন] সোমরাজী বৃক্ষ. সোমরাজেরগাছ।

মসরা, স্ত্রী. [মস্+র-আ] মসুর, মসুরী-কলাই।

মসার, পুং. [মস্+ঋ-অ] মণিবিশেষ, ইন্দ্র নীলমণি।

মসারক, পুং. [মসার+ক] মণিবিশেষ, ইন্দ্র নীলমণি।

মসাহরা, (যাং) মাসিক বেতন, মাহিয়ানা।

মসি, স্ত্রী. [মস্+ই] লিপি প্রয়োজনা, লেখন দ্রব্য, তৎ পর্য্যায়।—মসিজল, পত্রাঞ্জন, মেলা, কালী, অঞ্জন, মসী, রঞ্জনী, মলিনাম্বু, মশী; শেফালিকা-বৃন্ত, শিউলীফুলের বোঁটা, (যাং) সেহাই

মসিক, পুং. [মস+ইক] সর্পের গর্ত্ত।

মসিকা, স্ত্রী. [মস্+ইক-আ] শেফালিকা, শিউলি, মল্লিকা; মালিকা, কৃষ্ণা।

মসিকূপিকা, স্ত্রী. [মসি+কূপিকা] মস্যাধার, দোয়াৎ।

মসিকূপী, স্ত্রী. [মসি+কূপী] মস্যাধার, দোয়াৎ।

মসিদ, (যাং) যবনদিগের ধর্ম্মমণ্ডপ।

মসিধান, ন. [মসি+ধান] মস্যাধার, দো-য়াত্তি

মসিধানী, স্ত্রী. [মসি+ধান-ঈ] মস্যাধার, দোয়াতি, তৎপর্য্যায়।—মসিমণি, মেলান্ধু, বর্ণকূপিকা, মেলানন্দা, মেলাম্বু, মসিধান, মসিকূপী, মসিকূপিকা।

মসিন, ন. [মস+ইন] সপিণ্ডক।

মসিপণ্য, পুং. [মসি+পণ্য] লেখক, লিপিকার।

মসিপ্রসূ, স্ত্রী. [মসি+প্রসূ] মস্যাধার, দোয়াতি; লেখনী, কলম।

মসিবর্দ্ধন, ন. [মসি+বর্দ্ধন] রসগন্ধ।

মসিমণি, স্ত্রী. [মসি+মণি] মস্যাধার, দোয়াতি।

মসী, স্ত্রী. [মস+ঈ] কালী; শেফালিকাবৃন্ত, শিউলিফুলের বোঁটা। [নাম্বু।

মসীজল, ন. [মসী+জল] মসী, কালী, মলি-

মসীজীবী, পুং. [মসী+জীবিন্] লেখক, লিপিকার, কায়স্থজাতিবিশেষ।

মসীধানী, স্ত্রী. [মসী+ধান-ঈ] মস্যাধার, দোয়াতি।

মসীনা, স্ত্রী. [মস+ইন-আ] স্বনামখ্যাত শস্য, তিসী। [কলাই।

মসুর. পুং. [মস+উর] কলায় বিশেষ, মসুরি

মসুরা, স্ত্রী. [মসুর+আ] বেশ্যা, বারাঙ্গনা; ব্রীহিবিশেষ, মসুরিকলাই।

মসূর, পুং. [মস+ঊর] ব্রীহিবিশেষ, মসুরীকলাই, তৎপর্য্যায়।—মঙ্গল্যক, মসুর, ব্রীহিকাঞ্চন, মসূরা, মসুরা, রাগদালি, মঙ্গল্য, পৃথুবীজক, শূর, কল্যাণবীজ, গুড়বীজ, মসূরক, মঙ্গল্যা, মসূরকা।

মসূরক, পুং. [মসূর+ক] উপবর্হবিশেষ, গোলবালিশ, তৎপর্য্যায়।—চতুর, চাতুর, অঙ্গেউ, চক্রগণ্ডু।

মসূরবিদলা, স্ত্রী. [মসূর+বিদল-আ] কৃষ্ণত্রিবৃৎ; শ্যামালতা।

মসূরা, স্ত্রী. [মসূর+আ] বেশ্যা; মসূরকলায়, মসুরিকলাই।

মসূরিকা, স্ত্রী. [মসূর+ইক-আ] কুট্টনী, কুট্টিনী; বসন্তরোগ, তৎপর্য্যায়।—পাপরোগ, রক্তবটী, মসূরী; শশহরী, মশারী।

মসূরী, স্ত্রী. [মসূর+ঈ] পাপরোগ, বসন্তরোগ; ত্রিবৃৎ, তেউড়ী; রক্তত্রিবৃৎ, মসূরীকলাই।

মসৃণ, ত্রি. [মস+ঋণ] অকর্কশ, কোমল; স্নিগ্ধ, শীতল। [তিসি।

মসৃণা, স্ত্রী. [মসৃণ+আ] উমা, মসিনা,

মস্কর, পুং. [মস্+কর] বংশ, বাঁশ; রন্ধ্রবংশ, ছেঁদাবাঁশ, ভল্তাবাঁশ।

মস্করা (যাং) গল্পকারক, পরিহাসক, ভণ্ড, ভাঁড়।

মস্করাম, (যাং) পরিহাসকরণ, ভণ্ডামকরণ, ভাঁড়াম। [চন্দ্র, বিধু।

মস্করী, পুং. [মস্কর+ইন্] ভিক্ষু, ভিক্ষুক;

মস্ত, ন. [মস্+ত] মস্তক, মাতা; বৃহৎ, বড়।

মস্তক, পুং.ন. [মস্ত+ক] প্রধানাঙ্গ, মাতা, তৎপর্য্যায়।—উত্তমাঙ্গ, শিরঃ, শীর্ষ, মূর্দ্ধা, মুণ্ড, শির, বরাঙ্গ, ক, পুণ্ড্র, মৌলি কপাল, কেশভূ।

মস্তকস্নেহ, পুং. [মস্তক+স্নেহ] শিরোমজ্জা, মস্তিষ্ক, মাতার ঘি।

মস্তকাখ্য, পুং. [মস্তক+আখ্যা] বৃক্ষশিরঃ, গাছের আগা।

মস্তদারু, ন. [মস্ত+দারু] দেবদারুবৃক্ষ।

মস্তমূলক, ন. [মস্ত+মূলক] শিরোধঃ, গ্রীবা, ঘাড়।

মস্তিষ্ক, ন. [মস্+তিষ্ক] মস্তকভব ঘৃতাকার স্নেহ, মজ্জা, মগজ, তৎপর্য্যায়।—গোর্দ্দ, গোদ, মস্তকস্নেহ, মস্তুলুঙ্গক।

মস্তু, ন. [মস্+তু] দধিজাত মণ্ড, দধিরমাৎ; দধিজল, দ্বিগুণ বারিযুক্ত দধি।

মস্তুলুঙ্গ, পুং. [মস্তু+লুঙ্গ] মস্তিষ্ক, মস্তকস্নেহ, মাথার ঘি।

মস্যাধার, ন. [মসী+আধার] মসিধান, বর্ণকূপিকা, দোয়াত।

মস্জিদ্, (যাং) মসিদ্।

মহ, পুং. [মহ+অ] উৎসব; তেজঃ; যজ্ঞ; মহিষ।

মহঃ, ন. [মহ+অস্] উৎসব; তেজঃ; যজ্ঞ, যাগ। [আমোদ।

মহক, পুং. [মহৎ+ক] বহুলামোদ, বহুতর

মহতী, স্ত্রী. [মহ+অৎ-ঈ] বল্লকীবিশেষ; নারদবীণা; বৃহৎপ্রমাণা; বৃহতী; বার্ত্তাকী; বৃহৎ, বড়। [দ্বাদশী।

মহতীদ্বাদশী, স্ত্রী. [মহতী+দ্বাদশী] শ্রবণ

মহৎ, ন. [মহ+অৎ] রাজ্য; (ত্রি.) বৃদ্ধ, মহান্, মহতী, তৎপর্য্যায়।—বিশঙ্কট, পৃথু, বৃহৎ, বিশাল, পৃথুল, বড্ড, উরু, বিপুল, পুল, বিস্তীর্ণ; তদ্বৈদিক পর্য্যায়। ব্রধ্ন, ঋষ্ঠ, বৃহৎ উক্ষিত, তবস, তবিষ, মহিষ, অভ্ব, ঋভুক্ষা, উক্ষা, বিহায়, যহ্ব, ববক্ষিথ, বিবক্ষসে, অংহণ, মাহিন, গভীর, ককুহ, রভস, ব্রাধন, বিরপ্সী, অদ্ভুত, বর্হিষ্ঠ, বর্হিষৎ; মহৎশব্দ শঙ্খাদি শব্দের পূর্ব্বপ্রয়োগ নিষেধ যথা।—শঙ্খে তৈলে তথা মাংসে বৈদ্যে জ্যোতিষিকে দ্বিজে। যাত্রায়াং পথিনিদ্রায়াং মহৎ শব্দোন দীয়তে॥ কিন্তু যৌগিক শব্দে মহৎস্থলে মহা ব্যবহার হয়।

মহত্তত্ত্ব, ন. [মহৎ+তত্ত্ব] চতুর্ব্বিংশতি তত্ত্বান্তর্গত দ্বিতীয়তত্ত্ব, প্রকৃতিহইতে উৎপন্ন, সমষ্টি বুদ্ধিস্বরূপ, তৎপর্য্যায়।—মহান্, আত্মা, মতি, বিষ্ণু, জিষ্ণু, শম্ভু, বীর্য্যবান, বুদ্ধি, প্রজ্ঞোপলব্ধি, খ্যাতি, ধৃতি, স্মৃতি।

মহত্তম, ত্রি. [মহৎ+তম] অতিশয় মহৎ, সকল অপেক্ষা প্রধান।

মহত্তর, পুং.স্ত্রী. [মহৎ+তর] শূদ্র, দাস; (ত্রি.) অতিশয় মহৎ, সকলের প্রধান।

মহত্ত্ব, ন. [মহৎ+ত্ব] মহতের ভাব, প্রধানত্ব, শ্রেষ্ঠত্ব; ভদ্রতা।

মহত্তরাণ, (প্রা) বিনা করে শূদ্রের ভোগ্যা ভূমি, শূদ্রের নিষ্কর ভূমি।

মহত্তা, স্ত্রী. [মহৎ+ত-আ] শ্রেষ্ঠত্ব, প্রধানত্ব; গৌরব

মহন (প্রা) মন্থন, আলোড়ন, মওয়া।

মহর্লোক, পুং. [মহস্+লোক] ভূরাদি সপ্ত লোকান্তর্গত চতুর্থলোক, সপ্তলোক যথা।—ভূ, ভূব, স্বঃ, মহঃ, জন, তপঃ, সত্য।

মহর্ষভী, স্ত্রী. [মহৎ+ঋষভ-ঈ] কপিকচ্ছু।

মহর্ষি, পুং. [মহৎ+ঋষি] ব্যাসাদি মুনি।

মহল্, (বাং) বাটীর বিভাগ; আজ্ঞা, সময়।

মহল্লক, পুং. [মহৎ+লক] অন্তঃপুর রক্ষক, পুররক্ষণেনিযুক্তখোজা, তৎপর্য্যায়।—সৌবিদল্ল, কঞ্চুকী, স্থাপত্য, সৌবিদ, বিদাক্ষ, সৌবিদল্লক, অন্তর্বংশিক।

মহল্লিক, পুং. [মহল্ল+ইক] অন্তঃপুররক্ষক, খোজা। [বান্, দ্বারী।

মহল্লী, পুং. [মহল্ল+ইন্] পুররক্ষক, দ্বার-

মহস, ন. [মহ+অস] জ্ঞান; প্রকার।

মহৎসল্ক, পুং. [মহৎ+সল্ক] মৎস্যবিশেষ, চিঙ্গড়ীমৎস্য।

মহা, স্ত্রী. [মহ+আ] গোপবল্লী, গোরক্ষচাকুলিয়া; স্ত্রীগবী, গাভী; অতিশয়।

মহাকচ্ছ, পুং. [মহা+কচ্ছ] সমুদ্র; বরুণ; পর্ব্বত।

মহাকণ্টকিনী, স্ত্রী. [মহা+কণ্টকিন্-ঈ] বিশ্বসারক, ফণিমনসা।

মহাকন্দ, পুং. [মহা+কন্দ] রসোনক, রসুন, লসুন, পেঁয়াজ; মূলক, মূলা; চাণক্যমূলক; রক্তলশুন; রাজপলাণ্ডু।

মহাকপিত্থ, পুং. [মহা+কপিত্থ] বিল্ববৃক্ষ, বেলগাছ।

মহাকরঞ্জ, পুং. [মহা+করঞ্জ] করঞ্জবিশেষ, বড়করমচা, তৎপর্য্যায়।—ষড়্গ্রন্থা, হস্তিচারিণী, উদকীর্ণ, বিষঘ্নী, কাকঘ্নী, মদহস্তিনী, শারঙ্গেষ্টা, মধুমতী, রসায়নী, হস্তিরোহণক, হস্তিকরঞ্জক, সুমনাঃ, কাকভাণ্ডী, মধুমত্তা

মহাকর্ণিকার, পুং. [মহা+কর্ণিকার] আরগ্বধবৃক্ষ, শোঁদালীগাছ।

মহাকাব্য, ন. [মহা+কাব্য] কাব্যশাস্ত্র বিশেষ, প্রসিদ্ধকবির কৃত প্রসিদ্ধকাব্য গ্রন্থ, তৎপর্য্যায়।—সর্গবন্ধ; মহাকাব্য গ্রন্থ যথা।-কুমারসম্ভব, রঘুবংশ, মেঘদূত, ভট্টিকাব্য, কিরাতার্জুনীয়, নৈষধীয় চরিত, শিশুপালবধ ইত্যাদি

মহাকায়, পুং. [মহা+কায়] নন্দী, শিবদ্বারপাল; হস্তী; (ন.) বৃহৎশরীর; (ত্রি.) বৃহৎশরীরযুক্ত।

মহাকার্ত্তিকী, স্ত্রী. [মহা+কার্ত্তিকী] রোহিণী নক্ষত্রযুক্তা কার্ত্তিকী পূর্ণিমা।

মহাকাল, পুং. [মহ+কাল] বিষ্ণুস্বরূপ অখণ্ডদণ্ডায়মান সময়; মহাদেব; প্রথমগণ বিশেষ; লতাবিশেষ, মাকাললতা, তৎপর্য্যায়।—উরুকাল, কিম্পাক, কাকমর্দ্দক, কাকমর্দ্দ, দেবদালিকা, দালা, দালিকা, জলজ, ঘোষকাকৃতি; শিবপুত্র বিশেষ, নন্দী ও ভৃঙ্গী

মহাকালী, স্ত্রী. [মহা+কালী] মহাকালের পত্নী, পঞ্চবক্ত্রা অষ্টভুজা কালীবিশেষ; জিনদিগের চতুর্ব্বিংশতি শাসন দেবতান্তর্গত দেবী বিশেষ।

মহাকুমুদা, স্ত্রী. [মহা+কুমুদ-আ] কাশ্মরী, মধুপর্ণিকা; দুর্গা।

মহাকুম্ভী, স্ত্রী. [মহা+কুম্ভ-ঈ] কট্‌ফল;

মহাকুল, ত্রি. [মহৎ+কুল] উত্তম কুলজাত, সৎবংশ, তৎপর্য্যায়।—কুলীন, আর্য্য, সভ্য, সজ্জন, সাধু, কুল্য, অভিজাত, কৌলেয়ক, জাত্য, মহাকুল, কৌলেয় কোলেয়ক, কুলজ, সাধুজ, কুলশ্রেষ্ঠ।

মহাকুলীন, ত্রি. [মহা+কুলীন] মহাকুল জাত, সদ্বংশীয়, আভিজাত্যসম্পন্ন, উত্তমকুলজাত।

মহাকুলোদ্ভূত, ত্রি. [মহা+কুল-উদ্ভূত] মহৎকুলজাত, মহাকুলসম্ভূত, সদ্বংশ্য।

মহাকুষ্ঠ, ন. [মহা+কুষ্ঠ] বৃহৎকুষ্ঠরোগ, তৎসপ্তবিধ যথা।—কপাল; ঔদুম্বর, মণ্ডলাখ্য, সিধ্ম, কাকণক, পুণ্ডরীক, ঋক্ষজিহ্বা।

মহাকূপ, পুং. [মহা+কূপ] বৃহৎকূপ, বড় কুয়া, তৎপর্য্যায়।—অরঘট্ট।

মহাকুল, পুং. [মহা+কুল] মহাকুল, সৎকুল, উত্তমকুল।

মহাকুলজ, ত্রি. [মহা+কুল-জ] মহাকুলীন, মহৎকুলে জাত, সদ্বংশ্য।

মহাকোশফলা, স্ত্রী. [মহাকোশ+ফল-আ] দেবদালীলতা।

মহাকোশাতকী, স্ত্রী. [মহা+কোশাতক-ঈ] হস্তিঘোষা।

মহাগ, ত্রি. [মহা+গ] অতিশয়।

মহাগদ, পুং. [মহা+গদ] জ্বররোগ;

মহাগন্ধ, ন. [মহা+গন্ধ] হরিচন্দন; বোল; (পুং.) কুটজবৃক্ষ, কুরচিফুলের গাছ, জলবেতস।

মহাগন্ধা, স্ত্রী. [মহা+গন্ধ-আ] নাগবলা; কেবিকাপুষ্প, কেঁউফুল; চামুণ্ডা, ভগবতী। [চামরী।

মহাগব, পুং. [মহা+গো-অ] গবয়, বনগো

মহাগিরি, পুং. [মহা+গিরি] বৌদ্ধবিশেষ; বৃহৎপর্ব্বত।

মহাগুরু, পুং. [মহা+গুরু] অতিগুরু, পিতা মাতা আচার্য্য ইত্যাদি; স্ত্রীলোকের পতি।

মহাগুরুনিপাত, ন. [মহাগুরু+নিপাত] পিতৃ মাতৃ পতিবিয়োগ

মহাগুল্মা, স্ত্রী. [মহাগুল্ম+আ] সোমবল্লী, সোমলতা।

মহাগুহা, স্ত্রী. [মহা+গুহ-আ] পৃশ্নিপর্ণী।

মহাগোধূম, পুং. [মহা+গোধূম] বৃহৎ গোধূম, বড়গম।

মহাগ্রীব, পুং. [মহা+গ্রীবা] উষ্ট্র, উট; (ত্রি.) বৃহদ্গ্রীবাযুক্ত।

মহাগ্রীবী, পুং. [মহা+গ্রীবিন্] উষ্ট্র, উট।

মহাঘাস, পুং. [মহা+ঘাস] দেশসম্বন্ধীয় ঘাস; পৃথিবী সম্বন্ধীয় ঘাস।

মহাঘূর্ণা, স্ত্রী. [মহা+ঘূর্ণ-আ] সুরা, মদ্য; অতিশয় ভ্রমি

মহাঘোর, ত্রি. [মহ+ঘোর] অতিশয় ভয়ানক; অতিশয় অন্ধকার; নরকবিশেষ।

মহাঘোষ, ন. [মহা+ঘোষ] হট্ট, হাট; (পুং.) অতি ঘোষণ, (ত্রি.) বৃহৎ শব্দ।

মহাঘোষা, স্ত্রী. [মহা+ঘোষ-আ] কর্কট শৃঙ্গী; কুন্দুরুকী।

মহাঙ্গ, পুং. [মহা+অঙ্গ] উষ্ট্র, উট; গোক্ষুরক, গোখরী; রক্তচিত্রক, রাংচিতা; (ত্রি.) বৃহদবয়বযুক্ত, বৃহৎ শরীর যুক্ত।

মহাচঞ্চু, পুং. [মহা+চঞ্চু] শাকবিশেষ, চেঁচকোশাক, তৎপর্য্যায় —বৃহচ্চঞ্চু, বিষারি, সুচঞ্চুকা, স্থূলচঞ্চু, দীর্ঘপত্রী, দিব্যগন্ধা; বৃহচ্চঞ্চুযুক্ত পক্ষী।

মহাচণ্ড, পুং. [মহা+চণ্ড] যমভৃত্য, যমদূত; (ত্রি.) প্রচণ্ড; অতিশয় উগ্র।

মহাচপলা, স্ত্রী. [মহা+চপলা] ছন্দোবিশেষ।

মহাচ্ছদ, পুং. [মহা+ছদ] দেবতাড় বৃক্ষ; বৃহৎ পত্র, বড়পাতা; তেড়েৎপাতা।

মহাচ্ছায়, পুং. [মহা+ছায়া] বটবৃক্ষ; (ত্রি.) বৃহচ্ছায়াযুক্ত।

মহাচ্ছিদ্রা, স্ত্রী. [মহা+ছিদ্র-আ] মহামেদা; (ত্রি.) বৃহচ্ছিদ্রযুক্ত।

মহাজ, পুং. [মহা+অজ] বৃহচ্ছাগ, বড় ছাগল; (ত্রি.) মহাকুলোদ্ভব।

মহাজটা, স্ত্রী. [মহা+জটা] রুদ্রজটা; বৃহজ্জটা, বড়জটা।

মহাজন, পুং. [মহা+জন] সাধু; মন্বাদি; (প্রা) উত্তমর্ণ, ঋণদাতা।

মহাজব, পুং. [মহা+জব] গবয়, চমরী; শ্রীকারি মৃগ; অতিবেগযুক্ত।

মহাজম্বু, স্ত্রী. [মহা+জম্বু] বৃহজ্জম্বুবৃক্ষ, বড় জামগাছ।

মহাজম্বূ, স্ত্রী. [মহা+জম্বূ] বৃহজ্জম্বূ, তৎপর্য্যায়:—রাজজম্বূ, স্বর্ণমাতা, মহাফলা, পিকপ্রিয়া, কোকিলেষ্টা, মহানীলা, বৃহৎফলা।

মহাজাতি, স্ত্রী. [মহা+জাতি] বাসন্তীলতা, মাধবীলতা; শ্রেষ্ঠবর্ণ, উত্তমজাতি।

মহাজাতীয়, ত্রি. [মহা+জাতীয়] মহতের প্রকার।

মহাজালী, স্ত্রী. [মহা+জাল-ঈ] পীতবর্ণ ঘোষা; রাজকোশাতকী; (ত্রি.) বৃহজ্জাল-বাহক।

মহাজ্ঞানী, পুং. [মহা+জ্ঞানিন্] প্রধান তত্ত্বজ্ঞ, ব্রহ্মজ্ঞ, আত্মজ্ঞ; অতিশয় পণ্ডিত।

মহাজ্যৈষ্ঠী, স্ত্রী. [মহা+জ্যৈষ্ঠ-ঈ] নক্ষত্র-বিশেষাদিযুক্ত জ্যৈষ্ঠীপূর্ণিমা।

মহাজ্যোতিষ্মতী, স্ত্রী. [মহা+জ্যোতিষ্মৎ-ঈ] লতাবিশেষ, (হিঃ) বড়ীমালকঙ্গুনী, তৎপর্য্যায়:—তেজোবতী, বহুরসা, কনকপ্রভা, তীক্ষ্ণা, সুবর্ণনাকুলী, লবণা, অগ্নিদীপ্তা, তেজস্বিনী, সুরলতা, অগ্নিফলা, অগ্নিগর্ভা, কঙ্গুনী, শৈলসুতা, সুতৈলা, সুবেগা, বায়সী, তীব্রা, কাকাণ্ডী, বায়সাদনী, গীর্লতা, শ্রীলতা, সৌম্যা, ব্রাহ্মী, লবণকিংশুকা, পারাবতপদী, পীতা, পীততৈলা, যশস্বিনী, মেধ্যা, মেধাবতী, ধীরা।

মহাজ্বাল, পুং. [মহা+জ্বাল] হোমাগ্নি, হোমের আগুন।

মহাজ্বালা, স্ত্রী. [মহা+জ্বাল-আ] জিনদিগের বিদ্যাধরীবিশেষ; বৃহদগ্নি শিখা।

মহাঢ্য, পুং. [মহা+আঢ্য] কদম্ববৃক্ষ; (ত্রি.) অতিশয় ধনবান।

মহাতপাঃ, ত্রি. [মহা+তপস্] অতিশয়তপো-বিশিষ্ট।

মহাতমঃপ্রভা, স্ত্রী. [মহা+তমস্-প্রভা] নরক বিশেষ, অতিশয় অন্ধকারময় নরক।

মহাতরু, পুং. [মহা+তরু] সুহীবৃক্ষ, সিজ-গাছ; বৃহদ্বৃক্ষ; প্রকাণ্ড গাছ।

মহাতল, ন. [মহা+তল] পাতালবিশেষ, যথা।—অতল, বিতল, নিতল, তলাতল, মহাতল, সুতল, রসাতল।

মহাতারা, স্ত্রী. [মহা+তার-আ] জিনদিগের দেবীবিশেষ, তৎপর্য্যায়।—তারা, মহাশ্রী, ওঙ্কারা, স্বাহা, শ্রী, মনোরমা, তারিণী, জয়া, অনন্তা, শিবা, লোকেশ্বরা, আত্মজা, খদুরবাসিনী, ভদ্রা, বৈশ্যা, নীলসরস্বতী, শঙ্খিনী, বসুধারা, ধনংদদা, ত্রিলোচনা, লোচনা।

মহাতালী, স্ত্রী. [মহা+তাল-ঈ] লতা-বিশেষ, আবর্ত্তকী, ভগতবল্লী।

মহাতিক্ত, পুং. [মহা+তিক্ত] মহানিম্ব; (ত্রি.) অতিশয় তিক্তরসযুক্ত।

মহাতিক্তা, স্ত্রী. [মহা+তিক্ত-আ] যবতিক্তা, শঙ্খিনী, যবেটী; পাঠা, আকনাদীলতা।

মহাতীক্ষ্ণা, স্ত্রী. [মহা+তীক্ষ্ণ-আ] ভল্লাতক-বৃক্ষ; (ত্রি.) অতিশয় তীক্ষ্ণ।

মহাতেজঃ, ন. [মহা+তেজস্] পারদ, পারা।

মহাতেজাঃ, পুং. [মহা+তেজস্] কার্ত্তিকেয়; অগ্নি; (ত্রি.) অতিশয় তেজস্বী।

মহাত্মা, ত্রি. [মহা+আত্মন্] উত্তম স্বভাবযুক্ত, তৎপর্য্যায়।—মহেচ্ছ, উদ্ভট, উদার, উদাত্ত, উদীর্ণ, মহাশয়, মহামনাঃ।

মহাদণ্ড, পুং. [মহা+দণ্ড] যমদূতবিশেষ; বৃহদ্দণ্ড।

মহাদন্ত, পুং. [মহা+দন্ত] গজদন্ত, হাতির দাঁত, তৎপর্য্যায়।—ঈশাদন্ত; বৃহদ্দন্তমাত্র; (ত্রি.) বৃহদ্দন্তবিশিষ্ট।

মহাদান, ন. [মহা+দান] শ্রেষ্ঠদান, তুলাপুরুষাদি ষোড়শপ্রকার দান।

মহাদারু, ন. [মহা+দারু] দেবদারু বৃক্ষ; বৃহৎ কাষ্ঠ।

মহাদুন্দু, পুং. [মহা+দুন্দু] বৃহৎ রণঢক্কা।

মহাদেব, পুং. [মহা+দেব] শিব, মহেশ, অষ্টমূর্ত্ত্যন্তর্গত সোমমূর্ত্তি, তৎপর্য্যায়।—অঘোর, অজিত, অট্টহাস, অথর্ব্বণ, অদ্রীশ, অধ্রুঢ়, অনঙ্গাসুহৃৎ, অন্ধকরিপু, অন্ধকাসুহৃৎ, অর্দ্ধনারীনটেশ্বর, অর্দ্ধনারীশ, অর্ঘীশ, অষ্টমূর্ত্তি, অসিতাঙ্গ, অস্থিধন্বা, অস্থিমালী, অহির্ব্রধ্ন, অক্ষর, আত্মভূ, আত্মযোনি, আশুতোষ, ইন্দুভৃৎ, ঈশ, ঈশান, ঈশ্বর, উ, উগ্র, উমাপতি, উন্মত্ত, উমেশ, ঊর্দ্ধলিঙ্গ, ঊর্দ্ধরেতা, একদৃক্, ঋষভধ্বজ, কঙ্কালমালী, কটপ্রূ, কপর্দ্দ, কপর্দ্দী, কপালভৃৎ, কপালী, কল্মাষকণ্ঠ, কাণ্ঠকাল, কামধ্বংসী, কামারি, কাল, কালকটঙ্কট, কালকণ্ঠ, কালঞ্জর, কাশীনাথ, কাশীশ, কুলেশ্বর, কুপতি, কুঙ্কর, কৃত্তিবাস, কৃত্তিবাসাঃ, কৃশানুরেতাঃ, কৃষ্কর, কৈলাসনিকেতন, কৈলাসৌকাঃ, ক্রতুধ্বংসী, ক্রোধ, খকুন্তল, খট্বাঙ্গভৃৎ, খট্বাঙ্গী, খণ্ডপরশু, খণ্ডপশু, খরু, খেচর, গঙ্গাধর, গিরিশ, গিরিত্র, গরীশ, গুড়াকেশ, গুহগুরু, গোপতি, গোপালক, গোরক্ষ, গৌর, গৌরীপতি, ঘনবাহন, ঘোরচণ্ড, চন্দ্রচূড়, চন্দ্রমৌলী, চন্দ্রশেখর, চন্দ্রাপীড়, চন্দ্রিল, জলমূর্ত্তি, জগদ্ধাত্রী, জগন্তক্ষক, জগদ্যোনি, জটাটঙ্ক, জটাটীর, জটাধর, জটাধারী, জয়ন্ত, জয়ন্তি, জ্যোতিঙ্গ, জটিল, ঠ, ড, তাণ্ডবপ্রিয়, তারাপতি, তুঙ্গীশ, তীব্র, ত্রিদৃক্, ত্রিধাম, ত্রিনয়ন, ত্রিনেত্র, ত্রিপুরজিৎ, ত্রিপুরদহন, ত্রিপুরসূদন, ত্রিপুরান্তক, ত্রিপুরারি, ত্রিলোচন, ত্রিশূলী, ত্র্যম্বক, ত্র্যক্ষ, দক্ষজাপতি, দক্ষযজ্ঞবিনাশী, দক্ষাধ্বর, দুর্গাপতি, দিগম্বর, দিগ্বাসাঃ, দেব, দেবদেব, ধরণীশ্বর, ধর্ম্মবাহন, ধূর্জ্জটি, ধ্রুব, নকুল, নটেশ্বর, নন্দিবর্দ্ধন, নন্দীশ, নন্দীশ্বর, নাট্যপ্রিয়, নাত্র, নাথ, নীললোহিত, নীলকণ্ঠ, নীলগ্রীব, নৃস্থিমালী, পঞ্চমুখ, পঞ্চবক্ত্র, পঞ্চানন, পশুপতি, পরাঙ্গদ, পাংশুচন্দন, পাংশুল, পাংশুলী, পার্ব্বতীনাথ, পাশী, পিঙ্গজট, পিঙ্গাক্ষ, পিঙ্গেক্ষণ, পিতৃবনেচর, পিনাকপাণি, পিনাকী, পুনর্ব্বসু, পুরদ্বিট, পুরারি, পুরাসুহৃৎ, পুরুষাস্থিমালী, প্রমথাধিপ, প্রহাস, প্রিয়তম, ফণধরধর, বভ্রু, বরবৃক্ষ, বরাক, বরাঙ্গ, বরেশ্বর, বহ্নিরেতাঃ, বাম, বামদেব, বার, বিরূপাক্ষ, বিভূতিমান, বিশালাক্ষ, বিশ্বনাথ, বিশ্বেশ, বিশ্বেশ্বর, বিষমনয়ন, বিষমাক্ষ, বিষান্তক, বীর, বীরেশ, বীরেশ্বর, বৃষধ্বজ, বৃষপতি, বৃষপর্ব্বা, বৃষভগতি, বৃষভধ্বজ, বৃষভবাহন, বৃষবাহন, বৃষাণক, বৃষাকপি, বৃষাঙ্ক, বৃষাঞ্চন, ব্যোমকেশ, ব্যোমকেশী, ব্যোমদেব, ব্রহ্মমূর্দ্ধভৃৎ, ভগ, ভগমালী, ভব, ভবানীপতি, ভরু, ভদ্র, ভর্গ, ভালদৃক্, ভাললোচন, ভীম, ভীষণ, ভীষ্ম, ভূত, ভূতাত্মা, ভূতনাথ, ভূতেশ, ভূরি, ভৃঙ্গীশ, ভৈরব, ভৌতিক, মথাসুহৃৎ, মহাকাল, মহানট, মহাবক্ষাঃ, মহাব্রতী, মহামূর্দ্ধা, মহামেঘ, মহারুদ্র, মহারূপ, মহারোমা, মহাশিব, মহাসেন, মহেশ, মহেশ্বর, মিহিরাণ, মীঢুষ্টম, মৃত্যুঞ্জয়, মৃত্যুবঞ্চন, মৃড়, যমান্তক; যমী, যোগেশ, রসনায়ক, রুরু, রুদ্র, রেরিহাণ, লিঙ্গ, লিঙ্গী,

লোকনাথ, শঙ্কর, শবর, শম্ভু, শমিরোহ, শশভূদ্ভৃত, শশিভূষণ, শশিশেখর, শশীশ, শিতিকণ্ঠ, শিব, শিবপুরী, শিপিবিষ্ট, শিবিপিষ্ট, শীত্য, শুচি, শূলধন্বা, শূলধর, শূলধৃক্, শূলী, শ্মশানবাসী, শ্মশানবেশ্মা, শ্যামকণ্ঠ, শ্রীকণ্ঠ, শ্রীমান, শ্রীরঙ্গ, শ্বাশ্ব, সংহৃর, সদানন্দ, সদাশিব, সনাতন, সন্ধ্যানাটী, সবর, সমম্বা, সর্ব্ব, সর্ব্বগ, সর্ব্বজ্ঞ, সর্ব্বতোমুখ, সর্ব্বেশ্বর, সিদ্ধদেব, সিতিকণ্ঠ, সুপ্রতীক, সুপ্রসাদ, সোম, স্বভু, স্বয়ম্ভু, স্মরহর, স্থাণু, হ, হর, হরক, হররূপ, হরি, হরিকেশ, হরিণ, হরিপ্রিয়, হরিশর, হিণ্ডী, হিরণ্যরেতাঃ, হিরণ্যবাহু, হিমাদ্রিতনয়াপতি, হীর, হুতাশন, হেমকেশ।

মহাদেবী, স্ত্রী. [মহা+দেব-ঈ] দুর্গা, পার্ব্বতী; রাজ্ঞী, পাটরাণী, তৎপর্য্যায়।—মহিষী, পট্টার্হা, পট্টদেবী।

মহাদৈত্য, পুং. [মহা+দৈত্য] ভৌম্য মন্বন্তরীয় দৈত্যবিশেষ।

মহাদ্রাবক, পুং. [মহা+দ্রাবক] ঔষধবিশেষ, দ্রপক।

মহাদ্রুম, পুং. [মহা+দ্রুম] অশ্বত্থবৃক্ষ; বৃহৎ বৃক্ষ।

মহাদ্রোণা, স্ত্রী. [মহা+দ্রোণ-আ] বৃক্ষবিশেষ, (হিঃ) বড়ী দ্রোণপুষ্পী, তৎপর্য্যায়।—দেবকুরুম্বা, দিব্যপুষ্পা, মহাদ্রোণী, দেবী, কাঞ্চী, দেবদ্রোণা।

মহাদ্রোণী, স্ত্রী. [মহা+দ্রোণ+ঈ] মহাদ্রোণক্ষুপ, বৃক্ষবিশেষ; দ্রোণপুষ্পেরগাছ

মহাদ্বন্দ্ব, পুং. [মহা+দ্বন্দ্ব] যুদ্ধবাদ্য, রণপটহ; অতিশয় কলহ।

মহাধন, ন. [মহা+ধন] বহুমূল্য বস্ত্র; সুবর্ণ, সোণা; সিহ্লক; সুন্দর বস্ত্র; কৃষি; (ত্রি.) অতিশয় ধনযুক্ত।

মহাধনী, পুং. [মহা+ধনী] অতিশয় ধনবান, বড়ধনী।

মহাধাতু, পুং. [মহা+ধাতু] স্বর্ণ, হেম, সুবর্ণ।

মহাধ্বনিক, পুং. [মহা+ধ্বনিক] পুণ্য নিমিত্ত হিমালয়পর্য্যন্ত মহাপথ গমনদ্বারা সম্পাদিত মরণ।

মহানট, পুং. [মহা+নট] শিব, মহাদেব।

মহানদ, পুং. [মহা+নদ] ব্রহ্মপুত্রাদি বিখ্যাত স্রোতঃ।

মহানদী, স্ত্রী. [মহা+নদ-ঈ] পুরুষোত্তম ক্ষেত্রের অন্তর্গত কটকের উত্তরদেশস্থ নদীবিশেষ, চিত্রোৎপলা; গঙ্গা, ভাগীরথী।

মহানন্দ, পুং. [মহা+আনন্দ] মুক্তি, মোক্ষ, অতিশয় আহ্লাদ, অত্যন্ত হর্ষ।

মহানন্দা, স্ত্রী. [মহা+আনন্দ-আ] সুরা, মদ্য; মাঘ শুক্লানবমী; নদীবিশেষ, পদ্মানদী হইতে বিনির্গত হইয়া রামপুর গ্রামের পশ্চিমাংশ দিয়া উত্তর দিগ্‌গতা। [রাজপুত্র:

মহানন্দি, পুং. [মহা+নন্দ-ই] নন্দিবর্দ্ধন

মহানবমী, স্ত্রী. [মহা+নবমী] আশ্বিন শুক্লানবমী।

মহানরক, পুং. [মহা+নরক] অতিশয়রূপ নানা প্রকার যাতনা স্থান।

মহানল, পুং. [মহা+নল] দেবনল।

মহানস, ন. পুং. [মহা+অনস] রন্ধনগৃহ, তৎপর্য্যায়।—রসবতী, পাকস্থান।

মহানসীয়, ত্রি. [মহানস+ঈয়] পাকালয় সম্বন্ধীয়, চুল্লীসম্বন্ধীয়।

মহানাটক, পুং. [মহা+নাটক] নাটকবিশেষ; স্বনামখ্যাত হনুমদ্রচিত রামচরিত্র গ্রন্থবিশেষ।

মহানাড়ী, স্ত্রী. [মহা+নাড়ী] কণ্ডরা, প্রধানশিরাঃ; প্রধান ধাতু।

মহানাদ, পুং. [মহা+নাদ] হস্তী; ঘর্ষণশীলমেঘ; মহাশব্দ; সিংহ; কর্ণ; উষ্ট্র; শঙ্খ; কাহল বাদ্য; গ্রামবিশেষ।

মহানিদ্রা, স্ত্রী. [মহা+নিদ্রা] মরণ, মৃত্যু, পঞ্চত্ব; কালধর্ম্ম।

মহানিম্ব, পুং. [মহা+নিম্ব] নিম্ববৃক্ষবিশেষ, নৈপালনিম্ব, তৎ পর্য্যায়।—কৈটর্য্য, পবনেষ্ট, পার্ব্বত; বর্কর, কনিন।

মহানিশা, স্ত্রী. [মহা+নিশা] নিশার মধ্যভাগ, তৎপর্য্যায়।—নিশার্দ্ধ, নিশীথ; সার্দ্ধ প্রহরোপরি প্রহরদ্বয়; দণ্ডদ্বয়াত্মিকা মধ্য রাত্রি।

মহানিষ্ট, ত্রি. [মহা+অনিষ্ট] অতিশয় মন্দ, বড় অহিত।

মহানীচ, পুং. [মহা+নীচ] রজক, ধোবা; অতিশয় হীনবর্ণ ম্লেচ্ছাদি।

মহানীল, পুং. [মহা+নীল] ভৃঙ্গরাজ, ভীমরাজ গাছ; নাগবিশেষ; মণিবিশেষ।

মহানীলা, স্ত্রী. [মহা+নীল-আ] মহাজম্বু, বড়জাম।

মহানীলী, স্ত্রী. [মহা+নীল-ঈ] নীল অপরাজিতা; বৃহন্নীলী, তৎপর্য্যায়।—অমরা, জনিনীলিকা, তুত্থা, শ্রীফলিকা, নেলা, কেশার্হা, ভৃংসপত্রিকা।

মহানুভব, পুং. [মহা+অনুভব] সদাশয়, মহাশয়, উদারস্বভাব; মনস্বী; মহাপ্রভাব।

মহানুভাব, ত্রি. [মহা+অনুভাব] মহাশয়, উদার স্বভাব।

মহান্, ত্রি. [মহ+অৎ] বৃহৎ, বড়; (পুং.) উষ্ট্র, উট; দুর্গা; মহত্তত্ত্ব; (অন্যপর্য্যায় মহৎ শব্দে দ্রষ্টব্য)।

মহান্ত, পুং. [মহা+অন্ত] নবধাভক্তিযুক্তভক্ত, যথা।—শিব, অনন্ত, ধর্ম্ম, ব্রহ্মা, বিষ্ণু, মহান্, বিরাট্, সনৎকুমার, কপিল, সনক, সনন্দন, বোঢু, পঞ্চশিখ, দক্ষ, নারদ, সনৎকুমার, সনাতন, ভৃগু, মরীচি, দুর্ব্বাসাঃ, কশ্যপ, পুলহ, অঙ্গিরাঃ, মেধস, লোমস, শুক্র, বশিষ্ঠ, ক্রতু, বৃহস্পতি, কর্দ্দম, শক্তি, অত্রি, পরাশর, মার্কণ্ডেয়, বলি, প্রহ্লাদ, গণেশ্বর, যম, সূর্য্য, বরুণ, বায়ু, চন্দ্র, অগ্নি, অকূপার, উলূক, নাড়ীজঙ্ঘ, বায়ুজ, নর, নারায়ণ, কূর্ম্ম, ইন্দ্রদ্যুম্ন, বিভীষণ।

মহাপঞ্চবিষ, ন. [মহা+পঞ্চবিষ] বৃহদ্বিষপঞ্চক, তদ্যথা।—শৃঙ্গী, কালকূট, মুস্তক, বৎসনাভক, শঙ্খকর্ণী।

মহাপঞ্চমূল, ন. [মহা+পঞ্চমূল] বৃহৎ পঞ্চমূল, তদ্যথা।—বিল্ব, অগ্নিমন্থ, শ্যোনাক কাশ্মর্য্য, পাটলা।

মহাপত্রা, স্ত্রী. [মহা+পত্র-আ] মহাজম্বু, বড়জাম; (ত্রি.) বৃহৎপত্রযুক্ত।

মহাপথ, পুং. [মহা+পথিন্] প্রধান পথ, তৎপর্য্যায়।—ঘণ্টাপথ, সংসরণ, শ্রীপথ, রাজবর্ত্ম, উপনিষ্ক্রমণ, উপনিষ্কর।

মহাপথগম, পুং. [মহা+পথগম] মরণ, মৃত্যু, নিধন।

মহাপথগামী, ত্রি. [মহাপথ+গামিন্] মরণোদ্যত, মুমূর্ষু।

মহাপদ্ম, পুং. [মহা+পদ্ম] অষ্টনাগান্তর্গত নাগবিশেষ, তৎপর্য্যায়।—অতিশুক্ল, দশবিন্দুক মস্তক; কুবেরের নবনিধির মধ্যে নিধিবিশেষ; লক্ষকোটি সংখ্যা; (ন.) শুক্লপদ্ম।

মহাপা, (প্রা) যানবিশেষ; ডুলিবিশেষ।

মহাপাতক, ন. [মহা+পাতক] পাপবিশেষ, তৎ পঞ্চবিধ যথা।—ব্রহ্মহত্যা, সুরাপান, স্তেয়, গুর্ব্বঙ্গনাগম, এতৎ সংসর্গী।

মহাপাতকী, ত্রি. [মহা+পাতকিন্] পঞ্চপ্রকার মহাপাতকযুক্ত, পতিত।

মহাপাপ, ন. [মহা+পাপ] মহাপাতক, ব্রহ্মহত্যাদি পঞ্চবিধ পাপ, গুরুতর অধর্ম্ম।

মহাপাপী, ত্রি. [মহা+পাপিন্] ব্রহ্মহত্যাদি পঞ্চপ্রকার মহাপাপকারী।

মহাপারেবত, ন. [মহা+পারেবত] ফল বৃক্ষবিশেষ, (হিঃ) বড়াপারেবত, তৎপর্য্যায়।—স্বর্ণপারেবত, সাম্রাণিজ, খারিক, রক্তরৈবতক, বৃহৎপারেবত, দ্বীপজ, দ্বীপখর্জ্জূর

মহাপাশ, পুং. [মহা+পাশ] যমদূতবিশেষ; বৃহৎপাশ, বড়দড়ী।

মহাপাসক, পুং. [মহা+পাসক] বুদ্ধভিক্ষুক, তৎপর্য্যায়।—চেলুক, শ্রামণের, প্রব্রাজিত, গোমীন।

মহাপিণ্ডীতক, পুং. [মহা+পিণ্ডীতক] কৃষ্ণবর্ণ মহামদন বৃক্ষ, তৎপর্য্যায়।—বারাহ।

মহাপিণ্ডীতরু, পুং. [মহা+পিণ্ডীতরু] বৃক্ষবিশেষ, (হিং) পেড়িয়া, তৎপর্য্যায়।—শ্বেতপিণ্ডীতক, করহাট, ক্ষুর, শক্রকোষতরু, শর, পিণ্ডীতরু।

মহাপীলু, পুং. [মহা+পীলু] পীলুবৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—বৃহৎপীলু, মহাফল, রাজপীলু, মহাবৃক্ষ, মধুপীলু; মউলবৃক্ষ।

মহাপুরাণ, ন. [মহা+পুরাণ] একাদশ লক্ষণযুক্ত বেদব্যাস প্রণীত অষ্টাদশ সংখ্যক পুরাণবিশেষ।

মহাপুরুষ, পুং. [মহা+পুরুষ] নরশ্রেষ্ঠ; নারায়ণ; সাধুব্যক্তি; মহাযোগী।

মহাপুরুষতা, স্ত্রী. [মহা+পুরুষ-ত-আ] মহাত্মতা, মাহাত্ম্য।

মহাপুরুষদন্তা, স্ত্রী. [মহাপুরুষ+দন্ত-আ] শতভ্রূলী লতা।

মহাপুরুষদন্তিকা, স্ত্রী. [মহাপুরুষ+দন্তিকা] মহাশতাবরী লতা।

মহাপুষ্পা, স্ত্রী. [মহা+পুষ্প-আ] অপরাজিতা লতা।

মহাপৃষ্ঠ, পুং. [মহা+পৃষ্ঠ] উষ্ট্র, উট; বৃহৎপৃষ্ঠ, বড়পীঠ।

মহাপ্রকৃতি, স্ত্রী. [মহা+প্রকৃতি] দুর্গা, ভগবতী, মহামায়া।

মহাপ্রবল, ত্রি. [মহা+প্রবল] অতিশয় বৃদ্ধিযুক্ত, মহাতেজস্বী, অত্যন্ত বলবান।

মহাপ্রভ, ত্রি. [মহা+প্রভা] অতিশয়দীপ্তি, যুক্ত; অতিশয় প্রভাবিশিষ্ট।

মহাপ্রভা, স্ত্রী. [মহা+প্রভা] মহতীদীপ্তি, অতিশয় দীপ্তি; অধিক রশ্মি।

মহাপ্রভু, পুং. [মহা+প্রভু] পরমেশ্বর; রাজা; ইন্দ্র; শিব; চৈতন্যপ্রভু।

মহাপ্রলয়, পুং. [মহা+প্রলয়] ত্রিলোকনাশ, বিশ্বধ্বংস, কল্পান্ত, তৎপর্য্যায়।—সংহার।

মহাপ্রসাদ, পুং. [মহা+প্রসাদ] বিষ্ণুনৈবেদ্যাদি; শ্রীজগন্নাথদেবের প্রসাদ; দেবোদ্দেশে নিবেদিত সামগ্রী, দেবোচ্ছিষ্ট; অতিশয় প্রসন্নতা।

মহাপ্রস্থান, ন. [মহা+প্রস্থান] মৃত্যুপথ, মহাপথ।

মহাপ্রস্থানগমন, ন. [মহা+প্রস্থান+গমন] মহাগমন, মৃত্যুপথগমন, মরণোদ্দেশ হেতু হিমালয় পর্য্যন্ত গমন।

মহাপ্রাণ, পুং. [মহা+প্রাণ] দ্রোণকাক, দাঁড়কাক; বর্ণবিশেষ, খ ঘ ঝ ঠ ঢ থ ধ, ফ ভ শ ষ স হ রূপ।

মহাফল, পুং. [মহা+ফল] বিল্ববৃক্ষ, বেলগাছ; (ন.) বৃহৎফল।

মহাফলা, স্ত্রী. [মহা+ফল-আ] ইন্দ্রবারুণী।

মহাফেণা, স্ত্রী. [মহা+ফেণ-আ] হিণ্ডীর, সমুদ্রফেণা।

মহাবংশজ, ত্রি. [মহা+বংশজ] সদ্বংশজাত, মহাকুলোদ্ভব।

মহাবন, ন. [মহা+বন] বৃহদ্বন, নিবিড়বন, তৎপর্য্যায়।—অরণ্যানী, মহারণ্য, মহাটবী; বৃন্দাবনস্থ চতুরশীতি বনান্তর্গত বনবিশেষ।

মহাবপ, পুং. [মহা+বপ] মহামেদ।

মহাবরা, স্ত্রী. [মহা+বর-আ] দূর্ব্বা।

মহাবরাহ, পুং. [মহা+বরাহ] বরাহরূপী ভগবান্।

মহাবরোহ, পুং. [মহা+অবরোহ] প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।

মহাবল, ন. [মহা+বল] সীসক, সীসা; (পুং.) বুদ্ধ; বায়ু; (ত্রি.) বলিষ্ঠ, অতিশয় বলবান্।

মহাবলা, স্ত্রী. [মহা+বল-আ] বলাবিশেষ; পীতবাট্যালক, পীতবর্ণ বেড়েলালতা, তৎপর্য্যায়।—ঋষ্যপ্রোক্তা, অতিবলা, পীতপুষ্পী।

মহাবলী, ত্রি. [মহা+বলিন্] বলিষ্ঠ, অতিশয় বলবান্।

মহাবল্লী, স্ত্রী. [মহা+বল্লী] মাধবীলতা।

মহাবস, পুং. [মহা+বস] শিশুমার, জলজন্তুবিশেষ, শুশুক।

মহাবক্ষাঃ, পুং. [মহা+বক্ষস্] শিব, মহাদেব; (ত্রি.) বৃহৎবক্ষঃস্থল যুক্ত।

মহাবাক্য, ন. [মহা+বাক্য] যোগ্যতা আকাঙ্ক্ষা আশক্তিযুক্ত বাক্য সমূহ; প্রতিষ্ঠাদিতে উৎসর্গ বাক্য।

মহাবিদ্যা, স্ত্রী. [মহা+বিদ্যা] দেবীবিশেষ, দশমহাবিদ্যা যথা।—কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মাতঙ্গী, কমলাত্মিকা।

মহাবিরাট্, পুং. [মহা+বিরাট] মহাবিষ্ণু।

মহাবিল, ন. [মহৎ+বিল] আকাশ, গগণ; বৃহচ্ছিদ্র।

মহাবিষ, পুং. [মহা+বিষ] দ্বিমুখসর্প, রাজকুমার সাপ।

মহাবিষুব, ন. [মহা+বিষুব] মেষসংক্রান্তি, রবির মেষ রাশিতে সংক্রমণ।

মহাবিষুবচক্র, ন. [মহাবিষুব+চক্র] নক্ষত্রঘটিত নরাকার চক্র।

মহাবিষুবসংক্রান্তি, স্ত্রী. [মহাবিষুব+সংক্রান্তি] মেষসংক্রান্তি, রবির মেষরাশিতে সংক্রমণ।

মহাবিষ্ণু, পুং. [মহা+বিষ্ণু] মহাবিরাট্, শ্রীকৃষ্ণের কলা বিশেষ।

মহাবীচি, পুং. [মহা+বীচি] নরকবিশেষ ভয়ঙ্কর তরঙ্গযুক্ত নরক।

মহাবীজ্য, ন. [মহা+বীজ্য] বিটপ, মুষ্ক ও উরুসন্ধির মধ্যস্থান।

মহাবীর, পুং. [মহা+বীর] গরুড়, অতিশয় শূর, অতিবলী; সিংহ; মহানল; বজ্র; শ্বেততুরঙ্গ; সন্ধানপক্ষী; অন্তিমজিন; কোকিল; ধনুর্দ্ধর; একবীর বৃক্ষ; লক্ষ্মণ; অঙ্গদাদিবানর; হনুমান্।

মহাবীরা, স্ত্রী. [মহা+বীর-আ] ক্ষীরকাকোলী।

মহাবীর্য্য, পুং. [মহা+বীর্য্য] ব্রহ্মা; বুদ্ধবিশেষ; বারাহীকন্দ; (ত্রি.) অতিশয় বলযুক্ত।

মহাবীর্য্যা, স্ত্রী. [মহা+বীর্য্য-আ] সংজ্ঞা, সূর্য্যপত্নী; বনকার্পাসী, বনকাপাস, মহাশতাবরী।

মহাবৃহতী, স্ত্রী. [মহা+বৃহতী] বার্ত্তাকীবিশেষ, বড়বেগুণ।

মহাবৃক্ষ, পুং. [মহা+বৃক্ষ] স্নহী বৃক্ষ, সিজগাছ; বৃহদ্বৃক্ষ।

মহাবেগ, পুং. [মহা+বেগ] শিব, মহাদেব; অতিজব, অতিশীঘ্রগামী, অতিশয় বেগবান্; (ত্রি.) অতিশয় বেগযুক্ত।

মহাবোধি, পুং. [মহা+বোধি] বুদ্ধ, অবতারবিশেষ; গয়াক্ষেত্রস্থ অশ্বত্থবৃক্ষ।

মহাব্যাধি, পুং. [মহৎ+ব্যাধি] মহারোগ কুষ্ঠাদি রোগ।

মহাব্যাহৃতী, [মহা+ব্যাহৃতী] প্রণবস্বাহাযুক্ত ব্যাহৃতিত্রয় যথা।—ওঁ ভূঃ স্বাহা ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা।

মহাব্রণ, ন. [মহা+ব্রণ] দুষ্টব্রণ; উরুস্তম্ভাদি; নালীঘা।

মহাব্রত, ন. [মহা+ব্রত] দ্বাদশবার্ষিক ব্রত।

মহাব্রতী, পুং. [মহা + ব্রতিন্] শিব; উরস্কট, ব্যালযজ্ঞোপবীতক, বুকবাছাড়; (ত্রি.) মহাব্রতযুক্ত।

মহাব্রাহ্মণ, পুং. [মহা+ব্রাহ্মণ] নিন্দিত ব্রাহ্মণ, অগ্রদানী, ভট্ট, ভাট।

মহাভট, পুং. [মহা+ভট] অতিশয়যোদ্ধা, লড়াক। [কাশ্মরী।

মহাভদ্রা, স্ত্রী. [মহা+ভদ্র-আ] গঙ্গা;

মহাভারত, ন. [মহা+ভারত] বেদব্যাস প্রণীত ইতিহাস শাস্ত্র।

মহাভীতা, স্ত্রী. [মহা+ভীত-আ] লজ্জালু বৃক্ষ, স্পর্শলজ্জা; (ত্রি.) অতিশয় ভয়যুক্ত।

মহাভীম, পুং. [মহা+ভীম] শান্তনুরাজা, ভীষ্মপিতা; ভৃঙ্গিনামক শিবদ্বারপাল বিশেষ; (ত্রি.) অতিশয় ভয়ানক।

মহাভীরু, পুং. [মহা+ভীরু] গোপালিকাখ্যকীটবিশেষ; (ত্রি.) অতিশয় ভয়শীল।

মহাভীষ্ম, পুং. [মহা+ভীষ্ম] শান্তনুরাজা, ভীষ্মপিতা।

মহাভূত, ন. [মহা+ভূত] পৃথিব্যাদি পঞ্চভূত, যথা।—ক্ষিতি, জল, অগ্নি, বায়ু, আকাশ।

মহাভৃঙ্গ, পুং. [মহা+ভৃঙ্গ] নীলভৃঙ্গরাজ, নীলবর্ণ ভীমরাজ গাছ।

মহাভৈরব, পুং. [মহা+ভৈরব] শিবমূর্ত্তি বিশেষ, শরভরূপী মহাদেব।

মহাভোগা, স্ত্রী. [মহা+ভোগ-আ] দুর্গা, হৈমবতী।

মহামণ্ডুক, পুং. [মহা+মণ্ডূক] পীতমণ্ডূক, সোণাবেঙ।

মহামতি, স্ত্রী. [মহা+মতি] অতি বুদ্ধিমান্, অতিশয় বুদ্ধিসম্পন্ন, সুবোধ,।

মহামদ, পুং. [মহা+মদ] মত্তহস্তী; অতিশয়হর্ষ; অতিশয় মত্ততা; (ত্রি.) অতিশয় হর্ষযুক্ত।

মহামনস্ক, ত্রি. [মহা+মনস্ক] প্রশস্তমনাঃ, উদার অন্তঃকরণ।

মহামনাঃ, ত্রি. [মহা+মনস্] মহাশয়, মহাত্মা, প্রকৃষ্টমনাঃ।

মহামহাবারুণী, স্ত্রী. [মহা+মহা+বারুণী] গঙ্গাস্নানের যোগবিশেষ শনিবার শতভিষানক্ষত্র শুভযোগ ও শুক্রযোগযুক্ত গৌণচান্দ্র চৈত্র কৃষ্ণাত্রয়োদশী।

মহামহিম, ত্রি. [মহা+মহিমন্] অতিশয় মহিমান্বিত, শ্রেষ্ঠতম।

মহামাত্য, পুং. [মহা+অমাত্য] প্রধান অমাত্য; হস্তিপকাধিপ, প্রধানমাহুত।

মহামাত্র, পুং. [মহা+মাত্রা] প্রধান; সেনাপত্যাদি বিষয়ে মহৎধন বিশিষ্ট; সমৃদ্ধ; অমাত্য; হস্তিপকাধিপ।

মহামাত্রী, স্ত্রী. [মহা+মাত্রা-ঈ] আচার্য্য পত্নী; মহামাত্র পত্নী।

মহামানসী, স্ত্রী. [মহা+মানস-ঈ] জিনদিগের বিদ্যাদেবী বিশেষ।

মহামায়া, স্ত্রী. [মহা+মায়া] দুর্গা; পার্ব্বতী; মহতীমায়া, অতিশয় মায়া

মহামায়ী, স্ত্রী. [মহা+মায়া-ঈ] দুর্গা, পার্ব্বতী; (পুং) অতিশয় মায়াকারী।

মহামারী, স্ত্রী. [মহা+মার-ঈ] মহাকালী; (ত্রি) অতিশয় মরক।

মহামাষ, পুং. [মহা+মাষ] রাজমাষ, বরবটী কলাই

মহামাংস, ন. [মহা+মাংস] নরাদিপিশিত, নরাদি মাংস।

মহামুখ, পুং. [মহা+মুখ] কুম্ভীর; (ন.) বৃহন্ম খ, বড়মুখ; (ত্রি.) বৃহন্মুখবিশিষ্ট।

মহামুনি, পুং. [মহ+মুনি] অগস্ত্য; বুদ্ধ; কৃপাচার্য্য; কাল; ব্যাসদেব; তুম্বুরুবৃক্ষ; (ন.) ঔষধ; ধন্যাক, ধনিয়া।

মহামূর্দ্ধা, পুং. [মহা+মূর্দ্ধন] শিব; (ত্রি.) বৃহন্মস্তকযুক্ত।

মহামূল, পুং. [মহা+মূল] রাজপলাণ্ডু, বড়পাঁ্যাইজ।

মহামূল্য, ন. [মহা+মূল্য] মহার্ঘ, বহুমূল্য; (ত্রি.) বহুমূল্যযুক্ত।

মহামূষিক, পুং. [মহা+মূষিক] বৃহদুন্দুর, বড়ইন্দুর, তৎপর্য্যায়।—মুষা, বিঘ্নেশ বাহন, মহাঙ্গ, শস্যমারী, ভূকল, ভিত্তিপাতন।

মহামৃগ, পুং. [মহা+মৃগ] হস্তী; শরভ।

মহামৃত্যুঞ্জয়, পুং. [মহা+মৃত্যুঞ্জয়] শিবের মন্ত্রবিশেষ।

মহামেঘ, পুং. [মহা+মেঘ। শিব, মহাদেব; অতিশয় মেঘ, ঘোর মেঘ।

মহামেদ, পুং. [মহা + মেদ] অষ্টবর্গে প্রসিদ্ধঔষধবিশেষ, তৎপর্য্যায়।—পুরোস্তব; বৃহন্মেদ।

মহামেদা, স্ত্রী. [মহা+মেদ-আ] অষ্টবর্গে প্রসিদ্ধ ঔষধবিশেষ, তৎপর্য্যায়।—বসুচ্ছিদ্রা, জীবনী, পাংশুরাগিণী, দেবেষ্টা, সুরামেদা, দিব্যা, দেবমণি, দেবগন্ধা, মহাচ্ছিদ্রা, বৃক্ষার্হা।

মহামৈত্র, পুং. [মহা+মৈত্র] বুদ্ধবিশেষ।

মহামোহ, পুং. [মহা+মোহ] ভোগেচ্ছা রূপ অজ্ঞান; সংসার মূলকারণ রাগরূপ মোহ; মহামোহজনক কামরাজবীজ।

মহাম্ল, ন. [মহা+অম্ল] তিন্তড়ীক, তেঁতুল।

মহাযজ্ঞ, পুং. [মহা+যজ্ঞ] বেদপাঠাদি রূপ পঞ্চ প্রকার যজ্ঞ, যথা।—পাঠ, হোম, অতিথিপূজা, তর্পণ, বলি।

মহাযশস্ক, ত্রি. [মহা+যশস্ক] অতিশয় যশোবিশিষ্ট, বড় যশস্বী, কীর্ত্তিমান্।

মহাযশস্কর, ত্রি. [মহা+যশস্কর] অতিশয় যশোজনক।

মহাযশাঃ, পুং. [মহা+যশস্] ভূতাইবিশেষ; (ত্রি.) অতিশয় যশোযুক্ত।

মহাযক্ষ, পুং. [মহা+যক্ষ] অর্হদুপাসক বিশেষ

মহারজত, ন. [মহা+রজত] সুবর্ণ, সোণা; ধুস্তূর, ধুতুরা; বৃহৎরৌপ্য।

মহারজন, ন. [মহা+রজন] কুসুম্ভপুষ্প, কুসুমফুল; স্বর্ণ, সোণা।

মহারণ্য, ন. [মহা+অরণ্য] বৃহদ্বন, তৎপর্য্যায়।—অরণ্যানী, কান্তার।

মহারথ, পুং. [মহা+রথ] শিব; দশসহস্র ধনুর্দ্ধারির সহিত অস্ত্র শস্ত্রকুশল অপরাঙ্মুখ যোদ্ধা; বৃহদ্রথ; ইচ্ছা।

মহারম্ভ, পুং. [মহা+আরম্ভ] লবণবিশেষ, গড়লবণ।

মহারস, ন. [মহা+রস] কাঞ্জিক, কাঁজী; (পুং.) খর্জ্জুর, কোষকার; কশেরু; ইক্ষু; পারদ, পারা।

মহারসাষ্টক, ন. [মহা+রস-অষ্টক] অষ্ট ধাতুবিশেষ, তদ্যথা।—দরদ, পারদ, সস্ক, বৈক্রান্ত, কান্ত, অভ্রক, মাক্ষিক, বিমল।

মহারাজ, পুং. [মহা+রাজন্] পূর্ব্ব জিন বিশেষ; নখ; শ্রেষ্ঠরাজা, রাজচক্রবর্ত্তী, সম্রাট্।

মহারাজক, পুং. [মহা+রাজক] মহারাজিকগণ, গণদেবতা।

মহারাজচূত, পুং. [মহা+রাজন্-চূত] উত্তমাম্র, ভাল আম্রগাছ, তৎপর্য্যায়।—মহারাজাম্রক, স্থূলাম্র, মন্মথানন্দ, কন্ধ, নীল কপিত্থক, কামায়ুধ, কামফল, রাজপুত্র, নৃপাত্মজ, মহারাজফল, কাম, মহাচূত।

মহারাজদ্রুম, পুং. [মহা+রাজন্-দ্রুম] আরগ্বধ, সোঁদালিগাছ।

মহারাজাধিরাজ, পুং. [মহারাজ+অধিরাজ] সম্রাট্, রাজচক্রবর্ত্তী, সার্ব্বভৌম, রাজার রাজা।

মহারাজিক, পুং. [মহারাজ+ইক] গণদেবতা বিশেষ, বিংশত্যধিক দ্বিশত সংখ্যক।

মহারাজোপচার, পুং. [মহারাজ+উপচার]

মহারাজ্য, ন. [মহা+রাজ্য] সাম্রাজ্য বৃহদ্রাজ্য

মহারাত্রি, স্ত্রী. [মহা+রাত্রি] ব্রহ্মলয়োপলক্ষিত মহাপ্রলয় রাত্রি; অর্দ্ধরাত্রের পর মুহূর্ত্তদ্বয়; দুই প্রহর রাত্রি; আশ্বিন শুক্লাষ্টমী।

মহারাষ্ট্র, পুং. [মহা+রাষ্ট্র] দেশবিশেষ, মারহাট্টা।

মহারাষ্ট্রী, স্ত্রী. [মহা+রাষ্ট্র-ঈ] জলপিপ্পলী; শাকবিশেষ, মারাটী; অষ্টাদশ ভাষান্তর্গত ভাষাবিশেষ।

মহারিষ্ট, পুং. [মহা+অরিষ্ট] মহানিম্ব-বিশেষ, তৎপর্য্যায়।—কৈটর্য্য, রামণ, রমণ, গিরিনিম্ব, শুক্রশাল; মহানিম্ব, বড়মন্দ।

মহারুদ্র, পুং. [মহা+রুদ্র] মহাদেব, মহেশ; মহাভৈরব।

মহারূপ, পুং. [মহা+রূপ] শিব, মহাদেব; সর্জরস, ধুনা; (ত্রি.) অতিশয় রূপযুক্ত।

মহারূপক, ন. [মহা+রূপক] নাটকবিশেষ; গ্রন্থবিশেষ।

মহারোগ, পুং. [মহা+রোগ] পাপরোগ, তদষ্টবিধ যথা।—উন্মাদ, ত্বগ্দোষ, রাজযক্ষ্মা, শ্বাস, মধুমেহ, ভগন্দর, উদর, অশ্মরী।

মহারোগী, পুং. [মহা+রোগিন্] মহারোগযুক্ত অচিকিৎস্য রোগবিশিষ্ট।

মহারোমা, পুং. [মহা+রোমন্] শিব, মহাদেব; (ত্রি.) বৃহল্লোমযুক্ত।

মহারৌরব, পুং. [মহা+রৌরব] নরকবিশেষ, মহানরক।

মহার্ঘ, ত্রি. [মহা+অর্ঘ] মহামূল, দুর্ম্মূল্য, আক্রা; (পুং.) লাবকপক্ষী।

মহার্ণব, পুং. [মহা+অর্ণব] মহাসমুদ্র, মহাসাগর; শিব। [মহাজা।

মহার্দ্ধ, পুং. [মহা+অর্দ্ধ] বৃক্ষবিশেষ,

মহার্দ্রক, ন. [মহা+আর্দ্রক] বনার্দ্রক, বনআদা।

মহার্ব্বুদ, ন. [মহা+অর্ব্বুদ] দশার্ব্বুদ,

মহার্হ, ন. [মহা+অর্হ] শ্বেতচন্দন; (ত্রি.) মহামূল্য।

মহাল, (বাং) অট্টালিকা, বাটী; প্রদেশ।

মহালয়, পুং. [মহা+আলয়] বিহার; ঈশ্বর; সৌরআশ্বিন মাসের কৃষ্ণপক্ষ

মহালয়া, স্ত্রী. [মহা+আলয়-আ] সৌর আশ্বিনমাসের কৃষ্ণপক্ষীয় অমাবস্যা, অপর পক্ষীয় অমাবস্যা।

মহালক্ষ্মী, স্ত্রী. [মহা+লক্ষ্মী] রাধা, শ্রীকৃষ্ণপত্নী; নারায়ণ শক্তি।

মহালিকটভী, স্ত্রী. [মহা+অলিকটভী] শ্বেতকিংশুকী বৃক্ষ।

মহালিঙ্গ, পুং. [মহা+লিঙ্গ] শিব, মহাদেব; বৃহল্লিঙ্গযুক্ত।

মহানীলসরস্বতী, স্ত্রী. [মহা+নীল-সরস্বতী] দশমহাবিদ্যার অন্তর্গত দ্বিতীয়া বিদ্যাবিশেষ, শ্রীমত্তারা

মহালোধ, পুং. [মহা+লোধ] লোধ্রবিশেষ, পাটিয়ালোধ।

মহালোল, পুং. [মহা+লোল] কাক, বায়স; (ত্রি.) অতিচঞ্চল, অতিশয় অস্থির।

মহালোহ, ন. [মহা+লোহ] অয়স্কান্তমণি; কান্তিলোহা।

মহাশক্তি, পুং. [মহা+শক্তি] কার্ত্তিকেয়, ষড়ানন, কুমার; অতিশয় পরাক্রম, অতিশয় শক্তি, মহাবল; (ত্রি.) অতিশয় পরাক্রমী, অতিবলী; (স্ত্রী) পরমাপ্রকৃতি।

মহাশঙ্খ, পুং. [মহা+শঙ্খ] মনুষ্যাস্থি, মনুষ্যের হাড়; সংখ্যাবিশেষ, দশনিখর্ব্ব; ললাট, কপাল; নিধিবিশেষ; কর্ণ ও নেত্রের মধ্যগত অস্থি; বৃহচ্ছঙ্খ, বড় শাঁখ।

মহাশঠ, পুং. [মহা+শঠ] রাজধুস্তুর; (ত্রি.) অতিশয় ধূর্ত্ত।

মহাশণপুষ্পিকা, স্ত্রী. [মহা+শণ+পুষ্প-ইক-আ] বৃহচ্ছণপুষ্পী, বৃহৎশোণপুষ্প, তৎপর্য্যায়।—শ্বেতপর্ণী, শ্বেতপুষ্পা। —

মহাশতা, স্ত্রী. [মহা+শত-আ] মহাশতাবরী লতা, বৃহৎশতাবরী, শতমূলীলতা।

মহাশতাবরী, স্ত্রী. [মহা+শতাবরী] মহাশতাবরীলতা, তৎপর্য্যায়।—শতবীর্য্যা, সহস্রবীর্য্যা, সুরসা, মহাপুষ্পদন্তিকা, বীরা, ভৃঙ্গিণী, বহুপুত্রিকা, ঊর্দ্ধকণ্টী, মহাবীর্য্যা, ফণিজিহ্বা, মহাশতা, সুবীর্য্যা; শতমূলী

মহাশয়, পুং. [মহা+আশয়] মহদাশয়যুক্ত, তৎপর্য্যায়।—মহেচ্ছ, মহানুভাব, উদাত্ত, মহামনাঃ; উদ্ভট, উদার, উদীর্ণ, মহাত্মা; (পুং.) সমুদ্র।

মহাশম্বা, স্ত্রী. [মহা+শম্বা] রাজশম্বা; বৃহৎশম্বা। [শর।

মহাশর, পুং. [মহা+শর] স্থূলশর, বড়

মহাশল্ক, পুং. [মহা+শল্ক] চিঙ্গটমৎস্য, চিঙ্গিড়ীমাছ; বৃহচ্ছল্ক, বৃহৎবল্কল; (ত্রি.) বৃহৎবল্কলযুক্ত।

মহাশাক, ন. [মহা+শাক] বৃহৎশাকবিশেষ।

মহাশাখা, স্ত্রী. [মহা+শাখা] নাগবলা।

মহাশালি, পুং. [মহা+শালি] স্থূলশালি, বৃহৎধান্য, তৎপর্য্যায়।—সুগন্ধিক।

মহাশিব, পুং. [মহা+শিব] মহাদেব, পঞ্চাননন, মহেশ্বর।

মহাশীতা, স্ত্রী. [মহা+শীতা] শতমূলীলতা; (ত্রি.) অতিশয় শীতবীর্য্যযুক্ত।

মহাশুক্তি, স্ত্রী. [মহা+শুক্তি] মুক্তামাতা, মুক্তাপ্রসবিণী; বৃহৎশুক্তি, বড়ঝিনুক।

মহাশুক্লা, স্ত্রী. [মহা+শুক্ল-আ] সরস্বতী; (ত্রি.) অতিশয় শুক্লবর্ণযুক্ত।

মহাশুভ্র, ন. [মহা+শুভ্র] রজত, রৌপ্য; (ত্রি.) অতিশয় শুভ্রবর্ণযুক্ত।

মহাশূদ্র, পুং. [মহা+শূদ্র] আভীর, গোপ, আহীরী, গোয়ালা

মহাশূদ্রী, স্ত্রী. [মহা+শূদ্র-ঈ] আভীরী, গোপী, আহিরিণী, গোয়ালিনী।

মহাশূর, পুং. [মহা+শূর] মহাবীর,

মহাশৌণ্ডী, স্ত্রী. [মহা+শৌণ্ড-ঈ] শ্বেত কিনিহীবৃক্ষ।

মহাশ্মশান, ন. [মহা+শ্মশান] কাশী,বারাণসী

মহাশ্যামা, স্ত্রী. [মহা+শ্যাম-আ] শ্যামালতা; শিংশপাবৃক্ষ; নিবিড়াঞ্জনবর্ণাস্ত্রী।

মহাশ্রমণ, পুং, [মহা+শ্রমণ] বুদ্ধবিশেষ, শাক্যমুনি, তৎপর্য্যায়।—সর্ব্বার্থসিদ্ধ, কুলিশাসন, গোপেশ; উগ্রতাপস।

মহাশ্রাবণিকা, স্ত্রী. [মহা+শ্রবণ-ইক-আ] লতাবিশেষ, বড়থুলকুড়ী,তৎপর্য্যায়।—মহামুণ্ডী, লোচনী, কদম্বপুষ্পী, বিকচা, ক্রোড়া, চোড়া, পলঙ্কষ, নদীকদম্ব, মুণ্ডাখ্যা, মহামুণ্ডনিকা, মাতা, স্থবিরা, লোতনী, ভূকদম্ব, অলম্বুষা, মুণ্ডী, ভিক্ষু, শ্রাবণী, তপোধনা, শ্রবণাহ্বা, মুণ্ডিতিকা, শ্রবণশীর্ষিকা, কদম্বপুষ্পিকা, অব্যথা, তপস্বিনী।

মহাশ্রী, স্ত্রী. [মহা+শ্রী] বুদ্ধশক্তিবিশেষ, তৎপর্য্যায়।—তারা, ওঙ্কারা, স্বাহা,শ্রীঃ, মনোরমা, তারিণী, জয়া, অনন্তা, শিবা, লোকেশ্বরাত্মজা, খদূরবাসিনী, ভদ্রা, বৈশ্যা, নীলসরস্বতী, শঙ্খিনী, মহাতারা, বসুধারা, ধনন্দদা, ত্রিলোচনা, লোচনা।

মহাশ্বেতা, স্ত্রী. [মহা+শ্বেত-আ] সরস্বতী; কৃষ্ণভূমিকুষ্মাণ্ড, তৎপর্য্যায়।—ক্ষীরবিদারী, ঋক্ষগন্ধিকা, ক্ষীরবিদারিকা, ক্ষীরবল্লী, ক্ষীরকন্দা, ক্ষীরিকা; শ্বেতাপরাজিতালতা; সিতা, তৎপর্য্যায়।—মধুজা; শ্বেতকিনিহীবৃক্ষ; দুর্গা।

মহাষষ্ঠী, স্ত্রী. [মহা+ষষ্ঠী] দুর্গা; দেবীর ষষ্ঠাংশ বিশেষ; ষষ্ঠীদেবী

মহাষ্টমী, স্ত্রী. [মহা+অষ্টমী] আশ্বিনশুক্লাষ্টমী, আশ্বিনমাসের শুক্ল অষ্টমী

মহাসঙ্গিরণ, (প্রা) রাগিনীবিশেষ।

মহাসত্ত্ব, ন. [মহা+সত্ত্ব] অতিশয় সাত্ত্বিক, সত্ত্ব গুণপ্রধান; অতিশয় বলিষ্ঠ।

মহাসন্ন, পুং.[মহা+আসন্ন] কুবের, ধনপতি; অতিনিকট।

মহাসফর, পুং. [মহা+সফর] বৃহৎপ্রোষ্ঠী মৎস্য, বড়পুটীমাছ; ঢেঁতোপুঁটি।

মহাসমঙ্গা, স্ত্রী. [মহা+সমঙ্গ-আ] বৃক্ষবিশেষ, (হিং) কগহিয়া, তৎপর্য্যায়।—ওদনিকা, ওদনাহ্বয়া, বৃষ্কা, রুহা, বৃদ্ধবলা, তণ্ডুলা, ভুজঙ্গজিহ্বা, শীতপাকিনী, শীতবলা, শীতাবলা, বলোত্তরা, বলা, খিরহিটী, ব্যালজিহ্বা।

মহাসর্জ্জ, পুং. [মহা+সর্জ] পনস, কাঁটাল, অসনবৃক্ষ; বড়শালগাছ।

মহাসহ, পুং. [মহা+সহ] কুব্জকবৃক্ষ; (ত্রি.) অতিক্ষম, অতিশয় সহকারী।

মহাসহা, স্ত্রী. [মহা+সহ-আ] মাসপর্ণী; অম্লানবৃক্ষ।

মহাসান্তপন, ন. [মহা+সান্তপন] ব্রতবিশেষ।

মহাসার, পুং. [মহা+সার] দুর্খদির, কঠিন খয়ের।

মহাসাহস, ন. [মহা+সাহস] অতিবলাৎকার-কৃত-কার্য্য, অতি দুঃসাহস কর্ম্ম; অতিশয় দণ্ড; অতিদুষ্কৃতকর্ম্ম; অতিশয় দ্বেষ; দুঃসাহস।

মহাসাহসিক, ত্রি. [মহাসাহস+ইক] চৌর; অতি সাহসযুক্ত; দুঃসাহসিক।

মহাসিংহ, পুং. [মহা+সিংহ] সরভ; বৃহৎ সিংহ, দেবীবাহন।

মহাসুখ, ন. [মহা+সুখ] শৃঙ্গার, স্ত্রীসংসর্গ, মৈথুন; অতিশয়ানন্দ; (ত্রি.) অতিশয় আনন্দযুক্ত। (পুং.) বুদ্ধবিশেষ।

মহাসুগন্ধা, স্ত্রী. [মহা+সুগন্ধ-আ] গন্ধনাকুলী; (ত্রি.) অতিশয় সুগন্ধযুক্ত।

মহাসূক্ষ্মা, স্ত্রী. [মহা+সূক্ষ্ম-আ] বালুকা, বালি; (ত্রি.) অতিশয়সূক্ষ্ম।

মহাসেন, পুং. [মহা+সেন] কার্ত্তিকেয়, কুমার; শিব; মহাসেনাপতি; বৃত্তার্হৎ পিতৃবিশেষ।

মহাস্কন্ধ, পুং. [মহা+স্কন্ধ] উষ্ট্র, উট।

মহাস্কন্ধা, স্ত্রী. [মহা+স্কন্ধ-আ] জম্বুবৃক্ষ, জামগাছ; (ত্রি.) বৃহৎস্কন্ধযুক্ত।

মহাস্থলী, স্ত্রী. [মহা+স্থল-ঈ] পৃথিবী;

মহাস্নায়ু, পুং. [মহা+স্নায়ু] কণ্ডরা।
মহাস্রথী, পুং. [মহা+অর্থিন্] শিব, মহাদেব।
মহাস্বন, পুং. [মহা+স্বন] মল্লতূর্য্য, যুদ্ধবাদ্য; বৃহচ্ছব্দ; (ত্রি.) বৃহচ্ছব্দযুক্ত।
মহাহনু, পুং. [মহা+হনু] শিব; মহাদেব; (ত্রি.) বৃহৎহনুযুক্ত
মহাহবিঃ, ন. [মহা+হবিস্] গব্যঘৃত; বিষ্ণু।
মহাহাস, পুং. [মহা+হাস] অট্টহাস, শব্দের সহিত হাস্য।
মহাহ্লাদ, পুং. [মহা+আহ্লাদ] মহানন্দ অতিশয় হর্ষ। [কুলী।
মহাগন্ধা, স্ত্রী. [মহা+গন্ধ–আ] গন্ধনা-
মহাত্রস্বা, স্ত্রী. [মহা+ত্রস্ব–আ] কপিকচ্ছু; (ত্রি.) অতিখর্ব্ব।
মহি, স্ত্রী. [মহ+ই] পৃথিবী, পৃথ্বী, ধরণী।
মহিকা, স্ত্রী. [মহ+ইক–আ] হিম, শিশির, তুষার।
মহিত, ত্রি. [মহ+ইত] পূজিত, অর্চ্চিত।
মহিন, ন. [মহি+ন] রাজ্য, রাজার অধিকারস্থ ভূম্যাদি।
মহিমা, পুং. [মহ+ইমন্] শিবের অষ্ট ঐশ্বর্য্যান্তর্গত ঐশ্বর্য্যবিশেষ, মহত্ত্ব; উৎকর্ষ।
মহিমাসাগর, পুং. [মহিমন্+সাগর] মহত্ত্বের সমুদ্র, মাহাত্ম্যের জলনিধি।
মহির, পুং. [মহ+ইর] সূর্য্য, দিনকর।
মহিলা, স্ত্রী. [মহ+ইল–আ] স্ত্রীমাত্র; প্রিয়ঙ্গু লতা; রেণুকানাম গন্ধদ্রব্য; মদমত্তাস্ত্রী।
মহিলাহ্বয়া, স্ত্রী. [মহিল+আহ্বয়া] প্রিয়ঙ্গুলতা।
মহিষ, পুং. [মহ+ইষ] স্বনামখ্যাত পশুবিশেষ, তৎপর্য্যায়।—লুলাপ, বাহদ্বিষন্, কাসর, সৈরিভ, যমবাহন, বিষদ্বরন্, বংশভীরু, রজস্বল, আসুপ, রক্তাক্ষ, অশ্বারি, ক্রোধী, কলুষ, মত্ত, বিষাণী, গবলী, বলী।
মহিষকন্দ, পুং. [মহিষ+কন্দ] মহাকন্দ বিশেষ, তৎপর্য্যায়।—শুভ্রালু, লুলাপ-
মহিষঘ্নী, স্ত্রী. [মহিষ+হন্–ঈ] দুর্গা।
মহিষধ্বজ, পুং. [মহিষ+ধ্বজ] যম, অন্তক, রবিসুত; অর্হদ্বিশেষ। [কাল।
মহিষবাহন, পুং. [মহিষ+বাহন] যম,অন্তক,
মহিষমর্দ্দিনী, স্ত্রী. [মহিষ+মর্দ্দিন–ঈ] দুর্গা, পার্ব্বতী
মহিষাসুর, পুং. [মহিষ+অসুর] অসুরবিশেষ, রম্ভাসুরপুত্র।
মহিষাসুরসম্ভব, পুং. [মহিষ+অসুর-সম্ভব] ভূমিজ গুগ্গুলু; মহিষাসুরহইতে জাত।
মহিষাসুরহন্ত্রী, স্ত্রী. [মহিষ+অসুর+হন্ত্রী] দুর্গা, পার্ব্বতী।
মহিষাক্ষ, পুং. [মহিষ+অক্ষ] গুগ্গুলু।
মহিষাক্ষক, পুং. [মহিষাক্ষ+ক] গুগ্গুলু।
মহিষী, স্ত্রী. [মহিষ+ঈ] কৃতাভিষেকারাজপত্নী; সৈরিন্ধ্রী, পরগৃহেস্থিতানারী; ঔষধিবিশেষ; মহিষ যোষিৎ, স্ত্রীমহিষ, তৎপর্য্যায়।—মন্দগমনা, মহাক্ষীরা,পয়স্বিনী, লুলাপকান্তা, কলুষা, তুরঙ্গদ্বিষণী।
মহিষীপ্রিয়া, স্ত্রী. [মহিষী+প্রিয়া] শূলীতৃণ।
মহী, স্ত্রী. [মহ+ঈ] পৃথিবী; নদীবিশেষ, মালবদেশীয়ানদী; গো; হিলমোচিকা, হিলঞ্চশাক।
মহীজ, পুং. [মহী+জন্–অ]মঙ্গলগ্রহ; নরকাসুর; (ন.) আর্দ্রক; (ত্রি.) ভূমিজাত।
মহীধর, পুং. [মহী+ধর] পর্ব্বত, গিরি, শৈল। [শৈল।
মহীধ্র, পুং. [মহী+ধৃ-অ] পর্ব্বত, গিরি,
মহীপ, পুং. [মহী+পা–অ] মহীপাল, রাজা, ভূপাল।
মহীপতি, পুং. [মহী+পতি] মহীপ, ভূপতি, মহীপাল, রাজা।
মহীপাল, পুং. [মহী+পাল] রাজা, ভূপতি।
মহীপ্রাচীর, ন. [মহী+প্রাচীর] সমুদ্র, সাগর, জলধি।
মহীভর্ত্তা পুং. [মহী+ভর্ত্তৃ]মহীপতি, রাজা।
মহীভুক্, পুং. [মহী+ভুজ্] নৃপ, রাজা।
মহীভৃৎ, পুং. [মহী+ভৃৎ] পর্ব্বত; রাজা।
মহীময়; ত্রি. [মহী+ময়] মৃত্তিকানির্ম্মিত,

মহীয়মান, ত্রি. [মহী+ঈয়মান] পূজ্যমান; অর্চ্চিত, সৎকৃত।

মহীরুহ, পুং. [মহী+রুহ] বৃক্ষ, তরু, গাছ; শাকবৃক্ষ। [চুয়া।

মহীলতা, স্ত্রী. [মহী+লতা] কিঞ্চুলুক. কেঁ-

মহীষা, (প্রা) বৃক্ষবিশেষ। [রাজা।

মহীসুত, পুং. [মহী+সুত] মঙ্গলগ্রহ, নরক-

মহীক্ষিৎ, পুং. [মহী+ক্ষিৎ] রাজা, ভূপতি, নৃপ।

মহু, (প্রা) পুষ্পরস, মধু, মৌ।

মহুপোকা, (প্রা) মধুমক্ষিকা, মৌমাছী।

মহুরী, (প্রা) মৌরী, মহরী।

মহেচ্ছ, পুং. [মহা+ইচ্ছা] মহাশয়, মহাত্মা, উদারস্বভাব।

মহেন্দ্র, পুং. [মহা+ইন্দ্র] বিষ্ণু; শক্র, ইন্দ্র; জম্বুদ্বীপের পর্ব্বতবিশেষ।

মহেন্দ্রকদলী, স্ত্রী. [মহেন্দ্র+কদলী] কদলী, বিশেষ।

মহেন্দ্রনগরী, স্ত্রী. [মহেন্দ্র+নগর-ঈ] অমরাবতী, ইন্দ্রপুরী।

মহেন্দ্রবারুণী, স্ত্রী. [মহেন্দ্র+বারুণ-ঈ] লতাবিশেষ, বড়মাকাল, তৎপর্য্যায়।—চিত্রবল্লী, মহাফলা, মহেন্দ্রী, চিত্রফলা, ত্রপুসী, ত্রপুসা, আত্মরক্ষা, বিশালা, দীর্ঘবল্লী, মহৎফলা, মহদ্বারুণী, বৃহৎফলা, বৃহদ্বারুণী, সৌম্যা, গন্ধচির্ভিটা, চিত্রদেবী, ধন্যশ্রেণী, স্থাণুকর্ণী, মরুসম্ভবা।

মহেন্দ্রাণী, স্ত্রী. [মহেন্দ্র+আন-ঈ] ইন্দ্রভার্য্যা, ইন্দ্রপত্নী, শচী

মহেরণা, স্ত্রী. [মহা+ঈরণ-আ] শল্লকীবৃক্ষ।

মহেরুণা, স্ত্রী. [মহা+অরুণা] শল্লকী, মহেরণা

মহেলা, স্ত্রী. [মহ+ইল-আ] নারী, মহিলা, যোষিৎ, স্ত্রী।

মহেলিকা, স্ত্রী. [মহেলা+ইক-আ] নারী, মহিলা, স্ত্রী।

মহেশ, পুং. [মহা+ঈশ] শিব, মহাদেব।

মহেশবন্ধু, পুং. [মহেশ+বন্ধু] শ্রীফলবৃক্ষ, বেলগাছ; কুবের।

মহেশ্বর, পুং. [মহা+ঈশ্বর] শিব, মহাদেব, বিশ্বনাথ।

মহেশ্বরকরচ্যুতা, স্ত্রী. [মহেশ্বর+করচ্যুতা] করতোয়ানদী অর্থাৎ গৌরীর বিবাহ সময়ে শঙ্করের করগলিত সম্প্রদানজল

মহেশ্বরী, স্ত্রী. [মহা+ঈশ্বর-ঈ] মহেশ্বর পত্নী, দুর্গা; অপরাজিতালতা; কাংস্য, কাঁশা; রাজরীতি।

মহেষু, স্ত্রী. [মহা+ইষু] বৃহৎবাণ।

মহেষ্বাস, পুং. [মহেষু+আস] মহাধনুর্দ্ধারী।

মহৈরণ্ড, পুং. [মহা+এরণ্ড] স্থূলএরণ্ড, বড়ভেরেণ্ডা।

মহৈলা, স্ত্রী. [মহা+এলা] স্থূলৈলা, বড়এলাইচ

মহোটিকা, স্ত্রী. [মহা+উটিকা] বৃহতী, ক্ষুদ্রবার্ত্তাকী।

মহোটী, স্ত্রী. [মহোট+ঈ] বৃহতী, ক্ষুদ্র বার্ত্তাকী; বৃহদুৎপল, বড়পদ্ম।

মহোৎকা, স্ত্রী. [মহা+উৎক-আ] বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী, চপলা।

মহোৎপল, ন. [মহা+উৎপল] পদ্ম, পঙ্কজ; সারসপক্ষী

মহোৎসব, পুং. [মহা+উৎসব] অতিশয় সুখজনক কর্ম্ম, অত্যন্ত আনন্দ জনক ব্যাপার।

মহোৎসাহ, ত্রি. [মহা+উৎসাহ] অতিশয় উৎসাহযুক্ত, তৎপর্য্যায়।—মহোদ্যম; (পুং.) রাজাজ্ঞপ্রাপ্ত রাজপুরুষ; অতিশয় উদ্যম।

মহোদধি, পুং. [মহা+উদধি] সমুদ্র, মহাসাগর, বিস্তীর্ণজলধি।

মহোদয়, পুং. [মহা+উদয়] কান্যকুব্জ দেশ; আধিপত্য; অপবর্গ; স্বামী; (ন.) পুরবিশেষ, তৎপর্য্যায়।—কান্যকুব্জ, কন্যাকুব্জদেশ, গাধিপুর, কৌশ, কুশস্থল

মহোদয়া, স্ত্রী. [মহা+উদয়-আ] নাগবলা।

মহোদরী, স্ত্রী. [মহা+উদর-ঈ] মহাশতাবরীলতা; (ত্রি.) বৃহদুদরযুক্ত।

মহোদ্ধত, ত্রি. [মহৎ+উদ্ধত] অতিশয়প্রগল্ভ, অত্যন্তধৃষ্ট।

মহোদ্যম, ত্রি. [মহা+উদ্যম] মহোৎসাহ;

মহোন্নত, পুং. [মহা+উন্নত] তালবৃক্ষ; (ত্রি.) অতিশয় উন্নতিযুক্ত।

মহোন্নতি, স্ত্রী. [মহা+উন্নতি] অতিশয়বৃদ্ধি, অত্যন্ত প্রাদুর্ভাব।

মহোন্মদ, পুং. [মহা+উন্মদ] মৎস্যবিশেষ, ফলুই; (ত্রি.) অতিশয় উন্মত্ত।

মহোরগ, ন. [মহা+উরগ] তগরমূল, তগর পুষ্প বৃক্ষেরমূল; (পুং.) সর্পগণবিশেষ; বৃহৎসর্পমাত্র।

মহোল্কা, স্ত্রী. [মহা+উল্কা] উল্কাবিশেষ, বৃহৎশিখা; লতাবিশেষ।

মহোক্ষ, পুং. [মহা+উক্ষ] বৃহদ্বৃষ, বড়ষাঁড়, তৎপর্য্যায়।—বৃষভ, বৃষ, পুঙ্গব, বলী, গোনাথ, ঋষভ, গোপ্রিয়, উক্ষা, গোপতি।

মহৌজাঃ, ত্রি. [মহা+ওজস্] অতিশয় তেজোযুক্ত, বড়তেজস্বী।

মহৌষধ, ন. [মহা+ঔষধ] লতাবিশেষ, ভূম্যাহুল্য, (হিং) ভুঞিতড়থ; শুণ্ঠী, শুঁঠ; লশুন, রশুন; বারাহীকন্দ; বৎসনাভ; পিপ্পলী, পিঁপুল; অতিবিষালতা।

মহৌষধি, স্ত্রী. [মহা+ঔষধি] দূর্ব্বা; লজ্জালুলতা; মহাস্নানীয় দ্রব্যবিশেষ, তন্ত্রধ্যানি, যথা।—সহদেবী, ব্যাঘ্রী, বলা, অতিবলা, শঙ্খপুষ্পী, সিংহী, অষ্টমী, সুবর্চ্চলা ইত্যাদি মহৌষধিগণ; শ্রেষ্ঠঔষধি।

মহৌষধী, স্ত্রী. [মহা+ঔষধ-ঈ] শ্বেতকণ্টকারী; ব্রাহ্মী, কটুক, হিলমোচিকা, হিলঞ্চশাক।

মক্ষ, পুং. [মক্ষ+অ] স্বদোষাচ্ছাদন, আপনার দোষ ঢাকা; ক্রোধ; সমূহ।

মক্ষবীর্য্য, পুং. [মক্ষ+বীর্য্য] প্রিয়ালবৃক্ষ।

মক্ষিকা, স্ত্রী. [মক্ষ+ইক-আ] কীটবিশেষ, মাছী, তৎপর্য্যায়।—মক্ষীকা, ভম্ভ, মাচিকা, গন্ধলোলুপা, পতঙ্গিকা, পত্তিকা, অম্বুভোৎপন্না, বমনীয়া, পলঙ্কষা; নীলামক্ষিকা, বর্ব্বরা।

মক্ষিকামল, ন. [মক্ষিকা+মল] সিক্থক, মোম।

মা, ব্য. নিবারণ; বিকল্প; (স্ত্রী.) লক্ষ্মী, মাতা, জননী; মান; (ত্রি.) আমাকে।

মাই, (প্রা) স্তন, পয়োধর।

মাইজ, (প্রা) বৃক্ষেরসার; মধ্য।

মাইয়া, (প্রা) স্ত্রীলোক, কন্যা, নারী।

মাইয়ামুখ, (প্রা) মুখচোরা, সভাক্ষুব্ধ।

মাং, ত্রি. [অস্মৎ] অস্মচ্ছব্দের দ্বিতীয়ার এক বচন নিষ্পন্নপদ, আমাকে।

মাংস, ন. [মন্+স] রক্তজ ধাতুবিশেষ, মাস, তৎপর্য্যায়।—পিশিত, তরস, পললল, ক্রব্য, আমিষ, পল, অস্রজ, জাঙ্গল, কীর; (পুং.) কাল; কীট।

মাংসকারি, ন. [মাংস+কারিন্] রক্ত, শোণিত, রুধির।

মাংসখাদক, পুং. [মাংস+খাদক] মাংসভোজী, পলাশী।

মাংসচ্ছদা, স্ত্রী. [মাংস+ছদ-আ] মাংস রোহিণীবিশেষ, তৎপর্য্যায়।—মাংসী, মাংসরোহী, বসায়নী, সুলোমা, লোমকরিণী।

মাংসজ, ন. [মাংস+জন্-অ] মেদ, রোগবিশেষ, ভুঁড়ি।

মাংসতেজঃ, ন. [মাংস+তেজস্] মেদ, ভুঁড়ি।

মাংসদলন, পুং. [মাংস+দলন] প্লীহঘ্নবৃক্ষ, পীলানাশক বৃক্ষ। [বৃক্ষ।

মাংসদ্রাবী, পুং. [মাংস+দ্রাবিন্] অম্লবেতস

মাংসপচন, ন. [মাংস+পচন] মাংসপাক, মাংসম্পাক, মাংস পাককরণ।

মাংসপেশী, স্ত্রী. [মাংস+পেশ-ঈ] শরীরস্থ অবয়ববিশেষ, মাংসপিণ্ড; মাংসখণ্ড বিশেষ।

মাংসফলা, স্ত্রী. [মাংস+ফল] বৃন্তাকী, বার্ত্তাকী, বেগুন।

মাংসবিক্রয়ী, স্ত্রী. [মাংস+বিক্রয়িন্] আমিষবিক্রয়কর্ত্তা, তৎপর্য্যায়।—বৈতংসিক, কৌটিক, শৌণিক, কৌটকিক, মাংসিক, মাংসবিক্রেতা।

মাংসবিক্রেতা, পুং. [মাংস+বিক্রেতৃ] আমিষ

মাংসভক্ষ, ত্রি. [মাংস+ভক্ষ] মাংসভক্ষণকর্ত্তা, মাংসাশী।

মাংসভক্ষক, ত্রি. [মাংস+ভক্ষক] মাংসভক্ষণকর্ত্তা, মাংসখাদক।

মাংসভোক্তা, পুং. [মাংস+ভোক্তৃ] মাংসাশী, মাংসভোজনকর্ত্তা, মাংসখাদক।

মাংসভোজী, ত্রি. [মাংস+ভোজিন্] মাংসভক্ষক, মাংসাশী, মাংসখাদক।

মাংসমাসা, স্ত্রী. [মাংস+মাস-আ] মাষপর্ণী।

মাংসরহিত, ত্রি. [মাংস + রহিত] মাংসবিহীন; ক্ষীণ, কৃশ।

মাংসরোহিণী, স্ত্রী. [মাংস+রোহিণী] সুগন্ধিদ্রব্যবিশেষ, তৎপর্য্যায়।—অগ্নিরুহা, বৃত্তা, চর্ম্মকষা, বসা, বিকষা, মাংসরোহী।

মাংসল, ন. [মাংস+ল] কাব্যের গৌড়ীরীতির অন্তর্গত ওজোগুণের অঙ্গবিশেষ; (ত্রি.) বলবান্, শক্তিযুক্ত; স্থূল, পীবর, মোটা।

মাংসলফলা, স্ত্রী. [মাংসল+ফল-আ] বৃন্তাকী, বার্ত্তাকী।

মাংসসার, পুং. [মাংস+সার] মেদ, ভুঁড়ি।

মাংসস্নেহ, পুং. [মাংস+স্নেহ] মেদ, ভুঁড়ি; স্থূলতা।

মাংসহাসা, স্ত্রী. [মাংস+হাস-আ] চর্ম্ম, ত্বক্, ছাল, চামড়া।

মাংসাদ, ত্রি. [মাংস+অদ] মাংসাশী, মাংসখাদক, মাংস ভক্ষক। [পলাশন।

মাংসাশন, ন. [মাংস+অশন] মাংসাহার,

মাংসাশী, ত্রি. [মাংস+অশিন্] মাংসাশনী, মাংসভক্ষক।

মাংসাষ্টকা, স্ত্রী. [মাংস+অষ্টকা] গৌণচান্দ্র মাঘের কৃষ্ণাষ্টমী।

মাংসাহার, পুং. [মাংস+আহার] মাংসাশন, মাংসভোজন।

মাংসিক, পুং. [মাংস+ইক] মাংসবিক্রয়ী, মাংসবিক্রেতা।

মাংসিনী, স্ত্রী. [মাংস+ইন্-ঈ] জটামাংসী ঔষধীবিশেষ।

মাংসী, স্ত্রী. [মাংস+ঈ] জটামাংসী; ক-

মাংসেষ্টা, স্ত্রী. [মাংস+ইষ্ট-আ] বল্গুলা।

মাঁজন, (প্রা) মাজন, ঘর্ষণ; পুঁচন; দন্তপরিষ্কার দ্রব্য, মিসী; মাদকদ্রব্যবিশেষ।

মাঁদাবাঁধা, (প্রা) বীজতলা, বৃক্ষতলের আলি, আলবাল।

মাকড়, (প্রা) লূতা, ঊর্ণনাভ, মাকড়সা।

মাড়কজাল, (প্রা) লূতাতন্তু, মাকড়সারজাল; বৃক্ষবিশেষ।

মাকড়সা, (প্রা) লূতা, ঊর্ণনাভ; মাকড়।

মাকন্দ, পুং. [মা+কন্দ] আম্রবৃক্ষ, রসাল, চূত।

মাকন্দী, স্ত্রী. [মা+কন্দ-ঈ] আমলকী; নগরবিশেষ; পীতচন্দন, (হিং.) মাদ্রাণী, মাঙ্গনী, তৎপর্য্যায়।—বহুমূলী, মাদনী, গন্ধমূলিকা।

মাকরী, স্ত্রী. [মকর+অ-ঈ] মাঘশুক্লাসপ্তমী।

মাকলি, পুং. [মা+কল-ঈ] মাতলি, ইন্দ্রের সারথি; চন্দ্র।

মাকাটিয়া, (প্রা) অদাতা, কৃপণ; ক্রূর, খল।

মাকাটী, (প্রা) কাপাসের বীজ; পাটেরডাঁটা পাকাটী।

মাকাল, (প্রা) ফলবৃক্ষবিশেষ, মহাকালবৃক্ষ; ধীবরদিগের পূজ্যদেবতা।

মাকু, (প্রা) বস্ত্রনির্ম্মাণের যন্ত্রবিশেষ, তুরী, নালী।

মাকুন্দ, (প্রা) শ্মশ্রুহীন পুরুষ, খোসা, দাড়িতে যাহার চুলওঠে নাই।

মাকুন্দিয়া, (প্রা) শ্মশ্রুহীন পুরুষ, খোসা, দাড়িতে যাহার চুল ওঠে নাই।

মাক্তায়, (প্রা) সমুদায়ে, গড়ে, গোটে.

মাখন, (প্র.) নবনীত, ননী; মর্দ্দন, লেপন; ছানন। [বিক্রেতা।

মাখনিয়া, (প্রা) নবনীত বিক্রয়ী, মাখন

মাগধ, পুং. [মগধ+অ] পাণিস্বনক, হস্তবাদ্যকারী; বংশক্রমে মহত্ত্বহেতু রাজার অগ্রে স্তুতিকারী, তৎপর্য্যায়।—মধুক, বন্দী, স্তুতিপাঠক; বর্ণসঙ্করজাতিবিশেষ, ক্ষত্রিয়ার গর্ভে বৈশ্যহইতে জাত, ভাট; জরাসন্ধরাজা; শুক্লজীরক, শাদাজীরে;

মাগধাদেবী, স্ত্রী. [মাগধা+দেবী] রাধিকা, রাধা, বৃন্দাবনের প্রধানা গোপী।

মাগধী, স্ত্রী. [মগধ+অ-ঈ] যূথিকা; পিপ্পলী; ক্রুটি, গুজরাটী এলাচি; শর্করা, চিনি; ভাষাবিশেষ।

মাগী, (প্রা) বৃদ্ধাস্ত্রী, বুড়ী, অধিক বয়স্কা নারী।

মাগু, (প্রা) পত্নী, ভার্য্যা, দারা।

মাগুর, (প্রা) মৎস্যবিশেষ, মদ্গুরমৎস্য।

মাগ্রাম, (প্রা) আত্মশ্লাঘা; দম্ভ, গর্ব্ব।

মাগ্রামীয়া, (প্রা) আত্মশ্লাঘী, ডেঁপো।

মাঘ, পং. [মঘা+অ] শ্রীদত্তকপুত্রকৃত শিশুপালবধ মহাকাব্য; বৈশাখাদি দ্বাদশমাসান্তর্গত দশমমাস, তৎপর্য্যায় — তপাঃ।

মাঘবতী, স্ত্রী. [মাঘ+বৎ-ঈ] পূর্ব্বদিক্, প্রাচীদিক্।

মাঘবন, ন. [মঘবন+অ] ইন্দ্রসম্বন্ধিবস্তু, ইন্দ্রের দ্রব্য।

মাঘী, স্ত্রী. [মাঘ+ঈ] মঘানক্ষত্রযুক্ত পৌর্ণমাসী; মাঘীপূর্ণিমা। [দিক্।

মাঘোনী, স্ত্রী. [মঘবন+ঈ] পূর্ব্বদিক্, প্রাচী-

মাঘ্য, ন. [মাঘ+য] কুন্দপুষ্প, কুঁদফুল।

মাঙ্গন, (প্রা) যাচন, ভিক্ষাকরণ, চাহন।

মাঙ্গনা, (প্রা) ভিক্ষা; দাতব্য।

মাঙ্গতা, (প্রা) যাচক, ভিক্ষুক; প্রার্থক

মাঙ্গন্তড়িয়া, (প্রা) যাচ্ঞাকারক, ভিক্ষুক।

মাঙ্গলিক, ত্রি. [মঙ্গল+ইক] কল্যাণজনক, শুভাবহ।

মাঙ্গল্য, ন. [মঙ্গল+য] মঙ্গলার্থ, কল্যাণ নিমিত্ত; শুভাবহ, শুভজনক।

মাঙ্গল্যার্হা, স্ত্রী. [মাঙ্গল্য+অর্হ-আ] ত্রায়মাণালতা।

মাঙ্গা, (প্রা) প্রার্থনা, যাচ্ঞা; দুর্ম্মূল্য, মহার্ঘ্য অক্রেয়, আক্রা।

মাঙ্গান, (প্রা) ভিক্ষা নিমিত্ত প্রেরণ, যাচ্ঞার্থ পাঠান

মাচ, পুং. [মাচ+অ] পন্থা, পথ; মৎস্য।

মাচল, পুং. [মাচ+ল] গ্রহ, গ্রাহ; রোগ;

মাচা, (প্রা) বংশরচিত উচ্চস্থান, ভারা, টং।

মাচি, (প্রা) মক্ষিকা, মাছী।

মাচিকা, স্ত্রী. [মাচিক+আ] মক্ষিকা, মাছী; অম্বষ্ঠা।

মাচিয়া, (প্রা) কাষ্ঠাসনবিশেষ, ছোটচৌকী।

মাচির, বা. [মা+চির] শীঘ্র, দ্রুত, অবিলম্ব।

মাচীপত্র, ন. [মাচী+পত্র] রসুপর্ণ।

মাচুয়া, (প্রা) মৎস্যবিক্রেতা, মেছোব্যাপারী। [রিণী।

মাচুয়ানী, (প্রা) ধীবর স্ত্রী, মৎস্যবিক্রয় কা-

মাছ, (প্রা) ঝষ, মীন, মৎস্য।

মাছী, (প্রা) কীটবিশেষ, মাছি।

মাছীটেপা, (প্রা) বায়কুণ্ঠ, কৃপণ।

মাছুয়া, (প্রা) মৎস্যজীবী, মীনবিক্রয়ী।

মাছুয়ানী, (প্রা) ধীবরপত্নী, মৎস্য ব্যাপারির স্ত্রী, জেলেনী।

মাছেতা, (প্রা) মুখে কৃষ্ণবর্ণ চিহ্নবিশেষ।

মাজ, (প্রা) অভ্যন্তর; সার।

মাজন, (প্রা) মার্জ্জন, পরিষ্কারকরণ, দন্তক্ষালন দ্রব্যবিশেষ, মিসী।

মাজনা, (প্রা) স্বর্ণকারের যন্ত্রবিশেষ।

মাজমরা, (প্রা) মধ্যক্ষীণ, মধ্যভাগ হীন; বৃক্ষের সারভাগ নষ্ট হওয়া।

মাজল, পুং. [মাজ+ল] পক্ষিবিশেষ, চাসপক্ষী

মাজা, (প্রা) কটিদেশ, কাঁকালি; পরিষ্কার।

মাজী, (প্রা) কর্ণধার, নাবিক, নেয়ে।

মাজুন, (যাং) মাদকতাজনক মোদকদ্রব্যবিশেষ।

মাজুরী, (প্রা) তৃণনির্ম্মিত আস্তরণবিশেষ, মন্দোদরী, মাদুর।

মাজুফল (প্রা) ক্ষুদ্রফল বিশেষ।

মাজুল, (প্রা) কর্ম্মচ্যুত, পদভ্রষ্ট. কর্ম্মহইতে অবসৃত।

মাঝ, (প্রা) মধ্যস্থল, অভ্যন্তর, ভিতর।

মাঝখান, (প্রা) মধ্যস্থল, অভ্যন্তর, ভিতর।

মাঝদাদা, (প্রা) মধ্যমভ্রাতা, মধ্যম।

মাঝামাঝি, (প্রা) মধ্যস্থলে, মধ্যস্থানে, মাঝার।

মাঝারী, (প্রা) মধ্যবিত, মধ্যম প্রকার, যাহা ন্যূন বা অতিরিক্ত নহে।

মাঝিয়া, (প্রা) গৃহতল, গৃহমধ্য, মেঝে।

মাঝী, (প্রা) নাবিক, কর্ণধার, নেয়ে।

মাঝে, (প্রা) মধ্যে অভ্যন্তরে, ভিতরে।

মাঞ্জিষ্ঠ, ন. [মঞ্জিষ্ঠা+অ] লোহিতবর্ণ, রক্তবর্ণ; (ত্রি.) রক্তবর্ণবিশিষ্ট।

মাটাম্রক, পুং. [মাট+আম্রক] বৃক্ষবিশেষ।

মাটি, (প্রা) মৃত্তিকা, মৃৎ; ভূমি।

মাটিকাটা, (প্রা) খনক; কোদালিয়া।

মাটিয়া, (প্রা) মৃত্তিকাময়, পার্থিব, মৃণ্ময়।

মাটো, (প্রা) অলস; কর্ম্মেশিথিল।

মাঠ, (প্রা) বসতিরহিতভূমি, প্রান্তর, ময়দান।

মাঠর, পুং. [মঠ+অর] সূর্য্যেরপার্শ্বপরিবর্ত্তিবিশেষ; ব্যাসমুনি; বিপ্র; শৌণ্ডিক, শুঁড়ি

মাঠা, (প্রা) তক্র, ঘোল; নবনীত, মাখন।

মাড়, পুং. [মাড়+অ] বৃক্ষবিশেষ, মাড়গাছ, মাড়বৈনে, তৎ পর্য্যায়।—মাড়াদ্রুম, দীর্ঘ, স্বজবৃক্ষ, বিতানক, মদাক্রম, (ন) অন্নাদির মণ্ড।

মাড়ন, (প্রা) মর্দ্দন, পেষণ, দলন।

মাড়ব, পুং. [মড্ডু+অ] বর্ণসঙ্করজাতিবিশেষ, তীবর কন্যাতে লেটজাতী হইতে উৎপন্ন, মাল।

মাড়ান, (প্রা) মর্দ্দনকরণ, পদদ্বারা দলন।

মাড়ি, (প্রা) দন্তমূলের উপরিভাগ; দন্ত; আম্রাদির রস।

মাড্ডুক, পুং.[মড্ডুক+অ] মড্ডুনামে বাদ্যযন্ত্রবাদক, মাণ্ডুকিক, মড্ডুবাদক।

মাঢ়ি, স্ত্রী, [মহ+তি] দেশবিশেষ; পত্রশিরা; পাতারশির; দন্তবিশেষ; পত্রভঙ্গ; দৈন্য প্রকাশন; (ত্রি.) মূঢ়; জড়, দন্তের মেড়ে।

মাঢ়ী, স্ত্রী, [মহ-ক্ত+ঈ] দন্তশিরা, দাঁতেরশির

মাণক, ন. [মাণ+ক] কন্দবিশেষ, মানকচু; (পুং.) স্বনামখ্যাতবৃক্ষ, মানকচুগাছ, তৎ পর্য্যায়। স্থলপদ্ম, মাণ, বৃহচ্ছদ, ছত্রপত্র।

মাণকচু, (প্রা) মূলবিশেষ।

মাণব, পুং. [মনু+অ] মনুষ্য; বালক; ষো-

মাণবক, পুং. [মাণ+বক] বালক, ষোড়শবর্ষ পর্য্যন্ত প্রথমবয়স্ক ব্রাহ্মণকুমার; হারবিশেষ, বিংশতিবষ্টিক, বিশনরহার; কুপুরুষ, কুৎসিত পুরুষ; বটু, ব্রাহ্মণ।

মাণবীন, ত্রি. [মাণব+ইন্] মানব সম্বন্ধীয়।

মাণব্য, ন. [মাণব+য] শিশুসমূহ, বালকসমূহ।

মাণিক, (প্রা) রত্নবিশেষ, জওহরৎ।

মাণিকা, স্ত্রী. [মাণ+ইক-আ] অষ্টপল পরিমাণ

মাণিক্য, ন. [মাণি+ক-য] রত্নবিশেষ, মাণিক্, তৎপর্য্যায়।—শোণরত্ন, রত্নরাট্, রবিরত্নক, শৃঙ্গারী, রঙ্গমাণিক্য, তরুণ, রত্ননামক, রাগযুক্, পদ্মরাগ, রত্ন, শোণোপল, সৌগন্ধিক, লোহিতক, কুরুবিন্দ।

মাণিক্যা, স্ত্রী, [মাণিক্য+আ] জ্যেষ্ঠী, জেঠী, টিকটিকী, তৎপর্য্যায়।—মুষলী, গৃহগোলিকা, গৃহগোধিকা, ভিত্তিকা, পল্লী, কুড্যমৎস্য, গৃহোলকা।

মাণিবন্ধ, ন. [মাণিবন্ধ+অ] সৈন্ধব লবণ, অক্ষারলবণ।

মাণিমন্থ, ন. [মাণিমন্থ+অ] সিন্ধুজাতলবণ, সৈন্ধবলবণ; করকচলবণ।

মাত (প্রা) দধির অসারভাগ; অসারগুড়।

মাতঙ্গ, পুং. [মাতঙ্গ+অ] হস্তী; অশ্বত্থবৃক্ষ; কিরাতজাতিবিশেষ, ব্যাধজাতি; শ্বপচ, চণ্ডাল; অর্হদুপাসকবিশেষ।

মাতঙ্গমকর, পুং. [মাতঙ্গ+মকর] মহামৎস্যবিশেষ, জলহস্তী।

মাতঙ্গী, স্ত্রী. [মাতঙ্গ+ঈ] দশ মহাবিদ্যার অন্তর্গত নবম বিদ্যা; হস্তিনী।

মাতন, (প্রা) মত্তহওন, মাতওয়ালা হওয়া; উৎসাহান্বিত হওন।

মাতনি, (প্রা) মত্ততা, মাতলামী।

মাতরপিতরৌ, পুং. [মাতৃ+পিতৃ] তাতজনয়িতৃ, পিতা ও জনী।

মাতরিশ্বা, পুং. [মাতরি+শ্বন্] বায়ু, পবন, অনিল, বাতাস।

মাতলামী, (প্রা) মত্ততা প্রকাশন, বুদ্ধভ্রান্ত

মাতলি, পুং. [মাতুল+ই] ইন্দ্রসারথি।

মাতা, স্ত্রী. [মান+তৃ] মাতৃ, মা, তৎপর্য্যায়।—জনয়িত্রী,প্রসূ, জননী,সবিত্রী, জনি, জনী, জনিত্রী, অম্বা,অম্বা, অম্বিকা, অম্বালিকা, মাতৃকা; ষোড়শ প্রকার মাতৃ যথা।—স্তনাদাত্রী, গর্ভধাত্রী,ভক্ষদাত্রী, গুরুপত্নী, ইষ্টদেবপত্নী বা ইষ্টদেবতা, পিতৃপত্নী, কন্যা, সহোদরাভগিনী, পুত্রপত্নী, স্ত্রীমাতা, মাতামহী, পিতামহী, সহোদরপত্নী, মাতৃভগিনী, পিতৃভগিনী, মাতুলানী; শিবের পরিবার বিশেষ, যথা।—ব্রাহ্মী, মাহেশ্বরী,ঐন্দ্রী, বারাহী, বৈষ্ণবী, কুমারী, চামুণ্ডা, চর্চ্চিকা,সপ্তমাতরো যথা।—গর্ভধারিণী, গুরুপত্নী; ব্রাহ্মণী, রাজপত্নী, গাবী, ধাত্রী, পৃথ্বী; গো; ভূমি; বিভূতি; লক্ষ্মী; রেবতী; আখুকর্ণী; ইন্দ্রবারুণী; মহাশ্রাবণী; জটামাংসী; (ত্রি.) পরিমাণকর্ত্তা।

মাতান, (প্রা) মত্তকরান, খেপান।

মাতাপিতরৌ, পুং. [মাতৃ+পিতৃ-ঔ] জননী জনক, তৎপর্য্যায়।—পিতরৌ, মাতরপিতরৌ, তাতজনয়িত্রৌ।

মাতামহ, পুং. [মাতৃ+আমহ] মাতারপিতা, মারবাপ, আজা, ঠাকুরদাদা।

মাতামহী, স্ত্রী. [মাতৃ+আমহ-ঈ] মাতামহ পত্নী, মাতৃমাতা, আঈ।

মাতাল, (প্রা) মদ্যপায়ী, মত্ততাবিশিষ্ট।

মাতালী, স্ত্রী. [মাত+আলি-ঈ] মাতৃসখী, মাতৃসহচরী; মত্তাস্ত্রী।

মাতি, (প্রা) নারিকেলাদি বৃক্ষের মস্তিষ্ক, মাথি; পরিমাণ, তৌল।

মাতুল, পুং. [মাতৃ+উল] মাতৃভ্রাতা, পিতৃশ্যালক, মামা; ব্রীহিবিশেষ; মদনবৃক্ষ, ময়নাগাছ; ধুস্তুরা; সর্পবিশেষ।

মাতুলক, পুং. [মাতুল+ক] ধুস্তুরবৃক্ষ, ধুতুরাগাছ।

মাতুলপুত্রক, পুং. [মাতুল+পুত্রক] ধুস্তুরফল, ধুতুরারফল; মাতুলতনয়,মামাতো ভাই।

মাতুলা, স্ত্রী. [মাতুল+আ] মাতুলপত্নী, মাতুলানী, মামী।

মাতুলানী, স্ত্রী. [মাতুল+আন-ঈ] মাতুলপত্নী, মামী; কলায়বিশেষ; ভঙ্গা; শণ; পিয়ঙ্গুবৃক্ষ।

মাতুলাহি, পুং. [মাতুল+অহি] সর্পবিশেষ, মালুয়াসাপ, ভেয়ুয়াটী, তৎপর্য্যায়।—মালুধান।

মাতুলী, স্ত্রী. [মাতুল+ঈ] মাতুলপত্নী,মাতুলানী, মামী; ভঙ্গা।

মাতুলুঙ্গ. পুং. [মাতুল+উঙ্গ] বীজপূর, জামীর; দাড়িম, দালিম; পেয়ারা।

মাতুলুঙ্গক, পুং. [মাতুলুঙ্গ+ক] ছোলঙ্গনেবুর বৃক্ষ; দাড়িম, দালিম, তৎপর্য্যায়।—বীজপূর, ফলপূর, রুচক, মাতুলুঙ্গ, শ্রীফল, ফলপুরক, জুঙ্গুষ, পূরক, পূর, বীজপূর্ণ, অম্লকেশর, ছোলঙ্গ।

মাতুলুঙ্গা, স্ত্রী. [মাতুলুঙ্গ+আ] মধুকুকুটী; কমলানেবু।

মাতুলুঙ্গিকা, স্ত্রী. [মাতুলুঙ্গ+ইক-আ] বন বীজপূর, বনদাড়িম।

মাতৃকচ্ছিদ, পুং. [মাতৃক+ছিদ] পরশুরাম, জামদগ্নি।

মাতৃকা, স্ত্রী. [মাতৃ+ক-আ] ধাতৃকা; মাতা; দেবীবিশেষ; বর্ণমালা; করণ; স্বর; উপমাতা; মাতৃকাগণ, তৎষোড়শ-প্রকার যথা।—গৌরী, পদ্মা, শচী,মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, শান্তি, পুষ্টি, ধৃতি, তুষ্টি, আত্মদেবতা, কুলদেবতা।

মাতৃকেশট, পুং. [মাতৃকা+ঈশট] মাতুল, মাতৃভ্রাতা, মামা।

মাতৃগুড়, (প্রা) গুড়বিশেষ, মাৎগুড়।

মাতৃঘ্ন, ত্রি. [মাতৃ+ঘ্ন] মাতৃঘাতী।

মাতৃঘাতুক, পুং. [মাতৃ+ঘাতুক] ইন্দ্র; মাতৃহত্যাকারী।

মাতৃনন্দন, পুং. [মাতৃ+নন্দন] কার্ত্তিকেয়, কুমার।

মাতৃবন্ধু, পুং. [মাতৃ+বন্ধু] মাতৃবান্ধব, যথা।—মাতার পিসতুত ভাই, মাতার মাসতুতভাই, মাতার মামাতভাই।

মাতৃবান্ধব, পুং. [মাতৃ+বান্ধব] মাতৃবন্ধু, যথা।—মাতার পিস্তুত ভাই, মাতার মাস্তুতভাই, মাতার মামাতভাই।

মাতৃবাহিনী, স্ত্রী. [মাতৃ+বাহিন্-ঈ] বল্-গুলাপক্ষী।

মাতৃমণ্ডল, ন. [মাতৃ+মণ্ডল] নেত্রদ্বয়ের মধ্য, চক্ষুর্দ্বয়ের তারা।

মাতৃমুখ, পুং. [মাতৃ+মুখ] জড়, অজ্ঞান; সভাকুব্জ; যাহার মাতৃ তুল্য মুখ।

মাতৃশাসিত, পুং. [মাতৃ+শাসিত] মূর্খ, মূঢ়, অজ্ঞান। [মাসী।

মাতৃষ্বসা, স্ত্রী. [মাতৃ+স্বসৃ] মাতৃভগিনী,

মাতৃষ্বস্রেয়, পুং. [মাতৃষ্বসৃ+এয়] মাতৃষ্বসৃ পুত্র, মাস্তুতাভাই, তৎপর্য্যায়।—মাতৃষ্বস্রীয়।

মাতৃষ্বস্রেয়ী, স্ত্রী. [মাতৃষ্বসৃ+এয়-ঈ] মাতৃ-ভগিনী কন্যা, মাস্তুতাভগিনী।

মাতৃষ্বস্রীয়, পুং. [মাতৃষ্বসৃ+ঈয়] মাতৃ-ভগিনীপুত্র, মাস্তুতভাই।

মাতৃষ্বস্রীয়া, স্ত্রী. [মাতৃষ্বসৃ+ঈয়-আ] মাতৃ ভগিনী কন্যা, মাস্তুতাভগিনী।

মাতৃসপত্নী, স্ত্রী. [মাতৃ+সপত্নী] বিমাতা, সৎমা।

মাতৃসিংহী, স্ত্রী. [মাতৃ+সিংহ-ঈ] বাসক, বাকসগাছ।

মাতৃহা, ত্রি. [মাতৃ+হন্] মাতৃঘ্ন,মাতৃঘাতী।

মাতৃহীন, ত্রি. [মাতৃ+হীন] মাতৃশূন্য, মাত রহিত। [ধারণ

মাত্র, ন. [মা+ত্র] কাৎর্স্ন্য, সাকল্য; অব-

মাত্রা, স্ত্রী. [মা+ত্র-আ] পরিচ্ছদ; অল্প; পরিমাণ; কর্ণভূষা; বিত্ত, অক্ষরের অবয়ব; কালবিশেষ; ইন্দ্রিয়বৃত্তি; ইন্দ্রিয়; অংশ।

মাৎ, (প্রা) দধির অসার ভাগ; অসারগুড়।

মাৎসর্য্য, ন. [মৎসর+য] মৎসরের ভাব,পর-শুভদ্বেষ, পরশ্রীকাতর।

মাৎস্যিক, ত্রি. [মৎস্য+ইক] জালিক, মৎস্য ঘাতক, জালিয়া।

মাথ, পুং. [মথ+অ] পন্থা, পথ; মন্থন, মওয়া।

মাথট, (প্রা) বহু লোকের দান দ্বারা অর্থ সংগ্রহ, চাঁদা।

মাথা, (প্রা) মস্তক, শির, উত্তমাঙ্গ।

মাথাটানা, (প্রা) ঠেঁটা, অবাধ্য।

মাথানাড়া, (প্রা) শিরঃ কম্পন; তর্জন।

মাথাপাগলা, (প্রা) ঠেঁটা, অবাধ্য।

মাথামাথি, (প্রা) ঠুসাঠুসি, মস্তকে২ আঘাত; মাথাপর্য্যন্ত।

মাথাল, (প্রা) স্তম্ভের শিরোভাগ; তৃণ।

মাথুর, পুং. [মথুরা+অ] মথুরাহইতেআগত; গীতবিশেষ; মথুরাজাত নরাদি।

মাথ্লা, (প্রা) স্তম্ভের শিরোভাগ, মাথাল।

মাদ, পুং. [মদ+অ] দর্প; হর্ষ; মত্ততা।

মাদক, পুং. [মদ+অক] দাত্যূহপক্ষী, পানি-কৌড়ী; (ত্রি.) মত্ততাকারক দ্রব্য।

মাদন, ন. [মদন+অ] লবঙ্গ; (ত্রি.) হর্ষকার-য়িতা; (পুং.) কামদেব; মদনবৃক্ষ, ময়না-গাছ; ধুস্তূর, ধুতুরাগাছ।

মাদনী, স্ত্রী. [মাদন+ঈ] মাকন্দী; বিজয়া, সিদ্ধি; মাদক দ্রব্য।

মাদল, (প্রা) মৃদঙ্গবিশেষ; মর্দ্দল বাদ্যযন্ত্র।

মাদা, (বাং) পক্ষ্যাদির স্ত্রীজাতি।

মাদার (প্রা) বৃক্ষবিশেষ, মন্দার, পারিজাত বৃক্ষ।

মাদী, (বাং) পশ্বাদির স্ত্রীজাতি। [মন্দুরা।

মাদুর, (প্রা) তৃণনির্ম্মিত আসন বিশেষ,

মাদুলী, (প্রা) কণ্ঠভূষা বিশেষ; কবচ

মাদৃশ, ত্রি. [মৎ+সদৃশ] মৎসদৃশ, আমার তুল্য; অদৃষ্ট বিষয়।

মাদ্রী, স্ত্রী. [মদ্র+অ-ঈ] পাণ্ডুরাজপত্নী, নকুল ও সহদেবের মাতা, মদ্ররাজার কন্যা; অতিবিষালতা।

মাদ্রীপতি, পুং. [মাদ্রী+পতি] পাণ্ডুরাজা।

মাদ্রীপৃথাপতি, পুং. [মাদ্রী+পৃথা+পতি] পাণ্ডুরাজা; শ্রীকৃষ্ণ।

মাধব, পুং. [মা+ধব] বিষ্ণু লক্ষ্মীপতি।

মাধব, পুং. [মধু+অ] শ্রীকৃষ্ণ,মধুরাজবংশজ্ঞ; বসন্ত; মধুক, মৌলবৃক্ষ, কৃষ্ণমুদ্গ।

মাধবক, পুং. [মাধব+ক] মদিরাবিশেষ।

মাধবিকা, স্ত্রী. [মধ্ব+ইক-আ] মাধবীলতা

মাধবী, স্ত্রী. [মধু+অ-ঈ] স্বনামখ্যাত পুষ্পলতা, তৎপর্য্যায়।—অতিমুক্ত, পুণ্ড্রক, বাসন্তী, লতা, অতিমুক্তক, মাধবিকা, মাধবীলতা, চন্দ্রবল্লী, সুগন্ধা, ভ্রমরোৎসবা, ভৃঙ্গপ্রিয়া, ভদ্রলতা, ভূমিমণ্ডপভূষণা, বসন্তদূতী, লতামাধবী; গিসি; মধুশর্করা; কুট্টনী; মদিরা; তুলসী; দুর্গা; মাধবপত্নী; মধুপুর বাসিনী।

মাধবীলতা, স্ত্রী. [মাধবী+লতা] স্বনামখ্যাত পুষ্পলতা, মাধবিকা।

মাধবেষ্টা, স্ত্রী. [মাধব+ইষ্ট-আ] বারাহীকন্দ, শূকরকন্দ।

মাধবোচিত, ন. [মাধব+উচিত] কক্কোলক, কোষফল।

মাধবোদ্ভব, পুং. [মাধব+উদ্ভব] রাজাদনী; বৈশাখোদ্ভব চম্পক, তম্মাসিকোৎসব।

মাধব্য, ত্রি. [মধু+য] বসন্ত; বসন্তকালীয়।

মাধুক, পুং. [মধু+ক] বর্ণসঙ্করজাতিবিশেষ।

মাধুকরী, স্ত্রী. [মাধুকর+ঈ] আশ্রমিকভিক্ষাবিশেষ।

মাধুমতাঃ, [মধুমৎ+অস্] কাশ্মীরদেশজাত।

মাধুর, ন. [মধুর+অ] মল্লিকা, বেলফুল; (ত্রি.) মধুরসম্ভব।

মাধুরী, স্ত্রী. [মধুর+অ-ঈ] মদ্য, মদ্; মাধুর্য্য, মধুরতা।

মাধুর্য্য, ন. [মধুর+য] মধুরভাব, মধুরত্ব, মধুরতা; লাবণ্য; পাঞ্চালীরীতিবিশিষ্ট কাব্যগুণ। [কাত।

মাধুক, ত্রি. [মাধুক+অ] মিষ্টকথন; মধুক

মাধ্য, ত্রি. [মধ্য+য] মধ্যসম্বন্ধীয়।

মাধ্যন্দিন, ত্রি. [মধ্যন্দিন+অ] মধ্যম, দিবসের মধ্যভাগ, দুইপ্রহরের সময়; যজুর্ব্বেদীয় শাখাবিশেষ।

মাধ্যম, ত্রি. [মধ্যম+অ] মধ্যজাত, মধ্যম, মধ্যমীয়, মাধ্যন্দিন। [করণ।

মাধ্যস্থ্য, ন. [মধ্যস্থ+য] মধ্যস্থকরণ, শালিশী

মাধ্যাহ্নিক, ত্রি. [মধ্য+অহন-ইক] মধ্যাহ্নে কর্ত্তব্যক্রিয়া, মধ্যাহ্ন কালীন ব্যাপার।

মাধ্বক, ন. [মধু+অ-ক] মাধ্বীক, মধুজাত;

মাধ্বী, স্ত্রী. [মধু+অ-ঈ] মদ্য, মদ্; মধ্বাদিকৃতাসুরা; মধুরকণ্টকা মৎস্য।

মাধ্বীক, ন. [মাধ্বি+ক] মধুকপুষ্পকৃতমদ্য, তৎপর্য্যায়।—মধ্বাসব, মাধবক, মধু।

মাধ্বীকফল, পুং. [মাধ্বীক+ফল] মধুনালিকেরিক, মধুর নারিকেল।

মাধ্বীমধুরা, স্ত্রী. [মাধ্বী+মধুর-আ] মধুর খর্জ্জূরিকা, পিণ্ডীখাজুর।

মান, ন. [মা+অন] পরিমাণ, তৎপর্য্যায়।—যৌতব, দ্রুবয়, পায্য, পৌতব, প্রমাণ; যে সময়ে বাদ্যের তাল বিরাম হয়, গৃহ; চিত্তসমুন্নতি; আত্মাতে পূজ্যতাবুদ্ধি; অনুরক্ত দম্পতীর ভাববিশেষ; পূজ্যত্ব; প্রিয়ার অপরাধসূচিকা চেষ্টা; গ্রহ।

মানক, ন. [মান+ক] মানক, মানকচু।

মানকলি, স্ত্রী. [মান+কলি] অবজ্ঞা; মানিতা।

মানগ্রন্থি, পুং. [মান+গ্রন্থি] অপরাধ, দোষ; পাপ।

মানত, (প্রা) মাননা; অঙ্গীকার, স্বীকার।

মানধানিকা, স্ত্রী. [মান+ধানিকা] কর্কটী, কাঁকুড়।

মানন, (প্রা) পূজাকরণ, আদরকরণ, মান্যকরণ; সম্মতহওন; পালন।

মাননীয়, ত্রি. [মান+অনীয়] মান্য, পূজ্য, আদরণীয়।

মানস্তা, (প্রা) নিয়মকারী; গৃহীতব্রত।

মানব, পুং. [মনু+অ] মনুরপুত্র, মনুষ্য, নর; বাল, বালক।

মানবকাক্রীড়া, স্ত্রী. [মানবকা+ক্রীড়া] ছন্দোবিশেষ।

মানবর্জ্জিত, ত্রি. [মান+বর্জ্জিত] মানরহিত, অপমানিত; নীচ, ক্ষুদ্র; অহংকারহীন।

মানবী, স্ত্রী. [মানব+ঈ] মনুষ্য স্ত্রীজাতি, তৎপর্য্যায়।—মানুষী, মানুষী, নারী; শাসন দেবতাবিশেষ; স্বায়ম্ভুব মনুর কন্যা।

মানবৌঘ, পুং. [মানব+ওঘ] তারাবিদ্যার পীঠশক্তির উত্তরে বায়ুকোণ আদি ঈশানকোণ পর্য্যন্ত পূজাগুরু পংক্তিবিশেষ।

মানব্য, ন. [মনু+য] মানবসমূহ, বহুমনুষ্য।
মানভঞ্জন, ন. [মান+ভঞ্জন] সন্তোষণ, ক্রোধাপনয়ন, মানভঙ্গ।
মানভাঙ্গন, (প্রা) মানভঞ্জন, ক্রোধভাব অপনয়ন করান।
মানরন্ধ্রা, স্ত্রী. [মান+রন্ধ্র-আ] তাম্রী, তাঁবী, ঘড়ী, সময় নির্ণয়ার্থ যন্ত্রবিশেষ।
মানস, ন. [মনস্+অ] মন, চিত্ত; সরোবর বিশেষ: (ত্রি.) মনোভব, মনোভিলাষ।
মানসজপ, পুং. [মানস+জপ] বুদ্ধিদ্বারা বর্ণশ্রেণীর উচ্চারণ, মনেং মন্ত্রস্মরণ।
মানসতীর্থ, ন. [মানস+তীর্থ] রাগাদিরহিত মনঃ, নির্ম্মল অন্তঃকরণ, শুদ্ধচিত্ত।
মানসপূজা, স্ত্রী. [মানস+পূজা] মনোরচিত দ্রব্য করণক অর্চ্চনা।
মানসব্রত, ন. [মানস+ব্রত] অহিংসাদিধর্ম্ম, মানসব্রত যথা।—অহিংসা,সত্য,অস্তেয়, ব্রহ্মচর্য্য, অকল্পতা।
মানসসরোবর, পুং.ন. [মানস+সরোবর] হিমালয়পর্ব্বতস্থ সরোবরবিশেষ। [হাঁস।
মানসালয়, পুং. [মানস+আলয়] হংস,মরাল
মানসিক, ত্রি. [মনস্+ইক] মনোভিষ্ট, মনোভিলষিত; মনোমধ্যস্থ; মনোগত, আন্তরিক।
মানসী, স্ত্রী. [মানস+ঈ] বিদ্যাদেবীবিশেষ: মনোভবা, মনোজাতা।
মানসূত্র, ন. [মান+সূত্র] স্বর্ণাদিনির্ম্মিত কটিসূত্র, গোট, বিছা, চন্দ্রহার।
মানসৌকাঃ, পুং. [মানস+ওকস্] হংস, মরাল, হাঁস; মানসসরোবরবাসী।
মানহীন, ত্রি. [মান+হীন] অপমানিত, অসম্মান; মানবর্জ্জিত।
মানহীনা, স্ত্রী. [মান+হীন-আ] অমানিনী স্ত্রী, মানশূন্যানারী, বেশ্যা, কুলটা।
মানা, (প্রা) নিষেধ, বারণ; স্বীকার আদর।
মানান, (প্রা) সম্মতকরান, স্বীকার, বুঝান; যুক্তিসজ্জাকরণ।
মানিক, (প্রা) পরিমাণবিশেষ, একধারির অষ্টমাংস; রত্নবিশেষ। [শরাব, শের।
মানিকা, স্ত্রী. [মান+ইক-আ] মদ্য, মদ;
মানিতা, স্ত্রী. [মানিন্+ত-আ] অহঙ্কার।
মানিনী, স্ত্রী. [মান+ইন্-ঈ] কলীবৃক্ষ, মানবতী, মানযুক্তা।
মানী, ত্রি. [মান+ইন্] মানবিশিষ্ট, সিংহ, কেশরী।
মানুষ, পুং. [মনুষ+অ] মনুষ্য, মর্ত্ত্য, নর
মানুষিক, ত্রি. [মনুষ+ইক] মনুষ্যেরকর্ম্মাদি, মানুষের কর্ম্ম, মানবক্রিয়া।
মানুষী, স্ত্রী. [মানুষ+ঈ] মনুষ্য স্ত্রীজাতি, মনুষ্যী, নারী, মানবী; চিকিৎসাবিশেষ।
মানুষ্য, ন. [মনুষ্য+অ] মনুষ্যত্ব, মনুষ্যের ভাব; মনুষ্যশরীর, মনুষ্যদেহ।
মানুষ্যক, ন. [মনুষ্য+ক] মনুষ্যসমূহ, মানব বৃন্দ।
মনোজ্ঞক, ন. [মনোজ্ঞ+ক] মনোজ্ঞতা, মনোভীষ্টতা
মান্দাস, (প্রা) দ্রোণী, ভেলা, উডুপ, প্লব।
মান্দ্য, ন. [মন্দ+য] রোগ; মন্দতা; জড়তা; অবেগতা; হ্রাসতা, অল্পতা।
মান্ধাতা, পুং. [মান্+ধাতৃ] যুবনাশ্বরাজপুত্র, তৎপর্য্যায়।—যুবনাশ্বজ।
মান্য, ত্রি. [মন+য] কথনার্চ্চ্য, মাননীয়, তৎপর্য্যায়।—বাক্যপূজ্য,প্রতীক্ষ্য, ভগবান, ভট্টারক
মান্যস্থান, ন. [মান্য+স্থান] সমাদরকারণ; সম্মানের পাত্র।
মান্যা, স্ত্রী. [মান্য+আ] মরুন্মালা, বায়ুসমূহ; পূজ্যা, শ্রেষ্ঠা, আদরণীয়া।
মাপ, (প্রা) পরিমাণ, ওজন,তৌল; জোঁকা; ইতরভাষা পরীহার।
মাপক, ত্রি. [মাপ+অক] পরিমাণকর্ত্তা,ওজনকারী। [কন্দর্প।
মাপত্য, পুং. [মা+অপত্য] কামদেব, মদন,
মাপন, পুং. [মা+অন] তুল; (ন.) পরিমাণ, ওজন
মাফ, (যাং) পাপমোচন; ক্ষমা।
মাম, পুং. [মা+অম] মাতুল, মাতৃভ্রাতা, মামা।
মামক, ত্রি. [মম+ক] মদীয়, মৎসম্বন্ধীয়,

মামকীন, ত্রি. [মামক+ঈন] মদীয়, মৎসম্বন্ধীয়।

মামড়ী, (প্রা) নাসিকামল; ক্ষতরোগের শুষ্ক চর্ম্ম, শুকনাচামড়া।

মামলা, (বাং) বিষয়, ব্যাপার, কর্ম্ম।

মামা, (প্রা) মাতুল, মাতৃভ্রাতা।

মামাশুর, (প্রা) মদশুর।

মামাতুয়া, (প্রা) মাতুলসম্বন্ধীয়, মাতুলসম্পর্কীয়।

মামী, (প্রা) মাতুলপত্নী, মাতুলানী, মাতুলী।

মায়, পুং. [মা+য়] পীতাম্বর, পীতবস্ত্র; অসুর; সমষ্টিসহিত।

মায়া, স্ত্রী. [মা+য-আ] ইন্দ্রজালাদি, ভেল্কী, তৎপর্য্যায়।—শাম্বরী, ইন্দ্রজালিক, কুহক, কুসৃতি, শাম্বরি, সাম্বরী; বুদ্ধি; কৃপা; দম্ভ; শঠতা; রাজারদিগের ক্ষুদ্র উপায় বিশেষ; লক্ষ্মী; বুদ্ধমাতা; দুর্গা; বিসদৃশ প্রতীতি সাধন; অঘটঘটনপটিয়সী; ঈশ্বরশক্তি, তস্যানামানি যথা।—প্রকৃতি, অবিদ্যা, অজ্ঞান, প্রধান, শক্তি, অজা।

মায়াকার, পুং. [মায়া+কার] ঐন্দ্রজালিক, বাজীকর, তৎপর্য্যায়।—প্রাতিহারিক, প্রতিহারিক।

মায়াকারী, পুং. [মায়া+কারিন্] ঐন্দ্রজালিক, প্রাতিহারিক, বাজিকর।

মায়াকৃৎ, পুং. [মায়া+কৃৎ] মায়াকার, ঐন্দ্রজালিক, বাজীকর।

মায়াজীবী, পুং. [মায়া+জীবিন্] প্রাতিহারিক, ঐন্দ্রজালিক, বাজীকর।

মায়াতি, পুং. [মায়া+অতি] নরবলি; স্নেহকারী; কুহকী। [কুমীর।

মায়াদ, পুং. [মায়া+দা-অ] কুম্ভীর, নক্র,

মায়াদেবীসুত, পুং. [মায়া+দেবী-সুত] বুদ্ধ।

মায়ান, (প্রা) মায়াজন্মান, স্নেহকরণ, ভুলান।

মায়াফল, ন, [মায়া+ফল] ফলবিশেষ, মাইফল, তৎপর্য্যায়।—মায়িকল, মায়িক, ছিদ্রাফল, মায়ি। [পত্নী।

মায়াবতী স্ত্রী. [মায়া+বৎ-ঈ] রতি, কাম-

মায়াবণিক, ত্রি. [মায়া+বণিক] পরপ্রতা-

মায়াবান্, পুং. [মায়া+বৎ] কংসরাজ, কংসাসুর; (ত্রি.) মায়াযুক্ত।

মায়াবিনী, স্ত্রী. [মায়া+বিন্-ঈ] মায়াযুক্তা স্ত্রী, কুহকিনী।

মায়াবী, পুং. [মায়া+বিন্] মায়াকার, বাজীকর তৎপর্য্যায়।—ব্যাংসক, মায়ী, মায়িক, ঐন্দ্রজালিক; বিড়াল।

মায়ামোহ, পুং. [মায়া+মোহ] বিষ্ণু দেহ নির্গত অসুরমোহকপুরুষবিশেষ।

মায়াসীতা, স্ত্রী. [মায়া+সীতা] যোগদ্বারা অগ্নিকর্ত্তৃক কৃত সীতার প্রতিমূর্ত্তি।

মায়াসুত, পুং. [মায়া+সুত] বুদ্ধ।

মায়িক, ন. [মায়া+ইক] মায়াফল, মাইফল, মায়িকা, মাত্রকা; (পুং.) মায়াকার, ঐন্দ্রজালিক, বাজীকর।

মায়ী, পুং. [মায়া+ইন্] মায়াকার, ঐন্দ্রজালিক, বাজীকর, তৎপর্য্যায়।—ধূর্ত্ত, বঞ্চক, ব্যাংসক, কুহক, দাণ্ডাজিনিক, জালিক।

মায়ু, পুং. [মা+য়ু] পিত্ত; ধাতুবিশেষ।

মায়ুরাজ, পুং. [মায়ু+রাজ] কুবেরপুত্র।

মায়ূর, [ময়ূর+অ] ময়ূরসমূহ, ময়ূরের পাল; (ত্রি.) ময়ূর সম্বন্ধীয়।

মায়ূরিক, পুং. [মায়ূর+ইক] ময়ূরগ্রাহী, ময়ূরগ্রহণকর্ত্তা।

মায়ূরী, স্ত্রী. [মায়ূর+অ-ঈ] অজমোদা, উগ্রগন্ধা।

মার, পুং. [মৃ+অ] মৃতি, মরণ; কামদেব; বিঘ্ন; মারণ; ধুস্তুর, ধুতুরা।

মারক, পুং. [মার+অক] মরক, মড়ক, তৎপর্য্যায়।—মারি, উৎপাত; পক্ষিবিশেষ, বাজ, তৎপর্য্যায়।—ঘাতিপক্ষী, গ্রাহক; (ত্রি.) মারণকর্ত্তা।

মারকুটিয়া, (প্রা) মারণস্বভাববিশিষ্ট।

মারজিৎ, পুং. [মার+জিৎ] বুদ্ধ, লোকজিৎ জিন; শিব।

মারণ, ন. [মৃ+অন] বধ; অভিচারবিশেষ প্রহারণ, আঘাতকরণ; (পুং.) কামদেব

মারণার্হ, ত্রি. [মারণ+অর্হ] বধযোগ্য, বধ্য

মারণেচ্ছা, স্ত্রী. [মারণ+ইচ্ছা] বধেচ্ছা; প্রহারকরণেচ্ছা।
মারন্থক, (প্রা) সাংঘাতিক, নাশ্য, মর্ত্তব্য।
মারপেঁচ, (প্রা) ষড়যন্ত্র, চাতুরী, কেরফার।
মারা, (প্রা) আঘাতকরণ ; প্রহারকরা।
মারাত্মক, (প্রা) প্রাণঘাতক, প্রাণহিংসক; কামতুল্য ভাববিশিষ্ট।
মারামারি, (প্রা) পরস্পর প্রহারকরণ; যুদ্ধ।
মারি, স্ত্রী. [মৃ+ই] মারণ, বধ; বর্ষ; জনক্ষয়, তৎপর্য্যায়।—মারক, মরক, উৎপাত।
মারিচিক, ত্রি. [মরিচ+ইক] মরিচদ্বারা সংস্কৃত। [কৃত।
মারিত, পুং. [মৃ+ত] নষ্টীকৃত; ভস্মী-
মারিব্যসনবারক, পুং. [মারি+ব্যসন-বারক] রাজর্ষিবিশেষ।
মারিষ, পুং. [মৃষ+অ] নাট্যোক্তিতে শ্রেষ্ঠ; তণ্ডুলীয়শাকবিশেষ, (হিং.) মরসা, তৎপর্য্যায়।—কম্বর, মার্ষিক।
মারিষা, স্ত্রী. [মারিষ+আ] দক্ষমাতা, দক্ষজননী; বার্ক্ষী, বৃক্ষকন্যা, দশপ্রচেতাপত্নী।
মারী, স্ত্রী. [মৃ+অ-ঈ] চণ্ডী; জনক্ষয়, মরক; মাহেশ্বরীশক্তি।
মারীচ, পুং. [মরীচ+অ] রাক্ষসবিশেষ, ভারকট উপদ্বীপবাসী তাড়কারাক্ষসীপুত্র, রাবণানুচর, সীতাহরণ সময়ে মায়ামৃগরূপ নিশাচর; কশ্যপমুনি; কক্কোলক, এলাইচ; যাজকব্রাহ্মণ; রাজহস্তী।
মারীচী, স্ত্রী. [মারীচ+ঈ] দেবতাবিশেষ, মায়াদেবী, তৎপর্য্যায়।—ত্রিমুখা, বজ্রকালিকা, বিকটা, বজ্রবারাহী, গৌরী, পোত্রিরথা। [ক্ষয়াশঙ্কা।
মারীভয়, পুং. [মারী+ভয়] মরকভয়, জন-
মারু, (প্রা) রাগবিশেষ।
মারুণ্ড, পুং. [মরুণ্ড+অ] সর্পাণ্ড, সাপের ডিম্ব; পন্থা, পথ; গোময়মণ্ডল।
মারুত, পুং. [মরুৎ+অ] বায়ু, বাতাস।
মারুতব্রত, ন. [মারুত+ব্রত] রাজধর্ম্মবিশেষ। [মানু; ভীমসেন।
মারুতাপহ, পুং. [মারুত+আপহ] বরুণবৃক্ষ; (ত্রি.) বায়ুনাশক।
মারুতাশন, পুং. [মারুত+অশন] সর্প, পবনাশন (ত্রি.) বায়ুমাত্র ভক্ষক।
মারুতি, পুং. [মরুত+ই] হনুমান; ভীমসেন।
মার্ক, পুং. [মার্ক+অ] ভৃঙ্গরাজ, ভীমরাজ।
মার্কটপিপীলিকা, স্ত্রী. [মাকট+পিপীলিকা] কৃষ্ণবর্ণ পিপীলিকাবিশেষ।
মার্কণ্ড, পুং. [মৃকণ্ডু+অ] মার্কণ্ডেয়মুনি, মৃকণ্ডু, মুনিপুত্র।
মার্কণ্ডিকা, স্ত্রী. [মার্কণ্ড+ইক-আ] লতাবিশেষ, (হিং) ভুইখখ্সা, কাকরোল বিশেষ, তৎপর্য্যায়।—ভূমিচরী, মার্কণ্ডী, মৃদুরেচনী।
মার্কণ্ডীয়, ন. [মার্কণ্ড+ঈয়] ভূম্যাহ্বলা লতা, (হিং) ভূক্রিতখড্।
মার্কণ্ডেয়, পুং. [মৃকণ্ডু+এয়] মুনিবিশেষ, মৃকণ্ডুমুনিরপুত্র। [রাজ
মার্কব, পুং. [মর্ক+অব] ভৃঙ্গরাজ; ভীম-
মার্কর, পুং. [মার্ক+অর] ভৃঙ্গরাজ, ভীমরাজ।
মার্গ, পুং. [মৃগ+অ] পন্থা, পথ; গুদ, গুহ্যদেশ, তৎপর্য্যায়।—পায়ু, তনুহ্রদ, অপান; মৃগমদ; মার্গশীর্ষমাস, অগ্রহায়ণ; অন্বেষণ; মৃগশিরানক্ষত্র; বিষ্ণু।
মার্গক, পুং. [মৃগ+অক] অগ্রহায়ণমাস; (ত্রি.) অন্বেষক।
মার্গণ, ন. [মার্গ+অন] অন্বেষণ, তৎপর্য্যায়।—সম্বীক্ষণ, বিচয়ন, মৃগণা, মৃগ; যাচ্ঞা, প্রার্থনা; প্রণয়, সৌহৃর্দ্দা; (ত্রি.) যাচক, ভিক্ষুক; (পুং.) শর, বাণ; যাচক
মার্গণক, পুং. [মার্গণ+ক] যাচক, ভিক্ষুক
মার্গধেনু, পুং. [মার্গ+ধেনু] যোজনপরিমাণ, চারিক্রোশ পরিমাণ। [ক্রোশ।
মার্গধেনুক, ন. [মার্গ+ধেনুক] যোজন, চারি
মার্গপালী, স্ত্রী. [মার্গ+পাল-ঈ] কুশকাশময়স্তম্ভ, কুশকাশাদি নির্ম্মিত থাম।
মার্গবিদ্যা, স্ত্রী. [মার্গ+বিদ্যা] সঙ্গীতবিদ্যা, গীতবিদ্যা; পথ নির্ম্মাণাদির সাংকে-

মার্গশিরঃ, পুং. [মার্গ+শিরস্] মার্গশীর্ষ-মাস, অগ্রহায়ণ।

মার্গশীর্ষ, পুং. [মার্গ+শীর্ষ] অগ্রহায়ণ মাস, তৎপর্য্যায়।—সহাঃ, মার্গ, আগ্রহায়নিক, মার্গশিরঃ, সহ।

মার্গিক, ত্রি. [মার্গ+ইক] মৃগহন্তা; পথিক, পান্থ। [সন্ধান।

মার্গিত, ত্রি. [মার্গ+ইত] অন্বেষিত, কৃতানুমার্গ্য, ত্রি. [মার্গ+য] মার্জ্জনীয়, পরিষ্কৃত; গীয়।

মার্ঘ্যা, (প্রা) মহার্ঘ্যা, দুর্ম্মূল্য, আক্রা।

মার্জ্জ, পুং. [মৃজ+অ] বিষ্ণু; রজক, ধোপা; মার্জ্জন, মাজা।

মার্জ্জন, ন. [মার্জ্জ+অন] গাত্রমার্জ্জনীদ্বারা অঙ্গনির্ম্মলীকরণ, মাজা, তৎপর্য্যায়।—মার্ষ্টি, মাষ্টী, মার্জ্জনা, মৃজা, মার্জ্জ, মার্জ্জা; স্নানবিশেষ; (পুং.) লোধ্রবৃক্ষ, লোধগাছ; শ্বেতলোধ্র; রক্তলোধ্র; ক্ষমাকরণ।

মার্জ্জনা, স্ত্রী. [মার্জ্জন+আ] মার্জ্জন, পোঁছন; মুরজধ্বনি; ক্ষমা।

মার্জ্জনার্হ, ত্রি. [মার্জ্জনা+অর্হ] ক্ষমাযোগ্য; পরিষ্কার্য্য। [খাংরা।

মার্জ্জনী, স্ত্রী. [মার্জ্জন+ঈ] সম্মার্জ্জনী, ঝাঁটা,

মার্জ্জনীয়, ত্রি. [মার্জ্জন+অনীয়] মার্জ্জনযোগ্য, মার্জ্য; অগ্নি; শোধন।

মার্জা, (প্রা) পরিবর্ত্ত, বিনিময়, বদল।

মার্জার, পুং. [মৃজ+আর] রক্তচিত্রক, রাঙ্গা-চিতাগাছ; বিড়াল; খট্টাস, খটাস।

মার্জ্জারক, পুং. [মার্জ্জার+ক] ময়ূর, শিখী, কলাপী; বিড়ালবৎ শব্দকারী।

মার্জারকণ্ঠ, পুং. [মার্জার+কণ্ঠ] ময়ূর, শিখী, কলাপী।

মার্জারকর্ণিকা, স্ত্রী. [মার্জার+কর্ণিকা]চামুণ্ডা, চর্চ্চিকা, চর্ম্মমুণ্ডা।

মার্জ্জারকর্ণী, স্ত্রী. [মার্জার+কর্ণ-ঈ] চামুণ্ডা, চর্চ্চিকা, কর্ণমোটি। [পর্ণী।

মার্জারগন্ধা, স্ত্রী. [মার্জার+গন্ধ-আ] মুদ্গ-

মার্জারগন্ধিকা, ত্রি. [মার্জার+গন্ধিকা] মুদ্গপর্ণীবিশেষ।

মার্জারী, স্ত্রী. [মার্জার+ঈ] কস্তূরী, মৃগমদ; জন্তুবিশেষ, গন্ধগকুলা, খাটাসী, তৎপর্য্যায়।—পুতিকা, পুতিকজ, গন্ধচেলিকা; স্ত্রীজাতি বিড়াল।

মার্জারীয়, পুং. [মার্জার+ঈয়] বিড়াল; শূদ্র; কায়শোধন, দেহশুদ্ধি।

মার্জাল, পুং. [মৃজ+আল] মার্জার, বিড়াল।

মার্জালীয়, পুং. [মার্জাল+ঈয়]বিড়াল; শূদ্র; কায়শোধন, দেহশুদ্ধি।

মার্জ্জিত, ত্রি. [মার্জ্জ+ইত] শোধিত, পরিষ্কৃত; তীক্ষ্ণীকৃত, প্রখর, ধারাল।

মার্জ্জিতা, স্ত্রী. [মার্জ্জিত+আ] রসালা, দধিখণ্ডমধুসর্পির্ম্মরিচাদি কৃত কর্পূরাদিবাসিতসদ্ভক্ষ্যদ্রব্যবিশেষ; (ত্রি.) শোধিত, পরিষ্কৃত।

মার্ত্তণ্ড, পুং. [মৃতণ্ড+অ] সূর্য্য; অর্কবৃক্ষ; শূকর।

মার্ত্তণ্ডবল্লভা, স্ত্রী. [মার্ত্তণ্ড+বল্লভ-আ] আদিত্যভক্তা; সূর্য্যপত্নী।

মার্ত্তিক, পুং. [মৃত্তিকা+ইক] শরাব, শরা; (ত্রি.) মৃত্তিকানির্ম্মিত।

মার্দ্দঙ্গ, ন. [মৃদঙ্গ+অ] পত্তন; (ত্রি.) মৃদঙ্গ বাদক।

মার্দ্দঙ্গিক, ত্রি. [মৃদঙ্গ+ইক] মৃদঙ্গবাদক, তৎপর্য্যায়।—মৌরজিক, স্বার্ঙ্গিক, ঔর্দ্ধিক।

মার্দ্দব, ন. [মৃদু+অ] পরদুঃখ প্রদর্শনহেতু পীড়াবুদ্ধি, মৃদুতা; (পুং.) বর্ণশঙ্করজাতি বিশেষ; কুঁড়ে।

মার্ষ, পুং. [মৃষ+অ] নাট্যোক্তিতে শ্রেষ্ঠ; মারিষশাক।

মার্ষিক, পুং. [মৃষ+ইক] মারিষশাক।

মার্ষ্টি, স্ত্রী. [মৃজ+তি] মার্জন; তৈলম্রক্ষণ, তৈলমাখা; পরিষ্কারকরণ।

মাল, পুং. [মা+লা-অ] জাতিবিশেষ, ম্লেচ্ছবৎজাতি,ব্যালগ্রাহী; মালা; জিন; দেশ বিশেষ, মেদিনীপুর প্রদেশে মালভূমি খ্যাত; বিষ্ণু; (ন.) ক্ষেত্র; কপট; বন; (বাং) দ্রব্য সামগ্রী। [পদ্ম।

মালক, পুং. [মাল+ক] নিম্ববৃক্ষ; (ন.) স্থলমালকা, স্ত্রী. [মাল+কা-আ] মালা, মালা।

মালকোশ, পুং. [মাল+কোশ] রাগবিশেষ, কৌশিক, ষষ্ঠরাগের মধ্যে দ্বিতীয়রাগ, অস্য স্বরূপং যথা।—পাটলবর্ণ পুরুষ, নীলপরিচ্ছদ, যষ্টিহস্ত, যৌবন মদমত্ত, স্ত্রীসহিত হাস্য কৌতুকান্বিত, শক্রমস্তক মাল্যগল, অথবা বৃহন্মুক্তা মালাগল; অস্যরাগিণ্যো যথা।—গৌরী, টোরী, গুণকরী, খম্বাবতী, কোকভা; অস্য অষ্টপুত্রা যথা।—মারু, মেবাড়, বড়হংস, প্রবল, চন্দ্রক, নন্দ, ভ্রমর, মুখর; অষ্টপুত্র ভার্য্যা যথা।—ধনাশ্রী, মালশ্রী, জয়তশ্রী, সুঘোরায়ী, দুর্গা, গান্ধারী, ভীমপলাশী, কামোদী।

মালগুজ্জরী, (প্রা) রাগিণীবিশেষ।

মালগুজারী, (যাং) জমীরখাজানা।

মালচক্রক, ন. [মাল+চক্রক] সকৃথুরুপর্ব্ব সন্ধি,মালাইচাকি,হাঁটুরগ্রন্থি। [বাটিকা।

মালঞ্চ, (প্রা) পুষ্পোদ্যান, পুষ্পবন, পুষ্প-

মালতী, স্ত্রী. [মাল+অত-ঈ] স্বনামখ্যাত পুষ্পলতা, তৎপর্য্যায়:—সুমনা, জাতি, সুমনাঃ, জাতী; যুবতী; কাচমালী; বিশল্যা; জ্যোৎস্না; নিশা; নদীবিশেষ।

মালতীতীরজ, পুং. [মালতী+তীর-জ] টঙ্কণ।

মালতীতীরসম্ভব, ন. [মালতী+তীর-সম্ভব] শ্বেতটঙ্কণ।

মালতীপত্রিকা, স্ত্রী. [মালতী+পত্রিকা] জাতী পত্রী, জৈত্রী। [জায়ফল।

মালতীফল, ন. [মালতী+ফল] জাতীফল,

মালতীমাধব, পুং. [মালতী+মাধব] সংস্কৃত নাটকগ্রন্থবিশেষ।

মালব, পুং. [মালু+অব] অবন্তিদেশ, (হিং) মালওয়া; রাগবিশেষ, ষষ্ঠ রাগের মধ্যে প্রথমরাগ, ভৈরবরাগ।

মালবিকা, স্ত্রী. [মালব+ইক-আ] ত্রিবৃৎ।

মালবী, স্ত্রী. [মালব+ঈ] রাগিণীবিশেষ, মালবরাগেরস্ত্রী; মদ্ররাজমহিষী, সাবিত্রী মাতা।

মালয়, পুং. [মলয়+অ] চন্দনবৃক্ষ; (ত্রি.) মলয়পর্ব্বত সম্বন্ধীয়।

[illegible]

মালসী, স্ত্রী. [মালস+ঈ] কেশপুষ্পবৃক্ষ; রাগিণীবিশেষ, মালবরাগের পত্নী।

মালা, স্ত্রী. [মাল+আ] শ্রেণী, তৎপর্য্যায়।—রাজি, লেখা, ততী, বীচী, আলী, আবলি, পঙ্ক্তি, ধারণী; মস্তকে অর্পিত পুষ্পসমূহ, তৎপর্য্যায়।—মালা, স্রক্, মালিকা, মালাকা, মালকা, গণনিকা, গুণান্বিকা; নারিকেলাদির খোল; কণ্ঠভূষণবিশেষ, হার। [দুগ্ধের সর।

মালাই, (প্রা) জাতিবিশেষ; নাবিক; দধি।

মালাকণ্ট, পুং. [মালা+কণ্ট] অপামার্গ, আপাংগাছ।

মালাকন্দ, পুং. [মালা+কন্দ] মূলবিশেষ, তৎপর্য্যায়।—আবিলকন্দ, ত্রিশিখিদলা, গ্রন্থিদলা, পাদিকন্দ, কন্দলতা।

মালাকর, পুং. [মালা+কর] পুষ্পাজীবী, মালী।

মালাকা, স্ত্রী. [মালা+ক-আ] মালা, শ্রেণী, পঁক্তি; মাল্য; (পুং.) উপদ্বীপবিশেষ।

মালাকার, পুং. [মালা+কার] বর্ণসঙ্করজাতিবিশেষ, মালী, তৎপর্য্যায়।—মালিক, মালাকর, পুষ্পাজীবী, বনার্চ্চক, পুষ্পলাব, পুষ্পলাবক।

মালাগ্রন্থি, পুং. [মালা+গ্রন্থি] দূর্ব্বাবিশেষ, মালাদূর্ব্বা, গাঁটিয়াদূর্ব্বা।

মালাতৃণ, ন. [মালা+তৃণ] ভূতৃণ, গন্ধখড়।

মালাতৃণক, ন. [মালা+তৃণক] ভূতৃণ, গন্ধখড়।

মালাদূর্ব্বা, স্ত্রী. [মালা+দূর্ব্বা] দূর্ব্বাবিশেষ, গাঁঠিয়াদূর্ব্বা, তৎপর্য্যায়।—বল্লিদূর্ব্বা, অলিদূর্ব্বা, মালাগ্রন্থি, গ্রন্থিলা, গ্রন্থিদূর্ব্বা, শূলগ্রন্থি, বেল্লনী, গ্রন্থিমূলা, রোহৎপর্ব্বা, পর্ব্ববল্লী, শিবাখ্যা।

মালাফল, ন. [মালা+ফল [illegible] মালা; জপমালা।

মালামী, (প্রা) মল্লক্রীড়া, [illegible]

মালারিষ্টা, স্ত্রী. [মালা+অ [illegible] বিশেষ, পাচী, (হিং) পক্তে [illegible]

মালালিকা, স্ত্রী. [মাল [illegible]] পৃক্কা, পিড়িংশাক।

মালাঞ্চী, স্ত্রী. [মালা+অঞ্চ-ঈ] পৃক্কা, পিড়িং শাক।

মালি, পুং. [মাল+ই] সুকেশীরাক্ষস পুত্র; বর্ণসঙ্করজাতিবিশেষ।

মালিক, পুং. [মালা+ইক] মালাকার, মালী; পক্ষিবিশেষ; রঞ্জক; মল্লিকাপুষ্পবিশেষ; অধিকারী, সত্ত্ববান্; অধিপতি, অধ্যক্ষ।

মালিকা, স্ত্রী. [মালা+ইক-আ] সপ্তলা, নবমল্লিকাপুষ্প; বৃক্ষবিশেষ, পুত্রী; গ্রীবালঙ্কার; পুষ্পমাল্য; নদীবিশেষ; সুরা, মদ; ক্ষুমা।

মালিনী, স্ত্রী. [মালা+ইন্-ঈ] মাতৃকাবিশেষ; ছন্দোবিশেষ; মালিকপত্নী, মালাকারের স্ত্রী; গৌরী; চাপানগরী; মন্দাকিনী; নদীভেদ; অগ্নি শিখাবৃক্ষ; দুরালভা।

মালিন্য, ন. [মলিন+য] মলিনত্ব, মলিনতা; অপরিষ্কার, ময়লা।

মালী, পুং. [মালা+ইন্] মালাকার, মালাজীবী; সুকেশীরাক্ষসপুত্র।

মালু, পুং. [মাল+উ] পত্রলতা; নারী, স্ত্রী।

মালুধান, পুং. [মালু+ধান] মাতুলাহি, মালুয়াসাপ; অষ্টনাগান্তর্গতনাগবিশেষ।

মালুধানী, পুং. [মালু+ধান-ঈ] লতাবিশেষ।

মালূক, পুং. [মাল+ঊক] কৃষ্ণার্জক, কেলেজিরে।

মালূর, পুং. [মা+লূ-র] বিল্ববৃক্ষ; কপিত্থবৃক্ষ, কতবেলগাছ।

মালেয়া, স্ত্রী. [মালা+এয়-আ] স্থূলৈলা, বড়এলাইচ।

মালো (প্রা) ধীবর, জেলিয়া।

মাল্য, ন. [মালা+য] পুষ্প; পুষ্পস্রক্, ফুলেরমালা; মস্তকে অর্পিত পুষ্প সমূহ।

মাল্যকর, পুং. [মাল্য+কর] মালাকার, পুষ্পাজীবী, মালী।

মাল্যচন্দন, ন. [মাল্য+চন্দন] শুভকর্ম্মার্থে পূজনীয়ব্যক্তিদিগের মাল্যচন্দন প্রদান।

মাল্যপুষ্প, পুং. [মাল্য+পুষ্প] শণবৃক্ষ, শণের গাছ। [শণপুষ্পী।

মাল্যপুষ্পিকা, স্ত্রী. [মাল্য+পুষ্পিকা]

মাল্যবান্, পুং. [মাল্য+বৎ] পর্ব্বতবিশেষ, কেতুমাল ও ইলাবৃত বর্ষের সীমাপর্ব্বত; রাক্ষসবিশেষ, সুকেশীরাক্ষসেরপুত্র, রাবণের মাতামহ।

মাল্ল, পুং [মল্ল+অ] বর্ণসঙ্কর জাতি বিশেষ, মাল, লেট এবং তীবর কন্যায়াংজাত।

মাল্লবী, স্ত্রী [মল্লব+অ-ঈ] মল্লযাত্রা।

মাল্সা (প্রা) মৃণ্ময়পাত্র বিশেষ, মৃণ্ময় ক্ষুদ্র পাত্র।

মালসাট (প্রা) স্পর্দ্ধা, আস্পর্দ্ধা; দম্ভ, বিক্রম।

মাশব্দিক, ত্রি. [মা+শব্দিক] নিষেধকর্ত্তা, নিবারক, তৎপর্য্যায়।—প্রতি বোদ্ধা।

মাষ, পুং. [মষ+অ] ব্রীহিবিশেষ, মাষ কলাই, উরিদ্, তৎপর্য্যায়।—কুরুবিন্দ, ধান্যবীর, বৃষাকর, মাংসল, বলাঢ্য, পিত্র্য, পিতৃভোজন; পরিমাণ বিশেষ, মাষা, তৎপর্য্যায়।—মাষক, মাষ, মাস, হেম, ধানক; মূর্খ; ত্বগ্‌দোষ বিশেষ।

মাষক, পুং [মাষ+ক] মাসক, পঞ্চরত্তিক পরিমাণ, পাঁচরতি।

মাষকলায়, পুং. [মাষ+কলায়] স্বনামখ্যাত শস্য, ব্রীহিকলাই, মাষকলাই।

মাষপর্ণী, স্ত্রী. [মাষ+পর্ণ-ঈ] বনমাষ, মাষাণী, তৎপর্য্যায়।—হয়পুচ্ছী কাম্বোজী, মহাসহা, সিংহপুচ্ছী, ঋষিপ্রোক্তা, কৃষ্ণবৃন্তা, পাণ্ডুলোমশপর্ণিনী, আর্দ্রমাষা, মাংসমাষা, নঙ্গল্য, হয়পুচ্ছিকা, হংসমাষা, অশ্বপুচ্ছা, পাণ্ডুরা মাষপর্ণিকা, কল্যাণী, বজ্রমূলী, শালিপর্ণী, বিশারিণী, আত্মোদ্ভবা, বহুফলা, স্বয়ম্ভূ, সুলভা, ঘনা, সিংহবিন্না, বিশাচিকা।

মাষবর্দ্ধক, পুং. [মাষ+বর্দ্ধক] স্বর্ণকার, সেকরা।

মাষভক্তবলি, পুং. [মাষভক্ত+বলি] মাষকলায় তণ্ডুল দধিমিশ্রিত পূজোপহার বিশেষ।

মাষশস্ বা, [মাষ+শস্] প্রতিমাষ, মাসেং।

মাষাদ, পুং. [মাষ+অদ] কচ্ছপ, কাছিম; (ত্রি.) মাষ ভক্ষক। [কলায়ের ক্ষেত।

মাষীণ, ন. [মাষ+ঈণ] মাষক্ষেত্র, মাষ

মাষ্য, ন. [মাষ+য] মাষক্ষেত্র, মাষ কলায়ের ক্ষেত।

মাস্, পুং. [মা+অস্] চন্দ্র; মাস, মাসা।

মাস, পুং. [মাস্+অ] মাষপরিমাণ, মাষা; শুক্ল কৃষ্ণপক্ষদ্বয়াত্মককাল, রবির এক রাশিস্থিত কাল, ত্রিংশদ্দিন; অকাল; চন্দ্র।

মাসক, পুং. [মাস+ক] মাষক পরিমাণ, পঞ্চ-গুঞ্জাপরিমাণ।

মাসজ্ঞ, পুং. [মাস+জ্ঞ] দাত্যূহপক্ষী, পানিকৌড়ী; (ত্রি.) মাসজ্ঞাতা, মাসবেত্তা।

মাসন, ন. [মাস্+অন] সোমরাজী, সোম-রাজ।

মাসপ্রমিত, পুং. [মাস+প্রমিত] নবশশী।

মাসবর্ত্তিকা, স্ত্রী. [মাস+বর্ত্তিকা] সর্ষপীপক্ষী বিশেষ। [মাস।

মাসবৃদ্ধি, স্ত্রী. [মাস+বৃদ্ধি] মলমাস, অধি-

মাসমান, পুং. [মাস+মান] বৎসর, দ্বাদশ-মাসাত্মক; (ন.) মাসপরিমাণ।

মাসমাহিনা (প্রা) মাসের দেয় বেতন, মাসিক বেতন।

মাসর, পুং. [মস্+অর] ভক্তসমুদ্ভবমণ্ড, ভাতের মাড়, তৎপর্য্যায়।—আচাম, নিঃস্রাব।

মাসান্ত, পুং. [মাস+অন্ত] অমাবস্যা; সং-ক্রান্তি দিন।

মাসাল, (প্রা) পীবর, স্থূল, অধিকমাংসযুক্ত, মোটা।

মাসাসী, (প্রা) মাসীশাশুড়ী, শাশুড়ীর-ভগিনী।

মাসিক, ন. [মাস+ইক] সম্বৎসরের মধ্যে প্রতিমাসে প্রেতের মৃততিথি কর্ত্তব্য শ্রাদ্ধ; প্রতিমাস কর্ত্তব্য কৃষ্ণপক্ষ নিমিত্ত শ্রাদ্ধ, তৎপর্য্যায়।—অন্বাহার্য্য; (ত্রি.) মাসসম্বন্ধীয়।

মাসী, (প্রা) মাতৃভগিনী, মাতৃস্বসা।

মাসুড়া, (প্রা) চক্ষুরকুলী, ছানী।

মাসুড়ী, (প্রা) শ্মশ্রু, দাড়ী।

মাসুর, (বাং) মিথ্যান্ত।

মাসুরী, স্ত্রী. [মসুর+ঈ] শ্মশ্রু, দাড়ী।

মাসুল, (বাং) রাজস্ব, কর, খাজনা।

মাসড়া, (প্রা) মাসিক বেতন, প্রতিমাসে দেয়, মাসের কর্ত্তব্য কর্ম্ম।

মাসতুতা, (প্রা) মাতৃস্বসৃ সম্পর্কীয়, মাতার ভগিনী সম্বন্ধীয়।

মাস্তুর, (বাং) বৃহৎ নৌকার উপরিস্থপালি দণ্ডবিশেষ।

মাস্তুল, (বাং) জাহাজের উপরিস্থ উচ্চস্তম্ভ।

মাস্ম, ব্য. [মা+স্ম] বারণ, নিবারণ, তৎ-পর্য্যায়।—মা, অল।

মাস্য, ত্রি. [মাস+য] মাসসম্বন্ধীয়।

মাহ, (প্রা) ত্রিংশদ্দিনাত্মককাল, মাস।

মাহন, পুং. [মা+হন] ব্রাহ্মণ, ভূদেব।

মাহা, স্ত্রী. [মা+হন-আ] গাভী; মাস।

মাহাকুল, ত্রি. [মহাকুল+অ] মহাকুলোদ্ভব, সৎকুলোদ্ভব।

মাহাকুলীন, ত্রি. [মহা+কুলীন] মহাকুলো-দ্ভব, সৎবংশ্য।

মাহাত্ম্য, ন. [মহাত্মন্+য] মহাত্মতা, মহিমাবিশিষ্ট, মহত্ত্ব।

মাহানামিক, পুং. [মহানাম+ইক] মহানামে ঋক্‌বেত্তা ব্রাহ্মণ।

মাহানাম্নিক, ত্রি. [মহানামন্+ইক] মহা-নামে ঋক্‌বেত্তা ব্রাহ্মণ।

মাহিন, ন. [মহ+ইন] রাজ্য, রাজত্ব।

মাহিনা, (বাং) মাসিকবেতন, মাসের দেয়।

মাহির, পুং. [মাহ+ইর] ইন্দ্র, শক্র, দেবরাজ।

মাহিষ, ত্রি. [মহিষ+অ] মহিষ দুগ্ধাদি; মহিষী দুগ্ধে উৎপন্ন ঘৃতাদি।

মাহিষিক, পুং. [মহিষ+ইক] মহিষীপতি, ব্যভিচারিণীতেঅনুরক্তপতি; মহিষোপ-জীবী; ভগদ্বারোপার্জ্জিত স্ত্রীধনোপ-জীবী, বেশ্যাধনোপজীবী; দেশবিশেষ।

মাহিষ্য, পুং. [মহিষ+য] বর্ণসঙ্করজাতি বিশেষ, বৈশ্যার গর্ভে ক্ষত্রিয় হইতে জাত।

মাহুত, (প্রা) মহামাত্র, হস্তিপক, হস্তিপা-লক, আধোরণ।

মাহেন্দ্র, পুং. [মহেন্দ্র+অ] শুভদণ্ডক্ষণ-বিশেষ; (ত্রি.) মহেন্দ্রসম্বন্ধীয়।

মাহেন্দ্রী, স্ত্রী. [মহেন্দ্র+অ-ঈ] ইন্দ্রাণী, শচী; গাভী।

মাহেয়, ত্রি. [মহী+এয়] মহীপুত্র, মঙ্গল, কুজ; উপদ্বীপবিশেষ।

মাহেয়ী, স্ত্রী. [মহী+এয়-ঈ] গৌ, গাভী।

মাহেশী, স্ত্রী. [মহেশ+অ-ঈ] দুর্গা, মহাদেবী।

মাহেশ্বরী, স্ত্রী. [মহেশ্বর+অ-ঈ] যবতিক্তিকা; দুর্গা; মাতৃকাবিশেষ; বিষ্ণু।

মাক্ষিক, ন. [মক্ষিকা+অ] মধু; নীলবর্ণমধ্যগ মক্ষিকাকৃত তৈলবর্ণ মধু; ধাতুবিশেষ, (হিং) ধাতুমাখী, তৎপর্য্যায়।—মাক্ষীক, পীতক, ধাতুমাক্ষিক, তাপিচ্ছ, তাপাক, তাপ্য, আপীত, পীতমাক্ষিক, আবর্ত্ত মধুধাতু, ক্ষৌদ্রধাতু, মাক্ষিকধাতু, কদম্ব, চক্রনাম, অজনামক, ইহা দ্বিবিধ যথা।—স্বর্ণমাক্ষিক, রৌপ্যমাক্ষিক; মক্ষিকাজাত।

মাক্ষিকজ, ন. [মাক্ষিক+জন্-অ] শিক্থক, মোম।

মাক্ষিকফল, পুং. [মাক্ষিক+ফল] মধুনালিকেরিক, মধুনারিকেল।

মাক্ষিকাশ্রয়, ন. [মাক্ষিক+আশ্রয়] শিক্থক, মোম।

মাক্ষীক, ন. [মক্ষিকা+ঈক] মধু, পুষ্পরস।

মাক্ষীকশর্করা, স্ত্রী. [মাক্ষীক+শর্করা] সিতাখণ্ড, মধুজাত শর্করা।

মিছরী, (বাং) গুড়বিকারবিশেষ, মিসরী।

মিছা, (প্রা) অসত্য, অনৃত, অলীক।

মিজাজ, (বাং) স্বভাব, আচরণ; রীতি।

মিটন, (প্রা) মোচন; পরিষ্কার করণ; নিষ্পাদন, থামান।

মিটা, (প্রা) মিষ্টরস, মধুর, স্বাদু।

মিটান, (প্রা) নিষ্পত্তিকরণ, ভঞ্জন, ঘুচান, চুকান।

মিটমিটিয়া, (প্রা) অনুজ্জ্বল, কিঞ্চিৎ প্রকাশ; অন্তর্দুষ্ট, খল।

মিঠা, (প্রা) মধুর; মিষ্টরসযুক্ত।

মিঠাই, (প্রা) মিষ্টদ্রব্য; মিষ্টরসযুক্ত খাদ্য-

মিঠান, (প্রা) উত্তমস্থান, অলবণাম্বুদেশ; মধুরতা।

মিত, ত্রি. [মা+ত] পরিমিত; শব্দিত; ক্ষিপ্ত।

মিতঙ্গম, পুং. স্ত্রী. [মিতং+গম] হস্তী; (ত্রি.) পরিমিতগামী।

মিতদ্রু, পুং. [মিত+দ্রু] সমুদ্র, জলধি, সাগর।

মিতব্যয়ী, ত্রি [মিত+ব্যয়িন্] পরিমিতব্যয়ী, অল্পব্যয়ী।

মিতভাষী, ত্রি. [মিত+ভাষিন্] অল্পভাষী, সংক্ষেপবক্তা, পরিমিতবাক্য বক্তা।

মিতম্পচ, ত্রি. [মিতং+পচ-অ] কৃপণ, অদাতা, ব্যয়কুণ্ঠ; (ত্রি.) পরিমিত পাককর্ত্তা।

মিতা, (প্রা) বন্ধু, সুহৃৎ, সখা।

মিতাচার, পুং. [মিত+আচার] বিহিতাচার, বিধিবোধিত আচরণ।

মিতাশন, ত্রি. [মিত+অশন] পরিমিতভোজী, অল্পাহারী।

মিতাক্ষরা, স্ত্রী. [মিত+অক্ষর-আ] স্মৃতিগ্রন্থবিশেষ; মৈথিলধর্ম্মশাস্ত্র।

মিতি, ত্রি. [মা+তি] মান, পরিমাণ; বিজ্ঞান; অবচ্ছেদ।

মিত্র, ন. [মিদ্+ত্র] শক্রর পর; বন্ধু, মিতা, তৎপর্য্যায়।—সখা, সুহৃৎ, তচ্চতুর্বিধ, যথা।—সহার্থ, ভজমান, সহজ, কৃত্রিম; (পুং.) সূর্য্য।

মিত্রতা, স্ত্রী. [মিত্র+ত-আ] বন্ধুতা সখ্য, সৌহার্দ্দ। [নামা।

মিত্রনামা, পুং. [মিত্র+নামন্] একনামা, তুল্য

মিত্রবৎসল, ত্রি. [মিত্র+বৎসল] মিত্রপ্রিয়, তৎপর্য্যায়।—মিত্রয়ু।

মিত্রয়ু, ত্রি. [মিত্র+যু] মিত্রবৎসল, মিত্রপ্রিয়; (পুং.) লোকযাত্রিক।

মিত্রযুদ্ধ, ন. [মিত্র+যুদ্ধ] সুহৃজ্জনের সহিত সংগ্রাম, তৎপর্য্যায়।—মৈত্রেয়িকা।

মিত্রলব্ধি, স্ত্রী. [মিত্র+লব্ধি] সুহৃৎপ্রাপ্তি, মিত্রলাভ।

মিত্রলাভ, পুং. [মিত্র+লাভ] সুহৃৎপ্রাপ্তি, বন্ধুলাভ।

মিত্রশাঃ, ত্রি. [মিত্র+শাস্] সুহৃৎশাস্তা, মিত্র-

মিত্রসপ্তমী, স্ত্রী. [মিত্র+সপ্তমী] অগ্রহায়ণ শুক্লাসপ্তমী। [মিত্রপত্নী।
মিত্রা, স্ত্রী. [মিত্র+আ] সুমিত্রা, শত্রুঘ্নজননী;
মিত্রাক্ষর, ন. [মিত্র+অক্ষর] পদের প্রতি-চরণের অন্তে অভিন্ন অক্ষর।
মিত্রোপকার, পুং. [মিত্র+উপকার] মিত্রের উপকার, বন্ধুর সহায়তা।
মিথঃ, ব্য. [মিথ+অস্] অন্যোন্য, পরস্পর; রহঃ, নির্জ্জন, বিরল।
মিথি, পুং. [মিথ+ই] নিমিরাজপুত্র, জনক-রাজা।
মিথিলা, স্ত্রী. [মিথ+ইল-আ] স্বনাম খ্যাত নগরী, জনকরাজপুরী, বিদেহ, ত্রিহুত।
মিথুন, ন. [মিথ+উন] স্ত্রীপুরুষের যুগ্ম, তৎ-পর্য্যায়।—দ্বন্দ্ব; যুগল, যুগ্ম; যুগ; মেষাদি দ্বাদশ রাশ্যন্তর্গত তৃতীয়রাশি, তৎপর্য্যায়।—জিতুম।
মিথ্যা, ব্য. [মিথ+য-অ] অসত্য, মিছা, তৎপর্য্যায়।—মৃষা, বিতথ,অনৃত; অধর্ম্ম পত্নী।
মিথ্যাচার, ত্রি. [মিথ্যা+আচার] কপটাচার, দাম্ভিক।
মিথ্যাদৃষ্টি, স্ত্রী. [মিথ্যা+দৃষ্টি] কর্ম্মফলাপ-বাদক জ্ঞান, (ত্রি.) মিথ্যাবুদ্ধি বিশিষ্ট, তৎপর্য্যায়।—নাস্তিকতা, অসত্য দর্শন।
মিথ্যাধ্যবসিতি, স্ত্রী. [মিথ্যা+অধ্যবসিতি] মিথ্যাধ্যবসায়, অসত্যোৎসাহ, অলীক উৎসাহ।
মিথ্যানিরসন, ন. [মিথ্যা+নিরসন] শপথ, দিব্য।
মিথ্যাপত্তি, স্ত্রী. [মিথ্যা+আপত্তি] মিথ্যা প্রতিবন্ধক, অসত্য দোষ।
মিথ্যাবাদী, ত্রি. [মিথ্যা+বাদিন্]অসত্যবাদী, অনৃতবাদী।
মিথ্যাভিযোগ, পুং. [মিথ্যা+অভিযোগ] মিথ্যাবাদ, অলীক দোষারোপ, অসত্য নালিশ, তৎপর্য্যায়।—অভ্যাখ্যান।
মিথ্যাভিশংসন, ন. [মিথ্যা+অভিশংসন] তুমি স্বর্ণ চুরি করিয়াছ এবম্প্রকার দূষণ
মিথ্যাভিশঙ্কা, স্ত্রী. [মিথ্যা+অভিশঙ্কা] অকা-রণ ভয়, অনর্থক ত্রাস।
মিথ্যাভিশাপ, পুং. [মিথ্যা+অভিশাপ] মিথ্যাপবাদ, মিথ্যা দূষণ বাক্য।
মিথ্যামতি, স্ত্রী. [মিথ্যা+মতি] ভ্রম, ভ্রান্তি; অসত্যবুদ্ধি, মিথ্যাজ্ঞান।
মিথ্যাসাক্ষী, ত্রি. [মিথ্যা+সাক্ষিন্] কুটসাক্ষী, জালসাক্ষী।
মিথ্যোত্তর, ন. [মিথ্যা+উত্তর] চারি প্রকার উত্তরের মধ্যে উত্তরবিশেষ, যথা।—ইহা মিথ্যা, আমি জানি নাই, আমি সে স্থলে থাকি নাই, সেই কালে আমি জন্মাই নাই।
মিনতি, (প্রা) বিনয়, স্তব; প্রার্থনা।
মিম্মিনে, ত্রি. (প্রা) সানুনাসিক বাক্য বিশিষ্ট, খোনা; অমুজ্জ্বল।
মিমণ্ডক্ষু, ত্রি. [মস্জ+উ] স্নানেচ্ছু।
মিয়ানা, (যাং) যানবিশেষ, পাল্কী।
মির্গি, (প্রা) রোগবিশষ, ভ্রমীরোগ।
মিল, (প্রা) সংযোগ; সন্ধি; সম্প্রীতি।
মিলক, (প্রা) সন্ধিকারী, মিলিত হইতে অনু-রাগী; মিসক।
মিলন, (প্রা) একত্র হওন, মিশন,ঐক্যহওন।
মিলান, (হি) একত্রকরান, মিশান; ঘটান; তুল্যকরা।
মিলাপ, (হিং) আলাপ, পরিচয়।
মিলাপী, (প্রা) আলাপী,প্রণয়ী; সংযোগী।
মিলিত, ত্রি. [মিল+ইত] শ্লিষ্ট, সম্বন্ধবিশিষ্ট, যুক্ত, সংলগ্ন।
মিলমিলা (প্রা) রোগবিশেষ; ছাম। [ওন।
মিশন (প্রা) মিশন, একত্র হওন, সংযুক্ত হ-
মিশান (প্রা) মিলন, একত্র করণ,সংযোজন।
মিশাল (প্রা) মিশ্রিত, সংযুক্ত; যোগ।
মিশি, স্ত্রী. [মিশ+ই] মধুরিকা, মৌরি; শতপুষ্পা; জটামাংসী; (প্রা) দন্তশোধন দ্রব্যবিশেষ, মঞ্জন।
মিশী, স্ত্রী. [মিশি+ঈ] জটামাংসী; মধুরিকা, মৌরি; (প্রা)দন্তশোধনদ্রব্যবিশেষ,মঞ্জন।
মিশ্র, ন [মিশ্র+অ] চাণক্যমূলক; মিশ্রিত;

সংযুক্ত; উগ্রাদি সপ্তগণান্তর্গত সপ্তম-গণ, কৃত্তিকা বিশাখা যুক্ত; উপাধি-বিশেষ; দেশবিশেষ।

মিশ্রক, ন. [মিশ্র+ক] দেবোদ্যান, ঔষর-লবণ; (পুং) মিশ্রকারক।

মিশ্রকাবন, ন. [মিশ্রকা+বন] ইন্দ্রের উ-দ্যান, নন্দনবন, কন্দসার।

মিশ্রজ, পুং. [মিশ্র+জন্‌-অ] খেচর, খচর; অশ্বতরাদি।

মিশ্রণ, ন. [মিশ্র+অন] সংযোজন, একত্রী করণ, মিশান।

মিশ্রপুষ্পা, স্ত্রী. [মিশ্র+পুষ্প-আ] মে-থিকা, মেথী।

মিশ্রবর্ণ, ন. [মিশ্র+বর্ণ] কৃষ্ণাগুরু; (ত্রি.) নানাবর্ণ যুক্ত।

মিশ্রবর্ণফলা, স্ত্রী. [মিশ্রবর্ণ+ফল-আ] বার্ত্তাকু, বেগুণ।

মিশ্রব্যবহার, পুং. [মিশ্র+ব্যবহার] কুল-মেল; একত্র ব্যবহার; অঙ্কবিশেষ।

মিশ্রণীয়, ত্রি. [মিশ্র+অনীয়] মিশ্রিত করি-বার যোগ্য, মিশাইবার উপযুক্ত।

মিশ্রশব্দ, পুং. [মিশ্র+শব্দ] অশ্ববিশেষ, খেচর, খচর।

মিশ্রিত, ত্রি. [মিশ্র+ইত] গৌরবিত; মিলিত, সংযোজিত, একত্রিত।

মিশ্রিতভাষা, স্ত্রী. [মিশ্রিত+ভাষা] বিভিন্ন-দেশীয় ভাষার মিলনে উৎপন্না ভাষা।

মিশ্রিতা, স্ত্রী. [মিশ্রিত+আ] নন্দাদি সপ্তধা সংক্রান্তির অন্তর্গত সংক্রান্তি বিশেষ; মিলিতা।

মিশ্রেয়া, স্ত্রী. [মিশ্র+এয়-আ] মধুরিকা, মৌরি; শাকবিশেষ, শতপুষ্পা, শলুকা তৎপর্য্যায়।—তাম্রপর্ণী, তালপর্ণী, মিষি, শালেয়া, শীতশিবা, শালীনা, বনজা, অবাকুপুষ্পী, মধুরিকা, ছত্রা, সংহিত পুষ্পিকা, সুপুষ্পা, সুরসা, বলা, শতা-হ্বা, মধুরা, কারবী, মিসি, অতিচ্ছত্রা, সংহিতচ্ছত্রিকা, সিতচ্ছত্রা।

মিষ, ন. [মিষ+অ] ছল, কাপট্য; (পুং.)

মিষি, স্ত্রী. [মিষ+ই] জটামাংসী; মধুরিকা, মৌরি; শতপুষ্পা, শলুকা; (প্রা) দন্তশোধন বিশেষ, মঞ্জন।

মিষিকা, স্ত্রী. [মিষি+ক-আ] ঔষধি-বিশেষ, জটামাংসী।

মিষ্ট, ত্রি. [মিষ্‌+ত] সিক্ত; স্পর্দ্ধিত; (পু.) মধুর রস, সুস্বাদু, মিঠা।

মিষ্টতা, স্ত্রী. [মিষ্ট+ত-আ] মাধুর্য্য, মধুরতা, মিষ্টরস।

মিষ্টপাক, পুং. [মিষ্ট+পাক] শর্করারস পক্ক ফলাদি, মোরব্বা।

মিষ্টবক্তা (প্রা) মিষ্টবাদী, মিষ্টভাষী।

মিষ্টান্ন, ন. [মিষ্ট+অন্ন] মধুরদ্রব্য, পায়-সাদি; মিঠাই।

মিসরী (বাং) গুড়বিকার, মিছরী।

মিসি, স্ত্রী. [মিস+ই] মধুরিকা, মৌরি; জটা মাংসী; শতপুষ্পা, শলুকা; উশীরী; অজমোদা; (প্রা) দন্তশোধন দ্রব্যবিশেষ, মঞ্জন।

মিসী, স্ত্রী. [মিসি+ঈ] মধুরিকা, মৌরি; জটামাসী; শতপুষ্পা, শলুকা; উশীরী; অজমোদা; (প্রা) দন্তশোধনদ্রব্য, মঞ্জন।

মিহনৎ, (বাং) পরিশ্রম।

মিহিকা, স্ত্রী. [মিহ+ইক-আ] নীহার, হিম, শিশির।

মিহির, পু; [মিহ+ইর] সূর্য্য; অর্কবৃক্ষ, আকন্দগাছ; বৃদ্ধ; মেঘ; বায়ু; চন্দ্র; বিক্র-মাদিত্য রাজার নবরত্নের মধ্যে এক রত্ন বিশেষ।

মিহিরাণ, পুং. [মিহির+অন] শিব, মহা দেব।

মিহীন্‌, (বাং) সূক্ষ্ম।

মীঢ়, ত্রি. [মিহ+ত] মুত্রিত, প্রস্রাবিত।

মীঢ়ুষ্টম, পুং. [মীঢ়ুস্‌+তম] সূর্য্য; মহাদেব; চৌর।

মীঢ়ান্‌, পুং. [মীঢ়+উস্‌] শিব, মহাদেব।

মীন, পুং. [মী+ন] মৎস্য, মাছ; মেষাদি দ্বাদশরাশ্যন্তর্গতশেষরাশি, তৎপর্য্যায়।—অন্ত্যভ; ভগবানের দশাবতারান্তর্গত

মীনকেতন, পুং. [মীন+কেতন] কন্দর্প, মদন, কামদেব।

মীনগোধিকা, স্ত্রী. [মীন+গোধিকা] জলাশয়, সরোবর।

মীনঘাতী, পুং. [মীন+ঘাতিন্] বক, ক্রৌঞ্চপক্ষী; (ত্রি) মৎস্যঘাতক।

মীননেত্রা, স্ত্রী. [মীন+নেত্র-আ] গণ্ডদূর্ব্বা, গাঁটিয়াদূর্ব্বা।

মীনর, পুং [মীন+রা-অ] হারক, হাঙ্গর।

মীনরঙ্ক, পুং. [মীন+রঙ্ক] মৎস্যাশন পক্ষী, মাচরাঙ্গা, মৎস্যরঙ্গ।

মীনা, (বাং) কাচকুপী; নীলরঙ্গ; আকাশ; তুতিয়া।

মীনা, স্ত্রী. [মীন + আ] উষারকন্যা, কশ্যপের স্ত্রী।

মীনাঘাতী. পুং [মীন+আঘাতিন্] কুরুঙ্কর, বক, জালিক।

মীনাণ্ড, ন. [মীন+ অণ্ড] মৎস্যাণ্ড, মাছের ডিম। [চিনী।

মীনাণ্ডী, স্ত্রী. [মীন+অণ্ড-ঈ] শর্করা, মীনাভ্রীণ, পুং. [মীন+আভ্রীণ] দদ্রুরাভ্র; ।

মীনালয়, পুং. [মীন+আলয়] সমুদ্র, সাগর, জলধি; নদ, নদী, সরোবরাদি ।

মীনাক্ষী, স্ত্রী [মীন+অক্ষি-ঈ] মৎস্যাক্ষী, গণ্ডদূর্ব্বা, গাঁটিয়া দূর্ব্বা; কুবের কন্যা।

মীবর, ত্রি. [মী+বর] হিংস্র, হিংসক; সেনানী; পূজ্য।

মীবা, পুং. [মী+বন্] বায়ু; (স্ত্রী.) উদরক্রমি; শীকর, জলবিন্দু, অম্বুকণা।

মীমাংসক, পুং. [মীমাংসা+অক] মীমাংসাশাস্ত্রবেত্তা, তৎপর্য্যায়।—সিদ্ধান্তকারী, নিষ্পত্তিকারী।

মীমাংসনীয়, ত্রি. [মীমাংসা+অনীয়] সিদ্ধান্তনীয়, নিষ্পত্তির যোগ্য।

মীমাংসা, স্ত্রী. [মান্+স-আ] ষড়্দর্শনান্তর্গত দর্শনশাস্ত্রবিশেষ, তৎপর্য্যায়।—বিচারণা; সিদ্ধান্ত; নিষ্পত্তি।

মীমাংসিত, ত্রি. [মীমাংসা + ইত] বিচা-

মীমাংস্য, ত্রি. [মীমাংসা+য] মীমাংসনীয়, নিষ্পত্তিযোগ্য।

মীয়াদ, (বাং) অঙ্গিকার, নির্ব্বাহের সময়।

মীর, (বাং) প্রধানব্যক্তি।

মীরসিকার, (বাং) শশাদন, বাজপক্ষী।

মীর, পুং. [মী+র] সমুদ্র, সাগর; পর্ব্বতের একদেশ; সীমা; পানীয়; (প্রা) মিকটস্থ, (বাং) হজরৎনাম বিশেষ।

মীল, ন. [মীল+অ] বন, কানন অরণ্য।

মীলন, ন. [মীল+অন] পক্ষ্মাবরণ, চক্ষুর আবরণ, চক্ষুর পালট।

মীলিত, ত্রি. [মীল+ইত] অপ্রফুল্ল, তৎপর্য্যায়।—সঙ্কুচিত, নিদ্রাণ, মুদ্রিত।

মু, পুং. [মুচ+উ] বন্ধন, বাঁধা; মহেশ।

মুকদ্দমা, (বাং) ব্যবহরণ; বিচারপক্ষ।

মুকাবিলা, (বাং) অভিমুখে কথন।

মুকন্দক, পুং. [মুকন্দ+অক] সুকন্দক, পলাণ্ড, প্যাঁজ

মুকুটী, পুং. [মুকুট+ইন্] মুকুটধারী

মুকু, পুং. [মুচ+কু] মুক্তি, মোক্ষ, পরিত্রাণ।

মুকুট, ন. [মুক+উট] স্বনামখ্যাত শিরোভূষণবিশেষ, চূড়, তৎপর্য্যায়।—কিরীট, মৌলি, কোটীর, উষ্ণীষ, মকুট, মৌলীক শেখর, অবতংস, বতংস, উত্তংস উষ্ণীষক, কোটীরক। [মটকান।

মুকুটী, স্ত্রী. [মুকুট+ঈ] অঙ্গুলিমোটন,

মুকুন্দ, পুং. [মুকুং+দা-অ] বিষ্ণু; মুক্তিদাতা; নিধিবিশেষ; রত্নবিশেষ; কুন্দুরুবৃক্ষ; কুঁদফুলেরগাছ; পারদ, পারা।

মুকুন্দক, পুং. [মুকুন্দ+ক] সুকন্দক, পলাণ্ড, পাঁজ; ষষ্টিকব্রীহি। [ফুলের গাছ।

মুকুন্দু, পুং. [মুকুন্দ+উ] কুন্দুরুবৃক্ষ, কুঁদ-

মুকুম্ ব্য. [মুক+উম্] নির্ব্বাণ, মুক্তি; ভক্তিরস; প্রেম।

মুকুর, পুং. [মুক+উর] দর্পণ, আর্শি; বকুলবৃক্ষ; কুলালদণ্ড; মল্লিকাপুষ্পবৃক্ষ কুলবৃক্ষ; কোরক, মুকুল, ঈষদ্বিকসিত, কলিকা।

মুকুল, পুং.ন. [মুচ+উল] ঈষদ্বিকসিত

মকুল, পৌটকোরক, কোরক; শরীর; আত্মা।

কুলিত, ত্রি. [মুকুল+ইত] মুকুলোদ্গম, কলিকোৎপত্তি, কুঁড়ীধরণ।

কুষ্ট, পুং. [মুকু+ষ্টৈ-অ] বনমুদ্গ, তৎপর্য্যায় মপষ্ট; মটর।

কুষ্টক-ষ্ঠক, পুং. [মুকুষ্ট+ক] বনমুদ্গ, মুগানী, বনমুগ, তৎপর্য্যায়।—ময়ষ্টক, মুকুষ্ঠ, ময়ষ্ঠ, মপষ্টক, মমুপষ্টক, মকুষ্টক, ময়ুষ্টক।

কুলক, পুং. [মুক+উল-ক] দন্তিবৃক্ষ।

ক্ত, ত্রি. [মুচ+ত] প্রাপ্তমোক্ষ; মোচিত, উদ্ধৃত; নন্দিত।

ক্তক, ন. [মুক্ত+ক] ক্ষেপণীয় অস্ত্রবিশেষ, বড়শা প্রভৃতি শস্ত্র; খোলা।

ক্তকচ্ছ, পুং. [মুক্ত+কাছ] বুদ্ধধর্ম্মাবলম্বী; (ত্রি.) খোলাকাছা।

ক্তকঞ্চুক, পুং.] মুক্ত+কঞ্চুক] অচিরত্যক্তত্বক্‌সর্প, অল্প দিন খোলাস ছাড় সর্প, তৎপর্য্যায়।—নির্ম্মুক্ত; (ত্রি.) উন্মিতকঞ্চুক ধর্ম্মাপরিত্যক্ত।

মুক্তকণ্ঠ. ব্য. [মুক্ত+কণ্ঠ] উচ্চৈঃস্বরেণ, মহানাদেন।

মুক্তকেশী, স্ত্রী. [মুক্ত+কেশ-ঈ] আলুলায়িতকেশা স্ত্রী; কালী, শিবানী।

মুক্তচক্ষুঃ, পুং. [মুক্ত+চক্ষুস্] সিংহ, কেশরী (ত্রি.) মুক্তনেত্র, উন্মীলিত নয়ন।

মুক্তব, (বাং) পুস্তকাগার।

মুক্তরসা, স্ত্রী. [মুক্ত+রস-আ] লতাবিশেষ, রাস্না, (হিং.) রাসনলতা; (ত্রি.) ত্যক্তরস। [বদান্য, দাতা।

মুক্তহস্ত, ত্রি. [মুক্ত+হস্ত] দানশীল,

মুক্তা, স্ত্রী. [মুচ্+ত-আ] রাস্না, রাসনলতা; রত্নবিশেষ, (হি.) মোতি, তৎপর্য্যায়।—মৌক্তিক, সৌম্য, শৌক্তিকেয়, তার, তারা, তৌতিক, অন্তঃসার, শীতল, নীরজ, নক্ষত্র, ইন্দুরত্ন, লক্ষ্মী, লক, মুক্তাফল, বিন্দুফল, মুক্তিকা. মঞ্জর, মঞ্জরি, মঞ্জরী, শৌক্তেয়, শুক্তিজ, হিম, হিমবল, হেমবল, সুধাংশুভ, ভূরুহ, সুধাংশুরত্ন, শৌক্তিক, শুক্তিবীজ, হারী, কুবল।

মুক্তাকলাপ, পুং. [মুক্তা+কলাপ] মুক্তাহার, মুক্তারমালা।

মুক্তাগার, ন. [মুক্তা+আগার] শুক্তি, ঝিনুক, মৌক্তিকগৃহ, মুক্তার ঘর।

মুক্তাদাম, ন. পুং. [মুক্তা+দামন্] মুক্তাহার, মুক্তারমালা।

মুক্তাপুষ্প, পুং. [মুক্তা+পুষ্প] কুন্দপুষ্প, কুঁদফুল।

মুক্তাপ্রসূ, স্ত্রী. [মুক্তা+প্রসূ] শুক্তি, ঝিনুক।

মুক্তাপ্রলম্ব, পুং. [মুক্তা+প্রলম্ব] মুক্তাহার, মুক্তারমালা।

মুক্তাফল, ন. [মুক্তা+ফল] কর্পূর; মৌক্তিক, মুক্তা; লবলীফল, লোঁয়াইড়ফল; বোপদেবকৃত গ্রন্থবিশেষ; আতৃপ্য, আতা।

মুক্তাবলী, স্ত্রী. [মুক্তা+আবলী] মুক্তাহার, মুক্তামালা, মুক্তাশ্রেণী।

মুক্তামুক্ত, ত্রি. [মুক্ত+আমুক্ত] ক্ষিপ্তাক্ষিপ্ত।

মুক্তালতা, স্ত্রী. [মুক্তা+লতা] মুক্তাহার মুক্তাবলী, মুক্তামালা।

মুক্তাস্ফোট, পুং. [মুক্তা+আস্ফোট] শুক্তি।

মুক্তাস্ফোটা, স্ত্রী. [মুক্তা+আস্ফোট-আ] শুক্তি, শম্বুক, ঝিনুক।

মুক্তাহার, ন. [মুক্তা+হার] মুক্তামালা. মতির হার।

মুক্তি, স্ত্রী. [মুচ+তি] আত্যন্তিক দুঃখনিবৃত্তি; নিত্য সুখব্যাপ্তি; শরীর ও ইন্দ্রিয় দ্বারা আত্মার মুক্তত্ব, তৎপর্য্যায়। কৈবল্য, নির্ব্বাণ, শ্রেয়ঃ, নিঃশ্রেয়স, অমৃত, মোক্ষ, অপবর্গ, অপুনর্ভব, স্থির অক্ষর; পঞ্চবিধা মুক্তি যথা।—সার্ষ্টি, সালোক্য, সারূপ্য, সাযুজ্য নির্ব্বাণ।

মুক্তিদ, ন. [মুক্তি+দা-অ] ভগবানের নামবিশেষ, বিষ্ণু, নারায়ণ; (ত্রি.) মুক্তি-

মুক্তিমণ্ডপ, পুং. [মুক্তি+মণ্ডপ] বিশ্বেশ্বরের দক্ষিণ পার্শ্বস্থ মণ্ডপবিশেষ; শ্রীজগন্নাথদেবের মন্দিরের দক্ষিণ পার্শ্বস্থমণ্ডপবিশেষ।

মুক্তিমুক্ত, পুং. [মুক্তি+মুক্ত] শিহ্লক।

মুক্তীচ্ছুক, ত্রি. [মুক্তি+ইচ্ছুক] মুক্তীচ্ছাকারী মুমুক্ষু।

মুক্ত্যভিলাষী, ত্রি. [মুক্তি+অভিলাষিন্] মুমুক্ষু, মুক্তীচ্ছুক।

মুখ, ন. [মুখ্+অ] শরীরের অবয়ববিশেষ, মুখবিবর, তৎপর্য্যায়।—বক্ত্র, আস্য, বদন, তুণ্ড, আনন, লপন; নিঃসরণ; গৃহের নিষ্ক্রমণ প্রবেশনপথ, গৃহাদির দ্বারপ্রবেশ; হট্টমণ্ডপাদিরপ্রদেশ নির্গম; গৃহাঙ্গনাদির নিঃসরণ পথ; প্রারম্ভ; উপায়; সন্ধিবিশেষ; নাটকাদির শব্দ; আদ্য;প্রধান; শব্দ; নাটক; বেদ; (পুং) ডহু, লকুচ, লিকুচ, ডেউয়া।

মুখকটু, ত্রি. [মুখ+কটু] মুখর; দুর্ম্মুখ; নিন্দক। [প্যাঁজ।

মুখগন্ধক, পুং. [মুখ+গন্ধক] পলাণ্ডু,

মুখঘণ্টা, স্ত্রী. [মুখ+ঘণ্টা] হুলহুলী, ধ্বনি। [শেষ।

মুখচপলা, স্ত্রী. [মুখ+চপলা] ছন্দোবি-

মুখচারী, স্ত্রী. [মুখ+চীর+ঈ] জিহ্বা, রসনা, জিব্।

মুখচোরা, (প্রা) লজ্জাশীল, লাজুক, সভাক্ষুব্ধ।

মুখছোব, (প্রা) মুখচোরা।

মুখ্তার্, (যাং) কর্ম্মচারীবিশেষ।

মুখ্তারনামা, (যাং) লিখন, দলিল দ্বারা অন্যাকে অধিকার দত্ত।

মুখজ, পুং. [মুখ+জন্-অ] ব্রাহ্মণ; (ত্রি) মুখজাত, মুখ হইতে উৎপন্ন

মুখতস্, অ. [মুখ+তস্] মুখহইতে।

মুখতীয়, ত্রি. [মুখতস্+ঈয়] মুখসম্বন্ধীয়

মুখদুষ্টা স্ত্রী. [মুখ+দুষ্টা] কুদলিরাস্ত্রী, কটুভাষিণী।

মুখদূষণ, পুং. [মুখ+দূষণ] পলাণ্ডু,

মুখদূষিকা, স্ত্রী. [মুখ+দূষিকা] মুখজাত ক্ষুদ্ররোগ বিশেষ, বয়সকোড়া।

মুখদোষিণী স্ত্রী. [মুখ+দোষিন-ঈ] ডাকিনী ডাইন। [দুর্ম্মুখ।

মুখদোষী, ত্রি. [মুখ+দোষিন্] কটুভাষী

মুখধাবন, ন. [মুখ+ধাবন] মুখপ্রক্ষালন, মুখধোয়া।

মোটা, (হি) বলা; স্থূল; পীবর, মাংসল।
মোটামোটি, (প্রা) সামান্যতঃ, যেমনতেমন অবিশেষ।
মোট্টায়িত, ন. [মোট্টায়+ইত] স্ত্রীদিগের স্বাভাবিক দশবিধ অলঙ্কারের মধ্যে অলঙ্কারবিশেষ।
মোড়, (প্রা) বক্র, বাঁক; পশুরন্তন।
মোড়ক, (প্রা) আচ্ছাদন, আবরণ।
মোড়ন, (প্রা) আচ্ছাদন; বক্রকরণ, বাঁকান।
মোড়া, (প্রা) আসনবিশেষ, মাচিয়া; আবরণ।
মোড়ান, (প্রা) জড়ান, বেষ্টন, দুমড়ান।
মোণ, পুং. [মু+ণ] শুষ্কফল; নক্র, কুম্ভীর; মক্ষিকা, মাছী; সর্পকরণ্ড।
মোদ, পুং. [মুদ + অ] হর্ষ, আহ্লাদ, আনন্দ।
মোদক, পুং. ন. [মুদ+অক] খাদ্যবিশেষ, মোয়া; গুড়; যবাসশর্করা; শর্করাসিদ্ধিদ্বারা পক্ক ঔষধবিশেষ; (ত্রি.) হর্ষক, হর্ষবিশিষ্ট; (পুং.) বর্ণসঙ্করজাতিবিশেষ, ময়রা, শূদ্রানারগর্ভে ক্ষত্রিয়হইতে জাত।
মোদন, ন. [মুদ+অন] শিকৃথক, মোম; হর্ষ, আহ্লাদ; মুদ্রিত, বুজান।
মোদমোদিনী, স্ত্রী. [মোদ + মোদিন-ঈ] জম্বু, জাম।
মোদয়ন্তী, স্ত্রী. [মোদি+অৎ-ঈ] নবমল্লিকা, কাঠমল্লিকা।
মোদা, স্ত্রী. [মুদ্+অ-আ] অজমোদা, যবানিকা, যওন; মুদ্রিত, রুদ্ধ, বদ্ধ।
মোদাখ্য, পুং. [মোদ+আখ্য] আম্রবৃক্ষ, আঁমগাছ।
মোদাঢ্যা, স্ত্রী. [মোদ+আঢ্য-আ] অজমোদা, যবানিকা, যত্তন; হর্ষযুক্ত আনন্দ পূর্ণা।
মোদিত. ত্রি; [মুদ্+ইত] হর্ষযুক্ত, আহ্লাদিত।
মোদিনী, স্ত্রী. [মুদ্+ইন্-ঈ] অজমোদা, যবানিকা, যওন; মল্লিকা; যূথিকা, যুঁইফুল; কস্তুরী; মদিরা, মদ; মল্লিকাপুষ্পবিশেষ, তৎপর্য্যায়।—বটপত্রী, কুমারিকা, বৃত্তমল্লিকা।
মোদী, ত্রি. [মুদ্+ইন্] আমোদকারী, হর্ষযুক্ত; (হি) বিক্রয়কারী, দোকানী।
মোন, (বাং) চল্লিশসের /৪০ পরিমাণ।
মোনা, (প্রা) মুষল, ঢেঁকীর মুদ্গর।
মোনী, (প্রা) নৌকারপরিমাণ বিশেষ।
মোম, (বাং) শিকৃথক, মৌচাকজাত বস্তু।
মোমজামা, (বাং) মোমযুক্ত বস্ত্র, মোমঢাল।
মোমঢাল, (প্রা) মোমযুক্তবস্ত্র, মোমলাগান কাপড়।
মোরচঙ্গ, (প্রা) পুষ্পরসহারি পক্ষিবিশেষ।
মোরট, ন. [মুর+অট] ইক্ষুমূল; অঙ্কোঠ বৃক্ষ, আকোঠগাছ; (পুং) লতাবিশেষ, ক্ষীরমোরটা, তৎপর্য্যায়।—কর্ণপুষ্প, ক্ষীরপুষ্প, পীলুপত্র, পীলুপুত্র, মধুস্রব, ঘনমূল, দীর্ঘমূল, পুরুষ, ক্ষীরমোরট, আখরোট। [কেরমূল।
মোরটক, ন. [মোরট+ক] ইক্ষুমূল, আভি-
মোরটা, স্ত্রী. [মোরট+আ] মূর্ব্বা, তৃণ, মুঞ্জ।
মোষক, পুং. [মুষ + অক] তস্কর, চৌর, ঠক; বঞ্চক।
মোষণ, ন. [মুষ+অন] লুণ্ঠন, অপহরণ, ছেদন, বধ।
মোষিতা, ত্রি. [মুষি+তৃ] মোষণকর্ত্তা, চৌর, দস্যু, অপহারক।
মোহ, পুং. [মুহ + অ] মূর্চ্ছা, অচৈতন্য; অবিদ্যা, অজ্ঞান; দুঃখ; দেহাদিতে আত্মবুদ্ধি; ধর্ম্মবিমূঢ়ত্ব।
মোহগত, ত্রি. [মোহ+গত] মোহপ্রাপ্ত, মুগ্ধ, অজ্ঞান।
মোহজনক ত্রি. [মোহ+জনক] মোহকারক, অচৈতন্যকারক, অজ্ঞানজনক।
মোহন, ন. [মুহ + অন] সুরত, স্ত্রীসঙ্গম; হোমমন্ত্রৌষধাদি দ্বারা মুগ্ধতা করণ; (পুং) ধুস্তুরবৃক্ষ, ধুতুরাগাছ; কামদেবের পঞ্চবাণান্তর্গত বাণবিশেষ; (ত্রি) মোহকারক, মোহজনক।
মোহনভোগ, পুং. [মোহন+ভোগ] সম্মিতা

মোহনা, স্ত্রী. [মুহ+অন-আ] ত্রিপুরমালীপুষ্প; মরুম্মালা, বাতসমূহ।

মোহনী, স্ত্রী. [মুহ+অন-ঈ] উপোদকী; বটপত্রী; অচৈতন্যকারিণী; মায়াবিশেষ, কুহকে, ভেল্কী।

মোহনীয়, ত্রি. [মুহ+অনীয়] মুগ্ধকরণীয়, মুহ্য।

মোহন্ত, (প্রা) উদাসীন, সন্ন্যাসী।

মোহপ্রাপ্ত, ত্রি. [মোহ+প্রাপ্ত] মোহিত, মুগ্ধ, অজ্ঞান।

মোহর, (প্রা) স্বর্ণমুদ্রা ; নামাঙ্কিত মুদ্রা।

মোহরাত্রি, স্ত্রী. [মোহ+রাত্রি] দৈনন্দিন প্রলয়; অপর ব্রহ্মার পঞ্চাশৎ অব্দগতে যে প্রলয়হয় ;জন্মাষ্টমী রাত্রি। [গ্রন্থ।

মোহশাস্ত্র, ন. [মোহ+শাস্ত্র] অবিদ্যাজনক

মোহিত, ত্রি. [মুহ+ত] মুগ্ধ ; অজ্ঞান, অচেতন।

মোহিনী, স্ত্রী. [মুহ+ইন্-ঈ] ত্রিপুরমালী পুষ্প; সমুদ্রমন্থনকালীন দেবতাদিগের অমৃত পান নিমিত্ত ও অসুরদিগের মোহের নিমিত্ত ভগবানের অবতারবিশেষ; স্বর্গবেশ্যাবিশেষ।

মোহী, ত্রি. [মুহ+ইন্] মোহবিশিষ্ট, মুগ্ধ, অজ্ঞান।

মোক্ষ, পুং. [মোক্ষ+অ] মুক্তি, নির্ব্বাণ; পাটলিবৃক্ষ; মোচন; মৃত্যু।

মোক্ষক, পুং. [মোক্ষ+ক] মুষ্ককবৃক্ষ।

মোক্ষণ, ন. [মোক্ষ+অন্] নির্ব্বাণপ্রাপ্তি; মোচন, ত্যাগকরণ।

মোক্ষোপায়, পুং. [মোক্ষ+উপায়] মুক্তিসাধন, নির্ব্বাণ মুক্তির উপায়, যথা — তপস্যা, শমাদি, যোগ, জ্ঞান।

মৌ, (প্রা) পুষ্পরস, মকরন্দ, পুষ্পাসব।

মৌআলু, (প্রা) আলুবিশেষ।

মৌকুলি, পুং. [মুকুল+ই] কাক, বায়স।

মৌক্তিক, ন. [মুক্তা+ইক] মুক্তা, মতি।

মৌক্তিকতণ্ডুল, পুং. [মৌক্তিক+তণ্ডুল] ধবল যাবনাল।

মৌক্তিকপ্রসবা, স্ত্রী. [মৌক্তিক+প্রসব-আ]

মৌক্তিকশুক্তি, স্ত্রী. [মৌক্তিক+শুক্তি] শুক্তি, মুক্তারঝিনুক।

মৌখ, ত্রি. [মুখ+অ] মুখসম্বন্ধীয় ; মুখসম্বন্ধাধীন পাপ, অভক্ষভক্ষণরূপ।

মৌখর্য্য, ন. [মুখর+য] মুখরত্ব, মুখরতা, বাচালতা।

মৌখিক, ত্রি.[মুখ+ইক]মুখসম্বন্ধীয়; মুখস্থ; কাল্পনিক; বাহ্যিক

মৌচাক, (প্রা) মধুমক্ষিকা কৃত মধুচক্র।

মৌঞ্জী, স্ত্রী. [মুঞ্জ+অ-ঈ] মুঞ্জনির্ম্মিত মেখলা, শরপত্র নির্ম্মিত মেখলা।

মৌঞ্জীতৃণাখ্য, পুং. [মৌঞ্জী+তৃণ-আখ্যা] মুঞ্জ তৃণবিশেষ।

মৌঞ্জীপত্রা, স্ত্রী. [মৌঞ্জী+পত্র-আ] বল্বজা।

মৌঞ্জীবন্ধ, পুং. [মৌঞ্জী+বন্ধ] মুঞ্জমেখলা বন্ধন, উপনীত

মৌঢ্য, ন. [মূঢ+য] মোহযুক্ত, অচৈতন্য; মূঢ়তা, মূর্খতা

মৌৎ, (যাং) মৃত্যু।

মৌতদ্, (যাং) ব্যবহার, অভ্যাস।

মৌদ্গল্য, পুং. [মুদ্গল+য] মুদ্গল মুনিপুত্র, গোত্রকারক মুনি।

মৌদ্গালি, পুং. [মুদ্গল+ই] কাক, বায়স।

মৌদ্গীন, ন. [মুদ্গ+ইন্] মুদ্গভব উচিত ক্ষেত্র।

মৌন, ন. [মুনি+অ] শব্দপ্রয়োগরাহিত্য, চুপকরে থাকা, তৎপর্য্যায়।—অভাষণ, তুষ্ণী, তুষ্ণীকা, অকথন, তুষ্ণীম্ভাব।

মৌনব্রত, ত্রি. [মৌন+ব্রত] অভাষণ, নীরব হইয়া স্থিতিকরণ।

মৌনসম্মতি, (প্রা) অকথনপ্রযুক্ত অনুমতি।

মৌনী, পুং. [মৌন+ইন্] মুনি; (ত্রি.) মৌনযুক্ত, তুষ্ণীম্ভূত, মৌনবিশিষ্ট

মৌনে, (প্রা) নিঃশব্দে, নীরবে।

মৌনেয়, পুং. [মুনি+এয়] গন্ধর্ব্বগণবিশেষ।

মৌমাছী, (প্রা) মধুমক্ষিকা।

মৌরছল, (প্রা) ময়ূরপুচ্ছে নির্ম্মিত ব্যজনবিশেষ

মৌরজিক, ত্রি. [মুরজ+ইক] মুরজবাদক,

মৌরী, (প্রা) বনিক দ্রব্যবিশেষ, মহুরী, মউরী।

মৌরূস্, (যাঃ) পারম্পরীয়।

মৌরূসীপাট্টা, (যাঃ) পারম্পরীয় দখলকরী পাট্টা

মৌর্খ্য, ন. [মূর্খ+য] জাড্য, মূর্খতা, অনভিজ্ঞতা।

মৌর্খ্যনাশক, ত্রি. [মৌর্খ্য+নাশক] যাহাতে মূর্খত্বধ্বংস হয়, শাস্ত্রাধ্যয়নাদি।

মৌর্ব্বী, [মূর্ব্বা+অ-ঈ] ধনুর্গুণ, ধনুকের ছিলা; অগ্রশৃঙ্গী, কোঁগা।

মৌল, পুং. [মূল+অ] ভূম্যাদির মূলজাতা, মোড়ল; মুকুল।

মৌলি, পুং. স্ত্রী. [মূল+ই] চূড়া. কিরীট; সংযত কেশ; মস্তক; (পুং.) অশোকবৃক্ষ; (স্ত্রী.) ভূমি, পৃথ্বী।

মৌলিক, পুং. [মূল+ইক] কুলীনভিন্ন, অকুলীন, বংশজ; (ত্রি.) মূলসম্বন্ধীয়; মৌলসম্বন্ধীয়।

মৌলী, স্ত্রী. [মৌল+ঈ] পৃথিবী, অবনী, ধরণী।

মৌষল, ন. [মুষল+অ] মুষলবৎ, মুষলের ন্যায়; মহাভারতের অষ্টাদশ পর্ব্বান্তর্গত পর্ব্ববিশেষ; (ত্র.) মুষল সম্বন্ধীয়।

মৌষ্টা, স্ত্রী. [মুষ্টি+অ-আ] মুষ্টিপ্রহরণ ক্রীড়া, পরিহাসপূর্ব্বক কীলমারা।

মৌসিম্, (যাঃ) সময়।

মৌসিল, (যাঃ) দণ্ডধারক, আসেক্কা।

মৌহূর্ত্ত, পুং. [মুহূর্ত্ত+অ] জ্যোতির্ব্বেত্তা, জ্যোতিজ্ঞ, দৈবজ্ঞ, গণক মুহূর্ত্তসম্বন্ধীয়।

মৌহূর্ত্তিক, পুং. [মুহূর্ত্ত+ইক] জ্যোতির্ব্বেত্তা, জ্যোতিজ্ঞ; দৈবজ্ঞ, গণক।

ম্রদিমা, পুং. [মৃদু+ইমন্] মৃদুতা; কোমলতা; নম্রতা।

ম্রদিষ্ঠ, ত্রি. [মৃদু+ইষ্ঠ] অতিশয় মৃদু; অতিশয় কোমল।

ম্রদীয়ান্, ত্রি. [মৃদু+ঈয়স্] অতিশয় মৃদু; অতিশয় কোমল

ম্রক্ষ, পুং. [ম্রক্ষ+অ] স্বদোষগূহণ, আত্মদোষকে গোপন করা।

ম্রক্ষণ, ন. [ম্রক্ষ+অন] তৈল; দ্রব্যান্তরের সহিত দ্রব্যের সংযোগ, মাখা।

ম্রাতন, ন. [ম্রা+তন] কেবর্ত্তীমুস্তক, কেউটিয়া মুতা।

ম্রিয়মাণ, ত্রি. [মৃ+আন] মৃতকল্প, অবসন্ন, মৃত্যু তুল্য।

ম্লক্ত, ন. [ম্লচ+ত] চোরিত, মোষিক, অপহারিত।

ম্লান, ন. [ম্লৈ+ত] মলিন; শুষ্ক, বিরস; মুখড়ান; বিষণ্ণ, খেদযুক্ত।

ম্লানতা, স্ত্রী. [ম্লান+ত-আ] ম্লানভাব, বিষণ্ণতা, অবসন্নতা। [মুখ।

ম্লানবদন, ন. [ম্লান+বদন] মলিনাস্য, বিষণ্ণ

ম্লানমুখ, ন. [ম্লান+মুখ] মলিনাস্য, বিষণ্ণবদন। [মলিনতা।

ম্লানি, স্ত্রী. [ম্লৈ+নি] কান্তিক্ষয়, বিষাদ,

ম্লিষ্ট, ন. [ম্লেচ্ছ+ত] অস্পষ্ট বাক্য, তৎপর্য্যায়।—অবিস্পষ্ট; (ত্রি.) অব্যক্ত বাক্; ম্লান।

ম্লেচ্ছ, ন. [ম্লেচ্ছ+অ] হিঙ্গুল; (পুং.) কিরাত শবর পুলিন্দাদি জাতি; পামরবিশেষ, নীচ; পাপরত; অপভাষণ।

ম্লেচ্ছকন্দ, ত্রি. [ম্লেচ্ছ+কন্দ] লশুন, রসুন, পেঁয়াজ।

ম্লেচ্ছজাতি, ত্রি. [ম্লেচ্ছ+জাতি] গোমাংস খাদক বহুবিরুদ্ধ ভাষক সর্ব্বাচার হীনবর্ণ, বেদাচার হীনজাতি

ম্লেচ্ছদেশ, পুং. [ম্লেচ্ছ+দেশ] চাতুর্ব্বর্ণ্য ব্যবস্থাদিরহিত স্থান, তৎপর্য্যায়।—প্রত্যন্ত।

ম্লেচ্ছভোজন, ন. [ম্লেচ্ছ+ভোজন] যাবক; (পুং.) গোধূম, গম।

ম্লেচ্ছমণ্ডল, ন. [ম্লেচ্ছ+মণ্ডল] ম্লেচ্ছদেশ, অন্ত্যজজাতির দেশ।

ম্লেচ্ছমুখ, ন. [ম্লেচ্ছ+মুখ] তাম্র, তাঁমা।

ম্লেচ্ছাশ, পুং. [ম্লেচ্ছ+অশ] ম্লেচ্ছভোজন, গোধূম, গম; অবৈধ মদ্যমাংসাদি।

ম্লেচ্ছাস্য, ন. [ম্লেচ্ছ+আস্য] তাম্র, তাঁমা।

ম্লেচ্ছিত, ন. [ম্লেচ্ছ+ইত] ম্লেচ্ছভাষা, অপশব্দ, তৎপর্য্যায়।—পরভাষা।

য অন্তঃস্থ যকার, ষড়্‌বিংশ বর্ণ, ইহার উচ্চারণস্থান তালু. অস্য নামানি যথা।—বাণী; বসুধা; বায়ুঃ; বিকৃতি; পুরুষোত্তম;যুগান্ত; শ্বসন; শীঘ্র; ধূমার্চ্চি; প্রাণিসেবক; শঙ্খাভ্রমো; জটী; লোলা; বায়ুবেগী; যশস্করী; সঙ্কর্ষণ; ক্ষপা; বালো; হৃদয়; কপিলপ্রভা; আগ্নেয়ো; ব্যাপকঃ;ত্যাগ; হোম; যান; প্রমা; সুখ; চণ্ড; সর্ব্বেশ্বরী; ধূম; চামুণ্ডা; সুমুখেশ্বরী; ত্বগাত্মা; মলয়ো; মাতা; হংসিনী; ভৃঙ্গিনায়ক; তেনম; শোষকো; মীনো; ধনিষ্ঠানঙ্গবাদিনী; মেষ্ঠ; সোম; পংক্তিনামা; পাপহা; প্রাণসংজ্ঞক।

য, পুং. [যা+অ] বায়ু; যশঃকীর্ত্তি; যোগ; যান; যাতা, গমনকর্ত্তা; সর্ব্বনাম, যদ্‌শব্দার্থ।

যক, ত্রি. [যদ্+ক] যে, যদ্‌শব্দের প্রথমার একবচনার্থ; যক্ষ, কুবেরের, ধনরক্ষক।

যকৃৎ, ন. [য+কৃৎ] কুক্ষির দক্ষিণভাগস্থ মাংসখণ্ড, তৎপর্য্যায়।—কালখণ্ড, কালখঞ্জ, কালেয়, কালক, করণ্ডা; মহাস্নায়ু।

যকৃদাত্মিকা, স্ত্রী. [যকৃৎ+আত্মিকা] তৈলপায়িকা, তেলাপোকা, আরশুলা

যকৃদ্বৈরী, পুং. [যকৃৎ+বৈরিন্] রোহিতকবৃক্ষ।

যখন, (প্র) যে সময়ে, যৎকালে।

যচ্ছন্, ত্রি. [দান্+অৎ] দানকর্ত্তা; উপরমকর্ত্তা।

যজত, পুং. [যজ+অত] ঋত্বিক্, পুরোহিত।

যজতি, স্ত্রী. [যজ্+তি] যাগ, যজ্ঞ, মখ, যজন।

যজত্র, পুং. [যজ+অত্র] অগ্নিহোত্রী, যাবজ্জীবন অগ্নি রক্ষণপূর্ব্বক নিত্য হোমকারী

যজন, ন. [যজ্+অন] যাগ, ব্রাহ্মণের ষট-

যজৎ, পুং. [যজ্+অৎ] যাগকর্ত্তা।

যজন্ত, পুং. [যজ্+অন্ত] যাগকর্ত্তা।

যজমান, পুং. [যজ্+আন] যাগাদির অনুষ্ঠান কর্ত্তা, তৎপর্য্যায়।—ব্রতী, যষ্টা।

যজাক. ত্রি. [যজ্+আক] দানকর্ত্তা, দাতা।

যজি, পুং. [যজ+ই] যষ্টা, যাগকর্ত্তা।

যজুঃ, ন. [যজ+উস্] বেদবিশেষ, যজুর্ব্বেদ।

যজুর্ব্বেদ, পুং. [যজুস্+বেদ] বেদবিশেষ, দ্বিতীয় বেদ।

যজুর্ব্বেদী, ত্রি. [যজুস্+বেদিন্] যজুর্ব্বেদবেত্তা, যজুর্মতে কর্ম্মকারী।

যজ্ঞ, পুং. [যজ্+ন] যাহাতে হবির্দান করা যায়, তৎপর্য্যায়।—সব, অধ্বর, যাগ, সপ্তন্তু, মখ. ক্রতু. ইষ্টি, ইষ্ট, বিতান; মন্যু, আহব, সবন, হব, অভিষব, হোম, হবন, মহঃ; তন্নামানি যথা।—বেণ, অধ্বর, মেধ. বিদথ, নার্য্য, সবন, হোত্রা, ইষ্টি, দেবতাতি, মখ, বিষ্ণু, ইন্দু, প্রজাপতি, ধর্ম্ম।

যজ্ঞকুণ্ড, পুং. [যজ্ঞ+কুণ্ড] যাগার্থ চতুষ্কোণ গর্ত্তবিশেষ। [কারী

যজ্ঞকৃৎ, পুং. [যজ্ঞ+কৃৎ] যাগকর্ত্তা, হোম-

যজ্ঞদ্রুক্ পুং. [যজ্ঞ+দ্রুহ্] রাক্ষস।

যজ্ঞপশু, পুং. [যজ্ঞ+পশু] ঘোটক, ঘোড়া; অজা, ছাগ।

যজ্ঞপুরুষ, পুং. [যজ্ঞ+পুরুষ] বিষ্ণু, নারায়ণ।

যজ্ঞবল্লী, স্ত্রী. [যজ্ঞ+বল্লী] সোমবল্লী, সোমলতা। [অবতার।

যজ্ঞবরাহ, পুং. [যজ্ঞ+বরাহ] বিষ্ণুর বরাহ

যজ্ঞবাট, পুং. [যজ্ঞ+বাট] যজ্ঞস্থান, যাগ ভূমি।

যজ্ঞবৃক্ষ, পুং. [যজ্ঞ+বৃক্ষ] বটবৃক্ষ।

যজ্ঞবেদী, পুং. [যজ্ঞ+বেদিন্] যাগার্থ পরিষ্কৃত ভূমি।

যজ্ঞভাজন, ন. [যজ্ঞ+ভাজন] যজ্ঞপাত্র।

যজ্ঞভূমি, স্ত্রী. [যজ্ঞ+ভূমি] যাগস্থান, শালা।

যজ্ঞভূষণ, ন. [যজ্ঞ+ভূষণ] শ্বেতদর্ভ।

যজ্ঞযোগ্য, পুং. [যজ্ঞ+যোগ্য] উডুম্বরবৃক্ষ,

যজ্ঞশালা, স্ত্রী. [যজ্ঞ+শালা] যাগগৃহ, যাগস্থান

যজ্ঞশ্রেষ্ঠা, স্ত্রী. [যজ্ঞ+শ্রেষ্ঠ-আ] সোমবল্লী, সোমলতা

যজ্ঞসাধন, পুং. [যজ্ঞ+সাধন] বিষ্ণু, নারায়ণ।

যজ্ঞসার, পুং. [যজ্ঞ+সার] যজ্ঞোডুম্বরবৃক্ষ, যজ্ঞডুম্বুর গাছ।

যজ্ঞসূত্র, ন. [যজ্ঞ+সূত্র] যজ্ঞোপবীত, পৈতা। [স্থান।

যজ্ঞস্থান, ন. [যজ্ঞ+স্থান] যজ্ঞবাট, যাগ-

যজ্ঞাঙ্গ, পুং. [যজ্ঞ+অঙ্গ] উডুম্বর, যজ্ঞডুম্বুরগাছ; খদিরবৃক্ষ; ব্রাহ্মণযষ্টিকা, বামনহাটী গাছ; (ন.) যজ্ঞের অবয়ব।

যজ্ঞাঙ্গা, স্ত্রী. [যজ্ঞ + অঙ্গ-আ] সোমবল্লী, সোমলতা।

যজ্ঞান্ত, পুং. [যজ্ঞ+অন্ত] অবভৃথ স্নান; যাগশেষ।

যজ্ঞারি, পুং. [যজ্ঞ+অরি] শিব; রাক্ষস।

যজ্ঞিক, পুং. [যজ্ঞ+ইক] পলাশবৃক্ষ; যাগসংক্রান্ত।

যজ্ঞিয়, ত্রি. [যজ্ঞ+ইয়] যজ্ঞকর্ম্মার্হ, যাগকর্ম্মের উপযুক্ত; যজ্ঞের নিমিত্ত হিতকর্ম্ম; (পুং.) দ্বাপরযুগ।

যজ্ঞিয়দেশ, পুং. [যজ্ঞিয়+দেশ] যাগকরণোপযুক্ত দেশ

যজ্ঞিয়শালা, স্ত্রী. [যজ্ঞিয়+শালা] যাগমণ্ডপ, যাগশালা।

যজ্ঞীয়, পুং. [যজ্ঞ+ঈয়] উডুম্বরবৃক্ষ, যজ্ঞডুম্বর গাছ; (ত্রি.) যাগসম্বন্ধীয়।

যজ্ঞীয়ব্রহ্মপাদপ, পুং. [যজ্ঞীয়+ব্রহ্মন্-পাদপ] বিকঙ্কত বৃক্ষ।

যজ্ঞেশ্বর, পুং. [যজ্ঞ+ঈশ্বর] বিষ্ণু, নারায়ণ।

যজ্ঞেষ্ট, ন. [যজ্ঞ+ইষ্ট] দীর্ঘরোহিতক তৃণ।

যজ্ঞোডুম্বর, পুং. [যজ্ঞ+উডুম্বর] উডুম্বরবৃক্ষ, যজ্ঞডুম্বুর, তৎপর্য্যায়।—হেমদুগ্ধী, যজ্ঞফল, যজ্ঞাঙ্গ, হেমদুগ্ধক, উডুম্বর, জন্তুফল।

যজ্ঞোপবীত, ন. [যজ্ঞ+উপবীত] যজ্ঞসূত্র, পৈতা, তৎপর্য্যায়।—পবিত্র, ব্রহ্মসূত্র, দ্বিজায়নী।

যজ্যু, পুং. [যজ্+উ] যজুর্ব্বেদবেত্তাব্রাহ্মণ; যজমান।

যজ্বা, পুং. [যজ্+বন্] বিধিপূর্ব্বকযাগকর্ত্তা, বেদবিধান দ্বারা কৃত যাগ। [বিধু।

যজ্বনাম্পতি, পুং. [যজ্বনাম্+পতি] চন্দ্র,

যড়, (প্রা) সঞ্চিত, একত্রীকৃত; স্পন্দনহীন।

যড়াও, (প্রা) মণ্ডিত, খচিত, একত্রকরা।

যড়ান, (প্রা) কুড়ান, গুটান, একত্রকরণ।

যড়িত, (প্রা) একত্রীকৃত; খচিত, মণ্ডিত।

যৎ, বা. [যদ্+ত] হেতু, কারণ; (ত্রি.) বুদ্ধিস্থতার উপলক্ষিত ধর্ম্মাবশেষ, যে।

যতঃ, ব্য. [যদ্+তস্] যেহেতু, যাহাহইতে।

যতকাল, (প্রা) যে পর্য্যন্ত, যাবৎ।

যতন, (প্রা) যত্ন, চেষ্টা, উদ্যোগ।

যতবার, (প্রা) যতসংখ্যা, যবার।

যতম, ত্রি. [যদ্+তম] বহুমধ্যে নির্দ্ধারিত এক, ইহারদিগের মধ্যে এক

যতর, ত্রি. [যদ্+তর] দুয়ের মধ্যে নির্দ্ধারিত এক; অপরের মধ্যে এক।

যতি, পুং. [যম্+তি] নির্জ্জিত ইন্দ্রিয়সমূহ, তৎপর্য্যায়।—যতী, ভিক্ষু, সংন্যাসিক, কর্ম্মন্দী, রক্তবসন, পরিব্রাজক, তাপস, পরাশরী, পরিকাঙ্ক্ষী, মস্করী, পারিরক্ষক; নিকার; বিরতি; (ত্রি.) বহুবচনান্ত যদ্শব্দার্থ; যতগুলি, (স্ত্রী.) পাঠবিচ্ছেদ; বিধবা; রাগ; সন্ধি, জিহ্বার ইষ্ট বিশ্রামস্থান; বাদ্যের অঙ্গ প্রবন্ধবিশেষ।

যতিচান্দ্রায়ণ, ন. [যতি+চান্দ্রায়ণ] ব্রতবিশেষ। [যোগ্য।

যতিতব্য, ত্রি. [যত+ইতব্য] যতনীয়, যত্ন-

যতিনী, স্ত্রী. [যত+ইন্-ঈ] বিধবা, জানিকা, রণ্ডা, বিশ্বস্তা, যতি, রাঁড়।

যতিমৈথুন, ন. [যতি+মৈথুন] যতি গোপ্যরতি, তৎপর্য্যায়।—খঞ্জনরত।

যতী, স্ত্রী. [যত+ইন্] বিধবা, রণ্ডা, রাঁড়; (পুং.) যতি, জিতেন্দ্রিয়।

যতুক, (প্রা) শরীরের চিহ্নবিশেষ।

যতুকা, স্ত্রী. [যত+উক-আ] বৃক্ষবিশেষ, জননী, রজনীবৃক্ষ। [বৃক্ষ।

যতূকা, স্ত্রী. [যত+উক] বৃক্ষবিশেষ, রজনী

যতেক,(প্রা) যে সময়ে, যেকালে যে পরিমাণ
যৎকিঞ্চিৎ, (প্রা) কিয়ৎ পরিমাণ, কিছু।
যত্ন, পুং. [যত্‌+ন] রূপাদি চতুর্ব্বিংশতি গুণান্তর্গত গুণবিশেষ, তত্রিবিধ যথা।— প্রবৃত্তি, নিবৃত্তি,জীবনযোনি; উদ্যোগ, প্রয়াস।
যত্নবান্, ত্রি. [যত্ন+বৎ] যত্নবিশিষ্ট, উদ্যোগী, সচেষ্ট।
যত্যাচার, পুং. [যতি+আচার] যতিবৎ ব্যবহার, শুদ্ধাচার।
যত্র, ব্য. [যৎ+ত্র] যস্মিন্, যেখানে, যে স্থলে, যাহাতে।
যত্রতত্র, ব্য. [যেখানে যেখানে, যথা তথা।
যৎসামান্য, (প্রা) সাধারণ, হেয়, তুচ্ছ।
যথা, ব্য. [যৎ+থা] সাদৃশ্য, সাম্য, যেমন, তৎপর্য্যায়।—বৎ, বা, তথা, এব, এবং, ইব।
যথাকথঞ্চিৎ, ব্য. [যথা+কথঞ্চিৎ] যে কোন রূপে, যে কোন প্রকারে; কষ্টসৃষ্টে।
যথাকাম, ন. [যথা+কামন্] যথাভিলাষ, যেমন ইচ্ছা।
যথাকামী, ত্রি. [যথা+কামিন্] স্বেচ্ছাচারী; তৎপর্য্যায়।—স্বরুচি, স্বচ্ছন্দ, স্বৈরী, অপাবৃত, স্বতন্ত্র, নিরবগ্রহ, নির্যন্ত্রণ।
যথাকাল, পুং. [যথা+কাল] দিবার শেষ ভাগ; উপযুক্ত সময়ে।
যথাক্রম, ন. [যথা+ক্রম] ক্রমানুরূপ, আনুপূর্ব্বিক, ক্রমশঃ
যথাজাত, ত্রি. [যথা+জাত] মূর্খ; নীচ; গুণী। [অবিকল।
যথাতথং, ব্য. [যথা+তথম্] যথার্থ, সত্য,
যথাতথা, ব্য. [যথা+তথা] যত্রতত্র, যেমন তেমন, যেখানে সেখানে।
যথাপূর্ব্ব, ব্য. [যথা+পূর্ব্ব] পূর্ব্বেরদিক্ দেশ কালানুরূপ। [যে ব্যবস্থা।
যথাবৎ, ব্য. [যথা+বৎ] বিধিবৎ, যথার্থ;
যথাভিলাষ, ন. [যথা+অভিলাষ] যথেচ্ছা।
যথামতি, স্ত্রী. [যথা+মতি] যেমন ইচ্ছা;
যথামুখীন্, ত্রি. [যথা+মুখীন্] মুখ, প্রতি বিম্বের আশ্রয়, মুখের সদৃশ।
যথাযথং ব্য. [যথা+যথম্] যথার্থ, সত্য, নিশ্চয়, সঠিক।
যথাযথা, ব্য. [যথা + যথা] যেরূপ, যেপ্রকার, যেমন যেমন।
যথাযোগ্য, ত্রি. [যথা+যোগ্য] যথোচিত; উপযুক্তানুসারে।
যথায়, (প্রা) যেখানে, যেস্থানে।
যথারুচি, ত্রি. [যথা+রুচি] ইচ্ছানুরূপ, যেমন বাঞ্ছা।
যথার্থং, ব্য. [যথা+অর্থম্] যথাতথ, সত্য, নিশ্চিত।
যথার্থজ্ঞ, ত্রি. [যথা+অর্থ+জ্ঞ] যথার্থজ্ঞাতা, সত্যবিৎ।
যথার্থব্যয়, ন. [যথা+অর্থ+ব্যয়] পরিমিত ব্যয়, আবশ্যক খরচ।
যথার্থবাদী, ত্রি. [যথার্থ+বাদিন্] যথার্থবক্তা, সত্যবাদী।
যথার্থভাষী, ত্রি. [যথার্থ+ভাষিন্] যথার্থ বাদী, সত্যভাষী। [উচিত।
যথার্হ, ব্য. [যথা+অর্হ] যথাযোগ্য, যথা
যথার্হবর্ণ, পুং. [যথার্হ+বর্ণ] চর, দূত; যথাযোগ্য অক্ষররূপ জাতি।
যথাশক্তি, ন. [যথা+শক্তি] শক্ত্যনুসারি, শক্তির অনতিক্রম।
যথাশাস্ত্র, ন. [যথা+শাস্ত্র] শাস্ত্রানুসারি, শাস্ত্রের অনতিক্রম।
যথাসম্ভব, ত্রি. [যথা+সম্ভব] যেমন উপযুক্ত; যদ্রূপে সঙ্গত।
যথাসাধ্য, ত্রি. [যথা+সাধ্য] সাধ্যানুসার, যথাশক্তি।
যথাস্থিত, ত্রি. [যথা+স্থিত] সত্য, নিশ্চিত, যথার্থ।
যথাস্বং, ব্য. [যথা+স্বম্] যথার্থ, সত্য, নিশ্চিত।
যথাস্বয়ং, ব্য. [যথা+স্বয়ম্] যথাযম্, যথা যোগ্য।
যথেচ্ছা, স্ত্রী. [যথা+ইচ্ছা] যথাভিলাষ,

যথেপ্সিত, ন. ব্য. [যথা+ঈপ্সিত] যথা-বাঞ্ছিত, ইচ্ছানুরূপ, তৎপর্য্যায় —কাম, প্রকাম, পর্য্যাপ্ত, নিকাম, ইষ্ট।

যথেষ্ট, ন. [যথা+ইষ্ট] ইষ্টের অনতিক্রম, যথেপ্সিত, ইচ্ছারূপ; প্রচুর, বহুতর।

যথেষ্টচারী, পুং. [যথা+ইষ্ট+চারিন্] পক্ষী বিহগ।

যথেষ্টাচরণ, ত্রি. [যথা+ইষ্ট+আচরণ] যথেষ্টাচারী, স্বেচ্ছানুক্রম ব্যবহার-কারী।

যথেষ্টাচারী, পুং. [যথা+ইষ্ট+আচরিন্] স্বেচ্ছাচারী, স্বেচ্ছাক্রমে ব্যবহারকারী।

যথোচিত, ত্রি. [যথা+উচিত] যথাযোগ্য, যেমন উপযুক্ত; যথাপ্রাপ্ত।

যথোদিত, ন. [যথা+উদিত] যথোক্ত, যেমন কথিত।

যদবধি, ন. [যৎ+অবধি] যেপর্য্যন্ত, যেকাল হইতে।

যদ, ত্রি. [যা+অদ্] যে, যিনি, যাহা।

যদা, ব্য. [যদ+আ] যস্মিন্‌কালে, যেকালে, যখন, যে সময়, যৎকালে।

যদি, ব্য. [যদ্+ই] পক্ষান্তর; সম্ভাবনা, সংশয়, তৎপর্য্যায়।—চেৎ, যদ্বা, যদ্যপি।

যদিও, (প্রা) যদ্যপি, অন্য সম্ভবনার্থ।

যদিস্যাৎ, (প্রা) যদি হয়, যদ্যপি।

যদীয়, ত্রি. [যৎ+ঈয়] যৎসম্বন্ধীয়, যাহার।

যদু, পুং, [যদ্+উ] দেবজানীর গর্ভ্জে জাত যযাতি রাজার জ্যেষ্ঠপুত্র; দর্শার্হ দেশ।

যদুনাথ, পুং. [যদু+নাথ] শ্রীকৃষ্ণ, যদুপতি, যদুবংশের প্রধান পুরুষ।

যদুপতি, পুং. [যদু+পতি] শ্রীকৃষ্ণ, যদুবংশের প্রধান পুরুষ।

যদৃচ্ছা, স্ত্রী. [যৎ+ঋচ্ছ-আ] স্বাতন্ত্র্য, স্বচ্ছন্দ, তৎপর্য্যায়।—স্বৈরিতা, স্বরিতা।

যদ্যপি, ব্য. [যদি+অপি] যদিচ, যদিস্যাৎ যদিও। [সংশয়।

যদ্বা, ব্য. [যদ্+বা] যদি, সম্ভাবনা,

যদ্বা, স্ত্রী. [যদ্+বা] বুদ্ধি; পক্ষান্তর।

যদ্ভবিষ্য, ত্রি, [যদ্+ভবিষ্য] দৈষ্টিক, ভাগ্যাপেক্ষী

যন্তা, পুং. [যম্+তৃ] সারথি, রথচালন-কর্ত্তা; হস্তিপক, মাহুত; (ত্রি.) বিরতি-কারক, দমনকারক; নিয়ামক।

যন্ত্র, ন. [যম্+ত্র] দেবাদির অধিষ্ঠান; পাত্রবিশেষ; নিয়ন্ত্রণ; কৌশলে যেকোন কর্ম্ম নির্ব্বাহার্থনির্ম্মিতপদার্থ, যথা—অগ্নি যন্ত্র, কামান্, বন্দুক ইত্যাদি; বাদ্য; দারুযন্ত্রাদি, কল কৌশলাদি।

যন্ত্রক, ন. [যম্+ত্র-ক] যন্ত্রকাষ্ঠ, কুঁদ।

যন্ত্রকা, স্ত্রী. [যন্ত্র+ক-আ] শ্যালিকা, শালী, স্ত্রীর ছোট ভগিনী। [ঘর।

যন্ত্রগৃহ, ন. [যন্ত্র+গৃহ] তৈলিশালা; ঘানি-

যন্ত্রগোল, পুং. [যন্ত্র+গোল] কলায়বিশেষ, মটর কলাই।

যন্ত্রণ, ন. [যন্ত্র+অন] রক্ষণ; বন্ধন; নিয়মন; দমন; যাতনা; সঙ্কোচ। [ক্লেশ।

যন্ত্রণা, স্ত্রী, [যন্ত্রণ+আ] পীড়া, দুঃখ,

যন্ত্রণাদায়ক, ত্রি. [যন্ত্রণা+দায়ক] ক্লেশ-দায়ক, দুঃখদায়ক। [যন্ত্র, যাঁতা।

যন্ত্রপেষণী, স্ত্রী. [যন্ত্র+পেষণী] পেষণার্থ

যন্ত্রিকা, স্ত্রী. [যন্ত্র+ইক-আ] পত্নীর কনিষ্ঠা ভগিনী, কেলিকুঞ্চিকা, কনিষ্ঠা শ্যালিকা।

যন্ত্রিত, ত্রি. [যন্ত্র+ইত] বদ্ধ; প্রতিবদ্ধ; শাসিত।

যন্ত্রী, পুং. [যন্ত্র+ইন্] যন্ত্রবিশিষ্ট, যন্ত্রযুক্ত; (স্ত্রী.) স্বর্ণরৌপ্যাদির তার টানিবার সছিদ্র লৌহফলকা।

যব, পুং. [যু+অ] স্বনামখ্যাত শূকধান্য, তৎপর্য্যায়।—সিতশূক, শীতশূক, মেধ্য, দিব্য, অক্ষত, কঞ্চুকী, ধান্যরাজ, তীক্ষ্ণ-শূক, তুরগপ্রিয়, শক্তু, মহেষ্ট, পবিত্র-ধান্য; পরিমাণবিশেষ; অঙ্গুলিস্থ যবা-কার রেখাবিশেষ; বেগ।

যবক, পুং. [যব+ক] যব, শূকধান্য।

যবক্য, ত্রি. [যবক+য] যব হইবার ক্ষেত্র।

যবগণ্ড, পুং. [যব+গণ্ড] ব্রণবিশেষ, যুব-গণ্ড, বয়স্ ফোড়া। [যবানী, যউন।

যবজ, পুং, [যব+জন—ড] যবক্ষার, সোরা।

যবজোদ্ভব, ন. [যবজ+উদ্ভব] যবক্ষীর, তোয়াক্ষীর।

যবতিক্তা, স্ত্রী. [যব+তিক্ত-আ] লতাবিশেষ, শঙ্খিনী,যবেচী,তৎপর্য্যায়।—মহাতিক্তা, দৃঢ়পাদবিসর্পিণী, নাকুলী, নেত্রমীনা, শঙ্খিনী, পত্রতণ্ডুলী, তণ্ডুলী, অক্ষপীড়া, সূক্ষ্মপুষ্পী, যশস্বিনী, মাহেশ্বরী, তিক্তফলা, যাবী, তিক্তা।

যবতৈল, ন. [যব+তৈল] যবচূর্ণাদিযুক্ত পক্ক তৈলবিশেষ। [যাবা।

যবদ্বীপ, পুং. [যব+দ্বীপ] উপদ্বীপবিশেষ,

যবথব, (গ্রা) অথর্ব্ব, চলনশক্তি রহিত, অশক্ত, স্তব্ধ।

যবন,পুং. [যু+অন] দেশবিশেষ, আরবদেশ; বেগ; বেগাতিশয় অশ্ব; গোধুম, গম; গর্জ্জরতৃণ; তুষক্রুরাজবংশ তুরুষ্কজাতি, তুরকী; জাতিবিশেষ, তুর্ব্বসুরবংশ; মুনিবিশেষ; (ত্রি.) বেগী, বেগযুক্ত।

যবনদ্বিষ্ট, পুং. [যবন+দ্বিষ্ট] গুগগুলু, গুগ্‌গুল।

যবনপ্রিয়, ন. [যবন+প্রিয়] মরিচ।

যবনাচার্য্য, পুং. [যবন+আচার্য্য] যবনাদিজাতির যাজক; জ্যোতিঃশাস্ত্রকর্ত্তা মুনিবিশেষ।

যবনানী, স্ত্রী. [যবন+অন-ঈ]যবনের লিপি।

যবনারি, পুং. [যবন+অরি] শ্রীকৃষ্ণ, বিষ্ণু।

যবনাল, পুং. [যব+নাল] ধান্যবিশেষ, দেধান, তৎপর্য্যায়।—যোনাল, জূর্ণাহ্বয়, দেবধান্য,জোন্তালা, ক্ষীরপুষ্পিকা।

যবনালজ, পুং. [যবনাল+জ] যবক্ষার।

যবনিকা, স্ত্রী. [যবন+ইক-আ] জবনিকা, তিরস্করিণী, কানাৎ, তাঁবুর ব্যবধান।

যবনী, স্ত্রী. [যবন+ঈ] যবানীনামক ঔষধবিশেষ; যবন পত্নী।

যবনেষ্ট, ন. [যবন+ইষ্ট] সীসক, সীসা; মরীচ; গৃঞ্জন, গাজর; (পুং.) লশুন, রোসন; রাজপলাণ্ডু; নিম্ব,নিম; পলাণ্ডু, পেঁয়াজ; শালগম্।

যবনেষ্টা, স্ত্রী. [যবন+ইষ্ট-আ] খর্জ্জুরী,

যবপ্রখ্যা, স্ত্রী. [যব+প্রখ্যা] ক্ষুদ্ররোগবিশেষ।

যবফল, পুং. [যব+ফল] বংশ, বাঁশ; জটামাংসী; কুটজবৃক্ষ, কুরচীফুলের গাছ; প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।

যবমধ্য, ন. [যব+মধ্য] চান্দ্রায়ণ ব্রতবিশেষ; (স্ত্রী.) ছন্দোবিশেষ।

যবময়, ত্রি. [যব+ময়] যবনির্ম্মিত, যবরূপ, যবদ্বারা প্রস্তুত।

যবলাস, পুং. [যব+লাস] যবক্ষার, সোরা।

যবশূক, পুং. [যব+শূক] যবক্ষার, সোরা।

যবশূকজ, পুং. [যব+শূকজ] যবক্ষার।

যবস, ন. [যু+অস] তৃণ, ঘাস।

যবসুর, ন. [যব+সুর] যবজাতসুরা, যবদ্বারা উৎপন্ন মদ।

যবস্থব (গ্রা) পূর্ব্বাবৎ; স্থগিত; যেমনতেমন।

যবক্ষার, পুং. [যব+ক্ষার] ক্ষারবিশেষ, সোরা, তৎপর্য্যায়।—যবাগ্রজ, পাক্য, যবলাস, যবশূক, সারক, রেচক, যবনালক, যাবশূক, ক্ষার, তর্ষ্য, তীক্ষ্ণরস, যবনালজ, যবজ, যবশূকজ, যবাহ্ব, যবাপত্য।

যবক্ষারজাম্ল, ন. [যব+ক্ষারজ+অম্ল] সোরাজাত অম্ল।

যবক্ষোদ, পুং. [যব+ক্ষোদ] যবচূর্ণ, শক্তু, ছাতু, তৎপর্য্যায়।—চিক্কস।

যবাকৃতি, স্ত্রী. [যব+আকৃতি] যবের তুল্য আকৃতি বিশিষ্ট; বাদামে।

যবাগূ, স্ত্রী. [যু+আগূ] ষড্‌গুণজলপক্ক ঘনদ্রব দ্রব্যবিশেষ, যাউ, যবমণ্ড, তৎপর্য্যায়।—উষ্ণিকা, শ্রাণা, বিলেপী, তরলা।

যবাগ্রজ, পুং. [যব+অগ্রজ] যবক্ষার, সোরা; যবানী, যোয়ানি।

যবান, ত্রি. [যু+আন] বেগী, বেগবিশিষ্ট; যুবা।

যবানিকা, স্ত্রী. [যবান+ইক-আ] যমানী, ওষধিবিশেষ, যোয়ানি।

যবানী, স্ত্রী. [যু+আন-ঈ] ঔষধিবিশেষ,

যবসাহ্ব, যবাগ্রজ, দীপনী, উগ্রগন্ধা, বাতারি, ভূকদম্বক, যবজ, দীপনীয়, শূলহন্ত্রী, যবানিকা, যমানীউগ্রা, তীব্রগন্ধা।

যবান্ন, ন. [যব+অন্ন] যবের পক্ক অন্ন; শক্তু, ছাতু।

যবাপত্য, ন. [যব+অপত্য] যবক্ষার, সোরা।

যবার (প্রা) যতবার, যাবৎ সংখ্যা।

যবাম্লজ, ন. [যব+অম্লজ] সৌবীরক, বদর, শেয়াকুল।

যবাস, পুং. [যু+আস] দুরালভালতা; খদির বিশেষ; যবাসা, কণ্টকীক্ষুপবিশেষ, তৎপর্য্যায়।—যাস, বহুকণ্টক, অল্পক, ক্ষুদ্রেক্ষুদী, রোদনিকা, কচ্ছুরা, বালপত্র, বিষঘ্ন, কণ্টকালুক, ত্রিকর্ণিকা, গান্ধারী, অনন্তা।

যবাসক, পুং. [যবাস+ক] লতাবিশেষ, দুরালভালতা।

যবাসশর্করা, স্ত্রী. [যবাস+শর্করা] যবাসরসযুক্ত শর্করা, তৎপর্য্যায়।—সুধামোদক, মোদক, তবরাজ, খণ্ডসর, খণ্ডজ, খণ্ডমোদক।

যবাসা, স্ত্রী. [যবাস+আ] গুণ্ডাসিনী তৃণ।

যবাহ্ব, পুং. [যব+আহ্ব] যবক্ষার, সোরা।

যবিষ্ঠ, ত্রি. [যুবন্+ইষ্ঠ] অতিশয় যুবা; (পুং.) কনিষ্ঠভ্রাতা।

যবীয়ান্, ত্রি. [যুবন্+ঈয়স্] কনিষ্ঠ; যুবা।

যবে, (প্রা) যখন, যেসময়, যেদিনে।

যবেস্থবে, (প্রা) যেমন তেমন ভাবে; যথাস্থিত, স্থগিত।

যবোত্থ, ন. [যব+উত্থ] সৌবীরক।

যব্য, ত্রি. [যু+য] যবাদি উৎপন্নের যোগ্য ক্ষেত্র, তৎপর্য্যায়।—যবক্য, যষ্টিকা, যবোচিত, যবকোচিত; (পুং.) মাস, পূর্ণিমাদিদর্শান্ত।

যম, পুং. [যম্+অ] দক্ষিণদিক্‌পাল, তৎপর্য্যায়।—ধর্ম্মরাজ, পিতৃপতি, সমবর্ত্তী, পরেতরাট্, কৃতান্ত, যমুনাভ্রাতা, শমন, যমরাট্, কাল, দণ্ডধর, শ্রাদ্ধদেব, বৈবস্বত, অন্তক, ধর্ম্ম, ধর্ম্মরাট্, জীবিতেশ, মহিষধ্বজ, ঔড়ম্বর, দণ্ডধার, কীনাশ, দধ্রু, মহিষবাহন, শীর্ণপাদ, ভীমশাসন, কঙ্ক, হরি, কর্ম্মকর; শরীরসাধন মাত্র নিত্যকর্ম্ম; অষ্টাঙ্গ যোগান্তর্গত অঙ্গ বিশেষ, দশবিধ অঙ্গ, যথা।—ব্রহ্মচর্য্য, দয়া, ক্ষান্তি, ধ্যান, সত্য, নম্রতা, অহিংসা অস্তেয়, মাধুর্য্য, দম; সংযম; কাক, বায়স; শনিগ্রহ; (ত্রি.) যমজ, যমক, যুগ্ম যাত।

যমক, ন. [যম+ক] শব্দালঙ্কার বিশেষ; (ত্রি.) যমজ, একগর্ব্ভে একদা উৎপন্ন সন্তানদ্বয়; (পুং.) সংযম।

যমকালিন্দী, স্ত্রী. [যম+কালিন্দী] সংজ্ঞা, সূর্য্যপত্নী।

যমকিঙ্কর, পুং. [যম+কিঙ্কর] যমদূত, যমের ভৃত্য; রোগ; ঘুঘুপক্ষী, দ্রোণকাক।

যমকীট, পুং. [যম+কীট] ঘুর্ঘুরনামা কীট, ঘুর্ঘুরে পোকা।

যমকোটি, স্ত্রী. [যম+কোটি] লঙ্কার পূর্ব্ব পৃথিবীর চতুর্থভাগে পূর্ব্বরেখাস্থ দেশবিশেষ।

যমঘণ্ট, পুং. [যম+ঘণ্ট] যোগবিশেষ।

যমজ, ত্রি. [যম+জন্+অ] এককালীন এক গর্ব্ভজাত সন্তানদ্বয়, যমকসন্তান।

যমদগ্নি, পুং. [যমৎ+অগ্নি] মুনিবিশেষ, পরশুরামের পিতা।

যমদূত, পুং. [যম+দূত] যমের কিঙ্কর।

যমদূতক, পুং. [যম+দূতক] কাক, বায়স; ঘুঘু; রোগ, যমকিঙ্কর; যমের ভৃত্য।

যমদুতিকা, স্ত্রী. [যম+দুতিকা] তিন্তিড়ীবৃক্ষ, তেতুলগাছ। [তেতুলগাছ।

যমদূতী, স্ত্রী. [যম+দূত-ঈ] তিন্তিড়ীবৃক্ষ,

যমদেবতা, স্ত্রী. [যম+দেবতা] ভরণীনক্ষত্র।

যমদ্রুম, পুং. [যম+দ্রুম] শাল্মলীবৃক্ষ, শিমুলগাছ। [দ্বার।

যমদ্বার, ন. [যম+দ্বার] মৃত্যুদ্বার, কৃতান্তের

যমদ্বিতীয়া, স্ত্রী. [যম+দ্বিতীয়া] কার্ত্তিক মাসের শুক্লা দ্বিতীয়া, ভ্রাতৃদ্বিতীয়া।

যমধার, পুং. [যম+ধার] পার্শ্বদ্বয়ে ধার

যমন, পুং. [যম+অন] যম, অন্তক; (ন.) বন্ধন; উপরতি; সংযম; ছেদন।

যমনিকা, স্ত্রী. [যমন+ইক-আ] যবনিকা, কানাৎ।

যমপত্নী, স্ত্রী. [যম+পত্নী] যমের ভার্য্যা, তৎপর্য্যায়।—ধুমোর্ণা, বিজয়া।

যমপুর, ন. [যম+পুর] যমালয়, যমেরপুরী সংযমনী। [গাছ।

যমপ্রিয়, পুং. [যম+প্রিয়] বটবৃক্ষ, বট-

যমবৎ, ত্রি. [যম+বৎ] সংযমী, সংযম বিশিষ্ট।

যমবাহন, পুং. [যম+বাহন] পশুবিশেষ মহিষ।

যমব্রত, ন. [যম+ব্রত] রাজধর্ম্মবিশেষ, পক্ষপাত ভিন্ন পাপিদিগের শাসনরূপ।

যমভগিনী, স্ত্রী. [যম+ভগিনী] যমুনানদী, যমস্বসা।

যমরাজ, পুং. [যম+রাজন্-অ] যম, কৃতান্ত, শমন। [শমন।

যমরাট্, পুং. [যম+রাজ্] যম, ধর্ম্মরাজ,

যমল, ন. [যম+ল] যুগ্ম, যুগল, যোড়া।

যমলপত্রক, পুং. [যমল+পত্রক] অশ্মন্তক বৃক্ষ; কোবিদার বৃক্ষ।

যমলার্জ্জুন, পুং. [যমল+অর্জুন] গোকুল স্থিত অর্জুন বৃক্ষদ্বয়।

যমলার্জুনহা, পুং. [যমল+অর্জুন+হন্] শ্রীকৃষ্ণ।

যমলী, স্ত্রী. [যমল+ল-ঈ] চোটিকাদ্বয়।

যমস্বসা, স্ত্রী. [যম+স্বসৃ] যমুনা, কালিন্দী নদী; দুর্গা।

যমানিকা, স্ত্রী. [যমান+ইক-আ] যমানী, যবানী, যউন, তৎপর্য্যায়।—অজমোদা, উগ্রগন্ধা, ব্রহ্মদর্ভা।

যমানী, স্ত্রী. [যম+আন-ঈ] যমানিকা, যোয়ান।

যমান্তক, পুং. [যম+অন্তক] শিব, মহাদেব।

যমালয়, পুং. [যম+আলয়] যমপুরী, যমের বাড়ী।

যমী, স্ত্রী. [যম+ঈ] যমুনানদী, কালিন্দী;

যমুনা, স্ত্রী. [যম+উন-আ] দুর্গা; নদীবিশেষ, হিমালয়ের দক্ষিণদেশ হইতে নির্গত প্রয়াগে গঙ্গার সহিত মিলিতা, যমভগিনী, তৎপর্য্যায়।—কালিন্দী, সূর্য্যতনয়া, শমনস্বসা, তপনতনুজা, কলিন্দকন্যা, যমস্বসা, শ্যামা, তাপী, কলিন্দনন্দিনী, যমনী, যমী, কলিন্দ শৈলজা, সূর্য্যসুতা।

যমুনাজনক, পুং. [যমুনা+জনক] সূর্য্য, রবি, দিবাকর। [বলরাম।

যমুনাভিৎ, পুং. [যমুনা+ভিদ্] বলদেব,

যমুনাভ্রাতা, পুং. [যমুনা+ভ্রাতৃ] যম, শমন, মৃত্যু।

যমেরুকা, স্ত্রী. [যম+এরুক-আ] দণ্ডঢক্কা।

যযাতি, পুং. [যা+তি] নহুষ রাজপুত্র, তৎ পর্য্যায়।—নাহুষি, নাহুষ।

যযী, পুং. [যয+ইন্] মহাদেব, পশুপতি।

যযু, পুং. [যয+উ] অশ্বমেধীয় যজ্ঞের ঘোটক; সামান্য ঘোটক।

যশঃ, ন. [যশ্+অস্] সুখ্যাতি, তৎপর্য্যায়।—কীর্ত্তি, সমজ্ঞা, সমাখ্যা, কীর্ত্তনা, অভিখ্যান, আজ্ঞা, সমজ্যা।

যশঃপটহ, পুং. [যশস্+পটহ] ঢক্কা, ঢাক।

যশঃশেষ, ত্রি. [যশস্+শেষ] মৃত, কীর্ত্তিশেষ, মৃত্যু; (পুং.) মরণ।

যশঃসঞ্চয়, পুং. [যশস্+সঞ্চয়] সুখ্যাতি সঞ্চয়, কীর্ত্তিলাভ।

যশদ, ন. [যশ+দা-অ] ধাতুবিশেষ, দস্তা।

যশর (প্রা.) স্বনামখ্যাত দেশবিশেষ।

যশস্কর, ত্রি. [যশস্+কর] কীর্ত্তিকারক, সুখ্যাতিজনক; বিদ্যা।

যশস্করী, স্ত্রী. [যশস্+কর-ঈ] বিদ্যা।

যশস্থ, (প্রা) কীর্ত্তিজনক, সুখ্যাতিবর্দ্ধক।

যশস্যা, স্ত্রী. [যশস্+য-আ] জীবন্তীবৃক্ষ; ঋদ্ধিনামক ঔষধি।

যশস্বান্, ত্রি. [যশস্+বৎ] কীর্ত্তিবিশিষ্ট, কীর্ত্তিমান্।

যশস্বিনী, স্ত্রী. [যশস্+বিন্-ঈ] বনকার্পাসী, বনকাপাস; যবতিক্তা; মহাজ্যোতি-

যশস্বী, ত্রি. [যশস্+বিন্] যশোবিশিষ্ট, কীর্ত্তিমান, লব্ধপ্রতিষ্ঠ, বিখ্যাত।

যশোগাথক, পুং. [যশস্+গাথক] কীর্ত্তি-প্রচারক, সুখ্যাতিগায়ক, স্তাবক।

যশোগান (প্রা) গুণব্যাখ্যা, কীর্ত্তিকীর্ত্তন।

যশোগায়ক, পুং. [যশস্+গায়ক] সুখ্যাতি গায়ক, বন্দী, স্তাবক।

যশোদ, পুং. [যশস্+দা-অ] পারদ, পারা; (ত্রি.) যশোদাতা।

যশোদা, স্ত্রী. [যশস্+দ-আ] নন্দীপত্নী. শ্রীকৃষ্ণের মাতা; যশোদায়িনী।

যষ্টা, পুং. [যজ্+তৃ] যাগকর্ত্তা, তৎপর্য্যায়।—যজমান, যাজ্ঞিক।

যষ্টি, পুং. [যজ্+তি] ধ্বজদণ্ড; ভুজদণ্ড; (পুং. স্ত্রী.) তন্তু, সুতা; হারলতা, ভার্গী, বামনহাটীগাছ; মধুকা, মধুযষ্টিকা; শস্ত্রবিশেষ, তৎপর্য্যায়।—দণ্ড, লগুড়; শাখা; ছড়া।

যষ্টিক, পুং. [যষ্টি+ক] জলকুক্কুট, পানী-কৌড়ী; দণ্ড, লাঠি।

যষ্টিকা, স্ত্রী. [যষ্টি+ক-আ] হারবিশেষ; বাপী, দীর্ঘিকা, দিঘী; মধুযষ্টিকা; লগুড়, লাঠী।

যষ্টিগ্রহ, পুং. [যষ্টি+গ্রহ] যষ্টিধারক, লগুড়গ্রাহী। [দণ্ডধর।

যষ্টিধারী, পুং. [যষ্টি+ধারিন্] লগুড়ধারী,

যষ্টিমধু, ন. [যষ্টি+মধু] যষ্টিমধুকা, মিষ্ট রসযুক্ত কাষ্ঠবিশেষ, জৈষ্ঠীমধু।

যষ্টিমধুকা, স্ত্রী. [যষ্টি+মধুকা] মিষ্টরসযুক্ত কাষ্ঠবিশেষ, যষ্টিমধু, তৎপর্য্যায়।—ক্লীতক, মধুক, মধুযষ্টিকা, যষ্ট্যাহ্ব, যষ্টি, স্থলজাত জন্য যষ্টীমধু, জলজাত জন্য অতিরসা। [দণ্ড, লাঠী

যষ্টী, স্ত্রী. [যষ্টি+ঈ] যষ্টিমধু, জেঠীমধু;

যষ্টীক, ন. [যষ্টী+ক] যষ্টিমধু, জেঠীমধু।

যষ্টীপুষ্প, পুং. [যষ্টী+পুষ্প] পুত্রজীববৃক্ষ

যষ্টীমধু, ন. [যষ্টী+মধু] মিষ্টরসযুক্ত মূল-বিশেষ, জেঠীমধু, (হিং) মূলহটী, তৎ পর্য্যায়।—মধুযষ্টী, মধুবল্লী, মধুস্রবা,

যষ্ট্যাহ্ব, ন. [যষ্টী+আহ্ব] যষ্টিমধু, জেঠী-মধু।

যস্ক, পুং. [যস্+ক] মুনিবিশেষ।

যহ্ব, পুং. [যজ্+হ্বে-অ] যজমান, যাগ-কর্ত্তা, যাজ্ঞিক।

যক্ষ, পুং. [যক্ষ+অ] গুহ্যকমাত্র; গুহ্য-কেশ্বর, কুবের; ইন্দ্রগৃহ; ধনরক্ষক।

যক্ষকর্দ্দম, পুং. [যক্ষ+কর্দ্দম] কর্পূর অগুরু কস্তুরী কক্কোলসমূহের মিশ্রিত সমভাগ।

যক্ষতরু, পুং. [যক্ষ+তরু] বটবৃক্ষ, বট-গাছ।

যক্ষধূপ, পুং. [যক্ষ+ধূপ) ধূপসামানা; ধূনক ধূপ, ধুনা, তৎপর্য্যায়।—সর্জরস, অরাল, সর্জ্জরস, বহুরূপ, রাল, ধূনক, বহ্নিবল্লভ, সালসার, সালজ, সালনির্যাস, সর্জ্য; সরল বৃক্ষরস, টারপিন তেল, তৎ পর্য্যায়।—পায়স, শ্রীবাস, সরলদ্রব।

যক্ষরস, পুং. [যক্ষ+রস] পুষ্পমদ্য, পুষ্পের মদ, তৎপর্য্যায়।—মধ্বাসব।

যক্ষরাজ, পুং. [যক্ষ+রাজন্-অ] কুবের, ধনেশ্বর, ধনাধিপ।

যক্ষরাট্, পুং. [যক্ষ+রাজ্] কুবের, ধনেশ্বর, ধনাধিপ; রঙ্গমণ্ডপ।

যক্ষরাটপুরী, স্ত্রী. [যক্ষ+রাজ্+পুরী] অলকা, কৈলাসপর্ব্বতস্থিত কুবেরেরপুরী।

যক্ষরাত্রি, স্ত্রী. [যক্ষ+রাত্রি] কার্ত্তিকী পূর্ণিমা অমাবস্যা, তৎপর্য্যায়।—দীপালী।

যক্ষসাধন, ন. [যক্ষ+সাধন] যক্ষোপাসনা।

যক্ষাবাস, পুং. [যক্ষ+আবাস] বটবৃক্ষ, বটগাছ।

যক্ষামলক, ন. [যক্ষ+আমলক] পিণ্ডখর্জ্জুর ফল, পিণ্ডীখাজুর

যক্ষিণী, স্ত্রী. [যক্ষ+ইন্-ঈ] কুবেরপত্নী; যক্ষভার্য্যা। [ভার্য্যা।

যক্ষী, স্ত্রী. [যক্ষ+ঈ] কুবেরপত্নী; যক্ষের-

যক্ষেন্দ্র-যক্ষেশ, পুং. [যক্ষ+ইন্দ্র-ঈশ] কুবের, যক্ষরাজ। [ফল।

যক্ষোডুম্বরক, ন. [যক্ষ+উডুম্বরক] অশ্বত্থ

যক্ষঘ্নী, স্ত্রী. [যক্ষ+হন্-ঈ] দ্রাক্ষা, কিস্-

পুং. [যক্ষ+মন্] রোগবিশেষ, যক্ষ্মা রোগ, তৎপর্য্যায়।—ক্ষয়, শোষ, রাজযক্ষ্মা, রোগরাট্।

যা, (প্রা) প্রস্থানকর, যাও।

যাউ, (প্রা) যবমণ্ড, মাড়।

যাওন, (প্রা) গমন, চলন, প্রস্থানকরণ।

যাওয়া, (প্রা) গমন, প্রস্থান।

যাওয়াআসা, (প্রা) যাতায়াত, গতিবিধি, গমনাগমন।

যাঁতা, (প্রা) যন্ত্রবিশেষ, পেষণযন্ত্র।

যাঁতি, (প্রা) যন্ত্রী, গুবাকাদি ছেদনার্থ অস্ত্রবিশেষ।

যাগ, পুং. [যজ্+অ] যজ্ঞ, হোম, মখ; শ্রৌতাগ্নিকৃত্যাহবির্যজ্ঞ,সপ্তপ্রকার যথা।- অগ্নিহোত্র, দর্শপৌর্ণমাস, পিণ্ডপিতৃযজ্ঞ, আগ্রয়ণ, চাতুর্ম্মাস্য, নিরূঢ়পশুবন্ধ, সৌত্রামণি; স্মার্ত্তাগ্নিকৃতা পাকযজ্ঞ সপ্ত যথা।—উপাসন, বৈশ্বদেব, স্থালীপাক. আগ্রয়ণ, সর্পবলি, ঈশানবলি, অষ্টকন্বষ্টকা, শ্রৌতাগ্নিসপ্তসংস্থাযথা।—সোমযাগ, অগ্নিষ্টোম, অত্যগ্নিষ্টোম,উকৃথ্য, ষোড়শী, বাজপেয়, অতিরাত্র, অপ্তূর্য্যাম; উত্তরক্রতু বহু যথা। মহাব্রত, সর্ব্বতোমুখ, রাজসূয়, পৌণ্ডরীক, অভিজিৎ, অশ্বমেধ, বৃহস্পতিসব, আঙ্গিরস।

যাগার্থী, পুং. [যাগ+অর্থিন্] যাগাভিলাষী যজ্ঞেচ্ছুক।

যাচক, ত্রি. [যাচ্+ অক] যাচ্ঞাকর্ত্তা, ভিক্ষারী,তৎপর্য্যায়।—বনীয়ক,যাচনক, মার্গণ, অর্থী, বনীপক, ভিক্ষুক, ভিক্ষাকর।

যাচকতা, স্ত্রী. [যাচক+ত-আ] যাচকেরধর্ম্ম, ভিক্ষুকের স্বভাব, ভিক্ষা।

যাচকবৃত্তি, স্ত্রী. [যাচক+বৃত্তি] ভিক্ষোপজীবিকা, ভিক্ষা উপজীব্য।

যাচৎ, ত্রি. [যাচ+অৎ] যাচক, ভিক্ষুক, প্রার্থক।

যাচন, ন. [যাচ্+অন] যাচ্ঞা, ভিক্ষা।

যাচনক, ত্রি. [যাচন+ক] যাচক, ভিক্ষুক,

যাচনা, স্ত্রী. [যাচ্+অন-আ] যাচ্ঞা,ভিক্ষা, প্রার্থনা।

যাচনীয়, ত্রি. [যাচ্+অনীয়] প্রার্থনীয়, ভিক্ষণীয়, ভিক্ষা করিবার যোগ্য। [ভিক্ষুক।

যাচমান, ত্রি. [যাচ্+আন] যাচক, প্রার্থক,

যাচা (প্রা) প্রার্থনা; আপনার ইচ্ছায় দেওয়া।

যাচাই (প্র.) যথার্থ অনুসন্ধান, নিগূঢ়তত্ত্ব গ্রহণ; পরীক্ষণ।

যাচিত, ন. [যাচ+ইত] যাচনবৃত্তি, প্রার্থিত, ভিক্ষিত, তৎপর্য্যায়।—মৃত; (ত্রি) প্রার্থিত বস্তু।

যাচিতক, ন. [যাচিত+ক] যাচ্ঞাপ্রাপ্ত প্রার্থিত, হাওলাত; যাচ্ঞা।

যাচ্য-যাচ্যমান, ত্রি. [যাচ্+য-মান] যাচ্ঞাকৃত, ভিক্ষাকরা।

যাচ্ঞা, স্ত্রী. [যাচ্+ঞ-আ] যাচন, চাওন, তৎপর্য্যায়।—অভিশস্তি, যাচনা, অর্থনা, ভিক্ষা, অর্দ্দনা, লালসা; তৎবৈদিক পর্য্যায়।—ঈমাহ, যামি, মন্মহে, দদ্ধি, শদ্ধি, পূর্দ্ধি, মিমিঢ়্চি,মিমীহি, বিরিঢ়্চি, বিরীহি, পীপবৎ, যন্তার, যদ্ধি, ইষুধাতি, মদেমহি, মনামহে; মায়তে।

যাচ্ঞাবৃত্তি, স্ত্রী. [যাচ্ঞা+বৃত্তি] ভিক্ষোপজীবী, ভিক্ষাদ্বারা জীবন নির্ব্বাহ।

যাজ, পুং. [যজ্+অ] অন্ন, ভক্ত, ভাৎ।

যাজক, পুং. [যজ্+ অক] যাজ্ঞিক; ঋত্বিক পুরোহিত; রাজারহস্তী; মত্তহস্তী।

যাজকতা, স্ত্রী. [যাজক+ত-আ] পৌরোহিত্য, যাজকত্ব, পুরোহিতের কর্ম্ম।

যাজন, ন. [যজ্+অন] যাগক্রিয়াকরণ; যাগকরাণ; ব্রাহ্মণের ষট্‌কর্ম্মান্তর্গত কর্ম্ম বিশেষ।

যাজি, পুং. [যজ্+ই] যজ্ঞ; যাগকর্ত্তা।

যাজিক, ত্রি. [যজ+ইক] যজ্ঞসম্বন্ধীয়; ঋত্বিক, পুরোহিত; যজ্ঞানুষ্ঠাপক।

যাজী, পুং. [যজ্+ইন্] যাগকর্ত্তা।

যাজুষ, ত্রি. [যজুষ+অ] যজুর্ব্বেদসম্বন্ধীয়, যজুর্ব্বেদীয়।

যাজ্ঞদত্তি, পুং. [যজ্ঞ+দত্ত-ই] কুবের ধনা-

যাজ্ঞবল্ক্য, পুং. [যজ্ঞবল্ক+য] ধর্ম্মশাস্ত্র প্রযোজক মুনিবিশেষ, তৎপর্য্যায়।— ব্রহ্মরাত্রি, যোগেশ, যোগীশ্বর।

যাজ্ঞসেনী, স্ত্রী. [যজ্ঞসেন+অ-ঈ] দ্রৌপদী, যজ্ঞসেনের কন্যা, পাণ্ডবপত্নী।

যাজ্ঞিক, পুং. [যজ্ঞ+ইক] দর্ভবিশেষ; যজ্ঞকর্ত্তা; পুরোহিত, যাজক; রক্তখদির; পলাশবৃক্ষ; অশ্বত্থবৃক্ষ, যজ্ঞসম্বন্ধীয়।

যাজ্ঞিক্য, ন. [যাজ্ঞিক+য] যজ্ঞ, ক্রতু; যাগ।

যাজ্য, ন. [যজ্+য] যাগলব্ধধনাদি; (ত্রি) যোজনীয়, যাজনযোগ্য।

যাজ্যা, স্ত্রী. [যজ+য-আ] যাগমন্ত্র, যজ্ঞের মন্ত্র।

যাটি, (প্রা) যষ্টি, লগুড়, লাঠী।

যাঠা, (প্রা) লগুড়, দণ্ড, লাঠী

যাৎ, বা, আখ্যাত প্রত্যয় বিশেষ, বিধিলিঙ আশীর্লিঙের পরস্মৈপদের প্রথম পুরুষের একবচন।

যাত, ন. [যা+ন] যত, নিষাদিদিগের পাদকর্ম্ম, (ত্রি) গত, অতীত; লব্ধ; (ন.) গমন. অঙ্কুশদ্বারা হস্তি পরিচালন

যাতনা, স্ত্রী. [যা+তন-আ] গাঢ়বেদনা, অতিক্লেশ, তৎপর্য্যায়।—কারণা, তীব্রবেদনা, অতিব্যথা; নরকরুজা।

যাতনাকর, ত্রি. [যাতনা+কর] ক্লেশকর, বেদনাকর।

যাতনাদায়ক, ত্রি. [যাতনা+দায়ক] ক্লেশদায়ক, যন্ত্রণাপ্রদ।

যাতব্য, ত্রি. [যা+তব্য] অভিগন্তব্য, আক্রমণীয়।

যাতযাম, ত্রি. [যাত+যাম] জীর্ণ; পরিভুক্ত; উজ্ঝিত; হ্রাসপ্রাপ্ত; ম্লান; যামবাসিদ্রব্য।

যাতা, স্ত্রী. [যা+তৃ] পতিভ্রাতৃপত্নী, যা; (ত্রি) গমনকর্ত্তা।

যাতায়াত, ন. [যাত+আয়াত] গমনাগমন, গতিবিধি, যাওয়াআসা।

যাতিক, পুং. [যাত+ইক] পান্থ, পথিক।

যাতু, ন. [যা+তু] রাক্ষস; (পুং) কাল; অধ্বগ, পথিক; বায়ু; (ত্রি) গন্তা, গমনকর্ত্তা;

যাতুঘ্ন, পুং. [যাতু+ঘ্ন] গুগ্গুলু, গুগ্গুল।

যাতুধান, পুং [যাতু+ধান] রাক্ষস, নিশাচর।

যাতৃ, পুং. [যা+তৃ] গমনকর্ত্তা; (স্ত্রী) পতির ভ্রাতৃপত্নী, যা।

যাতৃক, পুং. [যাতৃ+ক] পান্থ, পথিক।

যাত্য, ত্রি. [যাত+য] যাতিতব্য, যতনীয়।

যাত্রা, স্ত্রী. [যা+ত্র-আ] বিজয়েচ্ছুক ব্যক্তির গমন, তৎপর্য্যায়। ব্রজ্যা, অভিনির্য্যাণী, প্রস্থান, গমন, গম, প্রস্থিতি, যান, প্রাগন, যাপন; উৎসব; উপায়; দেবীর ষোড়শপ্রকার উৎসব।

যাত্রাকালীন, ত্রি. [যাত্রা+কালীন] প্রস্থান কালীন, গমন সময়ের।

যাত্রিক, পুং. [যাত্রা+ইক] যাত্রোপযুক্ত তিথি নক্ষত্রাদি; পথিক। পান্থ।

যাত্রী, পুং. [যাত্রা+ইন্] যাত্রাকারী; তীর্থ পর্য্যটক; গমনকারী; বিদেশগামী।

যাথার্থ্য, ন. [যথার্থ+য] যথার্থতা, তত্ত্ব, সত্যতা।

যাদঃ, পুং. [যদ+অস্] জলজন্তু, জলচর

যাদঃপতি, পুং. [যাদস্+পতি] সমুদ্র, সাগর; বরুণ, জলাধিপতি।

যাদঈশ, পুং. [যাদস্+ঈশ] সমুদ্র, সাগরবরুণ।

যাদব, পুং. [যদু+অ] শ্রীকৃষ্ণ; যদুবংশজাত; (ন) গোমহিষাদি ধন।

যাদবী, স্ত্রী. [যদু+অ-ঈ] দুর্গা, পার্ব্বতী।

যাদসাংনাথ, পুং. [যাদস্+নাথ] বরুণ, জলাধিপ।

যাদসাংপতি, পুং. [যাদস্+পতি] সমুদ্র, সাগর; বরুণ, অপ্পতি।

যাদু, (প্রা.) বশীকরণবিদ্যা, মোহিনী; কুহক, ভেল্কী। [যেমন।

যাদৃক্, ত্রি. [যৎ+দৃশ্] যেপ্রকার, যেরূপ,

যাদৃচ্ছিক, ত্রি. [যদৃচ্ছা+ইক] যদৃচ্ছালব্ধ, অনায়াসে উপস্থিত, ইচ্ছানুসারী।

যাদৃশ, ত্রি. [যৎ+দৃশ্] যেপ্রকার, যেরূপ, যেমন।

যাদৃক্ষ, ত্রি. [যৎ+দৃক্ষ] যেপ্রকার, যদ্রূপ,

[যাদো]নাথ, পুং. [যাদস্+নাথ] সমুদ্র, সাগর; বরুণ।

যাদোনিবাস, পুং. [যাদস্+নিবাস] জল, তোয়ঃ, সলিল।

যান, ন. [যা+অন] রাজাদিগের সন্ধ্যাদি ষড়্গুণান্তর্গত গুণবিশেষ; হস্তি অশ্ব রথ দোলা ইত্যাদি, তৎপর্য্যায়।—বাহন, যুগ্য, পত্র, ধোরণ, বিমান, চঙ্কুর, যাপন, গতিনিবৃত্তক; গমন; আক্রমণ; শত্রুরপ্রতি যাত্রা।

যানপাত্র, ন. [যান+পাত্র] নিষ্পদ যান বিশেষ, জাহাজ, তৎপর্য্যায়।—বহিত্রক, বোহিত্থ, বহন, পোত, সমুদ্র যান।

যানবাহক, পুং. [যান+বাহক] শিবিকাদি বহনকর্ত্তা, বিয়ারা; শকটাদি চালক, অশ্বাদি বাহক; রণবাহক সারথি।

যানবাহী, পুং. [যান+বাহিন্] শিবিকাদি বহনকর্ত্তা; শকটাদিচালক, গাড়োয়ান।

যানমুখ, ন. [যান+মুখ] রথাদির অগ্রভাগ তৎপর্য্যায়।—ধূঃ।

যাপন, ন. [যা+অন] বর্ত্তন; কালক্ষেপণ; নিরসন; অপসারণ।

যাপনীয়, ত্রি. [যা+অনীয়] ক্ষেপণীয়; গোপনীয়, গোপ্য। [সরিৎ।

যাপিত, ত্রি. [যা+ইত] অতিবাহিত; অপ-

যাপ্তা, স্ত্রী. [যা+ত-আ] জটা।

যাপ্য, ত্রি. [যা+য] অধম, নিন্দিত; যাপনীয়, ক্ষেপণীয় কালাদি; ব্যাধিবিশেষ।

যাপ্যযান, ন. [যাপ্য+যান] শিবিকা, মহাপায়া; পাল্কী।

যাব, পুং. [যু+অ] অলক্ত, আল্তা।

যাবক, পুং. [যু+অক] কুল্মাস, অর্দ্ধপক্বযব; বোরোধান্য; কুলথ; তুলসী; শালীধান্য; যাবান্ন; অলক্তক, আল্তা।

যাবজ্জীব, ন. [যাবৎ+জীব] যাবদায়ু, জীবন পর্য্যন্ত।

যাবতিথ, ত্রি. [যাবৎ+তিথ] যাবৎপরিমাণ, যত পরিমাণ।

যাবতীয়, ত্রি. [যাবৎ+ঈয়] সমুদয়, সাকল্য সমস্ত।

যাবৎ, ব্য. [যদ্+বতু] সাকল্য, সমুদয়; অবধি, সীমা; মান, পরিমাণ; অবধারণ, নিশ্চয়; হেতু; (ত্রি) যতসংখ্যক, যতটুকু

যাবত্তাবৎ, ত্রি. [যাবৎ+তাবৎ] যত, যত সংখ্যক, যতটুকু।

যাবদ্দেশে, ত্রি. [যাবৎ+দেশে] সর্ব্বত্র, প্রত্যেক দেশে; সকল স্থানে।

যাবন, পুং. [যবন+অ] সিহ্লনামক গন্ধ দ্রব্য।

যাবনাল, পুং. [যাবনাল+অ] ধান্যবিশেষ, জোআর, তৎপর্য্যায়।—যবনাল, শিখরী, বৃত্ততণ্ডুল, দীর্ঘনাল, দীর্ঘশর, ক্ষেত্রেক্ষু, ইক্ষুপত্রক; দেশবিশেষ।

যাবনালশর, পুং. [যাবনাল+শর] শরবিশেষ, (হিং) জোহুরলী, তৎপর্য্যায়।—নদীজ, দৃঢ়ত্বক্, বারিসম্ভব, যাবনালনিভ, খরপত্র।

যাবনালী, স্ত্রী. [যাবনাল+ঈ] যাবনাল শর্করা, তৎপর্য্যায়।—তিনোৎপন্না, হিমানী, হিমশর্করা, ক্ষুদ্রশর্করকা, ক্ষুদ্রা, গড়ভা, জলবিন্দুজা।

যাবশূক, পুং. [যব+শূক-অ] যবক্ষার, সোরা।

যাবস, পুং. [যবস+অ] যবস সমূহ, তৃণরাশি।

যাব্য, ত্রি. [যু+য] মিশ্রণীয়, সংযোগকরণের যোগ্য

যাভ, ন. [যভ+অ] মৈথুন, শৃঙ্গার, জম্ভন।

যাম, পুং. [যম+অ] দিবা অথবা রাত্রির চতুর্থভাগের একভাগ, তৎপর্য্যায়।—প্রহর; সংযম। [মুরগ।

যামঘোষ, পুং. [যাম+ঘোষ] কুক্কুট, কুঁকড়া,

যামঘোষা, স্ত্রী. [যাম+ঘোষ-আ] যন্ত্রবিশেষ, ঘড়ী তৎপর্য্যায়।—নালী, ঘটী, যামনালী, যমেরুকা, দণ্ডঢক্কা।

যামনালী, স্ত্রী. [যাম+নাল-ঈ] যামঘোষা, ঘটিকাযন্ত্র, ঘড়ী

যামনেমি, পুং. [যাম+নেমি] ইন্দ্র, সুরপতি, দেবরাজ। [নিশা।

যামবতী, স্ত্রী. [যাম+বত-ঈ] রাত্রি, রজনী

যামল, ন. [যমল+অ] যুগল; তন্ত্রশাস্ত্র-বিশেষ, তৎষড়্‌বিধ যথা।—আদিযামল, ব্রহ্মযামল, বিষ্ণুযামল, রুদ্রযামল, গণেশ যামল, আদিত্য যামল; গ্রহযামল।

যামাতা, পুং. [যামাতৃ-অ] জামাতা, দুহিতৃ-পতি, জামাই।

যামার্দ্ধ, ন. [যাম+অর্দ্ধ] প্রহরের অর্দ্ধেক, অর্দ্ধপ্রহর।

যামি, স্ত্রী. [যা+মি] স্বসা, ভগিনী; কুলস্ত্রী, কুলবধূ; যামিনী, রাত্রি; ধর্ম্মেরপত্নী।

যামিক, ত্রি. [যাম+ইক] প্রহর সম্বন্ধীয়; প্রহরী, কোটাল, চৌকীদার।

যামিকভট, পুং. [যামিক+ভট] প্রহরিক, কোটাল, চৌকীদার।

যামিকা, স্ত্রী. [যাম+ইক-আ] রাত্রি, রজনী, নিশা। [রাশি।

যামিত্র, ন. [যম+ইত্র] লগ্ন হইতে সপ্তম

যামিনী, স্ত্রী. [যাম+ইন্-ঈ] রাত্রি, রজনী; হরিদ্রা, হলুদ।

যামিনীপতি, পুং. [যামিনী+পতি] চন্দ্র, বিধু; কর্পূর।

যামী, স্ত্রী. [যম+অ-ঈ] দক্ষিণদিক্; কুলস্ত্রী কুলবধূ, কুলকন্যা।

যামুন, ন. [যমুনা+অ] স্রোতোঽঞ্জন, রসাঞ্জন; (ত্রি) যমুনা সম্বন্ধীয়।

যামুনেষ্টক, ন. [যামুন+ইষ্টক] সীসক, সীসা।

যামেয়, পুং. [যামি+এয়] ভাগিনেয়, ভগিনী পুত্র,ভাগিনেয়।

যাম্য, পুং. [যম+য] অগস্ত্যমুনি; চন্দন-বৃক্ষ; দক্ষিণদিক্। [নক্ষত্র।

যাম্যা, স্ত্রী. [যম+য-আ] দক্ষিণদিক্; ভরণী

যাম্যায়ন, ন. [যাম্যা+অয়ন] দক্ষিণায়ন, সূর্য্যের দক্ষিণদিকে গমন। [বৃক্ষ।

যাম্যোদ্ভূত, পুং. [যাম্যা+উদ্ভূত] শ্রীতাল

যায়জূক-যুক, পুং. [যজ+উক] পুনঃপুনর্যাগ-কর্ত্তা, তৎপর্য্যায়।—ইজ্যাশীল।

যায়াবর, পুং. [যায়া+বর] অশ্বমেধীয়াশ্ব, অশ্বমেধ যজ্ঞের ঘোড়া; জরৎকারু মুনি; পুনঃপুনর্গমনশীল।

যার, ন. [যার+অ] বন্ধু, সহযোগী, ইয়ার।

যারকী, (প্রা) বন্ধুত্ব, ইয়ারকী।

যাশোধরেয়, পুং. [যশোধর+এয়] শাক্য-মুনিপুত্র।

যাষ্টীক, পুং. [যষ্টি+ইক] যষ্টিধারি যোদ্ধা, লেঠেরা, তৎপর্য্যায়।—যষ্টিহেতিক; জোৎদার।

যাস, পুং. [যস+অ] দুরালভালতা।

যাসা, স্ত্রী. [যাস+আ] মদন শলাকাপক্ষী।

যিনি, (প্রা) যেব্যক্তি, যেলোক, যেজন

যিজক্ষমান, ত্রি. [যজ+স+আন] যজ্ঞকর-ণেচ্ছু, যজ্ঞ করিতে ইচ্ছুক।

যিজক্ষা, স্ত্রী. [যজ্+স-আ] যজনবাঞ্ছা, যজ্ঞ-নের ইচ্ছা।

যিজক্ষু, ত্রি. [যজ্+স-উ] যজ্ঞকরণেচ্ছু, যজ্ঞ করিতে ইচ্ছুক।

যুঁকন, (প্রা) তৌলন, ঝোঁকাদেওন, মাপন।

যুক্, ত্রি. [যুজ্] সমাধিমান্, ধর্ম্মচিন্তাকারী; যুগ্ম, দুটি; (বা) নিন্দা, তুলা, নিক্তি-পরিমাণ দণ্ড।

যুক্ত, ত্রি. [যুজ্+ত] ন্যায্য, ন্যায়াগত দ্র-ব্যাদি, উপযুক্ত; অপৃথগ্‌ভূত, মিলিত, লগ্ন, যোগারূঢ়; (ন) হস্তচতুষ্টয়, চারি-হাত; নিযুক্ত; আসক্ত; (পুং) অভ্যস্ত-যোগ, যে যোগির যোগাভ্যাস হইয়াছে, ব্যাপৃত। [আমরুলী।

যুক্তরসা, স্ত্রী. [যুক্ত+রস-আ] রাস্না, কাঁটা

যুক্তা, স্ত্রী. [যুজ্+ত-আ] বৃক্ষবিশেষ, এলানী বৃক্ষ; মিলিতা, সংলগ্না।

যুক্তি, স্ত্রী. [যুজ্+তি] ন্যায়; লোকব্যবহার; অনুমান; নাট্যালঙ্কার বিশেষ, অর্থাব-ধারণ; রীতি; পরামর্শ, বিবেচনা।

যুক্তিদাতা, পুং. [যুক্তি+দাতৃ] মন্ত্রী, পরা-মর্শী। [মর্শানুরূপ।

যুক্তিযুক্ত, ত্রি. [যুক্তি+যুক্ত] যুক্তিমন্ত, পরা

যুক্তিবিরুদ্ধ, ত্রি. [যুক্তি+বিরুদ্ধ] ন্যায় বি-রুদ্ধ, বিচারের বিপরীত।

যুক্তিসিদ্ধ, ত্রি. [যুক্তি+সিদ্ধ] সুযুক্ত, উপ-যুক্ত; সঙ্গত; পরামর্শানুরূপ, বিচার-সিদ্ধ।

ন. [যুজ্+অ] যুগ্ম,যোড়া; কৃতাদিকাল চতুষ্টয়, যথা।—সত্য, ত্রেতা, দ্বাপর, কলি; বৃদ্ধি নামক ঔষধ; হস্ত চতুষ্ক, চারিহাত; (পুং) যথহলাদির অঙ্গবিশেষ, জোয়ালি।

যুগকীলক, পুং. [যুগ+কীলক] যুগকাষ্ঠের কীলক, জোয়ালেরখিল, তৎপর্য্যায়।—শম্যা। [কালের ধর্ম্ম।

যুগধর্ম্ম, পুং. [যুগ+ধর্ম্ম] কালমাহাত্ম্য,

যুগন্ধর, পুং.[যুগং+ধর] রথ শকটলাঙ্গলাদির জোয়ালি ধারীপশু, তৎপর্য্যায়।—কুবর; পর্ব্বত বিশেষ। [এককালে।

যুগপৎ, ব্য. [যুগ+পদ্] একদা, এককালীন,

যুগপত্র, পুং. [যুগ+পত্র] কোবিদার বৃক্ষ; যুগ্মপর্ণবৃক্ষ মাত্র; যে বৃক্ষের যোড়াপাতা। [বৃক্ষ।

যুগপত্রক, পুং. [যুগ+পত্রক] কোবিদার

যুগপত্রিকা, স্ত্রী. [যুগ+পত্রিকা] শিংশপাবৃক্ষ; শিশুগাছ।

যুগপার্শ্বগ, পুং. [যুগ+পার্শ্বগ] অভ্যাসের নিমিত্ত লাঙ্গলের পার্শ্বেবদ্ধগো, পাঁটে বাঁধাগরু, তৎপর্য্যায়।—পৃষ্ঠবাট্।

যুগল, ন. [যুগ+ল] যুগ্ম, যোড়া।

যুগলমন্ত্র, পুং. [যুগল+মন্ত্র] লক্ষ্মীনারায়ণাদি মন্ত্র।

যুগলাখ্য, পুং. [যুগল+আখ্য] বর্ব্বূরবৃক্ষ, বাবুইগাছ; যুগ্মনামক।

যুগাংশক, পুং. [যুগ+অংশক] বৎসর; যুগবিভাজক।

যুগাদ্যা, স্ত্রী. [যুগ+আদ্য-অা] যুগারম্ভ তিথি, দেবীপীঠ দেবতাবিশেষ

যুগান্ত, পুং. [যুগ+অন্ত] প্রলয় চারি যুগের অবসান; যুগশেষ; কলিযুগ।

যুগ্ম, ন. [যুজ+ম] দ্বয়, যোড়া, তৎপর্য্যায়। দ্বন্দ্ব, যুগল, যুগ; দ্বিতীয় চতুর্থ ষষ্ঠ অষ্টম দশম দ্বাদশরাশি; মিলন।

যুগ্মপত্র, পুং. [যুগ্ম+পত্র] কাঞ্চনবৃক্ষ; (ন) যুগলপত্র।

যুগ্মপত্রিকা, স্ত্রী. [যুগ্ম+পত্রিকা] শিংশপা-

যুগ্মপর্ণ, পুং. [যুগ্ম+পর্ণ] কোবিদারবৃক্ষ; সপ্তপর্ণবৃক্ষ, ছাতিয়ান গাছ।

যুগ্মফলা স্ত্রী. [যুগ্ম+ফল-আ] ইন্দ্রচির্ভিটা; বৃশ্চিকালীলতা, বিছুটী; গন্ধিকা।

যুগ্মাদর, পুং. [যুগ্ম+আদর] তিথিবিশেষ যোগদ্বারা তিথিখণ্ডবিশেষের আদর

যুগ্মাদরণ, ন. [যুগ্ম+আদরণ] যুগ্মতিথি পূজা।

যুগ্য, ন. [যুজ্+য] বাহন, যান; (পুং.) যুগবোঢ়া, যোয়ালিবাহক।

যুঙ্, পুং. [যুজ্+ঙ] যোগকর্ত্তা, মিলনকর্ত্তা।

যুঙ্গী, পুং. [যুঙ্গ+ইন্] বর্ণসঙ্কর জাতিবিশেষ, গঙ্গাপুত্র কন্যার গর্ভে বেশধারি হইতে জাত।

যুজান, পুং. [যুজ্+আন] সারথি, সূত, (ইং) কোচম্যান।

যুজৌ, পুং. [যুজ+ঔ] অশ্বিনীকুমার।

যুজ্যমান, ত্রি. [যুজ্য+আন] মিলিত হওনোপযুক্ত।

যুঞ্জান, পুং. [যুজ্+আন] সারথি, সূত, (ইং) কোচম্যান; বিপ্র, ব্রাহ্মণ; ভাবনা সহকারে সর্ব্বজ্ঞযোগী, যোগাভ্যাসক।

যুড়ন, (প্রা) একত্রীকরণ, মিলন, দুইবস্তুর সংযোগকরণ; শীতলহওন।

যুড়া, (প্রা) ছায়া, অনাতপস্থান।

যুড়ান, (প্রা) শীতলকরণ; শান্তহওন; তুষ্টিজন্মান।

যুড়ি, (প্রা) যুগ্ম, যোড়া, দুইটা।

যুত, ন. [যু+ত] হস্তচতুষ্টয়, চারিহাত; (ত্রি.) যুক্ত, মিলিত, অপৃথগ্ভূত, সম্পৃক্ত।

যুতক, ন. [যুত+ক] সংশয়, সন্দেহ; যুগ, যুগ্ম; নারীর বস্ত্রাঞ্চল; যুক্ত, মিলিত; চলনাগ্র, গমনের অগ্র; যৌতুক; মৈত্রীকরণ, মিত্রতা; স্ত্রীলোকের বস্ত্রবিশেষ; সংশ্রয়; সূর্পাগ্র, কুলার অগ্রভাগ।

যুতা, (প্রা) চর্ম্মপাদুকা, বিনামা; সংযুক্তা, মিলিতা।

যুৎ, ন. [যু+ৎ] নিন্দা, দোষারোপণ, দোষকীর্ত্তনকরা; (স্ত্রী.) যুদ্ধ, সংগ্রাম, রণ।

যুদ্ধ, ন. [যুধ্+ত] যোধন, বিবাদ, লড়াই, তৎপর্য্যায়।—আয়োধন, জন্য, প্রধন, প্রবিদারণ, মৃধ, আস্কন্দন, সংখ্য, সমীক, সাম্পরায়িক, সমর, অনীক, রণ, কলহ, বিগ্রহ, সংপ্রহার, অভিসম্পাত, কলি, সংস্ফোট, সংযুগ, অভ্যামর্দ্দ, সমাঘাত, সংগ্রাম, অভ্যাগম, আহব, সমুদায়, সংযৎ, সমিতি, আজি, সমিৎ, যুৎ, সংরাব, আনাহ, সম্পরায়ক, বিদার, দারণ, সম্বিৎ, সম্পরায়, তীক্ষ্ণ, অম্বরীষ বলজ, আনর্ত্ত, অভিমর, সমুদয়; যুদ্ধে বর্ণনীয়ানি যথা —চর্ম্ম, বর্ম্ম, বল, চর, ধূলি, তূর্য্যস্বন, সিংহনাদ,শরমণ্ডল,রক্ত-নদী, ছিন্নছত্র, রথ, চামর,হস্তী,অশ্ব,কেতু, বিদীর্ণকুম্ভক, বিদীর্ণমুক্তা, ব্যূহরচনা-বস্থিত সেনা, সুরপুষ্পবৃষ্টি; তদ্বৈদিক পর্য্যায় যথা।—রণ, বিবাক্, বিখাদ, নদনু, ভর, আক্রন্দে, আহব, আজি, পৃতনাজ্য, অভীকে, সমীকে, মমসত্য, নেমধিতা, সঙ্কা, সমিতি, সমন, মীলহ, পৃতনা,স্পৃধ, মৃধ, পৃৎসু,সমৎসু,সমর্য্যে, সমরণে, সমোহে, সমিথে, সঙ্খে, সঙ্গে, সংযুগে,সঙ্গথে, সঙ্গমে, বৃত্রতূর্য্যে, পৃক্ষ, আণৌ, সুরসাতৌ, বাজসাতৌ সমনীকে, খলে, খজে, পৌংস্যে, মহাধনে, বাজে, অজ্ম, সদ্ম, সংযৎ, সংবৎ।

যুদ্ধকর্ত্তৃ, পুং. [যুদ্ধ+কর্ত্তৃ] যোদ্ধা, লড়াক।

যুদ্ধভূমি, স্ত্রী. [যুদ্ধ+ভূমি] রণভূমি, রণক্ষেত্র।

যুদ্ধরঙ্গ, পুং. [যুদ্ধ+রঙ্গ] কার্ত্তিকেয়, ষড়ানন।

যুদ্ধসার, পুং. [যুদ্ধ+সার] ঘোটক, অশ্ব, [ঘোড়া।

যুধাজিৎ, পুং. [যুধা+জিৎ] ভরতের মাতুল।

যুধান, পুং. [যুধ+আন] ক্ষত্রিয় জাতি; সংগ্রামকারী।

যুধিক, ত্রি. [যুধ+ইক] যোদ্ধা, যুদ্ধকারী।

যুধিক, ত্রি. [যুধ+ইক] যোদ্ধা, সমরকারক।

যুধিষ্ঠির, পুং. [যুধি+স্থির] পাণ্ডবরাজ, জ্যেষ্ঠপাণ্ডবের জ্যেষ্ঠ, তৎপর্য্যায়।—অজাতশত্রু, শল্যারি, ধর্ম্মপুত্র, অজমীঢ়।

যুধীয়, ত্রি. [যুধ+ঈয়] যোদ্ধা, রণকর্ত্তা, লড়াক।

যুধ্, স্ত্রী. [যুধ্] যুদ্ধ, সংগ্রাম, রণ।

যুধ্ম, পুং. [যুধ্+ম] সংগ্রাম, রণ; ধনুঃ; বাণ; যোদ্ধা; শেষ সংগ্রাম; শরভ।

যুবক, পুং. [যুবন্+ক] যুবা, তরুণ, প্রাপ্ত-যৌবন। [অকেশ।

যুবখলতি, ত্রি. [যুবন্+খলতি] যৌবনাবস্থায়

যুবগণ্ড, পুং. [যুবন্+গণ্ড] যুবার গণ্ডদেশস্থ ব্রণবিশেষ, বয়স্‌ফোড়া।

যুবজানি-যানি, পুং. [যুবতী+জায়া] যুবতী-পতি, যাহার যুবতী স্ত্রী।

যুবতি, স্ত্রী. [যুবন্+অতি] যুবতী, প্রাপ্ত-যৌবনা, বয়স্থা স্ত্রী।

যুবতী, স্ত্রী. [যুবন্+অতি-ঈ] প্রাপ্তযৌবনা, বয়স্থা স্ত্রী, তৎপর্য্যায়।—যূনী, তরুণী, তলুনী, দিক্করী, ধনিকা, ধনীকা, মধ্যমা, দৃষ্টরজাঃ, মধ্যমিকা, ঈশ্বরী, বর্য্যা, বয়স্থা; স্ত্রীসামান্য; প্রাপ্তযৌবনা স্ত্রী; হরিদ্রা, হলুদ।

যুবতীষ্টা, স্ত্রী. [যুবতী+ইষ্ট-আ] স্বর্ণযূথিকা স্বর্ণযুঁই।

যুবত্ব, ন. [যুবন্+ত্ব] যুবাকাল, তারুণ্য, যৌবন সময়।

যুবনাশ্ব, পুং. [যুবন+অশ্ব] সূর্য্যবংশীয় রাজাবিশেষ,মান্ধাতৃ পিতা।

যুবনাশ্বজ, পুং. [যুবনাশ্ব+জন্-অ] মান্ধাতৃ-রাজা, মান্ধাতা।

যুবরাজ, পুং. [যুবন্+রাজ] ভাবি বুদ্ধবিশেষ, তৎপর্য্যায়।—মৈত্রেয়, অজিত; রাজ-পুত্র, রাজকুমার, রাজ্যের উত্তরাধি-কারী এবং রাজকার্য্যের সাহায্যকারী রাজপুত্র, তৎপর্য্যায়।—কুমার, ভর্ত্তৃ-দারক।

যুবা, ত্রি. [যুবন্+অ] তরুণ; শ্রেষ্ঠ; নিসর্গ বলশালী; (পুং) যৌবনাবস্থাবিশিষ্ট, ষোড়শবর্ষেরপর ত্রিংশৎবর্ষ পর্য্যন্ত বয়স্ক; ষোড়শবর্ষেরপর সপ্ততিবর্ষ পর্য্যন্তবয়স্ক,তৎপর্য্যায়।—বয়স্থ, তরুণ,

যুযু, পুং [যু+যু] অশ্ব, ঘোটক, ঘোড়া।

যুযুক্খুর, পুং. [যুযুক্+খুর] ক্ষুদ্রব্যাঘ্র, নেকিড়ে বাঘ।

যুযুৎসা, স্ত্রী. [যুধ+স-আ] জয়েচ্ছা।

যুযুৎসু, পুং. [যুধ+স-উ] যোদ্ধা; (ত্রি.) জয়েচ্ছু; ধৃতরাষ্ট্রপুত্র।

যুযুক্ষমান, ত্রি. [যুজ্+শানচ] যোগকরণেচ্ছা।

যুযুধান, পুং. [যুধ+আন] সাত্যকি; ইন্দ্র; ক্ষত্রিয়; যোদ্ধা।

যুষ্মদ্, ত্রি. [যুষ্+মদ্] মধ্যমপুরুষ, সম্মুখস্থ-ব্যক্তি, তুমি।

যুষ্মদীয়, ত্রি. [যুষ্মদ+ঈয়] ভবদীয়, তোমার।

যুঁই, (প্র) যূথিকা পুষ্প, যুঁইফুল।

যু, স্ত্রী. [যু+উ] যূষ, মুদ্গাদিরক্কাথ রস।

যূক, পুং. [যু+উক] মৎকুণ; কেশকীট, উকুণ।

যূকা, স্ত্রী. [যূক+আ] মৎকুণ; উকুন, যূকী, তৎপর্য্যায়।—কেশকীট, স্বেদজ, ষট, পদ, পালী, বালকৃমি

যূতি, স্ত্রী. [যূ+তি] মিশ্রণ, সংযোগ।

যূথ, ন. [যূ+থ] সজাতীয় সমূহ, পশুপক্ষির-পাল, সমূহ, বৃন্দ।

যূথনাথ, পুং. [যূথ+নাথ] বন্যহস্তি সমূহের ঈশ্বর, বন্যহস্তি দিগের প্রধান, তৎপর্য্যায়।—যূথপ।

যূথপ, পুং; [যূথ+পা-অ] অরণ্যহস্তিসমূহের প্রধান। [প্রধান।

যূথপতি, পুং. [যূথ+পতি] পশুপালের

যূথভ্রষ্ট, পুং. [যূথ+ভ্রষ্ট] হস্তিসমূহহইতে পলায়িত হস্তী; দলভ্রষ্ট, সঙ্গিহারা।

যূথিকা, স্ত্রী. [যূথ+ইক-আ] পাঠা; অম্লানক; পুষ্পবিশেষ, যুঁইফুল, তৎপর্য্যায়।—গণিকা, অম্বষ্ঠা, মাগধী, হেমপুষ্পিকা, যূথী, প্রহসন্তী, শিখণ্ডিনী, বাসন্তী, বালপুষ্পিকা, বহুগন্ধা, ভৃঙ্গানন্দা।

যূথী, স্ত্রী. [যূথ+ঈ] যূথিকা, যুঁইফুল।

যূথীন, পুং. [যূথ+ঈন] যূথপ, অরণ্যহস্তি সমূহের প্রধান।

যুনি, স্ত্রী. [যু+নি] যোগ, মিশ্রণ, একত্র-

যুনী, স্ত্রী. [যুবন্+ঈ] যুবতী, প্রাপ্তযৌবনা, তরুণী

যূপ, পুং. ন [যু+পা-অ] যজ্ঞেতে পশুবন্ধনার্থ কাষ্ঠ; (পুং.) জয়স্তম্ভ; যাগস্তম্ভ।

যূপকটক, পুং. [যূপ+কটক] যজ্ঞসমাপ্তি সূচক পশুবন্ধনার্থ যজ্ঞভূমিতে যে কাষ্ঠ রোপণ, তৎপর্য্যায়।—চষাল।

যূপকর্ণ, পুং. [যূপ+কর্ণ] যূপেরএকদেশ, তৎপর্য্যায়।—ঘৃতাবনি।

যূপদ্রু, পুং. [যূপ+দ্রু] খদিরবৃক্ষ, খএর-গাছ।

যূপদ্রুম, পুং. [যূপ+দ্রুম] খদিরবৃক্ষ, খএর গাছ; রক্তখদির। [পাখী।

যূপলক্ষ্য, পুং. [যূপ+লক্ষ্য] পক্ষী, বিহঙ্গ,

যূপাগ্র, [যূপ+অগ্র] যূপের অগ্রভাগ, পশুবন্ধনার্থ কাষ্ঠের অগ্রভাগ, তৎপর্য্যায়।—তর্ম্ম।

যূপোচ্ছ্রয়, পুং. [যূ+উচ্ছ্রয়] যূপপ্রতিষ্ঠার পূজাদি।

যূষ, পুং. ন [যূষ+অ] মুদ্গাদি ক্কাথরস, ঝোল; (পুং.) ব্রহ্মদারুবৃক্ষ।

যে, (প্রা) বিশেষ্য ব্যক্তি অথবা বস্তু।

যেঅবধি, (প্রা) যদবধি, যৎকালপর্য্যন্ত।

যেকালে, (প্রা) যখন যেসময়ে, যৎকালে।

যেকিছু, (প্রা) যৎকিঞ্চিৎ, যাহা।

যেকেহ, (প্রা) যেকোনব্যক্তি, যেকোন লোক।

যেকোন, (প্রা) যে কেহ; যে কিছু।

যেখানে, (প্রা) যত্র, যেস্থলে, যথা।

যেথাসেথা, (প্রা) যত্রতত্র, যথাতথা, যেখানে সেখানে।

যেন, (প্রা) যথা; যেরূপে; অনুমত্যর্থ।

যেপর্য্যন্ত, (প্রা) যদবধি. যতদুর।

যেপ্রকার, (প্রা) যাদৃক্, যদ্রূপ, যেরূপ.

যেমত, (প্রা) যদ্রূপ, যেমত, যেরূপ।

যেমনতেমন, (প্রা) যথোপযুক্ত, সামান্যত।

যেযে, (প্রা) যাহাযাহা, যেকেহ, যেকোন।

যেরূপ, (প্রা) যদ্রূপ. যেপ্রকার, যেমন।

যেসে, (প্রা) যে কোন ব্যক্তি, যেকেহ।

যো, (প্রা) সুযোগ, পথ; মূলধন; সঞ্চয়।

যোআলি, (প্রা) ঘুড়িবারকাষ্ঠ, যোক্ত।

যোকা, (প্রা) তুলনকরণ, পরিমাণ, মাপ।

যোকান, (প্রা) তুলনকরাণ, মাপান, তৌলান।

যোক্তা, পুং. [যুজ+তৃ] যোগকর্ত্তা; যোটানিয়া, যোগানিয়া, ঘটক।

যোক্ত্র, ন. [যুজ্+ত্র] ঈশাদণ্ডবন্ধরজ্জু, যোৎদড়ি, হলবন্ধনরজ্জু, তৎপর্য্যায়।—আবন্ধ, যোত্র।

যোগ, পুং. [যুজ্+অ] সন্নহন; সমাদি চতুর্ব্বিধ উপায়; ধ্যান; সঙ্গতি; যুক্তি; অপূর্ব্বঅর্থসংপ্রাপ্তি; বপুঃস্থৈর্য্য, শরীরের স্থিরতা প্রয়োগ; বিষ্কুম্ভাদিযোগ; ভেষজ, ঔষধ; বিশ্রব্ধঘাতক, বিশ্বাস ঘাতক; দ্রব্য; কার্ম্মণ; নৈয়ায়িক; ধন; চার, দৌত্যকর্ম্ম; সূত্র; মিলন, ঐক্য; জীবাত্মা ও পরমাত্মার সংযোগ; সম্বন্ধ; সদ্ভাব; চিত্তবৃত্তিনিরোধ, মনের বিষয়ান্তরনিবৃত্তি; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি সংখ্যক কালবিশেষ; বর্ম্মবন্ধন; যুক্তি; ধনসম্পত্তির উপার্জ্জন ও বর্দ্ধন; লাভ; পতঞ্জলিপ্রণীত দর্শন শাস্ত্রবিশেষ

যোগচর, পুং. [যোগ+চর] হনুমান, পবন নন্দন।

যোগজ, পুং. [যোগ+জন্-অ] অগুরু (ত্রি.) যোগজাত; (পুং.) অলৌকিব সন্নিকর্ষবিশেষ; ইহাদ্বিবিধযথা।—যুক্ত যুঞ্জান।

যোগতঃ, ব্য. [যোগ+তস্] উপযুক্তরূপে উপযুক্ত সময়ে, যোগপূর্ব্বক।

যোগদান, ন. [যোগ+দান] ছলদ্বারাদান প্রতারণাপূর্ব্বকদান।

যোগনাবিক, পুং. [যোগ+নাবিক] মৎস্যবিশেষ, গরুই; চেঙমাছ, তৎপর্য্যায়. পর্ব্বাট।

যোগনিদ্রা, স্ত্রী. [যোগ+নিদ্রা] দুর্গা, পার্ব্বতী।

যোগপট্ট, ন. [যোগ+পট্ট] বস্ত্রদ্বারা পৃষ্ঠ ও জানুবন্ধন; যোগপাটা।

যোগপদক, ন. [যোগ+পদক] পূজাদিসময়ে

যোগপাদুকা, স্ত্রী. [যোগ+পাদুকা] বিশেষ গুণাক্রান্ত পাদুকা।

যোগপীঠ, ন. [যোগ+পীঠ] দেবতাদিগের যোগাসন।

যোগবল, পুং. [যোগ+বল] তপস্যারতেজঃ সমাধির প্রভাব।

যোগবাহ, পুং. [যোগ+বাহ] অনুস্বার, বিন্দু; বিসর্গ, দ্বিবিন্দু; জিহ্বামূলীয়; উপাধ্মানীয়।

যোগবাহী, স্ত্রী. [যোগ+বাহ-ঈ] ক্ষারবিশেষ।

যোগভ্রষ্ট, ত্রি. [যোগ+ভ্রষ্ট] সমাধিচ্যুত ধ্যানভ্রংশ; সন্ন্যাস ভ্রষ্ট

যোগমায়া, স্ত্রী. [যোগ+মায়া] দুর্গা, ভগবতী, বিষ্ণুমায়া

যোগরঙ্গ, পুং. [যোগ+রঙ্গ] নারঙ্গ।

যোগরাজগুগ্গুলু, পুং. [যোগরাজ+গুগ্গুলু] বাতরোগাদির ঔষধবিশেষ।

যোগরূঢ়, পুং. [যোগ+রূঢ়] ইন্দ্রিয় ভোগ্য শব্দাদিতে অনাসক্ত।

যোগসার, পুং. [যোগ+সার] সর্ব্বরোগহরোপায়, সমস্তরোগ নাশের উপায়

যোগক্ষেম, ন. [যোগ+ক্ষেম] অনাগত অনয়নাগত রক্ষণ, অলব্ধবস্তুরলাভ ও লব্ধ বস্তুর রক্ষা।

যোগাড় (প্রা) কর্ম্মনির্ব্বাহের উপায়, কর্ম্মের সুযোগ; কর্ম্মের উদ্যোগ।

যোগাড়িয়া (প্রা) সহকারী কর্ম্মের সহায়।

যোগাধমন, ন. [যোগ+আধমন] ছলদ্বারা বন্ধক দেওয়া।

যোগান, (প্রা) দ্রব্যাদির কুলান, সংগ্রহ করিয়া দেওন, নির্ব্বাহ।

যোগানিয়া, (প্রা) নির্ব্বাহকারী, সাহায্যকারী।

যোগানা, (প্রা) নির্ব্বাহকারী; যোগাড়ে।

যোগারঙ্গ, পুং. [যোগ+আরঙ্গ] নারঙ্গ নারাঙ্গ।

যোগারূঢ়, পুং. [যোগ+আরূঢ়] ইন্দ্রিয়ার্থ সাধন, কর্ম্মেতে অনাসক্ত. যোগযুক্ত.

াসন, ন. [যোগ+আসন] ব্রহ্মাসন, ধ্যানাসন, যোগ সাধনার্থ উপবেশনীয় পীঠাদি।

যোগিদণ্ড, পুং. [যোগিন্+দণ্ড] বেত্র, বেত।

যোগিনিদ্রা, স্ত্রী. [যোগিন্+নিদ্রা] লঘুনিদ্রা, অল্পনিদ্রা; কাকনিদ্রা।

যোগিনী, স্ত্রী. [যোগ+ইন্-ঈ] যোগযুক্তা নারী; ভগবতীর সখীরূপা আবরণ দেবতা; চতুঃষষ্ঠী যোগিনী যথা।— নারায়নী, গৌরী, শাকম্ভরী, ভীমা, রক্তদন্তিকা, ভ্রামরী, পার্ব্বতী, দুর্গা, কাত্যায়নী, মহাদেবী, চণ্ডঘণ্টা, মহাবিদ্যা, মহাতপা, সাবিত্রী, ব্রহ্মবাদিনী, ভদ্রকালী, বিশালাক্ষী, রুদ্রাণী, কৃষ্ণপিঙ্গলা, অগ্নিজ্বালা, রৌদ্রমুখী, কালরাত্রি, তপস্বিনী, মেঘস্বনা, সহস্রাক্ষী, বিষ্ণুমায়া, জলোদরী, মুক্তকেশী, ঘোররূপা, মহাবলা, শ্রুতি, স্মৃতি, ধৃতি, তুষ্টি, পুষ্টি, মেধা, বিদ্যা, লক্ষ্মী, সরস্বতী, অপর্ণা, অম্বিকা যোগিনী, ডাকিনী, শাকিনী, হাকিনী, হাকিনী, লাকিনী, ত্রিদশেশ্বরী, মহাষষ্ঠী, সর্ব্বমঙ্গলা, লজ্জা, কৌশিকী, ব্রহ্মাণী, মাহেশ্বরী, কৌমারী, বৈষ্ণবী, ঐন্দ্রী, নারসিংহী, বারাহী, চামুণ্ডা, শিবদূতী, বিষ্ণুমায়া, মাতৃকা; দশবিধ দশান্তর্গত, দশাবিশেষ।

যোগী, ত্রি. [যোগ+ইন্] যোগযুক্ত, যোগবিশিষ্ট; (পুং.) সন্ন্যাসী।

যোগীশ্বর, পুং. [যোগী+ঈশ্বর] যোগিরদিগের মধ্যে শ্রেষ্ঠ; যাজ্ঞবল্ক্য মুনি।

যোগীশ্বরী, স্ত্রী. [যোগী+ঈশ্বরী] দুর্গা, পার্ব্বতী, ভগবতী

যোগে, (প্রা) দ্বারা, উপায়ে, সুযোগক্রমে।

যোগেশ, পুং. [যোগ+ঈশ] যাজ্ঞবল্ক্যমুনি; ...কৃষ্ণ; শিব, মহাদেব

যোগেশ্বর, পুং. [যোগ+ঈশ্বর] শ্রীকৃষ্ণ, বিষ্ণু; শিব, মহাদেব।

যোগেশ্বরী, স্ত্রী. [যোগ+ঈশ্বরী] বন্ধ্যাকর্কোটকী।

যোগ্য, ন. [যুজ্+য] প্রবীণ, প্রাচীন; যোগার্হ; উপায়ী; শক্ত, সমর্থ, উপযুক্ত; পবিত্র; (ন.) ঋদ্ধিনামক ঔষধ; বৃদ্ধিনামক ঔষধ; (পুং.) পুষ্যানক্ষত্র; (স্ত্রী.) অনুশীলন; সূর্য্যপত্নী।

যোগ্যতা, স্ত্রী. [যোগ্য+ত-আ] ক্ষমতা, উপযুক্ততা; পবিত্রতা; শাব্দবোধের কারণবিশেষ, পদার্থের পরস্পর সম্বন্ধবিষয়ে বাধাভাব।

যোগ্যত্ব, ন. [যোগ্য+ত্ব] ক্ষমতা, উপযুক্ততা, নিপুণতা; পবিত্রতা।

যোগ্যা, স্ত্রী. [যুজ্+য-আ] অভ্যাস, আয়ত্ত; সূর্য্যপত্নী; শস্ত্রের অভ্যাস, অস্ত্র বিদ্যাভ্যাস, তৎপর্য্যায়।—খুরলী, শ্রম, অভ্যাস।

যোঙড়া, (প্রা) জলজন্তুবিশেষ, শম্বুকাদি, গোড়া।

যোজক, ত্রি. [যুজ্+অক] যোগকারক, মিলনকর্ত্তা; ঘটক।

যোজন, ন. [যুজ্+অন] পরমাত্মা; চতুঃক্রোশী, চারিক্রোশ পরিমাণ; যোগ; (স্ত্রী.ন.) সংযোগ, একত্রকরণ; সংঘটন।

যোজনগন্ধা, স্ত্রী. [যোজন+গন্ধ-আ] কস্তুরী, মৃগমদ; সীতা; সত্যবতী, ব্যাসমাতা।

যোজনগন্ধিকা, স্ত্রী. [যোজন+গন্ধিকা] সত্যবতী, ব্যাসমাতা; কস্তুরী, মৃগমদ; সীতা, জনকনন্দিনী।

যোজনপর্ণী, [যোজন+পর্ণ-ঈ] মঞ্জিষ্ঠা লতা।

যোজনবল্লিকা, স্ত্রী. [যোজন+বল্লিকা] মঞ্জিষ্ঠ লতা।

যোজনবল্লী, স্ত্রী. [যোজন+বল্লী] মঞ্জিষ্ঠা-[লতা।

যোজনা, স্ত্রী. [যুজ্+অন-আ] যোগকারণ, মিলান, ঘটান।

যোজনীয়, ত্রি. [যুজ্+অনীয়] যোগ্য, যোগ করিবার উপযুক্ত।

যোজিত, ত্রি. [যুজ্+ত] যুক্তকৃত, মিলিত, যোজনকরা; নিয়মিত; রচিত।

যোজ্য, ত্রি. [যুজ্+য] যোজনীয়, যোগ-

যোট, (প্রা) উভয়ে মিলন; যুগল; সঙ্গ।
যোটক, পুং. [যোট+ক] যোটক, মেলন; কার্য্যকারক, ঘটক, যে মিলাইয়া দেয়।
যোড় (প্রা) দ্বন্দ্ব, যুগ্ম, দুই; মিলন, একত্র হওয়া।
যোড়ন, (প্রা) মিলকরণ, একত্রকরণ, যোজনা।
যোড়া, (প্রা) মিলনকরা; একত্রকরা; যুগ্ম, দুই; মিথুন, দম্পতী।
যোড়ান, (প্রা) মিলনকারণ, সংলগ্নকরাণ; একত্রকরণ।
যোত, (প্রা) হলবন্ধন রজ্জু, যোৎদড়ী।
যোতন, (প্রা) লাঙ্গলে রজ্জুসংযুক্তকরণ; যোগকরণ, যোজন, একত্রকরণ।
যোতু, পুং. [যু+অ-তু] পরিমাণ।
যোত্র, ন.[যু+অ-ত্র] যোক্ত্র, লাঙ্গলাদি বাহী বৃষাদিরস্কন্ধস্থ কাষ্ঠবিশেষ, যোয়াল; সম্পত্তি, সংস্থিতি। [নির্ধন।
যোত্রহীন, (প্রা) সম্পত্তিহীন, সংস্থিতিরহিত,
যোদ্ধা, পুং. [যুধ্+তৃ-অ] যুদ্ধকর্ত্তা, তৎপর্য্যায়।—ভট, যোধ, বীর।
যোধ, পুং. [যুধ্+অ] যোদ্ধা, যুদ্ধকর্ত্তা, বীরসৈন্য।
যোধন, ন. [যুধ+অন] যুদ্ধ, রণ; অস্ত্র।
যোধসংরাব, পুং. [যোধ+সংরাব] পরস্পর যোদ্ধাদিগের মধ্যে যুদ্ধে আহ্বান, তৎপর্য্যায়।—ক্রন্দন।
যোধেয়, পুং. [যুধ্+এয়] যোদ্ধা, সংগ্রামকর্ত্তা, রণকারক।
যোনল, পুং. [যোন+ল] শস্যবিশেষ, তৎপর্য্যায়।—যবনাল, জূর্ণাহ্বয়, দেবধান্য, জোন্নালা, বীজপুষ্পিকা।
যোনি, পুং. স্ত্রী. [যু+নি] আকর; উৎপত্তিস্থান; কারণ; জল; ভগ; তৎপর্য্যায়।—বরাঙ্গ, উপস্থ, স্মরমন্দির, রতিগৃহ, জন্মবর্ত্ম, অধর, অবাচ্যদেশ, প্রকৃতি, অপথ, স্মরকূপক, অপ্রদেশ, প্রকৃতি, পুষ্পী, সংসারমার্গক, সংসারমার্গ, গুহ্য, স্মরাগার, স্মরধ্বজ, রত্যঙ্গ, রতিকুহর, কলত্র, অধঃ, রতিমন্দির, স্মরগৃহ, কন্দর্প-

যোনিকন্দ, পুং. [যোনি+কন্দ] যোনি রোগবিশেষ।
যোনিকীট, (প্রা) লম্পট, কামুক, স্ত্রীতে অত্যন্ত আসক্ত। [শরীর।
যোনিজ, ত্রি. [যোনি+জ] যোনিনিঃসৃত
যোনিদেবতা, স্ত্রী. [যোনি+দেবতা] পূর্ব্বফল্গুনী নক্ষত্র। [ভাগ, সোমসূত্র।
যোনিনাসা, স্ত্রী. [যোনি+নাসা] যোনির ঊর্দ্ধ-
যোনিভ্রমণ, ন. [যোনি+ভ্রমণ] পুনঃ২ জন্ম পরিগ্রহ।
যোনিমুদ্রা, স্ত্রী. [যোনি+মুদ্রা] ভগবতীর পূজাদিতে দর্শনীয় অঙ্গুলীরচিত যোনির আকার মুদ্রাবিশেষ।
যোনিরঞ্জন, ন. [যোনি+রঞ্জন] মাসিক ঋতুস্রাব। [সঙ্কোচ।
যোনিসংবৃত্তি, স্ত্রী. [যোনি+সংবৃত্তি] যোনি
যোনিসঙ্কর, পুং. [যোনি+সঙ্কর] জন্মদোষ, জারজদোষ।
যোনিরোগ, পুং. [যোনি+রোগ] ভগগদ, ভগের রোগ।
যোনার্শঃ, ন. [যোনি+অর্শস্] যোনিজাত রোগবিশেষ, রক্তস্রাবাদি, তৎপর্য্যায়।—কন্দসংজ্ঞ।
যোয়াল, (প্রা) লাঙ্গলাদি যুড়িবারকাষ্ঠ, যুগ, যোয়ালি; সম্পত্তি সম্পন্ন।
যোষা, স্ত্রী. [যুষ+অ-আ] নারী, যোষিৎ, মেয়ে।
যোষিতা, স্ত্রী. [যোষিত+আ] নারী, স্ত্রী, অবলা, মেয়ে।
যোষিৎ, স্ত্রী. [যুষ+ইৎ] নারী, স্ত্রী, অঙ্গনা।
যোষিৎপ্রিয়া, স্ত্রী. [যোষিৎ+প্রিয়া] হরিদ্রা, হলুদ।
যোষিদ্বর্গ, স্ত্রী. ন. [যোষিৎ+বর্গ] নারীবিশেষ, স্ত্রী জাতি।
যৌ, (প্রা) লাক্ষা, লা।
যৌক্তিক, পুং. [যুক্ত+ইক] কর্ম্মসচিব; (ত্রি.) যুক্তিযোগ্য, যুক্তিসিদ্ধ।
যৌগক, ত্রি. [যোগ+ক] যোগসম্বন্ধ।
যৌগিক, ত্রি. [যোগ+ইক] যোগযাত, প্রকৃতি

যৌজনশতিক, ত্রি. [যোজন + শত-ইক] যোজন শত গমনকর্ত্তা, শত যোজন গামী।

যৌজনিক, ত্রি. [যোজন+ইক] একযোজন গমনকর্ত্তা, চারিক্রোশ গমনকর্ত্তা।

যৌতক, ন, [যুতক+অ] যৌতুক।

যৌতব, ন. [যৌতু+অ] যৌতুক, বিবাহাদিকালে দম্পতীর লব্ধ ধন; পরিমাণ, মাপ।

যৌতুক, ন. [যুত+উক] যৌতক, বিবাহাদিকালে দম্পতীর লব্ধ ধন।

যৌধিষ্ঠির, ত্রি. [যুধিষ্ঠির+অ] যুধিষ্ঠির পুত্র; যুধিষ্ঠিরসম্বন্ধীয়।

যৌধেয়, পুং. [যুধ+এয়] যোদ্ধা, রণকর্ত্তা, সংগ্রামকারী।

যৌন, ন. [যোনি+অ] যোনি সম্বন্ধাধীন পাপ, যোনিসম্পর্ক পাপ। [মাণ।

যৌবত ন. [যুবতী+অ] যুবতি সমূহ; পরি-

যৌবন, ন. [যুবন্+অ] তরুণাবস্থা, তৎপর্য্যায়।—তারুণ্য, বয়ঃ।

যৌবনকণ্টক, পুং. ন. [যৌবন+কণ্টক] যুবগণ্ড, বয়সফোড়া।

যৌবনযুক্ত, ত্রি. [যৌবন+যুক্ত] তরুণ, বয়ঃপ্রাপ্ত।

যৌবনলক্ষণ, ন. [যৌবন+লক্ষণ] লাবণ্য; স্তন; তারুণ্যচিহ্ন।

যৌবনস্থ, ত্রি. [যৌবন+স্থা-অ] যৌবনযুক্ত, যুবা।

যৌবনাশ্ব, পুং. [যুবনাশ্ব+অ] মান্ধাতৃরাজা, মান্ধাতা।

যৌবানাশ্বক, স্ত্রী. [যুবনাশ্ব+ক] মান্ধাতৃরাজা, মান্ধাতা।

যৌবনাবস্থা স্ত্রী. [যৌবন+অবস্থা] যুবাকাল, যৌবনকাল।

যৌবরাজ্য, ন. [যুবরাজ+য] যুবরাজের পদ, পিতৃসত্বে রাজপদ প্রাপ্তি।

যৌষ্মাক, ত্রি. [যুষ্মাক+অ] যুষ্মদসম্বন্ধীয়, তোমার।

যৌষ্মাকীন, ত্রি. [যুষ্মাক+ঈন্] যুষ্মদসম্বন্ধীয়, তোমার।

র

র, রেফ, রকার ব্যঞ্জনের সপ্তবিংশতি বর্ণ; তন্নামানি যথা —রক্ত; ক্রোধিনী; রেফ; পাবক; ওজস; প্রকাশ; দর্শন; দীপ; রত; কৃষ; অপর; বলী; ভুজঙ্গেশ; মতি; সূর্য্য. ধাতুরক্ত; প্রকাশক; ব্যাপক; রেবতীদাস; কুক্ষাংশ; বহ্নিমণ্ডল; উগ্ররেখা; স্থূলদণ্ড; দেবকণ্ঠপলা; প্রকৃতি; সুগল; ব্রহ্ম; শব্দ; গায়ক; ধন; শ্রীকণ্ঠ; উমা; হৃদয়; মুণ্ডী; ত্রিপুরসুন্দরী; সবিন্দু; যোনিজ; জ্বালা, স্ত্রী; শৈল; সর্ব্বতোমুখী।

রঃ, পুং. পাবক, বহ্নি; তীক্ষ্ণ; কামবহ্নি, কামাগ্নি

রং (গ্রা) বর্ণ, রঙ্গ।

রংহঃ, ন. [রম্‌হ্+অস্] বেগ, জব, শীঘ্রতা।

রকম, (যাং) প্রকার, বিধানতা।

রক্ত ন. [রন্‌জ্+ত] কুঙ্কুম; তাম্র; প্রাচীন আমলক; পদ্মক; সিন্দূর; হিঙ্গুল; শরীরস্থ সপ্ত ধাতুর অন্তর্গত ধাতুবিশেষ, তৎপর্য্যায়।—রুধির, অসৃক্, লোহিত, অস্র, ক্ষতজ, শোণিত, পলঙ্কার, রোহিত, রঙ্গক, কীলাল, অঙ্গজ, রোধির, স্বজ, ত্বগ্জ শোণ, লোহ, চর্ম্মজ; (পুং.) লোহিতবর্ণ; কুসুম্ভপুষ্প, কুসুম ফুল; হিঙ্গুল; (ত্রি.) অনুরক্ত, আসক্ত; নীলাদি রঞ্জিত, রংকরা; লোহিতবর্ণ; ক্রীড়ারত, ক্রীড়াসক্ত; সুশ্রাব্য।

রক্তক, পুং. [রক্ত+ক] অম্লানবৃক্ষ; বন্ধূকবৃক্ষ; রক্তবস্ত্র; অনুরাগী; বিনোদী; রক্তশিগ্রু; রক্তেরণ্ড, লালভেরেণ্ডা।

রক্তকণ্ঠ, ত্রি. [রক্ত+কণ্ঠ] অনুস্বরকণ্ঠ।

রক্তকন্দ. পুং. [রক্ত+কন্দ] বিদ্রুমরত্ন; রাজপলাণ্ডু, বড়প্যাঁজ; রক্তালু, রাঙ্গাআলু।

রক্তকন্দল, ন. [রক্ত+কন্দল] প্রবাল, পলা।

রক্তকমল, ন. [রক্ত+কমল] রক্তবর্ণ উৎপল, তৎপর্য্যায় —কোকনদ, রক্তাম্ভোজ, অরুণকমল, শোণপদ্ম, রক্তোৎপল, কাঁটবিদ্ধ, রবিপ্রিয়, রক্তবারিজ

রক্তকম্বল, ন. [রক্ত+কম্বল] রক্তোৎপল; রক্তবর্ণপদ্ম।

রক্তকরবীরক, পুং. [রক্ত+করবীরক] লোহিত বর্ণ করবীর পুষ্পবৃক্ষ, রাঙ্গাকরবীগাছ, (হিং) লালকনেল্, তৎপর্য্যায়।—রক্তপ্রসব, গণেশকুসুম, চণ্ডীকুসুম, ক্রূর, ভূতদ্রাবী, রবিপ্রিয়।

রক্তকাঞ্চন, পুং. [রক্ত+কাঞ্চন] স্বনামখ্যাত পুষ্পবৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—বদল, চমরিক, কাঞ্চনাল, তাম্রপুষ্প, কুদার, কোবিদার।

রক্তকাণ্ড', স্ত্রী. [রক্ত+কাণ্ড-আ] রক্তপুনর্নবা শাক। [বর্ণ দারু।

রক্তকাষ্ঠ, ন. [রক্ত+কাষ্ঠ] পত্তঙ্গ; লোহিত-

রক্তকুমুদ, ন. [রক্ত+কুমুদ] রক্তকৈরব,লালহেলাফুল।

রক্তকুসুম, পুং. [রক্ত+কুসুম] পারিভদ্র, পারিভাদ্র, নিমগাছ; ধন্বনবৃক্ষ।

রক্তকেশর, পুং. [রক্ত+কেশর] পারিভদ্র, নিমগাছ; পুন্নাগবৃক্ষ।

রক্তকৈরব, ন. [রক্ত+কৈরব] রক্তকুমুদ,রক্তকম্বল।

রক্তকোকনদ, ন. [রক্ত+কোকনদ] রক্তোৎপল, রক্তকম্বল।

রক্তখদির, পুং. [রক্ত+খদির] রক্তবর্ণ খদিরবৃক্ষ, রক্ত খয়ের, তৎপর্য্যায়।—রক্তসার, সুসার, তাম্রসারক, বহুশল্য, যাজ্ঞিক, কুষ্ঠনোদন, যূপদ্রুম, অভ্রখদির, অরু, গায়ত্রী, দন্তধাবন, কণ্টকী, বালপত্র, যজ্ঞিয়।

রক্তগন্ধক, ন. [রক্ত+গন্ধক] বোল।

রক্তগুল্ম, পুং. [রক্ত+গুল্ম] স্ত্রীলোকের রক্তস্রাবঘটিত গুল্মরোগ।

রক্তঘ্ন, পুং. [রক্ত+ঘ্ন] রোহিতক বৃক্ষ।

রক্তঘ্নী, স্ত্রী. [রক্ত+ঘ্ন-ঈ] দূর্ব্বাবিশেষ, গাঁঠিয়া দূর্ব্বা, গণ্ডদূর্ব্বা।

রক্তচন্দন, ন.[রক্ত+চন্দন]রক্তবর্ণ চন্দনকাষ্ঠ, তৎপর্য্যায়।—তিলপর্ণী, পত্রাঙ্গ, রঞ্জন, কুচন্দন, তাম্রসার, তাম্রবৃক্ষ, চন্দন, লোহিত, শোণিতচন্দন, রক্তসার, তাম্রসারক, ক্ষুদ্রচন্দন, অর্কচন্দন, রক্তাঙ্গ, প্রবালফল, পত্তগ, রক্তবীজ।

রক্তচিত্রক, পুং. [রক্ত+চিত্রক] ক্ষুপবিশেষ, রাংচিতা, তৎপর্য্যায়।—কাল, অত্যাল, কালমূল, অতিদীপ্য, মার্জ্জার, অগ্নি, দাহক, পাবক, চিত্রাঙ্গ, মহাঙ্গ।

রক্তচূর্ণ, ন. [রক্ত+চূর্ণ] সিন্দুর; রক্তবর্ণ চূর্ণমাত্র। [বর্ণ জন্তুমাত্র।

রক্তজন্তুক, ন. [রক্ত+জন্তুক] ভূনাগ; রক্ত-

রক্তজিহ্ব, পুং. [রক্ত+জিহ্ব] সিংহ, কেশরী; (ত্রি.) রক্তবর্ণ জিহ্বাযুক্ত জন্তুমাত্র।

রক্তঝিণ্টী, স্ত্রী. [রক্ত+ঝিণ্টী] রক্তবর্ণ ঝিণ্টীপুষ্পবৃক্ষ, রাঙ্গা ঝাটীফুলের গাছ, তৎপর্য্যায়।—কুরুবক।

রক্তভুণ্ড, পুং. [রক্ত+তুণ্ড] শুকপক্ষী, শুকপাখী; (ত্রি.) রক্তবর্ণ মুখযুক্ত।

রক্ততুণ্ডক, পুং. [রক্ত+তুণ্ডক] ভূনাগ।

রক্ততৃণা, স্ত্রী. [রক্ত+তৃণ-আ] গোমূত্রিকা।

রক্তত্রিবৃৎ, স্ত্রী. [রক্ত+ত্রিবৃৎ] রক্তবর্ণত্রিবৃতা, লালতেউড়ী, তৎপর্য্যায়।—কালিন্দী, ত্রিপুটা, তাম্রপুষ্পিকা, কুলবর্ণা, মসূরী, অমৃতা, কাকনাসিকা।

রক্তদন্তিকা, স্ত্রী. [রক্ত+দন্তিকা] ভগবতীর রূপবিশেষ, চণ্ডিকা, চণ্ডী।

রক্তদন্তী, স্ত্রী. [রক্ত+দন্ত-ঈ] ভগবতীর রূপবিশেষ, চণ্ডিকা, চণ্ডী।

রক্তদলা, স্ত্রী. [রক্ত+দল আ] নালিকা; চিবিল্লিকা।

রক্তদৃক্, পুং. স্ত্রী. [রক্ত+দৃশ্] কপোত, পায়রা; (ত্রি.) রক্তবর্ণ চক্ষুবিশিষ্ট।

রক্তধাতু, পুং. [রক্ত+ধাতু] গৈরিক, গেরিমাটী; তাম্র; রক্তবর্ণ ধাতুমাত্র।

রক্তনয়ন, পুং. [রক্ত+নয়ন] তিত্তির পক্ষীবিশেষ; (ত্রি.) রক্তবর্ণ চক্ষুঃবিশিষ্ট।

রক্তনাল, পুং. [রক্ত+নাল] জীবশাক, নালিতাশাক।

রক্তনাসিক, পুং. [রক্ত+নাসিক] পেচক, পেঁচা; (ত্রি.) লোহিত নাসিকাযুক্ত

রক্তপ, পুং. [রক্ত+পা-অ] রাক্ষস; (ত্রি.) রক্তপানকর্ত্তা।

রক্তপত্রিকা, স্ত্রী. [রক্ত+পত্রিকা] নাকুলী, সুরসা; রক্ত পুনর্নবাশাক; লোহিত-পত্র।

রক্তপদ, পুং. [রক্ত+পদ] শুকপক্ষী; লোহিত বর্ণ চরণ। [বিশেষ।

রক্তপদী, স্ত্রী. [রক্ত+পদ্-ঈ] ক্ষুদ্র বৃক্ষ-

রক্তপদ্ম, পুং. ন. [রক্ত+পদ্ম] রক্তবর্ণকমল, তৎপর্য্যায়।—রক্ত সরোরুহ, রক্তোৎপল, কোকনদ।

রক্তপল্লব, পুং. [রক্ত+পল্লব] অশোকবৃক্ষ; লোহিত পত্র।

রক্তপক্ষ, পুং. [রক্ত+পক্ষ] গরুড়, বৈনতেয়; রক্তবর্ণ পাখাবিশিষ্ট।

রক্তপা, স্ত্রী. [রক্ত+পা] জলৌকা, জোঁক; ডাকিনী; (ত্রি.) শোণিত পানকর্ত্তা।

রক্তপাকী, স্ত্রী. [রক্ত+পাক-ঈ] বৃহতী, বার্ত্তাকুবিশেষ।

রক্তপাত, পুং. [রক্ত+পাত] শোণিত পতন, রুধিরক্ষরণ।

রক্তপাতা, স্ত্রী. [রক্ত+পাতা] জলৌকা, জোঁক; (ত্রি.) শোণিত পানকর্ত্তা।

রক্তপাদ, পুং. [রক্ত+পাদ] শুকপক্ষী, শুক-পাখী; (ত্রি.) লোহিত চরণযুক্ত; ঘুঘু, পারাবত।

রক্তপাদী, স্ত্রী. [রক্ত+পাদ-ঈ] লজ্জালু, লাজুকলতা; হংসপদী।

রক্তপায়িনী, স্ত্রী. [রক্ত+পায়িন্-ঈ] জলৌকা, জোঁক; রক্তপানশীলাস্ত্রী।

রক্তপায়ী, পুং. [রক্ত+পায়িন্] রক্তপান শীল, রুধির পানকারী।

রক্তপারদ, ন. [রক্ত+পারদ] হিঙ্গুল; (পুং.) জটাধর।

রক্তপিণ্ড, ন. [রক্ত+পিণ্ড] জবাপুষ্প, ওড্রপুষ্প, যবাফুল।

রক্তপিণ্ডক, পুং. [রক্ত+পিণ্ডক] রক্তালু, রক্তবর্ণ আলু, শকরকন্দআলু।

রক্তপিত্ত, ন. [রক্ত+পিত্ত] রোগবিশেষ, রক্তাধিক্য।

রক্তপিত্তহা, স্ত্রী. [রক্ত+পিত্ত-হন্] রক্তঘ্নী,

রক্তপুনর্নবা, স্ত্রী. [রক্ত+পুনর্নবা] রক্তবর্ণ পুনর্নবা শাক, তৎপর্য্যায়।—ক্রূরা, মণ্ডলপত্রিকা, রক্তকাণ্ডা, বর্ষকেতু, লোহিতা, রক্তপত্রিকা, বৈশাখী, রক্ত-বর্ষাভূ, শোফঘ্নী, রক্তপুষ্পিকা, বিক-স্বরা, বিষঘ্নী, প্রাবৃষেণ্যা, সারিণী, বর্ষা-ভব, শোণপত্র, ভৌম, পুনর্ভব, নব, নবা।

রক্তপুষ্প, পুং. [রক্ত+পুষ্প] করবীর, করবীগাছ; রৌহিতক বৃক্ষ; রক্তকাঞ্চন বৃক্ষ; দাড়িমবৃক্ষ; বকবৃক্ষ; বন্ধূকবৃক্ষ; পুন্নাগবৃক্ষ।

রক্তপুষ্পক, পুং. [রক্ত+পুষ্পক] পলাশবৃক্ষ; রৌহিতকবৃক্ষ; পর্প্পট; শাল্মলিবৃক্ষ, শিমুল গাছ।

রক্তপুষ্পা, স্ত্রী. [রক্ত+পুষ্প-আ] শাল্মলি-লতা, শিমুললতা।

রক্তপুষ্পিকা, স্ত্রী. [রক্ত+পুষ্পিকা] লজ্জালু, লাজুকলতা; রক্তপুনর্নবাশাক, ভূপাটলি।

রক্তপুষ্পী, স্ত্রী. [রক্ত+পুষ্প ঈ] পাটলি-বৃক্ষ; জবাবৃক্ষ; আবর্ত্তকীলতা; নাগ-দমনা; করুণীবৃক্ষ; উষ্ট্রকাণ্ডী।

রক্তপূতিকা, স্ত্রী. [রক্ত+পূতিকা] রাঙ্গাপুঁই-শাক।

রক্তপূরক, ন. [রক্ত+পূরক] বৃক্ষাম্ল।

রক্তপ্রবাহক, পুং. [রক্ত+প্রবাহক] যে নাড়ীর দ্বারা হৃদপিণ্ডহইতে সর্ব্বশরীরে রক্তচালিত হয়।

রক্তপ্রসব, পুং. [রক্ত+প্রসব] রক্তকরবীর লালকরবী; রক্তাম্লান।

রক্তফল, পুং. [রক্ত+ফল] বটবৃক্ষ, বট-গাছ।

রক্তফলা, স্ত্রী. [রক্ত+ফল-আ] বিম্বিকা, তেলাকুচা ফল; স্বর্ণবল্লী।

রক্তফেনজ, পুং, [রক্ত+ফেনজ] বামপার্শ্ব-স্থিতফুষফুষে, তৎপর্য্যায়।—পুষ্ফুষ।

রক্তবটী, স্ত্রী. [রক্ত+বটী] মসূরিকা, মসূরি-কলাই; বসন্ত রোগ।

রক্তবরটী, স্ত্রী. [রক্ত+বরট-ঈ] মসূরিকা,

রক্তবর্গ, পুং. [রক্ত+বর্গ] দাড়িম; কিংশুক-বৃক্ষ; লাক্ষা, লা; বন্দুক; হরিদ্রা; দারু-হরিদ্রা; কুসুম্ভপুষ্প; মঞ্জিষ্ঠালতা।

রক্তবর্ণ, পুং. [রক্ত+বর্ণ] ইন্দ্রগোপ, সিঁদুরে পোকা; রাঙ্গার; শোণিতবর্ণ।

রক্তবর্দ্ধন, পুং. [রক্ত+বর্দ্ধন] বার্ত্তাকু, বেগুণ।

রক্তবর্ষাভূ, স্ত্রী. [রক্ত+বর্ষাভূ] রক্তপুনর্নবা শাক।

রক্তবসন, পুং. [রক্ত+বসন] সন্ন্যাসী, ব্রহ্মচারী; লালকাপড়।

রক্তবাত, পুং. [রক্ত+বাত] রোগবিশেষ।

রক্তবালুক, ন. [রক্ত+বালুক] সিন্দূর, সিঁদুর।

রক্তবালুকা, স্ত্রী. [রক্ত+বালুকা] সিন্দূর, সিঁদুর।

রক্তবিন্দু, পুং. [রক্ত+বিন্দু] রক্তকণা, শোণিত কণা।

রক্তবীজ, পুং. [রক্ত+বীজ] দাড়িম; অসুর-বিশেষ, শুম্ভনিশুম্ভ দৈত্যের সেনাপতি।

রক্তবীজকা, স্ত্রী. [রক্ত+বীজকা] ভদ্রদীবৃক্ষ।

রক্তবৃন্তা, স্ত্রী. [রক্তবৃন্ত-আ] শেফালিকা, শিউলী ফুল।

রক্তবৃষ্টি, স্ত্রী. [রক্ত+বৃষ্টি] রুধিরবর্ষণ; উৎপাতবিশেষ।

রক্তমঞ্জুর, পুং. [রক্ত+মঞ্জুর] নিচুলবৃক্ষ, ডেয়োগাছ।

রক্তমৎস্য, পুং. [রক্ত+মৎস্য] রক্তবর্ণ মৎস্যবিশেষ, তপস্যামাছ। [ময়

রক্তময়, ত্রি. [রক্ত+ময়] রুধিরাপ্লুত, শোণিত-

রক্তমূলক, পুং. [রক্ত+মূলক] দেবসর্ষপ-বৃক্ষ, রাইসর্ষা।

রক্তমূলা, স্ত্রী. [রক্ত+মূল-আ] লজ্জালুবৃক্ষ, লাজুক গাছ।

রক্তমেহ, পুং. [রক্ত+মেহ] প্রমেহ রোগবিশেষ, প্রস্রাবদ্বারা শোণিত ক্ষরণ।

রক্তমোক্ষণ, ন. [রক্ত+মোক্ষণ] শোণিত-স্রাব, রক্ত নির্গতকরণ।

রক্তযষ্টি, স্ত্রী. [রক্ত+যষ্টি] মঞ্জিষ্ঠালতা।

রক্তযষ্টিকা, স্ত্রী. [রক্ত+যষ্টিকা] মঞ্জিষ্ঠালতা।

রক্তযাবনাল, পুং. [রক্ত+যাবনাল] তুরর যাবনাল।

রক্তরেণু, পুং. [রক্ত+রেণু] সিন্দূর, সিঁদুর; পলাশকলিকা; পুন্নাগ।

রক্তরেণুকা, স্ত্রী. [রক্ত+রেণুকা] পলাশ-কলিকা, পলাশফুলেরকুঁড়ি, তৎপর্য্যায়। —অঙ্গারিকা। [বত

রক্তরৈবতক, ন. [রক্ত+রৈবতক] মহাপারে-

রক্তলশুন, পুং. [রক্ত+লশুন] রক্তবর্ণ মূলবিশেষ, তৎপর্য্যায়।—মহাকন্দ, গৃঞ্জন, দীর্ঘপত্রক, পৃথুপত্র, স্থূলকন্দ, যবনেষ্ট।

রক্তলা, স্ত্রী. [রক্ত+ল-আ] কাকতুণ্ডী।

রক্তলোচন, পুং. [রক্ত+লোচন] কপোত, পারাবত, পায়রা; (ত্রি.) লোহিত লোচনযুক্ত; কোকিল।

রক্তশাক, পুং. [রক্ত+শাক] রক্তবর্ণ শাক-বিশেষ, রক্তপুনর্নবা।

রক্তশালি, পুং. [রক্ত+শালি] রক্তবর্ণধানা-বিশেষ, তৎপর্য্যায়।—তাম্রশালি, শোণশালি, লোহিত।

রক্তশাসন, [রক্ত+শাসন] সিন্দূর, সিঁদুর।

রক্তশিগ্রু, পুং. [রক্ত+শিগ্রু] রক্তশোভাঞ্জন বৃক্ষ, রাঙ্গা শজিনাগাছ, তৎপর্য্যায়। —রক্তক, মধুর, বহুলচ্ছদ, সুগন্ধ, কেশরী, সিংহ, মৃগারি।

রক্তশীর্ষক, পুং. [রক্ত+শীর্ষক] সরলদ্রুম।

রক্তশৃঙ্গিক, ন. [রক্ত+শৃঙ্গিক] বিষ, হলাহল, গরল।

রক্তসংজ্ঞ, ন. [রক্ত+সংজ্ঞ] কুঙ্কুম।

রক্তসন্দংশিকা, স্ত্রী. [রক্ত + সন্দংশিকা] জলৌকা, জোঁক।

রক্তসন্ধ্যাক, ন. [রক্ত+সন্ধ্যাক] রক্তকহ্লার, রাঙ্গাসুঁদী, তৎপর্য্যায়।—হল্লক।

রক্তসরোরুহ, ন. [রক্ত+সরোরুহ] রক্তপদ্ম লালপদ্ম।

রক্তসর্ষপ, পুং. [রক্ত+সর্ষপ] রাজিকা, রাই-সর্ষা।

রক্তসহা, স্ত্রী. [রক্ত+সহ-আ] রক্তাম্লান।

রক্তসার, ন. [রক্ত+সার] রক্তচন্দন; পতঙ্গ; (পুং.) [illegible]

রক্তসৌগন্ধিক, ন. [রক্ত+সৌগন্ধিক] -রক্ত কহ্লার, লালবর্ণ উৎপল।

রক্তস্রাব, পুং. [রক্ত+স্রাব] বেতসাম্ল; রক্ত পতন, শোণিত নির্গম।

রক্তহংসা, স্ত্রী. [রক্ত+হংস-আ] রাগিণী বিশেষ।

রক্তা, স্ত্রী. [রন্জ+ত-আ] গুঞ্জা; লাক্ষা, লা, মঞ্জিষ্ঠা; উষ্ট্রকাণ্ডী।

রক্তাকার, পুং. [রক্ত+আকার] প্রবাল, পলা।

রক্তাক্ত, ন. [রক্ত+অক্ত] রক্তচন্দন; (ত্রি.) শোণিত মিশ্রিত।

রক্তাঙ্গ, ন. [রক্ত+অঙ্গ] বিদ্রুম; কুঙ্কুম; (পুং.) মঙ্গলগ্রহ; কম্পিল্ল; প্রবাল; মৎকুণ; মণ্ডল।

রক্তাঙ্গী, স্ত্রী. [রক্ত+অঙ্গ-ঈ] জীবন্তীবৃক্ষ; মঞ্জিষ্ঠা; রক্তগাত্রাস্ত্রী।

রক্তাতিসার, পুং. [রক্ত+অতিসার] রোগবিশেষ, রক্তনির্গমরোগ।

রক্তাধার, পুং. [রক্ত+আধার] চর্ম্ম, ত্বক্, চামড়া।

রক্তাপহ, ন. [রক্ত+আপহ] বোল।

রক্তাপামার্গ, পুং. [রক্ত+অপামার্গ] রক্তবর্ণ অপামার্গক্ষুপ, রাঙ্গা আপাঙ্, (হিং) লালচিরচিরী, তৎপর্য্যায়।—ক্ষুদ্রাপামার্গ, আঘট্টক, দুর্ভিক্ষিকা, রক্তবিট, কলাপত্রিকা।

রক্তাবাহক, পুং. [রক্ত+আবাহক] যে নাড়ী দ্বারা শরীর হইতে হৃদ্‌পিণ্ডে রক্ত আগত হয়।

রক্তাম্বর, [রক্ত+অম্বর] কাষায়বস্ত্র, রক্তবর্ণ বসন, রাঙ্গাকাপড়; (ত্রি.) রক্তবর্ণ বস্ত্র বিশিষ্ট।

রক্তাম্র, পুং. [রক্ত+আম্র] কোশাম্র।

রক্তাম্লান, পুং. [রক্ত+অম্লান] রক্তবর্ণপুষ্প বিশেষ, তৎপর্য্যায়।—রক্তসহা, অপরিম্লান, রক্তাম্লানক, রাগপ্রসব, রক্তপ্রসব, কুরুবক, রামালিঙ্গনকাম, বধূৎসব, প্রসব, সুভগ, ভ্রমরানন্দ।

রক্তারক্তি, (প্রা) যুদ্ধেতে উভয়ের রুধির

রক্তার্ব্বুদ, পুং. [রক্ত+অর্ব্বুদ] রোগবিশেষ।

রক্তার্ম্ম, ন. [রক্ত+অর্ম্মন্] নেত্ররোগবিশেষ, চক্ষুরপীড়া।

রক্তার্শ, ন. [রক্ত+অর্শ] অর্শোরোগবিশেষ।

রক্তালু, পুং. [রক্ত+আলু] রক্তবর্ণ আলুবিশেষ, শর্করকন্দ আলু, রাঙ্গাআলু, তৎপর্য্যায়।—রক্তপিণ্ডালু, রক্তপিণ্ডক, লোহিত, রক্তকন্দ, লোহিতালু।

রক্তাক্ষ, পুং. [রক্ত+অক্ষ] মহিষ; পারাবত, পায়রা; চকোরপক্ষী; কোকিল; ক্রূর, খল; সারসপক্ষী; রক্তবর্ণচক্ষুযুক্ত

রক্তিকা, স্ত্রী. [রক্ত+ইক-আ] গুঞ্জা, কুঁচ; রাজিকা, রাইসর্ষা; রক্তিকা পরিমাণ।

রক্তিমা, পুং. [রক্ত+ইমন্] শোণিতবর্ণ, রাঙ্গারং।

রক্তেক্ষু, পুং. [রক্ত+ইক্ষু] রক্তবর্ণ ইক্ষু, লালআকু, তৎপর্য্যায়।—সূক্ষ্মপত্র, শোণ, লোহিত, উৎপট, মধুর, হ্রস্বমূল, লোহিতেক্ষু।

রক্তৈরণ্ড, পুং. [রক্ত+এরণ্ড] বৃক্ষবিশেষ, লাল ভেরেণ্ডা, তৎপর্য্যায়।—ব্যাঘ্র, হস্তিকর্ণ, রুবু, উরুবুক, নাগবর্ণ, চঞ্চু, উত্তান পত্রক, করপর্ণ, পাচন, স্নিগ্ধ, ব্যাঘ্রতল, রক্তক, চিত্রবীর্য্য, ত্রুস্বৈরণ্ড। [বৃক্ষ।

রক্তৈর্ব্বারু, পুং. [রক্ত+এর্ব্বারু] ইন্দ্রবারুণী

রক্তোৎপল, ন. [রক্ত+উৎপল] রক্তপদ্ম, তৎপর্য্যায়।—রক্ত সরোরুহ; কোকনদ; (পুং.) শাল্মলিবৃক্ষ, শিমুলগাছ

রক্তোৎপলাভ, পুং. [রক্ত+উৎপল-আভ] শোণবর্ণ, রক্তবর্ণ, লাল; (ত্রি.) রক্তবর্ণবিশিষ্ট

রক্তোপল, ন. [রক্ত+উপল] গৈরিক, গেরিমাটী।

রগ, (বাং) শিরাঃ, মস্তকের পার্শ্বদ্বয়েরশির।

রগড়, (প্রা) বাদ্যের শব্দ, ঢক্কাদিতে আঘাতের উপক্রম; মর্দ্দন, ডলন।

রগড়ন, (প্রা) মর্দ্দন, ডলন, পেষণ।

রঘু, পুং. [রঘ্+উ] সূর্য্যবংশীয়রাজা, দিলীপ

রঘুকার, পুং. [রঘু+কার] কালিদাস।
রঘুকুলতিলক, পুং. [রঘুকুল+তিলক] শ্রীরামচন্দ্র; রঘুবংশের প্রধান।
রঘুনন্দন, পুং. [রঘু+নন্দন] শ্রীরাম, দশরথ-পুত্র; স্মৃতিশাস্ত্র সংগ্রহকর্ত্তা।
রঘুনাথ, পুং. [রঘু+নাথ] শ্রীরাম, সীতাপতি।
রঘুপতি, পুং. [রঘু+পতি] শ্রীরাম, দশরথ তনয়।
রঘুবংশ, পুং. [রঘু+বংশ] কালীদাস কৃত মহাকাব্যবিশেষ; রঘুরাজার পরিবার।
রঘুবংশতিলক, পুং. [রঘুবংশ+তিলক] শ্রীরাম, দাশরথি।
রঘুবর, পুং. [রঘু+বর] শ্রীরাম, দাশরথি, রাঘব।
রঘূদ্বহ, পুং. [রঘু+উদ্বহ] শ্রীরাম, রাঘব, দাশরথি।
রঙ্ক, পুং. [রক্+অ] কৃপণ; মন্দ, দরিদ্র।
রঙ্কু, পুং. [রম+কু] মৃগবিশেষ, শবল পৃষ্ঠ হরিণ; ছাগবিশেষ।
রঙ্গ, ন. [রন্‌জ+অ] ধাতুবিশেষ, রাঙ্গ, তৎ-পর্য্যায়।—ত্রপু. ত্রপুষ, আপুয, বঙ্গ, মধুর, হিম, কুরূপ্য, পিচ্চট, পূতিগন্ধ; (পুং.) রাগ, দীপ্তি; নৃত্য; রণভূমি; নাট্যস্থান; টঙ্কণ; সোহাগা, খাদিরসার।
রঙ্গকর, পুং. [রঙ্গ+কর] চিত্রকর; বর্ণক।
রঙ্গকারী, পুং. [রঙ্গ+কারিন্] রঙ্গকারক, কৌতুককারক, পরিহাসক (হি)রংরেজ।
রঙ্গকাষ্ঠ, ন. [রঙ্গ+কাষ্ঠ] পত্তঙ্গ।
রঙ্গচঙ্গ, (প্রা) চিত্রবিচিত্র; চটকদার।
রঙ্গচঙ্গিয়া, (প্রা) চিত্রবিচিত্র; ভূষণাদিসম্পন্ন; পরিষ্কৃত।
রঙ্গজ, ন. [রঙ্গ+জ-অ] সিন্দুর, সিঁদুর।
রঙ্গজীবক, পুং. [রঙ্গ+জীবক] চিত্রকার, পটুয়া; নাট্যকার; রংরাজ।
রঙ্গণ, (প্রা) রঙ্গান, চিত্রকরণ, ছোপান; পুষ্পবৃক্ষবিশেষ।
রঙ্গদ, পুং. [রঙ্গ+দা-অ] টঙ্কণ, সোহাগা; খাদিরসার।
রঙ্গদায়ক, ন. [রঙ্গ+দায়ক] কঙ্কুষ্ঠ।
রঙ্গদৃঢ়া, স্ত্রী. [রঙ্গ+দৃঢ়-আ] স্ফটী।
রঙ্গপত্রী, স্ত্রী. [রঙ্গ+পত্র-ঈ] নীলবৃক্ষ, নীল গাছ।
রঙ্গপুষ্পী, স্ত্রী. [রঙ্গ+পুষ্প-ঈ] নীলীবৃক্ষ নীলগাছ।
রঙ্গবীজ, ন. [রঙ্গ+বীজ] রূপ্য, রজত, রূপা।
রঙ্গভঙ্গ, (প্রা) কৌতুক; হাবভাব; পরিহাস।
রঙ্গভূতি, স্ত্রী. [রঙ্গ+ভূতি] কোজাগরপূর্ণিমা।
রঙ্গভূমি, স্ত্রী. [রঙ্গ+ভূমি] মল্লভূমি; নাট্যভূমি; আখড়া।
রঙ্গমল্লী, স্ত্রী. [রঙ্গ+মল্লী] বীণা, বাঁশী।
রঙ্গমাণিক্য, ন. [রঙ্গ+মাণিক্য] মাণিক্যরত্ন।
রঙ্গমাতা, স্ত্রী. [রঙ্গ+মাতা] কুট্টনী, দূতী, কুটনী; লাক্ষা, লা, জৌ।
রঙ্গমাতৃকা, স্ত্রী. [রঙ্গ+মাতৃকা] লাক্ষা, লা, জৌ।
রঙ্গরস, ন. [রঙ্গ+রস] ক্রীড়া, কৌতুক, ভণ্ডামী।
রঙ্গলাসিনী, স্ত্রী. [রঙ্গ+লাসিনী] শেফালিকা, শিউলিফুলগাছ।
রঙ্গশালা, স্ত্রী. [রঙ্গ+শালা] নাট্যগৃহ, নাচ-ঘর।
রঙ্গাঙ্গা, স্ত্রী. [রঙ্গ+অঙ্গ-আ] স্ফটী।
রঙ্গাজীব, পুং. [রঙ্গ+আজীব] চিত্রকর, পটুয়া; নট, নর্ত্তক; রঙ্গরাজ।
রঙ্গান, (প্রা) রঞ্জিতকরা, চিত্র করণ; ছোপান।
রঙ্গালিয়া, (প্রা) রঙ্গকরা, রঞ্জক বর্ণকারী।
রঙ্গাবতারক, পুং. [রঙ্গ+অবতারক] রঙ্গাবতারী, তৎপর্য্যায়।—শৈলূষ, ভরত, সর্ব্ববেশী, ভরতপুত্রক, ধাত্রীপুত্র, রঙ্গজীব, জায়াজীব, নট, কৃশাশ্বী, শৈলালী; নৃত্যগীত স্থানে গীতবাদ্যাদিদ্বারা প্রসঙ্গকারক; রঙ্গাবতরণজীবী
রঙ্গাবতারী, পুং. [রঙ্গ+অবতারিন্] নট, নর্ত্তক।
রঙ্গারি, পুং. [রঙ্গ+অরি] করবীর, করবী ফুল।

ঙ্গী, স্ত্রী. [রঙ্গ+ইন্-ঈ] শতমূলী; কৈবর্ত্তিকা; (ত্রি.) রঙ্গবিশিষ্টা, নর্ত্তকী।

রঙ্গিল, (গ্রা.) চিত্রবিচিত্র; রঙ্গযুক্ত।

রঙ্গী, ত্রি. [রঙ্গ+ইন্] রঙ্গকারক; চিত্রকর; কৌতুকী. পরিহাসকারী; নর্ত্তক।

রঙ্গীন, (গ্রা) বিচিত্র, বহুরঙ্গবিশিষ্ট।

রংহঃ, ন. [রন্হ+অস্] রংহ, বেগ, জব, শীঘ্রতা। [গঠক, মিস্ত্রী।

রচক, ন. [রচ্+অক] রচনাকর্ত্তা; নির্ম্মায়ক,

রচন, ন. [রচ+অন] নির্ম্মাণ, গ্রন্থন, গঠন।

রচনা, স্ত্রী. [রচ+অন-আ] কুসুম, প্রাকারাদির বা পত্রাবল্যাদির রচন, তৎপর্য্যায়।—পরিসান্দ, পরিস্পন্দ; যথাক্রমে স্থাপন, তৎপর্য্যায়।—নিবেশ, স্থিতি; নির্ম্মিতি, কৃতি, তৎপর্য্যায়। সন্দর্ভ, গুম্ফ, গুম্ফন, গ্রন্থন।

রচয়িতব্য, ত্রি. [রচ+তব্য] রচনীয়, নির্ম্মাণ, যোগ্য।

রচয়িতা, পুং. [রচয়িতৃ+অ] নির্ম্মাতা, রচক; গ্রন্থনকারক।

রচিত, ত্রি. [রচ+ইত] কৃত, নির্ম্মিত, গঠিত।

রজ, ন. [রন্জ+অ] স্ত্রীকুসুম, ঋতু, আর্ত্তব, (পুং.) পরাগ; রেণু, ধূলি; গুণবিশেষ।

রজঃ, ন. [রন্জ+অস্] স্ত্রীদিগের প্রতিমাসে যোনি নিঃসৃতরক্ত, তৎপর্য্যায়।—পুষ্প; আর্ত্তব, ঋতু, কুসুম, রজঃ; প্রকৃতির গুণবিশেষ; পরাগ, রেণু।

রজঃশয়, পুং. [রজস্+শয়] কুক্কুর, সারমেয়, কুকুর।

রজঃসারথি, পুং. [রজস্+সারথি] বায়ু, অনিল, বাতাস।

রজক, পুং. [রন্জ+অক] বর্ণসঙ্কর জাতিবিশেষ, তীবরপত্নীরগর্ভে ধীবরহইতে জাত, ধোবা, তৎপর্য্যায়।—নির্ণেজক, শৌচেয়, মলকীলক, ধাবক; অংশুক।

রজকী, স্ত্রী. [রজক+ঈ] রজকপত্নী, ধোপানী।

রজত, ন. [রন্জ+ত] রূপা, রূপা; হস্তীদন্ত; হার; হ্রদ; শৈল, পর্ব্বত; স্বর্ণ, সোণা, (ত্রি.) শুক্লবর্ণবিশিষ্ট।

রজতদ্যুতি, পুং. [রজত+দ্যুতি] হনুমান, পবননন্দন; রূপারন্যায় দীপ্তি।

রজতপ্রস্থ, পুং. [রজত+প্রস্থ] কৈলাসপর্ব্বত।

রজতাচল, পুং. [রজত+অচল] রৌপ্যপর্ব্বত কৈলাসপর্ব্বত।

রজতাদ্রি, পুং. [রজত+অদ্রি] কৈলাসপর্ব্বত, রজতগিরি।

রজন, ন. [রন্জ+অন] রাগ, রঞ্জন, রঙ্গযুক্ত করণ।

রজনি, স্ত্রী. [রঞ্জ+নি] রাত্রি, যামিনী, নিশা।

রজনী, স্ত্রী. [রঞ্জ+নি-ঈ] রাত্রি, নিশা; হরিদ্রা; জতুকা, জউ; নীলিনী।

রজনীগন্ধা, স্ত্রী. [রজনী+গন্ধ-আ] স্বনাম খ্যাত শ্বেতবর্ণ পুষ্পবিশেষ।

রজনীচর, পুং. [রজনী+চর] রাক্ষস, নিশাচর; চৌর; যামিকভট, প্রহরী।

রজনীজল, ন. [রজনী+জল] নীহার, শিশির হিম। [করঞ্জ।

রজনীপুষ্প, পুং. [রজনী+পুষ্প] পূতি-

রজনীমুখ, ন. [রজনী + মুখ] প্রদোষ, সূর্য্যাস্তকাল, সায়ং কাল।

রজনীহাসা, স্ত্রী. [রজনী+হাস-আ] শেফালিকাপুষ্প, শিউলীফুল।

রজসানু, পুং. [রজ+সানু] মেঘ, জলদ; চিত্ত, মনঃ।

রজস্বল, পুং. [রজস্+বল] মহিষ, লুলাপ।

রজস্বলা, স্ত্রী. [রজস্+বল-আ] রজোযুক্তা, জাতরজস্কা, তৎপর্য্যায়।—স্ত্রীধর্ম্মিনী, অবী, আত্রেয়ী, মলিনী, পুষ্পবতী, ঋতুমতী, উদকী, দুরি, পুষ্পহাসা, পুষ্পিতা, অবীরা, বিকলী, নিষ্কলী, ম্লানা, পাংশুলা।

রজি, পুং. [রন্জ+ই] চন্দ্রবংশীয় রাজাবিশেষ, পুরুরবার জ্যেষ্ঠপুত্র, আয়ু।

রজোগুণ, ন. [রজস্+গুণ] বিষয়াভিলাসের

রজোবল, ন, [রজস্+বল] অন্ধকার, তমঃ, ধ্বান্ত, তিমির।

রজোরস, ন, [রজস্+রস] অন্ধকার, তিমির তমঃ।

রজোহর, পুং. [রজস+হর] রজক, বস্ত্র ক্ষালনকর্ত্তা, ধোপা।

রজ্জু, স্ত্রী. [সৃজ+উ] বেণী, চুলের বিউনী; বন্ধনসাধন বস্তু, দড়ী, তৎপর্য্যায়।—শুল্ব, বরাটক, বটী, গুণ, শুল্বা, শুল্ব, শুল্বা, শুল্বী, সূত্র, বরাট, বটাকর, বটীগুণ।

রজ্জুদালক, পুং. [রজ্জু+দালক] পক্ষীবিশেষ।

রঞ্জক, ন. [রঞ্জ+অক] হিঙ্গুল; (পুং.) কম্পিল্লক; প্রীতিজনক; বস্ত্রাদি রাগকর্ত্তা।

রঞ্জন, ন. [রঞ্জ+অন] রক্তচন্দন; হিঙ্গুল; (পুং.) অন্তঃকরণে অনুরাগ উৎপাদন, সন্তুষ্টকরণ; মুঞ্জতৃণ।

রঞ্জনক, পুং. [রঞ্জন+ক] কট্‌ফল।

রঞ্জনদ্রু, পুং. [রঞ্জন+দ্রু] অচ্ছুকবৃক্ষ, আচফুলের গাছ।

রঞ্জনী, স্ত্রী. [রঞ্জন+ঈ] গুণ্ডারোচনিকা; নীলী; মঞ্জিষ্ঠা; শেফালিকা; হরিদ্রা; পর্প টী। [করা।

রঞ্জিত, ত্রি. [রঞ্জ+ইত] রঙ্গিণ, রঙ্গান, রঙ্গ-

রটনা, স্ত্রী: [রট্+অন-আ] ঘোষণা, জনরব; বিবরণ, কথন।

রটন্তী, স্ত্রী. [রট+ভস্-ঈ] মাঘমাসের কৃষ্ণা চতুর্দ্দশী।

রটিত, ত্রি. [রট+ইত] কথিত; ঘোষিত; খ্যাত; (ন.) কথনমাত্র।

রড়ন, (প্রা) শীঘ্রগমন, দৌড়ন।

রণ, ন. পুং. [রণ+অ] যুদ্ধ, সংগ্রাম, লড়াই; (পুং.) শব্দ; কণ; গতি।

রণকৃতী, পুং. [রণ+কৃতিন্] রণকুশল, রণপণ্ডিত, যুদ্ধে নিপুণ। [জয়।

রণজয়, পুং. [রণ+জয়] সমরবিজয়, যুদ্ধে-

রণজয়ী, পুং. [রণ+জয়িন্] যুদ্ধে জয়প্রাপ্ত; পরাভবকারী।

রণতূর্য্য, ন. [রণ+তূর্য্য] যুদ্ধের বাদ্য, তৎপর্য্যায়।—সংগ্রামপটহ, অভয়ডিণ্ডিম।

রণপণ্ডিত, পুং. [র+পণ্ডিত] যুদ্ধেকুশল, সমরনিপুণ।

রণপ্রিয় পুং. [রণ+প্রিয়] শ্যেনপক্ষী; (ন.) উশীর, বেণারমূল।

রণবাদ্য, ন. [রণ+বাদ্য] রণতূর্য্য, যুদ্ধের বাজনা। [হওয়া।

রণভঙ্গ, পুং. [রণ+ভঙ্গ] পরাভব,যুদ্ধেপরাস্ত

রণভূমি, স্ত্রী· [রণ+ভূমি] যুদ্ধস্থল,সমরক্ষেত্র।

রণমত্ত, পুং, [রণ+মত্ত] হস্তী, করী, হাতী; যুদ্ধোন্মত্ত।

রণমুষ্টি, পুং. [রণ+মুষ্টি] বিষমুষ্টিক্ষুপ।

রণরঙ্ক, পুং. [রণ++রঙ্ক] রণকাতর হস্তী, যুদ্ধেভীত করী, তৎপর্য্যায়।—প্রতিম।

রণরণ, ন. [রণ+রণ] উদ্বাহন, বিবাহ করা; (পুং.) মশক, মশা।

রণরণক, পুং. [রণ+রণক] উৎকণ্ঠা, উদ্বেগ, ভাবনা।

রণসঙ্কুল, ন. [রণ+সঙ্কুল] তুমুল, ঘোরতর সংগ্রাম।

রণসিঙ্গা (প্রা) যুদ্ধবাদ্যবিশেষ, যুদ্ধকালেবাজাইবার উপযুক্তভেরী।

রণাঙ্গণ, ন. [রণ+অঙ্গণ] রণক্ষেত্র, রণভূমি।

রণাজির, ন. [রণ+অজির] রণক্ষেত্র, রণস্থল।

রণালঙ্করণ, পুং. [রণ+অলঙ্করণ] কঙ্কপক্ষী, হাড়িগেলাপাখী।

রণ্ড, ত্রি· [রত+ড] অর্দ্ধচর্ম্মাবচ্ছিন্ন অবয়ব, উপস্থ; ধূর্ত্ত; নিষ্ফল, ফলহীন।

রণ্ডক, পুং; [রণ্ড+ক] অফলবৃক্ষ, ফলহীন বৃক্ষ।

রণ্ডা, স্ত্রী. [রণ্ড+আ] মূষিকপর্ণী, ইন্দুরকাণী পানা; বিধবা, রাঁড়।

রণ্ডাশ্রমী, পুং. [রণ্ডা+আশ্রমিন্] অষ্টচত্বারিংশদ্বৎসরের অধিক বয়স্ক ভার্য্যাবিহীন পুরুষ।

রণ্ডী, (প্র) বিধবা, পতিহীনা স্ত্রী, রাঁড়।

রণ্ডীবাজ, (যাং) লম্পট, কামুক, লোচ্চা।

রত, ন. [রম্+ত] মৈথুন, রতিক্রিয়া, শৃঙ্গার; গুহ্য; (ত্রি.) অনুরক্ত, আসক্ত।

রতকীল, পুং. [রতি+কীল] কুক্কুর, কুকুর;

কূজিত, ন. [রত+কূজিত] মৈথুন কালীন বাক্য, শৃঙ্গার সময়ে কথন, তৎপর্য্যায়।—মণিত।

রতগুরু, পুং. [রত+গুরু] পতি, কান্ত, ভর্ত্তা।

রতজ্বর, পুং. [রত+জ্বর] কাক, বায়স; অশ্ব।

রততালী, পুং, [রত+তালিন্] ষিড্গ, লম্পট, উপপতি, (স্ত্রী.) কুট্টনী.কুটিনী।

রতনারীচ, পুং. [রত+নারীচ] নারীদিগের সিৎকার শব্দ; কুক্কুর; স্মর, কামদেব; ষিড্গ, লম্পট।

রতনিধি, পুং [রত+নিধি] খঞ্জনপক্ষী।

রতব্রণ, পুং. [রত+ব্রণ] কুক্কুর, কুকুর; (ন.) উপদংশ।

রতর্দ্ধিক, ন. [রত+ঋর্দ্ধিক] দিবস, বাসর, দিন; সুখস্নান; অষ্টমঙ্গল।

রতশায়ী. পুং. [রত+শায়িন্] কুক্কুর কুকুর।

রতহিণ্ডক, পুং. [রত+হিণ্ডক] স্ত্রীচৌর, নারীচৌর, লম্পট, লোচ্চা। তৎপর্য্যায়।—ষিড্গ, ব্যলীক, পল্লব, দ্রাবক ভুজঙ্গ, চুম্বক, লঙ্গ, ভৃঙ্গ, নারীতরঙ্গক, স্বস্তিক, রতনারীচ, বন্ধক, রততালি, কটার, কামী, খেটী, নাগর, দাসীপ্রিয়, কুণ্ডকীট। [গিনী।

রতা, স্ত্রী, [রম্+ত-আ] আসক্তা, অনুরা-

রতান্দুক, পুং. [রত+অন্দুক] কুক্কুর, কুকুর।

রতান্ধ্রী, স্ত্রী. [রত+অন্ধু-ঈ] কুজ্ঝটিকা, কুয়াসা, কোহাড়া।

রতামর্দ্দ, পুং. [রত+আমর্দ্দ] কুক্কুর, কুকুর।

রতায়নী, স্ত্রী. [রত+আয়ন-ঈ] বেশ্যা, বারবিলাসিনী, বারযোষিৎ।

রতার্থিনী, স্ত্রী. [রত+অর্থিন্-ঈ] মৈথুনাভিলাষিণী, কামুকী।

রতার্থী, পুং. [রত+অর্থিন্] মৈথুনাভিলাসী, কামুক।

রতি, স্ত্রী. [রম্+তি] কামদেবপত্নী; রাগ, অনুরাগ; গুহ্য; রত, মৈথুন, সন্তোষ।

রতিকুহর, ন. [রতি+কুহর] যোনি, ভগ, স্ত্রীচিহ্ন।

রতিকূজিত, ন. [রতি+কূজিত] শৃঙ্গারকালীন

রতিক্রিয়া, স্ত্রী. [রতি+ক্রিয়া] মৈথুন, স্ত্রীসংসর্গ, তৎপর্য্যায়।—সম্বেশন।

রতিগৃহ, ন. [রতি+গৃহ] যোনি, ভগ; রমণ মন্দির; রমণাগার।

রতিনাগ, পুং. [রতি+নাগ] ষোড়শবন্ধান্তর্গত পঞ্চাদশ বন্ধ।

রতিপতি, পুং. [রতি+পতি] কামদেব. কন্দর্প, মদন।

রতিপাশক, পুং. [রতি+পাশক] রতিবন্ধবিশেষ।

রতিপ্রিয়, পুং; [রতি+প্রিয়] কামদেব; সুরতপ্রিয়, লম্পট, কামুক।

রতিমদা, স্ত্রী. [রতি+মদ-আ] অপ্সরস।

রতিমন্দির, ন. [রতি+মন্দির] যোনি; মৈথুন গৃহ। [বিশেষ।

রতিমিত্র, পুং. [রতি+মিত্র] রতিবন্ধ-

রতিরমণ, পুং. [রতি+রমণ] কামদেব,মদন।

রতিলক্ষ, ন. [রতি+লক্ষ] নিধুবন, রত, শৃঙ্গার।

রতিসত্বরা, স্ত্রী. [রতি+সত্বর-আ] চিরঞ্জীবা, পিড়িংশাক। [বিশেষ।

রতিসুন্দর, পুং. [রতি+সুন্দর] রতিবন্ধ-

রতু, স্ত্রী. [ঋত+উ] দেবনদী; সত্যবাক্।

রতোদ্বহ, পুং. [রত+উদ্বহ] কোকিল, পিক।

রত্তি, স্ত্রী. [রদ্+তি] পরিমাণবিশেষ, গুঞ্জা, রতি, এককুচ ওজন।

রত্তিকা, স্ত্রী. [রত্তি+ক-আ] পরিমাণবিশেষ, গুঞ্জা, রতি, এককুঁচ ওজন।

রত্ন, ন. [রম+ত্ন] অশ্মজাতি; মুক্তাদি, যথা—মণি, মুক্তা,সুবর্ণাদি বহুমূল্য উৎকৃষ্ট বস্তু, তন্নামানিযথা। অপ্ন, বাজ, পয়, প্রয়, শ্রব, পৃক্ষ, পিত্ত, বয়, সিন, অব, ক্ষু, ধাসি, ইরা, ইলা, ইষ, উর্জ্জ, রস, স্বধা, অর্ক, ক্ষদ্ম, নেম, সস, আয়ু, সুনৃতা, ব্রহ্ম, বর্চ্চ, কীলাল, যশঃ; শ্রেষ্ঠবস্তু; স্বজাতিশ্রেষ্ঠ, যে কোন বস্তুর মধ্যে শ্রেষ্ঠ; মাণিক্য; বজ্র।

রত্নকন্দল, পুং. [রত্ন+কন্দল] প্রবাল,

রত্নকূট, পুং. [রত্ন+কূট] পর্ব্বতবিশেষ, রত্নগিরি।

রত্নগর্ভ, পুং. [রত্ন+গর্ভ] কুবের, ধনাধিপ; সমুদ্র, সাগর।

রত্নগর্ভা, স্ত্রী. [রত্ন+গর্ভ-আ] পৃথিবী; গুণবৎ পুত্রবতী।

রত্নজীবী, পুং. [রত্ন+জীবিন্] রত্নাদি বিক্রেতা, মণিবিক্রেতা।

রত্নদ্বীপ, পুং. [রত্ন+দ্বীপ] রত্ননির্ম্মিতস্থান।

রত্নধেনু, স্ত্রী, [রত্ন+ধেনু] মহাদান বিশেষ।

রত্ননিধি, পুং.]রত্ন+নিধি] খঞ্জনপক্ষী।

রত্নপারায়ণ, ন. [রত্ন+পারায়ণ] সর্ব্বরত্ন-স্থান। [নরকবিশেষ।

রত্নপ্রভ', স্ত্রী. [রত্ন+প্রভা] জিনদিগের

রত্নবণিক, পুং. [রত্ন+বণিক] মণিকার, জৌহরী। [রত্নযুক্তা।

রত্নবতী, স্ত্রী. [রত্ন+বত্-ঈ] পৃথিবী, ধরণী;

রত্নবর্ষুক, ন. [রত্ন+বর্ষুক] পুষ্পকরথ (ত্রি.) রত্নবর্ষণশীল।

রত্নময়, ত্রি. [রত্ন+ময়] মণিবিরচিত, মণিময়।

রত্নমুখ্য, ন. [রত্ন+মুখ্য] হীরক, প্রধান-রত্ন, হীরা।

রত্নরাট, ন. [রত্ন+রাজ্] মাণিক্য; রত্নশ্রেষ্ঠ।

রত্নসানু, পুং. [রত্ন+সানু] সুমেরুপর্ব্বত।

রত্নসিংহাসন, ন. [রত্ন+সিংহাসন] রত্নাদি-দ্বারানির্ম্মিত সিংহাসন। [মেদিনী।

রত্নসূ, স্ত্রী; [রত্ন+সূ] পৃথিবী, পৃথ্বী,

রত্নাকর, পুং. [রত্ন+আকর] সমুদ্র, সাগর, রত্নোৎপত্তিস্থান। [চিহ্ন।

রত্নাঙ্ক, পুং. [রত্ন+অঙ্ক] বিষ্ণুরথ; রত্ন-

রত্নাচল, পুং; [রত্ন+অচল] দানার্থ মণিময় পর্ব্বত।

রত্নাবলী, স্ত্রী. [রত্ন+আবলী] গ্রথিত মণি-শ্রেণী, মণিময়হার; নাটিকাবিশেষ; রাজকন্যাবিশেষ।

রত্নাভরণ, ন. [রত্ন+আভরণ] মণিময় অলঙ্কার, জড়াওগহনা।

রত্নি, পুং. স্ত্রী. [ঋ+ত্নি] বদ্ধমুষ্টিহস্ত, মুটমহাত

রত্যাসক্ত, ত্রি. [রতি+আসক্ত] কামুক, লম্পট।

রথ, পুং. [রম্+থ] কায়, দেহ; চরণ, পাদ; বেতসবৃক্ষ, বেতগাছ; তিনিসবৃক্ষ; চক্রবিশিষ্ট যুদ্ধযান, তৎপর্য্যায়।—শতাঙ্গ, স্যন্দন; স্যন্দনমাত্র।

রথক, পুং. [রথ+ক] মন্দিরের অবয়ববিশেষ।

রথকড্যা, স্ত্রী. [রথ+কড্য-আ] রথসমূহ, বহুরথ, তৎপর্য্যায়।—রথব্রজ।

রথকর, পুং, [রথ+কর] রথনির্ম্মাণকারক, রথকার, সূত্রধার, ছুতার।

রথকার, পুং. [রথ+কার] রথনির্ম্মাণকর্ত্তা, ছুতার, তৎপর্য্যায়।—তক্ষা, বর্দ্ধকি, ত্বষ্টা, কাষ্ঠতট্, সূত্রধার, বর্দ্ধকী, রথকর, কাষ্ঠ-তক্ষক; নাট্যকার। [চালনকর্ত্তা।

রথকুটুম্বী, পুং. [রথ+কুটুম্বিন্] সারথি. রথ

রথক্রান্ত, পুং. [রথ+ক্রান্ত] গীতের তাল বিশেষ; দেশবিশেষ; ভারতবর্ষান্তর্গত খণ্ডত্রয়মধ্যে খণ্ডবিশেষ; সূর্য্যারিক; অপভাষায় আফ্রিকা বলে।

রথগর্ভক, পুং. [রথ+গর্ভক] স্কন্ধবাহ্য যান, নরযান, পাল্কী ডুলীইত্যাদি, তৎপ-র্য্যায়।—কর্ণীরথ, প্রবহণ, ডয়ন

রথগুপ্তি, স্ত্রী. [রথ+গুপ্তি] শত্রুর সহিত যুদ্ধেতে আঘাত রক্ষার্থ আবরণকাদি দ্রব্য, তৎপর্য্যায়।—বরূথ, রথগোপন।

রথগোপন, ন. [রথ+গোপন] রথগুপ্তি শত্রুরসহিত যুদ্ধেতে আঘাত রক্ষণার্থ আবরণকাদি দ্রব্য।

রথচরণ, পুং. [রথ+চরণ] চক্রবাকপক্ষী রথচক্র, রথেরচাকা।

রথদ্রু, পুং. [রথ+দ্রু] তিনিশবৃক্ষ।

রথন্তর. ত্রি, [রথন্+তর] রথদ্বারাতরণকর্ত্তা।

রথপর্য্যায়, পুং. [রথ+পর্য্যায়] বেতসবৃক্ষ, বেতগাছ।

রথপাদ, পুং. [রথ+পাদ] চক্র, চাকা।

রথপ্সা, স্ত্রী. [রথ+প্সা]. নদীবিশেষ।

রথযাত্রা, স্ত্রী. [রথ+যাত্রা] আষাঢ় মাসের শুক্লাদ্বিতীয়াতে শ্রীজগন্নাথদেবের রথা-

রথযুক্, পুং. [রথ+যুজ্] রথচালক,সারথি।

রথাঙ্গ, ন. [রথ+অঙ্গ] চক্র, চাকা; (পুং.) চক্রাহ্ব, চক্রবাক পক্ষী।

রথাঙ্গনামা, পুং. [রথাঙ্গ+নামন্] চক্রবাক পক্ষী।

রথাঙ্গপাণি, পুং. [রথ+অঙ্গ+পাণি] বিষ্ণু চক্রী, নারায়ণ।

রথাঙ্গী, স্ত্রী. [রথ+অঙ্গ-ঈ] ঋদ্ধি, বৃদ্ধি, (পুং.) চক্রধর, হরি।

রথান্তর, পুং. [রথ+অন্তর] কল্পবিশেষ।

রথারোহী, পুং. [রথ+অরোহিন্] রথযোদ্ধা, রথস্থযুদ্ধকর্ত্তা। [গাছ।

রথাভ্র, পুং. [রথ+অভ্র] বেতসবৃক্ষ বেত-

রথাবরোহী, পুং. [রথ+অবরোহিন্] রথী, রথস্থ যুদ্ধকর্ত্তা।

রথিক, পুং. [রথ+ইক] রথী, রথারোহী; তিনিশবৃক্ষ।

রথিন, পুং. [রথ+ইন] রথী, রথারোহী।

রথাভ্রপুষ্প, পুং. [রথাভ্র+পুষ্প] বেতসবৃক্ষ। [কর্ত্তা।

রথির, পুং. [রথ+ইর] রথী, রথারোহণ

রথী, পুং.] রথ+ইন্] রথস্বামী, রাজাদি; তৎপর্য্যায়।—রথিক, রথিন, রথারোহী, রথী, রথির, রথস্বামী, সারাক্ষ, স্যন্দনারোহ।

রথ্য, পুং. [রথ+য] রথবাহক অশ্ব; রথাংস, (ন.) চক্র, চাকা; প্রসিদ্ধ রথগমনযোগ্য পথ, পুরঃবহিস্থান।

রথ্যা, স্ত্রী. [রথ+য-আ] রথসমূহ, বহুরথ, তৎপর্য্যায়।—রথকড্যা, রথব্রজ; অভ্যন্তরমার্গ, নাছ, তৎপর্য্যায়।—প্রতোলী, বিশিখা; আবর্ত্তনী; পন্থা, পথ, রাস্তা; চত্বর, অঙ্গন, উটান।

রদ, পুং. [রদ্+অ] দন্ত, দাঁত; বিলেখন, (বাং) রহিত। [ছদ, ঠোঁট।

রদচ্ছদ, পুং. [রদ+ছদ] ওষ্ঠ; অধর, রদন-

রদন, পুং. [রদ্+অন] দন্ত, দশন, দাঁত; (ন.) খনন, খোঁড়ন।

রদনচ্ছদ, পুং. [রদন+ছদ] ওষ্ঠ, ঠোঁট;

রদনী, পুং. [রদন+ইন্] হস্তী, হাতী; দন্তবিশিষ্ট।

রদী, পুং. [রদ+ইন্] হস্তী, হাতী; দন্তবিশিষ্ট; (বাং) ত্যাজ্যবস্তু।

রন্তিদেব, পুং. [রন্তি+দেব] বিষ্ণু; চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ, সাঙ্কৃতিরাজার পুত্র; কুকুর।

রন্তু, স্ত্রী. [রম্+তু] বর্ত্ম, পথ; নদী।

রন্ধন, ন. [রধ+অন] পাক, রসুই, রান্না।

রন্ধনগৃহ, ন. [রন্ধন+গৃহ] পাকশালা, রন্ধনাগার, রাঁধিবার ঘর মহানস।

রন্ধনশালা, স্ত্রী. [রন্ধন+শালা] পাকগৃহ, রাঁধিবার ঘর মহানস।

রন্ধনাগার, ন. [রন্ধন+আগার] রন্ধনশালা, রান্নাঘর। [গর্ত্ত; কুক্ষি।

রন্ধ্র, ন. [রধ্+র] দূষণ, দোষ; ছিদ্র,

রন্ধ্রকণ্ট, পুং. [রন্ধ্র+কণ্ট] জালবর্ব্বূরক। [ইঁদুর।

রন্ধ্রবভ্রু, পুং. [রন্ধ্র+বভ্রু] উন্দুরু, মূষিক,

রন্ধ্রবংশ, পুং. [রন্ধ্র+বংশ] ছিদ্রযুক্তবংশ. ছেঁদাবাঁশ ফোফরাবাঁশ, তৎপর্য্যায়।—ত্বক্‌সার, কীচকাহ্বয়, মস্কর, বাদনীয়, সুষিরাস্য।

রন্ধিত, ন. [রন্ধ্+ইত] কৃতরন্ধনদ্রব্য।

রব, পুং. [রু+অ] শব্দ, ধ্বনি, নাদ; গোলমাল।

রবণ, ন. [রু+অন] কাংস্য কাঁসা; রব, ধ্বনি; (পুং.) উষ্ট্র, উট; কোকিল; (ত্রি) শব্দন; তীক্ষ্ণ; ভণ্ডক; চঞ্চল।

রবথ, পুং. [রব+থ] কোকিল, পিক।

রবাব, ন. [রু+আব] তারযুক্ত বাদ্যযন্ত্রবিশেষ,অবদ্ধবীণাযন্ত্রবিশেষ; (বাং)সারঙ্গী।

রবাহুত-হূত, পুং. [রব+আহুত] অনিমন্ত্রিত, অনাহুত। [আকন্দগাছ

রবি, পুং. [রু+ই] সূর্য্য; অর্কবৃক্ষ

রবিকান্ত, পুং. [রবি+কান্ত] মণিবিশেষ, সূর্য্যকান্তমণি; চুণী

রবিখন্দ, পুং. [রবি+খন্দ] সূর্য্যপচাশস্যবিশেষ। [চক্রবিশেষ।

রবিজ, পুং. [রবি+জন্-অ] শনৈশ্চরগ্রহ, শনিগ্রহ ; যম ; বৈবস্বতমনু, সাবর্ণিমনু।

রবিতনয়, পুং. [রবি+তনয়] সাবর্ণিকমনু ; বৈবস্বতমনু ; শনি ; যম।

রবিনন্দন, পুং. [রবি+নন্দন] সুগ্রীব ; সাবর্ণিকমনু ; বৈবস্বতমনু ; শনি ; যম।

রবিনাথ, ন. [রবি+নাথ] পদ্ম, কমল ; (পুং.) বন্ধুকপুষ্প।

রবিপত্র, পুং. [রবি+পত্র] আদিত্যপত্র পুষ্প।

রবিপ্রিয়, ন. [রবি+প্রিয়] রক্তকমল ; তাম্র, (পুং.) আদিত্য পত্র ; রক্তকরবীর ; লকুচ, ডহু, ডেও।

রবিবার, পুং. [রবি+বার] সূর্য্যভোগ্যদিন, আদিত্যবার। [মাণিক্য।

রবিরত্নক, ন. [রবি+রত্নক] মাণিক্য,

রবিলোহ, ন. [রবি+লোহ] তাম্র, তাঁবা।

রবিলোচন, পুং. [রবি+লোচন] বিষ্ণু

রবিসংজ্ঞক, ন. [রবি+সংজ্ঞক] তাম্র, তাঁবা। [শনিগ্রহ।

রবিসুনু, পুং. [রবি+সুনু] শনৈশ্চরগ্রহ,

রবীন্দ, ন. [রবী+ইন্দ] পদ্ম।

রব্য, ন. [রু+য] বৃক্ষবিশেষ।

রভস, পুং. [রভ্+অস] বেগ ; হর্ষ ; পৌর্ব্বাপর্য্য বিচার ; ঔৎসুক্য ; অবিধান বিশেষ ; প্রণয়ক্রোধ।

রম, পুং. [রম্+অ] কান্ত, পতি ; রক্তঅশোক বৃক্ষ ; কামদেব ; রমণ, মৈথুন।

রমক, পুং. [রম+অক] কান্ত, কমনীয়, পতি।

রমঠ, ন. [রম্+অঠ] হিঙ্গু, হিং।

রমঠধ্বনি, পুং. [রমঠ+ধ্বনি] হিঙ্গু, হিং।

রমণ, ন. [রম্+অন] পটোলমুল ; জঘন ; জঘন, শৃঙ্গার, তৎপর্য্যায়।—অব্রহ্মচর্য্যক, গ্রাম্যধর্ম্ম, সুরত, রত, সংপ্রয়োগ, নিধুবন, মৈথুন, রতি, উপসৃষ্ট, ধর্ষিত, ক্রীড়ারত্ন, মহাসুখ, ত্রিভদ্র, যোগ্যমিথুন, অভিমানিত ; ক্রীড়ন ; (পুং.) পতি, ভর্ত্তা ; কামদেব ; গর্দ্দভ, গাধা ; বৃষণ ;

রমণক, ন. [রমণ+ক] জম্বুদ্বীপান্তর্গত বর্ষ বিশেষ, রম্যকবর্ষ।

রমণা, স্ত্রী. [রম্+অন-আ] নারী, রমণী ; উত্তমা স্ত্রী।

রমণী, স্ত্রী. [রম্+অন-ঈ] নারী ; উৎকৃষ্টা স্ত্রী বিশেষ ; বালাখ্যবৃক্ষ।

রমণীয়, ত্রি. [রম্+অনীয়] সুন্দর, রম্য, মনোহর।

রমণেচ্ছা. স্ত্রী. [রমণ+ইচ্ছা] মৈথুনাভিলাষ রিরংসা।

রমণ্য, ত্রি. [রমণ+য] রমণীয়, সুন্দর, মনোহর।

রমতি, পুং. [রম্+তি] নায়ক, পতি ; স্বর্গ ; কাক ; কাল ; কামদেব।

রমা, স্ত্রী. [রম্+অ-আ] লক্ষ্মী ; শশিধ্বজ রাজার কন্যা, কল্কীদেবের পত্নী ; শোভা।

রমাধব, পুং. [রমা+ধব] শ্রীকৃষ্ণ, বিষ্ণু।

রমানাথ, পুং. [রমা+নাথ] শ্রীকৃষ্ণ, বিষ্ণু।

রমাপতি, পুং. [রমা+পতি] শ্রীকৃষ্ণ, বিষ্ণু।

রমাপ্রিয়, ন. [রমা+প্রিয়] পদ্ম, কমল ; (পুং.) শ্রীকৃষ্ণ। [ধুনা।

রমাবেষ্ট, পুং. [রমা+বেষ্ট] শ্রীবাস,

রমিতা, ত্রি. [রম্+ইত-আ] রতিপ্রাপিতা, কৃতমৈথুনা, জস্নিতা

রমেশ্বর, পুং. [রমা+ঈশ্বর] বিষ্ণু,

রম্ভ, পুং. [রভ+অ] বেণু, বাঁশী ; বানধবিশেষ ; মহিষাসুরের পিতা।

রম্ভা, স্ত্রী. [রম্ভ+আ] কদলী, কলা ; অপ্সরাবিশেষ, গৌরী, পার্ব্বতী ; গোধ্বনি ; বেশ্যা।

রম্ভাতৃতীয়া, স্ত্রী. [রম্ভ+তৃতীয়া] ব্রতবিশেষ কাল, রম্ভাব্রত।

রম্ভোরু, স্ত্রী. [রম্ভা+ঊরু] কদলীবৃক্ষেরন্যায় ঊরুযুক্তানারী।

রম্য, ন. [রম্+য] পটোলমুল ; প্রধানধাতু ; (পুং.) চম্পকবৃক্ষ ; বকবৃক্ষ ; (ত্রি.)

রম্যক, ন. [রম্য+ক] বর্ষবিশেষ; পটোল-মূল। [বৃক্ষ।

রম্যপুষ্প. পুং. [রম্য + পুষ্প] শাল্মলি-

রম্যফল. পুং. [রম্য+ফল] কাঁরস্কর বৃক্ষ।

রম্যা, স্ত্রী; [রম্+য-আ] রাত্রি, রজনী; স্থলপদ্মিনী; মনোজ্ঞা, মনোহরা।

রম্র, পুং. [রম্+র] অরুণবর্ণ, রক্তবর্ণ শোভা।

রয়, পুং. [রয়+অ] বেগ; প্রবাহ।

ররাটী, স্ত্রী. [ররাট+ঈ] ললাট, কপাল।

রলা, (প্রা) ক্ষুদ্রশাখা, ছোটকেকড়ী।

রল্লক, পুং. [রল্ল+ক] কম্বল; পক্ষ্ম, চক্ষুর পাতা; মৃগবিশেষ।

রশনা, স্ত্রী. [রশ+অন-আ] জিহ্বা, রসজ্ঞা; কাঞ্চী, স্ত্রীলোকের কটিভূষণ, চন্দ্রহার, গোটপ্রভৃতি।

রশুন, (প্রা) মূলবিশেষ, লশুন; গাজোর।

রশ্মি, পুং. [রশ্+মি] কিরণ, প্রভা, তদ্বৈ-দিকপর্য্যায়।- খেদয়া, কিরণা, গাব, রশ্ময়, অভীশব, দীধিতয়ঃ, গভস্তয়, বন, উস্র, বসবঃ, মরীচিপাঃ, ময়ুখা, সপ্তঋষয়া, সাধ্যা, সুপর্ণ; পক্ষ্ম, চক্ষুরপাতা; অশ্ব-রজ্জু, লাগাম, রজ্জু, দড়ি।

রশ্মিপতি, পুং. [রশ্মি+পতি] আদিত্য পত্রক্ষুপ।

রস, ন. [রস্+অ] বোল; (পুং.) রস-নেন্দ্রিয় গ্রাহ্যবস্তু, আস্বাদ, তৎষট্‌প্রকা-রোযথা।—মধুর, অম্ল, লবণ, কটু, তিক্ত, কষায়; শরীরস্থ ধাতুবিশেষ, তৎ-পর্য্যায়।—রসিকা, স্বেদমাত, বপুঃস্রব, চর্ম্মাস্র, চর্ম্মসার, অন্নমাতৃকা, আহার-সম্ভব, তেজঃসম্ভব, অগ্নিসম্ভব, ষড্রসাসব. আত্রেয়, অসৃক্কর, ধাতুষন, মূলমহাপর; শৃঙ্গারাদি দশবিধ স্থায়ীভাব, যথা।—শৃঙ্গার, বীর, করুণ, অদ্ভুত, হাস্য, ভয়া-নক, বীভৎস, রৌদ্র, শান্ত; কাব্যশাস্ত্রের সারভূত আস্বাদন, মনঃপ্রীতিবিশেষ; বিষ; বীর্য্য; গুণ; গন্ধরস; জল; পারদ; স্বর্ণ; শুক্রধাতু; অভিপ্রায়; ভোগা-

রসক, তুং. পুং. [রস্+ক] নিষ্কাথ মাংস।

রসকরা (প্রা) মিষ্টান্নবিশেষ।

রসকর্পূর ন. [রস+কর্পূর] কর্পূররস, রসকা-পুর; পারদ, পারা।

রসকপুর (প্রা) কপূররস; পারা, পারদ।

রসকেশ্বর, ন. [রসক+ঈশ্বর] কর্পূর।

রসগন্ধ, পুং. [রস+গন্ধ] গন্ধক, গন্ধরস; (ন.) বোল।

রসগন্ধক, পুং. [রস+গন্ধক] গন্ধরস, গন্ধক।

রসগর্ভ, ন. [রস+গর্ভ] রসাঞ্জন; হিঙ্গুল।

রসঘ্ন, পুং. [রস+ঘ্ন] টঙ্কণ, টঙ্গণ, সো-হাগা; সরনাশক।

রসজ, ন. [রস+জন্‌-অ] রক্ত; (পুং.) গুড়; মদ্য, কীট। [বক, স্বাদগ্রাহী।

রসজ্ঞ, ত্রি. [রস+জ্ঞা-অ] রসিক, ভাবুক, ভা-

রসজ্ঞা, ত্রি. [রস+জ্ঞা] জিহ্বা, জিব, (ত্রি.) রসবেত্তা, রসিক।

রসজ্যেষ্ঠ, পুং. [রস + জ্যেষ্ঠ] মধুররস; শৃঙ্গাররস। [রুধির।

রসতেজঃ, ন. [রস+তেজস্] রক্ত, শোণিত,

রসদালিকা, স্ত্রী. [রস+দালিকা] পুণ্ড্রকেক্ষু পুঁড়িআউক।

রসদ্রাবী, পুং. [রস+দ্রাবিন্] মধুরজম্বীর, কমলানেবু।

রসধাতু পুং. [রস+ধাতু] পারদ, পারা।

রসধেনু, স্ত্রী. [রস+ধেনু] দানার্থইক্ষুরস. নির্ম্মিত ধেনু।

রসন, ন. [রস্+অন] স্বাদন, রসগ্রহণ; ধ্বনি; (ন. স্ত্রী) জিহ্বা, জিব।

রসনা, স্ত্রী. [রসন+আ] জিহ্বা; রাম্না; গন্ধ-ভাদালিয়া; কাঞ্চী, মেখলা; রজ্জু, দড়ী।

রসনাথ, পুং. [রস+নাথ] পারদ, পারা।

রসনায়ক, পুং. [রস+নায়ক] শিব, মহাদেব।

রসনালিট্, পুং. [রসনা+লিহ] কুক্কুর; (ত্রি.) জিহ্বাদ্বারা আলেহনকর্ত্তা।

রসনেত্রিকা, স্ত্রী. [রস+নেত্রিকা] মনঃশিল, মনছাল।

রসনেন্দ্রিয়, ন. [রসনা+ইন্দ্রিয়] জিহ্বা, জিব। [খাঁড়।

রসপুষ্প, ন. [রস+পুষ্প] হিঙ্গুলবিশেষ।
রসফল, পুং. [রস+ফল] নারিকেলবৃক্ষ।
রসবতী, স্ত্রী. [রস+বৎ-ঈ] মহানস, রন্ধনাগার; (ত্রি.) রসবিশিষ্ট।
রসবতী টৌড়ী, (প্রা) রাগিনী বিশেষ।
রসবৎ, ত্রি. [রস+বৎ] রসাঞ্জন; রসবিশিষ্ট।
রসবাত, (পা) গ্রন্থিস্থিত বাতরোগবিশেষ।
রসবোধ, পুং. [রস+বোধ] আস্বাদবোধ, আস্বাদজ্ঞান।
রসভব, ন. [রস+ভব] রক্ত, শোণিত, রুধির। [পারদভস্ম।
রসভস্ম, ন. [রস+ভস্মন্] রীতিপুষ্প; চূর্ণ;
রসমঞ্জরী, স্ত্রী. [রস+মঞ্জরী] নায়কনায়িকাভেদক অলঙ্কারাঙ্গ গ্রন্থবিশেষ।
রসমর্দ্দন, ন. [রস+মর্দ্দন] পারদচূর্ণীকরণ, পারাচূর্ণ করা।
রসম, ন. [রস+ময়] রসাত্মক, রসস্বরূপ।
রসময়, ত্রি. [রস+ময়] রসস্বরূপ, রসাত্মক।
রসমাণিক, পুং. [রস+মাণিক] উপধাতুবিশেষ; হরিতালপাকসম্ভব।
রসমারণ, ন. [রস+মারণ] পারদচূর্ণীকরণ।
রসমূর্চ্ছন, ন. [রস+মূর্চ্ছন] পারদ মূর্চ্ছাকরণ, পারদ চূর্ণীকরণ। [ঞ্জন।
রসরাজ, পুং. [রস+রাজ] পারদ, পারা; রসা-
রসলেহ, পুং. [রস+লেহ] পারদ, পারা।
রসশোধন, ন. [রস+শোধন] টঙ্কণ, সোহাগা; পারদশুদ্ধি, পারা শোধন।
রসসিদ্ধ, পুং. [রস+সিদ্ধ] রসায়ন বিদ্যাজ্ঞ, রসজ্ঞ। [শেষ।
রসসিদ্ধি, স্ত্রী. [রস+সিদ্ধি] রসজ্ঞ বিদ্যাবি-
রসসিন্দুর ন. [রস+সিন্দুর] ঔষধবিশেষ, সিন্দূর, রস; হিঙ্গুল।
রসস্থান, ন. [রস+স্থান] হিঙ্গুল; শরীর মধ্যস্থিত রসস্থান।
রসহীন, ত্রি. [রস+হীন] নীরস, শুষ্ক, [illegible]; অরসজ্ঞ।
রসা, স্ত্রী. [রস+আ] পৃথিবী; রসনা, জিহ্বা; পাঠা; শল্লকী; কঙ্গু; দ্রাক্ষা; কাকোলী।
রসাধন, পুং. [রস+অধন] কুক্কুট, মুরগ, (ন.) ঔষধবিশেষ।
রসাগ্রজ, ন. [রস+অগ্রজ] রসাঞ্জন, রসজাত কজ্জল।
রসাঞ্জন, ন. [রস+অঞ্জন] রসজাত অঞ্জনবিশেষ, রসবৎ, তৎপর্য্যায়।—রসগর্ভ, তার্ক্ষ্যশৈল, রসোদ্ভূত, রসাগ্রজ, কৃতক, বালভৈষজ্য, দার্ব্বীকাথোদ্ভব, রসরাজ, বর্য্যাঞ্জন, রসনার্ভ, অগ্নিসার।
রসাঢ্য, পুং. [রস+আঢ্য] আম্রাতক, আমড়া।
রসাতল, ন. [রসা+তল] পাতাল, পৃথিবীর অধোভাগ; পাতালবিশেষ, যথা। অতল, বিতল, নিতল, তলাতল, মহাতল, সুতল, রসাতল।
রসাদান, ন. [রস+আদান] শোষণ; শুষ্ককরণ; ভূমিদান।
রসাধার, পুং. [রস+ আধার] সূর্য্য, দিবাকর; রসের আধার।
রসাধিক, পুং. [রস+অধিক] টঙ্কণ, সোহাগা; অধিকরস। [লীদ্রাক্ষা।
রসাধিকা, স্ত্রী. [রস+অধিক-আ] কাকো-
রসান, (প্রা) আর্দ্রকরণ, ভিজান, স্বর্ণাদিমার্জন, উজ্জ্বলকরণ।
রসানি, (প্রা) নির্গতরস, ক্লেদ, পূয়।
রসাভাস, পুং. [রস+আভাস] অনৌচিত্যবিশিষ্ট রস।
রসাম্ল, ন. [রস+অম্ল] বৃক্ষাম্ল; চুক্র; (পুং.) অম্লবেতস।
রসায়ক, পুং. [রসায়+ক] তৃণবিশেষ।
রসায়ন, ন. [রস+অয়ন] কটি, মেখলা; তক্র, ঘোল; বিষ; জরাব্যাধিনাশক ঔষধ; গরুড়; বিড়ঙ্গনামক ঔষধ।
রসায়নফলা, স্ত্রী. [রসায়ন+ফল-আ] হরীতকী। [পারা।
রসায়নশ্রেষ্ঠ, পুং. [রসায়ন+শ্রেষ্ঠ] পারদ,
রসায়নী, স্ত্রী. [রসায়ন+ঈ] গুড়ূচী; কাকমাচী; মহাকরঞ্জ; গোরক্ষদুগ্ধা; মাংসচ্ছদা।
রসাল, পুং. [রসা+ল] ইক্ষু, আউক; আম্র, পনস, কাঁটাল; কুন্দরতৃণ; গোধুম, গম; পুণ্ড্রকনাম ইক্ষু; (ন.) সিহ্লক; বোল।

রসালসা, স্ত্রী. [রস+অলস-আ] নাড়ী, ধমনী
রসালা, স্ত্রী. [রসা+ল-আ] রসনা, জিহ্বা; দূর্ব্বা, বিদারী; দ্রাক্ষা, কিসমিস; শিখরিণী, তৎপর্য্যায়।—মার্জ্জিতা।
রসালিহা, স্ত্রী. [রস+আলিহ-আ] শীর্ণনালাঢাকুলিয়া।
রসালী, স্ত্রী. [রসাল+ঈ] পুণ্ড্রকেক্ষু, পুঁড়ি আউক। লতা।
রসাশ্বাসা, স্ত্রী. [রস+আশ্বাস-আ] পলাশী
রসাস্বাদ, পুং. [রস+আস্বাদ] অখণ্ডবস্তুর অবলম্বনদ্বারা চিত্তবৃত্তির আনন্দের আস্বাদন; সমাধি আরম্ভ সময়ে সবিকল্প আনন্দ আস্বাদন।
রসাস্বাদী, পুং. [রস+আস্বাদিন্] ভ্রমর, অলি, ষট্‌পদ; (ত্রি.) রসাস্বাদবিশিষ্ট।
রসাহ্ব, পুং. [রস+আহ্ব] সরলদ্রব, ধুনা; শালগাছ।
রসিক, পুং. [রস+ইক] সারসপক্ষী; তুরঙ্গ, ঘোটক; হস্তী; (ত্রি.) সরস; রসজ্ঞ, রসবেত্তা।
রসিকতা, স্ত্রী. [রসিক+ত-আ] সরসতা, আনন্দ; চতুরতা, ঠাট্টা।
রসিকা, স্ত্রী. [রস+ইক-আ] রসালা; ইক্ষুরস; কাঞ্চী, চন্দ্রহার; রসনা, জিহ্বা; রসজ্ঞাস্ত্রী।
রসিকেশ্বর, পুং. [রসিকা+ঈশ্বর] শ্রীকৃষ্ণ, বিষ্ণু; রসিকশ্রেষ্ঠ।
রসিত, ন. [রস+ইত] মেঘনির্ঘোষ, মেঘধ্বনি; রুত, শব্দিত; (ত্রি.) স্বর্ণাদিতে খচিত; মণ্ডিত, ভূষিত; বায়ু।
রসী, (প্রা) রজ্জু, দড়ী; রসযুক্ত।
রসুই (প্রা) রন্ধন, পাককরণ অন্নাদিপচন।
রসুইয়া (প্রা) পাচক, রন্ধনকারক।
রসুন, পুং. [রস+উন] লশুন, রোস্‌না।
রসেন্দ্র, পুং. [রস+ইন্দ্র] পারদ, পারা।
রসোত্তম, পুং. [রস+উত্তম] মুদ্গ, মুগ; শ্রেষ্ঠরস। [রসজাত।
রসোদ্ভব, ন. [রস+উদ্ভব] হিঙ্গুল; (ত্রি.)
রসোন, পুং. [রস+উন] রসুন, লসুন, রোস্‌না।
রসোনক, পুং. [রসোন+ক] রসুন, তৎপর্য্যায়।—লসুন, উগ্রগন্ধ, মহৌষধ, অরিষ্ট, ম্লেচ্ছকন্দ, যবনেষ্ট।
রসোপল, ন. [রস+উপল] মৌক্তিক, মুক্তা।
রস্ন, ন. [রস+ন] দ্রব্য, বস্তু, সামগ্রী।
রস্য, ন. [রস+য] রক্ত, শোণিত, রুধির।
রস্যা, স্ত্রী. [রস+য-আ] রাস্না, লতাবিশেষ; পাঠা; রসবিশিষ্টা।
রংহঃ, ন. [রংহ+অস্] বেগ, তৎপর্য্যায়।—তর, রয়, স্যদ, যব, রংহ, যবন।
রহঃ, ন. [রহ+অস্] নির্জ্জন, বিরল, তৎপর্য্যায়।—বিবিক্ত, বিজন, ছন্ন, নিঃশলাক, রহ, উপাংশু; তত্ত্ব; রতি; গুহ্য, (বা.) বিজন।
রহন, (প্রা) নিবৃত্তহওন, তিষ্ঠন, থাকন।
রহস, পুং. [রহ+অস] সমুদ্র, সাগর; স্বর্গ।
রহস্য, ত্রি. [রহস্+য] গোপনীয়, নিগূঢ়, গুপ্তবিষয়।
রহস্যজ্ঞ, ত্রি. [রহস্য+জ্ঞ] মর্ম্মজ্ঞ, যথার্থবিৎ।
রহস্যা, স্ত্রী. [রহস্য+আ] নদীবিশেষ; রাস্না, লতাবিশেষ; পাঠা।
রহিত, ত্রি. [রহ+ইত] বর্জ্জিত, ত্যক্ত, নিবৃত্ত।
রক্ষঃ, ন. [রক্ষ+অস্] রাক্ষস, নিশাচর।
রক্ষঃসভ, ন. [রক্ষস্+সভ] রাক্ষসসমূহ।
রক্ষক ত্রি. [রক্ষ+অক] রক্ষাকর্ত্তা ত্রাণকারক।
রক্ষণ, ন. [রক্ষ+অন] রক্ষা, ত্রাণ।
রক্ষণারক, পুং. [রক্ষণা+আরক] মূত্রকৃচ্ছ্ররোগ, রক্ষণীরক।
রক্ষণি, স্ত্রী. [রক্ষ+নি] ত্রায়মাণালতা।
রক্ষণীয়, ত্রি. [রক্ষ+অনীয়] পালনীয়, রক্ষণোপযুক্ত।
রক্ষণীরক, পুং. [রক্ষ+নীরক] মূত্রকৃচ্ছ্ররোগ। [রাক্ষস।
রক্ষস, পুং. [রক্ষ+অস] হিংস্রজাতিবিশেষ,
রক্ষা, স্ত্রী. [রক্ষ+অ-আ] জতু, জউ; রক্ষণ পালন, পরিত্রাণ; ভস্ম, ছাই।
রক্ষাধিকৃত, পুং. [রক্ষা+অধিকৃত] বিচারকর্ত্তা।

রক্ষাপেক্ষক, পুং. [রক্ষা+অপ+ঈক্ষ-ক] দ্বাররক্ষক, মহলরক্ষক; নাট্যকার।

রক্ষাপত্র, পুং. [রক্ষা+পত্র] ভূর্জবৃক্ষ; (ন.) ভূর্জত্বক্, ভোজপাত।

রক্ষিকা, স্ত্রী; [রক্ষ+ইক-আ] রক্ষা, ত্রাণ।

রক্ষিত, ত্রি. [রক্ষ+ইত]রক্ষাকৃত,তৎপর্য্যায়। ত্রাত, ত্রাণ, অবিত, গোপায়িত, গুপ্ত।

রক্ষিতা, পুং. [রক্ষ+তৃ] রক্ষাকর্ত্তা, ত্রাণকারক, প্রতিপালক।

রক্ষিবর্গ, পুং. [রক্ষি+বর্গ]রাজাঙ্গ রক্ষকগণ রাজারশরীররক্ষকগণ, তৎপর্য্যায়।—অনীকস্থ।

রক্ষোঘ্ন, ন. [রক্ষস্+ঘ্ন] কাঞ্জিক, কাঁজী; হিঙ্গু, হিং; (পুং.) ভল্লাতকবৃক্ষ; শ্বেতসর্ষপ।

রক্ষোঘ্নী, স্ত্রী. [রক্ষস্+ঘ্ন-ঈ] বচা, বচ।

রক্ষোজননী, স্ত্রী. [রক্ষস্+জননী] রাত্রি রজনী; রাক্ষসমাতা।

রক্ষোহা, পুং. [রক্ষস্+হন্] গুগ্‌গুলু, গন্ধদ্রব্যবিশেষ, গুগ্‌গুল।

রক্ষণ, পুং. [রক্ষ+অন্] ত্রাণ, রক্ষণ,পালন।

রা, স্ত্রী. [রৈ+আ] বিভ্রম, বিস্মৃতি; দান; কাঞ্চন, সোণা; (পুং.) ধন; স্বর্ণ, শব্দ

রাই, (প্রা) শ্বেতসর্ষপ,শাদাসর্ষা; রাজিকা।

রাইসর্ষিয়া (প্রা) শ্বেতসর্ষপ শাদাসর্ষা।

রাউটি, (প্রা) তাম্বু, বস্ত্রগৃহ।

রাং, (প্রা) ধাতুবিশেষ, ত্রপু, রাঙ্গ।

রাংচিতা, (প্রা) রক্তচিত্রকবৃক্ষ।

রাংঝালি, (প্রা) রাঙ্গদ্বারা তৈজসাদির ছিদ্ররোধকরণ, রাঙ্গের পাইন দেওয়া।

রাংতা, (প্রা) রঙ্গনির্ম্মিত পাতলাপত্র।

রাঁড় (প্রা) বিধবা, পতিহীনা, রণ্ডা; বেশ্যা।

রাঁড়া, (প্রা) অফলবৃক্ষ, ফলহীনগাছ।

রাঁধন (প্রা) রন্ধন, পাককরণ, রসুইকরণ

রাঁধুনী (প্রা) পাক, রন্ধনের মসলাবিশেষ।

রাকা, স্ত্রী. [রা+ক-আ] নদীবিশেষ; কচ্ছুরোগ, ছুলী; নূতন ঋতুমতীস্ত্রী; পূর্ণচন্দ্র তিথি, পূর্ণিমা।

রাকাড়ান, (প্র) প্রত্যুত্তর দেওন, বাক্যপ্রয়োগকরণ।

রাখন, (প্রা) রক্ষণ, স্থাপনকরণ।

রাখনি, (প্রা) রক্ষণাদির বেতন; রাখালের মাহিনা।

রাখান, (প্রা) রক্ষণকরাণ, স্থাপনকরাণ।

রাখাল, (প্রা) গোরক্ষক, গোপাল; অশ্বাদির পালক।

রাখালফল, (প্র.) ফলবিশেষ।

রাখালিকরণ, (প্রা) গবাদিপালনকরা, গোরক্ষকের কর্ম্মকরা।

রাখিপূর্ণিমা, (প্রা) শ্রাবণি পূর্ণিমা।

রাগ, পুং. [রন্‌জ+অ] মাৎসর্য্য; ক্রোধ; লোহিতাদিবর্ণ, যথা।—রক্ত, শুক্ল,পীত, ধূম্র, কৃষ্ণ; ক্লেশাদি, অনুরাগ; গান্ধারাদি; নৃপ; চন্দ্র; সূর্য্য; লক্ষাদি; রঞ্জিমঞ্জিষ্ট; প্রীতি; গানশাস্ত্রীয় রাগ,যথা।—ভৈরব, কৌশিক, হিন্দোল, দীপক, শ্রীরাগ, মেঘ; ইচ্ছা; বিষয়েচ্ছা।

রাগচূর্ণ, পুং. [রাগ+চূর্ণ] কামদেব, খদির বৃক্ষ; ফল্গুচূর্ণ, ফাগ; লাক্ষারস।

রাগচ্ছন্ন, পুং. [রাগ+আচ্ছন্ন] কামদেব; (ত্রি.) রাগদ্বারা আচ্ছন্ন ক্রুদ্ধ।

রাগন, (প্রা) ক্রোধকরণ, রুষ্টহওন

রাগত (প্রা) রাগান্বিত, রাগী, কোপান্বিত, রুষ্ট।

রাগদ, পুং. [রাগ+দা+-অ] তৈরণী ক্ষুপ; (ত্রি.) রাগদাতা। [রিকলাই।

রাগদালী, স্ত্রী. [রাগ+দালী] মসুর, মসু-

রাগপুষ্প, ন. [রাগ+পুষ্প] বন্ধুকপুষ্প; রক্তাম্লানবৃক্ষ। [পুষ্প।

রাগপুষ্পী, স্ত্রী. [রাগ+পুষ্প-ঈ] জবা-

রাগপ্রসব, ন. [রাগ+প্রসব] পুষ্পবিশেষ, বন্ধুকপুষ্প, রক্তাম্লানবৃক্ষ; রাগোৎপন্ন। [পতি।

রাগবৃন্ত, পুং. [রাগ+বৃন্ত] কামদেব, রতি-

রাগযুক্, পুং. [রাগ+যুজ্] মাণিক্য রাগদৃক্, মাণিক।

রাগরজ্জু, পুং. [রাগ+রজ্জু] কামদেব, মদন।

রাগরহিত, ত্রি. [রাগ+রহিত] ক্রোধশূন্য; অনুরাগরহিত। [রুদ্ধি।

রাগলতা, স্ত্রী. [রাগ+লতা] কামদেব পত্নী,

রাগষাড়ব, পুং. [রাগ+ষাড়ব] দাড়িমদ্রাক্ষাযুক্ত; মুদ্গযূষ। [সূত্র।

রাগসূত্র, [রাগ+সূত্র] তুলাসূত্র; পট-

রাগান, (প্রা) ক্রোধকরাণ, খেপান, কোপজন্মান

রাগাঙ্গী, স্ত্রী. [রাগ+অঙ্গ-ঈ] মঞ্জিষ্ঠালতা।

রাগাঢ্যা, স্ত্রী. [রাগ+আঢ্য-আ] ম[illegible]লতা।

রাগান্ধ, ত্রি. [রাগ+অন্ধ] বাসনামুগ্ধ; অতিশয় কোপযুক্ত. রাগান্বিত।

রাগান্বিত, ত্রি. [রাগ+অন্বিত] বাসনাযুক্ত; কোপিত, ক্রোধযুক্ত, ক্রুদ্ধ; রঞ্জিত

[illegible]গারু, ত্রি. [রাগ+আরু] আশাদিয়া দান হইতে বিমুখকরণ।

[illegible], ত্রি. [রাগ+অর্হ] আশাদিয়া [illegible]ন-হইতে বি[illegible]মুখ, [illegible]শাদি[illegible] দাননাদেওয়া।

[illegible]াল, (প্রা) [illegible]ত, কে[illegible]যুক্ত, রাগান্বিত, ক্রুদ্ধ।

[illegible]শনি, [illegible] [রাগ[illegible]+অনি] বুদ্ধদেব।

[illegible] [illegible]ক্ত] বাসনাযুক্ত; [illegible] ক্রোধান্বি[illegible] [illegible]ক্ত, ক্রুদ্ধ।

[illegible], স্ত্রী [illegible]+ইন-ঈ] বিদগ্ধা[illegible] [illegible]কন্যা: জয়শ্রী নামে [illegible] [illegible]শেষ; অনুরাগবতী।

রাগী, ত্রি [illegible]+ইন্-ঈ] অনুরক্ত; কামুক; রাগযুক্ত; রঙ্ক্তা; তৃণধান্যবিশেষ, তৎপর্য্যায়।—লাঙ্গুন, বহুতরকণিশ, গুচ্ছকণিশ।

রাঘব, পুং. [রঘু+অ] রামচন্দ্র; মহামৎস্যবিশেষ; সমুদ্র, সাগর; (প্রা) অনিমন্ত্রণে আহারোপজীবিব্রাহ্মণ, রেয়ো।

রাঘবায়ণ, পুং. [রাঘব+অয়ন] রামায়ণ, গ্রন্থ।

রাঙ্কব, ত্রি. [রঙ্কু+অ] মৃগলোম জাতবস্ত্রাদি, তৎপর্য্যায়।—মৃগরোমজ; ছাগ মেষাদিলোমজাত বস্ত্র, শাল, কম্বলাদি।

রাঙ্কল, পুং. [রঙ্ক+ল] বৃক্ষকণ্টক, গাছের কাঁটা

রাঙ্গঝাল, (প্রা) রাঙ্গদ্বারা তৈজসপাত্রাদির ছিদ্রাদিরোধকরণ, পাইন।

রাঙ্গরাটিয়া, (প্রা) ঈষৎ রক্তবর্ণ।

রাঙ্গণ, ন. [রঙ্গ+অন] পুষ্পবিশেষ, রঙ্গন্ফুল

রাঙ্গতা, (প্রা) রাংধাতুরপাতলা পাত।

রাঙ্গা, (প্রা) রক্তবর্ণ, লালবর্ণ।

রাঙ্গান, (প্রা) চিত্রকরণ, ছোপান, রক্তবর্ণকরণ।

রাঙ্গামুখ,(প্রা) রক্তাস্য, রক্তবর্ণমুখ; কোপবদন।

রাঙ্গামূলা, (প্রা) রক্তবর্ণমূলক; সুদৃশ্যমুখ।

রাজ, (প্রা) ইষ্টক গৃহনির্ম্মাণকারক, স্থপতি, মিস্ত্রী।

রাজ, পুং. [রাজ্] রাজা, প্রভু, নৃপতি।

রাজক, ন. [রাজন্+ক] নৃপসমূহ; (পুং.) রাজা; (ত্রি.) দীপ্তিকারক; শাসনকর্ত্তা।

রাজকদম্ব, পুং. [রাজন্+কদম্ব] কদম্ব বিশেষ, অরুষ্কর, অগ্নিক; ভেলা।

রাজকন্যা, স্ত্রী. [রাজন্+কন্যা] কেবিকাপুষ্প, ক্যাফুল; নৃপসুতা।

রাজকর, ন. [রাজন্+কর] রাজস্ব, রাজার খাজনা; রাজপ্রাপ্য।

রাজকর্কটী, স্ত্রী. [রাজন+কর্কটী] চীনাকর্কটী, চীনদেশের কাঁকুড়।

রাজকর্ম্ম, ন. [রাজন্+কর্ম্মন্] রাজকার্য্য, রাজার আদেশিত কর্ম্ম; রাজারকর্ত্তব্যকর্ম্ম

রাজকশেরু, পুং. [রাজন্+কশেরু] ভদ্রমুস্তা।

রাজকার্য্য, ন. [রাজন্+কার্য্য] রাজারকর্ত্তব্য ব্যাপার, রাজকর্ম্ম।

রাজকিশোর, পুং. [রাজন্+কিশোর] রাজবালক, নৃপকুমার।

রাজকীয়, ত্রি. [রাজন্+ক-ঈয়] রাজসম্বন্ধীয়, নৃপসম্পর্কীয়।

রাজকুমার, পুং. [রাজন্+কুমার] রাজপুত্র নৃপতনয়।

রাজকুমারী, স্ত্রী. [রাজন্+কুমার-ঈ] রাজ-

রাজকুল, ন. [রাজন্+কুল] রাজবংশ, রাজপরিবার।

রাজকুষ্মাণ্ড, পুং. [রাজন্+কুষ্মাণ্ড] বার্ত্তাকী, বেগুণ।

রাজকোষাতকী, স্ত্রী. [রাজন্+কোষাতকী] ঝিঙ্গাকবিশেষ, (হিং.) ঘিয়াতোরই, তৎপর্য্যায়।—হস্তিপর্ণিকা, পীতপুষ্পিকা, ধামার্গব, কেশফলা, মহাজালী, সপীতক।

রাজখর্জ্জূরী, স্ত্রী. [রাজন্+খর্জ্জূরী, পিণ্ডখর্জ্জূরিকা, পিণ্ডখাজুর, তৎপর্য্যায়।—রাজপিণ্ডা, নৃপপ্রিয়া।

রাজগাঁড়, (প্রা) উদরস্থ সেহাটক, পেটেরকোঁড়া।

রাজগামি, ত্রি. [রাজন্+গামি] রাজসম্বন্ধীয়; রাজারপ্রাপ্য।

রাজগিরি, পুং, [রাজন্+গিরি] শাকবিশেষ, তৎপর্য্যায়।—রাজাদ্রি, রাজশাকিনী, রাজশাকনিকা।

রাজগ্রীব, পুং. [রাজন্+গ্রীব] মৎস্যবিশেষ, ফলুইমাছ।

রাজঘ, ত্রি. [রাজন্+ঘ] তীক্ষ্ণ, প্রখর; রাজহন্তা।

রাজচক্রবর্ত্তী, পুং. [রাজন্+চক্রবর্ত্তিন্] সার্ব্বভৌম রাজা। [লিঙ্গ।

রাজচিহ্নক, ন. [রাজন্+চিহ্নক] উপস্থ,

রাজচ্ছত্র, ন. [রাজন্+ছত্র] রাজার রাজশ্রী চিহ্নরূপছত্র; রাজত্ব।

রাজজম্বু, স্ত্রী. [রাজন্+জম্বু] পিণ্ডখর্জ্জূর, পিণ্ডিখাজুর; মহাজম্বু।

রাজযক্ষ্মা, পুং. [রাজন্+যক্ষ্মন্] ক্ষয়রোগ বিশেষ; ক্ষয়কাশ।

রাজজ্ঞান, [রাজন্+জ্ঞান] রাজধর্ম্ম, দেশশাসন বিদ্যা।

রাজজ্ঞানী, পুং. [রাজন্+জ্ঞানিন্] রাজধর্ম্মবেত্তা, দেশশাসনবিদ্যায় নিপুণ।

রাজটীকা, (প্রা) রাজতিলক।

রাজটুপি, (প্রা) রাজমুকুট।

রাজত, ত্রি. [রজত+অ] রজতনির্ম্মিত, রৌপ্যময়।

রাজতরু, পুং. [রাজন্+তরু] কর্ণিকারবৃক্ষ, গুলঞ্চগাছ; আরগ্বধবৃক্ষ, সোঁদালিগাছ।

রাজতরুণী, স্ত্রী. [রাজন্+তরুণী] পুষ্পবিশেষ, তৎপর্য্যায়।—মহাসহা, বর্ণপুষ্প, অম্লান, অম্লাতক, সুপুষ্প, সুবর্ণপুষ্প।

রাজতা, স্ত্রী. [রাজন্+ত-আ] রাজত্ব, নৃপপাদ; রাজসমূহ।

রাজতাল, পুং. [রাজন্+তাল] গুবাকবৃক্ষ, সুপারীগাছ।

রাজতিনিষ, পুং. [রাজন্+তিনিষ] সুখাশ।

রাজত্ব, ন. [রাজন্+ত্ব] রাজতা, রাজপদ, রাজ্য।

রাজদণ্ড, পুং. [রাজন্+দণ্ড] রাজশাসন, বিচারদ্বারা অপরাধির দমন।

রাজদন্ত, পুং. [রাজন+দন্ত] দন্তের রাজা, উপরিশ্রেণীস্থ মধ্যবর্ত্তি দন্তদ্বয়।

রাজদরবার, (যাং) রাজসভা, রাজস্থান।

রাজদেশীয়, পুং. [রাজন্+দেশীয়] রাজদেশ্য রাজকল্প, রাজতুল্য।

রাজদেশ্য, পুং, [রাজন্+দেশ্য] রাজকল্প, রাজতুল্য, নৃপতিসদৃশ

রাজদ্রোহ, পুং. [রাজন্+দ্রোহ] রাজার অনিষ্টচেষ্টা, নৃপতিরমন্দবাঞ্ছা।

রাজদ্রোহী, পুং. [রাজন্+দ্রোহিন] রাজার অহিতাকাঙ্ক্ষী, নৃপতির অনিষ্ট ইচ্ছুক।

রাজদ্বার, ন. [রাজন্+দ্বার] রাজসভা, রজার বিচার স্থান।

রাজধস্তূরক, পুং. [রাজন্+ধস্তূরক] বৃহদ্ধুস্তূরক, বড়ধুতুরাফুল।

রাজধর্ম্ম, পুং. [রাজন্+ধর্ম্ম] রাজারদিগের কর্ত্তব্য কর্ম্ম, নৃপতির উচিত কার্য্য; রাজনীতি, রাজব্যবহার।

রাজধর্ম্মবেত্তা, পুং. [রাজন্+ধর্ম্ম+বেত্তৃ] রাজধর্ম্মজ্ঞ।

রাজধানক, ন. [রাজন্+ধানক] রাজপুর, রাজধানী, ভূপতির বাসস্থান।

রাজধানী, স্ত্রী. [রাজন্+ধান-ঈ] রাজপুর রাজধানিকা, ভূপতির বাসস্থান, তৎপর্য্যায়।—কোট, রাজধানক, স্কন্ধাবার

রাজধান্য, ন. [রাজন+ধান্য] শ্যামাক, শ্যামাধান।

রাজধুস্তুরক, পুং. [রাজন্+ধুস্তুরক] বৃহৎ-ধুস্তুর, বড়ধুতুরা, তৎপর্য্যায়।—রাজধূর্ত্ত, মহাশঠ, নিস্ত্রৈণপুষ্পক, ভ্রান্ত, রাজস্বর্ণ।

রাজনামা, পুং; [রাজন্+নামন্] পটোল।

রাজনীতি, স্ত্রী. [রাজন্+নীতি] রাজনিয়ম, রাজার কর্ত্তব্যকর্ম্ম।

রাজনীল, ন. [রাজন্+নীল] রত্নবিশেষ, মরকতমণি, নীলকান্তমণি।

রাজন্য, পুং. [রাজন্+য] ক্ষত্রিয়; রাজপুত্র; অগ্নি; ক্ষীরিকাবৃক্ষ।

রাজন্যক, ন. [রাজন্য+ক] ক্ষত্রিয়সমূহ।

রাজন্বান্, ত্রি. [রাজন্+বৎ] সুরাজযুক্ত, দেশ; প্রজাপালনাদিস্বধর্ম্মপরায়ণ রাজযুক্ত দেশ।

রাজপটোল, পুং. [রাজন+পটোল] পটোল, বৃহৎপটোল।

রাজপটোলী, স্ত্রী. [রাজন্+পটোল-ঈ] মধুরপটোলী, সুমিষ্ট পটোল।

রাজপট্ট, পুং. [রাজন্+পট্ট] মণিবিশেষ, তৎপর্য্যায়।—বিরাটজ; রাজার সিংহাসন

রাজপট্টিকা, স্ত্রী. [রাজন্+পট্টিকা] চাতকপক্ষী। [রাণী।

রাজপত্নী, স্ত্রী, [রাজন্+পত্নী] রাজমহিষী,

রাজপথ, পুং. [রাজন্+পথ] রাজমার্গ, রাজারপথ। [লতা।

রাজপর্ণী, স্ত্রী. [রাজন্+পর্ণ-ই] প্রসারিণী

রাজপলাণ্ডু, পুং. [রাজন্+পলাণ্ডু] রক্তবর্ণপলাণ্ডু, লালপাঁজ, তৎপর্য্যায়।—যবনেষ্ট, নৃপাহ্বয়, রাজপ্রিয় মহামূল, দীর্ঘপত্র, রোচক, নৃপেষ্ট, নৃপকন্দ, মহাকন্দ, নৃপপ্রিয়, রক্তকন্দ, রাজেষ্ট

রাজপাট. (গ্রা) রাজসিংহাসন, রাজাসন।

রাজপীলু, পুং. [রাজন্+পীলু] মহাপীলুবৃক্ষ

রাজপুত্র, পুং. [রাজন্+পুত্র] বুধগ্রহ; মহারাজচূত; বর্ণসঙ্করজাতিবিশেষ, রাজপুত; রাজনন্দন, তৎপর্য্যায়।—যুবরাজ কুমার, ভর্ত্তৃদারক।

রাজপুত্রিকা, স্ত্রী. [রাজন্+পুত্রিকা] শরারি পক্ষী, শরালীপাখী; রাজকন্যা।

রাজপুত্রী, স্ত্রী. [রাজন্+পুত্র-ঈ] কটুতুম্বী, তিতলাউ; রেণুকা; জাতী; রাজরীতি; ছুছুন্দরী, ছুঁচা; মালতী; রাজকন্যা।

রাজপুর, ন. [রাজন্+পুর] ভূপতির বাসস্থান, রাজবাটী।

রাজপুরী, স্ত্রী. [রাজন্+পুর-ঈ] রাজধানী, নৃপতির বাসস্থান।

রাজপুষ্প, পুং. [রাজন্+পুষ্প] নাগকেশর, পুষ্পবৃক্ষ।

রাজপুষ্পী, স্ত্রী. [রাজন+পুষ্প-ঈ] করুণী বৃক্ষ।

রাজপ্রিয়া, স্ত্রী. [রাজন্+প্রিয়-আ] করুণীবৃক্ষ; রাজমহিষী, রাণী।

রাজফণিজ্ঝক, পুং. [রাজন্+ফণিজ্ঝক] নাগরঙ্গবৃক্ষ।

রাজফল, ন. [রাজন্+ফল] পটোল।

রাজফলা, স্ত্রী. [রাজন্+ফল-আ] জম্বু, জাম।

রাজবংশী, পুং. [রাজন্+বংশিন্] বর্ণসঙ্কর-নীচ জাতিবিশেষ, জেলে; কোঁচ

রাজবংশ্য, ত্রি. [রাজন্+বংশ] রাজবংশোদ্ভব, নৃপকুলজাত, তৎপর্য্যায়।—রাজবীজী।

রাজবদর, ন. [রাজন+বদর] রক্তামলক, লবণ; (পুং.) উত্তমকোলী, নারিকেলিকুল, তৎপর্য্যায়।—নৃপশ্রেষ্ঠ, নৃপবদর, রাজবল্লভ, পৃথুকোল, তনুবীজ, মধুর ফল, রাজকোল।

রাজবর্ত্ম, ন. [রাজন্+বর্ত্মন্] রাজপথ, প্রশস্ত রাস্তা, তৎপর্য্যায়।—ঘণ্টাপথ, সংসরণ, শ্রীপথ, উপনিষ্ক্রমণ, উপনিষ্কর, মহাপথ।

রাজবলা, স্ত্রী. [রাজন্+বল-আ] ভদ্রবলা, গন্ধভাদালিয়া লতা।

রাজবল্লভ, পুং. [রাজন্+বল্লভ] রাজাদনী; রাজাম্র; রাজবদর; নারায়ণদাস কবি-

রাজ কৃত দ্রব্যগুণ নিরূপিত গ্রন্থবিশেষ; (ত্রি.) নৃপপ্রিয়।

রাজবল্লী, স্ত্রী. [রাজন্+বল্লী] তোয়বল্লী; উচ্ছাফল। [সন।

রাজবসতি, স্ত্রী. [রাজন্+বসতি] রাজসিংহা-

রাজবাটী, (প্রা) রাজগৃহ,নৃপালয়,রাজপুরী।

রাজবাড়ী, (প্রা) রাজগৃহ, নৃপালয়, রাজপুরী।

রাজবান্, ত্রি. [রাজন্+বৎ] রাজমাত্রযুক্ত দেশ।

রাজবাহ, পুং. [রাজন্+বাহ] ঘোটক, অশ্ব, ঘোড়া; নৃপঘোটক, রাজঘোড়া।

রাজবাহ্য, পুং [রাজ+বাহ্য] রাজবাহক হস্তী; তৎপর্য্যায়।—বিজয় কুঞ্জর; (ত্রি.) রাজবহনীয়।

রাজবীজী, ত্রি. [রাজন্+বীজিন্] রাজবংশ্য, রাজবংশোদ্ভব।

রাজবৃত্ত, ন. [রাজন্+বৃত্ত] রাজারচরিত্র, ন্যায়পূর্ব্বক অর্থের উপার্জ্জন ও বৃদ্ধি-রক্ষা এবং সৎপাত্রে দান।

রাজবৃক্ষ, পুং. [রাজন্+বৃক্ষ] আরগ্বধবৃক্ষ, সোঁদালিগাছ; পিয়ালবৃক্ষ, পিয়াশাল-গাছ; লঙ্কাস্থায়ীবৃক্ষ, লঙ্কাসিজ্।

রাজব্যাপার, পুং. [রাজন্+ব্যাপার] ভূপতির ব্যবহার, নৃপাচরণ।

রাজভট, পুং. [রাজন্+ভট] রাজকীয়সেনা, নৃপসৈন্য।

রাজভট্টিকা, স্ত্রী. [রাজন্+ভট্টিকা] হাপুত্রী পক্ষী, হাপুতপাখী।

রাজভদ্রক, পুং. [রাজন্+ভদ্রক] কুষ্ঠ, কুড়; নিম্ব, নিম; পারিভদ্রক, পারুলগাছ

রাজভাক্, ত্রি. [রাজন্+ভাজ্] রাজসম্বন্ধীয়

রাজভূয়, ন. [রাজন্+ভূয়] রাজত্ব, নৃপত্ব।

রাজভৃত্য, পুং. [রাজন্+ভৃত্য] রাজসেবক, রাজসভাস্থ তোষামদকারী।

রাজভোগ্য, ন. [রাজন্+ভোগ্য] জাতীকোষ; (পুং.) প্রিয়ালবৃক্ষ, পিয়াশাল গাছ।

রাজমণ্ডল, ত্রি. [রাজন্+মণ্ডল] দ্বাদশরাজা, যথা।—অরিমিত্র, অরিরমিত্র, মিত্রের মিত্র, অরিমিত্রেরমিত্র, বিজিগীষুর পুরঃসর, এই পাঁচ, এবং পার্ষ্ণিগ্রাহ, আক্রন্দ-পার্ষ্ণিগ্রাহাসার, আক্রন্দাসার, বিজিগীষুর পশ্চাদ্বর্ত্তী,এইচারি ও বিজিগীষু, মধ্যম, ও উদাসীন এই সমুদয়ে দ্বাদশ।

রাজমণ্ডূক, পুং. [রাজন্+মণ্ডূক] বৃহদ্ভেক, বড়বেঙ্গ, তৎপর্য্যায়।—মহামণ্ডূক, পীতাঙ্গ, পীতমণ্ডূক, বর্ষাঘোষ, মহারব।

রাজমল্ল, পুং. [রাজন্+মল্ল] রাজারমল্ল, রাজার মাল, তৎপর্য্যায়।—উৎসিক্ত, উদ্ধত।

রাজমহিষী, স্ত্রী. [রাজন্+মহিষী]রাজপত্নী, রাজরাণী।

রাজমার্গ, পুং. [রাজন্+মার্গ] রাজপথ,অতি প্রশস্তরাস্তা।

রাজমাষ, পুং. [রাজন্+মাষ] বর্ব্বট, বরবটী কলাই, তৎপর্য্যায়।—নীলমাষ,নৃপমাষ, নৃপোচিত।

রাজমুদ্গ, পুং. [রাজন্+মুদ্গ] মুকুষ্টক।

রাজযক্ষ্মা, পুং. [রাজন্+যক্ষ্মন্] ক্ষয়রোগ, যক্ষ্মারোগ, ক্ষয়কাশ।

রাজযুধ্বা, পুং. [রাজ+যুধ্বন্] রাজবৈরী, রাজশত্রু।

রাজযোগ্য, ত্রি. [রাজন্+যোগ্য] রাজার্হ, নৃপোচিত, রাজার উপযুক্ত।

রাজরঙ্গ, ন, [রাজন্+রঙ্গ] রজত, রৌপ্য, রূপা।

রাজরাজ, পুং. [রাজন্+রাজ] কুবের, ধনাধিপ; সার্ব্বভৌম,সম্রাট; সুধাকর,চন্দ্র।

রাজরাণী, (প্রা) রাজমহিষী, নৃপপত্নী।

রাজরীতি, স্ত্রী. [রাজন্+রীতি] পিত্তলবিশেষ, তৎপর্য্যায়।—পাকতুণ্ডী, রাজপুত্রী, মহেশ্বরী, ব্রহ্মাণী, ব্রহ্মারীতি, কপিলা, পিঙ্গলা।

রাজর্ষি, পুং. [রাজন্+ঋষি] ঋতপর্ণাদি রাজা, রাজা অথচ ঋষি, উত্তমক্ষত্রিয়

রাজলক্ষণ, পুং. [রাজন্+লক্ষণ] রাজচিহ্ন।

রাজলক্ষ্মা, পুং. [রাজন্+লক্ষ্মন্] যুধিষ্ঠির, ধর্ম্মপুত্র।

রাজলক্ষ্মী, স্ত্রী. [রাজন্+লক্ষ্মী]রাজশ্রী,রাজার সম্পত্তি

রাজশণ, পুং. [রাজন্‌+শণ] পট্ট, পাট্‌।

রাজশফর, পুং. [রাজন্‌+শফর] ইলিশ-মৎস্য, ইলিশ মাছ।

রাজশয্যা, স্ত্রী. [রাজন্‌+শয্যা] রাজার শয়নীয় উত্তম শয্যা, তৎপর্য্যায়।—মহাশয্যা। [শাক।

রাজশাক, পুং. [রাজন্‌+শাক] বাস্তুক,বেতো,

রাজশুক, পুং, [রাজন্‌+শুক] পক্ষিবিশেষ, নৃপপালিত শুকপাখী, (স্ত্রীং) রাজশুগা, তৎপর্য্যায়।—প্রাজ্ঞ, শতপত্র, নৃপপ্রিয়।

রাজশৃঙ্গ, ন. [রাজন্‌+শৃঙ্গ] রাজচ্ছত্র, রাজার ছাতী, তৎপর্য্যায়।—কণকদণ্ডক ;(পুং.) মদ্গুর মৎস্য, মাগুরমাছ।

রাজশ্রী, স্ত্রী. [রাজন্‌+শ্রী] রাজলক্ষ্মী, রাজসম্পদ।

রাজস, ত্রি. [রজস্‌+অ] রজোগুণোদ্ভব ; রজোগুণ প্রধান।

রাজসদন, ন. [রাজন্‌+সদন] রাজগৃহ,রাজবাটী, তৎপর্য্যায়।—সৌধ, ভূপালভবন, সুধাময়।

রাজসভা, স্ত্রী. [রাজন্‌+সভা] নৃপতিসমাজ, রাজার সভা।

রাজসর্প, পুং. [রাজন্‌+সর্প] সর্পবিশেষ, রাজসাপ, তৎপর্য্যায়।—ভুজঙ্গভোজী।

রাজসর্ষপ, পুং. [রাজন্‌+সর্ষপ] সর্ষপবিশেষ, রাজসর্ষা,রাইসর্ষা,তৎপর্য্যায়।—কৃষ্ণিকা, রাজিকা, সুরী, মুষ্ঠক, বাষ্টক, ক্ষব, ক্ষুতাভিজনন, ক্ষুধাভিজনন, কৃষ্ণা, তীক্ষ্ণফলা, রাজী, কৃষ্ণসর্ষপাখ্যা।

রাজসাযুজ্য, ন. [রাজন্‌+সাযুজ্য] রাজত্ব, ভূপতিত্ব।

রাজসিংহ, পুং. [রাজন্‌+সিংহ] শ্রেষ্ঠরাজ, রাজার রাজা।

রাজসারস, পুং. [রাজন্‌+সারস] ময়ূর,শিখী, কলাপী। [সম্বন্ধিনী।

রাজসী, স্ত্রী. [রজস্‌+অ-ঈ] দুর্গা; রজোগুণ

রাজসূয়, পুং. [রাজন্‌+সূয়] রাজার কর্ত্তব্য যজ্ঞবিশেষ, তৎপর্য্যায়।—নৃপাধ্বর, ক্রতুরাজ, ক্রতূত্তম। [সম্বন্ধীয়।

রাজসূয়িক, ত্রি. [রাজসূয়+ইক] রাজসূয় যজ্ঞ-

রাজসেবক, পুং. [রাজন্‌+সেবক]রাজভৃত্য।

রাজস্কন্ধ, পুং. [রাজন্‌+স্কন্ধ] ঘোটক, অশ্ব, ঘোড়া।

রাজস্ব, পুং· [রাজন্‌+স্ব] রাজধন, রাজকর, রাজার খাজানা।

রাজস্বর্ণ, পুং. [রাজন্‌+স্বর্ণ] রাজধুস্তুরক, কণকধুতুরা।

রাজহংস, পুং. [রাজ+হংস] রক্তবর্ণ চঞ্চু ও চরণবিশিষ্ট শুক্লবর্ণ হংস, রাজহাঁস; কদম্ব; কলহংস; নৃপোত্তম।

রাজহংসী, স্ত্রী. [রাজন্‌+হংস-ঈ]কলহংসী, রাজহংসপত্নী।

রাজহর্ষণ, ন. [রাজন্‌+হর্ষণ] তগরপুষ্প, টগরফুল; মহানগরী, সত্বর।

রাজহস্তী, পুং. [রাজন্‌+হস্তিন্‌] রাজগজ, রাজারহাতী, তৎপর্য্যায়।—মারীচ, যাজকগজ, মদোৎকট।

রাজহাঁস (প্রা) রাজহংস, রক্তবর্ণ চঞ্চু ও চরণযুক্ত শুক্লবর্ণ হংস।

রাজহাসক, পুং. [রাজন্‌+হাসক] মৎস্যবিশেষ, কাতলামাছ, তৎপর্য্যায়।—কাতর, কাতল, রাজীব।

রাজক্ষবক, পুং. [রাজন্‌+ক্ষবক] সর্ষপ,সর্ষা।

রাজা, পুং. [রাজ্‌+অন] প্রভু,স্বামী; ক্ষত্রিয়; চন্দ্র; যক্ষ; ইন্দ্র; নৃপতি,তৎপর্য্যায়।—অবনীপতি, অবনীনাথ, অবনীপাল, অবনীশ, অবনীশ্বর, অধিপ, অধিপতি, অর্থপতি, ইন, ইরাবান, ছত্রপ, ছত্রপতি, জগতীভুক্‌, জগতীপতি, জগতীপাল, জগৎপতি, দণ্ডধর, নরপতি, নরেশ, নরেশ্বর, নরাধিপ, নরেন্দ্র, নায়কাধিপ, নরদেব, নাভি, নারাট্‌, নৃপ, পার্থ, পার্থিব, পৃথিবীপতি, পৃথিবীপাল, পৃথ্বীপাল, পৃথিবীক্ষিৎ, পৃথিবীশক, প্রভু, প্রজেশ্বর, প্রজাপ, প্রজাপতি, বসুধাধিপ, ভগবান,ভর্ত্তা,ভূপ, ভূপতি, ভূপাল, ভূমিপ, ভূমিপতি, ভূস্বামী, ভূমিভৃৎ, ভূভুক্‌, ভূমীন্দ্র, মহীপতি, মহীপ, মহীপাল, মহীক্ষিৎ, মহীভুক্‌, মহীভর্ত্তা, রাজ্যভাক্‌, রাট্‌, লোকপাল·

লোকেশ, লোকেশ্বর, লোকনাথ, স্কন্দ, স্কন্ধ, স্বামী, ক্ষিতিপ, ক্ষিতিপতি, ক্ষিতিপাল, ক্ষিতিভুৎ, ক্ষিতীশ, ক্ষিতীশ্বর, ক্ষ্মাপ, ক্ষ্মাভৃৎ; পদের অন্তস্থিত হইলে শ্রেষ্ঠার্থ বুঝায়।

রাজাজ্ঞা, স্ত্রী. [রাজন্+আজ্ঞা] রাজার অনুমতি, রাজার আদেশ।

রাজাজ্ঞাবর্ত্তী, ত্রি. [রাজন্+আজ্ঞাবর্ত্তিন্] রাজার বশীভূত, নৃপানুগত।

রাজাতন, ন. [রাজন্+আ+তন] পিয়ালবৃক্ষ, পিয়াশালগাছ।

রাজাদন, ন. [রাজন্+অদন] ক্ষীরিকা, ক্ষিরাই; পিয়াল, পিয়াশালগাছ; কিংশুকবৃক্ষ।

রাজাদনী, স্ত্রী. [রাজন্+অদন-ঈ] বৃক্ষবিশেষ, ক্ষীরণী, তৎপর্য্যায়।—রাজফল, ক্ষীরবৃক্ষ, নৃপদ্রুম, নিম্ববীজ, মধুফল, কপীষ্ট, মাধবোদ্ভব, ক্ষীরী, গুচ্ছফল, ভূঃপেষ্ট, রাজবল্লভ, শ্রীফল, দৃঢ়স্কন্ধ, ক্ষীরশুক্ল।

রাজাধিরাজ, পুং. [রাজ+অধিরাজ] সম্রাট, মণ্ডলেশ্বর প্রধান রাজা।

রাজানুজীবী, ত্রি. [রাজন্+অনুজীবিন্] রাজোপজীবী, রাজকর্ম্মকারক।

রাজান্ন, ন. [রাজন+অন্ন] অন্ধ্রদেশোদ্ভব শালিবিশেষ, তৎপর্য্যায়।—নৃপান্ন, রাজার্হ, দীর্ঘশূকক, ধান্য শ্রেষ্ঠ, রাজধান্য; রাজেষ্ট, দীর্ঘকূরক

রাজাবর্ত্ত, পুং. [রাজন্+আবর্ত্ত] উপরত্ন বিশেষ, (হিং) রেউটী, তৎপর্য্যায়।—নৃপাবর্ত্ত, রাজাখ্যাবর্ত্তক, আবর্ত্তমণি, আবর্ত্ত।

রাজাবলি, স্ত্রী. [রাজন্+আবলি] নৃপসমূহ: রাজশ্রেণী; কাব্যগ্রন্থবিশেষ।

রাজাম্র, পুং. [রাজন্+আম্র] আম্রবিশেষ, মধুরবিশেষ, তৎপর্য্যায়।—রাজফল, স্মরাম্র, কোকিলোৎসব, মধুর, কোকিলানন্দ, কামেষ্ট, নৃপবল্লভ।

রাজাম্ল, পুং. [রাজন্+অম্ল] অম্লবেতসবৃক্ষ।

রাজার্ক, পুং. [রাজন্+অর্ক] শ্বেতার্কবৃক্ষ, সাদাআকন্দগাছ, তৎপর্য্যায়।—বসুক, অর্ক, মন্দার, গণরূপক, কাষ্ঠীল, সদাপুষ্প, অলর্ক, প্রতাপস।

রাজার্হ, ন. [রাজন্+অর্হ] অগুরুচন্দন; (ত্রি) রাজযোগ্য।

রাজার্হা, স্ত্রী. [রাজন্+অর্হ-আ] জম্বু, জাম।

রাজালাবু, স্ত্রী. [রাজন্+অলাবু] স্বাদুতুম্বী, মিঠালাউ, তৎপর্য্যায়।—মহাতুম্বী, মধুরালাবুনী, শাকালাবু, তুম্বক, ভক্ষ্যালাবু, অলাবুনী, মিষ্টতুম্বী।

রাজালুক, পুং. [রাজন্+আলুক] মহাকন্দ।

রাজাহি, পুং. [রাজন্+অহি] দ্বিমুখসর্প, দুইমুখা সাপ, তৎপর্য্যায়।—দ্বিমুখাহি, বিলাবাসী, বিষায়ুধ, অহীরণি।

রাজি, স্ত্রী. [রাজ+ই] শ্রেণী, আবলি, পংক্তি; রেখা।

রাজিকা, স্ত্রী. [রাজ+ইক-আ] কেদার, ক্ষেত; রাজসর্ষপ, রাইসর্ষা; রেখা; শ্রেণী, পংক্তি; কৃষ্ণসর্ষপ, কালসর্ষা, তৎপর্য্যায়।—ক্ষব, ক্ষুধাভিজনন, কৃষ্ণিকা, আসুরী, ক্ষুতাভিজনন, অসুরী, রক্তবর্ণ সর্ষপ, রাই, তৎপর্য্যায়।—রাজী, আসুরী, রক্তিকা, রক্তসর্ষপ, তীক্ষ্ণগন্ধা মধুলিকা, ক্ষবক, ক্ষুতক, ক্ষব।

রাজিকাফল, পুং. [রাজিকা+ফল] গৌরসর্ষপ, শ্বেতসর্ষপ।

রাজিফলা, স্ত্রী. [রাজি+ফল-আ] চীনাকর্কটী, চীন দেশের কাঁকুড়।

রাজিল, পুং. [রাজি+ল] ডুণ্ডুভ সর্প, ঢোঁড়া সাপ, জলব্যাল।

রাজী, স্ত্রী. [রাজ+অ-ঈ] নিশ্ছিদ্র পংক্তি, পরিষ্কার পাইত; রাজিকা, রক্তবর্ণসর্ষপ। [পরবল।

রাজীফল, পুং [রাজী+ফল] পটোল, (হিং)

রাজীব, ন. [রাজী+ব] পদ্ম; (পুং) হরিণ বিশেষ; বৃহন্মীন বিশেষ; হস্তী; সারস পক্ষী; (ত্রি.) রাজার উপজীবী।

রাজীবলোচন, ন. [রাজীব+লোচন] পদ্মলোচন, কমলসদৃশ লোচন।

রাজেন্দ্র, পুং. [রাজন্+ইন্দ্র] মণ্ডলেশ্বর হইতে দশগুণে শ্রেষ্ঠরাজা।

রাজোদ্বেজনসংজ্ঞক, পুং [রাজন্+উদ্বেজন সংজ্ঞক] ভূতাঙ্কুশবৃক্ষ

রাজ্ঞী, স্ত্রী. [রাজন্+ঈ] রাজপত্নী, রাণী; সূর্য্যপত্নী; কাংস্য, কাঁসা; নীলী, নীলগাছ।

রাজ্য, ন. [রাজন্+য] রাজত্ব, রাজার ঐশ্বর্য্যাদি; তৎপর্য্যায়।—নীবৃৎ, মণ্ডল, জনপদ, দেশ, প্রদেশ, বিষয়, রাষ্ট্র, উপবর্ত্তন; অঙ্গ বঙ্গ কলিঙ্গ পঞ্চাল মগধ কোশলাদি গ্রামসমূহ; রাজকার্য্য।

রাজ্যক্তা, স্ত্রী. [রাজী+অক্ত-আ] দধিলবণ মিশ্রিত সূক্ষ্ম অলাবু খণ্ডাদি, রায়তা।

রাজ্যচ্যুত, ত্রি. [রাজ্য+চ্যুত] রাজ্যভ্রষ্ট

রাজ্যনীতি, স্ত্রী. [রাজ্য+নীতি] রাজ্যের নিয়ম, রাজ্যের কর্ত্তব্য কর্ম্ম।

রাজ্যভঙ্গ, পুং. [রাজ্য+ভঙ্গ] রাজ্যভ্রষ্ট, রাজ্যনষ্ট

রাজ্যভাক্, পুং. [রাজ্য+ভাজ্] রাজা।

রাজ্যভ্রংশ-ভ্রষ্ট, পুং. [রাজ্য+ভ্রংশ-ভ্রষ্ট] রাজ্যচ্যুতি, রাজ্যভঙ্গ।

রাজ্যাঙ্গ ন. [রাজ্য+অঙ্গ] রাজ্যেরউপায়, রাজ্যের আবশ্যক অঙ্গ, তৎপর্য্যায়।—প্রকৃতি,তদষ্টবিধ যথা।—স্বামী,অমাত্য, সুহৃৎ, কোষ, রাষ্ট্র, দুর্গ, বল, পুরস্থিত লোক শ্রেণী।

রাজ্যাধিপতি. পুং. [রাজ্য+অধিপতি] রাজা, ভূপতি, ভূপাল।

রাজ্যাভিষেক, পুং. [রাজ্য+অভিষেক] রাজ্য পদে নিয়োগ।

রাজ্যেশ্বর, পুং. [রাজ্য+ঈশ্বর] দেশাধিপতি রাজ্যের কর্ত্তা।

রাটি, স্ত্রী. [রট+ই] যুদ্ধ, রণ; (পুং) শরারিপক্ষী, শরালপাখী। [পাখী।

রাড়ি, স্ত্রী. [রহ্+তি] শরারীপক্ষী, শরাল-

রাঢ়, পুং [রহ্+ত] স্বনামখ্যাত দেশবিশেষ, গঙ্গার পশ্চিম তীরস্থ জনপদ।

রাঢ়ক, পুং. [রাঢ়+ক] স্বনামখ্যাত দেশ,

রাঢ়া, স্ত্রী. [রাঢ়+আ] সুষমা; শোভা; পুরীবিশেষ।

রাঢ়ী, ত্রি. [রাঢ়+ঈ] রাঢ়ীয়, রাঢ়দেশোদ্ভব, রাঢ়দেশোৎপন্ন।

রাঢ়ীয়, ত্রি. [রাঢ়+ঈয়] রাঢ়দেশোদ্ভব, রাঢ় দেশোৎপন্ন।

রাণ, ন. [রাণ+অ] পত্র, পাতা; ময়ূরপুচ্ছ।

রাণা, (প্রা) পুষ্করিণ্যাদির সোপানবিশেষ, সোপানের পার্শ্ববর্ত্তি স্থান।

রাণী, (প্রা) রাজমহিষী, রাজ্ঞী।

রাতারাতি (প্রা) রাত্রি কালে, রাত্রিরমধ্যে, রাত্রি থাকিতেং

রাতি, (প্রা) রজনী, যামিনী, নিশা। [হীন।

রাতিকাণা (প্রা) রাত্র্যন্ধ, রাত্রিকালে দৃষ্টি-

রাত্র, ন. [রৈ+ত্র] জ্ঞান, বোধ।

রাত্রক, ন. [রাত্র+ক] পঞ্চরাত্র; (পুং.) একবর্ষপর্য্যন্ত বেশ্যার গৃহবাসী।

রাত্রি, স্ত্রী. [রা+ত্রি] হরিদ্রা; হলুদ; সূর্য্যাস্তের পর অরুণোদয়াবধি কাল, রাতি, তৎপর্য্যায়।—শর্ব্বরী, নিশা, নিশীথিনী, ত্রিযামা, ক্ষণদা, ক্ষপা, বিভাবরী, তমস্বিনী, রজনী, যামিনী, তমী, শ্যামা, ঘোরা, যাম্যা, ভুঙ্গী, নক্ত, দোষা, বাসতেয়ী, তমা, ক্ষমা, শতাক্ষী, ক্ষণিনী, নিশিথা, চক্রভেদিনী, শার্ব্বরী, শয্যা, বাসুরা, নিষদ্বরী, বসতি, বাযুরোষা,নিশীথ,নিট্, যামবতী, তারাভূষা, জ্যোতিষ্মতী, তারকিনী, কালী, কলাপিনী; তন্নামানি যথা।—শ্যাবী, ক্ষপা, সর্ব্বরী, অক্তু, ঊর্ম্ম্যা, রাম্যা,যম্যা, নম্যা, দোষা, নক্ত, তমঃ, রজঃ, অসিক্নী, পয়স্বতী, তমস্বতী, ঘৃতাচী, শিরিণা, মোকী, শোকী, উধ, পয়ঃ, হিমা, বস্বী, তম্য উপনামানি যথা।—বিভাবরী, সুনরী, ভাস্বতী, ওদতী, চিত্রা, মঘা, অর্জুনী, বাজিনী, বাজিনীবতী, সুম্নাবরী, আহনা, দ্যোতনাশ্বিত্যা, অরুষী, সূনৃতা, সূনৃতাবতী, সূনৃতাবরী।

রাত্রিকর, পুং. [রাত্রি+কর] চন্দ্র, নিশাকর

রাত্রিচর, পুং. [রাত্রি+চর] রাক্ষস; চৌর; (ত্রি.) রাত্রিতে গমনকর্ত্তা

রাত্রিচরী, স্ত্রী. [রাত্রি+চর-ঈ] রাক্ষসী, নিশাচরী; রাত্রিতে গমন কারিণী স্ত্রী।

রাত্রিজ, ত্রি. [রাত্রি+জ] রাত্রিসম্বন্ধীয়; (ন.) নক্ষত্র।

রাত্রিজল, ন. [রাত্রি+জল] কুজ্ঝটিকা, কুয়াসা হিম, শিশির।

রাত্রিজাগর, পুং. [রাত্রি+জাগর] কুক্কুর, কুকুর, (ত্রি.) রাত্রিতে জাগরণকর্ত্তা।

রাত্রিজাগরদ, পুং. [রাত্রি+জাগরদ] মশক, মোশা।

রাত্রিঞ্চর, পুং. স্ত্রী. [রাত্রিং+চর] রাক্ষস, নিশাচর; (ত্রি.) রাত্রিগতে মনকর্ত্তা।

রাত্রিঞ্চরী, স্ত্রী. [রাত্রিং+চর-ঈ] রাক্ষসী. নিশাচরী; রাত্রিতে গমনকারিণী স্ত্রী

রাত্রিপুষ্প, ন. [রাত্রি+পুষ্প] উৎপল, কহ্লার, হেলা।

রাত্রিবাসঃ, ন. [রাত্রি+বাসস্] অন্ধকার, তমঃ; রাত্রিতে শয়নার্থ পরিধেয়বস্ত্র।

রাত্রিবিগম, পুং. [রাত্রি+বিগম] প্রভাত, প্রত্যুষ, প্রাতঃকাল।

রাত্রিবিশ্লেষগামী, পুং [রাত্রি+বিশ্লেষগামিন্] চক্রবাকপক্ষী।

রাত্রিবেদ, পুং. [রাত্রি+বেদ] কুক্কুট, কুকড়া, মোরগ।

রাত্রিবেদী, পুং. [রাত্রি+বেদিন্] কুক্কুট, কুকুড়া, মোরগ।

রাত্রিমট, পুং. [রাত্রি+মট] রাক্ষস, নিশাচর (ত্রি.) রাত্রিতে গমনকর্ত্তা।

রাত্রিমণি, পুং. [রাত্রি+মণি] চন্দ্র, নিশাকর।

রাত্রিযোগ, পুং. [রাত্রি+যোগ] নিশাকাল, রজনীসময়।

রাত্রিহাস, পুং. [রাত্রি+হাস] শ্বেতোৎপল, কুমুদ।

রাত্রিহিণ্ডক, পুং. [রাত্রি+হিণ্ডক] অন্তঃপুররক্ষক, প্রহরী।

রাত্রী, স্ত্রী. [রাত্রি+ঈ] নিশা, রজনী, রাতি।

রাত্র্যট, পুং. [রাত্রি+অট] রাক্ষস, নিশাচর

রাত্র্যন্ধ, ত্রি. [রাত্রি+অন্ধ] রাত্রিতে দৃষ্টিবিহীন পক্ষী, যথা। কাক, শুক বক, পিক ইত্যাদি।

রাদ্ধ, ত্রি, [রাধ্+ত] পক্ক; সিদ্ধ।

রাদ্ধান্ত, পুং. [রাদ্ধ+অন্ত] সিদ্ধান্ত, মীমাংসা।

রাধ, পুং. [রাধ+অ] বৈশাখমাস; (স্ত্রী.) নক্ষত্রবিশেষ, শ্রীকৃষ্ণ প্রেয়সী, গোপীবিশেষ। [তোষ।

রাধন, ন. [রাধ+অন] সাধন, প্রাপ্তি,

রাধনা, স্ত্রী. [রাধ+অন-আ] ভাষণ, কথন।

রাধরঙ্ক, পুং. [রাধ+রঙ্ক] লাঙ্গল; ঘনবৃষ্টি; বর্ষোপল।

রাধা, স্ত্রী. [রাধ+অ-আ] ধনুর্দ্ধারিদিগের চিত্রবিশেষ; গোপীবিশেষ, শ্রীরাধা; বিশাখানক্ষত্র; আমলকী; বিষ্ণুক্রান্তা; বিদ্যুৎ।

রাধাকান্ত, পুং. [রাধা+কান্ত] শ্রীকৃষ্ণ, রাধানাথ, রাধাবল্লভ।

রাধাতনয়, পুং. [রাধা+তনয়] মহাবিষ্ণু; কর্ণ, পাণ্ডুপত্নী কুন্তীর প্রথমপুত্র, রাধার পালিতপুত্র।

রাধাবল্লভ, পুং. [রাধা+বল্লভ] শ্রীকৃষ্ণ, রাধানাথ।

রাধাবেধী, পুং. [রাধা+বেধিন] অর্জ্জুন, গুড়াকেশ, তৃতীয়পাণ্ডব।

রাধাভেদী, পুং. [রাধা+ভেদিন্] অর্জ্জুন, তৃতীয়পাণ্ডব।

রাধাসুত, পুং. [রাধা+সুত] মহাবিরাট; কর্ণ, কুন্তীরগর্ব্ভে সূর্য্যাহইতে জাত, রাধাপুত্র।

রাধিকা, স্ত্রী. [রাধ+ইক-আ] বৃকভানুসুতা, শ্রীকৃষ্ণের প্রেয়সী।

রাধেয়, পুং. [রাধা+এয়] কর্ণ, রাধারপালিত পুত্র, কুন্তীর গর্ব্ভে সূর্য্যাহইতে জাত।

রান্না, (প্রা.) অন্নাদি পাককরণ।

রান্নাঘর, (প্রা) রন্ধনগৃহ, পাকশালা।

রাপ্য, ত্রি. [রাপ্+য] কথনীয়, বক্তব্য।

রাফজী, (বাং) মুসলমান জাতিবিশেষ।

রাব, পুং. [রু+অ] শব্দ, রব, ধ্বনি।

রাবণ, পুং. [রু+অন] লঙ্কাধিপতি, তৎ-

কন্ধর, দশকণ্ঠ, নিকষাত্মজ, রাক্ষসেন্দ্র, লঙ্কেশ্বর, পংক্তিগ্রীব, দশানন, লঙ্কাপতি, দশাস্য।

রাবণগঙ্গা, স্ত্রী. [রাবণ+গঙ্গা] সিংহলদেশস্থ নদীবিশেষ।

রাবণারি, পুং. [রাবণ+অরি] শ্রীরাম, দশরথ তনয়।

রাবণি, পুং. [রাবণ+ই] রাবণের জ্যেষ্ঠপুত্র, ইন্দ্রজিৎ।

রাম, ন. [রম্+অ] বাস্তুকশাক; কুষ্ঠ, কুড়; তমালপত্র; (ত্রি.) মনোজ্ঞ; সিত; অসিত, কাল; (পুং.) পরশুরাম, ত্রেতাযুগের আদিতে বিষ্ণুর অংশ হইতে জমদগ্নি মুনির ঔরসে জাত, অবতারবিশেষ; রাঘব, দশরথ তনয়; বলদেব, বলরাম, অনন্তদেব। [কলা।

রামকদলী, স্ত্রী. [রাম+কদলী] রামরম্ভা, রাম-

রামকরী, স্ত্রী. [রাম+করী] রাগিণীবিশেষ, রামকলী রাগিণী।

রামকর্পূরক, পুং. [রাম+কর্পূরক] স্বনামখ্যাত তৃণ

রামকলী, স্ত্রী. [রাম+কল-ঈ] রাগিণীবিশেষ, রামকরী রাগিণী।

রামকুঁড়া, (প্রা) কুটীর, ক্ষুদ্রগৃহ, ঝুপড়ী।

রামকেলী, (প্রা) রাগিণীবিশেষ, রামকরী রাগিণী। [বিশেষ।

রামখড়ী, (প্রা) খড়িবিশেষ, কঠিনী; মৃত্তিকা

রামগিরি, পুং. [রাম+গিরি] পর্ব্বতবিশেষ, চিত্রকুট পর্ব্বত।

রামচন্দ্র, পুং. [রাম+চন্দ্র] শ্রীরাম, দাশরথি, জানকীনাথ।

রামছর্দ্দনক-রামাছর্দ্দনক, পুং. [রাম+ছর্দ্দনক] মদনবৃক্ষ, ময়নাগাছ;

রামছাগল, (প্রা) ছাগলবিশেষ, বৃহৎছাগল।

রামজননী, স্ত্রী. [রাম+জননী] বলদেবের মাতা, রোহিণী; রামের মাতা, কৌশল্যা; রেণুকা।

রামঠ, ন. [রমঠ+অ] হিঙ্গু, হিং; (পুং.) অঙ্কোঠবৃক্ষ, আকড়গাছ। [হিং।

রামঠী, স্ত্রী. [রামঠ+ঈ] নাড়ীহিঙ্গু, নাড়ি

রামণ, পুং. [রাম+অন] গিরিনিম্ব, পর্ব্বতস্থ নিমগাছ; তিন্দুকবৃক্ষ।

রামণীয়ক, ত্রি. [রমণ+ঈয়ক] রমণীয়, মনোজ্ঞ, শোভা, রমণীয়ত্ব।

রামতরুণী, স্ত্রী. [রাম+তরুণী] তরুণীপুষ্প, সেউতীফুল।

রামতুলসী, স্ত্রী. [রাম+তুলসী] তুলসীবিশেষ, রামদূতী।

রামদূত, পুং. [রাম+দূত] হনুমান্, পবননন্দন।

রামদূতী, স্ত্রী. [রাম+দূতী] তুলসীবিশেষ, রামতুলসী, তৎপর্য্যায়।—পর্ব্বপুষ্পী, বিশল্যা, নাগদন্তিকা, কাণ্ডলী, সূক্ষ্মপর্ণী, ভরণ্যাহ্বা, ফণিজ্ঝকা।

রামধনুক, (প্রা) শক্রধনুঃ, ইন্দ্রায়ুধ, মেঘাচ্ছন্ন প্রযুক্ত সূর্য্যরশ্মি।

রামনবমী, স্ত্রী. [রাম+নবমী] চৈত্রমাসের শুক্লানবমী, শ্রীরামের জন্মতিথি।

রামপূগ, পুং. [রাম+পূগ] গুবাকবিশেষ, রামগুপারী, তৎপর্য্যায়।—কমীন, মুনিপূগ, সুরেবট।

রামবল্লভ, ন. [রাম+বল্লভ] ত্বচ, ছাল; (ত্রি.) রামপ্রিয়, রামের মিত্র।

রামবাণ, পুং. [রাম+বাণ] ঔষধবিশেষ; রামচন্দ্রের শর।

রামবীণা, স্ত্রী. [রাম+বীণা] বীণাবিশেষ।

রামভদ্র, পুং. [রাম+ভদ্র] শ্রীরাম, দশরথ পুত্র। [কলা।

রামরম্ভা, স্ত্রী. [রাম+রম্ভা] রামকদলী, রাম-

রামরম্ভোরু, ত্রি. [রাম+রম্ভা-উরু] রামরম্ভা সদৃশ উরুযুক্তস্ত্রী

রামলবণ, ন. [রাম+লবণ] শাম্ভরিলবণ, তৎপর্য্যায়।—রোমক, পাশ্চাত্যাকরসম্ভব।

রামশর, পুং. [রাম+শর] শরবৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—রামকাণ্ড, রামবাণ, রামেষু, অপর্ব্বদণ্ড, দীর্ঘ, নৃপপ্রিয়; শ্রীরামের ধনুঃ।

রামশিলা, স্ত্রী. [রাম+শিলা] তীর্থবিশেষ।

রামশীতলা, স্ত্রী. [রাম+শীতলা] আরাম শীতলা।

রামসখ, পুং. [রাম+সখ] সুগ্রীব, বালি-রাজার কনিষ্ঠ ভ্রাতা; বিভীষণ; গুহক।

রামসেনক, পুং. [রাম+সেনক] ভূনিম্ব, চিরতা; কট্‌ফল।

রামা, স্ত্রী. [রম্‌+অ-আ] উৎকৃষ্টা স্ত্রীবিশেষ; গীত সমূহাদিদ্বারা মনোরমকারিণীস্ত্রী; যোষা, নারী; হিঙ্গু; হিং; নদী; হিঙ্গুল; শ্বেতকণ্টকারী; গৃহকন্যা; আরাম শী-তলা; অশোকবৃক্ষ; গোরোচনা; বালা; গৈরিক, বিচিত্রধাতু।

রামাৎ, (প্রা) রামোপাশক, বৈরাগী, নাগা।

রামায়ণ, ন. [রাম+অয়ন] রামকর্ত্তৃক রাবণ বধ কাব্য, রামচরিত্র গ্রন্থমাত্র।

রামালিঙ্গনকাম, পুং. [রাম+আলিঙ্গন কাম] রক্তাম্লান।

রামাবক্ষজোপম, পুং. [রাম+আবক্ষজ-উপম] চক্রবাক পক্ষী।

রামিল, পুং. [রাম+ইল] রমণ; কামদেব, কন্দর্প, মদন।

রাম্ভ, পুং. [রম্ভা+অ] ব্রতস্থলে বংশনির্ম্মিত দণ্ড। [মত; ধন।

রায়, (প্রা) উপাধিবিশেষ; (যাং) অভিপ্রায়,

রায়ণ, ন. [রৈ+অন] পীড়া, রোগ, ব্যামোহ।

রায়বাঁশ, (প্রা) বংশনির্ম্মিত লগুড়বিশেষ, বাঁশেরলাঠী লৌহকলাযুক্ত

রয়াবেঁশিয়া, (প্রা) বংশনির্ম্মিত লগুড়ধারী।

রায়বাঘিনী, (প্রা) অত্যান্ত ব্যাপিকা স্ত্রী, অতিশয় প্রবলানারী; ঝাঁপানে সর্পক্রী-ড়কদিগের বিষঝাড়নী

রায়ভাটী, স্ত্রী. [রায়+ভাটী] নদীস্রোত বিশেষ, আওড়।

রাল, পুং. [রা+অল] শালবৃক্ষনির্যাস, ধুনা, তৎপর্য্যায়।—সর্জ্জরস, সাল, কনকলো-দ্ভব, জরন, শালনির্য্যাস, দেবেষ্ট, শীতল, বহুরূপ, শালরস, সর্জ্জনির্য্যাসক, সুরভি, সুরধূপ, যক্ষধূপ, অগ্নিবল্লভ, কল, কললজ। [সালগাছ।

রালকার্য্য, পুং. [রাল+কার্য্য] সালবৃক্ষ,

রাশি, পুং. [রশ্‌+ই] ধান্যাদি সমূহ, তৎ-সমাহার; জ্যোতিশ্চক্রের দ্বাদশাংশ; মেষাদি দ্বাদশরাশি।

রাশিগত, ত্রি. [রাশি+গত] সঞ্চিত, এক-ত্রিত।

রাশিচক্র, ন. [রাশি+চক্র] মেষাদি দ্বাদশ-রাশ্যাদিযুক্ত বৃত্ত, ভচক্র, জ্যোতিশ্চক্র।

রাশিনাম, ন. [রাশি+নামন্‌] জন্মরাশি ঘটিত নাম, গুপ্তনাম।

রাশিব্যবহার, পু. [রাশি+ব্যবহার] শস্য-রাশির পরিমাণ জ্ঞাপক অঙ্কবিশেষ।

রাশিভাগ, পুং. [রাশি+ভাগ] অঙ্কেরভ-গ্নাংশ।

রাশিভাগানুবন্ধ, পুং. [রাশি+ভাগ+অনু বন্ধ] অঙ্কের ভগ্নাংশ সংযোগ।

রাশিভাগাপবাহ, পুং. [রাশি+ভাগ+অপ-বাহ] অঙ্কের ভগ্নাংশ ব্যবকলন।

রাশিভোগ, ন. [রাশি+ভোগ] সূর্য্যাদিগ্রহের একং রাশিতে নিয়মিত কালে অবস্থান।

রাশীকৃত, ত্রি. [রাশি+কৃত] বহুল, পুঞ্জীকৃত, স্তূপাকার। [স্থূল, পুঞ্জ।

রাশীভূত, ত্রি. [রাশি+ভূত] স্তূপাকার, ব-

রাষ্ট্র, পুং. ন. [রাজ্‌+ত্র] বিষয়; রাজ্য উপদ্রব, মরকাদি।

রাষ্ট্রনিবাসী, পুং. [রাষ্ট্র+নিবাসিন্‌] জান-পদ, দেশবাসী, রাজ্যবাসী।

রাষ্ট্রভঙ্গ, পুং. ন. [রাষ্ট্র+ভঙ্গ] দেশোপদ্রব, দেশব্যাপক উৎপাত।

রাষ্ট্রিকা, স্ত্রী. [রাষ্ট্র+ইক-আ] কণ্টকারিকা, কণ্টিকারী

রাষ্ট্রিয়, পুং. [রাষ্ট্র+ইয়] নাট্যোক্তিতে রাজ শ্যালক।

রাষ্ট্রীয়, পুং. [রাষ্ট্র+ঈয়] নাট্যোক্তিতে রাজশ্যালক; (ত্রি.) রাষ্ট্রসম্বন্ধীয়।

রাস, পুং. [রস্‌+অ] কোলাহল, জনরব, ধ্বান, পথ; ভাষা, কথা; শৃঙ্খলক; বহুরমণীগোষ্ঠী; শ্রীকৃষ্ণের লীলাবিশেষ, গোপীদিগের কৃষ্ণের সহিত ক্রীড়া।

রাসন, ন. [রাসন+অ] রসেন্দ্রিয়জন্য জ্ঞান; (ত্রি.) জিহ্বাসম্বন্ধীয়।

রাসভধূসর, ত্রি. [রাসভ+ধূসর] পাংশুবর্ণ।
রাসভী, স্ত্রী. [রাস+ভ-ঈ] গর্দ্দভী, গাধী।
রাসভবন্দিনী, স্ত্রী. [রাসভ+বন্দিন্-ঈ] মল্লিকা, বেলফুল
রাসমঞ্চ, পুং. [রাস+মঞ্চ] শ্রীকৃষ্ণের রাসক্রীড়া স্থান।
রাসমণ্ডপ, পুং. [রাস+মণ্ডপ] শ্রীকৃষ্ণের রাস ক্রীড়াস্থল।
রাসমণ্ডল, ন. [রাস+মণ্ডল] শ্রীকৃষ্ণের রাসক্রীড়া স্থল।
রাসযাত্রা, স্ত্রী. [রাস+যাত্রা] কার্ত্তিকী পৌর্ণমাসী কর্ত্তব্য শ্রীকৃষ্ণের উৎসববিশেষ, শ্রীকৃষ্ণের রাসক্রীড়া।
রাসেরস, পুং. [রাসে+রস] গোষ্ঠী, সভা; রাস, শ্রীকৃষ্ণের লীলা; শৃঙ্গার; রসসিদ্ধি; রসাবাস; ষষ্ঠীজাগরক; উৎসব; পরিহাস।
রাসেশ্বরী, স্ত্রী. [রাস+ঈশ্বরী] শ্রীরাধা।
রাস্তা, (যাং) মার্গ, পন্থা, পথ।
রাস্না, স্ত্রী. [রস+ন-আ] স্বনামখ্যাত লতাবিশেষ; (হিং) রাসন্, তৎপর্য্যায়।—নাকুলী, সুরসা, সুগন্ধা, গন্ধনাকুলী, নকুলেষ্টা, ভুজঙ্গাক্ষী, ছত্রাকী, সুবহা, রম্ভা, শ্রেয়সী, রসনা, রসা, সুগন্ধিমূলা, রসাঢ্যা, অতিরসা, দ্রোণগন্ধিকা, সর্পগন্ধা,

রাহা, (যাং) পথ, রাস্তা।
রাহাগির, (যাং) পথিক, পান্থ।
রাহাজানী, (যাং) ডাকাত, পথিক চৌর।
রাহু, পুং. [রহ্+উ] ত্যাগ; গ্রহবিশেষ, অষ্টমগ্রহ, সিংহিকারপুত্র, তৎপর্য্যায়।—তম, স্বর্ভানু, সৈংহিকেয়, বিধুন্তুদ, অভ্রপিশাচ, গ্রহকল্লোল, সৈংহিক, উপপ্লব, শীর্ষক, উপরাগ, সিংহিকাসুনু, কৃষ্ণবর্ণ, কবন্ধ, অগু, অসুর
রাহুগ্রস্ত, ত্রি. [রাহু+গ্রস্ত] চন্দ্র সূর্য্যের গ্রহণ।   [গ্রহণ।
রাহুগ্রাহ, পুং. [রাহু+গ্রাহ] চন্দ্র সূর্য্যের
রাহুচক্র, ন. [রাহু+চক্র] রব্যাদি সপ্তর্ক্ষের মধ্যে সপ্তদিকে রাহুর গমন; (ত্রি.) রাক্ষস সম্বন্ধীয়।
রাহুচ্ছত্র, ন. [রাহু+ছত্র] আর্দ্রক, আদা।
রাহুদর্শন, ন. [রাহু+দর্শন] চক্ষুঃদ্বারা রাহুর জ্ঞান, চন্দ্রসূর্য্যের গ্রহণ দর্শন।
রাহুপীড়া, স্ত্রী. [রাহু+পীড়া] চন্দ্র সূর্য্যের গ্রহণ, উপরাগ
রাহুবৃহস্পতিযোগ, পুং. [রাহু+বৃহস্পতিযোগ] এক রাশিস্থিত গুরুরাহু, গুরুচাণ্ডালিযোগ।   [য়ণ।
রাহুভেদী পুং. [রাহু+ভেদিন্] বিষ্ণু, নারা-
রাহুমূর্দ্ধভিৎ, পুং. [রাহু+মূর্দ্ধভিদ্] বিষ্ণু, নারায়ণ
রাহুরত্ন, ন. [রাহু+রত্ন] রত্নবিশেষ, গোমেদক রত্ন।
রাহুলসূ, পুং. [রাহু+লসূ] বুদ্ধ, বিষ্ণুর অবতার বিশেষ।
রাহুসংস্পর্শ, পুং. [রাহু+সংস্পর্শ] উপরাগ, চন্দ্রসূর্য্যের গ্রহণ।
রাহুহা, পুং. [রাহু+হন্] বিষ্ণু, নারায়ণ।
রাহূচ্ছিষ্ট, পুং. [রাহু+উচ্ছিষ্ট] লশুন, রশুন।   [রশুন।
রাহূৎসৃষ্ট, পুং. [রাহু+উৎসৃষ্ট] লশুন,
রাক্ষস, পুং. [রক্ষস+অ] প্রাণিহিংসক, জাতিবিশেষ, তৎপর্য্যায়।—কৌণপ, ক্রব্যাৎ, ক্রব্যাদ, অস্রপ, আশর, রাত্রিঞ্চর, রাত্রিচর কর্ব্বুর, নিকষাত্মজ, যাতুধান, পুণ্যজন, নৈর্ঋত, যাতু, রক্ষঃ, সন্ধ্যাবল, ক্ষপাট, রজনীচর, কীলাপা, নৃচক্ষাঃ, নক্তঞ্চর, পলাশী, পলাশ, ভূত, নীলাম্বর, কল্মাষ, কটপ্রু, অগির, কীলালপা, নরধিষ্ণণ; অষ্টপ্রকার বিবাহান্তর্গত, বিবাহবিশেষ।
রাক্ষসী, স্ত্রী. [রক্ষস্+ঈ] কৌণপী, রাক্ষসপত্নী; দংষ্ট্রা, বৃহদ্দন্তা; চণ্ডা, চোরনানাম গন্ধদ্রব্য; সায়াহ্নকাল।
রাক্ষসীবেলা, স্ত্রী. [রাক্ষসী+বেলা] সন্ধ্যার প্রাক্কাল, গোধূলি।
রাক্ষসেন্দ্র, পুং. [রাক্ষস+ইন্দ্র] রাবণ, দশা-

রাক্ষা, স্ত্রী. [রক্ষ+আ] লাক্ষা, লা।
রিক, (প্রা) অন্তঃকরণ, মন; ব্যবস্থা।
রিক্ত, ন. [রিচ্+ত] শূন্য, হীন; বন; (ত্রি.) নির্ধন।
রিক্তক, ত্রি. [রিক্ত+ক] শূন্য, হীন, খালি।
রিক্তহস্ত, ত্রি. [রিক্ত+হস্ত] শূন্যহস্ত।
রিক্তা, স্ত্রী. [রিচ্+ত-আ] তিথিবিশেষ, যথা, চতুর্থী, নবমী, চতুর্দ্দশী।
রিকৃথ, ন. [রিচ্+থ] ধন, বিত্ত, ঐশ্বর্য্য,-সম্পত্তি।   [পতন।
রিকৃথন, ন. [রিকৃথ+অন] স্খলন, ক্ষরণ,
রিকৃথহারী ত্রি. [রিকৃথ+হারিন্] দায়াদ, ধনহারী, ধনহরণ কর্ত্তা, উত্তরাধিকারী।
রিকৃথী, ত্রি. [রিকৃথ+ইন্] ধনহারী, উত্তরাধিকারী; ধনী।
রিঙ্গণ, ন. [রিগ+অন] স্খলন, চ্যুতহওন; ধর্ম্মবিলঙ্ঘন; হামাগুঁড়িদিয়া।
রিজন, (প্রা) সন্তোরণ, পরিতোষ জন্মান।
রিঠা (প্রা) পট্টলোমজ বস্ত্রাদির ক্ষালন যোগ্য ফলবিশেষ; মৎস্যবিশেষ, ইঠামাছ।
রিরম, পুং. [রিষ+ম] কাম, কন্দর্প, মদন; বসন্ত।
রিপু, পুং. [রিপ্+উ] শত্রু, বিপক্ষ; চোরক নামে গন্ধদ্রব্য; লগ্নের অপেক্ষা হইতে ষষ্ঠলগ্ন, তৎপর্য্যায়।—ষট্‌কোণে, রিপুমন্দির।   [বংশ
রিপুকুল, পুং. [রিপু+কুল] শত্রুসমূহ, বৈরি-
রিপুঘাতিনী, স্ত্রী. [রিপু+ঘাতিন্-ঈ] লতাবিশেষ, কুচুইলতা।
রিপ্ফ, ন. [রিপ্+ফ] লগ্নাপেক্ষাদ্বাদশরাশি।
রিপ্র, ত্রি. [রি+প্র] অধম, নীচ, জঘন্য।
রিপ্রবাহ, পুং. [রিপ্র+বাহ] ক্রব্যাদ নামক অগ্নি।   [খদির
রিমেদ, পুং. [অরি+মেদ] অরিমেদ, বিট্-
রিরংসা, স্ত্রী. [রম্+স-আ] রমণেচ্ছা বিহারাভিলাষ।
রিরংসু, ত্রি. [রম্+স-উ] রমণেচ্ছু, ক্রীড়েচ্ছুক।
রিরী, স্ত্রী. [রি+র-ঈ] পিত্তল, পিতল; আব্যতুলক।

রিশ, (প্রা) হিংসা, দ্বেষ, ঈর্ষা।
রিশ্য, পুং. [রিশ্+য] মৃগ, হরিণ।
রিষি, পুং. [রিষ+ই] ঋষি, মুনি, তপস্বী।
রিষ্ট, ন. [রিষ্+ত] ক্ষেম, মঙ্গল, শুভ, কল্যাণ; অশুভ, অমঙ্গল; অভাব; নাশ; পাপ; (ত্রি.) পাপবিশিষ্ট, পাপী; (পুং) খড়্গ, অসি; ফেণিল, রক্তসজিনাবৃক্ষ।
রিষ্টক, পুং. [রিষ্ট+ক] রক্তশিগ্রু, লাল সজিনা।
রিষ্টি, পুং. [রিষ্+তি] খড়্গ, খাঁড়া; (স্ত্রী.) অশুভ, অমঙ্গল; অস্ত্রবিশেষ; সৌভাগ্য।
রিষ্য, পুং. [রিষ্+য] মৃগবিশেষ।
রিষ্ব, ত্রি. [রিষ+ব] বধক, নাশক, হননকর্ত্তা।
রিক্ষা, স্ত্রী. [রিহ+ষ-আ] লিক্ষা, যূকা।
রী, স্ত্রী. গতি, গমন।
রীজ্যা, স্ত্রী. [রীজ্+য-আ] ঘৃণা, অবজ্ঞা, অপ্রবৃত্তি।
রীঠা, স্ত্রী. [রী+ঠ-আ] রীঠাকরঞ্জ; মৎস্যবিশেষ।
রীঠাকরঞ্জ, পুং. [রীঠা+করঞ্জ] স্বনামখ্যাত বৃক্ষ, তৎপর্য্যায়।—গুচ্ছক, গুচ্ছপুষ্পক, রীঠা, গুচ্ছফল, অরিষ্ট, মঙ্গল্য, কুম্ভবীজক, প্রকীর্য্য, সোমবল্ক, ফেণিল।
রীঢ়ক, পুং. [রীঢ়+ক] পৃষ্ঠবংশ, পৃষ্ঠদেশের অস্থি, মেরুদণ্ড।
রীঢ়া, স্ত্রী. [রীহ+ত-আ] অবজ্ঞা, ঘৃণা, তাচ্ছল্য।   [স্খলিত।
রীণ, ত্রি. [রী+ত] স্রুতজলাদি, ক্ষরিত, চ্যুত,
রীত, (প্রা) চরিত্র, ব্যবহার।
রীতি, স্ত্রী. [রী+তি] আরকুট; প্রচার; স্পন্দ; লোহকিট্ট, লোহার মল; দগ্ধ স্বর্ণাদির মল; সীমা; স্রবণ; গতি; স্বভাব, তৎপর্য্যায়।—রূপ, লক্ষণ, ভাব, আত্মা, প্রকৃতি, সহজ, রূপতত্ত্ব, ধর্ম্ম, সর্গ, নিসর্গ, শীল, সতত্ত্ব, সংসিদ্ধি; কাব্যের নিয়ম; ক্রম; ধারা; পদ্ধতি।
রীতিক, ন. [রীতি+ক] পুষ্পাঞ্জন।
রীতিকা, স্ত্রী. [রীতি+ক-আ] কুসুমাঞ্জন; পিত্তল, পিতল।

রীতিজ্ঞ, ত্রি. [রীতি+জ্ঞা-অ] ব্যবহারজ্ঞ, আচারজ্ঞাতা।

রীতিপুষ্প, ন. [রীতি+পুষ্প] কুসুমাঞ্জন।

রুই, (প্রা) বল্মীককীট, উইপোকা; মৎস্য-বিশেষ, রোহিতমৎস্য।

রু, পুং. [রু+ক্বিপ্] শব্দ, ধ্বনি।

রুক, ত্রি. [রু+ক] বহুপ্রদ, প্রচুরদাতা।

রুক্, স্ত্রী. [রুচ্+ক্বিপ্] শোভা; দ্যুতি; ইচ্ছা; শারিকা শুকবাক্য; [রুজ্] রোগ, পীড়া, দীপ্তি।

রুক্প্রতিক্রিয়া, স্ত্রী. [রুক্+প্রতিক্রিয়া] চিকিৎসা, ঔষধদ্বারা রোগনাশ করণ।

রুক্ম, ন. [রুচ্+ম] কাঞ্চন, সোণা; ধুস্তূর, ধুতুরাগাছ; লোহ; নাগকেশর।

রুক্মকারক, পুং. [রুক্ম+কারক] স্বর্ণকার, সেকরা।

রুক্মাঙ্গদ, পুং. [রুক্ম+অঙ্গদ] রাজাবিশেষ, ভীষ্মক রাজপুত্র স্ত্রী; স্বর্ণবলয়া।

রুক্মিণী, স্ত্রী. [রুক+ম-ইন্-ঈ] শ্রীকৃষ্ণমহিষী বিশেষ, ভীষ্মকরাজ কন্যা, তৎপর্য্যায়।—ঈ, রমা, সিন্ধুজা, সামা, চলা, হীরা, চঞ্চলা, বৃষাকপায়ী, চপলা, ইন্দিরা, লক্ষ্মী, পদ্মালয়া, কমলা, পদ্মা, শ্রী, হরিপ্রিয়া; স্বর্ণক্ষীরী।

রুক্মিদর্প, পুং. [রুক্মি+দর্প] বলদেব, বলরাম।

রুক্মিদারী, পুং. [রুক্মি+দারিন্] বলদেব, বলরাম।

রুক্মিণীব্রত, ন. [রুক্মিণী+ব্রত] ব্রত-বিশেষ। [রাম।

রুক্মিভিৎ, পুং. [রুক্মি+ভিৎ] বলদেব, বল-

রুক্মী, পুং. [রুক্ম+ইন্] ভীষ্মক রাজার জ্যেষ্ঠ পুত্র। [পুরীষ।

রুক্সদ্ম, ন. [রুক্+সদ্মন্] মল, বিষ্ঠা,

রুখ, (প্রা) ক্ষীণ; ক্লিষ্ট; অতৈল।

রুখন, (প্রা) কোপন; ত্যক্তহওন, বিরক্ত-হওন।

রুগ্ন, ত্রি. [রুজ্+ত] রোগাদি দ্বারা কুটিলীকৃত, তৎপর্য্যায়।—ভুগ্ন; রোগী, পীড়িত।

রুচ্, স্ত্রী. [রুচ্+ক্বিপ্] কান্তি; স্পৃহা।

রুচক, ন. [রুচ+অক] সর্জিকাক্ষার; অশ্বাভরণ; মালা; সৌবর্চ্চল; মাঙ্গল্যদ্রব্য; উৎকট; স্বাদ্যরস; রোচনা; বিড়ঙ্গ; লবণ; (পুং.) বীজপূর, ডালিম; নিষ্ক, পদক, ধুকধুকী; অলঙ্করণ; দন্ত; কপোত, পারাবত।

রুচা, স্ত্রী. [রুচ্+অ-আ] দীপ্তি; শোভা; ইচ্ছা; শারি ও শুকের বাক্য।

রুচি, স্ত্রী. [রুচ্+ই] অভিষঙ্গ, অনুরাগ, আসক্তি; স্পৃহা, অভিলাষ; গভস্তি, কিরণ; শোভা; বুভুক্ষা, ভোজনেচ্ছা; গোরোচনা; আলিঙ্গন বিশেষ; (পুং.) প্রজাপতিবিশেষ, রৌচ্য মনুর পিতা।

রুচিত, ত্রি. [রুচ্+ইত] মিষ্টবস্তু, স্বাদুদ্রব্য।

রুচিফল, ন. [রুচি+ফল] অমৃতাহ্ব।

রুচিরা, ন. [রুচ্+ইর] মূলক; কুঙ্কুম; লবঙ্গ; (ত্রি.) সুন্দর; মিষ্ট; উজ্জ্বল।

রুচিরা, স্ত্রী. [রুচির+আ] গোরোচনা; মনোজ্ঞা, উৎকৃষ্টা। [শজিনাগাছ।

রুচিরাঞ্জন, পুং. [রুচির+অঞ্জন] শোভাঞ্জন,

রুচিরাশ্ব, পুং. [রুচির+অশ্ব] রাজাবিশেষ, দেবাপির শ্বশুর; সুন্দরঘোটক।

রুচিষ্য, ত্রি. [রুচিষ্+য] মিষ্টবস্তু; অভিপ্রেত।

রুচী, স্ত্রী. [রুচ+ঈ] রুচি, স্পৃহা, অভিলাষ।

রুচ্য, ন. [রুচ্+য] সৌবর্চ্চল, লবণবিশেষ; (পুং.) কতকবৃক্ষ; শালীধান্য; পতি, স্বামী; (ত্রি.) সুন্দর, মনোহর।

রুচ্যকন্দ, পুং. [রুচ্য+কন্দ] শূরণ, ওল।

রুজ্, স্ত্রী. [রুজ্+ক্বিপ] ব্যাধি; পীড়া, রোগ।

রুজা, স্ত্রী. [রুজ্+অ-আ] রোগ, পীড়া; ভঙ্গ; মেষী; কুষ্ঠ, কুড়।

রুজাকর, পুং. [রুজ্+আকর] ব্যাধি, পীড়া, রোগ; (ন.) কর্ম্মরঙ্গ ফল।

রুজাসহ, পুং. [রুজ্+আসহ] ধন্বনবৃক্ষ।

রুটী, (হি) পিষ্টকবিশেষ, গোধূমচূর্ণদ্বারা কৃত পিষ্টক।

রুটীওয়ালা, (হি) রুটী বিক্রেতা।

রুট্, পুং. [রুষ্+ক্বিপ্] ক্রোধ, কোপ, রোষ।

রুচ্, স্ত্রী. [রুষ্+ক্বিপ্] রুট্, ক্রোধ, কোপ, রোষ। [গাতী।

রুণঙ্করা, স্ত্রী. [রুণ+কর-আ] সুখসন্দোহ্যা

রুণ্ড, পুং. [রুণ্ড+অ] কবন্ধ, মস্তকহীন।

রুণ্ডিকা, স্ত্রী. [রুণ্ড + ইক-আ] যুদ্ধভূমি, রণভূমি; দ্বারপিণ্ডিকা; বিভূতি।

রুণরুণ, (প্রা) ক্ষুদ্র ঘণ্টার শব্দ।

রুত, ন. [রু+ত] পশুপক্ষ্যাদির শব্দ, তৎপর্য্যায়।—রাশিত, রাসিত; রোদন; রব, ধ্বনি।

রুদথ, পুং. [রুদ+থ] কুক্কুর, কুকুর; ছাত্র, বিদ্যার্থী।

রুদন্তিকা, স্ত্রী. [রুদন্ত+ইক-আ] ক্ষুদ্র ক্ষুপবিশেষ, রুদন্তী।

রুদন্তী, স্ত্রী. [রুদ+অৎ-ঈ] ক্ষুদ্র ক্ষুপবিশেষ, তৎপর্য্যায়।—স্রবত্তোয়া, সঞ্জীবনী, অমৃতস্রবা, রোমাঞ্চিকা, মহামাংসী, চণপত্রী, সুধাস্রবী।

রুদিত, ন. [রুদ্+ইত] ক্রন্দন, রোদন; (ত্রি.) রোদনবিশিষ্ট।

রুদ্ধ, ত্রি. [রুধ্+ত] নদী ও প্রাকারাদি দ্বারা কৃত বেষ্টন, তৎপর্য্যায়।—বেষ্টিত, বলয়িত, সংবীত আবৃত; প্রতিবদ্ধ; বদ্ধ।

রুদ্র, পুং. [রুদ্+র] আদিত্যপত্রবৃক্ষ; শিব, মহাদেব; গণদেবতাবিশেষ; একাদশরুদ্র নামানি যথা।—অজ, একপাৎ, অহির্ব্রধ্ন, পিণাকী, অপরাজিত, ত্র্যম্বক, মহেশ্বর, বৃষাকপি, শম্ভু, হরণ, ঈশ্বর, হর।

রুদ্রগণ, পুং. [রুদ্র+গণ] শিবপার্ষদ সমূহ।

রুদ্রচণ্ডী, স্ত্রী. [রুদ্র+চণ্ডী] রুদ্রযামলোক্ত দেবী মাহাত্ম্য।

রুদ্রজ, পুং. [রুদ্র+জন্-অ] পারদ, পারা।

রুদ্রজটা, স্ত্রী. [রুদ্র+জটা] লতাবিশেষ, শঙ্করজটা, তৎপর্য্যায়।—রৌদ্রী, জটা, রুদ্রা, সৌম্যা, সুগন্ধা, সুবহা, ঘনা, ঈশ্বরী, রুদ্রলতা, সুপত্রা, সুগন্ধপত্রা, সুরভি, শিবাহ্বা, পত্রবল্লী, জটাবল্লী, রুদ্রাণী, নেত্রপুষ্করা, মহাজটা, রুদ্রজটা।

রুদ্রপত্নী, স্ত্রী. [রুদ্র+পত্নী] অতসীপুষ্প; রুদ্রপ্রিয়া, স্ত্রী. [রুদ্র+প্রিয়-আ] হরীতকী; পার্ব্বতী।

রুদ্রবিংশতি, পুং. [রুদ্র+বিংশতি] প্রভবাদি ষষ্টিবর্ষান্তর্গত শেষ বিংশতিবর্ষ।

রুদ্রবীণা, স্ত্রী. [রুদ্র+বীণা] বীণাবিশেষ, শিঙ্গা।

রুদ্রভূ, স্ত্রী. [রুদ্র+ভূ] শ্মশান, প্রেতস্থান, শবদাহ স্থান।

রুদ্রযুঁই, (প্রা) পুষ্পবিশেষ, শঙ্কর যূথিকা

রুদ্রসর্গ, পুং. [রুদ্র+সর্গ] রুদ্রকর্ত্তৃক সৃষ্টি

রুদ্রসাবর্ণি, পুং. [রুদ্র+সাবর্ণি] দ্বাদশমনু।

রুদ্রসূ, স্ত্রী. [রুদ্র+সূ] একাদশপুত্র জননী।

রুদ্রাক্রীড, পুং. [রুদ্র + আক্রীড়] শ্মশান, প্রেতস্থান, শবদাহ স্থান। [জটা।

রুদ্রাণী, স্ত্রী. [রুদ্র+আন-ঈ] দুর্গা; রুদ্র-

রুদ্রাবতার,, পুং. [রুদ্র+অবতার] হনুমান্, পবনাত্মজ।

রুদ্রাবাস, পুং. [রুদ্র+আবাস] কাশী, বারাণসী; মহাশ্মশান।

রুদ্রারি, পুং [রুদ্র+অরি] কামদেব, মদন, কন্দর্প।

রুদ্রাক্ষ, পুং. [রুদ্র+অক্ষ] স্বনামখ্যাত বৃক্ষবীজ, তৎপর্য্যায়।—তৃণমরু, অমর, পুষ্পচামর; (ন.) স্বনামখ্যাত বৃক্ষবীজ, তৎপর্য্যায়।—শিবাক্ষ, সর্পাক্ষ, ভূতনাশন, পাবন, নীলকণ্ঠাক্ষ, হরাক্ষ, শিবপ্রিয়।

রুদ্রী, স্ত্রী. [রুদ্র+ঈ] বীণাবিশেষ।

রুধির, ন. [রুধ্+ইর] শরীরস্থ রসভব ধাতু তৎপর্য্যায়।—রক্ত, অস্র, ত্বগ্‌জ, কীলাল ক্ষতজ, শোণিত, লোহিত, অসৃক্ শোণ, লোহ, চর্ম্মজ; কুঙ্কুম; (পুং.) মঙ্গলগ্রহ।

রুধিরপায়ী, পুং. [রুধির+পায়ী] রাক্ষস।

রুধিরাক্ত, ত্রি. [রুধির+অক্ত] রক্তময় শোণিত লেপন।

রুধিরাখ্য, ন. [রুধির+আখ্য] মণিবিশেষ লালমণি।

রুধ্বা, বা, রুদ্ধহ।

রুন্ধন, ত্রি. [রুধ+অৎ] রোধন বাধা।

রুবথু, পুং. [রু+বথু] শব্দ, কুক্কুট।
রুবু, পুং. [রু+বু] এরণ্ড বৃক্ষ, ভেরাণ্ডা গাছ; রক্তৈরণ্ড, লালভেরেণ্ডা।
রুবুক, পুং. [রুবু+ক] এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা-গাছ; রক্তৈরণ্ড, লালভেরাণ্ডা।
রুবূক্, পুং. [রু+বূহ্] এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।
রুভেটি, স্ত্রী. [রু+ভেটি] ধূম; কোয়াসা।
রুবূক, পুং. [রুবূ+উক] এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা-গাছ।
রুমা, স্ত্রী. [রু+ম-আ] সুগ্রীবভার্য্যা; বিশিষ্ট লবণাকর।
রুমাল, (যাং) গামছা, গাত্র মার্জ্জনী।
রুম্র, পুং. [রম্+র] অরুণ, সূর্য্য, দিবাকর।
রুয়া (প্রা) পশম, চুল; চালের প্রস্থ বাঁশ; দাড়িমদানা; ধান্যাদি রোপণ করা।
রুরু, পু. [রু+রু] মৃগবিশেষ, মহাকৃষ্ণসার; দৈত্যবিশেষ।
রুষা, স্ত্রী. [রুষ+আ] অমর্ষ, ক্রোধ, তৎপর্য্যায়।—ক্রোধ, মন্যু, ক্রুধা ক্রুৎ, কোপ, প্রতিঘ, রোষ, রুট্।
রুষিত, ত্রি. [রুষ্+ইত] ক্রোধযুক্ত, কোপান্বিত, কোপিত, ক্রুদ্ধ
রুষ্ট, ত্রি. [রুষ্+ত] ক্রোধযুক্ত, ক্রুদ্ধ, কোপিত।
রুষ্টি, স্ত্রী. [রুষ্+তি] ক্রোধ, কোপ, উষ্মা।
রুষ্টিকর, ত্রি. [রুষ্টি+কর] কোপজনক; প্রচণ্ড। [আরোহন।
রুহ, ত্রি. [রুহ+অ] জাত, উৎপন্ন; আরূঢ়,
রুহক, ন. [রুহ+ক] ছিদ্র, রন্ধ্র, ছেঁদা।
রুহা, স্ত্রী. [রুহ+আ] দূর্ব্বা; মহাসমঙ্গা।
রুহিরুহিকা, স্ত্রী. [রুহি+রুহিকা] উৎকণ্ঠা, উদ্বেগ, ভাবনা
রুহ্বা, পুং. [রুহ+বন্] বৃক্ষ; দ্রুম, গাছ।
রুক্ষ, ত্রি, [রুহ+ষ] অপ্রেম; অচিক্কণ, তৈল-হীন। [রংকরা।
রুংষিত, ত্রি. [রুষ্+ইত] চর্চ্চিত, ছুরিত-
রূঢ়, ত্রি. [রুহ+ত] জাত, উৎপন্ন; (পুং.) সিদ্ধ, প্রকৃতি প্রত্যয়ার্থ অপেক্ষা না

রূঢ়কথা, (প্রা) অপ্রিয়বাক্য, কঠিনবাক্য।
রূঢ়বচন, ন. [রূঢ়+বচন] কর্কশবাক্য, অপ্রিয় বাক্য।
রূঢ়বাক্য, ন. [রূঢ়+বাক্য] কটুবাক্য, শক্ত-বাক্য, উগ্রভাষা
রূঢ়ি, স্ত্রী. [রুহ+তি] জন্ম; প্রাদুর্ভাব; রূঢ়-শব্দনিষ্ঠশক্তি।
রূপ, ন. [রূপ+অ] স্বভাব; নাটক; পশু; শব্দ; গ্রন্থাবৃত্তি; নাটকাদি; আকার, আকৃতি, অবয়ব; শ্লোক; শুক্লাদিবর্ণ, ষোড়শবিধরূপ যথা।—হ্রস্ব, দীর্ঘ, স্থূল, চতুরস্র, বৃত্ত, শুক্ল, কৃষ্ণ, নীলারুণ, রক্ত, পীত; কঠিন, চিক্কণ, শ্লক্ষ্ণ, পিচ্ছিল, মৃদু, দারুণ; সৌন্দর্য্য, তন্নামানি যথা। নির্ণিক্, বব্রি, বর্প, বপু, অমতি, অপ্সস্, অপ্সস্; অপ্ন, পিষ্ট, পেশ, কৃশন, মরুৎ, অর্জ্জুন, তাম্র, অরুষ, শিল্প; বিভক্তি-যুক্তশব্দ বা ধাতু; ধারা; (ত্রি) সদৃশ, তুল্য।
রূপক, ন. [রূপ+ক] নাটক; মূর্ত্তি; কাব্যের অলঙ্কার বিশেষ, নাট্যগ্রন্থের অলঙ্কার বিশেষ; মুদ্রা; সংখ্যাবিশেষ।
রূপতত্ত্ব, ন. [রূপ+তত্ত্ব] শীল, স্বভাব।
রূপধারী, ত্রি. [রূপ+ধারিন্] সৌন্দর্য্য-বিশিষ্ট, কৃত্রিম, আকারবিশিষ্ট, বেশ-ধারী।
রূপধৃৎ, ত্রি. [রূপ+ধৃৎ] আকারবিশিষ্ট।
রূপনাশন, ন. [রূপ+নাশন] পেচক প্যাঁচা।
রূপনিধান, ন. [রূপ+নিধান] রূপেরআধার, সৌন্দর্য্যের আকর
রূপনিলয়, ন. [রূপ+নিলয়] রূপের স্থান, রূপাধার।
রূপবৎ, ত্রি. [রূপ+বৎ] সাকার; সৌন্দর্য্য-শালী।
রূপবতী, স্ত্রী. [রূপ+বৎ-ঈ] সুরূপা, সুন্দরী, রূপসী।
রূপবন্ত, (প্রা) সুরূপ, সুন্দর, সুশ্রী।
রূপবান্, ত্রি. [রূপ+বৎ] আকার বিশিষ্ট,

রূপলাবণ্য, ন. [রূপ+লাবণ্য] রূপসৌন্দর্য্য।
রূপসী; (প্রা) রূপবতী, সুন্দরী, সুরূপা।
রূপা, (প্রা) রজত, রৌপ্য, চাঁদী।
রূপাজীবা, স্ত্রী. [রূপ+আজীব-আ] বেশ্যা, গণিকা, বারবিলাসিনী।
রূপাস্ত্র, পুং. [রূপ+অস্ত্র] কামদেব, মদন. মন্মথ।
রূপিকা, স্ত্রী. [রূপ+ইক-আ] শ্বেতার্কবৃক্ষ, শ্বেত আকন্দগাছ।
রূপী, ত্রি. [রূপ+ইন্] রূপবিশিষ্ট, সাকার; রৌপ্যমুদ্রা, টাকা।
রূপেশ্বরী, স্ত্রী. [রূপ+ঈশ্বর-ঈ] দেবীবিশেষ ষষ্টিবর্ষান্তর্গত একবিংশবর্ষে পূজ্যা-দেবী।
রূপ্য, ন. [রূপ+য] আহত স্বর্ণ রজত; ধাতুবিশেষ, রূপা, তৎপর্য্যায় ।—শুভ্র. বসুশ্রেষ্ঠ, রুধির, চন্দ্রলোহক, শ্বেতক, মহাশুভ্র, রজত, তপ্তরূপক, চন্দ্রভূতি, সিত, তার, কলধৌত, ইন্দ্রলোহক, রৌপ্য ধৌত, সৌধ, চন্দ্রহাস, খর্জুর, দুর্ব্বর্ণ, শ্বেত, রজবীজ, রাজরঙ্গ, লোহরাজক, কলধৌত; (ত্রি.) সুন্দর, সুরূপ
রূপ্যশালা, স্ত্রী. [রূপ্য+শালা] রৌপ্যগৃহ, রজতাগার; টঙ্কশালা, টাকৃশাল।
রূপ্যাধ্যক্ষ, পুং. [রূপ্য+অধ্যক্ষ] নৈষ্কিক, রাজতাধ্যক্ষ, রজতমুদ্রার অধিপতি, টঙ্কপতি, টাকাওয়ালা, খাজাঞ্চী।
রূবুক, পুং. [রূবু+ক] এরণ্ড, ভেরাণ্ডাগাছ।
রূষক, পুং. [রূষ+ক] বাসক, বাকসগাছ।
রূষিত, ত্রি. [রূষ্+ইত] গুণ্ডিত, চূর্ণিত, প্রক্ষিত, চর্চ্চিত।
রূক্ষ, ত্রি. [রূক্ষ+অ] অপ্রেম, নিস্নেহ; অচিক্কণ, মলিন; (পুং.) তৃণবিশেষ, বরুকতৃণ।
রূক্ষগন্ধক, পুং. [রূক্ষ+গন্ধক] গুগ্গুলু, [illegible]। [ধান্য।
রূক্ষণাত্মিকা, স্ত্রী. [রূক্ষণ+আত্মিকা] লক্ষা-
রূক্ষবর্ত্ত, পুং. [রূক্ষ+বর্ত্ত] হরিদ্বর্ত্ত।
রূক্ষপত্র, পুং. [রূক্ষ+পত্র] শাখোটবৃক্ষ, রূক্ষস্বাদুফল, পুং. [রূক্ষ+স্বাদুফল] বৃক্ষবিশেষ, ধন্বনবৃক্ষ।
রূক্ষা, স্ত্রী. [রূক্ষ+আ] দন্তীবৃক্ষ।
রে, অ, সম্বোধনবিশেষ; ইতর সম্বোধন।
রেউচিনি, (বাং) মরিচাকার ক্ষুদ্রফলবিশেষ।
রেউড়ি (হিং) মিষ্টান্নবিশেষ, এউড়ী।
রেঁদা, (প্রা) কাষ্ঠ পরিষ্কার করণার্থ অস্ত্রবিশেষ, থিস্কাপ।
রেক, পুং. [রিচ+অ] শঙ্কা, সংশয়; নীচ; বিরেচন ভেদক, জোলাপ; ভেক, ব্যাং; তণ্ডুলাদি পরিমাণের পাত্রবিশেষ।
রেকণঃ, ন. [রিচ+অনস্] স্বর্ণ-বী-কাঞ্চন, সোণা।
রেকা, স্ত্রী. [রেক+আ] সন্দেহ, সংশয়।
রেকাব, (বাং) ধাতুপাত্রবিশেষ।
রেখা, স্ত্রী. [রেখ+আ] অল্পক, ক্ষুদ্র; ছদ্ম, ছল; আভোগ, উল্লেখ, দণ্ডাকার, লিপি বিশেষ, দাড়ী, কসী।
রেখাকার, ন. [রেখা+আকার] রেখাকৃতি, চিহ্নের ন্যায়।
রেখাগণিত, পুং. [রেখা+গণিত] শ্রীজয়সিংহ মহারাজ পণ্ডিত দ্বিজসম্রাট জগন্নাথ কৃত গণিত গ্রন্থবিশেষ।
রেখাভূমি, স্ত্রী. [রেখা+ভূমি] লঙ্কা ও সুমেরু পর্ব্বতের মধ্যসূত্রগত দেশ।
রেচক, ন. [রিচ+অক] কঙ্কুষ্ঠমৃত্তিকা, কাকরযুক্ত মাটী; (পুং.) প্রাণায়ামের অঙ্গ দক্ষিণ নাসিকাদ্বারা পরিত্যক্ত বায়ুবিশেষ; যবক্ষার; জয়পালবৃক্ষ; তিলক বৃক্ষ, ক্রীড়ার্থ জলনিঃক্ষেপ যন্ত্র, পিচ্‌কারী; ভেদক, জোলাপ।
রেচন, ন. [রিচ্+অন] মলভেদন. ভেদ তৎপর্য্যায়।—প্রস্কন্দন, বিরেক, বিরেচন রেক, রেচনা।
রেচনক, পুং. [রিচ্+অনক] কাম্পিল্ল।
রেচনা, স্ত্রী. [রিচ্+অন-আ] কাম্পিল্ল, সুগন্ধি দ্রব্যবিশেষ; দেশবিশেষ।
রেচনী, স্ত্রী. [রিচ+অন-ঈ] কাম্পিল্ল, সুগন্ধিদ্রব্যবিশেষ; কালাঞ্জনী; দন্তীবৃক্ষ;

রেচী, স্ত্রী, [রিচ্+অ-ঈ] কম্পিল্লক, সুগন্ধি-দ্রব্যবিশেষ; অঙ্কোঠবৃক্ষ, আকোঁড গাছ।

রেচ্য, পুং. [রিচ্+য] প্রণায়ামের অঙ্গ দক্ষিণ নাসিকাদ্বারা পরিত্যক্ত বায়ুবিশেষ।

রেজাই, (হিং.) শীতবস্ত্র বিশেষ; দোলাই।

রেজ্জান, (হিং.) সম্পত্তিকরণ, তোরণ।

রেণু, পুং. স্ত্রী. [রি+ণু] ধূলি, ধুলা; (পুং.) পর্পট; রেণুকা; পাংশু।

রেণুকা, স্ত্রী. [রেণু+ক-আ] মরীচাকৃতি সুগন্ধি দ্রব্য বিশেষ, তৎপর্য্যায় :-দ্বিজা, হরেণু, কৌন্তী, কপিলা, ভস্মগন্ধিনী, কান্তা, নন্দিনী, মহিলা, রাজপুত্রী, হিমা, রেণু, পাণ্ডুপত্রী, হরেণুকা, সুপর্ণী শিশিরা, শান্তা, বৃন্তা, ধর্ম্মিণী, কপিলোমা, হৈমবৃন্তা, বতী, পাণ্ডুপত্নী; পরশুরামের মাতা।

রেণুকাসুত, পুং. [রেণুকা+সুত] পরশুরাম, জামদগ্ন্য।

রেণুবাস, পুং. [রেণু+বাস] ভ্রমর, ভৃঙ্গ।

রেণুরূষিত, পুং. [রেণু+রূষিত] গর্দ্দভ, গাধা, (ত্রি.) ধূলিম্রক্ষিত, ধুলামাখা।

রেণুসার, পুং. [রেণু+সার] কর্পূর।

রেণুসারক, পুং. [রেণু+সারক] কর্পূর।

রেতঃ, ন. [রী+তস] শুক্র, বীর্য্য; পারদ, পারা।

রেতজা, স্ত্রী. [রেত+জন্+অ-আ] বালুকা, বালি।

রেতন, ন. [রেত+অন] শক্র, বীর্য্য।

রেত্য, ন. [রী+ত্য+য] পিত্তল, পিতল।

রেপ, ন, [রী+প] রেত, শুক্র; পীযূষ; অমৃত; সুগন্ধি চূর্ণবিশেষ, পটবাস; সূতক।

রেপ, ত্রি. [রিপ্+অ] নিন্দিত; ক্রূর, খল; কৃপণ, অদাতা।

রেপা, ত্রি. [রেপস্] ক্রূর, খল; অধম, নীচ।

রেফ, পুং. [রিফ্+ত] রবর্ণ, র; রাগ; (ত্রি.) কুৎসিত, নিন্দিত।

রেফা, ত্রি. [রিফ্+অস্] ক্রূর, খল; অধম, [illegible]

রেবট, পুং. [রেব+অট] শূকর, বরাহ; বেণু, বাঁশ; ধুলা; বাতুল, উন্মত্ত; বিষবৈদ্য, ওঝা; (ন.) দক্ষিণাবর্ত্তশঙ্খ।

রেবত, পুং. [রেব+অত] জম্বীর, নেবু; আরগ্বধবৃক্ষ, সোঁদালিগাছ; রাজাবিশেষ, রেবতীপিতা, বলরামের শ্বশুর।

রেবতক, ন. [রেবত+ক] পারেবত।

রেবতি, স্ত্রী. [রেবত+ই] কামদেবের পত্নী, রতী।

রেবতী, স্ত্রী. [রেবত+ঈ] বলদেবপত্নী; নক্ষত্রবিশেষ; মাতৃকাবিশেষ; স্ত্রীগবী; দুর্গা, বালগ্রহবিশেষ; রৈবতমনুর-মাতা।

রেবতীভব, পুং. [রেবতী+ভব] শনৈশ্চর গ্রহ, শনিগ্রহ।

রেবতীরমণ, পুং. [রেবতী+রমণ] বলদেব বলরাম।

রেবতীশ, পুং. [রেবতী+ঈশ] বলদেব, বলরাম।

রেবন্ত, পুং. [রেবন্ত+অ] সূর্য্যপুত্রবিশেষ, গুহ্যকাধিপতি।

রেবন্তমনুসূ, স্ত্রী. [রেবন্ত+মনু-সূ] সংজ্ঞা-নামে সূর্য্যেরপত্নী।

রেবা, স্ত্রী. [রেব+আ] নর্ম্মদানদী; রতি, কামদেবপত্নী; নীলীবৃক্ষ, নীলগাছ; দুর্গা। [শব্দ।

রেভণ, পুং. [রিভ্+অন] গোধ্বনি, গরুর-

রেয়ো (প্রা) অনিমন্ত্রিত, রবাহুত।

রেরিহাণ, পুং. [রিহ+আন] শিব, মহাদেব; অসুর, দৈত্য; চোর।

রেরে, ব্য. [রে+রে] অত্যন্ত নীচসম্বোধন।

রেল, (ইং) গরাদে; বেষ্টন।

রেলা (প্রা) জনতা; সমূহ; অপর্য্যাপ্ত।

রেষণ, ন. [রেষ্+অন] শব্দ; গবাদির শব্দ।

রেষিত, ত্রি. [রেষ+ইত] ধ্বনিত, (ন.) সিংহ ব্যাঘ্রাদির শব্দ।

রেষ্টা, পুং. [রিষ+তৃ] ক্রোধি।

রেসম, (বাং) পাট, কীটোৎপন্নসূত্র।

রৈ, পুং. [রা+ঐ] ধন, সম্পত্তি, বিভব; স্বর্ণ, সোণা।

রৈবত, পুং. [রেবত+অ] স্বর্ণালুবৃক্ষ; পর্ব্বত বিশেষ; শিব; দৈত্যবিশেষ; পঞ্চমমনু, দুর্দ্দমরাজপুত্র।

রৈবতক, ন. [রেবত+ক] পারেবত বৃক্ষ (পুং.) রৈবতপর্ব্বত, তৎপর্য্যায়।— ।

রৈবতিক, ত্রি. [রেবতী+ইক] রেবতীপুত্র।

রোওন (প্রা) রোপন, বুনন, পোতন।

রোঁয়া, (প্রা) রোম, লোম।

রোক, ন. [রুচ্+অ] ছিদ্র, রন্ধ্র; নৌকা; চল; (পুং.) ক্রয়বিশেষ; দীপ্তি; ক্রোধ।

রোকড়, (প্রা) আয় ব্যয় লিখিবার বহি, হিসাবের খাতা।

রোকণ, (প্রা) নিবারণ, আটকান, রুদ্ধহওন।

রোকনিয়া, (প্রা) অলঙ্কারের রঙ্গকারক, গহনাররসানকার; ক্রোধন।

রোখন, (প্রা) কোপন; ক্রোধন; আটককরণ।

রোখাল, (প্রা) ক্রোধযুক্ত, প্রচণ্ড, কোপাল রাগাল।

রোগ, পুং. [রুজ্+অ] কুষ্ঠৌষধ, কুড়; দেহভঙ্গকারক, তৎপর্য্যায়।—রুক্, রুজা, উপতাপ, ব্যাধি, গদ, আময়, অপাটব আম, আতঙ্ক, ভয়, উপঘাত, ভঙ্গ, অর্ত্তি, তমোবিকার, গ্লানি, ক্ষয়, অনার্জ্জব মৃত্যুভৃত্য, অম, মান্দ্য, আকল্প।

রোগকর, ত্রি. [রোগ+কর] পীড়াজনক; অপথ্য।

রোগগ্রস্ত, ত্রি. [রোগ+গ্রস্ত] রোগান্বিত, রোগী, পীড়িত। [নাশক।

রোগঘ্ন, ন. [রোগ+ঘ্ন] ঔষধ; (ত্রি.) রোগ-

রোগভূ, স্ত্রী. [রোগ+ভূ] শরীর, দেহ, কায়।

রোগরাজ, পুং. [রোগ+রাজন্] রাজযক্ষ্মা, কাশ রোগবিশেষ।

রোগজনক, পুং. [রোগ+জনক] জ্বর।

রোগলক্ষণ, ন. [রোগ+লক্ষণ] নিদান শাস্ত্রউক্ত রোগকারণ।

রোগশান্তক, পুং. [রোগ+শান্তক] বৈদ্য, চিকিৎসক।

রোগশালী, ত্রি. [রোগ+শালিন্] পীড়িত,

রোগশিলা, স্ত্রী. [রোগ+শিলা] মনঃশিলা,

রোগশিল্পী, পুং. [রোগ+শিল্পিন্] বৃক্ষবিশেষ শরালুগাছ।

রোগশ্রেষ্ঠ, পুং. [রোগ+শ্রেষ্ঠ] জ্বর, পীড়া।

রোগহ, ন. [রোগ+হন্-অ] ঔষধ, ভেষজ।

রোগহরদ্রব্য, ন. [রোগ+হর দ্রব্য] রোগনাশক বস্তু।

রোগহারী, পুং. [রোগ+হারিন্] বৈদ্য, চিকিৎসক; (ত্রি.) রোগনাশক।

রোগহীন, ত্রি. [রোগ+হীন] পীড়ারহিত, সুস্থ, নীরোগী।

রোগা, (প্রা) কৃশ, দুর্ব্বল; পীড়াযুক্ত।

রোগিতরু, পুং. [রোগিন্+তরু] অশোকবৃক্ষ।

রোগিবল্লভ, ন. [রোগিন্+বল্লভ] ঔষধ, ভেষজ; (ত্রি) রোগিপ্রিয়।

রোগী, ত্রি. [রোগ+ইন্] রোগযুক্ত, তৎপর্য্যায়।—ব্যাধিত, বিকৃত, গ্লান, ম্লান, মন্দ, আতুর, অভ্যান্ত, অভ্যামিত, রুগ্ন সাময়, অপটু, আময়াবী, গ্লাস্নু।

রোগ্য, ত্রি. [রুজ্+য] অপথ্য, অহিত; রোগ সম্বন্ধীয়।

রোচক, পুং. [রুচ+অক] ক্ষুধা, তৎপর্য্যায়। বুভুক্ষা, অশনা, জিঘৎসা, রুচি; কদলী; রাজপলাণ্ডু; অবদংশ; গ্রন্থিপর্ণবিশেষ, ভণ্ডিউর ইতি নেপালদেশে প্রসিদ্ধ, তৎপর্য্যায়।—নিশাচর, ধনহর, কিতব গণহাসক

রোচকপাচক, (প্রা) আগ্নেয় অথচ রুচিকর।

রোচন, পুং. [রুচ্+অন] কুটশাল্মলি; শ্বেতশিগ্রু, শাদাশজিনা; পলাণ্ডু, পাঁজ; আরগ্বধ, সোঁদালিগাছ; করঞ্জ; অঙ্কোঠ, আকরোট; দাড়িম; (ত্রি) রোচক, রুচিকারক।

রোচনক, পুং. [রোচন+ক] জম্বীর, নেবু।

রোচনফল, পুং. [রোচন+ফল] বীজপুরক, দাড়িম।

রোচনফলা, স্ত্রী. [রোচন+ফল-আ] চির্ভিটা,

রোচনা, স্ত্রী. [রুচ্+অন-আ] রক্তকহ্লার, রক্তকম্বল; হরিদ্রা, গোপিত্ত, গোরোচনা; বারযোষিৎ, বেশ্যা

রোচনিকা, স্ত্রী. [রোচন+ইক-আ] বংশরোচনা, বংশলোচন; শুণ্ডারোচনী, বণিকদ্রব্য।

রোচনী, স্ত্রী. [রুচ্+অন-ঈ] আমলকী; গোরোচনা; মনঃশিলা, মঞ্জিল; শ্বেত ত্রিবৃতা, শুণ্ডারোচনী, বণিকদ্রব্য, তৎপর্য্যায়।—কাম্পিল্ল, কর্কশ, চন্দ্র, বক্তাঙ্গ, কম্পিল্ল, কম্পল, কাম্পিলা, রেবণী, পর্য্যায়ান্তর কম্পিল্লকশব্দেদ্রষ্টব্যং।

রোচমান, পুং, [রুচ্++আন] অশ্বের কণ্ঠস্থলস্থিত রোমাবর্ত্তবিশেষ, ঘোড়ারগলার চক্রাকৃতি লোম; (ত্রি) দীপ্যমান।

রোচিঃ, ন. [রুচ্+ইস] প্রভা, দীপ্তি; আভা।

রোচিষ্ণু, ত্রি. [রুচ্+ইষ্ণু] অলঙ্কারাদিদ্বারা-দীপ্তিশীল, কান্তিযুক্ত, তৎপর্য্যায়।—বিভ্রাট্, ভ্রাজিষ্ণু।

রোচী, স্ত্রী. [রুচ্+ঈ] হিলমোচিকা; হিংচাশাক; (ত্রি) রোচিষ্ণু, আভরণাদি দ্বারা শোভাযুক্ত।

রোচ্য, ত্রি. [রুচ্+য] প্রকাশ্য, প্রীতিবিষয়; রুচিকর, স্পৃহাজনক।

রোজ, (যাং) তারিখ, দিবস।

রোট্, ত্রি. [রুষ্+অ] হিংস্র, বধক, নাশক।

রোটিকা, স্ত্রী. [রোট+ইক-আ] পিষ্টকবিশেষ রোটী, রুটী।

রোটী, (হিং) গোধূমাদিচূর্ণকৃতপিষ্টকবিশেষ, রুটী,।

রোদঃ, ন. [রুদ্+অস্] স্বর্গ; ভূমি।

রোদক, পুং. [রুদ্+অক] রোদনকর্ত্তা, রোদনকারী।

রোদন, ন. [রুদ্+অন] ক্রন্দন, কাঁদন; অশ্রু, চক্ষুর জল।

রোদনিকা, স্ত্রী. [রোদন+ইক-আ] যবাস।

রোদনীয়, স্ত্রী. [রুদ্+অনীয়] দুরালভা।

রোদনী, ত্রি, [রোদন+ঈ] ক্রন্দনীয়, বিলাপনীয়।

রোদসী, বা. [রোদস+ঈ] স্বর্গ; ভূমি।

রোদস্যৌ, স্ত্রী. [রোদসী+ঔ] ভূমিস্বর্গ।

রোদ্ধা, পুং. [রুধ্+তৃ] প্রতিবন্ধক, নিবারক, রোধকারক।

রোধ, পুং. [রুধ্+অ] নদীতীর, কূল।

রোধঃ, পুং. [রুধ্+অস্] নদীতীর, কূল

রোধক, পুং. [রুধ্+অক] প্রতিবন্ধক, বাধক, আটককারক, নিবারণ কর্ত্তা।

রোধকতা স্ত্রী. [রোধক+ত-আ] বাধকতা, প্রতিবন্ধকতা।

রোধন, ত্রি. [রুধ্+অন] রোধকর্ত্তা; (ন.) অবরোধ, বাধা।

রোধনীয়, ত্রি. [রুধ্+অনীয়] প্রতিবন্ধকতার যোগ্য, নিবারণীয়।

রোধবক্রা, স্ত্রী. [রোধ+বক্র-আ] নদী, তটিনী, স্রোতস্বতী।

রোধাবতী, স্ত্রী. [রোধ+আবত-ঈ] নদী, তটিনী স্রোতস্বতী।

রোধিত, ত্রি. [রোধি+ইত] রুদ্ধ, নিবারিত, বদ্ধকলুষ; (পুং.) লোধ্র, লোধগাছ।

রোধ্রপুষ্প, পুং. [রোধ্র+পুষ্প] মধূকবৃক্ষ, মউয়ার গাছ।

রোধ্রপুষ্পিনী, স্ত্রী. [রোধ্র+পুষ্পিন্-ঈ] ধাতকীবৃক্ষ, ধাইফুলের গাছ।

রোপ, পুং. [রুপ্+রুহ+অ] বাণ; রোপণ; (ন.) ছিদ্র, ছেঁদা।

রোপণ, ন. [রুপ+রুহ+অন] বিমোহন; জনন; প্রাদুর্ভাব; অঞ্জনবিশেষ; বীজাদি বপন; অর্পণ।

রোপণচূর্ণ, ন. [রোপণ+চূর্ণ] নয়নের অঞ্জনবিশেষ, চক্ষুর কাজলবিশেষ।

রোপণীয়, ত্রি. [রুপ্+অনীয়] বপনার্হ, রোপণযোগ্য।

রোপণীবর্ত্তি, স্ত্রী. [রোপণী+বর্ত্তি] নেত্রাঞ্জনবিশেষ, চক্ষুর কজ্জলবিশেষ।

রোপিত, ত্রি. [রূপ্+ইত] উপ্ত, বপনকরা; প্রোথিত, পোতা; অর্পিত।

রোপ্যাতিরোপ্য, পুং. [রোপ্য+অতি-রোপ্য] ধান্যবিশেষ।

রোম, ন. [রু+মন্] জল, নীর, পয়ঃ; শরীরজাত অঙ্কুর, লোম, রোঁয়া, তৎপর্য্যায়।-

লোম; অঙ্গজ, ত্বগ্‌জ, চর্ম্মজ, তনুরুহ, (পুং) ছিদ্র।

রোমক, ন. [রোম+ক] পাংশুলবণ, পাঙ্গা-লোণ; অয়স্কান্ত মণিবিশেষ।

রোমকর্ণক, পুং. [রোমন্‌+কর্ণক] শশক, লোমকর্ণ]

রোমকন্দ, পুং. [রোমন্‌+কন্দ] পিণ্ডালু, চুবড়ীআলু।

রোমকপত্তন, ন. [রোমক+পত্তন] দেশ-বিশেষ, কেতুমালবর্ষের পশ্চিমভাগ

রোমকূপ, পুং. [রোমন্‌+কূপ] লোমবিবর, লোমেরছিদ্র।

রোমকেশর, ন. [রোমন্‌+কেশর] চামর, রোমগুচ্ছ।

রোমগুচ্ছ, ন. [রোমন্‌+গুচ্ছ] চামর, রোম-কেশর।

রোমগুচ্ছক, ন. [রোমন্‌+গুচ্ছক] চামর, রোমকেশর।

রোমন্থ, পুং. [রোম+মন্থ-অ] উদ্গীর্যা-চর্ব্বণ, জাওরকাটা। [লে.মযুক্ত।

রোমবান্‌, ত্রি. [রোমন্‌+বৎ] লোমবিশিষ্ট,

রোমবিকার, পুং. [রোমন্‌+বিকার]রোমাঞ্চ, হর্ষ বা ভয়াদি হেতুক লোমোদ্গম, শিহরণ। [বিকার

রোমবিক্রিয়া, স্ত্রী. [রোমন্‌+বিক্রিয়া] রোম

রোমভূমি, স্ত্রী. [রোমন্‌+ভূমি] চর্ম্ম, ত্বক্‌, ছাল, চামড়া।

রোমলতা, স্ত্রী. [রোমন্‌+লতা] লোমাবলি, লোমশ্রেণী।

রোমশ, পুং. [রোমন্‌+শ] মেষ, ভেড়া; চন্দ্র; পিণ্ডালু; চুবড়ীআলু; কুম্ভী, কুমীর; শূকর, বরাহ; (ত্রি.) অতিশয় লোমবি-শিষ্ট, অধিক রোমযুক্ত।

রোমশফল, পুং. [রোমশ+ফল]টিণ্ডিশবৃক্ষ।

রোমশা, স্ত্রী. [রোমশ+আ] বৃক্ষবিশেষ,দগ্ধা-বৃক্ষ; লোমশা।

রোমশূক, ন. [রোমন্‌+শূক] স্থৌণেয়ক।

রোমহর্ষ, পুং. [রোমন্‌+হর্ষ] রোমাঞ্চ, রোমোদ্গম, রোমোদ্ভেদ, রোমহর্ষণ, গায়ে কাঁটা দেওয়া।

রোমহর্ষণ, ন. [রোমন্‌+হর্ষণ] রোমাঞ্চ, রোমোদগম,শিহরণ; (পুং.) সূত ; বিভী-তকবৃক্ষ

রোমাঞ্চ, পুং. [রোমন্‌+অঞ্চ] রোমহর্ষণ, রোমোদ্গম, শিহরণ।

রোমাঞ্চিকা, স্ত্রী. [রোমাঞ্চ+ইক-আ] রুদন্তী বৃক্ষ।

রোমাঞ্চিত, ত্রি. [রোমাঞ্চ+ইত] জাতপুলক, রোমাঞ্চবিশিষ্ট, পুলকিত,তৎপর্য্যায়।—হৃষ্টরোমা।

রোমাবলী, স্ত্রী. [রোমন্‌+আবলী] নাভির ঊর্দ্ধ লোমশ্রেণী, তৎপর্য্যায়।—রোম-লতা, রোমালী, লোমরাজী।

রোমালী, স্ত্রী. [রোমন্‌+আলী] বয়ঃসন্ধি; রোমাবলী, নাভির ঊর্দ্ধলোম শ্রেণী।

রোমালু, পুং. [রোমন্‌+আলু] পিণ্ডালু, চুবড়ীআলু।

রোমালুবিটপী পুং. [রোমালু+বিটপিন্‌] কুষ্মীবৃক্ষ

রোমাশ্রয়ফলা, স্ত্রী. [রোমাশ্রয়+ফল-আ] ঝিঞ্ঝিরিষ্টা ক্ষুপ।

রোমোদ্গম, পুং. [রোমন্‌+উদ্গম] রোমাঞ্চ, লোমউঠন, শিহরণ।

রোমোদ্ভেদ, পুং. [রোমন্‌+উদ্ভেদ]রোমাঞ্চ, শিহরণ, গায়ে কাঁটা দেওয়া।

রোয়ালী, (প্রা) বীজধান্য,বীজধানের চারা; রোপিত ধান্য।

রোল, পুং. [রোল+অ] পানীআমলক, পেনেলা।

রোলম্ব, পুং. [রো+লম্ব] ভ্রমর, অলি, ভোমরা।

রোশনচৌকী, (বাং) বাদ্যবিশেষ, শানাই।

রোষ, পুং. [রুষ্‌+অ] ক্রোধ, কোপ, রাগ।

রোষণ, পুং. [রুষ্‌+অন] পারদ, হেমঘর্ষণো-পল, কষ্টিপাতর; উষরভূমি, ক্ষারভূমি; (ত্রি.) ক্রোধন, ক্রোধশীল, রাগী

রোষিত, ত্রি. [রুষ্‌+ইত] রোষপ্রাপিত, রাগান।

রোসংসা, স্ত্রী. [রোসন্স+আ] ইচ্ছা, অভি-লাষ।

রোসনাই, (বাং) দীপ্তি, প্র, ভা আলো।

রোহ, পুং. [রুহ+অ] অঙ্কুর, কুঁড়ী, ফেঁকড়ী।

রোহক, পুং. [রুহ+অক্] প্রেতবিশেষ; (ত্রি.) বহনকর্ত্তা।

রোহণ, ন. [রুহ্+অন] শুক্র, রেতঃ; জন্ম; প্রাদুর্ভাব; আরোহণ; (পুং.) পর্ব্বতবিশেষ, বিদূরাদ্রি।

রোহন্ত, পুং. [রুহ্+অন্ত] বৃক্ষবিশেষ; বৃক্ষমাত্র।

রোহন্তী, স্ত্রী. [রোহন্ত+ঈ] লতাবিশেষ; লতামাত্র।

রোহি, পুং. [রুহ+ই] বীজ; বৃক্ষ; ধার্ম্মিক।

রোহিণ, ন. [রুহ্+ইন] কালবিশেষ, দিবসীয় নবম মুহূর্ত্ত; (পুং.) ভূতৃণ; বটবৃক্ষ, রোহিতকবৃক্ষ।

রোহিণি, স্ত্রী. [রোহিণ+ই] রোহিণীনক্ষত্র, ২৭ নক্ষত্রের অন্তর্গত চতুর্থনক্ষত্র।

রোহিণিকা, স্ত্রী. [রোহিণ+ইক-আ] কোপাদিদ্বারা রক্তবর্ণাস্ত্রী।

রোহিণী স্ত্রী. [রুহ+ইন্-ঈ] স্ত্রীগবী, স্ত্রীগরু; তড়িৎ, বিদ্যুৎ; কটুম্ভরা; সোমবল্ক; লোহিতা, রক্তবর্ণাস্ত্রী; জিনদিগের বিদ্যাদেবীবিশেষ; কাশ্মরী; হরীতকী; মঞ্জিষ্ঠা লতা; বলদেবের মাতা; সুরভি কন্যা; দক্ষকন্যা, নববর্ষ বয়স্কা কন্যা; বিদ্যাধরীবিশেষ; অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত চতুর্থনক্ষত্র, তৎপর্য্যায়—রোহিণি, ব্রাহ্মী; গলরোগবিশেষ।

রোহিণীপতি, পুং. [রোহিণী+পতি] চন্দ্র, শশাঙ্ক, বিধু।

রোহিণীবল্লভ, পুং. [রোহিণী+বল্লভ] চন্দ্র, শশধর।

রোহিণীরমণ, পুং. [রোহিণী+রমণ] চন্দ্র; বৃষভ, ষাঁড়; বসুদেব। [দেব।

রোহিণীশ, পুং. [রোহিণী+ঈশ] চন্দ্র; বসু-

রোহিণ্যষ্টমী, স্ত্রী. [রোহিণী+অষ্টমী] রোহিণী নক্ষত্রযুক্ত ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমী।

রোহিত, ন. [রুহ+ত] কুঙ্কুম; রক্ত; ইন্দ্রের ঋজু শরাসন; (পুং.) মীনবিশেষ, রুইমাছ; মৃগবিশেষ; রোহিতক বৃক্ষ; রক্তবর্ণ; (ত্রি.) রক্তবর্ণবিশিষ্ট।

রোহিতক, পুং. [রোহিত+ক] বৃক্ষবিশেষ, রোহড়াগাছ, তৎপর্য্যায়—রোহী, প্লীহশক্রু, দাড়িমপুষ্পক, রোহীতক, রোহিত, রোহিণ, কুশাল্মলি, দাড়িমপুষ্প, সদাপ্রসূন, কুটশাল্মলি, বিরোচন, শাল্মলিক।

রোহিতা, স্ত্রী. [রোহিত+আ] ক্রোধাদিদ্বারা রক্তবর্ণাস্ত্রী।

রোহিতাশ্ব, পুং. [রোহিত+অশ্ব] অগ্নি; হরিশ্চন্দ্র রাজার পুত্র; রক্তবর্ণ অশ্ব।

রোহিতিকা, স্ত্রী. [রোহিত+ইক-আ] ক্রোধাদিদ্বারা রক্তবর্ণাস্ত্রী।

রোহিতেয়, পুং. [রোহিত+এয়] রোহিতক বৃক্ষ, রোহড়াগাছ।

রোহিৎ, পুং. [রুহ+ইৎ] সূর্য্য; বর্ণভেদ; মৎস্যবিশেষ, রুইমাছ; (স্ত্রী.) মৃগী, হরিণী; লতাবিশেষ।

রোহিষ, ন. [রুহ+ঈষ্] তৃণবিশেষ; (পুং.) মৎস্যবিশেষ; মৃগবিশেষ।

রোহী, পুং. [রুহ্+ইন্] রোহিতকবৃক্ষ, রোহড়াগাছ; অশ্বত্থবৃক্ষ; বটবৃক্ষ, বটগাছ।

রোহীতক পুং. [রোহীত+ক] রোহিতক বৃক্ষ, রোহড়াগাছ।

রৌচা, পুং. [রুচ+ষ] মনুবিশেষ।

রৌক্ম, ত্রি. [রুচ্+ম] স্বর্ণময়; স্বর্ণ।

রৌদ, (প্রা) সূর্য্যতেজঃ, আতপ।

রৌদ্র, ন. [রুদ্র+অ] শৃঙ্গারাদি অষ্ট রসান্তর্গত শেষরস, তৎপর্য্যায়।—উগ্র; (পুং.), সূর্য্যতেজঃ, তৎপর্য্যায়।—ঘর্ম্ম, প্রকাশ, দ্যোত, আতপ; রসবিশেষ; হেমন্তঋতু; যম; (ত্রি.) তীব্র, প্রচণ্ড; ভীষণ; রুদ্রসম্বন্ধীয়।

রৌদ্রী, স্ত্রী. [রৌদ্র+ঈ] চণ্ডী; রুদ্রজটা; মহারৌদ্রী নাম্নী চামুণ্ডা।

রৌপ্য, ন. [রূপ্য+অ] রূপা, রূপা, রজত।

রৌম, ন. [রুম+অ] শাম্ভরিলবণ।

রৌমক, ন. [রৌম+ক] শাম্ভরিলবণ, তৎপর্য্যায়।—বসুক

রৌমলবণ, ন. [রৌম+লবণ] শাম্বরিলবণ।

রৌরব, পুং. [রুরু+অ] নরকবিশেষ; ঘোর, ভয়ানক (ত্রি.) ধূর্ত্ত; চঞ্চল; ঘোর।

রৌহিষ্, পুং. [রুহ+ইশ্] রৌহিষমৃগ।

রৌহিণ, ন. [রুহ+ইন] দিবসেরনবম মুহূর্ত্ত; চন্দন বৃক্ষ।

রৌহিণেয়, পুং. [রোহিণী+এয়] বলদেব, বলরাম; বুধগ্রহ; (ন.) মরকতমণি; (ত্রি.) গোবৎস, বাছুর।

রৌহিষ, ন. [রোহিষ+অ] কত্তৃণ; রোহিষ তৃণ; (পুং.) মৃগবিশেষ; রোহিত মৎস্য।

রৌহিষী, স্ত্রী. [রোহিষ+অ-ঈ] মৃগী, হরিণী; দূর্ব্বা।

রৌক্ষ্য, ন. [রুক্ষ+য] রুক্ষতা, রুক্ষত্ব, অচিক্কণতা, নিঃস্নেহতা।

ল, লকার, যবর্গের তৃতীয়বর্ণ, ব্যঞ্জনের অষ্টাবিংশ বর্ণ, দন্ত হইতে উচ্চারণীয়, তন্নামানি যথা।— চন্দ্র; পূতনা; পৃথ্বী; মাধব; ইন্দ্র; কৃষ্ণ; মহাদেব; ব্যাপক; মাংস; খড়্গী; নাদ; অমৃত; দেবী; লবণ; বারুণীপতি; শিখা; বাণী; ক্রিয়া; মাতা; ভামিনী; কামিনী; প্রিয়া; জ্বালিনী; বেগিনী; প্রদ্যুম্ন; শোষণ; হরি; বিশ্ব; আত্মমন্ত্র; বলী; চিত্ত; মেরু; গিরি; কলারস।

লং, ন, পৃথ্বীবীজ।

লঃ, (পুং) ইন্দ্র, দেবরাজ।

লওন, (প্রা) গ্রহণ, ধারণ; স্বীকারকরণ।

লওয়ান, (প্রা) গ্রহণ করাণ; প্রবোধজন্মান, বুঝান।

লওয়ানিয়া, (প্রা) প্রবোধদায়ক; প্রবর্ত্তক।

লক, ন. [লক+অ] ললাট; ধান্যশীর্ষক।

লকুচ, পুং. [লকু+অচ] লকুচবৃক্ষ, ডেহুয়া মাদার।

লকুচ, পুং. [লক্+উচ] বৃক্ষবিশেষ, ডেহুয়া মাদার, তৎপর্য্যায়।—লিকুচ, শাল, কষায়ী, দৃঢ়বল্কল, ডহু, লকচ কার্শ্যা,

লক, (প্রা) মাঞ্জাকরা সূক্ষ্ম রেশমের সূত্রবিশেষ, ঘূড়ীরসুতা।

লক্কা, (বাং) পারাবতবিশেষ, এক প্রকার পায়রা।

লক্ত. পুং. [লক্+ত] অলক্ত, আলতা; জীর্ণবস্ত্রখণ্ড, নেকড়া; সংলগ্ন।

লক্তক, পুং. [লক্ত+ক] অলক্তক, আলতা; জীর্ণবস্ত্রখণ্ড, নেকড়া, তৎপর্য্যায়।— কর্পট, নক্তক

লক্তকর্ম্মা, পুং. [লক্ত+কর্ম্মন্] রক্তবর্ণলোধ্র, রাঙ্গা লোধগাছ।

লকুলকিয়া, (প্রা) পাতলা; দোদুল্যমানা।

লগড়, ত্রি. [লগ+অড়] চারু, সুন্দর, মনোহর।

লগা, (প্রা) আকর্ষণী, আকুর্ষী, আঁকুড়ী।

লগিত, ত্রি. [লগ+ইত] সঙ্গযুক্ত, লাগা, সংযুক্তথাক।

লগী (প্রা) নৌকাবাহন, দণ্ডবিশেষ, ধ্বজী; আকর্ষণী, আঁকুষী।

লগুড়, পুং. [লগ্+উড়] দণ্ড, যষ্টি, লাঠী; বংশাদিময় দণ্ড; লৌহময় অস্ত্রবিশেষ; লৌহময় যষ্টি, লোহারলাঠী, মুদ্গর, গদা।

লগে, (প্রা) সঙ্গে, সমভিব্যাহারে; সমীপে।

লগ্ন, ন. [লগ্+ত] মেষাদিরাশির উদয়কাল; (পুং.) স্তুতিপাঠক,তৎপর্য্যায়।— প্রাতর্গেয়, স্তুতিব্রত, সূত; (ত্রি.) সক্ত; যুক্ত; লজ্জিত।

লগ্নক, পুং. [লগ্ন+ক] প্রতিভূ, লাগা, জামিন্; পরিধেয় বস্ত্রহীন।

লগ্নপত্র, ন. [লগ্ন+পত্র] বিবাহ নির্ব্বাহক কালের অবধারণার্থ লিপি, বিবাহকাল নিরূপণপত্র।

লগ্নিকা, স্ত্রী. [লগ্ন+ইক-আ] নগ্নিকা, বিবস্ত্রা স্ত্রী; অজাতরজস্কা বালিকা।

লঘট্, পুং. [লঘ্+অট] বায়ু, পবন, বাতাস।

লঘটি, পুং. [লঘ্+অটি] বায়ু, অনিল, বাতাস।

লঘিমা, পুং. [লঘু+ইমন্] লঘুত্ব, ভারহীনতা; শিবের অষ্টঐশ্বর্য্যান্তর্গত ঐ-

লঘিষ্ঠ, ত্রি. [লঘু+ইষ্ঠ] অতিশয় লঘু, অতিক্ষুদ্র, বড়হালকা।

লঘীয়ান্, ত্রি. [লঘু+ঈয়স্] লঘুতর, অতিশয়লঘু, বড়হালকা।

লঘু, ন. [লঘ+উ] শীঘ্র; কৃষ্ণাগুরু; লামজ্জক; (স্ত্রী.) পৃক্কানামক ঔষধি; (ত্রি.) অগুরু; মনোজ্ঞ, সুন্দর; নিঃসার,অসার, হ্রস্ব, খর্ব্ব; ভারহীন; নিস্তেজঃ; নিষ্পৌরুষ, শুষ্ক; ক্ষুদ্র; অল্প; সংক্ষিপ্ত।

লঘুকায়, পুং. [লঘু+কায়] ছাগ, ছাগল; ক্ষুদ্রশরীর।

লঘুকাশ্মর্য্য, পুং. [লঘু+কাশ্মর্য্য] কট্‌ফলবৃক্ষ।

লঘুখট্বিকা, স্ত্রী. [লঘু+খট্বিকা] ক্ষুদ্রখট্বা, ছোটখাট, তৎপর্য্যায়।—আসন্দী।

লঘুগণ, পুং, [লঘু+গণ] অশ্বিনী পুষ্যা হস্তাদি এইকটি নক্ষত্র।

লঘুগর্গ, পুং. [লঘু+গর্গ] ত্রিকণ্টকমৎস্য, টেঙ্গারামাছ।

লঘুচির্ভিটা, স্ত্রী. [লঘু+চির্ভিটা] মৃগের্বারু।

লঘুজঙ্গল, পুং. [লঘু+জঙ্গল] পক্ষিবিশেষ, লাবকপক্ষী।

লঘুজ্ঞান, ন. [লঘু+জ্ঞান] ক্ষুদ্রজ্ঞান, অল্পজ্ঞান, অবোধ, হেয়জ্ঞান।

লঘুতা, স্ত্রী. [লঘু+ত-আ] লাঘব, অল্পতা, তুচ্ছতা। [শক্তি।

লঘুতেজঃ, ন. [লঘু+তেজস্] অল্পদীপ্তি, অল্প

লঘুত্ব, ন. [লঘু+ত্ব] লাঘব, অল্পতা; নীচত্ব; হালকাই।

লঘুদন্তী, স্ত্রী. [লঘু+দন্তী] ক্ষুদ্রদন্তীবৃক্ষ।

লঘুদুন্দুভি, পুং. [লঘু+দুন্দুভি] দ্রগড়বাদ্য, ছোট টিকারা।

লঘুদোষ, পুং. [লঘু+দোষ] ক্ষুদ্রঅপরাধ, সামান্য দোষ।

লঘুদ্রাক্ষা, স্ত্রী. [লঘু+দ্রাক্ষা] কাকলীদ্রাক্ষা, একপ্রকার কিস্‌মিস্।

লঘুনাম, ন. [লঘু+নামন্] অগুরু।

লঘুপঞ্চমূল, ন. [লঘু+পঞ্চমূল] ক্ষুদ্রপঞ্চমূল পাচন, ভদ্রব্যাণিষধা।—শালপর্ণী,

লঘুপত্রক, পুং. [লঘু+পত্রক] রোচনী, গুণ্ডারোচনী।

লঘুপত্রী, স্ত্রী. [লঘু+পত্র-ঈ] অশ্বত্থীবৃক্ষ।

লঘুপাক, ত্রি. [লঘু+পাক] অল্পসময়ে পাক হইবার যোগ্য বস্তু, সুপচ।

লঘুপিচ্ছিল, পুং. [লঘু+পিচ্ছিল] ভূকর্বুদারক।

লঘুপুষ্প, পুং. [লঘু+পুষ্প] ভূমিকদম্ব।

লঘুবদর, পুং. [লঘু+বদর] ক্ষুদ্রকোলি, ছোটকুল, তৎপর্য্যায়।—সূক্ষ্মফল, বহুকর, সূক্ষ্মপত্র, দুষ্পর্শ, মধুর, দরহার, শিখিপ্রিয়।

লঘুবদরী, স্ত্রী. [লঘু+বদর-ঈ] ভুবদরী,ভুঁইকুল।

লঘুবাসা, ত্রি. [লঘু+বাসস্] অল্প কিম্বা সূক্ষ্মবস্ত্রধারী।

লঘুবীর্য্য, ন. [লঘু+বীর্য্য] অল্পতেজা, অল্পবল; (ত্রি.) দুর্ব্বল।

লঘুব্যয়, পুং. [লঘু+ব্যয়] অল্পব্যয়; (ত্রি.) কৃপণ, অদাতা।

লঘুব্যয়ী, ত্রি. [লঘু+ব্যয়িন্] অল্পব্যয়ী; কৃপণ।

লঘুব্রাহ্মী, স্ত্রী. [লঘু+ব্রাহ্মী] ক্ষুদ্রব্রাহ্মী, তৎপর্য্যায়।—জলোদ্ভবা, সূক্ষ্মপত্রা।

লঘুভার, পুং. [লঘু+ভার] অল্পপরিমাণ;

লঘুমন্থ, পুং. [লঘু+মন্থ] ক্ষুদ্রঅগ্নিমন্থবৃক্ষ।

লঘুমাংস, পুং. [লঘু+মাংস] তিত্তিরী পক্ষী; হালকামাংস।

লঘুমাংসী, স্ত্রী. [লঘু+মাংস-ঈ] গন্ধমাংসী।

লঘুমূল, ন. [লঘু+মূল] পাটিগণিতের অঙ্কবিশেষ। [সিকড়।

লঘুলয়, ন. [লঘু+লয়] বীরণমূল, বেণার-

লঘুসদাফলা, স্ত্রী. [লঘু+সদাফলা] লঘুদুম্বরিকা,ক্ষুদ্র উডুম্বরবৃক্ষ, ছোটডুমুরগাছ; খাটহাত।

লঘুসমর, পুং. [লঘু+সমর] ক্ষুদ্রযুদ্ধ, অল্পসংগ্রাম।

লঘুহস্ত, পুং. [লঘু+হস্ত] শীঘ্রবেধী, ক্ষিপ্র-

লঘুহেমদুগ্ধা, স্ত্রী. [লঘু + হেমদুগ্ধা] লঘুডুম্বরিকা, ক্ষুদ্রউডুম্বরবৃক্ষ, ছোটডুমুরগাছ।

লঘুডুম্বরিকা, স্ত্রী. [লঘু+উডুম্বরিকা] ক্ষুদ্রোডুম্বরিকা, ছোটডুমুর, তৎপর্য্যায়।—লঘুপত্রফলা, লঘুহেমদুগ্ধা, লঘুসদাফলা লঘ্বাদ্যাডুম্বরাহ্বা।

লঘুকরণ, ন. [লঘু + করণ] অল্পজ্ঞান।

লঘ্বাশী, ত্রি. [লঘু+অশিন্] অল্পাহারী।

লঘ্বী, স্ত্রী. [লঘু+ঈ] লাঘবযুক্তা; রথবিশেষ; পৃক্কা, পিড়ীংশাক; মূত্র, প্রস্রাব।

লঙ্কা, স্ত্রী. [লক্+অ-আ] রক্ষঃপুরী, রাবণেরপুরী, শাখা; শাকিনী; কুলটা, বেশ্যা; ধান্যবিশেষ, তৎপর্য্যায়।—করালত্রিপুট; কাণ্ডিকা, রুক্ষণাত্মিকা।

লঙ্কাদাহী পুং. [লঙ্কা+দাহিন] হনুমান, পবনাত্মজ।

লঙ্কাধিপতি, পুং. [লঙ্কা+অধিপতি] রাবণ, দশানন, লঙ্কেশ।

লঙ্কাপতি, পুং. [লঙ্কা + পতি] রাবণ, লঙ্কেশ দশানন।

লঙ্কাপোড়া, (প্রা) হনুমান, পবননন্দন।

লঙ্কামরিচ, (প্রা) কটুরসযুক্ত, ফলবিশেষ,

লঙ্কায়িকা, স্ত্রী. [লঙ্কায়+ইক-আ] পৃক্কা, পিড়িংশাক।

লঙ্কাপিকা, স্ত্রী. [লঙ্কাপ+ইক-আ] পৃক্কা, পিড়িংশাক।

লঙ্কারিকা, স্ত্রী. [লঙ্কার+ইক-আ] পৃক্কা, পিড়িং শাক।

লঙ্কাস্থায়ী, পুং. [লঙ্কা+স্থায়িন্] বৃক্ষবিশেষ, লঙ্কাসিজ; (ত্রি.) লঙ্কাবাসী।

লঙ্কেশ, পুং. [লঙ্কা+ঈশ] রাবণ, লঙ্কাধিপতি, দশানন।

লঙ্কোপিকা, স্ত্রী. [লঙ্কোপ+ইক-আ] পৃক্কা, পিড়ীংশাক।

লঙ্কোয়িকা, স্ত্রী. [লঙ্কোয়+ইক-আ] পৃক্কা, পিড়ীংশাক।

লঙ্গ, পুং. [লগ্+অ] সঙ্গ; বিড়ঙ্গ, লম্পট; লাং; লবঙ্গ।

লঙ্গুল, ন. [লঙ্গ+উল] লাঙ্গুল, পুচ্ছ, ল্যাজ।

লঙ্ঘন, ন. [লঙ্ঘ+অন] উপবাস; অতিক্রম; প্লবন, লম্ফন; অশ্বেরতৃতীয়গতি; অভিবাহন; অভিঘাত। [লতা।

লজ্জকারিকা, স্ত্রী. [লজ্জ+কারিকা] লজ্জালু-

লজ্জা, স্ত্রী. [লস্জ+অ-আ] অন্তঃকরণের বৃত্তিবিশেষ, অকর্ত্তব্য কর্ম্মেতে পরজ্ঞানভয়, লাজ, তৎপর্য্যায়।—মন্দাক্ষ, স্ত্রী, ত্রপা, ব্রীড়া, অপত্রপা, মন্দাস্য, লজ্যা, ব্রীড়, ব্রীড়ন; লজ্জালু লতা।

লজ্জাকর, ত্রি. [লজ্জা+কর] ব্রীড়াকর,লজ্জাজনক; অকর্ত্তব্য কর্ম্ম।

লজ্জান্বিত, ত্রি. [লজ্জা+অন্বিত] লজ্জাবিশিষ্ট, লজ্জিত, ত্রপাশীল।

লজ্জাবান্, ত্রি. [লজ্জা+বৎ] লজ্জাযুক্ত; লজ্জিত, লাজুক।

লজ্জারহিত, ত্রি. [লজ্জা+রহিত] নির্লজ্জ, অনপত্রপ, বেহায়া।

লজ্জালু, পুং. স্ত্রী. [লজ্জা+আলু] লতাবিশেষ, তৎপর্য্যায়।—রক্তপাদী, শমীপত্রা, পৃক্কা, খরিদপত্রিকা, সঙ্কোচিনী, সমঙ্গা, নমস্করী, প্রসারিণী, সপ্তপর্ণী খদিরী, গণ্ডমালিকা, লজ্জা, লজ্জিরী, স্পর্শলজ্জা, অস্ত্ররোধিনী, রক্তমূলা, তাম্রমূলা, স্বগুপ্তা অঞ্জলিকারিকা, মহাভীতা, বশিনী, মহৌষধি, লজ্জাশীল, লাজুক।

লজ্জাশীল, ত্রি. [লজ্জা + শীল] লজ্জাবিশিষ্ট লাজুক, তৎপর্য্যায়।—অপত্রপিষ্ণু, লজ্জিত।

লজ্জিত, ত্রি. [লস্জ+ইত]লজ্জাযুক্ত,লাজুক, তৎপর্য্যায়।—হ্রীণ, হ্রীত।

লজ্জিতা, স্ত্রী. [লস্জ+ইত-আ] লজ্জালু, লজ্জাবতী, লতাবিশেষ, লজ্জালুলতা।

লজ্জিরী, স্ত্রী. [লজ্জা+ইর-ঈ] লজ্জালু, লজ্জাশীলা, লজ্জাবতী।

লজ্জুক, পুং. [লস্জ+উক] লজ্জাশীল, লাজুক।

লজ্যা, স্ত্রী. [লস্+য-আ] লজ্জা, ত্রপা,

লঞ্জ, পুং. [লনজ্+অ] পাদ, চরণ; কচ্ছ, কাছা; পুচ্ছ, লেজ।

লঞ্জিকা, স্ত্রী. [লঞ্জ+ইক-আ] বেশ্যা, বারাঙ্গনা, খানকী।

লট, পুং. [লট্+অ] প্রমাদ বচন, অনবধানতার কথা; দোষ; চৌর।

লটক, পুং. [লট+ক] দুর্জ্জন, দুষ্ট, ধূর্ত্ত।

লটপর্ণ, ন. [লট+পর্ণ] ত্বচ, চর্ম্ম, ছাল।

লট্‌কন, (প্রা) ঝুলন, দোলন, টাঙ্গান।

লট্‌কান, (প্রা) লম্বমান; ঝুলান, টাঙ্গান

লট্‌খট্, (হি) উৎপাত, ঝঞ্ঝাট। [ক্লেশ।

লট্‌খটী, (হি) উৎপাত, ঝঞ্ঝাট; যন্ত্রণা,

লট্ট, পুং. [লট্+ট] দুর্জ্জন, ধূর্ত্ত, দুষ্ট।

লট্‌পট, (প্রা) লুণ্ঠন; শ্রান্তিবশতঃ দুর্ব্বল।

লট্ব, পুং. [লট্+ব] জাতিবিশেষ, নেটুয়া; রাগবিশেষ; তুরঙ্গম, ঘোটক।

লট্বা, স্ত্রী. [লট্+ব-আ] করঞ্জবিশেষ, নাটাকরঞ্জা; বাদ্যবিশেষ; পক্ষিবিশেষ, গ্রামচটক; কুসুম্ভপুষ্প; ভ্রমরক, ভোওরী।

লঠুয়া (প্রা) লম্পট, কামুক, লোচ্চা।

লঠ্ঠ, (প্রা) লম্পট, কামুক, লোচ্চা।

লড়ন, (প্রা) স্পন্দন, দোলন; (হিং) যুদ্ধকরণ।

লড়হ, ত্রি. [লড়হ+অ] মনোজ্ঞ, চারু, মনোহর, সুন্দর।

লড়াই, (প্রা) সমর, যুদ্ধ, সংগ্রাম, রণ।

লড়াক, (প্রা) বীর, যোদ্ধা, রণকারক।

লড়ান, (প্রা) যুদ্ধ প্রবৃত্তিদান, যুদ্ধকরাণ।

লড়ালড়ি, (প্রা) উভয় পক্ষের যুদ্ধ, পরস্পর রণকরণ; পুনঃ২ যুদ্ধ।

লড়ি, (প্রা) যষ্টি, লাঠী।

লড়্‌কান, (প্রা) মৎস্যের আহার দেওন; লোভ দেখান।

লড়চড়, (প্রা) অস্থির, চঞ্চল, ছটপটে।

লড্ড, ত্রি. [লড্+ড] দুর্জ্জন, দুষ্ট, ধূর্ত্ত।

লড্ডুক, পুং. [লড্+ডুক] পিষ্টকবিশেষ, লাড়ু। [(বাহ) উপলাগ।

লণ্ড, পুং. [লন্ড্+অ] পুরীষ, বিষ্ঠা, লাড়;

লণ্ডজ, ত্রি. [লণ্ড্র+জন্-অ] লণ্ড্র দেশজাত, লণ্ডন্, ইংরাজদিগের রাজধানী।

লড্‌বড়িয়া, (প্রা) অপটু; অক্ষম; দোদুল্যমান; অস্থির, ছটকটিয়া

লতা, স্ত্রী. [লৎ+অ-আ] শাখাদি রহিত লতানিয়া গাছ, তৎপর্য্যায়।—বল্লী, ব্রততি, বল্লি, বেল্লি, প্রততি; শাখাপত্রাদিযুক্ত লতা, প্রতালিনী, তৎপর্য্যায়।—বীরুৎ, গুল্মিনী, উপল; শাখা; প্রিয়ঙ্গু; পৃক্কা, পিড়ীংশাক; অশনপর্ণী; জ্যোতিষ্মতী; লজ্জাকস্তূরিকা; মাধবী; দূর্ব্বা; কৈবর্ত্তিকা; সারিবা; নারী, স্ত্রী।

লতাকরঞ্জ, পুং. [লতা+করঞ্জ] করঞ্জবিশেষ; (হিং) কণ্টকরেঞ্জ, তৎপর্য্যায়।—দুস্পর্শ, বীরাখ্য, বজ্রবীজক, ধনদাত্রী, কণ্টফল, কুবেরাক্ষী।

লতাকস্তূরিকা, স্ত্রী. [লতা+কস্তূরিকা] লতাকস্তূরী, তৎপর্য্যায়।—কটু, দক্ষিণদেশজা। [সাপ।

লতাজিহ্ব, পুং. [লতা+জিহ্ব] সর্প, ভুজঙ্গ,

লতাতরু, পুং. [লতা+তরু] নারঙ্গবৃক্ষ; তালবৃক্ষ; শালবৃক্ষ।

লতাদ্রুম, পুং. [লতা+দ্রুম] লতাশাল, তৎপর্য্যায়।—তার্ক্ষ্য, অশ্বকর্ণ, কুশিক, বন্য, দীর্ঘ

লতান, (প্রা) বৃক্ষোপরি লতার আরোহণ; লতার ন্যায় বিস্তৃত হওন।

লতাপনস, পুং. [লতা+পনস] ফললতাবিশেষ, তরমুজ, তৎপর্য্যায়।—চেলাল, চিত্রফল, সুখাশ, রাজতেমিষ, নাটাম্র, সেদু। [পিড়ীংশাক।

লতাপৃক্কা, স্ত্রী. [তলা+পৃক্কা] সমুদ্রান্তা,

লতাপ্রতালিনী, স্ত্রী. [লতা+প্রতালিন্-ঈ] শাখাসমূহ বিশিষ্ট লতা, তৎপর্য্যায়।—বীরুৎ, গুল্মিনী, উপল, বীরুধা, বরুৎ, প্রতানা, কক্ষ।

লতাফল, ন. [লতা+ফল] পটোল, তিক্তক।

লতাবেষ্ট, পুং. [লতা+বেষ্ট] ষোড়শ রতিবন্ধনান্তর্গত তৃতীয় বন্ধবিশেষ; দেশ-

লতাবেষ্টিতক, ন. [লতা+বেষ্টিতক] আলিঙ্গনবিশেষ।

লতাভদ্রা, স্ত্রী. [লতা+ভদ্রা] ভদ্রালীবৃক্ষ।

লতামণি, পুং. [লতা+মণি] রত্নবিশেষ, প্রবাল, পলা।

লতামরুৎ, স্ত্রী. [লতা+মরুৎ] পৃক্কা, পিড়ীং শাক।

লতামছয়া, (গ্রা) বৃক্ষবিশেষ।

লতামাধবী, স্ত্রী. [লতা+মাধবী] মাধবীলতা।

লতামৃগ, পুং. [লতা+মৃগ] শাখামৃগ, কপি, বানর।

লতাযষ্টি, স্ত্রী. [লতা+যষ্টি] মঞ্জিষ্ঠালতা।

লতাযাবক, ন. [লতা+যাবক] প্রবাল, পলা।

লতারসন, পুং. [লতা+রসন] সর্প, ভুজঙ্গ, অহি।

লতার্ক, পুং. [লতা+অর্ক] হরিৎপলাণ্ডু, হরিদ্রাবর্ণ পেঁয়াজ, তৎপর্য্যায়।—দ্রুদ্রুম।

লতালক, পুং. [লতা+অলক] হস্তী, করী, হাতী। [গাছ।

লতাশঙ্খ, পুং. [লতা+শঙ্খ] শালবৃক্ষ, শাল-

লতাসাধন, ন. [লতা+সাধন] যোষিৎকরণক ইষ্ট দেবতার আরাধন।

লতিকা, স্ত্রী. [লতা+ইক-আ] লতা, বল্লী।

লত্তিকা, স্ত্রী. [লৎ+তিক-আ] গোধা, গোসাপ।

লনী, (গ্রা) নবনীত, মাখন।

লপন, ন. [লপ্+অন] মুখ, বদন; ভাষণ, কথন।

লপনীয়, ত্রি. [লপ্+অনীয়] কথনীয়, বক্তব্য, বলিবার যোগ্য।

লপিত, ত্রি. [লপ্+ইত] বচন, বাক্য; (ত্রি.) কথিত, ভাষিত।

লপেটা, (গ্রা) বিনামাবিশেষ, একরকমজুতা।

লপটন, (গ্রা) বেষ্টন; জাপ্টন; জড়ান।

লপ্সিকা, স্ত্রী. [লপ্স+ইক-আ] খাদ্যদ্রব্য-, লপ্সী, মোহনভোগবিশেষ।

লব, ন. [লু+অ] জাতীফল, জায়ফল; লবঙ্গ, লং; লামজ্জক; ঈষৎ, অল্প; (পুং.) লেশ; বিনাশ; বিলাস; ছেদন; শ্রীরামকাল; লাবানামক পক্ষী; গোপুচ্ছ; লোম; পক্ষ; লবণ।

লবঙ্গ, ন. [লু+অঙ্গ] স্বনামখ্যাত বণিক দ্রব্যবিশেষ, লং, তৎপর্য্যায়।—দেবকুসুম, শ্রীসংজ্ঞ, শ্রীপ্রসূন, লবঙ্গক, লবঙ্গকলিকা, দিব্য, শেখর, লব, শ্রীপুষ্প, রুচির, বারিসম্ভব, তীক্ষ্ণপুষ্প, ভৃঙ্গার, গীর্ব্বাণকুসুম, চন্দন পুষ্প; উপপতি।

লবঙ্গক, ন. [লবঙ্গ+ক] লবঙ্গ, লং।

লবঙ্গকলিকা, স্ত্রী. [লবঙ্গ+কলিকা] লবঙ্গ, লং।

লবঙ্গলতা, স্ত্রী. [লবঙ্গ+লতা] পুষ্পবিশেষ; রাধার সখীবিশেষ

লবণ, ন. [লূ+অন] ক্ষাররসযুক্ত দ্রব্যবিশেষ, নুণ, তৎপঞ্চবিধ যথা।—সৌবর্চ্চল, সৈন্ধব, বিট, ঔদ্ভিদ, সামুদ্র; ছেদন (পুং.) সমুদ্রবিশেষ; রসবিশেষ, তৎপর্য্যায়।—পটু; অসুরবিশেষ, কুম্ভীনসীর পুত্র, লবণাসুর; (ত্রি.) লবণরসযুক্ত; লাবণ্যযুক্ত।

লবণকিংশুকা, স্ত্রী. [লবণ+কিংশুক-আ] মহাজ্যোতিষ্মতী লতা।

লবণখানি, স্ত্রী. [লবণ+খানি] সাম্ভরিলবণোৎপত্তি স্থান, তৎপর্য্যায়।—রুমা; লবণাকরমাত্র।

লবণতৃণ, ন. [লবণ+তৃণ] তৃণবিশেষ, তৎপর্য্যায়।—লোণতৃণ, তৃণাম্ল, পটুতৃণক, অম্লকাণ্ড।

লবণত্রয়, ন. [লবণ+ত্রয়] সৈন্ধব, বিড়, রুচক এই তিন প্রকার লবণ।

লবণধেনু, স্ত্রী. [লবণ+ধেনু] দানের নিমিত্ত লবণাদি নির্ম্মিত গো

লবণমদ, পুং. [লবণ+মদ] লোণার ক্ষার, লবণক্ষার।

লবণসমুদ্র, পুং. [লবণ+সমুদ্র] লবণজলবিশিষ্ট সমুদ্র।

লবণক্ষার, পুং. [লবণ+ক্ষার] লোণার ক্ষার।

লবণা, স্ত্রী. [লু+অন-আ] নদীবিশেষ; দীপ্তি; মহাজ্যোতিষ্মতী লতা।

লবণাকর, পুং. [লবণ+আকর] লবণোৎপত্তি

লবণাক্ত, ত্রি. [লবণ+অক্ত] ক্ষার রসযুক্ত বস্তু, লোণারসযুক্ত।

লবণাচল, পুং. [লবণ+অচল] দানার্থ লবণাদি নির্ম্মিত পর্ব্বত।

লবণাব্ধিজ, ন. [লবণ+অব্ধিজ] সামুদ্র লবণ, করকচ লোণ।

লবণাম্বু, ন. [লবণ+অম্বু] লবণরসযুক্ত জল, লোণাজল।

লবণারজ, ন. [লবণ+আরজ] লবণক্ষার, লোণার ক্ষার।

লবণোত্তম, ন. [লবণ+উত্তম] সৈন্ধব লবণ, অক্ষারলবণ; সোরা। [ক্ষার।

লবণোত্থ, ন. [লবণ+উত্থ] লবণক্ষার,লোণার

লবণোদ, পুং. [লবণ+উদ] লবণ সমুদ্র; লবণাম্বু।

লবন, ন, [লূ+অন] ছেদন, কর্ত্তন, কাটন।

লবনী, স্ত্রী. [লূ+অন-ঈ] ফলবৃক্ষবিশেষ, লোনাফল, তৎপর্য্যায়।—গ্রীষ্মজা, অগ্রিমা।

লবলী, স্ত্রী. [লব+ল-ঈ] ফলবৃক্ষবিশেষ, নোয়াড়ি, লোড়, তৎপর্য্যায়।—সুগন্ধমূলা, শন্ডু কোমল বল্কলা।

লবাক, পুং. [লূ+আক] ছেদনদ্রব্য; ছেদন।

লবাণক, পুং. [লূ+আনক] দাত্রাদি কাটারিপ্রভৃতি।

লবান্, (বাং) গঁদবিশেষ, গাম্বেন্জয়ন্ ইতি ইংরাজী।

লবি, ত্রি. [লূ+ই] ছিদুর, দাত্রাদি।

লবিত, ন. [লূ+ইত] অস্ত্রবিশেষ, কাস্তা।

লবিত্র, ন. [লূ+ইত্র] অস্ত্রবিশেষ, দাত্র, দা, কাটারি।

লব্ধ, ত্রি. [লভ্+ত] প্রাপ্ত, লাভ; উপার্জ্জিত; গৃহীত

লব্ধপ্রতিষ্ঠ, ত্রি. [লব্ধ+প্রতিষ্ঠ] প্রশংসাপ্রাপ্ত, সুখ্যাতি লাভ।

লব্ধবর্ণ, পুং [লব্ধ+বর্ণ] পণ্ডিত, বুধ, কবি, প্রসিদ্ধিপ্রাপ্ত।

লব্ধবিদ্য, ত্রি. [লব্ধ+বিদ্যা] কৃতবিদ্য; পণ্ডিত।

লব্ধা, স্ত্রী. [লভ্+ত-আ] নায়িকাবিশেষ।

লব্ধি, স্ত্রী. [লভ্+তি] প্রাপ্তি, লাভ।

লভস, পুং. [লভ্+অস] অশ্ববন্ধন রজ্জু; ধন, সম্পত্তি; যাচক, প্রার্থনাকারী।

লভ্য, ত্রি. [লভ্+য] ন্যায্য, যথার্থ; লব্ধব্য, প্রাপ্য।

লভ্যদ, ত্রি. [লভ্য+দা-অ] লাভদায়ক, লাভজনক। [উপপতি।

লমক, পুং. [লম্+ক] যিড়্গ, লম্পট,

লম্পট, পুং. [লপ্+অট] যিড়্গ, কামুক, উপপতি; আসক্ত; বকুলবৃক্ষ।

লম্পটতা, স্ত্রী. [লম্পট+ত-আ] কামুকতা, লোচ্চাগি; ভ্রষ্টামি

লম্পাক, পুং. [লম্পা+অক] লম্পট, কামুক; দেশবিশেষ।

লম্পাপটহ, পুং. [লম্পা+পটহ] পটহবাদ্য।

লম্ফক, পুং. [লফ্+অ] প্লুতগতি, লম্ফন, লাফ, লাফান, উল্লম্ফনপ্রলম্ফন

লম্ফঝম্ফ, (প্রা) উৎপ্লব, লাফালাফি।

লম্ব, পুং. [লব+অ] নর্ত্তক, নৃত্যকারী; অঙ্গ; কান্ত; উৎকোচ, উপঢৌকন,ভেট, অঙ্কবিশেষ; কেন্দ্রাদিতে লম্বমান রেখাসূত্র; দীর্ঘ, লম্বা, বিস্তৃত; দীর্ঘরেখা।

লম্বরু, পুং. [লম্ব+রু] পরিচ্ছেদ; অধোলম্ব, আলম্ব।

লম্বকর্ণ, পুং. [লম্ব+কর্ণ] অঙ্কোটবৃক্ষ; ছাগ, ছাগল; রাক্ষস; হস্তী; শ্যেনপক্ষী; খরগোস; গণেশ; দীর্ঘশ্রোত্র, লম্বাকাণ; (ত্রি. দীর্ঘকর্ণযুক্ত।

লম্বকেশ, পুং, [লম্ব+কেশ] বিষ্টর, বিবাহকালীন বরের উপবেশনার্থ, সার্দ্ধদ্বিতয় বামাবর্ত্তেবেষ্টিত অধোমুখ বহুতরকুশা।

লম্বজ্যা, স্ত্রী. [লম্ব+জ্যা] অঙ্করেখাবিশেষ।

লম্বদন্তা, স্ত্রী. [লম্ব+দন্ত-আ] সৈংহলীপিপ্পলী; (ত্রি.) বৃহদ্দন্ত বিশিষ্ট।

লম্বন, ন. [লম্ব্+অন] নাভিলম্বিত কণ্ঠিকাদি, তৎপর্য্যায়।—ললন্তিকা; অবলম্বন; গ্রহণ; ধারণ;(পুং.) কফ, শ্লেষ্মা।

লম্বমান, ত্রি. [লম্ব+আন] লম্বায়মানবস্তু,

লম্ববীজা, স্ত্রী. [লম্ব+বীজ-আ] পিপ্পলীবিশেষ, সৈংহলীপিপ্পলী।

লম্বা, স্ত্রী. [লব+অ-আ] লক্ষ্মী; গৌরী; তিক্তুতুম্বী; তিতলাউ; দক্ষকন্যাবিশেষ হিমালয়পর্ব্বতেরকন্যাবিশেষ; দীর্ঘ।

লম্বাই, (প্রা) দীর্ঘতা, দীর্ঘপরিমাণ।

লম্বালম্বি, (প্রা) দীর্ঘে২, দীর্ঘপরিমাণে।

লম্বিকা, স্ত্রী. [লম্বা+ইক-আ] তালুরঊর্দ্ধসূক্ষ্ম জিহ্বা, আলজিব,তৎপর্য্যায়।—ঘণ্টিকা, সুধাস্রবা, গলশুণ্ডিকা, অলিজিহ্বা, অলিজিহ্বিকা।

লম্বিত, ত্রি. [লম্ব+ইত] স্রংসিত, অবলম্বিত, আশ্রিত, লটকান; শঙ্কিত; লম্বমানমালাদি। [সাতনরী।

লম্বুয়া, স্ত্রী. [লব্+উ-আ] অলঙ্কারবিশেষ,

লম্বোদর, পুং, [লম্ব+উদর] গণেশ, গণপতি; (ত্রি.) ঔদারিক, বৃহৎউদর

লম্বোষ্ঠ, পুং. [লম্ব+ওষ্ঠ] উষ্ট্র, উট; (ত্রি.) লম্বমান ওষ্ঠযুক্ত।

লম্বৌষ্ঠ, পুং. [লম্ব+ওষ্ঠ] উষ্ট্র, উট; (ত্রি.) দীর্ঘওষ্ঠ বিশিষ্ট।

লম্ভন, ন. [লভ+অন] প্রতিলম্ভ; ধ্বনি, শব্দ।

লম্ভা, স্ত্রী. [লভ্+অ-আ] বাটশৃঙ্খলা।

লয়, পুং. [লী+অ] বিনাশ, ধ্বংস; প্রলয়; সংশ্লেষ, নৃত্যগীতাদির তাল বা সমান সময়; প্রলয়, লীনহওয়া; অখণ্ডবস্তুর অবলম্বনদ্বারা চিত্তবৃত্তিরনিদ্রা।

লয়গত, ত্রি. [লয়+গত] লয়প্রাপ্ত, বিনাশহওয়া।

লয়পুত্রী, স্ত্রী. [লয়+পুত্র-ঈ] নর্ত্তকী, নটী।

লয়প্রাপ্ত; ত্রি. [লয়+প্রাপ্ত] লয়গত, বিনাশ হওয়া।

লয়ারম্ভ, পুং. [লয়+আরম্ভ] নট, নর্ত্তক, নৃত্যকারী। [নৃত্যকারী।

লয়ালম্ব, পুং. [লয়+আলম্ব] নট, নর্ত্তক,

ললজ্জিহ্ব, ত্রি. [লল+জিহ্বা] হিংস্রক, হিংসক; (পুং.) উষ্ট্র; কুক্কুর।

ললজ্জিহ্ব, পুং. [ললৎ+জিহ্বা] উষ্ট্র, উট; কুক্কুর, কুকুর; (ত্রি.) হিংস্রক, হিংসক;

ললৎ, ত্রি. [লড়+অৎ] বিলাসযুক্ত, উন্মন্থনবিশিষ্ট; জিহ্বাক্রিয়াবিশিষ্ট; ক্ষেপবিশিষ্ট; বীপ্সাবিশিষ্ট; উপবেষ্টাবিশিষ্ট; ভাবণবিশিষ্ট: উৎক্ষেপবিশিষ্ট, কম্পমান।

ললদম্বু, পুং, [ললৎ+অম্বু] লিম্পাক,পাতি নেবু; পুষ্প।

ললন, ন. [লড়+অন] কেলি, ক্রীড়া, চালন; (পুং.) বালক; সালবৃক্ষ; প্রিয়ালবৃক্ষ।

ললনা, স্ত্রী. [লড়্+অন-আ] কান্তা, কামিনী, মহিলা; নারীবিশেষ; জিহ্বা, জিব।

ললনাপ্রিয়, পুং. [ললনা+প্রিয়] কদম্ববৃক্ষ; কামিনীবল্লভ; (ন.) হ্রীবের।

ললন্তিকা, স্ত্রী. [ললন্ত+ইক-আ] নাভিলম্বিত হার, তৎপর্য্যায়।—লম্বন; গোধা, গোসাপা; দীর্ঘমালাদি।

ললাক, পুং. [লড়+আক] মেহন, পুরীষোৎসর্গ, বিষ্ঠাদিত্যাগ।

ললাট, ন. [লড়+অট] অবয়ববিশেষ, কপাল তৎপর্য্যায়।—অলিক, গোধি, মহাশঙ্খ, শঙ্খ, ভাল, কপালক, অলীক, ললাটক।

ললাটক, ন. [ললাট+ক] প্রশস্ত ললাট, উত্তমকপাল; ললাটমাত্র।

ললাটন্তপ, পুং. [ললাট+তপ] সূর্য্য, রবি, ভানু

ললাটপট, ন. [ললাট+পট্ট] মূর্দ্ধবেষ্টন, ললাটবন্ধন বস্ত্রবিশেষ।

ললাটভূষণ, ন. [ললাট+ভূষণ] কপালের অলঙ্কার, টিকা।

ললাটিকা, স্ত্রী. [ললাট+ইক-আ] স্বর্ণাদিরচিত, ললাটাভরণ, টিকা, তৎপর্য্যায়। পত্রপাশ্যা, ললাটস্থ চন্দন, তৎপর্য্যায় শঙ্খচর্চ্চা।

ললাম, ন. [লল+আমন্] ভূষণ, অলঙ্কার; চিহ্ন; ধ্বজ; শৃঙ্গ; প্রধান; ভূষা; রম্য; বালধি, পুচ্ছ; পুণ্ড্র, তুরঙ্গ, অশ্ব; প্রভাব; অশ্বললাটচিহ্নবিশেষ; গবাদির ললাটস্থিতচিত্র; অশ্বাভরণ, শ্রেষ্ঠ;

ললামক, ন. [ললাম+ক] পুরীরমধ্যে অর্পিত মালা।

ললামী, স্ত্রী. [ললাম+ঈ] কর্ণভূষণ বিশেষ, তৎপর্য্যায়।—উৎক্ষিপ্তিকা।

ললিত, ন. [লল+ইত] শৃঙ্গারভাবজাত ক্রিয়াবিশেষ, বিলাস; (পুং.) রাগবিশেষ; স্ত্রীনৃত্য; ক্রীড়িত; (ত্রি.) সুন্দর, মনোজ্ঞ, চারু; ঈপ্সিত, বাঞ্ছিত; চলিত; কোমল; প্রিয়; (স্ত্রী.) গোপীবিশেষ।

ললিতকান্তা, স্ত্রী. [ললিত+কান্ত-আ] মঙ্গলচণ্ডিকা, মঙ্গলচণ্ডী।

ললিতা, স্ত্রী. [লোল্+ত-আ] কস্তুরী, মৃগমদ; নারী; নদীবিশেষ; গোপীবিশেষ।

ললিতাসপ্তমী, স্ত্রী. [ললিতা+সপ্তমী] ভাদ্রমাসের শুক্লাসপ্তমী কুক্কুটীব্রত; রাগিণীবিশেষ।

লশুন, ন. [লশ্+উন] মূলবিশেষ, রশুন, তৎপর্য্যায়।—মহৌষধ, গৃঞ্জন, অরিষ্ট, মহাকন্দ, রসোনক, রসোন, ম্লেচ্ছকন্দ, ভূতঘ্ন, উগ্রগন্ধ।

লশূন, পুং. [লশ্+ঊন] লশুন, কন্দবিশেষ, রশুন।

লষনীয়, ত্রি. [লষ্+অনীয়] বাঞ্ছনীয়, স্পৃহনীয়।

লষিত, ত্রি. [লষ্+ইত] বাঞ্ছিত, ঈপ্সিত, অভীষ্ট, ইষ্ট।

লষ, পুং. [লষ্+ব] নর্ত্তক, নৃত্যকারক।

লসা, স্ত্রী. [লস্+অ-আ] হরিদ্রা, হলুদ।

লসিকা, স্ত্রী. [লসি+ইক-আ] লালা, লাল, মুখের অমৃত।

লসীকা, স্ত্রী. [লস+ইক-আ] ইক্ষুরস; ত্বক্ ও মাংসের মধ্যগত রস।

লস্ত, ত্রি. [লস্+ত] শ্লিষ্ট; ক্রীড়িত; শিল্পযুক্ত।

লস্তক, পুং. [লস্ত+ক] ধনুকের মধ্যভাগ।

লস্তকী, পুং. [লস্ত+ক-ঈ] ধনুঃ; ধনুক, কার্ম্মুক।

লহরি, স্ত্রী. [লহর+ই] মহাতরঙ্গ, ঢেউ।

লহরী, স্ত্রী. [লহর+ঈ] মহাতরঙ্গ, ঢেউ,

লক্ষ, ন. [লক্ষ্+অ] ব্যাজ, ছল; শরব্য, বাণেরলক্ষ্য; (ন.স্ত্রী.) দশঅযুতসংখ্যা, লাখ, ১০,০০০০।

লক্ষক, ন. [লক্ষ্+অক] লক্ষকর্ত্তা।

লক্ষণ, ন. [লক্ষ্+অন] চিহ্ন, নিদর্শন; নাম; দর্শন; (পুং.) সুমিত্রাপুত্র, সৌমিত্রি; সারসপক্ষী; ব্যাকরণের সূত্র; বিশেষগুণ; আকার; ভাব।

লক্ষণরহিত, ত্রি; [লক্ষণ+রহিত] বিশেষচিহ্ন রহিত।

লক্ষণা, স্ত্রী. [লক্ষ্+অন-আ] সারসপক্ষিণী; হংসী, শক্যসম্বন্ধ।

লক্ষণাক্রান্ত, ত্রি. [লক্ষণ+আক্রান্ত] বিশেষচিহ্নযুক্ত।

লক্ষণোপেত, ত্রি. [লক্ষণ+উপেত] বিশেষ চিহ্নিত, লক্ষণান্বিত.

লক্ষা, স্ত্রী. [লক্ষ্+অ-আ] লক্ষ, দশঅযুতসংখ্যা, লাখ, ১০,০০০০।

লক্ষিত, ত্রি. [লক্ষ্+ইত] আলোচিত; দৃষ্ট, আলোকিত; অঙ্কিত, চিহ্নিত; লক্ষণাশ্রয়

লক্ষিতলক্ষণা, স্ত্রী. [লক্ষিত+লক্ষণ+আ] লক্ষ্যবিষয়ে লক্ষণা।

লক্ষিতা, স্ত্রী. [লক্ষ+ইত-আ] পরকীয়ান্তর্গত নায়িকাবিশেষ। [শ্রেষ্ঠ।

লক্ষ্ম, ন. [লক্ষ+মন্] চিহ্ন, নিদর্শন; প্রধান

লক্ষ্মণ, ন. [লক্ষ্ম+অন] চিহ্ন, নিদর্শন; নাম (ত্রি.) শ্রীবিশিষ্ট; (পুং) সারসপক্ষী, শ্রীরামেরভ্রাতা।

লক্ষ্মণপ্রসূ, স্ত্রী. [লক্ষণ+প্রসূ] সুমিত্রা, লক্ষ্মণজননী।

লক্ষ্মণা, স্ত্রী. [লক্ষ্ম+অন-আ] শ্বেতকণ্টকারী; সারসপক্ষিণী; ওষধীবিশেষ, লক্ষ্মণাকন্দ, তৎপর্য্যায়।—পুত্রকন্দা, পুত্রদা, নাগিনী, নাগাহ্বা, নাগপত্রী, তুলিনী, মঞ্জিকা, অশ্রবিন্দুচ্ছদা, পুচ্ছদা; দুর্য্যোধনের কন্যা, শ্রীকৃষ্ণ পুত্র সাম্বের বিবাহিতা স্ত্রী, শ্রীকৃষ্ণপত্নীবিশেষ

লক্ষ্মণিক, ত্রি. [লক্ষ্মণ+ইক] লক্ষ্মণজ্ঞ,

লক্ষ্মী, স্ত্রী. [লক্ষ্+ম-ঈ] বিষ্ণুপত্নী, তৎপর্য্যায়।— পদ্মালয়া, পদ্মা, কমলা, শ্রী, হরিপ্রিয়া, ইন্দিরা, লোকমাতা, মা, ক্ষীরাব্ধিতনয়া, রমা, জলধিজা, ভার্গবী, হরিবল্লভা, দুগ্ধাব্ধিতনয়া, ক্ষীরসাগরসুতা; দুর্গা; সম্পত্তি; শোভা; ঋদ্ধনামকঔষধ; বৃদ্ধিনামক ঔষধ; ফলিনী বৃক্ষ; সীতা; জনকতনয়া; রুক্মিণী; বীরযোষিৎ; স্থলপদ্মিনী; হরিদ্রা; শমীবৃক্ষ, শাঁইগাছ; দ্রব্য; মুক্তা; মোক্ষপ্রাপ্তি।

লক্ষ্মীকান্ত, পুং [লক্ষ্মী+কান্ত] নারায়ণ, বিষ্ণু।

লক্ষ্মীগৃহ, ন. [লক্ষ্মী+গৃহ] রক্তোৎপল, রক্তপদ্ম; লক্ষ্মীবেশ্ম, লক্ষ্মীর ঘর।

লক্ষ্মীছাড়া, (প্রা) শ্রীভ্রষ্ট, দুর্ভাগা, দরিদ্র।

লক্ষ্মীজনার্দ্দন, পুং. [লক্ষ্মী+জনার্দ্দন] শালগ্রাম শিলাবিশেষ, একদ্বারে চারি চক্রযুক্তবনমালা রহিতা শিলা।

লক্ষ্মীতাল, পুং. [লক্ষ্মী+তাল] শ্রীতালবৃক্ষ; নৃত্যগীতাদির পরিচ্ছেদ বিশেষ।

লক্ষ্মীনারায়ণ, পুং. [লক্ষ্মী+নারায়ণ] শালগ্রাম শিলাবিশেষ, একদ্বারে চারিচক্র যুক্ত, বনমালা ভূষিতা শিলা

লক্ষ্মীনৃসিংহ, পুং. [লক্ষ্মী+নৃসিংহ] শালগ্রাম শিলাবিশেষ, দ্বিচক্রবিস্তৃতমুখ ও বনমালাভূষিত শিলা।

লক্ষ্মীপতি, পুং. [লক্ষ্মী+পতি] বাসুদেব, কৃষ্ণ; নরপতি; লবঙ্গবৃক্ষ, পুগ, গুবাক্, গুপারী; মহাধনী।

লক্ষ্মীপুত্র, পুং. [লক্ষ্মী+পুত্র] কামদেব, মদন; ঘোটক, অশ্ব; কুশ; লব।

লক্ষ্মীপুষ্প, পুং. [লক্ষ্মী+পুষ্প] পদ্মরাগ মণিবিশেষ।

লক্ষ্মীফল, পুং. [লক্ষ্মী+ফল] বিল্ববৃক্ষ, শ্রীফলগাছ।

লক্ষ্মীবন্ত (প্রা) শ্রীযুক্ত, ধনবন্ত, শ্রীমান্।

লক্ষ্মীবান্, পুং. [লক্ষ্মী+বৎ] রুমলবৃক্ষ, কাঁটালগাছ; শ্বেতরোহিত বৃক্ষ; (ত্রি.) শ্রীযুক্ত, ধনবান্, তৎপর্য্যায়।—লক্ষ্মণ,

লক্ষ্মীবেষ্ট, পুং. [লক্ষ্মী+বেষ্ট] শ্রীবেষ্ট।

লক্ষ্মীশ, পুং. [লক্ষ্মী+ঈশ] বিষ্ণু, নারায়ণ।

লক্ষ্মীসমাহ্বয়া, স্ত্রী. [লক্ষ্মী+সম্-আহ্বয়-আ] সীতা, জানকী, শ্রীরামপত্নী।

লক্ষ্মীসহজ, পুং. [লক্ষ্মী+সহজ] চন্দ্র, বিধু, সুধাকর।

লক্ষ্মীহীন, ত্রি. [লক্ষ্মী+হীন] শ্রীহীন,নির্ধন, লক্ষ্মীছাড়া।

লক্ষ্ম্যারাম, পুং. [লক্ষ্মী+আরাম] বনবিশেষ।

লক্ষ্য, ন. [লক্ষ+য] শরবেধস্থান, বাণের-নিশানা, তৎপর্য্যায়।—লক্ষ, শরব্য, প্রতিকায়, বেধ্য, বেধ; (ত্রি.) লক্ষণাদ্বারা বোধ্য; দর্শনীয়।

লা, স্ত্রী. [লা+অ-আ] গ্রহণ; দান; লাক্ষা, জতু।

লাউ (প্রা) তুম্বী, অলাবু, কদু।

লাক (প্রা) দশঅযুত, শত সহস্রসংখ্যা।

লাকপতি, (প্রা) লক্ষপতি; লক্ষমুদ্রার অধিপতি।

লাখরাজ, (যাং) নিষ্করভূমি।

লাগন (প্রা)সংযোগহওন; স্পর্শন; ক্লেশন; প্রবর্ত্তন; নিকটস্থ হওন।

লাগা, (প্রা) সংযোগ, লগ্ন, সন্ন্যাসি বিশেষ।

লাগাইল (প্রা) ধরা; মিল, অন্বেষণ, সন্ধান।

লাগান (প্রা) সংযুক্তকরণ, মিলান; নিকটস্থ হওন; প্রহারকরণ।

লাগাম্, (যাং) অশ্বের মুখস।

লাগালাগি (প্রা) সংযুক্ত, সংলগ্ন; নিকটানিকটি।

লাগি (প্রা) নিমিত্ত; ধরা।

লাঘব, ন. [লঘু+অ] আরোগ; লঘুত্ব, হ্রাসতা, ক্ষুদ্রতা, অল্পতা; অপমান; ক্লৈব্য; স্বাস্থ্য।

লাঘবী (প্রা) অল্পব্যয়ী, ব্যয়কুণ্ঠ।

লাঙ্গল, ন. [লাগ+অল] স্বনামখ্যাত ভূমিকর্ষণ যন্ত্র, তৎপর্য্যায়।—হল, গোদারণ, সীর,হাল, শীর; লিঙ্গ; পুষ্পবিশেষ; তালবৃক্ষ; গৃহদারু।

লাঙ্গলগ্রহ, পুং. [লাঙ্গল+গ্রহ] কৃষক, হল-

লাঙ্গলচক্র, ন. [লাঙ্গল+চক্র] কৃষিকর্ম্মবিষয়ে তুলাকার চক্রবিশেষ

লাঙ্গলদণ্ড, পুং. [লাঙ্গল+দণ্ড] লাঙ্গলমধ্যস্থ কাষ্ঠ, লাঙ্গলেরঈশ, তৎপর্য্যায়।—ঈশা, ঈষা।

লাঙ্গলপদ্ধতি, স্ত্রী. [লাঙ্গল+পদ্ধতি] লাঙ্গল, রেখা, সিয়াল, তৎপর্য্যায়।—সীতা, সীতা।

লাঙ্গলা (প্রা) কৃষক, চাসী, হলবাহক।

লাঙ্গলিক, পুং. [লাঙ্গল+ইক] স্থাবর বিষবিশেষ; কৃষক।

লাঙ্গলিকা, স্ত্রী. [লাঙ্গল+ইক-আ] বৃক্ষবিশেষ, লাঙ্গলীবৃক্ষ।

লাঙ্গলিকী, স্ত্রী. [লাঙ্গল+ইক-ঈ]বৃক্ষবিশেষ লাঙ্গলিয়া, বিষলাঙ্গলীয়া, তৎপর্য্যায়।—অগ্নিশিখা, অগ্নিজ্বালা লাঙ্গলিকা, লাঙ্গলী, গৈরী, দীপ্তা, হলিনী, গর্ব্ভঘাতিনী, অগ্নিজিহ্বা, ইন্দ্রপুষ্পা, অগ্নিমুখী, অগ্নিশিখা, এবং কলিকারীশব্দে দ্রষ্টব্য।

লাঙ্গলিয়া (প্রা) কৃষক, হলবাহক।

লাঙ্গলী, পুং. [লাঙ্গল+ইন্] বলরাম, হলধর; নারিকেল; সর্প; (স্ত্রী.) লাঙ্গলাকারপুষ্প; জলজ শাক বিশেষ, কাঁচড়া, তৎপর্য্যায়।—শারদী, তোয়পিপ্পলী, শকুলাদনী, জলাক্ষী, জলপিপ্পলী, পিস্তলা, শ্যামাদনী, মৎস্যগন্ধা, কলিকারী।

লাঙ্গুল, ন. [লাগ+উল] পুচ্ছ।

লাঙ্গূল, ন. [লাগ+উল] পশুর পশ্চাদ্বর্ত্তি লম্বমান লোমাগ্রের অবয়ব বিশেষ, ল্যাজ, তৎপর্য্যায়।—পুচ্ছ,লুম,বালহস্ত, বালধি, লঙ্গুল, লাঙ্গুল, লুলাম, আবাল, লঞ্জ, পিচ্ছ, বাল; শেফ; কুশূল।

লাঙ্গূলিকা, স্ত্রী. [লাঙ্গূল+ইক-আ] পৃশ্নিপর্ণী।

লাঙ্গূলী, পুং. [লাঙ্গূল+ইন্] বানর; ঋষভনামে ঔষধবিশেষ, (ত্রি.) লাঙ্গূলবিশিষ্ট।

লাচার, (বাং) নিরাশ্রয়।

লাজ, ন. [লাজ+অ] উশীর, বেণামুল; (পুং)

লাজা, স্ত্রী. [লাজ+আ] অক্ষত, (পুং.) ভৃষ্টধান্য, লাওয়া, খৈ, তৎপর্য্যায়।—অক্ষক, লাজা, অক্ষতা। [ম্বিত।

লাজুক (প্রা) লজ্জাশীল, লজ্জাযুক্ত, ত্রপা-

লাজুলস্থা, (প্রা) ত্রপান্বিত, লজ্জাযুক্ত; বৃক্ষবিশেষ।

লাঞ্ছন, ন. [লাঞ্ছ+অন] নাম; চিহ্ন; ধ্বজ; (পুং.) রাগীধান্য; গঞ্জনা; নিন্দা, তিরস্কার, ভর্ৎসনা।

লাঞ্ছনা, স্ত্রী. [লাঞ্ছন+আ] তিরস্কার, ভর্ৎসনা; যন্ত্রণা।

লাঞ্ছনী, স্ত্রী. [লাঞ্ছন+ঈ] রাগীধান্য।

লাঞ্ছনীয়, ত্রি. [লাঞ্ছ+অনীয়] অনুযোগার্হ, ঘৃণ্য।

লাঞ্ছিত, ত্রি. [লাঞ্ছ+ইত] চিহ্নিত; তিরস্কৃত, ভর্ৎসিত।

লাট, পুং. [লট্+অ] দেশান্তর; বস্ত্র; জীর্ণভূষণাদি, দোষ, বৃথাবাক্য; (ত্রি.) ব্যবহৃত, পুরাতন; মলিন, বিশ্রী।

লাটিম, (প্রা) ক্রীড়াসাধনদ্রব্যবিশেষ, বর্ত্তুলাকার খেলিবার বস্তু।

লাঠা, (প্রা) মৎস্যবিশেষ, লাঠামাছ।

লাঠী, (প্রা) লগুড়, যষ্টি, দণ্ড, বাড়ী।

লাঠিয়াল, (প্রা) যষ্টিপ্রহরী, লেঠেড়া।

লাঠেড়া, (প্রা) যষ্টিপ্রহার পূর্ব্বক অনিষ্টকারী

লাড়ন, (প্রা) স্থানান্তরকরণ; দোলান, হেলান; চঞ্চলকরণ।

লাড়া, (প্রা) ছেদিতধান্যের অবশিষ্টঅংশ, বিচালীরগোড়া; স্থানান্তরকরণ, দোলান।

লাড়ু, (প্রা) মিষ্টদ্রব্যবিশেষ, লড্ডুক।

লাড়ুগোপাল, (প্রা) দেববিগ্রহবিশেষ।

লাত, (হি) পদাঘাত, চরণদ্বারাপ্রহার।

লাথী, (হি) পদাঘাত, চরণদ্বারাপ্রহার।

লাপ, পুং. [লপ্+অ] কথন, বাক্য, বচন।

লাপ্য, ত্রি. [লপ+য] কথনীয়, কথ্য, বক্তব্য।

লাফ, (প্রা) লম্ফ, উল্লম্ফ।

লাফান, (প্রা) লম্ফপ্রদান, উৎপ্লবন,

লাকানি (প্রা) লক্ষন, কঁদনি।

লাব, পুং.স্ত্রী; [লু+অ] পক্ষিবিশেষ, লাওয়া পাখী।

লাবক, পুং. [লু+অক] লাবপক্ষী, লাওয়া, পাখী, তৎপর্য্যায়।—লঘুজঙ্গল।

লাবণ, ত্রি. [লবণ+অ] লবণদ্বারাসংস্কৃত, লবণযুক্ত।

লাবণিক, ত্রি. [লবণ+ইক] লবণদ্বারাসংস্কৃত, লবণযুক্ত; লবণসম্বন্ধীয়; (পুং.) লবণবিক্রেতা; (ন.) লবণপাত্র।

লাবণ্য, ন. [লবণ+য] লবণত্ব, লবণরস; সৌন্দর্য্য বিশেষ, কান্তি।

লাবণ্যযুক্ত, ত্রি. [লাবণ্য+যুক্ত] শ্রীযুক্ত, সৌন্দর্য্যান্বিত, শোভান্বিত।

লাবণ্যরহিত, ত্রি. [লাবণ্য+রহিত] কান্তিহীন শ্রীহীন, শোভারহিত।

লাবণ্যার্জ্জিত, ন. [লাবণ্য+অর্জ্জিত] বিবাহকালীন শ্বশুরের দত্তধন।

লাবা, স্ত্রী. [লু+অ-আ] পক্ষিবিশেষ, লাওয়াপাখী, তৎপর্য্যায়।—লাবক, লাব, লব।

লাবু, স্ত্রী. [লু+উ] অলাবু, তুম্বী, লাউ।

লাবূ, স্ত্রী. [লূ+ঊ] অলাবু, তুম্বী, লাউ

লাভ, পুং. [লভ্+অ] মূলধনহইতে অধিক বাণিজ্যদ্বারা উপার্জ্জিত ধন, তৎপর্য্যায়।—ফল, লভ্য, বৃদ্ধি, প্রাপ্তি।

লাভকর, ত্রি. [লাভ+কর] লভ্যজনক, ফলজনক।

লাভভুক্, পুং. [লাভ+ভুজ্] বৃদ্ধিজীবী, উত্তমর্ণ, মহাজন।

লাভাকাঙ্ক্ষা, স্ত্রী. [লাভ+আকাঙ্ক্ষা] লভ্যকরিবার আশয়, লাভের ইচ্ছা

লাভানর্হ, ত্রি. [লাভ+অনর্হ] লাভের অযোগ্য।

লাভালাভ, পুং. [লাভ+অলাভ] ফলাফল, প্রাপ্তি অপ্রাপ্তি।

লাভ্য, ন. [লাভ+য] লাভ।

লামজ্জক, ন.[লা+মজ্জ+ক] বীরণমূল,বেণার মূল, (ইহার পর্য্যায় উশীর শব্দে দেখ) পর্য্যায়।—সুনাল, অমৃণাল, লব, লঘু, ইষ্টিকাপথিক, শীঘ্র, দীর্ঘমূল, জলাশয়।

লাম্পট্য, ন. [লম্পট+য] লম্পটতা, কামুকতা, লোচ্চামী। [বর্ণ।

লাল, (প্রা) মুখামৃত, লালা, থুথু, (বাং) রক্তবর্ণ।

লালচ (প্রা) অতিশয়স্পৃহা, লাভেচ্ছা; লোভ।

লালচিয়া, (প্রা) অত্যন্তলোভী, লিপ্সু।

লালন, ন. [লল+অন] অত্যন্তস্নেহকরণ, প্রেমপূর্ব্বক বালকের আদর করণ, পালন, সোহাগ।

লালনটিয়া, (প্রা) রাঙ্গানটিয়া শাক।

লালসা, পুং.স্ত্রী. [ললস্+আ] মহাভিলাস, লিপ্সা; ঔৎসুক্য, যাচ্ঞা; দোহদ, গর্ব্ভচিহ্ন; লোচ, চঞ্চল; লোভ; আশা।

লালসীক, ন. [লালস+ঈক] পিচ্ছল, পিছল পেছলা; লোভী, আকাঙ্ক্ষী।

লালা, স্ত্রী. [লাল+অ-আ] মুখজাত জল, লাল, তৎপর্য্যায়।—সৃবকা, স্যনিন্দিনী, দ্রাবিকা, সুণীকা, মুখস্রাব।

লালাটিক, ত্রি. [ললাট+ইক] প্রভুরলাভদর্শী; প্রভুরভাবদর্শী; কার্য্যাক্ষম; ললাট সম্বন্ধীয়; (পুং.) অন্বেষণ বিশেষ, অদৃষ্টদর্শী, দৈবপরায়ণ; ললাটভূষণ।

লালাবিষ, পুং [লালা+বিষ] লূতাদি, মাকড়সাদি।

লালামেহ, পুং. [লালা+মেহ] প্রমেহবিশেষ, ধাতুক্ষরণ।

লালায়িত, ত্রি; [লালায়+ইত] লালাবিশিষ্ট, কাতর; পরিখা, বেষ্টন।

লালাস্রাব, পুং. [লালা+স্রাব] উর্ণনাভলূতা, মাকড়শা।

লালিক, পুং. [লাল+ইক] মহিষ, লুলাপ,।

লালিত, ত্রি, [লাল+ইত] প্রতিপালিত, পালনকরা। [সুরলতা।

লালিত্য, ন. [লালিত+য] কোমলতা, মৃদুতা,

লালী, ত্রি. [লাল+ইন্] চাটূক্তি; (পুং.) প্রলোভক; (স্ত্রী.) পুংশ্চলী, ব্যভি-

লালী, (গ্রা) রক্তবর্ণতা, রাঙ্গা।

লালুক, (গ্রা) বাঞ্ছান্বিত, লোভী।

লালুকা, স্ত্রী. [লল+উকা] কণ্ঠভূষণবিশেষ, হার।

লাস, পুং. [লস্+অ] নৃত্যমাত্র; স্ত্রীলোকের নৃত্য; যূষ, মুগাদির রস, ঝোল,।

লাসক, ন. [লস+অক] মট্টক, ঘরের মট্কা; (পুং.) লাস্যকারী; ময়ূর; লর্সক; বেষ্ট।

লাসকা, স্ত্রী. [লাসক+আ] নর্ত্তকী, নৃত্যকারিণী।

লাসকী, স্ত্রী. [লাসক+ঈ] নর্ত্তকী, নৃত্যকারিণী।

লাসিকা, স্ত্রী. [লস+ইকা-আ] নর্ত্তকী, নৃত্যকারিণী।

লাস্ফোটনী, স্ত্রী. [লাস্+ফোটনী] আস্ফোটনী, বেধনিকা।

লাস্য ন, [লস্+য] নৃত্য; তৌর্য্যত্রিক, নৃত্যগীতবাদিত্র; ভাবাশ্রয়নৃত্য; তাললয়াশ্রয়নৃত্য; স্ত্রীনৃত্য; (পুং.) নর্ত্তক, নট।

লাস্যক, ন. [লাস্য+ক] নৃত্য, নাচ।

লাস্যা, স্ত্রী. [লস্+য-আ] নর্ত্তকী, নৃত্যকারিণী।

লাহা, (গ্রা) জতু, জৌ, লা; পদবীবিশেষ।

লাক্ষকী, স্ত্রী. [লক্ষ+ক-ঈ] সীতা, জানকী।

লাক্ষণিক, পুং. [লক্ষণা+ইক] লক্ষণাদ্বারা, অর্থপ্রতিপাদক শব্দ।

লাক্ষা, স্ত্রী. [লাক্ষ+অ-আ] রক্তবর্ণ বৃক্ষনির্য্যাসবিশেষ, লাহা, লা, তৎপর্য্যায়।—রাক্ষাজতু, যাব, অলক্ত, দ্রুমাময়, খদিরিকা, রক্তা, রঙ্গমাতা, পলঙ্কষা, দ্রুমিহা, দ্রুমব্যাধি, অলক্তক, পলাশী, মুদ্রিণী, দীপ্তি, জন্তুকা, গন্ধমাদিনী, নীলা, দ্রবরসা, পিত্তারি।

লাক্ষাতরু, পুং, [লাক্ষা+তরু] পলাশ বৃক্ষ।

লাক্ষাতৈল, ন. [লাক্ষা+তৈল] পক্কতৈলবিশেষ, লাক্ষাদিতৈল, তদ্দ্বিবিধং যথা, স্বল্প ও বৃহৎ।

লাক্ষাপ্রসাদ, পুং. [লাক্ষা+প্রসাদ] পট্টিকা লোধ্র,

লাক্ষাপ্রসাদন, পুং [লাক্ষা+প্রসাদন] রক্তলোধ্র, তৎপর্য্যায়।—ক্রমুক, পট্টিকা, পট্টী।

লাক্ষাবৃক্ষ, পুং. [লাক্ষা+বৃক্ষ] কোশাম্র; পলাশবৃক্ষ।

লিকুচ, ন. [লকুচ+ই] চুক্র, (পুং.) লকুচ, ডহু, ডেহুয়া।

লিক্ষা, স্ত্রী. [লিক্ষ+আ] লিক্ষা, যূকাণ্ড, ক্ষুদ্রউকুন, নিকি।

লিখ, পুং. [লিখ্+অ] লেখন, লিপি, লেখা।

লিখন, ন. [লিখ্+অন] লেখন, লিপি, লেখা; চিত্রকরণ।

লিখিত, ন. [লিখ+ইত] লিপি; লেখন, লেখা; (ত্রি.) লিখিত পত্রাদি; চিত্রিত; (পুং.) মুনিবিশেষ। [লেখনার্হ।

লিখিতব্য, ত্রি. [লিখ্+ই-তব্য] লেখনীয়,

লিখ্যা, স্ত্রী, [লিখ+য-আ] পরিমাণবিশেষ।

লিগা (গ্রা) অক্ষদণ্ড, গাড়িরচাকার আল।

লিগু, ন. [লিগ্+উ] মনঃ, অন্তঃকরণ; (পুং.) মূর্খ; পৃথিবীর একদেশ; মৃগ।

লিঙ্গ, ন. [লিগ্+অ] চিহ্ন; অনুমান; সাংখ্যদর্শনোক্ত প্রকৃতি; শিবমূর্ত্তিবিশেষ; ব্যাপ্য; ব্যক্ত; পুংস্ত্বাদি; সামর্থ্য; কারণ; শেফ, তৎপর্য্যায়।—শিশ্ন, স্মরস্তম্ভ, উপস্থ, মদনাঙ্কুশ, কন্দর্পমুষল, শেফ, মেহন, শেফঃ, মেঢ্র, লাংগু, ধ্বজ, রাগলতা, বাঙ্গ, লাঙ্গুল, সাধন, সেফ, কামাঙ্কুশ, উপক্রমের উপসংহার।

লিঙ্গক, পুং. [লিঙ্গ+ক] কপিত্থবৃক্ষ, কতবেলেরগাছ।

লিঙ্গবর্দ্ধ, পুং. [লিঙ্গ+বর্দ্ধ] কপিত্থবৃক্ষ; কতবেলের গাছ; উপস্থবৃদ্ধিকরণ।

লিঙ্গবর্দ্ধন, ন, [লিঙ্গ+বর্দ্ধন] কপিত্থবৃক্ষ, কতবেলেরগাছ; উপস্থবৃদ্ধিকরণ।

লিঙ্গবর্দ্ধিনী, স্ত্রী. [লিঙ্গ+বর্দ্ধন-ই] অপামার্গ, আপাংগাছ।

লিঙ্গবৃত্তি, পুং. [লিঙ্গ+বৃত্তি] জীবিকার্থ জটাদি চিহ্নধারী, তৎপর্য্যায়।—ধর্ম্ম-

লিঙ্গবেষ, পুং. [লিঙ্গ+বেষ] শৈবদিগের পরিচ্ছদবিশেষ।

লিঙ্গার্চ্চক, পুং. [লিঙ্গ+অর্চ্চক] শিবপূজক।

লিঙ্গালিকা, স্ত্রী. [লিঙ্গ+অলিক-আ] ক্ষুদ্র মূষিক, নিংটিয়া ইন্দুর, তৎপর্য্যায়।—দীনা।

লিঙ্গিনী, স্ত্রী. [লিঙ্গ+ইন্-ঈ] লতাবিশেষ, (হিং.) পঞ্চগুরিয়া, তৎপর্য্যায়।— বহুপত্রী, ঈশ্বরী, শিববল্লিকা, স্বয়ম্ভু, লিঙ্গসম্ভূতা, লৈঙ্গী, চিত্রফলা, চাণ্ডালী, লিঙ্গজা, দেবী, চণ্ডা, আপস্তম্বিনী, শিবজা, শিববল্লী।

লিঙ্গী, পুং. [লিঙ্গ+ইন্] হস্তী; ধর্ম্মধ্বজী, জীবিকার্থ জটাদি চিহ্নধারী।

লিপ, পুং [লিপ্+অ] লেপনকর্ত্তা।

লিপি, স্ত্রী. [লিপ্+ই] লিখিতবর্ণ, তৎপর্য্যায়।—লিখিত, অক্ষরসংস্থান, লিবি, লিখন, লেখন, অক্ষরবিন্যাস, লিপী, লিবী, অক্ষরনা, লিপিকা; লিখিত পুস্তকাদি; পঞ্চাশদ্বর্ণাত্মিকা মাতৃকা।

লিপিকর, পুং. [লিপি+কর] লেখক, লিপিকার; চিত্রকার।

লিপিকা, স্ত্রী. [লিপি+ক-আ] লিপি, লিখিত বর্ণ, লেখন।

লিপিকার, পুং. [লিপি+কার] লেখক, লিপিকার; চিত্রকর।

লিপিজ্ঞ, ত্রি. [লিপি+জ্ঞা-অ] অক্ষরচঞ্চু, লিখন পঠন জ্ঞাতা

লিপিবৃত্তি, স্ত্রী. [লিপি+বৃত্তি] লেখা ব্যবসা; লেখক; লিখনদ্বারা জীবিকাকারী।

লিপিব্যবসা, স্ত্রী. [লিপি+ব্যবসা] লিখনবৃত্তি; লিখনদ্বারাজীবিকাকারী।

লিপিস, (গ্রা) লেখন সাধনবস্তু- লিখিবার দ্রব্য সামগ্রী।

লিপিসজ্জা, স্ত্রী. [লিপি+সজ্জা] লিখনসাধন দ্রব্যাদি। [লেখন।

লিপী, স্ত্রী. [লিপ্+ই-ঈ] লিপি, লিখিত বর্ণ,

লিপ্ত, ত্রি. [লিপ্+ত] ভক্ষিত; কৃতলেপন, তৎপর্য্যায়।—দিগ্ধ, বিলিম্পিত, চর্চ্চিত; মিলিত, যুক্ত; বিষদিগ্ধ।

লিপ্তক, ত্রি. [লিপ্ত+ক] বিষাক্তবাণ, বিষযুক্ত শর। [পদ।

লিপ্তপা (গ্রা) হংস, হাঁস; জালপাদ, সংযুক্ত

লিপ্তিকা, ত্রি. [লিপ্ত+ইক-আ] দণ্ড।

লিপ্সা, স্ত্রী. [লভ্+স-আ] ইচ্ছা, অভিলাস, বাঞ্ছা, লাভেচ্ছা, প্রাপ্তীচ্ছা।

লিপ্সিত, ত্রি. [লিপ্স+ইত] বাঞ্ছিত, অভিলষিত।

লিপ্সু, ত্রি. [লিভ্+স-উ] লাভেচ্ছুক, তৎপর্য্যায়।—গৃধ্নু, গর্দ্ধন, তৃষ্ণক্, লুব্ধ, অভিলাসুক, লোলুপ, লোলুভ।

লিম্প, পুং [লিম্প্+অ] লেপনকর্ত্তা, লেপক, লেপকারী।

লিম্পট, পুং. [লিম্প্+অট] শিড়্গ, লম্পট, উপপতি, লোচ্চা।

লিম্পাক, ন. [লিম্প্+আক] নিম্বুকবিশেষ, পাতিনেবু; (পুং.) জম্বীর, জামীর, নেবু; খর, গর্দ্দভ, গাদা।

লিবি, স্ত্রী. [লিপ্+ই] লিপি, লেখন; লিখিত পত্রাদি।

লিবিকর, পুং. [লিবি+কর] লিপিকর, লিপিকার, লেখক।

লিবিঙ্কর, পুং. [লিবি+কর] লিপিকার, লেখক চিত্রকার।

লিবী, স্ত্রী. [লিপ্+ই-ঈ] লিপি, লেখন; লিখিত পত্রাদি।

লিম্ব, পুং. [লিম্ব্+ব] নর্ত্তক, নৃত্যকারক।

লিক্ষা, স্ত্রী. [লিক্ষ্+অ-আ] যূকাণ্ড, লিকি, উকুনের ডিম, তৎপর্য্যায়।—লিক্কা, লীক্ষা, লীক্কা, লিক্ষিকা; পরিমাণবিশেষ।

লীক্কা, স্ত্রী. [লিক্ক+আ] লিক্ষা, যূকাণ্ড, লিকি, উকুনেরডিম।

লীঢ়, ত্রি. [লিহ্+ত] আস্বাদিত, লেহনকরা, চাটা; ভক্ষিত।

লীন, ত্রি. [লী+ত] লয়প্রাপ্ত, শ্লিষ্ট, মিলিত; মিশ্রিত; অন্তর্হিত

লীলা, স্ত্রী. [লী+ল-আ] কেলি; ক্রীড়া, খেলা; বিলাস; শৃঙ্গারভাব চেষ্টা; শোভা; প্রিয়ব্যক্তির সমাগমন লাভ না পাইয়া

স্বচিত্তবিনোদনার্থ তাহার বেশ গতি দৃষ্ট্যাদির অনুকরণদ্বারা চিত্তেরপ্রফুল্লতা করণ।

লীলাবতী, স্ত্রী. [লীলা+বত্-ঈ] কেলিযুক্ত বিলাসবতী; শৃঙ্গার ভাব চেষ্টান্বিতা; খেলাবিশিষ্টা; ভাস্করাচার্য্যেরকন্যা ও তন্নামাঙ্কিত অঙ্কগণিত গ্রন্থ; বেশ্যাবিশেষ; ন্যায়গ্রন্থবিশেষ।

লীলাসম্বরণ, ন. [লীলা+সম্বরণ] কেলিসম্বরণ, বিলাসনিবৃত্তি; মৃত্যু।

লীলোদ্যান, ন. [লীলা+উদ্যান] দেববন, দেবতাদিগের উপবন।

লীক্ষা, স্ত্রী. [লীক্ষ+আ] লিক্ষা, যূকাণ্ড, নিকি।

লুয়ারি, (প্রা) লবলীবৃক্ষ, লোয়াড়িগাছ।

লুই (প্রা) পশুলোম নির্ম্মিত শীতবস্ত্রবিশেষ।

লুক্, পুং. [লুচ+ক্বিপ] লোপ, বস্তুরনাশ।

লুকন, (প্রা) গোপন, প্রচ্ছন্ন ভাবে স্থিতিকরণ; পলায়ন।

লুকান, (প্রা) প্রচ্ছাদিত করণ, ছাপান, ঢাকন।

লুক্কায়িত, ত্রি. [লুক্কায়+ইত] অন্তর্হিত, প্রচ্ছন্ন, লুকান। [লেবু।

লুঙ্গুষ, পুং. [লুক্+উষ] ছোলঙ্গ, টাবা-

লুঙ্গা স্ত্রী. [লুঙ্গ+ঈ] স্ত্রীলোকের বিচিত্রবস্ত্র বিশেষ।

লুচি, (প্রা) পুরী, ঘৃতপক্ক গোধূম চূর্ণ চক্রাকার পিষ্টক বিশেষ।

লুট, (প্রা) বলপূর্ব্বক অপহরণ, অপহার।

লুটন, (প্রা) অপহরণ, অপব্যয়, উড়ান।

লুটিয়ারা (প্রা) দস্যু, লুঠকারক।

লুটী, (প্রা) বর্ত্তুলাকার করা বস্ত্রাদি; গোল, ডেলা।

লুঠ, (প্রা) লুণ্ঠন, অপহরণ, কাড়িয়া লওন।

লুঠন, ন. [লুঠ্+অন] ভূমিতে অশ্বের পুনঃ২ শ্রমোপহনন, লোটা, গড়াগড়ি, তৎপর্য্যায়।—বেল্লন; বলপূর্ব্বক দ্রব্যাপহরণ

লুঠি, (প্রা) চৌর্য্যবৃত্তি করণ; বলপূর্ব্বক

ত, ত্রি. [লুঠ্+ইত] বারম্বার ভূমিতে পতিত; শ্রমশান্তিরনিমিত্ত পুনঃ পুনঃ ভূমিতে ঘূর্ণিত অশ্ব, তৎপর্য্যায়।—উপাবৃত্ত, বেল্লিত, অপাবৃত্ত, পরাবৃত্ত।

লুঠেরা (প্রা) দস্যু লুঠকারক।

লুড়ী (প্রা) ক্ষুদ্র প্রস্তরখণ্ড, ক্ষুদ্র প্রস্তর।

লুনিয়া (প্রা) শাকবিশেষ, গেরিশাক, লুনিশাক; লবণ বিক্রেতা; লবণ প্রস্তুত কারক, সলঙ্গী।

লুন্টক, পুং. [লুট্+অক] শাকবিশেষ, নটাশাক, তৎপর্য্যায়।—মারিষ।

লুন্টা, স্ত্রী. [লুট্+অ-আ] লুঠন, অশ্বের ভূমিতে পুনঃ২ পতন। [দস্যু।

লুন্টাক, পুং. [লুন্ট+আক] চৌর, তস্কর,

লুন্টাকী, স্ত্রী. [লুন্ট+আক-ঈ] চৌরাস্ত্রী, চৌরের পত্নী

লুণ্ঠক, ত্রি. [লুঠ্+অক] স্তেয়কারক, বলদ্বারা অপহারক, লুঠেরা

লুণ্ঠন, ন. [লুণ্ঠ+অন] লুঠন, লোটা, গড়াগড়ি দেওয়া; বলপূর্ব্ব অপহরণকরা।

লুণ্ঠা. স্ত্রী. [লুণ্ঠ+অ-আ] লুঠন, লোট, গড়াগড়ি দেওয়া; বলপূর্ব্বক অপহরণ।

লুণ্ঠাক, পুং. [লুণ্ঠ+আক] কাক, বায়স।

লুণ্ঠী, স্ত্রী. [লুণ্ঠ+ঈ] লুঠন, লোটা।

লুণ্ডিকা, স্ত্রী. [লুণ্ড+ইক-আ] ন্যায়সারিণী; একত্র বেষ্টিত মেষ লোমাদি, লুড়ি, লুটি।

লুণ্ডী, স্ত্রী. [লুড়+অ-ঈ] ন্যায়সারিণী।

লুপ্, পুং. [লুপ+ক্বিপ] লোপ, ধ্বংস, নাশ

, ন. [লুপ+ত] চৌর্য্যধন, অপহৃতধন; (ত্রি.) লোপবতি, নষ্ট।

লুপ্তপিণ্ডোদকক্রিয়া, ত্রি. [লুপ্ত+পিণ্ড+উদক+ক্রিয়া] পিণ্ডদানাদি ক্রিয়ালুপ্ত।

লুপ্তোপমা. স্ত্রী. [লুপ্ত+উপমা] কাব্যালঙ্কার বিশেষ।

লুফন, (প্রা) হস্তদ্বারা উৎক্ষিপ্ত বস্তুধারণ।

লুব্ধ, পুং. [লুভ+ত] ব্যাধ, শিকারী; লম্পট; লোভী; নক্ষত্রবিশেষ; (ত্রি.) আকাঙ্ক্ষী, তৎপর্য্যায়।—গৃধ্নু, গর্দ্ধন, অভি-

লুব্ধক, পুং. [লুব্ধ+ক] ব্যাধ, চণ্ডাল; লম্পট কামুক।

লুভিত, ত্রি. [লুভ্+ইত] বিমোহিত; আকাঙ্ক্ষিত। [বাহ।

লুলাপ, পুং. [লুল+আপ] মহিষ, কাসর,

লুলাপকন্দ, পুং. [লুলাপ+কন্দ] মহিষকন্দ।

লুলাপকান্তা, স্ত্রী. [লুলাপ+কান্তা] মহিষী, স্ত্রীমহিষ। [রম্য।

লুলিত, ত্রি. [লুল+ইত] আন্দোলিত, কম্পিত;

লুষভ, পুং. [লুষ+ভ] মত্তহস্তী, মাতওয়ালা হাতী।

লূতা, স্ত্রী. [লূ+ত-আ] কীট বিশেষ, মাকড়শা, তৎপর্য্যায়।—তন্তুবায়, উর্ণনাভ, মর্কটক, মর্কট, লুতিকা, উর্ণনাভি, শনক তন্ত্রবায়; পিপীলিকা, পিপড়া; রোগবিশেষ, তৎপর্য্যায়।—মর্ম্মব্রণ, বৃদ্ধা; মৃত্যুপাশচ্ছেদি ঘৃত।

লূতাজাল, ন. [লূতা+জাল] মর্কটতন্তু, মাকড়শার জাল।

লূতাতন্তু, ন. [লূতা+তন্তু] মাকড়শার সুতা, মাকড়শার জাল।

লূতারি, পুং. [লূতা+অরি] দুগ্ধফেণীলতা।

লূতিকা, স্ত্রী. [লূতা+ইক-আ] মর্কটক, মাকড়শা।

লূন, ত্রি. [লূ+ত] ছিন্ন, কর্ত্তিত, কাটা।

লূনক, পুং. [লূন+ক] ভেদিত, বিদ্ধ, পশু,

লূনি, স্ত্রী. [লূ+নি] ছেদ, কাটা।

লূম, ন. [লূ+ম] লাঙ্গুল, পুচ্ছ, ল্যাজ; রাগিণীবিশেষ

লূমবিষ, পুং. [লূম+বিষ] বৃশ্চিকাদি কীট।

লেংট, (প্রা) উলঙ্গ, নগ্ন, বিবস্ত্র।

লেংটা, (প্রা) ক্ষুদ্রইন্দুর; লেংট্যাইন্দুর।

লেই, (প্রা) মণ্ড, মাড়, কাই।

লেওড়া, (প্রা) উপস্থ, লিঙ্গ।

লেখ, পুং. [লিখ্+অ] দেব, দেবতা; লেখ্য, লিপি, পত্র; (স্ত্রী.) রেখা; কলা; লিখন; ; স্থল।

লেখক, পুং. [লিখ্+অক] লেখনকর্ত্তা, তৎ-চুঞ্চু, বোলক, কয়ক, মসীপণ্য করগ্রণী, বর্ণী।

লেখন, ন. [লিখ্+অন] ছর্দ্দন; ভূর্জ্জত্বক্, ভূর্জপত্র; অক্ষরবিন্যাস, লিপিকরণ; লেখমাঞ্জন; চিত্রকরণ; (পুং.) কাশ. দীপ্তি; (স্ত্রী.) তুলী; কলম।

লেখনিক, পুং. [লেখন্+ইক] লেখহারক, লিপিবাহক; অপরহস্তেন লেখক; স্ব-হস্তেন লেখক।

লেখনী, স্ত্রী. [লিখ্+অন-ঈ] লেখন সাধন বস্তু, তৎপর্য্যায়।—বর্ণতুলিকা, বর্ণতুলী, কলম, অক্ষরতুলিকা, করাগ্রয়, চিত্রক।

লেখনীয়, ত্রি. [লিখ্+অনীয়] লেখ্য, লেখিতব্য, লিখিবার বিষয়।

লেখর্ষভ, পুং. [লেখ+ঋষভ] ইন্দ্র, সুরপতি, দেবরাজ।

লেখহার, পুং· [লেখ+হার] পত্রবাহক, লিপিবাহক।

লেখহারক, পুং. [লেখ+হারক] পত্রবাহক, লিপিবাহক।

লেখা, স্ত্রী. [লিখ+অ-আ] লিপি, পত্র; পংক্তি, লিখিত, লিখন।

লেখাজোখা, (প্রা) হিসাব বহি, নিদর্শন পত্র; লিখনাদির যুক্তি।

লেখাপড়া, (প্রা) লিখন পড়ন।

লেখার্হ্য, পুং. [লেখ+অর্হ্য] শ্রীতালবৃক্ষ; (ত্রি.) লেখন যোগ্য। [লেখ্য।

লেখিত, ত্রি. [লিখ্+ত] লিখিত, লিপিবদ্ধ,

লেখ্য, ত্রি. [লিখ্+য] লেখিতব্য, লেখনীয়, লেখন যোগ্য; (ন.) অক্ষর; লিখিত পত্রাদি বা চিত্রাদি; দলিল দস্তাবেজ

লেখ্যচূর্ণিকা, স্ত্রী. [লেখ্য+চূর্ণিকা] তুলিকা, তুলী; লেখনী, কলম।

লেখ্যপত্র, পুং. [লেখ্য+পত্র] তালবৃক্ষ; (ন.) লেখনীয়পত্র, তালপত্র।

লেখ্যপত্রক, ন. [লেখ্য+পত্রক] তালপত্র, তালপাতা; লেখনোপযোগ্য পত্রমাত্র।

লেখ্যস্থান, ন. [লেখ্য+স্থান] লিখনস্থল, আফিস, দপ্তরখানা তৎপর্য্যায়।—গ্রন্থ-কুটী

লেঙ্গড়া, (প্রা) খঞ্জ, পদবিকল, খোঁড়া।

লেজুল (প্রা) লাঙ্গুল, পুচ্ছ, লেজ।

লেজ (প্রা) পুচ্ছ, ল্যাজ।

লেঠা (প্রা) উৎপাত; ঝঞ্ঝাট; গোলযোগ; মৎস্যবিশেষ, ল্যাঠামাচ।

লেণ্ড, ন. [লেণ্ড+অ] গূথ, পুরীষ, ন্যাড়।

লেডা (প্রা) কেশহীন; গৌরাঙ্গের ভক্ত বিশেষ।

লেপ, পুং. [লিপ্+অ] লেপন, ম্রক্ষণ; ভোজন, ভক্ষ্য; (ন.) প্রলেপ, লেপনসাধন বস্তু; সুধা, চূণ।

লেপক, পুং. [লিপ্+অক] জাতিবিশেষ, রাজমিস্ত্রী, থৈকর, তৎপর্য্যায়।—পলগণ্ড, লেপী, লেপ্যকৃৎ।

লেপন, ন. [লিপ্+অন] লেপ, লেপা। (পুং.) তুরুষ্কনামক গন্ধদ্রব্য বিশেষ।

লেপা, (প্রা) ম্রক্ষিত, মাখা, লিপ্ত।

লেপাপোঁছা, (প্রা) পরিষ্কৃত, পরিচ্ছন্ন, নিকান; চুনকাম করা।

লেপিত, ত্রি. [লিপ্+ইত] লেপা, ম্রক্ষিত, মাখান।

লেপী, পুং. [লিপ্+ইন্] লেপক, লেপনকারক, রাজ, থৈকর; (ত্রি.) লেপনকর্ত্তা; স্থপতি; লেপনবিশিষ্ট

লেপ্য, ত্রি. [লিপ্+য] লেপনীয়, লেপ্তব্য, লেপন যোগ্য।

লেপ্যকৃৎ, পুং. [লেপ্য+কৃৎ] লেপক, লেপনকারক।

লেপ্যময়ী, স্ত্রী. [লেপ্য+ময়-ঈ] কাষ্ঠাদি; ঘটিত পুত্তলিকা, তৎপর্য্যায়।—অঞ্জলি, কারিকা।

লেপ্যস্ত্রী, স্ত্রী. [লেপ্য+স্ত্রী] সুগন্ধিদ্রব্যলিপ্তাস্ত্রী।

লেফাফা, (বাং) পত্রাদির আবরক কাগজ বিশেষ, মোড়ক।

লেবু, (প্রা) জম্বীর, জামীর, নেবু।

লেম (প্রা) সংসর্গ, সংস্রব, এলাকা।

লেয়, পুং. [লী+অ] সিংহরাশি।

লেলান, (প্রা) জন্তুধারণার্থ কুকুরাদি নিযো-

লেলিহান, পুং. [লেলিহ+আন] শিব, মহাদেব; সর্প; (ত্রি.) বারম্বার লেহন কর্ত্তা।

লেলিহানা, স্ত্রী. [লেলিহ+আন-আ] মুদ্রাবিশেষ, পূজাদিতে করণীয়া মুদ্রা।

লেশ, পুং. [লিশ্+অ] কণা, বিন্দু; কিঞ্চিৎ, অল্প। [ঢেলা, ঢিল।

লেষ্টু, পুং. [লিশ্+তু] লোষ্ট্র, মৃত্তিকাপিণ্ড,

লেষ্টুঘ্ন, [লেষ্টু+ঘ্ন] লোষ্ট্রভেদন, লোষ্ট্রভঙ্গসাধন মুদ্গর, ঢেলাভাঙ্গা মুগুর।

লেষ্টুভেদন, পুং. [লেষ্টু+ভেদন] লোষ্ট্রভঙ্গ সাধন মুদ্গর; মই, তৎপর্য্যায়।—কোটিশ, কোটীশ, লেষ্টুঘ্ন, লেষ্টুভেদী, চূর্ণদণ্ড।

লেসিক, পুং. [লেস+ইক] হস্ত্যারোহক, হাতির চড়নদার, তৎপর্য্যায়।—কটিরোহক।

লেহ, পুং. [লিহ্+অ] আহার, ভক্ষণ,আস্বাদন, ভক্ষ্য, খাদ্য, তৎপর্য্যায়।—স্বাদন, রসন, স্বদন, স্বদি।

লেহন, ন. [লিহ্+অন] জিহ্বাদ্বারা রসগ্রহণ, চাটন, তৎপর্য্যায়।—জিহ্বাস্বাদ।

লেহ্ই, (প্রা) লেই, মণ্ড, ক্লাই।

লেহালি, পুং. [লেহ+আলি] মুদ্গরাকার লৌহপিণ্ড বিশেষ

লেহিন, পুং. [লিহ্+ইন] টঙ্কন,টাঙিপ্রভৃতি প্রস্তরাদি ভেদন অস্ত্র।

লেহ্য ন. [লিহ্+য] অমৃত, সুধা; (ত্রি.) লেহনীয়, আস্বাদ্য, চাটিবার যোগ্য।

লৈঙ্গ, ন.[লিঙ্গ+অ]লিঙ্গপুরাণ; লিঙ্গসম্বন্ধীয়।

লৈঙ্গী, স্ত্রী. [লিঙ্গ+অ-ঈ] লতাবিশেষ, লিঙ্গিনী, (হিং.) পঞ্চগুরিয়া; (ত্রি.) লিঙ্গসম্বন্ধীয়।

লোক, পুং. [লোক্+অ] ভুবন, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল; সপ্তলোক নামানি যথা। ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জনঃ, তপঃ, সত্য; জন, ব্যক্তি; দৃষ্টি; সমূহ।

লোককান্তা, স্ত্রী. [লোক+কান্ত-আ] ঋদ্ধিনামক ঔষধবিশেষ।

লোকচক্ষুঃ, পুং. [লোক+চক্ষুস্] সূর্য্য; সমস্ত

লোকজিৎ, পুং. [লোক+জিৎ] অবতার বিশেষ; বুদ্ধ।

লোকতঃ, ত্রি. [লোক+তস্] ইহলোকে, সর্ব্বজন সমক্ষে।

লোকতুষার, পুং. [লোক+তুষার,] কর্পূর।

লোকত্রয়, ন. [লোক+ত্রয়] স্বর্গ-মর্ত্ত-পাতাল। [দেখন।

লোকন, ন. [লোক+অন] দর্শন, ঈক্ষণ,

লোকনাথ, পুং. [লোক+নাথ] বুদ্ধ; ব্রহ্মা; বিষ্ণু; শিব; রাজা।

লোকনীয়, ত্রি. [লোক+অনীয়] দর্শনীয়, ঈক্ষণীয়, দর্শন যোগ্য।

লোকপাল, পুং. [লোক+পাল] রাজা; দিক্‌পাল, যথা।—ইন্দ্র, অগ্নি, যম, নির্ঋতি, বরুণ, বায়ু, কুবের, শঙ্কর।

লোকবাদ, পুং. [লোক+বাদ] জনরব, জনশ্রুতি

লোকবান্ধব, পুং. [লোক+বান্ধব] সূর্য্য, রবি, দিনকর।

লোকবাহ্য, পুং. [লোক+বাহ্য] সর্ব্বাচার বর্জ্জিত, সমস্ত আচার বিহীন, লোকবহির্ভূত, যথেষ্টাচারী।

লোকবিনায়ক, পুং. [লোক+বিনায়ক] গ্রহবিশেষ।

লোকবিশ্রুতি, স্ত্রী. [লোক+বিশ্রুতি] কিম্বদন্তী, জনশ্রুতি, জনরব।

লোকভয়, ন. [লোক+ভয়] লোকলজ্জা, লোককৃত অপবাদ শঙ্কা।

লোকমাতা, স্ত্রী. [লোক+মাতৃ] লক্ষ্মী, কমলা, রমা, নারায়ণ পত্নী।

লোকযাত্রা, স্ত্রী. [লোক+যাত্রা] সংসারযাত্রা, জীবনযাত্রা; পর্ব্বউপলক্ষে বহুলোকাগত।

লোকরঞ্জন, ন. [লোক+রঞ্জন] লোকপ্রীতে জনপ্রিয়তা। [লোকবান্ধব।

লোকলোচন, পুং. [লোক+লোচন] সূর্য্য,

লোকান্তর, ন. [লোক+অন্তর] অমূত্র, পরলোক; মৃত্যু, মরণ; অন্যব্যক্তি।

লোকাপবাদ, পুং. [লোক+অপবাদ] লোককৃত তিরস্কার, জনসমক্ষে নিন্দা।

লোকায়ত, ন. [লোক+আয়ত] তর্কবিশেষ, চার্ব্বাকশাস্ত্র, নাস্তিকমত।

লোকায়তিক, পুং. [লোকায়ত+ইক] চার্ব্বাক, নাস্তিক; (ত্রি.) নাস্তিকমতাবলম্বী।

লোকারণ্য, ন. [লোক+অরণ্য] জনতা, লোকসমূহ, বহুব্যক্তির সমাগম।

লোকালয়, পুং. [লোক+আলয়] জনস্থান, লোকদিগের বাসস্থান।

লোকালোক, পুং. [লোক+আলোক] স্বনামখ্যাত পর্ব্বত, সূর্য্যকিরণে একদিকে আলোক ও তদভাবে অন্যদিকে অন্ধকারময় ব্রহ্মাণ্ড বেষ্টনপর্ব্বত, তৎপর্য্যায়।—চক্রবাড়।

লোকেশ, পুং. [লোক+ঈশ] ব্রহ্মা, প্রজাপতি; বুদ্ধবিশেষ; পারদ, পারা।

লোকেশ্বর, পুং. [লোক+ঈশ্বর] বুদ্ধবিশেষ; ভবনাধিপতি; জনেশ, রাজা।

লোকেশ্বরাত্মজা, স্ত্রী. [লোক+ঈশ্বর+আত্মজা] বুদ্ধশক্তিবিশেষ, তৎপর্য্যায়।—তারা, মহাশ্রী. ওঙ্কারা, স্বাহা, শ্রী, মনোরমা, তারিণী. জয়া, অনন্তা, শিবা, খদুরবাসিনী, ভদ্রা, বৈশ্যা, নীলসরস্বতী, শঙ্খিনী, মহাতারা, বসুধারা, ধনন্দদা, ত্রিলোচনা, লোচনা।

লোচ, ন. [লোচ্+অ] অশ্রু, নেত্রজল।

লোচক, পুং. [লোচ+অক] মাংসপিণ্ড; অক্ষিতারকা, চক্ষুরতারা; কজ্জল; স্ত্রীলোকের ললাটভূষণ; কদলী; নীলবস্ত্র; নির্ব্বুদ্ধি; কর্ণপুর; মূর্ব্বী; জ্রদেশের ললিতচর্ম্ম; নির্ম্মোক।

লোচন, ন. [লোচ্+অন] চক্ষু, নেত্র, নয়ন।

লোচনহিতা, স্ত্রী; [লোচন+হিত-আ] তুথাঞ্জন।

লোচনহীন, ত্রি. [লোচন+হীন] চক্ষুরহিত, নেত্রবিহীন, অন্ধ। [বিশেষ।

লোচনা, স্ত্রী [লোচ্+অন-আ] বুদ্ধশক্তি-

লোচনাময়, পুং. [লোচন+আময়] চক্ষুরোগবিশেষ, তৎপর্য্যায়।—অভিষন্দ।

লোচনী, স্ত্রী. [লোচ+অন-ঈ] মহাশ্রাব-

লোচমর্কট, পুং. [লোচ+মর্কট] লোচমস্তক, ময়ূরশিখা ঔষধ, রুদ্রজটা।

লোচমস্তক, পুং. [লোচ+মস্তক] ময়ূরশিখা-নামে ঔষধ, রুদ্রজটা, তৎপর্য্যায়।—খরাশ্বা, কারবী, দীপ্যা, ময়ূর, লোচ-মর্কট।

লোচিকা, স্ত্রী. [লোচ+ইক-আ] দধিঘৃত মর্দ্দিত উষ্ণোদক সহিত দলিত মণ্ডলা-কার নির্ম্মিত ঘৃতভৃষ্ট সমিতা, লুচি।

লোচ্চা, (প্রা) লম্পট, কামুক।

লোচ্চামী, (প্রা) লম্পটতা কামুকতা।

লোটন, (প্রা) বলপূর্ব্বক পরস্বাপহরণ; অবলুণ্ঠন, পারাবত বিশেষ; বদ্ধকেশ।

লোটা, (প্রা) ধাতুনির্ম্মিত জলপাত্রবিশেষ; ঘটি; লুণ্ঠিত, অবনত।

লোটান, (প্রা) অবলুণ্ঠন; দোলন, ঝুঁলন; ব্যয়করণ।

লোটুল, পুং. [লোট্+উল] অভিলোটক।

লোড়া, (প্রা) [পেশনশিলা, শিলাপুত্র।

লোণ, ন. [লু+ণ] লবণ, ক্ষার।

লোণতৃণ, ন. [লোণ+তৃণ] লবণতৃণ, লোণা-ঘাস।

লোণা, স্ত্রী. [লু+অন-আ] ফলবিশেষ, ক্ষুদ্রা-ম্লিকা; লবণাক্ত।

লোণার, ন. [লোণ+অর] ক্ষারবিশেষ, লবণ বিশেষ, তৎপর্য্যায়।—লবণোত্থ, লবণা-করজ, লবণমদ, জলজ, লবণক্ষার, লবণ।

লোণাম্লা, স্ত্রী. [লোণ+অম্ল-আ] ফল-বিশেষ, ক্ষুদ্রাম্লিকা

লোত, ন. লূ+ত] স্তেয়ধন, তৎপর্য্যায়।—লোপ্ত্র, লোপ্ত্রী, লোত্র, লুম্প; (পুং.ন.) নেত্রাম্বু, চক্ষুরজল, লবণ; অশ্রুপাত; চক্ষুরজলপতন; চিহ্ন।

লোত্র, ন. [লূ+ত্র] লোত, স্তেয়ধন, চোরা-মাল; নেত্রজল

লোধ, পুং; [লুধ্+অ] স্বনামখ্যাত রক্তবর্ণ বৃক্ষবিশেষ, রক্তলোধগাছ, তৎপর্য্যায়। তিরীট, মার্জন, রক্ত, লোধ্র, তিল্বক; লোধগাছ, তৎপর্য্যায়।—শুক্ল, শবর-লোধ্র, মহালোধ্র, শাবর।

লোধ্র, পুং. [লুধ্+র] লোধবৃক্ষ, লোধগাছ, তৎপর্য্যায়।—পালব, সারব, তিরিট, তিল্ব, মাজ্জন, রোধ্র, তিল্লতরু, তিল্লক, কাণ্ডীফল, লোধ্রকবৃক্ষ, শম্বর, হস্তিরো-ধক, তিলক, কাণ্ডনীলক, হেমপুষ্পক, তিল্লী, শাবরক

লোধ্রকবৃক্ষ, পুং. [লোধ্রক+বৃক্ষ] লোধ-গাছ।

লোপ, পুং. [লুপ্+অ] ছেদ, অপচয়, ভ্রংশ; আকুলীভাব; বর্ণহীন।

লোপা, স্ত্রী. [লুপ্+অ-আ] অগস্ত্যমুনি-পত্নী।

লোপাক, পুং. [লোপা+ক] শৃগাল, শিবা, শিয়াল। [শিবা।

লোপাপক, পুং. [লোপ+আপক] শৃগাল,

লোপাপিকা, স্ত্রী. [লোপাপিক+আ] শৃগালী, স্ত্রীশিয়াল।

লোপামুদ্রা, স্ত্রী. [লোপা+মুদ্রা] অগস্ত্য-মুনিভার্য্যা।

লোপামুদ্রাপতি, পুং· [লোপামুদ্রা+পতি] অগস্ত্যমুনি।

লোপাশক, পুং. [লোপ+অশক] শৃগাল, শিয়াল।

লোপাশিকা, স্ত্রী. [লোপাশ+ইক-আ] শৃগালী, স্ত্রীশিয়াল।

লোপ্ত্র, ন. [লুপ্+ত্র] স্তেয়ধন, লোত, চোরা-মাল।

লোপ্ত্রী, স্ত্রী. [লুপ্+ত্র-ঈ] লোপ্ত্র, স্তেয়ধন, চোরসামগ্রী, চোরামাল।

লোপ্য, ত্রি. [লুপ+য] নাশ্য, ধ্বংসযোগ্য।

লোফন, (প্রা) উৎক্ষিপ্ত দ্রব্য ধারণ, ঊর্দ্ধে-ক্ষিপবস্তুর গ্রহণ।

লোভ, পুং. [লুভ+অ] আকাঙ্ক্ষা, পরদ্রব্যা-ভিলাষ, তৎপর্য্যায়।—তৃষ্ণা, লিপ্সা, বশ, স্পৃহা, কাঙ্ক্ষা, শংসা, গর্দ্ধ, বাঞ্ছা, ইচ্ছা, তুট্, মনোরথ, কাম, অভিলাষ।

লোভনীয়, ত্রি. [লুভ+অনীয়] লোভজনক,

লোভা, (প্রা) লুব্ধ, লোলুপ, লোভযুক্ত।

লোভান, (প্রা) লোভদেখান, প্রবৃত্তিজন্মান।

লোভান্বিত, ত্রি. [লোভ+অন্বিত] লোভবিশিষ্ট, লুব্ধ, লোভী।

লোভানর্হ, ত্রি. [লোভ+অনর্হ] লোভের অযোগ্য।

লোভিত, ত্রি. [লুভ+ত] লুব্ধ, লোভযুক্ত।

লোভী, ত্রি. [লোভ+ইন্] লোভযুক্ত, লোভ বিশিষ্ট, তৎপর্য্যায়।—গৃধ্নু, গর্দ্ধন, লুব্ধ, অভিলাষুক, তৃষ্ণক, লোলুপ, লোলুভ, লিপ্সু।

লোভ্য, পুং. [লুভ+য] মুদ্গ, মুগ, (ত্রি.) লোভনীয়, বাঞ্ছনীয়

লোভ্যমান, ত্রি. [লুভ্+য-মান] আকৃষ্যমাণ, যে লুব্ধহয়, যাহাকে লুব্ধ করা যায়।

লোম, ন. [লূ+মন্] লাঙ্গুল, পুচ্ছ, শরীরস্থ কেশ, তৎপর্য্যায়।—তনূরুহ, তনূরুট্।

লোমকরণী, স্ত্রী. [লোমন্+করণী] মাংসচ্ছদা, মাংসরোহিণী।

লোমকর্ণ, পুং. [লোমন্+কর্ণ] শশক, শজারু (ত্রি.) লোমযুক্ত কর্ণবিশিষ্ট।

লোমকূপ, পুং. [লোমন্+কূপ] লোমচ্ছিদ্র, রোমকূপ।

লোমঘ্ন, ন. [লোমন্+ঘ্ন] ইন্দ্রলুপ্তক, টাক; (ত্রি.) লোমঘাতক।

লোমপাদ, পুং. [লোমন্+পাদ] অঙ্গদেশীয় রাজা বিশেষ, ঋষ্যশৃঙ্গ মুনির শ্বশুর।

লোমপাদপুঃ-পুরী, স্ত্রী. [লোমপাদ+পুর্-পুরী] পুরীবিশেষ, ভাগলপুর, তৎপর্য্যায়।—চম্পা, মালিনী, কর্ণপুঃ।

লোমফল, ন. [লোমন্+ফল] ভব্য, চালতা।

লোমবিষ, পুং. [লোমন্+বিষ] ব্যাঘ্রাদি।

লোমশ, পুং. [লোমন্+শ] স্বনামখ্যাত মুনিবিশেষ, মেষ, (ত্রি.) অতিশয় লোমবিশিষ্ট।

লোমশকাণ্ডা, স্ত্রী. [লোমশ+কাণ্ড-আ] কর্কটী, কাকুড়।

লোমশপর্ণী, স্ত্রী. [লোমশ+পর্ণ+ইন্-ঈ] মাষপর্ণী, বনমাষ, মাষাণী।

লোমশপুষ্পক, পুং. [লোমশ+পুষ্পক] শিরীষবৃক্ষ

লোমশমার্জ্জার, পুং. [লোমশ+মার্জ্জার] মার্জ্জারবিশেষ, গন্ধগকুল, তৎপর্য্যায়।—পূতিক, মারজাতক, সুগন্ধী, মূত্রপাতন, গন্ধমার্জ্জারক।

লোমশা, স্ত্রী. [লোম+শ-আ] কাকজঙ্ঘা-মাংসী; বচা; শূকশিম্বি; মহামাদা, কাসীস; শাকিনীবিশেষ; অতিবলা; শণপুষ্পী; এর্ব্বারু; গন্ধমাংসী

লোমশ্রেণী, স্ত্রী. [লোমন্+শ্রেণী] লোমাবলী, রোমপংক্তি।

লোমসাতন, ন. [লোমন্+সাতন] লোমপাতন, লোমোৎপাটন।

লোমহর্ষণ, ন. [লোমন্+হর্ষণ] রোমাঞ্চ, লোমশিহরণ; (পুং.) সূত, পুরাণবক্তা, ব্যাসশিষ্য।

লোমহৃৎ, পুং. [লোমন্+হৃৎ] হরিতাল, লোমহারা।

লোমাঞ্চ, পুং. [লোমন্+অঞ্চ] রোমাঞ্চ, লোমশিহরণ, গাত্রে কাঁটাদেওয়া।

লোমাঞ্চিত, ত্রি. [লোমন্+অঞ্চিত] রোমাঞ্চযুক্ত, রোমাঞ্চিত, পুলকিত।

লোমাবলি, স্ত্রী. [লোমন্+আবলি] লোমশ্রেণী, রোমপংক্তি।

লোমালিকা, স্ত্রী. [লোমন+আলিক-আ] শৃগালিকা, উল্কামুখী, খেঁকশিয়ালী।

লোল, ত্রি. [লুল্+অ] চঞ্চল, অস্থির; সাকাঙ্ক্ষ, সস্পৃহলোলক, (প্রা) নাসিকাভরণ বিশেষ, নলক।

লোলা, স্ত্রী. [লুল+অ-আ] জিহ্বা; লক্ষ্মী; চঞ্চলাস্ত্রী।

লোলায়মান, ত্রি. [লোলায়+আন] দোলায়মান, ঝুলান।

লোলার্ক, পুং. [লোল+অর্ক] সূর্য্য, ভাস্কর, ভানু।

লোলিকা, স্ত্রী. [লোল+ইক-আ] চাঙ্গেরী, অম্ললোণিকা, আমরুলশাক।

লোলিত, ত্রি. [লোল+ইত] শ্লথ, ঝোলা; চঞ্চল, কম্পমান।

লোলুপ, ত্রি. [লো-লুপ্+অ] অতিলুব্ধ,অতি-লোভী; অভিলাষী, ইচ্ছুক, আসক্ত।

লোলুপতা, [লোলুপ+ত-আ] লুব্ধতা, লোভ, স্পৃহা।

লোলুব, ত্রি. [লো-লূ+অ] ছেদিত।

লোলুভ, ত্রি. [লো-লুভ+অ] লোলুপ।

লোষ্ট, ন. [লোষ্ট+অ] লৌহমল, মণ্ডুর, লেষ্টু; লোহারমরিচা; (পুং.ন.) মৃত্তিকা-খণ্ড, ডেলা, ঢিল, তৎপর্য্যায়।—লেষ্টু, লোষ্টু, দলি, লোষ্ট্র।

লোষ্টঘ্ন, পুং. [লোষ্ট+ঘ্ন] লেষ্টুভেদন, লোষ্টভঙ্গ সাধন মুদ্গারবিশেষ, ডেলা-ভাঙ্গা মুগুর।

লোষ্টভেদন, পুং. [লোষ্ট+ভেদন] লো-ষ্টঘ্ন, ডেলাভাঙ্গা মুগুর।

লোষ্টমর্দ্দী, ত্রি. [লোষ্ট+মর্দ্দিন্] লোষ্টভঙ্গ-কারক। [ঢিল, ডেলা]

লোষ্টু, পুং. [লোষ্ট+উ] লোষ্ট, মৃৎখণ্ড,

লোষ্ট্র, পুং. ন, [লোষ্ট্+র] মৃত্তিকাখণ্ড, ঢিল, ডেলা; লৌহমল, লোহারমরিচা।

লোহ, ন. [লুহ্+অ] অগুরু; (পুং.ন.) লৌহ; জোঙ্গক; সর্ব্ব তৈজস; রুধির; মুণ্ড লোহ, তৎপর্য্যায়।—মুণ্ড, মুণ্ডায়স, দৃষৎসার, শিলাত্মজ, অশ্মজ, কৃষিলোহ, আর, কৃষ্ণায়স; তীক্ষ্ণলোহ, তৎপর্য্যায়। তীক্ষ্ণ, শস্ত্রায়স, শস্ত্র, পিণ্ড, পিণ্ডায়স, শঠ, আয়স, নিশিত, তীব্র, খড়্গ, মুণ্ডজ, অয়ঃ, চিত্রায়স, চীনজ।

লোহকণ্টক, পুং. [লোহ+কণ্টক] মদনবৃক্ষ, ময়নাগাছ; লৌহময়কণ্টক।

লোহকান্ত, ন. [লোহ+কান্ত] অয়স্কান্ত,চুম্বুক পাতর।

লোহকার, পুং. [লোহ+কার] লৌহকারক, কর্ম্মকার, কামার।

লোহকারক, পুং. [লোহ+কারক] বর্ণসং-কর জাতিবিশেষ, কর্ম্মকার, কামার, তৎপর্য্যায়।—ব্যোকার, লোহাকার, অয়স্কার, কর্ম্মারি।

লোহকিট্ট, ন. [লোহ+কিট্ট] লোহমল, লোহার মরিচা, তৎপর্য্যায়।—কিট্ট, লোহচূর্ণ, অয়োমল, লোহজ, কৃষ্ণচূর্ণ লোষ্ট।

লোহচূর্ণ, ন. [লোহ+চূর্ণ] লোহকিট্ট, লোহ মল, লোহার মরিচা।

লোহজ, ন. [লোহ+জন্-অ] লোহকিট্ট, লোহমল, লোহারমরিচা,কাংস্য, কাঁসা।

লোহজিৎ, পুং. [লোহ+জিৎ] হীরক, হীরা।

লোহজীবী, পুং. [লোহ+জীবিন্] টঙ্কণ, সোহাগা; কামার।

লোহদারক, ন. [লোহ+দারক]নরকবিশেষ।

লোহদ্রাবী, পুং. [লোহ+দ্রাবিন্] টঙ্কণ, সোহাগা।

লোহনাল, পুং. [লোহ+নাল] লোহময়-অস্ত্রবিশেষ, নারাচ।

লোহপৃষ্ঠ, পুং. [লোহ+পৃষ্ঠ] কঙ্কপক্ষী, কাঁক; (ত্রি.) লৌহময় পৃষ্ঠযুক্ত।

লোহপ্রতিমা, স্ত্রী. [লোহ+প্রতিমা] লোহ-ময়ীপ্রতিমূর্ত্তি, লোহারপ্রতিমা, তৎ-পর্য্যায়।—সূর্ম্মী, স্থূণা, শূর্ম্মী, শূর্ম্মি, শূর্ম্ম, শূর্ম্মিকা।

লোহবর, ন. [লোহ+বর] স্বর্ণ, হেম, কাঞ্চন, সোণা।

লোহময়, ত্রি. [লোহ+ময়] লোহাত্মক, লোহনির্ম্মিত, লৌহদ্বারাপ্রস্তুত

লোহমারক, পুং. [লোহ+মারক] শালিঞ্চ-শাক।

লোহরাজক, ন. [লোহ+রাজক] রৌপ্য, রজত, রূপা।

লোহল, পুং. [লোহ+ল] শৃঙ্খলাচার্য্য; (ত্রি) অব্যক্তবাক্, অস্পষ্টবাক্য, লোহগ্রা-হক। [সোহাগা।

লোহশ্লেষণ, পুং. [লোহ+শ্লেষণ] টঙ্কণ,

লোহসঙ্কর, ন. [লোহ+সঙ্কর] বর্ত্তলোহ; মিশ্রিত তৈজস, মিসানধাতু

লোহা, (প্রা) ধাতুবিশেষ, লৌহ, অয়ঃ।

লোহাখ্য, ন. [লোহ+আখ্য] অগুরুচন্দন।

লোহাভিসার, পুং. [লোহ+অভিসার] লোহাভিহার, শস্ত্রধারী রাজাদিগের নীরাজনাবিধি।

লোহাভিহার, পুং. [লোহ+অভিহার] লোহাভিসার, শস্ত্রধারী রাজাদিগের নীরাজনাবিধি।

লোহামিষ, ন. [লোহ+আমিষ] ছাগমাংস।

লোহার, (প্রা) লৌহকার, কর্ম্মকার, কামার।

লোহার্গল, পুং. [লোহ+অর্গল] তীর্থবিশেষ; (ন.স্ত্রী.) লৌহকীলক, লোহারখিল। [সোরা।

লোহি, ন. [লোহ+ই] শ্বেতটঙ্কণ, সাদা-

লোহিকা, স্ত্রী. [লোহ+ইক-আ] লৌহপাত্র, তৎপর্য্যায়।—খরসোদ্দ. খরপাত্র।

লোহিত, ন. [লোহ+ইত] রক্তগোশীর্ষ; কুঙ্কুম; রক্তচন্দন; পত্তঙ্গ; হরিচন্দন; তৃণকুঙ্কুম; রুধির; যুদ্ধ; (পুং.) নদবিশেষ; ভৌম, মঙ্গলগ্রহ; রক্তবর্ণ; রোহিতমৎস্য; মৃগবিশেষ; সর্প; সুরান্তর; মসুর, রক্তালু, রাঙ্গাআলু; রক্তশালি; রাঙ্গাধান; বলবিশেষ; রাঙ্গা,বং; (ত্রি.) রক্তবর্ণযুক্ত।

লোহিতক, ন. [লোহিত+ক] রীতি; (পুং) মঙ্গলগ্রহ; পদ্মরাগ মণি।

লোহিতচন্দন, ন. [লোহিত+চন্দন] কুঙ্কুম; রক্তচন্দন।

লোহিতনয়ন, ন. [লোহিত+নয়ন] রক্তবর্ণ চক্ষু; প্রচণ্ড, ভয়ঙ্কর।

লোহিতপুষ্পক, পুং, [লোহিত+পুষ্পক] দাড়িমবৃক্ষ, ডালিমগাছ।

লোহিতমুখ, ন. [লোহিত+মুখ] রক্তবর্ণবদন, রাঙ্গামুখ।

লোহিতমৃত্তিকা, স্ত্রী. [লোহিত+মৃত্তিকা] গৈরিক, গেরীমাটি; রক্তবর্ণ মৃত্তিকা।

লোহিতলোচন, ত্রি. [লোহিত+লোচন] রক্তবর্ণচক্ষুঃ যুক্ত; ক্রোধান্বিত।

লোহিতা, স্ত্রী. [লোহিত+আ] রাগাদিদ্বারা রক্তবর্ণা; বরাহক্রান্তা; রক্তপুনর্ণবাশাক।

লোহিতাঙ্গ, পুং. [লোহিত+অঙ্গ] মঙ্গলগ্রহ; কম্পিল্লক; রক্তবর্ণশরীর।

লোহিতানন, ন. [লোহিত+আনন] নকুল, বেজী; (ত্রি.) রক্তবর্ণমুখ।

লোহিতায়ঃ, ন. [লোহিত+অয়স্] তাম্র, তামা।

লোহিতায়স, ন. [লোহিত+অয়স] রক্তবর্ণ লোহজাতি।

লোহিতাক্ষ, পুং. [লোহিত+অক্ষিন্-অ] বিষ্ণু; কোকিল; (ত্রি.) রক্তবর্ণচক্ষুঃযুক্ত।

লোহিনী, স্ত্রী. [লোহিত+ইন্-ঈ] রক্তবর্ণাস্ত্রী। [সোণা।

লোহোত্তম, ন. [লোহ+উত্তম] স্বর্ণ, কাঞ্চন,

লৌ, (প্রা) লৌহ; ঔষধবিশেষ।

লৌকায়তিক, পুং. [লোকায়ত+ইক] তার্কিক বিশেষ; চার্ব্বাকশাস্ত্রবেত্তা।

লৌকিক, ত্রি. [লোক+ইক] লোকব্যবহারসিদ্ধ, লোকাচার; লোকসম্বন্ধীয়, মানুষিক।

লৌকিকতা, স্ত্রী. [লৌকিক+ত-আ] লোকব্যবহারসিদ্ধত্ব, লোকাচারিতা, সমাজের ব্যবহার।

লৌকিকত্ব, ন. [লৌকিক+ত্ব] লোকব্যবহার সিদ্ধ, লোকাচার।

লৌকিকাগ্নি, পুং. [লৌকিক+অগ্নি] অসংস্কৃতাগ্নি।

লৌচি, (প্রা) বাঁটুল, ভাঁটা, গেণ্ডুক।

লৌল্য, ন. [লোল+য] চাঞ্চল্য; স্পৃহা, লোভ।

লৌহ, পুং. [লোহ+অ] ধাতুবিশেষ, লোহা; পঞ্চবিধলৌহ যথা।—কাঞ্চি, পাণ্ডি, কান্ত, কালিঙ্গ, বজ্রক, অস্যত্রয়োদশবিধ সংস্কারা যথা।—শালিমর্দ্দন, উদ্বর্ত্তন, অম্লভাবন, আতপশোষ, নিষেক, মারণ, দলন, ক্ষালন, সূর্য্যপাক, স্থালীপাক, চূর্ণন, পুটপাক, পাকনিষ্পন্ন; ঔষধবিশেষ।

লৌহকার পুং, [লৌহ+কৃ-অ] কর্ম্মকার, লোহার, কামার।

লৌহকারক, পুং. [লৌহ+কারক] কর্ম্মকার, কামার, লোহার। [বিশেষ।

লৌহচারক, পুং. [লৌহ+চারক] নরক-

লৌহজ, ন. [লৌহ+জন্‌-অ] মণ্ডূর, লোহ-কিট্ট, লোহারমলা।

লৌহভাণ্ড, পুং. [লৌহ+ভাণ্ড] অশ্মভাল, হামানদিস্তা; (ন.) লৌহনির্ম্মিতভাণ্ড।

লৌহভূ, স্ত্রী. [লৌহ+ভূ] লৌহপাত্রবিশেষ, কঠিনী।

লৌহময়, ত্রি. [লৌহ+ময়] লৌহদ্বারানির্ম্মিত; লৌহস্বরূপ, লৌহত্বপ্রাপ্ত।

লৌহমল, ন. [লৌহ+মল] লোহমল, লৌহ-কিট্ট, লোহারমড়িচা।

লৌহশঙ্কু, পুং, [লৌহ+শঙ্কু] নরকবিশেষ; লৌহনির্ম্মিতকীলক, লোহারখিল।

লৌহা, স্ত্রী. [লোহ+অ-আ] লৌহভূ, লৌহনির্ম্মিত পাত্র।

লৌহাত্মা, স্ত্রী. [লৌহ+আত্মন্‌-আ] লৌহব, লৌহনির্ম্মিত পাত্র।

লৌহিত, পুং, [লোহিত+অ] লোহিত, শোণিত; (ত্রি.) লোহিত সম্বন্ধীয়।

লৌহিতীক, পুং. [লোহিত+ঈক] লোহিত বর্ণতুল্য, রক্তবর্ণ সদৃশ।

লৌহিত্য, ন. [লোহিত+য] লোহিতত্ব, রক্তত্তা, (পুং. নদবিশেষ, ব্রহ্মপুত্রনদ; সাগর।

শ

শকার, ব্যঞ্জন বর্ণের ত্রিংশদ্বর্ণ, ইহার উচ্চারণ স্থান তালু, ইত্যর্থে ইহাকে তালব্য শকার কহে; তন্নামানি যথা।—সব্য; কামরূপী; কামরূপ; মহামতি; সৌখ্য; নামন্; কুমার; অগ্নি; শ্রীকণ্ঠ; শিব; বৃষঘ্ন; শয়ন; শান্তা; সুভগা; বিস্ফুলিঙ্গিনী মৃত্যু; দেব; মহালক্ষ্মী; মহেন্দ্র; কুলকৌলিনী; বাহু; হংস; আকাশ; বজ্র; হৃদয়; কামদেব; অঙ্কুশ; খল; বামউরু; পুণ্ডরীক; আত্মা; কান্তি; কল্যাণ। [শস্ত্র।

ন. শুভ, কল্যাণ, মঙ্গল; (পুং) শিব; ব্য. [শম্] কল্যাণ; শুভ, শান্ত্র।

শংব, পুং. [শম্‌+ব] মুষলাগ্রস্থিত লৌহ-মণ্ডল; বজ্র, অশনি, (ত্রি.) শুভান্বিত, কল্যাণযুক্ত।

শংবর, ন. [শম্‌+বৃ-অ] জল, সলিল, পানীয় নীর, অমৃত, বন। [যুক্ত।

শংযু, ত্রি. [শম্‌+যু] শুভান্বিত, কল্যাণ-

শংসন, ন. [শংস্‌+অন্] কথন, সূচন।

শংসা, স্ত্রী. [শংস+অ-আ] বাক্য; বাঞ্ছা; প্রশংসা।

শংসিত, ত্রি. [শংস্‌+ইত] নিশ্চিত, হিংসিত; স্তুত; কথিত। [রক।

শংসী, ত্রি. [শংস্‌+ইন্] সূচক, জ্ঞাপনকা-

শংস্তা, পুং. [শংস্‌+তৃ] স্তোতা, স্তাবক, স্তবকর্ত্তা; হোতা। [যুক্ত।

শংস্থ, ত্রি. [শম্‌+স্থা-অ] শুভান্বিত, কল্যাণ

শংস্থা. পুং. স্ত্রী. [শম্‌+স্থা] শুভান্বিতা, কল্যাণযুক্তা।

শংস্য, ত্রি. [শংস্‌+য] হিংস্য; স্তুত্য, প্রশংসনীয়; কথনীয়, কথ্য।

শক, পুং. [শক্‌+অ] ম্লেচ্ছ-জাতিবিশেষ; দেশবিশেষ; নৃপবিশেষ, শালিবাহন রাজা; অব্দপ্রবর্ত্তক রাজা; অব্দ; শকদেশীয় লোক, তুরুস্কী।

শকট, পুং. ন. [শক্‌+অট] যানবিশেষ, গাড়ী তৎপর্য্যায়।—অনঃ, অক্ষ; বিষ্ণুবধ্য অসুরবিশেষ; দ্বিসহস্রপলপরিমাণ, তৎপর্য্যায়।—ভার, আচিত, শাকটীন, শলাট; তিনিশবৃক্ষ। [ডাকপাখী।

শাকটীন, পুং. [শকট+ঈন] বিংশতি তুলা পরিমাণ, তৎপর্য্যায়।—ভার, আচিত, শকট, শলাট; (ত্রি.) শকটসম্বন্ধীয়।
শাকতরু, পুং. [শাক+তরু] শাকবৃক্ষ, (হিং) সাগৌন.
শাকপণ, পুং. [শাক+পণ] স্বল্পপরিমাণ।
শাকপত্র, পুং. [শাক+পত্র] শিগ্রু, শোভাঞ্জন, শজিনা।
শাকবালেয়, পুং. [শাক+বালেয়] ......।
শাকবিল্ব, পুং. [শাক+বিল্ব] বার্ত্তাকু,বেগুণ।
শাকবিল্বক, পুং. [শাক+বিল্বক] বার্ত্তাকু, বেগুণ।
শাকবীর, পুং. [শাক+বীর] বাস্তুকশাক, বেতোশাক; জীবশাক।
শাকবৃক্ষ, পুং. [শাক+বৃক্ষ] তরুবিশেষ, সেগোনগাছ।

শাকম্ভরী, স্ত্রী. [শাকং+ভর-ঈ] দুর্গা; নগর-বিশেষ, শাম্ভরী।

শাকম্ভরীয়, ন. [শাকম্ভর+ঈয়] অজমেরাখ্য দেশান্তর্গত শাম্ভরনগরীর জলাশয়বিশেষ হইতে উদ্ভব লবণ, শাম্ভরিলবণ, তৎপর্য্যায়।—কথিত কড়াখ্য, রোমক।

শাকযোগ্য, পুং. [শাক+যোগ্য] ধান্য, ধান। [শাক।

শাকরাজ, পুং. [শাক+রাজ] বাস্তুক, বেতো

শাকল, পুং. [শাকল+অ] নগরবিশেষ, তুরষ্কান্তঃপাতিনগর;শকলদ্বারা প্রোক্ত।

শাকলক, পুং. [শাকল+ক] শকলদ্বারা প্রোক্ত; নগরবিশেষ।

শাকলিক, ত্রি. [শকল+ইক] শকলসম্বন্ধীয়।

শাকশাকট, ন. [শাক+শাকট] শাকক্ষেত্র, শাকেরক্ষেত।

শাকশাকিন, ন. [শাক+শাকিন] শাকক্ষেত্র, শাকের ক্ষেত।

শাকশ্রেষ্ঠ, পুং. [শাক+শ্রেষ্ঠ] বাস্তুকশাক, বেতোশাক।

শাকশ্রেষ্ঠা, স্ত্রী. [শাক+শ্রেষ্ঠা] জীবন্তীবৃক্ষ ডোডীকুপ; বার্ত্তাকু।

শাকা, স্ত্রী. [শাক+আ] হরীতকী।

শাকাখ্য ন. [শাক+আখ্য] পত্রপুষ্পাদি; (পুং.) শাকবৃক্ষ, সেগোনগাছ।

শাকাঙ্গ, ন. [শাক+অঙ্গ] কটুরসযুক্ত দ্রব্য-বিশেষ, মরিচ।

শাকাম্ল, ন. [শাক+অম্ল] বৃক্ষাম্ল।

শাকাম্লভেদন, ন. [শাকাম্ল+ভেদন] চুক্র, চুকাপালঙ্গ।

শাকালাবু, স্ত্রী. [শাক+অলাবু] রাজালাবু।

শাকাষ্টকা, স্ত্রী. [শাক+অষ্টকা] শাকোপকরণদ্বারা অষ্টমীর শ্রাদ্ধ

শাকিনী, স্ত্রী. [শাক+ইন্-ঈ] শাকযুক্তাভূমি; দুর্গার অনুচরীবিশেষ, স্ত্রীভূত শিরঃস্থিত নাড়ীবিশেষ।

শাকুন, ত্রি. দুঃখিত।

শাকুন, ত্রি. [শকুন+অ] পরোত্তাপী, পরের শ্রীকাতর; (পুং.) পক্ষপক্ষ্যাদিরূপ শকুনদ্বারা মনুষ্যের শুভাশুভ নির্ণায়কগ্রন্থ।

শাকুনিক, পুং. [শকুন+ইক] পক্ষিহন্তা, পাখিমারা, চিড়িমার, তৎপর্য্যায়।—জীবান্তক।

শাকুনেয়, পুং. [শকুন+এয়] ক্ষুদ্রোলূপক্ষী; (ত্রি.) শকুন সম্বন্ধীয়।

শাকুন্তলেয়, পুং. [শকুন্তলা+এয়] ভরতরাজা, দুষ্মন্তরাজপুত্র; (ত্রি.) শকুন্তলা সম্বন্ধীয়।

শাকুলিক, ত্রি. [শকুল+ইক] শকুল মৎস্য ঘাতী

শাকোট, পুং. [শাক+উট] বৃক্ষবিশেষ, শাওড়াগাছ।

শাক্কর, পুং. [শক্কর+অ] অনড্বান্, বৃষ, ষাঁড়।

শাক্ত, ত্রি. [শক্তি+অ] শক্তির উপাসক।

শাক্তীক, পুং. [শক্তি+ইক] শক্তিঅস্ত্রধারক, শক্তিহেতিক।

শাক্ত্য, ত্রি. [শক্তি+অ] শক্ত্যুপাসক, শাক্ত।

শাক্য, পুং. [শক+য] বুদ্ধ, বংশাবতীর্ণ বৌদ্ধমত প্রবর্ত্তক মুনি, তৎপর্য্যায়।—ঋজিৎ, শ্বেতকেতু, ধর্ম্মকেতু, মহামুনি, পঞ্চজ্ঞান, সর্ব্বদর্শী মহাবোধি, মহাবল, বহুক্ষম, ত্রিমূর্ত্তি, সিদ্ধার্থ, শক, পর্য্যায়ান্তরং গৌতম শব্দেদ্রষ্টব্যং।

শাক্যসিংহ, পুং. [শাক্য+সিংহ] শাক্যমুনি, বৌদ্ধমত প্রবর্ত্তক মুনি।

শাক্রী, স্ত্রী. [শক্র+অ-ঈ] দুর্গা; ইন্দ্রপত্নী।

শাখ, পুং. [শাখ্+অ] কার্ত্তিকেয়, ষড়ানন; ছিত্তি, করঞ্জবৃক্ষ।

শাখা, স্ত্রী. [শাখ+আ] বৃক্ষের অঙ্গবিশেষ, তৎপর্য্যায়।—লতা, লঙ্কা,শিখা; পক্ষান্তর; বাহু; বেদভাগ, বেদের অংশ; গ্রন্থবিশেষ; অন্তিক, সমীপ; একদেশ।

শাখাকণ্ট, পুং. [শাখা+কণ্ট] সুহীবৃক্ষ, মনসা, সিজ।

শাখানগর; ন. [শাখা+নগর] বৃহন্নগরের প্রান্তবর্ত্তি ক্ষুদ্রনগর।

শাখাপিত্ত, পুং. [শাখ+পিত্ত] করচরণের সমূহদাহন।

শাখাপুর, ন. [শাখা+পুর] শাখানগর, ক্ষুদ্র-নগর, উপপুর

শাখামৃগ, পুং. [শাখা+মৃগ] বানর, মর্কট, কপি।

শাখাম্লা, স্ত্রী. [শাখা+অম্ল-আ] বৃক্ষাম্লা, তিন্তিড়ী, তেঁতুল।

শাখারণ্ড. পুং. [শাখা+রণ্ড] স্বকীয়শাখা পরিত্যাগ করিয়া অন্য শাখা অধ্যয়ন কর্ত্তা, অন্য শাখক।

শাখারথ্যা, স্ত্রী. [শাখা+রথ্যা-আ] ষোড়শ হস্ত প্রস্থপথ, ষোলহাত পরিসর পথ।

শাখারস, পুং. [শাখা+রস] মকরন্দ, পুষ্পরস, মধু।

শাখাল, পুং. [শাখা+ল] বাণীরবৃক্ষ।

শাখাশিফা, স্ত্রী. [শাখা+শিফা]বটাদিবৃক্ষের শাখাসম্বন্ধি জটা, নাম্না; গুচ্চাদিলতা, তৎপর্য্যায়।—অবরোহ।

শাখী, পুং. [শাখা+ইন্] বৃক্ষ, তরু; বেদ; তুরুষ্কাখ্য জন; রাজাবিশেষ।

শাখোট, পুং. [শাখা+উট] বৃক্ষবিশেষ, শ্যাওড়া, তৎপর্য্যায়। পিশাচক্র, পীতফল, কর্কশচ্ছদ, ভূতবৃক্ষ. সকট, অক্ষধর, গবাক্ষী, ঘূকাবাস, রুক্ষপত্র, পীত, কৈশিক্যোজ, ক্ষীরনাশন।

শাখ্য, ত্রি. [শাখা+য] শাখা সম্বন্ধীয়।

শাক্কর, ন. [শক্কর+অ] ছন্দোবিশেষ, শাক্কর, শার্কর; (পুং.) বলীবর্দ্দ, বলদ; শক্করসম্বন্ধীয়।

শাক্করি, পুং. [শক্কর+ই] কার্ত্তিকেয়; গণেশ অগ্নি।

শাঙ্কুচী, স্ত্রী. [শঙ্কুচ+অ-ঈ] অঙ্কোচমৎস্য।

শাঙ্খ, ত্রি. [শঙ্খ+অ] শঙ্খসম্বন্ধি; স্মৃতিশাস্ত্র বিশেষ।

শাঁখিক, পুং. [শঙ্খ+ইক] বর্ণসঙ্কর জাতিবিশেষ, শাঁখারি, তৎপর্য্যায়।—কাম্বিক, শঙ্খকার, কাম্বজক, শঙ্খবাদক, তৎপর্য্যায়।—শঙ্খধ্মা।

শাঙ্গুষ্ঠা, স্ত্রী. [শাঙ্গুষ্ঠ+আ] গুঞ্জালতা, কুঁচ।

শাট, পুং. [শট+অ] পরিধেয় বস্ত্রবিশেষ।

শাটক, পুং.ন. [শট্+অক] পট, বস্ত্র; নাটকবিশেষ।

শাটিকা, স্ত্রী. [শট+ইক-আ] শাটী, স্ত্রীলোকের পরিধেয় বস্ত্র।

শাটী, স্ত্রী. [শট+অ-ঈ] বস্ত্রবিশেষ, শাড়ী-ধুতি।

শাট্টায়ন, ন. [শাট্ট+অয়ন] প্রধানকর্ম্মের বৈগুণ্যের প্রশমনের নিমিত্ত হোম; (পুং) মুনিবিশেষ, গৃহ্যসূত্রকার ঋষি।

শাঠ্য, [শঠ+য] শঠতা, ধূর্ত্ততা, তৎপর্য্যায়।—কপট, ব্যাজ, দম্ভ, ছদ্ম, কৈতব, কুসৃতি, নিকৃতি।

শাঠ্যাচরণ ন. [শাঠ্য+আচরণ] শঠতাচরণ, কাপট্যব্যবহার।

শাড়, (প্রা) শব্দ; স্পর্শজন্যবোধ; স্পন্দন।

শাড়, (প্রা) উত্তর; ধ্বনি; স্পন্দন।

শাড়ী, (প্রা) বস্ত্রবিশেষ, শাটী, স্ত্রীলোকের পরিধেয় বস্ত্র।

শাড্বল, পুং. [শাড্+বল] শাদ্বল, ঘাসদ্বারা হরিদ্বর্ণ স্থান।

শাণ, ন. [শণ+অ] শণনির্ম্মিতবস্ত্র, শণের সূতারকাপড; (পুং.) কষপট্টিকা, কষ্টিপাতর, তৎপর্য্যায়।—নিকষ, কষ, শান, নিকস, কস, আকস, পরিমাণ বিশেষ, চারিমাষা, তৎপর্য্যায়।—নিষ্ক, টঙ্ক, লৌহাদিরনিকষ, শাণপাতর; করপত্র, করাৎ; ইষ্টক নির্ম্মিত স্থান।

শাণন, (প্রা) অস্ত্রতীক্ষ্ণকরণ, ধারদেওন।

শাণাজীব, পুং. [শাণ+আজীব] অস্ত্রমার্জ্জক, অসিধাবক।

শাণি, পুং. [শণ+ই] পট্টবৃক্ষ, পাটেরগাছ।

শাণিত, ত্রি. [শাণ+ইত] তীক্ষ্ণীকৃত, নিশিত, কৃতশাণ, ধারাল, শাণদেওয়া।

শাণী, স্ত্রী. [শাণ+ঈ] শণসূত্রময়ীপট্টিকা; প্রাবরণান্তর, তাম্বু, কানাৎ; ছিদ্রবস্ত্র; হস্তকটাক্ষাদিসূচনা, (বাং) ইষারা।

শাণীর, ন. [শাণ+ঈর] শোণনদের মধ্যস্থ তট; দর্দ্দরী নদীরতট।

শাণ্ডিল্য, পুং. [শণ্ডিল+য] বিল্ববৃক্ষ; অগ্নিবিশেষ; মুনিবিশেষ, গোত্র ও ভক্তিসূত্রকার মুনি।

শান্ত, ন. [শো+ত] সুখ; (ত্রি.) সুখবিশিষ্ট;

কৃশ, ক্ষীণ, শরু; দুর্ব্বল; নিশিত, শাণিত; ধুস্তূর, ধুতুরা।

শাতকর্ণি, পুং. [শাত+কর্ণি] মুনিবিশেষ।

শাতকুম্ভ, ন. [শতকুম্ভ+অ] কাঞ্চন, সোণা ধুস্তূর, ধুতুরা; (পুং.) করবীরবৃক্ষ

শাতকৌম্ভ, ন. [শতকুম্ভ+অ] স্বর্ণ, সোণা।

শাতন, ন. [শত+অন] কার্শ্য, কৃষকরণ, চাঁচা; বিনাশন, পতন; পাতন; ছেদন।

শাতপত্রক, পুং. [শতপত্র+ক] চন্দ্রের-প্রকাশ; (স্ত্রী) কৌমুদী, চন্দ্রিকা।

শাতভীরু, পুং. [শাত+ভীরু] মল্লিকাবিশেষ, মদনমালী।

শাতমন্যব, ত্রি. [শতমন্যু+অ] শতমন্যু সম্বন্ধীয়।

শাতমান, ত্রি. [শাত+মান] একশত পরিমাণ ক্রীত।

শাতলা, স্ত্রী. [শাত+ল-আ]সাতলা, চর্ম্মকষা।

শাতশিখ, ত্রি. [শাত+শিখা] তীক্ষ্ণাগ্র, ছুঁচাল।

শাতোদরী, স্ত্রী. [শাত+উদর-ঈ] মন্দোদরী, ক্ষীণোদরী।

শাত্রব, ন. [শত্রু+অ] শত্রুভাব, শত্রুতা; শত্রুসমূহ, (পুং.) শত্রু, বৈরী; দ্বেষ।

শাত্রবাচরণ, ন. [শাত্রব+আচরণ] শত্রুতা-ব্যবহার, দ্বেষ।

শাদ, পুং. [শদ+অ] কর্দম, পঙ্ক, কাদা; শস্প, বালতৃণ, নূতনঘাস।

শাদহরিত, ত্রি. [শাদ+হরিত] শাদ্বল, নব-তৃণদ্বারা হরিদ্বর্ণ স্থান।

শাদা, (বাং) শ্বেতবর্ণ, শুক্লরং।

শাদাকাঙুর, (প্রা) বৃক্ষলতাবিশেষ।

শাদাকেঁউড়া, (প্রা) লতাবিশেষ।

শাদাতুতি, (প্রা) পক্ষীবিশেষ।

শাদাবুড়ি, (প্রা) লতাবৃক্ষবিশেষ।

শাদাছোলা, (প্রা) শাদাবুট।

শাদামটর, (প্রা) শুক্লবর্ণ কলাইবিশেষ।

শাদী, (বাং) পাণিগ্রহণ, পরিণয়, বিবাহ।

শাদ্বল, ত্রি. [শাদ+বল] নবতৃণ দ্বারা হরিদ্বর্ণ বহুলদেশ, নূতনঘাস দ্বারা সবুজবর্ণ স্থান।

শান, পুং. [শো+অন] শাণ, শণনির্ম্মিত বস্ত্র; কষপট্টিকা, কষ্টিপাতর; পরিমাণ বিশেষ, চারিমাষা; লৌহাদির নিকস, শাণপাতর, করপত্র, করাত।

শানক, (প্রা) মৃণ্ময় ভোজন পাত্রবিশেষ।

শানকী, (প্রা) মৃণ্ময় ভোজন পাত্রবিশেষ।

শানপাদ, পুং. [শান+পাদ] পর্ব্বতবিশেষ, পারিপাত্রপর্ব্বত; চন্দনঘর্ষণ পাষাণ, চন্দনপিড়ি। [চৌকীদার।

শানা, (প্রা) বস্ত্রনির্ম্মাণার্থ যন্ত্রবিশেষ, (প্রা)

শানী, স্ত্রী. [শান+ঈ] ইন্দ্রবারুণী লতা, রাখালশসা; বাদ্যযন্ত্রবিশেষ।

শান্ত, ত্রি. [শম্+ত] প্রাপ্তোপশম, শমগুণ বিশিষ্ট, তৎপর্য্যায়।—শমিত, শান্ত, জিতেন্দ্রিয়, শমান্বিত; শিষ্ট; নিবৃত্ত; সৌম্য; মৃত; (পুং.) অভিযুক্ত; রস-বিশেষ, কাব্যের নবরসের একরস।

শান্তং, অ. [শম্+তম্] বারণ, প্রতিষেধ, নিষেধ, নিবৃত্ত; শমতাপ্রাপ্ত।

শান্তচেতা, ত্রি. [শান্ত+চেতস্] স্থিরচিত্ত।

শান্তনব, পুং. [শান্তনু+অ] শান্তনুরাজার পুত্র, ভীষ্ম।

শান্তনু, পুং. [শাং+তনু] দ্বাপরযুগে চন্দ্র-বংশীয় নৃপবিশেষ, প্রতীপরাজারপুত্র, ভীষ্মেরপিতা, তৎপর্য্যায়।—মহাভীষ্ম, প্রাতীপ,প্রতীপ,প্রতিপ; কর্কটী,কাঁকুড়।

শান্তমল, ত্রি. [শান্ত+মল] নির্ম্মল,পরিষ্কৃত।

শান্তরয়, ত্রি. [শান্ত+রয়] শিথিল বেগ; মৃদুগমন।

শান্তবিবাদ, ত্রি. [শান্ত+বিবাদ] নিষ্কলহ, বিবাদরহিত। [শান্তচেতা।

শান্তাত্মা, ত্রি. [শান্ত+আত্মন্] স্থিরবুদ্ধি,

শান্তার্চ্চিঃ, ত্রি. [শান্ত+অর্চ্চিস্] নির্ব্বাপিত অগ্নি।

শান্তা, স্ত্রী. [শম+ত-আ] লোমপাদ রাজার কন্যা, ঋষ্যশৃঙ্গমুনির পত্নী; শমীবৃক্ষ, শাঁইগাছ, তৎপর্য্যায়—শুভা, ভদ্রা, অপরাজিতা, জয়া, বিজয়া।

শান্তি, স্ত্রী. [শম্+তি] কামক্রোধাদির উপ-শম, প্রশান্তি, চিত্তের উপশম্য বিষয়

হইতে ইন্দ্রিয় উপশম, তৎপর্য্যায়।—শমথ, শাম, প্রশম, উপশম, প্রশান্তি, তৃষ্ণাক্ষয়; ভদ্র; গোপীবিশেষ; দুর্গা; ধর্ম্মদ্বারা গ্রহাদির দৌষ্ট ও দুঃস্বপ্নাদি সূচিত ঐহিক অনিষ্টহেতু দুরিত নিবৃত্তি; সৌভাগ্য; মুক্তি; বিশ্রাম; বিধ্বংস; (পুং.) বৃত্তার্হদ্বিশেষ; জিনচক্রবর্ত্তিবিশেষ; দশমমন্বন্তরের ইন্দ্র।

শান্তিক, ত্রি. [শান্তি+ক] শান্তিকর, উপশমক।

শান্তিকর, ত্রি. [শান্তি+কর] মঙ্গলদায়ক, শমক।

শান্তিকাম, পুং. [শান্তি+কাম] শান্ত্যভিলাষী, গ্রহাদিদোষোপশমনেচ্ছু।

শান্তিগৃহ, ন. [শান্তি+গৃহ] শান্ত্যালয়, যজ্ঞান্তেশান্তিকুম্ভজল দ্বারা স্নানকরিবার গৃহ তৎপর্য্যায়।—আথর্ব্বণ।

শান্ত্যুদ, ন. [শান্তি+উদ] শান্তিজল।

শান্ত্ব, ন. [শান্ত্ব+অ] সান্ত্ব, অতিশয় মধুর, কর্ণ ও মনের প্রীতিজনক বাক্য।

শান্ত্বতি, স্ত্রী. [শান্ত্ব+তি] ব্রাহ্মণযষ্টিকা, বামনহাটীগাছ, শ্বায়

শাপ, পুং. [শপ+অ] আক্রোশ, তৎপর্য্যায়।—আকরুণি, অজীবনি, অজননী, অবগ্রহ, নিগ্রহ, অভিসম্পাত; দিব্য, তৎপর্য্যায়।—শপন, শপথ, মিথ্যানিরসন।

শাপগ্রস্ত, ত্রি. [শাপ+গ্রস্ত] অভিশপ্ত, মন্যুবিশিষ্ট, শাপযুক্ত।

শাপটিক, পুং. [শাপট+ইক] ময়ূর, শিখী।

শাপান্ত, ন. [শাপ+অন্ত] শাপ হইতে মুক্ত।

শাপাস্ত্র, পুং. [শাপ+অস্ত্র] মুনি, ঋষি, তাপস।

শাফরিক, পুং. [শফরী+ইক] পুঁটীমৎস্য ধারক পুঁটীমৎস্যধারী।

শাব, পুং. [শব+অ] শিশু, বৎস্য, বালক; (ত্রি.) শবসম্বন্ধীয়

শাবক, পুং. [শাব+ক] শিশু, বৎস্য, বালক।

শাবর, পুং. [শবর+অ] পাপ, অপরাধ; লোধ্রবৃক্ষ; শবরস্বামিকৃত ভাষ্যবিশেষ; শিবকৃত তন্ত্রবিশেষ; (ত্রি) ব্যাধসম্বন্ধীয়; মৃগচর্ম্ম নির্ম্মিত শয্যা।

শাবরভেদাখ্য, ন. [শাবর+ভেদ+আখ্য] তাম্র, তামা, তাঁবা।

শাবরী, স্ত্রী. [শবর+অ-ঈ] শূকশিম্বী।

শাবরোৎসব, পুং. [শাবর+উৎসব] ম্লেচ্ছকৃত উৎসব; দুর্গোৎসবোপলক্ষে নবমীররাত্রিকৃত উৎসব, দশম্যামপি।

শাবল, (প্রা) মৃত্তিকাদিখননার্থ লৌহাস্ত্র বিশেষ, খনিত্র।

শাবান, (যাং) বস্ত্রাদিক্ষালনযোগ্য দ্রব্যবিশেষ।

শাবুদ, (যাং) সাক্ষ্য, প্রমাণ।

শাব্দ, ত্রি. [শব্দ+অ] শব্দসম্বন্ধীয়; (স্ত্রী.) সরস্বতী, বাগ্দেবী।

শাব্দবোধ, পুং. [শাব্দ+বোধ] শব্দার্থজ্ঞান, শব্দজন্যবোধ, পদার্থজ্ঞান।

শাব্দিক, পুং. [শব্দ+ইক] শব্দশাস্ত্রবেত্তা, বৈয়াকরণ; শব্দকারক; নব্যশাব্দিকা যথা।—ক্রমদীশ্বর, সর্ব্ববর্ম্মা, পদ্মনাভ মিশ্র. বোপদেব, সৎসর্ব্বানন্দ, ভরত মল্লিকপ্রভৃতি; (ত্রি) শব্দসম্বন্ধীয়।

শাম, ন. [শম+যন্] সামবেদ; সন্ধি, মিলন।

শামদইয়াল, (প্রা) পক্ষীবিশেষ, শ্যামাপাখী।

শামদোলন, (প্রা) লতা বৃক্ষবিশেষ।

শামন, ন. [শম+অন] মারণ; শান্তি, উপশম; (পুং) শমন, যম।

শামনী, স্ত্রী. [শমন+অ-ঈ] দক্ষিণাদিক, যাম্যদিক। [পাদপ।

শামাদান, (যাং) দীপাধার, দীপবৃক্ষ, দীপ

শামিত্র, ন. [শম+ইত্র] যজ্ঞ; পশুবন্ধন; যজ্ঞপাত্র।

শামিল, (যাং) সংযুক্ত, মিলিত।

শামিয়ানা, (যাং) চন্দ্রাতপ চাঁদয়া।

শামীল, ন. [শাম+ঈল] ভস্ম, ছাই।

শামীলী, স্ত্রী. [শামীল+ঈ] যজ্ঞের দ্রব্যবিশেষ, স্রুক্।

শামুক, (প্রা) জলশুক্তি, শম্বুক।

শাম্ব, পুং. [শম্+ব] শ্রীকৃষ্ণেরপুত্র।

শাম্ববিক, পুং. [শাম্বু+ইক] শাঙ্খিক, শঙ্খবণিক।

শাম্বরী, স্ত্রী. [শম্বর+অ-ঈ] শম্বরদৈত্যনির্ম্মিত মায়া, ইন্দ্রজালাদিমায়া, ভেল্কী ভোজবাজী।

শাম্বুক, পুং. [শম্বুক+অ] শম্বূক, শামুক।

শাম্বূক, পুং. [শম্বুক+অ] জলশুক্তি, শামুক।

শাম্ভব, ন. [শম্ভু+অ] দেবদারুবৃক্ষ; (পুং.) কর্পূর; শিবমল্লী, বকপুষ্পবৃক্ষ; গুগ্গুলু; বিষবিশেষ; শম্ভুপুত্র; শম্ভুপূজক, শৈব; (ত্রি.) শম্ভুসম্বন্ধীয় বস্তু।

শাম্ভবী, স্ত্রী. [শম্ভু+অ-ঈ] নীলদূর্ব্বা; পার্ব্বতী, দুর্গা; তন্ত্রবিদ্যা।

শাম্য, ত্রি. [শম্+য] শমতাপ্রাপ্ত, উপশম হইবার যোগ্য।

শাম্যতা, স্ত্রী. [শাম্য+ত-আ] ক্ষমা; উপশম, নিবৃত্তি।

শায়ক, পুং. [শী+অক] বাণ; খড়্গ, খাঁড়া।

শার, ত্রি. [শৃ+অ] কর্ব্বূরবর্ণ, শবল, শুক্লকৃষ্ণ ও রক্তমিশ্রিত বর্ণ; (পুং.) বায়ু, বাতাস; অক্ষোপহরণ; হিংসন; কর্ব্বূরবর্ণ; (স্ত্রী.) কুশা, কুশ।

শারঙ্গ, পুং. [শার+অঙ্গ] চাতকপক্ষী; মৃগ; হস্তী; ময়ূর; (ত্রি.) কর্ব্বূরবর্ণবিশিষ্ট।

শারঙ্গী, স্ত্রী. [শার+অঙ্গ-ঈ] বাদ্যযন্ত্রবিশেষ।

শারদ, ন. [শরৎ+অ] শ্বেতকমল, শুক্লপদ্ম; সস্য; (পুং.) কাস, কাসী; বকুল; হরিৎ মুদ্গ; বৎসর; পীতমুদ্গ; রোগ; (ত্রি.) শরজ্জাত, শরৎকালীন; নূতন; অপ্রতিভ, অপ্রগল্ভ; শালীন, অধৃষ্ট।

শারদা, স্ত্রী. [শরৎ+আ] সরস্বতী; দুর্গা; বীণাবিশেষ; ব্রাহ্মী; সারিবা।

শারদিক, পুং. [শরৎ+ইক] রোগ, পীড়া; (ন.) শ্রাদ্ধ।

শারদী, স্ত্রী. [শরৎ+ঈ] তোয়পিপ্পলী; সপ্তপর্ণবৃক্ষ, ছাতিমগাছ; কোজাগর পূর্ণিমা; (ত্রি.) শরৎকালীন, শরৎকাল সম্বন্ধীয়।

শারদীয়, ত্রি. [শরৎ+ঈয়] শরদ সম্বন্ধীয়; শরৎকালীন।

শারদীয়মহাপূজা, স্ত্রী. [শারদীয়+মহাপূজা] শরৎকালীন-দুর্গামহাপূজা।

শারি, পুং. [শৃ+ই] অক্ষোপকরণ, পাশকাদিরবল, গুটিকা, তৎপর্য্যায়।—শার, খেলনী; (স্ত্রী.) শকুনিকাবিশেষ, ময়না যুদ্ধার্থগ, হস্তিপর্যাণ; ব্যবহারান্তর; কপট।

শারিকা, স্ত্রী. [শারি+ক-আ] পক্ষিণীবিশেষ; শালিকা, ময়না, তৎপর্য্যায়।—পীতপাদা, গোরাটী, গোকিরাটিকা সারিকা, শারী, চিত্রলোচনা, শারি, মদনশারিকা, শলাকা; বীণাদিবাদন, তৎপর্য্যায়।—কোণ।

শারিফল, ন.পুং. [শারি+ফল] শারিপট্ট, শারিখেলনাধার, ছক্, তৎপর্য্যায়।—অষ্টাপদ, ফলক, আকর্ষ, শারিফলক, বিন্দুতন্ত্র, অক্ষপীঠী।

শারিফলক, পুং.ন. [শারি+ফলক] শারিখেলনাধার, ছক্, পাশাখেলার ঘর।

শারিবা, স্ত্রী. [শারি+ব-আ] শ্যামালতা, তৎপর্য্যায়।—গোপী, শ্যামা, অনন্তা, উৎপলশারিবা; নাগজিহ্বা।

শারিশৃঙ্খলা, স্ত্রী. [শারি+শৃঙ্খল-আ] পাশকবিশেষ, পাশা।

শারী, স্ত্রী. [শারি+ঈ] কুশা; পক্ষিণীবিশেষ, ময়না; শালিকা।

শারীর, ন. [শরীর+অ] বৃষ, ষাঁড়; (ত্রি.) শরীরজাত।

শারীরক, ন. [শরীর+ক] শঙ্করাচার্য্য-কৃত-বেদান্তমীমাংসাভাষ্য।

শারীরিক, ত্রি. [শরীর+ইক] শরীরসম্বন্ধীয়, তৎপর্য্যায়।—কালেবরিক, গাত্রিক, বাপুষিক, সাংহননিক, বাষ্মিক, বৈগ্রহিক কায়িক, দৈহিক, মৌর্ত্তিক, তানবিক।

শারীরিকমীমাংসা, স্ত্রী. [শারীরিক+মীমাংসা] বাদরায়ণিকৃত গ্রন্থবিশেষ, বেদান্তদর্শন।

শারুক, ত্রি. [শৃ+উক] হিংসক, হিংস্র, হিংসাকারী।

শার্ক, পুং. [শৃ + অক] শর্করা, চিনী।

শার্কক, পুং. [শার্ক + ক] দুগ্ধফেন; শর্করাপিণ্ড।

শার্কর, পুং. [শর্করা+অ] দুগ্ধফেন; শর্করান্বিতদেশ; (ত্রি.) শর্করা, সম্বন্ধীয়; দানাদার। [বালুকাময় স্থান।

শার্করক, ত্রি. [শর্করা + ক] শর্করাবহুলদেশ,

শার্করিক, ত্রি. [শর্করা+ইক] শর্করাবহুলদেশ, বালুকাময় স্থান।

শার্করীয়, ত্রি. [শর্করা + ঈয়] শর্করাযুক্তদেশ, বালুকাময় স্থান।

শার্ঙ্গ, ন. [শৃঙ্গ+অ] আর্দ্রক, আদা; (পুং.) বিষ্ণুধনুঃ; ধনুর্মাত্র; (ত্রি.) শৃঙ্গসম্বন্ধি, শৃঙ্গনির্ম্মিত।

শার্ঙ্গী, পুং. [শৃঙ্গ+ইন্] বিষ্ণু, শার্ঙ্গধারী; ধনুর্ধারীমাত্র; (স্ত্রী.) যন্ত্রবিশেষ।

শার্দ্দূল, পুং. [শৃ+অ-দূল] ব্যাঘ্র; শ্রেষ্ঠার্থবাচক; রাক্ষস; পশুবিশেষ, শরভ; পক্ষিবিশেষ; চিত্রকবৃক্ষ।

শার্দ্দূলবাহন, পুং. [শার্দ্দূল + বাহন] পঞ্চবিংশতি পূর্ব্বজিনান্তর্গত জিনবিশেষ।

শার্দ্দূল বিক্রীড়িত, ন. [শার্দ্দূল + বিক্রীড়িত] ঊনবিংশতিপাদ ছন্দোবিশেষ।

শার্দ্দূলললিত, ন. [শালর্দ্দূ+ললিত] অষ্টাদশাক্ষরপাদ ছন্দোবিশেষ।

শার্ব্বর, ন. [শর্ব্বরী+অ] অন্ধতমস, নিবিড়অন্ধকার; (ত্রি.) ঘাতুক; রাত্রিকালীন।

শার্ব্বরী, স্ত্রী. [শর্ব্বর+ঈ] রাত্রি, রজনী, নিশা।

শাল, পুং. [শল্ + অ] মৎস্যবিশেষ, গজাড়; প্রাকার, প্রাচীর; বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—সর্জ্জ, কার্য্য, অশ্বকর্ণক, শস্যসম্বর, শস্যবৃক্ষ; নদবিশেষ, নৃপবিশেষ; শালিবাহনরাজা; বৃক্ষমাত্র, (গ্রা) ইক্ষুমর্দ্দন যন্ত্রাগার।

শালগ্রাম, পুং. [শাল+গ্রাম] বিষ্ণুমূর্ত্তিবিশেষ, গণ্ডকীশিলাহইতে উদ্ভূত বজ্রকীটকৃত চক্রযুক্তশিলা, দ্বারকাপুরীতে উদ্ভূতবজ্রকীটকৃত চক্রযুক্ত শিলা; ক্ষেত্রবিশেষ, মুনিবিশেষ।

শালগ্রামগিরি, পুং. [শালগ্রাম+গিরি] শালগ্রামোৎপাদক পর্ব্বত; গণ্ডকপর্ব্বত।

শালঙ্কটঙ্কট, পুং. [শালঙ্কট+কটা-অ] সুকেশীরাক্ষস,বিদ্যুৎকেশীর ভার্য্যাশালকটঙ্কটারাক্ষসীর পুত্র।

শালঙ্কায়ন, পুং. [শালঙ্ক + অয়ন] মুনিবিশেষ; নন্দী, শিবদ্বারপাল।

শালঙ্কায়নজীবসূ, স্ত্রী. [শালঙ্কায়ন+জীবসূ] বেদব্যাসেরমাতা, সত্যবতী।

শালঙ্কি, পুং. [শালঙ্ক+ই]মুনিবিশেষ, শালাতুলীয়।

শালজ, পুং. [শাল + জন্-অ] মৎস্যবিশেষ, গর্জ্জক, শালমাছ।

শালনির্য্যাস, পুং. [শাল+নির্য্যাস] সর্জ্জরস, ধুনা, তৎপর্য্যায়।—শালন, সর্জ্জ, মর্জ্জরাম ধুনক, বহ্নিবল্লভ, সর্জ্জমণি।

শালপর্ণী, [শাল+পর্ণ-ঈ] বৃক্ষবিশেষ, শালপাণী, তৎপর্য্যায়।—সুদলা, সুপত্রী, স্থিরা, সৌম্যা,কুমুদা, গুহা, ধ্রুবা, বিদারিগন্ধা, অংশুমতী, সুপর্ণিকা, দীর্ঘমূলা, দীর্ঘপত্রিকা, বাতঘ্নী, পীতনী, ভদ্রী, সুধা, সর্ব্বানুকারিণী, শোকঘ্নী, সুভগা, দেবী, নিশ্চলা, ব্রীহিপর্ণিকা, সুমূলা, সুরূপা, সুভপত্রিকা, সুপর্ণী, শালিপত্রী, শালিদলা, বিদ্মরী, সালপর্ণী

শালব, পুং. [শাল + ব] লোধ্র, লোধগাছ।

শালবেষ্ট, পুং. [শাল + বেষ্ট] শালনির্য্যাস, ধুনা।

শালভঞ্জিকা, স্ত্রী. [শাল+ভঞ্জিকা] বেশ্যা, কুলটা; কাষ্ঠাদিনির্ম্মিত পুত্রিকা, কাঠেরপুতুল।

শালভঞ্জী, স্ত্রী. [শাল+ভঞ্জ-ঈ] কাষ্ঠাদিনির্ম্মিত পুত্রিকা, কাঠেরপুতুল।

শালসার, পুং. [শাল+সার] দ্রুম, বৃক্ষ; হিঙ্গু, হিং।

শালা, স্ত্রী. [শাল + আ] গৃহ, ঘর; বৃক্ষেরস্কন্ধশাখা; গৃহের একদেশ।

শালাই, (গ্রা) বৃক্ষবিশেষ, কুন্দুরবৃক্ষ।

শালাকী, পুং. [শলাকা+অ+ঈপ্] অস্ত্রবৈদ্য; নাপিত; শেলধারী।

শালাঙ্কী, স্ত্রী. [শালা+অঙ্ক-ঈ] পুত্তলিকা পুতুল।

শালাজ, (প্রা) শ্যালারজায়া, শ্যালকেরস্ত্রী।

শালাজির, পুং.ন. [শালা+জৄ+অ] সরাব, শরা।

শালাঞ্চি, স্ত্রী. [শালা+অনূচ-ই] শাকবিশেষ, শিঞ্চাশাক।

শালানী, স্ত্রী. [শাল+আন-ঈ] বিদারীবৃক্ষ, শালপাণী; ভূমিকুষ্মাণ্ড, ভুইকুমাড়া।

শালাবৃক, পুং. [শালা+বৃক] বানর; কুক্কুর; শৃগাল; মৃগ; বিড়াল।

শালামৃগ, পুং. [শালা+মৃগ] শৃগাল, শিয়াল।

শালার, ন. [শাল+আর] হস্তিনখ; সোপান সিঁড়ি; পক্ষিপঞ্জর, পাখির পিঁজারা।

শালি, পুং. [শাল+ই] গন্ধমার্জ্জার, উদ্বিড়াল; কলমাদিধান্য; ষষ্টিকাদিধান্য; দাউদখানি, তৎপর্য্যায়।—মধুর,-বা কমল, রুচ্য, ব্রীহিশ্রেষ্ঠ, নৃপপ্রিয়, ধান্যোত্তম, কৈদার,সুকুমারক,তন্নামানি যথা।—রক্তশালি, সকতম, পাণ্ডুক, শকুনাহত, সুগন্ধক, কর্দ্দমক, মহাশালি. দূষক, পুষ্পাণ্ডক, মহিষামস্তক, দীর্ঘশূক, কাঞ্চনক, হায়ন, লোধ্রপুষ্পক।

শালিআনা, (বাং) বাৎসরিক, বার্ষিক।

শালিক, ত্রি. [শালা+ইক] শালাসম্বন্ধীয়; শালজাত; (পুং.) তন্তুবায়; গ্রাম্য শিল্পকার; শুল্ক, কর।

শালিক, (প্রা) পক্ষিবিশেষ।

শালিকা, স্ত্রী. [শাল+ইক-আ] বিদারিকাবৃক্ষ, শালপাণী; পত্নীরভগিনী।

শালিঞ্চ, পুং. [শালিঞ্চ+অ] শাকবিশেষ, শাঞ্চ্যাশাক, তৎপর্য্যায়।—শালঞ্চ, সিতসার, পত্রশ্রেষ্ঠ, লোহসারক

শালিনী স্ত্রী. [শাল+ইন্-ঈ] ছন্দোবিশেষ; (ত্রি,) শালাসম্বন্ধীয়।

শালিনীকরণ, ন. [শালিনী+করণ] নগ্নতাকরণ, তিরস্কার, ভৎসনা।

শালিপর্ণী, স্ত্রী. [শালি+পর্ণ-ঈ] মাষপর্ণী, মাষাণী।

শালিপিষ্ট, ন. [শালি+পিষ্ট] স্ফটিক।

শালিবাহন, পুং. [শালি+বাহন] নৃপতিবিশেষ, শককর্ত্তা, বিক্রমাদিত্য রাজার শত্রু।

শালিহোত্র, পুং. [শালি+হোত্র] ঘোটক, অশ্ব, ঘোড়া।

শালিসী, (বাং) মধ্যস্থ ব্যক্তিকর্ত্তৃক বিচার।

শালী, ত্রি. [শালা+ইন্] শালাসম্বন্ধী; পদের অন্তেস্থিত হইলে শব্দার্থযুক্তশব্দ; (স্ত্রী.) কৃষ্ণজীরক, কেলেজিরা; ভার্য্যাভগিনী।

শালীন, ত্রি, [শালা+ঈন] অধৃষ্ট, বিনীত, লাজুক; শালাসম্বন্ধীয়; ভুলা।

শালীনা, স্ত্রী. [শালীন+আ] মিশ্রেয়া, শুলুফা।

শালু, ন. [শৃল+উ] শালূক, পদ্মাদিরমূল; (পুং.) কষায় দ্রব্য, কষ্ট্যাসামগ্রী; চৌরকনাম ঔষধিবিশেষ; ভেক, বেঙ্গ।

শালুক, ন. [শল+উক] কুমুদাদিরমূল, তৎপর্য্যায়।—পঙ্কশূরণ, শালূক, শালু।

শালূক, পুং. [শাল+উক] মণ্ডূক, ভেক; কুমুদাদির মূল; (ন.) কুমুদাদির মূল; জাতীফল, জায়ফল।

শালূর, পুং. [শল+উর] ভেক, মণ্ডুক, বেঙ্গ।

শালেয়, স্ত্রী. [শাল+এয়] মধুরিকা, মৌরী; (ত্রি.) শাল্যুদ্ভব ক্ষেত্র, ধানের ক্ষেত; শালাসম্বন্ধি; শালসম্বন্ধি।

শালেয়া, পুং. [শাল+এয়-আ] মিশ্রেয়া, শুলফা। [মুনি।

শালোত্তরীয়, পুং. [শাল+উত্তরীয়]পাণিনি-

শালতী, (প্রা) জল যানবিশেষ, শালবৃক্ষ নির্ম্মিত ক্ষুদ্র ডোঙ্গা

শাল্মল, পুং. [শাল্+মল] শাল্মলীবৃক্ষ, শিমুলগাছ; দ্বীপবিশেষ; মোচরস, শিমুলগাছের আটা।

শাল্মলি, পুং. স্ত্রী. [শাল্+মল-ই]বৃক্ষবিশেষ, শিমুল, তৎপর্য্যায়।—পিচ্ছিলা, পূরণী, মোচা, স্থিরায়ুঃ, দুরারোহা, শাল্মলিনী;

শাল্মন, তুলিনী, কুক্কুটী, রক্তপুষ্পা, কণ্টকারী, মোচনী, চিরজীবী, পিচ্ছিল, রক্তপুষ্পক; তুলবৃক্ষ মোচাখ্য; কণ্টকদ্রুম, রক্তোৎপল, রম্যপুষ্প, বহুবীর্য্যা, যমদ্রুম, দীর্ঘদ্রুম, স্থূলফল, দীর্ঘায়ুঃ, কণ্টকাষ্ঠ; নরকবিশেষ।

শাল্মলিক, পুং. [শাল্মল+ইক] রোহিতক-বৃক্ষ।

শাল্মলিনী, স্ত্রী. [শাল্মল+ইন্-ঈ] শাল্মলিবৃক্ষ, শিমুল গাছ।

শাল্মলিপত্রক, পুং. [শাল্মলি+পত্রক] সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিমগাছ।

শাল্মলিস্থ, পুং. [শাল্মলি+স্থা-অ] গরুড়পক্ষী, বৈনতেয়।

শাল্মলী, স্ত্রী. [শাল+মল-ঈ] শাল্মলিবৃক্ষ, শিমুলগাছ; (পুং.) গরুড়পক্ষী।

শাল্মলীকন্দ, পুং. [শাল্মলী+কন্দ] শাল্মলিবৃক্ষমূল, শিমুলগাছের গোড়া, তৎপর্য্যায়।—বিজুল, বনবাসক, বনবাসী, মলঘ্ন, মলহন্তা।

শাল্মলীদ্বীপ, পুং. [শাল্মলী+দ্বীপ] সপ্তদ্বীপান্তর্গত দ্বীপবিশেষ।

শাল্মলীফল, পুং. [শাল্মলী+ফল] তেজঃফল বৃক্ষ

শাল্মলীবেষ্ট, পুং. [শাল্মলী+বেষ্ট] শাল্মলি নির্য্যাস, শিমুলের আঠা।

শাল্মলীবেষ্টক, পুং. [শাল্মলী+বেষ্টক] শাল্মলি নির্য্যাস, শিমুলের আঠা

শাল্ব, পুং. [শাল্ব+অ] দেশবিশেষ; রাজাবিশেষ।

শাল্বণ, পুং. [শাল্+বণ] বাতঘ্ন ঔষধগণবিশেষ।

শাশুড়ী, (প্রা) শ্বশ্রূ, শ্বশুরের পত্নী।

শাশ্বত, ত্রি. [শশ্বৎ+অ] নিত্য, অবিনশ্বর, ধ্রুব; (পুং.) বেদব্যাস।

শাষ্কুল, ত্রি. [শষ্কুলী+অ] মাংসাশী, মাংস খাদক।

শাষ্কুলিক, ন. [শষ্কুলী+ইক] শষ্কুলি সমূহ, বহু কর্ণছিদ্র।

শাসন, ন. [শাস্+অন] আজ্ঞা, তৎপর্য্যায়।—অববাদ, নির্দ্দেশ, নিদেশ, শিষ্টি, শাস্তি, আদেশ, আদেশন, শাস্ত্র; রাজদত্তা ভূমি; কূট লিখিতাদি; শাস্ত্রউপদেশ; আজ্ঞাপত্র, সনন্দ; শাস্তি, দণ্ড, দমন; পালন।

শাসনহর, পুং. [শাসন+হর] রাজদূত; আজ্ঞাবাহক।

শাসনীয়, ত্রি. [শাস্+অনীয়] শাসনের যোগ্য, দম্য।

শাসান, (প্রা) ভয় প্রদর্শন, ধমকান; শাসনজনক উক্তি।

শাসানি, (প্রা) শাসনকরণ, ভয়প্রদর্শনার্থ বাক্য। [পালিত।

শাসিত, ত্রি. [শাস্+ইত] কৃতশাসন, দণ্ডিত;

শাসিতা, ত্রি. [শাস্+তৃ] শাস্তা, শাসনকর্ত্তা, শিক্ষক, উপদেশক, (স্ত্রী.) অধিকৃতা

শাস্কুল, ত্রি. [শস্কুল+অ] মাংসাশী, মাংসখাদক।

শাস্কুলিক, ন. [শস্কুল+ইক] শস্কুলি সমূহ, বহু কর্ণচ্ছিদ্র; প্রচুর পিষ্টক।

শাস্তা, ত্রি. [শাস্+তৃ] শাসনকর্ত্তা, তৎপর্য্যায়।—দেশক, শাসিতা; (পুং.) বুদ্ধ; উপাধ্যায়, শিক্ষক; রাজা; পিতা।

শাস্তি, স্ত্রী. [শাস্+তি] শাসন, দণ্ড, নিগ্রহ।

শাস্তিদাতা, পুং. [শাস্তি+দাতৃ] শাস্তিদায়ক, দণ্ডদায়ী।

শাস্ত্র, ন. [শাস্+ত্র] নিদেশ; দেবতা বা মুনি প্রণীতগ্রন্থ, যথা।—বেদ, পুরাণ তন্ত্র দর্শনাদি।

শাস্ত্রকর্ত্তা, পুং. [শাস্ত্র+কর্ত্তৃ] বিধিকারক মুনি; গ্রন্থকর্ত্তা।

শাস্ত্রকার, পুং. [শাস্ত্র+কার] বিধিকারক, গ্রন্থকারক; মন্বাদি ঋষি।

শাস্ত্রকৃৎ, পুং. [শাস্ত্র+কৃৎ] ঋষি, মুনি; (ত্রি.) শাস্ত্রকর্ত্তা।

শাস্ত্রগণ্ড, ত্রি. [শাস্ত্র+গণ্ড] প্রঘটাবিৎ, ছাত্রগণ্ড, শ্লোকের আদিচরণ মাত্রবেত্তা।

শাস্ত্রচর্চ্চা, স্ত্রী. [শাস্ত্র+চর্চ্চা] বিদ্যার্থগ্রন্থঅনু-

শাস্ত্রচক্ষুঃ, ন. [শাস্ত্র+চক্ষুস্] ব্যাকরণ; অতিশয় বিদ্বান্।

শাস্ত্রচারণ, ত্রি. [শাস্ত্র+চারণ] শাস্ত্রদর্শী, শাস্ত্রবেত্তা, যে শাস্ত্র জানে।

শাস্ত্রজ্ঞ, ত্রি. [শাস্ত্র+জ্ঞা-অ] শাস্ত্রবেত্তা, ধর্ম্মজ্ঞাতা, যে শাস্ত্র জানে।

শাস্ত্রতত্ত্বজ্ঞ, পুং. [শাস্ত্র+তত্ত্বজ্ঞ] গণক, লগ্নাচার্য্য, তৎপর্য্যায়।—দৈবজ্ঞ, জ্ঞানী, মৌহূর্ত্ত, দৈবলেখক, বার্ত্তান্তিক, জ্যোতিষিক, মৌহূর্ত্তিক, প্রশ্নসূচক, সংবৎসর, বর্ষকোষ, রেখাজীবী, গণাঙ্কভুক্, তান্ত্রিক, জ্ঞাত সিদ্ধান্ত।

শাস্ত্রদর্শী, ত্রি. [শাস্ত্র+দর্শিন্] শাস্ত্রজ্ঞ, শাস্ত্রবেত্তা, তৎপর্য্যায়।—অন্তর্ব্বাণি, শাস্ত্রবিৎ, শাস্ত্রচারণ। [অবজ্ঞা।

শাস্ত্রনিন্দা, স্ত্রী. [শাস্ত্র+নিন্দা] শাস্ত্র বাক্যের

শাস্ত্রপ্রসঙ্গ, পুং. [শাস্ত্র+প্রসঙ্গ] শাস্ত্রবিষয়ক্ কথাবার্ত্তা।

শাস্ত্রবহির্ম্মুখ, ত্রি. [শাস্ত্র+বহির্ম্মুখ] শাস্ত্র নিয়মত্যাগী, অধার্ম্মিক; অশাস্ত্র।

শাস্ত্রবিৎ, ত্রি. [শাস্ত্র+বিৎ] শাস্ত্রদর্শী, শাস্ত্রজ্ঞ, যে শাস্ত্র জানে।

শাস্ত্রবিপ্রতিষিদ্ধ, ত্রি. [শাস্ত্র+বিপ্রতিষিদ্ধ] শাস্ত্রনিষিদ্ধ।

শাস্ত্রবিপ্রতিষেধ, ত্রি. [শাস্ত্র+বিপ্রতিষেধ] শাস্ত্রবিরুদ্ধ।

শাস্ত্রবেত্তা, পুং. [শাস্ত্র+বেত্তৃ] শাস্ত্রদর্শী, শাস্ত্রজ্ঞ, যে শাস্ত্র জানে।

শাস্ত্রমত, ত্রি. [শাস্ত্র+মন্-ত] শাস্ত্র প্রমাণ, শাস্ত্রসম্মত।

শাস্ত্রশিল্পী, পুং. [শাস্ত্র+শিল্পিন্] কাশ্মীরদেশ; (পুং.) কাশ্মীর দেশস্থ।

শাস্ত্রসিদ্ধ, ত্রি. [শাস্ত্র+সিদ্ধ] বিধি প্রতিপাদিত, শাস্ত্র প্রমাণ।

শাস্ত্রাচরণ, পুং. [শাস্ত্র+আচরণ] শাস্ত্রজ্ঞ, পণ্ডিত; শাস্ত্রানুযায়ী কর্ম্মকরা।

শাস্ত্রাতিক্রম, পুং. [শাস্ত্র+অতিক্রম] শাস্ত্র বিরুদ্ধ কর্ম্মকর্ত্তা।

শাস্ত্রানুষ্ঠান, ন. [শাস্ত্র+অনুষ্ঠান] শাস্ত্রানুযায়ী কার্য্য।

শাস্ত্রী, ত্রি. [শাস্ত্র+ইন্] পণ্ডিত, শাস্ত্রজ্ঞ, শাস্ত্রবেত্তা, যে শাস্ত্র জানে।

শাস্ত্রীয়, ত্রি. [শাস্ত্র+ঈয়] শাস্ত্রসিদ্ধ, শাস্ত্রসম্মত।

শাস্ত্রোক্ত, ত্রি. [শাস্ত্র+উক্ত] শাস্ত্রবিহিত, শাস্ত্রসম্মত।

শাস্ত্রোপদেশক, ত্রি. [শাস্ত্র+উপদেশক] বিধ্যুপদেশক, শাস্ত্রোপদেষ্টা।

শাস্ত্রোপদেষ্টা, পুং. [শাস্ত্র+উপদেষ্টৃ] শাস্ত্রোপদেশক, বিধ্যুপদেশক।

শাস্য, ত্রি. [শাস্+য] শাসনীয়, শাসিতব্য, শাসন যোগ্য।

শাহ, (যাং) নরপতি, রাজা।

শাহজাদা, (যাং) রাজপুত্র।

শাহজাদী, (যাং) রাজপুত্রী।

শাহিদ, (যাং) সাক্ষী, প্রমাণ।

শিঁথী, (প্রা) মস্তকাভরণ বিশেষ।

শিংশপা, স্ত্রী. [শিংশপ+আ] বৃক্ষবিশেষ, শিশু, তৎপর্য্যায়।—পিচ্ছিলা, অগুরু, কপিলা, ভস্মগর্ব্ভা, অগুরুশিংশপা, কৃষ্ণসারা, পিঙ্গলা, পিচ্ছলা, বীরা, যুগ্মপত্রিকা।

শিউলি, (প্রা) শেফালিকা পুষ্পবৃক্ষ।

শিকড়, (প্রা) বৃক্ষাদিরমূল, গোড়া।

শিকল, (প্রা) নিগড়, শৃঙ্খল, জিঞ্জির।

শিকল্কর, (যাং) শস্ত্রমার্জ্জক।

শিকলী, (প্রা) শৃঙ্খলা, জিঞ্জির।

শিকা, (প্রা) দ্রব্যাদি রক্ষণার্থ রজ্জুনির্ম্মিত আধারবিশেষ, শিক্য, শিক্য

শিক্, স্ত্রী. [শিচ্+ক্বিপ্] শিক্য, শিকা; দীর্ঘ লৌহশলাকা।

শিক্দার, (যাং) শুল্কগ্রাহী। [রহিত।

শিক্রু, ত্রি. [শিচ্+রু] অব্যবসায়ী, ব্যবসায়

শিক্থ, ন. [শিচ্+থ] মধুজাত-দ্রব্য বিশেষ, মোম্, তৎপর্য্যায়।—শিক্থক, মধুজ, বিঘস, মধুসম্ভব, মোদন, কাচ, উচ্ছিষ্ট-মোদন, মক্ষিকামল, ক্ষৌদ্রেয়, পীতরাগ, স্নিগ্ধ, মাক্ষিকজ, ক্ষৌদ্রজ, মধুশেষ, দ্রাবক, মাক্ষিকাশ্রয়, মধুত্থিত,

শিকৃথক, ন. [শিকৃথ+ক] মধুজাত দ্রব্য বিশেষ, শিকৃথ, মোম্।

শিকার, (বাং) মৃগয়া।

শিকৃপা, (প্রা) ঘোটকের প্রোল্লম্ফনবিশেষ।

শিক্য, ন. [শিচ্+য] দ্রব্যরক্ষার্থ রজ্জুময় দোলনা আধার বিশেষ, শিকা, তৎপর্য্যায়।—কাচ, শিক্যা, শিকৃ, শিক্ক।

শিক্যা, স্ত্রী. [শিচ্+য-আ] দ্রব্যরক্ষার্থ রজ্জুময় আধার বিশেষ, শিকা।

শিক্যিত, ত্রি. [শিক্য+ইত] শিক্যস্থাপিত বস্তু, তৎপর্য্যায়।—কাচিত। [কর।

শিখক, পুং. [শিখ্+অক] লেখক, লিপি-

শিখণ্ডক, পুং. [শিখা+অণ্ড-ক] ময়ূরপুচ্ছ, তৎপর্য্যায়।—পিচ্ছ,বর্হ,শিখিপুচ্ছ,শিখণ্ডক; চূড়া, শিখা; কাকপক্ষ, জুল্পী।

শিখণ্ডক, পুং. [শিখণ্ড+ক] কাকপক্ষ, জুল্পী; চূড়া; (ন.) ময়ূরপুচ্ছ।

শিখণ্ডিক, পুং. [শিখণ্ড+ইক] কুক্কুট, মুরগ, কুঁকড়া।

শিখণ্ডিকা, স্ত্রী. [শিখণ্ড+ইক-আ] শিখা, চূড়া, কেশপাশী।

শিখণ্ডিনী, স্ত্রী. [শিখণ্ড+ইন্-ঈ] যূথিকা; গুঞ্জা, কুচ; দ্রুপদরাজ কন্যা; ময়ূরী।

শিখণ্ডী, পুং. [শিখণ্ড+ইন] ময়ূরপুচ্ছ; দ্রুপদ রাজপুত্র, গাঙ্গেয়ারি; ময়ূর; কুক্কুট, কুঁকড়া; বাণ; গুঞ্জা; স্বর্ণযূথিকা; বিষ্ণু।

শিখন, (প্রা) অভ্যাসকরণ, শিক্ষাকরা।

শিখনী, (প্রা) শিক্ষাণ।

শিখর, ন. [শিখা+র] পর্ব্বতাগ্র, তৎপর্য্যায়।—কূট, শৃঙ্গ, শৈলাগ্রদেশক; (পুং.ন) বৃক্ষাগ্র, তৎপর্য্যায়।—শির, অগ্র, শিরপ্রাগ্র; পর্ব্বত শৃঙ্গ; পুলক; কক্ষ; পক্কদাড়িম বীজের প্রভার ন্যায় মাণিক; সকলাগ্র; কোটি।

শিখরবাসিনী, স্ত্রী. [শিখর+বাসিন-ঈ] দুর্গা, পার্ব্বতী।

শিখরা, স্ত্রী. [শিখর+আ] মূর্ব্বালতা।

শিখরিণী, স্ত্রী. [শিখর+ইন্-ঈ] রসালা, ইক্ষ্বাকুনীজাত; ছন্দোবিশেষ; নারী-রত্ন; মল্লিকা; রোমাবলী; নবমালিকা; দ্রাক্ষাবিশেষ; মূর্ব্বালতা।

শিখরী, পুং. [শিখর+ইন্] পর্ব্বত; বৃক্ষ; অপামার্গ,আপাংগাছ; কোট, দুর্গ,পুং; কোষষ্টি, কোঁড়াপাখী; বন্দাক, বাঁদু, পরগাছা; কর্কটশৃঙ্গী, কাঁকড়া শিঙ্গী, বৃক্ষ; কুন্দুরুক, সুগন্ধিদ্রব্য; যাবনাল, দো আরধান।

শিখলোহিত, পুং. [শিখ+লোহিত] বৃক্ষবিশেষ; কুকুরমুড়াগাছ।

শিখা, স্ত্রী. [শিখ্+অ-আ] অগ্নিজ্বালা, তৎপর্য্যায়।—জ্বাল,কীল, অর্চিঃ; হেতি, শিখা; শিরোমধ্যস্থকেশ, টিকী, তৎপর্য্যায়।—চূড়া, কেশপাশী, জুটিকা, জূটিকা, কেশী, শিখণ্ডিকা; শাখা; বর্হিচূড়া, ময়ূরপুচ্ছেরকিরীট; লাঙ্গলিকী; অগ্রভাগ; চূড়ামাত্র; প্রপদ, চরণের অগ্রভাগ; প্রধান, প্রকৃতি; শিফা; ঘৃণি; স্মরজ্বর, কামজ্বর।

শিখাকন্দ, ন. [শিখা+কন্দ] গৃঞ্জন, গাজর।

শিখাণ্ডক, পুং. [শিখাণ্ড+ক] কাকপক্ষ, জুলপি।

শিখাতরু, পুং. [শিখা+তরু] দীপবৃক্ষ, পিলসুজ, দেরকা।

শিখাধর, পুং. [শিখা+ধর] ময়ূর, শিখী; মঞ্জুঘোষ।

শিখাধার, পুং. [শিখা+ধার] ময়ূর, শিখী; শিখাধারী।

শিখাধারী, পুং. [শিখা+ধারিন্] ময়ূর, কলাপী, শিখী।

শিখান, (প্রা) অভ্যাসকরণ, শিক্ষাকরণ।

শিখানি, (প্রা) পরামর্শ, মন্ত্রণা; অধ্যাপন।

শিখানিয়া, (প্রা) শিক্ষাদায়ক, শিক্ষক।

শিখাবতী, স্ত্রী. [শিখা+বৎ-ঈ] মূর্ব্বালতা, মুজলতা।

শিখাবর, পুং. [শিখা+বর] পনসবৃক্ষ, কাঁটালগাছ।

শিখাবল, পুং. [শিখা+বল] ময়ূর, কলাপী, শিখী। [শিখা।

শিখাবলা, স্ত্রী. [শিখা+বল-আ] ময়ূর-

শিখাবৃদ্ধি, স্ত্রী, [শিখা+বৃদ্ধি] কায়িকা-বৃদ্ধি, প্রাত্যাহিক, দেয়লাভ, প্রতি দিন সুদ আদায়।

শিখাবৃক্ষ, পুং. [শিখা+বৃক্ষ] দীপবৃক্ষ, পিলসুজ, দেরুকা।

শিখামূল, ন. [শিখা+মূল] গৃঞ্জন, গাজর।

শিখালু, পুং. [শিখা+আলু] ময়ূরশিখা, ময়ূরচূড়া।

শিখিকণ্ঠ, ন. [শিখিন্+কণ্ঠ] তুথ, তুঁতিয়া। [তুঁতিয়া।

শিখিগ্রীব, ন. [শিখিন্+গ্রীবা] তুথ

শিখিধ্বজ, পুং. [শিখিন্+ধ্বজ] ধুম, ধুঁয়া; ময়ূরধ্বজ; কার্ত্তিকেয়।

শিখিনী, স্ত্রী. [শিখ+ইন্-ঈ] ময়ূরশিখা, ময়ূরের চূড়া।

শিখিপুচ্ছ, ন. [শিখিন্+পুচ্ছ] ময়ূরপুচ্ছ, শিখণ্ডক, মোরছল।

শিখিপ্রিয়, পুং. [শিখিন্+প্রিয়] লঘুবদর,

শিখিবর্দ্ধক, পুং. [শিখিন্+বর্দ্ধক] কুষ্মাণ্ড, কুমুড়া।

শিখিবাহন, পুং. [শিখিন্+বাহন] কার্ত্তিকেয়, কুমার, ষড়ানন।

শিখিব্রত, ন. [শিখিন্+ব্রত] ব্রতবিশেষ।

শিখিমণ্ডল, পুং. [শিখিন্+মণ্ডল] বরুণ-বৃক্ষ।

শিখিমোদা, স্ত্রী. [শিখিন্+মোদ-আ] অজমোদাবৃক্ষ, জোওানগাছ।

শিখিযূপ, পুং. [শিখিন্+যূপ] শ্রীকারী বৃক্ষ।

শিখিশিখা, স্ত্রী. [শিখিন্+শিখা] অগ্নি-শিখা; ময়ূরচূড়া, শিখিশেখর।

শিখী, পুং. [শিখা+ইন্] ময়ূর; অগ্নি; চিত্রকবৃক্ষ; বলীবর্দ্দ; বলদ; শর, বাণ; কেতুগ্রহ; দ্রুম, বৃক্ষ; কুক্কুট; কুঁকুড়া; ঘোটক; অজলোমা, শুয়া-শিম্বীগাছ; শিতাবর, সুষণীশাক; মেথিকা; পর্ব্বত; ব্রাহ্মণ; দীপ; (ত্রি.) শিখাযুক্ত।

শিগ্রু, পুং. [শিঙ্+রু] শাক; বৃক্ষবিশেষ, শজিনাগাছ; তৎপর্য্যায়।—হরিতশাক, শাকপত্র, সুপত্রক, উপদংশ, ক্ষমাংশ, কোমলপত্রক, বহুমূল, দংশমূল, তীক্ষ্ণমূল।

শিগ্রুজ, ন. [শিগ্রু+জন্-অ] শোভাঞ্জন-বীজ, শজিনার বীচি।

শিগ্রুবীজ, ন. [শিগ্রু+বীজ] শোভাঞ্জন-বীজ, শজিনা দানা।

শিঙ্, (প্রা) বিষাণ, শৃঙ্গ, শিং।

শিঙ্গা, (প্রা) বাদ্য যন্ত্রবিশেষ।

শিঙ্গাড়া, (প্রা) পানীফল; শৃঙ্গাটক।

শিঙ্গী, (প্রা) মৎস্যবিশেষ, শিংমাছ।

শিঙ্গেল, (প্রা) শৃঙ্গবিশিষ্ট, বিষাণযুক্ত।

শিঙ্ঘাণ, [শিঘ্+আন] কাচপত্র, লৌহ-মল, লোহার মরিচা; নাসিকা মল, সিকৃনী।

শিঙ্ঘাণক, পুং. ন. [শিঙ্ঘাণ+ক] নাসিকা মল, সিকৃনী; (পুং.) শ্লেষ্মা। [সোঁগা।

শিঙ্ঘিত, ত্রি. [শিঘ্+ত] ঘ্রাত, ঘ্রাণকরা,

শিচ্‌কা, (প্রা) লৌহময় শলাকাবিশেষ।

শিঞ্জন, পুং. স্ত্রী. [শিজ্+অন] ভূষণধ্বনি, অলঙ্কারের শব্দ; অব্যক্ত ধ্বনি, ঝন-ঝনাদি শব্দ; (ত্রি.) মুখর।

শিঞ্জন, ন. [শিজ্+অন] অব্যক্তধ্বনি, ঝন-ঝনাদি শব্দ; অলঙ্কারধ্বনি, গহনারশব্দ।

শিঞ্জা, স্ত্রী. [শিঞ্জ+আ] ভূষণ শব্দ, অল-ঙ্কারের ধ্বনি; ধনুর্গুণ, ধনুকের ছিলা।

শিঞ্জিত, ন. [শিঞ্জ+ইত] ভূষণ ধ্বনি, অব্যক্তধ্বনি; টঙ্কারিতধনুঃ (ত্রি.) মুখর।

শিঞ্জিনী, স্ত্রী. [শিঞ্জা+ইন্-ঈ] ধনুর্গুণ, ধনুকের ছিলা; পাদাভরণ বিশেষ, নূপুর।

শিঞ্জী, ত্রি. [শিঞ্জা+ইন] ভূষণশব্দবিশিষ্ট; অব্যক্তধ্বনিকারক।

শিটা, (প্রা) মলা, গাদ, কাইট।

শিণ্ডাকী, স্ত্রী. [শিণ্ড+আক-ঈ] খাদ্যদ্রব্য বিশেষ, তৈলপক্ব মূলকদলরস মিশ্রিত শালিপিষ্টক।

শিত, ত্রি. [শো+ত] দুর্ব্বল; নিশিত, শাণিত, তীক্ষ্ণ; কৃশ, ক্ষীণ, ক্ষয়প্রাপ্ত; (ন.) শুক্লবর্ণ।

শিতদ্রু, স্ত্রী. [শিত+দ্রু] শতদ্রুনদী, শতলজ; ক্ষীরমোরট।

শিতশূক, পুং. [শিত+শূক] যব; গোধূম, গম।

শিতান, ন. [শিত+আন] বালিশ, উপধান, শিয়র।

শিতি, ত্রি. [শি+তি] শুক্লবর্ণ; কৃষ্ণবর্ণ; পুং.) ভূর্জবৃক্ষ।

শিতিকণ্ঠ, পুং. [শিতি + কণ্ঠ] শিব, নীলকণ্ঠ; দাত্যুহপক্ষী।

শিতিচার, পুং. [শিতি+চার] শাকবিশেষ সুনিষণ্ণক, সুসুনিয়াশাক।

শিতিচ্ছদ, পুং, [শিতি+ছদ] হংস, মরাল, হাঁস।

শিতিপক্ষ, পুং, [শিতি+পক্ষ] হংস, মরাল, হাঁস।

শিতিবাস, পুং. [শিতি+বাসস্] বলদেব, নীলাম্বর।

শিতিসারক, পুং. [শিতি+সারক] তিন্দুবৃক্ষ, তেঁদু।

শিথিল, ত্রি. [শ্লথ্+ইল] শ্লথ, আলগা, ঢিলা; (ন.) মন্দবন্ধন, আল্‌গাবাঁধা; মন্থরত্ব; ক্লান্ত, অবসন্ন; অলস, জড়, অনুৎসাহ; ক্ষীণ, ক্ষয়প্রাপ্ত; সংযোগবিশেষ।

শিথিলতা, স্ত্রী. [শিথিল+ত-আ] শিথিলত্ব, শ্লথতা, লালিত্য।

শিনি, পুং. [শি+নি] ক্ষত্রিয়বিশেষ।

শিনের্নপ্তা, পুং. [শিনেঃ+নপ্তৃ] সাত্যকি, শিনিরাজার পৌত্র।

শিপবিষ্ট, পুং. [শিপ+বিষ্ট] রোগবিশেষ, টাকৃপড়ামাথা; ছুশ্চর্ম্মা, অনাবৃতমেঢ্র।

শিপি, পুং. [শিপ্+ই] রশ্মি, কিরণ; (স্ত্রী.) চর্ম্ম।

শিপিবিষ্ট, পুং. [শিপি+বিষ্ট] খলতি, টাক্‌পড়ামাথা, দুশ্চর্ম্মা, অনাবৃত মেঢ্র; মহেশ্বর; বিষ্ণু; কুষ্ঠ, কুষ্ঠী।

শিপ্র, পুং. [শিপ্+র] সরোবরবিশেষ।

শিপ্রা, স্ত্রী. [শিপ্+র-আ] নদীবিশেষ, মহাকালনগরীয় নদী।

শিক, পুং. [শি+ক] শিফা, বৃক্ষাদিরজটাকার মূল, শিকড়।

শিফা, স্ত্রী. [শি+ফ-আ] বৃক্ষাদিরজটাকার মূল, শিকড়, তৎপর্য্যায়।—জটা, মূল; নদী; মাংসিকা; মাতা; শতপুষ্পা; হরিদ্রা; পদ্মকন্দ, পদ্মের মূল।

শিফাক, পুং. [শিফা+ক] পদ্মমূল; শালুক।

শিফাকন্দ, পুং. [শিফা+কন্দ] পদ্মমূল, পদ্মের গোঁড়া, তৎপর্য্যায়।—করহাট, শিফাক, পদ্মকন্দ, কর্কট, শিফা, কন্দ

শিফাধর, পুং. [শিফা+ধর] শাখা, ডাল

শিফারুহ, পুং. [শিফা+রুহ] বটবৃক্ষ।

শিব, ন. [শো+ইব] মঙ্গল, শুভ; সুখ; জল; সৈন্ধবলবণ; সামুদ্রলবণ; শ্বেতটঙ্কণ; (পুং.) ব্রহ্মের সংজ্ঞাবিশেষ; মহাদেব, মহেশ, (অন্যপর্য্যায়।—মহাদেব শব্দে দ্রষ্টব্য।) মোক্ষ; কীলকগ্রহ; বালুক; গুগ্‌গুলু; বেদ; পুণ্ডরীকদ্রুম; কৃষ্ণধুস্তুর; পারদ; দেব; লিঙ্গ; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত বিংশতিতম যোগ; (ত্রি.) শুভদ; সুখদ; রম্য।

শিবক, পুং. [শিব+ক] কীলক, খোঁটা; গবাদির গাত্রকণ্ডূয়নার্থ গোষ্ঠে প্রোথিত স্তম্ভ; গাত্রকণ্ডূয়নার্থকাষ্ঠ; বন্ধন খণ্ট।

শিবকর, পুং. [শিব+কর] চতুর্ব্বিংশতিভুতাইদন্তর্গত জিনবিশেষ; (ত্রি.) মঙ্গলকারক। [বিশেষ।

শিবকাঞ্চী, স্ত্রী. [শিব+কাঞ্চী] পুরী-

শিবকীর্ত্তন, পুং. [শিব+কীর্ত্তন] ভৃঙ্গরীট, শিবদ্বারপাল; বিষ্ণু; শৈব, শিবভক্ত।

শিবগতি, পুং. [শিব+গতি] ভুতাই-বিশেষ। [গ্রহ।

শিবঘর্ম্মজ, পুং. [শিব+ঘর্ম্মজ] মঙ্গল-

শিবঙ্কর, ত্রি. [শিবং+কর] মঙ্গলকর্ত্তা, তৎপর্য্যায়।—ক্ষেমঙ্কর, অরিষ্টতাতি শিবতাতি।

শিবচতুর্দ্দশী, স্ত্রী. [শিব+চতুর্দ্দশী] চতুর্দ্দশীকর্ত্তব্য, শিবব্রতবিশেষ; ফাল্গুনী কৃষ্ণাচতুর্দ্দশী।

শিবজ্ঞা, স্ত্রী. [শিব+জ্ঞ-আ] শিবোপাসিকা স্ত্রী; মঙ্গলজ্ঞাত্রী, যে স্ত্রী মঙ্গল জানে।

শিবজ্ঞান, ন. [শিব+জ্ঞান] শুভাশুভকাল-বোধক শাস্ত্র।

শিবতাতি, স্ত্রী. [শিব+তাতি] কল্যাণকা-রিণী (অন্তপর্য্যায় শিবঙ্কর শব্দে দ্র-ষ্টব্য)। [সাযুজ্য।

শিবত্ব, ন. [শিব+ত্ব] শিবস্বরূপতা, শিব-

শিবদ, ত্রি. [শিব+দা-অ] মঙ্গলদায়ক, শুভ-জনক, কল্যাণদ।

শিবদত্ত, ন. [শিব+দত্ত] বিষ্ণুচক্র, সুদর্শন; শিবউদ্দিশ্য দত্তদ্রব্যমাত্র]

শিবদাত্রী, স্ত্রী. [শিব+দাত্রী] কল্যাণকারিণী, শুভদায়িকা, ক্ষেমঙ্করী।

শিবদারু, ন. [শিব+দারু] দেবদারুবৃক্ষ

শিবদূতিকা, স্ত্রী. [শিব+দূতিকা] মাতৃকা-বিশেষ।

শিবদূতী, স্ত্রী. [শিব+দূতী] দুর্গা; যোগি-নীবিশেষ।

শিবদ্রুম, পুং. [শিব+দ্রুম] বিল্ববৃক্ষ,শ্রীফল বৃক্ষ, বেলগাছ।

শিবদ্বেষ্টা, পুং. [শিব+দেষ্টৃ] কেতকী, কেয়াগাছ; (ত্রি.) মহাদেবের দ্বেষ-কারী।

শিবধাতু, পুং. [শিব+ধাতু] পারদ, পারা; গোদন্তমণি)

শিবনাভি, পুং. [শিব+নাভি] শিবলিঙ্গ বিশেষ। [ণসী।

শিবপুরী, স্ত্রী. [শিব+পুর-ঈ] কাশী, বারা-

শিবপ্রিয়, ন. [শিব+প্রিয়] রুদ্রাক্ষ, (ত্রি.) মহাদেবের প্রিয়বস্তু; (পুং.) বকবৃক্ষ; স্ফটিক; ধুস্তুর, ধুতুরা

শিবপ্রিয়া, স্ত্রী. [শিব+প্রিয়-আ] দুর্গা, পার্ব্বতী।

শিববল্লভা, স্ত্রী. [শিব+বল্লভ-আ] শতপত্রী; দুর্গা; (ত্রি.) শিবপ্রিয়া।

শিববল্লিকা, স্ত্রী. [শিব+বল্লিকা] লিঙ্গিনী-লতা, (হিং) পঞ্চগুরিয়া।

শিববল্লী, স্ত্রী. [শিব+বল্লী] লিঙ্গিনীলতা, (হিং.) পঞ্চগুরিয়া, স্ত্রীবল্লী. কণ্টকবৃক্ষ।

শিববাহন, পুং. [শিব+বাহন] অনড্বান্, বৃষ, ষাঁড়।

শিববীজ, ন. [শিব+বীজ] পারদ, পারা।

শিবমল্লক, পুং: [শিব+মল্লক] অর্জুন-বৃক্ষ।

শিবমল্লিকা, স্ত্রী. [শিব+মল্লিকা] বসুক, বক-বৃক্ষ; অর্কবৃক্ষ, আকন্দগাছ।

শিবমল্লী, স্ত্রী. [শিব+মল্লী] বকবৃক্ষ, বক-পুষ্পের গাছ; বাসকপুষ্প।

শিবরস, পুং. [শিব+রস] তৃতীয়দিবসের পর্য্যুষিত রস, তিনদিনের বাসীরস, তৎ-পর্য্যায়।—অনোদকজ।

শিবরাত্রি, স্ত্রী. [শিব+রাত্রি] শিবচতুর্দ্দশী

শিবলিঙ্গ, ন. [শিব+লিঙ্গ] মহাদেবেরশিশ্ন।

শিবলোক, পুং. [শিব+লোক] কৈলাস; শিবভবন; শিবভুবন।

শিবশেখর, পুং. [শিব+শেখর] বকবৃক্ষ; ধুস্তুর; শিবমস্তক।

শিবসাযুজ্য, ন. [শিব+সাযুজ্য] মোক্ষবি-শেষ, শিবের সহিত সংযোগ।

শিবসুন্দরী, স্ত্রী. [শিব+সুন্দরী] দুর্গা, পার্ব্বতী।

শিবস্ব, ন, [শিব+স্ব] শিবের ঐশ্বর্য্য।

শিবা, স্ত্রী. [শিব+আ] দুর্গা; মুক্তি; শমী-বৃক্ষ, শাঁইগাছ; হরীতকী; শৃগালী; তামলকী; আমলকী; বৃদ্ধশক্তিবিশেষ; হরিদ্রা; দূর্ব্বা; গোরোচনা।

শিববাটিকা, স্ত্রী. [শিববাট+ইক-আ] বংশ পত্রী, নাড়ীহিঙ্গু।

শিবাত্মক, ন. [শিব+আত্মক] সৈন্ধবলবণ (ত্রি.) শিবময়!

শিবানী, স্ত্রী. [শিব+আনী] জয়ন্তীবৃক্ষ; দুর্গা, শিবপত্নী; পুষ্পবিশেষ।

শিবাপ্রিয়, পুং. [শিবা+প্রিয়] দুর্গা; ছাগ; (ত্রি.) শিবেরএবং দুর্গার প্রিয় ও অ-প্রিয়বস্তু।

শিবাপীড়, পুং. [শিব+আপীড়] বকবৃক্ষ; শিব ও শিবানীর মস্তকস্থিত মাল্য।

শিবাফলা, স্ত্রী. [শিবা+ফল-আ] শমীবৃক্ষ, শাইগাছ।

শিবাবলি, পুং, [শিবা+বলি] রাত্রিতে শৃগালোদ্দিশ্য দেয় মাংস প্রধান নৈবেদ্য।
শিবারাতি, পুং. [শিবা+অরাতি] কুক্কুর; শিব ও শিবানীর শত্রু।
শিবালয়, ন. [শিব+আলয়] শ্মশান, শবদাহস্থান; (পুং.) রক্ততুলসী; শিবগৃহ।
শিবালু, পুং. [শিব+আলু] শৃগাল, শিয়াল।
শিবাহ্বৃতি, স্ত্রী. [শিবা+হ্বৃতি] জয়ন্তীবৃক্ষ।
শিবাহ্লাদ. পুং. [শিব+আহ্লাদ] বকবৃক্ষ শিবের আনন্দ।
শিবাহ্বা, স্ত্রী. [শিব+আহ্ব] রুদ্রজটা; (ত্রি.) শিবনামক।
শিবাক্ষ, ন. [শিব+অক্ষ] রুদ্রাক্ষ; শিবলোচন।
শিবি, পুং. [শিব+ই] হিংস্রপশু; ভূর্জ্জবৃক্ষ; নৃপবিশেষ, উশীনর রাজারপুত্র।
শিবিকা, স্ত্রী. [শিবিক+আ] যানবিশেষ, ঝাঁপান, ডুলী, পালকী তৎপর্য্যায় — যাপ্যযান, শিবীরথ।
শিবিপিষ্ট, পুং. [শিবি+পিষ্ট] মহাদেব; খলতি; দুশ্চর্ম্মা; বিষ্ণু।
শিবির, ন. [শী+বির] সেনানিবেশ, ছাউনি; আগন্তুক সৈন্যেরআবাস; রাজার আদিস্থান।
শিবীরথ, পুং. [শিবী+রথ] যাপ্যযানবিশেষ, ডুলী, পালকী।
শিবেষ্ট, পুং. [শিব+ইষ্ট] বকবৃক্ষ, (ত্রি.) শিবপ্রিয় শিববিলম্বিত সেতু। [পর্ণা।
শিবেষ্টা, স্ত্রী. [শিব+ইষ্ট-আ] দূর্ব্বা, শতশিম, (প্রা) লতাফলবিশেষ, শিম্বী।
শিমার, (প্রা) জলজবৃক্ষবিশেষ।
শিমুল, (প্রা) বৃক্ষবিশেষ, শাল্মলীবৃক্ষ।
শিমৃড়ী, স্ত্রী. [শিমৃড়+ঈ] লতাবিশেষ, জ্যোতীষ্মতীলতা, হিং চকোলি, তৎপর্য্যায়।—মতিদা, বন্ধ্যা, পঙ্কুলাহারিণী, ব্রহ্মপত্রী, বাতঘ্নী, গুচ্ছপুষ্পী।
শিম্ব, পুং. [শি+ম্ব] চক্রমর্দ্দকবৃক্ষ, চাকুন্দাগাছ; শিমগাছ; শীম।
শিম্বা, স্ত্রী. [শিম্ব+আ] কলায়াদির ত্বক, শুটী, ছিমড়া, খোসা, তৎপর্য্যায়।—সমী, সিম্বা, সিম্বী, শিম্বী, শিম্বিকা, শমী, সিম্বিকা সিম্বি, শমি; শীমগাছ।
শিম্বি, স্ত্রী. [শিম্ব+ই] শিম্বিকা, শিম, এরকা, অগ্রম্বিতৃণ, হোগলা।
শিম্বিক, পুং. [শিম্ব+ইক] কৃষ্ণমুদ্গ, কাল মুগ।
শিম্বিকা, স্ত্রী. [শিম্ব+ইক-আ] শমী, শীম, শীমগাছ।
শিম্বিপর্ণিকা, স্ত্রী. [শিম্বি+পর্ণিকা] মুদ্গপর্ণী বনমুদ্গ, মুগানী।
শিম্বিপর্ণী, স্ত্রী. [শিম্বি+পর্ণ-ঈ] মুদ্গপর্ণী, বনমুদ্গ, মুগানী।
শিম্বী, স্ত্রী. [শিম্ব+ঈ] শিম্বিকা, শীম; মুদ্গপর্ণী, মুগাণী; কপিকচ্ছু।
শিয়র, (প্রা) শয়নকালীন মস্তকস্থিত স্থান।
শিয়াগোস, (যাং) কৃষ্ণবর্ণ কর্ণবিশিষ্ট ব্যাঘ্রজাতি পশুবিশেষ।
শিয়াল, (প্রা) শৃগাল, শিবা।
শিয়ালকাটা, (প্রা) বৃক্ষবিশেষ।
শিরঃ, ন. [শির+অস্] শিখর; মস্তক; প্রধান; সৈন্যের অগ্রবর্ত্তিদল; অগ্রভাগ; অধ্যক্ষ।
শিরঃকপালী, পুং. [শিরস্+কপালিন্] নরমস্তক কপালধারি সন্ন্যাসী।
শিরঃকম্পা, পুং. [শিরস্+কম্পা] মস্তককম্পন, মাথাকাঁপা।
শিরঃকম্পন, ন. [শিরস্+কম্পন] মস্তককম্পন, মাথাকাঁপা।
শিরঃপীড়া, স্ত্রী. [শিরস্+পীড়া] মস্তকবেদনা রোগ, মাথাব্যথা।
শিরঃফল, পুং. [শিরস্+ফল] নারিকেলবৃক্ষ।
শিরঃশূল, ন. [শিরস্+শূল] মস্তকবেদনারোগ, মাথাব্যথা।
শির, পুং. [শৄ+র] পিপ্পলী মূল; মস্তক; অজাগর; ধমনী, রক্তগমনাগমনের পথ।
শিরকা, (জাং) পুরাতন ইক্ষুরস, ভিনিগার।

শিরজ পুং. [শির+জন্-অ] কেশ,শিরসিজ, মাথারচুল।

শিরনামা, (বাং) পত্রেরউপর লিখিত নাম।

শিরপা, স্ত্রী. [শির+প-আ] অশ্বেরপ্রোল্লস্কনবিশেষ, অশ্বের অগ্রপদউত্তোলন; (বাং) পারিতোষিক, বকশীস্।

শিরসিজ, পুং. [শিরসি+জন্-অ] কেশ, শিরজ, মাথারচুল।

শিরসিরুহ, পুং. [শিরসি+রুহ] কেশ, শিরজ, শিরসিজ, মাথারচুল।

শিরস্ক, ন. [শিরস্+ক] শিরস্ত্রাণ, খোপড়া, টোপ, পাগড়ী; (ত্রি.) মস্তকসম্বন্ধীয়।

শিরস্ত্র, ন. [শিরস্+ত্রৈ-অ] শিরোরক্ষণ সন্নাহ, টোপ, পাগড়ী।

শিরস্ত্রাণ, ন. [শিরস্+ত্রাণ] শিরোরক্ষণসন্নাহ, খোপড়া, টোপ, পাগড়ী, তৎপর্য্যায়।—শীর্ষণ্য, শীর্ষক, শিরস্ক; শিরশ।

শিরস্থ, ত্রি. [শিরস্+স্থা-অ] মস্তকস্থিত; উপরিস্থ।

শিরস্য, পুং. [শিরস্+য] বিষদকচ, নির্ম্মলকেশ, তৎপর্য্যায়।—শীর্ষণ্য; (ত্রি.) শিরঃসম্বন্ধীয়; শিরোজ, মাথারচুল।

শিরঃস্থিত, ত্রি. [শিরস্+স্থিত] মস্তকস্থিত; উপরিস্থ

শিরা, স্ত্রী. [শির+আ] ধমনি, শরীরমধ্যস্থরক্তগমনাগমনের পথ, শির, নাড়ী।

শিরাপত্র, পুং. [শিরা+পত্র] হিন্তালবৃক্ষ, হেতালগাছ; কপিত্থ, কৎবেল।

শিরাবৃত্ত, ন. [শিরা+বৃত্ত] সীসক, সীসা।

শিরাল, ন. [শিরা+ল] কর্ম্মরঙ্গ, কামরাঙ্গা।

শিরালক, পুং. [শিরাল+ক] অস্থিভঙ্গবৃক্ষ, হাড়ভাঙ্গাগাছ।

শিরি, পুং. [শৄ+ই] খড়্গ; শর; হিংস্র; শলভ, ফড়িঙ্গ; (বাং) মিষ্টরস।

[illegible]ষ, পুং. [শৄ+ঈষ] স্বনামখ্যাতবৃক্ষ, তৎপর্য্যায়।—কপীতন, ভণ্ডিল, ভণ্ডির, ভণ্ডীর, ভণ্ডীল, মৃদুপুষ্প, শুকতরু, বিষনাশন, পীতপুষ্প, ভণ্ডিক, স্বর্ণপুষ্পক, শুকেষ্ট, বহুপুষ্প, বিষহন্তা, সুপুষ্পক, উদ্দানক, শুকতরু, লোমশপুষ্পক, কপীতক, কলিঙ্গ, শ্যামল, শঙ্খিনীফল, মধুপুষ্প, বৃত্তপুষ্প, শিখিনীফল, ভণ্ডী, ভ্রমরেষ্ট, শুকপুষ্প; কণ্টক, শিরীষস্যপর্য্যায়।—কটভী কিহিনী, শ্বেতা, মহাশ্বেতা, রোহিণী।

শিরীষপত্রিকা, স্ত্রী. [শিরীষ+পত্রিকা] শ্বেত কিনিহী, কণ্টকশিরিষ।

শিরীস, (বাং) পশুচর্ম্মাদিজাত আটাবৎ দ্রব্যবিশেষ।

শিরোগৃহ, ন. [শিরস্+গৃহ] অট্টালিকার উপরিস্থ গৃহ, চন্দ্রশালা, চিলেঘর।

শিরোগ্র, পুং. [শিরস্+অগ্র] মস্তকের অগ্রভাগ।

শিরোগ্রীব, ন. [শিরস্+গ্রীবা] মস্তক ও গ্রীবা

শিরোধরা, স্ত্রী. [শিরস্+ধর-আ] গ্রীবা, গলদেশ, ঘাড়।

শিরোধার্য্য, ত্রি. [শিরস্+ধার্য্য] আরাধ্য; মস্তকদ্বারা গ্রহণীয়

শিরোধি, স্ত্রী. [শিরস+ধা-ই] গ্রীবা, গলদেশ, ঘাড়।

শিরোনমন, ন. [শিরস্+নমন] মস্তকদ্বারা নমস্কারকরণ।

শিরোনাম, (প্রা) পত্রোপরি লিখিতনাম।

শিরোবল্লী, স্ত্রী. [শিরস্+বল্লী] বর্হিচূড়া, ময়ুরের চূড়া।

শিরোবৃত্ত, ন. [শিরস্+বৃত্ত] গোলাকার কটুদ্রব্যবিশেষ, মরিচ

শিরোবৃত্তফল, পুং. [শিরস+বৃত্ত+ফল] রক্তাপামার্গ, রাঙ্গা আপাংগাছ।

শিরোবেষ্ট, পুং. [শিরস্+বেষ্ট] উষ্ণীষ, পাগড়ী, পাগ।

শিরোবেষ্টন, ন. [শিরস্+বেষ্টন] শিরঃপ্রাবরণ, পাগড়ী, পাগ, তৎপর্য্যায়।—উষ্ণীষ, বেষ্টন, বেষ্টক, শিরোবেষ্ট, চেলোগুক।

শিরোমণি,পুং.স্ত্রী. [শিরস্+মণি] মস্তকধার্য্যরত্নভূষণ, কিরীট, শ্রেষ্ঠরত্ন, তৎ-

পর্য্যায়।—চূড়ামণি, শিরোরত্ন, পণ্ডিতের উপাধিবিশেষ।

শিরোমর্ম্মা, পুং. [শিরস্+মর্ম্মন্] শূকর, বরাহ।

শিরোরত্ন, ন. [শিরস্+রত্ন] শিরোমণি, মস্তকস্থিত রত্ন।

শিরোরুজা, স্ত্রী. [শিরস+রুজ্-আ] বগুপর্ণবৃক্ষ, ছাতিমগাছ; শিরোরোগ।

শিরোরুট্, পুং. [শিরস্+রুহ্] কেশ, শিরোজ, মস্তকের চুল।

শিরোরুহ, পুং. [শিরস্+রুহ] শিরোজ, মূর্দ্ধজ, কেশ, মাথারচুল।

শিরোরোগ, পুং. [শিরস্+রোগ] মস্তকপীড়া, শিরঃপীড়া, মাথাব্যথা।

শিরোর্ত্তি, স্ত্রী. [শিরস্+অর্ত্তি] শিরঃপীড়া, শিরোরোগ, মাথাব্যথা।

শিরোলুণ্ঠন, ন. [শিরস্+লুণ্ঠন] মস্তকলুণ্ঠন, মাথালোটান।

শিরোস্থি, ন. [শিরস্+অস্থি] মস্তকাস্থি, মাথারখুলী, তৎপর্য্যায়।—করোটি; শিরস্ত্রাণ, শীর্ষক।

শিল, ন.পুং. [শিল+অ] উঞ্ছবৃত্তি, ক্ষেত্রস্বামি নীত ধান্যের অবশিষ্ট গ্রহণ; জীবনোপায় বিশেষ; করকা; প্রস্তর।

শিলগর্ভজ, পুং. [শিল+গর্ভজ] পাষাণ, ভেদন।

শিলজা, স্ত্রী. [শিল+জ্-আ] ঔষধবিশেষ, (হিং) শিলাবাক্।

শিলা, স্ত্রী. [শিল+আ] পাষাণ, প্রস্তর; দ্বারের অধঃস্থিত কাষ্ঠ, গোবরাট; স্তম্ভশীর্ষ; মনঃশিলা; কর্পূর।

শিলাকর্ণী, স্ত্রী. [শিলা+কর্ণ-ঈ] শলকীবৃক্ষ।

শিলাকুট্টক, পুং. [শিলা+কুট্টক] টঙ্ক, প্রস্তরবিদারণ।

শিলাজ, ন. [শিলা+জন্-অ] শৈলেয়, শৈলজনামক গন্ধদ্রব্য, ছড়িলা।

শিলাজতু, ন. [শিলা+জতু] পর্ব্বতজাত, উপধাতুবিশেষ, (হিং) শিলাজিৎ, তৎপর্য্যায়।—গৈরেয়, অর্থ্য, গিরিজ, অশ্মজ, লেয়, শীতপুষ্পক, শিলাব্যাধি, অশ্মোত্থ, অশ্মলাক্ষা, অশ্মজতুক, জত্বশ্মক।

শিলাঞ্জনী, স্ত্রী. [শিলা+অঞ্জন-ঈ] কালা-

শিলাটক, পুং. [শিলা+অটক] অট্ট, অট্টালিকা; বিল, গর্ত্ত, গহ্বর।

শিলাত্মজ, ন. [শিলা+আত্মজ] লৌহ, লোহা।

শিলাত্মিকা, স্ত্রী. [শিলা+আত্মিকা] যন্ত্রবিশেষ, মুষাযন্ত্র, স্বর্ণাদিগলন যন্ত্র, মুচী।

শিলাদদ্রু, পুং. [শিলা+দদ্রু] শৈলজনামক গন্ধদ্রব্য, শৈলেয়, ছড়িলা।

শিলাধাতু, পুং। [শিলা+ধাতু] সিতোপল, খটীকা, খড়ী; গৈরিকবিশেষ, পীতবর্ণ গেরীমাটী।

শিলাপট্ট, পুং. [শিলা+পট্ট] পেষণার্থ শিলা, শিল্।

শিলাপুত্র, পুং. [শিলা+পুত্র] পেষণযোগ্যশীলা, লোড়া, তৎপর্য্যায়।—ঘর্ষনাল, শিলাপুত্রক।

শিলাপুষ্প, ন. [শিলা+পুষ্প] শৈলজনামক গন্ধদ্রব্য, ছড়িলা।

শিলাবল্কা, স্ত্রী. [শিলা+বল্ক-আ] ঔষধদ্রব্যবিশেষ, (হিং) শিলাবাক, তৎপর্য্যায়।—শিলজ, শৈলবল্কলা, বল্কলা, শৈলগর্ভাহ্বা, শিলাত্বক্, শ্বেতা।

শিলাবাক্, (হিং) ঔষধদ্রব্যবিশেষ, শিলাবল্কা।

শিলাব্যাধি, পুং. [শিলা+ব্যাধি] পর্ব্বতজাত উপধাতুবিশেষ, শিলাজতু, (হিং) শিলাজিৎ।

শিলাবৃষ্টি, স্ত্রী. [শিলা+বৃষ্টি] করকাপতন, শিলবর্ষণ।

শিলাভব, ন. [শিলা+ভব] শৈলজনামক গন্ধদ্রব্য, শৈলেয়।

শিলাভেদ, পুং. [শিলা+ভেদ] পাষাণভেদিবৃক্ষ; প্রস্তরভেদক অস্ত্র।

শিলাসন, ন. [শিলা+আসন] শৈলজনামক,

শিলাসার, ন. [শিলা+সার] লৌহ, লোহা।

শিলাহ্ব, ন. [শিলা+আহ্বা] পর্ব্বতজাত উপধাতুবিশেষ, শিলাজতু।

শিলি, পুং. [শিল+ই] ভূর্জ্জপত্রবৃক্ষ; (স্ত্রী.) দ্বারের অধঃস্থিত কাষ্ঠ, গোবরাট।

শিলিন্দ, পুং. [শিলিন্দ+অ] মৎস্যবিশেষ, শিলনমাছ; ছত্র।

শিলী, স্ত্রী. [শিল+ঈ] দ্বারের অধঃস্থিতকাষ্ঠ, গোবরাট; গণ্ডূপদী, ভেকী; স্তম্ভশীর্ষ।

শিলীন্ধ্র, ন. [শিলীন্ধ্র+অ] কদলীপুষ্প; করকা, শিল; ত্রিপুটা, মল্লিকা; (পুং.) বৃক্ষবিশেষ, কদলীবৃক্ষ; মৎস্যবিশেষ, চিত্রফলকমৎস্য; ছত্র।

শিলীন্ধ্রক, ন. [শিলীন্ধ্র+ক] গোময়চ্ছত্রিকা, গোবরছাতা।

শিলীন্ধ্রী, স্ত্রী. [শিলীন্ধ্র+ঈ] বিহঙ্গীবিশেষ, একপ্রকারপক্ষিণী; গণ্ডূপদী, ভেকী; মৃত্তিকা।

শিলীপদ, পুং. [শিলী+পদ] পাদরোগবিশেষ, গোদ, তৎপর্য্যায়।—পদগণ্ডীর, শ্লীপদ, পাদবল্মীক।

শিলীমুখ, পুং. [শিলী+মুখ] ভ্রমর; বাণ; যুদ্ধ; জড়ীভূত।

শিলেয়, ন. [শিলা+এয়] শৈলজনাম গন্ধদ্রব্য, শৈলেয়; (ত্রি.) শিলাসম্বন্ধীয়।

শিলোচ্চয়, পুং. [শিলা+উচ্চয়] পর্ব্বত, শৈল; পর্ব্বতশৃঙ্গ

শিলোঞ্ছ, পুং. [শিল+উঞ্ছ] উঞ্ছশিল, উঞ্ছবৃত্তি, ক্ষেত্রহইতে কৃষককর্ত্তৃক গৃহিতধান্যাদির অবশিষ্টচয়ন, পক্ষিচঞ্চুগ্রহণেরন্যায় অবশিষ্ট ধান্যাদির সঞ্চয়ন।

শিলোত্থ, ন. [শিলা+উত্থ] শৈলজনামকগন্ধদ্রব্য, শৈলেয়।

শিলোদ্ভব, ন. [শিলা+উদ্ভব] শৈলজনামক গন্ধদ্রব্য, শৈলেয়; চন্দনবিশেষ।

শিলৌকাঃ, পুং. [শিলা+ওকস্] গরুড়, পক্ষিরাজ।

শিল্প, ন. [শিল্প+অ] কলাদিকর্ম্ম, চতুঃষষ্টি শিল্পসংহিতোক্ত বিদ্যা, (যাং) হুনর, (হিং) কারিগরী; নৃত্যগীতবেণুবীণাদিবাদ্য; স্বর্ণকারাদির কারুকর্ম্ম; স্রুব।

শিল্পকর, পুং. [শিল্প+কর] শিল্পকর্ত্তা, শিল্পনিপুণ, কারিকর।

শিল্পকর্ম্ম, ন. [শিল্প+কর্ম্মন্] নির্ম্মাণাদিকর্ম্ম, কারিগরি কর্ম্ম।

শিল্পকার, পুং. [শিল্প+কার] শিল্পী, শিল্পবিদ্যাব্যবসায়ী, কারিকর।

শিল্পকারী, ত্রি. [শিল্প+কারিন্] শিল্পকর্ম্মকর্ত্তা, কারিকর।

শিল্পজ্ঞ, ত্রি. [শিল্প+জ্ঞা—অ] শিল্পকর্ম্মবেত্তা, শিল্পজ্ঞানী। [নৈপুণ্য।

শিল্পজ্ঞান, ন. [শিল্প+জ্ঞান] শিল্প কর্ম্মেতে

শিল্পজ্ঞানী, পুং. [শিল্প+জ্ঞানিন্] শিল্পকর্ম্মবেত্তা, শিল্পজ্ঞ।

শিল্পবিদ্যা, স্ত্রী. [শিল্প+বিদ্যা] চিত্রাদিকর্ম্মবিষয়কবিজ্ঞান, শিল্পশাস্ত্র।

শিল্পশাল, ন. [শিল্প+শালা] শিল্পকর্ম্ম করিবার গৃহ, (যাং) কারখানাঘর।

শিল্পশালা, স্ত্রী. [শিল্প+শালা] স্বর্ণকারাদির কর্ম্মগৃহ, শিল্পকর্ম্ম করিবারগৃহ, (যাং) কারখানাঘর, তৎপর্য্যায়।—আবেশন, শিল্পিশালা, শিল্পশাল, শাল্পশাল।

শিল্পশাস্ত্র, ন. [শিল্প+শাস্ত্র] বিশ্বকর্ম্মকৃত শিল্পকর্ম্মের গ্রন্থ।

শিল্পাগার, ন. [শিল্প+আগার] শিল্পকর্ম্মের গৃহ, কারখানাঘর।

শিল্পিকা, স্ত্রী. [শিল্প+ইক—আ] তৃণবিশেষ (হিং) লহানসিপী, তৎপর্য্যায়।—শিল্পিনী, শাতা, ক্ষেত্রজা, মৃদুচ্ছদা।

শিল্পিনী, স্ত্রী. [শিল্প+ইন্—ঈ] ঔষধিবিশেষ কোলদলঔষধি; শিল্পকর্ম্মজ্ঞাস্ত্রী।

শিল্পিশাল, ন. [শিল্পিন্+শাল] শিল্পশালা, স্বর্ণকারাদির কর্ম্মগৃহ, কারখানাঘর।

শিল্পিশালা, স্ত্রী. [শিল্পিন্+শালা] শিল্পশালা, স্বর্ণকারাদির কর্ম্মগৃহ, (যাং) কারখানাঘর।

শিল্পী, ত্রি. [শিল্প+ইন্] শিল্পকর্ত্তা, কারিকর, তৎপর্য্যায়।—কারু; (ত্রি.) শিল্পসম্বন্ধীয়।

শিশি, (বাং) কাচনির্মিত ক্ষুদ্র, আধারবিশেষ।

শিশির, পুং. [শশ্+ইর] হিম, তুষার; (পুং.ন.) ঋতুবিশেষ,মাঘ ও ফাল্গুনমাস, শীতকাল, তৎপর্য্যায়।—কম্পন, শীত হিমকুট; কোটন, কোড়ব; (ত্রি.) শীতগুণযুক্ত; শীতল।

শিশিরকাল, পুং. [শিশির+কাল] ঋতুবিশেষ, মাঘ ও ফাল্গুন মাস।

শিশু, পুং. [শো+উ] বালক, চতুর্থ বৎসরের ঊর্দ্ধ অষ্টম বর্ষবয়স্ক, তৎপর্য্যায়। —পোত, পাক, অর্ভক, ডিম্ভ, পৃথুক, শাবক, শাব, অর্ভ, শিশুক, পোতক, ডিম্ভক, গর্ভ; অষ্টমবর্ষ বা ঊনষোড়শ বর্ষবয়স্ক বালক; বৃক্ষবিশেষ।

শিশুক, পুং. [শিশু+ক] জল জন্তুবিশেষ, শুশুক্, শোঁষ, তৎপর্য্যায়।—উলুপী; উপল, অতি চঞ্চল মৎস্য, শিশুমারাকৃতি মৎস্য; মৎস্যবিশেষ, শোশু, ভাঁগাল; শিশু মার; বালক; বৃক্ষবিশেষ।

শিশুকাল, পুং. [শিশু+কাল] শৈশব সময়, বাল্যকাল।

শিশুগন্ধা, স্ত্রী. [শিশু+গন্ধ-আ] মল্লিকাবিশেষ, মধুমল্লী, করুণমল্লী।

শিশুচান্দ্রায়ণ, ন. [শিশু+চান্দ্রায়ণ প্রায়শ্চিত্ত রূপ ব্রতবিশেষ, সূর্য্যাস্ত হইলে চতুর্থ পিণ্ডাকৃতি হবিষ্যান্ন ভোজনপূর্ব্বক ব্রত ধারণ। [অবস্থা, বাল্যাবস্থা।

শিশুতা, স্ত্রী. [শিশু+ত-আ] শিশুত্ব, শিশুর

শিশুত্ব, ন. [শিশু+ত্ব] শৈশব, বাল্যাবস্থা, (অন্যপর্য্যায় বাল্য শব্দে দ্রষ্টব্যঃ)।

শিশুপাল, পুং. [শিশু+পাল] চেদি দেশীয় রাজাবিশেষ, তৎপর্য্যায় —দমঘোষ সুত, চৈদ্য, চেদিরাড়্, শিশুপালক।

শিশুপালক, পুং. [শিশু+পালক] দমঘোষ সুত; কেলি কদম্ব বৃক্ষ; (ত্রি.) বালকপালক, শিশু রক্ষক।

শিশুপালহা, পুং. [শিশুপাল+হন্] শ্রীকৃষ্ণ।

শিশুবাহক, পুং. [শিশু+বাহক] বনছাগ, বনছাগল; (ত্রি.) বালক বহনকর্ত্তা।

শিশুবাহক, পুং. [শিশু+বাহক] বনছাগ, বনছাগল; (ত্রি.) বালক বহনকর্ত্তা।

শিশুবোধ, পুং. [শিশু+বোধ] বালকবোধার্থ পুস্তকবিশেষ; বালকের তুল্য জ্ঞান।

শিশুভাব, পুং. [শিশু+ভাব] শিশুত্ব, বাল্যাবস্থা; তান্ত্রিক ভাববিশেষ।

শিশুমার, পুং. [শিশু+মার] জল জন্তুবিশেষ, শোঁষ, শুশুক, তৎপর্য্যায়।—শিশুক, উলুপী, চুলুকী, অম্বুকূর্ম্ম, অম্বুকীশ, সীরক, বাংকিটি, জলশূকর।

শিশ্ন, পুং. [শিশ+ন] মেঢ্র, পুরুষচিহ্ন, লিঙ্গ, ধ্বজ, উপস্থ, চর্ম্মদণ্ড।

শিশ্নোদরপরায়ণ, পুং. [শিশ্ন+উদর-পরায়ণ] আহার ও বিহার মাত্র কর্ম্মে যত্নবান।

শিশ্বিদান, ত্রি. [শ্বিত+আন] পাপকর্ম্মা, পাপী, তৎপর্য্যায়।—কৃষ্ণকর্ম্মা; অকৃষ্ণকর্ম্মা, নিষ্পাপী।

শিষ, (প্রা) ধান্যাদির শীর্ষ, মঞ্জরী, ধানের শিখা।

শিষ্ট, ত্রি. [শিষ্+ত] সভ্য, শান্ত, সুবুদ্ধি, ধীর; সুশীল; অবশিষ্ট, বাকী।

শিষ্টতা, স্ত্রী. [শিষ্ট+ত-আ] সভ্যতা, শিষ্টের ধর্ম্ম, নম্রতা, ধীরতা।

শিষ্টত্ব, ন. [শিষ্ট+ত্ব] নম্রতা, শিষ্টতা, ধীরতা, সভ্যতা।

শিষ্টাচার, পুং. [শিষ্ট+আচার] সাধু ব্যবহার, ভদ্রতা, বিশিষ্ট লোকের ব্যবহার; সভ্যাচার।

শিষ্টি, স্ত্রী. [শাস্+তি] আজ্ঞা, শাসন; অনুমতি।

শিষ্য, ত্রি. [শাস্+য] উপদিশ্য, পড়ুয়া, তৎপর্য্যায়।—ছাত্র, অন্তেবাসী, অন্তেষৎ, অন্তেষদ।

শিহরণ, (প্রা) লোমাঞ্চহওন; ভয়াদি হেতু গাত্র স্পন্দন।

শিহ্ল, পুং. [শিহ্ল+অ] গন্ধ দ্রব্যবিশেষ, শিহ্লক, শিলারস, শিহ্লা; লোবান্।

শিহ্লক, পুং. [শিহ্ল+ক] গন্ধ দ্রব্যবিশেষ, শিলারস, শিহ্লা; লোবান্, তৎপর্য্যায়। —কপিনামা, কপি, তৈল, কৃত্রিম,

কপিল, চলা, তুরুষ্ক, মুক্তিমুক্ত, পিণ্ডাত, বর, পিণ্ডক, সিহ্লক, যাবন।

শিক্ষক, ত্রি. [শিক্ষ+অক] শিক্ষাদায়ক, অধ্যাপক; শাসনকর্ত্তা।

শিক্ষণ, ত্রি. [শিক্ষ+অন] বিদ্যোপাদান, বিদ্যাগ্রহণ, অধ্যয়ন; অভ্যাস।

শিক্ষয়িতা, ত্রি. [শিক্ষয়ি+তৃ] শিক্ষক, অধ্যাপক।

শিক্ষা, স্ত্রী. [শিক্ষ+অ-আ] শিক্ষণ, অভ্যাস; শ্যোণাক বৃক্ষ; উচ্চারণবোধক বেদাঙ্গশাস্ত্রবিশেষ; উপদেশ।

শিক্ষাকর, পুং. [শিক্ষা+কর] বেদব্যাস; (ত্রি.) শিক্ষাকর্ত্তা।

শিক্ষাকরণ, ন. [শিক্ষা+করণ] অভ্যাসন, শিক্ষাকরা।

শিক্ষাকর্ত্তা, ত্রি. [শিক্ষা+কর্ত্তৃ] শিক্ষাকারক, অভ্যাসকারী।

শিক্ষাগুরু, পুং. [শিক্ষা+গুরু] বিদ্যাদাতা গুরু; মন্ত্রাদি উপদেশ কর্ত্তা, দীক্ষা গুরু।

শিক্ষাদাতা, পুং. [শিক্ষা+দাতৃ] অধ্যাপক, উপদেশক, যিনি উপদেশ দেন।

শিক্ষাদায়ক, পুং. [শিক্ষা+দায়ক] অধ্যাপক, শিক্ষক, উপদেশক

শিক্ষার্থী, ত্রি. [শিক্ষা+অর্থিন্] শিক্ষাভিলাষী।

শিক্ষিত, ত্রি. [শিক্ষ+ইত] বিজ্ঞ; শিক্ষাযুক্ত, শিক্ষাপ্রাপ্ত, কৃতবিদ্য।

শিক্ষিতব্য, ত্রি. [শিক্ষ+ই-তব্য] শিক্ষণীয়, শিখিবার যোগ্য।

শিক্ষিতাক্ষর, পুং. [শিক্ষিত+অক্ষর] শিক্ষাকারী, ছাত্র, পড়ুয়া; অভ্যস্তাক্ষর।

শিক্ষ্য, ত্রি. [শিক্ষ+য] শিক্ষিতব্য, শিক্ষণীয়, শিখিবার যোগ্য।

শী, স্ত্রী. [শী+ক্বিপ্] শান্তি; শয়ন।

শীকর, ন. [শীক্+অর] শরলদ্রব; (পুং.) বায়ুাদি প্রেরিত জলকণা, জলবিন্দু; বায়ু; শিশির।

শীকরী, স্ত্রী. [শীকর+ঈ] জলকণা; জলকণার সহিত মিলিত।

শীঘ্র, ন. [শীঘ্+র] বিলম্বাভাব, অবিলম্ব, ত্বরা, তৎপর্য্যায়।—ত্বরিত, লঘু, ক্ষিপ্র, অর, দ্রুত, সত্বর, চপল, তূর্ণ, অবিলম্বিত, আশু, দ্রাক্, ঝটিতি, অঞ্জসা, অহ্নায়; সপদি, দ্রাক্, মংক্ষু; তদ্বৈদিক পর্য্যায় যথা।—ক্ষু, মক্ষু, দ্রবৎ, ওষ, জীরা, জূর্ণি, সূর্ত্তা, শৃঘনাশ, শীভ, তৃয়, তুয়, তুর্ণি, অজির, গুরণ্যু, শু, আশু, প্রাশু, তূতুজি, তুপজান, গুজ্যমানাস, অত্রা, সাচীবৎ, দ্যুগৎ, তাজৎ, তরণি, বাতরম্হা; (ত্রি.) ত্বরাযুক্ত, শীঘ্রতাযুক্ত, সত্বর।

শীঘ্রগ, ত্রি. [শীঘ্র+গ] দ্রুতগামী, ত্বরিতগতি; (পুং.) বায়ু, বাতাস।

শীঘ্রগামী, ত্রি. [শীঘ্র+গামিন্] আশুগমনশীল, দ্রুতগামী, ত্বরিতগতি।

শীঘ্রচেতন, পুং. [শীঘ্র+চেতন] কুক্কুর, কুকুর; (ত্রি.) আশু চেতনাযুক্ত।

শীঘ্রজন্মা, পুং. [শীঘ্র+জন্মন্] করঞ্জবিশেষ, কাঁটা করঞ্জ।

শীঘ্রতা, স্ত্রী. [শীঘ্র+ত-আ] সত্বরতা, দ্রুততা, ক্ষিপ্রতা।

শীঘ্রপুষ্প, পুং. [শীঘ্র+পুষ্প] অগস্ত্যবৃক্ষ।

শীঘ্রবেধী, পুং. [শীঘ্র+বেধিন্] আশুশর বেধকর্ত্তা, লঘুহস্ত।

শীঘ্রা, স্ত্রী. [শীঘ্+র-আ] বৃক্ষবিশেষ, দন্তীবৃক্ষ।

শীঘ্রিয়, ত্রি. [শীঘ্র+ইয়] দ্রুতসম্বন্ধীয়, শীঘ্রভব; (পুং.) শিব; বিষ্ণু।

[illegible]য়, ত্রি. [শীঘ্র+ঈয়] দ্রুতসম্বন্ধীয়।

শীত, ন. [শী+ত] হিমগুণ, শৈত্যগুণ, শীতলতা; জল; ত্বচ; (পুং.) বেতসবৃক্ষ; বহুবারক বৃক্ষ, তব্য, চালতাগাছ; অশনপর্ণী; পর্পট; নিম্ব; কর্পূর; হিমঋতু; (ত্রি.) শীতল; অলস; ক্বথিত, অতিশয় পক্ক দশমূলাদি পাচন।

শীতঋতু, ন. [শীত+ঋতু] হেমন্তকাল, অগ্রহায়ণ ও পৌষমাস

শীতক, পুং. [শীত+ক] শীতকাল, হেমন্তকাল; সুস্থিত; দীর্ঘসূত্রী, যে ব্যক্তি চির-

কালে কর্ম্ম করে; অশনপর্ণীবৃক্ষ; বৃশ্চিক, বিছা।

শীতকর, পুং. [শীত+কর] চন্দ্র; (ত্রি.) শীতল পাণিযুক্ত; শীতকারক।

শীতকষায়, পুং. [শীত+কষায়] হিমকষায়।

শীতকাল, পুং. [শীত+কাল] হিমঋতু, অগ্রহায়ণ ও পৌষমাস, তৎপর্য্যায়।—শীতক, হেমন্ত, সহাঃ, হৈমন্। [সন্ধিঃ।

শীতকালীন, ত্রি. [শীত+কালীন] শীতকাল

শীতকিরণ, পুং. [শীত+কিরণ] চন্দ্র, শীতকর, হিমকর, শীতগু।

শীতকুম্ভ, পুং. [শীত+কুম্ভ] করবীরবৃক্ষ, করবীগাছ।

শীতকুম্ভী, স্ত্রী. [শীত+কুম্ভ-ঈ] জলজ বৃক্ষবিশেষ, শাউলিছোপ।

শীতকৃচ্ছ্র, পুং. [শীত+কৃচ্ছ্র] ব্রতবিশেষ, তিন২ দিবস করিয়া ঘৃত দুগ্ধ ও জল পানপূর্ব্বক উপবাস ব্রত।

শীতগন্ধ, ন. [শীত+গন্ধ] শ্বেতচন্দন।

শীতগু, পুং. [শীত+গো] চন্দ্র, শীতকিরণ; হিমকর।

শীতচম্পক, পুং. [শীত+চম্পক] দর্পণ, আর্শী; প্রদীপ।

শীতড়ী, (প্রা) শীত বস্ত্রবিশেষ; ব্রণবিশেষ।

শীতপর্ণী, স্ত্রী. [শীত+পর্ণ-ঈ] অর্কপুষ্পিকা, অর্কহুলী লতা।

শীতপল্লবা, স্ত্রী. [শীত+পল্লব-আ] ভূমিজম্বু, ভুঁইজাম।

শীতপাকিনী, স্ত্রী. [শীত+পাকিন্-ঈ] কাকোলী, ভুঁইজাম; মহাসমঙ্গা, (হিং) কগহিয়া।

শীতপাকী, স্ত্রী. [শীত+পাক-ঈ] বাট্যালক, বেড়েলা; কাকোলী, ভুঁইজাম; গুঞ্জা, কুচ।

শীতপুষ্প, পুং. [শীত+পুষ্প] শিরীষবৃক্ষ; (ন.) সুগন্ধ তৃণবিশেষ।

শীতপুষ্পক, ন. [শীত+পুষ্পক] শৈলনির্যাস, শিলাজ।

শীতপুষ্পা, স্ত্রী. [শীত+পুষ্প-আ] অতিবলা, গুরুশকরী।

শীতপ্রভ, পুং. [শীত+প্রভা] চন্দ্র; কর্পূর; (ত্রি.) শীতল প্রভাযুক্ত।

শীতপ্রিয়, পুং. [শীত+প্রিয়] পর্পট, ক্ষেতপাপড়া

শীতফল, পুং. [শীত+ফল] উডুম্বর, যজ্ঞডুম্বুর; শেলু, বহুবারক বৃক্ষ।

শীতবলা, স্ত্রী. [শীত+বল-আ] মহাসমঙ্গা, (হিং) কগহিয়া।

শীতবল্ক, পুং. [শীত+বল্ক] উডুম্বর, যজ্ঞডুম্বুর; (ত্রি.) শীতল বল্কল।

শীতবীর্য্য, ন. [শীত+বীর্য্য] শীত প্রধান স্থান; অধিক শীতল; (পুং.) প্লক্ষবৃক্ষ, পাকুড় গাছ।

শীতবীর্য্যক, পুং. [শীত+বীর্য্যক] প্লক্ষবৃক্ষ; (ত্রি.) শীতল বীর্য্যযুক্ত।

শীতভানু, পুং. [শীত+ভানু] চন্দ্র, শীতাংশু।

শীতভীত, ত্রি. [শীত+ভীত] শীতহেতু শঙ্কিত, শীতকাতর।

শীতভীরু, স্ত্রী. [শীত+ভীরু] মল্লিকা; (ত্রি.) শীতভীত, শীতহেতু শঙ্কিত।

শীতমঞ্জরী, স্ত্রী. [শীত+মঞ্জরী] শেফালী, শিউলী।

শীতময়ুখ, পুং. [শীত+ময়ূখ] চন্দ্র; কর্পূর।

শীতমরীচি, পুং. [শীত+মরীচি] চন্দ্র; কর্পূর।

শীতমূলক, ন. [শীত+মূলক] উশীর, বেণারমূল; (ত্রি.) শীতল মূলযুক্ত।

শীতরম্য, পুং. [শীত+রম্য] প্রদীপ; (ত্রি.) শীতেরমণীয়।

শীতরুক্, পুং. [শীত+রুচ্] চন্দ্র।

শীতরশ্মি, পুং. [শীত+রশ্মি] চন্দ্র; কর্পূর।

শীতল, ন. [শীত+ল] পুষ্পকাসীস; শৈলজ; মলয়োদ্ভব, চন্দন; পদ্মক; মৌক্তিক, শৈত্য; বীরণমূল; (পুং.) অশনপর্ণী; অর্হদ্বিশেষ, চতুর্ব্বিংশতি তীর্থঙ্কর মধ্যে দশমতীর্থঙ্কর; ব্রতবিশেষ; চন্দ্র; বহুবার বৃক্ষ; চম্পক; কর্পূরবিশেষ; রাল, ধুনা; (ত্রি.) শীতগুণবিশিষ্ট, ঠাণ্ডা, তৎপর্য্যায়।—সুষীম, শিশির, জড়, তুষার, শীত, হিম।

শীতলক, ন. [শীতল+ক] সিতোৎপল, শ্বেতপদ্ম; (পুং.) মরুবক, ময়নাগাছ।

শীতলচ্ছদ, পুং. [শীতল+ছদ] চম্পক, চাঁপা; শীতলপত্র।

শীতলজল, ন. [শীতল+জল] উৎপল, পদ্ম; হিমবারি।

শীতলতা, স্ত্রী. [শীতল+ত-আ] শীতলত্ব, স্নিগ্ধতা, শীততা।

শীতলত্ব, ন. [শীতল+ত্ব] জড়তা; শীতলতা, স্নিগ্ধতা।

শীতলপত্রিকা, স্ত্রী. [শীতল+পত্রিকা] বৃক্ষবিশেষ, শীতলপাটীর গাছ।

শীতলপাটী, (গ্রা) বৃক্ষত্বক্ নির্ম্মিত স্নিগ্ধ আস্তরণবিশেষ।

শীতলপ্রদ, পুং. [শীতল+প্রদ] চন্দন; (ত্রি.) হিমদাতা; স্নিগ্ধতাদায়ক।

শীতলবাতক, পুং. [শীতল+বাতক] অশনপর্ণী; (ত্রি.) শীতলবায়ুযুক্ত।

শীতলা, স্ত্রী. [শীত+ল-আ] বৃক্ষবিশেষ, শীতলীবৃক্ষ; দেবীবিশেষ, বসন্তবিস্ফোটকাদির অধিষ্ঠাত্রী দেবতা; কুটুম্বিনী; আরামশীতলা; বালুকা।

শীতলাষষ্ঠী, স্ত্রী. [শীতলা+ষষ্ঠী] মাঘমাসের শুক্লাষষ্ঠী।

শীতলী, স্ত্রী. [শীতল+ঈ] জলজবৃক্ষবিশেষ শিউলীছোপ্ তৎপর্য্যায়।—শীতকুম্ভী, শুক্লপুষ্পা, জলোদ্ভবা, কালালসারিবা।

শীতশিব, ন. [শীত+শিব] সৈন্ধবলবণ; শৈলেয়নামে গন্ধদ্রব্য; (পুং) মধুরিকা, মৌরি; শক্তুফলাবৃক্ষ।

শীতশিবা, স্ত্রী. [শীত+শিব+আ] মিশ্রেয়া, মৌরি; শমীবৃক্ষ, শাঁইগাছ।

শীতশূক, পুং. [শীত+শূক] যব; (ত্রি.) শূকযুক্ত।

শীতসহ, পুং. [শীত+সহ] পীলুবৃক্ষ; (ত্রি.) শীতসহনীয়

শীতসহা, স্ত্রী. [শীত+সহ-আ] নীলসিন্ধুবার; বাসন্তী, মাধবীলতা।

শীতক্ষার, ন. [শীত+ক্ষার] শ্বেতটঙ্কণ, শাদা সোহাগা।

শীতা, স্ত্রী. [শীত+আ] রামচন্দ্রের পত্নী; লাঙ্গলপদ্ধতি; অতিবলা; কুটুম্বিনী; দূর্ব্বা; শিল্পিকাতৃণ।

শীতাংশু, পুং. [শীত+অংশু] কর্পূর; চন্দ্র; শীতকিরণ।

শীতাংশুতৈল, ন. [শীতাংশু+তৈল] কর্পূরতৈল।

শীতাঙ্গী, স্ত্রী. [শীত+অঙ্গ-ই] হংসপদী বৃক্ষ; (ত্রি.) শীতলাঙ্গ, স্নিগ্ধশরীর।

শীতাদ, পুং. [শীত+অদ] দন্তরোগবিশেষ।

শীতাদ্রি, পুং. [শীত+অদ্রি] হিমালয় পর্ব্বত, হিমগিরি।

শীতাবলা, স্ত্রী. [শীত+আবল-আ] মহাসমঙ্গা।

শীতাভ, পুং. [শীত+আভ] কর্পূর।

শীতাভ্র, পুং. [শীত+অভ্র] কর্পূর; শাদামেঘ।

শীতার্ত্ত, ত্রি. [শীত+অর্ত্তি] শীতদ্বারাপীড়িত তৎপর্য্যায়।—শীতালু, শীতকাতর।

শীতালু, ত্রি. [শীত+আলু] সীতার্ত্ত, শীতকাতর।

শীতাশ্ম, পুং. [শীত+অশ্মন্] চন্দ্রকান্তমণি; শীতল প্রস্তর।

শীতীভাব, পুং. [শীতী+ভাব] মোক্ষ, মুক্তি; শীতলত্ব।

শীতোত্তম, ন. [শীত+উত্তম] জল, সলিল, বারি।

শীত্য, ত্রি. [শীত+য] সীত্য, কৃষ্ণ, চসা; শীতযোগ্য।

শীৎকার, পুং. [শীৎ+কার] শ্রেষ্ঠস্ত্রীদিগের রতিকালীন ধ্বনি, শিহরণ।

শীৎকৃত, ন. [শীৎ+কৃত] শীৎকার, শ্রেষ্ঠাদিগের রতি কালীন ধ্বনি, শিহরণ।

শীধু, পুং.ন. [শী+ধু] পক্কইক্ষুরস কৃতমদ্য, এক্ষোগুড়ের মদ; মধু।

শীধুগন্ধ, পুং. [শীধু+গন্ধ] বকুলবৃক্ষ; মদাগন্ধ।

শীধুপ, ত্রি. [শীধু+পা-অ] শীধুপানকর্ত্তা, ইক্ষুগুড় মদ্যপানকারী।

শীন, ত্রি. [শ্যৈ+ত] ঘনীভূতঘৃতাদি. (পুং.) মূর্খ; অজগর সর্প।

শীকালিকা, স্ত্রী. [শীকাল+ইক-আ] শেফালিকাবৃক্ষ, শিউলীগাছ।

শীবল, ন. [শী+বল] শৈলজনামে গন্ধদ্রব্য; শৈলেয়; শৈবাল, শেওলা।

শীবা, পুং. [শী+বন্] অজগরসর্প।

শীভর, পুং. [শী+ভর] শীকর, জলকণা, বায়ু।

শীভা, পুং. [শীভ+ষ] শিব, মহাদেব; বৃষ, ষাঁড়।

শীর, পুং. [শৃ+র] অজগরসর্প।

শরীরী, পুং. [শীর+ইন্] হরিদ্দর্ভ, হরিদ্গর্ভ হরিদ্বর্ণ কুশা।

শীর্ণ, ন. [শৄ+ন] সুগন্ধ দ্রব্যবিশেষ, স্থৌণেয়ক, (হিং.) থুনিয়া; (ত্রি.) কৃশ; বিশীর্ণ, শুষ্ক; ছিন্ন; পতিত।

শীর্ণতা, স্ত্রী. [শীর্ণ+ত-আ] ক্ষীণতা, কৃশত্ব।

শীর্ণত্ব, ন. [শীর্ণ+ত্ব] কৃশতা, শীর্ণতা।

শীর্ণপত্র, পুং. [শীর্ণ+পত্র] কর্ণিকারবৃক্ষ; পট্টিকালোধ্র; নিম্ব; (ন.) বিশীর্ণপত্র।

শীর্ণপর্ণ, পুং। [শীর্ণ+পর্ণ] নিম্ববৃক্ষ, (ন.) বিশীর্ণপত্র।

শীর্ণপাদ, পুং. [শীর্ণ+পাদ] যম, অন্তক, কৃশচরণ। [পুষ্পীগুল্মকা।

শীর্ণপুষ্পিকা, স্ত্রী. [শীর্ণ+পুষ্পিকা] অবাক্-

শীর্ণবৃন্ত, ন. [শীর্ণ+বৃন্ত] বৃহদ্দোল, তরমুজ, তৎপর্য্যায়।—সুখবাস সুখাশ।

শীর্ণমালা, স্ত্রী. [জীর্ণ+মালা] বৃক্ষবিশেষ, পৃশ্নিপর্ণী; বিশীর্ণমালা।

শীর্ণাঙ্ঘ্রি, পুং. [শীর্ণ+অঙ্ঘ্রি] যম, কাল (ত্রি.) কৃশচরণ।

শীর্ত্তি, ত্রি. [শৄ+ত্তি] অপকারক, হিংসক।

শীর্ষ, ন. [শিরস্+অ] মস্তক, শিরঃ; কৃষ্ণাগুরু।

শীর্ষক, ন. [শীর্ষ+ক] মস্তক, শিরোরক্ষণ সন্নাহ, টোপ, পাগড়ী, তৎপর্য্যায়।—শীর্ষণ্য, শিরস্ত্র; শিরোস্থি, মাথারখুলি; জয় ও পরাজয়পত্র; (পুং) রাহুগ্রহ।

শীর্ষঘাতী, ত্রি. [শীর্ষ+ঘাতিন্] মস্তকছেদক, শিরশ্ছেদক।

শীর্ষচ্ছেদিক, ত্রি. [শীর্ষ+ছেদিক] বধার্হ, বধযোগ্য, মস্তকচ্ছেদনের উপযুক্ত।

শীর্ষচ্ছেদ্য, ত্রি. [শীর্ষ+ছেদ্য] শিরশ্ছেদনোপযুক্ত, বধ্য।

শীর্ষণ্য, ন. [শীর্ষন্+য] শীর্ষক, শিরস্ত্র, শিরস্ত্রাণ, টোপ, পাগড়ী; (পুং.) বিষদকচ, পরিষ্কার চুল, তৎপর্য্যায়।—শিরাস্থ। [পাগড়ী।

শীর্ষরক্ষ, ন. [শীর্ষ+রক্ষ] শিরস্ত্রাণ, টোপ,

শীর্ষোদয়, পুং; [শীর্ষ+উদয়] মিথুন সিংহ কন্যা তুলা বৃশ্চিক কুম্ভ মীন এই সমস্ত রাশির লগ্নরূপ।

শীল, ন. [শীল+অ] স্বভাব; সদ্বৃত্ত, সচ্চরিত্র; ব্রহ্মণ্যতাদি ত্রয়োদশ বিধ ধর্ম্মমূল, তদ্যথা।—ব্রহ্মণ্যতা, দেব ও পিতৃভক্ততা, সাধুতা, অপরোপতাপিতা, অনসূয়তা, মৃদুতা, অপারুষ্য, মৈত্রতা, প্রিয়বাদিত্ব, কৃতজ্ঞতা, শরণ্যতা, কারুণ্য, প্রশান্তি; রাগদ্বেষবর্জ্জন; (পুং.) অজগর সর্প; চরিত্র।

শীলতা, স্ত্রী. [শীল+ত-আ] সচ্চরিত্রতা, সুস্বভাবতা, সাধুতা।

শীলত্ব, ন. [শীল+ত্ব] শীলতা, সচ্চরিত্রতা, সাধুতা।

শীলন, ন. [শীল+অন] অভ্যাসন, পুনঃ২ উচ্চারণ; অতিশায়ন; উপধারণ; সেবা সম্ভাবন; প্রবর্ত্তন; আলোচনা. পাঠনিশ্চয়।

শীলবান্, ত্রি. [শীল+বৎ] শীলবিশিষ্ট, সংস্বভাব, সুশীল; সদ্বৃত্ত, সচ্চরিত্র।

শীলা, স্ত্রী. [শীল+আ] কৌণ্ডিন্যমুনির পত্নী।

শীলিত, ন. [শীল+ইত] চীর্ণ, সুস্বভাবযুক্ত, সুশীল; (ত্রি.) অভ্যস্ত, শিক্ষিত।

শীশ, (গ্রা) মুখবাদ্যবিশেষ; শীশকারবিশেষ।

শুঁটী, (প্রা) ছিমৃড়া; কলায়শুটী; কলম্বক্।
শুঁঠ, (প্রা) শুষ্কআদ্রক, শুক্না আদা।
শুঁড়, (প্রা) করিকর, হাতির শুঁড।
শুঁড়ী, (প্রা) শুণ্ডী, শৌণ্ডিক, মদ্যবিক্রেতা; সুক্ষ্মপথ।
শুঁয়া, (প্রা) ধান্যাদির অগ্রভাগ।
শুক্, স্ত্রী. [শুচ্+ক্বিপ] শোক, অনুতাপ।
শুক, ন. [শুচ+অ] গ্রন্থিপর্ণ, গাঠিয়ালা; বস্ত্র; বস্ত্রাঞ্চল; শিরস্ত্রাণ, পাগড়ী শোণকবৃক্ষ; (পুং.) পক্ষিবিশেষ, শুয়া, (হিং) শুগা, তৎপর্য্যায়।—কীর, বক্রতুণ্ড, মেধাবী, দাড়িমপ্রিয়; রক্ততুণ্ড, বক্রচঞ্চু, চিমি, চিমিক, শূক, প্রিয়দর্শন, মঞ্জুপাঠক, ব্যাসের পুত্র; রাবণমন্ত্রী; শিরীষবৃক্ষ; বৃক্ষবিশেষ- শেয়ালকাঁটা; টিয়াপাখী।
শুকচ্ছদ, ন. [শুক+ছদ] গ্রন্থিপর্ণ, গাঠিয়ালাগাছ। [শুয়াঠোঁটী।
শুকজিহ্বা, স্ত্রী. [শুক+জিহ্বা] বৃক্ষবিশেষ
শুকতরু, পুং. [শুক+তরু] শিরীষবৃক্ষ।
শুকদেব, পুং. [শুক+দেব] ব্যাসতনয়, ব্যাসপুত্র
শুকদ্রুম, পুং. [শুক+দ্রুম] শিরীষবৃক্ষ।
শুকন, (প্রা) শুষ্ককরণ, শোষন, কৃশহওন।
শুকনা, (প্রা) শুষ্ক, নীরস, ম্লান।
শুকনামা. স্ত্রী. [শুক+নাম-আ] বৃক্ষবিশেষ, শুকজিহ্বা, শুয়াঠোঁটী; (ত্রি.) শুকসংজ্ঞক।
শুকনাশন, পুং. [শুক+নাশন] দদ্রুঘ্ন, চক্রমর্দ্দকবৃক্ষ; (ত্রি.) শুকনাশক।
শুকনাস, পুং. [শুক+নাস] শোণাকবৃক্ষ; (ত্রি.) শুকনাসাযুক্ত।
শুকপিণ্ডি, স্ত্রী. [শুক+পিণ্ডি] শুকশিম্বী, আলকুশীগাছ।
শুকপুচ্ছ, পুং. [শুক+পুচ্ছ] গন্ধক, শুক পক্ষির লাঙ্গুল।
শুকপুচ্ছক, ন. [শুক+পুচ্ছক] স্থৌণেয়, গ্রন্থিপর্ণ নামক গন্ধদ্রব্য, গাঁঠিয়ালা; (ত্রি.) শুকবৎপুচ্ছযুক্ত।
শুকপুষ্প, ন. [শুক+পুষ্প] গ্রন্থিপর্ণ নামক গন্ধদ্রব্য, স্থৌণেয়, গাঁঠিয়ালা; (পুং.) শিরীষবৃক্ষ
শুকপ্রিয়, পুং. [শুক+প্রিয়] শিরীষবৃক্ষ, (ত্রি.) শুকবল্লভ, দাড়িম। [জাম।
শুকপ্রিয়া, স্ত্রী. [শুক+প্রিয়-আ] জম্বু,
শুকফল, পুং. [শুক+ফল] অর্কবৃক্ষ আকন্দগাছ।
শুকবর্হ, ন. [শুক+বর্হ] গন্ধদ্রব্যবিশেষ, গাঁঠিয়ালা।
শুকবল্লভ, পুং. [শুক+বল্লভ] দাড়িম; (ত্রি) শুকপ্রিয়।
শুকবাহ, পুং. [শুক+বাহ] কামদেব; (ত্রি) শুকপক্ষিবাহক, দাঁড, পিঞ্জর।
শুকম্, ব্য. [শুক্+অম্] শীঘ্র, অবিলম্ব, দ্রুত, ক্ষিপ্র।
শুকশিম্বা, স্ত্রী. [শুক+শিম্ব+আ] কপিকচ্ছু আলকুশী গাছ।
শুকশিম্বি, স্ত্রী. [শুক+শিম্ব-ই] বৃক্ষবিশেষ আলকুশীগাছ।
শুকাখ্যা, স্ত্রী. [শুক+আখ্যা] বৃক্ষবিশেষ, শুয়াঠুঁটি, তৎপর্য্যায়।—শুকনামা, শুক জিহ্বা, শুকাননা। [নীরস।
শুকাঢ্যা, স্ত্রী. [শুক+আঢ্য-আ] শুষ্কতা,
শুকাদন, পুং. [শুক+অদন] দাড়িম; (ত্রি) শুকপক্ষির ভোজনীয় দ্রব্য।
শুকান, (প্রা) শুষ্ককরণ, শোষণ, নীরসকরণ।
শুকাননা, স্ত্রী. [শুক+আনন-আ] শুকাখ্যবৃক্ষ; (ত্রি) শুকতুল্য মুখ।
শুকী, স্ত্রী, [শুক+ঈ] কশ্যপমুনিরপত্নী; শুকপক্ষিণী!
শুকোদর, ন. [শুক+উদর] তালীশপত্র; ক
শুকৃটি, (প্রা) শুষ্ক, শুকনা, নীরস।
শুকৃটিমাছ, (প্রা) শুষ্কমৎস্য, শুকনামাছ।
শুক্ত, ন. [শুচ্+ত] মাংস; কাঞ্জিক, কাঁজী দ্রবদ্রব্যবিশেষ; (ত্রি.) নিষ্ঠুর; পুত; অম্ল; শিষ্ট; নির্জন।
শুক্তা, স্ত্রী. [শুচ্+ত-আ] চুক্রিকা, চুকাপালঙ্; নালিতাশাক।

শুক্তি, স্ত্রী. [শুচ্+তি] জলজন্তুবিশেষ, ঝিনুক, তৎপর্য্যায়।—মুক্তাস্ফোট; শুক্তিকা, মুক্তিপ্রসূ, মহাশুক্তি, মৌক্তিক, মৌক্তিকপ্রসবা, মৌক্তিকশুক্তি, মুক্তামাতা; কপালখণ্ড; শঙ্খ; শঙ্খনখ; নখীনামক গন্ধদ্রব্য; অর্শরোগ; অশ্বের বক্ষঃস্থলে লোমাবলীকৃত আবর্ত্তদ্বয়; চক্ষুরোগবিশেষ; কর্ষদ্বয় পরিমাণ; চতুস্তোলক পরিমাণ, তৎপর্য্যায়।—অষ্টমিকা।

শুক্তিকা, স্ত্রী. [শুক্তি+ক-আ] মুক্তাস্ফোট, ঝিনুক; চুক্রিকা, চুকাপালঙ্গ

শুক্তিজ, ন. [শুক্তি+জন্-অ] মুক্তা, মৌক্তিক।

শুক্তিপুট, ন. [শুক্তি+পুট] শুক্তিপেষী।

শুক্তিপেশী, স্ত্রী. [শুক্তি+পেশী] শুক্তিপুট।

শুক্তিবধূ, স্ত্রী. [শুক্তি+বধূ] মৌক্তিকপ্রসবা, মুক্তাপ্রসূ। [মৌক্তিক।

শুক্তিবীজ, ন. [শুক্তি+বীজ] মুক্তা;

শুক্তিমান্, পুং. [শুক্তি+মৎ] পর্ব্বতবিশেষ; সপ্ত কুলাচল যথা।—মহেন্দ্র, মলয়, সহ্য, শুক্তিমান্, গন্ধমাদন, বিন্ধ্য, পারিপাত্র।

শুক্র, ন. [শুচ্+র] মজ্জাজাত ধাতুবিশেষ তৎপর্য্যায়।—পুংস্ত্ব, রেত, বীজ, বীর্য্য, পৌরুষ, তেজঃ, ইন্দ্রিয়, অন্নবিকার, মজ্জারস, রোক্ণ, বল; নেত্র রোগবিশেষ; (পুং.) গ্রহবিশেষ, তৎপর্য্যায়।—দৈত্যগুরু, কাব্য, উশনা, ভার্গব, কবি, সিত, আস্ফুজিৎ, শত পর্ব্বেশ, ভৃগুসুত, ভৃগু, ষোড়শার্চ্চিঃ, মঘাভু, শ্বেত, শ্বেতরথ, ষোড়শাংশু; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত চতুর্ব্বিংশ যোগ; অগ্নি; চিত্রকবৃক্ষ; জ্যৈষ্ঠমাস।

শুক্রকর, পুং. [শুক্র+কর] মজ্জা; (ত্রি.) বীর্য্যকারক।

শুক্রবার পুং. [শুক্র+বার] শুক্রগ্রহের ভোগ্য দিন।

শুক্রভুক্, [শুক্র+ভুজ্] ময়ূর; (ত্রি.) রেতো-ভোজক, বীর্য্যভোজনকারী।

শুক্রভূ, পুং. [শুক্র+ভূ] মজ্জা, (ত্রি.) বীর্য্যজাত।

শুক্রলা, স্ত্রী. [শুক্র+ল-আ] উচ্চটা, নির্ব্বিষী তৃণ, চেঁচুয়া; (ত্রি.) বীর্য্যদাতা।

শুক্রশিষ্য, পুং. [শুক্র+শিষ্য] অসুর, দিতিসুত, দৈত্য; কচ। [শিখী।

শুক্রাঙ্গ, পুং. [শুক্র+অঙ্গ] ময়ূর, কলাপী,

শুক্রাচার্য্য, পুং. [শুক্র+আচার্য্য] শুক্রগ্রহ, দৈত্যগুরু।

শুক্রিয়, ত্রি. [শুক্র+ইয়] শুক্রসম্বন্ধীয়।

শুক্ল, ন. [শুচ্+ল] রজত, রূপা নবনীত; চক্ষুরোগবিশেষ; কাঞ্জিকাদি; (পুং.) বর্ণবিশেষ, শাদা, তৎপর্য্যায়।—শুভ্র, শুচি, শ্বেত, বিশদ, শোত, পাণ্ডর, অবদাত, সিত, গৌর, বলক্ষ, ধবল, অ শ্বেতা, শোতা, শোনী, বিষদ, সিতা, অবলক্ষ, শিতি, পাণ্ডু, রাম, খরু; শক্রযোগ; শ্বেতএরণ্ড, সাদাভেরাণ্ডা; শুক্লপক্ষ; শুক্লবস্তুনি যথা।—সুধাংশু, উচ্চৈঃশ্রবাঃ, শম্ভু, কীর্ত্তি, জ্যোৎস্না, শরদম্বুন, প্রাসাদ, সৌধ, তগর, মন্দারবৃক্ষ, হিমাদ্রি, সূর্য্য, ইন্দু, কর্পূর, করঙ্ক, রজত, বলরাম, নির্ম্মোক, ভস্ম, হিণ্ডীর, চন্দন, করক, হিম, হার, উর্ণনাভতন্তু, অস্থি, স্বর্গহস্তী, দণ্ড, অভ্রক, অনন্ত, শর্করা, দুগ্ধ, দধি, গঙ্গা, সুধা, জল, মৃণাল, বালুকা, হংস, বক, কৈরব, চামর, রম্ভাগর্ভ, পুণ্ডরীক, কেতকী, শঙ্খ নির্ঝর, লোধ্র, সিংহ, ধ্বজ, ছত্র, চূর্ণ, শুক্তি, কপর্দ্দক, মুক্তা, কুসুম, নক্ষত্র, পুণ্য, কৈলাস, কাশ, কার্পাস, হাস, ইন্দ্রহস্তী, নারদ, পারদ, কুন্দ, খটিকা, স্ফটিক, দন্ত।

শুক্লক, পুং. [শুক্ল+ক] শুক্লপক্ষ; শ্বেতবর্ণ।

শুক্লকণ্ঠক, পুং. [শুক্ল+কণ্ঠক] দাত্যূহপক্ষী, ডাকপাখী; (ত্রি.) শ্বেত গলযুক্ত।

শুক্লকন্দ, পুং. [শুক্ল+কন্দ] মহিষকন্দ; শ্বেতমূল।

শুক্লকন্দা, স্ত্রী. [শুক্ল+কন্দ-আ] অতিবিষা, গাছ।

শুক্লকর্ম্মা, ত্রি. [শুক্ল+কর্ম্মন্] অক্লিষ্টকর্ম্মা, সুকর্ম্ম শীল।

শুক্লকুষ্ঠ, ন. [শুক্ল+কুষ্ঠ] শ্বেতবর্ণ কুষ্ঠ রোগ-[বিশেষ।

শুক্লতা, স্ত্রী. [শুক্ল+ত-আ] শুক্লত্ব, শুভ্রতা।

শুক্লত্ব, ন. [শুক্ল+ত্ব] শুক্লতা, শুভ্রত্ব।

শুক্লদুগ্ধ, পুং. [শুক্ল+দুগ্ধ] শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানিফল।

শুক্লধাতু, পুং. [শুক্ল+ধাতু] কঠিনী, খড়ী; শ্বেতবর্ণ ধাতুদ্রব্য।

শুক্লপক্ষ, পুং. [শুক্ল+পক্ষ] সিতপক্ষ, চন্দ্র সম্বন্ধীয় বৃদ্ধিপ্রাপ্ত পঞ্চদশ কলাক্রিয়া সমূহ; শুক্ল প্রতিপদাদি পূর্ণিমান্ত পঞ্চদশ তিথি স্বরূপ।

শুক্লপুষ্প, পুং. [শুক্ল+পুষ্প] ছত্রকবৃক্ষ; কুন্দ পুষ্পবৃক্ষ; মরুবক; (ত্রি.) শ্বেত-[illegible]

শুক্লপুষ্পা, স্ত্রী. [শুক্ল+পুষ্প-আ] নাগদন্তী বৃক্ষ; শীতকুম্ভী।

শুক্লপুষ্পী, স্ত্রী. [শুক্ল+পুষ্প-ঈ] নাগদন্তী [বৃক্ষ।

শুক্লপৃষ্ঠক, পুং. [শুক্ল+পৃষ্ঠক] সিন্ধুকবৃক্ষ; (ত্রি.) শ্বেতবর্ণ পৃষ্ঠযুক্ত।

শুক্লবল, পুং. [শুক্ল+বল] জিনবিশেষ, যথা।—অচল, বিজয়, ভদ্র, সুপ্রভ, সুদর্শন, আনন্দ, নন্দন, পদ্ম, রাম।

শুক্লবর্ণ, পুং. [শুক্ল+বর্ণ] শ্বেতবর্ণ স্বজাতীয় দ্রব্য, যথা।—শঙ্খ, শুক্তি, কপর্দ্দকাদি।

শুক্লবায়স, পুং. [শুক্ল+বায়স] বকপক্ষী; শ্বেতকাক।

শুক্লমণ্ডল, ন. [শুক্ল+মণ্ডল] চক্ষুঃ শ্বেতক্ষেত্র; শ্বেতবর্ণ গোল বস্তু।

শুক্লরোহিত, পুং. [শুক্ল+রোহিত] শ্বেতরোহিতবৃক্ষ; শুক্লরোহিত মৎস্য।

শুক্ললা, স্ত্রী. [[illegible]-আ] উচ্চটা, নির্ব্বিষীতৃণ, চেঁচুয়া; (ত্রি.) শ্বেতদাতা।

শুক্লশাল, পুং. [শুক্ল+শাল] গিরিনিম্ব; শ্বেত শালবৃক্ষ।

শুক্লক্ষীরা, স্ত্রী. [শুক্ল+ক্ষীর-আ] অষ্টাবর্গে প্রসিদ্ধ ঔষধবিশেষ, কাকোলী; (ত্রি.) শ্বেত দুগ্ধযুক্ত। [হিপর্ণ

শুক্লা, স্ত্রী. [শুক্ল+আ] সরস্বতী; শর্করা; চিনী; কাকোলীনামক ঔষধ; বিদারী; স্নুহী, সিজগাছ; শ্বেতবর্ণা।

শুক্লাঙ্গ, ত্রি. [শুক্ল+অঙ্গ] শ্বেতবর্ণ কলেবর, শুভ্র দেহ।

শুক্লাঙ্গী, স্ত্রী. [শুক্ল+অঙ্গ-ঈ] শেফালিকা, শিউলি; (ত্রি.) শ্বেত অবয়বযুক্ত।

শুক্লাপাঙ্গ, পুং. [শুক্ল+অপাঙ্গ] ময়ূর; (ত্রি.) শ্বেতবর্ণ নেত্রান্ত। [শাক।

শুক্লাম্ল, ন. [শুক্ল+অম্ল] অম্লশাক, টক-

শুক্লার্ম্ম, ন. [শুক্ল+অর্ম্মন্] নেত্র রোগবিশেষ, তন্নামানি যথা।—প্রস্তারি, শুক্ল, ক্ষতজ, অধিমাংস, স্নায়ু, শুক্তি, অর্জ্জুন, পিষ্টক, সিরাজাল, শিরাপিড়িকা, বলাসগ্রথিত।

শুক্লিমা. পুং. [শুক্ল+ইমন্] শুক্লতা, শ্বেতবর্ণ, শ্বেতরং।

শুক্লোপলা, স্ত্রী. [শুক্ল+উপল-আ] শর্করা, চিনী; (পুং.) শ্বেতপ্রস্তর, সাদাপাতর।

শুঙ্গ, পুং. [শম+গ] বটবৃক্ষ; আম্রাতকবৃক্ষ, আমড়াগাছ; শূক, শুঁশা।

শুঙ্গা, স্ত্রী. [শুঙ্গ+আ] বৃক্ষবিশেষ, পর্পটী বৃক্ষ; নবপল্লব কোশী; ধান্যাদি শূক, ধানের শুঁয়া।

শুঙ্গাকর্ম্ম, ন. [শুঙ্গ+কর্ম্মন্] পুংসবন সংস্কারবিশেষ।

শুঙ্গী, স্ত্রী. [শুঙ্গ+ইন্] প্লক্ষবৃক্ষ, পাঁকুড়গাছ; বটবৃক্ষ; (ত্রি.) শুঙ্গাবিশিষ্ট, শুঁয়া। [স্তাপ।

শুচ্, স্ত্রী. [শুচ্+ক্বিপ্] শোক, দুঃখ, মন-

শুচা, স্ত্রী. [শুচ্+অ-আ] শোক, দুঃখ, খেদ, মনস্তাপ।

শুচি, পুং. [শুচ্+ই] অগ্নি; চিত্রকবৃক্ষ; আষাঢ় মাস; শুক্লবর্ণ; শৃঙ্গাররস; গ্রীষ্মকাল; শুদ্ধমন্ত্রী; জ্যেষ্ঠমাস; সৌরাগ্নি; সূর্য্য; চন্দ্র; শুক্রগ্রহ; ব্রাহ্মণ; (স্ত্রী.) কশ্যপমুনির কন্যা; (ত্রি.) শুক্ল গুণবিশিষ্ট; শুদ্ধ, পবিত্র; অনুপহত; নির্দ্দোষ; দৈবাৎ পরস্ত্রিয়ং দৃষ্ট্বা বিরমেৎ শুক্লা হরিং স্মরন্। স্পৃষ্ট্বা পরসুবর্ণঞ্চ হস্তচক্ষুঃ প্রক্ষালনাৎ শুচিঃ।

শুচিতা, স্ত্রী. [শুচি+ত-আ] শুচিত্ব, শুদ্ধতা।
শুচিত্ব, ন. [শুচি+ত্ব] শুদ্ধতা, পবিত্রতা।
শুচিদ্রুম, পুং. [শুচি+দ্রুম] অশ্বত্থবৃক্ষ; শুদ্ধবৃক্ষ।
শুচিপ্রণী, স্ত্রী. [শুচি+প্রণী] আচমন, তৎপর্য্যায়।—আচাম, উপস্পর্শ।
শুচিমণি, পুং. [শুচি+মণি] স্ফটিক।
শুচিমল্লিকা, স্ত্রী. [শুচি+মল্লিকা] নবমালিকা।
শুচিরোচিঃ, পুং. [শুচি+রোচিস্] চন্দ্র; (ত্রি.) শুক্ল কিরণ।
শুচিস্মিত, ত্রি. [শুচি+স্মিত] মৃদুহাস্য।
শুজি, (হিং) গোধুমচূর্ণ, ময়দার সারাংশ।
শুটীরতা, স্ত্রী. [শোটীর+ত-আ] বীর্য্য, বল, শুক্র।
শুটীর্য্য, ন. [শোটীর+য] বীর্য্য, বল।
শুণ্ঠি, স্ত্রী. [শুঠ্+ই] শুষ্কআর্দ্রক, শুঁঠ।
শুণ্ঠী, স্ত্রী. [শুঠ্+ই-ঈ] শুষ্কআর্দ্রক, শুঁঠ, তৎপর্য্যায়।—মহৌষধ, বিশ্ব, নাগর, বিশ্বভেষজ, শুণ্ঠি, বিশ্বা, মহৌষধী, ইন্দ্রভেষজ, মেযজ, বিশ্বৌষধ, কটুগ্রন্থি, কটুভদ্র, কটূষণ, সৌপর্ণ, শৃঙ্গবের, কফারি, চান্দ্রক, শোষণ, নাগরাহ্ব।
শুণ্ঠ্য, ন. [শুঠ্+য] শুণ্ঠী, শুষ্কআর্দ্রক, শুঁঠ।
শুণ্ড, পুং. [শুণ্+ড] মদনির্ঝর; করিকর, হাতির শুঁড়।
শুণ্ডক, পুং. [শুণ্ড+ক] শৌণ্ডিক, শুঁড়ী।
শুণ্ডরোহ, পুং. [শুণ্ড+রোহ] ভুভৃণ, শৃঙ্গরোহ।
শুণ্ডা, স্ত্রী. [শুণ্ড+আ] মদ্যপান গৃহ; অম্বুহস্তিনী; বেশ্যা; সুরা, মদ্য; হস্তিহস্ত, শুঁড; নলিনী; কুটনী।
শুণ্ডাদণ্ড, পুং. [শুণ্ডা+দণ্ড] শুঁড় রূপযষ্টি; হাতির শুঁড়।
শুণ্ডাপান, ন. [শুণ্ডা+পান] মদ্যপান গৃহ, তৎপর্য্যায়।—মদস্থান, মদস্থল।
শুণ্ডার, পুং. [শুণ্ড+র] শৌণ্ডিক, শুঁড়ী।
শুণ্ডাল, পুং. [শুণ্ডা+ল] হস্তী, করী, হাতী।

আলজিব; মদ্যপান গৃহ; অম্বুহস্তিনী; বেশ্যা; মদ্য; হস্তিহস্ত; শুঁড়; নলিনী; কুটনী।
শুণ্ডিকালয়, পুং. [শুণ্ডিক+আলয়] শৌণ্ডিক গৃহ, শুঁড়িরঘর।
শুণ্ডিনী, স্ত্রী. [শুণ্ড+ইন্-ঈ] শৌণ্ডিক পত্নী, শুঁড়ির স্ত্রী, শুড়িনী।
শুণ্ডিমূষিকা, স্ত্রী. [শুণ্ডি+মূষিক-আ] ছুচুন্দরী, ছুঁচা।
শুণ্ডী, পুং. [শুণ্ড+ইন্] শৌণ্ডিক, সুরাপ্রস্তুত কারক, শুড়ী; হস্তী; (স্ত্রী.) হস্তিশুণ্ডী বৃক্ষ, হাতিশুঁড়ার গাছ।
শুতুদ্রি, স্ত্রী. [শুতুদ্র+ই] শতদ্রু নদী, শতলজ নদী।
শুতুদ্রু, স্ত্রী. [শুতুদ্র+উ] শতদ্রু নদী, শতলজ নদী।
শুদ্ধ, ন. [শুধ্+ত] সৈন্ধব লবণ; মরিচ; (ত্রি.) কেবল; নির্দ্দোষ; পবিত্র; শুক্ল; রাগান্তর অমিশ্রিত রাগ; স্বচ্ছ; উজ্জ্বল; উদ্ধৃত।
শুদ্ধজঙ্ঘ, পুং. [শুদ্ধ+জঙ্ঘা] গর্দ্দভ, গাধা; (ত্রি.) পবিত্র জঙ্ঘাযুক্ত।
শুদ্ধতা, স্ত্রী. [শুদ্ধ+ত-আ] পবিত্রতা, নির্দ্দোষতা, শুদ্ধত্ব।
শুদ্ধত্ব, ন. [শুদ্ধ+ত্ব] পবিত্রতা, শুদ্ধতা।
শুদ্ধদৎ, ত্রি. [শুদ্ধ+দৎ] শুক্লদন্ত।
শুদ্ধবল্লিকা, স্ত্রী. [শুদ্ধ+বল্লিকা] গুড়ুচীলতা, গুলঞ্চ; পবিত্রলতা।
শুদ্ধমতি, পুং, [শুদ্ধ+মতি] চতুর্বিংশতি জিনান্তর্গত জিন বিশেষ; (স্ত্রী.) পবিত্র বুদ্ধি, সুবুদ্ধি; (ত্রি.) সুবুদ্ধিবিশিষ্ট, সুবোধ। [বিশেষ।
শুদ্ধমাংস, ন. [শুদ্ধ+মাংস] মাংস ব্যঞ্জন
শুদ্ধসত্ত্ব, (প্রা) পবিত্র; পরিষ্কৃত।
শুদ্ধান্ত, পুং. [শুদ্ধ+অন্ত] অন্তঃপুর; নৃপতিদিগের অসর্ব্বগোচর পুরবিশেষ; রাজযোষিৎ, রাজ্ঞী; অশৌচান্ত।
শুদ্ধান্তপালক, পুং. [শুদ্ধান্ত+পালক] অন্তঃপুররক্ষক, তৎপর্য্যায়।—গৃহদৌবারিক,

শুদ্ধান্তা, স্ত্রী. [শুদ্ধ+অন্ত-আ] রাজ্ঞী, রাণী; অন্তঃপুর স্ত্রী।

শুদ্ধাপহ্নুতি, স্ত্রী. [শুদ্ধা+অপহ্নুতি] অলঙ্কারবিশেষ।

শুদ্ধি, স্ত্রী. [শুধ্+তি] দুর্গা; মার্জ্জনা; বৈদিক কর্ম্মের যোগ্য সংস্কারবিশেষ; শোধন, শুদ্ধতা; স্বচ্ছতা, নির্ম্মলতা।

শুদ্ধোদনসুত, পুং. [শুদ্ধোদন+সুত] বুদ্ধবিশেষ।

শুধরণ, (প্রা) শুদ্ধকরণ; সারণ।

শুধরাণ, (প্রা) শুদ্ধকরণ, পরিষ্কারকরণ।

শুধু, (প্রা) কেবল শুদ্ধ।

শুন, পুং. [শুন্+অ] কুক্কুর, শ্বান, কপিল, মণ্ডল।

শুনঃশেফ, পুং. [শুনস্+শেফ মুনিবিশেষ, ঋচিক মুনির পুত্র; (ন.) কুক্কুরশিশ্ন

শুনক, পুং. [শুন+ক] কুক্কুর, সারমেয়, কুকুর।

শুনকচঞ্চুকা, স্ত্রী. [শুনক+চঞ্চুক-আ] ক্ষুদ্র-

শুনকচিল্লী, স্ত্রী. [শুনক+চিল্লী] শাকবিশেষ, তৎপর্য্যায়।—শ্বচিল্লী, শ্বানচিল্লিকা।

শুনন, (প্রা) আকর্ণন, শ্রবণ, শুনা।

শুনান, (প্রা) শ্রবণ করাণ, শ্রবণার্থ প্রেরণ।

শুনাশীর, পুং. [সু+নাশীর] ইন্দ্র, দেবরাজ। [পতি।

শুনাসীর, পুং. [সু+নাসীর] ইন্দ্র, সুর-

শুনি, পুং. [শুন+ই] কুক্কুর, কুকুর

শুনী, স্ত্রী. [শুন+ঈ] কুক্কুরী; কুষ্মাণ্ডী।

শুনীর, পুং. [শুন+ঈর] কুক্কুরী সমূহ।

শুন্ধ্যু, পুং. [শুন্ধি+উ] অগ্নি, বহ্নি, অনল।

শুন্য, ন. [শুন+য] শুনীসমূহ, কুক্কুরসমূহ; (ত্রি.) রিক্ত, খালি।

শুভ, ন. [শুভ্+অ] মঙ্গল; পদ্মকাষ্ঠ; সুখ; (পুং.) বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত ত্রয়োবিংশযোগ; (ত্রি.) ক্ষেমশালী, মঙ্গলকারক; সুখী; কুশলী; সুন্দর; আকাশ সঞ্চারিপুর; গন্ধর্ব্ব, খুল্লরথ।

শুভংযু, ত্রি. [শুভং+যু] মঙ্গলান্বিত, শুভান্বিত, কুশলী। হিপর্ণ।

শুভকর, ত্রি. [শুভ+কর] মঙ্গলকর, কল্যাণকর।

শুভকর্ম্ম, ন. [শুভ+কর্ম্মন্] মাঙ্গল্যক্রিয়া, কল্যাণজনক কার্য্য, বিবাহাদি ক্রিয়া।

শুভগন্ধক, ন. [শুভ+গন্ধক] বণিক দ্রব্যবিশেষ, বোল; (ত্রি.) মঙ্গলগন্ধযুক্ত।

শুভগ্রহ, পুং. [শুভ+গ্রহ] সৌম্যগ্রহ, মঙ্গলজনকগ্রহ।

শুভঙ্কর ত্রি. [শুভং+কর] মঙ্গলকারক, শুভজনক, ক্ষেমঙ্কর; (পুং.) স্বনামখ্যাত অঙ্কশাস্ত্রকারক।

শুভঙ্করী, স্ত্রী. [শুভং+কর-ঈ] পার্ব্বতী, দুর্গা।

শুভচিন্তক, ত্রি. [শুভ+চিন্তক] মঙ্গল চিন্তাকারক, হিতৈষী

শুভদ, পুং. [শুভ+দা-অ] অশ্বত্থবৃক্ষ; (ত্রি.) শুভদাতা, শুভদায়ক, কল্যাণজনক।

শুভদন্তী, স্ত্রী. [শুভ+দন্ত-ঈ] পুষ্পদন্ত নামে দিক্‌হস্তির পত্নী; সুদতী, শোভনদন্তা স্ত্রী।

শুভদৃষ্টি, স্ত্রী. [শুভ+দৃষ্টি] সুলোচন; বরকন্যার পরস্পর দর্শন।

শুভদ্বেষ্টা, ত্রি. [শুভ+দ্বেষ্টৃ] হিংস্র, পরশ্রীকাতর।

শুভধ্যায়ী, ত্রি. [শুভ+ধ্যায়িন্] হিতৈষী, উপকারী, দয়াশীল।

শুভপত্রিকা, স্ত্রী. [শুভ+পত্রিকা] শালপর্ণী, শালপাইন গাছ; মঙ্গল পত্রিকা।

শুভবাসন, পুং. [শুভ+বাসন] মুখের সুবাসকর গন্ধ।

শুভলগ্ন, পুং. [শুভ+লগ্ন] সুসময়, শুভক্ষণ।

শুভসম্বাদ, পুং. [শুভ+সম্বাদ] সুসম্বাদ, সুসমাচার

শুভসূচনী, স্ত্রী. [শুভ+সূচন-ঈ] স্ত্রীলোকের পূজ্যাদেবীবিশেষ, সুবচনী; দুর্গা।

শুভস্থলী, স্ত্রী. [শুভ+স্থল-ঈ] যজ্ঞভূমি; মঙ্গলকারক ভূমি।

শুভক্ষণ, পুং. [শুভ+ক্ষণ] সুসময়, শুভলগ্ন।

শুভা, স্ত্রী. [শুভ+আ] শোভা; কান্তি; চুচ্ছা; বংশরোচনা; গোরোচনা; শমী

বৃক্ষ; প্রিয়ঙ্গুবৃক্ষ; শ্বেতদূর্বা; দেবসভা; উমার সখীবিশেষ; মঙ্গলজনিকা।

শুভাঙ্গী, স্ত্রী. [শুভ+অঙ্গ-ঈ] কুবেরপত্নী; কামদেবের পত্নী, রতী; (ত্রি.) মঙ্গলঅব-

শুভাচারা, স্ত্রী. [শুভ+আচার-আ] উমার সখী; শোভন আচারবতী।

শুভাঞ্জন, পুং. [শুভ+অঞ্জন] শোভাঞ্জন বৃক্ষ, শজিনাগাছ।

শুভাদৃষ্ট, ন. [শুভ+অদৃষ্ট] সৌভাগ্য, শুভ দায়ক ভাগ্য। [স্ত্রী।

শুভাননা, স্ত্রী. [শুভ+আনন-আ] উত্তমা

শুভানুধ্যায়ী, ত্রি. [শুভ+অনুধ্যায়িন্] মঙ্গল চিন্তক, হিতৈষী।

শুভান্বিত, ত্রি. [শুভ+অন্বিত] মঙ্গলযুক্ত, তৎপর্য্যায়।—শুভংযু।

শুভাপাঙ্গা, স্ত্রী. [শুভ+অপাঙ্গ-আ] সুন্দরী স্ত্রী

শুভাশুভ, ন. [শুভ+অশুভ] মঙ্গল ও অমঙ্গল, ভাল ও মন্দ। [ঙ্গতি।

শুভিতা, (প্রা) সৌভাগ্য; সুব্যবস্থা; সুস-

শুভ্র, ন. [শুভ+র] অভ্রক; গড়লবণ; রৌপ্য; কাসীস, হিরাকসী; (পুং.) শুক্লবর্ণ; (ত্রি.) উদ্দীপ্ত; শুক্লগুণযুক্ত।

শুভ্রদন্তী, স্ত্রী. [শুভ্র+দন্ত-ঈ] শুভদন্তী, পুষ্প দন্ত নামে দিগ্‌গজের পত্নী।

শুভ্ররশ্মি, পুং. [শুভ্র+রশ্মি] চন্দ্র,শুভ্রাংশু; শ্বেতকিরণ।

শুভ্রা, স্ত্রী. [শুভ্‌+র-আ] ভাগীরথী,গঙ্গা।

শুভ্রাংশু, পুং. [শুভ্র+অংশু] চন্দ্র, সুধাংশু; কর্পূর। [শ্বেতালু।

শুভ্রালু, পুং. [শুভ্র+আলু] মহিষকন্দ;

শুভ্রি, পুং. [শুভ্র+ই] ব্রহ্মা, প্রজাপতি।

শুম্ভ, পুং. [শুম্ভ+অ] দানববিশেষ, গবেষ্ঠী পুত্র, প্রহ্লাদের পৌত্র

শুম্ভঘাতিনী, স্ত্রী. [শুম্ভ+ঘাতিন্-ঈ] দুর্গা, চণ্ডিকা।

শুম্ভপুর, ন. [শুম্ভ+পুর] শুম্ভদৈত্যের পুরী, শুম্ভপুর, তৎপর্য্যায়।—[illegible]

শুম্ভপুরী, স্ত্রী. [শুভ+পুর-ঈ] শুম্ভপুর, শুম্ভ-দৈত্যের পুরী।

শুম্ভমর্দ্দিনী, স্ত্রী. [শুম্ভ+মর্দ্দিন্-ঈ] দুর্গা চণ্ডিকা।

শুর, পুং. [শুর্‌+অ] সিংহ।

শুল্ক, পুং. ন. [শুল্ক+অ] করবিশেষ, ঘট্টাদি দেয়, মাসুল; বর হইতে অর্থ গ্রহণ, বিবাহের পণ; যৌতুক; মূল্য।

শুল্ল, ন. [শুল্‌+ল] রজ্জু, দড়ী; তাম্র, তামা।

শুল্ব, ন. [শুল্ব+অ] তাম্র, তামা; রজ্জু,দড়ী; যজ্ঞকর্ম্ম; আচার; জলসন্নিধি।

শুল্বারি, পুং. [শুল্ব+অরি] গন্ধক।

শুশুক, (প্রা) জলজন্তুবিশেষ, শিশুমার।

শুশুমা, স্ত্রী. [শুশুম+অ-আ] শুক্রাচার্য্যের পত্নী।

শুশ্রুবান্, ত্রি. [শ্রু+বস্] শ্রবণবিশিষ্ট, যে শুনিয়াছে।

শুশ্রূ, স্ত্রী. [শুশ্রূ+উ] মাতা, জননী।

শুশ্রূষক, পুং. [শ্রু+স-অক] পরিচারক, পরিচর্য্যাকারী, সেবক, উপাসক।

শুশ্রূষণ, ন. [শ্রু+স-অন] সেবা, পরিচরণ, তৎপর্য্যায়।—উপাসন, উপাসনা, উপাস্তি, সেবা।

শুশ্রূষা, স্ত্রী. [শ্রু+স-আ] উপাসন, সেবা; পরিচর্য্যা; কথন; শ্রবণেচ্ছা।

শুশ্রূষু, ত্রি. [শ্রু+স-উ] শ্রবণেচ্ছু।

শুষ, পুং. [শুষ্‌+অ] শোষণ; গর্ত্ত; সেবক।

শুষণা, স্ত্রী. [শুষ+অন-আ] শোষ, শুষ্কতা।

শুষি, স্ত্রী. [শুষ্‌+ই] শোষণ, চোষণ; বিল, গর্ত্ত।

শুষির, ন. [শুষ্‌+ইর] বিবর, রন্ধ্র, গর্ত্ত; বংশ্যাদির বাদ্য; (ত্রি.) সরন্ধ্র; (পুং.) মূষিক, উন্দুর; অগ্নি।

শুষিরা, স্ত্রী. [শুষির+আ] নদী; নলীনাম গন্ধদ্রব্য। [বাতাস।

শুষিল, পুং. [শুষ+ইল] বায়ু, অনিল,

শুষ্ক, ত্রি. [শুষ্‌+ক] নিস্নেহ, নীরস, শুকনা।

শুষ্কপত্র, ন. [শুষ্ক+পত্র] স্নেহ রহিতদল, শুকনা পাতা; আতপাদি দ্বারা শোষিত

শুষ্কবৃক্ষ, পুং. [শুষ্ক+বৃক্ষ] ধববৃক্ষ; নীরস তরু।

শুষ্কব্রণ, পুং. [শুষ্ক+ব্রণ] কিণ, কড়া।

শুষ্কমৎস্য, পুং. [শুষ্ক+মৎস্য] আতপাদি-দ্বারা নিস্নেহীকৃত মীন, শুক্টীমাচ।

শুষ্কমাংস, ন. [শুষ্ক+মাংস] আতপাদি-দ্বারা নিস্নেহীকৃত মাংস, শুক্টীমাংস, তৎপর্য্যায়।—উত্তপ্ত, বল্লুর, বল্লূরা, শুষ্কনী।

শুষ্করেবতী, স্ত্রী. [শুষ্ক+রেবতী] মাতৃকা-বিশেষ।

শুষ্কল, ত্রি. [শুষ্ক+ল] আমিষ; আমিষ-; রাবণের দূতবিশেষ।

শুষ্কলী, স্ত্রী. [শুষ্ক+ল-ঈ] শুষ্কমাংস; মাংস মাত্র।

শুষ্কাঙ্গ পুং. [শুষ্ক+অঙ্গ] ধববৃক্ষ; (ত্রি.) স্নেহ শূন্য অবয়ব, শীর্ণাঙ্গ।

শুষ্কাঙ্গী, স্ত্রী. [শুষ্ক+অঙ্গ-ঈ] গোধিকা, গোসাপ; ক্ষীণাঙ্গী স্ত্রী।

শুষ্কান্ন, ন. [শুষ্ক+অন্ন] শুকনাভাত; অপ-ক্কান্ন।

শুষ্কার্দ্র, ন. [শুষ্ক+আর্দ্র] শুণ্ঠী, শুঁঠ

শুষ্ণ, পুং. [শুষ্+ন] সূর্য্য; অগ্নি।

শুষ্ম, ন. [শুষ্+ম] তেজঃ; পরাক্রম; বল; (পুং.) সূর্য্য; অগ্নি; বায়ু; পক্ষী; অর্চ্চিঃ।

শুষ্মা, পুং. [শুষ্+মন্] অগ্নি; চিত্রক বৃক্ষ; (ন.) তেজঃ; শৌর্য্য, বল।

শুষ্মি, পুং. [শুষ্+মি] বায়ু; তেজঃ; চিত্র, আশ্চর্য্য।

শূক, পুং. ন. [শূ+ক] শস্য ও তীক্ষ্ণাগ্র, শুঁয়া, তৎপর্য্যায়।—কিংশারু, কোশী, শুঙ্গা; দয়া; জলমলোদ্ভব জন্তুবিশেষ; শূক প্রধান লিঙ্গ বৃদ্ধির যোগ।

শূকজ, পুং. [শূক+জ] প্রাবট, যব; রস।

শূককীট, পুং. [শূক+কীট] শূকযুক্ত কীট বিশেষ, শুঁয়াপোকা, তৎপর্য্যায়।—বৃশ্চিক, শূককীটক।

শূককীটক, পুং. [শূক+কীটক] শূককীট, শুঁয়াপোকা।

শূকতৃণ, ন. [শূক+তৃণ] তৃণবিশেষ, (হিং) শূকড়ী ঘাস, তৎপর্য্যায়।—কনিষ্ঠক, শূক, শূকাঢ্য।

শূকধান্য, ন. [শূক+ধান্য] শুঙ্গাযুক্তশস্য মাত্র, শুঁয়াযুক্ত ধান্য যবাদি।

শূকপিণ্ডি, স্ত্রী. [শূক+পিণ্ডি] শূকশিম্বি, কপিকচ্ছু, আলকুশী গাছ।

শূকপিণ্ডী, স্ত্রী. [শূক+পিণ্ড-ঈ] শূকশিম্বি, কপিকচ্ছু, আলকুশী গাছ।

শূকবতী, স্ত্রী. [শূক+বৎ-ই] কপিকচ্ছু, আলকুশী লতা; (ত্রি.) শূকযুক্ত।

শূকর, পুং. [শূক+র] পশুবিশেষ, সুকর, শুওর, তৎপর্য্যায়।—কিটি, কিরি, কোল ক্রোড, ঘোণী, চক্রদংষ্ট্র, দ্রংষ্ট্রী, দন্তা-য়ুধ, পোত্রী, পৃথুস্কন্দ, বরাহ, বলী, বহু-পত্য, ভেদন, রদায়ুধ, রোমশ, শূর, স্তব্ধরোমা।

শূকরকন্দ, পুং. [শূকর+কন্দ] বারাহী কন্দ।

শূকরদংষ্ট্র, পুং. [শূকর+দংষ্ট্র] ক্ষুদ্ররোগ-বিশেষ।

শূকরপাদিকা, স্ত্রী. [শূকর+পাদিকা] কোল শিম্বী, আলকুশীলতা।

শূকরাক্রান্তা, স্ত্রী [শূকর+আক্রান্তা] ক্ষুদ্র বৃক্ষবিশেষ, বরাহক্রান্তা।

শূকরী, স্ত্রী. [শূকর+-ঈ] ক্ষুদ্রবৃক্ষবিশেষ, বরাহক্রান্তা; শূকরপত্নী, বরাহী.

শূকরেষ্ট, পুং. [শূকর+ইষ্ট] কশেরু, কেশূর (ত্রি.) শূকরের প্রিয়দ্রব্য।

শূকল, পুং. [শূক+ল] দুর্বিনীতাশ্ব, দুষ্ট ঘোড়া।

শূকশিম্বা, স্ত্রী. [শূক+শিম্ব-আ] কপিকচ্ছু, আলকুশীলতা।

শূকশিম্বি, স্ত্রী. [শূক+শিম্বি] কপিকচ্ছু, আল-কুশীলতা।

শূকশিম্বিকা, স্ত্রী. [শূক+শিম্বিকা] কপিকচ্ছু আলকুশীলতা।

শূকশিম্বী, স্ত্রী. [শূক+শিম্ব-ঈ] কপিকচ্ছু, আলকুশীলতা।

শূকা, স্ত্রী. [শূক+আ] কপিকচ্ছু, আলকুশী-

দ্বিপর্ণ।

শূকাপুট, পুং. [শূক+আপুট] তৃণমণি, কাকুরদানা, (বাং) কাহরোবা।

শূড্ডা, (গ্রা) তীক্ষ্ণাগ্র, শুঁয়া।

শূতিপর্ণ, পুং. [শূতি+পর্ণ] বৃক্ষবিশেষ, আরগ্বধ, সোঁদালিগাছ।

শূদ্র, পুং. [শুচ+র] চতুর্থবর্ণান্তর্গত চতুর্থবর্ণ, তৎপর্য্যায়।—অন্ত্যজন্মা, অন্ত্যবর্ণ, অবর বর্ণ, উপাসক, চতুর্থ, জঘন্য, জঘন্যজ দাস, দ্বিজদাস, দ্বিজসেবক, পজ্জ, পদ্য, পাদজ, বৃষল; যবন।

শূদ্রতা, স্ত্রী. [শূদ্র+তা] শূদ্রের ধর্ম্ম, শূদ্রত্ব। [কর্ম্ম।

শূদ্রকৃত্য, ন. [শূদ্র+কৃত্য] শূদ্রের কর্ত্তব্য

শূদ্রধর্ম্ম, পুং. [শূদ্র+ধর্ম্ম] শাস্ত্রবিহিত শূদ্রের আচার।

শূদ্রপ্রিয়, পুং. [শূদ্র+প্রিয়] পলাণ্ডু, পেঁয়াজ, (ত্রি.) শূদ্রেরপ্রিয়দ্রব্য।

শূদ্রপ্রেষ্য, পুং. [শূদ্র+প্রেষ্য] শূদ্রেরপরিচারক ব্রাহ্মণাদি। [বাচস্পত্যালঙ্ক।

শূদ্রভিক্ষিত, ন, [শূদ্র+ভিক্ষিত] শূদ্রহইতে

শূদ্রভূয়িষ্ঠ, ত্রি. [শূদ্র+ভূয়িষ্ঠ] শূদ্রসমূহ।

শূদ্রযাজক, পুং. [শূদ্র+যাজক] শূদ্র পুরোহিত।

শূদ্রশাসন, ন. [শূদ্র+শাসন] শূদ্রের অধিকার লেখ্য পত্রাদি। [শূদ্রী।

শূদ্রা, স্ত্রী. [শূদ্র+আ] শূদ্রজাতি স্ত্রী,

শূদ্রাণী, স্ত্রী. [শূদ্র+আন-ঈ] শূদ্রপত্নী, শূদ্রেরভার্য্যা।

শূদ্রান্ন, ন. [শূদ্র+অন্ন] শূদ্রপাকান্ন ; শূদ্র স্বামিকান্ন।

শূদ্রপুত্র, পুং. [শূদ্রাপুত্র] ব্রাহ্মণাদি কর্ত্তৃক বিবাহিতা শূদ্রাণীর গর্ভজাত সন্তান।

শূদ্রাবেদন, ন. [শূদ্রা+আবেদন] শূদ্রকন্যা বিবাহ।

শূদ্রাবেদী, পুং. [শূদ্রা+আবেদিন্] শূদ্রা বিবাহ কর্ত্তা।

শূদ্রাভার্য্য, পুং. [শূদ্রা+ভার্য্যা] শূদ্রাস্বামী, শূদ্রাণীর পতি।

শূদ্রার্দ্ধা, স্ত্রী. [শূদ্র+আর্দ্ধ-আ] স্বর্ণক্ষীরবৃক্ষ বিশেষ, [illegible]।

শূদ্রী, স্ত্রী. [শূদ্র+ঈ] শূদ্রভার্য্যা, শূদ্রের পত্নী।

শূন, ত্রি. [শ্বি+ত] বর্দ্ধিত, বৃদ্ধিপ্রাপ্ত।

শূনবান্, ত্রি. [শ্বি+ক্তবৎ] বর্দ্ধিত, বৃদ্ধিপ্রাপ্ত।

শূনা, স্ত্রী. [শূন+আ] বধ্যভূমি; প্রাণিবধ স্থান; অধোজিহ্বিকা, আলজিব ; মাংসেরহাটা, পঞ্চবিধ শূনাবথা।—চুল্লী, পেষণী, উপস্কর, কণ্ডনী, উদক কুম্ভ।

শূনাবান্, পুং. [শূনা+বৎ] প্রাণিবধোপজীবী, কসাই।

শূন্য, ন. [শূন+য] আকাশ; বিন্দু; (ত্রি.) অভাববিশিষ্ট, অসম্পূর্ণ, (বাং) খালি, তৎপর্য্যায়।—তুচ্ছ, বশিক, রিক্তক, শুন্য; নির্জ্জন। [বত্।

শূন্যতা, স্ত্রী [শূন্য+ত-আ] রিক্ততা, অভা-

শূন্যবাদী, পুং. [শূন্য+বাদিন্] সৌগত, বুদ্ধ; নাস্তিক।

শূন্যমধ্য, পুং. [শূন্য+মধ্য] তৃণবিশেষ, নল; (ত্রি) শূন্য গর্ভবস্তু।

শূন্যস্থান, ন. [শূন্য+স্থান] রিক্তস্থান, নির্জ্জন স্থল। [হাত।

শূন্যহস্ত, ত্রি. [শূন্য+হস্ত] রিক্তহস্ত, খালি-

শূন্যা, স্ত্রী. [শূন্য+আ] নলী; মহাকণ্টকিনী, ফণীমনসা; বন্ধ্যা, বাঁজা।

শূন্যালয়, পুং. [শূন্য+আলয়] নির্জ্জনগৃহ, খালিঘর।

শূপ, পুং. [শ্বপ্+অ] দাইল; তরকারি।

শূপকার,পুং.[শূপ+কার] পাচক; শূদ্রপাচক, শূদ্রপাকোপজীবী, শূদ্রের, রসুইয়া।

শূম (বাং) কৃপণ, অদাতা, ব্যয়কুণ্ঠ।

শূয়া (গ্রা) শুঙ্গা,শুঁয়া।

শূয়াপোকা (গ্রা) কীটবিশেষ, কণ্টকিকীট।

শূয়ার, (গ্রা) শূকর, বরাহ।

শূর, পুং. [শূর+অ] বীর, সাহসী, শৌর্য্যশালী; যাদব, শ্রীকৃষ্ণের পিতামহ; সূর্য্য; সিংহ; শূকর; চিত্রকবৃক্ষ; শালবৃক্ষ; লকুচ,ডহুয়া; মসুর, মুসরিদাউল।

শূরণ, পুং. [শূর+অন] মূলবিশেষ; ওল, তৎপর্য্যায়।—অর্শোঘ্ন,ওল, ওল,কণ্ডুল,

কন্দবর্দ্ধন, কন্দশূরণ, কন্দার্হ, ...ন্দী, তীব্রকণ্ঠ, দুর্নামারি, বহুকন্দ, বাতারি, রুচ্যকন্দ, শূরণকন্দ, সুকন্দী, সুবৃত্ত, সুরণ, স্থূলকন্দক; শোণাকবৃক্ষ।

শূরণোদ্ভুজ, পুং. [শূরণ+উদ্ভুজ] হরিদ্রাজ-পক্ষী। [বীর্য্য।

শূরতা, স্ত্রী. [শূর+ত-আ] বীরত্ব, শৌর্য্য-

শূরত্ব, ন. [শূর+ত্ব] শৌর্য্য, বীর্য্য।

শূরত্বপ্রকাশক, ত্রি. [শূরত্ব+প্রকাশক] বীরত্বপ্রকাশী, সাহসী।

শূরদেব, পুং. [শূর+দেব] অবতারবিশেষ, বুদ্ধ, জিন।

শূরম্মন্য পুং. [শূরং+মন্য] শূরমানী, আপনাকে বলী বলিয়া যে অভিমানকরে

শূরসেন, পুং. [শূর+সেন] রাজাবিশেষ; দেশ বিশেষ, মথুরা।

শূর্প, পুং.ন. [শূর্প+অ] তণ্ডুলাদি পরিষ্করণার্থ বংশাদিনির্ম্মিতপাত্র বিশেষ, কুলা, তৎপর্য্যায়।—কুল্য, প্রস্ফোটন, প্রস্ফোটনী, সূর্প; দ্রোণদ্বয় পরিমাণ।

শূর্পক, পুং. [শূর্প+ক] অসুরবিশেষ, কামদেবারি।

শূর্পকর্ণ, পুং. [শূর্প+কর্ণ] হস্তী; (ত্রি.) কুল্য তুল্য কর্ণযুক্ত; গণেশ।

শূর্পকারাতি, পুং. [শূর্পক+অরাতি] কামদেব, মদন।

শূর্পকারি, পুং. [শূর্পক+অরি] কামদেব, শূর্পকারাতি, মদন।

শূর্পণখা, স্ত্রী. [শূর্প+নখ-আ] রাবণভগিনী, শূর্পণখী, (ত্রি.) শূর্পবৎনখবিশিষ্ট।

শূর্পপর্ণী, স্ত্রী. [শূর্প+পর্ণ+ঈ] শিম্বীবিশেষ।

শূর্পবাত, পুং. [শূর্প+বাত] শূর্পবায়ু, কুলার বাতাস, তৎপর্য্যায়।—কুলকাল

শূর্পশ্রুতি, পুং. [শূর্প+শ্রুতি] হস্তী, শূর্পকর্ণ, হাতী

শূর্পী, স্ত্রী. [শূর্প+ঈ] ক্ষুদ্রশূর্প, ছোট কুলা; শূর্পণখা, রাবণের ভগিনী।

শূর্ম্ম, পুং. [শূ+ম] লৌহপ্রতিমা।

শূর্ম্মি, স্ত্রী. [শূ+মি] লৌহপ্রতিমা; লৌহময় অস্ত্রবিশেষ, লোহাই।

শূর্ম্মিকা, স্ত্রী. [শূর্ম্মি+ইক-আ] লৌহপ্রতিমা।

শূর্ম্মী, স্ত্রী. [শূ+ম-ঈ] লৌহপ্রতিমা।

শূল, পুং. ন. [শূল+অ] রোগবিশেষ, উদরোৎপন্ন বেদনাদি; অস্ত্রবিশেষ, শলাকাকৃতি অস্ত্র, বর্শা, ভালা; মৃত্যু; কেতন; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত নবম যোগ; সুতীক্ষ্ণ; অয়ঃকীল, ব্যথা; বিক্রেতব্য বিক্রয়েরযোগ্য।

শূলক, পুং. [শূল+ক] দুর্দ্দান্তঘোটক, দুর্বিনীতাশ্ব।

শূলগ্রন্থি, স্ত্রী. [শূল+গ্রন্থি] মালাদূর্ব্বা।

শূলঘাতন, ন. [শূল+ঘাতন] মণ্ডূর, লৌহমল।

শূলঘ্ন, পুং. [শূল+ঘ্ন] বৃক্ষবিশেষ, তুম্বুরুবৃক্ষ; (ত্রি.) শূলঘাতক।

শূলদ্বিট্, পুং. [শূল+দ্বিষ্] হিঙ্গু, হিং।

শূলধন্বা, পুং. [শূল+ধন্বন্] শিব, মহাদেব।

শূলধর, পুং. [শূল+ধর] শিব, মহাদেব।

শূলধরা, স্ত্রী. [শূল+ধর-আ] দুর্গা, পার্ব্বতী।

শূলধারিণী, স্ত্রী. [শূল+ধারিন্-ঈ] দুর্গা, পার্ব্বতী

শূলধারী, পুং. [শূল+ধারিন্] শিব, মহাদেব।

শূলধৃক্, স্ত্রী. [শূল+ধৃষ্] দুর্গা; (পুং) মহাদেব।

শূলন, ন. [শূল+অন] বেদনাকরণ, পীড়ন।

শূলনাশন, ন. [শূল+নাশন] সৌবর্চ্চল লবণ।

শূলপত্রী, স্ত্রী. [শূল+পত্র-ঈ] শূলীতৃণ।

শূলফী, (গ্রা) শলাকা, বর্শা, কেঁচা।

শূল্য, ত্রি. [শূল+য] শূলাকৃত, লৌহাদি শলাকাদ্বারা বিদ্ধ পক্কমাংস, (যাং) শীক কবাব, (অন্যপর্য্যায়ঃ শূলাকৃত শব্দে দ্রষ্টব্যঃ।)

শূল্যপাক, পুং. [শূল্য+পাক] শূলবিদ্ধ তপ্তাঙ্গার পক্কমাংসাদি, (যাং) শীক কাবাব।

শূলিন, পুং. [শূল+ইন] ভাণ্ডীর বৃক্ষ, ভাট; বংশরে

শূলিনী, স্ত্রী. [শূল+ইন্-ঈ] দুর্গা, পার্ব্বতী।
শূলী, পুং. [শূল+ইন্] শূলধারী, মহাদেব; শশক; (ত্রি.) শূলাস্ত্রধারক; শূল রোগযুক্ত; (স্ত্রী.) তৃণবিশেষ, তৎপর্য্যায়।—অশাখা, জলাশ্রয়া, ধূম্রমূলিকা, পিচ্ছিলা, মধুলতা, মহিষীপ্রিয়া, মূলিকা, শূলপত্রী।
শূলোৎখা, স্ত্রী. [শূল+উৎখ-আ] ঔষধবিশেষ, সোমরাজী, সোমরাজ; হাকুচ।
শূল্কী, (গ্রা) লৌহশলাকা; লৌহনির্ম্মিত অস্ত্রবিশেষ।
শূলহন্ত্রী. স্ত্রী, [শূল+হন্ত্রী] যবানী, যোয়ানি।
শূলহৃৎ, পুং. [শূল+হৃৎ] হিঙ্গু, হিং।
শূলা, স্ত্রী. [শূল+আ] দুষ্টবধার্থ কীলক; বেশ্যা।
শূলাকৃত, ত্রি. [শূল+আকৃত] লৌহাদি শলাকাদ্বারা বিদ্ধ মাংস, (যাং) শীক কবাব, তৎপর্য্যায়।—বাসিতার, ভটিত্র, শূলিক, শূল্য।
শূলিক, ন. [শূল+ইক] শূলাকৃত, লৌহাদি শলাকাদ্বারা সিদ্ধ পক্বমাংস, (যাং) শীক কবাব; (পুং.) শশক, খরগোশ; (ত্রি.) শূলযুক্ত।
শূলবেদনা, স্ত্রী. [শূল+বেদনা] শূলরোগ, শূল ব্যথা। [বেদনা।
শূলব্যথা, স্ত্রী. [শূল+ব্যথা] শূলরোগ, শূল-
শূলশত্রু, পুং. [শূল+শত্রু] এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডাগাছ।
শূক্ষ্ম, ন. [শূচ্+স্মন্] অল্প; অস্থূল, সরু, মিহী; কুতক, কৃত্রিম; অধ্যাত্ম।
শূক্ষ্মতা, স্ত্রী. [শূক্ষ্ম+ত-আ] অল্পত্ব; অস্থূলত্ব, সরুপানা।
শৃকাল, পুং. [শৃক+অল] শৃগাল, শেয়াল।
শৃগাল, পুং. [শৃজ+আলন্] পশুবিশেষ, শিয়াল, তৎপর্য্যায়।—কটখাদক, কুবর, ক্রোষ্টু, গোমায়ু, গোমী, ঘোররাশন, জম্বুক, জম্বূক, ফের, ফেরণ্ড, ফেরব, ফেরু, -রুক, বনশ্বা, ব্যাঘ্রন [illegible] ভরিমায়, শিবালু, শ্বধূর্ত্ত, স্থগাল; দৈত্যবিশেষ; বাসুদেব, কৃষ্ণ; নিষ্ঠুর; খল; ভীরু।
শৃগালকণ্টক, পুং. [শৃগাল+কণ্টক] ক্ষুদ্র বৃক্ষবিশেষ, শেয়ালকাঁটা গাছ।
শৃগালকোলি, পুং. [শৃগাল+কোলি] ক্ষুদ্র কোলিবৃক্ষ, শেয়াকুল, তৎপর্য্যায়।—কর্কন্ধু, গোপঘোণ্টা, ঘোণ্টা, বদর, বাদির।
শৃগালঘণ্টী, স্ত্রী. [শৃগাল+ঘণ্ট-ঈ] বৃক্ষবিশেষ, কোকিলাক্ষ বৃক্ষ, কুলিয়া খারা, (হিং) তালমখানা।
শৃগালজম্বু, স্ত্রী. [শৃগাল+জম্বু] গোড়ুম্ব, তরমুজ; ঘোণ্টাফল, শেয়াকুল।
শৃগালবিন্না, স্ত্রী. [শৃগাল+বিন্ন-আ] পৃশ্নিপর্ণীলতা, চাকুলিয়া।
শৃগালিকা, স্ত্রী. [শৃগাল+ইক-আ] শৃগালপত্নী; ভয়হেতু পলায়ন; ভুমি কুষ্মাণ্ড; ক্ষুদ্র শৃগাল, খেঁকশেয়ালী, তৎপর্য্যায়। উল্কামুখী, কিখি, দীপ্তজিহ্বা, লোমালিকা।
শৃগালী, স্ত্রী. [শৃগাল+ঈ] বিদ্রব, পলায়ন; কোকিলাক্ষ বৃক্ষ, কুলিয়া খারা; বিদারী; ভুমি কুষ্মাণ্ড; শৃগালপত্নী।
শৃঙ্খল, ত্রি. [শৃঙ্গ+খল-অ] পুরুষের কটিভূষণ, গোট; হস্ত্যাদির লৌহময় পাদবন্ধোপকরণ, আঁদু, দাঁড়ুকা, তৎপর্য্যায়।—উন্দুক, নিগড়, শৃঙ্খলা; লৌহরজ্জু, শিকল, বেড়ি; বন্ধন; নিয়ম, রীতি।
শৃঙ্খলক, পুং. [শৃঙ্খল+ক] উষ্ট্র, উট; পলায়ন নিবারণজন্য চতুষ্পদে দারুময় রজ্জুদ্বারা বদ্ধহস্তী; শৃঙ্খল, শিকল, বেড়ি।
শৃঙ্খলা, স্ত্রী. [শৃঙ্খল+আ] নিগড়, শিকল; পুরুষের কটিবদ্ধ বস্ত্র; সুপ্রণালী।
শৃঙ্খলিত, ত্রি. [শৃঙ্খল+ইত] শৃঙ্খলাযুক্ত, নিগড়িত, শৃঙ্খল বদ্ধ।
শৃঙ্খলী, স্ত্রী. [শৃঙ্খল+ঈ] বৃক্ষবিশেষ, কোকিলাক্ষ; শৃঙ্খলযুক্ত।
শৃঙ্গ, ন. [শৃ+গন্] পর্ব্বতের উপরিভাগ, তৎপর্য্যায়।—কুট, দন্ত, প্রাগ্ভার,

ভূভাগ; প্রভুত্ব; চিহ্ন; ক্রীড়া জলযন্ত্র, পিচ্‌কিরী; বিষাণ, শিং; উৎকর্ষ; ঊর্দ্ধ; তীক্ষ্ণ; পদ্ম; মহিষাদিশৃঙ্গনির্ম্মিত বাদ্য যন্ত্রবিশেষ, শিঙ্গা; কামোদ্রেক; ধনুকাদির অগ্রভাগ; প্রভাব; প্রাধান্য; (পুং.) কূর্চ্চশীর্ষকবৃক্ষ; মুনিবিশেষ।

শৃঙ্গক, পুং. [শৃঙ্গ+ক] ঔষধি বৃক্ষবিশেষ, জীবক বৃক্ষ।

শৃঙ্গকন্দ, পুং. [শৃঙ্গ+কন্দ] শৃঙ্গাটক, শিঙ্গাড়া পানীফল।

শৃঙ্গজ, ন. [শৃঙ্গ+জ] অগুরু; (পুং.) শর, বাণ; (ত্রি.) শৃঙ্গজাত।

শৃঙ্গবান্, পুং. [শৃঙ্গ+বৎ] কুরুবর্ষীয় সীমা-পর্ব্বত; (ত্রি.) শৃঙ্গবিশিষ্ট।

শৃঙ্গবের, ন. [শৃঙ্গ+বের] আর্দ্রক, আদা; শুণ্ঠী, শুঁঠ; পুরীবিশেষ, গুহকচণ্ডাল পুরী।

শৃঙ্গবেরক, ন. [শৃঙ্গবের+ক] আর্দ্রক, আদা।

শৃঙ্গবেরাভমূলক, পুং. [শৃঙ্গবেরাভ+মূলক] অগ্রন্থি তৃণবিশেষ, মাছুরকাটির গাছ।

শৃঙ্গমূল, পুং. [শৃঙ্গ+মূল] শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।

শৃঙ্গমোহী, পুং. [শৃঙ্গ+মোহিন্] চম্পক, চাঁপা।

শৃঙ্গলা, স্ত্রী. [শৃঙ্গ+ল-আ] অজশৃঙ্গী, গাড়র শৃঙ্গী।

শৃঙ্গাট, ন. [শৃঙ্গ+অট] চতুষ্পথ, চৌমাথা রাস্তা; (পুং.) জলকণ্টক, পানীফল; স্বাদুকণ্টক; কামাখ্যাদেশস্থ পর্ব্বত।

শৃঙ্গাটক, ন. [শৃঙ্গাট+ক] চতুষ্পথ, চৌমাথা রাস্তা; (পুং. ন.) জলজাত লতা ফল-বিশেষ, পানীফল, শিঙ্গাড়া, তৎপর্য্যায়।—জলকণ্টক, জলবল্লী, জলসূচি, জলা-শয়, বারিকণ্টক, বারিকুব্জক, বিষাণী, শৃঙ্গকন্দ, শৃঙ্গমূল, শৃঙ্গরুহ, শৃঙ্গাট, ত্রিকোণফলা, ক্ষীরশুক্ল; খাদ্যবিশেষ, (ত্রি.) সমুস; (পুং.) জলকণ্টক।

শৃঙ্গার, ন. [শৃঙ্গ+আর] লবঙ্গ; সিন্দুর; চূর্ণ, গুঁড়া; আর্দ্রক; কালাগুরু; (পুং.) শৃঙ্গারক, ন. [শৃঙ্গ+আরক] সিন্দুর; (ত্রি.) শৃঙ্গবিশিষ্ট; (পুং.) সুরত।

শৃঙ্গারভূষণ, ন. [শৃঙ্গার+ভূষণ] সিন্দুর

শৃঙ্গারযোনি, পুং. [শৃঙ্গার+যোনি] কামদেব, রতিপতি।

শৃঙ্গাররস, ন. [শৃঙ্গার+রস] নবরসান্তর্গত রসবিশেষ, সুরত রস।

শৃঙ্গারী, পুং. [শৃঙ্গার+ইন্] পূগ, সুপারী; গজ, শৃঙ্গারবিশিষ্ট; সুবেশ; মাণিক্য, মাণিক। [মাছ।

শৃঙ্গি, স্ত্রী. [শৃঙ্গ+ই] মৎস্যবিশেষ, শিঙ্গী-

শৃঙ্গিক, ন. [শৃঙ্গ+ইক] বিষবিশেষ, এক প্রকার গরল।

শৃঙ্গিকা, স্ত্রী. [শৃঙ্গ+ইক-আ] প্রতিবিষা, আতইস গাছ।

শৃঙ্গিণ, পুং. [শৃঙ্গ+ইন] মেষ, মেড়া, ভেড়া।

শৃঙ্গিণী, স্ত্রী. [শৃঙ্গ+ইন-ঈ] গাভী; শ্লেষ্মঘ্নীবৃক্ষ; মল্লিকাবৃক্ষ; জ্যোতিষ্মতী-বৃক্ষ, (ত্রি.) শৃঙ্গবিশিষ্টা।

শৃঙ্গী, পুং. [শৃঙ্গ+ইন্] হস্তী; বৃক্ষ; পর্ব্বত; (ত্রি.) শৃঙ্গযুক্ত; (স্ত্রী.) মৎস্যবিশেষ, শিঙ্গীমাছ, জিয়ল, তৎপর্য্যায়।—অপ্রিয়া মদ্গুরপ্রিয়া, মদ্গুরসী, মদ্গুরী, শৃঙ্গি, অতি বিষালতা; ঋষভ নামে ঔষধ; কর্কট শৃঙ্গী; প্লক্ষ, পাকুড়; বটবৃক্ষ; বিষ; অলঙ্কারের সুবর্ণ।

শৃঙ্গীকনক, ন. [শৃঙ্গী+কনক] অলঙ্কার সুবর্ণ।

শৃণি, স্ত্রী. [শৃ+নি] অঙ্কুশ, ডাঙশ।

শৃত, ত্রি. [শ্রা+ত] পক্ক দুগ্ধ ঘৃত ও জল; কথিত; পক্ক

শৃধু, পুং. [শৃধ্+উ] বুদ্ধি; গুহ্যদার, মলাদি নিঃসরণের পথ।

শৃধূ, পুং. [শৃধ্+ঊ] কুৎসিত; অপান,

শেওড়া, (প্রা) বৃক্ষবিশেষ, সেওড়াগাছ।

শেখর, ন. [শিখ+অর] লবঙ্গ; শিগ্রুমূল, শজিনার গোড়া; (পুং.) শিখাবদ্ধিত মাল্য, [illegible]র শ্রেষ্ঠবিশেষ; শৈলশৃঙ্গ;

শেখরী, স্ত্রী. [শেখর+ঈ] লতাবিশেষ, বন্দা-লতা; শৃঙ্গবিশিষ্ট।

শেট, (প্রা) পদবীবিশেষ; সের, একমনের চল্লিশাংশের একাংশ।

শেণস্-শেণা, (স্ত্রী.) বুদ্ধি।

শেপ, পুং. [শী+প] শেফ, শিশ্ন, উপস্থ।

শেপাল, পুং. [শিপ্+আল] শৈবাল, শেওলা।

শেফঃ, ন. [শী+ফস্] শিশ্ন, লিঙ্গ, উপস্থ।

শেফ, পুং. [শী+ফ] শিশ্ন, লিঙ্গ, উপস্থ।

শেফালি, স্ত্রী. [শী+ফ+অলি] পুষ্পবৃক্ষ বিশেষ, শেফালিকা, শিউলী।

শেফালিকা, স্ত্রী. [শেফাল+ইক-আ] পুষ্প বৃক্ষবিশেষ, শিউলী, তৎপর্য্যায়।—নিগুণ্ডী, নীলিকা, নিশিপুষ্পিকা, বাতারি, বিজয়া, ভূতবেশী, মলিকা, রজনীহাসা, শীতমঞ্জরী, শুক্লাঙ্গী, শেফালী, শ্বেতসুরসা, সুবহা, ভূতকেশী।

শেফালী, স্ত্রী. [শেফাল+ঈ] পুষ্পবৃক্ষ-বিশেষ, শিউলী ফুলগাছ; নীলসিন্ধুবার।

শেব, পুং. [শী+ব] মেঢ্র, উপস্থ; অহি, সর্প; উন্নত, উচ্চ।

শেবধি, পুং. [শেব+ধা-ই] কুবেরের নব-ধারত্নবিশেষ, মাণিক।

শেবল, ন. [শী+বল] শৈবাল, শেওলা।

শেবলিনী, স্ত্রী. [শেবল+ইন্-ঈ] নদী, তটিনী।

শেবাল, ন. [শী+বল] শৈবাল, শেওলা।

শেবালী, স্ত্রী. [শেবাল+ঈ] আকাশ-মাংসী।

শেমুষী, স্ত্রী. [শি+মুষ-ঈ] বুদ্ধি, মতি, জ্ঞান।

শেয়ান, (হিং) চতুর; চালাক; ধূর্ত্ত।

শেয়াল, (প্রা) শৃগাল, জম্বুক, শিবা।

শেয়ালকাঁটা, (প্রা) কণ্টকময়বৃক্ষবিশেষ।

শেয়ালা, (প্রা) শৈবাল, শেওলা।

শের, (প্রা) পরিমাণবিশেষ, একমনের চল্লিশ অংশের একাংশ। [স্থূল।

শেলু, পুং. [শীল+উ] বহুবারক বৃক্ষ, চালতাগাছ।

শেলেঞ্চা, (প্রা) শাকবিশেষ, শালিঞ্চশাক।

শেষ, ন. [শিষ্+অ] প্রসাদ; (পুং.) সঙ্কর্ষণ, বলদেব; বধ; অনন্ত, সর্পরাজ; গজ; নাগ, সর্প; স্বীকৃতেতর বস্তু; ভগবানের দ্বিতীয়া মূর্ত্তি; নিষ্পত্তি, সমাপন; অন্ত, সীমা; (পুং.ন.) উপযুক্তেতর বস্তু; (ত্রি.) অবশিষ্ট; পরিত্যক্ত।

শেষকাল, ন. [শেষ+কাল] চরমসময়, অন্ত সময়।

শেষত্ব, ন. [শেষ+ত্ব] উপকারিত্ব; পারর্থ্য, পরোপকারে প্রবৃত্তি; অবশিষ্টত্ব; শেষের ধর্ম্ম।

শেষবেলা, স্ত্রী. [শেষ+বেলা] অপরাহ্ন, দিনশেষ, বৈকাল।

শেষভুক্, ত্রি. [শেষ+ভুজ্] অবশিষ্টভোজী সর্ব্বশেষে ভোজনকারী।

শেষভোক্তা, ত্রি. [শেষ+ভোক্তৃ] অবশিষ্ট ভোজী; সর্ব্বশেষে ভোজনকারী।

শেষমন্দ, ন. [শেষ+মন্দ] পশ্চাৎক্ষতি; পরে দুর্গতি।

শেষরাত্রি, স্ত্রী. [শেষ+রাত্রি] রাত্রিশেষ, নিশাবসান, তৎপর্য্যায়।—অপররাত্র, উচ্চত্র।

শেষা, স্ত্রী. [শিষ্+অ-আ] কৃপাপূর্ব্বক স্বমাল্য অর্পণ।

শেষাবস্থা, স্ত্রী. [শেষ+অবস্থা] শেষদশা বৃদ্ধাবস্থা।

শেষে, ত্রি. [শেষ+এ] অন্তে, পশ্চাতে, উত্তরকালে।

শৈখরিক, পুং. [শিখর+ইক] অপামার্গ, আপাংগাছ।

শৈখরীয়, পুং. [শিখর+ঈয়] অপামার্গ; আপাংগাছ।

শৈখরেয়, পুং. [শিখর+এয়] অপামার্গ, আপাংগাছ। [স্নিগ্ধতা।

শৈত্য, ন. [শীত+য] শীতলত্ব, শীতলগুণ, শৈথিল্য, ন. [শিথিল+য] শিথিলত্ব; অসম্ব

শৈনেয়, পুং. [শিনি+এয়] সাত্যকি, শিনিপুত্র; কৃষ্ণের সারথি।

শৈব, ন. [শিব+অ] শৈবাল, শেওলা; শিবপুরাণ; (ত্রি.) শিবসম্বন্ধীয়; (পুং.) বন্ধুক, বকপুষ্প; ধুস্তুর; আচারবিশেষ, শিবোপাসক, শিবভক্ত, তৎপর্য্যায়।—ঊর্দ্ধ্বস্রোতসিক।

শৈববিবাহ, পুং. [শৈব+বিবাহ] মহানির্ব্বাণ তন্ত্রশাস্ত্রমতে অসবর্ণাবিধবার বিবাহ।

শৈবল, ন. [শী+বল] পদ্মকাষ্ঠ; (পুং.) জলজ তৃণবিশেষ, শৈবাল, শেয়ালা।

শৈবলিনী, স্ত্রী. [শৈবল+ইন্-ঈ] নদী, তরঙ্গিনী, তটী।

শৈবাল, ন. [শী+বল] জলজাত দ্রব্য বিশেষ, শেয়ালা, তৎপর্য্যায়।—অম্বুতাল, অরক, কাবার, জলকেশ, জলজ, জলনীল, জলনীলিকা, জলনীলী, বারিচামর, শীবল, শেপাল, শেবল, শেবাল, (পুং.ন.) শৈবাল, সলিল-কুন্তল, সৈবাল, হঠপর্ণী, জবাল।

শৈবী, স্ত্রী. [শৈব+ঈ] শিবসম্বন্ধিনী; তন্ত্রশাস্ত্রমতে বিবাহিতা স্ত্রী।

শৈব্য, পুং. [শিব+য] কৃষ্ণের ঘোটকবিশেষ; পাণ্ডব সেনাপতি বিশেষ; (ত্রি.) শিবসম্বন্ধি।

শৈরীয়ক-শৈরেয়ক, পুং. [শীর+ঈয়ক] নীলঝিণ্টী নীলবর্ণ ঝাটী

শৈল, ন. [শিলা+অ] শৈলজনামক গন্ধদ্রব্য, শৈলেয়; তাক্ষ্যশৈল; শিলাজতু; (পুং.) পর্ব্বত; (ত্রি.) শিলাসম্বন্ধীয়, পার্ব্বতীয়। শৈলজ।

শৈলক, ন. [শিলা+ক] সুগন্ধিদ্রব্যবিশেষ

শৈলগন্ধ, ন. [শৈল+গন্ধ] চন্দনবিশেষ, সারচন্দন।

শৈলগর্ভাহ্বা, স্ত্রী. [শৈল+গর্ভাহ্বা] ঔষধদ্রব্যবিশেষ, শিলাবল্কা, (হিং) শিলাবাকৃ।

শৈলজ, ন. [শৈল+জন্-অ] পর্ব্বতীয় সুগন্ধিদ্রব্যবিশেষ, তৎপর্য্যায়।—অশ্মপুষ্প, কালানুসারি, কালানুসার্য্য, গুহ, বৃদ্ধ, শিলাপুষ্প, শিলাসন, শিলেয়, শীতল, শীতশিব, শৈল, শৈলক, শৈলাখ্য শৈলেয়; (ত্রি.) পর্ব্বতজাত।

শৈলজন, পুং. [শৈল+জন] পার্ব্বতীয় ব্যক্তি, পাহাড়ি।

শৈলজা, স্ত্রী. [শৈল+জ-আ] সৈংহলীলতা; গজপিপ্পলী; দুর্গা, হিমগিরিসুতা, পার্ব্বতী।

শৈলধন্বা, পুং. [শৈল+ধন্বন্] মহাদেব, শিব।

শৈলধর, পুং. [শৈল+ধর] কৃষ্ণ, বাসুদেব।

শৈলনির্যাস, ন. [শৈল+নির্যাস] সুগন্ধিদ্রব্য বিশেষ, শৈলেয়।

শৈলপত্র, পুং. [শৈল+পত্র] বিল্ববৃক্ষ, বেলগাছ।

শৈলভিত্তি, স্ত্রী. [শৈল+ভিত্তি] টঙ্ক, সোহাগা; প্রস্তর ছেদনের বাটালী।

শৈলরাজ, পুং. [শৈল+রাজ] হিমালয় পর্ব্বত।

শৈলরাজসুতা, স্ত্রী. [শৈলরাজ+সুত-আ] দুর্গা, পার্ব্বতী।

শৈলবল্কলা, পুং. [শৈল+বল্কল-আ] ঔষধবিশেষ, শিলাবল্কলা, (হিং) শিলাবাকৃ।

শৈলবীজ, পুং. [শৈল+বীজ] ভল্লাতক বৃক্ষ

শৈলশিবির, ন. [শৈল+শিবির] সমুদ্র, পয়োধি।

শৈলসুতা, স্ত্রী. [শৈল+সুত-আ] পার্ব্বতী দুর্গা; গঙ্গা; জ্যোতিষ্মতীলতা।

শৈলাখ্য, ন. [শৈল+আখ্য] সুগন্ধিদ্রব্য বিশেষ, শৈলজ।

শৈলাগ্র, ন. [শৈল+অগ্র] শিখর, পর্ব্বতের শৃঙ্গ।

শৈলাজ, ন. [শিলাজ+অ] শৈলজনামক গন্ধদ্রব্যবিশেষ, শৈলেয়।

শৈলাট, পুং. [শৈল+অট] দেবল; সিংহ; তরুকাণ্ড... দ্বি. ব্যাধ।

শৈলাদি, পুং. [শৈল+আদি] নন্দী, শিব-দ্বারপাল।

শৈলালী, পুং. [শৈল+আলিন্] নট, নর্ত্ত, নৃত্যকারী।

শৈলিক্য, পুং. [শিলিকা+য] সর্ব্বলিঙ্গ, পাষণ্ড।

শৈলী, স্ত্রী. [শৈল+ঈ] সঙ্কেত; কৌশল, সংক্ষিপ্ত প্রণালী।

শৈলূষ, পুং. [শিলূষ+অ] বিল্ববৃক্ষ, নট, নর্ত্তক, ধূর্ত্ত; তালধারক; ভিন্নজাতি।

শৈলূষিক, পুং. [শিলূষ+ইক] নটবৃত্তি অন্বেষণকারী।

শৈলূষিকী, স্ত্রী. [শিলূষ+ইক-ঈ] শৈলূষি জাতি স্ত্রী, নর্ত্তকী।

শৈলূষী, স্ত্রী. [শৈলূষ+ঈ] নটী, নর্ত্তকী

শৈলেন্দ্র, পুং. [শৈল+ইন্দ্র] হিমালয় পর্ব্বত। [বৃক্ষ

শৈলেন্দ্রস্থ, পুং. [শৈলেন্দ্র+স্থ] ভূর্জ্জ

শৈলেয়, ন. [শিলা+এয়] শৈলজনামে গন্ধদ্রব্য, শৈলেয়ক, রন্ধ্রচ, ছরিলা, তৎপর্য্যায়।—শিলোদ্ভব, স্থবির, পলিত, জীর্ণ, কালানুসার্য্যক, শিলোত্থ, শিলাদদ্রু, শৈলাজ, গিরিপুষ্পক, শিলাপ্রসূন, সুভগ, বৃদ্ধ, বোড়শাহ্বয়, (শেষ পর্য্যায় শৈলজশব্দে দ্রষ্টব্য) তালপর্ণী; সৈন্ধব (ত্রি.) শৈলসম্ভব, পর্ব্বতজাত; শিলাভুল (পুং.) সিংহ; ভ্রমর, মধুপ। [দুর্গা

শৈলেয়ী, স্ত্রী। [শিলা+এয়-ঈ] পার্ব্বতী

শৈলোদ্ভবা, স্ত্রী. [শৈল+উদ্ভব-আ] ক্ষুদ্র পাষাণভেদী; দুর্গা।

শৈল্য, ত্রি. [শিলা+য] শিলা সম্বন্ধীয়; পর্ব্বতজাত।

শৈশব, ন. [শিশু+অ] শিশুত্ব, বাল্যাবস্থা, বালকত্ব।

শৈশবাবস্থা, স্ত্রী. [শৈশব+অবস্থা] বাল্য-কাল, বাল্যাবস্থা।

শৈশির, পুং. [শিশির+অ] শ্যামবর্ণ চটক পক্ষী; (ত্রি.) শিশির সম্বন্ধীয়।

শৈক্ষ্যোপাধ্যায়িকা, স্ত্রী. [শিক্ষা+উপাধ্যায়

শৈক্ষ, পুং. [শিক্ষ+অ] প্রাথমকল্পিক প্রথমারব্ধ বেদাধ্যয়ন।

শৈক্ষিক, ত্রি. [শিক্ষ+ইক] শিক্ষা শাস্ত্রবেত্তা।

শোওন, (প্রা) শয়ন, শয্যাগ্রহণ।

শোঁকন, (প্রা) ঘ্রাণলওন, গন্ধগ্রহণ।

শোক, পুং. [শুচ্+অ] চিত্তবিকলতা, ইষ্ট বিয়োগজন্য অনুচিন্তন; সুহৃদাদি বিচ্ছেদ জন্য মনঃপীড়া, তৎপর্য্যায়।—খেদ, নিঃসম, মন্যু, শুক্, শুচা, শোচন

শোকচর্চ্চা, স্ত্রী. [শোক+চর্চ্চা] শোকচিন্তা শোকের অনুশীল।

শোকচ্ছিদ, ত্রি. [শোক+ছিদ্] শোক নিবারণ।

শোকনিহত, ত্রি. [শোক+নিহত] শোকদ্বারা অবিভূত।

শোকমূর্চ্ছিত, ত্রি. [শোক+মূর্চ্ছিত] শোক-নিহত। [কারণ

শোকস্থান, ন. [শোক+স্থান] শোকের

শোকনাশ, পুং. [শোক+নাশ] অশোকবৃক্ষ

শোকনাশন, পুং. [শোক+নাশন] অশোক বৃক্ষ; মনঃপীড়া নিবারক।

শোকসাগর, পুং. [শোক+সাগর] শোকা-র্ণব, শোকরূপ সমুদ্র।

শোকহারী, স্ত্রী. [শোক+হারিন্] বনবর্ব্বরিকা, বনবাবুই; শোকনাশক।

শোকাকুল, ত্রি. [শোক+আকুল] শোক-কাতর, ইষ্ট বিয়োগাদি জন্য দুঃখে অস্থির।

শোকাগ্নি, পুং. [শোক+অগ্নি] শোকানল শোকরূপ অনল।

শোকাগ্নিসন্তপ্ত, ত্রি. [শোক+অগ্নি+সন্তপ্ত] দুঃখিত।

শোকান্বিত, ত্রি. [শোক+অন্বিত] শোক-যুক্ত, খেদিত, ক্ষুব্ধ।

শোকাপহৃত, ত্রি. [শোক+অপহৃত] শোক নিবারিত।

শোকাপনোদ, পুং. [শোক+অপ+নুদ-অ] শোকহারক, শোকহন্তা।

শোকার্ত্ত, ত্রি. [শোক+আর্ত্ত] শোকপীড়িত সন্তাপিত।

শোচন, ন. [শুচ্+অন] শোককরা মনোদুঃখ প্রকাশকরণ।

শোচনা, স্ত্রী. [শুচ+অন-আ] শোকোৎপাদনা, বিলাপ।

শোচনীয়, ত্রি. [শুচ্+অনীয়] যাহাকে উদ্দেশ করিয়া শোক করা যায়।

শোচিঃ, ন. [শুচ্+ইস্] প্রভা, দীপ্তি, শিখা।

শোচিষ্কেশ, পুং. [শোচিস্+কেশ] অগ্নি; চিত্রকবৃক্ষ, চিতাগাছ.

শোচ্য, ত্রি. [শুচ্+য] শোচনীয়, যাহার নিমিত্ত শোককরা উচিত।

শোচ্যক, ত্রি. [শোচ্য+ক] অবর, ক্ষুদ্র, কনিষ্ঠ, ছোট।

শোটগুড়, (প্রা) গুড়বিশেষ, মাৎগুড়।

শোটীর্য্য. ন. [শোটীর+য] বীর্য্য, বল, পরাক্রম।

শোঠ, ত্রি. [শুঠ্+অ] মূর্খ; অলস; ধূর্ত্ত; নাচ; পাপরত।

শোণ, ন. [শোণ্+অ] সিন্দুর; রুধির ;(পুং.) রক্তোৎপল সদৃশ বর্ণ, তৎপর্য্যায়।—কোকনদচ্ছবি,রক্তোৎপলনিভ, রক্তোৎপলাভ; পাটনার নিকটস্থ নদবিশেষ তৎপর্য্যায়।—হিরণ্যবাহ, হিরণ্যবাহু অগ্নি; শ্যোনাকবৃক্ষ; লোহিতাশ্ব; (ত্রি.) রক্তোৎপল প্রভিত; সমুদ্রবিশেষ; রক্তবর্ণ ইক্ষু; শ্যোণাক বৃক্ষবিশেষ, শোণক

শোণক, পুং. [শোণ+ক] শোনাকবৃক্ষ শোণাগাছ।

শোণঝিন্টিকা. স্ত্রী. [শোণ+ঝিন্টিকা রক্তসৈরেয়, রক্তবর্ণঝাটি ফুলেরগাছ

শোণঝিণ্টী, স্ত্রী. [শোণ+ঝিণ্টী] কুরুবব রক্তঝিণ্টী; কণ্টকিনী, বার্ত্তাব. .

শোণপত্র, পুং. [শোণ+পত্র] রক্তপুনর্ণব শাক

শোণপদ্মক, ন. [শোণ+পদ্মক] রক্তকমল রক্তপদ্ম।

শোণপুষ্পক, পুং. [শোণ+পুষ্পক] কোবি-

শোণপুষ্পী, স্ত্রী. [শোণ+পুষ্প-ঈ] পুষ্পবৃক্ষবিশেষ, সিন্দুরপুষ্পী।

শোণরত্ন, ন. [শোণ+রত্ন] মণিবিশেষ, পদ্মরাগমণি।

শোণা, স্ত্রী. [শোণ+আ] শোণবর্ণযুক্তা, রক্তবর্ণবিশিষ্টা; তিক্তপত্রবিশেষ, শোণামুখীরপাতা; পক্ষিবিশেষ, শুকনাসিকা

শোণাক, পুং. [শোণ+অক] বৃক্ষবিশেষ, শোণা, তৎপর্য্যায়। অরটু, অরল, অরলু, ঋক্ষ্য, কট্বঙ্গ, কুটন্নট, টুণ্টুক, দীর্ঘবৃন্ত, ভ্রান্তশাত্রব,নট, পত্রোর্ণ, মণ্ডুকপর্ণ, শুকনাস, শোণক. শ্যোনাক, স্যোনাক, স্বর্ণবল্কল।

শোণামুখী (প্রা) তিক্তপত্রবিশেষ।

শোণিত, ন. [শোণ+ইত] রক্ত, রুধির; কুঙ্কুম, (ত্রি,) রক্তবর্ণ।

শোণিতচন্দন, ন. [শোণিত+চন্দন] চন্দনবিশেষ, রক্তচন্দন।

শোণিতপুর; ন. [শোণিত+পুর] বাণরাজার পুর।

শোণিতাহ্বয়, ন. [শোণিত+আহ্বয়] রক্তবর্ণ সুগন্ধি চূর্ণবিশেষ, কুঙ্কুম।

শোণিতোৎপল, ন. [শোণিত+উৎপল] রক্তোৎপল, রক্তকুমুদ, রাঙ্গাসুঁদী।

শোণিতোক্ষিত, ত্রি. [শোণিত+উক্ষিত] রক্তাক্ত, শোণিতাক্ত।

শোণী. স্ত্রী. [শোণ+ঈ] রক্তোৎপল সদৃশ বর্ণা স্ত্রী। [মাণিক্য।

শোণোপল, পুং. [শোণ+উপল] রত্নবিশেষ,

শোথ, পুং. [শু+থন্] রোগবিশেষ, ফুলা রোগ, তৎপর্য্যায়।—শোথক, শোফ, শ্বয়থু।

শোথক, পুং. [শোথ+ক] রোগবিশেষ শোথ, ফুলারোগ।

শোথঘ্নী, স্ত্রী. [শোথ+ঘ্ন-ঈ] পুনর্ণবাশাক; শালপর্ণীবৃক্ষ, শাল পাইনগাছ; (ত্রি.) শোথনাশক।

শোথজিৎ, পুং. [শোথ+জিৎ] ভল্লাতব

শোথজিহ্ব, পুং. [শোথ+জিহ্বা] পুনর্ণবাশাক।

শোথহৃৎ, পুং. [শোথ+হৃৎ] ভল্লাতকবৃক্ষ; (ত্রি.) শোথহারক।

শোধ, পুং. [শুধ্+অ] পরিষ্কার, শোধন; বৈরনির্যাতন; প্রতিক্রিয়া

শোধক, ন. [শুধ্+অক] পর্ব্বতজাত মৃত্তিকাবিশেষ, কঙ্কুষ্ঠ, কালকুষ্ট; (ত্রি.) শুদ্ধিকারক।

শোধন, ন. [শুধ্+অন] শৌচ, পরিষ্করণ; বিষ্ঠা; কাসীস, হিরাকসী; (পুং.) নিম্বুক, কাগজী নেবু; (ত্রি.) শুদ্ধিকারক।

শোধনী, স্ত্রী. [শুধ্+অন-ঈ] সম্মার্জ্জনী, ঝাঁটা; তাম্রবল্লীলতা; নীলী, নীলেরগাছ।

শোধনীবীজ, ন. [শোধনী+বীজ] জয়পাল নামকঔষধিবিশেষ।

শোধনীয়, ত্রি. [শুধ্+অনীয়] শোধিতব্য, শোধ্য, সংশোধনের যোগ্য।

শোধিত, ত্রি. [শুধ্+ইত] মক্ষিকাদির নিরাকরণ দ্বারা পরিষ্কৃতব্যঞ্জনাদি, তৎপর্য্যায়।—সংমৃষ্ট, পরিষ্কৃত, মার্জ্জিত; অপনীত মল, তৎপর্য্যায়।—অনবস্কর, নিঃশোধ্য, নির্ণিক্ত, মৃষ্ট।

শোধিতব্য, ত্রি. [শুধ্+ইতব্য] শোধিত, সংশোধনেরযোগ্য।

শোধ্য, ত্রি. [শুধ্+য] শোধনীয়, শোধনের যোগ্য।

শোফ, পুং, [শু+ফ] শোথ, স্ফীততারোগ, শোথ।

শোফঘ্নী, স্ত্রী.[শোফ+ঘ্ন-ঈ]শালপর্ণীলতা; রক্তপুনর্ণবাশাক।

শোফনাশন, পুং. [শোফ+নাশন] নীলবৃক্ষ; (ত্রি.) শোথনাশক।

শোফহৃৎ, পুং. [শোফ+হৃৎ] ভল্লাতকবৃক্ষ, ভেলারগাছ; (ত্রি.) শোথহারক।

শোভ, ত্রি. [শুভ+অ] সুন্দর, সুশ্রী।

শোভকৃৎ, ত্রি. [শোভ+কৃৎ] শোভনকৃত; (পুং.) কালচক্রের ষট্ত্রিংশত্তমবৎসর;

শোভন, ন. [শুভ+অন] পদ্ম; (পুং.) গ্রহ; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত পঞ্চম যোগ; (ত্রি.) সুন্দর, (অস্য পর্য্যায় মনোজ্ঞ শব্দেদ্রষ্টব্যঃ)।

শোভনক, পুং. [শোভন+ক] শোভাঞ্জন বৃক্ষ, শজিনাগাছ; (ত্রি.) শোভন শব্দ কারক।

শোভনা, স্ত্রী. [শুভ+অন-আ] হরিদ্রা; গোরোচনা।

শোভনীয়, ত্রি. [শুভ্+অনীয়] শোভাযুক্ত, মনোহর, সুন্দর।

শোভা, স্ত্রী. [শুভ+অ-আ] দীপ্তি, তৎপর্য্যায়।—অভিখ্যা, কমা, কান্তি, ছবি, দৃক্প্রিয়া, ছবী, ছায়া, দ্যুতি,দ্যুতী,বিভা, ভাতা; ভাতি, ভান, ভাসা, রমা, শুভা, শ্রীঃ, সুষমা; গোপীবিশেষ; হরিদ্রা; গোরোচনা।

শোভাকর, ত্রি. [শোভা+কর] দীপ্তিমান্; শোভাযুক্ত।

শোভাঞ্জন, পুং [শোভা+অঞ্জন] বৃক্ষবিশেষ, শজিনাগাছ, তৎপর্য্যায়।—অক্ষীব, আক্ষীব, কাক্ষীবক, কৃষ্ণগন্ধা, কৃষ্ণশিগ্রু, গন্ধ, গন্ধক, ঘনপল্লব, চক্ষুষ্য জনপ্রিয়, তীক্ষ্ণ, তীক্ষ্ণগন্ধ, তীক্ষ্ণগন্ধক, ব্রণিবনাশন, নীলশিগ্রু, মুখমোদ, মূলকপর্ণী, মোচক, রুচিরাঞ্জন, শিগ্রু, শুভাঞ্জন, শ্বেতমরিচ, সুতীক্ষ্ণ, স্ত্রীচিত্তহারী; রক্তশজিনা, তৎপর্য্যায়।—মধুদ্রুব, মধুলগ্ন, মধুশিগ্রু, সুরঙ্গী, স্বাদুগন্ধা।

শোভান্বিত, ত্রি. [শোভা+অন্বিত] শোভাযুক্ত, দীপ্তিমান্।

শোভিত, ত্রি. [শুভ্+ইত] শোভাবিশিষ্ট, প্রভাযুক্ত।

শোয়া, (প্রা) শয়ন; নিদ্রাগত।

শোয়ান, (প্রা) শয়নকরাণ, নিদ্রিতকরণ।

শোরসরাবৎ, (বাং) জনরব, গোলমাল।

শোরা, (বাং) ক্ষারবিশেষ, যবক্ষার।

শোলা, (হিং) জলজাত তৃণবিশেষ।

শৌণ্ডী, স্ত্রী. [শোণ্ড+অ-ঈ] বনহরিদ্রা, বন-

শোষ, পুং. [শুষ্+অ] যক্ষ্মারোগ; শোষণ, রসাকর্ষণ, নীরসকরণ; কামদেবের বাণ বিশেষ। [কর্ষক।

শোষক, ত্রি. [শুষ্+অক] শোষণকর্ত্তা, রসা-

শোষণ, ন. [শুষ্+অন] রসাকর্ষণ, চোষণ, তৎপর্য্যায়।—রসাদান; স্নেহরহিতীকরণ; শুণ্ঠী, শুঁঠ, (পুং) কামদেবের বাণবিশেষ; শোনাকবৃক্ষ।

শোষসম্ভব, ন. [শোষ+সম্ভব] পিপ্পলীমূল, পিপুলের মূল।

শোষাপহা, স্ত্রী. [শোষ+অপহ-আ] ক্লীতনক, যষ্টিমধু; (ত্রি.) শোষনাশক।

শোষিত, ত্রি, [শুষ্+ইত] কৃতশোষণ, নিরসীকৃত, শুষ্ককরা।

শৌক, ন. [শুক+অ] শুকগণ; নারীদিগের ক্রিয়াবিশেষ। [তীর্থ।

শৌকর, ন. [শুকর+অ] তীর্থবিশেষ,শৌকর-

শৌকরব, ন. [শৌকর+ব] তীর্থবিশেষ, শৌকরতীর্থ।

শৌক্তিকেয়, ন. [শুক্তিক+এয়] মুক্তা, শৌক্তিক।

শৌক্তেয়, ন. [শুক্তি+এয়] মুক্তা,শৌক্তিক; (ত্রি.) শুক্তিসম্বন্ধীয়। [গুণ।

শৌক্ল, ন. [শুক্ল+অ] শুক্লতা, শুভ্রত্ব, শ্বেত-

শৌক্লিকেয়,ন. [শুক্লিক+এয়] বিষ; (পুং.) সর্পবিশেষ।

শৌচ, ন. [শুচি+অ] শুচিতা, শুচিত্ব, শুদ্ধি, নির্ম্মলতা।

শৌচাচার, পুং. [শৌচ+আচার] শুদ্ধিকর্ম্ম, শুদ্ধাচার।

শৌচিক, পুং. [শুচি+ইক] বর্ণসঙ্করজাতিবিশেষ, কৈবর্ত্তেরকন্যাতে শৌণ্ডিকহইতে জাতবর্ণ।

শৌচেয়, পুং. [শুচ+এক] রজক,ধোবা।

শৌটীর, পুং. [শুট+ঈর] ত্যাগী; বীর; (ত্রি.) গর্ব্বান্বিত।

শৌটীর্য্য, ন. [শৌটীর+য] বীর্য্য, গর্ব্ব, দর্প।

শৌণ্ড, ত্রি.[শুণ্ড+অ] মত্ত, বিহ্বল, মাতাল;

শৌণ্ডিতা, স্ত্রী. [শৌণ্ড+ইত-আ] মত্ততা বীরত্ব। [দর্প।

শৌণ্ডর্য্য, ন. [শুণ্ডর+য] অহঙ্কার; গর্ব্ব,

শৌণ্ডিক, পুং. [শুণ্ড+ইক] বর্ণসঙ্করজাতিবিশেষ, গাঙ্গিকন্যাতে কৈবর্ত্তহইতে জাতবর্ণ, শুড়ী, তৎপর্য্যায় —আসুতীবল, কল্লপাল, ধ্বজ, ধ্বজী, পণ, পান, পানবণিক, বারিবাস, মণ্ডহারক, শুণ্ডক, শুণ্ডার, শৌণ্ডী, সুরাজীবী

শৌণ্ডির, ত্রি. [শুণ্ড+ইর] গর্ব্বিত, অহং।

শৌণ্ডী, পুং. [শুণ্ড+ইন্] শৌণ্ডিক, শুড়ী; (স্ত্রী.) পিপ্পলী, পিপুল; লতাবৃক্ষবিশেষ, চবা, চইগাছ।

শৌণ্ডীর, ত্রি. [শুণ্ড+ঈর]অহঙ্কারী, গর্ব্বিত তৎপর্য্যায়।—অকল্প, অধম, অহঙ্কৃৎ, উদ্ভাব, উদ্ধত, উদ্ধুর, নীচ, পিশুন, মানী, স্তব্ধ।

শৌদ্র, পুং. [শূদ্রা+অ] দ্বাদশবিধপুত্রান্তর্গতপুত্রবিশেষ, শূদ্রাপুত্র; (ত্রি.) শূদ্রসম্বন্ধীয়।

শৌদ্ধোদনি. পুং. [শুদ্ধোদন+ই] শাক্যবংশাবতীর্ণ বুদ্ধমুনিবিশেষ, শুদ্ধোদনমুনির পুত্র।

শৌধিকা, স্ত্রী. [শুধা+ইক-আ] ধান্যবিশেষ, রক্তকঙ্কু, কাঙ্গনি।

শৌন, পুং. [শুন+অ] মাংসজীবী, মাংসবিক্রয়ী।

শৌনক, পুং. [শুন+ক] মুনিবিশেষ, নৈমিষারণ্যক্ষেত্রেরপ্রধান ঋষি।

শৌনিক, পুং. [শুনা+ইক] মাংসবিক্রয়ী, মাংসজীবী,তৎপর্য্যায়।—কৌটিক,বৈতংসিক, মাংসিক; মৃগয়ু; (স্ত্রী)চিড়ীম।

শৌব, ন. [শ্ব+অ] কুক্কুরেরজড়তাভাব; পরদিন স্থায়িবস্তু, কুক্কুরবৃন্দ, কুকুরের পাল।

শৌবন. ন. [শ্বন্+অ] কুক্কুরেরস্বভাব; কুক্কুরের অপত্য।

শৌবস্তিক, ত্রি. [শ্বস্+ইক] ভাবিদিন স্থায়ি

শৌবাপদ, ত্রি. [শ্বাপদ+অ] শ্বাপদসম্বন্ধীয়, হিংস্রপশুর কার্য্য।

শৌভ, ন. [শুভ+অ] হরিশ্চন্দ্ররাজারপুরী তৎপর্য্যায়।—ব্যোমচারিপুর; আকাশযান, (পুং.) দেবতা; গুবাক, সুপারি।

শৌভনেয়, ত্রি. [শোভনা+এয়] শোভনসম্বন্ধীয়, শোভনবিশিষ্ট।

শৌভাঞ্জন, পুং. [শোভাঞ্জন+অ]শোভাঞ্জনবৃক্ষ, শজিনাগাছ।

শৌভিক, পুং. [শোভা+ইক] ঐন্দ্রজালিক, মায়াবী, কুহকী।

শৌভ্রেয়, ত্রি. [শুভ্রা+এয়] শুভ্রগুণযুক্তা নারীরপুত্র, শৌভ্রাজেয়।

শৌরি, পুং. [শূর+ই]শ্রীকৃষ্ণ; শনৈশ্চরগ্রহ

শৌর্পিক, ত্রি. [শূর্প+ইক] শূর্পপরিমিত, কুলারপরিমাণ।

শৌর্প্য, ত্রি. [শূর্প+য] শূর্পপরিমিত, কুলার পরিমাণ।

শৌর্য্য, ন. [শূর+য] আরভটী, নাটবৃত্তি; শক্তি, বীর্য্য, সাহস।

শৌল্ক, ত্রি. [শুল্ক+অ] শুল্কসম্বন্ধীয়; (পুং) শুল্কাধ্যক্ষ, মাসুলগ্রহণে নিযুক্ত ব্যক্তি।

শৌল্কি, ত্রি. [শুল্ক+ই] শুল্কাধ্যক্ষ, (বাং) তহসিলদার।

শৌল্কিক, পুং. [শুল্ক+ইক] শুল্কাধিপতি, করসংগ্রাহক, (বাং) তহসিলদার।

শৌল্কিকেয়, পুং. [শুল্কিক+এয়] বিষবিশেষ, শুল্কিকদেশজাত বিষ।

শৌল্ক, ন. [শুল্ক+অ] শাকবিশেষ, শুল্কশাক।

শৌল্বিক, পুং. [শুল্ব+ইক] কংসকার, কাঁসারি, তৎপর্য্যায়।—কাংস্যকার, কামন্দমী, তাম্রকারক, তাম্রকুট্টক, তাম্রিক।

শৌষ্কল, পুং. [শুষ্কলী+অ]শুষ্কমাংসবিক্রেয়ী, (ত্রি.) আমিষাশী, মৎস্যমাংসভোজনশীল, শোষ্কল।

শ্চ্যোতিত, ত্রি. [শচ্যুত+ইত] ক্ষরণ-

শ্চোত, পুং. [শচুত+অ] প্রাধার, ক্ষরণ; প্রোক্ষণ। [প্রোক্ষণ।

শ্চ্যোত, পুং. [শচ্যুত+অ] প্রাধার, ক্ষরণ;

শ্ম, ন. [শো+মন্] মুখ, বক্ত্র, আস্য।

শ্মশান, ন. [শব+শী-অন] শবদাহ স্থান, প্রেতভূমি, তৎপর্য্যায়।—অন্তশয্যা, দাহসর, পিতৃকানন, পিতৃবন, রুদ্রাক্রীড়, শতানক। [মুর্ত্তিবিশেষ।

শ্মশানকালী, স্ত্রী. [শ্মশান+কালী] কালিকা

শ্মশানবাসী, পুং. [শ্মশান+বাসিন্] শিব, মহাদেব; (ত্রি.) শ্মশানবাস কর্ত্তা।

শ্মশানবাসিনী, স্ত্রী. [শ্মশান+বাসিন্-ঈ] কালী, আদ্যাশক্তি।

শ্মশানবেশ্ম, পুং. [শ্মশান+বেশ্মন্] মহাদেব, শ্মশানবাসী, শ্মশানাল।

সিদ্ধসলিল, ন. [সিদ্ধ+সলিল] কাঞ্জিক, কাঁজি; পক্কজল।

সিদ্ধসাধন, ন. [সিদ্ধ+সাধন] সিদ্ধবস্তুর সাধন; (পুং.) গৌরসর্ষপ, শ্বেতসরিষা।

সিদ্ধসাধ্য পুং. [সিদ্ধ+সাধ্য] মন্ত্রবিশেষ।

সিদ্ধসিদ্ধ, পুং. [সিদ্ধ+সিদ্ধ] মন্ত্রবিশেষ।

সিদ্ধসিন্ধু, স্ত্রী. [সিদ্ধ+সিন্ধু] গঙ্গা, ভাগীরথী।

সিদ্ধসুসিদ্ধ, পুং. [সিদ্ধ+সুসিদ্ধ] মন্ত্রবিশেষ।

সিদ্ধসেন, পুং. [সিদ্ধ+সেন] কার্ত্তিকেয়, কুমার।

সিদ্ধসেবিত, পুং. [সিদ্ধ+সেবিত] বটুকভৈরব; (ত্রি.) সিদ্ধজনকর্ত্তৃক উপাসিত।

সিদ্ধা, স্ত্রী. [সিধ্+ত-আ] ঋদ্ধি; যোগিনী-বিশেষ, যথা।—মঙ্গলা, পিঙ্গলা, ধন্যা, ভ্রামরী, ভদ্রিকা, উল্কা, সিদ্ধা, শঙ্কটা।

সিদ্ধান্ত, পুং. [সিদ্ধ+অন্ত] পূর্ব্বপক্ষ নিরাস পূর্ব্বক সিদ্ধপক্ষ স্থাপন, তৎপর্য্যায়।—রাদ্ধান্ত; নববিধজ্যোতি গ্রন্থ, যথা।—ব্রহ্মসিদ্ধান্ত, সূর্য্যসিদ্ধান্ত, সোমসিদ্ধান্ত, বৃহস্পতি সিদ্ধান্ত, গর্গসিদ্ধান্ত, নারদ সিদ্ধান্ত, পরাশর সিদ্ধান্ত, পুলস্ত্যসিদ্ধান্ত, বশিষ্ঠ সিদ্ধান্ত

সিদ্ধান্তাচার্য, পুং. [সিদ্ধান্ত+আচার্য] তান্ত্রিকাচারবিশেষ।

সিদ্ধান্তী, পুং, [সিদ্ধান্ত+ইন্] মীমাংসক সিদ্ধান্তকারক

সিদ্ধাপগা, স্ত্রী. [সিদ্ধ+অপগ-আ] গঙ্গা, সুরধুনী।

সিদ্ধায়িকা, স্ত্রী. [সিদ্ধায়+ইক-আ] চতুর্ব্বিংশতি বুদ্ধ শাসন দেবতান্তর্গত দেবী-বিশেষ।

সিদ্ধারি, পুং. [সিদ্ধ+অরি] মন্ত্রবিশেষ।

সিদ্ধার্থ, পুং. [সিদ্ধ+অর্থ] জিনবিশেষ, জৈনেরপিতা, শাক্যসিংহ; শ্বেতসর্ষপ; বটবৃক্ষ; প্রসিদ্ধার্থ।

সিদ্ধার্থা, স্ত্রী. [সিদ্ধার্থ+আ] চতুর্থজিনের মাতা।

সিদ্ধি, স্ত্রী. [সিধ্+তি] দুর্গা; ঋদ্ধিনামক ঔষধ; যোগবিশেষ, নিষ্পত্তি; পাদুকা; অন্তর্দ্ধি; বৃদ্ধি; মোক্ষ; সম্পত্তি; বুদ্ধি; ফলোৎপত্তি; শুভ; পুরুষার্থ; মাদকদ্রব্যবিশেষ; জ্ঞান; শুদ্ধি; জয়লাভ; রাজা, দিগের ত্রিবিধ সিদ্ধি, যথা।—প্রভাব সিদ্ধি, মন্ত্রসিদ্ধি, উৎসাহসিদ্ধি।

সিদ্ধিদ, পুং. [সিদ্ধি+দা-অ] বটুক ভৈরব; (ত্রি.) সিদ্ধিদাতা।

সিদ্ধিযোগ, পুং. [সি[illegible]+যোগ] তিথিবার ঘটিত শুভযোগবিশেষ

সিদ্ধিযোগিনী, স্ত্রী. [সিদ্ধি+যোগিন্-ঈ] যোগিনীবিশেষ; দক্ষেরপঞ্চাশৎকন্যা, যথা।—সতী, জ্যোতিঃ, স্মৃতি, স্বাহা, অনসূয়া, স্বধা, প্রীতি, ক্ষমা, সংভূতি, সন্নতি, অরুন্ধতী, কীর্ত্তি, লক্ষ্মী, ধৃতি, মেধা, পুষ্টি, শ্রদ্ধা, ক্রিয়া, মতি, বুদ্ধি, লজ্জা, বপুঃ, শান্তি, তুষ্টি, সিদ্ধি, রতি, অরুন্ধতী, বসু, যামী, লম্বা, ভানু, মরুত্বতী, সঙ্কল্পা, মুহূর্ত্তা, সাধ্যা, বিশ্বা, অদিতি, দিতি, দনু, কালাদনা, আয়ুষা, সিংহিকা, সুরসা, কদ্রু, বিনতা, সুরভি, খসা, ক্রোধা, ইরা, প্রোবা।

সিদ্ধিলী, স্ত্রী. [সিদ্ধ+ইল-ঈ] ক্ষুদ্রপিপীলিকা ছোটপিপিড়া।

সিদ্ধিস্থান, ন. [সিদ্ধি+স্থান] পুণ্যস্থানবিশেষ।

সিদ্ধেশ্বরী, স্ত্রী. [সিদ্ধ+ঈশ্বরী] দেবীবিশেষ।
সিদ্ধৌঘ, পুং. [সিদ্ধ+ওঘ] গুরুক্রমবিশেষ।
সিধা (প্রা) অবক্র, সোজা ভোজনার্থ ভোজনীয় দেবোপকরণ দান।।
সিধ্ম, ন. [সিধ্+মন্] কিলাসরোগ; সপ্তমহাকুষ্ঠান্তর্গত কুষ্ঠরোগবিশেষ।
সিধ্মপুষ্পিকা, স্ত্রী. [সিধ্ম+পুষ্পিকা] কুষ্ঠব্যাধিবিশেষ।
সিধ্মবান্, ত্রি. [সিধ্ম+বৎ] কিলাস রোগবিশিষ্ট। [কিলাসী।
সিধ্মল, ত্রি, [সিধ্ম+ল] কিলাসরোগী,
সিধ্মলা, স্ত্রী. [সিধ্মল+আ] মৎস্যবিকৃতি।
সিধ্মা, স্ত্রী. [সিধ্ম+আ] রোগবিশেষ, কিলাসরোগ।
সিধ্য, পুং. [সিধ্+য] পুষ্যানক্ষত্র।
সিধ্র, পুং. [সিধ্+র] সাধু; বৃক্ষ।
সিধ্রকা, স্ত্রী. [সিধ্র+ক-আ] বৃক্ষবিশেষ।
সিধ্রকারণ, ন. [সিধ্র+কারণ] দেবোদ্যান, দেবারাম।
সিন, ন. [সি+ত] শরীর; (পুং.) গ্রাস; কাণ;)ত্রি.) শুক্লগুণবিশিষ্ট।
সিনী, স্ত্রী. [সিন+ঈ] শুক্লগুণবিশিষ্টা।
সিনীবালী, স্ত্রী. [সিনী+বালী] চতুর্দ্দশী যুক্তা অমাবস্যা; দুর্গা। [নিসিন্দা।
সিন্দুক, পুং. [সিন্দু+ক] সিন্দুবার বৃক্ষ,
সিন্দুবার পুং. [সিন্দু+বার] বৃক্ষবিশেষ, নিসিন্দা, ইনৃছুর, তৎপর্য্যায়।—অনন্ত, অর্থসিদ্ধক, ইন্দ্রসুরিস ইন্দ্রাণিকা. ইন্দ্রাণী, কাসনাসিনী, নির্গুণ্ডী, পৌলোমী, শক্রাণী, শ্বেতপুষ্প, সিন্ধুক, সিন্দুরক, সিন্দুরাবক,সিন্ধুক,সিন্ধুবারক, স্থিরসাধনক।
সিন্দূর, ন. [স্যন্দ+উর] রক্তবর্ণচূর্ণবিশেষ, সিন্দুর,সিঁদুর,তৎপর্য্যায়।-অরুণ,গণেশভূষণ, নাগগর্ভ, নাগজ, নাগরেণু, নাগ সম্ভব, বীররজ, মঙ্গল্য, রক্ত, শোণ, শৃঙ্গারক, সন্ধ্যারাগ, সীমন্তক সৌভাগ্য; (পুং.) বৃক্ষবিশেষ; হস্তী।
সিন্দূরকারণ, ন। [সিন্দুর+কারণ] সীসক,

সিন্দূরতিলক, পুং. [সিন্দুর+তিলক] হস্তী।
সিন্দূরতিলকা, স্ত্রী. [সিন্দুর+তিলক-আ] সধবা নারী।
সিন্দূরপুষ্পী, স্ত্রী. [সিন্দুর+পুষ্প-ঈ] পুষ্পবৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—সিন্দুরী, বীরপুষ্পী, তৃণপুষ্পী, করচ্ছদা, শোণপুষ্পী।
সিন্দূরী, স্ত্রী. [সিন্দুর+ঈ] রোচনী; রক্তচেলিকা; ধাতকী।
সিন্ধু, পুং. [স্যন্দ+উ] সমুদ্র; রমথু; দেশবিশেষ; নদবিশেষ, ইন্দস্, হস্তিমদ; সিন্ধুবারবৃক্ষ, শ্বেতটঙ্কণ, সাদাসোহাগা; রাগবিশেষ, মালকোশরাগের পুত্র, নদীবিশেষ; হস্তী; (স্ত্রী) নদী।
সিন্ধুক, পুং. [সিন্ধু+ক] সিন্ধুবারবৃক্ষ, নিসিন্দাগাছ; (প্রা.) কাষ্ঠময় আধারবিশেষ।
সিন্ধুকফ, পুং. [সিন্ধু+কফ] সমুদ্রফেণ।
সিন্ধুকর, ন. [সিন্ধু+কর] শ্বেতটঙ্কণ, শাদা সোহাগা।
সিন্ধুখেল, পুং. [সিন্ধু+খেল]. সিন্ধুদেশ।
সিন্ধুজ, ন. [সিন্ধু+জন্-অ] সৈন্ধবলবণ; (ত্রি.) সমুদ্রজাত, নদীজাত।
সিন্ধুজন্ম, ন. [সিন্ধু+জন্মন্] সৈন্ধবলবণ।
সিন্ধুজন্মা, পুং. [সিন্ধু+জন্মন্] চন্দ্র, অব্জিক।
সিন্ধুজা, স্ত্রী. [সিন্ধু+জন্-অ-আ] লক্ষ্মী, ক্ষীরাব্ধিতনয়া।
সিন্ধুড়া, স্ত্রী. [সিন্ধুড+আ] মালবরাগের ভার্য্যা। [সিন্ধুজ,
সিন্ধুনন্দন, পুং. [সিন্ধু+নন্দন] চন্দ্র,
সিন্ধুনাথ, পুং. [সিন্ধু+নাথ] সমুদ্র, সাগর।
সিন্ধুপুত্র, পুং. [সিন্ধু+পুত্র] মর্কটেন্দু; চন্দ্র।
সিন্ধুপুষ্প, পুং. [সিন্ধু+পুষ্প] শঙ্খ, শাখ।
সিন্ধুবার, পুং. সিন্ধু+বার] হয়োত্তম, উত্তমঅশ্ব; বৃক্ষবিশেষ, নিসিন্দাগাছ।
সিন্ধুবারক, পুং. [সিন্ধু+বারক] সিন্ধুবারবৃক্ষ নিসিন্দাগাছ
সিন্ধুবারিত, পুং. [সিন্ধু+বারিত] সিন্ধুবার-

সিন্ধুবেষণ, পুং. [সিন্ধু+বেষণ] গম্ভারীবৃক্ষ-গামারগাছ।
সিন্ধুমন্থজ, ন. [সিন্ধু+মন্থজ] সৈন্ধবলবণ।
সিন্ধুর, পুং. [সিন্ধু+র] হস্তী। [কেশরী।
সিন্ধুরদ্বেষী, পুং. [সিন্ধুর+দ্বেষিন্] সিংহ,
সিন্ধুলবণ, ন. [সিন্ধু+লবণ] সৈন্ধব লবণ।
সিন্ধুশয়ন, পুং. [সিন্ধু+শয়ন] বিষ্ণু, ক্ষীরোদশায়ী
সিন্ধুসঙ্গম, পুং. [সিন্ধু+সঙ্গম] নদী নদ ও সমুদ্রের পরস্পর মেলন, তৎপর্য্যায়।—সম্ভেদ।
সিন্ধূদ্ভব, ন. [সিন্ধু+উদ্ভব] সৈন্ধবলবণ।
সিন্ধূপল, ন. [সিন্ধু+উপল] সৈন্ধবলবণ।
সিপাহী, (যাং) সৈন্য, সিপাই।
সিপ্র, ন. [সিপ্+র] সরোবরবিশেষ; (পুং.) চন্দ্র; নিদাঘসলিল, ঘর্ম্ম।
সিপ্রা, স্ত্রী. [সিপ্র+আ] নদীবিশেষ, উজ্জয়নী দেশসমীপস্থিতা নদী।
সিবর, পুং. [সিব্+অর] হস্তী।
সিম, পুং. [সি+ম] সমুদায়, সকল; (প্রা) লতাফলবিশেষ, শিম্বী।
সিম্বা, স্ত্রী. [সিম্ব+আ] শমী, দ্বেছিমড়া, শুঁটী।
সিম্বি, স্ত্রী. [সিম্ব+ই] সিম্বা; নখনামগন্ধদ্রব্য বিশেষ। [শমীধান।
সিম্বিজা, স্ত্রী. [সিম্বিজ+-আ] ধান্যবিশেষ,
সিম্বী, স্ত্রী. [সিম্ব+ঈ] নিষ্পাবী, সীম।
সিয়ান (প্রা) চতুর, চালাক। [মূল।
সির, পুং. [সি+র] পিপ্পলীমূল, পিঁপুলের
সিরা, স্ত্রী. [সির+আ] নাড়ী; অম্বুবাহিনী।
সিলাখানা, (যাং) অস্ত্রাগার।
সিল্লকী, স্ত্রী. [সিল্লক+ই] শল্লকীবৃক্ষ, পট্টসূত্র
সিষাধয়িষা, স্ত্রী. [সাধ+স-আ] সাধনেচ্ছা।
সিসৃক্ষা, স্ত্রী. [সৃজ+স-আ] সৃষ্টিকরণেচ্ছা।
সিহুণ্ড, পুং. [সিহুণ্ড+অ] মুহীবৃক্ষ, মনসাগাছ।
সিহ্ল, পুং. [সিহ+ল] গন্ধদ্রব্যবিশেষ, সিহ্লা, তৎপর্য্যায়।—কপিচঞ্চল, কুণ্ডধূপ, তুরুষ্ক, তৈলপর্ণী, তৈলাখ্য, পিণ্ডক, পিণ্যাক, পিষ্টক, বৃকধূপ, যাব, যাবন, যাবল, সল্লকীদ্রব, সিহ্লক।

সিহ্লক, পুং. [সিহ্ল+ক] সিহ্ল, সিহ্লা।
সিহ্লকী, স্ত্রী. [সিহ্লক+ঈ] সিহ্ল; সল্লসাজারু।
সিহ্লভূমিকা, স্ত্রী. [সিহ্ল+ভূমিকা] সিহ্ল সল্লকী, সাজারু
সিক্ষ্য, পুং. [সিক্ষ+য] স্ফটিক।
সীকর, পুং. [সীকৃ+অর] শীকর, জলক
সীতা, স্ত্রী. [সী+ত-আ] লাঙ্গলপদ্ধ লাঙ্গলের চিহ্নিতরেখা; জনকরাজনন্দি শ্রীরামপত্নী, তৎপর্য্যায়।—বৈদেহী, মৈথিলী, জানকী, ধরণীসুতা, ভূমিসম্ভব স্বর্গগঙ্গা, ভদ্রাশ্ববর্ষেরগঙ্গা; লক্ষ্মী উমা; শস্যেরঅধিষ্ঠাতৃদেবতা; মদির গঙ্গাস্রোতঃ।
সীতাপতি, পুং. [সীতা+পতি] শ্রীরামচন্দ্র
সীতায়াঃপতি, পু. [সীতায়াস্+পতি] শ্রীরা চন্দ্র। [কলা
সীতীলক, পুং. [সীতীল+ক] সতীলক, মট
সীৎকার, ন. [সীৎ+কার] মনুষ্যদিগে গুণানুরাগজাতশব্দ।
সীৎকৃত, ন. [সীৎ+কৃত] অব্যক্তমুখশব বিশেষ।
সীত্য, ত্রি. [সীত+য] ধান্য, (ত্রি.) কৃষ্ট ক্ষেত্রাদি, চসাক্ষেত।
সীদ্য, ন. [সীদ+য] আলস্য, অলসতা।
সীধু, পুং. [সীধ্+উ] মদ্য; মদ্যবিশে কদম্বপুষ্পজাতমদ্য।
সীধুগন্ধ, পুং. [সীধু+গন্ধ] বকুল।
সীধুপ, পুং. [সীধু+প] মদ্যপানকারী মাতাল।
সীধুপুষ্প, পুং. [সীধু+পুষ্প] কদম্ব, বকুল
সীধুপুষ্পী, স্ত্রী. [সীধু+পুষ্প+ঈ] ধাতকী।
সীধুরস, পুং. [সীধু+রস] আম্রবৃক্ষ।
সীধুসংজ্ঞ, পুং. [সীধু+সংজ্ঞা] বকুলবৃক্ষ।
সীধ্র, ন. [সীধ+র] অপান, গুহ্যদ্বার।
সীপ, পুং. [সীপ+অ] তর্পণাদি নিমি জলপাত্র, কোষা।
সীবন, ন. [সীব+অন] তন্তুসন্তান, সূচীকর্ম্ম সেয়ানী, সেলায়ী, তৎপর্য্যায়।—সেবন স্যূতি, স্ফীতি, কৃতি।

সীবনী, স্ত্রী. [ষিব+অন+ঈ] লিঙ্গমণি হইতে অধঃসূত্র, লিঙ্গের অগ্রভাগ হইতে গুহ্য দেশপর্য্যন্ত সেলায়ী।

সীমন্ত, পুং· [সীমন্+অন্ত] কেশবীথী, কেশের পথ, সিঁথি; সীমন্তোন্নয়ন সংস্কার।

সীমন্তক, ন. [সীমন্ত+ক] সিন্দুর, সিঁদুর; (পুং.) নরকাবাস। [বধূ।

সীমন্তিনী, স্ত্রী, [সীমন্ত+ইন্-ঈ] নারী, স্ত্রী,

সীমন্তোন্নয়ন, ন. [সীমন্ত+উন্নয়ন] চতুর্থ বা ষষ্ঠ বা অষ্টমমাসে কর্ত্তব্য গর্ভসংস্কার-বিশেষ।

সীমন্ত্যমান, ত্রি. [সীমন্ত+মান] বিভাজিত, ভাগযুক্ত।

সীমা, পুং.স্ত্রী. [সী+মন্] গ্রামাদির অবধারিত ভাগ, সীমানা, তৎপর্য্যায়।—মর্য্যাদা, অবধি, আঘাট; স্থিতি, ক্ষেত্র; অণ্ডকোষ; বেলা।

সীমাবিবাদ, পুং. [সীমা+বিবাদ] গ্রামাদির সীমাবিষয় কলহ, ইহা চতুর্ব্বিধ যথা। জনপদসীমা, গ্রামসীমা, ক্ষেত্রসীমা, গৃহ-সীমা।

সীমাবৃক্ষ, পুং. [সীমা+বৃক্ষ] যে বৃক্ষদ্বারা কোন গ্রামাদির সীমানির্দ্ধারণ করে।

সীমালিঙ্গ, ন. [সীমা+লিঙ্গ] সীমানির্দ্ধারণের চিহ্ন বিশেষ।

সীমাসন্ধি, পুং. [সীমা+সন্ধি] দুই সীমার মিলন।

সীমিক, পুং; [সীমা+ইক] বৃক্ষবিশেষ; বল্মীক; সূক্ষ্মকৃমিজাতি।

সীমীক, পুং. [ষ্যম্+ইক] বৃক্ষবিশেষ।

সীর, পুং. [ষি+র] সূর্য্য; হল, লাঙ্গল; অর্কবৃক্ষ।

সীরক, পুং. [সীর+ক] জলজন্তুবিশেষ, শিশুমার, শুশুক।

সীরধ্বজ, পুং. [সীর+ধ্বজ] চন্দ্রবংশীয়-রাজাবিশেষ, হ্রস্বরোমরাজারপুত্র।

সীরপাণি, পুং. [সীর+পাণি] বলদেব, বলরাম, হলধর।

সীরী, পুং. [সীর+ইন্] বলদেব, হলধর।

সীলন্ধ, পুং. [সীল+অন্ধ] মৎস্যবিশেষ, সিলিন্ধা।

সীস, ন. [ষি+ক্বিপ] সীসক, সীসধাতু।

সীসক, ন. [সীস+ক] ধাতুবিশেষ, সীসা, তৎপর্য্যায়।—উরগ, কুরঙ্গ, গণ্ডূপদভব, চীন, চীনপিষ্ট, জড়, তারশুদ্ধিকর, ত্রপু, ত্রপু, নাগ, পদ্ম, পরিপিষ্টক, পিচ্চট, পিষ্ট, বধ্র, বধ্রক, বপ্র, বর্দ্ধ, বয়োবঙ্গ, বহুমল, ভুজঙ্গম, মহাবল, মৃদুকৃষ্ণায়স, যবনেষ্ট, যবনেষ্টক, যোগেষ্ট, শিরাবৃত্ত সিন্দুরকারণ, সীস, সীসপত্রক, সুবর্ণক, সুবর্ণারি, স্বর্ণারি। [ধাতু।

সীসপত্রক, ন. [সীস+পত্রক] সীসক, সীসা-

সীসা, (প্রা) ধাতুবিশেষ, সীসক।

সীহুণ্ড, পুং. [সী+হুণ্ড] সেহুণ্ড বৃক্ষ, সুহী, মনসাসিজ।

সু, ব্য. পূজা; নির্ভর; অনুমতি; কৃচ্ছ্র; সমৃদ্ধি; অনায়াস; উপসর্গবিশেষ; উত্তম; সুন্দর; শুভ; অত্যন্ত, সপ্তমীর বহুবচনবিভক্তি। [জীবী।

সুঁড়ী (প্রা) অপ্রশস্তপথ, গলীপথ; সুরা-

সুঁতী, (প্রা) ক্ষুদ্রখাল, নালা; জলপ্রণালী; মন্দস্রোতঃ, ক্ষুদ্রজলপথ।

সুঁদরী, (প্রা) বৃক্ষবিশেষ, সুন্দরবৃক্ষ; সেতারার পরদাবন্ধন।

সুঁদী, (প্রা) শ্বেতোৎপল, কুমুদ।

সুকণ্টকা, স্ত্রী. [সু+কণ্টক-আ] ঘৃতকুমারী।

সুকণ্ঠ, পুং. [সু+কণ্ঠ] সুস্বরযুক্ত, সুন্দর-গায়ক। [কন্যা।

সুকণ্ডু, পুং· [সু+কণ্ডু] কণ্ডূরোগ, চুল-

সুকন্দ, পুং. [সু+কন্দ] কশেরু, কেশুর।

সুকন্দক, পুং. [সু+কন্দক] পলাণ্ডু, পেঁয়াজ; বারাহীকন্দ; ধরণীকন্দ।

সুকন্দী, পুং. [সু+কন্দ-ইন্] শূরণ, ওল।

সুকন্যক, ত্রি. [সু+কন্যক] যাহারশোভনা কন্যা।

সুকন্যা, স্ত্রী. [সু+কন্যা] শর্য্যাতিরাজারকন্যা চ্যবনঋষির পত্নী; শোভনকন্যা।

সুকন্যাক, ত্রি. [সু+কন্যা+ক] সুকন্যক, যাহার সুন্দরী কন্যা।

সুকর, ত্রি. [সু+কর] সুখকর, অক্লেশ, সাধ্য সুসাধ্য।

সুকরা, স্ত্রী. [সু+কর-আ] সুশীলা গো।

সুকর্ণক, পুং. [সু+কর্ণক] হস্তিকন্দ; (ত্রি.) সুন্দরকর্ণযুক্ত।

সুকর্ণিকা, স্ত্রী. [সুকর্ণ+ইক-আ] মূষীকর্ণী।

সুকর্ণী, স্ত্রী. [সু+কর্ণ+ঈ] ইন্দ্রবারুণীলতা, রাখালসশা।

সুকর্ম্মা, পুং. [সু+কর্ম্মন্] বিষ্কম্ভাদি সপ্ত-বিংশতি যোগান্তর্গত সপ্তমযোগ; বিশ্ব-কর্ম্মা; (ত্রি.) শোভনকর্ম্মশীল, সৎক্রিয়া-ন্বিত; কর্ম্মঠ।

সুকল, ত্রি. [সু+কল] দাতৃভোক্তৃব্যক্তি।

সুকাণ্ড, পুং. [সু+কাণ্ড] কারবেল্ল, করলা; সুন্দরকাণ্ডযুক্ত বৃক্ষাদি।

সুকাণ্ডিকা, স্ত্রী. [সুকাণ্ড+ইক-আ] ভ্রমরী; কাণ্ডীর লতা।

সুকাণ্ডী, পুং. [সু+কাণ্ড-ইন্] ভ্রমর; সুন্দরকাণ্ডযুক্ত; (স্ত্রী.) ভ্রমরী।

সুকামা, স্ত্রী. [সু+কাম-আ] ত্রায়মাণা; শোভনকামযুক্তা।

সুকালুকা, স্ত্রী. [সুকাল+উক-আ] ডোডী-ক্ষুপ। [দারু।

সুকাষ্ঠক, ন. [সু+কাষ্ঠক] দেবকাষ্ঠ; সুন্দর-

সুকাষ্ঠা, স্ত্রী. [সু+কাষ্ঠ-আ] কট্বী; কাষ্ঠ-কদলী। [পেঁয়াজ।

সুকুন্দক, পুং. [সু+কুন্দ-ক] পলাণ্ডু,

সুকুন্দন, পুং; [সু+কুন্দন] বর্ব্বর।

সুকুমার, ত্রি. [সু+কুমার] কোমল, অতি-মৃদু; উত্তমবালক; (পুং.) পুণ্ড্রেক্ষু, পুঁড়ীআউক; বনচম্পক; ক্ষব; শ্যামাক; দৈত্যবিশেষ

সুকুমারক, ন. [সু+কুমার-ক] তমালপত্র; (পুং.) শালি, ধান্য; সুন্দরবালক।

সুকুমারা, স্ত্রী. [সু+কুমার-আ] জাতীপুষ্প; নবমালিকা; কদলী; পৃক্কা; মালতী।

সুকুমারী, স্ত্রী. [সু+কুমার-ঈ] নবমালিকা; কোমলাঙ্গী স্ত্রী।

সুকৃত, ন. [সু+কৃত] পুণ্য; শুভ; (ত্রি.) সুবিহিত, পুণ্যাত্মা।

সুকৃতি, স্ত্রী. [সু+কৃতি] পুণ্য; মঙ্গল; সৎকর্ম্ম।

সুকৃতিনামা (ফাং) শপথ পত্র, শপথপূর্ব্বক অঙ্গীকার লিপি।

সুকৃতিপত্র, (প্রা) শপথ লিপি। [ধার্ম্মিক।

সুকৃতী, ত্রি. [সু+কৃত-ইন্] পুণ্যবান্;

সুকৃৎ, ত্রি. [সু+কৃৎ] পুণ্যবান্; ধার্ম্মিক।

সুকেতু, পুং. [সু+কেতু] তাড়কারাক্ষসীর পিতা।

সুকেশর, পুং. [সু+কেশর] বীজপুর, দাড়িম। [যুক্তা।

সুকেশা, স্ত্রী. [সু+কেশ-আ] সুন্দর কেশ-

সুকেশী, স্ত্রী. [সু+কেশ-ঈ] স্বর্গবেশ্যা বিশেষ; (ত্রি.) শোভন কেশযুক্ত; (পুং.) কুমারিকা উপদ্বীপবাসী রাক্ষস রাজা-বিশেষ।

সুকোলী, স্ত্রী. [সু+কোল-ঈ] ক্ষীরকাকোলী; শোভন বদরী।

সুকোশক, পুং. [সু+কোশক] কোষাম্র।

সুক্রিয়া, স্ত্রী. [সু+ক্রিয়া] উত্তমক্রিয়া, সৎকর্ম্ম।

সুখ, ন. [সু+খ] আত্মবৃত্তির গুণবিশেষ, তৎপর্য্যায়।—আনন্দ, আনন্দথু, আ-মোদ, উপজোষ, জোষ, ধৃতি, নন্দ, নন্দথু, নির্বৃতি, প্রমদ, প্রমোদ, প্রীতি, বীচি, ভোগ, মদ, মুৎ, মুদা, মোদ,রভস, শর্ম্ম, শাত, সংমদ, সংমোদ, সৌখ্য, হর্ষ; তদ্বৈদিক পর্য্যায়।—শিম্বাতা, শতরা, শাতপংতা,শিগ্রু,স্যূমক, শেবৃধ, ময়, সুগ্ম্য, সুদিন, শুষ, সুন, শগ্ম, ভেষজ, জলাষ, স্যোন, সুম্ন, শেব, শিব, শং, কং। চতুর্ব্বিংশতি গুণান্তর্গত গুণ বিশেষ; স্বর্গ; বৃদ্ধিনামে ঔষধ; জল; (ত্রি.) সুখবিশিষ্ট; প্রিয়; মনোহর; মধুর।

সুখকর, ত্রি. [সুখ+কর] সুকর, সুসাধ্য, সহজ; আনন্দদায়ক।

সুখগ, ত্রি. [সুখ+গম্-অ] সুখেগমনকারী; সুন্দরপক্ষী। [সুখকরী।

সুখঙ্করী, স্ত্রী. [সুখং+কর-ঈ] জীবন্তীবৃক্ষ;

সুখঘুণ, পুং. [সুখম্+ঘুণ] শিবের খট্বাঙ্গ।
সুখচর, ত্রি. [সুখ+চর] সুখগামী, সুখে-
গমনকারী; (পুং.) গ্রামবিশেষ।
সুখচার, পুং. [সুখ+চার] উৎকৃষ্টঅশ্ব।
সুখচ্ছেদ্য, ত্রি. [সুখ+ছেদ্য] স্বচ্ছন্দে ছেদন
যোগ্য।
সুখজাত, ত্রি. [সুখ+জাত] জাতসুখ, সুখা-
শক্ত।
সুখদ, পুং. [সুখ+দা-অ] বিষ্ণু; তালবিশেষ;
(ত্রি.) সুখদাতা; বিষ্ণুর স্থান; বিষ্ণুর
আসন।
সুখদা, স্ত্রী. [সুখ+দ-আ] সুখদাত্রী; গঙ্গা;
স্বর্গ বেশ্যা; শমীবৃক্ষ, শাইগাছ।
সুখদাত্রী, স্ত্রী. [সুখ+দাতৃ-ঈ] সুখদায়িকা।
সুখদায়ক, ত্রি. [সুখ+দায়ক] সুখদা, সুখজ-
নিকা।
সুখদোহ্যা, স্ত্রী. [সুখ+দোহ্য-আ] সুখে
সংদোহন কারিণী গো।
সুখবর্চ্চক, পুং. [সুখ+বর্চ্চক] সর্জিকাক্ষার
সাজিমাটী।
সুখবর্চ্চাঃ, পুং. [সুখ+বর্চ্চস্] সর্জিকাক্ষার,
সাজিমাটী।
সুখবাস, পুং. [সুখ+বাস] ফলবিশেষ, তর-
মুজ, তৎপর্য্যায়।—শীর্ণবৃন্ত।
সুখবাসন, পুং. [সুখ+বাসন] মুখবাসন
গন্ধদ্রব্য,শুভবাসন। [খানুভব।
সুখবেদন, ন. [সুখ+বেদন] মনোগত সু-
সুখভাক্, ত্রি. [সুখ+ভাজ্] সুখী; ইষ্টপরি-
ষঙ্গ। [বৃক্ষ।
সুখমোদা, স্ত্রী. [সুখ+মোদ-আ] সল্লকী-
সুখরাত্রি, স্ত্রী. [সুখ+রাত্রি] দীপান্বিতা
আমাবাস্যার রাত্রি।
সুখরাত্রিকা, স্ত্রী. [সুখ+রাত্রিকা] দীপান্বিতা
অমাবাস্যার রাত্রি।
সুখশালী, ত্রি. [সুখ+শালিন্] সুখান্বিত,
সুখী। [গো।
সুখসন্দুহ্যা, স্ত্রী. [সুখ+সন্দুহ্য-আ] সুশীলা
সুখসন্দোহ্যা, স্ত্রী. [সুখ+সন্দোহ্য-আ]

সুখসম্পাদ্য, ত্রি. [সুখ+সম্পাদ্য]সুখসাধ্য।
সুখসাগর, পুং. [সুখ+সাগর] আনন্দার্ণব,
অতিশয় সুখ।
সুখসাধ্য, ত্রি. [সুখ+সাধ্য] অনায়াসে সা-
ধনযোগ্য।
সুখস্পর্শ, ত্রি. [সুখ+স্পর্শ] স্পর্শনে সু-
খানুভবযোগ্য; যে.নিলিঙ্গ। [নীয়।
সুখসেব্য, ত্রি. [সুখ+সেব্য] স্বচ্ছন্দে সেব-
সুখা, স্ত্রী. [সুখ+আ] বরুণপুরী।
সুখাত্মক, ত্রি. [সুখ+আত্মক] সুখস্বরূপ,
আনন্দময়।
সুখাধার, পুং. [সুখ+আধার] স্বর্গ; (ত্রি.)
সুখের আধার।
সুখান্ত ত্রি. [সুখ+অন্ত] সুখের অবশেষ,
অত্যন্ত সুখী।
সুখাবতীশ্বর, পুং. [সুখাবতী+ঈশ্বর] বুদ্ধ-
বিশেষ।
সুখাবহ, ত্রি. [সুখ+আবহ] সুখদাতা।
সুখায়ত, পুং. [সুখ+আয়ত]সুশিক্ষিতঅশ্ব।
সুখায়তন, ন. [সুখ+আয়তন] সুখের স্থান,
সুখজনক।
সুখায়ন, পুং. [সুখ+অয়ন] সুশিক্ষিতঅশ্ব।
সুখার্থ, ব্য. [সুখ+অর্থ] সুখের নিমিত্ত।
সুখার্থী, পুং. [সুখ+অর্থিন্] সুখাভিলাষী।
সুখাশ, পুং. [সুখ+অশ-অ] বরুণ; রাজ-
তিনিশবৃক্ষ; সুখভোজন।
সুখাশক, পুং. [সুখাশ+ক] রাজতিনিশ-
বৃক্ষ। [উপবিষ্ট।
সুখাসীন, ত্রি. [সুখ+আসীন] আনন্দে
সুখাস্বাদ, ত্রি. [সুখ+আস্বাদ] সুগন্ধযুক্ত;
(ন.) হর্ষ; সুগন্ধ।
সুখাহর,ত্রি.[সুখ+আ+হৃ-অ] আনন্দজনক,
সুখদায়ক।
সুখী, ত্রি. [সুখ+ইন্] সুখবিশিষ্ট, প্রীতি-
মান্, হর্ষযুক্ত।
সুখেচ্ছু, ত্রি.[সুখ+ইচ্ছা-উ] সুখার্থী,সুখা-
ভিলাষী। [খেচ্ছু।
সুখৈষী, ত্রি. [সুখ+এষিন্] অন্যের সু-

সুখোদক, ন. [সুখ+উদক] সুখজনক তপ্ত-জল, তৎপর্য্যায়।—সুখোষ্ণ।

সুখোদয়, পুং. [সুখ+উদয়] সুখে উৎপত্তি।

সুখোর্জ্জিক, পুং. [সুখ+উর্জ্জিক] সর্জ্জিকা-ক্ষার, সাজিমাটী।

সুখোপবিষ্ট, ত্রি. [সুখ+উপবিষ্ট] সুখাসীন।

সুখোপসর্য্যা, ত্রি. [সুখ+উপসর্য্যা] সুখাভিগম্য। [যশস্বী।

সুখ্যাত, ত্রি. [সু+খ্যাত] প্রশংসিত,

সুখ্যাতি, স্ত্রী. [সু+খ্যাতি] সুন্দরখ্যাতি, যশঃ, কীর্ত্তি।

সুগ, ন. [সু+গম্ অ] বিষ্ঠা। (ত্রি.) সুন্দর গমনকারী। [মূর্ত্তি।

সুগঠন, ন. [সু+গঠন] সুন্দরনির্ম্মাণ, শোভন-

সুগণ, ত্রি. [সু+গণ্-ক্বিপ্] সুন্দরগণক।

সুগত, পুং. [সু+গত] বুদ্ধ; (ত্রি.) সুন্দর-গমন বিশিষ্ট।

সুগতি, পুং. [সু+গতি] অতীত কল্পের জিন-বিশেষ; গ্রন্থকর্ত্তাবিশেষ।

সুগন্ধ, ন. [সু+গন্ধ] ক্ষুদ্রজীরক; গন্ধতৃণ; নীলোৎপল; চন্দন; গ্রন্থিপর্ণ; (পুং.) রক্তশিগ্রু, রাঙ্গা সজিনা; গন্ধক; চণক, ছোলা; ভূতৃণ; (ত্রি.) সমবায় অতিরিক্ত, সম্বন্ধদ্বারা সদ্গন্ধবিশিষ্ট।

সুগন্ধক, পুং. [সু+গন্ধ-ক] রক্ততুলসী; গন্ধক; নাগরঙ্গক; কর্কোটক, কাকড়া।

সুগন্ধতৈলনির্য্যাস, ন. [সুগন্ধ+তৈল-নির্য্যাস] যবাদি নামক গন্ধদ্রব্য।

সুগন্ধপত্রা, স্ত্রী. [সুগন্ধ+পত্র-আ] রুদ্রজটা।

সুগন্ধভূতৃণ, ন. [সুগন্ধ+ভূতৃণ] গন্ধতৃণ।

সুগন্ধমূলা, স্ত্রী. [সুগন্ধ+মূল-আ] স্থলপদ্মিনী; রাস্না।

সুগন্ধা, স্ত্রী. [সু+গন্ধ-আ] রাস্না; শটী, শুঁট; বন্ধ্যাকর্কোটকী; রুদ্রজটা; শত-পুষ্পা; নাকুলী; নবমালিকা; স্বর্ণযূথিকা; পৃক্কা; গঙ্গাপত্রী; সল্লকী; মাধবী; অনন্তা; মাতুলুঙ্গা; তুলসী।

সুগন্ধামলক, ন. [সুগন্ধ+আমলক] মিলিত

সুগন্ধি, পুং. [সু+গন্ধ-ই] সদ্গন্ধ, তৎ-পর্য্যায়।—ইষ্ট গন্ধ, সুরভি, ঘ্রাণতর্পণ; পরমাত্মা; (ত্রি.) সুগন্ধযুক্ত; সকার; আম্র; ধার্ম্মিক; (ন.) এলবালুক; মুস্তা; কশেরু; গন্ধতৃণ; ধান্যক; পিপ্পলীমূল।

সুগন্ধিক, ন. [সুগন্ধি+ক] কহ্লার, কুমুদ; পুষ্করমূল; গৌরসুবর্ণ; সুরপর্ণ; উশীর, বেণারমূল; (পুং.) মহাশালি; তুরুষ্ক; গন্ধক।

সুগন্ধিকুসুম, পুং. [সুগন্ধি+কুসুম] পীত-করবীর; (ন.) সুগন্ধিপুষ্প।

সুগন্ধিকুসুমা, স্ত্রী. [সুগন্ধি+কুসুম-আ] পৃক্কা, পিড়িংশাক।

সুগন্ধিতা, স্ত্রী. [সুগন্ধি+ত-আ] সৌগন্ধি, সৌরভ।

সুগন্ধিত্রিফলা, স্ত্রী. [সুগন্ধি+ত্রিফল-আ] জাতীফল; পূগফল, গুবাক; লবঙ্গকলিকা ফল।

সুগন্ধিনী, স্ত্রী. [সুগন্ধ+ইন্-ঈ] আরাম শীতলা। [মূল।

সুগন্ধিমূল, ন. [সুগন্ধি+মূল] উশীর, বেণার

সুগন্ধিমূষিকা, স্ত্রী. [সুগন্ধি+মূষিকা] ছুছু-ন্দরী, ছুঁচা।

সুগম, ত্রি. [সু+গম] অনায়াসলভ্য, সহজে লভ্য। [ধাতা।

সুগমতা, স্ত্রী. [সুগম+ত-আ] সুবিধা, সুসা-

সুগম্য ত্রি. [সু+গম্-য] সুসাধ্য।

সুগহন, ত্রি. [সু+গহন] নিবিড়বন।

সুগহনা, স্ত্রী. [সু+গহন-আ] কুম্বা, যজ্ঞস্থানে অস্পৃশ্যাদি দর্শন বারণের নিমিত্ত নিরব-কাশ বেষ্টন; নাম।

সুগহনাবৃতি, স্ত্রী. [সুগহন+আবৃতি] কুম্বা, যজ্ঞস্থানে অস্পৃশ্যাদি দর্শন বারণের নিমিত্ত নিরবকাশবেষ্টন।

সুগৃহ, পুং. [সু+গৃহ] চঞ্চুসূচিকপক্ষী; (ন.) সুন্দর আলয়। [গ্রহণ।

সুগৃহীত, ত্রি. [সু+গৃহীত] সুন্দররূপে কৃত

সুগৃহীতনামা, পুং. [সুগৃহীত+নামন্] শুভকামের নিমিত্ত প্রাতঃস্মরণীয়

সুগোচ, (প্রা) সদুপায়; সুযোগ; পন্থা।

সুগোচর, ত্রি. [সু+গোচর] বিদিত, জ্ঞাত; ব্যক্ত।

সুগ্রন্থি, পুং. [সু+গ্রন্থি] চোরকনামে গন্ধদ্রব্য বিশেষ; (ত্রি.) সুন্দরগ্রন্থিযুক্ত।

সুগ্রীব, পুং. [সু+গ্রীবা] বিষ্ণুর অশ্ব; শাখামৃগেশ্বর বানররাজ; জিনপিতা; শিব; ইন্দ্র; রাজহংস; অসুর; পর্ব্বতবিশেষ; অস্ত্রবিশেষ; নাগবিশেষ; (ত্রি.) শোভন গ্রীবাযুক্ত।

সুগ্রীবী, স্ত্রী. [সু+গ্রীবা-ঈ] তাম্রার গর্ব্ভজাতা কশ্যপের কন্যা। [সীতাপতি।

সুগ্রীবেশ, পুং. [সুগ্রীব+ঈশ] রামচন্দ্র.

সুগ্ল, ত্রি. [সু+গ্লৈ-অ] অত্যন্ত হর্ষক্ষয়বিশিষ্ট

সুঘটন, ন. [সু+ঘট্-অন] সুযোগ, সুন্দর সম্ভাবনা।

সুঘটিত, ত্রি. [সু+ঘটিত] উত্তম ঘটনা বিশিষ্ট; সংযোজিত।

সুঘোর, ত্রি. [সু+ঘোর] ভয়ানক, ভীম।

সুঘোষ, পুং. [সু+ঘোষ] উত্তমশব্দ; শংখ্যবিশেষ।

সুচঞ্চুকা, স্ত্রী. [সু+চঞ্চুক-আ] মহাচঞ্চুশাক।

সুচতুর, ত্রি. [সু+চতুর] গুণবান্, চালাক।

সুচরিত, ত্রি. [সু+চরিত] উত্তম স্বভাববিশিষ্ট; (ন.) সুচরিত্র। [সুন্দররীতি।

সুচরিত্র, ন. [সু+চরিত্র] উত্তম স্বভাব,

সুচরিত্রা, স্ত্রী. [সু+চরিত্র-আ] সাধ্বী, সতী; (ত্রি.) শোভন চরিত্রযুক্ত।

সুচর্ম্মা, পুং. [সু+চর্ম্মন্] ভূর্জবৃক্ষ; (ত্রি.) শোভনচর্ম্মবিশিষ্ট।

সুচক্ষুঃ, পুং. [সু+চক্ষুস্] উডুম্বর, যজ্ঞডুমুর; (ন.) শোভনলোচন, উত্তম দৃষ্টি

সুচারু, ত্রি. [সু+চারু] মনোহর, সুন্দর।

সুচিত্রক, পুং. [সু+চিত্রক] মৎস্যরঙ্ক, মাচরাঙ্গাপাখী; চিত্রসর্প; (ত্রি.) সুন্দর চিত্রযুক্ত।

সুচিত্রবীজা, স্ত্রী. [সুচিত্র+বীজ-আ] বিড়ঙ্গা।

সুচিত্রা, স্ত্রী. [সু+চিত্র-আ] চির্ভিটা।

সুচিরায়ুঃ, পুং. [সু+চির+আয়ুস্] দেবতা,

সুচুটী, স্ত্রী. [সু+চুট-ঈ] অগ্ন্যাদি উদ্ধারণার্থ লৌহাদি যন্ত্র বিশেষ, চিমটা

সুচেতাঃ, পুং. [সু+চেতস্] সতর্ক, সচকিত; (ত্রি.) সুন্দরচিত্তযুক্ত, সন্তুষ্টচিত্ত।

সুচেলক, পুং. [সু+চেলক] শোভন বস্ত্র, সরুকাপড়, তৎপর্য্যায়—পট, পটি, পটী; (ত্রি.) সুন্দরবস্ত্রযুক্ত।

সুচ্ছত্রী, স্ত্রী. [সু+ছত্র-ঈ] শতদ্রু নদী, শতলজ।

সুজন, পুং. [সু+জন] সাধু, সজ্জন, ধর্ম্মিক; ইন্দ্রের সারথি। [সুশীলতা।

সুজনতা, স্ত্রী. [সুজন+ত-আ] সৌজন্য,

সুজন্মা, ত্রি. [সু+জন্মন্] শোভনজন্মা, সম্যক্ উৎপন্ন; সুন্দর; সুজাতক, ঔরসজাত

সুজল, ন. [সু+জল] কমল, পদ্ম; সুন্দর সলিল; (ত্রি.) সুন্দরজলসম্বন্ধীয়।

সুজল্প, পুং. [সু+জল্প] বাক্যবিশেষ।

সুজাতা, স্ত্রী. [সু+জাত-আ] তুবরী।

সুজি, (প্রা) গোধুমচূর্ণবিশেষ; নির্ঘণ্টপত্র।

সুজীবন্তী, স্ত্রী. [সু+জীবন্তী] স্বর্ণজীবন্তী।

সুজীর্ণ, ত্রি. [সু+জীর্ণ] অতিশয়পুরাতন; সুপাক।

সুড়ঙ্গ, (প্রা) সন্ধি, সিঁধ; গর্ত্ত।

সুড়ি (প্রা) নিম্ন; ক্ষুদ্র; অপ্রশস্ত।

সুডৌল, (প্রা) সুগঠন, সুন্দর অবয়ব।

সুঢপ, (প্রা) সুগঠন, সুন্দর আকৃতি।

সুত, পুং. [সু+ত] পুত্র; পার্থিব।

সুতজীবক, পুং. [সুত+জীবক] পুত্রজীবক বৃক্ষ

সুতনু, স্ত্রী. [সু+তনু] নারী; শোভনশরীর; (ত্রি.) সুন্দরশরীরযুক্ত।

সুতপাঃ, পুং. [সু+তপস্] সূর্য্য; মুনিবিশেষ; শোভন তপযুক্ত।

সুতপাদিকা, স্ত্রী. [সুত+পাদিকা] হংসপদী।

সুতবস্করা, স্ত্রী. [সুত+বস্কর-আ] সপ্তপুত্র প্রসবা স্ত্রী

সুতবান্, ত্রি. [সুত+বৎ] পুত্রবান; (পুং.) সোমপা; পিতা।

সুতরাং, বা. [সু+তরাম্] অবধারিতার্থ প্রতি-

সুতর্কারী, স্ত্রী. [সুতর্ক+অরি] দেবদানীলতা।

সুতর্দ্দন, পুং. [সু+তর্দ্দ্-অন] কোকিল, পিক।

সুতল, পুং. [সু+তল] অট্টালিকা বন্ধ; নাগলোক বিশেষ, পাতালের ষষ্ঠখণ্ড।

সুতশ্রেণী, স্ত্রী. [সুত+শ্রেণী] মূষিকপর্ণী; (হিং) উন্দুরবিল্লোয়া, তৎপর্য্যায়।—দ্রবন্তী, ন্যগ্রোধী, মূষিকাহ্বয়া, চিত্রা, মূষকমারী, প্রত্যক্ শ্রেণী, শম্বরী।

সুতহিবুকযোগ, পুং. [সুতহিবুক+যোগ] বিবাহোক্ত যোগবিশেষ। [দুরালভা।

সুতা, স্ত্রী. [সুত+আ] স্ত্রীঅপত্য, কন্যা;

সুতাত্মজ, পুং. [সুত+আত্মজ] পৌত্র, পুত্রের পুত্র; দৌহিত্র, কন্যার পুত্র।

সুতাত্মজা, স্ত্রী. [সুতা+আত্মজ-আ] পৌত্রী, পুত্রের কন্যা; দৌহিত্রী, দুহিতার কন্যা।

সুতান (প্রা) সুস্বর, সুরাগ।

সুতার, (প্রা) সুস্বাদু, সুরস, রসাল।

সুতারকা, স্ত্রী. [সু+তারক-আ] চতুর্বিংশতি বুদ্ধশাসন দেবতান্তর্গত দেবতাবিশেষ (ত্রি.) শোভনতারকাযুক্ত।

সুতার্থী, ত্রি. [সুত+অর্থিন্] পুত্রার্থী, সন্তানাভিলাষী।

সুতি, (প্রা) অল্পস্রোত বিশিষ্টানদী। [তিক্ত

সুতিক্ত, পুং, [সু+তিক্ত] পর্প্পট; অতিশয়

সুতিক্তক. পুং. [সু+তিক্তক] পারিভদ্র, নিম্ব বৃক্ষ; ভূনিম্ব, চিরতা।

সুতিক্তা, স্ত্রী. [সু+তিক্ত-আ] কোষাতকী।

সুতিনী, স্ত্রী. [সুতিন্+ঈ] পুত্রবতী; মাতা।

সুতী, পুং. [সুত+ইন্] পুত্রেচ্ছু; পুত্রবৎ আচরণ কর্ত্তা; পিতা, (ত্রি.) সুতবিশিষ্ট।

সুতীক্ষ্ণ, পুং. [সু+তীক্ষ্ণ] শোভাঞ্জন, শজিনাগাছ, শ্বেতশিগ্রু; ধুনিবিশেষ; (ত্রি.) অতিশয়খর, ধারাল।

সুতুঙ্গ, পুং. [সু+তুঙ্গ] নারিকেলবৃক্ষ; গ্রহদিগের উচ্চাংশবিশেষ, অত্যন্ততুঙ্গ; (ত্রি.) অতিশয় উচ্চ।

সুতেজন, পুং. [সু+তেজন] ধন্বনবৃক্ষ।

সুতেজাঃ, পুং. [সু+তেজস্] অতীতকল্পের জিনবিশেষ; আদিত্যভক্তা; (ত্রি.) শো-

সুতৈলা, স্ত্রী. [সু+তৈল-আ] মহাজ্যোতিষ্মতী লতা।

সুত্যা, স্ত্রী. [সুত্+য-আ] যজ্ঞিয় স্নানবিশেষ।

সুত্বা, পুং, [সু+ত্বন্] অভিষেক কৃতী, যজ্ঞাঙ্গ স্নানকারী; সোমপা।

সুত্রামা, পুং. [সু+ত্রৈ-মন্] ইন্দ্র, সুত্রামা, সুরপতি।

সুদ, (যাং) অর্থবৃদ্ধি, ধনপ্রয়োগের লাভ।

সুদক্ষিকা, স্ত্রী. [সু+দক্ষ-ইক-আ] দক্ষানাম বৃক্ষ।

সুদণ্ড, পুং. [সু+দণ্ড] বেত্র, বেত।

সুদণ্ডিকা, স্ত্রী. (সু+দণ্ড-ইক-আ] গোরক্ষী।

সুদন্, ত্রি. [সু+দন্] শোভনদন্তবিশিষ্ট।

সুদন্ত, পুং. [সু+দন্ত] নট; শোভনদন্ত।

সুদন্তী, স্ত্রী. [সু+দন্ত-ঈ] দিক্‌হস্তিনীবিশেষ।

সুদর্ভা, স্ত্রী. [সু+দর্ভ-আ] ইক্ষুদর্ভা; (ত্রি.) শোভনকুশযুক্ত।

সুদর্শন, ন. [সু+দর্শন] ইন্দ্রনগর; (পুং.) বিষ্ণুচক্র; সুমেরু পর্ব্বত; জম্বুবৃক্ষ; জিনপিতা; জিন বলদেব; (ত্রি.) সুদৃশ্য।

সুদর্শনচূর্ণ, ন. [সুদর্শন+চূর্ণ] জ্বররোগের ঔষধবিশেষ

সুদর্শনদ্বীপ, ন. [সুদর্শন+দ্বীপ] সপ্তদ্বীপান্তর্গতদ্বীপবিশেষ; জম্বুদ্বীপ।

সুদর্শনা, স্ত্রী. [সু+দৃশ্-অন-আ] সুদর্শন বৃক্ষ, সুদর্শনগুলঞ্চ, পদ্মগুলঞ্চ, তৎপর্য্যায়।—চক্রাঙ্গা, বৃষকর্ণী, দধ্যানী, সোমবল্লী, মধুপর্ণিকা, চক্রাহ্বা; আজ্ঞা; ওষধিবিশেষ। [ইন্দ্রপুরী।

সুদর্শনী, স্ত্রী. [সু+দর্শন-ঈ] অমরাবতী,

সুদল, পুং. [সু+দল] ক্ষীরমোটাবৃক্ষ।

সুদলা, স্ত্রী. [সু+দল-আ] শালপর্ণী লতা; তরুণী।

সুদাড়া, (প্রা) সুনীতি, সুনিয়ম।

সুদান্ত, পুং. [সু+দান্ত] শাক্য মুনিরশিষ্য বিশেষ।

সুদামা, পুং. [সু+দামন্] মেঘ; পর্ব্বত; গোপবিশেষ; সমুদ্র; ঐরাবত; শ্রীকৃষ্ণের শরণাগত বিপ্রবিশেষ; (ত্রি.) সুদাতাঃ

সুদায়, পুং. [সু+দা-য] দেয় যৌতুকাদি; পিতৃমাতৃভর্ত্তৃকুল সম্বন্ধীয়।

সুদারু, পুং. [সু+দারু] পারিপাত্র পর্ব্বত, তৎপর্য্যায়।—পারিপাত্রিক।

সুদি, ন. [সুদ্+ই] শুক্লপক্ষ।

সুদিন, ন. [সু+দিন] শুভদিবস, উত্তমদিন।

সুদিনাহ, ন. [সুদিন+অহ] প্রশস্তদিন।

সুদিবা, ত্রি, [সু+দিব-আ]' আনন্দে দিন ক্ষেপণকারী। [লম্বা।

সুদীর্ঘা, ত্রি.[সু+দীর্ঘ] অতিবিস্তার, অধিক-

সুদীর্ঘঘর্ম্মা, স্ত্রী. [সুদীর্ঘ+ঘর্ম্ম-আ] অসনপর্ণীলতা।

সুদীর্ঘফলিকা, স্ত্রী.[সুদীর্ঘ+ফলিকা] বার্ত্তাকু বিশেষ, সিঙ্গা বেগুণ।

সুদীর্ঘ, স্ত্রী, [সু+দীর্ঘ-আ] চীনাকর্কটী, চীনদেশেরকাঁকুড়। [অতিমন্দ।

সুদুরাচার, ত্রি. [সু+দুরাচার] অতিশয় জঘন্য,

সুদুরারুহ, ত্রি. [সু+দুর+আ-রুহ] কষ্টারুহ, অগমনীয়। [কঠিন।

সুদুর্জ্জয়, ত্রি. [সু+দুর্জ্জয়] জয়করণ অতিশয়

সুদুর্জ্জর, পুং. [সু+দুর্জ্জর] অজীর্ণ, অতিযত্নে জীর্ণহয়।

সুদুঃখিত, ত্রি. [সু+দুঃখিত] অতিশয় ব্যথিত, সাতিশয় ক্লিষ্ট।

সুদুর্লভ, ত্রি. [সু+দুর্লভ] অতিদুষ্প্রাপ্য।

সুদুশ্চর, ত্রি.[সু+দুর্+চর] অতিশয় দুঃখে আচরণীয়, অতিদুঃসাধ্য।

সুদুষ্কর, ত্রি. [সু+দুর্+কর] অত্যন্তক্লেশকর।

সুদুস্তর, ত্রি. [সু+দুর্+তর] অতিদুঃখে তরণীয়, দুষ্পার। [ত্যাজ্য।

সুদুস্ত্যজ, ত্রি. [সু+দুর্+ত্যজ] অতিদুঃখে-

সুদূর, ত্রি. [সু+দূর] অতিদূরতর, বহুদূরস্থ, তৎপর্য্যায়।—দবীয়ান্, দবিষ্ঠ।

সুদূরপরাহত, ত্রি. [সুদূর+পরাহত] অতিদূর নিরাকৃত, চিরধ্বস্ত।

সুদৃক, ত্রি. [সু+দৃশ্] সুন্দরচক্ষুযুক্ত; (ন.) শোভনচক্ষুঃ।

সুদৃঢ়, ন. [সু+দৃঢ়] গাঢ়, বড়কঠিন; (ত্রি.) অতিকঠিনযুক্ত। [দর্শনীয়।

সুদৃশ্য, ত্রি. [সু+দৃশ্য] শোভনীয়; উত্তম-

সুদ্যুম্ন, পুং. [সু+দ্যুম্ন] বৈবস্বত মনুরপুত্র, ইড়রাজা।

সুদ্ধ, ত্রি. [সুধ্+ত] শোধিত, সংশোধন; (প্রা) সমেত, সহিত; কেবল।

সুধন্বা, ত্রি. [সু+ধন্বন্] প্রৌঢ়ধনুযুক্ত, উত্তম ধনুর্দ্ধারী; (পুং.) বিশ্বকর্ম্মা; রাজাবিশেষ।

সুধন্বাচার্য্য, পুং. [সুধন্বন্+আচার্য্য] ব্রাত্য বৈশ্যহইতে সবর্ণা স্ত্রীতেজাত জাতিবিশেষ।

সুধর্ম্ম, পুং. [সু+ধর্ম্ম] জিনগণাধিপবিশেষ।

সুধর্ম্মা, স্ত্রী.পুং.[সু+ধর্ম্মন্] দেবসভা; (পুং.) কুটুম্বী; অতিধার্ম্মিক।

সুধর্ম্মী, স্ত্রী. [সু+ধর্ম্ম-ঈ] দেবসভা; (ত্রি.) অতিধার্ম্মিক।

সুধা, স্ত্রী. [সু+ধা] অমৃত; লেপন, চুন; মূর্ব্বা; সুহী; গঙ্গা; ইষ্টকা; বিদ্যুৎ; রস; জল; ধাত্রী; হরিতকী; মধু; শালপর্ণী।

সুধাংশু, পুং. [সুধা+অংশু] চন্দ্র, সুধাকর।

সুধাংশুতৈল, ন. [সুধাংশু+তৈল] কর্পূর তৈল; ফিক্ বেদনার ঔষধ।

সুধাংশুরত্ন, ন. [সুধাংশু+রত্ন] মৌক্তিক, মুক্তা।

সুধাকর, পুং. [সুধা+কর] চন্দ্র, সুধাংশু।

সুধাঙ্গ, পুং. [সুধা+অঙ্গ] চন্দ্র, সুধাকর।

সুধাজীবী, পুং. [সুধা+জীবিন্] লেপনজীবী, রাজ, তৎপর্য্যায়।—পলগণ্ড, লেপক।

সুধাধবলিত, ত্রি. [সুধা+ধবলিত] সুধালিপ্ত; চুণকাম করা।

সুধাধার, পুং. [সুধা+আধার] চন্দ্র, সুধাকর; অমৃত পাত্র।

সুধান, (প্রা) জিজ্ঞাসন, প্রশ্নকরণ।

সুধানিধি, পুং. [সুধা+নিধি] চন্দ্র, সুধাকর।

সুধাপয়ঃ, পুং. [সুধা+পয়স্] সুহীক্ষীর, সিজগাছের আটা।

সুধাপাণি, পুং. [সুধা+পাণি] ধন্বন্তরি, দেববৈদ্য।

সুধাপায়ী, ত্রি. [সুধা+পায়িন্] অমৃতপানকারী।

সুধাবর্ষ, পুং. [সুধা+বর্ষ] অমৃত বৃষ্টি।

সুধাবর্ষী, পুং. [সুধা+বর্ষিন্] ব্রহ্মা; বুদ্ধবিশেষ।

সুধাবাস, পুং. [সুধা+বাস] চন্দ্র।

সুধাবাসা, স্ত্রী. [সুধা+বাস-আ] ত্রপুষী।

সুধাভুক্, পুং. [সুধা+ভুজ্] দেবতা।

সুধাভৃতি, পুং. [সুধা+ভৃতি] চন্দ্র; যজ্ঞ।

সুধাময়, পুং. [সুধা+ময়] ভূপালভবন, রাজগৃহ; (ত্রি.) অমৃত স্বরূপ।

সুধামোদক, পুং. [সুধা+মোদক] যবাস শর্করা।

সুধামোদকজ, পুং. [সুধামোকদ+জ] তবরাজোদ্ভব খণ্ড।

সুধাশ্রবা, স্ত্রী. [সুধা+শ্রবা] আলিজিহ্বা, আলজিব।

সুধাসিন্ধু, পুং. [সুধা+সিন্ধু] অমৃত সমুদ্র।

সুধাসূতি, পুং. [সুধা+সূতি] যজ্ঞ; চন্দ্র; পদ্ম।

সুধাস্যন্দ, ত্রি. [সুধা+স্যন্দ] বিগলিতামৃত।

সুধাস্রবা, স্ত্রী. [সুধা+স্রব-আ] প্রতিজিহ্বা, অলিজিহ্বিকা, আলজিব; রুদন্তীবৃক্ষ।

সুধাহর, পুং. [সুধা+হর] গরুড, বৈনতেয়।

সুধাহৃৎ, পুং. [সুধা+হৃৎ] গরুড়, পক্ষিরাজ।

সুধিতি, পুং. [সু+ধিতি] স্বধিতি, কুঠার।

সুধীঃ, পুং. [সু+ধীঃ] পণ্ডিত, বিদ্বান্; (স্ত্রী.) সুন্দরবুদ্ধি, সুষ্ঠুধী, সুবুদ্ধি; (ত্রি.) শোভন বুদ্ধিযুক্ত।

সুধীবর, পুং. [সুধী+বর] শ্রেষ্ঠ পণ্ডিত, প্রধানবিদ্বান্।

সুধীর, পুং. [সু+ধীর] অতিশিষ্ট, অতিশান্ত।

সুধীরতা, স্ত্রী. [সুধীর+ত-আ] পাণ্ডিত্য; সুস্থিরতা।

সুধু, (প্রা) শুদ্ধ, কেবল, তন্মাত্র।

সুধূম্য, পুং. [সু+ধূম্য] স্বাদুনাম গন্ধদ্রব্য।

সুধোদ্ভব, পুং. [সুধা+উদ্ভব] ধন্বন্তরি, স্বর্বৈদ্য।

সুধোদ্ভবা, স্ত্রী. [সুধা+উদ্ভব-আ] হরিতকী।

সুনন্দ, পুং. [সু+নন্দ] কৃষ্ণের পার্ষদবিশেষ; দ্বাবশবিধ রাজগৃহান্তর্গত গৃহবিশেষ; (ন.) বলদেবের মুষল; (ত্রি.) সুন্দর আনন্দযুক্ত।

সুনন্দা, স্ত্রী. [সু+নন্দ-আ] উমা; গোরোচনা; নারী; উমার সখিবিশেষ; অর্কপত্রীবৃক্ষ, ইষেরমূল।

সুনয়ন, পুং. [সু+নয়ন] মৃগ, হরিণ; (ত্রি.) শোভনচক্ষুঃ; তদ্‌যুক্ত।

সুনয়না, স্ত্রী. [সু+নয়ন-আ] নারী, রমণী।

সুনাকৃত, পুং. [সুনা+কৃত] কর্পূরক।

সুনাভ, পুং. [সু+নাভ] মৈনাকপর্ব্বত, হিমালয়ের পুত্র।

সুনামদ্বাদশী, স্ত্রী. [সুনাম+দ্বাদশী] দ্বাদশমাসীয় দ্বাদশীকর্ত্তব্য ব্রতবিশেষ।

সুনার, পুং. [সু+নার] শুনীস্তন্য, কুকুরীর স্তন দুগ্ধ; সর্পাণ্ড, সাপের ডিম; কলবিঙ্ক, চড়িপাখী।

সুনালক, পুং. [সু+নালক] চম্পকপুষ্পবৃক্ষ; (ত্রি.) সুন্দরনালযুক্ত।

সুনাসিকা, স্ত্রী. [সু+নাসিকা] কাকনাসা; শোভননাসা; (ত্রি.) সুন্দরনাসিকাযুক্ত।

সুনাসীর, পুং. [সু+নাসীর] ইন্দ্র; দেবরাজ, শুনাসীর

সুনিদ্রা, স্ত্রী. [সু+নিদ্রা] স্বপ্নরহিতনিদ্রা।

সুনির্যাসা, স্ত্রী. [সু+নির্যাস-আ] জিঙ্গিনীবৃক্ষ।

সুনিশ্চিত, পুং. [সু+নিশ্চিত] বুদ্ধবিশেষ; (ত্রি.) সুন্দরনিশ্চয় বিষয়ীভূত, অবধারিত, স্থিরীকৃত।

সুনিষণ্ণ, ন. [সুনি+ষণ্ণ] সুনিষণ্ণকশাক, সুষুণী।

সুনিষণ্ণক, ন. [সুনিষণ্ণ+ক] শাকবিশেষ, সুষুণী, তৎপর্য্যায়।—বিতুন্ন, সুনিষণ্ণ, চুচু।

সুনিষ্টপ্ত, ত্রি. [সু+নিষ্টপ্ত] অতি উত্তম, অত্যন্ত উষ্ণ।

সুনীতি, স্ত্রী. [সু+নী-তি] শোভননয়, উত্তমানীতি; ধ্রুবমাতা; (ত্রি.) শোভননীতিবিশিষ্ট।

সুনীথ, পুং. ত্রি. [সু+নী-থ] ধর্ম্মশীলক; ব্রাহ্মণ।

সুনীল, ন. [সু+নীল] লামজ্জক; (পুং.) দাড়িম; সুন্দর নীলবর্ণ।

সুনীলক, পুং. [সু+নীলক] নীলভৃঙ্গরাজ; নীলাসন; নীলরত্ন।

সুনীলা, স্ত্রী. [সু+নীল-আ] অতসী; ক্রান্তা; জরতীতৃণ

সুন্নু, ন. [সু+নো] জল, সলিল।

সুনৃত, ত্রি. [সু+নৃ-ত] সত্য এবং প্রিয়বাক্য।

সুনৌ, ত্রি. [সু+নৌ] শোভন নৌকাবিশিষ্ট; (স্ত্রী.) শোভননৌকা।

সুন্দ, পুং. [সুনদ্+অ] বানরবিশেষ; রাক্ষসবিশেষ; নারায়ণের পার্ষদবিশেষ।

সুন্দর, ত্রি. [সু+উন্দ+অর] মনোহর, তৎপর্য্যায়—অভিরাম, অভিরূপ, কান্ত, চারু, নন্দিত, পেশল, পেসল, বন্ধুর, বন্ধূর, বল্গু, বাম, ভদ্রক, মঞ্জু, মঞ্জুল, মনোজ্ঞ, মনোরম, মনোহারি, রমণীয়, রাম, রামণীয়ক, রুচির, রুচ্য, শোভন, সাধু, সুষম, সুসম, সৌম্য স্বরূপ, হারি, (পুং.) কামদেব; বৃক্ষবিশেষ, সুন্দরী।

সুন্দরী, স্ত্রী. [সুন্দর+ঈ] নারীবিশেষ, রূপলাবণ্যসম্পন্না; তরুবিশেষ; হরিদ্রা; ত্রিপুরসুন্দরী; যোগিনীবিশেষ।

সুন্বন্, ত্রি. [সুন্+বৎ] যজ্ঞকর্ত্তা।

সুপক্ক, পুং. [সু+পক্ক] সুগন্ধি আম্র; (ত্রি.) শোভনপরিণত.

সুপত্র, ন. [সু+পত্র] তেজপত্র; (পুং.) আদিত্যপত্র; পল্লিবাহতৃণ।

সুপত্রক, পুং. [সু+পত্রক] শিগ্রু, শজিনাগাছ।

সুপত্রা, স্ত্রী. [সু+পত্র-আ] রুদ্রজটা; শতাবরী; পালঙ্ক; শমী; শালপর্ণী।

সুপত্রিকা, স্ত্রী. [সু+পত্র-ইক-আ] জতুকা, জো

সুপথ, পুং. [সু+পথ] সন্মার্গ, উত্তমপথ; (ত্রি) শোভনপথযুক্ত।

সুপথ্যা, স্ত্রী. [সু+পথ্য-আ] শ্বেতচিল্লী; (ত্রি.) সৎখাদ্য। [পথ।

সুপন্থা, পুং. [সু+পথিন্] সৎপথ, উত্তম-

সুপদ্ম, পুং. [সু+পদ্ম] পদ্মনাভদত্তকৃত ব্যাকরণ বিশেষ; শোভনপদ্ম; (ত্রি.) সুন্দরপদ্মবিশিষ্ট।

সুপদ্মা, স্ত্রী. [সু+পদ্ম-আ] বচা, বচ।

সুপর্ণ, পুং. [সু+পর্ণ] গরুড়; স্বর্ণচূড়পক্ষী; কৃতমালকবৃক্ষ, (ত্রি.) শোভনপর্ণবিশিষ্ট।

সুপর্ণক পুং. [সু+পর্ণ-ক] আরগ্বধবৃক্ষ; সপ্তচ্ছদবৃক্ষ; গরুড।

সুপর্ণকেতু, পুং. [সুপর্ণ+কেতু] বিষ্ণু।

সুপর্ণা, স্ত্রী. [সু+পর্ণ-আ] পদ্মিনী

সুপর্ণাখ্য, পুং. [সুপর্ণ+আখ্য] নাগকেশর।

সুপর্ণিকা, স্ত্রী. [সুপর্ণ+ইক-আ] স্বর্ণজীবন্তী; পলাশী; শালপর্ণী; রেণুকা; রাকুচী।

সুপর্ণী, স্ত্রী. [সু+পর্ণ-ঈ] কমলিনী, পদ্মিনী, গরুড়মাতা।

সুপর্ণীতনয়, পুং. [সুপর্ণী+তনয়] গরুড়, বৈনতেয়, পক্ষিরাজ; অরুণ।

সুপর্ব্বা, পুং. [সু+পর্ব্বন্] দেবতা; বাণ; বংশ; পর্ব্ব; ধূম; (স্ত্রী.) শ্বেতদূর্ব্বা; সুন্দরপর্ব্ববিশিষ্টা।

সুপাক্য, ন. [সু+পচ্-য] বিড়লবণ।

সুপাত্র, ন. [সু+পাত্র] যোগ্যব্যক্তি; শোভনপাত্র; (ত্রি.) উত্তমপাত্রযুক্ত।

সুপাদ, ত্রি. [সু+পাদ] উত্তম চরণ বিশিষ্ট।

সুপান, ন. [সু+পান] পানযোগ্য, সুপেয়।

সুপারী. (প্রা) গুবাকফল, পূগ, গুয়া।

সুপারীস, (বাং) উপরোধ, অনুরোধ।

সুপার্শ্ব, পুং. [সু+পার্শ্ব] চতুর্ব্বিংশতি জিনান্তর্গত জিনবিশেষ; প্লক্ষবৃক্ষ; পক্ষিবিশেষ, সম্পাতির পুত্র।

সুপার্শ্বক, পুং. [সুপার্শ্ব+ক] চতুর্ব্বিংশতি ভাবার্হদন্তর্গত অর্হদ্বিশেষ; গর্দ্দভাণ্ডবৃক্ষ।

সুপিঙ্গলা, স্ত্রী. [সু+পিঙ্গল-আ] জীবন্তীবৃক্ষ; জ্যোতীষ্মতীলতা।

সুপীড়ন, ন. [সু+পীড়-অন] সুষ্ঠু মর্দ্দন, গাচাপা।

সুপীত, ন. [সু+পীত] গর্জ্জর, গাঁজর।

সুপীবা, ত্রি. [সু+পিবন্] শোভন পানকর্ত্তা।

সুপুট, পুং. [সু+পুট] কোলকন্দ; বিষ্ণুকন্দ

সুপুত্র, পুং. [সু+পুত্র] সৎসন্তান, উত্তমপুত্র।
সুপুত্রিকা, স্ত্রী. [সু+পুত্রিকা] জতুকা, জোঁ।
সুপুষ্করা, স্ত্রী. [সু+পুষ্কর-আ] স্থলপদ্মিনী।
সুপুষ্প, ন. [সু+পুষ্প] লবঙ্গ; আহুল্য; প্রপৌণ্ডরীক, তূল; স্ত্রীদিগের রজ; (পুং.) রক্তপুষ্পক, পালিতামাদার; শিরীষ, হরিদ্রু; রাজতরুণী।
সুপুষ্পিকা, স্ত্রী. [সু+পুষ্প-ইক-আ] পাটলাবৃক্ষ।
সুপুষ্পী, স্ত্রী. [সু+পুষ্প-ঈ] শ্বেতাপরাজিতালতা; জীর্ণকণ্টী, শতপুষ্পী; মিশ্রেয়া; দ্রোণপুষ্পী; কদলী।
সুপূর, পুং. [সু+পূর] বীজপূর, দাড়িম।
সুপূরক, পুং. [সু+পূর+ক] বকপুষ্পবৃক্ষ।
সুপ্, ন. লিঙ্গের উত্তর প্রযুজ্যমানপ্রত্যয়বিশেষ, সপ্তমী বিভক্তির বহুবচন।
সুপ্ত, ন. [স্বপ্+ত] সুষুপ্তি, তৎপর্য্যায়।—সাধিকা; (ত্রি.) নিদ্রিত, তৎপর্য্যায়।—নিদ্রাণ, শয়িত।
সুপ্তঘাতক, ত্রি. [সুপ্ত+ঘাতক] হিংস্র, তৎপর্য্যায়।—দশর; অশ্বত্থামা।
সুপ্তঘাতী, ত্রি. [সুপ্ত+ঘাতিন্] নিদ্রিতব্যক্তির বধকারী; অশ্বত্থামা।
সুপ্তজন, পুং. [সুপ্ত+জন] অর্দ্ধরাত্র; নিদ্রিত লোক।
সুপ্তজ্ঞান, ন. [সুপ্ত+জ্ঞান] স্বপ্ন, স্বপন।
সুপ্তবিজ্ঞান, ন. [সুপ্ত+বিজ্ঞান] স্বপ্ন, স্বপন।
সুপ্তি, স্ত্রী. [স্বপ্+তি] স্পর্শতা; নিদ্রা; বিশ্রম্ভ, বিশ্বাস; শয়ন।
সুপ্রকাশ, ত্রি. [সু+প্রকাশ] উত্তমরূপে ব্যক্ত।
সুপ্রতিভা, স্ত্রী. [সু+প্রতি+ভা] মদিরা, মদ
সুপ্রতিষ্ঠা, স্ত্রী. [সু+প্রতি+স্থা] পঞ্চাক্ষর বৃত্তিচ্ছন্দ, তদ্বিধ যথা।—পংক্তি প্রিয়া; সুন্দরপ্রশংসা।
সুপ্রতিষ্ঠিত, পুং. [সু+প্রতি-স্থা-ইত] উডুম্বরবৃক্ষ, (ত্রি.) সুন্দর প্রতিষ্ঠাযুক্ত।
সুপ্রতীক, পুং. [সু+প্রতীক] ঈশানদিগ্‌গজ; শিব; কামদেব; শোভনাঙ্গ; (ত্রি.) সুন্দর অবয়ববিশিষ্ট।
সুপ্রভ, পুং. [সু+প্রভা] শুক্রবল, (ত্রি. সুন্দর প্রভাযুক্ত।
সুপ্রভা, স্ত্রী. [সু+প্রভা] বাকুচী, হাকুচ অগ্নিজিহ্বাবিশেষ; শোভনদীপ্তি।
সুপ্রভাত, ন. [সু+প্রভাত] শুভসূচকপ্রাতঃকাল; প্রাভাতিকপাঠ্য মঙ্গল বাক্য
সুপ্রভাতা, স্ত্রী. [সু+প্রভাত-আ] নদীবিশেষ; শোভনপ্রভাত যুভারাত্রি।
সুপ্রযুক্ত, ত্রি. [সু+প্রযুক্ত] শোভন প্রয়োগবিশিষ্ট। [হস্ত
সুপ্রযুক্তশর, পুং. [সুপ্রযুক্ত+শর] কৃত
সুপ্রয়োগ, পুং. [সু+প্রয়োগ] হস্তলাঘব, করদক্ষতা।
সুপ্রয়োগবিশিখ, পুং. [সুপ্রয়োগ+বিশিখ] সুশিক্ষিতবাণ মোক্ষক।
সুপ্রলম্ভ, পুং. [সু+প্রলম্ভ] সুখলভ্য।
সুপ্রলাপ, পুং. [সু+প্রলাপ] সুবচন, উত্তমবাক্য।
সুপ্রসন্ন, পুং. [সু+প্রসন্ন] কুবের; (ত্রি.) সুপ্রসাদযুক্ত।
সুপ্রসন্নক, পুং. [সু+প্রসন্নক] কৃষ্ণার্জ্জক।
সুপ্রসরা, স্ত্রী. [সু+প্রসর-আ] প্রসারিণীলতা।
সুপ্রসাদ, পু. [সু+প্রসাদ] শিব; সুপ্রসন্নতা।
সুপ্রসিদ্ধ, ত্রি. [সু+প্রসিদ্ধ] অতিশয় বিখ্যাত।
সুপ্রিয়া, স্ত্রী. [সু+প্রিয়-আ] সুন্দরহৃদ্যা, উত্তম প্রিয়া স্ত্রী।
সুফল, পুং. [সু+ফল] কর্ণিকার; দাড়িম; বদর; মুদ্গ; কপিত্থ; (ত্রি.) শোভনফলযুক্ত
সুফলা, স্ত্রী. [সু+ফল-আ] ইন্দ্রবারুণী; কুষ্মাণ্ডী; কাশ্মরী; কদলী; কপিলদ্রাক্ষা।
সুফেন, ন. [সু+ফেন] সমুদ্রফেণ।
সুবক্ত্র, পুং. [সু+বক্ত্র] বনবর্ব্বরী, বনবাবুই; (ত্রি.) সুন্দর আনন।
সুবচন, ন. [সু+বচন] শোভনোক্তি, তৎপর্য্যায়।—সুপ্রলাপ।
সুবচনী, স্ত্রী. [সু+বচন-ঈ] দেবীবিশেষ, শুভসূচনী।

সুবচাঃ, ত্রি. [সু+বচস্] বাগ্মী, সদ্বক্তা।

সুবন, পুং. [সু+বন] সূর্য্য ; অগ্নি ; চন্দ্র।

সুবন্ধ, পুং. [সু+বন্ধ] তিল

সুবর্চ্চক, পুং. [সু+বর্চ্চক] সাৰ্জ্জিকাক্ষার, সাজিমাটি

সুবর্চ্চলা, স্ত্রী. [সু+বর্চ্চল-আ] সূর্য্যপত্নী ; অতসী ; সূর্য্যমুখীপুষ্প ; আদিত্যভক্তা ; ব্রাহ্মী ; (পুং.) দেশবিশেষ।

সুবর্চ্চা, ত্রি. [সু+বর্চ্চস্] শোভনতেজ-বিশিষ্ট।

সুবর্চ্চিক, পুং. [সু+বর্চ্চ+ইক] সর্জ্জিকাক্ষার, সাজিমাটি।

সুবর্চ্চিকা, স্ত্রী. [সু+বর্চ্চ-ইক-আ] জন্তুকা,

সুবর্চ্চী, পুং. [সু+বর্চ্চ+ইন্] সর্জ্জিকাক্ষার, সাজিমাটী।

সুবর্ণ, ন. [সু+বর্ণ] ধাতুবিশেষ, সোনা, তৎপর্য্যায়।—অগ্নি, অগ্নিবীজ, অগ্নি-বীর্য্য, অগ্নিভ, অগ্নিশিখ, অপিঞ্জর, অভ্রক, অষ্টাপদ, আগ্নেয়, উজ্জ্বল, উষ্ণ-সাহ্বক, কনক, কর্চ্চুর, কর্ব্বুর, কর্ব্বুর, কল-ধৌত, কল্যাণ, কাঞ্চন, কার্ত্তস্বর, গাঙ্গেয় গৈরিক, চন্দ্র, চামীকর, চাম্পেয়, জাত-রূপ, জাম্বব, জাম্বুনদ, তপনীয়, তেজ, দীপ্ত, দীপ্তক, দ্রবিণ, নিষ্ক, পিঞ্জর, পিঞ্জান, ভদ্র, ভরু, ভর্ম্ম, ভাস্কর, ভূরি, ভৃঙ্গার, মঙ্গল্য, মনোহর, মহারজত, মুখ্যধাতু, রুক্ম, লোহবর, শাতকুম্ভ, শাতকৌম্ভ, সৌমঞ্জক, স্পর্শমণিপ্রভব, স্বর্ণ, হাটক, হিরণ্য, হেম ; হরিচন্দন ; স্বর্ণগৈরিক ; ধন ; নাগকেশর ; (পুং.ন.) হেম্নোহক্ষ, অশীতিরক্তিকা পরিমিতস্বর্ণ, তৎপর্য্যায়। বিস্ত ; কর্ষপরিমাণ ; কর্ষ ; (পুং) স্বর্ণ-কর্ষ ; যজ্ঞবিশেষ ; ধুস্তূর ; কণগুগ্গুলু ; (ত্রি.) শোভনবর্ণ।

সুবর্ণক, ন. [সু+বর্ণক] পিত্তল. পিতল, (ত্রি.) সুন্দরবর্ণযুক্ত, (পুং.) আরগ্বধবৃক্ষ সোঁদালগাছ।

সুবর্ণকদলী, স্ত্রী. [সুবর্ণ+কদলী] কদলী-বিশেষ, চাঁপাকলা, তৎপর্য্যায়। সুবর্ণ-কদলী, কনককদলী, পীতা, সুবর্ণমোচা, চম্পকরম্ভা, সুরভিকা, সুভগা, হেমফলা, স্বর্ণফলা, কণকরম্ভ, পীতরম্ভা, গৌরী, গৌররম্ভ, কাঞ্চনকদলী, সুরপ্রিয়া।

সুবর্ণকর্ত্তা, পুং. [সুবর্ণ+কর্তৃ] সুবর্ণকার, সেকরা।

সুবর্ণকরণী, স্ত্রী. [সুবর্ণ+করণী] হিমালয়-জাত ঔষধিবিশেষ, (প্রা.) সালসা খাত।

সুবর্ণকার, পুং. [সুবর্ণ+কার] স্বর্ণকার, সেকরা।

সুবর্ণকৃৎ, পুং. [সুবর্ণ+কৃৎ] স্বর্ণকার।

সুবর্ণগণিত, ন. [সুবর্ণ+গণিত] অঙ্কবিশেষ।

সুবর্ণ গৈরিক, ন. [সুবর্ণ+গৈরিক] গৈরিক-বিশেষ, বর্ণকৃমাটী (হিং) পীতগেরু, তৎপর্য্যায়।—স্বর্ণধাতু, সুরক্তক, সন্ধ্যাভ্র, বভ্রুধাতু, শিলাধাতু।

সুবর্ণচৌর, পুং. [সুবর্ণ+চৌর] সুবর্ণতস্কর।

সুবর্ণনকুলী, স্ত্রী. [সুবর্ণ+নকুল-ঈ] মহা-জ্যোতীষ্মতীলতা।

সুবর্ণপুষ্প, পুং. [সুবর্ণ+পুষ্প] রাজতরুণী, রাজভার্য্যা। [ঐলেয়।

সুবর্ণপ্রসব, ন. [সুবর্ণ+প্রসব] এলবালুক,

সুবর্ণবর্ণ, পুং. [সুবর্ণ+বর্ণ] বিষ্ণু।

সুবর্ণবর্ণা, স্ত্রী. [সুবর্ণ+বর্ণ-আ] হরিদ্রা, হলুদ ; (ত্রি.) স্বর্ণবর্ণযুক্ত।

সুবর্ণবণিক্, পুং. [সুবর্ণ+বণিক] বর্ণসঙ্কর জাতিবিশেষ, সোনার বেনিয়া, অম্বষ্ঠ-হইতে বৈশ্যের গর্ব্ভে জাত মধ্যবর্ণসঙ্কর।

সুবর্ণবাণ, ত্রি. [সুবর্ণ+বৎ] সুবর্ণবিশিষ্ট; সুন্দর; (বা.) সুবর্ণেরন্যায়।

সুবর্ণবিন্দু, পুং. [সুবর্ণ+বিন্দু] বিষ্ণু।

সুবর্ণযূথী, স্ত্রী. [সুবর্ণ+যূথী] পীতবর্ণযূথিকা, স্বর্ণযুই, তৎপর্য্যায়।—সুগন্ধা; হেমযূ-থিকা, যুবতীষ্টা, রক্তগন্ধা, শিখণ্ডী, নাগপুষ্পিকা, হরিণী, পীতযূথী, পী-তিকা, কনকপ্রভা, মনোহরা, গন্ধাঢ্যা।

সুবর্ণা, স্ত্রী. [সু+বর্ণ-আ] কৃষ্ণাগুরু; বাট্যা-লক, বেড়েলা, স্বর্ণক্ষীরী ; হরিদ্রা ;

সুবর্ণাখ্য, পুং. [সুবর্ণ+আখ্য] নাগকেশর; ধুস্তূরবৃক্ষ।

সুবর্ণী, স্ত্রী. [সু+বর্ণ-ঈ] আখুকর্ণী।

সুবয়াঃ, স্ত্রী. [সু+বয়স্] প্রৌঢ়াস্ত্রী।

সুবল্লি, স্ত্রী. [সু+বল্লি] সোমরাজী, সোমরাজ।

সুবল্লী, স্ত্রী. [সু+বল্লী] সোমরাজী, সোমরাজ।

সুবসন্ত, পুং. [সু+বসন্ত] চৈত্রাবলী; সুন্দরবসন্তকাল; সুজাতীয় বসন্তরোগ।

সুবসন্তক, পুং. [সু+বসন্তক] বাসন্তী, মাধবীলতা; মদনোৎসব।

সুবহ, ত্রি. [সু+বহ] সুখবাহ্য, সম্যথহ।

সুবহা, স্ত্রী. [সু+বহ-আ] শেফালিকা; রাস্না; গোধাপদী; এলাপর্ণী, শল্লকী; বীণা; ত্রিবৃতা, রুদ্রজটা; হংসপদী; গন্ধনাকুলী; মুশলী; নীলসিন্ধুবার।

সুবাস, পুং. [সু+বাস] শোভনগন্ধ; উত্তমনিবাস।

সুবাসিনী, স্ত্রী. [সু+বাসিন্-ঈ] চিরিণ্টী, দ্রাবিড়াস্ত্রী; শোভনবস্ত্রা স্ত্রী।

সুবিদ, পুং. [সু+বিদ] সৌবিদ; রাজা।

সুবিদ্, পুং. [সু+বিদ্] পণ্ডিত; (স্ত্রী.) গুণযুক্তানারী।

সুবিদৎ, পুং. [সু+বিদ-অৎ] রাজা।

সুবিদত্র, ত্রি. [সুবিদ্+অত্র] কুটুম্ব; স্বসম্পর্কীয় জন।

সুবিধা, (প্রা) সুযোগ; সুন্দরপথ।

সুবিদল্ল, ন. [সুবিৎ+ল-অ] অন্তঃপুর, অন্দর মহল।

সুবিদল্লা, স্ত্রী. [সুবিদল্ল+আ] উঢ়ানারী, বিবাহিতাস্ত্রী।

সুবিধি, পুং. [সু+বিধি] জিনবিশেষ; উত্তমবিধান।

সুবিনীতা, স্ত্রী. [সু+বিনীত-আ] সুকরা গো; (ত্রি.) অতিশয় বিনয় বিশিষ্ট।

সুবিলয়, ত্রি. [সু+বিলয়] উত্তমভাবে দ্রবীভূত। [সিত।

সুবিশ্বস্ত, ত্রি. [সু+বিশ্বস্ত] উত্তমরূপে বিশ্বা-

সুবিস্তর, ন.বা. [সু+বিস্তর] অধিক, অনেক।

সুবিস্তীর্ণ, ত্রি. [সু+বিস্তীর্ণ] উত্তমরূপে ব্যাপ্ত।

সুবীজ, পুং. [সু+বীজ] খস্খস; (ন.) সুন্দরবীজ; (ত্রি.) শোভনবীজযুক্ত।

সুবীরক, ন. [সু+বীরক] সৌবীরাঞ্জন।

সুবীরাম্ল, ন. [সুবীর+অম্ল] কাঞ্জিক, কাঞ্জি। [বীর্য্যা।

সুবীর্য্য, ন. [সু+বীর্য্য] বদরীফল, উত্তম-

সুবীর্য্যা, স্ত্রী. [সু+বীর্য্য-আ] বনকার্পাসী।

সুবুদ্ধি, ত্রি. [সু+বুদ্ধি] উত্তমবুদ্ধি, সুবোধ, (ত্রি.) বুদ্ধিমান। [বর্ত্তুল।

সুবৃত্ত, পুং. [সু+বৃত্ত] শূরণ, পল; সুন্দর-

সুবৃত্তা, স্ত্রী. [সু+বৃত্ত-আ] শতপত্রী; কাকলীদ্রাক্ষা। [ষ্মতী।

সুবেগা, স্ত্রী. [সু+বেগ-আ] মহাজ্যোতি-

সুবেল, পুং. [সু+বেল] ত্রিকূটপর্ব্বত; (ত্রি.) প্রণত; শান্ত।

সুবেশ, পুং. [সু+বেশ] শ্বেতেক্ষু, শাদাআউক; (ত্রি.) সুন্দর বেশযুক্ত।

সুবেশী, স্ত্রী. [সু+বেশ-ইন্] সুন্দরবেশযুক্ত।

সুব্রত, পুং. [সু+ব্রত] ভাবিকল্পের জিনবিশেষ; বর্ত্তমানকল্পের জিনবিশেষ; (ত্রি.) শোভনব্রতযুক্ত।

সুব্রতা, স্ত্রী. [সু+ব্রত-আ] সুখসংদোহ্যাগো; শোভনব্রতা; বর্ত্তমানকল্পের পঞ্চদশ জিনমাতা।

সুব্রহ্মবাসুদেব, পুং. [সুব্রহ্ম+বাসুদেব] ব্রহ্মরূপ বসুদেব সুত।

সুব্রহ্মণ্য, পুং. [সু+ব্রহ্মণ্য] কার্ত্তিকেয়, ষড়ানন।

সুভগ, পুং. [সু+ভগ] টঙ্কণ, সোহাগা; চম্পক; রক্তাম্লান; অশোক, (ত্রি.) সুদৃশ্য, তৎপর্য্যায়।—চক্ষুষ্য; শোভন ঐশ্বর্য্যাদি যুক্ত।

সুভগা, স্ত্রী. [সু+ভগ-আ] কৈবর্ত্তী, শালপর্ণীলতা; হরিদ্রা; নীলদূর্ব্বা; তুলসী; প্রিয়ঙ্গু, কস্তূরী; সুবর্ণকদলী বনমল্লী; পতিপ্রিয়া।

সুভগাসুত, পুং. [সুভগা+সুত] সৌভাগিনেয়, সুভগারপুত্র।

সুভঙ্গ, পুং. [সু+ভঙ্গ] নারিকেলবৃক্ষ।

সুভট, পুং. [সু+ভট] যোদ্ধা।

সুভদ্র, পুং. [সু+ভদ্র] বিষ্ণু; বিষ্ণু পার্ষদ; রাজাবিশেষ; (ত্রি.) শোভনমঙ্গলযুক্ত।

সুভদ্রা, স্ত্রী. [সু+ভদ্র-আ] শ্যামালতা; ঘৃতমণ্ডা; কাশ্মরী; শ্রীকৃষ্ণভগিনী, অর্জুন ভার্য্যা।

সুভদ্রাণী, স্ত্রী; [সুভদ্রা+আন-ঈ] ত্রায়ন্তী, বহুলা।

সুভদ্রাসুত, পুং. [সুভদ্রা+সুত] অভিমন্যু, অর্জ্জুনেরপুত্র।

সুভদ্রেশ, পুং. [সুভদ্রা+ঈশ] অর্জুন।

সুভাঞ্জন, পুং; [সুভ+আঞ্জন] শোভাঞ্জন-বৃক্ষ, শজিনাগাছ।

সুভাষিত, পুং. [সু+ভাষ্-ইত] বুদ্ধবিশেষ; (ত্রি.) সুন্দরকথিত।

সুভিক্ষ, ত্রি. [সু+ভিক্ষা] সুলভভৈক্ষ্যাদ্রব্য, সুলভ ভৈক্ষ্যযুক্তকালাদি।

সুভিক্ষা, স্ত্রী.[সু+ভিক্ষ-আ] ধাতৃপুষ্পিকা।

সুভীরক, পুং. [সু+ভীরক] পলাশবৃক্ষ।

সুভূ, ত্রি. [সু+ভূ] সুজন্মা; (স্ত্রী.) উৎকৃষ্ট-ভূমি; (ত্রি.) উত্তমভূমি সম্বন্ধীয়।

সুভূতিক, পুং. [সুভূতি+ক] বিল্ববৃক্ষ।

সুভূম, পুং. [সু+ভূম] কার্ত্তবীর্য্য, জিনদি-গের অষ্টমচক্রবর্ত্তী।

সুভৃশ, ন. [সু+ভৃশ] গাঢ়, অতিশয়; (ত্রি.) অতিশয়বিশিষ্ট।

সুভোক্তা, পুং. [সু+ভোক্তৃ]যথেষ্ট আহার কারী, অতিভোজনকারী।

সুভ্রূ, স্ত্রী. [সু+ভ্রূ] নারী; (ত্রি.) সুন্দর-ভ্রূযুক্ত।

সুভ্রূ, স্ত্রী. [সু+ভ্রূ] নারী; (ত্রি.) উত্তম ভ্রূযুক্ত।

সুম, ন. [সু+ম] পুষ্প; (পুং.) চন্দ্র; নভ, আকাশ।

সুমঙ্গল, ত্রি. [সু+মঙ্গল] শোভনকল্যাণ, অতিশয়শুভ।

সুমঙ্গলা, স্ত্রী. [সু+মঙ্গল-আ] বায়গোলী, গাকড়হাতা, মাকড়িয়া; কামাখ্যাদেশীয় নদীবিশেষ, জিনমাতা; (ত্রি.) অতি-শয় ক্ষেমযুক্ত।

সুমত, ত্রি. [সু+মত] সুন্দরজ্ঞান বিষয়।

সুমতি, পুং. [সু+মতি] বর্ত্তমানকল্পের জিন-বিশেষ; অতীতকল্পের জিনবিশেষ; বিষ্ণুযশঃ ব্রাহ্মণের পত্নী, কল্কিদেবের-মাতা।

সুমদন, পুং, [সু+মদন] আম্রবৃক্ষ।

সুমদাত্মজা, স্ত্রী. [সুমদ+আত্মজ-আ] অপ্সরাঃ, স্বর্গবেশ্যা।

সুমধুর, ন. [সু+মধুর] অত্যর্থ মধুরবাক্য, তৎপর্য্যায়।—সান্ত্ব; (ত্রি.) অতিশয়-মধুরযুক্ত; (পুং.) জীবশাক।

সুমন, পুং. [সু+মন] গোধূম; গম; ধুস্তুর; (ত্রি.) মনোহর।

সুমনঃ, ন. [সু+মনস্] পুষ্প; উত্তমমনঃ; (ত্রি.) শোভনমনোযুক্ত।

সুমনঃপত্রিকা, স্ত্রী. [সুমনস্+পত্রিকা] জাতীপত্রিকা।

সুমনঃফল, ন. [সুমনস্+ফল] জাতীফল; (পুং.) কপিত্থবৃক্ষ, কতবেলেরগাছ।

সুমনস, পুং. [সু+মনস] পুষ্প।

সুমনাঃ, স্ত্রী. [সু+মনস্-আ] জাতীপুষ্প-বৃক্ষ; পুষ্প; জাতী; শতপত্রী; মালতী; (পুং.) দেবতা; পণ্ডিত; পূতিকরঞ্জ; নিম্ব; মহাকরঞ্জ; গোধূম।

সুমনোরজঃ, ন. [সুমনস্+রজস্] পরাগ, পুষ্পরজঃ।

সুমন্তু, পুং. [সু+মন্-তু] মুনিবিশেষ, অথ-র্ব্ববেদশাখা প্রচারক; বজ্রধারক; (ত্রি.) অতিশয় অপরাধী।

সুমন্ত্র, পুং. [সু+মন্ত্র] কল্কিদেবের জ্যেষ্ঠ-ভ্রাতা; দশরথরাজার সারথি এবং মন্ত্রী।

সুমানুষ, (প্রা) উত্তমমানুষ।

সুমিত্র, পুং. [সু+মিত্র] জিনপিতা; ইক্ষ্বা-কুবংশের বৃহদ্বলাত্মজ সুরথরাজপুত্র।

সুমিত্রভূ, পুং. [সুমিত্র+ভূ] সগর; জিন-দিগের রাজাবিশেষ।

সুমিত্রা, স্ত্রী. [সু+মিত্র-আ] দশরথরাজার পত্নী, লক্ষ্মণ ও শত্রুঘ্নের মাতা, তৎ-পর্য্যায়।—লক্ষ্মণপ্রসূ।

সুমিত্রাভূ, পুং. [সুমিত্রা+ভূ] লক্ষ্মণ।

সুমিষ্ট, ত্রি. [সু+মিষ্ট] সুমধুর; মাধুর্য্যা-ন্বিত।

মাসা, (পুং.) গরুড়পুত্র; গণেশ; শাকবিশেষ; নাগভেদ; পণ্ডিত; সিতার্জক; বনবর্ব্বরিকা; বর্ব্বর; (ত্রি.) মনোজ্ঞ; সুন্দর আনন।

সুমুখসূ, পুং. [সুমুখ+সূ] গরুড; উত্তমআননযুক্ত পুত্রেরপিতা।

সুমুখা, স্ত্রী. [সুমুখ+আ] সুন্দরীনারী; সুন্দরাননা; শালা; গৃহ, দর্পণ।

সুমুখী, স্ত্রী. [সু+মুখ-ঈ] সুন্দরীনারী।

সুমুষ্টি, পুং. [সু+মুষ্টি] বিষমুষ্টিক্ষুপ।

সুমূল, পুং [সু+মূল] শ্বেতশিগ্রু, শাদাশজিনা।

সুমূলক, ন. [সু+মূলক] গর্জ্জর, গাজর।

সুমূলা, স্ত্রী. [সু+মূল-আ] শালপর্ণী; পৃশ্নিপর্ণী; (ত্রি.) সুন্দরমূলযুক্ত।

সুমেখল, পুং; [সু+মেখল] মুঞ্জ, মুঞ্জলতা; (ত্রি.) শোভনমেখলাযুক্ত।

সুমেধাঃ, স্ত্রী. [সু+মেধস্] জ্যোতিষ্মতী; (ত্রি;) সুবুদ্ধি।

সুমেরু, পুং. [সু+মেরু] পর্ব্বতবিশেষ, তৎপর্য্যায়।—মেরু, হেমাদ্রি, রত্নসানু, সুরালয়, অমরাদ্রি, ভূস্বর্গ।

সুমেল, ন. [সু+মিল-অ] সুন্দরমেলন; অবয়বের সমতা; সংলগ্নতা।

সুম্পলুঠ, পুং. [সুম্প+লুঠ] কর্পূরক।

সুম্ভ, পুং. [সুম্ভ+অ] দেশবিশেষ।

সুযামুন, পুং. [সু+যামুন] বিষ্ণু; বৎসরাজ; প্রাসাদ; অদ্রিবিশেষ; মেঘবিশেষ; দেশবিশেষ।

সুযোগ, (প্রা) সুঘটন, উত্তমসময়; সদুপায়।

সুযোধন, পুং. [সু+যুধ্-অন] দুর্য্যোধন রাজা। [পণ্ডিত।

সুর, পুং. [সুর+অ] দেব, দেবতা; সূর্য্য;

সুরকরীন্দ্রদর্পপহা, স্ত্রী. [সুর+করী+ইন্দ্র দর্প-অপহ-আ] গঙ্গা।

সুরকারু, পুং, [সুর+কারু] বিশ্বকর্ম্মা।

সুরকৃতা, স্ত্রী. [সুর+কৃত-আ] গুড়ুচীলতা।

সুরক্ত, ত্রি. [সু+রক্ত] শোভনরাগযুক্ত; অতিশয় রক্তবিশিষ্ট; অতিঅনুরক্ত।

সুরক্তক, পুং. [সুরক্ত+ক] কোষাম্র, স্বর্ণ গৈরিক

সুরখণ্ডনিকা, স্ত্রী. [সুর+খণ্ডন+ইক-আ বীণাবিশেষ, রমণ্ডলিকা

সুরগণ্ড, পুং. [সুর+গণ্ড] রোগবিশেষ, রাজগাঁড়।

সুরগুরু, পুং. [সুর+গুরু] বৃহস্পতি, সুরাচার্য্য। পতি।

সুরগ্রামণী, স্ত্রী. [সুর+গ্রামণী] ইন্দ্র, সুর-

সুরঙ্গ, ন. [সু+রঙ্গ] পতঙ্গ; হিঙ্গুল; (পুং.) নাগরঙ্গ; গর্ত্তবিশেষ।

সুরঙ্গদ, ন. [সুরঙ্গ+দ] পতঙ্গ।

সুরঙ্গধাতু, পুং. [সুরঙ্গ+ধাতু] গৈরিক, গেরিমাটী

সুরঙ্গযুক্, পুং. [সুরঙ্গ+যুজ] সুরঙ্গদ্বারা অপহরণকারী। [র্ত্তিকা।

সুরঙ্গা, স্ত্রী. [সুরঙ্গ+আ] সন্ধি, সিঁদ; কৈব-

সুরঙ্গিকা, স্ত্রী. [সুরঙ্গ+ইক-আ] মূর্ব্বা লতা।

সুরঙ্গী, স্ত্রী. [সুরঙ্গ+ঈ] কাকনাশা; রক্ত শোভাঞ্জন বৃক্ষ।

সুরজঃফল, পুং. [সুরজস্+ফল] পনসবৃক্ষ, কাটালগাছ

সুরজনী, স্ত্রী. [সু+রজনী] রাত্রি, নিশা।

সুরজ্যেষ্ঠ, পুং. [সুর+জ্যেষ্ঠ] ব্রহ্মা, প্রজাপতি।

সুরঞ্জন, পুং. [সু+রঞ্জন] গুবাকবৃক্ষ।

সুরত, ন. [সু+রত] নিধুবন, মৈথুন; (ত্রি.) দয়ালু।

সুরতক্রীড়া, স্ত্রী. [সুরত+ক্রীড়া] শৃঙ্গার, মৈথুন।

সুরততালী, স্ত্রী. [সুরত+তাল-ঈ] দূতী, কুট্টিনী; শিরঃস্রক্, মস্তকের মালা।

সুরতা, স্ত্রী. [সুর+তা] দেবত্ব; দেবসমূহ।

সুরতোষক, পুং. [সুর+তোষক] কৌস্তুভমণি; (ত্রি.) দেবপ্রীতিকারক

সুরথ, পুং. [সু+রথ] চন্দ্রবংশীয় চৈত্ররাজার পুত্র।

সুরদারু, ন. [সুর+দারু] দেবদারু বৃক্ষ।

সুরদীর্ঘিকা, স্ত্রী. [সুর+দীর্ঘিকা] স্বর্গগঙ্গা।

সুরদুন্দুভী, স্ত্রী. [সুর+দুন্দুভী] তুলসী।

সুরদ্রুম, পুং. [সুর+দ্রুম] দেবনল; দেবদারুবৃক্ষ।

সুরদ্বিট্, পুং. [সুর+দ্বিষ্] অসুর, দৈত্য; দেবদ্বেষক।
সুরদ্বিপ, পুং. [সুর+দ্বিপ] দেবহস্তী।
সুরদ্বেষ্টা, পুং. [সুর+দ্বেষ্টৃ] অসুর, দানব; বেদদ্বেষক।
সুরধনুঃ, ন. [সুর+ধনুস্] ইন্দ্রধনুঃ।
সুরধুনী, স্ত্রী. [সুর+ধুনী] স্বর্গগঙ্গা।
সুরধূপ, পুং. [সুর+ধূপ] রাল, ধুনা।
সুরনদী, স্ত্রী. [সুর+নদী] গঙ্গা।
সুরনন্দা, স্ত্রী. [সুর+নন্দা] নদীবিশেষ।
সুরনাল, পুং. [সুর+নাল] দেবনল।
সুরনিম্নগা, স্ত্রী. [সুর+নিম্নগা] গঙ্গা।
সুরনির্গন্ধ, ন. [সুর+নির্গন্ধ] পত্রক।
সুরপতি, পুং. [সুর+পতি] ইন্দ্র, দেবরাজ।
সুরপথ, ন. [সুর+পথ] আকাশ।
সুরপর্ণ, ন. [সুর+পর্ণ] ওষধিবিশেষ, মাচী পত্রী, তৎপর্য্যায়।—দেবপর্ণ; বীরপর্ণ, সুগন্ধিক, মাচীপত্র, সূক্ষ্মপত্র, দেবার্হ, গন্ধপত্রক।
সুরপর্ণিক, পুং. [সুর+পর্ণিক] বৃক্ষবিশেষ, সুরপুন্নাগ বৃক্ষ।
সুরপর্ণিকা, স্ত্রী. [সুর+পর্ণ-ইক-আ] পুন্নাগ-
সুরপর্ণী, স্ত্রী. [সুর+পর্ণ-ঈ] পলাশী।
সুরপাদপ, পুং. [সুর+পাদপ] কল্পবৃক্ষ।
সুরপুন্নাগ, পুং. [সুর+পুন্নাগ] পুন্নাগবৃক্ষ বিশেষ, তৎপর্য্যায়।—নমেরু, সুরেষ্ট, সুরপর্ণিক, সুরভাক্ষ।
সুরপুরী, স্ত্রী. [সুর+পুর-ঈ] অমরাবতী, ইন্দ্রেরউপবন।
সুরপ্রিয়, পুং. [সুরপ্রিয়] অগস্ত্য পুষ্পবৃক্ষ; ইন্দ্র; বৃহস্পতি; (ত্রি.) দেবহৃদ্য।
সুরপ্রিয়া, স্ত্রী, [সুর+প্রিয়-আ] জাতী; স্বর্ণরম্ভা।
সুরবর্ত্ম, ন. [সুর+বর্ত্মন] আকাশ।
সুরবল্লভা, স্ত্রী. [সুর+বল্লভ-আ] শ্বেতদূর্ব্বা।
সুরবল্লী, স্ত্রী, [সুর+বল্লী] তুলসী।
সুরবৈরী, পুং. [সুর+বৈরিন্] অসুর, দেবশত্রু।
সুরভি, ন. [সু+রভ্-ই]. স্বর্ণ; গন্ধাশ্ম: সুন্দর; সাধগন্ধ; (পুং.) সুগন্ধি; চম্পক: বসন্তঋতু; জাতীফলবৃক্ষ; শমীবৃক্ষ; গণ্ড কদম্ববৃক্ষ; কণগুগ্গুলু; গন্ধতৃণ; বকুলবৃক্ষ; রাল; (স্ত্রী.) শল্লকী; মাতৃকাবিশেষ; মুরা; গো; রুদ্রজটা; বনমালিকা; তুলসী; পাচী; পৃথিবী; গোমাতা; (ত্রি.) সুগন্ধি; কান্ত; ধীর; বিখ্যাত।
সুরভিকা, স্ত্রী. [সুরভ+ইক-আ] স্বর্ণকদলী।
সুরভিগন্ধি, ত্রি. [সুরভি+গন্ধি] শোভনগন্ধযুক্ত।
সুরভিত্রিফল', স্ত্রী. [সুরভি+ত্রিফলা] সুগন্ধত্রিফলা।
সুরভিত্বক্, ন. [সুরভি+ত্বচ্] বৃহদেলা, বড়এলাইচ।
সুরভিদারু, পুং. [সুরভি+দারু] সরলবৃক্ষ।
সুরভিপত্রা, স্ত্রী. [সুরভি+পত্র-আ] জম্বুবৃক্ষ; রাজজম্বু।
সুরভিবল্কল, ন. [সুরভি+বল্কল] গুড়ত্বক্, দারচিনী।
সুরভিবাণ, পুং. [সুরভি+বাণ] কামদেব।
সুরভিস্রবা, স্ত্রী. [সুরভি+স্রব-আ] সল্লকী, সাজারু।
সুরভী, স্ত্রী. [সু+রভ-ঈ] সুগন্ধি; শল্লকী; গোমাতা। [বৃক্ষ।
সুরভীরসা, স্ত্রী. [সুরভী+রস-আ] শল্লকী-
সুরভূরুহ, পুং. [সুর+ভূরুহ] দেবদারু।
সুরমণীয়, ত্রি. [সু+রমণীয়] সুরম্য, অতিসুন্দর।
সুরমৃত্তিকা, স্ত্রী. [সুর+মৃত্তিকা] তুবরী।
সুরমেদা, স্ত্রী. [সুর+মেদ-আ] মহামেদা।
সুরম্য, ত্রি. [সু+রম্য] সুরমণীয়, মনোহর।
সুরর্ষি, পুং. [সুর+ঋষি] দেবর্ষি, নারদ; পর্ব্বত তুম্বুরুও কোলাহলাদি।
সুরলতা, স্ত্রী. [সুর+লতা] মহাজ্যোতিষ্মতী।
সুরলা, স্ত্রী. [সুর+ল-আ] গঙ্গা; নদীবিশেষ, যথা।—নির্গুণ্ডী, তুলসী, ব্রাহ্মী বৃহ্মী, কণ্টকারিকা, পুনর্নবেত্রি মুনিভিঃ সুরসাষ্টঃ প্রকীর্ত্তিতঃ।
সুরলাসিকা, স্ত্রী] [সুর+লাসিকা] বংশীবাদ্য।

সুরলোক, পুং. [সুর+লোক] স্বর্গ, দেবালয়।

সুরশত্রু, পুং. [সুর+শত্রু] অসুর, দৈত্য।

সুরশাখী, পুং. [সুর+শাখিন্] কল্পবৃক্ষ।

সুরশ্রেষ্ঠা, স্ত্রী. [সুর+শ্রেষ্ঠ-আ] ব্রাহ্মী।

সুরস, ন. [সু+রস] বোল; ত্বচ; গন্ধতৃণ; তুলসী; (পুং.) সিন্ধুবার; মোচরস; (ত্রি.) স্বাদু; সুন্দররসযুক্ত।

সুরসদ্ম, ন. [সুর+সদ্মন্] স্বর্গ, দেবালয়।

সুরসম্ভবা, স্ত্রী. [সুর+সম্ভব-আ] আদিত্যভক্তা।

সুরসরিৎ, স্ত্রী. [সুর+সরিৎ] গঙ্গা।

সুরসর্ষপক, পুং. [সুর+সর্ষপ+ক] দেবসর্ষপ।

সুরসা, স্ত্রী. [সুরস+আ] তুলসী; রাস্না; নাগমাতা; মিশ্রেয়া; ব্রাহ্মী; মহাশতাবরী; দুর্গা; নদীবিশেষ।

সুরসাষ্ট, পুং. [সুরসা+অষ্ট] বৃক্ষগণ বিশেষ।

সুরসিন্ধু, পুং. [সুর+সিন্ধু] গঙ্গা, স্বর্গঙ্গা।

সুরসুন্দরী, স্ত্রী. [সুর+সুন্দরী] অপ্সরা; দুর্গা; যোগিনী বিশেষ।

সুরা, স্ত্রী. [সুর+আ] চষক; মদ্য, (অস্যপর্য্যায়মদিরাশব্দেদ্রষ্টব্য) (পুং.স্ত্রী.) ধনবান্।

সুরাকর, পুং. [সুরা+কর] নারিকেলবৃক্ষ; মদ্যোৎপত্তিস্থান।

সুরাঙ্গনা, স্ত্রী. [সুর+অঙ্গনা] দেবপত্নী; অপ্সরা।

সুরাচার্য্য, পুং. [সুর+আচার্য্য] বৃহস্পতি, দেবগুরু।

সুরাজক, পুং, [সু+রাজক] ভৃঙ্গরাজ; উত্তম রাজার অধিকৃত দেশ।

সুরাজা, পুং. [সু+রাজন্] শোভন রাজা, সুন্দররাজা। [শুঁড়ী।

সুরাজীবী, পুং. [সুরা+জীবিন্] শৌণ্ডিক,

সুরাপ, ত্রি. [সুরা+পা-অ] সুরাপানকর্ত্তা।

সুরাপগা, স্ত্রী. [সুর+অপগ+আ] গঙ্গা।

সুরাপাণঃ, পুং. [সুরা+পান-অস্] পূর্ব্বদেশস্থ, প্রাচ্য।

সুরাপাত্র, ন. [সুরা+পাত্র] চষক, মদ্যপানের আধার, পানপাত্র; (প্রা) গ্লাস।

সুরাপান, ন. [সুরা+পান] অবদংশ; মদ্যপান, মদিরা সেবন।

সুরাভাগ, পুং. [সুরা+ভাগ] মদিরার অগ্রভাগ।

সুরামণ্ড, পুং. [সুরা+মণ্ড] মদিরার অগ্রভাগ, তৎপর্য্যায়।—কারোত্তর, কারোত্তম, কালোত্তর, সুরাভাগ।

সুরারি, পুং. [সুর+অরি] অসুর, দেবশত্রু।

সুরারিহন্তা, পুং. [সুরারি+হন্তৃ] বিষ্ণু।

সুরার্হ, ন. [সুরা+অর্হ] হরিচন্দন; স্বর্ণ।

সুরালয়, পুং. [সুর+আলয়] সুমেরুপর্ব্বত; স্বর্গ; সুরাগৃহ, মদিরাগৃহ।

সুরাষ্ট্র, পুং. [সু+রাষ্ট্র] দেশবিশেষ, সুরত-ভারতবর্ষের অধ্যস্থিতদেশ; রাম, চন্দ্রের পরিবার বিশেষ, শ্রীরামযন্ত্রে পদ্ম দল মধ্যতঃ পূজ্য।

সুরাষ্ট্রজ, ন; [সুরাষ্ট্র+জ-অ] তুবরিকা; (পুং.) কৃষ্ণমুদ্গ; বিষবিশেষ; (ত্রি.) সুরাষ্ট্রদেশজাত।

সুরাষ্ট্রজা, স্ত্রী. [সুরাষ্ট্রজ+আ] তুবরী।

সুরাহ্ব, পুং. [সুরা+আহ্বা] দেবদারু; হরিদ্রুবৃক্ষ; মরুবক।

সুরি, ত্রি. [সুর+ই] শোভনধনবৎ।

সুরুঙ্গ, পুং. [সুরুঙ্গ+অ] শোভাঞ্জন, শজিনাগাছ।

সুরুঙ্গা, স্ত্রী. [সুরুঙ্গ+আ] সুরঙ্গা, সিঁধ, সুড়ঙ্গ, তৎপর্য্যায়।—সন্ধিলা, সন্ধি।

সুরুঙ্গাহি, পুং. [সুরুঙ্গ+অহি] চৌরবিশেষ, সিঁধেলচোর।

সুরূপ, ন. [সু+রূপ] তুল; (ত্রি.) শোভন রূপবিশিষ্ট; বিদ্বান্; সুরূপ যথা।—নকুল, পুরূরবা, অশ্বিনীকুমার, নলকুবর, কন্দর্প, শাম্ব।

সুরূপা, স্ত্রী. [সুরূপ+আ] শালপর্ণী, ভার্গী বামনহাটীগাছ; সুন্দরী স্ত্রী।

সুরূহক, পুং. [সু+রূহক] গর্দ্দভপ্রভারন্যায় অশ্ব। চার্য্য।

সুরেজ্য, পুং. [সুর+ইজ্য] বৃহস্পতি, সুরা-

স্ত্রীবিধেয়, ত্রি. [স্ত্রী+বিধেয়] স্ত্রৈণ্য।

স্ত্রীবৃত, ত্রি. [স্ত্রী+বৃত] স্ত্রীসমভিব্যাহৃত।

স্ত্রীমুখপ, পুং. [স্ত্রী+মুখপ] দোহল।

স্ত্রীরঞ্জন, ন. [স্ত্রী+রঞ্জন] তাম্বূল, পান।

স্ত্রীরত্ন, ন. [স্ত্রী+রত্ন] উত্তমাস্ত্রী।

স্ত্রীরোগ, পুং, [স্ত্রী+রোগ] নারীদিগের আময়। [চিহ্ন।

স্ত্রীলিঙ্গ, ন, [স্ত্রী+লিঙ্গ] যোষিদ্বাচক; স্ত্রী-

স্ত্রীসংগ্রহণ, ন. [স্ত্রী+সংগ্রহণ]পরস্ত্রীহরণ।

স্ত্রীসংসর্গ, পুং. [স্ত্রী+সম্+সর্গ] মৈথুন, রমণ রতিক্রিয়া।

স্ত্রীসঙ্গ, পুং. [স্ত্রী+সঙ্গ] সম্ভোগ, মৈথুন।

স্ত্রীসম্বন্ধ, পুং. [স্ত্রী+সম্বন্ধ] বিবাহ।

স্ত্রীসভ, ন, [স্ত্রী+সভ] নারিদিগের সভা; নারীদিগের শীলতা।

স্ত্রীস্বভাব, পুং. [স্ত্রী+স্বভাব] মহল্লক; নারিদিগের শীল।

স্ত্রীহত্যা, স্ত্রী. [স্ত্রী+হত্যা] স্ত্রীনষ্টকারণ

স্ত্রীহরণ, ন. [স্ত্রী+হরণ] পরনারীহরণ।

স্ত্রীহারী, পুং. [স্ত্রী+হারিন্] বলপূর্ব্বক পরনারী হরণকর্ত্তা।

স্ত্রৈণ, ন. [স্ত্রী+ন] স্ত্রীস্বভাব; (ত্রি.) স্ত্রীসম্বন্ধীয়; স্ত্রীসমূহ।

স্ত্রৈণতা, স্ত্রী. [স্ত্রৈণ+ত-আ] নারীবশতা।

স্থ, ত্রি. [স্থা+অ] স্থল; স্থিত, বর্ত্তমান।

স্থকিত, (প্রা) নিবৃত্ত, নিবারিত।

স্থগ, ত্রি. [স্থগ+অ] ধূর্ত্ত, শঠ।

স্থগন, ন. [স্থগ+অন] অপবারণ।

স্থগিত, ত্রি. [স্থগ+ইত] তিরোহিত, তৎপর্য্যায়।—সংবীত, রুদ্ধ,আবৃত, সংবৃত পিহিত, ছন্ন, অপবারিত, অন্তর্হিত, তিরোধান।

স্থগী, স্ত্রী. [স্থগ+ঈ] তাম্বূলপাত্র, পানের বাটা, তাম্বূলকরঙ্ক।

স্থগু, ন. [স্থগ+উ] গড্ডু, কুব্জ। [ভূমি।

স্থণ্ডিল, ন. [স্থণ্ডিল+অ] চত্বর, যাগার্থ প্রস্তুত

স্থণ্ডিলশায়ী, পুং. [স্থণ্ডিল+শায়িন্] যিনি-ব্রতবশহেতু স্থণ্ডিলে শয়ন করেন, তৎপর্য্যায়।—স্থাণ্ডিল, স্থণ্ডিলেশয়।

স্থণ্ডিলসিতক, ন. [স্থণ্ডিল+সিতক] বেদি, পরিষ্কৃতাভূমি।

স্থণ্ডিলেশয়, পুং. [স্থণ্ডিলে+শয়] স্থণ্ডিলশায়ী।

স্থপতি, পুং. [স্থ+পতি] গীষ্পতীষ্টি যজ্বা, বৃহস্পতি সবন নামক যাগকর্ত্তা; কারু, শিল্পী, থই; কঞ্চুকী, রাজ; কুবের; অধীশ; (ত্রি.) সত্তম।

স্থপুট, ত্রি. [স্থ+পুট] বিষমসঞ্চারজীবী; বিষমোন্নত।

স্থবি, পুং. [স্থা+ঈ] তন্তুবায়; তাঁতি; স্বর্গ; জঙ্গম

স্থবির, ন. [স্থা+ইর] শৈলেয়; (পুং.) ব্রহ্মা; (ত্রি.) বৃদ্ধ; অচল।

স্থবিরা, স্ত্রী. [স্থবির+আ] মহাশ্রাবণী; বৃদ্ধা।

স্থবিষ্ঠ, ত্রি. [স্থূল+ইষ্ঠ] অতিশয় স্থূল।

স্থল, ন. [স্থল+অ] বস্ত্রগৃহ, তাঁবু; (ন. স্ত্রী.) জলশূন্য, কৃত্রিমাকৃত্রিম ভূভাগ, তৎপর্য্যায়।—স্থলী।

স্থলকন্দ, পুং. [স্থল+কন্দ] অগ্রাম্য কন্দ, বনওল।

স্থলকমল, ন. [স্থল+কমল] স্থলপদ্ম, তৎপর্য্যায়।—পদ্মচারিণী, অতিচরা, ব্যথা, পদ্মা, চারটী।

স্থলকুমুদ, ন. [স্থল+কুমুদ] করবীর।

স্থলচর, ত্রি. [স্থল+চর] ভূচর; ভূমিস্থ।

স্থলপদ্ম, ন. [স্থল+পদ্ম] স্বনাম খ্যাত পুষ্পবিশেষ, তৎপর্য্যায়।—ছত্রপত্র, তমালক, ইহা চতুর্ব্বিধ যথা।—নেপালী, গুলাব, বকুল, কদম্ব; (পুং.) মানক, মানকচু।

স্থলপদ্মিনী, স্ত্রী. [স্থল+পদ্মিনী] স্থলপদ্ম, (হিং) বেটভামর, তৎপর্য্যায়।—পদ্মাহ্বা, চারটী, পদ্মচারিণী, সুগন্ধমূলা, অম্বুরুহা, লক্ষ্মী, শ্রেষ্ঠা, সুপুষ্করা, রম্যা, পদ্মাবতী, অতিচরা, স্থলরুহা, পুষ্করিণী, পুষ্করপর্ণিকা, পুষ্করনাড়ী।

স্থলবিগ্রহ, পুং. [স্থল+বিগ্রহ] যুদ্ধবিশেষ।

স্থলমঞ্জরী, স্ত্রী. [স্থল+মঞ্জরী] অপামার্গ।

স্থলশৃঙ্গাট, পুং. [স্থল+শৃঙ্গাট] গোক্ষুরক।

স্থলশৃঙ্গাটক, পুং. [স্থল+শৃঙ্গাটক] গোক্ষুরক।

স্থলসীমা, পুং. [স্থল+সীমন্] স্থণ্ডিল, চত্বর।

স্থলা, স্ত্রী, [স্থল+আ] জলশূন্যাকৃত্রিমভূমি।

স্থলী, স্ত্রী. [স্থল+ঈ] জলশূন্য অকৃত্রিম ভূমি।

স্থলীদেবতা, স্ত্রী. [স্থলী+দেবতা] গ্রাম্য দেবতা।

স্থলেরুহা, স্ত্রী. [স্থলে+রুহা] গৃহকুমারী, দগ্ধবৃক্ষ; স্থলজাত।

স্থলেশয়, পুং. [স্থলে+শয়] ক্রোড়, রুরু, কুরঙ্গাদি; (ত্রি.) স্থলশায়িনী।

স্থাণু, পুং. [স্থা+নু] শিব, মহাদেব; (পুং.ন.) শাখাশূন্যবৃক্ষ, মুড়াগাছ, তৎপর্য্যায়।—ধ্রুব, শঙ্কু, অশাখবৃক্ষ; অস্ত্রবিশেষ; (ত্রি.) স্থির।

স্থাণুতীর্থ, ন. [স্থাণু+তীর্থ] তীর্থবিশেষ।

স্থাণ্ডিল, পুং. [স্থণ্ডিল+অ] স্থণ্ডিলশায়ী।

স্থাণ্বীশ্বর, পুং. [স্থাণু+ঈশ্বর] শিবলিঙ্গ বিশেষ।

স্থাতব্য, ত্রি. [স্থা+তব্য] স্থেয়, স্থানীয়।

স্থাতা, পুং, [স্থা+তৃ] স্থিতিকর্ত্তা; স্থিরীকারক।

স্থান, ন. [স্থা+অন] নীতিবেদিদিগের ত্রিবর্গান্তর্গত বর্গবিশেষ; সাদৃশ্য; অবকাশ, স্থিতি; সন্নিবেশ; বসতি; গ্রন্থসন্ধি; ভাজন, পাত্র; নিকট।

স্থানক, ন. [স্থান+ক] আলবাল, আলি; নগর; ফেণ।

স্থানচঞ্চলা, স্ত্রী. [স্থান+চঞ্চল-আ] বর্ব্বরীবৃক্ষ।

স্থানচ্যুত, ত্রি. [স্থান+চ্যুত] স্থানভ্রষ্ট।

স্থানপাল, পুং. [স্থান+পাল] স্থানরক্ষক।

স্থানভ্রষ্ট, ত্রি. [স্থান+ভ্রষ্ট] পদচ্যুত।

স্থানাধ্যক্ষ, পুং. [স্থান+অধ্যক্ষ] স্থানরক্ষক, স্থানিক। [রক্ষক।

স্থানিক, পুং. [স্থান+টক] স্থানাধ্যক্ষ, স্থান-

স্থানী, ত্রি. [স্থান+ইন্] স্থানবিশিষ্ট।

স্থানীয়, ন. [স্থা+অনীয়] নগর; (ত্রি.)

স্থানে, বা. যোগ্য; কারণার্থ; সাদৃশ্য; সত্য।
স্থাপক, ত্রি. [স্থা+ই+অক] স্থাপনকর্ত্তা।
স্থাপত্য, পুং. [স্থপতি+য] অন্তঃপুর-রক্ষক; (ন.) স্থপতির ভাব।
স্থাপন, ন. [স্থা+ই+অন] রোপণ; পুংসবন; সমাধি।
স্থাপনা, স্ত্রী. [স্থাপন+আ] স্থাপন, নিবেশন।
স্থাপনী, স্ত্রী. [স্থাপন+ঈ] পাঠা।
স্থাপনীয়, ত্রি. [স্থা+ই+অনীয়] স্থাপনার্হ, স্থাপনেরযোগ্য।
স্থাপয়িতা, ত্রি. [স্থাপ+তৃ] স্থাপনকর্ত্তা।
স্থাপিত, ত্রি. [স্থা+ইত] নিশ্চিত; ন্যস্ত।
স্থাপ্য, ত্রি. [স্থা+ই-য] স্থাপনীয়, রক্ষণীয়।
স্থাবর, ন. [স্থা+বর] ধনুর্গুণ; (পুং.) পর্ব্বত; (ত্রি.) জঙ্গমেতর অচলবস্তু; গোমহিষ্যাদির অন্য বৃক্ষাদি
স্থাবরাদি, ন. [স্থাবর+আদি] বৎসনাভবিষ।
স্থাবির, ন. [স্থবির+অ] স্থবিরত্ব, বৃদ্ধত্ব।
স্থাম, ন. [স্থা+মন্] সামর্থ, শক্তি, বল।
স্থায়িত্ব, ন. [স্থায়িন্+ত্ব] স্থিরীভাব; স্থিতিশীলতা।
স্থায়িভাব, পুং. [স্থায়িন্+ভাব] রসের ত্রিবিধভাবান্তর্গত ভাববিশেষ।
স্থায়ী, পুং. [স্থা+ইন্] ভাববিশেষ; (ত্রি) স্থিতিবিশিষ্ট।
স্থায়ুক, পুং. [স্থা+উক] একগ্রামাধিকৃত, একগ্রামে নিয়োজিত।
স্থাল, ন. [স্থল+অ] হেমাদিকৃত ভোজনপাত্র, থাল।
স্থালী, স্ত্রী. [স্থল্+অ-ঈ] পাকপাত্রবিশেষ, হাঁড়ী, থালা, তৎপর্য্যায়।—পিঠর, উখা, কুণ্ড, পিঠরী, স্থাল, উখা, কুণ্ডী, কুণ্ড, কুণ্ডাকা, পাক, পাতিলী; পাটলাবৃক্ষ।
স্থালীপক্ব, ত্রি. [স্থালী+পক্ব] স্থালীদ্বারা পক্ব অন্নাদি।
স্থালীপাক, পুং. [স্থালী+পাক] ভাজনপক্ব অন্নাদি।
স্থালীপুলাক, পুং. [স্থালী+পুলাক] ন্যায়
স্থালীবিল, ন. [স্থালী+বিল] পাকপাত্রের অভ্যন্তর, স্থালীর শূন্যভাগ।
স্থালীবিলীয়, ত্রি. [স্থালী+বিলীয়] পাকযোগ্য তণ্ডুলাদি।
স্থালীবৃক্ষ, পুং. [স্থালী+বৃক্ষ] তরুবিশেষ, (হিং) বেলিয়া পীপর, তৎপর্য্যায়।—নন্দীবৃক্ষ, অশ্বত্থভেদ, প্ররোহী, গজপাদপ, ক্ষয়তরু, ক্ষীরী, বনস্পতি।
স্থাসক, পুং. [স্থা+স-ক] চার্চ্চিক্য; জলাদির
স্থাস্নু, ন. [স্থা+স্নু] শারীরবল।
স্থাস্নু, ত্রি. [স্থা+স্নু] স্থিরতর; শাশ্বত; বৃক্ষ।
স্থিক, পুং. [স্থা+ইক] কটিপ্রোথ।
স্থিত, ত্রি. [স্থা+ইত] প্রতিজ্ঞাতবান্; ঊর্দ্ধ; নিশ্চল।
স্থিতপ্রজ্ঞ, ত্রি. [স্থিত+প্রজ্ঞ] মনোগত সর্ব্ববাসনারহিত।
স্থিতপ্রেমা, পুং. [স্থিত+প্রেমন্] স্থিরতরবন্ধু।
স্থিতি, স্ত্রী. [স্থা+তি] ন্যায্যপথ স্থিতি, তৎপর্য্যায়।—সংস্থা, মর্য্যাদা, ধারণা, সংস্থিতি; অবস্থান, তৎপর্য্যায়।—আস্যা আসনা; সীমা।
স্থির, ন. [স্থা+ইর] দেব; পর্ব্বত; কার্ত্তিকেয়; বৃক্ষ; শনি; মোক্ষ; অনড্বান্, বৃষ; ধববৃক্ষ; বৃষ সিংহ বৃশ্চিক কুম্ভরাশি; (ত্রি.) কঠিন; নিশ্চল। স্থিরবস্তু যথা।—যুদ্ধে প্রধানভট, সাধ্বী, ধর্ম্ম, অধর্ম্ম, সম্মান, কীর্ত্তি, যশঃ। অস্থির বস্তু যথা। অবলা, দোলা, অপাঙ্গ, যৌবন, দুর্জ্জন, স্বামিপ্রসাদ, হস্তিকর্ণ, স্বর্ণ, মৎস্য, কপি, শ্রীঃ, অভ্রচ্ছায়া, খলের সহিত প্রীতি, পরনারী সঙ্গ, জীবন, ধন, পুত্র, দার।
স্থিরগন্ধ, পুং, [স্থির+গন্ধ] চম্পকবৃক্ষ; (ত্রি.) স্থিরস্থায়ী সৌরভযুক্ত।
স্থিরগন্ধা, স্ত্রী. [স্থির+গন্ধা] পাটলাবৃক্ষ; কেতকী, কেয়াগাছ
স্থিরচক্র, পুং. [স্থির+চক্র] জিনবিশেষ, তৎপর্য্যায়।—মঞ্জুশ্রী, জ্ঞানদর্পণ, মঞ্জুভদ্র,

প্রজ্ঞাকায়, বাদিরাট্, নীলোৎপলী, মহারাজ, নীল, শার্দ্দূলবাহন, ধিয়াম্পতি, পূর্ব্বাজিন, খড়্গী, দণ্ডী, বিভূষণ, বালব্রত, পঞ্চচীর, সিংহকেলি, শিখাধর, বাগীশ্বর।

স্থিরচেতা, ত্রি. [স্থির+চেতস্] স্থিরচিত্ত।

স্থিরচ্ছদ, পুং. [স্থির+ছদ] ভূর্জ্জপত্র।

স্থিরচ্ছায়, পুং. [স্থির+ছায়া] বৃক্ষমাত্র, ছায়াতরু।

স্থিরজিহ্ব, পুং, [স্থির+জিহ্বা] মৎস্য।

স্থিরজীবিতা, স্ত্রী. [স্থির+জীবিত-আ] শাল্মলীবৃক্ষ।

স্থিরতর, ত্রি· [স্থির+তর] অতিশয়স্থির, তৎপর্য্যায়।—স্থাস্নু, স্থেয়ান, দৃঢ়তর, স্থেয়, অতিস্থির, স্থেষ্ঠ।

স্থিরদংষ্ট্র, পুং. [স্থির+দংষ্ট্রা] ভুজঙ্গ; বরাহাকৃতি বিষ্ণু; ধ্বনি।

স্থিরপত্র, পুং. [স্থির+পত্র] হিন্তাল, হেতালি।

স্থিরপুষ্প, পুং. [স্থির+পুষ্প] চম্পকবৃক্ষ; বকুল। [বৃক্ষ।

স্থিরপুষ্পী, পুং. [স্থির+পুষ্পী] তিলক-

স্থিরফলা, স্ত্রী. [স্থির+ফলা] কুষ্মাণ্ডী।

স্থিরমতি, স্ত্রী. [স্থির+মতি] নিশ্চলা বুদ্ধি; (ত্রি.) স্থিরবুদ্ধিযুক্ত।

স্থিরযোনি, পুং. [স্থির+যোনি] ছায়াতরু।

স্থিরযৌবন, পুং. [স্থির+যৌবন] বিদ্যাধর; (ত্রি.) চিরস্থায়িতরুণাবস্থা।

স্থিররঙ্গা, স্ত্রী. [স্থির+রঙ্গ-আ] নীলী, নীলগাছ।

স্থিররাগা, স্ত্রী. [স্থির+রাগ-আ] দারুহরিদ্রা।

স্থিরশ্রীঃ, ত্রি. [স্থির+শ্রী] স্থিরলক্ষ্মীযুক্ত।

স্থিরসাধনক, পুং. [স্থির+সাধনক] সিন্দুবার বৃক্ষ।

স্থিরসার, পুং. [স্থির+সার] শাকবৃক্ষ।

স্থিরা, স্ত্রী. [স্থির+আ] পৃথিবী; শালপর্ণী; কাকোলী; শাল্মলিবৃক্ষ; স্থৈর্য্যযুক্তাস্ত্রী।

স্থিরাংত্রিপ, পুং. [স্থির+অংত্রিপ] হিন্তালবৃক্ষ।

স্থিরায়ুঃ, পুং. [স্থির+আয়ুস্] শাল্মলিবৃক্ষ;

স্থুরী, পুং. [স্থুর+ইন্] স্থৌরী।

স্থূণা, স্ত্রী. [স্থূণ+আ] গৃহস্তম্ভ, খুঁটী; শূর্ম্মী, লৌহপ্রতিমা।

স্থূম, পুং. [স্থূম+অ] দীপ্তি, প্রকাশ; চন্দ্র।

স্থূর, পুং. [স্থা+উর] বৃষ, ষাঁড়; মনুষ্য।

স্থূরী, পুং. [স্থূর+ইন্] খরবৃষভেরন্যায় পৃষ্ঠদ্বারা ভারবাহক অশ্ব।

স্থূল, ত্রি. [স্থূল+অ] উপচিত অবয়ব, মোটা তৎপর্য্যায়।—পীন, পীব, পীবর, জড়; (ন.) কুট, সমূহ; (পুং.) পনস, কাঁটাল।

স্থূলক, পুং. [স্থূল+ক] তৃণবিশেষ, উলু; (ত্রি.) স্থূল, মোটা।

স্থূলকঙ্গু, পুং. [স্থূল+কঙ্গু] বরকধান্য।

স্থূলকণা, স্ত্রী. [স্থূল+কণা] স্থূলজীরক, মোটাজীরা।

স্থূলকণ্টক, পুং. [স্থূল+কণ্টক] জালবর্ব্বুর।

স্থূলকণ্টকিকা, স্ত্রী. [স্থূল+কণ্টক+ইক-আ] শাল্মলিবৃক্ষ। [কারী

স্থূলকণ্টা, স্ত্রী. [স্থূল+কণ্ট-আ] বৃহতী, কণ্ট-

স্থূলকণ্টিকা, স্ত্রী. [স্থূল+কণ্টিকা] শাল্মলিবৃক্ষ

স্থূলকন্দ, পুং. [স্থূল+কন্দ] রক্তলশুন; শূরণ ওল; হস্তিকন্দ; মাণকন্দ।

স্থূলকাষ্ঠধক্, পুং. [স্থূল+কাষ্ঠ+ধহ্] বৃহৎ কাষ্ঠাগ্নি, তৎপর্য্যায়।—স্কন্ধানল।

স্থূলকাষ্ঠাগ্নি, পুং. [স্থূল+কাষ্ঠ+অগ্নি] বৃহৎ কাষ্ঠানল, তৎপর্য্যায়।—স্কন্ধাগ্নি।

স্থূলচঞ্চু, পুং. [স্থূল+চঞ্চু] মহাচঞ্চুশাক।

স্থূলচাপ, পুং. [স্থূল+চাপ] তুলপরিষ্কারার্থধনুঃ, তুলচাপ, ধুনখারা।

স্থূলজীরক, পুং. [স্থূল+জীরক] জীরকবিশে কালজিরা, (হিং) নগরেলা, তৎপর্য্যায় কলৌঞ্জী, দিব্যা, উপকুঞ্চিকা, কাল পৃথ্বী, স্থূলকণা, পৃথু, মনোজ্ঞা, জারণী জীর্ণা, তরুণ, সুষবী, কারবী, পৃথ্বীকা।

স্থূলতা, স্ত্রী. [স্থূল+তা] স্থৈল্য, ঘনতা; নির্ব্বো (ন.) স্থূলত্ব।

স্থূলতাল, পুং. [স্থূল+তাল] হিন্তাল, হে তালি। [পর্ণী

স্থূলত্বচা, স্ত্রী. [স্থূল+ত্বচ-আ] কাশ্মরী গং

স্থূলদর্ভ, পুং. [স্থূল+দর্ভ] মুঞ্জ, কুশ।
স্থূলদলা, স্ত্রী. [স্থূল+দল-আ] গৃহকন্যা।
স্থূলনাল, পুং. [স্থূল+নাল] দেবনল।
স্থূলনাস, পুং. [স্থূল+নাস] শূকর, বরাহ।
স্থূলনাসিক, পুং. [স্থূল+নাসিকা] শূকর. বরাহ; (ত্রি.) পীননাসাযুক্ত।
স্থূলপট, পুং. [স্থূল+পট] পীবরবস্ত্রযুক্ত।
স্থূলপট্ট, পুং. [স্থূল+পট্ট] কার্পাস, কাবাস।
স্থূলপট্টাক, পুং. [স্থূল+পট্টাক] স্থূলবস্ত্র।
স্থূলপাদ, পুং. [স্থূল+পাদ] হস্তী।
স্থূলপুষ্প, পুং. [স্থূল+পুষ্প] বকবৃক্ষ; ঝণ্টুক্ষুপ।
স্থূলপুষ্পা, স্ত্রী. [স্থূল+পুষ্প-আ] পর্ব্বতজাত অপরাজিতা। [তিক্তা।
স্থূলপুষ্পী, স্ত্রী. [স্থূল+পুষ্প-ঈ] যব-
স্থূলফল, পুং. [স্থূল+ফল] শাল্মলিবৃক্ষ।
স্থূলফলা, স্ত্রী. [স্থূল+ফল-আ] শণপুষ্পী।
স্থূলবর্ত্মকৃৎ, পুং. [স্থূল+বর্ত্ম+কৃৎ] ব্রাহ্মণযষ্টিকা, বামনহাটীগাছ।
স্থূলবল্কল, পুং. [স্থূল+বল্কল] রক্তলোধ্র।
স্থূলবুদ্ধি, ত্রি. [স্থূল+বুদ্ধি] নির্ব্বোধ।
স্থূলবৃক্ষফল, পুং. [স্থূল+বৃক্ষ+ফল] স্নিগ্ধপিণ্ডীতক।
স্থূলবৈদেহী, স্ত্রী. [স্থূল+বৈদিহী] গজপিপ্পলী গজপিঁপুল। [জৈনবিশেষ।
স্থূলভদ্র, পুং. [স্থূল+ভদ্র] শ্রুতকেবলিনাম
স্থূলভূত, ন. [স্থূল+ভূত] পঞ্চীকৃতআকাশাদিভূত। [ফল।
স্থূলমরিচ, ন. [স্থূল+মরিচ] কক্কোলক, কোশ
স্থূলমূল, ন. [স্থূল+মূল] চাণক্যমূল।
স্থূললক্ষ, ত্রি. [স্থূল+লক্ষ] বহুপ্রদ, অতিশয় দাতা। [দাতা।
স্থূললক্ষ্য, ত্রি. [স্থূল+লক্ষ্য] বহুপ্রদ, বড়-
স্থূলশর, পুং. [স্থূল+শর] শরবিশেষ, মোটাশর, তৎপর্য্যায়।—মহাশর, স্থূলশায়ক, ইক্ষুরস, ক্ষুরপত্র, বহুমূল, দীর্ঘমূলক।
স্থূলশরীর, ন. [স্থূল+শরীর] ভৌতিক শরীর।
স্থূলশাটক, পুং. [স্থূল+শাটক] পীনবস্ত্র. মোটাকাপড়, তৎপর্য্যায়।—বরাসি,
স্থূলশাটিকা, স্ত্রী. [স্থূল+শাটক-আ] স্থূলবস্ত্র, বরাশি মোটাকাপড়।
স্থূলশাটিকা, স্ত্রী. [স্থূল+শাটিকা] স্থূলবস্ত্র, বরাশি, মোটাকাপড।
স্থূলশাটি, পুং. [স্থূল+শাটি] বরাশি, মোটাকাপড়।
স্থূলশালি, পুং. [স্থূল+শালি] শালিধান্যবিশেষ, তৎপর্য্যায়।—মহাশালি, স্থূলাঙ্গ স্থূলতণ্ডুল।
স্থূলশিরঃ, ন. [স্থূল+শিরস্] বৃহন্মস্তক; (ত্রি.) বৃহন্মস্তকযুক্ত।
স্থূলশীর্ষক, পুং, [স্থূল+শীর্ষক] বৃহৎকৃষ্ণপিপীলিকা।
স্থূলশীর্ষিকা, স্ত্রী. [স্থূল+শীর্ষিক-আ] ক্ষুদ্রপিপীলিকা; (ত্রি.) বৃহন্মস্তক।
স্থূলষট্পদ, পুং. [স্থূল+ষট্পদ] বরেল, বোলতা।
স্থূলস্কন্ধ, পুং. [স্থূল+স্কন্ধ] লকুচ, ডেও।
স্থূলহস্ত, ন. [স্থূল+হস্ত] হস্তিশুণ্ড, হাতির শুঁড়; (ত্রি.) পীনভুজ।
স্থূলক্ষেড়, পুং. [স্থূল+ক্ষেড়] বাণ, ইষু।
স্থূলা, স্ত্রী. [স্থূল+আ] গজপিপ্পলী, গজপিঁপুল; এর্ব্বারু; বৃহদেলা।
স্থূলাংশা, স্ত্রী. [স্থূল+অংশ-আ] গন্ধপত্রা।
স্থূলাম্র, পুং. [স্থূল+আম্র] মহারাজচূত।
স্থূলাস্য, পুং. [স্থূল+আস্য] সর্প; (ত্রি.) বৃহন্মুখ।
স্থূলী, পুং. [স্থূল+ইন্] উষ্ট্র, উট।
স্থূলৈরণ্ড, পুং. [স্থূল+এরণ্ড] বৃহৎএরণ্ডবৃক্ষ, তৎপর্য্যায়।—মহৈরণ্ড, মহাপঞ্চাঙ্গুল।
স্থূলেলা. স্ত্রী. [স্থূল+এলা] এলাবিশেষ, বড়এলাচি, তৎপর্য্যায়।—বৃহদেলা, ত্রিপুটা ত্রিদিবোদ্ভবা. সুরভীত্বক্, মহেলা, পৃথ্বী, কন্যা, কুমারিকা, কায়স্থা, গোপুটা, ভদ্রৈলা, কান্তা, ঘৃতাচীগর্ভসম্ভবা, ইন্দ্রাণী, দিব্যগন্ধা, ঐন্দ্রী।
স্থূলোচ্চয়, পুং. [স্থূল+উচ্চয়] গণ্ডোপল; হস্তিদিগের মধ্যমগতি; অসাকল্য;

স্থেয়, পুং, [স্থা+য] বিবাদপক্ষের নির্ণেতা; পুরোহিত; (ত্রি.) স্থিরতর।

স্থেয়ান্, ত্রি. [স্থির+ইয়স্] স্থিরতর; শাশ্বত, নিত্য।

স্থেষ্ঠ, ত্রি. [স্থির+ইষ্ঠ] অতিস্থির।

স্থৈর্য্য, ন. [স্থির+য] স্থিরত্ব, স্থিরতা।

স্থোরী, পুং. [স্থা+উরিন্] ভারবাহকঅশ্ব।

স্থৌণেয়, ন. [স্থূণা+এয়] গ্রন্থিপর্ণনামক গন্ধদ্রব্য, গাঁঠিয়ালা।

স্থৌণেয়ক, ন. [স্থৌণেয়+ক] সুগন্ধদ্রব্যবিশেষ, (হিং) থুনিয়া, তৎপর্য্যায়।—বর্হিশিখ, শুকচ্ছদ, ময়ূরচূড, শুকপুচ্ছক, বিকীর্ণরোম, কীরবর্ণক, বিকীর্ণসংজ্ঞ, হরিত।

স্থৌরী, পুং. [স্থা+উরিন্] খর বৃষভেরন্যায় পৃষ্ঠদ্বারা ভারবাহক অশ্ব, পৃষ্ঠ্য।

স্থৌলশীর্ষ, ত্রি. [স্থূলশীর্ষ+অ] বৃহৎমস্তকযুক্ত।

স্থৌল্য, ত্রি. [স্থূল+য] স্থূলতা, পীনতা।

স্নপন, ন. [স্না+অন] স্নান, অবগাহন।

স্নপিত, ত্রি. [স্না+ইত] কৃতস্নান, স্নানকরা।

স্নব, পুং. [স্নু+অ] স্রবণ, ক্ষরণ।

স্নসা, স্ত্রী. [স্নস+আ] স্নায়ু।

স্নাত, ত্রি. [স্না+ত] কৃতস্নাত, স্নানকরা।

স্নাতক, পুং. [স্নাত+ক] আপ্লুতব্রতী, সমাবর্ত্তনানন্তর গৃহস্থ।

স্নান, ন, [স্না+অন] মজ্জন, অবগাহন, তৎপর্য্যায়।—আপ্লাব, আপ্লব, অভিষেক, উপস্পর্শন, সবন, মজ্জন।

স্নানকুণ্ড, ন. [স্নান+কুণ্ড] স্নানপাত্র।

স্নানতৃণ, ন. [স্নান+তৃণ] কুশ, কুশা।

স্নানযাত্রা, স্ত্রী. [স্নান+যাত্রা] জ্যৈষ্ঠপৌর্ণমাসীতে বিষ্ণুর মহাস্নানরূপ উৎসব।

স্নানীয়, ত্রি. [স্না+অনীয়] স্নানযোগ্য; স্নানসম্পাদকদ্রব্য।

স্নাপিত, ত্রি. [স্নাপ+ইত] অবগাহিত, মজ্জিত।

স্নাব, পুং. [স্নাব+অ] স্নায়ু।

স্নায়ী, ত্রি. [স্নায়+ইন্] স্নানকর্ত্তা।

স্নায়ু, স্ত্রী. [স্না+য়ু] বায়ুবাহিনীনাড়ী, শিরা, তৎপর্য্যায়।—বস্নসা, স্নসা, নসা।

স্নায়র্ম্ম, ন. [স্নায়ু+অর্ম্মন্] নেত্ররোগবিশেষ

স্নিগ্ধ, পুং. [স্নিহ্+ত] বয়স্য, প্রিয়; রক্তএরণ্ড, সরলবৃক্ষ; (ত্রি.) স্নেহযুক্ত, অরূক্ষ, তৎপর্য্যায়।—চিক্কণ; মসৃণ, অমৃষ্ট, চিক্ক, চক্কণ; শিকৃথক; চিক্কণ।

স্নিগ্ধতণ্ডুল, পুং. [স্নিগ্ধ+তণ্ডুল] ষষ্টিশালি ষাটিধান

স্নিগ্ধতা, স্ত্রী. [স্নিগ্ধ+ত-আ] প্রিয়তা; প্রিয়

স্নিগ্ধদারু, পুং. [স্নিগ্ধ+দারু] সরলবৃক্ষ দেবদারু।

স্নিগ্ধপত্রক, পুং [স্নিগ্ধ+পত্রক] গণ্ডরতৃণ ঘৃতকরঞ্জ; গুচ্ছকরঞ্জ।

স্নিগ্ধপত্রা, স্ত্রী. পুং. [স্নিগ্ধ+পত্র-আ] বদরী পালক্য; কাশ্মরী।

স্নিগ্ধপিণ্ডীতক, পুং. [স্নিগ্ধ+পিণ্ডীতক] মদনবৃক্ষবিশেষ।

স্নিগ্ধফলা, স্ত্রী. [স্নিগ্ধ+ফল-আ] নাকুলী

স্নিগ্ধা, স্ত্রী. [স্নিগ্ধ+অ] মেদা।

স্নু, পুং. [স্না+উ] সানু, পর্ব্বতেরসমান ভূভাগ; (স্ত্রী.) স্নায়ু, বায়ুবাহিনীনাড়ী।

স্নুক্, স্ত্রী. [স্নুহ+ক্বিপ্] স্নুহীবৃক্ষ, সিজগাছ।

স্নুক্‌চ্ছদ, পুং. [স্নুক্+ছদ] ক্ষারকঞ্চুকীবৃক্ষ।

স্নুত, ত্রি. [স্নু+ত] ক্ষরিতজলাদি।

স্নুষা, স্ত্রী. [স্নু+স-আ] পুত্রবধূ; স্নুহীবৃক্ষ।

স্নুহা, স্ত্রী. [স্নুহ+আ] স্নুহীবৃক্ষ, সিজগাছ।

স্নুহি, স্ত্রী. [স্নুহ+ই] স্নুহী, মনসাসিজ।

স্নুহী, স্ত্রী. [স্নুহ+ঈ] বৃক্ষবিশেষ, মনসাসিজ, তৎপর্য্যায়।—সীহুণ্ড, বজ্রদ্রু, স্নুক্‌গুড়া, সমন্তদুগ্ধা, সিহুণ্ড, শাহুণ্ড, বজ্র, স্নুহা, স্নুহি, গুড়া, গুড়, বজ্রী, সুধা, বজ্রকণ্টক, কৃষ্ণসার

স্নেহ, পুং. [স্নিহ+অ] প্রেম; তৈলাদিরসবিশেষ; গুণবিশেষ।

স্নেহন, ন. [স্নিহ্+অন] তৈলমর্দ্দন, তৎপর্য্যায়।—স্নেহ, স্নিগ্ধতা, ম্রক্ষণ, ম্রক্ষ, অভ্যঞ্জ, অভ্যঞ্জন।

স্নেহপ্রিয়, পুং. [স্নেহ+প্রিয়] প্রদীপ; (ত্রি.) তৈলাদিপ্রিয়।

স্নেহবতী, স্ত্রী. [স্নেহ+বৎ+ঈ] মেদা; [illegible]

স্নেহবস্তি, স্ত্রী. [স্নেহ+বস্তি] অনুবাসনবস্তি তৈলপিচ্কিরী।

স্নেহবিদ্ধ, ন. [স্নেহ+বিদ্ধ] দেবদারু।

স্নেহবীজ, পুং. [স্নেহ+বীজ] পিয়ালবৃক্ষ; (ত্রি.) স্নেহকারণ।

স্নেহভূ, পুং. [স্নেহ+ভূ] শ্লেষ্মা, কফ, (ত্রি.) স্নিগ্ধভূমি।

স্নেহরঙ্গ, পুং [স্নেহ+রঙ্গ] তিল।

স্নেহা, পুং. [স্নিহ+ অন্] রোগবিশেষ; বন্ধু; চন্দ্র।

স্নেহান্বিত, ত্রি. [স্নেহ+অন্বিত] স্নেহযুক্ত।

স্নেহাশ, পুং. [স্নেহ+অশ] প্রদীপ; (বাং) চেরাক।

স্নেহিত, পুং. [স্নেহ্+ইত] বন্ধু; (ত্রি.) স্নেহযুক্ত।

স্নেহী, পুং. [স্নেহ্+ইন্] বয়সা, প্রিয়; চিত্রকর; (ত্রি.) স্নেহযুক্ত।

স্নেহু, পুং. [স্নিহ+উ] রোগবিশেষ; চন্দ্র।

স্পন্দ, পুং. [স্পন্দ্+অ] প্রস্ফুরণ, ঈষৎ কম্পন।

স্পন্দন, ন. [স্পন্দ্+অন্] প্রস্ফুরণ, ঈষৎ কম্পন।

স্পন্দিত, ত্রি, [স্পন্দ+ইত] কম্পিত, চালিত।

স্পরিতা, ত্রি. [স্পৃ+তৃ] দুঃখেরকারণ, শত্রু- দুর্জ্জন ও রোগাদি।　[ছোঁয়া।

স্পরিশ, পুং. [স্পৃশ্+অ] স্পর্শন, বায়ু;

স্পর্দ্ধা, স্ত্রী. [স্পৃধ্+অ-আ] সংহর্ষ; ক্রমে, উন্নতি; সাম্য

স্পর্দ্ধিত, ত্রি. [স্পৃধ+ইত] সংহর্ষিত, আস্পর্দ্ধা।

স্পর্শ, পুং. [স্পৃশ+অ] রুজা, রোগ; দান; স্পর্শন; স্পর্শক; সম্পরায়; প্রণিধি; উপতপ্তা; বর্গেরঅক্ষর; বায়ু; কামিদিগের বন্ধবিশেষ; ককারাদিবর্গপঞ্চক; ত্বক্ইন্দ্রিয়ের গ্রাহ্যগুণবিশেষ, ত্বগুপকার; পুরাণমতে একাদশবিধস্পর্শ যথা।—উষ্ণ, শীত, সুখ, দুঃখ, স্নিগ্ধ, বিশদ, খর, মৃদু, শ্লক্ষ্ণ, লঘু, গুরু; কঠিন।

স্পর্শক, ত্রি. [স্পৃশ+অক] স্পর্শনকর্ত্তা।

স্পর্শন, ন. [স্পৃশ্+অন] দান; স্পর্শ,

স্পর্শনীয়, ত্রি. [স্পৃশ্+অনীয়] স্পৃশ্যবস্তু।

স্পর্শবর্ণ, ন. [স্পর্শ+বর্ণ] ব্যঞ্জনের মধ্যে শ ষ স হ এইচারি বর্ণ।

স্পর্শমণি, পুং. [স্পর্শ+মণি] স্পর্শমাত্রে স্বর্ণজনক প্রস্তরবিশেষ, পরশপাতর।

স্পর্শমণিপ্রভব, ন. [স্পর্শমণি+প্রভব] স্বর্ণ সোণা।

স্পর্শলজ্জা; স্ত্রী. [স্পর্শ+লজ্জা] লজ্জালু বৃক্ষ।

স্পর্শশুদ্ধা, স্ত্রী. [স্পর্শ+শুদ্ধ-আ] শতমূলী- লতা।

স্পর্শস্যন্দ, পুং. [স্পর্শ+স্যন্দ] ভেক, ব্যাং।

স্পর্শা, স্ত্রী. [স্পৃশ+অ-আ] কুলটা, বেশ্যা।

স্পর্শানন্দা, স্ত্রী. [স্পর্শ+আনন্দ-আ] অপ্সরস, অপ্সরাঃ, স্বর্গবেশ্যা।

স্পর্শী, পুং. [স্পর্শ+ইন্] চর, গূঢ়পুরুষ।

স্পর্ষ্টা, পুং. [স্পৃশ্+তৃ] উপতাপমাত্র; রোগ।

স্পশ, পুং. [স্পশ্+অ] চর; অভিসর।

স্পষ্ট, ত্রি. [স্পশ্+ত] ব্যক্ত, তৎপর্য্যায়।— স্ফুট, প্রব্যক্ত, উল্বণ, উদ্রিক্ত, প্রকট।

স্পষ্টীকৃত, ত্রি. [স্পষ্ট+ঈ-কৃত] ব্যক্তীকৃত, স্পষ্টকরা।

স্পাশিত, ত্রি. [স্পশ+অ-তি] নিবারিত।

স্পৃক্, ত্রি. [স্পৃশ্+ক্বিপ] যদ্দ্বারা স্পর্শ করা যায়।　[শাক।

স্পৃক্কা, স্ত্রী. [স্পৃশ+ক+আ] পৃক্কা, পিড়িং-

স্পৃশা, স্ত্রী. [স্পৃশ্+অ-আ] ভুজঙ্গঘাতিনী- বৃক্ষ, কঙ্কালিকা।

স্পৃশী, স্ত্রী. [স্পৃশ্+ ঈ] কণ্টকারী।

স্পৃশ্য, ত্রি. [স্পৃশ্+য] স্পর্শনযোগ্য।

স্পৃষ্ট, ত্রি. [স্পৃশ্+ত] কৃতস্পর্শ, স্পর্শকরা।

স্পৃষ্টাস্পৃষ্ট, ন. [স্পৃষ্ট+আস্পৃষ্ট] পরস্পর স্পর্শন ছোঁয়াছোঁয়ি।

স্পৃষ্টাপৃষ্টি, ব্য. [স্পৃষ্ট+আপৃষ্টি] পরস্পর স্পর্শন ছোঁয়াছুয়ি।

স্পৃষ্টি, স্ত্রী. [স্পৃশ্+তি] স্পর্শ, তৎপর্য্যায়। পৃক্তি, স্পর্শন।

স্পৃহণীয়, ত্রি. [স্পৃহ+অনীয়] বাঞ্ছনীয়,

স্পৃহয়ালু, ত্রি. [স্পৃহ্+আলু] স্পৃহাশীল, লোভী।

স্পৃহা, স্ত্রী. [স্পৃহ্+অ-আ] ইচ্ছা, বাঞ্ছা।

স্পৃহ্য, পুং. [স্পৃহ্+য] মাতুলুঙ্গবৃক্ষ, (ত্রি.) বাঞ্ছনীয়। [রোগ।

স্পৃষ্টা, ত্রি. [স্পৃশ্+তৃ] উপতাপকমাত্র;

স্ফট, পুং. [স্ফট্+অ] ফণা।

স্ফটা, স্ত্রী. [স্ফট+আ] ফণা।

স্ফটিক, পুং. [স্ফট+ইক] সূর্য্যকান্তমণি; স্বনামখ্যাতমণি, ফটিক, তৎপর্য্যায়।—স্ফাটিক, স্ফাটক, ভাস্বুর, স্ফাটিকোপল শালিপিষ্ট, ধৌতশিল, সিতোপল, বিমল মণি, নির্ম্মলোপল, স্বচ্ছ, স্বচ্ছমণি, অমররত্ন, নিস্তুষরত্ন, শিবপ্রিয়।

স্ফটিকপ্রভ, ত্রি. [স্ফটিক+প্রভা] স্ফটিক মণির ন্যায় স্বচ্ছ।

স্ফটিকা, স্ত্রী. [স্ফটিক+অ-আ] স্ফটিকারী।

স্ফটিকাচল, পুং. [স্ফটিক+অচল] কৈলাস-পর্ব্বত।

স্ফটিকাত্মা, পুং, [স্ফটিক+আত্মন্] স্ফটিক।

স্ফটিকাদ্রিভিদ, পুং. [স্ফটিক+অদ্রি+ভিদ] কর্পূর।

স্ফটিকাভ্র, পুং. [স্ফটিক+আভ্র] কর্পূর।

স্ফটিকারি, স্ত্রী. [স্ফটিক+অরি] শ্বেতবর্ণ বণিকদ্রব্যবিশেষ, ফটকিরী।

স্ফটিকারিকা, স্ত্রী. [স্ফটিকারিক+আ] স্ফটিকারি।

স্ফটিকারী, স্ত্রী. [স্ফটিক+অরী] স্ফটিকারি।

স্ফটিকাশ্মা, পুং. [স্ফটিক+অশ্মন্] স্ফটিক মণি।

স্ফটী, স্ত্রী. [স্ফট+ঈ] শ্বেতবর্ণ বণিকদ্রব্য-বিশেষ, তৎপর্য্যায়।—স্ফটিকারি, স্ফটিকী, শ্বেতা, শুভ্রা, রঙ্গদা, রঙ্গদৃঢ়া, দৃঢ়রঙ্গা, রঙ্গাঙ্গা

স্ফরণ, ন. [স্ফর+অন] স্ফুরণ, কিঞ্চিচ্চলন।

স্ফাটক, ন. [স্ফটিক+অ] স্ফটিক; (পুং.) জলবিন্দু।

স্ফাটিক, ন. [স্ফটিক+অ] স্ফটিক।

স্ফাটিকোপল, পুং. [স্ফাটিক+উপল] স্ফটিক।

স্ফাটীক, ন. [স্ফট্+ঈক] স্ফটিক।

স্ফাত, ত্রি. [স্ফায়+ত] বৃদ্ধিযুক্ত।

স্ফাতি, স্ত্রী. [স্ফায়+তি] বৃদ্ধি।

স্ফার, ন. [স্ফুর্+অ] প্রচুর; (পুং.) বিকট; কণকাদির বুদ্বুদাকার; (ত্রি.) বিপুল।

স্ফারণ, ন. [স্ফর্+অন] স্ফুরণ, কিঞ্চিচ্চলন।

স্ফাল, পুং. [স্ফল্+অ] স্ফূর্ত্তি।

স্ফিক্, স্ত্রী. [স্ফিট্+ক্বিপ্] কটিপ্রোথ

স্ফিক্‌ঘাতনক, পুং. [স্ফিচ্+ঘাতনক] কট-ফল।

স্ফির, ত্রি. [স্ফায়+র] প্রচুর, অনেক।

স্ফীত, ত্রি. [স্ফায়+ত] বর্দ্ধিত, উন্নত।

স্ফুট, ত্রি. [স্ফুট্+অ] ব্যক্ত; প্রফুল্ল; শুক্ল; ভিন্ন; স্পষ্ট; ছিন্ন।

স্ফুটন, ন. [স্ফুট+অন] বিদারণ; বিকসন।

স্ফুটবন্ধনী, স্ত্রী. [স্ফুট+বন্ধন+ঈ] পারাবত-পদী, নকট্‌কী।

স্ফুটা, স্ত্রী. [স্ফুট+আ] কটা, ফণা।

স্ফুটি, স্ত্রী. [স্ফুট্+ই] পাদস্ফোটরোগ; নির্ভিন্ন কর্কটীফল।

স্ফুটিত, ত্রি. [স্ফুট+ইত] বিকসিত; ভিন্ন পরিহাসিত; ব্যক্তীকৃত।

স্ফুটী, স্ত্রী. [স্ফুট+ঈ] পাদস্ফোট রোগ; কর্কটীফল, ফুটী।

স্ফুৎকর, পুং. [স্ফুৎ+কর] অগ্নি।

স্ফুৎকার, পুং. [স্ফুৎ+কার] ফুৎকার, ফুঁদেওয়া

স্ফুর, পুং. [স্ফুর+অ] ফলক; স্ফুরণ।

স্ফুরণ, ন. [স্ফুর+অন] কিঞ্চিচ্চলন, তৎ-পর্য্যায়।—স্ফুরণ, স্ফুলন, স্ফোরণ, স্ফুর, স্ফুরণা, স্ফারণ; স্ফূর্ত্তি।

স্ফুরণা, স্ত্রী. [স্ফুরণ+আ] স্ফুরণ, কিঞ্চি-চ্চলন।

স্ফুরন্, ত্রি. [স্ফুর+অৎ] কম্পনযুক্ত, স্ফূর্ত্তি-বিশিষ্ট। [বিশিষ্ট।

স্ফুরিত, ত্রি. [স্ফুর্+ইত] স্ফুরণ; (ত্রি.) স্ফুরণ-

স্ফুর্জ্জক, পুং. [স্ফুর্জ্জ+ক] স্ফূর্জকবৃক্ষ।

স্ফুর্জ্জথু, পুং, [স্ফুর্জ্জ্+অথু] বজ্রপতনজনিত-শব্দ।

স্ফুল, ন. [স্ফুল+অ] বস্ত্রবেশ্ম, তাঁবু।
স্ফুলণ, ন. [স্ফুল্+অন] স্ফুরণ, কম্পন।
স্ফুলিঙ্গ, ত্রি. [স্ফু+লিঙ্গ] অগ্নিকণ, ফিন্কী, ফিন্কুটী
স্ফুলিঙ্গিনী, স্ত্রী. [স্ফুলিঙ্গিন্+ঈ] অগ্নিরসপ্ত-জিহ্বান্তর্গত জিহ্বাবিশেষ।
স্ফূর্জক, পুং. [স্ফূর্জ্+অক] তিন্দুকবৃক্ষ।
স্ফূর্জথু, পুং. [স্ফূর্জ+অথু] বজ্রপতনজনিত শব্দ, তৎপর্য্যায়।—বজ্রনিষ্পেষ, স্ফূর্জথু বিস্ফূর্জথু, বিস্ফূর্জথু, বজ্রনির্ঘোষ
র্ত্তি, স্ত্রী. [স্ফুর্+তি] স্ফুরণ, স্পন্দন।
স্ফূর্ত্তিমান্, ত্রি. [স্ফূর্ত্তি+মৎ] পাশুপত; স্ফূর্ত্তিবিশিষ্ট।
স্ফেয়ান্, ত্রি. [স্ফির+ঈয়স্] অতিশয়।
স্ফেষ্ঠ, ত্রি. [স্ফির+ইষ্ঠ] অতিশয়।
স্ফোট, পুং. [স্ফুট্+অ] স্ফোটক, ফোড়া, (ন.) অক্ষর ব্যূহসজ্ঞা।
স্ফোটক, পুং. [স্ফুট্+অক] রোগবিশেষ, ফোড়া, তৎপর্য্যায়।—পিড়ক, গণ্ড, স্ফোট, বিস্ফোট; (স্ত্রী.) পরিহাসভেদক।
স্ফোটন, ন. [স্ফুট+অন] বিদারণ; প্রকাশন।
স্ফোটনী, স্ত্রী. [স্ফোটন+ঈ] মণিশঙ্খবেধোপকরণ যন্ত্র, ভোওরী
স্ফোটবীজক, পুং. [স্ফোট+বীজক] ভল্লাতকবৃক্ষ।
স্ফোটা, স্ত্রী. [স্ফোট+আ] সর্পফণা।
স্ফোটায়ন, পুং. [স্ফোট+অয়ন] মুনিবিশেষ, তৎপর্য্যায়।—কাক্ষীবান্।
স্ফোটিকা, স্ত্রী. [স্ফোট+ইক-আ] হাপুত্রিকা, ফোটিকা।
স্ফ্য, ন. [স্ফ+য] খড়্গাকার কাষ্ঠ।
স্ম, ব্য. শ্লোকেরপাদপূরণ।
স্ময়, পুং. [স্মি+অ] অদ্ভুত; গর্ব্ব।
স্মর, পুং. [স্মৃ+অ] কামদেব।
স্মরকূপক, পুং. [স্মর+কূপক] ভগ, যোনি।
স্মরকূপিকা, স্ত্রী. [স্মর+কূপিকা] যোনি, ভগ।
স্মরগুরু, পুং. [স্মর+গুরু] বিষ্ণু।
স্মরগৃহ, ন. [স্মর+গৃহ] যোনি, ভগ।

স্মরচ্ছত্র, ন. [স্মর+ছত্র] যোনি, ভগ।
স্মরণ, ন. [স্মৃ+অন] স্মৃতি, তৎপর্য্যায়।—আধ্যান, চিন্তা, চর্চ্চা।
স্মরণাপত্যতর্পক, পুং. [স্মরণাপত্য+তর্পক] কচ্ছপ, কেশল। [স্মর্ত্তব্য।
স্মরণীয়, ত্রি. [স্মৃ+অনীয়] স্মরণযোগ্য,
স্মরদশা, স্ত্রী. [স্মর+দশা] কামাবস্থা।
স্মরধ্বজ, ন. [স্মর+ধ্বজ] যোনি, স্ত্রীলিঙ্গ; (পুং.) বাদ্য; লিঙ্গ।
স্মরধ্বজা, স্ত্রী. [স্মর+ধ্বজ-আ] জ্যোৎস্নারাত্রি। [পত্নী।
স্মরপ্রিয়া, স্ত্রী. [স্মর+প্রিয়-আ] রতি, মদন-
স্মরবল্লভ, পুং. [স্মর+বল্লভ] অনিরুদ্ধ, ঊষাপতি। [বারযোষিৎ।
স্মরবীথিকা, স্ত্রী. [স্মর+বীথিকা] বেশ্যা,
স্মরবৃদ্ধিসংজ্ঞ, পুং. [স্মর+বৃদ্ধিসংজ্ঞ] কাম বৃদ্ধিক্ষুপ। [লিঙ্গ।
স্মরমন্দির, ন. [স্মর+মন্দির] যোনি, স্ত্রী
স্মরলেখনী, স্ত্রী. [স্মর+লেখনী] শারিকা-পক্ষী। [সখা বসন্ত।
স্মরসখ, পুং. [স্মর+সখ] চন্দ্র; কামদেবের-
স্মরস্তম্ভ, পুং. [স্মর+স্তম্ভ] উপস্থ, পুংলিঙ্গ।
স্মরস্মর্য্য, পুং. [স্মর+স্মর্য্য] গর্দ্দভ, খর, গাদা।
স্মরহর, পুং. [স্মর+হর] শিব, মহাদেব।
স্মরাগার, ন. [স্মর+আগার] ভগ, স্ত্রীলিঙ্গ
স্মরাতুর, ত্রি. [স্মর+আতুর] স্মরার্ত্ত।
স্মরাঙ্কুশ, পুং. [স্মর+অঙ্কুশ] নখ।
স্মরাম্র, পুং. [স্মর+আম্র] রাজাম্র।
স্মরারি, পুং. [স্মর+অরি] শিব, মহাদেব।
স্মরাসব, পুং. [স্মর+আসব] লালা, মুখামৃত,
।
স্মর্ত্তব্য, ত্রি. [স্মৃ+তব্য] স্মরণের উপযুক্ত।
স্মর্য্যমাণ, ত্রি. [স্মৃ+মান] স্মরণকরণ।
স্মারক, ত্রি. [স্মৃ+অক] স্মৃতিশীল, স্মরণকারক।
স্মারণ, ন. [স্মৃ+অন] স্মৃতিজনক।
স্মার্ত্ত, ত্রি. [স্মৃতি+অ] স্মৃতি সম্বন্ধীয়; স্মৃতিশাস্ত্র ব্যবসায়ী; (ন.) স্মৃতি-

স্মিত, ন. [স্মি+ত] ঈষদ্ধাস্য; (ত্রি.) বিকসিত।

স্মিতদৃক, স্ত্রী. [স্মিত+দৃশ্] সুন্দরী স্ত্রী।

স্মৃত, ত্রি. [স্মৃ+ত] স্মৃতিবিষয়, কৃতস্মরণ।

স্মৃতি, স্ত্রী. [স্মৃ+তি] অনুভূতবিষয়, জ্ঞান; সামান্যাশ্রিত ক্রিয়াজন্য সংস্কারজনাজ্ঞান, তৎপর্য্যায়।—চিন্তা, আধ্যান, চিন্তিয়া, রভস, চিন্ত, আধ্যা, চিত্রিতি, ধ্যান, স্মরণ, চর্চ্চা; মন্বাদি প্রণীত শাস্ত্রবিশেষ, তৎপর্য্যায়।—ধর্ম্মসংহিতা, ধর্ম্মশাস্ত্র, সংহিতা, শ্রুতিজীবিকা।

স্মৃতিপথ, পুং. [স্মৃতি+পথ] স্মরণের বিষয়।

স্মৃতিবিরুদ্ধ, ত্রি. [স্মৃতি+বিরুদ্ধ] ধর্ম্মশাস্ত্র বিপরীত। [চিন্তাযুক্ত।

স্মৃতিমান্, ত্রি. [স্মৃতি+মৎ] স্মৃতিবিশিষ্ট,

স্মৃতিশাস্ত্র, ন. [স্মৃতি+শাস্ত্র] ধর্ম্মসংহিতা।

স্মৃতিহেতু, পুং. [স্মৃতি+হেতু] স্মরণের কারণ, তৎপর্য্যায়।—বাসনা, সংস্কার, ভাবনা।

স্মৃত্যপেত, ত্রি. [স্মৃতি+অপেত] স্মৃতিবিরুদ্ধ স্মৃতিশাস্ত্রের বিপরীত

স্মৃত্যুক্ত, ত্রি. [স্মৃতি+উক্ত] ধর্ম্মশাস্ত্রোক্ত।

স্মের, ত্রি. [স্মি+র] বিকসিত; ঈষৎহসনশীল।

স্মেরবিষ্কির, পুং. [স্মের+বিষ্কির] ময়ূর, কলাপী। [যুক্ত মুখ।

স্মেরানন, ন. [স্মের+আনন] ঈষৎহাস্য-

স্যদ, পুং. [স্যদ্+অ] বেগ, শীঘ্রতা।

স্যন্দ, পুং, [স্যন্দ+অ] স্যন্দন, ক্ষরণ।

স্যন্দন, ন. [স্যন্দ্+অন] ক্ষরণ; জল; গমন; (পুং.) চক্রযুক্তযুদ্ধ প্রয়োজনযান, যুদ্ধের রথ; তিনিশবৃক্ষ; জিনবিশেষ; বায়ু; (ত্রি.) শীঘ্র।

স্যন্দনদ্রুম, পুং. [স্যন্দন+দ্রুম] তিনিশবৃক্ষ।

স্যন্দনারোহ, পুং. [স্যন্দন+আরোহ] রথযোদ্ধা, রথী।

স্যন্দনি, পুং. [স্যন্দ+অনি] তিনিশবৃক্ষ।

স্যন্দনী, স্ত্রী. [স্যন্দন+ঈ] লালা, মুখামৃত, থুথু; মূত্রনাড়ী। [মৃত।

স্যন্দিনী. স্ত্রী. [স্যন্দ+ইন্+ঈ] লালা, মুখা-

স্যন্দী, ত্রি. [স্যন্দ্+ইন্] স্রাবক, শ্রবণকারী।

স্যন্ন, ত্রি. [স্যন্দ+ত] স্রোতজলাদি।

স্যমবীণ, ত্রি. [স্যম+বীণ] স্তুত, কৃতস্তব।

স্যমন্তক, পুং. [সামন্ত+ক] সূর্য্যকান্তমণি; মণিবিশেষ।

স্যমীক, পুং. [স্যম+ইক] বল্মীক; বৃক্ষবিশেষ; কাল, মেঘ।

স্যমীকা. স্ত্রী. [স্যমীক+আ] নীলিকা।

স্যানা, (প্রা) চতুর, চালাক।

স্যাল, পুং. [স্যো+ল] শ্যালক, শালা।

স্যূত্র, ন. [স্যো+ত্র] আহ্লাদ, হর্ষ।

স্যূত, ত্রি. [সিব+ত] সূত্রিত, তন্তুসন্তত, বোনা, তৎপর্য্যায়।—উত, উত; (পুং.) সূত্ররচিত ভাণ্ড; থোকড়া, তৎপর্য্যায়। প্রসেব, স্যূন, স্যোন, ধৌতকট, স্যোত।

স্যূতি, স্ত্রী. [সিব+তি] সূচ্যাদিদ্বারাবস্ত্রাদি সীবন, সীবনী, সেলাই, তৎপর্য্যায়।—সেবন, সীবন, উতি, ব্যূতি।

স্যূন, পুং. [সিব+ন] কিরণ; সূর্য্য; স্যূত, ধুকড়ী। [কিরণ।

স্যূম, ন. [সিব+ম] জল; রশ্মি; (পুং.)

স্যোত, পুং. [সিব+ত] স্যূত, বোনা।

স্যোন, পুং. [সিব+ন] ধৌতকট, ধুকুড়ী সূর্য্য; কিরণ; (ন.) আনন্দ।

স্রংসন, ন. [স্রন্স+অন] উর্দ্ধগতদোষের অধোনয়ন। [বৃক্ষ।

স্রংসিনীফল, পুং. [স্রংসিনী+ফল] শিরীষ-

স্রংসী, পুং. [স্রন্স+ইন্] পীলুবৃক্ষ; (ত্রি.) অধঃপতনশীল

স্রক, স্ত্রী. [স্রজ্+ক্বিপ] মালা; মস্তকে-অর্পিত পুষ্পসমূহ।

স্রগ্, স্ত্রী. [স্রজ্+ক্বিপ্] মালা; শিরোন্যস্ত পুষ্পসমূহ।

স্রগ্বান্, ত্রি. [স্রজ্+বৎ] মাল্যবিশিষ্ট।

স্রগ্বী, ত্রি. [স্রজ্+বিন্] মাল্যবিশিষ্ট।

স্রজিষ্ঠ, ত্রি. [স্রজ্+ইষ্ঠ] মাল্যবিশিষ্ট।

স্রজীয়ান্, ত্রি. [স্রজ্+ঈয়স্] মালবিশিষ্ট।

স্রষ্টা, পুংস্ত্রী. [স্রজ+বন্] প্রজাপতি; রজ্জু তন্তুপট সমূহ।

স্রদ্ধু, স্ত্রী. [স্বধ+রু] বাতকর্ম্ম, মরুৎক্রিয়া।

স্রব, পুং. [স্রু+অ] স্রবণ, তৎপর্য্যায়।—স্রাব, শ্রব, প্রস্রাধ, স্রুব; নির্ঝর, তৎপর্য্যায়।—সর, সরি, উৎস, প্রস্রবণ।

স্রবণ, ন. [স্রু+অন্] মূত্র; ঘর্ম্ম; ক্ষরণ।

স্রবদ্গর্ব্ভা, স্ত্রী.[স্রবৎ+গর্ব্ভ-আ] দৈববশহেতু পতিত গর্ব্ভা গো, তৎপর্য্যায়।—অবতোকা; পতিতগর্ব্ভামাত্র।

স্রবদ্রঙ্গ, পুং. [স্রবৎ+রঙ্গ] পণগ্রন্থি, (বাং) বাজার।

স্রবন্তী, স্ত্রী. [স্রবৎ+ঈ] নদী; গুল্মস্থান; ওষধিবিশেষ; (ত্রি.) ক্ষরণবিশিষ্ট।

স্রবা, স্ত্রী. [স্রু+অ-আ] মূর্ব্বালতা।

স্রষ্টা, পুং. [সৃজ্+তৃ] ব্রহ্মা; শিব; সৃষ্টিকর্ত্তা।

স্রস্ত, ত্রি. [স্রন্স+ত] চ্যুত, ক্ষরিত।

স্রস্তর, পুং. [স্রস্ত+র] আসন, উপবেশনার্থ আধার।

স্রাক্, বা. দ্রুত, শীঘ্র।

স্রাব, পুং. [স্রু+অ] স্রব, ক্ষরণ।

স্রাবক, ন. [স্রু+অক] মরীচ, (ত্রি.) ক্ষরক।

স্রাবণী, স্ত্রী. [স্রাবণ+ঈ] ঋদ্ধিবৃক্ষ।

স্রুক্, স্ত্রী. [স্রুচ+ক্বিপ] যজ্ঞপাত্রবিশেষ।

স্রুগ্, স্ত্রী. [স্রুচ্+ক্বিপ্] যজ্ঞপাত্রবিশেষ।

স্রুগ্দারু, ন. ন. [স্রুচ্+দারু] ব্যাঘ্রপাদ্ বৃক্ষ। [সাজিমাটী।

স্রুঘ্নী, স্ত্রী. [স্রুঘ্ন+ঈ] স্বর্জ্জিকাক্ষার,

স্রুত, ত্রি. [স্রু+ত] ক্ষরিতজলাদি, তৎপর্য্যায়।—স্কন্ন, রীণ, চ্যুত; স্নুত, ক্ষরিত।

স্রুতা, স্ত্রী. [স্রুত+আ] হিঙ্গুপত্রী।

স্রুব, পুং.স্ত্রী.[স্রু+অ] যজ্ঞপাত্র বিশেষ।

স্রুবা, স্ত্রী. [স্রুব+আ] শল্লকী; মূর্ব্বালতা।

স্রুবাবৃক্ষ, পুং. [স্রুবা+বৃক্ষ] বিকঙ্কতবৃক্ষ।

স্রূ, স্ত্রী. [স্রু+উ] যজ্ঞপাত্রবিশেষ; নির্ঝর।

স্রোতঃ, ন. [স্রোত+অস্] স্বাভাবিক অম্বুনিঃসরণ; বেগে জলবহন।

স্রোত, ন, [স্রু+ত] স্বাভাবিকজলনিঃসরণ।

স্রোতঈশ, পুং. [স্রোতস্+ঈশ] সমুদ্র, স্রোতস্বতী. স্ত্রী. [স্রোতস্+বৎ-ঈ] নদী, সরিৎ। [তটিনী।

স্রোতস্বিনী, স্ত্রী. [স্রোতস্+বিন্-ঈ] নদী,

স্রোতস্ক, পুং. [স্রোতস্+ক] শিব; চৌর।

স্রোতোঞ্জন, ন. [স্রোতস্+অঞ্জন] যমুনার স্রোতহইতে উৎপন্ন অঞ্জন, তৎপর্য্যায়। সৌবীর, কাপোতাঞ্জন, যামুন, বারিভব, স্রোতোভাব, স্রোতনদীভব, সৌবীরসার, কপোসার, বল্মীকশীর্ষ।

স্রোতোবহা, স্ত্রী. [স্রোতস্+বহ-আ] নদী, তটিনী।

স্ব, পুং.ন. [স্ব+অ] ধন; (ত্রি.) আত্মীয়; (পুং.) জ্ঞাতি; আত্মা।

স্বক, ত্রি. [স্ব+ক] স্বীয়, আত্মীয়।

স্বকম্পন, ন. [স্ব+কম্পন] বায়ু, বাতাস।

স্বকর্ম্ম, ন. [স্ব+কর্ম্মন্] আত্মকৃতকার্য্য।

স্বকর্ম্মকৃৎ, ত্রি. [স্বকর্ম্ম+কৃৎ] নিজকার্য্যকারী।

স্বকীয়, ত্রি. [স্বক+ঈয়] স্বীয়, তৎপর্য্যায়। নিজ, আত্মীয়, স্ব।

স্বকুলক্ষয়, পুং. [স্বকুল+ক্ষয়] মৎস্য; নিজবংশনাশ; (ত্রি.) স্বকুলক্ষয়কর্ত্তা; তদ্বিশিষ্ট।

স্বকৃত, ত্রি. [স্ব+কৃত] নিজদ্বারা কৃত।

স্বগণ, পুং; [স্ব+গণ] নিজপরিবার; আত্মপক্ষ।

স্বগত, ন. [স্ব+গত] মনোগত, মনঃস্থিত; (ত্রি.) আত্মপ্রাপ্ত; আত্মীয় হইতে আগত।

স্বগৃহ, পুং. [স্ব+গৃহ] কলিকারপক্ষী; (পুং.ন.) নিজালয়।

স্বগুপ্তা, স্ত্রী. [স্ব+গুপ্ত-আ] শূকশিম্বী; লজ্জালুলতা।

স্বঙ্গ, ত্রি. [সু+অঙ্গ] সুন্দরঅঙ্গবিশিষ্ট; সিংহসংহনন; (ন.) শোভনঅবয়ব।

স্বচ্ছ, ন. [সু+অচ্ছ] নির্ম্মলোপরস; মুক্তা; (ত্রি.) রোগবিমুক্ত; শুক্ল; নির্ম্মল; (পুং.) স্ফটিক।

স্বচ্ছতা, স্ত্রী. [স্বচ্ছ+ত-আ] নির্ম্মলতা, পরি-

স্বচ্ছন্দ, ক্রি. [স্ব+ছন্দ] স্বাধীন, স্বতন্ত্র।
স্বচ্ছপত্র, ন. [স্বচ্ছ+পত্র] অভ্রক।
স্বচ্ছবালুক, ন. [স্বচ্ছ+বালুক] বিমলোপরস।
স্বচ্ছমণি, পুং. [স্বচ্ছ+মণি] স্ফাটিক।
স্বচ্ছল, (প্রা) প্রতুল; দাতা।
স্বচ্ছা, স্ত্রী. [স্বচ্ছ+আ] শ্বেতদূর্ব্বা।
স্বজ, ন. [স্ব+জন্-অ] রক্ত; (পুং.) পুত্র; স্বেদ, ঘর্ম্ম, (ত্রি.) আত্মজাত।
স্বজন, পুং. [স্ব+জন] জ্ঞাতি; আত্মীয়লোক।
স্বজা, স্ত্রী. [স্বজ+আ] কন্যা, পুত্রী।
স্বজাতি, স্ত্রী. [স্ব+জাতি] নিজবর্ণ, আপনজাতি। [বিশ্ব।
স্বজাতীয়, ত্রি. [স্ব+জাতীয়] স্বীয়বর্ণ, স্বশ্রে-
স্বজ্ঞান, ন. [স্ব+জ্ঞান] আত্মবোধ, নিজবুদ্ধি।
স্বতঃ, ব্য. [স্ব+তস্] আত্মনঃ, আপনহইতে।
স্বতন্ত্র, ত্রি. [স্ব+তন্ত্র] স্বাধীন, তৎপর্য্যায়। অপাবৃত, স্বৈরী, স্বচ্ছন্দ, নিরবগ্রহ, নির্যন্ত্রণ, যথাকামী, নিরর্গল, নিরঙ্কুশ, স্বরুচি।
স্বত্র, পুং. [স্ব+ত্র] অন্ধ, দর্শনহীন।
স্বত্ব, ন. [স্ব+ত্ব] শাস্ত্রসম্মত যথেষ্ট বিনিয়োগেরযোগ্য; সপ্তপদার্থের অতিরিক্ত পদার্থ।
স্বত্বনিবৃত্তি, স্ত্রী. [স্বত্ব+নিবৃত্তি] স্বীয় বিষয়াদি হইতে বঞ্চিত।
স্বত্ববোধন, ন. [স্বত্ব+বোধন] স্বীয়অধিকার সপ্রমাণ।
স্বত্বব্যভিচারিত্ব, ন. [স্বত্ব+ব্যভি+চারিত্ব] স্বীয় অধিকারের, অপ্রমাণ।
স্বত্বহানি, স্ত্রী. [স্বত্ব+হানি] স্বত্বাভাব।
স্বত্বাভাব. পুং. [স্বত্ব+অভাব] স্বীয় অধিকারিত্বের অভাব।
স্বত্বাস্পদ, ন. [স্বত্ব+আস্পদ] অধিকারের বিষয়, অধিকৃত।
স্বদন, ন. [স্বদ+অন] ভক্ষণ; লেহ, চাটা।
স্বদার, পুং. [স্ব+দার] স্বস্ত্রী, স্বীয়াভার্য্যা।
স্বদারনিরত, ত্রি. [সদার+নিরত] স্বীয়ভার্য্যাতে

স্বদিত, ত্রি, [স্বদ+ইত] কৃতভক্ষণ
স্বদেশ, পুং. [স্ব+দেশ] আপনার দেশ; জন্মস্থান।
স্বদেশী, পুং. [স্ব+দেশী] একদেশস্থ, একদেশের নিবাসী।
স্বদেশীয়, ত্রি. [স্ব+দেশীয়] একদেশে উৎপন্ন।
স্বধর্ম্ম, ন. [স্ব+ধর্ম্ম] স্বজাতিউক্ত আচার, নিজধর্ম্ম।
স্বধা, ব্য. [স্ব+ধা] পিতৃ দেবোদ্দেশে হবির্দ্দানমন্ত্র; (স্ত্রী.) দক্ষকন্যা, পিতৃগণের পত্নী; ব্রহ্মার মানসী কন্যা।
স্বধাপ্রিয়, পুং. [স্বধা+প্রিয়] পিতৃলোক; কৃষ্ণতিল; অগ্নি।
স্বধাভুক্, পুং. [স্বধা+ভুজ্] পিতৃগণ দেবতা।
স্বধিতি, পুং.স্ত্রী. [স্ব+ধিতি] কুঠার, পরশু, কুড়াল।
স্বধিতিহেতিক, পুং. [স্বধিতি+হেতিক] পরশুধারিযোদ্ধা। [ধীত।
স্বধীত, ত্রি. [সু+অধীত] উত্তমরূপে অ-
স্বন, পুং. [স্বন্+অ] শব্দ, ধ্বনি।
স্বনগর, ন. [স্ব+নগর] স্বদেশ।
স্বনচক্র, পুং. [স্বন+চক্র] রতিবন্ধবিশেষ।
স্বনি, পুং. [স্বন্+ই] শব্দ, ধ্বনি।
স্বনিত, ন. [স্বন্+ইত] গর্জ্জিত, মেঘশব্দ; (ত্রি.) ধ্বনিত, শব্দিত।
স্বনিতাহ্বয়, পুং. [স্বনিত+আহ্বয়] তণ্ডুলীয়।
স্বনুষ্ঠিত, ত্রি. [সু+অনুষ্ঠিত] উত্তমরূপে অনুষ্ঠিত।
স্বনোৎসাহ, পুং. [স্বন+উৎসাহ] গণ্ডক।
স্বপন, ন. [স্বপ্+অন] নিদ্রা।
স্বপক্ষ, পুং. [স্ব+পক্ষ] নিজদল, আত্মগণ।
স্বপিণ্ডা, স্ত্রী. [স্ব+পিণ্ড-আ] পিণ্ডখর্জুরী।
স্বপিতিকর্ম্মা, পুং. [স্বপিতি+কর্ম্মন্] শয়নকর্ত্তা, তদ্বৈদিক পর্য্যায়।—স্বপিতি, স্বপ্ত।
স্বপ্ন, পুং. [স্বপ্+ন] নিদ্রা; প্রসুপ্ত ব্যক্তির

স্বপ্নকৃৎ, ন. [স্বপ্ন+কৃৎ] সুনিষণ্ণক, সুষনী-শাক; (ত্রি.) স্বপ্নকারক।

স্বপ্নজ, ত্রি. [স্বপ্ন+জ] নিদ্রাশীল।

স্বপ্নদোষ, পুং. [স্বপ্ন+দোষ] নিদ্রাবস্থায় রেতস্খলন।

স্বপ্ননিকেতন, ন. [স্বপ্ন+নিকেতন] স্বপ্নগৃহ।

স্বপ্নবৎ, ত্রি. [স্বপ্ন+বৎ] অবাস্তব, মিথ্যা।

স্বপ্নবিচারী, ত্রি. [স্বপ্ন+বিচারিন্] স্বপ্নবিচার-কর্ত্তা, শুভাশুভ স্বপ্নব্যাখ্যা কর্ত্তা।

স্ববশ, ত্রি. [স্ব+বশ] স্বাধীন, আত্মবশ।

স্ববাসিনী, স্ত্রী. [স্ব+বাসিন্-ঈ] বিবাহিত বা অবিবাহিতা পিতৃগৃহস্থিতা কন্যা, চিরিণ্টী

স্ববীজ, পুং. [স্ব+বীজ] আত্মা; (ন.) নিজ-কারণ; স্বীয়বীর্য্য

স্বভাজন, ন. [স্ব+ভাজন] আনন্দন, আহ্লাদ করণ।

স্বভাব, পুং. [স্ব+ভাব] স্বকীয়ভাব, তৎ-পর্য্যায়।—সংসিদ্ধি, প্রকৃতি, স্বরূপ, নিসর্গ, ভাব, স্বর্গ। [স্বরূপতঃ।

স্বভাবতঃ, ত্রি. [স্বভাব+তস্] প্রকৃতিবশতঃ

স্বভিন্ন, ত্রি. [স্ব+ভিন্ন] আত্মহইতে পৃথক্।

স্বভূ, পুং. [স্ব+ভূ] বিষ্ণু; ব্রহ্মা; শিব।

স্বমেক, পুং. [স্বম্+এক] সম্বৎসর।

স্বয়ং, ব্য. আত্মনা, আপনি।

স্বয়ংকৃত, ত্রি. [স্বয়ং+কৃত] আত্মকৃত।

স্বয়ংগুপ্তা, স্ত্রী. [স্বয়ং+গুপ্ত-আ] শূক-শিম্বিকা॥

স্বয়ংদত্ত, পুং. [স্বয়ং+দত্ত] দ্বাদশবিধ পুত্রা-ন্তর্গত পুত্রবিশেষ; (ন.) স্বীয়দত্ত।

স্বয়ংবরা, স্ত্রী. [স্বয়ম্+বর-আ] যে স্ত্রী আপনি পতিকে বরণ করে, তৎপর্য্যায়।—পতিং বরা, বর্য্যা।

স্বয়ংহারিকা, স্ত্রী. [স্বয়ং+হারিকা] স্ত্রী বিশেষ।

স্বয়মুপস্থিতা, স্ত্রী. [স্বয়ং+উপস্থিত-আ] স্বয়মাগতা।

স্বয়ম্প্রভ, পুং. [স্বয়ং+প্রভ] স্বপ্রকাশ; চতু-র্ব্বিংশতিভাবি জিনান্তর্গত জিনবিশেষ।

স্বয়ম্ভুব, পুং. [স্বয়ং+ভুব] আদি মনু; ব্রহ্মা।

স্বয়ম্ভুবা, স্ত্রী. [স্বয়ম্ভুব+আ] ধূম্রপত্রা।

স্বয়ম্ভু, পুং. [স্বয়ং+ভূ] ব্রহ্মা; জিনচক্রবর্ত্তি-বিশেষ, রুদ্রতনয়; কাল; কামদেব; বিষ্ণু; শিব; মাষপর্ণী; লিঙ্গিনী।

স্বযোনি, ত্রি. [স্ব+যোনি] মাতৃসম্বন্ধীয়কুটু-ম্বাদি; (স্ত্রী.) ভগ্নী

স্বর্, ব্য. স্বর্গ; পরলোক; আকাশ; শোভন;

স্বর, পুং. [স্বৃ+অ] উদাত্তাদিত্রয়; অকারাদি বর্ণ, তন্নামান্তরাণি যথা।—অচ্, মাত্রা; তদ্বর্ণ যথা।—অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, ৠ, ঌ, ৡ, এ, ঐ, ও, ঔ, অং, অঃ।

স্বরপত্তন, ন. [স্বর+পত্তন] সামবেদ।

স্বরভঙ্গ, পুং. [স্বর+ভঙ্গ] গলরোগবিশেষ; মুনিবিশেষ।

স্বরভঙ্গী, পুং. [স্বর+ভঙ্গিন্] পক্ষিবিশেষ।

স্বরভেদ, পুং. [স্বর+ভেদ] স্বরভঙ্গরোগ।

স্বরমণ্ডলিকা, স্ত্রী. [স্বর+মণ্ডলিক-আ] বীণা-বিশেষ, সুরমণ্ডলিকা। [বাঁশী।

স্বরনাসিকা, স্ত্রী. [স্বর+নাসিকা] বংশী,

স্বরস, পুং. [স্ব+রস] শিলাপিষ্ট কল্ক; কষায় বিশেষ। [গায়ত্রী সপত্নী।

স্বরা, স্ত্রী. [স্বর+আ] ব্রহ্মার জ্যেষ্ঠাপত্নী,

স্বরাংশ, পুং. [স্বর+অংশ] সংগীত বিষয়ে স্বরের অর্দ্ধ বা একপাদ।

স্বরাট্, পুং. [স্ব+রাজ্] বেদের ছন্দোবিশেষ; ব্রহ্মা; স্বয়ংদীপ্ত।

স্বরাপগা, স্ত্রী. [স্বর+অপগা] স্বর্গঙ্গা।

স্বরালু, পুং. [স্বর+আলু] বচা, বচ।

স্বরিত, পুং. [স্বর+ইত] স্বরবিশেষ, উদাত্তা-দিত্রয়; (ত্রি.) স্বরযুক্ত।

স্বরুঃ, পুং. [স্বৃ+উস্] বজ্র, অশনি।

স্বরু, পুং. [স্বৃ+উ] বজ্র; যূপখণ্ড; বজ্র; শর; সূর্য্যরশ্মি; বৃশ্চিকবিশেষ।

স্বরুচি, ত্রি. [স্ব+রুচি] স্বতন্ত্র, (স্ত্রী.) স্বেচ্ছা।

স্বরূপ, ন. [স্ব+রূপ] স্বভাব; নিজরূপ; (ত্রি.) পণ্ডিত; মনোজ্ঞ, তৎপর্য্যায়।—প্রাপ্তরূপ, অভিরূপ।

স্বরূপতা, স্ত্রী. [স্বরূপ+ত-আ] স্বরূপত্ব,

স্বরূপযোগ্যতা, স্ত্রী. [স্বরূপ+যোগ্যতা] সাদৃশ্য; ক্ষমতা।

স্বরূপাখ্যান, ন. [স্বরূপ+আখ্যান] যথার্থ কথন, প্রকৃত কথন।

স্বরেণু, স্ত্রী. [স্ব+রেণু] সূর্য্যপত্নীবিশেষ, সংজ্ঞা। [বিশেষ।

স্বরোদয়, পুং. [স্বর+উদয়] স্বরজ্ঞাপক গ্রন্থ-

স্বর্গ, পুং. [স্বর+গম্-অ] দেবতারআলয়, তৎপর্য্যায়।—স্বঃ, নাক, ত্রিদিব, ত্রিদশালয়, সুরলোক, দ্যো, দ্যৌ, ত্রিপিষ্টপ, মন্দর, অবরোহ, গৌ, রমতি, ফলোদয়, দেবলোক, স্বর্লোক, উর্দ্ধলোক, সুখাধার, সৌরিক, শক্রভুবন, দিবান।

স্বর্গগামী, ত্রি. [স্বর্গ+গামিন্] স্বর্গগমনকর্ত্তা।

স্বর্গঙ্গা, স্ত্রী. [স্বর্+গঙ্গা] মন্দাকিনী।

স্বর্গজিৎ, ত্রি. [স্বর্গ+জিৎ] স্বর্গজেতা।

স্বর্গণিকা, স্ত্রী. [স্বর্+গণিকা] স্বর্গবেশ্যা, অপ্সরা।

স্বর্গপতি, পুং. [স্বর্গ+পতি] ইন্দ্র, স্বরপতি।

স্বর্গবধূ, স্ত্রী. [স্বর্গ+বধূ] অপ্সরা, স্বর্বেশ্যা।

স্বর্গলোক, পুং. [স্বর্গ+লোক] দেবলোক।

স্বর্গভর্ত্তা, পুং. [স্বর্গ+ভর্ত্তৃ] ইন্দ্র,দেবরাজ।

স্বর্গলোকেশ, পুং. [স্বর্গলোক+ঈশ] শরীর; ইন্দ্র।

স্বর্গসরিদ্বরা, স্ত্রী. [স্বর্গ+সরিদ্বরা] গঙ্গা, মন্দাকিনী।

স্বর্গাপগা, স্ত্রী. [স্বর্গ+অপগ-আ] গঙ্গা।

স্বর্গিগিরি, পুং.[স্বর্গি+গিরি] সুমেরুপর্ব্বত।

স্বর্গিবধূ, স্ত্রী. [স্বর্গি+বধূ] অপ্সরাঃ, স্বর্বেশ্যা।

স্বর্গিরি, পুং. [স্বর+গিরি] সুমেরুপর্ব্বত।

স্বর্গী, পুং. [স্বর্গ+ইন্] দেবতা; (ত্রি.) স্বর্গগমনকর্ত্তা।

স্বর্গৌকাঃ, পুং. [স্বর্গ+ওকস্] দেবতা।

স্বর্গ্য, ত্রি. [স্বর্গ+য] স্বর্গীয়, স্বর্গগত।

স্বর্জ্জিক, পুং. [স্বর্জ্জ+ইক] সর্জ্জিকাক্ষার, সাজিমাটী; যবক্ষার; সাবান্।

স্বর্জ্জিকাক্ষার, পুং. [স্বর্জ্জিকা+ক্ষার] সর্জ্জিক্ষার, পুং. [স্বর্জ্জি+ক্ষার] সর্জ্জিকাক্ষার সাজিমাটী, তৎপর্য্যায়।—স্বর্জ্জিক, ক্ষার, স্বর্জ্জী, সুখোর্জ্জিক, সুবর্চ্চিক, সুবর্চ্চি, সুখবর্চ্চা; সাবান্।

স্বর্জ্জী, পুং. [স্বর্জ্জ+ইন্] স্বর্জ্জিক্ষার, সাচি-

স্বর্ণ, ন. [সু+ঋণ-অ] সুবর্ণ; ধুস্তূর; গৌর সুবর্ণশাক; নাগকেশর। [কণা।

স্বর্ণকণ, পুং. [স্বর্ণ+কণ] কণ গুগ্গুল; সুবর্ণ-

স্বর্ণকণিকা, স্ত্রী. [স্বর্ণ+কণিকা] কণককণা, সুবর্ণকণা।

স্বর্ণকায়, পুং. [স্বর্ণ+কায়] গরুড়; (ত্রি.) সুবর্ণময়শরীর।

স্বর্ণকার, পুং. [স্বর্ণ+কার] জাতিবিশেষ, সেকরা, তৎপর্য্যায়।—নাড়ীন্ধম, কলাদ, রুক্মকার, কণাদ, হেমল।

স্বর্ণকৃৎ, পুং. [স্বর্ণ+কৃৎ] স্বর্ণকার, সেকরা।

স্বর্ণকেতকী, স্ত্রী. [স্বর্ণ+কেতকী] হরিদ্রাবর্ণ-কেতকীপুষ্প, তৎপর্য্যায়।—হেমকেতকী, কণকপ্রসবা, হৈমী, ছিন্নরুহা, বিষ্টারুহা, স্বর্ণপুষ্পী, কামদত্তদলা।

স্বর্ণগৈরিক, ন. [স্বর্ণ+গৈরিক] সুবর্ণগৈরিক, বর্ণকৃমাটী।

স্বর্ণগ্রীবা, স্ত্রী. [স্বর্ণ+গ্রীব+আ] নাটক শৈলের পূর্ব্বভাগহইতে নিঃসৃতা নদী-বিশেষ।

স্বর্ণচূড়, পুং. [স্বর্ণ+চূড়] পক্ষিবিশেষ।

স্বর্ণজ, ন. [স্বর্ণ+জ] রঙ্গ, রাং।

স্বর্ণজীবন্তী, স্ত্রী. [স্বর্ণ+জীবন্তী] বৃক্ষবিশেষ, (হিং) সোণাজীবন্ত, তৎপর্য্যায়।—হেমাহ্বা, হেমজীবন্তী, তৃণগ্রন্থি, হিমাশ্রয়া, স্বর্ণপর্ণী, সুজীবন্তী, স্বর্ণজীবা, সুপর্ণিকা, হেমপুষ্পা, স্বর্ণলতা, হেমবল্লী, হেমলতা।

স্বর্ণদী, স্ত্রী. [স্বর্+নদী] মন্দাকিনী, গঙ্গা; বৃশ্চিকালী; সিতগঙ্গা, কামাখ্যার পূর্ব্বভাগে দিক্করবাসিনীর প্রান্তেস্থিতা।

স্বর্ণদীধিতি, পুং. [স্বর্ণ+দীধিতি] অগ্নি।

স্বর্ণদ্রু, পুং. [স্বর্ণ+দ্রু] আরগ্বধ, সোঁদা-

স্বর্ণপক্ষ, পুং. [স্বর্ণ+পক্ষ] গরুড়।
স্বর্ণপদ্মা, স্ত্রী. [স্বর্ণ+পদ্মা] স্বর্গঙ্গা, মন্দাকিনী। [হাপা।
স্বর্ণপাঠক, ভুং. [স্বর্ণ+পাঠক] টঙ্কণ, সোস্বর্ণপারেবত, ন. [স্বর্ণ+পারেবত] মহাপারেবত।
স্বর্ণপুষ্প, পুং. [স্বর্ণ+পুষ্প] আরগ্বধ, সোঁদালিগাছ; চম্পক।
স্বর্ণপুষ্পা, স্ত্রী. [স্বর্ণ+পুষ্প-আ] কলিকারি; স্বর্ণুলী; সাতলা।
স্বর্ণপুষ্পী, স্ত্রী. [স্বর্ণ+পুষ্প-ঈ] আরগ্বধবৃক্ষ; স্বর্ণকেতকী।
স্বর্ণফলা, স্ত্রী. [স্বর্ণ+ফল-আ] পীতরম্ভা।
স্বর্ণবণিক্, পুং. [স্বর্ণ+বণিজ্] বর্ণসঙ্করজাতিবিশেষ, সোণারবেনে।
স্বর্ণবর্ণা, স্ত্রী. [স্বর্ণ+বর্ণ-আ] হরিদ্রা; (ত্রি.) সুবর্ণসদৃশ বর্ণযুক্তা।
স্বর্ণবল্কল, পুং. [স্বর্ণ+বল্কল] শ্যোণাকবৃক্ষ।
স্বর্ণবল্লী, স্ত্রী. [স্বর্ণ+বল্লী] লতাবিশেষ, তৎপর্য্যায়।—রক্তফলা, কাকায়ু, কাকবল্লী।
স্বর্ণবিন্দু, পুং. [স্বর্ণ+বিন্দু] বিষ্ণু; সুবর্ণকণিকা।
স্বর্ণভৃঙ্গার, পুং. [স্বর্ণ+ভৃঙ্গার] স্বর্ণভৃঙ্গরাজ সুবর্ণকলস; সোণার গাড়ু।
স্বর্ণমহা, স্ত্রী. [স্বর্ণ+মহ-আ] নদীবিশেষ।
স্বর্ণমাক্ষিক, ন. [স্বর্ণ+মাক্ষিক] স্বনামখ্যাত-উপধাতু।
স্বর্ণযূথী, স্ত্রী. [স্বর্ণ+যূথী] পীতবর্ণযূথিকা, তৎপর্য্যায়।—হরিণী, পীতিকা, হেমপুষ্পিকা, হৈমা।
স্বর্ণলতা, স্ত্রী. [স্বর্ণ+লতা] জ্যোতিষ্মতী।
স্বর্ণসেফালিকা, স্ত্রী. [স্বর্ণ+সেফালিকা] আরগ্বধবৃক্ষ; পীতসেফালিকা।
স্বর্ণক্ষীরী, স্ত্রী. [স্বর্ণ+ক্ষীরী] ওষধিবিশেষ, তৎপর্য্যায়।—পটুপর্ণী, হৈমবতী, হিমাবতী।
স্বর্ণাঙ্গ, পুং. [স্বর্ণ+অঙ্গ] আরগ্বধ, সোঁদালি গাছ।

স্বর্ণুলী, স্ত্রী. [স্বর+ণূল-ঈ] ক্ষুপবিশেষ, তৎপর্য্যায়।—হেমপুষ্পী, স্বর্ণপুষ্পা, অম্বষ্ঠা।
স্বর্নদী, স্ত্রী. [স্বর+নদী] স্বর্গঙ্গা, মন্দাকিনী।
স্বর্বধূ, স্ত্রী. [স্বর+বধূ] অপ্সরাঃ; স্বর্গীয়স্ত্রীমাত্র।
স্বর্বাপী, স্ত্রী. [স্বর+বাপী] গঙ্গা।
স্বর্বেশ্যা, স্ত্রী. [স্বর+বেশ্যা] উর্ব্বশ্যাদি-অপ্সরাঃ।
স্বর্বৈদ্যৌ, পুং. [স্বর+বৈদ্য-ঔ] অশ্বিনীকুমারদ্বয়, তৎপর্য্যায়।—অশ্বিনীসুতৌ, নাসত্যৌ, অশ্বিনৌ, দস্রৌ, আশ্বিনেয়ৌ।
স্বর্ভানব, পুং. [স্বর্+ভানব] গোমেদকমণি।
স্বর্ভানু, পুং. [স্বর+ভানু] রাহুগ্রহ।
স্বর্ভানুসূদন, পুং. [স্বর্ভানু+সূদন] সূর্য্য।
স্বর্যাত, ত্রি. [স্বর্+যাত] মৃত, স্বর্গপ্রাপ্ত।
স্বর্লোক, পুং. [স্বর্+লোক] স্বর্গ।
স্বলীন, পুং. [স্বল+ঈন] দানবিশেষ।
স্বল্প, ত্রি. [সু+অল্প] অত্যল্প।
স্বল্পকেশরী, পুং. [স্বল্প+কেশরিন্] কোবিদার, চমরিক।
স্বল্পকেশী, পুং. [স্বল্প+কেশিন্] ভূতকেশ, কেশধ্রুক্, (ত্রি.) অত্যল্প কেশবিশিষ্ট।
স্বল্পপত্রক, পুং. [স্বল্প+পত্রক] মধুকবিশেষ. গৌরশাক।
স্বল্পফলা, স্ত্রী. [স্বল্প+ফল-আ] হপুষাবিশেষ, তৎপর্য্যায়।—কচ্ছুঘ্নী, ধ্বাঙ্ক্ষনাশিনী, প্লীহশত্রু, বিষঘ্নী, কফঘ্নী, অপরাজিতা।
স্ববাসিনী, স্ত্রী. [স্ব+বাসিনী] উঢ়া অনূঢ়া পিতৃগৃহস্থিতা কন্যা, তৎপর্য্যায়।—চিরিণ্টী।
স্ববীজ, পুং. [স্ব+বীজ] আত্মা; (ন.) নিজ কারণে স্বীয়বীর্য্য।
স্বসা, স্ত্রী. [স্বসৃ+আ] ভগিনী, সহোদরা।
স্বসৃপতি, পুং. [স্বসৃ+পতি] ভগিনীপতি আবুত্ত।
স্বস্তি, অ. [সু+অস্+তি] আশীর্ব্বাদ; ক্ষেম; পুণ্যাদি, অপাপম্।
স্বস্তিক, পুং, ন. [স্বস্তি+ক] ধনিদিগের গৃহ

নির্ম্মিত ত্রিকোণাকার অধিবাসনদ্রব্য; চতুষ্পথ, গৃহবিশেষ; পিষ্টকবিকার; রক্তভালিক; জিনদিগের চতুর্ব্বিংশতি চিহ্নান্তর্গতচিহ্নবিশেষ, বসোনক।

স্বস্তিবাচন, [স্বস্তি+বাচন] মাঙ্গল্যকর্ম্মের আরম্ভকালীন মন্ত্রোচ্চারণ পূর্ব্বক তণ্ডুলবিকিরণ।

স্বস্তিমুখ, পুং. [স্বস্তি+মুখ] লেখ, ব্রাহ্মণ; (ত্রি.) স্তুতিপাঠক।

স্বস্থ, ত্রি. [স্ব+স্থা] সুস্থ, নিরুদ্বেগ।

স্বস্রীয়, পুং. [স্বসৃ+ঈয়] ভাগিনেয়, ভগিনীপুত্র।

স্বস্রীয়া, স্ত্রী. [স্বসৃ+ঈয়-আ] ভাগিনেয়ী; ভগিনীকন্যা।

স্বাগত, ন. [সু+আগত] কুশলপ্রশ্ন; সুখে-[আগত।

স্বাঙ্কিক, পুং. [স্বাঙ্ক+ইক] মার্দ্দঙ্গিক।

স্বাচ্ছন্দ্য, ন. [স্বচ্ছন্দ+য] স্বচ্ছন্দতা।

স্বাতন্ত্র্য, ন. [স্বতন্ত্র+য] স্বতন্ত্রতা।

স্বাতি, স্ত্রী. [সু+অ-অতি] সূর্য্যপত্নীবিশেষ; খড়্গ; (পুং.স্ত্রী.) অশ্বিন্যাদিসপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত পঞ্চদশনক্ষত্র।

স্বাতী, পুং.স্ত্রী. [সু+অতি-ঈ] অশ্বিন্যাদি সপ্তবিংশতিনক্ষত্রান্তর্গত পঞ্চদশনক্ষত্র।

স্বাদ, পুং. [স্বদ্+অ] রসগ্রহণ; প্রীতিকরণ।

স্বাদন, ন. [স্বাদ্+অন] প্রীতিকরণঃ, রসগ্রহণ।

স্বাদিত, ত্রি. [স্বাদ+ইত] প্রীত; আস্বাদিত।

স্বাদু, পুং. [স্বাদ্+উ] মধুররস; গুড়, জীবকৌষধি; সুগন্ধিদ্রব্য বিশেষ, তৎপর্য্যায়।—অগুরুসার, সুধূম্য, গন্ধধূমজ; (স্ত্রী.) দ্রাক্ষা; (ত্রি.) ইষ্ট, মনোজ্ঞ; মধুর, মিষ্ট।

স্বাদুকণ্টক, পুং. [স্বাদু+কণ্টক] বিকঙ্কতবৃক্ষ; গোক্ষুরক, বিকণ্টকবৃক্ষ

স্বাদুকন্দা, স্ত্রী. [স্বাদু+কন্দ+আ] বিদারী।

স্বাদুকা, স্ত্রী. [স্বাদু+ক-আ] নাগদন্তী।

স্বাদুখণ্ড, পুং. [স্বাদু+খণ্ড] গুড়; মমুরভাগ।

স্বাদুগন্ধা, স্ত্রী. [স্বাদু+গন্ধ-আ] ভূমি-

স্বাদুধন্বা, পুং. [স্বাদু+ধন্বন্] কামদেব।

স্বাদুপর্ণী, স্ত্রী. [স্বাদু+পর্ণ-ঈ] দুগ্ধিকা।

স্বাদুপাকা, স্ত্রী. [স্বাদু+পাক-আ] কাকমাচী।

স্বাদুপিণ্ডা, স্ত্রী. [স্বাদু+পিণ্ড-আ] পিণ্ডখর্জ্জূরী।

স্বাদুপুষ্প, পুং. [স্বাদু+পুষ্প] কটভী।

স্বাদুফল, ন. [স্বাদু+ফল] বদরীফল, কুল।

স্বাদুফলা, স্ত্রী. [স্বাদু+ফল-আ] কোলি, কুল।

স্বাদুমজ্জা, পুং. [স্বাদু+মজ্জন্] পর্ব্বতজাতপীলু।

স্বাদুমাংসী, স্ত্রী. [স্বাদু+মাংসী] কাকোলী।

স্বাদুমূল, ন. [স্বাদু+মূল] গর্জ্জর।

স্বাদুরসা, স্ত্রী. [স্বাদু+রস-আ] কাকোলী; আম্রাতকফল, আমড়া; মদিরা; শতাবরী; দ্রাক্ষা।

স্বাদুলতা, স্ত্রী. [স্বাদু+লতা] বিদারী।

স্বাদুশুদ্ধ, ন. [স্বাদু+শুদ্ধ] সৈন্ধবলবণ; সামুদ্রলবণ।

স্বাদ্বম্ল, পুং. [স্বাদু+অম্ল] দাড়িমবৃক্ষ।

স্বাদ্বী, স্ত্রী. [স্বাদু+ঈ] দ্রাক্ষা।

স্বাধিষ্ঠান, ন. [স্ব+অধিষ্ঠান] ষট্‌চক্রান্তর্গত দ্বিতীয়চক্র, লিঙ্গমূলস্থ, বকারাদি লান্তবর্ণযুক্ত হীরকসমপ্রভ ষড়দলপদ্ম

স্বাধীন, ত্রি. [স্ব+অধীন] স্বতন্ত্র, অপরাধীন।

স্বাধীনপতিকা, স্ত্রী. [স্বাধীন+পতিকা] নায়িকাবিশেষ।

স্বাধীনভর্ত্তৃকা, স্ত্রী. [স্বাধীন+ভর্ত্তৃকা] নায়িকাবিশেষ, স্বাধীনপতিকা।

স্বাধ্যায়, পুং. [স্ব+অধ্যায়] আবৃত্ত্য বেদাধ্যয়ন, তৎপর্য্যায়।—জপ, জাপ।

স্বাধ্যায়বান্, পুং. [স্বাধ্যায়+বৎ] স্বাধ্যায়বিশিষ্ট, বেদপাঠক।

স্বাধ্যায়ী, পুং. [স্বাধ্যায়+ইন্] গন্ধবণিক্; বেদপাঠক।

স্বান, পুং. [স্বন্+অ] শব্দ, ধ্বনি।

স্বান্ত, ন. [স্ব+অন্ত] মনঃ, চিত্ত; গহ্বর;

স্বাপ, পুং. [স্বপ্+অ] নিদ্রা; শয়ন; স্পর্শা, জড়তা; অজ্ঞান।
স্বাপতেয়, ন. [স্বপতি+এয়] ধন, সম্পদ।
স্বাপদ, পুং. [স্বপদ+অ] শ্বাপদ।
স্বাভাবিক, ত্রি. [স্বভাব+ইক] স্বভাবসিদ্ধ, স্বভাবত উৎপন্ন।
স্বাভিপ্রায়, পুং. [স্ব+অভিপ্রায়] নিজাভিপ্রায়।
স্বামিজঙ্ঘী, পুং. [স্বামিন্+জঙ্ঘিন্] পরশুরাম।
স্বামী, ত্রি. [স্ব+আমিন্] অধিপতি. তৎপর্য্যায়।—ঈশ্বর, পতি, ঈশিতা, অধিভূ, নায়ক, নেতা, প্রভু, পরিবৃঢ়, অধিপ, অবমতি, ঈশ, আর্য্য, পালক; (পুং.) কার্ত্তিকেয়; রাজা; বিভু; হর; হরি; গুরু; ভর্ত্তা; বাৎস্যায়ন মুনি; গরুড়; অতীত কল্পের জিনবিশেষ; পরমহংস।
স্বাম্যুপকারক, পুং. [স্বামিন্+উপকারক] অশ্ব; (ত্রি.) প্রভুরহিতকারক।
স্বায়ম্ভুব, পুং. [স্বয়ম্ভু+অ] প্রথমমনু।
স্বায়ম্ভুবমনুপিতা, পুং. [স্বায়ম্ভুব+মনু-পিতৃ] ব্রহ্মা, প্রজাপতি।
স্বায়ম্ভুবী, স্ত্রী. [স্বায়ম্ভুব+ঈ] ব্রাহ্মী।
স্বারাট্, পুং. [স্ব+রাজ্] ইন্দ্র, সুরপতি।
স্বারোচিষ, পুং. [স্বরোচিস্+অ] দ্বিতীয়মনু।
স্বার্থ, পুং. [স্ব+অর্থ] স্বীয় অভিধেয়; স্বকীয় ধন; স্বীয়বস্তু; আত্ম প্রয়োজন; স্বনিবৃত্তি; লিঙ্গার্থ বিশেষ।
স্বাস্থ্য, ন. [স্বস্থ+য] আরোগ্য; সন্তোষ।
স্বাহা, ব্য. [স্বদ্+আ] দেবহবির্দ্দানমন্ত্র, তৎপর্য্যায়।—শ্রৌষট্, বৌষট্, বষট্, স্বধা; (স্ত্রী) অগ্নিভার্য্যা, দক্ষের কন্যা, তৎপর্য্যায়।—অগ্নায়ী, হুতভুক্‌প্রিয়া, দ্বিঠ, অনলপ্রিয়া, বহ্নিবধূ; বৌদ্ধশক্তিবিশেষ, তৎপর্য্যায়।—তারা, মহাশ্রী, ওঙ্কারা, শ্রী, মনোরমা, তারিণী, জয়া, অনন্তা, শিবা, লোকেশ্বরাত্মজা, খদুরবাসিনী, ভদ্রা, বৈশ্যা, নীলসরস্বতী, শঙ্খিনী, মহাতারা, বসুধারা, ধনন্দদা, ত্রিলোচনা, লোচ-

স্বাহাপতি, পুং. [স্বাহা+পতি] অগ্নি, অনল।
স্বাহাপ্রিয়, পুং. [স্বাহা+প্রিয়] অগ্নি।
স্বাহাভুক্, পুং. [স্বাহা+ভুজ্] দেবতা।
স্বাক্ষপাদ, পুং. [স্বাক্ষ+পাদ] নৈয়ায়িক, ন্যায় শাস্ত্রবেত্তা।
স্বাক্ষর, পুং. [স্ব+অক্ষর] স্বীয়অক্ষর, (বাং) সহী, দস্তখত।
স্বিদৎ, ব্য. [স্বিদ+বিচ্] প্রশ্ন; বিতর্ক; পাদপূরণ; প্রশ্নবিষয়ে জিজ্ঞাসা।
স্বিদিত, ত্রি. [স্বিদ্+ইত] স্বেদিত, ঘর্ম্মাক্ত।
স্বিন্ন, ত্রি. [স্বিদ্+ত] ঘর্ম্মযুক্ত; পক্ক।
স্বীকরণ, ন. [স্বী+করণ] স্বীকার করণ।
স্বীকার, পুং. [স্বী+কার] অঙ্গীকার, প্রতিজ্ঞান।
স্বীয়, ত্রি. [স্ব+ঈয়] স্বকীয়, আত্মীয়।
স্বীয়া, স্ত্রী. [স্বীয়+আ] নায়িকাবিশেষ।
স্বেচ্ছা, স্ত্রী. [স্ব+ইচ্ছা] স্বকীয়েচ্ছা, তৎপর্য্যায়।—যদৃচ্ছা, স্বৈরিতা।
স্বেচ্ছামৃত্যু, পুং. [স্বেচ্ছা+মৃত্যু] ভীষ্ম; স্বকায়েচ্ছামরণ; (ত্রি.) স্বেচ্ছামরণযুক্ত।
স্বেদ, পুং. [স্বিদ্+অ] ঘর্ম্ম; স্বেদন, ভাবরা; উষ্মা; তাপ।
স্বেদচুষক, পুং. [স্বেদ+চুষক] শীতলবায়ু।
স্বেদজ, ত্রি. [স্বেদ+জ] ঘর্ম্মহইতে জাতজন্তু, ক্রিমিদংশাদি।
স্বেদন, ন. [স্বিদ্+অন] স্বেদ, ঘর্ম্ম।
স্বেদনিকা, স্ত্রী. [স্বেদন+ইক-আ] কন্দু; ভর্জ্জনপাত্র, ভাজনাখোলা; ভর্জ্জনশালা।
স্বেদনী, স্ত্রী. [স্বেদন+ঈ] লৌহময়পাত্র, তাওয়া, লোহতা. তৎপর্য্যায়।—কন্দু, স্বেদনিকা।
স্বেদবিপ্রুট্, স্ত্রী. [স্বেদ+বিপ্রুষ্] ঘর্ম্মবিন্দু।
স্বেদমলোজ্ঝিতদেহ, পুং. [স্বেদ+মল+উজ্ঝিতদেহ] সর্ব্বকল্পীয়জিনোত্তম; স্বেদমলত্যক্তকায়; (ত্রি.) তদযুক্ত।
স্বৈর, ত্রি. [স্ব+ঈর] স্বচ্ছন্দ; মন্দ।
স্বৈরতা, স্ত্রী. [স্বৈর+ত-আ] স্বৈরিতা,

স্বৈরিণী, স্ত্রী. [স্বৈর+ইন্‌-ঈ] ব্যভিচারিণী, কুলটা; চতুঃপুরুষগামিনী।

স্বৈরিতা, স্ত্রী. [স্বৈরি+ত-আ] স্বচ্ছন্দতা, যদৃচ্ছা।

স্বৈরিন্ধ্রী, স্ত্রী. [স্বৈরিন্ধ্র+ঈ] পরবেশ্মস্থা স্ববশা শিল্পকারিণী নারী, সৈরন্ধ্রী, স্বৈরিন্ধ্রি।

স্বৈরী, ত্রি. [স্ব+ইরিন্‌] স্বতন্ত্র, স্বাধীন।

স্বোপার্জ্জিত, ত্রি. [স্ব+উপার্জ্জিত] স্বয়মুপাত্ত, স্বয়মর্জ্জিত।

স্বোবশ্বীয়, ন. [স্বোবশ্ব+ঈয়] কল্যাণ,শুভ, মঙ্গল।

স্বোরস, পুং. [স্ব+উরস] শিলাপিষ্ট কল্ক, [কাইট।

হ

হ,হকার; ব্যঞ্জনের ত্রয়স্ত্রিংশবর্ণ; অষ্টমবর্গের চতুর্থবর্ণ; ইহার উচ্চারণ স্থানকণ্ঠ; তন্নামানি যথা।—শিব; গগণ; হংস; নাগলোক; অম্বিকাপতি; নকুলীশ, জগৎপ্রাণ; প্রাণেশ; কপিলামল; পরমাত্মা; আত্মজ; জীব; যবাক; শান্তিদ; অঞ্জন; মৃগ; ভয়োরুণা; স্থাণু; ক্রূট; কৃপা; বিরাবণ; লক্ষ্মী; মা; বিহর; শম্ভু; প্রাণশক্তি; ললাটজ; স্বকোপবারণ; শূলী; চৈতন্য; পাদপূরণ; মহালক্ষ্মী; পর; শাখোষ্ঠ; সোমমণ্ডল; শুক্র; অংশ; প্রাণ; শান্ত; অকুল; শূন্য; হাকিনী; অনন্ত; নকুলী; ববাহ; রবি; লিঙ্গ; মহাশূন্য; পরমেশ্বরী।

হ, ব্য. পাদপূরণ; সম্বোধন; বিনিগ্রহ; নিয়োগ; ক্ষেপ; কুৎসা।

হং, ব্য. ক্রোধোক্তি; অনুনয়; আকাশবীজ।

হঃ, পুং. [হন্‌+অস্‌] শিব; জল; শূন্য; ধারণ; মঙ্গল, গগণ; নকুলীশ; রক্ত; স্বর্গ; পাপহরণ; চন্দ্র; সকোপবারণ; শুষ্ক।

হংস, পুং. [হন্‌+স] পক্ষিবিশেষ, হাঁস, সৌকাঃ, কলকণ্ঠ, সিতচ্ছদ, সিতপক্ষ, সরঃকাক, পুরুদংশক, ধবলপক্ষ, মানসালয়; নির্লোভনৃপ; বিষ্ণু; সূর্য্য; পরমাত্মা, মৎসর; যোগিবিশেষ; মন্ত্রবিশেষ; শরীরস্থবায়ুবিশেষ; তুরঙ্গমবিশেষ; গুরু; পর্ব্বত; শিব; অগ্রতঃস্থিত; শ্রেষ্ঠ; বিশুদ্ধ; আয়ুর পরিমাকমন্ত্র।

হংসক, পুং. [হংস+ক] পাদকটক, নূপুর; রাজহংস; তালবিশেষ।

হংসকীলক, পুং. [হংস+কীলক] রতিবন্ধবিশেষ।

হংসকূট, পুং. [হংস+কূট] ককুৎ গ্রীবা।

হংসগদ্গদা, স্ত্রী. [হংস+গদ্গদ+আ] মধুরভাষিণী, তৎপর্য্যায়।—মধুরনিস্বনা।

হংসগামিনী, স্ত্রী. [হংস+গামিন্‌-ঈ] নারীবিশেষ; ব্রাহ্মণী।

হংসদাহন, ন. [হংস+দাহন] অগুরু।

হংসনাদিনী, স্ত্রী. [হংস+নাদিন্‌-ঈ] নারীবিশেষ।

হংসপদী, স্ত্রী. [হংস+পদ-ঈ] গোধাপদী; হংসপদীবিশেষ, তৎপর্য্যায়।—মধুস্রবা, হংসপাদী; ত্রিপদী।

হংসপাদ, ন. [হংস+পাদ] হিঙ্গুল; (পুং.) হংসের চরণ।

হংসপাদিকা, স্ত্রী. [হংস+পাদিকা] হংসপদী, গোধাপদী।

হংসপাদী, স্ত্রী. [হংস+পাদ-ঈ] হংসপদীবিশেষ।

হংসবতী, স্ত্রী. [হংস+বৎ-ঈ] হংসপদীলতা; (ত্রি.) হংসযুক্ত।

হংসবাহন, পুং. [হংস+বাহন] ব্রহ্মা।

হংসবীজ, ন. [হংস+বীজ] হংসডিম্ব।

হংসমালা, স্ত্রী. [হংস+মালা] কাদম্ব; হংসসমূহ।

হংসমাষা, স্ত্রী. [হংস+মাষ-আ] মাষপর্ণীলতা।

হংসরথ, পুং. [হংস+রথ] ব্রহ্মা।

হংসলোমশ, ন. [হংস+লোমশ] কাসীস।

হংসলোহক, ন. [হংস+লোহক] পিত্তল

হংসাঙ্ঘ্রি, পুং. [হংস+অঙ্ঘ্রি] হিঙ্গুল; হংসপাদ।

হংসাধিরূঢ়া, স্ত্রী. [হংস+অধিরূঢ়-আ] সরস্বতী, বাগ্বাদিনী। [রূপা।

হংসাভিখ্যা, ন. [হংস+অভিখ্যা] রূপা,

হংসারূঢ়, পুং. [হংস+আরূঢ়] ব্রহ্মা।

হংসারূঢ়া, স্ত্রী. [হংস+আরূঢ়-আ] ব্রাহ্মণী।

হংসিকা, স্ত্রী. [হংস+ইক-আ] হংসী; হংসভার্য্যা।

হংসী, স্ত্রী. [হংস+ঈ] হংসভার্য্যা, তৎপর্য্যায়।—চক্রাঙ্গী, বরটা, চক্রাকী, বরটী, সরঃকাকী, হংসিকা, বারলা, হংসবোধিৎ, বরলা, মরালী, মঞ্জুগমনা, মৃদুগামিনী; দ্বাবিংশতি অক্ষর অপাদচ্ছন্দোবিশেষ। [শেষ।

হংসোদক, ন. [হংস+উদক] পানীয় বি-

হংহো, ব্য. [হং+হো] সম্বোধন; দর্প; দম্ভ; প্রশ্ন।

হক, (যাং) যথার্থ, ন্যায্য।

হকীয়ৎ, (যাং) সূক্ষ্মবিচার।

হক্ক, পুং. [হক্ক+অ] গজসমাহ্বান।

হক্কার, পুং. [হকৃ+কার] আহ্বান।

হঞ্জা, ব্য. [হিণ্ডি+আ] নাট্যোক্তিতে চেটীর সম্বোধন।

হঞ্জি, পুং. [হঞ্জ+ই] ক্ষুৎ, হাঁচী।

হঞ্জিকা, স্ত্রী. [হঞ্জ+ইক-আ] ভার্গী, বামনহাটীগাছ।

হঞ্জে, ব্য. নাট্যোক্তিতে চেটীর সম্বোধন।

হট, পুং. [হট+অ] নেতীধৌতি প্রভৃতিযোগ।

হটন, (প্রা) পশ্চাৎগমন; পরাস্তহওন।

হটপর্ণি, ন. [হট+পর্ণি] সৈবাল, সেওলা।

হট্ট, পুং. [হট্ট+অ] ক্রয়বিক্রয়স্থান, হাট।

হট্টচৌরক, পুং. [হট্ট+চৌরক] চৌরবিশেষ, হাটচোর, তৎপর্য্যায়।—মল্লীকর, মাচল চিল্লাভ, বন্দীকার, প্রসহ্য চৌর।

হট্টবিলাসিনী, স্ত্রী. [হট্ট+বিলাসিন্-ঈ] গন্ধদ্রব্যবিশেষ, তৎপর্য্যায়।—ধমনী, অঞ্জন কেশী, হনুঃ; হরিদ্রা।

হঠ, পুং. [হঠ+অ] বলাৎকার, হঠাৎকার;

হঠন, (প্রা) পরাভূত হওন।

হঠপর্ণী, স্ত্রী. [হঠ+পর্ণ-ঈ] সৈবাল, সেওলা।

হঠযোগ, পুং. [হঠ+যোগ] যোগবিশেষ

হঠালু, স্ত্রী. [হঠ+আলু] কুম্ভিকা, পানা।

হঠী, স্ত্রী. [হঠ+ঈ] বারিপর্ণী

হড়ি, পুং. [হড়+ই] কাষ্ঠযন্ত্রবিশেষ, হাইড়।

হড়িক, পুং. [হড়ি+ক] নীচজাতিবিশেষ, হাড়ি, তৎপর্য্যায় —মলাকর্ষী, হড্ডক।

হড্ড, ন. [হড্ড+অ] অস্থি, হাড়।

হড্ডক, পুং. [হড্ড+ক] নীচজাতিবিশেষ, হাড়ি।

হড্ডজ, ন. [হড্ড+জ] মজ্জা, অস্থিজাতধাতু।

হড্ডি, পুং. [হড্ড+ই] হড্ডিপজাতি, হাড়ি, চাণ্ডালীর গর্ব্ভে লেটের ঔরসজাত।

হড্ডিপ, পুং. [হড্ডি+প] মলেগ্রহি, হাড়ি।

হড়হড়, (প্রা) অব্যক্তধ্বনি।

হণ্ডা, স্ত্রী. [হণ্ড+আ] নাট্যোক্তিতে নীচ সম্বোধন; মৃৎপাত্রবিশেষ, হাঁড়া।

হণ্ডিকা, স্ত্রী. [হণ্ড+ইক-আ] মৃৎপাত্রবিশেষ, হাঁড়ী

হণ্ডিকাসুত, পুং. [হণ্ডিকা+সুত] ক্ষুদ্রহণ্ডিকা, তৎপর্য্যায়।—ক্বণন।

হণ্ডী, স্ত্রী. [হণ্ড+ঈ] হণ্ডিকা, হাঁড়ী।

হণ্ডে, ব্য. নাট্যোক্তিতে নীচসম্বোধন।

হত, ত্রি. [হন্+ত] আশারহিত, তৎপর্য্যায়। মনোহত, প্রতিহত, প্রতিবদ্ধ; নষ্ট, তৎপর্য্যায়।—প্রমাপিত, নিবর্হিত, নিকারিত, নিশারিত, প্রবাসিত, পরাসিত, নিষূদিত, নিহিংসিত, নির্ব্বাসিত, সংজ্ঞপিত, নিগ্রন্থিত, অপাসিত, নিস্তর্হিত, নিহত, ক্ষণিত, পরিবর্জ্জিত, নির্ব্বাপিত. বিশসিত, মারিত, প্রতিঘাতিত, উদ্বাসিত, প্রমথিত, ক্রথিত, উজ্জাসিত, আলম্ভিত, পিঞ্জিত, বিশরিত, ঘাতিত, উন্মথিত, বধিত; পূরিতাক্ত, তৎপর্য্যায়। পিণ্ডিত, গুণিত; (ন.) হনন।

হতচিত্ত, ত্রি. [হত+চিত্ত] ভগ্নান্তঃকরণ।

হতজীবিত, ত্রি. [হত+জীবিত] হতভাগ্য, নির্ভক্ষাম্বিত; (ন.) নৈরাশ্য।

হতজ্ঞান, ত্রি. [হত+জ্ঞান] জ্ঞানশূন্য, অজ্ঞান।

হতত্রপ, ত্রি. [হত+ত্রপ] ত্যক্তলজ্জ, নির্লজ্জ।

হতভাগ্য, ত্রি. [হত+ভাগ্য] মন্দভাগ্য, দুর্ভাগ্য।

হতমূর্খ, পুং. [হত+মূর্খ] অতিমূর্খ।

হতসাধ্বস, ত্রি. [হত+সাধ্বস] নির্ভয়।

হতাদর, পুং. [হত+আদর] অসম্মান, অমর্য্যাদা।

হতাশ, ত্রি. [হত+আশা] নির্দ্দয়; আশারহিত; পিশুন; বন্ধ্যা।

হতাশ্ব, ত্রি. [হত+অশ্ব] নষ্ট ঘোটক।

হতি, স্ত্রী. [হন্+তি] অপকর্ষ; হত্যা, হনন

হতিয়ার, (প্রা) অস্ত্র; খড়্গাদি।

হতৌজস্, ত্রি. [হত+ওজস্] দুর্ব্বল; (পুং.) ব্যাধিবিশেষ।

হত্নু, পুং. [হন্+ত্নু] ব্যাধি; শস্ত্র।

হত্যা, স্ত্রী. [হন্+য-আ] হনন, বধ।

হথ, পুং. [হন্+থ] বিষণ্ণ, বিমর্ষ।

হদন, ন. [হদ্+অন] বিষ্ঠাত্যাগ, মলত্যাগ, হাগা। [দংশ।

হদ্দা, স্ত্রী. [হদ্+দা] মেষাদি লগ্নের ত্রিংশ-

হন, পুং. [হন্+অ] হননকর্ত্তা, বধকারক।

হনন, ন. [হন্+অন] মারণ, প্রাণবিয়োগ ফলক ব্যাপার; পূরণ।

হননীয়, ত্রি. [হন্+অনীয়] হনন যোগ্য, বধ্য।

হনীল, পুং. [হন+ঈল] কেতকী।

হনু, পুং. স্ত্রী. [হন্+উ] কপোলদ্বয়ের পরভাগ, চোয়ালি; (স্ত্রী.) হট্টবিলাসিনী; রোগ; অস্ত্র; মৃত্যু।

হনুমান্, পুং. [হনু+মৎ] বানরবিশেষ, অঞ্জনার গর্ভে পবনের ঔরসে জাত, তৎপর্য্যায়।—হনুমান্, আঞ্জনেয়, যোগচর অনিলী, হিড়িম্বারমণ, রামদূত, অর্জ্জুনধ্বজ, মরুতাত্মজ।

হনূমান্, পুং. [হনু+মৎ] পবনাত্মজ।

হনুষ, পুং. [হন্+উষন্] রাক্ষস।

হন্ত, ব্য. [হন্+ত] হর্ষ; অনুকম্পা; বাক্যারম্ভ; বিষাদ; অর্ত্তি; বাদ; সম্ভ্রম; খেদ; অনুকল্পন।

হন্তকার, পুং. [হন্ত+কার] অতিথিদেয়তণ্ডুল; হন্তশব্দ; অতিথিরদেয় ষোড়শ গ্রাস।

হন্তা, ত্রি. [হন্+তৃ] হননকর্ত্তা।

হন্তু, পুং. [হন্+তু] মৃত্যু; বৃষ।

হন্তোক্তি, স্ত্রী. [হন্ত+উক্তি] অনুকম্পোক্তি।

হন্, ব্য. [হন্+অৎ] রুষোক্তি; অনুনয়।

হন্ন, ত্রি. [হদ্+ত] কৃতপুরীষোৎসর্গ।

হন্যমান, ত্রি. [হন্+শানচ্] বর্ত্তমান হননীয় বস্তু।

হপুসা, স্ত্রী. [হপুস+আ] বণিক দ্রব্যবিশেষ, ইহা মরিচ বৃন্তবৎদীর্ঘ কৃষ্ণবর্ণ বস্তু, হবুস। [যজ্ঞ।

হব, পুং. [হু+অ] হোম; আজ্ঞা; আহ্বান;

হবঙ্গ, পুং. [হব+গম] কাংস্যপাত্রে দধিমিশ্রিত অন্ন ভক্ষণ।

হবন, ন. [হু+অন] হোম, অগ্নিতে ঘৃত নিক্ষেপ।

হবনায়ু, পুং. [হবন+আয়ু] অগ্নি।

হবনী, স্ত্রী. [হবন+ঈ] হোমকুণ্ড।

হবনীয়, ত্রি. [হু+অনীয়] হোমীয় দ্রব্য, হব্য।

হবা-হবরি, ব্য. নিশ্চিতরূপে।

হবিঃ, ন. [হু+অসি] হবনীয়দ্রব্য, তৎপর্য্যায়। সান্নাষ্য; ঘৃত; জল।

হবিত্রী, স্ত্রী. [হু+ইত্র-ঈ] হোমকুণ্ড।

হবিরশন, পুং. [হবিস্+অশন] অগ্নি; (ন.) ঘৃতভোজন। [গাছ।

হবির্গন্ধা, স্ত্রী. [হবিস্+গন্ধ-আ] শমী, শাই-

হবির্গেহ, ন. [হবিস্ + গেহ] হোমগৃহ, হোত্রীয়।

হবির্মন্থ, পুং. [হবিস্+মন্থ] গণিকারীবৃক্ষ।

হবিষ্য, ন. [হবিস্+য] ঘৃত; হবিষ্যান্ন।

হবিষ্যভুক্, পুং. [হবিষ্য+ভুজ্] অগ্নি।

হবিষ্যান্ন, ন. [হবিষ্য+অন্ন] ব্রতাদিতে ভক্ষ-

হবুষা, স্ত্রী. [হবুষ+আ] হপুষা।
হব্য, ন. [হু+য] দৈবায়; হবনীয় দ্রব্য।
হব্যপাক, পুং. [হব্য+পাক] চরু, হোমীয় অন্ন।
হব্যবাহ, পুং. [হব্য+বাহ] অগ্নি।
হব্যবাহন, পুং. [হব্য+বাহন] অগ্নি।
হব্যাশ, পুং. [হব্য+অশ] হুতাশন, অগ্নি।
হব্যাশন, পুং. [হব্য+অশন] অগ্নি।
হম্বা, স্ত্রী. [হম্ব+আ] গোধ্বনি, তৎপর্য্যায়।—হুম্ভা, রেভণ, হম্ভা, রম্ভা।
হম্ভা, স্ত্রী. [হম্ভ+আ] গোধ্বনি, হম্বা।
হম্মা, স্ত্রী. [হম্ম+আ] গোধ্বনি।
হয়, পুং. [হয়্+অ] ঘোটক, অশ্ব; (ন) পথ।
হয়কাতরা, স্ত্রী. [হয়+কাতর-আ] অশ্ব কাতরা বৃক্ষ, (হিং) ঘোড়কাথরা।
হয়কাতরিকা, স্ত্রী. [হয়+কাতরিকা] অশ্ব-কাতরা বৃক্ষ, (হিং) ঘোড়কাথরা।
হয়গন্ধ, ন. [হয়+গন্ধ] কাচলবণ।
হয়গন্ধা, স্ত্রী. [হয়+গন্ধ-আ] অশ্বগন্ধা; অজ মোদা।
হয়গ্রীব, পুং. [হয়+গ্রীব] মধুকৈটভহৃৎ বেদোদ্ধারার্থ বিষ্ণুর অবতার বিশেষ; বিষ্ণু বধ্য দৈত্যবিশেষ
হয়গ্রীবহা, পুং. [হয়গ্রীব+হন্] বিষ্ণু, নারায়ণ।
হয়গ্রীবা, স্ত্রী. [হয়+গ্রীব-আ] দুর্গা, পার্ব্বতী। [সারথি।
হয়ঙ্কষ, পুং. [হয়ং+কষ] মাতলি, ইন্দ্র
হয়দ্বিষন্, পুং. [হয়+দ্বিষৎ] মহিষ, লুলাপ।
হয়ন, ন. [হয়+অন] কর্ণীরথ, ডয়ন।
হয়পুচ্ছী, স্ত্রী. [হয়+পুচ্ছ-ঈ] মাষপর্ণী।
হয়প্রিয়, পুং.[হয়+প্রিয়] শস্যবিশেষ, যব।
হয়প্রিয়া, স্ত্রী. [হয়+প্রিয়-আ] অশ্বগন্ধা; খর্জ্জূরী।
হয়বাহন, পুং. [হয়+বাহন] রেবন্ত, সূর্য্য-পুত্র; কুবের।
হয়বাহনশঙ্কর, পুং. [হয়+বাহন+শঙ্কর] রক্তকাঞ্চন।
হয়মার, পুং. [হয়+মার] করবীর, করবী
হয়মারক, পুং. [হয়+মারক] করবীর বৃক্ষ।
হয়মারণ, পুং. [হয়+মারণ] অশ্বত্থবৃক্ষ।
হয়মেধ, পুং. [হয়+মেধ] যজ্ঞবিশেষ, অশ্ব-মেধ যজ্ঞ।
হয়শালা, স্ত্রী. [হয়+শালা] অশ্বালয়, (বাং)
হয়শীর্ষ, পুং. [হয়শীর্ষ] বিষ্ণু।
হয়া, স্ত্রী. [হয়+আ] অশ্বগন্ধা।
হয়াধ্যক্ষ, পুং. [হয়+অধ্যক্ষ] অশ্বাধ্যক্ষ।
হয়ানন্দ, পুং. [হয়+আনন্দ] মুদ্গ, মুগ।
হয়ায়ুর্ব্বেদ, পুং. [হয়+আয়ুর্ব্বেদ] ঘোটক চিকিৎসা শাস্ত্রবিশেষ।
হয়ারি পুং. [হয়+অরি] করবীরবৃক্ষ।
হয়ারূঢ়, ত্রি. [হয়+আরূঢ়] অশ্বারূঢ়।
হয়াশনা, স্ত্রী. [হয়+অশন-আ] শাল্লকী বৃক্ষ।
হয়ী, স্ত্রী. [হয়+ঈ] ঘোটকী, ঘুড়ী।
হয়েষ্ট, পুং. [হয়+ইষ্ট] শস্যবিশেষ, যব।
হয়োত্তম, পুং. [হয়+উত্তম] কুলীনাশ্ব, শ্রেষ্ঠ ঘোটক, তৎপর্য্যায়।—বাতাশ্ব, আজা-অজানেয়।
হর, পুং. [হৃ+অ] শিব; অগ্নি; গর্দ্দভ; হরণ; (ত্রি.) হরণকর্ত্তা; হরণকর্ম্ম।
হরক, পুং. [হর+ক] শিব; চৌর; (ত্রি.) হরণকর্ত্তা। [মূর্ত্তি।
হরগৌরী, স্ত্রী. [হর+গৌরী] অর্দ্ধনারীশ্বর
হরচূড়ামণি, পুং. [হর+চূড়া-মণি] চন্দ্র; শিব শিরোরত্ন।
হরণ, ন. [হৃ+অন] যৌতকাদি দেয়দ্রব্য, দায়; ভুজ; হৃতি; শুক্র; স্বর্ণ; কপর্দ্দক, কড়ি; উষ্ণোদক; ভাজ্যাঙ্ক হইতে ভাজ কাঙ্কদ্বারা ভাগগ্রহণ।
হরতেজঃ, ন. [হর+তেজস্] পারদ, পারা; শিববীর্য্য। [চক্ষু।
হরনেত্র, ন. [হর+নেত্র] সংখ্যায়, ৩; শিব
হরবীজ, ন. [হর+বীজ] পারদ, পারা।
হররূপ, পুং. [হর+রূপ] শিব, মহাদেব।
হরশেখরা, স্ত্রী. [হর+শেখর-আ] গঙ্গা,

হরহুরা, স্ত্রী. [হরহুর-আ] হারহুরা, দ্রাক্ষা।

হরাদ্রি; পুং. [হর+অদ্রি] কৈলাসপর্ব্বত।

হরি, পুং. [হৃ+ই] বিষ্ণু; সিংহ; শুকপক্ষী; সর্প; বানর; ভেক; চন্দ্র; সূর্য্য; বায়ু; অশ্ব; যম; শিব; ব্রহ্মা; কিরণ; ইন্দ্র; বর্ষবিশেষ; ময়ূর; কোকিল; হংস; অগ্নি; ভর্ত্তৃহরি; পিঙ্গবর্ণ; হরিদ্বর্ণ; (ত্রি.) পিঙ্গলবর্ণ; হরিদ্বর্ণ; পীতবর্ণ।

হরিক, পুং. [হরি+ক] পীত হরিতবর্ণ অশ্ব, তৎপর্য্যায়।— হালক; চৌর; অক্ষক্রীড়ক।

হরিকেলীয়, পুং. [হরি+কেলীয়] বঙ্গদেশ; (ত্রি.) বঙ্গদেশস্থ। [যক্ষবিশেষ।

হরিকেশ, পুং. [হরি+কেশ] শিব; শিবভক্ত

হরিক্রান্তা, স্ত্রী.[হরি+ক্রান্ত-আ] বিষ্ণুক্রান্তা পৃথিবীখণ্ডবিশেষ, অসেচনকখণ্ড, (প্রা) আসিয়াখণ্ড।

হরিগৃহ, ন. [হরি+গৃহ] পুরীবিশেষ, তৎপর্য্যায়।—একচক্র,শুভ্রপুরী; হরিরআলয়।

হরিচন্দন, পুং. ন. [হরি+চন্দন] দেবতরুবিশেষ; চন্দনবিশেষ, তৎপর্য্যায়।— তৈলপর্ণিক, (ন.) কুঙ্কুম; গোশীর্ষ; জ্যোৎস্না; পদ্মকেশর; কান্তাঙ্গ।

হরিণ, পুং. [হৃ+ইন] স্বনাম খ্যাত পশু, তৎপর্য্যায়।—মৃগ, কুরঙ্গ, বাতায়ু,অজিন যোনি, সারঙ্গ, চলন, পৃষৎ, ভীরুহৃদয়, ময়ু, চারুলোচন, জিনযোনি, কুরঙ্গম, ঋশ্য, ঋষ্য, রিষ্য, রিশ্য, এণ,এণক, কৃষ্ণসার, সুলোচন, পৃষত; শুক্লবর্ণ; বিষ্ণু; শিব; সূর্য্য; হংস; পাণ্ডুবর্ণ; (ত্রি.) পাণ্ডুবর্ণযুক্ত। [মৃগাঙ্ক।

হরিণকলঙ্ক, পুং. [হরিণ+কলঙ্ক] চন্দ্র,

হরিণনর্ত্তক, পুং. [হরিণ+নর্ত্তক] কিন্নর।

হরিণহৃদয়, ত্রি. [হরিণ+হৃদয়] ভীরু, ভয়শীল।

হরিণাঙ্ক, পুং. [হরিণ+অঙ্ক] চন্দ্র, মৃগাঙ্ক।

হরিণাক্ষী, স্ত্রী. [হরিণ+অক্ষ-ঈ] হট্টবিলাসিনী নাম গন্ধদ্রব্য; মৃগলোচন; মৃগনয়ন।

হরিতা; নারীবিশেষ; বৃত্তবিশেষ; মঞ্জিষ্ঠা; স্বর্ণযূথী; তরুণী; বরস্ত্রী।

হরিত, ন. [হৃ+ইত] স্থৌণেয়ক; (পুং.) হরিদ্বর্ণ; সিংহ; মন্থানকতৃণ; (ত্রি.) হরিদ্ব-

হরিতক, ন. [হরিত+ক] শাক।

হরিতকী, স্ত্রী. [হরিতক+ঈ] স্বনামখ্যাত ফলবিশেষ; হরীতকী।

হরিতপত্রিকা, স্ত্রী. [হরিত+পত্রিকা] পাচী।

হরিতশাক, পুং. [হরিত+শাক] শিগ্রু, শজিনা।

হরিতা, স্ত্রী. [হরিত+আ] দূর্ব্বা; জয়ন্তী; হরিদ্রা; কপিলদ্রাক্ষা; পাচী; নীলদূর্ব্বা।

হরিতাল, ম. [হরিত+অল] পীতবর্ণ ধাতুবিশেষ, হরিরবীর্য্য, তৎপর্য্যায়।—পিঞ্জর, পীতক, তাল, আল, হরিতালক, গোদন্ত, পীতল, নটমণ্ডল, হরিবীজ, সিদ্ধধাতু, বর্ণক, নটভূষণ, পীত, গোরোচন, চিত্রাঙ্গ, পিঞ্জরক, বৈদল, তালক, কনকরস, কাঞ্চনক, বিড়ালক, চিত্রগন্ধ, পিঙ্গ, পিঙ্গসার, গৌরীললিত; (পুং.) পীতবর্ণ পক্ষীবিশেষ, হরিয়াল।

হরিতালক, পুং. [হরি+তাল+ক] হরিতাল, পীতবর্ণধাতু।

হরিতালিকা, স্ত্রী. [হরিতাল+ইক-আ]দূর্ব্বা; সৌরভাদ্রের শুক্লাচতুর্থী

হরিতালী, স্ত্রী. [হরিতাল+ঈ]দূর্ব্বা; আকাশ রেখা; খড়্গলতা; সৌরভাদ্রীয় নক্ষত্রবিশেষযুক্তা চতুর্থী। [পেরোজা।

হরিতাশ্ম, ন. [হরিত+অশ্ম] তুথ, তুতে;

হরিৎ, পুং. [হৃ+ইৎ] নীল ও পীত মিশ্রিত বর্ণ, সবুজরঙ্গ, তৎপর্য্যায়।—পালাশ, হরিত, শ্যাম; অশ্ববিশেষ; সূর্য্যাশ্ব; মুদ্গ; সিংহ; সূর্য্য; বিষ্ণু; (ত্রি.) হরিদ্বর্ণবিশিষ্ট; (স্ত্রী.) দিক্; হরিদ্রা; (পুং.ন.) তৃণ

হরিৎপর্ণ, ন. [হরিৎ+পর্ণ] মূলক, মূলা; (ত্রি.) হরিদ্বর্ণপত্রযুক্ত।

হরিদশ্ব, পুং. [হরিৎ+অশ্ব] সূর্য্য; অর্কবৃক্ষ;

হরিদেব, পুং. [হরি+দেব] শ্রবণানক্ষত্র; (ত্রি.) হরি যাহার ইষ্টদেব।

হরিদ্দর্ভ, পুং. [হরিৎ+দর্ভ] হরিদ্বর্ণ কুশ, হরিদর্ভ, তৎপর্য্যায়।—খরপত্র, বৃহচ্ছদ, পৃথুচ্ছদ, শারী, কৃষ্ণদর্ভ, দীর্ঘপত্র, পবিত্রক।

হরিদ্রব, পুং. [হরি+দ্রব] নাগরকেশ চূর্ণ।

হরিদ্রা, স্ত্রী. [হরিৎ+র-আ] ওষধিবিশেষ, হলুদ, তৎপর্য্যায়।—নিশাহ্বা, কাঞ্চনী, পীতা, বরবর্ণিনী, কাবেরী, উমা, বর্ণবতী, গৌরী, পিঙ্গা, পীতবালুকা, হেমনাশা, ভঙ্গবাসা, ঘর্ষিণী, পীতিকা, রজনী, নিশা, হেমঘ্নী, বহুলা, বর্ণিনী, রাত্রিনামিকা, হরিৎ, রঞ্জনী, স্বর্ণবর্ণা, সুবর্ণা, শিবা, দীর্ঘরাগা, হলদ্দী, বরাঙ্গী, জনেষ্টা, বরা, বর্ণদাত্রী, পবিত্রা, হরিতা, বিষঘ্নী, পিঙ্গা, মঙ্গল্যা, মঙ্গলা, লক্ষ্মী, ভদ্রা, শিফা, শোভা, শোভনা, সুভগাহ্বয়া, শ্যামা, জয়ন্তিকা।

হরিদ্রাগণেশ, পুং. [হরিদ্রা+গণেশ] গণেশবিশেষ।

হরিদ্রাঙ্গ, পুং. [হরিদ্রা+অঙ্গ] হরিতালপক্ষী।

হরিদ্রাভ, পুং. [হরিদ্রা+আভ] পীতশাল; কর্পূরক; পীতবর্ণ; (ত্রি.) পীতবর্ণযুক্ত।

হরিদ্রারাগ, ত্রি. [হরিদ্রা+রাগ] অস্থিরসৌহৃদ, ক্ষণমাত্র অনুরাগী।

হরিদ্রু, পুং. [হরি+দ্রু] বৃক্ষ; দারুহরিদ্রা; বৃক্ষবিশেষ, (হিং)হলদীবা, তৎপর্য্যায়। পীতদারু, পীতকাষ্ঠ, পীতক, কদম্বক, সুপুষ্প, সুরাহ্ব, পীতকদ্রুম।

হরিদ্বার, ন. [হরি+দ্বার] তীর্থবিশেষ, স্বনামখ্যাত নগর।

হরিনাম, ন. [হরি+নামন্] হরির আখ্যান, বিষ্ণুরনাম।

হরিনামা পুং. [হরি+নামন্] মুদ্গ, বরকটিকলাই।

হরিনেত্র, ন. [হরি+নেত্র] শ্বেতপদ্ম; হরিরলোচন; হরিদ্বর্ণচক্ষু; (পুং.) পেচক,

হরিন্মণি, পুং. [হরিৎ+মণি] মরকতমণি।

হরিন্মুদ্গ, পুং. [হরিৎ+মুদ্গ] শারদমুদ্গ।

হরিপর্ণ, ন. [হরি+পর্ণ] মূলক, মূলা।

হরিপ্রিয়, ন. [হরি+প্রিয়] কৃষ্ণচন্দন, কালীয়ক, কালিয়াকাষ্ঠ; উশীর, বেণারমূল, (পুং.) কদম্ববৃক্ষ; পীতভৃঙ্গরাজ; বিষ্ণুকন্দ; করবীরবৃক্ষ; শঙ্খ; বন্ধুক; শিব; বাতুল, কঞ্চুক।

হরিপ্রিয়া, স্ত্রী. [হরি+প্রিয়+আ] লক্ষ্মী; তুলসী; দ্বাদশীতিথি; পৃথিবী।

হরিব, পুং. [হরি+ব] ইন্দ্র।

হরিবংশ, পুং. [হরি+বংশ] কৃষ্ণের সন্তান, গ্রন্থবিশেষ।

হরিবল্লভা, স্ত্রী. [হরি+বল্লভ-আ] জয়া; তুলসী; লক্ষ্মী।

হরিবর্ষ, পুং. [হরি+বর্ষ] জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষবিশেষ, নিষধ ও হেমকূট পর্ব্বতের মধ্যস্থিত বর্ষ।

হরিবান্, পুং. [হরি+বৎ] ইন্দ্র; (ত্রি.) হরিবিশিষ্ট। [ঐলেয়।

হরিবালুক, পুং. [হরি+বালুক] এলবালুক,

হরিবাসর, ন. [হরি+বাসর] হরিরদিন, একাদশী ও দ্বাদশী তিথিরূপ; দ্বাদশীর প্রথমপাদ।

হরিবাহন, পুং. [হরি+বাহন] গরুড়; ইন্দ্র।

হরিবীজ, ন. [হরি+বীজ] হরিতাল।

হরিবৃষ, ন. [হরি+বৃষ] হরিবর্ষ।

হরিভক্ত, পুং. [হরি+ভক্ত] হরিসেবক।

হরিভদ্র, ন. [হরি+ভদ্র] হরিবালুক, এলবালুক। [ভাবনশীলা।

হরিভাবিণী, স্ত্রী. [হরি+ভাবিন্-ঈ] হরি-

হরিভুক, পুং. [হরি+ভুজ্] সর্প।

হরিমন্থ, পুং. [হরি+মন্থ] গণিকারিকা, গণেরীগাছ; চণক, ছোলা; দেশবিশেষ।

হরিমন্থক, পুং. [হরি+মন্থক] চণক, ছোলা।

হরিমন্থজ, পুং. [হরি+মন্থজ] চণক, ছোলা, কৃষ্ণমুগ।

হরিমা, পুং. [হরি+মন্] কাল, সময়।

হরিলে, ব্য. নাটোক্তিতে চেটীসম্বোধন।
হরিলোচন, পুং. [হরি+লোচন] কুলীর, কাঁকড়; পেচক; (ত্রি.) হরিদ্বর্ণ চক্ষুযুক্ত।
হরিশয়ন, ন. [হরি+শয়ন] হরিরনিদ্রা।
হরিশর, পুং. [হরি+শর] শিব, মহাদেব।
হরিশ্চন্দ্র, পুং. [হরি+চন্দ্র] নৃপবিশেষ, ত্রেতাযুগে সূর্য্যবংশের রাজা, তৎপর্য্যায়।—ত্রিশঙ্কুজ।
হরিশ্চন্দ্রপুর, ন. [হরিশ্চন্দ্র+পুর] হরিশ্চন্দ্র রাজার নগর, তৎপর্য্যায়।—শৌভপুর।
হরিষ, পুং. [হৃষ+অ] হর্ষ, আহ্লাদ।
হরিষা, স্ত্রী. [হরিষ+আ] মাংসব্যঞ্জন বিশেষ।
হরিষেণ, পুং. [হরি+সেনা] জিনচক্রবর্ত্তিবিশেষ, তৎপর্য্যায়।—হরিসুত।
হরিসঙ্কীর্ত্তন, ন. [হরি+সংকীর্ত্তন] হরিরনামোচ্চারণ।
হরিসুত, পুং. [হরি+সুত] হরিষেণরাজা; হরিরপুত্র।
হরিহয়, পুং. [হরি+হয়] ইন্দ্র; সূর্য্য; কার্ত্তিকেয়; গণেশ। [মূর্ত্তি।
হরিহর, পুং. [হরি+হর] সংযুক্ত হরিহর
হরিহরক্ষেত্র, ন. [হরিহর+ক্ষেত্র] তীর্থবিশেষ, পাটলিপুত্র নগরস্থ ভাগীরথির উত্তরপারে স্থিত তীর্থ, হরিক্ষেত্র।
হরিহরাত্মক, পুং. [হরিহর+আত্মক] গরুড়; শিব; বৃষ; (ন.) হরিহরক্ষেত্র।
হরীতকী, স্ত্রী. [হরি+ইত+ক-ঈ] স্বনামখ্যাত-বৃক্ষ, (হিং.) হরড়া,তৎপর্য্যায়।—অভয়া অব্যথা, পথ্যা, বয়স্থা, পূতনা, অমৃতা, হৈমবতী, চেতকী, শ্রেয়সী, শিবা, সুধা, কায়স্থা, কল্যা, রসায়নফলা, বিজয়া, জয়া, চেতনকী, রোহিণী, প্রপথ্যা, জীবপ্রিয়া, জীবনিকা, ভিষগ্বরা, ভিষক্প্রিয়া, জীবন্তী, প্রাণদা, জীব্যা, দেবী, দিব্যা।
হরীষা, স্ত্রী. [হরীষ+আ] মাংসব্যঞ্জনবিশেষ, (হিং) আস

হরেণু, স্ত্রী. [হৃ+এণু] রেণুকানামগন্ধদ্রব্য, কুলযোষিৎ; (পুং.) সতীল, তাম্রবর্ণযুক্ত।
হরেণুক, পুং. [হরেণু+ক] কলায়, কলাই।
হর্ত্তব্য, ত্রি. [হৃ+তব্য] হরণীয়, হরণের যোগ্য।
হর্ত্তা, পুং. [হৃ+তৃ] সূর্য্য; (ত্রি.) হরণকর্ত্তা।
হর্ম্ম, ন. [হৃ+মন্] জৃম্ভন, হাই।
হর্ম্মিত, ত্রি. [হর্ম্মন্+ইত] ক্ষিপ্ত; দগ্ধ; জৃম্ভিত।
হর্ম্মুট, পুং. [হর্ম্ম+উট] সূর্য্য; কচ্ছপ।
হর্ম্ম্য, ন, [হর্ম্ম+য] ধনিদিগের গৃহ, অট্টালিকা।
হর্য্যত, পুং. [হৃ+অত] ঘোটক; অশ্বমেধীয় অশ্ব।
হর্য্যশ্ব, পুং. [হরি+অশ্ব] ইন্দ্র, সুরপতি।
হর্য্যক্ষ, পুং. [হরি+অক্ষি] সিংহ; কুবের।
হর্ষ, পুং. [হৃষ্+অ] ইষ্ট শ্রবণ জন্য সুখ; আহ্লাদ, তৎপর্য্যায়—মুৎ, প্রীতি, প্রমদ, প্রমোদ, আমোদ, সম্মদ, আনন্দথু, আনন্দ, শর্ম্ম, শাত, সুখ, মুদা, মুদিতা, আনন্দি, নন্দি, সাত, সৌখ্য।
হর্ষক, পুং. [হর্ষ+ক] পর্ব্বতবিশেষ; (ত্রি.) হর্ষকারক।
হর্ষণ, ন. [হৃষ+অন] হর্ষ, মনঃপ্রীতি; (পুং.) সপ্তবিংশতি যোগান্তর্গত যোগবিশেষ; চক্ষুরোগবিশেষ; শ্রাদ্ধবিশেষ; শ্রাদ্ধদেব; (ত্রি.) হর্ষকারক।
হর্ষমাণ, ত্রি. [হৃষ+মান] হর্ষযুক্ত, তৎপর্য্যায়।—বিকুর্ব্বাণ, প্রমনাঃ, হৃষ্টমানস, প্রীতমানস
হর্ষয়িত্নু, পুং. [হর্ষ+ইত্নু] পুত্র; (ন.) স্বর্ণ; (ত্রি.) হর্ষণশীল।
হর্ষস্বন, পুং. [হর্ষ+স্বন] আনন্দ ধ্বনি, তৎপর্য্যায়।—কিলকিলা।
হর্ষান্বিত, ত্রি. [হর্ষ+অন্বিত] আহ্লাদযুক্ত।
হর্ষিণী, স্ত্রী. [হর্ষ+ইন্-ঈ] বিজয়া।
হর্ষিত, ত্রি. [হৃষ্+ইত] আনন্দিত।
হর্ষুল, পুং. [হর্ষ+উল] মৃগ; কামুক; (ত্রি.) হর্ষশীল।

হল, ন. [হল+অ] লাঙ্গল, তৎপর্য্যায়।— গোদারণ, সীর, কুন্তল।

হলকবা (প্রা) বৃক্ষবিশেষ।

হলদ্দী, স্ত্রী. [হলদ্দ+ঈ] হরিদ্রা, হলদী, হলুদ। [হালিক]

হলধর, পুং. [হল+ধর] বলদেব, নীলাম্বর;

হলভূতি, স্ত্রী. [হল+ভূতি] কৃষিকর্ম্ম।

হলভূতি, পুং. [হল+ভূতি] মুনিবিশেষ, তৎপর্য্যায়।—উপবর্ষ, কৃতকোটি, অযাচিত; কৃষিকর্ম্ম।

হলভৃৎ, পুং. [হল+ভৃৎ] বলদেব, হলধর।

হলরাক্ষ, ন. [হলর+অক্ষ] আহলা, হুড়হুড়া।

হলহতি স্ত্রী. [হল+হতি] ভূমিকর্ষণ।

হলা, ব্য. [হল+আ] নাট্যোক্তিতে সখীর প্রতি আহ্বান; (স্ত্রী.) সখী; মদ্য; পৃথিবী; জল।

হলায়ুধ, পুং. [হল+আয়ুধ] বলদেব।

হলাহ, পুং. [হল+অহ] চিত্রিত অশ্ব।

হলাহল, পুং. [হলা+হল] বিষবিশেষ, হালহল, হালাহল; (পুং.) ব্রহ্মসর্প; অঞ্জনা; বুদ্ধবিশেষ।

হলি, পুং. [হল+ই] বৃহদ্ধল, জিত্যা।

হলিনী, স্ত্রী. [হল+ইন্-ঈ] লাঙ্গলিকীবৃক্ষ, বিষলাঙ্গলা; হলসমূহ।

হলিপ্রিয়, পুং. [হলিন্+প্রিয়] কদম্ববৃক্ষ।

হলিপ্রিয়া, স্ত্রী. [হলিন্+প্রিয়-আ] মদিরা।

হলী, স্ত্রী. [হল+ঈ] কলিকারী বৃক্ষ; (পুং.) বলদেব; কৃষিকর্ম্ম কর্ত্তা, তৎপর্য্যায়।— কুটুম্বী, কর্ষক, ক্ষেত্রী, কৃষিক, কার্ষিক, কৃষীবল।

হলীন, পুং. [হল+ঈন] শাকবৃক্ষ।

হলীমক, পুং. [হলীম+ক] রোগবিশেষ।

হলীশা, স্ত্রী. [হল+ঈশ-আ] লাঙ্গলদণ্ড।

হলুদ, (প্রা) বরবর্ণিনী, হলদ্দী।

হল্কা (প্রা) লঘু, পাতলা।

হল্য, ত্রি. [হল্+য] কর্ষিত ক্ষেত্র; হলসম্বন্ধীয়; (ন.) বৈরূপ্য।

হল্যা, স্ত্রী. [হল্য+আ] হলসমূহ।

হল্লক, ন. [হল্ল+ক] রক্তকহ্লার, হেলা, ঝিক, রেচনা, অল্পগন্ধ, সোমাখ্য, রক্তকৈরব।

হল্লন, ত্রি. [হল্ল+অন] প্রচলায়িত। [নর্ত্তন।

হল্লীষ, ন. [হল্ল+ঈষ] স্ত্রীদিগের সহিত

হল্লীষক, ন. [হল্লীষ+ক] স্ত্রীদিগের মণ্ডলাকারে নৃত্য, যথা।—রাসক্রীড়া।

হল্দী, (প্রা) হরিদ্রা।

হল্হল্, (প্রা) শিথিল, ঢিলা, আলগা।

হস, পুং. [হস্+অ] হাস্য, মুখবিকাশ।

হসন, ন. [হস্+অন] হাস্য, হাসি।

হসনী, স্ত্রী. [হস্+অন্-ঈ] অঙ্গারধানী, আঙটা।

হসনীমণি, পুং. [হসনী+মণি] অগ্নি।

হসন্, ত্রি, [হস্+অৎ] হাস্য করা।

হসন্তিকা, স্ত্রী. [হসন্ত+ইক-আ] অঙ্গারধানী, আঙটা

হসন্তী, স্ত্রী. [হসৎ+ঈ] অঙ্গারধানিকা, আঙটা; মল্লিকাবিশেষ; শাকিনীবিশেষ।

হসিকা, স্ত্রী. [হস+ইক-আ] হাস্যকর্ত্রী।

হসিত, ন. [হস্+ইত] হাস্য; কামদেবের ধনুক; (ত্রি.) বিকসিত, কৃত হাস।

হস্ত, ন. [হস্+ত] চর্ম্ম প্রসেবিকা; (পুং) শরীরের অবয়ব বিশেষ, কর্ম্মেন্দ্রিয়; হাত, তৎপর্য্যায়।—পাণি, সম, শয়, পঞ্চশাখ, কর, ভুজ, কুলি, ভুজাদল, বিস্তৃত করপ্রকোষ্ঠ, চতুর্ব্বিংশতি অঙ্গুলি পরিমাণ; হস্তিশুণ্ড; হস্তানক্ষত্র।

হস্তজোড়ি, পুং. [হস্ত+জোড়ি] করজোড়ি বৃক্ষ, (হিং) হাতাজুড়ি। [শুণ্ডাগ্র।

হস্ততল, ন. [হস্ত+তল] করতল; হস্তির

হস্তধারণ, ন. [হস্ত+ধারণ] মারণোদ্যত ব্যক্তির নিবারণ; ভুজগ্রহণ।

হস্তপুচ্ছ, ন. [হস্ত+পুচ্ছ] হস্তাবয়ববিশেষ, হাতের পোঁছা, কল্মষ।

হস্তবারণ, ন. [হস্ত+বারণ] পরিত্রাণ, মারণোদ্যতের নিবারণ; হস্তদ্বারা নিষেধ।

হস্তবিম্ব, ন. [হস্ত+বিম্ব] চন্দনাদি দ্বারা দেহ বিলেপনবিশেষ, স্থাসক; করপ্রতি-

হস্তসিদ্ধি, স্ত্রী. [হস্ত+সিদ্ধি] ভৃতি, বেতন; করদ্বারা সাধন।

হস্তসূত্র, ত. [হস্ত+সূত্র] বলয়, বালা।

হস্তা, স্ত্রী. [হস্ত+আ] অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত ত্রয়োদশ নক্ষত্র।

হস্তাঙ্গুলি. পুং. [হস্ত+অঙ্গুলি] করশাখা, হাতের আঙ্গুল।

হস্তামলক, ন. [হস্ত+আমলক] করস্থিত আমলকী ফল; বেদান্ত ভাষ্যবিশেষ

হস্তাক্ষর, ন. [হস্ত+অক্ষর] হাতের লিপি, সহি।

হস্তিক, ন. [হস্ত+টক] হস্তিসমূহ, গজতা।

হস্তিকর্ণ. পুং. [হস্তি+কর্ণ] এরণ্ড; পলাশবিশেষ; গণদেবতাবিশেষ; হস্তিকন্দ; রক্ত এরণ্ড।

হস্তিকন্দ, পুং. [হস্তি+কন্দ] বৃহৎ কন্দবিশেষ, তৎপর্য্যায় ।—হস্তিপত্র, স্থূলকন্দ, অতি কন্দক. বৃহৎপত্র, অতিপত্র, হস্তিকর্ণ, সুকর্ণক, ত্বগ্দোষারি, কুষ্ঠহন্তা, গিরিবাসী, নগাশ্রয়, গজকন্দ, নাগকন্দ।

হস্তিকরঞ্জ, পুং. [হস্তি+করঞ্জ] মহাকরঞ্জ।

হস্তিকর্ণ, পুং. [হস্তি+কর্ণ] উরুবুক, পলাশ, বিশেষ, গণবিশেষ।　　[বিশেষ।

হস্তিকর্ণক, পুং. [হস্তিকর্ণ+ক] কিংশুক-

হস্তিকর্ণদল, পুং. [হস্তিকর্ণ+দল] পলাশবিশেষ।　　[ব্যাঘ্র।

হস্তিকক্ষ্য, পুং. [হস্তি+কক্ষ্য] সিংহ;

হস্তিকোলি, পুং. [হস্তি+কোলি] বদরীবিশেষ, তৎপর্য্যায় ।—গোপঘোণ্টা, ঘোণ্টা, বদরীচ্ছদা।

হস্তিগিরি, পুং. [হস্তি+গিরি] কাঞ্চীদেশ।

হস্তিঘোষা, স্ত্রী. [হস্তি+ঘোষ-আ] বৃহদ্ঘোষা, (হিং) বড়ীতোরই, তৎপর্য্যায় ।—ঐভী, মহৎপুষ্পা, সপীতিকা, মহাকোষাতকী।

হস্তিকোষাতকী, স্ত্রী. [হস্তি+কোষাতক-ঈ] হস্তিঘোষা, (হিং) বড়ী তোরই।

হস্তিঘ্ন, পুং. [হস্তি+ঘ্ন] মনুষ্য; (ত্রি.) করিনাশক।

হস্তিচারিণী, স্ত্রী. [হস্তি+চারিন্-ঈ]

হস্তিদন্ত, পুং. [হস্তি+দন্ত] মূলক; (পুং.) দ্রব্য রক্ষার্থ ভিত্তিস্থ কীলক; গজদশন।

হস্তিদন্তক, ন. [হস্তি + দন্তক] মূলক, মূলা।

হস্তিদন্তফলা, স্ত্রী. [হস্তি+দন্ত+ফল-আ] এর্ব্বারু।　　[মাণ।

হস্তিদ্বয়স, ত্রি. [হস্তি+দ্বয়স] গজপরি-

হস্তিনখ, পুং. [হস্তি+নখ] পুরোদ্বারোপরি মৃত্তিকারাশি, দমদমা, বুরুজ্।

হস্তিনপুর, ন. [হস্তিন+পুর] হস্তিনাপুরী।

হস্তিনাপুর, ন. [হস্তিনা+পুর] চন্দ্রবংশীয় হস্তিনামক রাজনির্ম্মিত নগর, পরিক্ষিৎগড়, তৎপর্য্যায় ।—নাগাহ্ব, হস্তিনপুর, হাস্তিন, গজাহ্বয়, গজাহ্ব, গজসাহ্বয়, হস্তীনাপুর।

হস্তিনী, স্ত্রী. [হস্ত+ইন্-ঈ] গজপত্নী, হাতিনী, তৎপর্য্যায় ।—করেণু, করেণূ, করেণুকা, রেণুকা, ধেনুকা, বাশিতা, বাসা, করিণী, বিশা, কটম্ভরা, পুষ্করিণী, কচা, বশা, গণিকা, গজযোষিৎ ইভী, পদ্মিনী, মাতঙ্গী; চতুর্ব্বিধা স্ত্রী মধ্যে স্ত্রীবিশেষ; হট্টবিলাসিনী।

হস্তীনাপুর, ন. [হস্তীনা+পুর] হস্তিনাপুর, দিল্লী।

হস্তিপ, পুং. [হস্তিন্+প] হস্ত্যারোহ, হস্তিপালক, মাহুত।

হস্তিপক, পুং. [হস্তিপ+ক] গজারোহ, মাহুত, তৎপর্য্যায় ।—আধোরণ, হস্ত্যারোহ, নিষাদী।

হস্তিপত্র, পুং [হস্তি+পত্র] হস্তিকন্দ।

হস্তিপর্ণিকা, স্ত্রী. [হস্তি+পর্ণিক-আ] রাজকোষাতকী।

হস্তিপর্ণী, স্ত্রী. [হস্তি+পর্ণ-ঈ] মোরটালতা; কর্কটি।

হস্তিবাহ, পুং. [হস্তি+ বাহ] অঙ্কুশ, ডাঙ্কশ; গজবাহক।

হস্তিবিষাণী, স্ত্রী. [হস্তি+বিষাণী] কদলী।

হস্তিমদ, পুং. [হস্তি+মদ] করিগণ্ডক্ষরিত মদজল. তৎপর্য্যায় ।—গজমদ. গজদান.

হস্তিমল্ল, পুং. [হস্তি+মল্ল] গণেশ; শঙ্খনাগ; ঐরাবত।

হস্তিরোহণক, পুং. [হস্তি+রোহণক] মহাকরঞ্জ।

হস্তিলোধ্রক, পুং. [হস্তি+লোধ্রক] লোধ্র, লোদকাষ্ঠ।

হস্তিশালা, স্ত্রী. [হস্তি+শালা]. গজগৃহ, (যাং) ফীলখানা, তৎপর্য্যায়।—চতুর।

হস্তিশুণ্ডা, স্ত্রী. [হস্তি+শুণ্ড-আ] ক্ষুপবিশেষ, হাতিশুঁড়া।

হস্তিশুণ্ডী, স্ত্রী. [হস্তি+শুণ্ড-ঈ] ক্ষুপবিশেষ, হাতিশুঁড়া, তৎপর্য্যায়।—হস্তিনী, ভুরুণ্ডী, জলেজ্জয়া, নাগশুণ্ডী, শুণ্ডী, ধূসরপত্রিকা।

হস্তিশ্যামাক, পুং. [হস্তি+শ্যামাক] শস্যবিশেষ, হাতিয়া শামা।

হস্তী, পুং. [হস্ত+ইন্] সুহোত্র রাজপুত্র; অজমোদা; বৃহৎপশুবিশেষ, তৎপর্য্যায়।—অনেকপ, অন্তঃস্বেদ, ইভ, কটকী, কটী, করটী, করভী, করী, করেণু, কর্ণিকী কালিঙ্গ, কুঞ্জর, কুম্ভী, গজ, গিরি মান্, চক্রপাদ, চদির, চন্দির, জর্জ্জু, জলকঙ্ক, জলকাঙ্ক্ষ, জলকাঙ্ক্ষী, দণ্ডবালধি, দন্তাবল, দন্তী, দীর্ঘবক্ত্র, দীর্ঘ মারুত, দ্বিপ, দ্বিপায়ী, দ্বিরদল, দ্বিরদ, দ্বিরাপ, দ্বিহা, দ্রুমারি, নগজ, নগরঘাত, নাগ, নির্ঝর, পঞ্চনখ, পদ্মী, পিণ্ডপাদ, পীলু, পুষ্কর, পুষ্করী, পুণ্ড্রকেলি, পেচকী, পেচিল, বনজ, বরাঙ্গ, বামন, বারীট, বারণ, বিরাণী, বিলোমজিহ্ব, বিষাণী, বৃহদঙ্গ, ভদ্র, মতঙ্গ, মতঙ্গজ, মত্তকীশ, মহাকায়, মহানাদ, মহাবল, মহামদ, মহামৃগ, মাতঙ্গ, মিতঙ্গম, রদনী, রদী, রসিক, রাজীব, লতালক, লম্বকর্ণ, লিঙ্গী, শক্রি, শক্কা, শদ্রি, শুণ্ডাল, শুণ্ডী, শূর্পকর্ণ, শূর্পশ্রুতি, শৃঙ্গারী, ষষ্টিমত্ত, ষষ্টিহায়ন, সক্রি, সামজ, সাম্ভযোনি, সিন্দূরতিলক, সিন্ধু, সিবর, সূচিকাধর, স্তম্বরম, স্তম্বেরম, পদ্মিনী, ধেনুকা, বশা, (হস্তিশাবকের নাম) করভ, কলভ, কলভী, করিশাবক, করেণুশিশু, দিক্ক; (মত্তহস্তির নাম) তুঙ্গভদ্র, দণ্ডার, মদকল, মদবিক্ষিপ্ত, মদাম্বর, মদার, মদোৎকট, মুষভ. গম্ভীর বেদী, প্রভিন্ন, (পূর্ব্বাদি অষ্টদিগ্ হস্তির নাম) ঐরাবত, পুণ্ডরীক, বামন, কুমুদ, অঞ্জন, পুষ্পদন্ত, সার্ব্বভৌম, সুপ্রতীক; (পূর্ব্বাদি অষ্টদিগ্ হস্তির পত্নীর নাম) অভ্রমু, কপিলা, পিঙ্গলা, অনুপমা, তাম্রকর্ণী, শুভ্রদন্তী, অঙ্গনা, অঞ্জনাবতী।

হস্তে, ব্য. করেতে, পাণিতে।

হস্তেকরণ, ন. [হস্তে+করণ] পাণিগ্রহণ, বিবাহ। [কৃত।

হস্ত্য, ত্রি. [হস্ত+য] হস্তদ্বারা দত্ত; হস্তদ্বারা

হস্ত্যধ্যক্ষ, পুং. [হস্তিন+অধ্যক্ষ] গজাধ্যক্ষ।

হস্ত্যায়ুর্ব্বেদ, পুং. [হস্তিন্+আয়ুর্ব্বেদ] গজায়ুর্ব্বেদ, হস্তিচিকিৎসাশাস্ত্র।

হস্ত্যারোহ, পুং. [হস্তিন্+আরোহ] হস্তিপক, মাহুত।

হস্র, ত্রি. [হস্+র] মূর্খ।

হহল, ন. [হ+হল] গরলবিশেষ, হালাহল।

হহা, পুং. [হ+হা] হাহানামগন্ধর্ব্ব।

হা, ব্য. বিষাদ; শোক; অর্ত্তি; নিন্দা।

হাই (গ্রা) জৃম্ভন।

হাইর, (গ্রা) পরাভব।

হাইল (গ্রা) নৌকাদণ্ড, বহিত্র

হাঁ, (গ্রা) স্বীকার, সম্মতি

হাঁক, (গ্রা) দীর্ঘ চীৎকার, ডাক্।

হাঁকন, (গ্রা) চীৎকার করণ।

হাঁকরণ (গ্রা) মুখব্যাদান।

হাঁচন, (গ্রা) ক্ষুতকরণ, ছিঁকন।

হাঁচি, (গ্রা) ক্ষুত, জৃম্ভন।

হাঁটন, (গ্রা) চলন, গমন।

হাঁটু, (গ্রা) জানুর সন্ধি।

হাঁড়া, (গ্রা) বৃহৎমৃত্তিকা পাত্রবিশেষ।

হাঁড়িচাঁচা (গ্রা) পক্ষিবিশেষ।

হাঁড়ী, (গ্রা) মৃত্তিকাপাত্র বিশেষ।

হাঁপানি, (প্র) রোগবিশেষ, দুষ্ট শ্বাস।
হাঁস, (প্রা) ক্ষুদ্রাকার দুষ্টব্রণবিশেষ; ভোজনশব্দ।
হাঁস, (প্রা) মরাল, হংস।
হাঙ্গর, পুং. [হাঙ্গ+র] স্বনাম খ্যাত হিংস্র জলজন্তু, (অস্যপর্য্যায় অবহারক শব্দে দ্রষ্টব্য)।
হাজা, (প্রা) শস্যবিনাশ; জলপ্লাবনেনষ্ট।
হাজার, (যাং) সহস্র, দশশত। ১০০০।
হাট, (প্রা) ক্রয়বিক্রয়স্থান।
হাটক, ন, [হাট+ক] স্বর্ণ; ধুস্তূর; (ত্রি.) স্বর্ণ নির্ম্মিত।
হাটকময়, ত্রি. [হাটক+ময়] স্বর্ণময়।
হাটকেশ্বর, পুং. [হাটক+ঈশ্বর] গোদাবরী তীরস্থ শিব।
হাড়, (প্রা) অস্থি, হড্ড।
হাড়গিলা, (প্রা) অস্থিভক্ষক পক্ষিবিশেষ।
হাড়ি, (প্রা) নীচ জাতিবিশেষ, হড্ডক।
হাড়িকাঠ, (প্রা) পশ্বাদিছেদনার্থ কাষ্ঠবিশেষ; পাদবন্ধনকাষ্ঠ।
হাত, (প্র) কর, হস্ত।
হাতকড়, (প্রা) হস্ত বন্ধনার্থ শৃঙ্খলবিশেষ।
হাতচালা, (প্রা) মন্ত্রপাঠ পূর্ব্বকহস্তচালন
হাতড়ী, (প্রা) লৌহমুদ্গার বিশেষ; আঘাত যন্ত্র:
হাতব্য, ত্রি. [হা+তব্য] ত্যক্তব্য, ত্যাগযোগ্য।
হাতযোড়, (প্রা) করপুট, কৃতাঞ্জলি।
হাতা, (প্রা) দর্ব্বী, খজাকা।
হাতাহাতি, (প্র) হস্তযুদ্ধ, বাহুযুদ্ধ।
হাতিয়ার, (প্রা) যুদ্ধোপকরণ বিশেষ, অস্ত্র।
হাতী, (প্রা) হস্তী, করী।
হাতুড়িয়া, (প্রা) মূর্খ বৈদ্য, কুচিকিৎসক।
হাত্র, ন. (হা+ত্র] বেতন; প্রমথন; মরণ; রাক্ষস।
হান, ন. [হা+ত] ত্যাগ।
হানা, (প্রা) অস্ত্রদ্বারা আঘাতিত; জলস্রোতে উৎপন্ন গর্ত্ত; অমঙ্গলা;
হানি, স্ত্রী, [হা+নি] ক্ষতি, তৎপর্য্যায়।—

হানিকর, ত্রি. [হানি+কর] ক্ষতিকর; অপকারক। [রক।
হানুক, ত্রি. [হন্+উক] ঘাতুক, হত্যাকা-
হান্ত্র, ন. [হন্+ত্র] মরণ, মৃত্যু।
হাপর, (হিং) ধাতু আবর্ত্তনার্থ অগ্নি পাত্র।
হাপুত্রিকা, স্ত্রী. [হাপুত্র+ইক-আ] পক্ষিবিশেষ, তৎপর্য্যায়।—সর্ষপী, খঞ্জনিকা, তুলিকা, স্ফোটিকা।
হাপুত্রী, স্ত্রী. [হাপুত্র+ঈ] হাপুত্রিকাপক্ষী।
হাফিকা, স্ত্রী. [হাফ+ইক-আ] জৃম্ভা, হাই, তৎপর্য্যায়।—উপপুষ্পিকা।
হাব, পুং. [হেব+অ] আহ্বান; স্ত্রীদিগের শৃঙ্গারভাব জন্য ক্রিয়া; ঊর্দ্ধগ্রীবা করা।
হাবজা, (প্রা) ওচলা, জঞ্জাল।
হাবড়, (প্রা) অতিশয় কর্দ্দম।
হাবা, (প্রা) নির্ব্বোধ, জড়,বাক্যহীন ব্যক্তি।
হাবহিয়া, (প্রা) ভাগ্যহীন, হতভাগা।
হাম, (প্রা) ব্রণরোগবিশেষ, মিলমিলা।
হামা, (প্রা) হাটুদ্বারা গমন।
হামাগুড়ি, (প্রা) হাটু ও করদ্বারা চলন।
হামানদিস্তা,(যাং)লৌহাদিনির্ম্মিত পেষণযন্ত্র।
হাম্বান, (প্র) গোরুরচীৎকার, হম্বারবকরণ।
হায়, (প্রা) খেদপ্রকাশ শব্দ।
হায়ন, পুং. ন, [হা+অন] বৎসর; (পুং.) ব্রীহিবিশেষ; অগ্নিশিখা।
হায়া, (যাং) ত্রপা, লজ্জা, সরম।
হার, পুং. [হৃ+অ]মুক্তামালা,তৎপর্য্যায়।—মুক্তাবলী, হারা, যষ্টি, যষ্টীলতা; যুদ্ধ; (ত্রি.) হরিসম্বন্ধীয়; হরণকর্ত্তা
হারক, পুং; [হৃ+অক] কিতব, ধূর্ত্ত; চৌর; গদাবিশেষ; বিজ্ঞান বিশেষ; শাখোটবৃক্ষ; ভাজকাঙ্ক; (ত্রি.) হরণকর্ত্তা।
হারণ, (প্রা) পরাভব, পরাজিত।
হারহারা, স্ত্রী. [হার+হার-অ]কপিলদ্রাক্ষা।
হারহূর, পুং. [হার+হূর] মদ্য, মদিরা।
হারহূরা, স্ত্রী. [হার+হূর-আ] দ্রাক্ষা, কিস্মিস্। [দ্রব্যাদি অপচয়।
হারাণ, (প্রা) পরাজয় করণ; বিস্মৃতক্রমে
হারাবলী, স্ত্রী. [হার+আবলী] পুরুষোত্তম

হারি, স্ত্রী. [হৃ+ই] পথিক সন্তান; দ্যূতাদি ভঙ্গ; (ত্রি.) রুচির।

হারিকণ্ঠ, পুং. [হারি+কণ্ঠ] কোকিল; (ত্রি.) হারযুক্ত গলদেশ। [ঘাতক।

হারিণিক, পুং. [হরিণ+ইক] ব্যাধ, হরিণ

হারিত, পুং. [হৃ+ইত] পক্ষিবিশেষ, তৎপর্য্যায়।—হরিতালুক, হারীত।

হারিতক, ন. [হারিত+ক] শাক।

হারিদ্র, পুং. [হরিদ্রা+অ] কদম্ববৃক্ষ; (ত্রি.) হরিদ্রা রঞ্জিত; হরিদ্রাবর্ণ; বিষবিশেষ।

হারী, স্ত্রী. [হৃ+ইন] মুক্তা; (ত্রি.) হারবিশিষ্ট।

হারীত, পুং. [হার+ঈত] পক্ষিবিশেষ; মুনি বিশেষ, ধর্ম্মশাস্ত্র কর্ত্তা; কৈতব, ধূর্ত্ত।

হারীতক, পুং. [হারীত+ক] হারীতপক্ষী, হারিল, হরিতাল।

হার্দ্দ, ন. [হৃদ্+অ] প্রেম, স্নেহ।

হার্দ্দী, ত্রি. [হৃদ্+ইন্] স্নেহযুক্ত।

হার্য্য, পুং. [হৃ+য] বিভীতকবৃক্ষ; (ত্রি.) হর্ত্তব্য; হরণীয়াঙ্ক, ভাজ্য।

হাল, পুং. [হল+অ] বলরাম; শালিবাহন রাজা; হল, লাঙ্গল

হালক, পুং. [হল+ক] পীত ও হরিদ্বর্ণ অশ্ব। [হল।

হালহল, ন. [হাল+হল] বিষবিশেষ, হলা-

হালহাল, ন. [হাল+হাল] বিষবিশেষ।

হালা, স্ত্রী. [হাল+আ] মদ্য, মদিরা; তালের রস, তাড়ি।

হালাহ, পুং. [হাল+অহ] চিত্রবর্ণ ঘোটক।

হালাহল, ন. পুং. [হালা+হল] বিষবিশেষ, তৎপর্য্যায়।—হালহল, হাহল, হলাহল, হালহাল, হাহাল; (পুং.) কীটবিশেষ, তৎপর্য্যায়।—অঞ্জলিকা, কুটিলকীটক।

হালাহলধর, পুং. [হালাহল+ধর] সর্প, ।

হালাহলা, স্ত্রী. [হালাহল+আ] ক্ষুদ্রমূষিকা।

হালাহলী, স্ত্রী. [হালাহল+ঈ] মদিরা, মদ্য।

হালিক, ত্রি. [হল+ইক] হলদ্বারা খননকারী, হলবাহক, হলসম্বন্ধীয়, কৈরিক।

হালিনী, স্ত্রী. [হল+ইন-ঈ] স্থূলপল্লী।

হালু, পুং. [হল+উ] দন্ত, দাঁত।

হালুকের, (বাং) মিষ্টান্নপ্রস্তুতকারক, মিঠাই-ওয়ালা।

হালকা, (প্রা) লঘু, পাতলা।

হাস, পুং. [হস্+অ] হাস্য, হাসি।

হাসন, (প্রা) হাস্যকরণ।

হাসঃ পুং. [হস্+অস্] চন্দ্র, বিধু।

হাসি, (প্রা) হাস্য।

হাসিকা, স্ত্রী. [হাস+ইক-আ] হাস্য, হাসি। [হস্ত্যারোহ।

হাস্তিক, পুং. [হস্তি+ইক] হস্তিসমূহ; (পুং.)

হাস্তিন, ন. [হস্তিন+অ] হস্তিনাপুর।

হাস্তিনপুর, ন. [হাস্তিন+পুর] হস্তিনাপুর।

হাস্য, ন. [হস্+য] রসবিশেষ, কৌতুকোস্তবরস, তৎপর্য্যায়।—হাস, হস, হসন, ঘর্ঘর, হাসিকা।

হাস্যরস, ন. [হাস্য+রস] রসবিশেষ, কৌতুকোদ্ভবরস। [হাস্যস্থান।

হাস্যাস্পদ, ত্রি. [হাস্য+আস্পদ] উপহাস্য

হাহতোস্মি, বা. [হা+হতঃ+অস্মি] খেদোক্তি, হাহাশব্দ।

হাহল, ন. [হা+হল] হলাহলবিষ।

হাহাঃ, পুং. [হা+হ-অস্] দেবগন্ধর্ব্ববিশেষ।

হাহা, পুং. [হা+হা] দেবগন্ধর্ব্ববিশেষ, (ন.) বিস্ময়; শোক। [শোকধ্বনি।

হাহাকার, পুং. [হাহা+কার] যুদ্ধকলরব;

হাহাল, ন. [হা+হাল] বিষ, কালকূট।

হি, বা. হেতু; অবধারণ; পাদপূরণ; বিশেষ; প্রশ্ন; হেতু, উপদেশ; সম্ভ্রম; অসূয়া; শোক; নিশ্চিত।

হিং (প্রা) বণিকদ্রব্যবিশেষ।

হিংচা, (প্রা) শাকবিশেষ, হিলমোচিকা।

হিংসক, পুং. [হিন্স+অক] হিংস্রপশু; অথর্ব্ববিৎব্রাহ্মণ; শত্রু; (ত্রি.) হিংসাকর্ত্তা, তৎপর্য্যায়।—ঘাতুক, হিংস্র, শরারু, হন্তা। [কর্ম্ম।

হিংসা, স্ত্রী. [হিন্স+অ-আ] ঘাত, চৌর্য্যাদি

হিংসাকর্ম্ম, ন. [হিংসা+কর্ম্ম] অথর্ব্ব বেদোক্ত মন্ত্র যন্ত্রাদি নিষ্পাদিত মারণ

হিংসারু, পুং. [হিন্স+আরু] ব্যাঘ্র, বাঘ।
হিংসালু, ত্রি.[হিন্স+আলু] বধশীল,ঘাতুক।
হিংসালুক, পুং. [হিংসালু+ক] হিংসাশীল কুকুর।
হিংসিত, ত্রি. [হিন্স+ইত] হিংসাপ্রাপ্ত।
হিংসীর, পুং. [হিন্স+ঈর] ব্যাঘ্র, খল।
হিংস্র, ত্রি. [হিন্স+র] হিংসাশীল, তৎপর্য্যায় ।—শরারু, ঘাতুক, হিংসক হন্তা, শার্ব্বর; (পুং.) ঘোর; ভীমসেন; হর, মহাদেব।
হিংস্রক, পুং. [হিন্স+অক] হিংস্রপশু, হিংসকজন্তু।
হিংস্রপশু, পুং. [হিংস্র+পশু] হিংসকজন্তু তৎপর্য্যায়।—ব্যাড়, হিংস্রক, হিংসক, শিবি, শ্বাপদ।
হিংস্রা, স্ত্রী.[হিংস্র+আ] এলাবলী, কাকাদনী; মাংসী, জটামাংসী। গবেডুকা; গবেধুকা, নাড়ী, শিরা।
হিন্তাল, (প্রা) হিন্তালবৃক্ষ, হেন্তালগাছ।
হিয়ালি, (প্রা) প্রহেলিকা, গূঢ়ার্থ প্রশ্ন।
হিক্কা, স্ত্রী. [হিক্+অ-আ] রোগোপসর্গবিশেষ, হিঁচ্কী, হেঁচকী।
হিঙ্কার, পুং. [হিং+কার] ব্যাঘ্র, শার্দ্দুল।
হিঙ্গু, ন. [হিঙ্গ+উ] মূলবিশেষ নির্যাস, হিং, তৎপর্য্যায়।—সহস্রবেধি, জতুক, বাহ্লীক, রামঠ, বাহ্লিক, রমঠ, জন্তুঘ্ন, পিণ্যাক, বাহ্লী, সহস্রবেধি, গৃহিণী, মধুরা, সুপ- ধূপন, জতু, কেশর, উগ্রগন্ধ, ভূতারি, জন্তুনাশন, সুপাঙ্গ, রক্ষোঘ্ন, উগ্রবীর্য্য, অগৃঢ়গন্ধ, জরণ, ভেদন, দীপ্ত; বংশ- পত্রী।
হিঙ্গুনাড়িকা, স্ত্রী. [হিঙ্গু+নাড়িকা] নাড়ী হিঙ্গু।　[হিঙ্গুরস।
হিঙ্গুনির্যাস, পুং. [হিঙ্গু+নির্যাস] নিম্ব বৃক্ষ।
হিঙ্গুপত্র, পুং. [হিঙ্গু+পত্র] ইঙ্গুদীবৃক্ষ।
হিঙ্গুপত্রী, স্ত্রী. [হিঙ্গু+পত্র-ঈ] ইঙ্গুদীবৃক্ষের পত্র, তৎপর্য্যায়।-কারবী, পৃথুলা, পৃথু, বাষ্পীকা,কবরী,পৃথ্বী, ত্বক্‌পত্রী, কর্ব্বরী, পৃথ্বীকা, বাষ্পিকা,বাষ্পকা,বাষ্পা, পত্রী,
হিঙ্গুপর্ণী, স্ত্রী, [হিঙ্গু+পর্ণ-ঈ] বংশপত্রী।
হিঙ্গুল, পুং. ন. [হিঙ্গু+ল] রাগদ্রব্যবিশেষ, তৎপর্য্যায়।—হিঙ্গুলু, রক্ত, মর্কটশীর্ষ, দরদরস, হংসপাদ, কুরুবিন্দ, হিঙ্গুলি, রক্তপারদ, বর্ব্বর, সুরঙ্গ, সুগর, রঞ্জন, দরদ, ম্লেচ্ছ, চিত্রাঙ্গ, চূর্ণপারদ,চর্ম্মারক, মণিরাগ, রসোদ্ভব, রঞ্জক, রসগর্ভ।
হিঙ্গুলি, পুং. [হিঙ্গুল+ই] হিঙ্গুল, রাগদ্রব্য বিশেষ।
হিঙ্গুলিকা, স্ত্রী. [হিঙ্গুল+ইক-আ]কণ্টকারী।
হিঙ্গুলী, স্ত্রী. [হিঙ্গুল+ঈ] বার্ত্তাকী; বৃহতী।
হিঙ্গুলু, পুং. [হিঙ্গুল+উ] রাগদ্রব্যবিশেষ, হিঙ্গুল।　[পত্রী।
হিঙ্গুশিরাটিকা, স্ত্রী. [হিঙ্গু+শিরাটিকা] বংশ-
হিঙ্গুল, ন. [হিঙ্গ+উল] মধুমূল, আলু।
হিজড়া, (প্রা) ক্লীব; নপুংসক, খোজা।
হিজরী, (বাং) মুশলমানের প্রচলিত শক।
হিজ্জ, পুং. [হিজ্জ+অ] হিজ্জলবৃক্ষ, হিজলগাছ।
হিজ্জল, পুং. [হিজ্জ+ল] বৃক্ষবিশেষ, হিজল, (হিং) ইজর, তৎপর্য্যায়।—নিচুল, হিজ্জল,পিচুল, নদীকান্ত, অম্বুজ, ধনদ, কান্ত, জলজ, দীর্ঘপত্রক, নদীজ, রক্ত, কার্ম্মুক।
হিঞ্জীর, পুং. [হিঞ্জ+ঈর] হস্তিপাদবন্ধ।
হিড়িম্ব, পুং, [হিড়িম্ব+অ] রাক্ষসবিশেষ, হিড়ম্ব।
হিড়িম্বজিৎ, পুং. [হিড়িম্ব+জিৎ] ভীমসেন।
হিড়িম্বনিসূদন, পুং. [হিড়িম্ব+নিসূদন] ভীমসেন।
হিড়িম্বভিৎ, পুং. [হিড়িম্ব+ভিৎ] ভীমসেন।
হিড়িম্বা, স্ত্রী. [হিড়িম্ব+আ] হিড়িম্বরাক্ষস ভগিনী।　[মান্।
হিড়িম্বাপতি, পুং [হিড়িম্বা+পতি] হনু-
হিড়িম্বারমণ, পুং. [হিড়িম্ব+রমণ] হনুমান্।　[খন।
হিণ্ডন, ন. [হিণ্ড+অন] ভ্রমণ, রত; লে-
হিণ্ডিক, পুং. [হিণ্ড+ইক] লগ্নাচার্য্য দৈবজ্ঞ।

হিতা, স্ত্রী. [হিত+আ] দুর্গা [illegible]

হিতীপ্রয়োজন, পুং. [হিত+প্রয়োজন] [illegible]

হিতৈষী, পুং. [হিত+ঈষ] মঙ্গলকামন, [illegible] [illegible]

হিত, ত্রি. [ধা+ক্ত] পথ্য ; [illegible] ; যুক্ত ; ইষ্টসাধন ; মঙ্গল ; [illegible]

হিতক, পুং. [হিত+ক] শিশু, বালক।

হিতকর, ত্রি. [হিত+কর] মঙ্গলজনক, কল্যাণদায়ক। [চেষ্টা।

হিতকাম, ত্রি. [হিত+কাম] অন্যের শুভ-

হিতকারী, ত্রি. [হিত+কারিন্] মঙ্গলকারক, শুভকারক।

হিতজনক, ত্রি. [হিত+জনক] শুভজনক ; মঙ্গলদায়ক।

হিতপ্রণী, স্ত্রী. [হিত+প্রণী] চার, গোপনে রাজ্যাদির জ্ঞান নিমিত্ত নিযুক্ত পুরুষ।

হিতবাদী, ত্রি. [হিত+বাদিন্] হিতকথনশীল, সৎপরামর্শী।

হিতবান্, ত্রি. [হিত+বৎ] শুভকারী, হিতজনক।

হিতাবলী, স্ত্রী. [হিত+আবলী] ঔষধবিশেষ, (হিং) হিয়াবলী, তৎপর্য্যায়।—[illegible] কুষ্ঠঘ্ন, অঙ্গারকুষ্ঠক, অঙ্গারগ্রন্থি, গ্রন্থি, গ্রন্থিল।

হিতার্থী, ত্রি. [হিত+অর্থিন্] শুভাকাঙ্ক্ষী।

হিতেচ্ছা, স্ত্রী. [হিত+ইচ্ছা] মঙ্গলপ্রার্থনা।

হিতৈষী, ত্রি. [হিত+এষিন্] হিতেচ্ছাকারী, শুভচেষ্টক।

হিতোক্তি, স্ত্রী. [হিত+উক্তি] পথ্যবচন, কল্যাণবাক্য।

হিতোপদেশ, পুং. [হিত+উপদেশ] সৎপরামর্শদান; বিষ্ণুশর্ম্মকৃত [illegible] সুহৃদ্ভেদ [illegible] বিগ্রহসন্ধিনাম [illegible] নীতিশাস্ত্র।

হিন্তাল, পুং. [হীন+তাল] বৃক্ষবিশেষ, হেঁতাল, [illegible]

হিন্দু, (পারং) [illegible] [illegible] জনগণকে [illegible]

[illegible] [illegible] [illegible] বুলনযাত্রা ; [illegible] [illegible] (হিং) হিঁদোলনাম।

হিন্দোলক, পুং. [হিন্দোল+ক] যানবিশেষ, তৎপর্য্যায়।—প্রেঙ্খা, দোলা, দোলিকা, হিন্দোলা।

হিন্দোলা, স্ত্রী. [হিন্দোল+আ] দোলিকা।

হিবুক, ন. [হিব+উক] একলগ্ন হইতে চতুর্থ লগ্ন, তৎপর্য্যায়।—পাতাল।

হিম, ত্রি. [হি+ম] শীতস্পর্শবিশিষ্ট, শীতলবস্তু, তৎপর্য্যায়।—সুষীম, শিশির, জড, তুষার, শীতল, শীত ; (ন.) আকাশবাষ্প, তৎপর্য্যায়।—অবশ্যায়, নীহার, তুষার, তুহিন, প্রালেয়, মহিকা, [illegible] ধূম, খবাষ্প, রজনীজল ; চন্দন ; পদ্মকাষ্ঠ ; মৌক্তিক, নবনীত ; শীত ; (পুং.) চন্দনবৃক্ষ ; চন্দ্র ; কর্পূর ; হেমন্তঋতু ; হিমালয়পর্ব্বত। [গাছ।

হিমক, পুং. [হিম+ক] বিকঙ্কতবৃক্ষ, বঁইচি

হিমকর, পুং. [হিম+কর] কর্পূর; চন্দ্র।

হিমকূট, পুং. [হিম+কূট] শিশিরঋতু ; হিমসমূহাম্বিতপর্ব্বত।

হিমগিরি, পুং. [হিম+গিরি] হিমালয় পর্ব্বত।

হিমজ, পুং. [হিম+জ] মৈনাকগিরি।

হিমজা, স্ত্রী. [হিম+জ-আ] পার্ব্বতী, দুর্গা ; শঠী ; ক্ষীরিণী।

হিমঝটি, পুং. [হিমঝ্+ঝটি] কুঝটি, হিমঝটি, কুয়াসা।

হিমতৈল, ন. [হিম+তৈল] কর্পূরতৈল।

হিমদুগ্ধা, স্ত্রী. [হিম+দুগ্ধ-আ] ক্ষীরিণী।

হিমদুর্দ্দিন, ন. [হিম+দুর্দ্দিন] হিমসমূহপাত [illegible] মেঘাচ্ছন্ন দিন, শীতদিন।

হিমদ্যুতি, পুং. [হিম+দ্যুতি] চন্দ্র, হিমাংশু। [নিম।

হিমদ্রুম, পুং. [হিম+দ্রুম] মহানিম, বৃহৎ-

হিমধাতু, পুং. [হিম+ধাতু] হিমালয় পর্ব্বত। [পর্ব্বতয়

হিমবৎসুত, পুং. [হিমবৎ+সুত] মৈনাক-পর্ব্বত।

হিমবৎসুতা, স্ত্রী. [হিমবৎ+সুত-আ] গঙ্গা; উমা, পার্ব্বতী।

হিমবান্, পুং. [হিম+বৎ] হিমালয়পর্ব্বত; (ত্রি.) হিমবিশিষ্ট।

হিমবালুক, পুং. [হিম+বালুক] কর্পূর।

হিমবালুকা, স্ত্রী. [হিম+বালুক-আ] কর্পূর।

হিমশর্করা, স্ত্রী. [হিম+শর্করা-আ] যাব-নালী।

হিমশৈলজা, স্ত্রী. [হিম+শৈলজ-আ] দুর্গা, পার্ব্বতী।

হিমসংহতি, স্ত্রী. [হিম+সংহতি] হিমসমূহ, (বাং) বরফ, তৎপর্য্যায়।—হিমানী, মহৎহিম।

হিমহানিকৃৎ, পুং. [হিম+হানি+কৃৎ] অগ্নি অনল।

হিমহাসক, পুং. [হিম+হাসক] হিন্তাল-বৃক্ষ, হেঁতালগাছ।

হিমা, স্ত্রী. [হিম+আ] সূক্ষ্মএলা; রেণুকা; ভদ্রমুস্তা; নাগরমুস্তা; পৃক্কা, পিড়িং-শাক; চণিকা।

হিমাংশু, পুং. [হিম+অংশু] চন্দ্র, হিম-কিরণ; কর্পূর।

হিমাংশ্বভিখ্য, ন. [হিমাংশু+অভিখ্যা] রৌপ্য; রূপা। [ঋতু।

হিমাগম, পুং. [হিম+আগম] হেমন্ত-

হিমাদ্রি, পুং. [হিম+অদ্রি] হিমালয়পর্ব্বত।

হিমাদ্রিজা, স্ত্রী. [হিমাদ্রি+জ-আ] ক্ষীরিণী; পার্ব্বতী।

হিমাদ্রিতনয়া, স্ত্রী. [হিমাদ্রি+তনয়-আ] দুর্গা, পার্ব্বতী।

হিমাদ্রিতনয়াপতি, পুং. [হিমাদ্রিতনয়া+পতি] শিব, মহাদেব।

হিমানী, স্ত্রী. [হিম+আন-ঈ] হিমসংহতি, হিমসমূহ; যাবনালশর্করা।

হিমারাতি, পুং. [হিম+অরাতি] অগ্নি; সূর্য্য; চিত্রকবৃক্ষ; অর্কবৃক্ষ।

হিমার্ত্ত, ত্রি. [হিম+আর্ত্ত] হিমদ্বারা-পীড়িত।

হিমালয়, পুং. [হিম+আলয়] শ্বেতখদির; স্বনামখ্যাতপর্ব্বত, তৎপর্য্যায়।—নগ-পতি, মেনাধব, উমাগুরু, হিমাদ্রি, নগাধিপ, উদগদ্রি, অদ্রিরাট্, মেনকা-প্রাণেশ, হিমবান্, হিমপ্রস্থ, ভবানী-গুরু।

হিমালয়সুতা, স্ত্রী. [হিমালয়+সুত-আ] উমা, পার্ব্বতী।

হিমালয়া, স্ত্রী. [হিমা+লয়-আ] ভূমি-আমলকী।

হিমাব্জ, ন. [হিম+অব্জ] উৎপল, পদ্ম।

হিমাবতী, স্ত্রী. [হিমা+বৎ-ঈ] স্বর্ণক্ষীরী।

হিমাহ্ব, পুং. [হিম+আহ্ব] কর্পূর।

হিমাহ্বয়, পুং. [হিম+আহ্বয়] কর্পূর।

হিমাশ্রয়া, স্ত্রী. [হিম+আশ্রয়-আ] স্বর্ণ-জীবন্তী।

হিমিকা, স্ত্রী. [হিম+ইক-আ] তৃণোপরি পতিত হিম।

হিমেলু, ত্রি. [হিম+ইলু] হিমক্লেশিত, হিমার্ত্ত। [দ্রাক্ষা।

হিমোত্তরা, স্ত্রী. [হিম+উত্তর-আ] কপিল-

হিমোৎপন্না, স্ত্রী. [হিম+উৎপন্ন-আ] যাবনালী।

হিমোদ্ভবা, [হিম+উদ্ভব-আ] শটী, শুঁঠ।

হিম্য, ত্রি. [হিম+য] হিমভব, হিমজাত।

হিয়া, (প্রা) বক্ষঃস্থল, বুক।

হিরঙ্গু, পুং. [হিরঙ্গ+উ] রাহুগ্রহ।

হিরণ, ন. [হৃ+অন] রেতঃ, শুক্র; স্বর্ণ; বরাটক, কড়ী।

হিরণ্ময়, ন. [হিরণ্+ময়] ভারতবর্ষাদি-নববর্ষান্তর্গত বর্ষবিশেষ; (পুং.) ব্রহ্মা; (ত্রি.) সুবর্ণময়।

হিরণ্য, ন. [হিরণ+য] স্বর্ণ, তদ্বৈদিক-পর্য্যায়।—হেম, চন্দ্র, রুক্ম, অয়, হিরণ্য পেশ, কৃশন, লোহ, কনক, কাঞ্চন, ভর্ম্ম, অমৃত, মরুৎ, দত্র, জাতরূপ; ধুস্তুর, রেতঃ, দ্রব্য; বরাট, অক্ষয়, মান বিশেষ; অকুপ্য; রজত, ধন।

হিরণ্যকশিপু, পুং. [হিরণ্য+কশিপু] দৈত্য

হিরণ্যকশিপুহা, পুং. [হিরণ্যকশিপু+হন্] বিষ্ণু।

হিরণ্যকামধেনু, স্ত্রী. [হিরণ্য+কামধেনু] ষোড়শমহাদানান্তর্গত মহাদানবিশেষ।

হিরণ্যকোষ, পুং. [হিরণ্য+কোষ] কৃতীকৃত স্বর্ণ ও রূপা।

হিরণ্যগর্ভ, পুং. [হিরণ্য+গর্ভ] ব্রহ্মা; ষোড়শমহাদানান্তর্গত দ্বিতীয় মহাদান; বিষ্ণু; সূক্ষ্মশরীর সমষ্টিউপহিত চৈতন্য, তৎপর্য্যায়।—প্রাণাত্মা, সূত্রাত্মা।

হিরণ্যদ, পুং. [হিরণ্য+দ] সমুদ্র; (ত্রি.) হিরণ্যদাতা।

হিরণ্যদা, স্ত্রী. [হিরণ্য + দ-আ] পৃথিবী।

হিরণ্যনাভ, পুং. [হিরণ্য+নাভ] মৈনাকপর্ব্বত।

হিরণ্যব, পুং. [হিরণ্য+ব] দৈবধন দেবস্ব।

হিরণ্যবর্ণা, স্ত্রী. [হিরণ্য+বর্ণ-আ] নদী, তটিনী। [শোণনদ।

হিরণ্যবাহ, পুং. হিরণ্য + বাহ] নদবিশেষ;

হিরণ্যবাহু, পুং. [হিরণ্য+বাহু] নদবিশেষ, শোণনদ; শিব।

হিরণ্যরেতাঃ, পুং. [হিরণ্য + রেতস্] অগ্নি, চিত্রকবৃক্ষ; সূর্য্য; শিব।

হিরণ্যাশ্ব, পুং. [হিরণ্য+অশ্ব] তুলাপুরুষাদি ষোড়শ মহাদানান্তর্গত মহাদানবিশেষ; অশ্ববিশেষ।

হিরণ্যাশ্বরথ, পুং. [হিরণ্যাশ্ব + রথ] ষোড়শমহাদানান্তর্গত মহাদানবিশেষ; রাজবিশেষ।

হিরণ্যাক্ষ, পুং. [হিরণ্য+অক্ষ] আদিদৈত্যবিশেষ, দিতিপুত্র।

হিরুক্, ব্য. [হি+রুজ্] বিনা অর্থ; মধ্যার্থ; সামীপ্যার্থ; অধমার্থ।

হিলমোচি, স্ত্রী. [হিল+মোচি] হিলমোচিকা, হিন্চাশাক।

হিলমোচিকা, স্ত্রী. [হিলমোচ+ইক-আ] শাকবিশেষ; হিংচা, হিলঞ্চা, (হিং.) হরহুচ্, তৎপর্য্যায়।—হিলমোচি, হিলমোচী, রোচী, মন্বী, শিবঘ্নী, মৎস্যাক্ষী,

হিলমোচী, স্ত্রী. [হিল+মোচ-ঈ] হিলমোচিকা, হিংচা।

হিল্ল, পুং. [হিল্+ল] শরারিপক্ষী, শরাইল।

হিল্লোল, পুং. [হিল্লোল+অ] তরঙ্গ, ঢেউ; রতিবন্ধবিশেষ।

হিল্বলা, স্ত্রী. [হিল্বল+আ] মৃগশিরোনক্ষত্রের শিরোদেশেস্থিত পঞ্চ স্বল্পতারকা।

হিসাব, (যাং) গণনা।

হিহি, ব্য, [হি+হি] আহ্লাদজনক অনুকরণশব্দ; উৎসাহযুক্ত হাসি

হী, ব্য. বিস্ময়; দুঃখ; হেতু; বিষাদ; শোক।

হীন, ত্রি. [হা+ত] ঊন, রহিত; গর্হ্য; অধম; প্রতিবাদিবিশেষ।

হীনজাতি, ত্রি. [হীন+জাতি] নীচবর্ণ, অধমজাতি।

হীনবর্ণ, ত্রি. [হীন+বর্ণ] নীচজাতি, অধমজাতি।

হীনবাদ, পুং. [হীন+বাদ] উত্তরাভাস, উত্তরের অন্যথাবচন।

হীনবাদী, ত্রি. [হীন+বাদিন্] বাক্যবর্জিত, বোবা, তৎপর্য্যায়।—অধর; বিরুদ্ধার্থবাদী।

হীনসখ্য, ন. [হীন+সখ্য] নীচের সহিত মিত্রতা।

হীনাঙ্গ, ত্রি. [হীন+অঙ্গ] স্বভাবত ন্যূন-অবয়ববিশিষ্ট, তৎপর্য্যায়।—পোগণ্ড, বিকলাঙ্গক, ব্যঙ্গ, অপাঙ্গ, অপোগণ্ড।

হীনাঙ্গী, স্ত্রী. [হীন+অঙ্গ-ঈ] ক্ষুদ্র পিপীলিকা।

হীন্তাল, পুং. [হীন্+তাল] হিন্তালবৃক্ষ, হেঁন্তালগাছ।

হীর, ন. [হৃ+ঈর] বজ্র; (পুং.) শিব; বজ্র সর্প; হার; সিংহ; শ্রীহর্ষের পিতা।

হীরক, পুং. [হীর+ক] রত্নবিশেষ; হীরা, তৎপর্য্যায়।—বজ্র, হীর, দধীচ্যস্থি বজ্রক, সূচীমুখ, বরারক, রত্নমুখ্য, বজ্রপর্য্যায় নাম, (বিরাটদেশজ হীরার নাম) বিরাটজ, রাজপট্ট, রাজাবর্ত্ত।

হীরা, স্ত্রী. [হীর+আ] লক্ষ্মী; তৈলাম্বুকা,

হীরাঙ্গ, পুং. [হীর+অঙ্গ] ইন্দ্রের বজ্র।
হীল, ন. [হী+ল] রেতঃ, শুক্র।
হীলুক, ন. [হীল্+উক] গৌড়ীসুরা।
হীহী, বা. [হী+হী] বিস্ময়; হাস্য।
হুঁ, (প্রা) স্বীকার, বোধক শব্দ; রাজবিশেষ।
হুংকৃত, ন. [হুং+কৃত] হুঙ্কার; বন্যবরাহ শব্দ; (ত্রি.) মন্ত্রোচ্চারিত।
হুঁকা (যাং) তমাকের ধূমপানার্থ যন্ত্র।
হুকুম (যাং) আজ্ঞা, আদেশ, অনুমতি।
হুঙ্কার, পুং. [হুম্+কার] গভীর ধ্বনি, ভয়ঙ্করশব্দ।
হুচুক (প্রা) বিস্ময়জনকবাক্য; মিথ্যাকাহিনী।
হুট, (প্রা) অবজ্ঞা বা ঘৃণাবোধক শব্দ।
হুড়, পুং, [হুড়্+অ] মেষ; চৌরাদিনিবারণার্থ ভূমিনিহিত লৌহময়তীক্ষ্ণ শঙ্কুবিশেষ, গুড়, পাঁজিকাটা; লগুড়, সৈন্যাশ্রয়স্থান বুরুজ; গোলযোগ।
হুড়কা, (প্রা) দ্বারবন্ধকরিবারকাষ্ঠ, খিল; পতিসংসর্গ ত্যাগিনী স্ত্রী।
হুড়াহুড়ী, (প্রা) ঠেলাঠেলী, মারামারী।
হুড়ুক্ক, পুং. [হুডু ৎ+ক] বাদ্যবিশেষ; দাত্যূহপক্ষী; মদমত্ত; দণ্ডক; হড়ডুক, হুড়কা।
হুড়ুৎ, ন, [হুড্+উৎ] বৃষ শব্দ।
হুড়ুম, পুং. [হুড়ুম্+অ] ভ্রষ্ট চিপীটক, হুড়ুম্।
হুড়ুম, (প্রা) ভ্রষ্ট চিপিভ্রষ্ট, হুড়ুম্।
হুণ্ড, পুং. [হুণ্ড+অ] ব্যাঘ্র; গ্রাম্যশূকর; মূর্খ; রাক্ষস।
হুণ্ডী, (প্রা) অর্থসম্বন্ধীয় টাকার চিটী।
হুত, ত্রি. [হু+ত] অগ্নিতেপ্রক্ষিপ্ত ঘৃতাদি, বষট্‌কৃত; কৃতাহ্বান; (ন.) হোম।
হুতবহ, পুং. [হুত+বহ] অগ্নি।
হুতভুক্, পুং. [হুত+ভুজ্] অগ্নি; চিত্রক বৃক্ষ।
হুতভুক্‌প্রিয়া, স্ত্রী. [হুতভুজ্+প্রিয়া] অগ্নিভার্য্যা, স্বাহা।
হুতাশ, পুং. [হুত+অশ] অগ্নি; ভয়।
হুতাশন, পুং. [হুত+অশন] অগ্নি; শিব।
হুতি, স্ত্রী. [হু+তি] হবন, হোম।
হুবহু, (যাং) অবিকল, ঠিক।
হুম্, বা. স্মৃতি; অপাকৃতি; অর্থপ্রশ্ন; অভ্যনুজ্ঞা।
হুমা, স্ত্রী. [হুম+আ] নদীরকন্যা; আকস্মিক জলাগম।
হুল, (প্রা) সূক্ষ্মাগ্রভাগ।
হুলহুলী, স্ত্রী. [হুল+হুল-ঈ] স্ত্রীদিগের মঙ্গল জনক মুখশব্দ, মুখঘণ্টা, হুলুহুলু।
হুলা, (প্রা) মার্জ্জার, পুংবিড়াল।
হুলু, (প্রা) স্ত্রীদিগের মঙ্গল জনক মুখশব্দ।
হুশিয়ারি, (যাং) মনোযোগী, চতুর, চালাক।
হুহু, পুং. [হু+হু] গন্ধর্ব্ববিশেষ।
হূ, বা. আহ্বান; অবজ্ঞা; অহঙ্কার; শোক।
হূঁ, বা. মন্ত্রবিশেষ।
হূঙ্কার, পুং. [হুং+কার] ভয়ানক ধ্বনি
হূড (প্রা) বাক্ কলহ, গোলমাল।
হূত, পুং. [হূ+ত] ম্লেচ্ছজাতিবিশেষ।
হূত, ত্রি. [হ্বে+ত] আহূত, আহ্বানীকৃত।
হূতি, স্ত্রী. [হ্বে+তি] আহ্বান।
হূন, পুং. [হূ+ন] ম্লেচ্ছজাতিবিশেষ; মাদরাজ দেশীয় স্বর্ণমুদ্রা বিশেষ।
হূম, বা. প্রশ্ন; বিতর্ক; সম্মতি; ক্রোধ, ভয়, নিন্দা; অবজ্ঞা।
হূরব, পুং. [হূ+রব] শৃগাল, শিয়াল।
হূর্চ্ছন, ন. [হূর্চ্ছ+অন] কৌটিল্য, কুটিলতা।
হূহু, পুং. [হূ+হু] গন্ধর্ব্ববিশেষ।
হূহূ, পুং. [হূ+হূ] গন্ধর্ব্ববিশেষ।
হৃচ্ছয়, পুং. [হৃৎ+শয়] কামদেব; (ত্রি.) হৃদয়শায়ী।
হৃচ্ছূল, ন. [হৃৎ+শূল] হৃদয়জাত শূল রোগ।
হৃণিয়া, স্ত্রী. [হৃণ+ইয়-আ] নিন্দা, কুৎসা।
হৃণীয়া, স্ত্রী. [হৃণী+ঈয়-আ] নিন্দা, কুৎসা।
হৃত, ত্রি. [হৃ+ত] অপহৃত বস্তু।
হৃৎ, ন. [হৃদ+ক্বিপ্] হৃদয়, তৎপর্য্যায়।— চিত্ত, চেতঃ, হৃদয়, স্বান্ত, মানস, মন।
হৃৎকম্প, পুং. [হৃৎ+কম্প] হৃদয় কম্পন।
হৃৎপদ্ম, ন. [হৃৎ+পদ্ম] হৃদয় স্বরূপ পদ্ম; বক্ষঃস্থল।

হৃদয়গ্রন্থি, পুং. [হৃদয়+গ্রন্থি] হৃদয়ের বন্ধন; মায়াগ্রন্থি। [সঞ্জত।

হৃদয়ঙ্গম, ন. [হৃদয়ং+গম] যুক্তিযুক্ত বাক্য,

হৃদয়বান্, ত্রি. [হৃদয়+বৎ] হৃদয়ালু।

হৃদয়স্থান, ন. [হৃদয়+স্থান] বক্ষঃস্থল. তৎপর্য্যায়।—ক্রোড়, উর, বক্ষঃ, বক্ষস, ভুজান্তর।

হৃদয়াত্মা, পুং. [হৃদয়+আত্মন] কঙ্কপক্ষী।

হৃদয়াভিজাত, পুং. [হৃদয়+অভিজাত] পুত্র, সন্তান।

হৃদয়ালু, ত্রি. [হৃদয়+আলু] প্রশস্তমনাঃ, তৎপর্য্যায়।—সুহৃদয়, সহৃদয়, হৃদয়ী, হৃদয়িক, হৃদয়বান্, চিদ্রূপ।

হৃদয়িক, ত্রি. [হৃদয়+ইক] হৃদয়ালু প্রশস্তমনাঃ। [মনাঃ।

হৃদয়ী, ত্রি. [হৃদয়+ঈন্] হৃদয়ালু, প্রশস্ত-

হৃদয়েশ, পুং. [হৃদয়+ঈশ] ভর্ত্তা, স্বামী, তৎপর্য্যায়।—সেক্তা, পতি, বর, বিবোঢ়া রমণ, ভোক্তা, রুচ্য বরয়িতা, ধব।

হৃদয়েশা, স্ত্রী. [হৃদয়+ঈশ-আ] ভার্য্যা, পত্নী।

হৃদাবর্ত্ত, পুং. [হৃদ্+আবর্ত্ত] অশ্বহৃদয়াবর্ত্ত, শ্রীবৃক্ষক।

হৃদিস্পৃক্, ত্রি. [হৃদি+স্পৃক্] হৃদ্য; হৃদয়-স্পর্শকর্ত্তা।

হৃদ্, ন. [হৃদ+ক্বিপ্] হৃদয়, বক্ষঃ; মনঃ।

হৃদ্গোল, পুং. [হৃদ্+গোল] পর্ব্বতবিশেষ।

হৃদ্গোলীয়, ত্রি. [হৃদ্+গোলীয়] হৃদ্গোল পর্ব্বত উদ্ভব।

হৃদ্গ্রন্থ, পুং. [হৃদ+গ্রন্থ] হৃদ্‌ব্রণ।

হৃদ্বোধ, ত্রি. [হৃদ+বোধ] মনোনীত; বিশেষ, জ্ঞান; চিত্তবোধ।

হৃদ্য, ন. [হৃদ্+য] গুড়ত্বক্; (পু.) বশকৃৎ বেদমন্ত্র; (ত্রি.) মনোহর; হৃজ্জ, হৃষ্ট; হৃৎপ্রিয়।

হৃদ্যগন্ধ, ন. [হৃদ্য+গন্ধ] ক্ষুদ্রজীরক; সৌবর্চ্চস; (পুং.) বিল্ববৃক্ষ।

হৃদ্যগন্ধা, স্ত্রী. [হৃদ্য+গন্ধ-আ] জাতী।

হৃদ্যগন্ধি, ন. [হৃদ্য+গন্ধ-ই] ক্ষুদ্রজীরক।

হৃদ্রোগ, পুং. [হৃদ্+রোগ] কুম্ভরাশি; কাম; হৃদয়পীড়া।

হৃদ্রোগবৈরী, পুং. [হৃদ্রোগ+বৈরিন্] অর্জ্জুনবৃক্ষ।

হৃদ্বণ্টক, পুং. [হৃদ+বণ্টক] জঠর, উদর পেট। [তাব।

হৃল্লাস, পুং. [হৃদ্+লাস] হিক্কা, হেঁচকী; বমি-

হৃল্লেখ, পুং. [হৃদ+লেখ] জ্ঞান; তর্ক।

হৃল্লেখা, স্ত্রী. [হৃদ্+লেখ-আ] ঔৎসুক্য।

হৃল্লেখা, স্ত্রী. [হৃদ্+লেখ-আ] ঔৎসুক্য।

হৃষিত, ত্রি. [হৃষ্+ইত] বিস্মৃত; প্রীত; প্রহৃত; ইষ্টরোম; প্রণত; বর্দ্ধিত।

হৃষী, পুং. [হৃষ+ঈ] অগ্নি; চন্দ্র।

হৃষীক, ন. [হৃষ+ঈক] ইন্দ্রিয়।

হৃষীকেশ, পুং. [হৃষীক+ঈশ] বিষ্ণু।

হৃষ্ট, ত্রি. [হৃষ্+ত] প্রীত; জাতহর্ষ; রোমাঞ্চিত; প্রহসিত; বিস্মিত; প্রতিহত।

হৃষ্টচিত্ত, ত্রি. [হৃষ্ট+চিত্ত] সাহ্লাদমনাঃ।

হৃষ্টমানস, ত্রি. [হৃষ্ট+মানস] হৃষ্টচিত্ত, তৎপর্য্যায়।—হর্ষমাণ, বিকুর্ব্বাণ, প্রমনাঃ, প্রীতমানস।

হৃষ্টরোমা, ত্রি. [হৃষ্ট+রোমন্] রোমাঞ্চিত, পুলকিত।

হৃষ্টি, স্ত্রী. [হৃষ+তি] আনন্দ; মান।

হে, ব্য. আহ্বান, অসূয়াদি; সম্বোধন, তৎপর্য্যায়।—প্যাট্, পাট্, অঙ্গ, হৈ, ভো, হংহে, হুংহো, অরে, অয়ে, অয়ি।

হেঁচকী, (প্রা) আকর্ষণ, টানন।

হেঁট, (প্রা) অধোমুখ; নম্র।

হেঁতাল, (প্র) হিন্তালবৃক্ষ। [বাক্য।

হেঁয়ালি, (প্রা) প্রহেলিকা, অস্পষ্টার্থপ্রশ্ন-

হেক্কা, স্ত্রী. [হিক্ক+আ] হিক্কা, হিচকী।

হেট, (প্রা) নম্র; অধোমুখ; নীচ।

হেঠ, পুং. [হেঠ+অ] বাধা, নিবারণ; বিহেঠ।

হেড়জ, পুং. [হেড়+জ] ক্রোধ, কোপ।

হেডাবুক, পুং. [হেড়+আবুক] অশ্ববিক্রয়কারী।

হেতি, স্ত্রী. [হি+তি] অস্ত্র; সূর্য্যকিরণ;

হেতু, পুং. [হি+তু] কারণ, নিমিত্ত; ব্যাপ্য।

হেতুক, পুং. [হেতু+ক] কারণ; (ত্রি.) তৎসম্বন্ধীয়। [হেতুত্ব।

হেতুতা, স্ত্রী. [হেতু+ত-আ] কারণতা,

হেতুবাদ, পুং. [হেতু+বাদ] পূর্ব্বকথিত প্রমাণ। [রণ।

হেতুমান্, ত্রি. [হেতু+মৎ] কারণবান্, সকা-

হেতৌ, ব্য. হেতুদ্বারা।

হেত্বাভাস, পুং. [হেতু+আভাস] হেতুদোষ তৎপঞ্চবিধ যথা।—ব্যভিচার, বিরুদ্ধ, অসিদ্ধ, সৎপ্রতিপক্ষ, বাধ।

হেথা, (প্রা) অত্র, এখানে।

হেম, ন. [হিম+অ] সুবর্ণ; স্বর্ণ; ধুস্তূর, কেশর হিম, (পুং.) মাষকপরিমাণ; কৃষ্ণবর্ণঅশ্ব; বুধগ্রহ। [পলা।

হেমকন্দল, পুং. [হেম+কন্দল] প্রবাল,

হেমকান্তি, স্ত্রী. [হেম+কান্তি] দারুহরিদ্রা; (ত্রি.) স্বর্ণদ্যুতিমান্।

হেমকার, পুং. [হেম+কার] হেমকর্ত্তা, স্বর্ণকার।

হেমকিঞ্জল্ক, ন. [হেম+কিঞ্জল্ক] নাগকেশর।

হেমকূট, পুং. [হেম+কূট] পর্ব্বতবিশেষ, কিম্পুরুষবর্ষের সীমাপর্ব্বত।

হেমকেতকী, স্ত্রী. [হেম+কেতকী] স্বর্ণকেতকী।

হেমকেলি, পুং. [হেম+কেলি] অগ্নি।

হেমকেশ, পুং. [হেম+কেশ] শিব, মহাদেব।

হেমগন্ধিনী, স্ত্রী. [হেম+গন্ধিন্-ঈ] রেণুকানাম গন্ধদ্রব্য।

হেমগৌর, পুং. [হেম+গৌর] কিঙ্কিরাতবৃক্ষ; (ত্রি.) স্বর্ণবৎ গৌরবর্ণযুক্ত।

হেমগৌরাঙ্গ, ত্রি. [হেম+গৌরাঙ্গ] স্বর্ণতুল্য গৌরবর্ণ অঙ্গবিশিষ্ট।

হেমচন্দ্র, পুং. [হেম+চন্দ্র] অভিধান চিন্তামণিনামক কোষকর্ত্তা; স্বর্ণময়শশী; সোণারচাঁদ।

হেমতার, ন. [হেম+তার] তুত্থ, তুঁতে।

হেমদুগ্ধ, পুং. [হেম+দুগ্ধ] উড়ুম্বরবৃক্ষ

হেমদুগ্ধক, পুং. [হেম+দুগ্ধক] উড়ুম্বরবৃক্ষ; (ত্রি.) পীতবর্ণক্ষীরযুক্ত।

হেমদুগ্ধা, স্ত্রী. [হেম+দুগ্ধ-আ] স্বর্ণক্ষীরী।

হেমদুগ্ধী, পুং. [হেম+দুগ্ধ-ঈ] যজ্ঞোডুম্বর বৃক্ষ; (স্ত্রী.) স্বর্ণক্ষীরী।

হেমন্ত, পুং.ন. [হিম+অন্ত] ঋতুবিশেষ, অগ্রহায়ণ পৌষমাসাত্মক,তৎপর্য্যায়।—হৈমন, উষ্মাসহ, শরদন্ত, হিমাগম।

হেমন্তনাথ, পুং. [হেমন্ত+নাথ] কপিত্থ, কতবেল।

হেমপর্ব্বত, পুং. [হেম+পর্ব্বত]সুমেরুগিরি।

হেমপুষ্প, ন. [হেম+পুষ্প] অশোকপুষ্প; যবাপুষ্প; (পুং.) চম্পকবৃক্ষ।

হেমপুষ্পক, পুং. [হেম+পুষ্পক] চম্পকবৃক্ষ; লোধ্র।

হেমপুষ্পিকা, স্ত্রী. [হেম+পুষ্পিক+আ] স্বর্ণযূথিকা।

হেমপুষ্পী, স্ত্রী. [হেম+পুষ্প-ঈ] মঞ্জিষ্ঠা; স্বর্ণজীবন্তী; ইন্দ্রবারুণী; সুবর্ণলী; মুষলী কণ্টকারী।

হেমফলা, স্ত্রী. [হেম+ফল-আ] স্বর্ণকদলী।

হেমবল, ন. [হেম+বল] মৌক্তিক, মুক্তা।

হেমমালা, স্ত্রী. [হেম+মালা] যমপত্নী; স্বর্ণস্রক্।

হেমমালী, পুং. [হেম+মালিন্] সূর্য্য; রাক্ষসবিশেষ।

হেমযূথিকা, স্ত্রী. [হেম+যূথিকা] স্বর্ণযূথিকা, স্বর্ণযুই। [হলুদ।

হেমরাগিণী, স্ত্রী. [হেম+রাগিন্-ঈ] হরিদ্রা,

হেমল, পু. [হেম+ল] স্বর্ণকার; কৃকলাস; প্রস্তরবিশেষ, কষপাষাণ।

হেমলতা, স্ত্রী. [হেম+লতা] স্বর্ণজীবন্তী।

হেমশঙ্খ, পুং. [হেম+শঙ্খ] বিষ্ণু।

হেমশিখা, স্ত্রী. [হেম+শিখা] স্বর্ণক্ষীরী।

হেমসার, ন. [হেম+সার] তুত্থ, তুঁতে।

হেমসূত্রক, [হেম+সূত্রক] হারবিশেষ।

হেমহস্তিরথ, পুং. [হেম+হস্তিন্+রথ]

হেমক্ষীরী, স্ত্রী. [হেম+ক্ষীরী] স্বর্ণক্ষীরী।
হেমা, পুং.[হি+মন্] বুধগ্রহ; (স্ত্রী.)অপ্সরা, সুন্দরী স্ত্রী।
হেমাঙ্গ, পুং. [হেম+অঙ্গ] গরুড়; সিংহ; সুমেরু; ব্রহ্মা; চম্পকবৃক্ষ; বিষ্ণু; (ন.) হেমবর্ণশরীর; (ত্রি.) তদ্যুক্ত।
হেমাদ্রি, পুং. [হেম+অদ্রি] সুমেরুপর্ব্বত; ক্ষত্রিয়রাজাবিশেষ, চিন্তামণি কামধেনু কল্পদ্রুমনামক স্মৃতিসংগ্রহকারক।
হেমাদ্রিজরণ. পুং. [হেমাদ্রি+জরণ] স্বর্ণক্ষীরী। [ধুস্তুর।
হেমাহ্ব, পুং. [হেম+আহ্ব] বনচম্পক;
হেমাহ্বা. স্ত্রী. [হেম+আহ্ব-আ] স্বর্ণ-

হেমা, পুং. [হেম+আ] বুধগ্রহ।
হেয়, ত্রি. [হা+য] ত্যাজ্য, তুচ্ছ।
হেয়জ্ঞান, ন. [হেয়+জ্ঞান] তুচ্ছবোধ।
হেয়ত্ব, ন. [হেয়+ত্ব] অপকৃষ্টতা, তুচ্ছত্ব।
হের, ত্রি. [হ+ইর] মুকুটবিশেষ; হরিদ্রা; আসুরীমায়া।
হেরম্ব, পুং. [হে+রম্ব] গণেশ; মহিশ; শৌর্য্যগর্ব্বিত; বুদ্ধবিশেষ, তৎপর্য্যায়। হেরুক, চক্রসম্বর, দেব, বজ্রকপালী, নিশুম্ভী, শশিশেখর, বজ্রকীট।
হেরম্বজননী, স্ত্রী. [হেরম্ব+জনন-ঈ] দুর্গা।
হেরম্বহট্ট, পুং. [হেরম্ব+হট্ট] দেশবিশেষ।
হেরিক, পুং. [হের+ইক] চর, দূত।
হেরুক, পুং. [হের+উক] বুদ্ধবিশেষ; মহাকালগণ; শিবলিঙ্গবিশেষ; গণেশ।
হেলঞ্চী, স্ত্রী. [হেলঞ্চ+ই] হিলমোচিকা, হিংচাশাক।
হেলন, ন. [হিল+অন] অবহেলা, অবজ্ঞাকরণ।
হেলা, স্ত্রী. [হেল+আ] স্ত্রীদিগের শৃঙ্গার ভাবজাতক্রিয়াবিশেষ;অবজ্ঞা;জ্যোৎস্না।
হেলান, (প্রা) বক্রভাবকরণ, দোলান।
হেলাবুক, পুং. [হেল+আবুক] অশ্ববিক্রয়ী।
হেলি, পুং. [হিল+ই] সূর্য্য; আলিঙ্গন; (স্ত্রী.) হেলা, অবজ্ঞা।

হেষা, স্ত্রী. [হিষ্+অ-আ] অশ্বেরধ্বনি তৎপর্য্যায়।—হ্রেষা, হ্লেষা।
হেষী, পুং. [হিষ্+ইন্] অশ্ব, ঘোটক।
হেহৈ, ব্য. [হে+হৈ] সম্বোধন।
হৈ, ব্য, সম্বোধন; আহ্বান।
হৈতুক, পুং. [হেতু+ক] সদসদ্যুক্তিব্যবহারী; হেতুদ্বারাসৎকর্ম্ম সুসন্দেহ কর্ত্তা।
হৈম, ন. [হিম+অ] প্রাতর্হিমোদ্ভবজল; (ত্রি.) হিমজাত; (পুং.) ভূনিম্ব; স্বর্ণের বিকার।
হৈমন, পুং.ন. [হেমন+অ] হেমন্তঋতু; স্বর্ণজাত; হিমজাত; (পুং) মার্গশীর্ষমাস হিমকালোদ্ভব ষষ্টিকধান্য।
হৈমন্ত, ন. পুং. [হেমন্ত+অ] হেমন্তঋতু, (ত্রি.) হৈমন্তিক, হেমন্ত সম্বন্ধীয়।
হৈমন্তিক, ন. [হেমন্ত+ইক] শালিধান্য, আমনধান।
হৈমবত, ন. [হিমবৎ+অ] ভারতবর্ষ; (পুং.) বিষবিশেষ।
হৈমবতবর্ষ, ন. [হৈমবত+বর্ষ] ভারতবর্ষ।
হৈমবতী, স্ত্রী. [হিমবৎ+অ-ঈ] পার্ব্বতী; হরিতকী; স্বর্ণক্ষীরী; শ্বেতবচা; গঙ্গা; রেণুকা; কপিলদ্রাক্ষা; অতসী
হৈমমুদ্রিক, ত্রি. [হেমমুদ্রা+ইক] স্বর্ণমুদ্রাবিশিষ্ট। [হৈমন।
হৈমল, পুং.ন. [হিমল+অ] হেমন্তঋতু,
হৈমা, স্ত্রী. [হেম+অ-আ] পীতযূথিকা, পীতযুঁই।
হৈমী, স্ত্রী. [হেম+অ-ঈ] পীতযূথিকা, পীতযুঁই।
হৈয়ঙ্গবীন, ন. [হৈয়ঙ্গব+ঈন] সদ্যজাত গোদোহোদ্ভবঘৃত; নবনীত, তৎপর্য্যায়। সরজ, মন্থজ, কলম্বুট।
হৈরিক, পুং. [হির+ইক] চৌর, তস্কর।
হৈহয়, পুং. [হিহি+অ] কার্ত্তবীর্য্যরাজা; দেশবিশেষ, (প্রা) বোম্বাই।
হৈহেয়, পুং. [হিহি+এয়] কার্ত্তবীর্য্যরাজা।
হো, ব্য সম্বোধন; আহ্বান; বিস্ময়।
হোগলা, (প্রা) দীর্ঘতৃণবিশেষ; এরকানিগ্রন্থ

হোড়, পুং. [হোড়্+অ] বহিত্র, নৌকা-বিশেষ, হুড়ী, তৎপর্য্যায়।—তরান্ধু বহল, বহিত্র, বার্দ্ধট; দক্ষিণরাঢ়ীয় যৌলিকশ্রীয়হদিগে ত্রিশত্তিপঙ্ক্তির অন্তর্গত পদ্ধতিবিশেষ; গৌড়দেশীয় শ্রোত্রিয় ব্রাহ্মণ উপাধিবিশেষ।

হোড়া, পুং. [হুড়+অ] চোর, তস্কর।

হোড়, (গ্রা) চৌরিতদ্রব্য, চোরামাল।

হোতা, পুং. [হু+তৃ] ঋগ্বেদবেত্তা; হোমকর্ত্তা।

হোতৃকার, পুং. [হোতৃ+কার] হোতৃ-কার, হোমকারিরমাত্তা।

হোত্র, ন. [হু+ত্র] হবিঃ, ঘৃত; হোম।

হোত্রক, পুং. [হোত্র+ক] হোমকর্ত্তা, হোতা।

হোত্রা, স্ত্রী. [হোত্র+আ] স্তুতি, স্তব।

হোত্রী, পুং. [হোত্র+ইন্] হোতা; (স্ত্রী.) যজমানরূপশিবের মূর্ত্তি।

হোত্রীয়, ন. [হোত্র+ঈয়] হবির্গেহ; (ত্রি.) হোত্রসম্বন্ধীয়। [যজ্ঞবিশেষ।

হোম, পুং. [হু+ম] পঞ্চমহাযজ্ঞান্তর্গত

হোমক, পুং. [হোম+ক] হোতা, হোমকর্ত্তা।

হোমকুণ্ড, ন. [হোম+কুণ্ড] হোমার্থকুণ্ড, তৎপর্য্যায়।—হবনী।

হোমধান্য, ন. [হোম+ধান্য] তিল।

হোমধূম, পুং. [হোম+ধূম] হোমীয় অগ্নির ধূম, নিগণ। [হুত।

হোমভস্ম, ন. [হোম+ভস্ম] হুতভস্ম, বৈ-

হোমাগ্নি, পুং. [হোম+অগ্নি] যজ্ঞবহ্নি, তৎ-পর্য্যায়।—মহাজ্বাল, মহাবীর, প্রসর্গ।

হোমি, পুং. [হোম+ই] অগ্নি; ঘৃত, জল।

হোমী, পুং. [হোম+ইন্] হোমকর্ত্তা।

হোম্য, ন. [হোম+য] ঘৃত; (ত্রি.) হোমীয় দ্রব্যমাত্র।

হোরা, স্ত্রী. [হোর+আ] লগ্ন; রাশির অর্দ্ধ; রেখা; শাস্ত্রবিশেষ; চতুর্বিংশতিভাগ-যুক্ত অহোরাত্রের ভাগ।

হোল, (গ্রা) মুষ্ক, অণ্ডকোষ।

